

শেষ পথ

ডাক্তার শ্রীনরেশচন্দ্র দেন-গুপ্ত এম-এ, ডি-এল্

58

শারদা বাড়ী ফিরিল।

ইছার দশ বার দিন পর গোপাল তার সঙ্গে দেখা করিতে আসিল।

তাকে দেখিয়া ভয়ে শারদার বুক কাঁপিয়া উঠিল। সেমাথার কাপড়টা একটুটানিয়া গোপালকে দাওয়ার উপর মাত্র পাতিয়া বসিতে দিল।

দাওয়ার অপর দিকে মাধব বসিয়া তাঁত বৃনিতেছিল।
গোপাল বলিল, দে আজ রংপুর ঘাইতেছে, যাইবার
পূর্বে একবার শারদার সঙ্গে দেখা করিতে আসিয়াছে।
শারদা মৃত্রবে বলিল, "আবার কবে আইসবাা ?"

গোপাল একটা ছেট্ট দীঘনিংখাদ ফেলিয়া বলিল দে আর দেশে ফিরিবে না। কিদের জ্বন্ত দেশে ফিরিবেণ তার বাপ নারা গিয়াছে, দেশে আর তার কি বন্ধন আছেণ তাকে ভালবাদিবার কেহ নাই, তার জ্বন্ত যার মন খারাপ হইবে এমন কেহ নাই। এমন কাশানে বাদ করার চেয়ে বিদেশে কাজকর্মের মাঝে ভ্ৰিয়া থাকা, দেই ভাল।

এ কথা ভনিয়া শারদার মনটা বড় থারাপ হইল, কিন্তু ইহার উত্তরে দে কোনও কথা বলিতে পারিল না।

কিছুক্ষণ বাদ্ধে কথাবার্ত্তার পর গোপাল মাধবকে ডাকিয়া বলিল, ভার কিছু টাকা সে লাগাইতে চায়, এ গ্রামে টাকা লাগাইবার স্থবিধা হইবে কি ?

মাধ্ব বলিল, টাকা লাগাইবার অবিধার অভাব নাই।
গোপাল অমনি ট'গাক হইতে পঞ্চাশটা টাকা বাহির
করিয়া মাধ্বের হাতে দিয়া ভাকে এই টাকা কয়টা

স্থবিধা মত থাটাইবার জন্ম অনুরোধ করিল। আর একথানা কাগজ তার হাতে দিয়া বলিল, সেই কাগজে গোপালের ঠিকানা লেখা আছে। সেই ঠিকানার গোপালকে মান্যে মান্যে চিঠিপত্র লিখিতে অন্তরোধ করিল।

মাধব একেবারে অবাক হইয়া গেল যে গোপাল ভাকে বিশ্বাস কৰিয়া এভগুলি টাকার জিলাদার করিয়া গেল।

গোপাল যাইবার সময় শারদা তার সঙ্গে সজে
কিছু দ্র গোল। গোপাল তাকে বলিল, যদি কোনও
দিন কোনও দরকার হয় গোপালকে যেন একথানা
চিঠি লিথিয়া শারদা জানায়। কোনও বিপদ আপদদে
অক্তঃ যদি সে শারদার কোনও কাজে লাগে তবে সে
আপনাকে ধল মনে করিবে।

শারদা নথ খুঁটিতে খুঁটিতে বলিল, "আমার উপর রাগ কইরো না ভাই—দেখই তো, আমি খাধীন না। কি করুম কও, ধর্মে আমারে ঠেকাইছে, নইলে ভোমার মনে হঃখু দিতাম না।" তার চকু জলে ভরিরা উঠিল।

গোপালের মৃথ উজ্জল হইলা উঠিল। সে বলিল, "দত্যি ক'দ শারদা? তাইলে ভালবাদদ তুই আমারে? কেম্ন।"

শারদা লজ্জার লাল হইয়া ঘাড় নাড়িয়া বলিল "হাঁ।"
গোপাল উৎক্ল হৃদরে শারদার হাতথানা চাপিয়া
ধরিল। ভার পর আর কিছু না বলিয়া সে চলিয়া গেল।
শারদা মিথ্যা বলে নাই। সে গোপালকে সভ্য

সতাই ভালবাসিয়াছে। যে দিন সে গোণালের নব-বৌবনের মৃত্তি দেখিয়াছে সেই দিন ছইতেই সে তাকে মনে মনে কামনা করিয়াছে—আবার পরক্ষণেই তার এই মানসিক অভিসারের অপরাধের জন্ম সকল দেবতার কাছে কমা ভিকা করিয়াছে।

ভালবাদে সে গোপালকে—কিন্তু তার ধর্ম তার কাছে ভালবাদার চেয়ে বড়।

আরও তুই বৎসর কাটিয়া গেল। তুই বৎসরে শারদার তুটি সন্তান হইয়া নত হইয়া গেল। শারদার শরীর থুব থারাপ হইয়া পড়িল।

মাধবের ব্যবসায়ের অবস্থা ক্রমণাই ধারাপ হইরা
পড়িল। কিন্তু তার দিন চলিতে লাগিল। বিন্দু
মাঝে মাঝে টাক। পাঠার। শারদার কাছে গোপাল
যে টাকা দিরাছিল তাহা হইতে ছই এক টাকা বাহির
ক্রেক্সা সে মাঝে মাঝে ধরচ করে। আর গোপাল
মাধবের কাছে যে টাকা রাথিয়া গিয়াছিল তাহা হুদে
ধাটাইয়া মাধব যাহা পার তাহাও সে বেশীর ভাগ
ধরচ করিয়াই ফেলে। গোপালকে সে মাঝে মাঝে
চিঠি লিথিয়া হাদ আদায়ের কথা ক্লানায়, কিন্তু গোপাল
কোনও দিনই সে টাকার সম্বন্ধে কিছু লেথে না। এমনি
করিয়া ক্রমে ক্রমে মাধব সে টাকাটা নিজের টাকার
মতই ধরচ করিতে আরম্ভ করিল। এমনি করিয়া তার
সংসার একরকম চলিয়া বাইতেছিল।

কিন্দু তুই বছর পর বিন্দু গুরুতর রোগ লইয়া দেশে ফিরিল। তথন সে মাধবের গলগ্রহ হইয়া পড়িল। শারদারও তার দেবা করিতে করিতে অসহ হইয়া উঠিল। একে অভাবের সংসার, তার পর ছটি সন্তান হইয়া নই হইয়া গেল, তার পর এই চিরুয়য়ার সেবা, ইহাতে শারদার মনটা বিষম খিঁচড়াইয়া গেল। সে 'খিটখিটে হইয়া উঠিল। সংসারে থাকাটা তার পক্ষে একটা বিষম বোঝা বলিয়া মনে হইল।

্রী এই সময় তার মাঝে মাঝে মনে হইত গোপালের
কথা। গোপালের কথা যদি সে শুনিত তবে সে আজ
পায়ের উপর পা দিয়া পরম প্রথে থাইতে পারিত—
আদের যত্তের তার অবধি থাকিত না। এ কথা মনে
হইলেই সে আপনাকে সংশোধন করিয়া লইত—এত

বড় পাপের কথা মনে হইল বলির্ম সে অক্সভন্ত হইত। কিন্তু তবু মনে নাকরিয়া সে পারিত না।

শারদা ছিল তাণরদে ভরপুর। আনন্দ ছিল ভার
নিত্য দলী। কোনও ছঃখকট সে গায় মাখিত বা,
আনন্দে নাচিয়া কুঁদিয়া সে দিন কাটাইত। কিত আজ
ছঃখে কটে মলিন ইয়া রোগে শোকে জীর্ণ হইয়া তার
ভিতরকার জীবনরস গুলাইয়া গিয়াছে। তার মুখের
নিত্য হাসি মিলাইয়া গিয়াছে, রূপের জৌলুস স্টিয়া
গিয়াছে, কুড়ি না হইতেই সে মনে প্রাপে বুড়ী হইয়া
বসিয়াছে। সে সংসারে বিয়ক্ত হইয়া উঠিয়াছে।

কলের মত সে তার সংসারের কাল করিয়া যার, " আর দিনরাত সে বকর বকর করিয়া বকিয়া বেড়ায়। কোনও কাজে তার আসক্তি নাই, কোনও কিছুতেই আনন্দ নাই। খাটিতে হয় বলিয়া সে খাটে।

পরের বংসর পৃষ্ণার সময় নেউগী পরিবার **আবার** দেশে আসিলেন।

শারদা একদিন তাঁদের সঙ্গে দেখা করিতে গেল।
বড় বউ মনোরমা তো তাকে দেখিরা অবাক! এ কি
মৃত্তি হইরাছে শারদার! তিনি বড় করিয়া শারদাকে
কাছে বসাইয়া তার কথা শুনিলেন। তাঁর ক্লেহের
সন্তাধণে শারদার অন্তর যেন পিশ্ব হইয়া পেল! তার
চক্ষ অঞ্চলারাক্রান্ত হইয়া উঠিল।

বড় বউর সে ছেলেটি এখন বেশ বড় সড় হইশ্বাছে—

দিব্য পুষ্ট অর্ণকান্তি শিশুটি। সন্তান-বৃত্তৃক্ শারদা তাকে
কোলে জড়াইয়া ধরিয়া অপূর্ব্য তৃথি লাভ করিল। ইহার
পর আরও তৃইটি শিশু মনোরমার কোল আলো করিয়াছে।
ভাহাদিগকে আদর করিয়া শারদার আশ মিটিল না।

মনোরমা বলিল শিশু তিনটিকে লইয়া তার বড় কট হইয়াছে, ভয়ানক গুরস্ত তারা। শারদা আসিরা বদি তাদের ভার নেয় তবে বেশ হয়।

শারদা আনন্দের সহিত সমত হইল। পরের দিন হইতে সে ভার চাকরীতে ভর্ত্তি হইল। ইহার পর সে বেশীর ভাগ সময় নেউগী বাড়ীতেই থাকে, যভক্ষণ সেখানে থাকে ততক্ষণ ভার আনন্দে থাটে। শিশুদেয় কোলে করিয়া, তাদের সকে থেলাধ্লা করিয়া ভার বিশুক্ত প্রোণে ধেন নবজীবনের সঞ্চার হইল। এক মানের মধ্যে শিশু তিনটি শারদার ভরানক

অফুগত হইরা পড়িল। তাই এক মান পর বখন মনোরমার বাইবার কথা উঠিল তখন সে শারদাকে বলিল,

"তুই আমানের সকে বাবি শারদী?"

এ প্রস্তাবে শারদা সহসা সম্মত হইতে পারিল না।
তার বাড়ী ঘরের সঙ্গে গে এমন ভাবে বাঁধা পড়িয়া
গিয়াছিল যে বাড়ীঘর ছাড়িয়া ঘাইবার কোনও প্রস্তাব
সে কথনও ধারণাই করিতে পারিত না।

মনোরমা বলিল, "রংপুর।"

শারদার মৃথ উজ্জ্ল হইয়া উঠিল। দে বলিল, "রংপুর! হ' চিনছি। আনইছে। আমি যাই জিগাইয়া আমিল।" দেমহাব্যস্ত হইয়া উঠিল।

মনোরমা বলিল, "তুই কি রংপুর কখনও গিয়েছিস নাকি পু"

"না বৌ-ঠ।ইকান, আমি গরীব মান্ত্য, আমি যামু কেমনে। আমার বাপের বাড়ীর দেশের একজন আছে দেখানে, তাই।"

"ভাইনাকি? কেসে? কিকরে?"

"তার নাম গোপাল। সে কি জানি কি করে— তামুকের কাম করে না কি! অনেক টাকা কামায় সে!" "সে কি তোর কিছু হয় ?"

"না বৌ-ঠাইকান—হ'বো কি আর ?" কিন্তু সে এমন সঙ্কৃচিত ও লজ্জিত হহরা উঠিল যে মনোরমা তার সে ভাব লক্ষ্য করিল। শারদা বলিল, "পোলাপান কালে এক সাথে ধেলছি আমরা এই আর কি।"

এ প্রভাব শুনিয়া মাধবের মুথ ভার হইয়া উঠিল।
বিদেশে বিভূঁরে একা একা শারদা কোথায় যাইবে
ভাবিতে সে শক্ষিত হইয়া উঠিল। বলা বাছল্য আজকাল আমরা দিলী বা বিলাত যতটা দূর দেশ মনে করি,
সেকালে টালাইল অঞ্চলের লোকে রংপুর দিনাজপুরকে
ভার চেমে দূর দেশ মনে করিত। বাড়ী ছাড়িয়।
মড়িবায় অভ্যাস যাদের কোনও দিনই ছিল না, তাদের
ঘরের বউরের পক্ষে বিদেশ যাত্রার প্রভাব কাজেই থুব
ভয়াবহ মনে হইল।

কিন্তু শারদা সকল আপত্তি উড়াইরা দিল। সেবলিল বড়বধ্র সলে থাকিতে তার কোনও ভর বা চিন্তার কারণ নাই, মনোরমা তাকে মারের অধিক স্লেহ করে। তা ছাড়া তাহারা বেতন দিবে তিন টাকা, মাসে মানে তিন টাকা করিয়া সে মাধবকে পাঠাইতে পারিবে, তাহাতে তার সংসার চলিবার কোনও কই থাকিবে না। চাই কি কিছু হাতেও হইতে পারে। পকান্তরে এখন বিন্দু বাড়ী আসিয়া বসিয়াছে, তার রোজগারের টাকা পাওয়া যাইবে না। এখন সংসার চালান কঠিন। আর গোপাল আসিয়া যদি তার টাকা চাহিয়া বসে তবে চক্তির হইবে। মাধব যে তার কছ টাকা ভাঙ্গিয়া থাইয়াছে তার ঠিকানা নাই। শারদা বদি রোজগারের এই স্থানর স্থাবাগ পরিত্যাগ করে তবে সেটাকা পরিশোধ করিবার কোনও সম্ভাবনাই থাকিবে না।

এইরপ নানা যুক্তিতর্ক দিয়া শারদা খামী ও বিদ্দুর সকল আপত্তি থণ্ডন করিয়া যাইবার জক্ত প্রস্তুত হইল।

ওদিকে নেউগী-গৃহিণী মনোরমার প্রভাবে একটু
আপত্তি তুলিয়াছিলেন। বিলুকে লইয়া ভিনি যে
বিপদে পড়িয়াছিলেন সে কথা বলিয়া ভিনি মনোরমাকে
সাবধান করিয়া দিলেন। বয়সে বৢড়া হইয়াও বিলু কেলেয়ারী করিতে ক্রাট করে নাই, এবং শেষে ব্যারাম
হইয়া অনেক জালাইয়াছে। শারদা ব্বতী, তাকে
সামলান আরও কঠিন হইবে, শেষে রেল ভাড়া দিয়া
ভাকে দেশে পাঠাইতে হইবে। মনোরমা বলিল যে
শারদা বিলুর মত নয়। গ্রামের লোকে সকলেই বলে
শারদা সচ্চরিত্রা, কাজেই বিলুকে লইয়া যে অস্ববিধা
হইয়াছিল শারদাকে লইয়া সে অসুবিধার আলকা নাই।
শেষ পর্যন্ত মনোরমার কথাই বহাল রহিল।

শারদা মনোরমার সঙ্গে রংপুর গেল। তার মনে
আশা হইল রংপুর গিয়া গোপালের সজে দেথা হইবে।
গোপাল হয় তো তাহাকে রংপুরে দেথিয়া জন্মানক
অবাক হইয়া যাইবে—এবং খুব খুসী হইবে। সেও
গোপালকে দেথিবার জজ ভারী উৎস্ক হইয়াছিল।—
এই, আর কিছু নয়, সুধু দেখা! বাল্যস্ত্রং গোপাল—
এত ভালবাসে তাকে—তার সঙ্গে সুধু দেখা! ইহার
চেয়ে বেশী কিছু তার সংবিদের ভিতর সে আসিতে

দেয় নাই—কিন্তু মনের তলায় তার এ আকাজনার নীচে ছিল একটা উন্মত্ত কামনা।

রংপুরে যাইয়া শারদা দেখিল তাহা ঠিক তাদের গ্রামের মত ছোটু একটি স্থান নয়। সেথানে গোপালকে খুঁজিয়া বাহির করা প্রায় অসম্ভব! বিশেষতঃ খুঁজিয়া বাহির করিবার মত গোপালের কোনও পরিচয়ই সে জানে না।

মাধবের কাছে গোপাল যে কাগজে ঠিকানা লিথিয়া দিয়াছিল তাহা শারদা সংগ্রহ করিয়া আনিয়াছিল। কয়েক দিন পর সে সেই কাগজখানা বাবুর চাপরাশীকে দিয়া পড়াইল। চাপরাশী ঠিকানা পড়িয়া বলিল, "সে এখানে কোণায় ৪ এ যে কাকিনার ঠিকানা।"

কাকিনা ংপুর হইতে তিন চার কোশ এ কথা শুনিয়া শারদা হতাশ হইয়া গেল।

31

প্রায় এক বংসর কাটিয়া গেল। শারদার দিন বেশ ভালই কাটিল। থাইরা পরিয়া তার নই রূপ যৌবন ও স্বাস্থ্য ক্রমে ফিরিরা আাসিল। মনোরমার স্নেহ যত্নে পেরম তুপ্তি ও আনন্দের সহিত তার গৃহকর্ম করে—
ক্ষম্পরের মত সে থাটে। মাসে মাসে সে তার বেতনের টাকা স্বামীর কাছে পাঠাইয়া দেয় এবং মাসে মাসে স্বামীকে "প্রণাম শত কোটি নিবেদন" ক্লানাইয়া এক একপানা চিঠি দেয়—চিঠি লিখিয়া দেয় চাপরাশী কিছা মনোরমা। মাধব টাকা পাইয়া মানে মানে চিঠি লেখে। তাতে শারদা দেশের থবর জানিতে পারে।

মাধব প্রতি চিঠিতেই লেখে, "তুমি কবে বাড়ী ফিরিবে?" কথাটা থচ করিয়া শারদার বুকে আঘাত করে। তার অদর্শনে মাধব যে বড় ছঃথেই দিন কাটাইতেছে এ কথা তার মনে হয়। তথন স্বামীর জন্ম তার*মন অহির হইয়া উঠে। কিন্তু তার পর সে ছঃথ জনে সহিয়া যায়।

গোপালের সঙ্গে তার দেখা হয় নাই, এবং দেখা হইবার কোনও সন্তাবনা নাই জানিয়া সে একরকম নিশ্চিত্ত হইয়া বসিয়াছে।

দেদিন দকালে পুলিদ ফণীভ্ষণের বাড়ীতে কয়েক-

জন আসামীকে লইরা আসিল। মনোরমা ও শারদা আড়াল হইতে এই আগস্তুকদিগকে দেখিতেছিল। তুইজন কনেইবল ছইটি আসামীকে হাতকড়া দিয়া আনিয়া উপস্থিত করিল। দেখিয়া শারদার মনটা ছাঁৎ করিয়া উঠিল। চক্ষু বিকারিত করিয়া সে চাহিয়া দেখিল—ভার সন্দেহ নিশ্চয়তায় পরিণত হইল—আসামীদের মধ্যে একজন গোপাল।

ভয়ে শারদার নি:খাস রোধ হইবার উপক্রম হইল।
সে ভাড়াভাড়ি সে স্থান হইতে সরিয়া দাঁড়াইল।
থানিকল্প বুথা ছটফট করিয়া শারদা বাহিরে গিয়া
আড়াল হইতে চাপরাশীকে ডাকিতে চেষ্টা করিল।
চাপরাশীর সন্ধান পাইলে সে বলিল যে একবার
গোপালের সঙ্গে ভার দেখা করাইয়া দিতে হইবে।

চাপরাশী হাসিয়া বলিল, গোপাল পুলিসের হেপাজতে আছে, তাকে তো তাহারা ছাড়িবে না।
শারদার বিষাস চাপরাশী একটা প্রকাণ্ড লোক, সে স্বয়ং
হাকিমের চাপরাশী, তার হকুমে সকলই হইতে পারে।
সে তাই চাপরাশীর পায়ের উপর পড়িয়া আকুলভাবে
অল্পরোধ করিল যে চাপরাশী যেন গোপালকে মৃক্ত
করিয়া শারদার সঙ্গে সাক্ষাৎ করাইয়া দেয়। স্থলরী
যুবতীর এ অল্পরোধে চাপরাশীর অন্তর গলিয়া গোল, কিন্তু
সে বলিল, তার হাত নাই। তবু সে শারদাকে একটু
আখত করিয়া সংবাদ জানিতে গেল।

কিছুক্ষণ পরে ফিরিয়া চাপরাশী বলিল যে গোপালের বিচার আজ হইবে না। কাল তাকে গ্রেপ্তার করা হইরাছে, আজ তাকে আনা হইয়াছে সুধু হাজতে রাথার হকুমের জন্ম। তার পকে জামিনে মুক্তির জন্স দর্থান্ত হইবে। হাকিম যদি জামিন দেন তবে সে মুক্ত হইতে পারে—তাহা হইলে গোপালের সঙ্গে শারদার দেখাও হইতে পারে।

চাপরাশীর উপদেশ অন্ত্রগারে শারদা তথন মনোরমার পা জড়াইয়া কাঁদিয়া পড়িল। মনোরমা বলিল,
এ সব বিচারের কাজ, ইহাতে সে স্বামীকে কোমও
কথা বলিতে পারে না। বলিলে তিনি শুনিবেন
কেন?

কিছ শাবদা কিছুতেই পা ছাড়ে মা।

অনেকক্ষণ পর মনোরমা বলিল, "আচছা র'দ আমি একবার জিগগেদ ক'রে দেখি।"

ডেপুটিবাবু একবার ভিতরে আসিলেন, তথন মনোরমা তাঁকে সব কথা বলিল। শারদা তথন বাহিরে বসিয়া কাঁদিতেছে।

ফণীবাবু তার দিকে চাহিয়া হাসিয়া বলিবেন, "তা' কি হকুম? ঐ লোকটাকে থালাস দিতে হবে ?"

মনো। না, সে কথা আমি ব'লতে যাব কেন ? তুমি যা ভাল বুঝবে ক'রবে। কিন্তু ওকে জামিনে থালাস দেবে কি ? দাও তো বেচারীকে ব'লে একটু সুস্ত করি।

ফণীবাবু আবার বলিলেন, "তার নামই হুকুম। আছে। আমি এ ছুকুম তামিল ক'রবো।"

মনোরমা খোদ থবরটা শারদাকে জানাইল। শারদা উৎফুল্ল হৃদরে উঠিয়া চিপ করিয়া মনোরমাকে প্রণাম করিয়া বলিল, "বউ ঠাকরাণ, আমারে বাঁচাইলেন স্মাপনে।"

গোপালের জামিন হওয়ার প্রতীক্ষায় সে ব্যগ্রভাবে বসিয়ারহিল।

ছকুম হইল, কিন্ধ শারদা দেখিল তবু পুলিদের লোক গোপালকে দকে করিয়া লইয়া গেল।

শারদা ব্যাকুলভাবে চাপরাশীকে ইহার কারণ জিজ্ঞাসা করিল। চাপরাশী বুঝাইয়া দিল, ইহাদিগকে লইয়া জামিননামা লেখাপড়া করা হইবে, তার পর গোপাল মৃক্তি পাইবে। এবং চাপরাশী আখাস দিল যে সে গোপালকে শারদার কথা বলিয়াছে, গোপাল মৃক্তি পাইয়াই শারদার সজে দেখা করিয়া ঘাইবে প্রতিশ্রতি দিয়াছে।

देवकारम रगानाम व्यामिम।

শারদা তার কাছে শুনিল একটা মিথ্যা অভিযোগে পুলিস তাহাকে সন্দেহ করিয়া ধরিয়াছে। অভিযোগ সম্পূর্ণ মিথ্যা—তবে পুলিস যথন ধরিয়াছে তথন কি হয় বলা যায় না। হয় তো তার জেল হইতে পারে।

এ কথা শুনিয়া শারদা চমকাইয়া উঠিল। তার ছই চকুবাহিয়া জল গড়াইয়া পড়িল।

গোপাল সম্বেহে তাহাকে বলিল, "ভয় কি শারদী! ভগবান আছেন। আর হাকিমবাবুর ধর্মজ্ঞান আছে।" শারদা তবু অ≛রোধ করিতে পারিল না।

যথন দে গেল তথন সন্ধা হইয়াছে। গোপাল আপনাকে ছিড়িয়ালইয়াগেল।

যাইবার সময় গোপাল বলিল, "শামার বাড়ী দেখতে যাবি না একদিন ?"

শারদা বলিল, "এ বিপদ তো কাটুক আগে।"

গোপাল চলিয়া গেলে শারদা কাঁদিয়া কাঁদিয়া চক্
ফুলাইল। তিন দিন সে দারুণ উৎকণ্ঠায় কাটাইল,

আহার নিজা তার ঘুচিয়া গেল।

মনোরমা তার অবস্থা দেখিয়া মনে মনে হাসিলেন।
তিন দিন পর কাছারী হইতে ফিরিবার সময় গোপাল

তথন বেলা ৩টা।

আবার আফিল।

মনোরমা তথন নিদ্রিত।

গোপাল বলিল সে মৃক্তিলাভ করিয়াছে, পুলিস তাকে ছাড়িয়া দিয়াছে।

আনন্দে শারদা উৎফুল হইল।

গোপাল আমন্দের আবৈগে শারদার হাতে চাপিয়া ধরিয়া বলিল, "চল ভুই আমার বাড়ীতে।"

আপত্তি করিবার কথা শারদার মনে ইইল না।

পে একবার বাড়ীর ভিতর গিয়া দেখিল মনোরমা

ঘুমাইতেছে। কাজেই তাকে বলা ইইল না।

म शोशीला अस्य हिना ।

গোপাল তাহাকে লইয়া ঘ্রিয়া ফিরিয়া রংপুর সহর দেখাইতে লাগিল।

এখানে আসিয়া অবধি শারদা বাড়ী হইতে বাহির হর নাই। একেবারে পাড়াগা হইতে আসিয়াছে সে, যা দেখিল সে তাতেই অবাক হইয়া গেল।

যুরিতে যুরিতে যথন সে মাহিগঞ্জে গোপালের বাসায়
আসিল, তথন বেলা একেবারে গড়াইয়া পড়িয়াছে।

গোপাল কিছু থাবার কিনিয়া আনিয়াছিল। ইজনে বসিয়া খাইল, থাইতে খাইতে তারা ছ্জনে গল্ল করিতে লাগিল।

কত রাজ্যের গল্প, অতীতের কথা, বর্তমানের কথা, ভবিশ্বতের কথা। একটার পর একটা কথা আদিতে লাগিল—মুগ্ধ হইয়া হৃজনে ছন্ধনের কথা শুনিতে লাগিল। শারদা জানিল যে গোপাল কাকিনার তামাকের আড়তের কাজ ছাড়িরা এখন এখানে মাহিগঞ্জের গোঁসাই বাড়ীতে কাজ করিতেছে। শীঘ্রই সে একটা নারেবী পাইবে এমন আশা আছে। সে আরও অনেকটাকা জমাইরাছে। শীঘ্রই একটা বাড়ী ঘর করিবে।

শেষে গোপাল বলিল, 'শারদী' তুই না কইছিলি মাধইবা। তরে এক মাস ছাইবা। থাইকবার পারে না।" শারলা একটু হাসিরা বলিল, "পারেই তো না।"

"এখন যে আনছে ? এক বচ্ছর তো হইলো !" বলিয়া গোপাল একটু হাসিল।

শারদা ছোট্ট একটা দীর্ঘনিঃখাস ফেলিয়া বলিল, "আছে কি সাধে ? প্যাটের দায় বড় দায়।"

একটু পরেই গৃহে ফিরিবার জন্ত সারদা উঠিয়া দাঁড়াইল। গোপালও দাঁড়াইল, কিন্তু সে বলিল, যে বড় বিলম্ব হইরা গিয়াছে, এখন বাসায় ফিরিতে হইলে রাত্রি হইবে, আর রাত্রে মাহীগঞ্জ হইতে নবাবগঞ্জ ঘাইবার পথ মোটেই নিরাপদ নয়।

শারদা চমকাইয়া উঠিল—দে বলিল ঘাইতে তার হইবেই।

গোপাল চিন্তিভভাবে বলিল "তাই তো। বড়ই মুদ্ধিলে পড়া গেল। এতথানি যে দেরী হইছে তা' ভাবি নাই। কিন্তু এখন গেলে তো প্রাণ বাঁচানই দায়!" বলিয়া সে সেই দীর্ঘ পথের দিকে হতাশভাবে দৃষ্টি করিতে লাগিল।

ভরে শারদার মুখ শুকাইয়া গেল। এত বিশ্ব হইয়া বাওয়াতেই তো দে ভরে মরিতেছিল, কি বলিয়া দে বড়বধ্র কাছে মুখ দেখাইবে ভাবিয়া পাইতেছিল না। এখানে রাত্রি কাটাইয়া গেলে ভার পর যে তার দে বাড়ীতে উঠিবার পথই থাকিবে না, দে কথা দে স্পষ্ট ব্রিভে পারিল। দে বার বার গোপালকে পীড়াপীড়ি করিঙে লাগিল, কোনও মতে ভাকে বাসায় পৌছাইয়া দিতে।

গোপাল জ কুঞ্চিত করিয়া বলিল, "আছো তুই র, আমি লেখি।" বলিয়া সে কমীদার বাড়ীর দিকে গেল। শারদা একলা সেখানে বসিয়া পশ্চিম আকাশে অন্তর্গত সুর্যোক্ত বিলীয়মান ছটার দিকে শহিত দৃষ্টিতে মুধ্ চাহিরা রহিল। বুকের ভিতরটা তার ভরে শুকাইরা গেল।

শারদা কাঁদিয়া দুটাইয়া পড়িল। হায় ! হায় !
কেন ভার এ ছর্মতি হইয়াছিল । কেন সে মরিতে
হতভাগা গোপালের সকে আসিতে গিরাছিল। এখন
যদি সে কোনও মতে বাসায় না ফিরিতে পারে, তবে
তার যে আর কোনও উপারই থাকিবে না !

অনেককণ পর গোপাল শুক্ষম্থে ফিরিয়া তাকে বলিল যে দে জমীদার বাড়ীতে গিয়া একজন বরকলাজ সঙ্গে লইবার জন্ম অনেক চেটা করিয়া আসিয়াছে, অন্ধকার রাজে কেংই নবাবগঞ্গ ঘাইতে চাহেনা।

শারদা একেবারে অবসম ভাবে শুইমা পড়িল। তরে তার সমন্ত শরীর অসাড় হইমা পড়িল। সে কেবলি ফুঁপাইমা কাঁদিতে লাগিল।

গোপালের বাদার কেবল একধানি ঘর, এবং এখানে সে থাকে একা। একটা চাকর দিনের বেলার কাজ করিয়া দিয়া চলিয়া যায়। আহারাদি জনীদার বাড়ীতেই হয়। রাত্রে গোপাল একাই থাকে।

এইখানে শারদার রাত্রি যাপন করিভেই হইবে।

দে আর ভাবিতে পারিল না। কেবল অবসন্ন হইন্না পড়িয়া কাঁদিতে লাগিল।

গোপাল ঠাকুরবাড়ী হইতে প্রসাদ মানিয়া শারদাকে থাইতে দিল। শারদা তাহা মাথায় ঠেকাইয়া দ্রে ঠেলিয়া রাখিল। গোপাল তাকে অনেক ব্রাইতে লাগিল—কিন্তু প্রবোধ দে মানিল না।

কাঁদিতে কাঁদিতে শারদা ঘুমাইয়া পড়িল।

গভীর রাত্রে তার ঘ্ম ভাদিয়া গেল। ঘর তথন

সক্ষকার—এক কোণায় স্থপু একটা মাটির প্রদীপ টিম

টিম করিয়। জলিতেছে। কে যেন শারদাকে প্রবলভাবে
বেষ্টন করিয়া ধরিয়াছে।

প্রবলবেগে আততায়ীর মুখে চোখে মুট্যাঘাত করিয়া, আঁচড়াইয়া থিমচাইয়া শারদা কোনও মতে উঠিয়া বিনল। তারপর সে দিখিদিক জ্ঞান না করিয়া যাহা পাইল তাই দিয়া সে পাপিষ্ঠকে প্রহার করিতে করিতে তাহাকে বিপর্যান্ত করিয়া তুলিল।

তারপর সে উঠিরা বদন দংযত করিয়া বাতিটা উন্ধাইরা দিয়া দেখিল, তার আক্রমণকারী গোপাল।

কোধে তার সর্বান্ধ জলিয়া গেল, চকু দিয়া আগুন ঠিকরাইয়া পড়িতে লাগিল, নাসিকা ফীত হইয়া উঠিল, বক্ষ ঘন ঘন স্পন্দিত হইতে লাগিল। অপরিদীম ঘুণার সহিত গোপালের দিকে চাহিয়া সে অধু বলিল, "পোড়াকপাইলা, এই মতলব তর ?"

গোপাল উন্নতের মত তাহার দিকে ছুটিয়া আসিল।
শারদা বাতি শুদ্ধ পিলস্থকটা তার গার ছুঁড়িয়া মারিয়া
ছুটিয়া হুয়ার খুলিয়া বাহির হইয়া গেল।

দিথিদিক জ্ঞান শৃষ্ঠ হইয়া সে ছুটিল। কোথায়
যাইতেছে তাহা সে জানে না, কিসের মুখে গিয়া সে
পড়িবে সে ধেয়াল তার নাই—সে কেবল ছুটিয়া
চলিল।

অনেককণ পর সে আসিয়া পড়িল একটা সড়কের উপর।

তথন সে চারিদিকে চাহিয়া দেখিল। চারিদিকে মুধু অদ্ধকার, মুধু মাঠ, জন্মল। আকাশে মুধু লক্ষ তারা জল জল করিতেছে--পৃথিবীতে একফোটা আলো কোথাও নাই।

ভাবিয়া দে কূল পাইল না। ভয়ে প্রাণ ওকাইয়া গেল। দে একটা গাছের উপর উঠিয়া বদিল।

অনেক দ্রে করেকটা আলো দেখা গেল। সে
মুগ্ধ নয়নে সেই আলোর দিকে একদৃষ্টে চাহিয়া রহিল।
অত্যন্ত ধীরে ধীরে সে আলো অগ্রসর হইল তারই
দিকে। শেষে সে দেখিতে পাইল কতকগুলি লোক
মশাল জালিয়া অধ্যসর হইতেছে।

ভরে প্রাণ শুকাইয়া গেল। ডাকাত কি এরা ? সে আর একটু উঁচু ডালে গিয়া বসিল।

আলো আরও আগ্রনর হইল। দেখা গেল তিনখানা গরুর গাড়ী বিরিয়া অনেকগুলি লোকজন মশাল জালিয়া অগ্রনর হইতেছে।

যে গাছের উপর শারদা বসিয়া ছিল সেই গাছতলায় দাঁডাইয়া লোকগুলি কথা কহিতে লাগিল।

একজন বলিল, পথ ভূল হইরাছে, ইহা নবাবগঞ্জের পথ নর। অপর একজন দৃঢ়ভাবে বদিল এইটাই নবাবগঞ্জের সভক।

এই বিষয় লইরা কিছুক্ষণ বিচার বিতর্কের পর গরুর গাড়ীর ভিতর হইতে একজন মুখ বাড়াইরা বলিলেন বে ঘূইজন লোক অগ্রসর হইরা দেখিরা আহ্মক পথটা ঠিক কিনা।

ছইজন অংগ্রসর হইয়া পেল। অংনক দ্র গিয়া তারাফিরিয়া আসিয়া জানাইল যে ইহাই নবাবগঞ্জের পথ।

কথাটা শুনিয়া শারদা আখন্ত হইল। ভরে তার প্রাণ একেবারে কাঠ হইয়া গিয়াছিল—আজ রাজি পাড়ি দিয়া সে যে জীয়ন্ত অবস্থায় কাল সকালের মৃধ দেখিবে, সে ভরসা সে ছাড়িয়া দিয়াছিল। এখন তার ভরসা ফিরিয়া আদিল।

সে বুঝিল ইহারা নবাবগঞ্জ যাইতেছে। কে ইহারা,
কি উদ্দেশ্যে যাইতেছে, সে কথা সে জানে না। ইহাদের
আশ্রের লইয়া ইহাদের সজে যাইবার কথা একবার ভার
মনে হইল, কিন্তু ভার সাহসে কুলাইল না। কি জানি
ইহাদের হাতে পড়িয়া সে আবার কি বিপদে পড়িবে!

যখন এই যাত্রীদল অনেকটা পথ চলিয়া গেল তখন
শারদা খীরে খীরে গাছ হইতে নামিয়া আসিল। এবং
দূব হইতে এই যাত্রীদলের মশালের আলোর দিকে
চাহিয়া চাহিয়া সে ইহাদের অঞ্চরণ করিল।

নবাবগজে আসিয়া তাহার বাসা **এঁজিতে অধিক** বিলম্ব হইল না। কিন্তু বাসায় পৌছিয়া ভরে তার পাঠক ঠক করিয়া কাঁপিতে লাগিল।

ভখন অনেক রাত্রি। বাড়ীর ছ্রার সব বন্ধ।
কেমন করিয়া ভিতরে প্রবেশ করিবে তাহা সে ভাবিতে
লাগিল। অনেক কটে একটা প্রাচীরে উঠিয়া সে
উঠানের ভিতর লাফাইয়া পড়িল। তার পতনের শব্দে
একটা কুকুর ঘেউ ঘেউ করিয়া উঠিল। কুকুর ক্রমে
শারদাকে চিনিতে পারিয়া কান্ত হইল, কিছু কুকুরের
শব্দ শুনিয়া এক দিকে বাড়ীর চাকর অপর দিকে ফণীবাব্
বয়ং ভাগ্রত হইয়া তাড়া করিয়া আসিলেন।

শারদা লজ্জার ভয়ে মড়ার মত আড়ট হইরা দাঁড়া**ই**রা রহিল। একটা মহা দোরগোলের পর যথন তাহাকে চেনা গোল তথন ডেপ্টিবাবু শারদাকে যা নর তাই বলিয়া গালিগালাজ করিলেন। মনোরমাও উঠিগ আসিয়া তাহাকে যথেষ্ট তিরস্কার করিল।

শারদা দেখিতে পাইল যে ইহারা ধরিরা লইরাছে যে সে এটা এবং সুধু তাই নয় সে ভরানক মেরে, চুরী ডাকাতি প্রভৃতি যে কিছু অপকার্য্য সে করিতে পারে। এ সম্বন্ধ তাহার কোনও কথা শুনিবার বা তাহার কিছু বলিবার আছে কিনা তাহা জিজ্ঞাসা করিবার কোনও প্রয়োজনই ইহারা অফুভব করিল না।

লজ্জার, ছণার, অভিমানে শারদা মরিয়া গেল।
কিন্তু একটা চ্র্জ্ম ক্রোধ ও অভিমান তার ভিতর
গর্ভিরা উঠিল। সে ইহাদের কোনও কথার কোনও
উত্তর দিল না, ইহাদের করণা ভিক্ষা করিল না, একবার
নিজের দোব কালন করিবার সামান্ত চেটা পর্যান্ত
করিল না। গোঁজ হইয়া বারান্দার বসিয়া সে বাকী
রাতিটা কাটাইয়া দিল।

১৬

পরের দিন সকালে উঠিয়া শারদা গুানিতে পারিল যে তার হৃত্তির কথা পৃর্বরাত্তেই রঙ্গপুর সহরময় প্রচার হইয়া বিয়াছে।

শারদাকে বাড়ীতে না দেখিয়া মনোরমা ব্যস্ত হইয়া উঠিয়াছিল। স্বামী কাছারী হইতে কিরিতেই সে তাঁকে বলিল যে শারদাকে পাওয়া যাইতেছে না।

তৎক্ষণাৎ ডেপুটীবাব্র ত্রুমে শারদার সন্ধানে চারিদিকে লোক ছুটিল, থানার থবর গেল।

পুলিসের লোক সব কথা শুনিয়া স্থির করিল শারদা গোপালের সহিত উধাও হইয়াছে। তৎক্ষণাৎ গোপালের বাসায় পুলিসের লোক চলিয়া গেল, মেথানে সংবাদ পাওয়া গেল গোপাল থালাস হইয়া তথনও সেথানে ফেরে নাই।

্রাতিতে ফণীবাব্র , বাসার , ইনস্পেটারবাব্, অপর একজন ডেপ্টা, স্কুলেফ প্রভৃতির মধ্যে এই শারদা-হরণ ব্যাপার কইয়া বহু আলোচনা, হইল।

আবিলা সারদা-হরণ ব্যাপারটি নানারপ লতাপল্লবিত

হইয়া সহরময় ছড়াইয়া পড়িল। সকল কথা ভনিয়া শারদা ঘুণায় মরিয়া গেল।

ষিপ্রহরে আহারাস্তে মনোরমা শারদাকে আবার ভয়ানক তিরস্কার করিল। বলিল, দে এমন ভূশ্চরিত্রা জানিলে মনোরমা তাকে কথনও সঙ্গে আনিত না।

শারদা একবার ভীত্র দৃষ্টিতে মনোরমার দিকে চাহিয়া বলিল, "বেশ, তবে স্মামারে ভাগে পাঠাইয়া ভান।"

মনোরমা জ কুঞ্জিত করিয়া বলিল, "সে অমনি মুথের কথা কি না ?"

শারদা সেথান হইতে চলিয়া গেল।

নিক্ষণ আজোশে তার অন্তর জলিতে লাগিল।
মনোরমা তাকে বাড়ী হইতে বিদায় করিতে চায়—
শারদাও ভাবিতেছিল এ বাড়ীতে আর এক দণ্ড ভিঠান
যায় না !

তার হাতে যে কয়টা টাকা ছিল মুধু তাহাই লইয়া রাগে গর গর করিতে করিতে সে বাড়ী হইতে বাহির হইয়া গেল।

গোপাল তথন সেই বাড়ীর আশেপাশে ঘ্রিয়া ফিরিতেছিল। কাল রাত্রে শারদা তাহার উপর ভয়ানক রুষ্ট হইয়াছে, এ কথা ভাবিরা সে স্বন্তি পাইতেছিল না। তাহার রুত কর্মের জন্স অস্থুশোচনার দে পীড়িত হইয়াছিল, কিন্তু তার চেয়ে 'বেশী হইয়াছিল তার ভয়। শারদা যদি রাগের মাথায় ভেপুটীবারুর কাছে সব কথা বলিয়া দিয়া থাকে তবে হাকিমের জ্রোধে তার সম্হ্ বিপদ! তাই ভাবিয়া চিন্তিয়া সে আর একবার শারদার দর্শন লালদায় এই বাড়ীর আশে পাশে ঘ্রিতেছিল। শারদাকে যদি কোনও ফাকে একবার দেখিতে পায় তবে সে তার পায় ধরিয়া ক্ষমা চাহিবে—আর কোনও মতে তাকে ভেপুটীর জোধ হইতে রুক্ষা করিবার জন্স অন্থ্রোধ করিবে, এই ভরসায় সে ঘ্রিতেছিল।

শারদা বাড়ী হইতে বাহির হইতেই গোপাল তার পা জড়াইরা ধরিরা ক্ষমান্তিকা করিল—নাক কাণ মলিরা সে বলিল, আর কোনও দিন দে অপরাধ করিবে না।

শারদা গভীরভাবে তাকে বলিল, "ওঠ্—আমার সাথে আয়।" গোপাল নিঃশব্দে তাকে অনুসরণ করিয়া মাঠের দিকে চলিল।

মাঠের মাঝথানে গিরা শারদা বলিল, গোপাল আক্তই তাকে লইরা দেশে যাইতে প্রস্তুত আছে কি না? গোপাল একটু থত্মত থাইরা ক্রিজাসা করিল— "কেন?"

ধমক দিরা শারদা বলিল, "কিচ্ছু হর নাই, তুই যাবি কি না ক'। যাস্ তো চল। নাইলে পালা, আর আমি তর মুখও দেখুম না।"

একটু থমকিয়া শেষে গোপাল বলিল, "আচ্ছা যান্।" শারদা পা বাড়াইয়া বলিল, "তবে চল্"— গোপাল বলিল, "কাপড়চোপড় ?"

শারদা তীব্র স্বরে বলিল, কিছু প্রয়োজন ইইবে না।
সে বাড়ী ইইতে একেবারে বিদার ইইয়া আদিরাছে;
গোপাল সঙ্গে যায় উত্তম, নতুবা সে যেদিকে তুই চকু যায়
চলিয়া যাইবে।

গোপাল কিছু ব্ঝিতে পারিল না। কিন্ত এখন শারদাকে ঘাঁটান সঞ্চ বোধ করিল না। সে ভার সঙ্গে অগ্রসর হইল মাহিগঞ্জের দিকে।

শারদা হঠাৎ থামিয়া বলিল, "কিন্ধ এক কথা, তুই আবার যদি আমার গা ছুইচস তো তর মাথা ধাইয়া আমি ছাড়ুম। ক', তুই আমার গা ছবি না আরু।"

গোপাল সভরে বলিল, "কিছুতেই না। এই আবার নাক কাণ মলি।" বলিয়া সে নাক কাণ আবার মলিল।

শারদা ইহাতেও সন্ধৃষ্ট না হইয়া তাকে কঠিন দিব্য দিয়া পুনরায় প্রতিশ্রতি আদার করিল। তার পর তারা আবার অংগ্রন্থ হইল।

সে সময়ে পথ-চলাচলের এত সুবিধা ছিল না। রংপুর হইতে তাদের দেশে ফিরিতে রেলে আসিলে দীর্ঘ পথ বেইন করিয়া পোড়াদহ ও গোয়ালন্দে প্রবাস করিয়া ফিরিতে হইত। জলপথে সময় বেশী লাগিত কিন্ত শরীরের আভি কম হইত। তাই তাহারা ঘ্রিয়া ফিরিয়া নৌকায় চলিল, এবং মাঝে মাঝে হাঁটিয়া চলিল। এমনি করিয়া সাত দিন পরে তাহারা দেশে ফিরিল।

্প্রামে আসিয়া শারদা গোপালকে বিদায় করিয়া

দিল। গোপালকে দকে করিয়া নিজের গৃহে ফিরিতে সে কিছু সকোচ অস্থত্তব করিল।

বাড়ীর কাছে আদিয়া শারদার প্রাণ কাঁদিয়া উঠিল।
সমস্ত বাড়ীটা যেন একটা শ্রীহীন দৈক্তের বিকট মূর্ত্তি!
এক বৎসর হয় সে বাড়ী ছাড়িয়া গিয়াছে, এই এক
বৎসরে তার গৃহের যে ছর্দ্দশা হইয়াছে তাহা দেখিয়া
তার কালা পাইল। ঘর-ভ্রমারের আশে পাশে যেটুক্
স্থান ছিল তাহা গভীর জন্মলে ছাইয়া গিয়াছে, তার
ভিতর পা ফেলিবার জায়গাটুক্ নাই। উঠানের
অর্কেকটা ঘাস জন্মলে ছাইয়া গিয়াছে। বেড়া টাটি
যাহা ছিল তাহা জীর্ণ হইয়া খিস্মা পড়িয়াছে। বিন্দুর
জন্ম যে ছোট ঘর ভোলা হইয়াছিল তাহার ভিটা শূল
পড়িরা আছে, তার উপরও আগাছা জন্মিয়াছে; আর
তার নিজের বাসগৃহের খড়ের চাল যেন গলিয়া
পড়িতেছে, বেড়াগুলি যেন কোনও মতে টিকিয়া আছে।

সেই ঘরের দাওয়ায় বসিয়া মাধব ক্লিষ্ট-কাতর মুখে তামাক থাইতেছিল। শারদার মনে হইল যেন এই এক বছরে মাধব একেবারে বুড়া হইয়া গিয়াছে। তার মাধার চুল তিন পোয়া পাকিয়া গিয়াছে, মুখের উপর চারিদিকে বার্দ্ধকোর গভীর রেখা পড়িয়া গিয়াছে, আব শরীরখানা জীর্ণ নীর্ণ হইয়া যেন ভাকিয়া পড়িয়াছে।

দেখিয়া শারদার ছই চক্ষু জলে ভরিয়া উঠিল।

শারদাকে দেখিয়া মাধবের চফু আনন্দে বিদ্যারিত হইরা উঠিল; একটা অপূর্ব্ব পূলকে ভার বয়োবিকৃত মুখ হঠাৎ উজ্জল হইরা উঠিল। সে ভাড়াভাড়ি উঠিয়া ছুটিয়া গিয়া শারদাকে সন্তায়ণ করিল। আনন্দ ভার সমস্ত শরীর আছের করিয়া ছাপাইয়া পড়িতে লাগিল।

শারদা হাসিয়া মাধবের পদধ্লি লইয়া জিজ্ঞাসা করিল মাধব কেমন আছে, বিলু কেমন আছে ?

এই ছইটি কথার উত্তর দিতে গিয়া মাধব এমন দীর্ঘ ছংথের কাহিনী বলিতে আরম্ভ করিল যে শারদার হঠাৎ এমনি ভাবে আদিবার কারণ সম্বন্ধ জিজ্ঞাদা করিবার আর অবদ্র হইল না।

মাধবের কথা ওনিয়া শারদা ছুটিয়া ঘরে গেল। দেখানে বিন্দু ভার অভিম শ্যায় শুইয়া আছে।

लाजनाटक (नश्विमा विन्तृत इंहे क्कू श्र्डाहेन्ना कव

পড়িতে লাগিল। শারদা তাকে যথাসম্ভব মিট কথার সাস্ত্রনা দিল, তার চকু মুছাইল, তার গার মূথে হাত বলাইল। তার পর দে উঠিল।

কোমরে কাপড় জড়াইয়া সে বণাসপ্তব ঘর-ঘারের সংস্কারে মনোনিবেশ করিল। ঘরের মেঝে ঝাঁট দিয়া লেপিয়া সে পরিফার করিল। মাধবকে কোদাল দিয়া উঠান চাঁচিয়া পরিফার করিতে বলিল। ঘরের দাওয়া এবং উঠান আছোপাস্ত গোবর জল দিয়া নিকাইয়া সে বাড়ীর চেহারাটা দেখিতে দেখিতে তাজা করিয়া তুলিল।

তার পর তাড়াতাড়ি স্নান সারিয়া সে রারা করিল। বিন্দুকে তার পথ্য দিরা, স্বামীকে থাওয়াইয়া নিজে সাহার করিল। স্মাহারের পরই সে বাড়ীর চারিপাশের জঙ্গল পরিভার করিতে নিযুক্ত হইল।

তার সঙ্গে টাকা কড়ি সে যাহা আনিয়াছিল তার কতক ধরচ করিয়' সে বাসের ঘরখানা মেরামত করিল। পাঁচ সাত দিনের অক্লান্ত চেষ্টা ও পরিশ্রমে সেই শ্রীহীন বাডীখানা যেন আবার হাসিয়া উঠিল।

মাধব তাকে একদিন জিজ্ঞাদা করিয়াছিল, সে হঠাৎ এমন করিয়া চলিয়া আদিল কেন।

ভার দিকে কটাক্ষ করিয়া স্মধ্র সকজ্জ হাল্ফে মৃথ অণ্ডঃত করিয়া শারদা বদিল মাধ্বের জ্ঞান্তার প্রাণ পুড়িল' তাই দে চলিয়া আসিল।

মাধব এ উত্তরে এত কৃতার্থ ইইরা গেল যে এ সম্বন্ধে তার মার কোনও কথা জিজাসা করিবার রহিল না। পুড়িবেই তো "পরাণ'! শারদা যে মাধবকে কত ভালবাসে তা' তো মাধব জানে—কত আদর কত যত্ন করে সে, তার স্থের জল্ঞ দিনরাত সে কত না ছোটখাট মায়োজন করে। সে কি পারে এতদিন ভাকে ফেলিয়া সেই দুরদেশে থাকিতে?

বিন্দুর ব্যাধি সারিবার নয়, তাই সে বেমন ছিল তেমনি পড়িয়া রহিল, কিন্তু তাহা সত্ত্বেও মাধব ও শারদার বরে আনন্দ ফিরিয়া আসিল। তারা স্বামী স্ত্রীতে মহা আনন্দে দিন কাটাইতে লাগিল। যে দাগা পাইয়া, অপমানে ক্লেরিত হইয়া শারদা রংপুর ত্যাগ করিয়া আসিয়াছিল তাহা সে সম্পূর্ণ ভূলিয়া গেল। এখন সংসার যে তাদের কেমন করিয়া চলিবে সে চিস্তাও সে বিশ্বত হইল। নবদম্পাতীর মত পরস্পারের প্রীতিতে তল্মর হইয়া তারা আনন্দে দিন কাটাইতে লাগিল। বড় ছুঃথের পর আজ্ব শারদার মনে হইল এমন সুথ বৃঝি নাই।

সহসা তাদের মাথার বন্ধ ভালিরা পড়িল।

করেক মাদ পরে শারদার কলকের কথাটা গ্রামে কাণাঘুদা হইতে লাগিল। নীয়োগা মহাশদের গোমন্তা একবার রংপুর গিয়াছিল। সে ফিরিয়া আদিরা একজনের কাছে গল্প করিল যে শারদা রংপুর হইতে গোপাল নামে এক ভোকরার সঙ্গে বাহির হইয়া গিয়াছে।

যাহাকে গোমন্তা এ কথা বলিল, সে হাসিয়া উত্তর দিল শারদা মনের আননেদ স্থামীর গর করিতেছে, সে বাহির হইরা যাওয়ার কথা নিভান্তই রচা কথা।

এই কথা লইরা ছুইজনের মধ্যে বাগবিততা হইল।
গোমতা বলিল, সে শ্বরং ফণীভূষণের কাছে তানিরা
আসিরাছে যে একদিন রাত্রে শারদা পোপালের সলে গিরা
রাত্রি কাটাইরা আসিহাছিল; ধরা পড়িয়া তিরস্কৃত হওয়ার
পরের দিন সে গোপালের সকেই গৃহত্যাগ করিয়াছে।

ভার শ্রোভা বলিল, "থো গা ভোর দেখা কথা আমি ভইন্তা আইচি!" শারদা এথানে খামীর ঘর করিতেছে ইহার পরেও নাকি এই শোনা কথা বিখাদ করিতে হইবে যে একটি যুবকের সঙ্গে দে উধাও হইয়াছে।

গোমন্তা ইহাতে কিপ্ত ও উত্তপ্ত হইন্না উঠিল।

কাজেই এ কথাটা লইয়া অন্সন্ধান ও আলোচনা হইল। ক্রমে গ্রামে অনেকেই জানিতে পারিল যে একটা কি কুকর্ম শারদা করিয়া আসিয়াছে। কাণাঘুসা হইতে হইতে ক্রমে সকলে প্রকাশুভাবেই কথাটা আলোচনা করিতে লাগিল।

কথাটা ক্রমে এই আকার ধারণ করিল যে শারদা রংপুরে গিরা নানাবিধ হুলাহ্য করার ডেপুটীবাবু কর্তৃক গৃহ-বহিন্ধতা হইরা সেধানে বেশ্চাবৃত্তি করিরা আসিরাছে। শারদা মাধবকে মাসে মাসে টাকা পাঠাইরাছে এবং সক্ষেপ্ত টাকা কড়ি লইরা আসিরাছে। শারদা আসিবার পর মাধব ত্'হাতে পরসা ধরচ করিতেছে—এত টাকা শারদা পাইল কোথার গুলাসীবৃত্তি করিরা যে বেতন পাওরা যার এ বৃত্তাক্ত তথনও এ দেশে প্রার্থ অপরিচিত

ছিল। দাসীরা মনিব-বাড়ী কাজ করে, খাওরা পরা পায়, আবেশুক মত এটা সেটা পুরস্কার পার বা তুইচার টাকা পাইরা থাকে, ইহাই ছিল রেওরাজ। স্মৃতরাং দাসীত্ব করিয়া শারদার পক্ষে এত টাকা বোজগার করা যে সম্ভব ইহা কেহই করনা করিতে পারিল না। স্মৃতরাং বিষয়টা লইয়া বিস্তর আলোচনা হটতে লাগিল।

শ্বধু আন্দোলন আনোচনা রঙ্গরস ইত্যাদি ছাড়া হয় তো এ কথা লইষা আর কিছু হইত না। কিছু একদিন তাঁতিদের মাতকার গোবিন্দ তাঁতির মেয়ের সন্দেশারদার সামাস্ত কারণে একটু বচসা হয়। তাহাতে প্রসন্দ ক্রমে গোবিন্দের মেয়ের একঘাট লোকের সামনেশারদার রংপুরের কল্লিত করিষা প্রকাশ করে। ক্রোধে ক্ষোতে শারদা তাকে চতুর্দেশ পুরুষ সহকারে নানাবিধ অপূর্ক্ত বিশেষণে বিশেষিত করিয়াই নিবৃত্ত হয় নাই, তাকে এমন ভীষণ ভাবে প্রহার করিষাছিল যে তিন দিন সে মেয়ের গায়ের বাণা সারে নাই।

কাজেই ব্যাপারটা লইয়া এখন সমাজের ধর্ম ও নীতি-জ্ঞান ভর্মানক টন্টনে হইয়া উঠিল। বেখাবৃত্তি করিয়াছে যে স্ত্রী, তাকে লইয়া ঘর করায় মাধ্বকে জাতিচ্যুত করা একান্ত প্রয়োজন, ইহা সকলেই অন্তব করিল।

ছুই তিন দিন বৈঠক হুইগ্না মাধবকে সকলে বলিল যে দে সমাজ হুইতে বহিছত।

মাধব ছিল অত্যন্ত নিরীহ প্রকৃতির লোক। ভদ্ধবার প্রধানগণ ভাবিরাছিল যে তাকে একটু শাসন করিলেই সে প্রারশ্চিত্ত ও সামান্ত্রিক দও দিরা জাতে উঠিবে এবং শারদাকে বাহির করিরা দিবে। কিন্তু তারা আবিদার করিল যে এই সব কথার চিরদিনের নিরীহ মাধব ভরানক উত্তপ্ত জুদ্ধ হইয়া উঠিল এবং সব কথার শৈবে সমাজ-পতিদিগকে বৃদ্ধাসূষ্ঠ দেথাইয়া কিরিল।

কাজেই 'একঘরে' করা ছাড়া গত্যস্তর নাই।

মাধব যথন বৈঠক হইতে ঘরে ফিরিল তথন শারদ!
তার মৃত্তি দেখিয়া তয় পাইল। সে কারণ জিজানা
করিল। উত্তরে মাধব নামহীন কতকগুলি লোককে ধা
নয় তাই বলিয়া গালাগালি করিল। অনেকক্ষণ চেটার
পর শারদা কথাটা বাহির করিল—মাধব কাঁদিয়া ফেলিল;
—সে বলিল, "শালারা কয় কি শুনছ্দ? কয় তুই
নাকি পেশাকার হইছিলি। শালাগো জিব্যা থইসা
পরবো—কুঠ হইবো শালাগো"—ইত্যাদি।

শারদা গন্ডীর হইয়া গেল। আরও তুই একটা প্রশোর্ভরের ফলে দে আবিদার করিল যে নীয়োগী মহাশ্রের গোমস্তা কথাটা এখানে আসিয়া রটনা করিয়াছেন—এ কাহিনীর মূল গোপাল ঘটিত ব্যাপার! দে স্তর্জ হইয়া ভাবিতে লাগিল।

তাহারা একঘরে' হইবার পরের দিন হঠাৎ বিন্রুর মৃত্যু হইল।

তাহার সংকারের জন্ম মাধব লোক ডাকিতে গেল। কেহ আসিল না।

ভীবণ বিপন্ন হইয়া মাধব মুখখানা ভার করিয়া বাড়ী ফিরিল: শারদা সমস্ত শুনিয়া বলিল, ইহাতে ভড়কাইলে চলিবে না, তারা তুইজনেই বিকুর সৎকার করিবে:

মাধব ও শারদা তৃইজ্বনে কোনও মতে বিন্দুর দেহ নদীর ধারে টানিয়া কইয়া তাহার সংকার করিল।

(ক্রমশঃ)

মেঘদূত

শ্রীবীরেন্দ্রলাল রায় বি-এ

কবে তুমি কোন্ শভীতে গেঁথেছিলে ছব্দে গীতে
যুগান্তরের বার্তা চলার বাণী;
শভিষে তাহা দীর্ঘধানে ছড়িয়ে তাহা ফুলের বানে
আৰুও ডাকে দিয়ে দে হাতছানি।
মেবের চলা কাহার আশে ? খুমিয়ে ব্যাপা মিলন পালে!

বাদল বারি আজও নিতি করে।

অন্ধকারের বাদল নিশা পান্ত না খুঁজে তাহার দিশা আজও চাওরা কাঁদে পাওরার তরে !
আজও নিঠি প্রভাত সাঁঝে সেই আজানার বাশী বাজে
খুঁজতে বে যাই কোথার ব্যথা বাজে—

জড়িছে বুকে হয় না পাওয়া স্বটুকু সূত্র হয় মা গাঁওয়া সিঁথির আঁচল মুখ ঢাকে তার লাজে !!

বাঙ্গালার জমিদারবর্গ

আচার্য্য সার শ্রীপ্রফুল্লচন্দ্র রায়

(0)

এদেশের ইহাই চিরাচরিত প্রথা যে ধনী জমিদার বা ধনী ব্যবসায়ী হইলে স্চরাচর তাঁহারা সরস্বতীকে একেবারে বর্জন করিয়া ভোগবিলাদে নিমজ্জিত থাকেন। मिटकुल शूर्व्य विवाधि एवं यहि आमारित तहाँ कि ধন সম্পত্তি বা জ্ঞমিদারি রাখিয়া যান তাহা হইলে জানিতে হটবে যে তাঁহাদের উত্তরাধিকারীবর্গের চৌল পুরুষ পর্য্যন্ত অভিশপ্ত। কিন্তু এখনও এমন চুই-একটা জমিদারবংশ এদেশে আছে যেখানে কমলা ও সরস্বতী উভয়েরই সমভাবে অর্চনা হইয়া থাকে। এই প্রসিদ্ধি বা খ্যাতির কথা উল্লেখ করিতে গেলে কলিকাভার লাহা পরিবারের কথা মনে হয়। স্বর্গীয় প্রাণকৃষ্ণ লাহা এই বংশের গোড়া পত্তন করিয়া যান, কিন্তু তদীয় পুত্র বিখ্যাত ধনকুবের মহারাজা তুর্গাচরণ লাহা ইহার যথেষ্ট উন্নতি দাধন করেন। তাঁহার অপর ভাত্তর ভামাচরণ ও জয়গোবিন ব্যবসা ও জমিদারি কার্য্যে তাঁহাকে সহায়তা করিতেন। মহারাজা তুর্গাচরণ নিজের ব্যবসা ও জমিদারি পরিচালনা ব্যতীত বছবিধ কর্মের মধ্যে আত্মনিয়োগ করিয়াছিলেন। তাঁহার কর্মতালিকা এখানে দেওয়া অসম্ভব : ইম্পিরিয়াল কাউন্সিলের মেম্বর-শ্বরূপ তিনি যে সকল স্থগভীর ও স্থচিস্তাপূর্ণ বক্তৃতা করিয়াছেন ভাষা দেখিলে বিশ্বিত হইতে হয়। তিনি टमटमंत्र नानाविध मश्कार्यात कम्न व्यर्गान करतन, उन्नरधा কলিকাতা বিশ্ববিভালয়ে পঞাশ হাজার টাকা এবং মেয়ো ঠাদপাভালে পাঁচ হাজার টাকা এবং ডিষ্টিক **८** हिंदि हेट वन त्रामा है । एक स्थान के दिन के दि মধ্যম আমাচরণ লাহাও ১৮৬৯ খুটাকে ইংলুভে গমন করিয়া ব্যবসাক্ষেত্রে অভিজ্ঞতা লাভ করেন। কলি-কাতার মেডিকেল-কলেজ-সংলগ্ন দাতব্য চকু চিকিৎসালয় कौशत व्यर्थ शामिक स्टेगाह्य वर वर को कि विवासन ঠাহাকে সন্ধীব করিয়া রাখিবে। এতদ্বাতীত ডাফরিণ ইাসপাতালে^{ক্ত}িতনি ৫০০০ টাকা দান করেন।

क्रिकं अप्रशादिक गांश ; हैनि उ है लि दियान का है जिए नव মেশ্বর ছিলেন। তিনি একাধারে লক্ষ্মী ও সরস্বতী উভয়েরই সাধনায় সমান ব্রতী ছিলেন; রুসায়ন-শাস্ত্রচর্চা ও জ্যোতিবিভা আলোচনা তাঁহার অভ্যস্ত প্রিয় ছিল. এবং এই জন্ম একটী কুদ্র পরীক্ষাগার নিজ বাসভবনে নির্মাণ করেন। ভিনি প্রতি বংসর যে ফুলের প্রদর্শনী করিতেন ভাহাতেই তাঁহার কৃষ্টির (culture) সবিশেষ পরিচর পাওয়া যায়। উদ্ভিদ্বিভা ও প্রাণীবিভার ইহার প্রভৃত অমুরাগ ছিল; আলিপুরের পশুলালায় যে সর্প-গৃহ আছে তাহা ইনিই নির্মাণ করিয়া দেন। তিনি নীরবে ও লোকচক্ষর অন্তর্গালে থাকিয়া দান করিতে ভালবাদিতেন। মৃত্যুর কিছুদিন পূর্বে ইনি বঙ্গদেশের ছভিক-প্রপীড়িতদের সাহায্যকল্পে গভর্ণমেন্টের হল্ডে এক লক্ষ টাক। অর্পণ করিয়া থান। তাঁহার পুদ্র অধিকাচরণ লাহাও এই সকল সদওণাবলির অধিকারী হইয়াছিলেন। অম্বিকাচরণ একজন পশুতত্ত্বিদ এবং এটা তাঁহাদের বংশাস্থক্রমিক কৃচি: বর্ত্তমানে তদীয় জ্যেষ্ঠ পুত্র স্ত্যুচরণ লাহাও পক্ষীতত্ত্বিদ বলিয়া স্থদেশে ও বিদেশে যথেষ্ট খ্যাভি অর্জন করিয়াছেন; কনিষ্ঠ পুত্র বিমলাচরণও বিশেষ কৃতবিজ। মহারাজা জুর্গাচরণ লাহার জ্যেষ্ঠ পুত্র রাজা কৃষ্ণদাস লাহা বিবিধ লোকহিতকর কার্য্যে মুক্তহন্তে অর্থ দান করিয়াছেন; চুঁচুড়া জলের কল নির্মাণের জন্ম ভ্রাতৃগণের সহযোগে এক লক টাকা, বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে ৭৫০০০ এবং রিপণ কলেন্দের সাহায্যকল্পে ১৫০০০ দান করিয়া যান। আমার বিলক্ষণ শ্বরণ আছে रा, यथन ১৯২১ माल युननात वृज्जिन-शीफिछत्तत সাহায্যের অন্ত আমি সাধারণের নিকট আবেদন করি সেই সময় একদিন একথানি হাজার টাকার চেকু রাজা कृष्णनारमञ्ज निक्षे स्ट्रेंटिंज প্রাপ্ত स्ट्रे। देनि চিস্তাশীन উদারপ্রকৃতি ও স্বধর্মে আস্থাবান ছিলেন। বিপুল অর্থব্যয়ে ছান্দোগ্য কণাদ প্রভৃতি উপনিষদের বঞ্চাত্রবাদ

করিয়া বঞ্চাবাকে সমৃদ্ধশালিনী করিয়া গিয়াছেন। পাছে লোকে ইংার নাম জানিতে পারে, সেইজল এই সকল গ্রন্থ ভাঁহার নাম পর্যন্তও মুদ্রিত হয় নাই। রাজা হ্বীকেশ লাহাও নানাবিধ দেশহিতকর অনুষ্ঠানে সংযুক্ত থাকিয়া জ্বাপিও আমাদের মধ্যে বর্ত্তমান আছেন এবং ইংার পুত্র ভক্তর নরেজ্রনাথ লাহা বিশ্ববিভালয়ের হতিসন্তান; "হ্বীকেশ সিরিজ" নামক যে গ্রন্থবিলী প্রকাশিত হয় ইনিই তাহার কর্ণধার। এই সকল পুত্তক পাঠ ক্রিলে তাঁহার যে কত গভীর পাণ্ডিত্য তাহার প্রিচয় পাণ্ডয়া যায়।

এইবার কশিকাতা জোড়দাঁকোর ঠাকুরবংশের দিকে একবার দৃষ্টি নিক্ষেপ করা যাক। ভগবান্ তাঁর সমস্ত কপারাশি বেন ঐ এক পরিবারের উপরই বর্ধা করিয়াছেন। বারিকানাথ ঠাকুর হইতে আরম্ভ করিয়া ঠাকুরপরিবারের প্রত্যেকেই এক একজন ধুরদ্ধর। মহর্ষি দেবেজ্ঞনাথ ঠাকুর দেশের একজন যুগপ্রবহ্ন । বহার প্রগণও—বিজ্ঞেনাথ, সভ্যেন্দ্রনাথ, জ্যোভিরিক্ত প্রভৃতির নাম উল্লেখ করা দরকার মনে করি ন', কারণ তাঁহারা প্রত্যেকেই খনামখ্যাত। সর্ক্রকনিষ্ঠ রবীক্রনাথের কথা বলা একেবারেই নিপ্রব্যোজন। তিনি যে অত্ল কীর্ষ্টি অর্জন করিয়া দেশের মুখোজ্ঞল করিয়াছেন তাহা চিরদিন তাঁহাকে অমর করিয়া রাখিবে। ইহাদের বংশেরই অপর শাধাসভূত অবনীক্রপ্ত গগণেক্রনাথ চিত্রবিভান্ন বিপুল খ্যাতি অর্জন করিয়াছেন।

পাথ্রিয়াঘাটার মহারাজা যতীক্রমোহন ঠাকুর এবং রাজা সৌরীক্রমোহনের কথা পুর্বেই উল্লেখ করিয়াছি।

কিন্তু বড়ই তুংধের সহিত ইহা বলিতে হইতেছে যে এই সকল দৃষ্টান্ত অতীব বিরল, ইহা কেবল Exception proving the rule অর্থাৎ ব্যতিরেক করে। দেশের বড় বড় বিনিয়ালী জমিলার ঘরের বংশধরগণ প্রায়ই নিক্ষা, আলস ও গওমূর্থ; কেহ কেহ বিশ্ববিভালরের উপাধিধারী আছেন বটে কিন্তু একেবারে নিজ্জির। পশুর জীবনে ও মহুন্তু জীবনে পার্থক্য কি ? পশুও মহুন্তুর ভার ক্রির্ত্তি করে এবং যৌবনপ্রাপ্ত হইমা সন্তানসন্ততি উৎপাদন করিয়া থাকে। ভগবান তাঁর অদীম কর্নণার মান্তুয়কে বোধশক্তি ও বিচারশক্তি দিয়াছেন, যাহার দ্বারা

সে পশুপাখী ও অস্তান্ত জীবন্ধন্ত হুইতে স্বতন্ত্ৰ। অমর কবি Shakespeare ব্যিন্তাহ্ন:—

What is a man if his chief good and market of his time

Be but to sleep and feed? a beast, no more.

Sure, he that made us with such large

discourse,

Looking before and after, gave us not That capability and God like reason, To fust in us unused.

কিন্ত আমাদের দেশের অধিকাংশ জমিদাববর্গ যেমন অলদ, নিক্ষা ও শ্রমবিম্থ, তেমনই জীবনবাত্রায় লক্ষ্যভ্রষ্ট ও বৈচিত্রাবিহীন। বিখ্যাত Sir John Lubbock (Lord Avebury) একজন ধনী শেঠের (Banker) পুত্র ছিলেন। নিজের কাজকর্ম যেমন ভাবে করিছেন. বিজ্ঞানচর্চায়ও সেইরপ ভাবে আকুট ছিলেন। তিনি নিজে একজন বিশিষ্ট পতঙ্গবিদ্। তাঁহার অনেকগুলি পুস্তকের মধ্যে—Ants Wasps and Bees. The beauties of life. The uses of life. The pleasures of life প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য; তাহাতে তিনি এই বলিয়াছেন যে, জীবনধারা স্থপকর করিতে হইলে এক একটা খেয়ালের (Hobby) বশবর্তী হওরা প্রয়োজন। আমি থেয়াল বলিতেছি, কিন্তু বদ্ধেয়াল নয়। সন্ধীত-চৰ্চ্চা, উত্থান-নিৰ্মাণ, পশুপালন, পাহাডপৰ্ব্যক্ত আহোহণ ইত্যাদি। কিন্তু আমাদের ধনী জমিদার বা ব্যবসাদারের মধ্যে এর একটাও দেখা যার না। উদ্দেশ-বিহীন জড়ভরত হইয়া তাঁহারা প্রকৃত পশুর লায়ই জীবনযাতা নির্বাহ করিয়া থাকেন।

৬০ বংশর বা ততোধিক পূর্বে এই কলিকাতা সহরে দেখা যাইত যে, রাজপথে বা গড়ের মাঠে ধনীর সন্তানগণ প্রাতংকালে বা সন্ধার পূর্বে অখারোহণে ভ্রমণ করিতেন। অনেকে আবার শিকার-প্রিয়ও ছিলেন। এখনও অনেক ক্রমিদারের গৃহে বাদ্র ও অন্যান্ত বছপশুর চর্ম গৃহ হইরা থাকে। এ স্থলে মহারাজা স্ব্যাকান্তের বিষয় বলা যাইতে পারে। তিনি এ বিষরে অপ্রাণী ছিলেন, তাঁহার সহরে "বংশপরিচয়" নামক গ্রাহ হইতে কিছু উদ্ধুত

করিতেছি—"তিনি বদন্তের প্রারন্তে পর্কতের উপত্যকা প্রদেশে শিবির সরিবেশ করিতেন এবং কথনও খেলা করিয়া হন্তী ধরিতেন, কথনও হিংশ্র ব্যাদ্র ভর্ক প্রভৃতি আরণ্য পশুর অন্থনরণ করিয়া বিপুল আনন্দ অন্থভব করিতেন। তাঁহার শতাধিক শ্রশিক্ষিত শিকারী হন্তী ছিল। ঐ সকল হন্তীর প্রতি তাঁহার এতাদৃশ যত্ন ছিল যে তিনি ব্যয় উহাদিগকে লালনপালন ও পর্য্যবেক্ষণ করিতেন। মুগরা ব্যাপারে তাঁহার অনস্থ-সাধারণ দক্ষতা ইউরোপের প্রসিদ্ধ শিকারীগণেরও বিশ্বর উৎপাদন করিয়াছিল।" গোবরভালার জমিদারদিগেরও শিকারের জন্তু সবিশেষ খাতি আছে।

বর্ত্তমান সময়ে দেখা যার যে রেড্রোড্, প্রিন্সেপ্ ঘাট, ভিক্টোরিয়া মেমোরিয়াল হল, ইডেনগার্ডেন প্রভৃতি হানে বাহারা প্রাতঃকালে ও সন্ধার সময় বিশুদ্ধ সমীরণ সেবন করিতে আসেন, তাঁহাদের মধ্যে শতকরা ৯৫জন অবালালী। ইহাতে বোঝা যায় যে ধনী বালালী সন্তানগণ কি প্রকার অলস-প্রকৃতি হইয়া উঠিয়াছেন, এবং সেই কারণে তাঁহাদের স্বাস্থা ও আয়ুক্ষর হইতেছে, অনেকেই ৩০।৪০ বৎসর পার না হইতে হইতেই বাত, ডায়াবিটিস্ ও কারোগপ্রান্থ হইয়া পডেন।

তিন বৎসর অতীত হইল বিশিষ্ট শ্রমিক-নেতা ও ভারত-বন্ধু Mr. Brailsford ভারত ত্রমণ করিরা তদ্দেশীর ক্ষমিদার এবং ভারতবর্ধের ক্রমিদারদিগের তুলনা করিতে গিরা প্রসক্ষেলে বলিরাছিলেন যে যদিও ইংরাজ ক্রমিদার-বর্গের প্রতি তাঁর বড় একটা শ্রদ্ধা নাই, তথাপি মুক্ত কঠেইছা স্বীকার্য্য যে ইংলণ্ডের ভ্রম্যিধিকারিগণ কৃষি ও গো-পালনের উন্নতিকল্পে অক্তম্ম প্রথিয় ও শক্তিসামর্থ্যের নিমোগ করিয়া থাকেন। কৃষি ও গোজাতির উন্নতির ক্ষম্প গর্ভরমেণ্টের দিকে তাঁহারা তাকাইয়া থাকেন না। কিন্ধু ভারতবর্ধের ক্রমিদারবর্গ এবিষয়ে একেবারেই উনাসীন।

আমাদের ধনাত্য জমিদারগণের জীবন কোন ধেরালের পরিপোষক নর বলিরা তাঁহারা যে কি প্রকারে মহামূল্য সময়ের সন্থাবহার করিতে হয় ভাহা জানেন না। ইউরোপের ইভিহান পর্য্যালোচনা করিলে দেখা যায় এই প্রকার ধনবহুল ব্যক্তিগণের মধ্যে জনেকে বিজ্ঞান বা সাহিত্যক্তনা করিয়াছেন বা ভাহার উন্নভিকরে বহু অর্থবায়

করিয়াছেন। বিখ্যাত বৈশ্বানিক Henry Cavendish একজন সর্বপ্রধান অভিজ্ঞাতা বংশোরের (Duke of Devonshine) ব্যক্তি। তিনি নিজ পরীকাগারে বিজ্ঞান-চর্চার অধিকাংশ সময়ই নিমগ্ন থাকিতেন। তাঁহার বাহ্যিক কোন আড়মর ছিল না, চালচলনও সাদা-সিধা ছিল। একদিন যখন তিনি গবেষণার নিরত আছেন এমন সময় करेनक Bank अब Manager छैं। होत मत्रकां व कताचां छ করিলেন। Cavendish বাহিরে আসিলে সে ব্যক্তি তাঁহাকে অফুনয় সহকারে বলিলেম-মহাশয় আপনার প্ৰায় * এক কোটী টাকা বিনামূদে Bankএ মন্ত্ৰত আছে : ষদি অনুমতি দেন তবে স্থাদে খাটাইতে পারি ৷ তিনি তাহার প্রতি এমন জ্রকুটি-কুটিল কোপদৃষ্টি নিকেপ ক্ষিলেন যে বেচারা তৎক্ষণাৎ সেস্থান পরিত্যাগ ক্ষরিল। কিছুকাল পরে আর এক ব্যক্তি ঐ বিষয়ে তাঁহাকে শ্বরণ করাইয়া দিতে আসায় তিনি তাঁহাকে বলিলেন—দেখ. পুনরায় যদি আমাকে এরকম ভাবে বিরক্ত করিস্ তাহা হইলে সমন্ত টাকাই Bank হইতে উঠাইয়া লইব। এই ঘটনা হইতে এইটুকু বোঝা যায় যে অর্থের উপর জাঁহার কিছুমাত্র লালসা ছিল না। তিনি অকুতদার ছিলেন এবং বিজ্ঞান-চর্চাই ছিল তাঁর জীবন-যাতার সহল। নব্য त्रमाग्रन-भारत्वत रुष्टिकर्छ। नौर्दामित्रात (Lavoisier) বিত্তশালী ছিলেন, কিছ তিনি অবসর সময়ে নিজবারে প্ৰীক্ষাগাৰ নিৰ্মাণ কবিয়া ইসায়ন-চৰ্চ্চায় আতানিয়োগ করিয়া মানব জীবনের প্রকৃত সার্থকতা উপলন্ধি করিয়া-ছিলেন। এইরূপ ভূরি ভূরি উদাহরণ দেওয়া যাইতে পারে।

কৃষি ও গো-পালন বিষয়েও পাশ্চাত্যদেশের ঐথর্য্যশালীরা মনোনিবেশ করিয়া থাকেন। এন্থলে ইহা
বলিলে দ্বণীয় হইবে না যে আমাদের ভারত-সম্রাজ্ঞী
ভিক্টোরিয়া বিরাট রাজার জার বহু গোপালের মালিক
ছিলেন। গো-জাতির উরতিকল্পে তিনি বাছিয়া বাছিয়া
নানারকম যাঁড় যথা Shorhorn, Alderny,
Gnernsey প্রভৃতি breed সংগ্রহ করিতেন। তাঁহার

ইহা ১৭৫৫ খুটান্সের কথা, তথদকার এক কোটা বর্ত্তমানের
 কোটা টাকার সমান হইবে:

ম্যোগ্য পূক্ত সপ্তম এড্ ওয়ার্ডও এই মাতৃধারা পাইয়াছিলেন এবং বর্ত্তমান ভারত সমাট পঞ্চম জর্জের গাভী ও বলদ প্রদর্শনীতে পুরস্কার পাইয়া থাকে। এথানে ইহা বলিলে যথেই হইবে যে একটা Pealigree Bull কখন কখন দশ হাজার পাউও বা লক্ষাধিক মুলার বিক্রম হয়। ১৯১২ সালে আমি যখন ২।১ মাদের জন্ম লওনে অবস্থিতি করিতেছিলাম, তখন কেনসিঙ্টন্ (Kensington) নামক উপকর্পে নানাস্থানে Dairy অর্থাৎ হয়্ম নবনীত প্রভৃতির দোকান দেখিভাম। কতকগুলির উপর বিজ্ঞাপন থাকিত Lord Rayleigh and Co.

তিনি যে কেবল গর্ভবংশসম্ভূত তাহ। নহে—ইংলণ্ডের তথনকার সর্বব্রেষ্ঠ পদার্থ-বিভাবিশাবদ। ইনি গোরালা বলিরা পরিচর দিতে লজ্জা বোধ করিতেন না।

আমাদের দেশের গোজাতির তুর্দ্ধণার দিকে-তাকাইলে
আঞা সম্বরণ করা যায় না। ভারতবর্ধ প্রাকৃত কৃষি-প্রধান
দেশ। গো-জাতির উরতির উপর দেশের উরতি
আনেকটা নির্ভর করে। আগামী প্রবদ্ধে বাকালাদেশের
জমিদারগণের মধ্যে কিরুপ ঘৃণ্ ধরিয়াছে ভাহা দেখাইবার
ইচ্ছা রহিল। *

🛊 শীমান্ অরবিন্দ সরদার কর্জৃক অনুদিত।

গো-বেচারা

শ্রীসঞ্জয় ভট্টাচার্য্য

সাহাবাজপুরের বিল ছাড়াইয়া নৌকাটা শেষে সত্যই থালের সঙ্কীর্ণ পথ ধরিল। বুড়ী এতক্ষণ একটা কথাও राल नारे: वित्वत्र श्रकां ७ পরিসর, দূরের নীচু আকাশ, —সবই থেন তা'র মনের পরিধি, কল্পনার বিভৃতি হইতে কেমন বড় বড়, তাই কথা বলিবার সাহসটুকুও আর তা'র ছিল না। খালের সঙ্গুচিত পরিবেশে নিজেকে সে অনায়াদে মেলিয়া দিতে পারে। বুড়ী উৎসাহে দাঁড়াইয়া পড়িল: এই ত খাল এনে গেছে!' কুমুম উত্তর দিল না। মাকে নীরব দেখিরা বুড়ী ধৈর্য্য হারাইবার উপক্রম করিল: 'মারো কতো দুরে হয়ত বাড়ী-আমার যা কিলে পেরেছে!' বুড়ীর কথার নৌকার রুদ্ধ নীরব মাবহাওঘাটা চঞ্চলতার একটু মুধর হইরা উঠিয়াছে যা হোক। মাঝি জল হইতে লগিটা উঠাইর। হাতের উপর চালাইতে চালাইতে হাতির শব্দে হাসিলই বোধ হয়। গুরুচরণ আর তামাক টানিবে কি, বিষম খাইয়া কাশিতে কাশিতে মুখের লালায় গায়ের আধ-ময়লা ফতুগাটার এক বিশ্রী অবস্থা করিল বটে !

কুস্নের মন কোলাহলে ভরিয়া আছে, বাহিরের শক্তের চেউ দেখানে পৌছিতে পারে না। বিরাগমনের কেরো বছর পর আবদ বাপের বাড়ী চলিরাছে সে। বাপ-মা নাই; আছে তথু একটা ভাই বাপের সেই বিরাট পুরী আগলাইরা। একটা আতদ্ধ ভিতরটাকে তা'র ক্রিয়া ক্রিয়া থাইতেছিল, কি গিয়া দেখিবে সে ঘর-দোরের অবস্থা! আছে কি তাদের সেই বড় রায়ত-ঘরটা, টেউ-তোলা টিনের ছাউনি, শালের মোটা মোটা খঁটি-ওয়ালা? বাহিরের পুক্রের ঘাটলাটা ভাঙিয়া বায় নাই ত? বিনোদকে দেখিয়া গিয়াছিল সে তেরো বছরের। কেমন আনি দেখিতে হইয়াছে এখন। দিনির সিঁথিতে সিঁদ্র নাই দেখিয়া যদি সে কাঁদিয়া ওঠে, কুস্ম তখন কোন কথা বলিতে পারিবে কি? যে বাড়ী হইতে রাজরাণীর মত একদিন সে বিদার লইয়াছিল, সেখানে তাকে ফিরিতে হইতেছে এ কি দীনতা লইয়া!

গুনতরণ ততকণ মাঝির সকে গ্রা জুড়িয়া দিয়াছে: 'ব্র্লে আন্দ'দা, বাড়ীর মত বাড়ী বটে! চোধে না দেখলে বলতুম বুঝি গপ্প। এ ব্য়েসে ত বিয়েতে আর কম যাই নি, তেমন তেমন ডাক্সাইটের বাড়ীতেও গিরেছি। এমন ব্কের পাটাই দেখিনি কোখাও। এই বৌ ঠাক্কণের বাবা বর-বিদারের সময় আমার ডেকে ব্য়েন, 'গুক্চরণ, তাড়াতাড়িতে কিছুই হয়ে উঠ্ল না, সম্বাই মনে এই ই নাও।' কি বলব আন্দ'দা, বলেই

তিনি ঢাকাই তাঁতের একটা কাপড় আর পাঁচ টাকার একখানা নোট আমার হাতে গুঁজে দিলেন। আরে জমিদার ত দেশ জুড়েই আছে, এমন দরাজ বুক আছে ক'জনার প পরের বছর মেরের বিরেতে সে কাপড়টাই বরকে দিলুম।'

নৌকা আর থামিবে না, বৃড়ী নিশ্চিত বৃথিয়াছে। পাড়ে পাড়ে ছই একটা ছেলে দেখা যায়, বড় নী লইয়া দাড়াইয়া আছে; তাদের দিকে আঙুল দেখাইয়া মনে মনে বৃড়ী কি বকিয়া যায়; বেত-ঝোপ আগাইয়া আদিলেই নীচু হইয়া থাকে, বেতের ডগার কাঁটাগুলি পাছে গায়ে লাগে। দ্রে কলাগাছের আড়ালে একটা ছনের ঘর দেখিয়া বৃড়ী দল্লরমত লাফাইয়া উঠিল: 'ঐত—ঐত, বাড়ী এসেছে, য়াল্ডটা ঘ্মিয়ে আছে, দেখতে পারলে না ও।' গুরুচরণ একবার উকি দিতে দিতে বিয়া পড়িল: 'দ্র পাগ্লী—এ বৃথি তোর মামাবাড়ী? সে হবে কতো বড়, ইটের কোঠা—'

ইটের কোঠা বলিতেই শুক্রচরণের আর একটি ঘটনা মনে পড়িয়া গেল। দিরাগণনের বার এই ইটের কোঠার সে শুইয়া গিরাছে। খাওরা দাওরার পর বাহিরের ঘরে গিয়া সে দশ-পাঁচজন চাকরের সজে গল্প-গুজব করিতে বিসাছিল মাত্র, কঠা খোঁজ করিলেন শুক্রচরণ কোথায়। যাইতে হইল ভা'কে। গিয়া শুইতে হইল দালানে।

গল শেষ করিয়া গুরুচরণ উঠিয়া দাড়াইল। বাড়ী দেখা যায়। 'বাড়ী দেখা যায় রে ব্ড়ী'—কথার সঙ্গে সংক্ষেত্রকার আড়মোড়া ভাঙিয়ালইল। বৃড়ীকে আর কে রাখে। সে কি চীৎকার: 'ওঠ, ওঠ্ শীগৃগীর রাম্—এখুনি নাব্তে হবে বে!'

কুম্ম দেখিল কে একজন—হয়ত বিনোদ—বিনোদই নৌকা-বাটে একহাটু জলে তাদের প্রতীক্ষার দাঁড়াইরা আছে। বিষয় নিভাত মুখখানা হাদির রেখায় ঈষতৃজ্জল। বিনোদের এমন চেহারাই কুম্ম আশ্রু। করিয়া আছে। বাপের আমলের বাড়ী পাহারা দিবারই সে মালিক, ঐর্বা ভোগ করিবার অধিকার তা'র নাই। মরিবার আগের বছর বাবা ছোট তরক্ষের সক্ষে কি মামলাই বাধাইলেন! এত পুক্ষের লন্ধীর আগন উঠিল টিলয়া, মাণিকনগরের বাজারটা হাতছাড়া হইল, উঠিল সিম-

ভাড়ার মহাল নিলামে। খণ্ডরবাড়ীতে ছ্:সংবাদগুলি
একটার পর একটা শাণিত ফলার মত গিয়া কুস্মের
বুকে বিধিয়াছে। মন খুলিয়া কাঁদিবারও সেথানে তার
অবদর ছিল না। সমগু দিনের কর্ম-কোলাহলের পর,
রাত্রির তার অলস মূহুর্ভগুলি! অবদর দেহে তথন তার
ঘুম আসিয়াছে গভীর হইয়া, স্বৃতির উত্তাপ কথন শীতল
হইয়া গিয়াছে, সে টেরও পায় নাই।

'উঠে এলো দিদি'-- कुञ्चम দেখিল বিনোদ वृजीक কোলে লইয়া পাড়ে আসিয়া দাঁড়াইয়াছে. গুরুচরণ মাল-পত্র নামাইতে ব্যস্ত। ঘুমস্ত রাম্মর বিশীর্ণ দেহটা কোলের সকে মিশাইয়া কুন্ম নামিয়া আসিল। অপরিচিতের দৃষ্টিতে তুই চোথ বিক্ষারিত করিয়া চারিদিকে কুমুম একবার চাহিয়া লইতেছে। সারি সারি হিল্ল আর মাদার গাছ খালের পাডে। কই. এ জারগাটাতে ত এত ঝোপ ছিল না আগে। ছারার ছারার অন্ধকারের মত হইয়া আছে। বড় কুলগাছটাই বা গেল কোথায়, আর সেই পেটেশরা, যারা পাটি বুনিত ্তা'র বিবাহে ভারা পাশার ঘর আঁকো ন্যা করা কি চ্মংকার শীতল-পাটি বুনিয়া দিয়াছিল! তার বিবাহ! মনে পড়ে, বর-বিদায়ের পর বাবা আসিয়া তাকে নৌকাঘাটে তুলিয়া भित्रा (शतमन, मत्य व्यामित्रा मांड़ाहेश्राहिन वित्नाम। নহবংখানা হইতৈ একটা শানাইএর স্বর আসিতেছে। তা'র মন যদি এখন কথা কহিতে পারিত, হইত বুঝি তেমনি সে আর্ত্তনাদ।

কুম অবাক হইয়া গেল, ঘাট হইতে বাড়ীর এভটুকু পথ কথন দে পার হইয়া আদিয়া পড়িয়াছে! বৃড়ীর ডাকাডাকিতে রাসূর ঘুম ভাঙিয়াছে, দেও অনেকক্ষণ। রাম্ম আর কোলে থাকিবে না। মামার হাত ধরিয়া বেড়ান' যে কি মুখ, তার লোভ দেখাইতেও বৃড়ী বাকি রাখে নাই। কুসুম রামুকে নামাইয়া হাতমুধ ধুইতে গেল পুকুর-ঘাটে।

রাস্থ নিজা-নিটোল মুখে একটু স্লান হাসিয়া টলিতে টলিতে মামার কাছে আগাইয়া আসিয়াছে ৷ 'এনেছো আমার জন্মে চকোলেট ?'

বৃড়ী লাফাইয়া উঠিল : 'লানো মামাবাবু, ওচকোলেট কেন চাম ? পুঁটু আছে না আমাদের বাড়ীয়াপালে ? পুঁটু থাচ্ছিব একদিন চকোলেট, ওকে ভারনি কি না ভাই। আমি থেয়েছি চকোলেট—অনেক—' হাত দিরা বুড়ী একটা অসম্ভব পরিমাণ দেখাইরা জিহবার থানিকটা জল টানিয়া নিল।

ইংাতে রাম্বর আমণত্তি। করিবারই কথা: 'হে:— আমার ভারনি কি না!' রোগারোগা হাত তুলিরা বুড়ীর দিকে রাম্ম রুথিয়া আসিল। ওর মূথের উপর পাঁচটা নথের দাগ বদাইয়া দেওরা যায়!

চকোলেট বাজারেও পাওয়া যাইতে পারে কি না সে ধবর বিনোদ নিশ্চিত জানিত না। বলিল, 'ও ত অনেক দ্রে পাওয়া যায়, কাল যাব যথন নিয়ে আস্ব, এখন ত ভাত থাবে! রালা হয়ত হ'য়ে গেছে,—ওরে রামরতন—'

শুধু রামর তনই নয়, দিদি আদিবে বলিয়া বিনোদ জুটাইয়া আনিয়াছে এমন অনেককেই। পরশু গাঙ্গুলী বাড়ীতে বুবোৎদর্গ আদ্ধাদ গেল, দশ গাঁরের লোক পাইয়াছে, সহর হইতে আদিয়াছিল এক পাচক ব্রাহ্মণ। এক-দক্ষা রাদিয়া দিবার জন্ম ছই টাকা কবুল করিয়া আনাইয়াছে বিনোদ তা'কে। দিদির ছেলেনেয়ে আদিবে, সঙ্গে ত্ই একজন লোকও হয়ত আছে, থাইবার বন্দোবস্ত একট্ ভালরকম না করিলে চলিবে কেন গ

হাত মুছিতে মুছিতে গুরুচরণ আদিয়া উঠানের এক পাশে দাড়াইল। আদ্যা হইয়া ফে দেখিতেছে বার বছর আগে বেখানে মোরগ-খুটি ফুলের গাছ দেখিয়া গিরাছিল আজও দেখানে দেরকম গাছই আছে! নাই শুদুদালানটার সেই উজ্জ্লতা, আন্তর পড়িয়াছে খদিয়া, ধরিয়াছে লোনা আর খাওলা।

'ও, তৃমিই এদেছ এদেরকে নিয়ে। বোদ' বোদ', ও রামরতন, বলি এদের কি খেতে-টেতে হ'বে না না কি রে ?" বিনোদ অতিরিক্ত ব্যন্ত হইয়া উঠিল।

বিন্ধে গুরুচরণের প্রায় বিগলিত অবস্থা। 'না না আমি খাবো কি । এই ত ক্মলাসাগর টেশনে থেয়ে এলুম চিড়া আর আইাকের গুড়।'

কুম্ম বিরক্ত হইয়াই আসিয়াছে। 'এতো আবোজন পত্তর তুই কেন কর্তে গেলি বিনোদ? খাবে কে? খাবার লোক ত গুরুচরণ আর মাঝি?'

—'বা, ভোমরা আস্চো—'

— 'হা আমরা আস্চি! তোর দিদির ত থাবার কতই রেখেছে ভগবান, তাই রাজ্যিতক, বাজার করে আন্তে হবে!' গলাটা কুসুমের অবাভাবিক ভারী হইয়া আসিল!

বৃড়ী রারাঘরে চুকিয়া পড়িয়াছিল, বাহির হইতে হইতে বলিল: 'অনেকগুলো মৃড়িঘট ধাবো আমি— একটা আন্ত মাথা।'

কুম্ম তুব্ড়ির মত ছিট্কাইয়া পড়িল: 'হেঃ, একটা কেন! কত মাথাই ত থেয়েছিদ্ রাক্দী!'

দিদির এই আক্ষিক উত্তাপের কি কারণ থাকিতে পারে? ঘাড় নীচু করিয়া বিনোদ অনেকক্ষণ ভাবিল। নিরাশ হইয়া শেযে বড় বড় চোথ ছইটা তুলিয়া কুমুমের দিকে চাহিল—পশুর মত ভাষাহীন নির্বোধ দৃষ্টি!

মহেশ তা'র তহবিলের বাল্লের উপর একটা ধ্পতি বসাইয়া প্রচণ্ড উৎসাহে হরিকে শ্বরণ করিতেছে, বিনোদ আদিয়া ডাকিল: 'মচেশ, তোমরা চকোলেট বেচ না ?'

ছরির উদ্দেশে নমস্বারটা পাইল বিনোদই। 'আপনি এসেছেন বাজারে এই ভোরবেলা কর্ত্তা ৫ চকথড়ি ৫ খুব বেচি। ক'পয়সার দোব ৫'

বিনোদ হাসিয়া ধীরে ধীরে ঘাড় নাড়িল: 'না না চক নয়, চকোলেট। ছেলেপিলেয়া ধায় বৃঝি!'

---'ও ব্ঝেছি, সে সব কি আর আমরা রাখ্তে পারি কঠা? আর রাখলেও গাঁ-ঘরে চলে না ও-মাল।'

মহেশের মুখে নিরুপায়ের হাসি।

চকোলেট যথন মহেশের মনোহারী দোকানেও
পাওয়া গেল না, যেথানে এমন কি বারো মাদ মোমবাতি
আর দিগারেটও পাওয়া যায়, তথন পরিশ্রম কেবল
র্থা। তবু বিনোদ দেনদের ডাক্তারখানাটাও একবার
ঘ্রিয়া আদিল। একেবারে খালি হাতে বাড়ী ফেরা
কেমন দেখায়! যাহোক চার ছ' আনার মিষ্টি দিয়াই
না হয় বুড়ী আর রাস্কেক ভুলাইয়া দেওয়া চলিবে।

कान निनि या त्मकाक त्मथारेबाटक, वाफ़ीत मत्था

মিঠাই লইয়া চুকিবার সাহস বিলোদের লাই। রাফ আর বুড়ীকে বাহিরে ডাকিয়া আনিয়া চুপে চুপে তাদের হাতে ঠোঙাটি সমর্পণ করিয়া সে ভিতরে চুকিল। কে জানিত কুমুমও তথন ঠিক গর হইতে বাহির হইবে!

— 'এমন মাছ না আনলে কাল কি হ'ত সে বিনোদ?'

বিনোদের মুখ হইতে আল্গাভাবে, প্রতিধ্বনির মত, বাহির হইল: 'এমন মাছ ?'

- 'হা, বাকী। জেলে এদে আজ প্রদা চেয়ে গেল।'
- ়—'ও:, তা পরসা দিয়ে দোব।'
- 'দিবে দিবি ? তোর কাছে আগেরও না কি চার টাকা পায়।'

যুধ্যমান রাজ আর বুড়ী আসিয়া কাঁদিয়া মায়ের
কাছে দাঁড়াইল। বুড়ী নিজের ভাগের সন্দেশগুলি
গোগানে গিলিয়া রাজর ভাগে চিমটি বসাইয়াছে।

— 'কে দিল, জিজেন করি, কে দিল তোদের সন্দেশ কিনে ?' বিনোদের উদ্দেশে তাকাইয়া দেখিল কুসুম, কথন সে সরিয়া পভিয়াছে।

গুরুচরণ কিন্তু এমন একটা বিপর্যায় কল্পনাও করে নাই। জনেক আশা লইগাই সে বৌঠাক্রণের সঙ্গে আসিরাছে। পাইবে-পূইবে কিছু, এ আশা এমন কি অসম্ভব! অসন্তব নর বলিয়াই ত সে রেল-নৌকার অস্তবিধার মধ্যেও এই তুর্গম পাড়াগাঁরে আসিবার আগ্রহ দেখাইয়াছিল। কোন আকর্ষণই যথন আর নাই, এখন সে যাইতে পারিলে বাঁচে। আনন্দ মাঝিকে সে বলিয়া কহিয়া রাথিয়াছে; তুপুরে রওয়ানা হইতে পারিলেও, ক্মলাসাগরে সন্ধার গাডীটা ধরা ঘাইবে।

কুম্ম বলিল, 'ভাড়াটাড়া বা লাগে আমার কাছ থেকেই নিও গুরুচরণ, বিনোদের কাছে চেয়ো-টেয়োনা।' গুরুচরণ যেন শক্তিত হইয়া উঠিয়াছে: 'সে কি আর আমি বুঝি নি বৌঠাকরুণ ? কি বাড়ী কি হয়েছে।'

কুত্বম আগের কথারই জুডিয়া দিল: 'ধারকর্জে সব তল। ভাবেও কিছু একদিনও? ও ধনি মানুষ হ'ত, থাক্ত ধনি ওর একটু জ্ঞান-সম্যি আজ আর ভবে

আমাকে চোথের জল কেল্ডে হয়, বল' ? বাবার সেই সোনারপুরী, তুমিও ত চোথে দেখে গেছ! আর কেউ হলে হয়ত আবার সে-সব ফিরিয়ে আন্ত! আন্তে না পারুক, কেউ চাইত না হাড়ি ডোমের কাছে টাকা ধার।'

কুত্নের চোথ ভরিয়া কলের প্লাবন আসিয়াছে। অতীতের সহিত আজের বিসদৃশতা কিছুতেই সে মুছিয়া ফেলিতে পারে না। বাডীর নিঃবাড নিরানক আবহাওয়া তা'কে যেন দম আটকাইয়া মারিয়া ফেলিতে চায়। পলাইয়া বাচিবারও বা ভা'র উপায় কই? পরিচয়ের শীর্ণ শ্বতি লইয়া এখনও দাড়াইয়া আছে কাঁচা-মিঠা আমগাছটা। এখনো দে দেখিতে পার. আকাশে ধুব মেঘ করিয়া আদিয়াছে, বাতাদের দে কি ডানা-আপটানি! আম কুড়াইতে ঘাইবার এমন ইচ্ছা করিতেছিল ভা'র! বাবা কিছুতেই যাইতে দিবেন না-কিছতেই না। বদিয়া থাকিত সে. কখন ঝড় জল কমিবে, বাবাকে লুকাইয়া তুইটা আম যদি कुड़ाहेश भाना गांश थक है। वित्नादम्ब अक है। जांत्र। আম দেখিয়া বিনোদের সেই সরল শিশু-হাসির শন্ধ সে আৰুও শুনিতে পায় যেন।

ঘাটে স্নান করিতে আদিয়া কুমুম দেখিল, রাস আর বুড়ী পাড়ে দাড়াইয়া হাততালি দিতেছে, পুকুরে ডুবিয়া সাঁতরাইয়া বিনোদ তাদের জন্মই তুলিতেছে লাল সাপলার ফুল। সেই নির্কোধ আনন্দ। সাপলার ফুলে তাদেরও আনন ছিল-ভাই আর বোনের-ছোট-বেলায়। রাম্ব আর বুড়ী ষেখানে দাঁড়াইয়া আছে, হয়ত ভ'ারাও সেথানেই দাঁড়াইত—ফুল তুলিয়া দিত রামরতনের বাবা। কুন্মমের চোথে আৰু আর সেই পরিছের জগৎ নাই, কুজাটিকার মত সময়ের যবনিকা দৃষ্টি তা'র বোলাটে করিয়া দিয়াছে-গান্তীর্য্য নামিয়াছে তা'র দৃষ্টিতে। বিনোদেরও ত এমনি হওয়া উচিত ছিল। আজের আলোতে তা'র চোখ উজ্জলতা খুঁজিয়া পায় কি করিয়া? শৈশবের সেই বিমৃত্ মনকে সে চিরদিনের মত বন্দী করিয়া রাখিয়াছে, মাংসে, শোণিতে, সায়তে। वाहित्तत भाषिक चावाक तम कूर्ममूर्थ कितिया वाब, পাষাণপুরীর স্থরক্ষিত ন্তরভায় জগৎ তা'র ভরা।

গুরুচরণ আসিয়া নৌকায় উঠিয়াছে। মনটা তা'র ভাল নাই। আনন্দ এই ছিলিম তামাকটা শেষ করিয়াই লগি ধরিবে। হাতে একটা পুট্লি লইয়া নি:শব্দে বিনোদ আসিয়া খাটে হাজিয়ু।

— 'তোমায় কিছু দিতে পারলাম না গুরুচরণ, এই কাপড়টা নাও '

গুরু চরণ জিব কাটিয়া বলিল, 'সে কি কথা দাদাবার্! এ বাড়ীর থেয়েছি কি আার কম ? এই ত আন্দ'দাকে বলছিলুম—কেমন কি না আন্দ'দ্'? আর ঋণ বাড়াবো না।'

াবিনোদ কিছুই শুনিতে পায় নাই: 'কিনেছিলুম

ত্বছর আংগে, ত্বিনের বেশি পরি নি। এক ধোপ গেছে কেবল—ব

গুরুচরণ ছইএর নীচে চুকিয়া পড়িয়াছে: 'আসবোই ত আরেকবার বোঠাক্রুণকে নিতে, তথন হবে। আছে।, দাদাবাব আদি তবে।' নৌকা ছাড়িয়া দিল।

কাপড়টা ! কাপড়টা সে বাক্স হইতে খুলিবার সময় দিনির ভয়ে ভাল করিয়া দেখিতে পারে নাই। একটু পুরোনে-পুরোনো দেখা বার বৈ কি!

বাড়ী ফিরিবার পথে ভূলটা বিনোদের মনে পড়িল: উদ্ধবসাহার গদিতে ধারে চাহিলে কি আর টাকাপাচ-সিকের একটা কাপড় পাওয়া যাইত না ?

আবিষ্কারের নেশায়

শ্রীরমেশচন্দ্র নিয়োগী বি-এ

গত বংসর (১৯০২ গৃঃ) জ্লাই মাদে এবং অক্টোবর মাদে দৈনিক সংবাদপত্রগুলিতে থবর পাওয়া গেল যে, সম্বলপুর জিলার বিক্রমথোল নামক স্থানে এবং গাঙ্গপুর রাজ্যের অন্তর্গত কতিপর স্থানে প্রাগৈতিহাসিক যুগের উৎকীণ-চিত্র-সম্বনিত কতিপর লেথের আবিন্ধার হইয়াছে। পাশ্চাত্য পণ্ডিতদিগের মতে—বৌদ্ধ সমুণ্ট্ অশোকের যুগের বেশী দিন আগে আমাদের দেশে লেখন-পদ্ধতির প্রচলন হয় নাই;—ভারতীয় লিপি বিদেশ হইতে আমদানী, উহা সেমিতিক বর্ণমালা হইতে গৃহীত ইত্যাদি। কিন্তু মোহেজোদাড়োর দিল প্রতৃতির আবিদ্ধারের সঙ্গে সংশ্ এই অন্থ্যান ক্রমে শিথিল হইয়া পড়িতেছে,—ভারতীয় লিপি যে নেহাৎ সেদিনকার নয়, এ সম্বন্ধে গবেষণা চলিতেছে।

প্রাচীন কীন্তির নিদর্শন দেখিবার একটা স্বাভাবিক স্থাপ্রহ চিরদিনই আছে। এই আবিদ্যারের সংবাদে স্থানগুলি প্রভাক্ষ করিবার স্পৃহা জাগিয়া উঠিল। সঙ্গে সঙ্গে প্রাকৃতিক বৈচিত্রোর মধ্যে অবস্থান বারা দৈহিক ও মানদিক ক্লান্তি অপনোদন করাও অক্তরে উদ্দেশ্য ছিল। নানা কারণে পূজার ছুটাতে বাহির হইতে বাধা উপস্থিত হওয়ায় বড়দিনের ছুটার প্রতীক্ষা করিতে হইল।

বিক্রমখোল গুহা কোথায় এবং গালপুর রাজ্যের নবাবিজ্ ত দুইবা স্থানগুলিই বা কোথায়—দেই সমস্ত স্থানে কিরপে যাওয়া যাইবে এবং কোথায়ই বা অবস্থান করিতে হইবে, কিছুই জানি না। এই সম্বন্ধে জানিবার উদ্দেশ্যে বিভিন্ন প্রসিদ্ধ বাঙ্গালা ও ইংরেজী সংবাদপত্তে প্রশ্ন করিয়াও কোন জবাব না মিলায় অবশেষে উক্ত স্থানসমূহের আবিজ্যারক পণ্ডিত লোচনপ্রসাদের নামে (বিলাসপুর) একথানা পত্র লিখিলাম। সময় মত ভাহারও কোন জবাব আদিল না।

পুকলিয়াতে এক ঐতিহাসিক বন্ধু থাকিত—তাহাকে লেখা হইল—সে এই ভ্রমণে সঙ্গী হইতে রাজী কি না? এ দিকে বড় দিনের ছুটী আরম্ভ হইল—তুই দিন কাটিয়াও গেল—যাওয়া হইবে কিনা ভাহাও স্থির হইল না। অবশেষে পুরুলিয়া হইতে জবাব আসিল বন্ধুটীর শারীবিক অবস্থা বিশেষ ভাল নয়,—তাহার যাওয়া হইবে না।

রাস্তার থবর কিছুই জানি না। ভগবানের নাম লইয়া একাই বাহির হইয়া পড়িলাম। প্রয়োজনীয় জবাদির ব্যবস্থা আগেই করা হইয়াছিল। নাগপুর
প্যানেঞ্জার গাড়ী ধরিবার উদেশ্রে হাওড়া ষ্টেশনে
উপস্থিত হইলাম। ষ্টেশনে পৌছিয়া জানিতে পারিলাম,
ট্রেণের সময় বদলাইয়া গিয়াছে। কুলীর কাছে
ভানিলাম ট্রেণ ছাড়িবার বিলম্ব নাই—এ দিকে টিকেট
কাটিবার সময়ও নাই। কি করি না করি ইতন্ততঃ
করিতেই দেখি কাউণীর একেবারে খালি। ভায়া
গাড়ীতে উঠাইয়া দিবার জন্ত সঙ্গে গিয়াছিল, তা'র
পরামর্শ মত টিকেট কিনিয়া ফেলিলাম।—ফিরিলী
'বালিকা'দের নিকট টিকেট কাটিতে সাধারণতঃ যেরূপ
বেগ পাইতে হয় ভাহা হইল না, আধ মিনিটের মধ্যেই
টিকেট মিলিল। ষ্টেশনের বড়ীতে দেখিলাম গাড়ী
ছাড়িবার সময় অপেক্ষাও এক মিনিট বেশী হইয়াছে।
প্রাণ্ট্যুর্ফ্যে চুকিলাম, ভায়ার আর Platform Ticket
করিয়া ভিতরে প্রবেশ করিবার সময় হইল না।

টিকেট করিয়াছিলাম ঝাড়স্থগড়া জ্বংসন পর্যন্ত। উদ্দেশ্য ছিল, রাজগালপুর ষ্টেশনে 'যাত্রাভঙ্গ' (Break journey) করিয়া সেথান হইতে গালপুর রাজ্যের সম্বন্ধে সংবাদ সংগ্রহ করিব—তার পর সম্বলপুর যাইব এবং সেথান হইতে সংবাদ লইয়া বিক্রমথোল যাইব। গাড়ীতে বিশেষ জ্বস্থাবিধা হইল না, তবে পরে জ্বানিয়াছিলাম—আমি যে গাড়ীতে উঠিয়াছি তাহা নাগপুর পর্যন্ত না যাইয়া রাঁচী অভিমুখে যাইবে, ট্রেণের বাকী জ্বাংশে নাগপুর যাইবে। যা' হক, সময়মত টাটানগর গিয়া গাড়ী বদলাইয়া নাগপুরের গাড়ীতে উঠিলাম। রাঁচী যাওয়ার গাড়ী ছিল বেশ ফাকা ও ভদ্র্ধবণের। জ্বার এ গাড়ীগুলি যেন কুলী বোঝাই করিবার জ্বাই তৈরী।

গাড়ীতে গাত্রীর মধ্যে এক মাদ্রান্ধী যুবক ও একজন 'উড়িয়া পুলিস'এর সকে আলাপ হইল। উডিয়া পুলিস ভদ্রতা জানে। কম্বল পাতিয়া আমাদিগকে বসিতে অস্বোধ করিল। সে, তা'র উপরিতন কর্মচারী সব্ইনস্পেক্টরের সক্ষেত্রকা জালিয়াতি মোকদ্মার তদ্যন্তে যাইতেছিল। কর্মচারীটিও ঐ গাড়ীতেই ছিলেন।

কনেষ্ট্রকটীর দেশ সম্বনপুরে, তাহাকে নেহাৎ অশিক্ষিত বলিয়া **হলে** হইল না। কথার কথার জিজাসা করা গেল—"দ্বলপ্রঠাক বিক্রমথোল কেন্তে দ্ব হেব ?"
আলাপ সাধারণতঃ হিন্দীতেই হইতেছিল। মাজাজী
ভদ্রলোকটা সহসা বালালা ভাষার জিজ্ঞাসা করিলেন—
'আছা মহাশর, আপনি উড়িয়া না বালালী ?' আমি
বিলাম—'কেন, আপনার কি মনে হর ?' তিনি
বলিলেন—'না, আপনি যে বেশ উড়িয়াতেই আলাপ
আরম্ভ করিলেন।' মনে মনে ভাবিলাম উড়িয়া বলার
বিলা আমার ঐ পগাস্তই। প্রকাশ্যে বলিলাম—'মহাশয়ই
বা কম কি ?' পুলিসটা বলিল 'বালাল', বিহারী, উড়িয়া,
হিন্দী— এই চার ভাষা ব্যা বা বলা বিশেষ শক্ত নয়—
একটু চেষ্টা করিলেই হয়। কিন্তু মাজাজী (তেল্পু)
ভাষা একেবারেই হুর্কোধ্য। বহু চেষ্টায় যা কয়েকটা
শক্ত শিবিয়াছিলাম, তা'ও বেমাল্ম ভূলিয়া গিয়াছি।'

এইরূপ চলিয়াছি-গাডীতে টিকেট চেকার উঠিল। আমাদের গাড়ীতে এক বুড়ীও একটা যুবতী বিন্-টিকেটে যাইতেছিল। উভয়ের মধ্যে কি সম্বন্ধ কানি না। চেকারপুদ্ধ বহু চেষ্টা করিয়াও বভীকে উঠাইতে পারিলেন না; বুড়ী কাঁথা মুড়ি দিয়া শুইয়া পড়িয়াছিল। চেকার তথন যুবভীটিকে বলিলেন—'টিকেট করিদ নাই কেন?' অতি কণ্টে উত্তর আসিল—'গাড়ী ছাড়ি গলা।' চেকার ভাড়া চাহিল-ধমকাইতে লাগিল,- মৃবতী থরহরি কাঁপিতে লাগিল, আর বুড়ীকে থাকিয়া থাকিয়! ডাকিতে লাগিল। বুড়ীর কোনও সাড়া-শব্দ পাওয়া গেল না। বুড়ী ছই একবার মাত্র বন্ত্রণাস্চক 'উ আঁ।:' করিয়াই সারিতে চেলা করিল। অগভাা চেকার যুবভীটীকে বলিল 'আছো, তুই ভোর ভাড়া নিকাল'। যুবতী তাহার যথাসক্ষম দশ গণ্ডা পয়সা বাহির করিয়া চেকারের হাতে দিতে গেল, চেকার চটিয়া উঠিল: বলিল-'ওতে হইবে না, ভাড়া বাহির কর, নইলে চালান দিব।' যুবভীটীর অবস্থা বর্ণনাভীভ,--বুড়ীকে ডাকাডাকি, অবশেষে টানাটানি আরম্ভ করিল। বুড়ী নির্বিবকার। চেকার উহাদিগকে সামনের ঔেশনেই নামাইয়া পুলিসের হাতে চালান দিবে। যুবতী বলিতে লাগিল 'আমি কি করিব, আমাকে কোথার লইরা করিয়া যাইব ?' যুবতীটীকে চালান দিতেছে জানিয়া

বুড়ী বেন একটু সোৱান্ডিই পাইল। হয় ত ভাবিল,---যাক, একজনের উপর দিয়া যায় ত' ভালই। যুবতী ভাবিল, যদি চালানই যাইতে হয়, তবে একদলে যাওয়াই ভাল-এক যাতায় পৃথক ফলুকেন হইবে ? বুড়ী সঙ্গে না গেলে পুরুষ মালুষের সলে একা সে স্হায়হীন অবভায়

কেমন করিয়াই বা ধার। চেকারও যুবভীটীকে টেশনে নামাইয়া পুলিসের হাতে দিবার অভিপ্রায়ে, ধ্যকাইয়া গাড়ীর দরকার কাছে লইয়া গেল, এবং গাড়ী থামিলে, ভাহাকে নামিতে বলিয়া নিজে প্রাটফর্ম্মে নামিয়া পড়িল। পুলিস আসিয়া পৌছিবার পূর্বেই গাড়ী ছাড়িল. যুবভীর আর নামা হইল না। চেকারও আবার গাড়ীতে উঠিল। প্রবর্তী টেশনে পুলিস ডাকিয়া চুই জান কেই উহাদের হাতে দেওয়া হটল-পরে কি হটল জানা যায় নাই।

ट्टेंबरनत ज्वलत फिरक-- लाहेरनत अ-लारतह बारताताड़ि ধর্মশালা, সেথানে গিয়া উঠিলাম।

ধর্মশালার বাদিন্দা লোকদের নিকট গালপুরের প্রাচীন স্থানসমূহের কথা জিজাসা করিয়া কোনও সংবাদই মিলিল না, কিংবা এ রাজ্যের রাজ্যানী কোথায়, কভদুর



রাজগাঙ্গপুর-বাজার

ভাহাও সঠিক জানিতে পারা গেল না। দর্শনীয় স্থানের মধ্যে ভ্রমিলাম-নিকটে কোথায় পিঁজরাপোল আছে,

কোথায় কোন এক পাহাড়ে না কি এক সাধু আছেন-

যথনই গন্ধবা ভানের কথা মনে হইতে লাগিল--ভথনই নৈরাখ্য বোধ হইতে লাগিল। চলিয়াছি? কোথায় উঠিব--গাছতলায়, মাঠে, কি

লোকালয়ে রাত্রি কাটাই তে ভইবে। সেথানকার লোক কেমন—স্থান কেমন। শুনিয়াছি সম্বলপুর বনভূমি-- থন্দ, গোও প্রভৃতি অসভ্য জাতির বাসঃ বাহির যথন হইয়াছি শেষ নাদেখিয়া ফিরিব না, ঠিক। চেকারকে জিজ্ঞাসা করিয়া নিঃসংশয় হইয়া রাজগালপুরেই 'যাতা-ভঙ্গ' (break journey) করা নির করিলাম। সেখানকার সন্বন্ধেও কিছুই জানি না। কেবল নামের স্ফুডেট গাঞ্পুর রাজোর সহিত উহার স্থক অফুমান করিয়াছিলাম। গাড়ী রাজ-

গান্ধপুর পৌছিল। এথানেই নামিব, কি ঝাড়স্থগড়া হইল্লা তাঁার অলৌকিক ক্ষমতা—তািন না কি এক হাঁড়ী ভাতে সম্বলপুর গিয়া গশুব্য স্থান সম্বন্ধে ধবর লইব-একটু ইচ্ছা লোককে উদরপূর্ত্তি করিয়া ধাওয়াইকে ইতন্ততঃ করিয়া রাজগালপুরেই নামিয়া পড়িলাম।



রাজগানপুং-স্থল, ডাকঘর, বন-বিভাগের আফিন ইভ্যাদি

সাথী মিলিল না বলিয়া সেখানে যাওয়া দ

এখানে গান্ধপুর-রাজের একটা বাংলো, পুলিস টেশন, বনবিভাগের অফিন, ডাক্যর এবং একটা প্রাথমিক বিভালয় ও মাড়োয়ারীদেরও একটা পাঠশালা আছে। এ দেশে অপরাত্রে বাজার বদে। বাজারটা বেশ বড়। স্থানীয় বড় ব্যবসামী মাত্রেই মাড়োয়ারী। এখানে চুই এক ঘর বাজালীরও বাস আছে। এখানকার অধিবাসী-দের অবস্থা বিশেষ ভাল বলিয়া মনে হইল না।

রাজগালপুরের পোটমাটারটী বালালী। তাঁহার নিকট গালপুর রাজ্যের প্রাচীন দর্শনীয় স্থানসমূহের বিষয় জিজ্ঞাসা করিয়া কোন ফল হইল না। তিনি মাস কয়েক হইল এথানে আাসিয়াছেন, কোথায় কি আছে জানেন



त्राक्तामश्रत-वाश्रला

না। তিনি বলিলেন—'রেঞ্গারবারু হয় ত আপনাকে

এ সম্বন্ধে সংবাদ দিতে পারেন।' এই বলিয়া একজন
পিয়নকে সজে দিয়া আমাকে রেঞ্গারবারুর নিকট
পাঠাইলেন। রেঞ্গারবারু উইকল দেশীয়— নাম শরৎকুমার
বহিদর। তিনিও কোন সংবাদ দিতে পারিলেন না—
তবে বলিলেন প্রাচীন স্থানের মধ্যে 'পান পোন' বিখ্যাত

—সেখানে বেদব্যাসের আশ্রম ছিল—শিব প্রতিষ্ঠিত
আছে। তিনি বিক্রমধ্যেলের নাম শোনেন নাই।

আশা

ক লইয়া বিক্রমধ্যেলের আশ্বম রাদি সম্বন্ধে

কোন সংবাদ দিকে পারিলেন না। তিনি বলিলেন ষে, তাঁহার পিতা রাসবিহারী বহিদর আজ ০২ বংসর রাজসরকারে কাজ করিতেছেন—গালপুর রাজ্যের কোন
স্থান তাঁহার অবিদিত নর,, তিনি হয় ত আমার প্রশের
সহতর দিতে পারেন। রাসবিহারীবাব্ স্থলরগড়ে থাকেন। স্থলরগড় এখান হইতে ৪০ ৪২ মাইল—মোটর
ভাড়া সাড়ে তিন টাকা। ঝাড়স্বগড়া হইতে সেধানে
যাইতে মোটর ভাড়া ৮০ মাত্র, দ্রম্ব ২০ ২৫ মাইল
হইবে।

था ७ म !- मा ७ मात्र दिलांग वात्र वात्र क्षा किताम ना,



রাজগালপুর-পর্কভাধিত্যকা

সঙ্গে যা' ছিল তাহা এবং দোকান হইতে কিছু থাবার খাইরা লইলাম। দোকানের খাবার অথাত্ম।

ধর্মশালার একটা ঘরে জিনিষপত্র রাখিয়া তালা বদ্ধ করিয়া স্থানটী ঘ্রিয়া ফিরিয়া দেখিবার জন্ম বাধির ছইলাম। টেশনের পিছন দিকে পাহাড়—কি জ্ঞানির্বাচনীর সৌন্দর্যা। ক্রমে এদ, পল্লী প্রভৃতি জ্ঞাতিক্রম করিয়া পার্বত্য পথে চলিলাম। পর্বাত-পথে তিন চার মাইলের বেশী একা যাইতে সাহদ হইল না—ভন্ন, যদি পথ হারাই, কিংবা সন্ধ্যা ঘনাইয়া জ্ঞাসে! ভাবিলাম এখানে যথন কোনক্রপ স্থবিধা হইল না, তথন ঝাড়স্থণড়া হইনা স্থলরগড় যাওয়াই ভাল— ঝাড়স্থগড়া পর্যান্ত টিকেট তো আছেই। এথানে রাত্রি-বাস করিনা কোন লাভ নাই। রাত্রি ১০॥০টার সমন্ন গাড়ী, সেই গাড়ীতে যাওয়া হির করিলাম।


সময়-মত গাড়ী আদিল,—রাজি প্রায় ১২টার সময়
ঝাড়স্থাড়া পৌছিলাম। কুলী মিলিল,—জিজ্ঞাদার
জানিলাম ষ্টেশন হইতে একটু দূরে বস্তীতে থাকিবার
জায়গা আছে। ষ্টেশনে কিছু জলযোগ করিয়া লইলাম।
কুলী আমাকে একটা ম্সাফেরধানায় উঠাইল। প্রায়
ছুই দিক খোলা একখানা ঘরে একা রাজিবাদ করিতে
হুইল। উচ্চের সাহায্যে ঘরখানা বেশ করিয়া দেখিয়া
কম্বল বিছাইয়া লইলাম। কুলী যাইবার সময় বলিয়া

গেল—নিকটেই সকাল ৭টার সময় স্থন্দর-গড়ের 'বাস' মিলিবে।

রাজিতে অন্ধকারে অপরিচিত তানে
একলা বিশেষ ঘুম হইল না—একটু হল্লা
আদিল—হঠাৎ উৎকট সন্ধীত ও হল্লায়
ভাহাও ছুটিয়া গেল। উদ্ধুগন্ধল আরপ্থ
হইয়াছে—মনে হইল গল্পভ্রালারা কিছু
নেশা করিয়া লইয়াছে। মনে একটু ভয়
ভয় করিতে লাগিল, ঘুম আর আগিল
না। বহুলণ পরে গাঁতের বিরাম হইল—
সন্ধীতকারীয়া চলিয়া গেল, কি ঘুমাইয়া
পড়িল জানি না। মানসিক উদ্বেধ

সাবেও কিছুক্লণ ঘুম হইল। গুন ভোৱে ঘুম ভাঙ্গিল।
মালপত্র ঐধানেই রাখিয়া বাহিরে গিয়া যথাসন্তব শীঘ্র
প্রাভঃকৃত্যাদি সারিয়া স্মাসিয়া Bus Stand এ দাড়াইলাম।
Bus স্মাসিবার দেরী আছে জানিয়া পায়চারি করিতে
করিতে একটা শুজরাটী 'মসলাদার চা'য়ের দোকান
চোধে পড়িল, চুকিয়া চা চাহিতেই দোকানওয়ালা বলিল
'বস্থন এখনই চা দিতেছি।' চা যথাসন্তব স্ত্রর তৈয়ার
হইল। চা'ওয়ালা বলিল—এখানে স্পাপ্তান না করিয়া
গ্যারেক্সে (Garage) গিয়া উঠাই ভাল,—'বাস্' ভর্তি
হইয়া গেলে এখান হইতে আর লোক নাও লইতে পারে।
স্মাত্যা গ্যারেক্সে গিয়াই বাসে চভিলাম।

'বাদে' একজন মৃদলমান যাত্রীর সহিত জালাপ হইল। লোকটার বাড়ী সম্বলপ্র জেলায়। তাঁহার নিকট হইতে বিক্রমথোল প্রভৃতির সম্বন্ধে কোন সংবাদ মিলিল না। পরে জার একজন মৃদলমান ভদ্রলোক গাড়ীতে উঠিলেন। কিছুক্ষণ কথাবার্ত্তার পর তিনি জাপনা হইতেই বিক্রমথোল সম্বন্ধে কথা জারস্ক করিলেন। অপ্রত্যাশিতভাবে জামার প্রশ্রের উত্তর মিলিল। দেখানে যাইতে হইলে বেলপাহাড় ষ্টেশনে নামিতে হয়। ষ্টেশন হইতে বিক্রমথোল নাইল ছয় দ্রে হইবে। তাঁহার এই সংবাদটীই জামার বিক্রমথোল যাওয়ার প্রধান সহায় হইল। একবার ভাবিলাম স্বন্ধরগড়না গিয়া একবারে বেলপাহাড় হইয়া বিক্রমথোল গেলেই ত হয়। কিন্তু পরে মনে হইল স্কর্পড়ে



রাজগালপুর---রুদ এড়তি

গেলে গান্ধপুর রাজ্যের দর্শনীয় স্থানগুলির ইদিশ মিলিতে পারে, আর দেশীয় রাজ্য-দহ্দের কিছু অভিজ্ঞতা ইইতে পারে, এবং বিক্রমথোল সম্বাহ্মও অধিকতর সংবাদ মিলিতে পারে। ঘণ্টাখানেক পরে Bus ছাড়িল। পার্কত্যদেশ—শালবন,—বনজন্মলের মধ্য দিয়া ভ্রিত বেগে গাড়ী চলিল। ছই ধারের বনের দৃশ্য কি মনোরম! আলাপী সাথীদের ছইজনই স্থানরগড যাইবেন।

ঘট। ছই পরে গাড়ী স্থলরগড় রাজধানীতে পৌছিল। যাত্রীরা একে একে সবাই নামিতে লাগিল। গাড়ী রাজ-কাছারীর সামনে আসিয়া থামিল। জনৈক উচ্চ পদস্থ রাজ-কর্মচারীর নামে কয়েকটা 'পার্সেল' ছিল— ঐগুলি সেখানে নামাইয়া দিতে হইবে। 'বাস্' থামিবামাত্র 'G. P.' তক্মাধারী কনেটবল সামরিক কারদার সেলাম করিল। ব্ঝিতে পারিলাম না সে কাহাকে সেলাম করিল—যাত্রীদিগকে, না ঐ জিনিষ্গুলিকে—না গাড়ীর চালককে, না গাড়ীকে ৷ সাথীদের নিকট হইতে কোথার নামিতে হইবে জানিয়া লইয়া নামিয়া পড়িলাম এবং সেখান হইতে থবর লইয়া বহিদর মহাশরের বাড়ীতে পৌছিলাম।

বহিদর মহাশয়ের বাডীথানি বেশ বড়। বহিকাটীতে তাঁহার নিজের লোক ও বাহিরের তুই একজন লোকঙ ছিল। ভাহাদিগের নিকট বহিদর মহাশরের সহিত সাক্ষাৎকারের অভিলাষ জানাইলাম। ভাগারা বিশ্রাম করিতে বলিয়া বলিল—তিনি সকালবেলা পূজা অর্চ্চা লইয়াই থাকেন-কানাহার সারিয়া রাজবাটী যান এবং বিকালবেলা ফিরেন। আরও বলিল--তাঁহার 'রফ-প্রেম' হুইয়াছে-সাংসারিক কাজকর্মে বড় একটা মন নাই। বাহিরের লোকজনের সজে উংহার দেখাশুনা বা আলাপ খুব কমই হইন্না থাকে। জিজ্ঞাদা করিলাম—'তবে কি कांत्र मक्ष (पथा इहेरव ना १' উ बत-'(पथा इहेरव ना কেন থাপনি বম্বন ।' নানাবিধ কথাবাভার পর জানিতে পারিলাম এথানে কোন হোটেল নাই,— বাজারে লুগী-পুরী বা কিছু মিঠাই মিলিতে পারে। আরও শুনিলাম থাহারা এখানে আদেন, তাঁহাদিগকে বহিদর মহাশয়ের অভিথি হউতে হয়—তাঁর বাড়ীতে প্রভাষ ভগবানের ভোগ হয়—অতিথি অভ্যাগতগণ প্রদাদ পাইয়া থাকেন – চাই কি আমার ভাগ্যেও নিমন্ত্রণ জুটিতে পারে, ইত্যাদি।

কতক্ষণে বহিদর বাব্র সঙ্গে দেখা হইবে,—কভটুক আলাপ হইবে,—তিনি কেমন লোক—আহারের ব্যবস্থা কি করিব,—এই সব ভাবিতেছি এমন সময় একজন লোক থবর লইয়া ফিরিল। কিজাসা করিলাম— —'সংবাদ কি ?' সে যেরপ উত্তর করিল ভাহাতে, বহিদর মহাশ্রের সহিত যে আদৌ দেখা হইবে এরপ বোধ হইল আৰু একটু দ্মিলা গিলা জিজাসা করিলাম— 'ক্তবে কিলেশা হইবে না ?' সে ব্যক্তি উত্তর করিল— 'হ'বে না ক্লেন্ট্রস্থা,বিশ্রাম করুন,—পরে দেখা হইবে।' আমি উৎকণ্ঠার সময় কাটাইতে লাগিলাম। কিছুক্ষণ পরে আবার লোক গেল। একটু পরেই সংবাদ লইরা ফিরিল। বলিল—'চলুন, তিনি বাহিরের ঘরে আসিরা বিন্যাছেন, আপনি দেখা করিবেন।' আমি তৎক্ষণাৎ চলিলাম—ঘরের বারান্দা চিক দিয়া ঘেরা—চিক সরাইয়া বারান্দার উঠিলাম—বহিদর মহাশয় ও সম্বলপুরের একজন ভঞ্লোক—(ইংার সঙ্গে বহিদর মহাশয়ের বাড়ীতেই কিছুক্ষণ পুর্বের আলাপ হইয়াছিল) চাটাইর উপর বসিয়া আমারই প্রতীক্ষা করিতেছিলেন।

বহিদর মহাশয় প্রতিনমস্কারান্তে বদিতে বিদিয়া আগমনের হেতৃ জিজ্ঞাদা করিলেন। আমি তাঁহার পুত্রর সহিত রাজগাঙ্গপুরে সাক্ষাৎ ও আলাপের কথা উল্লেখ করিয়া গাঙ্গপুর রাজ্যে দর্শনীয় প্রাচীন স্থান ও কীর্ত্তির আবিদ্ধার বিষয়ের বিবরণ জিজ্ঞাদা করিলাম। তিনি বলিলেন—'আমি বহুদিন রাজসরকারে কাজ করিতেছি বটে, কিন্তু কোথায় কি আবিদ্ধার হইয়াছে সেগবাদ জানি না।'

প্রত্তরের প্রদাদ হইতে ক্রমে আলাপ ক্রমিয়া উঠিল। ক্রমে ভারতের দভাতা, কৃষ্টি, গৌরব, বৈজ্ঞানিক ঔৎকর্ষ, দার্শনিক জ্ঞানের চরম উরতি, মৌলিক একত্ব ইত্যাদি সম্বন্ধে বহুলগ্রাণী আলোচনা হইল; গাঁতা ভাগবত প্রভৃতি ধর্মগ্রহ এবং যোগদশন প্রভৃতিও বাদ গেল না। তিনি প্রাতঃলানের উপকারিতা, দাহ্বিক আহারের উপযোগিতা, সংযমের উৎকর্ম প্রভৃতি দম্বন্ধ আনক্রমিত বিষয়ের উল্লেখ করিলেন। তিনি যে একজন জ্ঞানী ভক্ত তাহা তাঁহার আলোচনা হইতে বেশ বুঝা গেল।

ভারত-ধর্ম-মহামগুলের দ্যানন্দ স্থানীর বক্তার শুনিরাছিলাম—ভারতবর্ধ 'perfect land'—স্ক্বিধ সৃষ্টি-নিদর্শন এখানেই মিলে। রাগবিহারীবাবু বলিলেন—ভারতবর্ধ সৌন্দর্যোর নিকেতন, শত সহস্র উপাদের মনোরম ফল-পুল্পের বিকাশ এই দেশেই। ফ্ল হইতেই ফলের উৎপত্তি। জীবের উত্তবত্ত ফ্ল হইতেই। সে পূপ্পত্ত অস্কর হইতে পারে না, এবং জীবত্ত শ্রেষ্ঠ ও স্কর না হইবার কারণ নাই। কথাগুলি মন্দ লাগিল না। ভারতের অধিবাদীরা এককালে পৃথিবীর সভ্যতম জাতি

ছিল—আৰু অবনতির যুগেও সে গৌরবের সমূহ নাশ হর নাই—চেষ্টা করিলে তাহার পুনরুদার অসন্তব নর। এইরূপ বত্বিধ আলোচনা হইল।

ইহা ছাড়া মকাতে প্রস্তর নির্দিত শিবলিকের অন্তিজের কথাও তাঁহার নিকট গুনিলাম। তিনি না কি হাজীদের নিকটও এ-বিষয়ে গুনিয়াছেন। দেখিলাম, বাঙ্গালাদেশের মত এখানেও একই ক্লপ প্রবাদ বর্ত্তমান।

গান্ধপুররাজ্য-সম্বন্ধে তাঁহার নিকট জানিতে পারিলাম

--এথানকার রাজগণ বিক্রমানিত্যের বংশীয়। এই
বংশের পূর্বেক কেশরী বংশীয় রাজারা এথানে রাজত্ব
করিতেন। মুদলমান রাজত্বলালে তুইজন চৌহান
রাজকুমার পলাইয়া এ দেশে আাদিয়া রাজ্য স্থাপন
করেন। এক ভাইয়ের বংশ পঞ্চকোটে ও অপর-

ভাইষের বংশ গাদপুরে রাজত্ব করিতে থাকেন। রাজ-বংশের কোন লিখিত ইতিহাদ নাই। এখানকার রাজগণের কুলো পা দি 'শেখর'। বর্ত্তমান রাজানাবালক,—বরদ বার ভের বংদর হইবে—নাম 'বীরমিত্র শেখর'। ইংার পিতার নাম ছিল 'রঘুনাথ শেখর দেব'।


এই রাজ্যের পরিমাণ আড়াই হাজার বর্গ মাইল। লোকসংখ্যা প্রায় সওয়া লাখ। রাজ্য ১:১০ লাখ টাকা হইবে। বন ও খনিজাত দ্রুগ হইতেও রাজ্যের কিছু আয় হইয়া থাকে. কিন্তু তাহা খুব

বেশী নয়। ভাগ্যাদেখী উৎসাহী ব্যক্তিগণের দৃষ্টি একবার এদিকে পড়িলে বেকার সমস্তার কথঞিৎ সমাধান হইতে পারে বলিয়া মনে হয়। কিছু দিন খনি হইতে কয়লা ডোলা হইয়াছিল; কিছু উহা না কি অন্ত স্থানের কয়লার তুলনার নিক্টভর বলিয়া বেশী দিন চলে নাই। বর্তমান সময়ের অর্থক্চভুতার প্রভাব এ দেশেও বিশেষ লক্ষিত হইতেছে।

রাস্বিহারী বাবু প্রতিশ বৎসর রাজ-সরকারে কাজ করিতেছেন। রাজা নাবালক, বর্তমানে রাজ্যের জরীপ হইতেছে বলিয়া গভর্মেন্ট জাহাকে অবসর লইতে দেন নাই, রাজমাতাও বহু দিনের বহুদর্শী বিশ্বস্ত কর্মচারীকে ছাড়েন নাই। সেটেলমেণ্ট্রেষ হইলে ইনি প্রকৃতপকে সংসার হইতে অবসর লইতে পারিবেন।

তিনি সংগার হইতে একরপ অবসর পৃর্বেই লইয়াছেন। বর্তমানে সন্থীক ভিন্ন বাড়ীতে বাস করিতেছেন, এবং সর্বাদ। ধর্মচর্চ্চা লইয়াই আছেন। ছেলেরা উপসূক্ত হইয়া আপন আপন কার্যস্থানে বাস করিতেছে। তাহাদের মধ্যে একজন সদর-আলা, একজন বনবিভাগের কর্মচারী ইত্যাদি। ছোট ছেলেটী স্থানীয় উচ্চ বিভালের প্রবেশিকা শ্রেণীতে পভিতেছে।

আলাপ ভঙ্গ হইবার সময় রাসবিহারী বাবু আমাকে বলিলেন—'আপনার আহার এথানেই হইবে! আমার এথানে প্রত্যাহ ভগবানের পূজা ও ভোগ হয়—আমার



গাৰপুর রাজধানী-সুন্দর গড়

এগানে যিনি আংসেন তিনিই প্রসাদ লইয়া থাকেন।
এ দেশে সিদ্ধ চাউলের ব্যবহার একরপ নাই; আর
ভগবানের ভোগে আতপার ছাড়া ত চলে না—আপনার
হয় ত একটু কই হইবে।' আমি বলিলাম—'সে বিষয়ে
আপনার ভাবনা নাই—আতপ আমি নিজেও খুবই
পছল করি—আতপ ত সাবিক থাড়। আমাদের দেশে
যতি ও বিধবাদের ত আতপই আহার।' রাস্বিহারী
বাবু আমাকে একটু বিশ্রাম করিয়া স্নানাদি সারিয়া
লইতে বলিলেন।

আমি বহিদর মহাশয়ের বহিকাটীতে চলিয়া

আাদিলাম। বহিদর বাবু আমার সলে ঘনিওভাবে এতক্ষণ আলাপ করিলেন— যাহা ভিনি, হয় ত, খুব কম কেতেই করিয়া থাকেন। এই জন্মই বোধ হয় আমার একটু কদরও বাড়িল। আমার জন্ম একটী লোক নিযুক্ত করা হইল—সে একটু আধটু ফাই-ফ্রমাইস



স্থলরগড়-ইবনদী

থাটিবে ও সন্ধাবেলা আমার মালপত্র "বাদে" তুলিয়া দিবে। ভাহাকে পরোকে বলিয়া দেওয়া হইল কিছু বথশীসও মিলিতে পারে।



ওয়ার পাহাড়—রঘুনাথজীর মন্দির প্রভৃতি

সম্বলপুর হইতে যে লোকটা রাসবিহারী বাবুর কাছে
আসিয়াছিলের তিনি ফটোগ্রাফী শিথিবার উদ্দেশ্তে
অনেক দিব

সরকারে কাল্প করেন এবং ঐ জাতীয় কোন কার্য্যোপলক্ষে এখানে আসিয়াছেন। তাঁহার কাছে তানিলাম উদিলার করদ রাজারা প্রীযুক্ত কিতীশ নিয়োগীর (M. L. A.) হাত ধরা। তাঁহাদের উপুর না কি নিয়োগী মহাশরের প্রভাব যথেষ্ট। ইহার সঙ্গেও অনেক আলাপ হইল:

নিকটেই ইব নদী,— অতি শীতল জল, কিছ ধর স্রোত। লোকজন কাপড় বাঁচাইয়াই পারাপার করিতেছে। নদীর বাসুকণার অলের প্রাধান্ত, অ ব রে ণুও না কি চেটা করিলে পাওয়া যায়। বাসুর দানাগুলি বেশ বড় বড়। নদীতে স্নাহিক করিয়া পরম তৃপ্তি বোধ হইল।

স্থানাদি সারিয়া স্থাসিবার স্কল্প পরেই
স্থাহারার্থ যাইতে হইল। স্থাপরিচিত বিদেশে
পঞ্চ ব্যঞ্জন-সহক্ত ভগবৎ-প্রদাদ লাভ হইল।
ভোজনের সময় বহিদর মহাশয় স্বয়ং উপস্থিত
হইয়া সবিনয়ে ভিজ্ঞাসা করিলেন—'স্থাপনার

হয় ত কট হইতেছে'। আমি উত্তর দিলাম 'কট ত মোটেই নয়; ভগবানের প্রদাদ, প্রম উপাদের হইয়াছে ।' আহারাদি সারিয়া কিছুজন বিশ্রাম করিলাম।

সন্দরগড়ের অনতিদ্বে একটি
চমৎকার পাহাড়—ভা'র ছই ধার
থিরিয়া ইব নদী প্রবাহিত। র'জবাড়ীর নিকট দিয়া পাহাড় পর্যান্ত
রান্তা চলিয়া গিয়াছে। পাহাড়ের
গারে, বোধ হইল, দেনাবাস (military out-post)। উহার অল্পর
"রঘুনাথন্তীর" মন্দির। এই পাহাড়টীর নাম "ওলার" পাহাড়। প্রবাদ,
ঐ পাহাড়ে না কি সোণার খনি আছে
—সত্য মিখা ভ গ বা ন্ জানেন।
স্থানীয় লোকেরা এই কথাটী গোপনে

রাথিবার চেটা করিয়া থাকে; কিন্তু আবার না বলিয়াও যেন সোয়ান্তি পায় না।

ইব নদীর ওপারেও অনেকগুলি মুদৃশ্য পাহাড়

আছে। অপরাহ্ন—রাসবিহারী বাবু মোটরকারে রাজ-গালপুর রওনা হইয়াছেন। সাক্ষাৎ করিবার ও বিদার লইয়ারাথিবার জক্ত বাহির হইলাম । নমস্কার বিনিময়াস্তে তিনি বলিলেন—'ফিরতি সময় ওথান (অর্থাৎ রাজ-গালপুর) হইয়া য়া'বেন।' ভ্লামিও ইসারায় জানাইলাম 'আচ্ছা'। বলিবার বা তানিবার সময় ছিল না—গাড়ী তথন চলিতেছিল। তার পর যতক্ষণ ছিলাম, যতদ্র দেখিতে পারা যায় স্থানটী দেখিয়া লইলাম। এখানেও তুই একজন বাজালীর বাস আছে। সন্ধ্যাবেলা সময় মত 'বাস' ধরিতে বাহির হইলাম। আমার জক্ত যে লোকটী নিযুক্ত হইয়াছিল তাহাকে এবং পূজারী প্রভৃতিকে কিছু কিছু বথানিষ্ দিয়া ঝাড্মগড়া রওনা

হইলাম]। বাদে উঠিবার পর একটা ব্যাপার ঘটিল—তাহা বেশ কৌত্হলপ্রদ বলিয়াই মনে হইল।

গাড়ীতে একটা লোক উঠিল, দংশ বছর ছয়েকের একটা মেয়ে। নীচে এক বুড়ী দাড়াইয়া। মেয়েটী খুব কাঁদিতেছিল। বুড়ীও তা'কে ছাড়িয়া দিতে চাহিতেছিল না। লোকটাও মেয়েটীকে রাখিয়া যাইবে না। জিজ্ঞাসায় জানিলাম লোকটা জাতিতে রজক। ঐ বালিকাটী তা'র মেয়ে; বুড়ীটা তার 'শাশ'। লোকটা বলিল মেয়ের লেখাপড়া শিখিবার বয়স

হইরাছে; এখানে রাখিয়া গেলে পড়াগুনা হইবে না। সে ঝাড়স্থ্রগড়া থাকে, দেখানে মেয়ের পড়ার বাবস্থা করিবে। দেখিলাম লোকটা তথাকথিত নিম জাতীয় হইলেও শিক্ষার প্রতি তাহার প্রথর দৃষ্টি আছে। অত অম্বরত প্রদেশেও, বিশেষতঃ নিম জাতির পক্ষে, বিভার এই আদর, আশ্চর্য্য বলিয়াই বোধ হইল। পথে একজন লোক বাস-চালকের সঙ্গে ঝাড়স্থ্রগড়াতে কোন আ্থারীয়ের নিকট একথানা চিঠি দিতে আদিয়াছিল। কিন্তু সম্প্রতি ডেপ্টি কমিশনার (Deputy Commissioner) সাহেবের আদেশ আদিয়াছে বে, লোক মার্মণ, বিশেষ করিয়া 'বাস'এর সঙ্গে, কেহ চিঠিপত্র দিতে পারিবে না—দিলে দওনীয় হইবে; পোই অফিস আছে; চিঠি

সেইখানেই দিতে হইবে। তাই চিঠি লওয়া হইল না।
গাড়ীতে যাত্রীদের মধ্যে পুলিস-কর্মচারীও একজন ছিল।
বা'হ'ক, গাড়ী সময়-মত ঝাড়মগড়া পৌছিল।
সকালবেলা একটা হোটেল দেখিয়াছিলাম মনে হইল।
চা'র দোকান হইতে চা খাইয়া—হোটেলে খাইয়া
লইব। খুঁজিতে খুঁজিতে একটা হোটেল মিলিল।
চুকিয়া দেখি সেই প্র্বিপরিচিত চায়ের দোকান।
হোটেলওয়ালা বলিল—'বাবু আপ্তো ফজিরমেঁ য়হাঁ চা
পিয়া না?' আমি বলিলাম—'হাঁ, এখন চা দেও। আর
তাড়াভাড়ি যদি পার আমাকে খাওয়াইয়া বিদায় কর,
এই গাড়ীতেই যাইব।' আরও বলিলাম—'থাওয়ায়
ব্যবহা ভাল হইলে কাল রাত্রে বা পরশু সয়্যায় ফিরিয়া



স্থন্দরগড় বান্ধার

এথানে থাইয়া সম্বলপুর যাইব। সেধান হইতে আসিয়া তোমার হোটেলেই উঠিব—থাওয়া-দাওয়া করিয়া কলিকাতা ফিরিব। থাওয়া থারাপ হইলে এবারকার দওই যথেষ্ট।' হোটেলওয়ালা গুকরাটী রাহ্মণ যুবক, সম্রীক এথানে বাস করে। স্ত্রী রাঁধে, সে হোটেল করে। একটা বাচ্চা চাকরও আছে। হোটেলের কয়েকটা বাধা থরিদার আছে। আরও কয়েকটা ছিল—ভারা (বোধ হয় থাওয়ার ব্যবস্থা দেখিয়াই) থাওয়া ছাড়িয়া দিয়াছে। তবে তুই একদিনের মধ্যে কয়েকজন বাঙ্গালী বাবু মাসহারা বন্দোবন্ত করিবেন—ঠিক হইয়া গিয়াছে।

দেখিলাম কয়েকজন মারোরাড়ী ও গুজরাতী

ভদ্রনোক খাইয়া গেলেন। ভাগাদা করিতে করিতে অবশ্যে আমার আসন পড়িল। জানিলাম ভাত পুনরায় রাঁধিতে হইয়াছে। খাওয়ার যা ব্যবহা দেখিলাম ভাহা না বলাই ভাল। পয়সার খাতিরে কয়েক গ্রাস আর অতি কটে গলাধঃকরণ করিয়া উঠিয়া পড়িলাম। বলিলাম—'বাপু, এরকম খাওয়া'লে কোন বাকালীবাবুকে পা'বে না—আর আমার ফিরতি পথে ভোমার হোটেলে ওঠার সম্ভাবনাও নাই।'লোকটা সোজা রাভায় টেশনে দিয়া গেল।

टिमार्ग निक्छिरे अक्छा वर्ड थावादात (माकान। সেখানে পানবিডি লইতে an মিনিট দেৱী হইল: ইহার মধ্যে তুই একটা লোক আসিয়া থাবার থাইয়া চলিয়াও গেল। ইত্যবদরে একটা মারোয়াভী যুবক धक्कन द्रबन्धरम करनष्ट्रेयन महक कतिमा दमर्थारन আসিল। লোকটা দোকানে থাবার থাইয়া ঘাইবার সময় ভূলে কোন এক চেয়ারের উপর তার মণিব্যাগ ফেলিয়া গিয়াছে--তাতে ২৬ টাকা ছিল। পুলিস কি করিবে। চোর ধরিয়া দিতে পারিলে ত' হয় ! দোকানে কত লোক আগে যায়, কাকে সে দলেহ করিবে ? পুলিস ভাহাকে বলিল-অনেককণ দেরী **इटेब्राट्ड, टांब इम्र ७ कथन भगाटेब्राट्ड।** जुमि यिन कांडित मत्मह कंद्र छ' वन, उल्लाम (Search) कतिया **(मथा याहेटल शादा। वहक्का (थांकाथूँ कि हहेन, कि**न्ह কোনও 'পতা' মিলিল না। বুৰক্টী **(माकानीकिहे मत्नह करत, (माकानीत मरक वहमां** छ অনেককণ হইল। আমরা যারা তথন সেখানে উপস্থিত ছিলাম, তাদের কেউ যায়গা ছাড়িয়া আসিতেও পারি ना ।--- अमिटक ८क्रिटनत नमन्न यात्र ।

পরিশেষে একটা থোট্ট। ছোকরাকে সন্দেহ করা হইল। সে না কি মারোয়াড়ী যুবকটা চলিয়া যাওয়ার পরই দোকানে আসিয়াছিল। সেই হয় ত ব্যাগটা মালিকহীন অবস্থায় পড়িয়া থাকিতে দেখিয়া উঠাইয়া লইয়াছে।
ভবে উহাও অস্থমান মাত্র,—কেহই ভাহাকে বাভবিক
লইতে দেখে নাই। এইয়প কল্পনা জল্পনার বহকণ
কাটিল।

অবশেষে আমরা একে একে লোকটাকে বলিলাম-

ম'শর আমাদের ত ট্রেনের সময় যায়, কি করিব ?' সে বলিল 'বাব্সাহেব, আপনাদের ত রোক্তে পারি না— যান, আমার নসিবে যা আছে হইবে—আপনারা কি করবেন ?' আমরা একে একে টেশনে আসিলাম। পরে শুনিলাম, টাকার বা চোরের কোন হদিশই হয় নাই।

টেশনে আসিয়া বেলপাহাড়ের টিকেট করিলাম। গাড়ী আদিল, উঠিয়া বসিলাম। কোথায় যাইতেছি কে জানে। বেলপাহাড় হইতে বিক্রমথোল কতন্ব, কোন্দিকে অ্যাইবার ব্যবস্থা কি, সে সমস্ত কিছুই জানিনা। বেলপাহাড় ষ্টেশন কেমন কারগায়—থাকিব কোথায়— গাড়ী ত রাজি ১১॥টায় পৌছিবে।

গাড়ী যথাসময়ে বেলপাহাড টেশনে আসিয়া থামিল। ওথানকার যাত্রী কেউ আছে কি না জানি না-- গাড়ীতেও এত অল্ল সময় মধ্যে কাহারো সঙ্গে আলাপ হয় নাই। ভাবিলাম রাত্রের মত টেশনেই পড়িয়া থাকিতে হইবে: রাত্রি প্রভাত না হওয়া পর্যান্ত কোনও ব্যবস্থা করা যাইবে না। গাড়ী হইতে নামিতে যাইতেছি এমন সময় দৈবপ্রেরিভবং এক ব্যক্তি, আমি যে গাডীতে ছিলাম সেই গাড়ী হইতেই নামিতেছে দেখিলাম। আমি আর সেই ব্যক্তি ছাড়া আর তৃতীয় ঘাত্রী নাই। ভাহার নিকট হইতে কিছু সংবাদ পাওয়া যাইতে পারে; কিন্তু সে কেমন লোক, কোথায় তার ঘর, ইত্যাদি কিছুই জানি না,--গাড়ীতেও তার সলে কোনই আলাপ হয় নাই। যা'হক তাহার সঙ্গ লইলাম—মনে একটু 'কিন্তু' যে না হইল তাও নয়। টেশনেই রাজি কাটাইব মনে করিয়া-ছিলাম। ছোট টেশন--ক্লী প্র্যাপ্ত মিলে না। लाको आयारक दबल लाहेन (मथाहेश विलक-विक्रम-থোলের রাস্তা এই দিকে। দে অনেক দূর--ভীষণ জক্ষ ।

প্লাটফর্শে দেখিলাম এক মারোরাড়ী বাবু লগন হাতে উপস্থিত - সজে একজন কুলী। আমার সাধীটি তাহার মাথায় আপনার মোট চাপাইয়। মারোরাড়ী বাব্র সজে চলিল। আমি তাহার সল ছাড়িব কি নাইততত: করিতেছি দেখিয়া সে আমাকে বলিল—চল্ল আপনিও। চলিতে লাগিলাম। জিজ্ঞাদায় জানিলাম.

ভার বাড়ী এথান থেকে বেশী দুরে নয়। পথে বিক্রম-থোল সহরে ছই চারিটী কথা চলিল। আধ মাইল তিন পোরা মাইল হাঁটিয়া একটা জারগায় (সোমড়া)—পৌছিলাম। সেথানে একটা খালি বাড়ী, আলিনা ঘিরিয়া চারি দিকে বেড়া দেওয়া। বাড়ীটা না কি স্থানীয় প্রজারা পথিকের স্থবিধার জন্তু করিয়া দিয়াছে। বাড়ী ভৈয়ারী এথনও শেষ হয় নাই। মোট ছইথানা কুঠারী। আমাদিগকে সেথানে রাথিয়া মারোয়াড়ী বাব্ আপনার 'ডেরা'য় চলিয়া গেলেন।

টচ্চের আলোতে ঘরটা বেশ করিয়া দেখিয়া লইয়া

ক্ষণ বিছাইয়া শুইয়া পড়িলাম। সাথীটিও বিছানা

করিয়া ভইলেন। অপরিচিত স্থান ও অপরিচিত চুই প্রাণী। যাহা হউক একটু একটু করিয়া ক্রমে গল্প জমিয়া উঠিল। ঘুম হইবার সম্ভাবনা দেখিলাম না। গল্প যতদুর চলে, ভাল ৷ সময় বেশ আরামেই কাটিতে লাগিল। কাল সকালেই ত তার সঙ্গে ছাড়াছাডি--জীবনে আর কণনও দেখা হটবে এমন আশা নাই। কাল আবার কোথায় কি অবস্থায় পড়িব কে জানে! যথন এতদুর পর্যান্ত আসিয়াছি ও অসুবিধা অপ্রত্যাশিত ভাবে কাটিয়া যাইভেছে, তথন হয় ত অভীষ্ট দিল্ক হইবে। *लाक* जीत निकृष विक्रमरथान मसरक व्यानक कथा ভনিলাম। লখনপুরের এক সাধু ঐ স্থানটী আবিদার করেন। পাটনার সাহেব, বাঙ্গালীবাবু, আরও অনেকে সেখানে গিয়াছিলেন। সেখানে পাহাডের গায়ে 'পাউলি'তে কি যেন লেখা আছে। সেখানে গভীর জনল,--হি: শ্র জানোয়ারের আবাস। তুই চারিজন সাথী गहेमा चम्ब्लिंक स्टेमा ना श्रांत विशास महावना। এখান হ ইতে সে স্থান ক্রোশ চারেকের কম হইবে না। এখান হইতে রওনা হইয়া, গিঙোলা গ্রামে বিশ্রাম করিয়া, বাজার হইতে কিছু খাওয়া দাওয়া করিয়া, দেখান হইতে লোক লইয়া বিক্রমখোলে যাইবার ব্যবস্থা করিতে হইবে। পথে 'বর্তাব' বলিয়া একটা গ্রাম আছে। **'উলাব' বলিয়া আরও একটা জায়গা আছে—সেধানেও**

তিনি আমাকে জিজাসা করিলেন আমি সরকারের

কিছু দর্শনীয় বস্তু আছে। উহার নিকটেই কোথায়

মা কি কবে ডাকাতের আড্ডা ছিল ইত্যাদি ইত্যাদি।

তর্ফ হইতে সেথানে বাইতেছি কিনাণ সঙ্গে পরীকা করিবার যন্ত্রাদি আছে কি না ইত্যাদি। সেখানে যদি किছু गुलावान आविकांत्र এवः 'ल्डा' इत्र, छत्व छाँशांदक किছ जांग निष्ठ (यम ना जुनि । जांत भावता, जे भावाद সোনা রূপার খনি বা প্রাচীন যুগের রত্মাগার পর্য্যস্ক আবিঙ্গার হওয়াও অসম্ভব নয়। আমি যেন আমার এই গরীব পথিক বন্ধুটার কথা ভূলিয়া না যাই। লোকটা এই গ্রামের (দোমড়া) পুরোহিত-নাম 'অরদাচরণ পাট-জোষী'। সাংসারিক অবস্থা বিশেষ ভাল নয়, কোনও রকমে চলে ৷ পৌরোহিতা ছাডা দালালী কাজও সুযোগ পাইলে করিয়া থাকেন, তা'ও তিনি বলিলেন। তাঁ'র এক ভাইপো কলিকাতা সংস্কৃত কলেজে কিছু দিন পড়িয়া এখন সম্বলপুর স্থলে 'প্রফেসারি' করিতেছে; এবং কত বেতন পাইতেছে তাও বলিতে ভুলিলেন না। ইহা ছাড়া আরও অনেক আলাপ হইল। স্থির হইল, প্রদিন ভোরে তিনি আমাকে একজন 'মছুয়া' ঠিক করিয়া मिट्टिन, दम व्यामादक विक्रमत्थान नहेश शहेट्ट। দেখিতে দেখিতে তিনি ঘুমাইয়া পড়িলেন। আমিও পরদিনের কর্ত্তব্য সম্বন্ধে চিস্তা করিয়া ঘুমাইয়া পড়িলাম।

হঠাৎ ঘূম ভাদিয়া উঠিয়া বাহিরে আদিয়া দেখি
রাত্রি প্রার্ম শেষ। কতক্ষণ পরে লোকটাও উঠিল।
ঘর তালা বন্ধ করিয়া উভয়ে বাহির হইলাম। শীতের
ঠান্ডা।বহু কটে কল্পরম্ম রান্ডাইটিয়া একটা 'পোধরীর'
ধারে প্রাতঃকভা সম্পন্ন করিয়া ফিরিলাম। স্বর্যোদ্যের
প্রেই যত সন্তর হয়, আমাকে 'মছ্মা' ঠিক করিয়া
দিবার জন্ম তাঁহাকে তাগাদা করিতে লাগিলাম। বছদ্র
যাইতে হইবে—সেথানে কি ব্যবহা হইবে নিশ্চয়তা নাই;
কিছু জলযোগ করিয়া প্রস্তুত হইয়া থাকিলাম।

পাটজোবী মহাশয় গত রাত্তে যাহাকে বলিয়া দিয়া-ছিলেন—সময়মত দে আসিল না। এদিকে বেলা হটয়া পড়িল। কিছুক্রণ পরে একজন লোক আসিল। ইসারায় জিজ্ঞাসা করিলাম 'এই কি আমার 'মহুষ্য' গুউত্তরে জানিলাম—এ আমার 'মহুষ্য' নয়—ইনি স্থানীয় জনৈক ভদ্রলোক। উঁহার নিকট বিক্রমথোল সম্বন্ধে আনেক কথা শুনিতে পাইলাম। এ ভদ্রলোকটি না কি নিজে সেখানে গিয়াছিলেন।

এদিকে 'মহুদ্ধ' মিলিতে দেরী হইতে লাগিল! সাথীটিকে ভাগাদা সুকু করিলাম—তিনি ঘুরিয়া আসিয়া বলিলেন—'কৈ, যাকে বলিয়া দেওয়া হইয়াছিল—তা'কে ত পাওয়া গেল না । আমি তাঁহাকে বলিলাম-আমি তাঁর উপর নির্ভর করিয়া আছি—'মহুম্ব' সংগ্রহ করিয়া দিতেই হইবে—নইলে আমি এই অপরিচিত দেশে কোথায় কি করিয়া 'মহুম্বা' মিলাইব। তিনি তাঁহার তল্পীতলা উঠাইয়া লইয়া বলিলেন—'আপনি আমার সঙ্গে আমুন, দেখি কি করিতে পারি।' চুইজনে একত্র বাহির হইলাম। এক মাডোয়ারী মহাজনের ডেরায় তাঁহার জিনিষ-পত্র কিছু রাখিয়া বাকীগুলি লইয়া চলিলেন। পথে মহুত্ব সংগ্ৰহের চেষ্টা চলিল। অবশেষে একজন লোক মিলিল। ভাহাকে আমার সঙ্গে গিণ্ডোলা বাইতে বলায় সে প্রথমে রান্ধী হইল না—তার কোথায় প্রান্ধে নিমন্ত্রণ আছে— সেখানে কাজকর্ম দেখিতে হইবে। সাথীটি ভাহাকে বলিলেন—'ভোমার ভাবনা নাই, তুমি বাবুকে গিভোলা পৌছাইয়া দিয়াই ফিরিবে। বাকী সব ব্যবস্থা সেথান হইতেই হইবে; তুমি তুপ'রের মধ্যেই ফিরিতে পারিবে।'

আমি বলিলাম—'মহাশয়, তা হয় কি করিয়া,
সেপানে আমার ব্যবস্থা করিয়া দিবে কে ? এ লোকটা
যদি আমার সঙ্গে না থাকে, তবে যাতে সেথানে আমার
কোনরূপ অসুবিধা না হয় সেই ব্যবস্থা করিয়া দিতে
উহাকে বেশ ভাল করিয়া বলিয়া দিন।' তথন তিনি
তাকে বেশ করিয়া বলিয়া দিলেন—সে যেন গিণ্ডোলাতে
গিয়া আমাকে চৌকিদারের হাওলা করিয়া দেয়, এবং
বলিয়া দেয় যে বাবু কলিকাতা হইতে আসিয়াছেন—
বিক্রমণোলের প্রচার করিতে,—বাবু গ্রথমেণ্টের লোক
ইত্যাদি। লোকটা সম্মত হইল। পারিশ্রমিক কত দিতে
হইবে পাটজোমীকে স্থির করিয়া দিবার ভার দিলাম—
তিনি একবার আমার মৃথের দিকে ও একবার কুলীটির
মৃথের দিকে তাকাইয়া বলিলেন—আছে। তিন আনা
দিবেন—আমিও তথাস্ত বলিলাম।

পরস্পার ছাড়াছাড়ি, নমন্ধার বিনিময় হইল। ঠিকানা চাহিলাম—তিনি বেন একটু ভড়কিয়া গেলেম। আমি বলিলাম 'আপনি ত ঠিকানা লইবার কথা কাল রাত্রে বলিয়াছিলেন—যদি বিছ 'লভা' হয় তবে তার অংশ

হইতে আপনি যাতে বঞ্চিত না হন সে ব্যবস্থা করিতে অনুরোধ করিয়াছিলেন। ঠিকানা রাথিলাম সেইজফুই, লাভের ভাগ না দিলে আমার অস্থায় হইবে যে।'

'মহয়'টীর হাতে আমার স্টকেস ও বিছানা দিয়া তাহার সঙ্গে গিজোল।/ অভিমূপে যাত্রা করিলাম। ভাবিলাম—এইবার হয় ত উদ্দেশ্য সত্যসত্যই সিদ্ধ হইতে চলিল। এথানকার কুলীভাড়া বেণী নয়—সেখানে গিয়া ফুইজন না হয় তিনজন 'মহয়'ই লইব। ভয়ের জায়গা, একটু সাবধানে যাওয়াই ভাল।

আমরা চলিলাম—কত বন জ্বল, পার্কত্য উপত্যকার
মধ্য দিয়া তুই প্রাণী চলিতে লাগিলাম। স্থানে স্থানে
গো মহিব চরিতেছে। ক্রমে গভীরতর জরণ্য—পার্কত্যভূমি। বনের মধ্য দিয়া রাস্তা—লোকজন কচিৎ কদাচিৎ
বাতায়াত করে। কি সুন্দর দৃশু! গস্তব্য স্থানে পৌছিতে
দেরী হইবে বলিয়া ফটো লইবার জন্ত এক দেকেওও নই
করিতে ইচ্ছা হইল না। পথিমধ্যে একটা পার্কত্য
স্রোত্তিমী—ভাহার উভয় গার্গে সুদৃশু বনানা। নদীটির
উপর বাশ, কাঠ জন্মল, মাটী ফেলিয়া রাস্তা ভৈরী
হইতেছে, কি সুন্দর দৃশু!—ভাবিলাম ফিরিবার সময়
ঐ স্থানের ফটো লইব। তথন জানিতাম না যে গিণ্ডোলা
হইতে জন্ত পথে ফিরিতে হইবে। ঘণ্টা দেড়েক হাঁটিয়া
বেলা ৯টা ৯৪০টার সময় গিণ্ডোলা গ্রামে পৌছিলাম।

'ডেরা ঘরের' নিকট পৌছিয়া লোকটা ফিরিতে চাহিল। আমি বলিলাম—'এইবার তুমি আমার সমস্ত ব্যবস্থা করিয়া দিয়া ফিরিতে পার।' চৌকিদার সেই-খানেই উপস্থিত ছিল। তাহাকে আমার বিক্রমধোল দেখিবার ব্যবস্থা করিয়া দিতে বলা হইল। চৌকিদার বেশ ভাল লোক,—তৎক্ষণাৎ ব্যবস্থার যোগাড় দেখিল। জিজ্ঞাসা করিল—খাওয়া দাওয়া সারিয়া বিশ্রাম করিয়া সেখানে যাইব কি না ? আমি বলিলাম—'না, এখনই যাইব; সেখান হইতে ফিরিয়া আসিয়া খাওয়ার ব্যবস্থা করিব।' সোমড়ার 'মহয়ত'কে পাওনা মিটাইয়া দিলাম, সে চলিয়া গেল। এদিকে খবর পাইলাম আমার লোক ঠিক হইয়াছে।

'মহুয়ে'র ভাড়া চৌকিদারকে দিয়াই ঠিক করাইয়া লইলাম। ঘুই আনা স্থির হুইল—ডাড়া অঞ্চালিড বলিয়াই মনে হইল। চৌকিদারকে বলিলাম—'একজনে চলিবে কি? আরও তুই একজন লোক সঙ্গে লইলে ভাল হইত না কি? শুনিয়াছি জায়গাটী খুবই ভয়াবহ।' চৌকিদার এবং আরও তুই একজন লোক, বাহারা ডেরা যরে উপস্থিত ছিল তাহারা সকলৈই বলিল—'ভয় নাই—একজনেই চলিবে।' উহাদের উপদেশ-মত মালপত্র ডেরা ঘরে উহাদের জিয়ায় রাখিয়া কিছু কাগজ-পত্র ও 'বয়' লইয়া প্রস্তুত হইলাম। উহারা বলিল—'বেভেমানে ইঠি আউছস্তি সবু—কাগজ-পত্র নেই ঘাউচ্ছস্তি।' আমি হাসিয়া উত্তর করিলাম—'যারা এখানে আসে, তাদের সবারই প্রায় একই উদ্দেশ্ত।' তুইজনে বাহির হইলাম।

'মমুষা'টাকে জিজাসা করিলাম—'আরও চুই একজন

লোক লইলে ভাল হইত না কি ?' সে

মাহস দিয়া বলিল—'কোন ভয় নাই,

একজনেই চলিবে ।' রান্ডার বাহির

হইয়াই সে বলিল—'বাড়ী হইতে টাঙ্গী

লইয়া আসি ।' পথের ধারেই তার বাড়ী

অবাড়ীতে চুকিয়া একখানা টাঙ্গী লইয়া

আসিল। সে আগে আগে চলিল, আমি

তাহার পিছনে পিছনে চলিলাম। তুই
জনের আগ্রহকার জন্ত একখানা মাত্র

টাঙ্গী, তব্ আগ্র-প্রসাদ লাভ হইল। ভীষণ

অরণ্যে একট। তুঃ সা হ সি ক কার্য্যে

যাইতেছি—সেপানে ভয় আছে—আগ্রহকার জন্ত অপ্রশাক্তন।

ন্তন সড়ক তৈরী হইতেছে—'সানলাট' না কি
শীগ্গিরই বিক্রমথোল দেখিতে আসিবেন। সে পথে
গেলে প্রায় ক্রোল থানেক বেশী হাঁটিতে হয়, তাই আমরা
সিধা রান্ডায়ই চলিলাম। ক্রমে গ্রাম শেষ করিয়া মাঠ
পার হইয়া লোকালয় ছাড়াইয়া বনের মধ্যে প্রবেশ
করিলাম। বন মধ্য দিয়া পথ আছে—ক্রমে অল্ল জ্বল
হইতে গভীর জঙ্গলে চুকিলাম। পথে অল্ল বিভার আলাপ
হইতেছিল। পথ-প্রদর্শক বলিল, কিছু দিন আগে রামপুরের জমিদার প্রভৃতি এখানকার কোন এক বনে
শীকার করিতে আসিয়া একটা 'বাঘ ছোআ' ধরিয়া
লইয়া গিয়াছেন। সাবধানেই চলিতেছি, হঠাৎ কি যেন

একটা প্রাণী বা-দিকের বনে চুকিল। আমি জিঞাসা করিলাম— 'ওটা বাঘ না কি ?' সাথী বলিল— 'না, বাঘ নয়, "কুলীহা" আমার বিশাসহইল না যে উহা বাঘ নয়। পূর্বাপেকা একটু অধিকতর সাবধানেই চলিলাম।

গভীর বন—কিন্তু গাছতলা বেশ পরিছার, বোধ হইল, যেন কেহ ঝাড় দিরা রাথিয়া গিয়াছে। স্থানে হানে বৃক্ষাদির সারিবেশ দেথিয়া মনে হইল যেন অদ্রেই লোকালয়। কিন্তু কোথায়! শুধু বন জার বন। এই বনভূমি রামপুর জমিদারীর এলেকায়। এই বনের পাশে কোথাও গিণ্ডোলার কারও কারও তুই একথানা জমিও আছে—সেগুলি উন্থড়ের কেত। ক্র:ম ঘণ্টা তুই পার্বভাগ পথে চলিয়া বিক্রম:ধালের নিকটে আসিরা উপস্থিত




বিক্রমথোলের পথে

হইবাম। দেখানে কতকগুলি স্থানীয় লোকের সক্ষে দেখা হইব। স্কারণ্য গভীর হইলেও উহাদিগকে দেখিয়া সাহস বাড়িল।

বিক্রমখোলের উপরেই, দশ পনর হাত দূরে একটা জারগার,—বিক্রমখোলে নামিবার পথের বাম ধারে পত্রাজ্ঞাদিত একথানা চালাঘর দেখিলাম। পাটনার সাহেবেরা 'মাগশির' (অগ্রহায়ণ) মাসে যখন আসিরাছিলেন তখন তাঁদের খানা তৈরার ও বিশ্রাম করিবার জন্ম না কি উহা তৈরী হইরাছিল। আমার পথ-প্রদর্শকটা পাটনার সাহেবদের সঙ্গে এখানে ক্রমাগত এগার দিন আসিরাছিল। তখন রোজ তিন আনা করিয়া পাই

কাল ছিল সকালে সাহেবদের সন্ধে এখানে আসা, আর সারাদিন বৃসিয়া কাটাইরা সন্ধ্যাকালে কেরা। ইহা ছাড়া সে পাটোরারীর সন্ধে একবার আসিয়াছিল। ভার পূর্ব্বে আর কথনও আসে নাই। এই কুটীরের পাশ দিয়া ভঙ্গ রান্তা ধরিয়া নামিয়া বিক্রমণ্যোলের সন্মুখে পৌছিলাম— বছদিনের উদ্দেশ্ত সফল হইল। উপরে যে লোকগুলিকে দেখিয়াছিলাম—ভাহারা একে একে আসিয়া জটিল।

বিক্রমধোলের আরুতি কতকটা কূলা ধরণের—থাড়া ভাবে উঠিয়া মাধার দিকটা সম্মুখের দিকে একটু ঝুঁকা। উহা ঠিক গুহা নয়। হয় ত কোন কালে গুহাই ছিল, কালক্রমে সম্মুখের দিক্টা ধ্বসিয়া গিয়া পিছনের দিকের দেওয়ালটাই অবশিই আছে। উগার সম্মুখে হাত চুই আছাই পরিমিত জায়গা কতকটা সমতল হইলেও ঢালু



বিক্রমধোল (সন্ম দৃষ্ঠ)

গোছের। তার পর পাহাড়ের গা ক্রমে প্রায় খাড়া ভাবে নীচে নামিয়া গিয়াছে। নিমে গভীর খাত—আবার গুদিকে উচ্চ পর্কতোপত্যকা।

বিক্রমণোলের গাত্রে ৪ হাত × ২১ হাত পরিমিত হান ব্যাপিয়া নানাবিধ চুর্ব্বোধ্য চিহ্ন সম্বলিত একটা সূত্রহৎ লেথ বর্ত্তমান। লেথের প্রায় মধ্য হানে নিয়ে বাম দিকে একটা চতুম্পদ প্রাণীর চিত্র উৎকীর্ণ আছে। সমগ্র লেথের উপর কালি লাগাইয়া দেওয়া হইয়াছে। যাহাতে এই লেথটা কোন প্রকারে কাহারও দারা নই বা বিক্রত না হয় সেইজ্বত ইংরাজী ও উড়িয়া ভাষায় তিন-থানি পরওয়ানা টাক্ষাইয়া দেওয়া হইয়াছে। ঐগুলি যথা---

রামপুর জমিদারী

জিলা সম্বলপুর শীমুক্ত মহিমাবর ডেপোটি কমিলর সাহেব বাহাত্বক আদেশ মতে সর্বসাধারণক্ বিদিত করাই দিয়া যাউমাছি জৈ এহি বিক্রমখোলর পথররে যাহা ক্ষক্ষর লেখা হোই আছি তাহা অস্ত্রসন্ত হারা কিখা ক্ষক্ত কৌণসি প্রকাররে নই করি পারিবে নাহি, নই করিবার দেখা গলে কিখা জানা গলে শক্ত দণ্ড দিয়া থিব।

Sd/লক্ষণ সাহা পট আরে.....

14. 11. 1932 A. D.

ছিতীয়ধানা---

বিজ্ঞাপন

শ্রীমান্ ডে: কঃ দাহেব বাহাতুরক আদেশ মতে

এতহারা সর্বসাধারণক্ত সাবধান করি দিয়া যাউ আছি কি এই বিক্রমথোলরে যেউ অক্ষর গুড়িক লেখা হোউ অছি তাহা কেছ স্পর্শ করি পারিবে নাহি। এবং এই স্থানর কৌণ সে প্রকার পথর কেছ এঠার অন্তর করি পারিবে নাহি।

Sd. Kavadhi, P. I. Jharsugura....

তৃতীয়খানা--

Notice.

By order of D. C. the public is warned not to touch the rock where

there is the inscription and also not to remove any rock from its vicinity.

Sd. Kavadhi, P. I. Jharsugura. 20. 11. 32.

বিক্রমথোলের এই বিস্তীর্ণ লেখটা কোন্ যুগে উৎকীর্ণ তাহা এখন পর্যস্ত সঠিক নির্দারিত হয় নাই। কবে যে পাঠোদ্ধার হইবে কে জ্ঞানে। ধ এই লেখটাকে প্রথমে অশোক্যুগের অহশাসন বলিয়াই অহমান করা

এই লেখর পাঠ সম্বন্ধে চেন্তা-চলিতেছে। কিন্তু কেহই এ পর্যান্ত কুতকার্য্য হন নাই।

হইয়াছিল। পরে পণ্ডিতগণ প্রকাশ করিয়াছেন যে উহা অংশাকের মুগের বছ কাল পুর্বের।

শুনিলাম পাটনার সাহেবেরা আাদিয়। এই লেখটা বেশ করিয়া ধোয়াইয়া কুলীদের দ্বারা কালি লাগাইয়া দিয়াছেন। কালি লাগাইবাক পূর্বে ও পরে ফটো

লইরাছেন—ছাপও লইয়াছেন। তাঁহারা গাড়ী গাড়ী 'বহি' আনিয়া তাহার মধ্য হইতে লেখা বাহির করিয়া উহার সহিত ক্রমাগত ১১ দিন ধরিয়া না কি মিলাইরাও কোন 'হদিস' পান নাই।

উপস্থিত দর্শকদিগের মধ্যে বালক বৃদ্ধ প্রী পুরুষ অনেকে ছিল। তাহাদের মধ্যে কেহ বলিল "কেত্তে মানে আউছন্ যাউছন্ কেই পঢ়ি না পারিছন্।" অনে-কের ধারণা ঐ লেথ হয় ত মান্ধ্যের কৃত্ত নম্ন — মান্ধ্যে উহা পড়িবে কিরপে! কেহ বা আমাকে কিন্তাসা করিল— 'কাছো কি লেখা আছে পড়িতে পার ?' আমি

বলিলাম—'আত সহজে উহার পাঠোদ্ধার সন্তবপর নয়—কত বিদ্বান্ লোক আসিয়াছে—আরও কত আসিবে—কবে পাঠোদ্ধার হইবে কে জানে।' আমার এ লেখা সম্বন্ধে কি মনে হয় জিজাসা করাতে—দেখিলাম, এই লেখের উপর যাতে তাদের ভক্তির অপচয় না হয় এবং লেখটীর কোনও অনিষ্ট না হয়—সেদিকে দৃষ্টি রাখিয়া উত্তর দেওয়াই সকত। আমি বলিলাম—উহা 'দেব মানক হই পারে' কিংবা 'পুরাণ রাজান্ধর হই পারে,—সত্যুগ্গর মন্ত্যুন্ধর ইই পারে।' তাহারা বলিল, ইা, ঠিক। বর্ষীয়সী এক নারী বলিল—'বিক্রমখোল তীর্থ হই গলা'—বান্থবিকই—পুরাত্রান্থসন্ধিৎসুর পক্ষে স্থানটী ভীর্থ হইলা গাডাইলাছে।

পরদিন রামপুরের বহিদরবাবৃও বলিয়াছিলেন—এ

অস্থ্রের দেশ ছিল—পাগুবেরা হয় ত এখানে অজ্ঞাতবাস

করিয়াছিলেন—দণ্ডকারণ্য ত এই স্থানকেই বলিত

ইত্যাদি। সবই আস্মানিক—কিন্তু ঐ অস্মানের মূল
কোথার
পুএই কি ব্যাঘরাজের রাজ্য মহাকাস্তার
প্রদেশ! এধানকার রাজাদের কি উপাধি ছিল


'ব্যান্তরাক্ক'! বিক্রমধ্যেকে উৎকীর্ণ প্রাণীটিকে বাঘ বলিরা মনে করিলে—উহার সকে ব্যান্তরাক্কের কোন সম্বন্ধ নির্ণীত হইতে পারে কি না তা'ই বা কে বলিবে!

লেখটী দেখিয়া কইয়া ক্রমে কাগজে অভিত করিয়া লইলাম—স্ব্যের আলো খোলের সন্মুথ হইতে সরিয়া



বিক্রমথোল লেখের কিয়দংশ

গিয়াছিল এবং লেখের উপর ছায়া পড়িয়াছিন—ফটো লওাারও অত্ববিধা ছিল যথেই। ফটো লইবার জভ পিছাইতে গেলে গভীর থাত। যাহ'ক অভি কটে



বিক্রমথোল—প্রাণীচিত্রসহ লেখাংশ ক্ষেকথানা ফটো লওয়া হইল। উপস্থিত লোকদের মধ্য হইতে ১০।১১ বংসরের একটা বালক বলিল এই অক্যঞ্জলি ইংরেজী yএর মত—বালকটা স্কুলে পড়ে।

আমাকে ফটোর যন্ত্র বাহির করিতে দেখিয়া কয়েকটা

লোক বলিল—আমাদের ফটো ভোল না বাবৃ। আমি
বলিলাম আজ আর ফটো ভাল হইবে না। কাল সকালে
আবার এথানে আদিব। তথন যদি তোমরা আদ তবে
অবশু তুলিব। বাং'ক কাজ শেষ করিয়া উপরে উঠিলাম।
আমার সাথীটি একটা গাছ দেখাইয়া বলিল—আমি
ইচ্ছা করিলে উহার গায়ে আমার নাম লিখিতে পারি।
দেখিলাম অসংখ্য নাম ঐ গাছের গায়ে লেখা রহিয়াছে।
আমিও একটী নাম উহাতে যোগ করিলাম। তার পর
বাসস্থান অভিমুখে ফিরিলাম।

পথিমধ্যেই জানিতে পারিলাম উলাপগড়ে উষাকুটী নামে একটা খোল আছে, দেখানেও পুরাণ লেখা আছে। হির করিলান ডেয়াবরে ফিরিয়া কিছু আহার করিয়া দেখানে রওনা হইব। ফিরিবার সময় পিপাসায় বড়ই



উষ কুটী-পথে

কষ্ট পাইতে হইরাছিল। পরে একটা পার্কত্য নদীর জলপানে তৃপ্তিলাভ করিয়া ক্লান্তকলেবরে বাসাবরে ফিরিলাম। সেথানে চৌকিদার প্রভৃতি রায়া-খাওয়ার কি ব্যবস্থা করিব জিজ্ঞাসা করিল। বলিলাম—এ বেলা আর কিছু রায়া করিব না—দহি চি*ড়া মিলিলেই চলিবে।

চৌকিদারকে জ্বাশয়ের কথা জিজাসা করিয়া পোধরীতে গাধুইতে গেলাম। আমরা যে পথে গিঙোলা আসিয়াছিলাম সেই পথের ধারেই জ্বালয়। সান করিয়া ফিরিলাম। খাবার ব্যবস্থা হইল। দই পাওয়া গেল না, খোল মিলিল; চিঁড়া ও ওড় আসিল। খোল বেশ চমৎকার। গুড়ের চেহারা দেখিয়া রুচি ছইল না।
এরা ত' এই গুড়ই খায়। তবু যতদ্র সম্ভব পরিষার
করিয়া লইলাম। 'কুশারী গুড়'* ছাড়া এখানে 'থাজুরী
গুড়' বড় একটা মিলে না। খাওয়া শেষ হইতেই আমার
গাইড় প্রস্তুত হইয়া আছিয়া হাজিয়। কোথায় আমি
ভাগালা করিব—না উহারাই ভাগালা করিতে লাগিল;
বেলা বেশী নাই, শীতের দিন—ফিরিতে পথে সন্ধা
হইতে পারে—বনপথ—বিশেষ ভরের কারণ আছে।
ক্যামেরা, কাগজপত্র, উর্ফের জন্ম ভাল একটা bulb লইয়া
বাহির ভইয়া পতিলাম।

বেলা বেশী নাই—চার মাইল পথ যাইয়া আমাবার সন্ধ্যার পুর্কেই ফিরিতে হইবে। পথে সাথীটি জিজাসা করিল আনলোর ব্যবস্থা আছে কি না। প্রেকটে হাত দিয়া

ব্ঝিলাম—জ্ঞানত জিনিষ্ঠ ভূল করিয়াছি,
টটের জন্ম ফিরিতে গেলে আরও দেরী
হইবে, তাই উভয়ে তাড়াতাড়ি ইাটিতে
আরত্ত করিলাম। বহুদুর বনপথে চলিয়া
একটা গ্রাম—সেখানে দর্শকটার কি একটু
কাজ ছিল সারিয়া লইল। উভয়ে জ্ঞাবার
চলিলাম—বনের পর বন—বনমধ্য দিয়া
পাহাড় ভেদ করিয়া রেল লাইন চলিয়া
গিয়াছে। বেল লাইন পার হইয়া বনের
'ভী য ণর ম ণী য় ভা' উপভোগ করিতে
করিতে চলিলাম।

উলাপ পাহাড়ের প্রায় কাছে আসিবার

পর জঙ্গলের ধারে কয়েকটী লোককে এক জানগার দেখিতে পাইরা গাইড্ উহাদের একজনকে ডাকিল। গাইড্টি নিজে উথাকূটীর প্রক্ত অবস্থান ভাল করিয়া জানে না। সে লোকটী আসিল—স্বয়োপরি একথানা শাণিত কুঠার—গলান পৈত!—গৌরবর্ণ স্থাী অবন্ধব। সেও আমাদের সজে চলিল।

উলাপগড়ে পৌছিলাম। থাড়া পাহাড় বাহিরা উপরে উঠিতে হইল। কোন্ যুগে পাহাড় কাটিয়া সিঁড়ি প্রস্তুত করা হইয়াছিল—ভাহার চিহ্ন এখনও আছে, স্থানটি অভীব রমণীয়!

^{*} ইক্ষড়।

অধানেও প্রায় বিক্রমণোলের ধরণেরই স্থাচীন
লিপি বর্ত্তমান। উহাতেও একটা চতুপদ ক্ষন্ত চিত্র আছিত
আছে। তবে উহার আকৃতি ভিন্ন ধরণের—কতকটা
কাঠবিড়ালীর মত। ইহা ছাড়া আরও কতকগুলি চিত্র
আছে। সেগুলিকে জ্যামিতিক চিত্র বলা যায়। উহা রং
দিয়া আঁকা। যতদ্ব সন্তব চিহুগুলি টুকিয়া লওয়া
গেল। ঐ স্থানটীর প্রতি প্রস্তুত্তর বিভাগের কিংবা
প্রস্তুত্তাহেষীর দৃষ্টি পড়িয়াছে বলিয়া মনে হইল না।
এই লেণে কালি মাথান হয় নাই। স্থ্যা প্রায় অস্থ্যায়
যায়। এই থোলটীর পাদদেশের নিকট দিয়া উলাপ
যাইবার রাস্তা চলিয়া গিয়াছে। প্রাকৃতিক সৌল্বয়া
উপভোগ করার সময় হইল না—পাছে বনের মধ্যেই
অন্ধকার হইয়া পড়ে।


উষাকৃটী হইতে ফিরিলাম। অপর সাণীটি নিজের বাড়ীতে চলিয়া গেল। আমরা থেন তুইজন, সঙ্গে আলোব ব্যবহা নাই। রাস্তায় একটা শিয়াল যাইতেছিল; তাহা দেখিয়া সাণীটি জিজ্ঞাসা করিল—'ইহাই দেখিয়াছিলে কি '' আমি বলিলাম—'না। এটা ত শিয়াল।' "শুগাল' হাঁ, ইহাই কুলীহা।" আমি যে প্রাণীটি সকাল বেলা দেখিয়াছিলাম, তাহার আরুতি তিয় প্রকারের। শুগাল ত লাফায় না, দেডায়—আগব

শৃগালের মাথাটা গোলও নয়। রান্তা আর শেষ হয় না। জিজ্ঞাসা করিলাম—'অর্দ্ধেক পথ আসিয়াছি কি প' সে বলিল—'হা, বড ভাগ আছে।' ফিরিতে সন্ধ্যা হইয়া গেল। বহিদরবাব জিজ্ঞাসা করি লে ন 'কি রায়া করিবেন প'

ঠিক করিলাম থিচুড়ি থাওরাই ভাল, রালায় হালামা নাই। চাল ডালের প্রসা দিলাম। উহাদের হিসাব মত চাল ডালের অমুপাতে পোষাইবে না দেখিরা পরিমাণ নির্দ্দেশ করিলা দিলাম। চা'ল, মৃগডাল, বী,লকা আদিল, জিরাও সংগ্রহ হইল। ভেরা

ষরের ভৃত্যটী হাঁড়ীতে জ্বল চাপাইয়া দিয়া—আমাকে পুনঃ
পুনঃ তাগাদা করিতে লাগিল। হাত পা আর উঠে না।

যাহ'ক কটে স্টে গিয়া চাল ডাল এক সলেই হাঁড়ীতে ছাড়িয়া দিলাম—উহা চাকর আগেট ধুইয়া রাথিয়াছিল।



উবাকুটী (দুসমুখ দৃশ্য)

যে প্রাণীটি সকাল বেলা দেখিয়াছিলাম, তাহার আরুতি বী ও জিরা সন্তার দিয়া খিচুড়ি নামাইয়া লইলাম। খাওয়া ভিন্ন প্রকারের। শুগাল ত লাকায় না, দৌড়ায়—আর নেহাৎ মন্দ হইল না। তবে চা'লে কাঁকর থাকায় বড়ই



উষাকৃটী (প্রাণীচিত্রসহ)

অস্ত্রিধা বোধ হইতে লাগিল। খাওয়া দাওয়া সারিয়া ঘরে গিরা শুইয়া পড়িলাম। ঘরে বহিদরবাবুও আ একজন থাকিল। রাত্রে ঘুম মন্দ হইল না। থুব ভোরেই পথপ্রদর্শকের জাসার কথা ছিল—জন্ধকার থাকিতে থাকিতেই মাঠে গিন্ধা প্রাতঃকৃত্য সারিয়া প্রস্তুত হইলাম।

পথ প্রদর্শক আসিল, বিক্রমথোলের পথে আবার রওনা ইইলাম। রামপুরের বহিদর বাব্ও সঙ্গে চলিলেন
—তিনি লখনপুর যাইবেন। এবার নৃতন রাভার চলিলাম। অনেকটা খুরিরা বাইতে ইইল। ছই ধারের ক্ষল কাটিরা পথ প্রশন্ত করা হইতেছে—ছোট লাটসাহেব বিক্রমথোল দেখিতে না কি শীগ্গিরই আসিতেছেন। বহিদর বাবুর সঙ্গে অনেক আলাপ হইল। তিনি তাঁহার গন্তব্য পথে রওনা হইলেন—তাঁহার নিকট বিদার লওয়া হইল। সময় মত বিক্রমথোলে পৌছিলাম।

সাথীটি প্রথমে করেক খণ্ড প্রন্তর গর্ভে ছুঁড়িয়া ও

কিয়া শব্দ করিল—যদি কোন হিংপ্র জন্ধ থাকে সরিয়া

যাইবে। আমরা চুই ব্যক্তি ছাড়া এবার সেথানে আর

কেউ নাই। বেলা ৮টা ৮০টা হইবে। এবার বেশী

দেরী হইল না। কয়েকখানা ফটো লইরা, থোলের যতদ্র

পর্যান্ত ঘ্রিয়া ফিরিয়া দেখা সম্ভব তাহা দেখিয়া, অল
কোনও চিত্র বা লেখ প্রভুতির নিদর্শন না দেখিতে

পাইয়া ফিরিলাম। খোলের নিকট হইতে একখানা
বাশের বাতা কুড়াইয়া লইয়া চাকু দিয়া চাছিয়া একখানা
লাঠির মত করিয়া লইতে চেটা করিলাম। সাথীটি

তাহার টালীখানা আমার হাতে দিয়া বলিল ইহা

দিয়া চাছিয়া লও। দেখিলাম টালীতে মোটেই ধার

নাই। কারণ জিজ্ঞাসা করায় সে বলিল—ছেলে পিলের

ঘর; যদি তাহারা কখন ঝগড়া করিয়া একে অপরকে

টালী দিয়া আঘাত করে এই ভয়ে ধারান হয় নাই।

যা হ'ক সোজা রান্তা ধরিলাম। পথে উভরের মধ্যে অনেক আলাপ হইল। ভাহার নাম টুকিরা লইলাম। সেও আমার নাম জানিরা লইল—ভবিষ্যতে কারও সজে 'চলনদারী' করিবার সময় আমার কথার উল্লেখ ও গুণ-কীর্ত্তন করিবে। যাতে আমার কোনরূপ বিপদ্ আপদ্ না হয় সেজস্তু সে অভন্তিভভাবে আমার সঙ্কে চলিয়াছে—বাতে ভার গাঁরের নামে কোনরূপ বদনাম না হয়

সর্বাদা সেদিকে ভার লক্ষ্য। বাসায় ফিরিরা স্নান করিয়া পূর্বদিনের মতই চিপীটক ভক্ষণ করিয়া উধাক্টী অভিমুখে রওনা হওয়ার জন্ম প্রস্তুত হইলাম।

এবার জিনিষপতা লট্টুয়া একেবারে বাহির হইয়া পড়িলাম। চৌকিদারকে চারি আনা বর্থ শীষ দিলাম—
দে ত মহা খুদী। দে বলিল—'বাবু যথন আবার আসিবে আমার জক্য দা'দের ঔষধ আনিও।' আমি বলিলাম—'আবার কবে আসিব তারও কোন ঠিক নাই—যদি কথনও আসি আর মনে থাকে তবে তোমার ঔষধ লইয়া আসিব'—দে খুদী হইল।

পথদর্শক আমার মালপত লইয়া চলিল। এবার উষাকুটী হইতে না ফিরিয়া একবারে টেশনে যাইব। বাসায় ফিরিতে গেলে অযথা সময় নট ও অতিরিক্ত পরিশ্রম হইবে।

উষাক্টীতে পৌছিয়া দেখানকার ফটো লইলাম।
ইচ্ছা ছিল দেখানে কতক্ষণ বিশ্রাম করিয়া ও গুরিয়া
ফিরিয়া বেশ করিয়া দেখিয়া টেশনে যাইব। সাথীটির
তাগাদাতে তাহা হইল না। ঠিক তুপর সময়, প্রথর
রৌজ্কিরণ, জনমানবহীন বনভূমি। এখানে না কি কোন
বিশেষ পর্ব্ব উপলক্ষে মেলা হইরা থাকে। উষাক্টীতে
অবস্থান কালে একখানা গাড়ী যাওয়ার শল শুনা গেল।

উষাকুটী হইতে ফিরিবার পথে বাম দিকে বনের মধ্যে একটা প্রাচীন ভিত্তির ধ্বংসাবশেষ দেখিলাম। উহা কোন্ যুগের কে জানে ? গঠন-প্রণালী দেখিরা স্থপ্রাচীন কালের বলিয়াই মনে হইল। কালবিলম্ব না করিয়া ষ্টেশন অভিমুখে রওনা হওয়া গেল। ভাবিলাম দিনের গাড়ীই হয় ত ধরিতে পারিব। কিন্তু প্রেশনে পৌছিয়া শুনিলাম ঘণ্টা দেড়েক পূর্বে গাড়ী চলিয়া গিয়াছে। রাত্রির গাড়ীর প্রায় ১২ ঘণ্টা দেরী। পথপ্রদর্শককে লইয়া বাজ্ঞারে গেলাম। সেথানে এক মারোয়াড়ীর দোকান হইতে একথানা উৎকলী শাড়ী ধরিদ করিয়া এবং কিছু সময় বিশ্রাম করিয়া ষ্টেশনে আদিলাম।

টেশনে প্লাটফর্মে একটা লোকের সলে বিক্রমথোক সধকে আলাপ হইল। টেশন-মাষ্টারও আসিরা বিক্রম-থোল সধকে অনেক প্রশ্ন করিলেন। টেশন-মাষ্টারটা বালালী। তাঁহার বাড়ী ধশোহর জেলার। তিনি জাভিতে কার্ত্ত। তিনি ব্লিলেন 'কাপনি হয় ত জানেন বি. এন, আর লাইনে টেশন-মাটার বাঙ্গালী-ভবে আমার এধানে উঠিবেন না কেন?' বাস্তবিক পক্ষে আমি ইহা কানিতাম না। যাহা হউক তাঁহার সঙ্গে নানারপ স্থ ছঃথের আলাপ হইল। তাঁহার বাদায় ছেলে মেয়েরা স্কুড়কে বৈচ্যতিক আলোর ব্যবস্থা আছে – গাড়ীও ধুব


সব অসুহ--তবু তিনি চা করিয়া খাওয়াইলেন। রাত্রে তাঁহার বাদায় নিমন্ত্রণ করিলেন, জাতি সম্বন্ধে জিজাসা ক বিষা জানিলেন আমি বৈছ। বলিলেন — আপনি বৈছ; রাস্তবের পরেই আপ-নাকে আমাদের হাতে ভাত থাইতে অন্তরোধ করিতে পারি না,—কটি থাইতে বোধ হয় আপত্তি হইবে না।

সন্ধার পর তাঁহার বাসায় আহারটা বেশ ভালই হইল। আহারাক্তে বিদায় লইয়া ষ্টেশনে আসিলাম। সহকারী ষ্টেশন মাইার আমার মালপ তা টে শ ন ঘরে বাখাইলেন এবং আমার সঙ্গে বিছানা

কি আছে জানিয়া লইয়া—একটা অত্যুক্ত টেবিলের উপরে শ্যা করাইয়া দিলেন। শুইয়া পড়িলাম। ঘুমও হয় না, সময়ও কাটে না। কখন যে খুমাইয়া পড়িলাম তাহা জানিতে পারি নাই। হঠাৎ ডাক শুনিয়া ঘুম ভাঙ্গিল। গাড়ীর সময় হইয়াছে। উঠিয়া মালপত্র গুঢ়াইয়া লইয়া ঝাডস্থগুড়ার টিকেট করিলাম।

সন্তাবেলায় যে সহকারী টেশন মাটার ছিলেন ভিনিও বাঙ্গালী। কিন্তু এখন যিনি ছিলেন ভিনি বিহারী। তাঁহার নিকট বিদায় লইয়া ও মাষ্টার বাবুদের আমার নমস্বার ও প্রীতি সম্ভাষণ জানাইয়া গাডীতে উঠিয়া বসিলাম। রাত্রি তখন আভাইটা। ঝাডস্রগুডাতে আর নামিলাম না-সম্বলপুর যাওয়া ক্ষান্ত দিলাম। বাকি রাত্রি

ও প্রদিন সারাদিন ট্রেনে কাটিল। বন অঞ্চল অড়ঙ্গ (টানেল) প্রাস্কর অভিক্রম করিয়া গাড়ী চলিল। এত বড় বড় এবং এতগুলি সুড়ঙ্গ আর কোন লাইনে আছে বলিয়া জানা নাই। স্নড়বেশর মধ্যে গাড়ী ঢুকিলে কি অককার!




ষ্টেশন ইইতে বেলপাহাড়ের দৃশ

চলে। পূর্কেনাকি সুড়ক মধ্যে প্রায়ই ট্রেন-ডাকাতি হইত—আভতামীগণ স্তুত্ব মধ্য হইতে চলস্ক গাড়ীতে উঠিয়া যাত্রীদিগের নিকট যাহা পাইত লইমা পলাইমা যাইত।

বনভ্মি, প্রান্তর ও তথাকার অধিবাদীদের কথা. ভাহাদের সরলতাপূর্ণ জীবন-কথা ও প্রাচীন ভারতের আর্ণ্য সভ্যতার কথা ভাবিতে ভাবিতে আগ্রহারা হইলাম।

পথে কয়েকটা কমলালেবু ও কিছু ছোলা সিদ্ধ ছাড়া সারাদিন আর কিছু আহার হইল না। ১৬.১৭ ঘটা একাদিক্রমে গাড়ীতে কাটাইয়া—রাত্রি সাড়ে সাভটায় হাওড়া ষ্টেশনে পৌছিলাম।





পাহাড়ী মিশ্র কাহারবা

অতীত স্বৃতির পথে গেছে চাহি সে। মধুর মুখানি আর হেরি নাহি রে॥

অলদ আবেশ গীতি
তনেছি কত না নিতি
মিলন বিরহে আজো তাই গাহি রে॥
বনের বিজন ছায়ে গাঁথিরা মালিকাথানি
বিফলে কাটাস্থ বেলা কেমনে বল না জানি;

আশার দাগর তীরে ভাসিতের নয়ন নীরে (কভু) ভাসারে পারের ভেলা ভগু বাহিরে॥

	কথা	, হ্বর ১	ও স্বরণ	লপি-	_								শ্রীহৃদারঞ্জন রায়					
11	+ সগা	রগ†	রা	সা	i	সনা °	ৰ্গ	পা •	ধা	1	+ 71	-1	-1	-1				
	অ	তী	ত	भ्यू		তি	•	র	প		থে	•	•	•				
	6	.a			1	+	1				6	-14		لندي				
	সা •	-1	সা গে	রা ছে	1	মা চা	মা •	মা •	মা •	1	গমা হি	প1 •	পা •	পা	ı			
•	+					• .					+							
	গমা	গরা	সরা	সা		সা	সরগা	রা	-1		গা	গপা	গা	রা				
	শে	•	. •	•		8	গো	•	•		অ	তী	ত	7				

	, সনা	সা	পা	ধা	ł	 সা	সা	-1	-1	ī	• সা	-1	-1	-1	ı
	गन्।	*11	•		1	-11	-11	•	'	1	••	•	•	,	•
	তি	•	র	প		থে	9	•	•		•	•	•	•	
				•											
	+		لدفعيم	arabi		•	oti -	e ol eni	at obl		+			4	ı
	সা	41	ধণা _	ধপা _	1	মা	পা ফ			l			-1	•	1
	ম	Ą	র	भ्		থা	0	14	আ		র	•	•	۰	
	_					+					۰				
	° মা	-1	সা	রা	1	সরা	মা	-1	-1	1	গমা	পা	-1	-1	1
	•	•	হে	রি	•	না			0	·	হি	۰	•	•	·
	+					•					+				
	গ্মা	গরা	সরা	সা	1	গা	গপা	গা	র			সা	পা	41	{
						-	তী	ভ	*যু		• তি	٠	• র	° প	
	রে	•	•			484	ગ	•	7		15	•	×	- (
						+									
	• সা	-1	-1	-1	1	স	-1	-1	-1	П					
	ে খ	•	a			•	•	۰	۰						
	+					6					+				
II	ধ1	ধণধা	পা	মা		মা	পা	ধা	মপস্বি			ৰ্ম1	-1	-1	l
	অ	ল	স	আ		বে	o	0	*		গী	তি	۰	•	
	অ	41	র	স্!		গ	•	•	র		তী	রে	۰	•	
	• স্ব1	-1	স্র1	স র্ 1	1	+ ਸ1	-1	-4	· -1´		• নস [্]	I ผลา	1 91	rk	i
	•		•	•	'	3	নে			1	ত	. 4-1	9	ना	1
	•	•	•	•			গি				ब्र	•			
	+					0					+				
	ধস			-1		প্ৰ	ধ্ৰ	11 :	মা -1	1	•	ধপা	মা	পা	
	नि	বি		•		٠	•		• •		মি	न	न	বি	
	नी	G	•	•			•	•	• •		ভা	সা	শ্বে	পা	

111891014411	************	14146580001411111	Hettathete	***************************************	*********	DA&3111000000000	1844666666666		414174141414			*******			*********	
	+					•				********	+	.,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,	,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,			
	গুমা	গ্রসা	রা	গা	Ì	র†	স	-1	-1		সা	-1	-1	-1		
	র	0	₹	মা		ঝে	•	•	•		•	•	511	ন		
	ব্লে	۰	র	ভে		লা	•	•	•		•	•		ধু		
												4				
	•					+					۰					
	সরা	মা	-1	-1	I	গমা	পা	-1	-1	1	গমা	গরা	সর\	সা	Н	
	গা	. 9	۰	•		हि	٠	۰	4		বে	•	۰	•		
	বা	•		0		हि	۰	0	v		ব্লে	•	•	٠		
П	⊣ সরা	রম্ব	*51.4	-1	ſ	^১ মপমা	গ্ৰা	স্	রা	1	+ মা	-1	-1	-1	t	
11			শ	-। বি	ı					I				•	1	
	₫	নে	Ŗ	14		9	۰	ন	2		८म्र	•	•	0		
	U					•					4					
	মা	-1	-1	-1	i	মা	মধা	পধা	ধ্য		ধা	ধা	ধপা	ধা	1	
	•	•	·		,	1	থি	য়া	মা	1	লি	0	76 1	থা	•	
							•									
						+					ú					
	পধা	4 1	-1	-1		পণা	ধপা	মা	-1	-	ম্	মপা	পা	পা	{	
	নি	•	6	•		•	•	6	ū		বি	स्	বৌ	क †		
	+	_				٠					-4-					
	মপা	ধস্	ধ	ধা		ণা	नथभा	21	-1		মা	মধা	প্ৰমা	পা		
	টা		₽	বে		লা	o	•	0		CA	ম্	নে	ব		
	0	المعادد الم	71	611	1	+	453 4	4	4	ı	9	_¥	-1 -	ı 1	I	
	গমা _	গ্রসা	র্	হা হা	ţ	র) নি	সা	-1	-1	ı	সা					
	লে		না	167		1 44		0					0	•		



"মহাপ্রস্থানের পূথে"

রবীন্দ্রনাথ ঠাকুর

Ø:

আজকাল বদে বহু পড়ার মতো অবকাশও পাইনে, উত্তমেরও অভাব—মনটা উড়ো পথে চলতে চার, শরীরটা কর্মবিম্থ। কিছু তোমার "মহাপ্রহানের পথে"

कन्यानीटम्यू । १००० वर्षा

বইখানি অহুরোধের দায়ে নয়, পড়ার গরজেই পড়েচি—
কিছু তাতে কাজের কতিও ঘটেচে। এ বইয়ে তোমার
দৃষ্টি, তোমার মন, তোমার ভাষা সুমন্তই পথ-চলিয়ে,
পাঠকের মনকে রান্তায় বের করে' আনে। তোমার
লেঝা চলেছে শান্তিক পথ দিয়ে নয়, ভৌগোলিক পথ

मिटक नज, मांकूरवज्र পथ मिटन ।

কত শতাকী ধরে ছংসাধ্যদাধনরত মান্থবের ছুর্গম যাত্রার প্রান্ন নিরবচ্ছিল বলে চলেছে—এই তীর্থবাত্রা তারই প্রতীক। কিছুদিন সেই টানে তুমি চলেছিলে। ঘরে ঘরে দকল মান্থবই প্র্মাত্রৰ পরস্পরার নিরবচ্ছিল মূহর্ত্তি; ছড়িলে আছে বলে তার স্বত্রটা ধরতে পারা যায় না কিন্তু ঐ সন্ধার্গ গিরিপথে সন্ধার্গ লক্ষ্যের আকর্ষণে এই চিরকালীন মানব প্রবাহের বেগটা স্প্রক্রাক্ষ। একই কামনা একই বিখাদের ঘনিষ্ঠতার তারা স্থাক্তর অভিত ও অনাগত মূর্গের সকে নিবিড় সংশ্লিষ্ট। এরা নানা প্রদেশের, নানা ঘরের, এরা বহু বিচিত্র অথচ এক—এদের সক্ষের দলেই চলেছে স্থা ও দ্বান্ধ, আশা ও আশহা, জীবন ও মৃত্যুর ঘাত সংঘাত,—এই মৃগ্যুগান্তরপথের পথিক মানবচিত্ত আপন অপ্রান্ধ ঔৎস্ক্রের স্পর্শ সঞ্চার করেছে ভোমার লেধায়—তার কৌতুক ও কৌতুহল পাঠককে ভির থাকতে দেয় না।

তোমার ত্রমণ ব্রান্তে যে সকল ঘটনা তুমি বিবৃত করেছ তার মধ্যে একটিতে তোমার স্বভাবকে ক্র করেছে। এই তীর্থপথে তুমি যে লোকযাত্রার বোগ দেবার স্থযোগ পেরেছিলে তার মধ্যে শিকিত, মূর্থ, সাধু

্ অসাধু সকল রকম মাস্থ্যেরই সমাগম ছিল—মাত্যকে এত কাছে এমন বিচিত্রভাবে স্বীকার করে নেওয়া কম কথা নয় ৷ তবে কেন-বেছাকে বেছা জানবামাত্ৰ এক দৌড়ে দূরে চলে গেলে ? কেন সাহিত্যিকের উপযোগী বুহৎ নিরাসজির সঙ্গে নির্বিকার কৌতৃহলে ভাকে দেখে নিলে না। যে সব নিষ্ঠাবতী বুড়ি তোমার ভক্তি ও আচারের শৈথিল্য দেখে তোমাকে মানুষ বলে আর গণ্যই করলে না তুমি কেমন করে নিজেকে তাদেরই শ্রেণীভুক করতে পারলে ? এমন করুণা আছে যা পবিত্র, এমন কৌতৃহল আছে যা সর্ব্যাই গুচি—সাহিত্যিক হয়ে তোমার ব্যবহারে কেন অভচিতা প্রকাশ পেলে? ভোষার বর্ণনা পড়ে স্পষ্টই বোধ হোলো অধিকাংশ ধার্ম্মিক যাত্রীর চেয়ে এই মেয়েটির মধ্যে স্লেহসিঞ্জ মানব-ধর্ম পূর্ণতর ছিল, এ নিজে সকলের চেয়ে নীচে পড়ে গিরেছে বলেই কোনো মানুষকেই অপ্রদ্ধা করত্তে পারেনি--্যে মাছ্য সকলের উপরে তারো এই স্বভাব। আমার এক এক সময় সন্দেহ হয় তুমি সব কথা স্পষ্ট करत (मर्था नि, मिथ्रम তোমার वावशांत्रत के कियर ঠিক মতো পাওয়া যেত।

আর একটি ছোট্ট কথা বল্ব। দেখলুম তুমি বাংলা খবরের কাগজের স্তিকাগারে স্থোজাত "কৃষ্টি" শব্দটা অসকোচে ব্যবহার করেচ। বাংলা ছাড়া আর কোনো প্রদেশে ভাষার এমন কুশ্রী অপক্ষনন ঘটেনি। অভ্যত্ত "গংস্কৃতি" শব্দটাই প্রচলিত—এটা ভদ্রসাজের যোগ্য।

যাই হোক তোমার এ বইখানি নানা লোকের কাছেই সমাদর পেয়েছে, আমারও সাধ্বাদ তার সঙ্গে যোগ করে দিলেম। ইতি ৫ নবেম্বর ১৯৩০ *

পত্রথানি প্রীযুক্ত প্রবোধকুমার সান্তালকে লিখিত। 'মহাপ্রস্থানের
পথে' বইথানি কিছুকাল পূর্বে 'ভারতবর্ণে' ধারাবাহিকরাপে প্রকাশিত
হরেছিল।—'ভারতবর্ণ সম্পাদক।

ঘূৰ্ণি হাওয়া

শ্রীপ্রভাবতী দেবী সরস্বতী

(23)

একা নলা চুপ করিয়া জিতলের খোলা ছাদে বসিয়া ছিল। আকাশে শুকা পঞ্মীর চাঁদে একটুথানির জন্ত ভাসিয়া উঠিল। হাসিভেছে।

টবের উপর ফুলগাছগুলিতে ফুল ফুটিগাছে, তাহার মৃত্ গন্ধ বাতাদে ভাসিরা আদিতেছে। বিতলে থাঁচার বন্ধ কোকিলটা টাদের আলো দেখিরা মাঝে মাঝে চীৎকার করিতেছিল—কুছ কুছ।

নন্দা ভাবিতেছিল মাস্থবের ব্যবহারের কথা। মাস্থ জাতিটাই অক্সতজ্ঞ, ইহারা উপকারীর উপকার পর্যান্ত স্বীকার করিতে চাহে না।

দানী আনিয়া লানাইল বাবু ডাকিতেছেন। বিরক্ত হইয়া উঠিয়া নলা ভাহাকে ভাড়াইয়া দিল।

ইহারই থানিক পরে অসমঞ্জ স্বয়ং ছাদে আসিয়া উপস্থিত হইল:

দেখা গেল সে বেশ ব্যস্ত হইয়া আসিয়াছে।
আসিয়াই সে বধন নলার কণালে হাত দিল তখন নলা
আশত্য হইয়া জিজ্ঞাসা করিল, "ও আবার কি, গায়ে
হাত দিছে—কারণ ?"

অসমজ উত্তর দিল,—"দেখছি অমুধ হরেছে কি না ?"
নন্দা তাহার হাতথানা সরাইয়া ফেলিয়া রাগ
করিয়া বলিল, "থাক্; তুমি তো রোজই আমার জর
দেখছ। অমনি করে ডেকে ডেকেই না তুমি আমার
জর নিরে এসো।"

অসমঞ্জ একটু হাসিয়। বলিল, "ভাই বটে; ভোমার নাকি মোটেই অত্থ হয় না নলা, ভাই তুমি এ কথ। বলছ। এ রকম কথা বলা বরং আমার মানায়, ভোমার মানায় না। ভবু যদি রোজ মাথা ধরা, গা গরম না হতো,—"

নলা চুপ করিয়া আকাশের পানে তাকাইয়া রহিল। অসমল বলিল, "ভনছো নলা, তোমার বিভদার ধবর পেলুম।" নন্দা ব্যগ্ন হইয়া জিজ্ঞাসা করিল, "কি ধবর ?"
অসমঞ্জ একটু হাসিয়া বলিল, "বেশই আছে, কোনও
অন্তথ্য বিশুধ নেই। শুনে আশ্চর্য্য হবে নন্দা, সে আর কোথাও নেই. এখানে—এই কলকাতাতেই আছে।"

বিশ্বণতি এখানে আছে অথচ নলাকে একটা সংবাদ দেয় নাই, তাহার সহিত একটাবার দেখা করে নাই, এ কথা কথনও বিশ্বাস হয় ? নলা যখন তাহার পারের উপর মাথা রাখিয়া চোখের জলে ভাসিয়া অঞ্চল্লফ্ কঠে বলিয়াছিল, "পত্র দেবে তো বিশুলা,—একটা খবর দিয়ো কেমন আছ—" তখন সে জোর করিয়াই বলিয়াছিল, "দেব বই কি,—থবর নিশ্চয়ই দেব।"

অতথানি জোর দিয়া যে কথা বলে সে মাছৰটা নিজেই কি মিথ্যা, অপদার্থ? মাত্র্য এমনও হইতে পারে?

তবু নদা জোর করিয়া বলিল, "বিশুদা এখানে আছে—থবর দেয় নি, এ কথা কার কাছে তৃমি শুন্লে ? এ কখনও হতে পারে—সে একেবারে—"

অসমঞ্জ বাধা দিল,—"হয় নলা, জগতে অসম্ভব কিছুই নেই; একদিন যা অসম্ভব থাকে কোনও এক সময় সেইটাই সম্ভব হয়ে যায়, এ কথা মানো তো গু ভোমার ক্বছ উপকার হয় তো তার মনে আছে, হয় তো মনে পড়ে তাকে তুমি কি রকম সেবা য়তু দিয়ে বাচিয়েছ, তরু সে আসতে পারবে না,—আসার মত মুখ তার নেই। যে পবিত্রতা থাকলে মাছ্ম অবাহে সকলের সজে মিশতে পারে, সে পবিত্রতা তার নেই,—আগে হয় তো ছিল, এখন নই হয়ে গেছে। আমি কারও মুথে তানে এ কথা বিশাস করি নি, আজ নিজের চোখে তাকে দেখে আমার তুল ভেকেছে। আছ পথে তার সক্ষে আমার দেখা হল, সে থানিক আমার পানে চেয়ে থেকে ছুটে চলে গেল, আমি অবাক হয়ে কেবল তার পানে তাকিয়ের ইইলম।"

নশা ধানিক চুপ করিয়া থাকিয়া বলিল, "বুঝেছি, বিভাগা আবার নেশা করতে সুস্ক করেছে। যাক, সে কোথার আছে দে ধবরটা জানতে পেরেছ ?"

অসমঞ্জ অক্সমনত ভাবে ব্লিল, "সে সন্ধান না নিয়ে আমি আসি নি নন্দা। সেঁ যে আনুগার আছে, সে আনুগার ভজুলোকের ছেলে সংজ্ঞানে যায় না।"

नन्तात्र भूषधाना काटना इहेबा ८ गन।

সেই রাজিটা সে মোটেই ঘুমাইতে পারিল না; ছোটবেলাকার স্বতিগুলা ছারাচিত্রের মত তাহার মনে কাগিরা উঠিতেছিল।

সেই বিশুদা,—ভাহাকে কি স্নেইই না করিত, কত ভালোই না বাসিত। মনে পড়ে, একদিন পাড়ায় কোথায় কোন্ অকাজ করিয়া বিশুদা পলাইয়াছিল, ছদিন ফিরে নাই! নন্দা তথন কাদিয়া কাদিয়া চক্ষ্ ফুলাইয়াছিল। বিশুদা পলাইয়াও নিশ্চিম্ব থাকিতে পারে নাই, একদিন সন্ধ্যায় আসিয়া দেখা দিয়া গিয়াছিল।

এ সেই বিশুদা; এখানে—এত কাছে থাকিয়াও সে একটা সংবাদ দিল না. একবার দেখা করিল না।

মান্ত্ৰের পরিবর্তন অস্বাভাবিক হইরাও এত স্বাভাবিক হইরা যার, করেক মান পূর্বে যাহাকে দেখা যার, প্রকৃতিগত বৈলক্ষণ্য তাহারও মাঝে লক্ষিত হয়।

কিছ সেই বিশুদা—বে একদিন মাতালকে খুণা করিত, চরিত্রহীনকে খুণা করিত, আন তাহাকে মাতাল করিল কে, চরিত্রহীন সান্ধাইল কে?

নলার চক্ষু তুইটা কতবার অঞা পূর্ণ হইয়া উঠিল। ছই হাতে আর্ত্ত বক্ষটাকে চাপিয়া ধরিয়া ভাষাহীন প্রার্থনা করিতে লাগিল—"ওকে ফিরাও প্রভু, ওকে ফিরাও; একটা মালুবের অম্ল্য জীবন এমন ভাবে নষ্ট হতে দিয়ো না,—ওকে পথ দেখাও, ওকে আলো দেখাও।"

মধ্যরাত্রে অসমঞ্জের ঘুম ভালিরা গেল। পার্ম্বে কে বেন দীর্ঘনি:খাস ফেলিল,—"নন্দা—" কৃষ্ক কণ্ঠে নন্দা উত্তর দিল, "কেন ?"

স্ত্রীকে পার্থে টানিরা আনিরা অসমগু জিজ্ঞাসা করিল, "এ কি, এত রাত পর্যান্ত তুমি জেগে আছে, এখনও মুমোও নি ?"

নলা উদ্ভর দিল না, বামীর বুকের মধ্যে মুখ্থানা রাথিয়া দে নীরবে চোথের জল ফেলিল। °

অসমঞ্জ অন্ধলারেই তাহার মুখের উপর হইতে চুলগুলি সরাইরা দিতে দিতে স্তেহপূর্ণ কর্পে বলিল, "বুঝেছি,
বিশুদার অধ্যপতনের কথাই ভাবছ; তোমার মনটা বড়
থারাপ হরে গেছে। কিন্তু কেন নন্দা, সে ভোমার
এমন কেউ নিজের লোক নর বার অধ্যপতনে ভোমার
মনে আঘাত লাগবে। তুমি অভ ভেকে পড়লে কেন
নন্দা ?"

কৃত্ধ কঠে নলা বলিল, "তোমায় এতদিন অনেক কথাই বলেছি, একটা কথা কেবল গোপন করে গেছি, সে জন্তে আমায় মাপ কর। বিশুদা আৰু অধঃপাতের শেব ধাপে গিয়ে গাঁড়িয়েছে, সে আৰু মাতাল,—চরিত্র-হীন,—তোমরা তাকে মুণা করবে; কিছু বদি জানতে তার এই অধঃপতনের মূল কে, তা হলে তাকে মুণা করতে পারতে না।"

সোৎস্কে অসমগ জিজাসা করিল, "কে নন্দা, কে ভার অধঃণতনের মূল ।"

"আমি—ওগো, দে আমি—"

নকা তৃই হাতে অসমঞ্জের একথানা হাত নিজের মুখের উপর চাপিরা ধরিল।

আকাশ হইতে পড়িয়া অসমগ্র জিজাসা করিল, "তুমি ?"

উদ্যাসিত চোথের জল কোনমতে চাপা দিয়া বিকৃত কঠে ননা বলিল, "হাঁ, আমিই ৷ তুমি জানো না, বিশুদা ছোটবেলা হতে আমার ধ্ব ভালোবাসত; আমার সঙ্গে তার বিদ্যে হয় নি, সেইজ্জে সকলের পরে—বিশেষ করে আমার 'পরে রাগ করেই সে অধ্যপাতের পথে গেছে, নিজেকে ধ্বংস করেছে।"

অসমন্ত থানিককণ চুপ করিয়া রহিল, ভাহার পর হঠাৎ হো হো করিয়া হাসিয়া উঠিল।

নন্দ। নিজ্জীবের মত পড়িয়া রহিল। তাহার মনে হইল, বামীর যে ভালোবাসা সে পাইয়াছিল, এই সময় হইতে তাহা সে হারাইয়া ফেলিল।

অসমঞ্জ পত্নীর মাথার হাতথানা বুলাইয়া দিতে দিতে বলিল, "তা হলে বুঝেছ মন্দা—তোমার অংজেই দে অধংশতে গেছে বলে তাকে সংশোধন করে কিরাতে হবে তোমাকেই? তার প্রীর সে ক্ষমতা নেই, কারণ তাকে কেবল প্রী নামে পরিচিতা হওয়ার গোরবটাই দেওয়া হয়েছে, স্বামীর 'পরে অধিকার তার এতটুকু নেই। আমি এতে মত দিছি নন্দা; কারণ, স্মামি তোমায় বিশ্বাস করি, আমি তোমায় ভালোবাসি। আমায় সেই বিশ্বাস, সেই ভালোবাসা তোমায় অটুট রেখে তাকে ফিরিয়ে আনবে তোমাকে দিয়ে।"

নন্দা ক্ষকতে বিশাস, "প্ৰত্যি তুমি আমায় বিখাস ক্র ?"

তা অসমজ গাঢ়খনে বলিল, "ইয়া করি, কেন না আমি ভোমার কেবল চোথে দেখে ভালোবাসি নি, মুগ্ধ ইই নি; ভোমার আমি অস্তর দিরে পেরেছি, ভোমার অস্তরের পরিচর পেরেছি। ভোমার অবিশাস ? না নন্দা, সে দিন, সে সময় যেন না আসে, ভোমায় যেন চিরদিন এমনই চোথে আমি দেখে যাই।"

নকার চোপ্র দিয়া জল গড়াইরা অসমঞ্জের হাতের উপর পড়িতে লাগিল।

অগমঞ্জ ডাকিল, "নন্দা—"

আর্ত্রকণ্ঠে নন্দা বলিল, "আমার আশীর্কাদ কর গো, যেন ভোমার বিখাপ অটুট রেখে ভোমার স্ত্রী হরে মাথার সিঁদ্র নিয়ে মরতে পারি; মরার সমর যেন ভোমায় সামনে দেখতে পাই।"

(२२)

মাস আট নয় বিশ্বপতির কোনও সংবাদ না পাইয়া স্নাতন উদ্বিগ্ন হইয়া উঠিল।

এই আয়ভোলা লোকটিকে দে ষণার্থ ই স্লেছ করিত, ভালোবাদিত। কল্যানী চলিয়া ষাপ্তয়ার দনাতন বিশ্ব-পতির জভই ব্যাকুল হইয়া পড়িয়াছিল, এই লোকটাকে কি বলিয়া সারনা দিবে ভাহাই দে ভাবিয়া পায় নাই। বিশ্বপতি দে আঘাত যখন হাসিম্থে সহিয়া গেল, তথন সভ্যই দে যেন নিঃখাস ফেলিয়া বাঁচিয়া গেল। অনেক কিছু সে ভাবিয়া রাখিয়াছিল, চুপি চুপি তুই একটা মেয়ে দেখিয়া রাখিতেছিল, ভাবিয়াছিল—বিশ্বপতিকে দে আবার সংসারী করিবে। সংসাবে থাকিতে গেলে

থ্যন কত আঘাত মাহ্বকে সহিতে হর; লোকে কি সে আঘাতের বেদনা ভূলিরা গিরা আবার নৃত্য করিরা সংসার পাতে না ? হর সবট,—সন্তান মারা গেলে মা প্রথমে শোকে বাহজান হারাইলেও আবার উঠে, আবার হাসে। অমন যে নিদাকণ সন্তান-শোক, তাহাও চাপা দিতে হর।

কিন্ধ ভাহার সকল ইচ্ছা নিজন করিয়া বিশ্বপতি যথন নন্দার কাছে ঘাইভেছে বলিয়া কলিকাভার চলিয়া গোল, ভথন সনাতন নন্দার উপর একেবারে থড়াহন্ত হইয়া উঠিল।

হয় তো কল্যাণীকে শইয়া বিশ্বপতি সুথেই জীবন্যাত্রা নির্কাহ করিতে পারিত, যদি দীর্ঘ দিন পরে নলা আবার নৃতন করিয়া মাঝখানে জাসিয়া না দাঁড়াইত। সে আকর্ষণ করিল বলিয়াই বিশ্বপতি গৃহের মায়া উপেক্ষা করিয়া দ্রে চলিয়া গেল, হতভাগিনী কল্যাণী গৃহত্যাগ করিয়া কোথায় গেল কে জানে! বিশ্বপতির গৃহ শুশান হইল, কল্যাণীর বড় সাধের সাজানো সংসার ভালিয়া চ্রমার হইয়া গেল। বিশ্বপতিকে স্থলী করিবার জম্ভ সনাতন জাবার বে আয়োজন করিতেছে, নদা সে চেটাও ব্যর্থ করিয়া হিয়া বিশ্বপতিকে কাছে ডাকিয়া লইল।

দিনের পর দিনগুলা কাটিয়া যাইতে লাগিল, বিশ্বপতি ফিরিল না, একথানা পত্রগু দিল না। সনাতন নন্দার উপর আংক্রোশ লইয়া ফুলিতে লাগিল।

বাকি থাজনার দায়ে খেদিন জমীদারের গোনন্তা আসিয়া যা না তাই বলিয়া অপমান করিয়া গেল, সেই দিনই ঘরের দরজায় ভবল তালা ঝুলাইয়া দিয়া সনাতন একেবারে সোজা টেকট কিনিয়া টেন আসিবামাত সকলের আগে টেনে উঠিয়া বলিল।

কলিকাতায় ননার বাড়ী গিয়া সে ননাকে ঝেল দশ কথা শুনাইয়া দিবে। তাহাতেও যদি সে বিশ্বগতিকে মুক্তিনা দেয়, সনাতন ননার সামীকে সব কথা বলিয়া দিবে এই তাহার দৃঢ় প্রতিজ্ঞা।

বেচার। অসমঞ্জের জন্ম ভাহার কট হইতেছিল বড় ক্ম নর। তাহাকে সমাতন একবার মাত্র দেখিয়াছিল। আশ্বা হইয়া ভাবিয়াছিল—নন্ধার এমন স্বামীকেও দে চ্চালোবাদিতে পাৰে নাই,—এখনও সে বিশ্বপতিকে ভালোবাদে কি করিয়া? অসমজের মত সুপুক্র, মহৎ ক্ষান্ত লোক খুব কমই দেখা যায়। নন্দার অদৃইক্রমেই সে অমন বামী পাইয়াছে। শিক্ষায়, চরিত্রে, আরুতিতে, ক্ষান্দাদে অসমজ সর্বভ্রেষ্ঠ, এমন কথা বলাও তো অত্যক্তি সেয়। নন্দা এমন বামীর স্ত্রী হইয়া আঞ্জও তাহাকে ভ্রনা করে, ইহাই বড় আশত্রেয়র কথা।

শব্দ অসমঞ্জ বেচারা কিছুই জানে না। তাহার বী
শৈরপুরুবের চিন্তার আপনহারা, সে বেচারা নিজের সমস্ত
ভালোবাসা সেই বীকেই উজাড় করিরা ঢালিয়া দিরা
বাইতেছে। স্বপ্লেও তাহার মনে কোন দিন জাগে নাই—
তাহার স্থীকে যাহা সে ভাবে, সে তাহা নয়। কল্যাণীকে
সকলে আজ ঘণা করে, তাহার নাম মুথে আনিতে যে
কোনও মেরে মুথ বিরুত করে, তাহার কথা কেই তানিতে
চাহে না, কিন্তু সে যে অত্তপ্ত বাসনা লইরা গৃহত্যাগ
করিয়া গেছে, নলার অন্তরের অন্তরালে তাহাই নাই
কি ? আজ নল। সতী সাবিত্রীর আসনে প্রতিষ্ঠিতা
থাকিয়া লোকের শ্রদ্ধাতিজ আকর্ষণ করিতেছে কি
করিয়া ? সনাতন তাহার উপরের আবরণ ছিরভির
করিয়া দিয়া জগৎকে দেথাইবে—আজ ভাগ্যদোষে
কল্যাণী যেথানে গিয়া দাঁড়াইয়াছে, নলার স্থানও
সেইথানে,—প্রশা পাইবার হথার্থ অধিকারিণী সে নয়।

সমন্ত পথটা সে ভাবিতে ভাবিতে চলিল, যদিই সে বিশ্বপতিকে ঘরে ফিরাইরা আনিতে না পারে, তাহা হইলে অসমজ্ঞকে এসব কথা বলা উচিত কি না। এ সংবাদ শুনিলে অসমজের মনের মুখণান্তি চিরদিনের জন্ত নষ্ট হইরা যাইবে, হয় তো আঘাত সহিতে না পারিয়া সে আত্মহত্যা করিবে, নয় তো পাগল হইয়া যাইবে। সেইটাই কি ভালো হইবে? একজনকে রক্ষা করিতে গিয়া আর একজনকে হত্যা করার মহাপাপ কি সনাতনকে আশিবে না?

ট্রেণ ধথন শিয়ালয়তে আসিয়া পৌছিল তথনও সে কঠবা ঠিক করিতে পারে নাই।

পথে চলিতে চলিতে দে একরকম কর্ত্তব্য ঠিক করিয়া লইল। অসমঞ্জকে কোন কথা বলিয়া এখন লাভ নাই, নন্দাকে সত্তক করিয়া দিলেই চলিবে। নন্দার বাড়ীর সামনে বধন সে আসিরা গাড়াইল, তথন অসমঞ্জ কোথার যাইবে বলিয়া বাহির হ**ইতেছিল,** মোটরধানা বাড়ীর সামনে প্রস্তেত হইয়া ছিল।

স্নাত্ন নিকটে গিয়া দাড়াইল, স্মন্ত্রে একটা নুমুজায়ও ক্রিল।

বৃদ্ধ লোকটার পানে তাকাইরা অসমজ মনে করিতে পারিল না ইহাকে কোথার দেখিয়াছে। সে জিজ্ঞাসা করিল, "কোথা হতে আসা হচ্ছে ?"

সনাতন কুন্তিত কঠে বলিল, "আমি নন্দা দিদিমণির দেশের লোক, তার কাছেই এসেছি।"

অসমগ্র নিকটন্থ ভৃত্যকে আদেশ করিল, "একে বউদিদিমণির কাছে নিয়ে যাও, তাঁকে বলে দাও গিছে এ তাঁর বাপের বাড়ী হতে এসেছে।"

সে গাড়ীতে চলিয়া গেল, ভূত্য সনাতনকে বরের মধ্যে বসাইয়া নলাকে সংবাদ দিতে গেল।

ধনীর গৃহসজ্জা দেখিয়া দরিত্র সনাতন আশ্চর্যা হইরা তাকাইয়া রহিল। এত নৃতন ও আশ্চর্যা জিনিস সে কথনও চোখে দেখে নাই। একটা দীর্ঘনিঃখাস কেলিয়া মনে মনেই সে বলিল, "দাঠাকুরকে সহজে-এখান হতে নিয়ে যাওয়া যাবে না তা বেশই বোঝা যাজে।"

নন্দা পর্দার পাশে ভিতর দিকে আসিরা দাঁড়াইল, একবার উকি দিয়া দেখিয়া সাগ্রহে বলিয়া উঠিল, "ওমা, তুমি সোনা দা । আমি ভাবছি দেশ হতে ধবর না দিরে এমন অসমত্রে কে এল । এখানে বসলে কেন,— ভেতরে এসো।"

সনাভন মলিন হাসিয়া উঠিল।

ছিতলে নিজের ঘরে নন্দা তাহাকে বসাইল।

ভার পর,—"হঠাৎ যে সোনাদা, কি মনে করে ? তুমি যে কলকাভায় আসবে তা খেন একেবারে স্বপ্নেম্বও অগোচর। দেশের সব ভালো ? মৃথুযোদের বাড়ী, শিরোমণি মশাইরা, জগৎ পিসী, ভার ছেলে বউ—"

সনাতন ঈবৎ হাসিরা জানাইল সব ভালো,—কারও কোনও অস্বও নেই।

নকা উৎস্ক ভাবে জিজাসা করিল, "এবার বর্গার ধ্ব জল হয়েছে—সেই সেবারকার মত ? পুকুর, থানা, নদী, বিল সব জলে ডুবে গেছে.—পাড় ছাপিয়ে পথে খাটে জল এসেছে ? আছো সোনাদা, রারেদের বাগানে সেবারকার মত এক বুক জল দাঁড়িরেছে,—ছেলে মেরেরা কাগজের নৌকো গড়ে, মোচার খোলার মৌকো করে ভাতে ভাসার ? শুনছি না কি এবার ধান জন্মার নি,— সব দেশে এবার না কি ভূজিক হবে ? ওথানে ধান কি রকম হরেছে সোনাদা ?"

সনাতন বলিল, "হুভিক্লের কথা কি করে বলব দিনিমণি ? জামাদের গাঁরে এবার তো বেশ ধানই হয়েছে; জল যেমন প্রতি বছর হয় তেমনই হয়েছে, —খুব বেশীও নয়, খুব কমও নয়—পরিমাণমত।"

আরও কত কি জিজাদা করার মত কথা আছে, কিন্তু দনাতনের শুকু মূথের পানে তাকাইয়া তাহার আহাকের কথা মনে করিয়া নলা উঠিয়া পড়িল—"ওমা, তোমার থাওয়ার কথা একেবারেই ভূলে গেছি সোনাদা, আল সারা দিন বোধ হয় তোমার থাওয়া হয় নি। একটুবোদ, আমি বামূন ঠাকয়ণকে তোমার থাওয়ার বথা বলে আদি।"

সনাতন বলিল, "আমি খেরে এসেছি,—আমার খাওয়ার অক্টে ভোমার ব্যস্ত হতে হবে না। ভোরে উঠেই ভাতে-ভাত বেঁধে খেরেছি।"

্ কিন্তু নকা কিছু না থাওয়াইয়া ছাড়িল না। দুনাতনকে হাত পা ধুইয়া জলখাবার থাইতে হইল।

নন্দা গল্প করিতে বসিল। সে গল্প তাহার গ্রামের সম্বন্ধে! কিন্তু আশ্চর্য্য---সকলের কথাই সে জিজ্ঞানা করিল, বিশ্বপতি বা কল্যাণীর নাম সে মুখেও আনিল না।

অনেক কথাবার্তার মধ্যে সনাতন জিজ্ঞাসা করিল, "দাঠাকুর কোথার দিনিমণি, তাঁকে দেখতে পাছি নে। ওঁর কাছে বিশেষ দরকার বলেই এসেছি, আবার সন্ধ্যার ট্রেনে আক্সই আমার ফিরে বেতে হবে।"

নলা তক মূথে উত্তর দিল, "বিওদা তো এখানে মেই সোনাদা।"

সনাতন বিষায় করিল না, একটু হাসিয়া বলিল, "আমাকে কেন আর মিছে কথা বলে ভূলাচ্ছ দিদিমণি? আৰু আট নর মাস হল দাঠাকুর ভোমার বাড়ী আসেবে বলে এসেছে। ভার পর এতগুলো বে পত্র দিল্ম—একথানার উত্তর পর্যন্ত দিলে না। মায়বটার আজেল

দেখ একবার.--পেছন ফির্লে আর যদি একটা কথা মনে থাকে। আমি বক্ষের মত ভার বাডী-বর আগলে नित्त वतन चाहि,-- अक्टा मिन चामात्र वांकी क्लारन নড়বার যো নেই,—যেন আমারই সব দার। তুমিই বল দিদিমণি,—বুড়ো ব্য়দে লোকে কত তীর্থধর্ম করে, — সামার সে তীর্থধর্ম করা চুলোর বাক, একদিনের জ্ঞে বাড়ী হতে বার হওয়া চলে না.-- এ রক্ম করলে চলে কি করে? একটা মাত্র মেরে প্রারই খবর দিয়ে পাঠাচ্ছে--্যেন ভার কাছে গিরে শেষ জীবনট। একট আরামে কাটাই। সভিত কথা বল দিদিমণি,---চোধের দৃষ্টি গেছে, গান্তের শক্তি গেছে, এখন নাতি নাতনী, মেরে জামাই সব থাকতে কে আর থেটে থেতে চার ? ওই যে একটা কথা আছে-পরের বন্ধনে বন্ধন, আমার হয়েছে ঠিক তাই। পরের বাডী-ঘর জিনিসপত্র নিয়ে এমন জড়েরে পড়েছি. এক দণ্ড যদি হাঁফ ফেলবার অবকাশ থাকে। কেন বাপু, তোমার জিনিস বাড়ী তুমি গিয়ে দখল কর, আমি চলে যাহ, আমি কেন জড়িরে থাকি ?"

কীণকঠে নকা বলিল, "সে কথা ঠিক। কিন্তু বিশুদার দত্তরই যে তাই সোনাদা। এই দেখ না, এই কিছু দিন আগে প্রীতে সেবারে কি ব্যারামটাই না হল। অত সেবা-বফ্ম করে বাঁচিয়ে তুলে দেশে পাঠালুম। মান্ত্র্য কি না একখানা পত্র পর্যান্ত না দিয়ে কেমন নিশ্চিত্ত হয়ে রইল। ভেবে মরি। তার পর এই সেদিন মাত্রু বুংখ বিশুদার ধবর পেলুম যে সে না কি এখানেই আছে, কিন্তু সে এমন জারগার আছে বেখানে সহজে কেন্ট্র যেতে পারবে না।"

আশ্চর্য্য হইরা গিয়া দ্নাতন বিজ্ঞাসা করিল "তা হলে স্তিট্ট বিশুদা এখানে নেই ?"

নন্দা জোর করিয়া মূথে হাসি টানিয়া আনিরা বলিল, "আমি কি মিছে কথা বলছি সোনাদা? এথানে থাকলে ডুমি যে এতক্ষণ এসেছ নিশ্চয়ই দেখতে পেতে, —সে কোথার লুকিরে থাকতো ?"

খানিক চুপ করিয়া থাকিয়া সে বেদনাপূর্ণ কঠে আবার বলিল, "বার যা খভাব তা কি কিছুতেই বার সোনাদা ? যে খেছোর পিছল পথে একবার পা দিয়েছে, লো পিছলে যাবেই,—ভার চলার গতি রোধ:করবে কে, ভাকে বাধা দিতে শক্তি কার? বিশুদাকে ঠেকান ভোমার, আমার বা বউদির কাল নয়। ও যথন জেনে-শুনে ধ্বংসের পথে চলেছে তথন ওকে বাঁচানো

একটা দীর্ঘনি:খাস ফেলিয়া সনাতন বলিল, "ব্ঝেছি
দিমিনি, আর বলতে হবে না। দাদাঠাকুরের এমনি
অধংপতন হয়, তবু আবার সে বরে ফিরত কেবল ম।
অস্মীর টানে। কিছু সে বাধন কেটে গেছে বলেই সে
আর কোন দিন ধরের পানে ফিরবে না। সে যাক্—
কিছু আমিই বা আর কত দিন ধধের মত ওই বাড়ী-ঘর
আগলে বসে থাকব বল দেখি দে

ি বিস্মিতা নক্ষা জিজ্ঞাসা করিল, "গুরের বাঁধন কেটে গুরুছে—মানে?"

সনাতন শুফ হাসিল মাত।

ৈ ইহার পর সে যখন কল্যাণীর গৃহত্যাগের কাহিনী বর্ণনা করিল, তখন নন্দা একেবারে গুডিতা ইইয়া গেল।

না, বিশুদাকে অধংপাতে যাইবার জন্ত দোষ দেওলা যায় না। একপ আঘাত পাইলে ষাস্থ্য আতাহত্যা করে, বেদনা ভূলিবার জন্ত যে কোন দিকে চলিয়া যার, যে কোনও প্রলেপ দিতে চায়। বিশ্বপতি পাগল হয় নাই, আতাহত্যা করে নাই, মদ থাইয়া জালা জুড়াইতে চায়।

মনে পড়িয়া গেল কল্যাণীর সেই বিবর্ণ মুখধানা। ছই হাতে দরজাটা চাপিয়া ধরিয়া সে দাঁডাইয়া ছিল। তাহার নয়নে সে কি দৃষ্টি, তাহার মুখে সে কি ভাব ফুটিয়া উঠিয়াছিল। স্বামীর পার্থে নলাকে দেখিয়া সে কি ভাবিয়াছিল,—তাহার অস্করে কতথানি মানি, কতথানি ঈশা জাগিয়াছিল ?

সে ভূল করিয়াছে,—সে নন্দাকে চিনে নাই। নন্দার মধ্যে যে সভ্যকার স্থী জাগিয়া আছে তাহাকে দেখিতে পায় নাই।

এই সামান্ত ভূলের বলে সে যে কাজ করিয়াছে ভাহা যে অসীম, অনন্ত ! ইংার তো শেব নাই; স্থতরাং সংশোধনও করা বাইবে না। ভাহার সারা জীবনটা কলত্ব-কালিমা-মণ্ডিত থাকিয়াই বাইবে,—এ কলত্ব হইতে মৃত্তি পাইবার পথ নাই, উপার নাই। হার হতভাগিনি! করিলে কি? নিজের সর্বাহ্য নট করিলে, অ্যামীর সর্বাহ্য নট করিলে, নন্দারও স্থাপাতি সব ঘুচাইলে!

খনেক অন্থরে ধেও সনাতন নন্দার বাড়ীতে রাজি বাপন করিল না; বলিল, "কি করে থাকব দিদিমণি, দাঠাকুরের জিনিসপত্র সব আমার জিলার ররেছে। বদি কোন রক্ষে এত টুকু নই হরে বার আমি যে ধর্মে পতিত হব। কোন্দিন নিজের ধরের কথা তার মনে পড়বে, সেদিনে সে ফিরে যথন দেখবে ঘর ভার নই হয়ে পেছে—যেখানে যে জিনিসটী কেলে গেছল সেখানে তা নেই, সেদিন আমার কি বলবে, ভাবো দিদিমণি ?"

এই অশিক্ষিত গ্রাম্য লোকটার মনের মহান ভাব দেখিয়া ননার চোধে জল আফিল।

কৃত্ব কঠে সে বলিল, "তুমি যাও সোনাদা। আমি
শেষ একবার চেটা করে দেখব যদি কোন রকমে বিশুদাকে
ঘরে পাঠাতে পারি,—যদি তাকে আবার সংসারী করতে
পারি। এ রকম ব্যাপার প্রায়ই তো ঘটে সোনাদা, মাছ্র
সামান্ত ভূলে ভয়ানক সর্বনাশও করে ফেলে। তা বলে
স্বাই তো ঘর ছেড়ে উদাস হয়ে বার হয় না,— ঘরের
মান্ত্র্য ঘরেই থাকে। প্রাণপণ চেটা করেও বিশুদাকে
আমি ঘরে ফিরাব। যত দিন সে দিন না আসে, তুমি
তার ঘরথানা, তার দলিলপত্রগুলো দেখো।"

সনাতন বিদায় লইল।

(२०)

মাত্র ছই দিনের জাল যে অভিথিকে চক্রা বাড়ীতে ডাকিয়া আনিয়া হান দিয়াছিল, সে যে চিরকালের মতই জাদন পাতিয়া বদিয়া পড়িবে ভাষা চক্রা ভাবে নাই।

চন্দ্রা চার না বিশ্বপতি এখানে থাকিরা এমনই ম্বণিত ভাবে জীবন বাপন করে। বে বাহাকে ভালোবাসে সে তাহাকে নীচু দেখিতে চার না। সে চার—তাহার ভালোবাসার পাত্র উপরে থাক—আরও উপরে উঠক।

চন্দ্ৰা বিশ্বপতিকে বাড়ী যাইবার জন্ম যতই পীড়াপীড়ি করে, বিশ্বপতি ততই তাহাকে আঁকড়াইরা ধরে।

সেদিনে খ্ব রাগ করিয়াই চন্দ্রা বলিল, "তুমি বাড়ী যাবে কি না বল দেখি ?"

বিশ্বপতি উত্তর দিল না, কেবল মাথা নাড়িল।

েচন্দ্রা দৃপ্ত হইরা বলিল, "ও-কথা বললে চলছে না।
ভোমার বাড়ী-ঘর সব গেল, আর তুমি এখানে দিবিয়
ভয়ে বলে দিন কাটাছে। বাড়ী যাবে না, আমি কি
ভোমার চিরকাল এখানে রাখব গ"

বিশ্বপতি বলিল, "বাড়ী-খর জামার কিছুই নেই চন্দ্রা।"
ঝাঁজের সলেই চন্দ্রা বলিল, "না, তোমার কিছু নেই,
তৃমি একেবারে পথের ভিথারী! ভোমার মতলবটা
কি বল দেখি। তৃমি কি চিরকালের জভ্তে এখানেই
থাকতে চাও।"

বিখপতি হাসিল,—"থাকলামই বা, ভাতে ভো ভোমার অস্থবিংধ নেই চধ্ৰা!"

চন্দ্রা এই আশ্রুবা-প্রকৃতি লোকটীর পানে থানিক তাকাইরা রছিল। তাহার পর নরম হুরে বলিল, "আমার ক্ষতি অহুবিধা হোক বা না হোক, তোমার যে যথেষ্ট ক্ষতি হচ্ছে, এ কথা তো অস্বীকার করতে পারবে না। আগে মনের মধ্যে যেটুকু সংপ্রবৃত্তি ছিল, এখন তাও গোছে। আমার বাড়ীতে দিনরাত রয়েছ, লোকে জানতে পারকে মুখে যে চূণকালি দেবে, সে ভর্মুকু পর্যান্ত নেই। তোমার কেউ দেখে আজ ভদ্রলোকের ছেলে বলতে পারবে কি? যেমন আকৃতি—প্রকৃতিও ঠিক তারই মত হচ্ছে যে।"

বিশ্বপতি প্রচুর হাসিতে লাগিল। তাহার হাসিতে বিরক্ত হইরা চক্রা বলিল, "নাও, হয়েছে, হাসি থামাও। সব ভাইতে ওই বে হাসি, ও আমি দেখতে পারি নে। কি বে হয়েছে ভোমার—মহব্যজ্জান এভটুকু নেই। সেদিনে সেই ছাইভারটার সঙ্গে কি সব কথাবার্তা বলতে ক্রক করলে বল দেখি,—ক্জার তখন আমার মাথা যেন কাটা গেল।"

হাসি থামাইয়া বিশ্বপতি বলিল, "তথন সেটা না ব্যবেও পরে আমিও তা ব্যেছিল্ম চক্রা। কিছু জানোই তো—মাতালের হিতাহিত বোধ থাকে না। একটা কথা চক্রা, তুমিই বা ওর কাছে ভদ্রলোকের ছেলে বলে আমার পরিচর দিতে গেলে কেন, বললেই হভো তোমার বাড়ীর চাকর বা বাজার সরকার ?"

চক্রা মুখ ভার করিয়া রহিল।

বিশ্বপতি বলিল, "সেজতে যে আমার মনে এতটুকু কট হতো—তা নর। কেন না, জানই তো, আত্মস্থান-বোধ আমার মোটেই নেই,—ওসব বালাইরের ধার আমি ধারি নে। ই্যা, যেদিন পথে এখানে আমার প্রথম দেখলে, সেদিনও একটু ছিল—যার জক্তে আমি আসতে চাইনি। কিছু তুমি আমার জার করে সেদিনে ধরে নিরে এলে। সেদিনে আমার মনে এতটুকু জান ছিল—আমি ডদুসন্তান,—আমার সমাজ আছে, ধর্ম আছে,—আমার লোকের কাছে মুখ দেখাতে হবে। কিছু আজ সে জান চাপা পড়ে গেছে চন্দ্রা,—আজ আমি পশুরও অধম হয়েছি। আজ আমার কি মনে হয় জানো? মনে হয় সমুদ্রের বুকে বিছানা পেতেছি, তেউ আসছে—আফ্ক, আমার ভো ডুবাতে পারবে না।"

চন্দ্র। অন্তমনত্ব ভাবে জানালা-পথে বাহিরের পানে তাকাইরা ছিল, থানিক নীরবে থাকিরা মুথ ফিরাইল। ছইটী চোথের দৃষ্টি বিশ্বপতির মুথের উপর রাথিরা রুজ কঠে বলিল, "আমি যদি জানতুম তুমি পিছল পথের সন্ধানেই আছে, তা হলে তোমার কথনই সেদিন ডেকেনিতুম না। যে ভূল করেছি, তার জলে নিজেই অন্তাপ করিছি, কাউকেই সেজজে দোব দিচ্ছিনে—দেবও না। কিন্ত একটা কথা বল দেখি, ভোমার মত অনেকেই তো অধঃপাতে যার, তারা কি আর সংহর না, আর কি ঘরে কেরে না প্র

বিশ্বপতি হাসিল, বলিল, "যাবে না কেন ? আমিও যেতৃম, যদি আমার কেউ থাকজ,—আমার হর জালাপ্রদ না হরে শান্তিপ্রদ হতো। আমি কোথার ফিরে যাব ? ঘর আমার কাছে শুলান হয়ে গেছে,—ঘরের দিক হতে কোন ডাকই আর আমার কাণে আসে না। আজ ভাবি চন্দ্রা, যদি কেউ থাকত—; আমার মুথের পানে ভাকাতে, আমার ব্যথায় সাহ্বনা দিতে, আমার চোথের জল মুছিয়ে দিতে যদি আমার মা কিহা একটা বোনও থাকত চন্দ্রা—"

বলিতে বলিতে তাহার কণ্ঠখন কছ হইয়া আসিক, আত্রগোপনের কন্তই সে তাড়াভাড়ি অন্ত দিকে মুধ কিনাইল।

मूहर्छ मत्भा तम नित्कत्क मामनाहेबा नहेबा हक्कांब

পানে তাকাইল, বলিল, "আমার যে কেউ নেই তা তো জানোই। সেবার পুরী গিমেছিশুম, মাত্র তিন মাস ছিল্ম —সেও কেবল ব্যারামের জঙ্গে। ব্যারাম যদি না হতো, অনেক জাগেই বাড়ী ফিরতুম। তুমি কি মনে কর—এই তিন মাসের মধ্যে বাড়ীর কথা জামার মনে পড়ে নি, আমি বাড়ী ফিরতে চাই নি ? না চন্দ্রা, তা যদি মনে করে থাকো—জেনো সে ভূল ধারণা, কেন না, আমি অহোরাত্র বাড়ীর কথাই ভাবতুম—সে কি শুধু বাড়ীর জন্দেই? সে বাড়ী তো আজ্বও আছে, তবে আজু কেন আমি তার আকর্ষণ অভ্যুত্তব করছি নে ? তার কারণ, তথন যে ছিল সোজ নেই,—তথন যে কর্ত্ব্যপালনের উৎসাহ ছিল আজু তা নেই। আমি সব হারিয়েছি, আমার সব ফ্রিয়ে

চক্ৰা পলকংশীন নেত্ৰে বিশ্বপতির পানে তাকাইয়া রহিল, আত্তে আতেও বলিল, "তবে যে একদিন বলেছিলে বউদিকে তুমি ভালোবাস না ?"

বিশ্বপতি একটু হাসিল,—"কওঁব্যপালনের মধ্যেও
নিঠা থাকে চন্দ্রা,—নিঠাটাই অজ্ঞাতে হয় তো এতটুকু
ভালোবাসা গায়ে মেথে নেয়। ভাকে হয় ভোলবাসতুম—কিন্তু অন্তরে ভাকে নিতে পারি নি।"

চন্দ্রা জিজ্ঞাসা করিল, "যদি জিজ্ঞাসা করি কিসে সে তোমার অস্থপযুক্তা হয়েছিল,—তার তো রূপ গুণ কিছুরই অপ্রতুল ছিল না, তবু কেন তাকে অন্তরে স্থান দিতে পার নি,—সেটী কি খুব অন্তায় হবে ?"

বিশ্বপতি ধীরে ধীরে মাথা তুলাইল—"অস্থায় কিছু-মাত্র নয় চন্দ্রা, যে এ কথা শোনে সেই জিজাসা করে— কেন জামি তাকে জন্তবের সজে তালোবাসতে পারি নি। আমি এ সব বিষয়ে দিলখোলা লোক, কোন দিন কিছু গোপন করি নি—করবও না।"

বলিতে বলিতে সে হো হো করিরা হাসিরা উঠিল।
তথনই সে হাসি থামাইরা বলিল, "দেখছ, কি রকম
বেহারা,—বে হাসির জতে এইমাত্র কত অপমান করলে,
আবার—"

মর্থপীড়িতা চক্রা বাধা দিয়া বলিল, "কই, কথন ভোষায় হাসিয় ক্জে অপমান করলুম ?" বিশপতি বলিল, "মেরেদের ওই বড় দোব,—এইমাত্র যে কথা বললে—তথনই সেটা ভূলে যার। শোন— পণ্ডিত চাণক্য কি বলেছেন মেরেদের সম্বক্তে—"

চন্দ্র। রাগ করিয়া বলিল, "চাণক্যের কথা তুমিই বোঝ, আমার বুঝবার দরকার নেই, শুনতেও চাই নে।"

বিশ্বপতি বলিল, "বাক, চাণক্য বেচারাকে না হর
নিজ্তি দিল্ম,—উল্বনে মুক্তো ছড়িরে যে কোন লাভ
হবে না,—শেবে ঘুঁজে তুলতে প্রাণাস্ত হবে, তা বেশ
জানি ৷ হাা, রাঙাবউরের কথা বলছিলে তো
লেখেছিলে তো, সে কি রকম সুন্দরী ছিল ।"

চন্দ্রা কেবলমাত্র মাথাটা কাত করিল।

বিশ্বপতি বলিল, "অমন রূপ গুণ কি আমার মত লোকের কুঁড়ে ঘরে মানায়? এ যেন বানরের গলার মুক্তার মালা পড়েছিল,—বানরে তার কোনও মর্যাদা ব্যলে না—রাপলেও না। তার যা ছিল, তাতে তাকে মানাত রাজার ঘরে। আমি তাকে স্বীর স্মানটুকু পর্যন্ত দিতে পারি নি। কেন দিতে পারি নি সে কথা—"

সে থামিয়া গিয়া চক্রার বিবর্ণ মৃথ্<mark>থানার</mark> পানে ভাকাইল।

বছদিনকার পুরাতন একটা জনশতি চন্দ্রার মনে পড়িয়া গিয়াছিল: নন্দা—বিশ্বপতি—কল্যাণী, আরও কত কি।

চন্দ্রা অক্সমনস্ক ভাবে তাহাই ভাবিতেছিল। হঠাৎ বিশ্বপতির কথা থামিয়া যাইতেই, সে সচকিত হইয়া মৃথ তুলিতে দেখিতে পাইল, সে তাহারই মৃথের উপর নীরবে ছুইটা চোথের দৃষ্টি তুলিয়া ধরিয়াছে।

চন্দ্রা বড় অস্বন্তি বোধ করিল। একটু নড়িয়া সরিয়া বসিয়া অর্ক্নশূট স্বরে বলিল, "তার পর---"

বিশ্বপতি জিজ্ঞানা করিল, "কিনের তার পর ? তুমি বড় জন্তমনা হয়ে পড়েছ চন্দ্রা—"

চক্রা জোর করিয়া মূথে হাসি টানিয়া আনিল, বলিল, "সতিটেই তাই, একটা কথা ভাবছিলুম।"

"বুঝেছি—মাছা, একটু পরে কথা হবে এখন।" শ্রান্তভাবে বিশ্বপতি শুইয়া পড়িল।

(ক্রমশঃ)

'পড়া' কি ?

জ্রীভবনাথ মুখোপাধ্যায় এম-এ, বি-এল, এম-এড্ (লীড্স্)

છ

শ্ৰীজ্বণংমোহন দেন বি-এস্দি, বি-এড্

থোকাধুক্দের প্রথম পড়তে শেখানোর জন্ত এ পর্যন্ত অনেকগুলি বই বাজারে বেরিয়েছে। বিভাসাগর মহাশয় থেকে আরন্ত করে রবীজনাথ পর্যন্ত সকলেই এ কাজে হাত দিয়েছেন। "বর্গ-পরিচয়ের" সনাতনী রীতি নিয়ে যথন শিক্ষক এবং শিক্ষার্থী উভয়েই কতকটা বিব্রত, সেই সময়ে "হাতি বুদী" দেখা দিয়েছিল ভার শিশুলোতন ছড়াও ছবি নিয়ে। বাংলা ভাষায় সন্তবতঃ ঐ বইখানিই প্রথম শিশুমনন্তরকে কাজে লাগিয়েছে। ভার পর থেকে এ পর্যান্ত যত বই আয়প্রকাশ করেছে ভাদের সবগুলিই "হাসিধুদীর" ধরণে লেখা। এমন হ'তে পায়ে যে হাসিধুদী আশালুরূপ ফল দিতে পারে নি, ভাই অল বইয়ের প্রমোজনীয়তা আমরা অন্তব্য করছি, কিছ্ক হাসিধুদীই এ বিষয়ে পথ-প্রদর্শক। পরবর্তী সব বইই হাসিধুদীর অন্ববর্তী,—সভবতঃ উল্লেভ্ডর সংক্ষরণ।

এই জাতীয় সব ক'থানি বই মূলতঃ বর্ণমালার ধারা অনুসর্গ করে লেখা; এদের উদ্দেশ্য প্রথমে পাঠার্থীকে বর্ণমালার সন্দে পরিচিত্র করে পড়বার মূল শুত্রটুকু ধরিয়ে দেওয়া। বর্ণমালার সন্দে পরিচয়ে সাহায্য করবার জন্ম ছড়া এবং ছবির আশ্রম নেওয়া হয়েছে; এই জন্ম নেওয়া হয়েছে যে বর্ণমালার শ্বতন্ত্র অক্ষরগুলি শিশুর কাছে অর্থহীন। এ কথা বোঝা শস্তু নয়। বর্ণমালার, বিশেষতঃ আমাদের বর্ণমালার স্থসমঞ্জস এবং স্থলর শুভালার মোহ কিন্তু এই জাতীয় সকল গ্রহকারকে অল্পবিতর অভিত্ত করেছে বলে মনে হয়। তাই সকলেরই লক্ষ্য অক্ষর পরিচয়ের দিকে। এর ফলে শিশুর সহকে বিচার্য্য অন্ত অনেক কিছুই আবহেলিত হয়েছে। কথাটা একটু গোড়ার দিক থেকে বিচার করা ধাক,—বোঝবার স্থিবিধা হবে।

Dr. Hall এর Culture Epoch বা Recapitula-

tion Theoryর বিশেষ পরিচর দেওয়ার দরকার নেই।
শিশুর জীবনে যে মাস্থায়ের অতীত ইতিহাসের পুনরভিনর
হয় তার প্রমাণ অনেক। যদি Dr. Hallএর সিদ্ধান্তকে
সত্য বলে গ্রহণ করি, তবে দেখব যে বর্ণপরিচয়ের
ব্যাপারটাতে আমরা শিশুর বৃত্তিবিকাশের স্বান্তাবিক
ধারার প্রতিকলে চলেছি।

মান্থৰ প্ৰথমে বৰ্ণমালার সৃষ্টি করে তার পর লিখতে পড়তে শেখে নি। লিখতে এবং পড়তে শিথেই বৰ্ণমালার সৃষ্টি করেছিল। তার চেম্নেও আগগে ম মূম্বের মূখে বাণীর বিকাশ হয়েছিল। বর্ণমালা পরিক্রাই এবং পরিণত মনের অবদান। পরিণত মনের কাছেই তার appeal; সেখানে তার যত অর্থই থাকুক না কেন শিশুর কাছে সে অর্থইন। শতন্ত্র অক্ষরগুলিকে সে চেনে না। কিন্তু ঐ শতন্ত্র অক্ষরগুলি দিয়ে যে শব্দ বা বাক্য গঠিত হয়, তাদের সঙ্গে শিশুর পরিচয় আছে। মান্থ্যপ্রথম অবস্থায় সমষ্টিবদ্ধ শব্দ বা বাক্যকে জেনেছিল, তার পর সমষ্টির বিল্লেখন করে সে বর্ণমালার শতন্ত্র অক্ষরগুলির সঙ্গে পরিচিত হয়েছিল।

যুক্তিসঙ্গত শৃগ্ধলা (Logical Order) এবং মানসসন্মত শৃগ্ধলার (Psychological Order) মধ্যে প্রভেদ
অনেক। রাজ্য অধিকার এবং রাজ্য-শাসনের মধ্যে যে
প্রভেদ শেষেরটার সঙ্গে প্রথমটার সেই প্রভেদ। মাত্র্য
ভাষার উপর অধিকার ভাপন করে তার স্থশাসন এবং
শৃগ্ধলার জন্ত বর্ণমালা সমেত ব্যাকরণের সৃষ্টি করেছিল।
লিপি সঙ্গেতে সে প্রথমে ভাবপ্রকাশ করতে এবং
সঙ্গেতের ভিতর থেকে ভাবোদার করতে শিথেছিল।
ভার পরে বর্ণমালার সৃষ্টি।

শিশু মনের কাছে মানসসমত শৃহ্যকার appealই বেনী। পরিণত মনের যুক্তি গ্রহণ করা তার পক্ষে সম্ভব নম, সহজ্ব নয়। এ কথাটাও যে আময়া না ব্রি তা
নম। তাই বর্ণমালার শৃত্যলা এবং বর্ণপরিচয়ের রীতি
অবলম্বন করলেও শত্তর বর্ণগুলিকে একটা কুল্রিম উপায়ে
অর্থযুক্ত করবার চেটা হয়ে থাকে—ছড়া এবং ছবির
সাহায়ে। ছবি এবং ছড়ার মিল এই ছটির আকর্ষণে
মুগ্ধ হয়ে শিশু অভি অল্প বয়মেই, যে বয়মে বই তার
হাতে না দেওয়াই যুক্তিযুক্ত, সেগুলি মুখস্থ করে কেলে।
এমন অনেক শিশুকে জানি যায়া বর্ণমালার সলে
পরিচিত না হয়েও হাসি-খুনীর পাতা ওলটাতে ওলটাতে
ছড়াগুলি বলে যায়, বলবার সময় লাইনগুলি আঙুল
দিয়ে দেখিয়েও দেয়। ঠিক জায়গাটিতে পাতা ওলটাতে
তার একট্ও ভূল হয় না। তাই বলে এ কথা বলা চলে
না যে তারা পড়তে শিথেছে। উপস্থিত ক্ষেত্রে ছবিকে
এবং মিলকে অবলম্বন করেই তারা ছড়াগুলি বলতে এবং
পাতা ওলটাতে পারে।

এটা visual এবং auditory impression এর ব্যাপার। সভিলোবের পড়াতে যে সমন্ত ইন্দ্রিরের চালনা হয় এতেও সেই সমন্ত ইন্দ্রিরই কান্ধ করে, কিন্তু একটু ভিন্ন ভাবে। এতে শিশুর চোধের পরিচয় নীচের লেখা লাইনওলির সঙ্গে হয় না, হয় ছবির সঙ্গো, আর কাণের পরিচয় হয় আন্দের মূখ থেকে পাওরা ভাষার বা ছড়ার শব্দরপের সঙ্গে। এই ছটো পরিচয়ের মধ্যে একটা সন্থম (association) স্থাপন করে শিশু কান্ধটা করে। কিন্তু 'পড়া' বলতে আমরা বৃদ্ধি কেবলমাত্র ভাষার লিশিরপের সঙ্গে পরিচয়। যা কিছু বোঝাপড়া, সব হবে পাঠকের চক্ষ্ এবং পঠিভবা বিষয়ের নীরব ভাষা বা সঙ্গেতের মধ্যে। তৃতীয় কোনো বিষয়ের বা বস্তর বা ইন্দ্রিয়ের উপস্থিতি বা সহায়তা সেখানে নিপ্রায়েজন, —আরশ্ধ ইন্দিয়াধিপতি মন বাদে।

খোকাখুকুরা ছবির বইথানি হাতে করে বড় মানুষের মতই ছড়ার পর ছড়া বলতে বলতে পাতা উল্টিরে যার, দেখে আমরা আনন্দ পাই খুব। তারাও যে আনন্দ না পার এমন নর। কিন্তু আনন্দটাই এখানে সব নর, লাভালাভের বিচার হওয়াও উচিত।

লাতের মধ্যে শিশুর মন্তিকের চালনা কতকটা হয়।

। আগেই বলেছি অঞ্চের মূথে শোনা কথা গুলিকে ছবির

সক্ষে মনে গেঁথে বাখতে হর। সে শিথে বাখে যে অব্দারের ছবিটা দেখলেই বলতে হবে, "অ-'র অজগর আসছে তেডে." আবার আমের ছবিতে "আমটি আমি ধাব পেড়ে" ইভাদি। এ recognition ছবির.—অকরের বা ভাষার বিশিক্ষপের নয়। বস্তুতঃ ছড়া শেখার ভিতর দিয়ে পড়তে শে**খা ভার হ**য় না। হয় নাথে, ভার প্রমাণ ছবিওলি বাদ দিয়ে ছাপার হরফে ছড়াওলি কিংবা তার শক্তলি যদি শিশুর সামনে ধরা যায়, তবে সে ভাদের চিনতে পারবে না। পড়তে শেখাবার চেষ্টা ছড়ার মধ্যে নেই, যা আছে ত। অক্ষর পরিচয়ের চেষ্টা। কিন্তু অনেক ক্ষেত্রে সেটাও হয়ে ওঠে না। যিনি শেখান তাঁকে ছড়ার উদিষ্ট অক্ষরগুলিকে বারে বারে নিৰ্দেশ কৰে দিতে হয়, ংলতে হয় এটা 'ৰা', এটা 'ৰা' ইত্যাদি। তার কারণ এই যে অক্ষরগুলির দিকে শিশুর দ্বি আকর্ষণ করবার মত ছড়ায় কিছু নেই, ছড়া নিজের দিকেই ভার মনকে টানে বেশী।

এটা ঠিক যে শিশুর বাগ্যস্তের কসরত্ থানিকটা ছডার আবৃত্তির ভিতর দিয়েই হয়ে যার। কিন্ধু ছড়ার এমন অনেক শব্দ ব্যবহৃত হ'তে দেখা যার, যাদের উচ্চারণ শিশুর পক্ষে কট্টদাধ্য। যুক্তাক্ষর ত প্রথম শিক্ষার্থীর উচ্চারণের পক্ষে একটা বাধা। যুক্তাক্ষরকে যথাসম্ভব এডিয়ে চলা হয় বটে, কিন্তু সম্পূর্ণরূপে গৃক্ষাক্ষর-হীন ছড়া কোনো বইতে দেখেছি বলে মনে হয় না। সে কথা বাদ দিলেও দেখা যাবে শিশুর বাগ্যপ্রনিয়ামক পেশার কসরৎ ছড়ার ভিতর দিয়ে কন্তকটা এলোমেলো ভাবে হয়।

ব্যতিক্রম আছে, কিন্তু এটা সহুবতঃ অনেকেই লক্ষ্য করেছেন যে আমাদের ব্যক্তনবর্গন্তিলি যে রীতিতে সাজ্ঞানো শিশুর বাণী-বিকাশের ধারা কতকটা ভার বিপরীত। আমাদের ব্যক্তনবর্গ শুরু হয় কঠা বর্গ থেকে, শেষ হয় ওঠা বর্ণে, আর শিশু সাধারণতঃ উচ্চারণ আরম্ভ করে ওঠা বর্ণ থেকে। 'মা' 'বাবা' 'দাদা' প্রভৃতি কথা শিশুর বাকশ্রির প্রথম অবস্থায় যত সহজে ঠিক উচ্চারিত হয়, 'গাই' 'ঘর' প্রভৃতি তত সহজে ঠিক উচ্চারিত হয়, 'গাই' 'ঘর' প্রভৃতি তত সহজে ঠিক উচ্চারিত হয় না। শিশুকে "গাই"এর বদলে "দাই" 'ঘর'কে 'ধল' বলতে সাধারণতঃ শোনা যায়। যে বর্ষে শিশুর হাতে ছড়ার বই উঠতে দেখা যার সে বয়সের উচ্চারণের কিছু নমুনা দিলেই কথাটা পরিছার হ'বে। এগুলি কপোল-ক্লিত নর, শিশুর কাছেই পাওয়া।

> "এতো থোনাল বলনী লাণী দো থন্ত তমল তলে, এতো মা লভী বতো মা লভী থাতো মা লভী ধলে।"

(এসো সোণার বরণী রাণী গো শঙ্খ কমল করে, এসো মা লন্ধী, বসো মা লন্ধী, থাকো মা লন্ধী ঘরে।) কিংবা "অয় অদাদল আতে তেলে

> আমতি আমি থাব পেলে।" ক্ৰ-ম অজাগর আসছে তেড়ে আমটি আমি থাব পেডে)। ইত্যাদি।

তাই বলে বলছি না ষে শিশু ওঠ্য, দস্তা, তালব্য,
মুর্দ্দণ্য এবং কঠ্য এই ক্রমে উচ্চারণ করতে শেখে।
কোনো কোনো শিশুকে প্রথমে "কাক্য" "গাই" প্রভৃতি
বলতেও শোনা যায়, কিন্তু তালব্য এবং মুর্দ্দণ্য বর্ণের
উচ্চারণ শিশুর মুথে কথনো শুনেছি বলে মনে হয় না।

এই অবস্থার ছড়া আবৃত্তি করার ফলে অনেক কেত্রেই
শিশুর "কথা গেলা"র (lisping) কু-অভ্যান বন্ধন্
হরে বার। ছড়াগুলি গড় গড় করে বলবার দিকে
শিশুর একটা স্বাভাবিক ঝোঁক আছে। যে সমরে শিশু
কোনো কোনো বর্ণ সঠিক উচ্চারণ করতে শেখে নি,
সেই অবস্থার ঐ সব বর্ণ-সম্বান্ত ছড়া ভাড়াভাডি
ক্রমাগত আবৃত্তি করবার ফলে ভূল উচ্চারণের যে অভ্যান
হয় সেটা অনেক দিন থাকে। বেশী বয়সের ছেলে
মেরেদের কথা দূরে থাকুক, প্রাপ্ত বয়স্বদের ম্থেও "হম্বি"
বা "রম্বি" (হ্ম-ই), "দীঘ্দি" (দীর্ঘ-ঈ), "রিমিকেশ"
(হ্মীকেশ) প্রভৃতি কথা শোনা যার। ছড়ার বদলে
গান-জাতীর আবৃত্তি হ'লে কথাগুলো টেনে টেনে বলার
ফলে এ জাতীর দোষ কতকটা শুধ্রে ষেত। কিন্তু সে

ছড়ার বর্ণমালাকে যে ভাবে অর্থযুক্ত করবার চেটা

হর, সে প্রণালী কুত্রিম এবং কট-কল্লিভ। বরং যখন

দেখি "অ-র অকাগর" বা "আ-র আমম" তথন গ্রন্থকারের

উদ্দেশ্য কতকটা বোঝা যার। বোঝা যার যে তিনি

"আনাগর" বা "আম" কথাগুলির ভিতর দিরে "অ" বা "আ" প্রভৃতি আক্ষরগুলির প্রয়োগ দেখাবার চেটা করছেন। কিন্তু হুস্ব-ই দীর্ঘ-ঈ বদে খায় ক্ষীর দই"-জাতীয় ছড়া যথেষ্ট শ্রুতিমধুর এবং আমোদজনক হলেও তার কট-কল্লিত অর্থ্য নিয়ে যে শিশুর মনে বিশেষ আমল পাবে এমন মনে হয় না।

শিশুর কাছে অপরিচয়ের বাধা ধুব বড় বাধা। শিশু
কেন, প্রাপ্তবয়য় মাছ্বের মনও সম্পূর্ণ অজ্ঞানা অচেনাকে
গ্রহণ করতে পরাধ্যুথ হয়। অজ্ঞানাকে জ্ঞানবার বা
অচেনাকে চেনবার কৌতুহল সকলেরই আছে, কিছ
জ্ঞানিয়ে দেবার জক্ম বা চিনিয়ে দেবার জক্ম পরিচিতের
মধ্যস্থতা চাই। তাই শিক্ষকের পক্ষে সহুপায় হ'ছে
পরিচিতের মধ্যস্থতায় অপরিচিতকে পরিচিত করানো।
অপরিচিত শতর অক্ষরগুলির সক্ষে ছড়া এবং ছবির
মারফতে শিশুর পরিচয়-স্থাপনের চেটা যথন আমরা করি
তথন এই সত্যকে অবলম্বন করেই করি। কিছ আগ্রেই
বলেছি এই পরিচয় স্থাপনের দিকে প্রচলিত ছড়া ও
ছবির বিশেষ লক্ষ্য নেই।

আরো একটা কথা আমরা ভূলে গাই যে বর্ণপরিচয়টাই আমাদের মৃথ্য উদ্দেশ্য নয়। আমাদের মৃথ্য
উদ্দেশ্য পড়তে শেথানো অর্থাৎ (১) ভাষার লিপিরপের
সঙ্গে শিশুর চক্ষুর সাহায্যে পরিচয় এবং (২) সে
পরিচয়ের সার্থক অভিবাক্তি,—মৃথে এবং লেথায়। বর্ণপরিচয়ের ব্যাপারটা একটা সোপান মাত্র। কিছু সোপান
হওয়ার উপযোগিতা এর কতথানি সেটা সম্ভবতঃ আমরা
কথনও বিচার করি নি, একটা চিরাচরিত রীতির অমুসরণ
করে এসেছি মাত্র।

এই কথাগুলি মনে রেপে যদি আমরা শিশুকে পড়তে শেথাবার চেটা করি তবে নিম্নিথিত মত প্রণালী অন্থ্যরণ করলে আশাস্ত্রপ ফল পাবার সম্ভাবনা আছে বলে মনে হয়।

প্রথমত: শিশুর স্বাভাবিক বাণী-বিকাশের অভ্সরণ করতে হ'বে। গোড়াতেই তার হাতে বই তুলে দেবার দরকার নেই। শিশুর পরিচিত প্রিয় বিষয়ে, ছবি বা বস্তুর সাহায্যে তার সজে কথাবার্তা করতে হবে। তার সহজ্বোধ্য ভাষায় লেখা বই থেকে, কিংবা মৃধে মৃধে ভাকে গন্ধ শোনানো হবে। যিনি গল্প শোনাবেন তাঁর মুখের কথাগুলি স্পষ্ট এবং সু-উচ্চারিত হওয়া চাই। ভাতে শিশুর মনে ভাষার ধ্বনিরূপের স্থলর এবং সুস্পষ্ট ছাপ পড়বে। শিশু কথা বলতে শেখবার সজে সজে এ কাজ আরম্ভ কর। যেতে পারে। যতদিন না শিশু ভাল করে উচ্চারণ করতে শেখে ততদিন এই কাজই চলবে। এমন আশা করা যার যে এতে তার বাক্ত ক্রিমারণতঃ যা' হয়ে থাকে তার চেরে অল্প সময়েই হবে।

এই কাজ যথাসম্ভব স্থলপর হ'লে শিশুকে শক্ষের লিপিরপের সঙ্গে পরিচিত্ত করবার পালা আসিবে। কিছু এখনও বই তার হাতে যাবে না। ছবি এবং খড়ির লেখা দিয়ে কাজ স্থান্ত হ'বে। প্রধানত: তিনটি মূল স্ত্রকে অবলম্বন করে শিক্ষক কাজ করবেন।

- ১। শিশুর বিভিন্ন ইন্দ্রিয়গুলিকে, অর্থাৎ বেগুলির প্রয়োগের প্রয়োজনীয়তা উপস্থিত কেত্রে আছে – যেমন কাণ, মুথ, চোথ এবং হাত ছটিকে কাজে লাগানে! চাই। তা'হলে দে নিজের চেটায় অধিকার লাভের সূথ মিপ্রতি গর্মটুকু অন্তত্ত্ব করে আত্মনির্ভরশীল হবে এবং সেচ্ছার কাজে লেগে যাবে। তাকে জোর করে থাটাবার তৃঃথ থেকে শিক্ষক মুক্তি পাবেন।
- ২। শব্দের আংশ বিশেষ বা বর্ণমালার এক একটি বতন আক্রের পরিবর্ত্তে সমগ্র শব্দ বা ছোট বাক্য নিয়ে কাল আরম্ভ হবে। আমরা দেখেছি যে শিশু বিশ্লিষ্ট অতর আক্রমগুলির চেয়ে তাদের দিয়ে তৈরী শব্দ গুলির সক্ষেই পরিচিত। এই পরিচিত শব্দ বা বাক্য নিয়েই আমাদের কালের পত্তন হবে। শব্দ বা বাক্যের লিপিকপের সক্ষে আগে পরিচর স্থাপন করে শিশু তাদের বিশ্লেষণ করবে এবং ঐ উপারে বর্ণমালার আক্রমগুলির সক্ষেত্তার পরিচর হবে।
- ০। এই বিশ্লেষণের কাব্দে সাহায্য করবার জন্ত শিক্ষক যথাকালে শ্বর বা ধ্বনিগুলির উপর একটু জোর দেবেন, যেন উদিটে ধ্বনিগুলির আক্ষরিক রূপের প্রতি পাঠার্থীর মনোযোগ আক্ষট হয়।

এণ্ডলি কি ভাবে করতে হ'বে বলছি, কিন্তু তার আাগে আমাদের জেনে রাখা দরকার যে পড়ার পদ্ধতিটী শিশুর কাছে অকানা নয়। সে হয় ত কাগজের উপর

কালি দিয়ে লেখা সক্ষেত চেনে না, কিছু অন্ত আনেব সক্ষেত্রের বা অভিব্যক্তির মর্ম গ্রহণে সে অনভ্যন্ত নয় হাতের নীরব সক্ষেতে "এস" "যাও" প্রভৃতি আদেশ এব মুখভাবের অভিব্যক্তিতে কোদ, বিরক্তি, আফ্লাদ, প্রশংস ইত্যাদি মনোভাব ব্রুতে সে পারে। কাজটা পড়ারা অন্তর্গ একটা ব্যাপার। স্থতরাং অক্ষর পরিচয় পরে জক্ত রেখে আগেই পড়তে শেখাতে গিয়ে আমরা শিশুবে তার সম্পূর্ণ অপরিচিত কোনো কাজে দীক্ষা দিচিচ না আমবা তার প্রকৃতির অন্তর্গ পথ দিয়েই যাব। বেং বৃক্তি দেবার দরকার নেই।

নিরক্ষর শিশুদের নিয়ে পাঠশালায় যে ভাবে কা আরম্ভ করা যেতে পারে সেই কথাই এবার দেখা যাক্ প্রথম সোপানে কি করতে হ'বে তার আলোচনা হা গেছে। এবার দ্বিতীয় সোপান। স্কুলে ভর্তি হ্বার পা অস্তঃ তু' সপ্তাহ পর্যান্ত থোকাব্যকুদের হাতে যেন বই যায়। এ সময়টা শিক্ষক শুণু ল্যাক বোর্ডে ছবি এঁবে বা অক্ত ছবি দেখিয়ে সেই সম্বন্ধে মুথে ভাদের সা আলোচনা করবেন। তাদের প্রশ্ন করে তাদের ফালোচনা করবেন। তাদের প্রশ্ন করে তাদের ফালিয়েই ছবি বা উদ্দিই বিষদ্ধের বর্ণনা আলায় করবার চে করবেন। উদ্দেশ, থোকাব্যকুরা যেন স্কুলে আসার কা ভূলে যায়, মনমরা হয়ে না থাকে, আর যেন স্কুলি সহিত বাক্যালাপ করে।

কথনও বা থোকাখুকুরা শিক্ষকের নির্দেশে রা বোর্ডে ছবি আঁকবে, কখনও বা শিক্ষক আঁকবেন ত দেখবে। তাদের মনোযোগ পাবার জন্স শিক্ষক হয় ছবির অংশ বিশেষ ইচ্ছে করেই আঁকতে ভূলে যার কিংবা ভূল করে আঁকবেন। উদাহরণ স্বরূপ শিক্ষ হয় ত একটা মান্তবের মাথা এঁকে তার নাকটা আঁব ভূলে গোলেন, আর থোকাযুক্দের ছবিটি পরীক্ষা কর বললেন। ভূলটা তারা শীগ্গির ধরে ফেলবে ও এই কাজটুকু করতে পারার জন্ম যথেই খুনী উঠবে।

জাবার কথনও তাদের খ্লেটে কিংবা রাাক বে হিজিবিজি কাটতে দেওয়া হবে। ক্রমে তারা স তিথ্যক, সমান্তর প্রভৃতি রেখা এবং বৃত্ত প্রভৃতি ক শিখবে,—অবশ্য শিক্ষক মশারের সহায়তার। কং বা সামনে একটা আদর্শ রেখে প্লেটে ভার নকল করবার চেষ্টা করবে.।

এই ভাবে এক পক্ষ বা ভদ্ধিক কাল অভিবাহিত করে—শিক্ষক হয় ত একদিন কোনো বিষয়ে আলোচনা করতে করতে সেই দম্মে দু'টি একটা কথা বেশ বড় বড় করে ছাপা হরকের মত অক্ষরে বোর্ডে লিথে দেবেন। ভার পর হয় ত জিজ্ঞানা করবেন, "বল ত, এ কি ?" বলতে ভারা পারবে না, শিক্ষক পড়ে দেবেন,

ৰ্ণলাল ফুল। "

ছেলে একে একে কথাগুলির পুনরাবৃদ্ধি করবে, শ্লেটে নকল কর^{্বা}র চেটা করবে। ছোট ছোট ফুল দিরে বা কাঁইবীচি দিরে কথা ছটি গড়ে থেলা করবে। এই থেলার ভিত্তর দিয়ে কথা ছ'টির আক্রিক রূপ তাদের মনের মধ্যে দৃঢ্ভাবে মুক্তিত হয়ে যাবে।

এই ভাবে প্রথমে গুটিচারেক শব্দের সঙ্গে পরিচয় হয়ে গেলে থেলার ভিতর দিয়ে শিক্ষক পরীক্ষা নিতে পারেন। উদাহরণ স্থরপ, স্থানকগুলি কথার ভিতর থেকে ঐ "লাল" বা "ফুল" কথাগুলি তারা খুঁজে বার করেবে, কিংবা না দেখে লিখবে। এ খেলায় তারা যথেষ্ট স্থানক পাবে।

এই সময়ে শিক্ষক দেখবেন যেন বানান করা পড়ার সাধারণ রীতি তাদের উপর থাটানো না হয়। 'গ'-য় আকার "লা" আর ল=লাল, বা ফ-য় হস্ম উকার 'ফ' আর 'ল' = ফূল, এই ভাবে যেন পড়ানো না হয়। 'ফ' বা 'ল' বা 'আ'-কার বা 'উ'-কারের সলে পরিচয়ের প্রতি দৃষ্টি দেবার সময় এ শয়। এখানে আমাদের উদেশ্য শিশুকে সম্পূর্ণ শম্ম (holographs) গোটাকতক চিনিয়ে দেওয়া। এর জন্ম বানান করে পড়বার কোনো প্রয়োক্ষনীয়তা নেই। গল্প এবং থেলার ভিতর দিয়ে এ কাজ

খ্ব সহজে করানো যেতে পারে। কাজের একখেরে ভাব দর করা শিক্ষকের কৌশল-সাপেক।

যথন "ফুল, লাল, জল, ছল, কাল, ঝুল," প্রভৃতি কতকগুলি কথা শেখানো হরে বাবে তখন বিলেবণ করবার পালা আসবে। প্রথমে ফু+ল=ফুল, লা+ল=লাল; পরে ফ+উ+ল=ফুল, ল+জা+ল=লাল; এই ভাবে বিলেখন করে ছেলেরা স্বতন্ত্র অক্ষরগুলি চিনতে শিখবে।

এর পরের সোপানে পরিচিত বর্ণগুলির সাহায্যে তারা নৃতন শব্দ গঠন করবে। ধেমন 'কা । ল' এবং 'জ । ল' থেকে 'লা । ভা' ইত্যাদি। কথনও একটা শব্দের আংশ বিশেষ বাদ দিয়ে তাদের সেই আংশটুকু যোগাতে নলা হ'বে। যেমন, ু—ল, কা—া, ইত্যাদি।

এ সবই শিশুদের আনন্দদায়ক খেলা। কৌশনী শিক্ষক এই শ্রেণীর আরও অনেক খেলা জোগাড় করতে কিংবা উত্তাবন করতে পায়েন। শ্রেণীতে প্রতিযোগিতার ইচ্ছাও শিক্ষককে এ বিষয়ে অনেক সালায় করবে। এই উপায়ে বর্ণ পরিচয়ের পর যদি শিশুর হাতে বই তুলে দেওয়া যায় তবে সে 'লাল ফুল' পড়তে গিয়ে 'ল-য় আকার 'লা' আর 'ল' লাল, 'ফ-য়' ব্রম্ব উকার 'ফু' আর 'ল' ফুল করতে করতে গলদ্বর্ম হবে না। একেবারে আমাদের মত করে 'লাল ফুল'ই পড়তে শিখবে। আর যা কিছু সে পড়বে তা টিয়াপাখীর 'কৃষ্ণ রাধা' পড়ার মত কোনো ব্যাপার হবে না বলেই আশা করা যায়।

প্রণালীর বিশেষ বিবরণ দেওয়া বর্তমান প্রবন্ধে সম্ভবপর নয়, দেওয়ার প্রয়োজনও নেই। শিক্ষকভার প্রতি থাদের অন্থরাগ আছে, এ প্রণালীর মর্ম্ম গ্রহণ করতে তাঁদের জন্ত এই সংস্কৃতই যথেই। এ যদি তাঁদের দৃষ্টি আকর্ষণ করে তবে শ্রম সম্ফল জ্ঞান করব।



নাড়েন, বলেন—একি মশাই লাট-সাহেবের না হোরাইট এওরের বাড়ী!—নম্বরটা বসুন! আশ্চর্য্য— এতগুলো বসসুম তবু···

একজন পেটে-পাড়া বৃদ্ধ বললেন—"ধথন নম্বর মনে নেই, তথন এর মাত্র সহজ উপায়—কোনো প্রকারে লাগবাজার প্লিসে—ই দেখা বাজে,—গিরে গারদে চুকুন,—সেথানে থাবার আসরে মিশ্র মহাশরের দেখা পেতেও পারেন।"—বৃদ্ধটি সহজ্ঞা।

একজন পাতলা ছুঁচোলো চেহারার—গামচা কাঁথে লোক বললেন—"হাঁ। হাঁ। আছেন, দালালও বটেন,— তাঁর নাম তো হরিপ্রাণ সার্কভৌম। ঐ গাঁজার দোকানের ওপর-তালার থাকেন,—আহ্ন দেখিরে দিছি। অর্থাৎ নেইথানেই বাজি।"

হরিপ্রাণকে নিচের তলাডেই পেনুম—

"ব্ৰৈ পাই না,—সাৰ্কভৌম হলে আবার কবে গ" হরিপ্রাণ বললে—"রাজধানীতে দিন কতক থাকুন না, আগনিও বাদ বাবেননা। বলাই চক্ষেত্তি চা বাওয়ার ভালো,—সহকেই 'চাচারিয়া' নাম পেরেছে—দোকানে ভিড় ঠেলে ঢোকা বারনা। সাহিত্য-ক্ষেত্রে ধর-পাকড় চলেছে; রথী, সার্থি, রথিনী, নাট্যলাট্ গদাই, পানই, বাহোক একটা দেবেই দেবে।—সব গুণ-গ্রাহী বেণু নেবেন একটা গ"

বলস্থ—"সে সব পরে হবে, আগে বল'তো—আমার পরিচিতদের তুমি তো সেবার দেখেছিলে,—তারা এখনো সব আছেন ?"

বললে—"লাছেন বইকি,—কোথায় আর যাবেন ? সর্কাট ভরতি,—নিচ্ছেনা।"

"(एथा कतिया मिएक इरव रव।"

"ভারা স্বাই মাণিক্তনার যাল, মেলা কঠিন, ছড়িরে থাকেন, গুঁজে বার করতে হবে। নিম্তলার বসে থাকলে—এই শীতেই পাওয়া বার,—তবে কথা কওয়া হরনা। আপনার বে তাড়া রঙ্গেছে দেখছি,— ই্যা—আর এক জারগাও আছে,—খিনেটারে বা সিনেমার বঞ্জে মেলে।"

্রিল কি—্থ বরসে—? আর এত প্রসাই বা...".. "রাজধানীতে বর্ষস নেই। আপনি তেন: ভানেন, অশানে প্রাণ বুড়ো হয়না। তবে ভার একটা লাগসই কথা এতদিন ছিলনা,—বেরিরে গিয়েছ—'ভরূপ'। এতদিন Cutture কল্চারই করতেন, রুটি ছিল কি? বেমন সুমধ্র তেমনি সোজা! না? ছেলেটা সেদিন বাংলা মানের বই মৃথন্ত করছিল—'ঔষধ মানে ভেষজা' ভনে ছুটে এই নিচের ভালার এসে বাঁচি! বলল্ম—'আর ভনিওনা, স্মামার দরকারই বা কি। এমন মিঠে ভাষাটা,—বাক্। ভা ওঁরা পরসা—"

"বল্পে পদ্দা দিন্দে আবার কজন বার। ও-গুলো বড় বড় আর বুড়ো-বুড়োদের থাতিরের ধোপ্। Fillup এর—ভরাটের একটা মূল্য নেই?"

"থাক ভাই--এখন দেখা হবার--"

"ভাৰবেন না—লে হবে'খন।"

"শাসার যে আরো কাল রয়েছে হরি, বাটা কোম্পানীতে একবার—"

"দেখানে কেনো ?"

"১২ **ৰো**ড়া জুতোর দরকার…"

"১২ কোড়া ! তা ভালো ভালো দে**নী কোম্পানী** থাকতে বিদেশী—"

"বিদেশী জুতো বহু দিনের অভ্যাস—আমাদের fit and suit করেও বেশ, I mean—সরও ভালো। এক্টাক্থা আছে না—where the shoe pinches,—তাটেরও পাই না। একদম গা সওয়া। ভাই। দেশীর দিন ভো আসর হে,—ভোমরা দেটা—"

"আছো চলুন এখন---সানাহার সেরে একটু বিশ্লাম করবেন।"

বাসায় রামার পাট নেই,—চা থেকে জ্বাদি সবই
মিশ্র-কোম্পানীর জাশ্রম থেকে এলো। আশ্রম জ্বিনিষ্টা
এতদিনে রাজধানীতে সার্থকতা লাভ করেছে। এথানে
সব জ্বিনিষেরই উৎকর্ষ। সাধু মাত্রেই জ্বাশ্রম-প্রিয়।

—"চাকা পানা এটা কি ?"

—"এটা চিংড়ি মাছের চপ**্।—উনিকে নয়—উনিকে** নয়—এটা ল্যাক_্—ঐ ল্যাক ধরে কামড় মারুন। ধরবার ক্রিধের ক্ষতে ওটা বোঁটা হিসেবে বেরিয়ে বাকে।"

আশ্রমে সবই সাধিক জাহার, মাছের বোঁটা বেরিলে ফলে গাড়িরেছে। মহাপ্রস্থানের পুর্বে হরির রূপার আশ্রমবাস্থ সারা হরে গেল। একেই বলে ভাগ্য। থার কাল-ভিনিই করিবে নেন-

বৈকালে ছু'জনে বেরুলুম। হরিপ্রাণ একটা দোকানের সামনে দাঁড়ালো—দেখি বড় বড় হরণে লেখা—"ভারতলম্মী নিবাদ"। তার নিচে—"যারা বিলিতী থোঁজেন অন্থাহ করে পালে দেখবেন। একজন সাট গারে—বাক্স খুলে বসে, আর তিনজন খদের বিদেয় করচে। ছিট্ কাপত সাট, রুমাল, ফিডে, প্যাড় পেপার, পেন্সিল্ নিব, 'Fountain-pen, ছড়ি ছাতা Safety-pin, (নিরাপদ বা অবাম-বন্ধ) Silk skirt মোজা, Silk—কি finish! দেখলে চক্ষ্ জড়িয়ে যায়। সাবান, এসেজ বেরুছে। সবই দেশী—মুগ্ধ হরে দেখতে লাগলুম।

সগর্কে ভাবতে লাগলুম—এ জাত ঝুঁকলে কি না করতে পারে—উ: বচর তিনেকের মধ্যে কি অভাবনীয়…উ:…

্ছরিপ্রাণ বললে —"চিনতে পারলেন ;"

উচ্ছুদিত ভাবে ব্রুল্ম;—"কার সাধ্য চেনে, একি চার বচর আব্যে—দিশি বলে ভাবতে পারত্ম, না—আশা করতে পারত্ম…"

হরি বললে—"সে তো বটেই, আমি জিনিখের কথা জিজাসা করিনি, যিনি বান্ধ কোলে বসে—ওঁকে চিনতে পারলেন ?"

বলস্থ—"পরিচিত কেউ নাকি ? রোসো—দেখি।"
দেখি তিনিও, আমার দিকে চেরে। বলস্ম—"এজ
না ?" শুনতে পেরে—"আরে এসো এসো, কবে এলে,
কেমন আছ—উটে এসো,—উটে এসো ভাই। বোসো
—তারপর ?"

বলন্ম—"তারপর তোমার তো একগাছি চুলও পাকেনি, সেই চল্লিশেই থেমে আছু দেখছি ?"

ত্ৰৰ হেদে বললে—"রাজধানীতে পাকেনা"—

্ত্ৰলন্ম—"ওই কথাই তো কেবল ওনছি—ভবে এথানে হয় কি ?"

"এই বা দৈখ্ছো,—ওহে নটু পান এনে দাও—" বলনুম—ক্ষ্যা পান পাওয়া যায় নাকি ?" ব্ৰহ্ম আমার দিকে চেরে বললে—"বাঁধাওনি বুৰি.? আরে চ্যাঃ"

বলন্ম—"থাক ও কথা—তোমার দোকান দেখে ভাই ভারি আনন্দ পেল্ম। এটা একটা কাজের মতো কাজ করেছ বটে। বাঙালীর মাথাও যেমন উর্বর, বাংলার মাটিও তেমনি উর্বর, দেখচি ২ ০ বচরে দোনা ফলে গেছে। খুঁজে খুঁজে এই সব বাছা বাছা Choicest দিশি জিনিযের সমাবেশ করা কম বাহাছির নর,— দেশের কাজ তো বটেই…"

ব্রহ্ণ একটু মৃত্যুরে বললে—"এতে আমার বাছাত্রী আর কি আছে? এর credit স্বটাই দেশের লোকের, বিশেষ ভরণদেরই প্রাপ্য। তারা না দরা করলে, এ স্বলেখতে পেতেনা। দিশি কথাটা—আছা ওর কি প্রবল্গ মোহ ভাই—ওকেই বলে প্রেম। শুননেই হল যে 'দিশি', তা সেটা দিশিই হোক্ অর্থাং ভারভেরি হোক্ বা ভার্জেনিয়ারই হোক্। শুননেই—প্রাণের ভিতর দিয়া—ব্রুলে? তুশো বচরের ভয়েরি জমি, দিশি বলকেই ফল ফলে বলে আছে,—প্রমাণ দরকার হয় না। সেটা চেনা হে ভাদের পক্ষেপুরই সহজ।"

"—কি ৰকম?"

"২ফললে থেকে বৃদ্ধির মাথা প্রেরে বসে আছু যে দেখছি,—চলে এসো, চলে এসো—রাজধানীতে। এইটে বৃন্ধলেনা? যেটা তাদের প্রাণ চাইছে—চোপে ধরেছে, সেটা যে দিশি না হরে যারনা, তা সেটা ক্যানেডার হোক না কেনো। পালিস থাকলেই—"রূপ লাগে গেই নর্মে—", ভূলে গেছে নাকি? চতীতে আছে না,—"চিত্তে রূপা সমর নিগুরতা" তাই ছে। ওই রূপা আছে বলেই অনেক দিশি দোকানই চলে। লেথাপড়া শিখে এ জাত ভূল করবে কেনো? তাদেরি রূপার তিন বছরে তু'-থানা বাড়ী তুলতে পেতেছি—এই কলকেভায়,—ব্যলো!"

বলন্ম—"আছে। ভাই, দেখা হবে'থন, কাজগুলো দেরে কেলি" বলে উঠন্ম।

বন্ধ বললে—"সংক্ষর পর আসতেই হবে 'নিকেডমে' আৰু 'নড়ের রাতে' দেখা চাই—admirable । আক্রার বন্ধা বাঁধা,—পাশ আছে। দেখবেনা । রাজধানীতে ভবে এলে কি করতে । এসো—" রান্তার পা দিরে বাঁচলুম। বেন সাপের গর্জে ঢকে পড়েছিলুম।

—"হরিপ্রাণ—পরিব্রাণ করে৷ ভাই, আর দেখা শোনায় কান্ধ নেই।"

"শাপনি ভাবচেন কেনো। ওটা বলতে হয় তাই বললেন। রাত ১টার পর এঞ্বাব্র ফুরসং কোথায়? তথনি ভো দিশি মাল (?) যারা যোগান দেয় তারা আাসে; তারপর—'ক্যুণ্টনে' চীনে-চচ্চড়ি, mind ফারপো নয়। চলুন 'চাচারিয়ার' চা টেই ক্রবেন।"

চা थावात रेक्नाठा अ स्टब्स्टिन । वनमूध-- 'कटना।'

কি ভিড়! দাঁড়া—cup চলছে। "মাসন আসুন, বস্থন,—ছোট না বড়ো?—কেক, চপ্,—চিংড়ির না শীটার? বাইরের ক্যান্ডাসটা একবার দেখুননা।"

ফুট্পাতেই দাঁড়িরে ছিলুম। চোধ তুলতেই দেখি প্রকাণ্ড অমেল-রুথে সাদা হরপে লেখা—

পৃষ্ঠপোৰক—রসদক স্থা-শাস্ত্রী শ্রীযুক্ত স্থামন ভোক্ত-ভীর্থ বলেন—চাচারিষার চিংড়ির চপ্ রাজধানীর কণ্ঠ-রস্থা। Patronised specially by Caste Hindus—

যাক, আমি ভাবতে লাগসুম—তাই তো, অন্তেল-ক্রথ আবার এ কাজেও লাগে! পাড়াগাঁরে মা ষ্টার কুপাতেই তো ও-ব্যবসা এভদিন বেঁচেছিল। এখন বেতে আসতে মাধার ঠেক্ছে। ভেমোক্রেণী চারদিকেই চারিয়ে গেল দেখছি…

'বস্থন' মানেই 'দাড়ান'—বেঞ্চি চেয়ার ভরতি। শেষ এক কোণে একটা কাট-বাল্পে স্থান পেলুম। যা বলবার হরিপ্রাণ্ট বললে। পাশেই একটি Make up (সাজা) প্রোট চিংড়ির চপ্ চিবৃদ্ধিলেন। গলাটা কিন্তু পল তোলা (করণেটেড্)—বৃদ্ধই হবেন। একটা ডিম চাইতেই কঠম্বরটা পরিচিত বলেই বোধ হল।—"কি—
অথিল নাকি প"

"হাঁ হাঁ,—কই আমি তো চিনতে,…ও: তুমি ? কবে এলে ভাই, ইন্ একেবারে বে বুড়িয়ে গেছ, শরীরে বছ নেই কেনো—কি ছকে ?—চাচা, এবারে বড় কাপ্ আর ছখানা চপ্—"

বৃদ্দ—"সে বৃদা হয়েছে ভাই। কেমন আছ, কোথার আছে, কি করছো বলো।" শুননুম—কালিবাটে মাধের বাড়ী ভার নিতা প্রসাদ বাধা। কিছু রোজগারও করে। বিকেলে চা চপেই চলে যার,—২া০ আড়া আছে। বললে,—"ছেলেকে কলকেতার রেথে মাধ্য করছি,—কোরে থেতে হবে ভো? এখন দব ভাতেই art চাই—কানতো? রীতিমত স্থমধুর মিথো কথা কি করে কইতে হুর সেই জ্ঞেই এখানে রাখা রে ভাই। সেটা শিথে নিতে পারলে আমার কর্ত্তর শেষ, নিশ্চিন্ত হরে কালী বাই।—ও ঠিক পারবে। বোলা-ছেলে নর,—এসেই একটা film কোম্পানীর নজরে পড়ে গেছে। কি একটা কেতাবে চোরের পাট কেউ পছলমত করতে পারছিলো না। এমন করেছে-রে ভাই—কি আর বোলবো,—যেন তিন পুরুষের অভ্যেদ! ছিঁচকেতেও পেছপাও নর,—daring-এও (তু:সাহদিকেও) ওপ্তাদ। তোমার আলীকানে খাওয়া পরা আর কিছু নগদও পার।"

— "বোদো — আমি একবার হাতীবাগানে রদময় উকীলের বাড়ী চললুম। বেরিয়ে পড়বেন — দেখা হবে না— ছ ছটো মকেল বেহাত হরে যাবে। এইখানে এই সময় দেখা — বুমলে !"

এই বলে অধিল বেরিয়ে গেল, একটা কথা করারও ফাঁক দিলেনা।

হরিপ্রাণ হাসি মুখে বললে—"ওঁর ছেলের চোরের প্রেটা দেখতে যাবেন ? সত্যিই যেন উত্তরাধিকার স্থতে পাওয়া।"

আমি তথন অবাক হয়ে ভাবছি—ওনেছিলাম—
রাজধানীতে যার অন্ন হয়না,—ভার কোথাও হবেনা।
বলে কিনা—সমধ্র মিথ্যা বলতে শেথবার লক্তে ছেলেকে আনিয়েছে। মামলার মজেল জোগাড়ও করে কথার
কথার ওনিয়েও দিলে—all is fair in Dollar and
ফলার…

हित्रश्रीण वनात्न — "खांवरहन कि ! क्रेंन — " वनन्य — "हरना।"

(00)

আৰু অটাহ রাজধানীতে কাটছে—আর নয়, গুড়ন্ত শীষ্ত্রম্। বিশ্বদে নানা বাধা উপস্থিত হতে পারে। শ্রীনাথ আর অবিকের সদে দেখার আশা ছাড়নুম ! হলে সুখীই হতুম,—উভরেই ধর্মপ্রাণ ছিল—অনেক এগিরে থাকবে,
—কিছু শুনতে পেতৃম।—এভদিনই যখন ব্থা গেছে,
থাকগে ।

স্থানটা সেরে অভাগ মত বিছানায় বসেই গীতাথানা ধূলে 'ধর্মকেত্রে' উচ্চারণ করতেই—ভক্ করে গ্যাজের-ক্ষেত্রের একটা ভীত্র গন্ধ মনটাকে বিগড়ে দিলে। এ আবার কোথা থেকে বেরুলো,—চারদিকে চাইলুম। কই আর ভো নেই। বাক্ কোখেকে কেমন চুকে গড়েছিল। ওঁ বিষ্ণু ওঁ বিষ্ণু—"ধর্মক্ষেত্র"—রাম: আবার ভাই। বাগার ভো রায়ার পাট নেই, গন্ধ আনে কোখেকে? অনেক ধোঁজাধুঁজির পর শেব তাঁকে পেলুম নিজেরই মুধে। মনটা ধারাপ হরে গেল—পাঠ বন্ধ করনুম।

না—মার না। হোটেলের চপ্ কালিয়া, মন্তর বাহির অধিকার করেছে। রক্ত-মাংস ছই দখল ক'রেছে দেখছি। এখানে ভদ্রতা রক্ষার্থে Prejudice নেই বলতেই হয়,—কিন্তু টেকুর উঠলে ভদ্রলোকের কাছ থেকে পাঁচ হাড উঠে দাঁড়াতে হয়! নাঃ মার বাড়াবাড়িতে—

শনিভাঃ সর্ব্বগভঃ স্থাগু রচলোহরং সনাভনঃ" গাঁড়িরে বাবে। তথন শেষ পর্য্যস্ত সন্ধ ছাড়বেনা। 'ঠিকানা'-বাত্রীর আর সংসাহসে কান্ধ নেই। বহু পূর্ব্বে মন্থুরা গিরে আসন নিরেছেন।

হরিপ্রাণকে menu (ব্যবস্থা) বদলাতে বলসুম।— বে ছদিন আছি রেহাই দাও—

সে বললে—"সে কাল থেকে হবে, আজ order booked হরে গেছে,—আগনি যা ভালোবাদেন ভাই, —সব চীনের 'চাউ-চাউ' (খানা)—"

মীরবে গ্রহণ করসুম, দানবকে বোঝাবে কে ? সব কাজেরি প্রাহতি আছে, — ভাই হোক্—

বলনুম,—"ঢের দেখা হ'ল আর কোঞাও বেকচিছনা ভাই।"

হরিপ্রাণ বদলে—"সে কি কথা—আৰু বে 'দৈত্য সভা'—বড় বড় পণ্ডিত মহাপণ্ডিভের সান্তিক সমাবেশ। বেশের মাজ-গণ্য অনেককে ইকথতে পাবেন। হিঁছ বে এখনো মরেনি—ধর্মই বে ভাকে বাঁচিরে রেখেছে, সেটা দেখে যাবেন বইকি। এ সুযোগ আর মিদবেন। "

বশৰুম---"'দৈত্য সভা' মানে "

"ৰাহা-monster meeting গো"-

—"নাম—'চত্র-আশ্রম রক্ষিণী'। নামই উদ্দেশ্ত নির্দেশ করে, আবার উদ্দেশ্তই নামকে বজার রাবে…"

সভাপতির নাম ওনে বলন্ম—"তিনি তো ইংরিকিতেই ভালো বঞ্জা করেন জানি, সাধারণে কি ভা…"

— "ওঁরা শাঁথের করাত—বাংলাটাও আন শুনবেন—"
শুনতে ইজ্বা হোলো—বলনুম—"অত বড়ো লোক
—ধার্মিক বংশ, ভাল কথাই বলবেন। আমার এখন ঐ
সবই দরকার।"

হরিপ্রাণ বললে—"ভাই ভো আপনাকে বলসুম···"

বক্তৃতা শুনছি আর ভাবছি, এত ধার্দ্মিকের একত্র
সমাবেশ—বিশেষ রাজধানীর বক্ষে, করনাতেই আসেনা।
বে দিকে তাকাই—শিখা, টিকী, গরদ, মটকা, নামাবলী,
মালাচন্দন। কি অনির্কাচনীয়। বক্ষাও—সনাতনের
স্তিকাগার থেকে ধর্মকে রূপ দিতে দিতে ক্রমের
বারাতে করে মূর্ত্ত করে তুলে বললেন—কিন্তু ভাই সর্কাশ
উপস্থিত, সব গোলো—আর থাকেনা। একটা নান্তিকের
দল এক ভারতমাতা খাড়া করে—আমাদের সনাতন
ভাতধর্ম নই করতে অগ্রসর।—ভাই সকল তোমাদের
দেবঅংশে জন্ম,—শুবনী শাক আর থেরোনা, খুমের
মাত্রা আর বাড়িওনা, জাগো—ভারতের গৌরব রক্ষা
করো। ধর্মহীন অস্করদের উদ্দেশ্য বিফল করতেই হবে,
ধর্মহি আমাদের সহার—ধর্মের চেরে বল নেই;—ইভ্যাদি

পরে মাঝারি, ছোট, ক্ষ্দে বন্ধারা প্রস্ত্যেক প্রত্যেককে উচিয়ে আরম্ভ করলেন—

নোট্ কথা—"ঐ অসুরদের সংস্রব রেখনা, তাদের কথা ঘণার সহিত অবহেলা ক'রে তাদের বিক্লচ্ছে সক্তাবছ হরে নগর গ্রাম, পলীবাসীদের সাবধান করে বেড়াবার জঙ্গে এইখানেই এসো, আসরা এই ওড়াবিনে প্রতিজ্ঞাবছ হই,—ইত্যাদি—"

ধর্মকর্মে দেশের লোকের এই সংসাহস আর এডটা

ংশতে পেল্য—শ্রীনাথ বক্তৃতা দিছে, অধিক্ তার নালেই মুক্রের ররেছে। সহকেই চিনতে পারলুম,—কারণ কলপ্নেই—পাকা পোক লখা দাড়ি। বরাবরি এদের ধর্ম্বের দিকে বেশাক, সেটা জানতুম। তাই এতো খুঁজছিলুম। ঠাকুর মিলিরে দিলেন। হুটো ধর্মকথা তনে বাচবো,—বে বরুসের যা। সভার দিকে আর মন রইলনা, ভাংবার অংশকার অধ্যির হরে রইলুম।

পার্কের এক কোণে একটা দর্শাঘের। ঘরে আলো অলছিল। 'আ: বাচনুম' বলে নেই দিকে ফ্রুত পা বাড়াভেই হরিপ্রাণ বললে—"কোণায় যান ? যা ভাবছেন ওটা সে স্থান নর,—ওথানে meeting এর অপিস।"

বলনুম—"মিটিংরের আবার আপিস কি ? আমি যে—" সে বললে—"তা বুঝেছি। তাইতো—থাকতে পারবেন না ?…চারদিকে বে…"

' এমন সময় সভা ভল হল। মনটা শ্রীনাথ আর লিখিকের জড়ে ব্যক্ত হয়ে পড়ার, সে চেষ্টা ভূলে গেলুম।— "ভাথো ভাথো হরিপ্রাণ—ভারা চলে না যার,—ধরা চাই"—

— "ভাববেননা — আমি নজর রেবেছি — এইখানেই দাড়ান। উরো ওই দর্মার মধ্যেই চুকেছেন, — এখুনি বেকবেন।"

বলনুম---"ওথানে ?"

হরিপ্রাণ,—"প্রথামত পণ্ডিতদের সম্মান রাখতে হয় ৷—ভথানে সেই কাজ হচ্ছে, মহামহোপাধ্যার in charge—"

দেশসুম তাই বটে---এক এক করে বক্তারা এক এক সরা মিটার হাতে বেরিয়ে স্থাসচেন।

रुतियोग नगरम---"उँगारक 'এবং-७' चार्छ।

ভবে ভারি আনল হল। সাধে কি বলে রাজধানী
—ভালো জিনিবের কদর এইখানেই আছে। এসব
সনাভন প্রথা পণ্ডিত রাজ্বের সমান রক্ষা এইখানেই
প্রভাক করছি—বাং। বলে—গলীতে ফেরো;—কেন হে
বাপু,—কি হুংখে? আমাদের 'বিদের' ভো দেখি
স্কর্তী, সেটা বেডুছে বই কমেনি, ভার ভণর আবার

থালি পার বাড়ী ফেরো,—বড় বড় ভজরা সব আসেন—
ভরতের ভাররাভাই, রামের পাগুকার প্রগাঢ় নজর!
এথানে সে বালাই নেই—ভোজে কুতো চেপে নিশ্চিত্তে
বসা চলে; সেটা কি কম স্বন্ধি! ভগবান বৃদ্ধি দিবেছেন,
তবু সেটা কেউ কাজে লাগাবেনা; কোন্ স্থাপ পরীত্তে
কিরবে ?—

হরিপ্রাণ—'এই নিন' বলে আমার অগত-বেগটা চমকে দিলে। শ্রীনাথ আর অধিক সরা-তদ্ধ, আমাকে অড়িরে ধরলে।—"উঃ কতদিন পরে!—নেই আলাম্থিতে দেখ', ১৭ বচর হবেনা ? কেমন আছে ভাই ? এখানে কি কাজে? কই এদিকে তে। কখনো আলোনা ?"

শ্রীনাথ এতগুলো প্রশ্ন একসন্দে করে কেললে। বললুন,—"বিখাস করে। তো বলি—তোমাদের সন্দে দেখা করে শেষ বিদার নিতেই এনেছিলুন। পরে হতাশ হরেই ফিরছিলুম ভাই। কাল চলে বাবো, ভগবান ভাই দরা করে দেখা করিবে দিলেন…"

অম্বিক বললে—'শেষ বিৰায় কি ব্ৰক্ষ ? সাধনমাৰ্চেৰ ই সীমা টোপকেছ নাকি ?"

শীনাথ বললে "না-না ও সৰ পাগলামী নর,—নিজে কাজ হলেই তো হ'লনা—সনাতন ধৰ্মটা বে গোলা বৈতে বংসছে—দেটা সামলে দিয়ে বাজা চাই তা নাভো আর এ সব নিয়ে রয়েছি কেনো ? শীভগবাৰ অজ্নকে বা বলেছিলেন, এখন জো আমাদেরও সেই অবস্থা "ন মে পার্থান্তি কর্তবাং ত্রিষ্ লোকেষ্ কিঞ্ন মনে নেই ? তবু এসব করে যাছি কেনো ?"

অধিক উদাসভাবে বলে উঠলো—"প্রগদ্ধিতার— ভনে নিজের প্রতি ধিকারে মানিতে চোধে জ এসে গোল, কথা কইতে পারল্মনা। উ: এরা কহ'। এগিরেছে,—বোধহর পৌছেই গেছে,—মামি সে মাইতিই ররে গেছি। ভাগ্যে দেখা হ'ল—মতি করে বলল্ম "গাই রে—এই জভেই দেখা করবার তরে প্রা আকৃল হ'বেছিল। কেবল অশান্তির মধ্যে পড়ে ছট্ করছিল্ম।"

শ্রীনাথ বললে—"হবেই তো, ভোমার কি । সংসারের খেঁলে থাকার অবস্থা ? চলে এসো ধানীতে " মনে মনে তজার মরে গেল্ম—এরা কতটা এগিরেছে!
সংসার ছেড়ে নিজের কান্ধ সেরে, এখন স্বাধীনভাবে
ত্রগন্ধিভারে লেগে গেছে। থাকতে পারল্মনা,—
মহাপ্রস্থানের উদ্দেশ্ত জানিরে, উপার স্থরপ জ্ভো
ভোগাড়ের কথা পর্যন্ত জানাল্ম—

ভনে শ্রীনাথ অবাক বিশ্বরে অধিকের দিকে চেরে বললে—"দেথ্চে, ভাষা চিরদিনই প্রজ্ঞান ধর্মী, নীরবে সব সেরে বসে আছেন,—এখন পারে পারে পৌচুবার সজ্ঞা!"

অধিক মাথা চুল্কে নি:খাস ফেলে বিমর্ধভাবে বললে "গুরুদেব আমাদের একি করলেন ? সংসারে থেকে 'ক্লগজিতার' চলাতে আদেশ দিয়ে আবার বাধলেন কেনো ? নচেৎ এমন ফ্রোগ—একত্রেই তো রওনা হওরা যার।" এই বলে অধিক মুখধানায় চিন্তার ভাব ছড়িরে ফেললে। শেষ শ্রীনাথের দিকে চেরে বললে—"কি বলো দাদা ।"

্ৰীনাথ আমার দিকে ফিরে বল্লে—"একটু অপেকা ক্ষাত পারনা ? একসদেই 'নিবান্ডে' করা বায়… তামার প্লে বলাই ভালো,—"

খ শামি তার দিকে হাঁ করে চেমে রইন্ম।

শ্বীনাথ আরম্ভ করলে—"কথা কি জানো—ঐ অধিক বিলান। কুস্তানানে গিয়েই তো কাল করলুম, কদেবের সঙ্গে দেখা,—দেখি ছারা নেই হিমালরের নাম কারা কেলে রেখে চলে এসেছেন—বাঘে চৌকী কং! এসব যোগমারা বোঝো তো ? যাক্, চজনেই দ্বিভিত্ত কারান ভাগো যদি বিদেহ সাক্ষাং মিল্লো— ন ভ্যাগের অনুমতি দিন।"

্রকটভাবে বললেন—"কেবল নিজের কাজ হয়ে
লই হল, ভারতধর্ম তৃবতে বসেছে বে। জীবনমৃক্ত
র পরও কিছুদিন ধর্মকার্থে থাকতে হয়। বা—
ইতার লেগে থাক;—পরিত্রাণায়"—বলতে বলতে
দাড়ালেন না—দট্ দরে গেলেন।

षषिक वन्त्र—"मिष्ठ का कवष्टत इत्तर शन नाना; ा कि···ष्णांत्र य शांत्रिमा।"

লাগ বললে..."এই অক্সক্তিতীয়ায় আর কেউ শ্লায়বেনা,—চলোনা।" আমার দিকে চেয়ে—

"গব্র সবেনা কি ভারা । এই সময়টা চলছে ভালো—
মিলছেও handsome,, এই দেখনা handful—কিছু
গুছিরে নিরে পাণ সংসারে ফেলে । দিরে,—ব্রুলে ।"
আমার মুখের ভাব লক্ষ্য করে—"ওঃ ভোমার দেখছি
এখনো, আরে জীবসুক্তের এখন শীলা বই ভো নির।
—মন প'ড়ে ররেছে সেই উর্জে। সংসারটা সেরেক্
শব-সাধনা রে ভারা, ভাকে কিছু দিয়ে ঠাণ্ডা রাখতে
হয়। রওনা হবার আগে হরি মুনীর দোকান থেকে
মাস ভিনেকের সওলা—খুঁটিয়ে নিরে, আর কুণ্ডর কাছ
থেকে সবার ৬ জোড়া করে হাওলাভি পরিধের একে
দিয়ে, অলক্ষ্যে রাভ ১টার গাড়ীতে পাড়ি ধরা! সংসার
ভো আমাদের ছুটেই গেছে—এসব ভো এখন পরহিতারর কোটার গিয়ে পড়বে। অল পক্ষে ওরাও কি
বেচারা গৃহত্দের কম লুট্ছে ৷ ওদেরও কিছু ধর্মদঞ্জর
হোক্। ভোমার দিনকতক সব্র সইবেনা ৷"

অধিক বললে— "ব্যবহারিক জীবনে আমার caseটা একটু tangle থেয়ে জোট পাকিয়ে আছে। এক সজেই যাবো। আমি বোলবো— বদরিনারায়ণ যাজ্জি— তুমি কিন্তু কথা কয়োনা। এই একটি বন্ধুর কাজ করো ভাই,—জীবনে আর ভো বলবনা। এ না বললে সে সঙ্গে যাবেন;—"

कथा कहेरछहे इल, वलनूम--- कारक मटक ठाउ १ दक मटक यांटव १

অধিক বললে—"গুরুদেব সংসারে থাকতে বললেন, কিন্তু সংসার তথন ফ্রিয়ে গেছে। গুরুর ইছো মিথা। হতে নিতে তো পারিনা,—কাজেই মাথা থেয়ে যে বসে আছি রে ভাই!—তৃতীয় পক্ষে এক তিহারাণী চড়িয়ে বসেছি—"

বলন্য—"ভা তাঁকে নেওয়া কেনো গু"

বললে—"তুমি ব্যুচোনা, ওসৰ পথ আমার জানা আছে। চণ্ডির-পাহাড় পার হরে যেতে হবে তো। সেটা বাবের আড্ডা, প্রো না দিরে পার হওরা যায়-না। তেড়ে এলে কাজে দেবে,—তাই নেওয়া—"

ভনে শিউরে উঠব্য। নিশ্চর ভাষাদা---

অধিক দেটা লক্ষ্য কর্ছিল। বললে—"ও:—এথনো কাঁচাই আছু দেধছি। মন্তব কে ? আয়ু ক্রুপনো ু

S. Marie . . .

'নট্ডভতে হলমানে শ্রীরে।' ---মনে নেই বৃঝি ?"

জীবসুক্তদের কথা শুনে আমার ধর্মচেষ্টা খুলিরে তথন একঘটি ব্যালর তেষ্টা পেয়ে গেছে। তেবেছিলুম দ্রৌপদী নৈই বে লপেটা খুঁজতে হবে। দেখছি এক এক করে नवारे (कार्षे ! कारना कथारे क्लांगा व्हिनना ।

শ্রীনাথ সহসা চিম্তাকুলভাবে বলে উঠলো—"ওদব ■ হবেনা অধিক,—ভারি মনে পড়ে গেছে,—হরি রক্ষে করেছেন।"

স্কলেই তার দিকে জিজাতার মত সাগ্রহে চাইলুম। शक खाद (कड़े दका शांक ना शांक---बांबि (यन वांहिनुब এবং कार्याही (नानवार अस्त छे एक वर्ष रहा रहेनूम।

শ্ৰীনাথ আমার দিকে চেয়ে বললে--"না: হোলনা--বড় হতাশ হলুম--বন্ধু। আমারা মন্থপন্থী--বিধিনিষেধ মানি, পাচজনে পথ চলার দিন আর নেই-তুমি এগোও। নচেৎ কোনো বাধাই ছিলনা ভাই। জীবগ্ৰাক্তর জ্তোর ভাবন। নেই ;--সভা লেগেই আছে, —কিন্তু বিধি নিবেধে বাগছে। আমাদের প্রাতঃশ্বরণীর ঋষিরা বছপুর্বের পাঁচকে ভৃতের কোটার কেলে গেছেন। এতকাল পরে বৃদ্ধিজীবীদের মাধার সেটা এসেছে। যিনি যত বড়োই হোন, ভূতের ভয় সকলেরি আছে।-गरथ 'भीत निविद्ध'..."

অখিক একটু মুসড়ে গেল, বললে—"এনাৰ শাল্পজান প্রবল-শীকার করি, কিছু মাঝে মার্টের শুভ কাজের পরিপন্থী। 3rd wing (তৃতীয় ইটিবার এমন মওকা আর মিলবেনা, তারও তাতে হ'ত, ধর্মার্থে এই শ্বনিত্য কণ্ডসুর দেহটা দে হোতো;—ভ্যাগের মহিমা দেখিরে বেতে পারতে আমাৰও blood pressure..."

ভারপর ত্নার কথার পর ছাড়াছাড়ি। প্রাণ ব ম্পট্ট অনুভব করলে প্রকৃত্ট বেন—আমার ভূ ছাডলো.—আরামের নিখাস যেন সর্বান্ধ দিয়ে বেরুলো শুদ্ধ বিশ্বয় ভথনো পেয়ে রয়েছে...

रतिश्रां भा अम्रांस नित्न,-- हम् एक स्वन्य--- श्राहा-ভূগ করলেন যে, ঠিকানা নিলেননা! হির হলে বেশ নিরিবিলিতে ওঁদের আশ্রমে বলে ধর্মকথা অনতেন,— অনেক আছে বে…"

সভবে জিজাদা করনুম---"আমাদের ঠিকানা ওঁদের জানা নেই তো ?"

হরিপ্রাণ বললে--"না।"

वननूम,--"वांहित्यक छारे,--हत्ना । नकारन द्विप আছে ?…"

হরিপ্রাণ ভনতে পেলেনা বা উত্তর দিলেনা।

দেল্লমন্দির বা "ভালেডা মালিগাবা"

খামী সুন্ধরানন্দ


সিংহলের স্বীন রাজধানী কান্দী (Kandy) সহরের "ভালেডা নিরমে তাহার নগর দেহ জ্পীভূত করেন। তৎকালে গোদাবরী ও মহা-मानिशावा" (Da. - a Maligawa) वा "नश्चमन्निव" (Temple of the Tooth) বৌৰ্ক ৈ একটা প্রম প্ৰিত্র ধর্ম-মন্দির। যোল শত বৎসর পূর্বের জীভগবান পূর্বের পৃত্তি (Tooth-relic) ভারতবর্ষ হইতে আনমন করিয়া ইহার উ ্ষ্মিতি বৎসর তিকাত, চীন, জাপান, ভাষ^{্ড্র} ধর্মপুল বৌদ্ধ এই পৰিত্র মন্দির দর্শন করিতে জীত বেশের শত শত এই প্ৰবংশ এই বিধাত মন্দিয়ত্তি **উভ**গবান বুংজুকেন। জামি দৰের ইভিবৃত্ত আলোচনা করিতে চেষ্টা করিব। ভণবান পৌতম বুদ্ধ মহানিকাণ লাভ করিলে তদীয় শিভগণ

নদীর মধ্যবত্তী কলিক নামক প্রদেশের প্রায় সব অধিবাসী বৌদ্ধধর্মাবলম্বী ্ছিলেন। এই প্রদেশের রাজাও বৌদ্ধ ছিলেন। তিনি 🖣ভগবান বুদ্ধের একটা ভন্নাস্থিদত প্রতি বংসর রাজকীর জাঁকলমকে বাহির করিরা উৎদৰ করিভেন। এই ভাবে এই পবিত্র দল এই রাজ্যের রাজগণ কর্তৃক ক্রমে আট শত বংগর যাবং বিশেষ বত্ন ও প্রকা সহকারে রক্ষিত হয়। পরে ইছার পার্থবর্তী রাজ্যের অপর এক বৌদ্ধ রাজা এধানতঃ এই পবিত্র দম্ভ হত্তগত করিবার অক্ত অগণিত নৈত লইয়া र्देशांक बाजवन करतन।

সম্যাদী বেশে এই পৰিত্ৰ দক্ত সইয়া রাজপুরী পরিত্যাগ পূর্বাক টিউটি-কোরিল (Tuticorin) হইতে সমূত্রগামী নৌকার আবোহণ করিয়া লকাকীপে উপনীত হইয়া কলিজরাজ-বক্তু বৌক্ধপ্রাবলবী সভারাজ সিরি বৈত্তন (Siri Mevan) কে উহা প্রধান করেন।

রাজা অ্যাচিত ভাবে এই অনুল্য উপহার লাভ করিয়া বিশেষ
আনন্দিত হন এবং উক্ত রাজকল্পা ও তাঁহার জামাতাকে তংবিনিমরে
অকৃত ধন-রফাদি প্রদান করেন। তিনি তাঁহাদের জল্প একটা স্পৃত
রাজবাড়ী প্রভত করাইরা তাঁহাদিগকে রাজ-সন্মানে রাখিবার ব্যবহা
করেন। রাজা সিরি মেজন এই পরম পবিত্র দন্ত বিশেষ প্রজার সহিত
কুল্যবান মণি-মৃত্যা-পচিত একটা আধারে রক্ষা করিয়া রাজবাড়ীর প্রস্তরমির্দ্বিত স্থায় অগ্রালিকার একটা প্রকোঠে হাণ্যন করিয়া সৈক্ত-সামস্ত ছারা

একটা বাহাতে সামান্তমাত্র শর্প করা হইত তাহাই অতি পবিত্র বলিয়া গণ্য হইত। এই বল্পব্য বাঁহার অধীনে থাকিত, তাঁহাকেই লভার প্রকৃত রাজা বলিয়া লোকে মান্ত করিত। লভারাজ্ঞবের শত্রুক ইহা একাধিকবার যথনই অপসারিত হইরাছে, তথন হইতে উহা পুন: হত্তগত না হওরা পর্যন্ত সমগ্র লভায় শোকের উচ্চাস বহিরা গিরাছে। ছর শত বৎসর পূর্বের যথন জপাহ (Japahu)—বর্তমান উ: প: প্রদেশ—সিংহলী রাজাদের রাজধানী ছিল, তপন তামিলরাজ কর্তৃক এই দন্ত প্রধান লুঠিত দ্রবারাপে অপসারিত হইরাছিল। তৎকালীন সিংহলী রাজা পরাক্রান্ত তামিল রাজার সঙ্গে বৃদ্ধ করিতে অসমর্থতা-প্রকৃত্ত ভারতে যাইরা তাহাকে সম্ভ্রুত করিয়া ইহা পুনরায় সিংহলে আন্মন করেন।



मख-मन्त्रि

দিবারাত্রি বিশেষ ভাবে পাহারা দিরা উহা রক্ষা করিবার বাবস্থা করেন। বে গৃহে এই দস্ত রক্ষিত হইরাছিল উহা "দস্ত গৃহ" (House of the Tooth) বলিরা অসিদ্ধ। এই দস্ত প্রতি বংসরে একবার রাজবাড়ীর যদির হইতে বাহির করিয়া বিরাট ভাবে রাজবীর আড়েম্বরে মিছিল করিয়া হবিবাতে "অভয়াগিরি বিহার (Abhaya-Giri Vehara)এ লইয়া বাওয়া হইত।

অনেক বৎসর বাবৎ এই পবিত্র দল্প ও অভিগবান বৃদ্ধের ভিকাপাত্র লকার্থীপের বৌদ্ধরাজগণ কর্তৃক বিশেষ সন্ধান সহকারে রক্ষিত এবং পুলিত হইটা আসিতেছিল। এই ছুইটা অমূল্য জিনিব বৌদ্ধর্ম্মাবল্যীদের নিক্ট এতে পবিত্র বিশ্বন্ধী পরিগণিত হইয়াছিল যে ইহাদের কোনও আতংপর পর্জ্ গীজরা এই বীপে আগমন করিলে তাহাদিপকে তাড়াইগা দিবার জক্ত কালীর সিংহলী রাজা তামিল রাজবের সাহায্য লাভের আশার এই পবিত্র দস্ত ও নূল্যবান দ্রবাধি সলে লইরা জাভ্না গমন করেন। কিন্ত তিনি এখানে হঠাৎ বন্ধ বৃদ্ধে পরাজিত এবং নিহত হইলে এ দন্ত জাফ্নার তামিল হিলু রাজার হস্তগত হর।

এই ঘটনার করেক বংশর পরে পর্জুগীজর। আফ্নার হিন্দু রাজাকে
পরাজিত করিলা এই পথিতা দত্ত তাঁহাদের রাজধানী "গোলাল" লইলা
বান। পর্জুগীজনবের কবল হইতে এই দত্ত উদ্ধারের জন্ত বিভিন্ন দেশের
বৌদ্ধ রাজপণ বিশেষ চেটা করিলাছিলেন। ইহার বিনিম্নে এক্ষের পেঞ্চ
কর্মেশের বৌদ্ধ রাজ প্রধাণ ইজার পাউও বুল্যের টাকা দিতে এবং

সংক্ সংক্ষ মালাকা (Malacca) ছিত পর্ক্ বীক্ত-প্রর্পর রসদ আবশুক মত সরবরাহ করিতে এতাব করিরা গোরার পর্কু গাঁক বড়লাটের নিকট এক পত্র লিখিরাছিলেন । লাট সাহেব এই এতাবে সম্মত ইইলে গোরাছিত তৎকালীন প্রধান রোমান ক্যাথলিক্ ধর্ম-যোক্ত ইইলে গোরাছিত তৎকালীন প্রধান রোমান ক্যাথলিক্ ধর্ম-যোক্ত ইইলে করিরা অক্টানদের পৌত্রলিকতার প্রহ্ম দেওরা গুটানদের পক্তে পাপ । পেবে ভগবান গুটের এই পর্কু গাঁক অমুচরকৃক্ষ এই পরিত্র দক্তকে একেবারে নট করিরা কেলিতেই দৃঢ় সংকল্প করিরা এতত্পলক্ষে এক বিরাট উন্মানক করেন ! নির্মারিত দিনে অগণিত ক্ষনসমূত্রের নাই করিরা ক্ষেপ্তেই দৃঢ় সংকল্প করিরা প্রত্রেক আরোক্ষন করেন ! নির্মারিত দিনে অগণিত ক্ষনসমূত্রের নাই ইহার ধ্বাসোৎসব আরম্ভ হয় । লাট সাহেব একটা প্রকাশ করেন এই পরিত্র দন্ত নিক্ষেপ করেন এবং প্রাপ্তত প্রধান গুটপরিত্রক মহোদর ইহাকে চুর্ণ করিরা গুলিতে পরিরাত করিরা পার্থবির্য করলার প্রজ্ঞানত অর্যাতে উহা নিক্ষেপ করেন । পরে ভন্মরাশি একটা গার্থবির্য ক্ষেলার প্রজ্ঞানত অর্যাতে উহা নিক্ষেপ করেন ।

ক্ষিত্র কর আড্বর করিয়া বাহাকে লোক-লোচনের বহিতু ত করিবার লক্ষ্য নিশিক্ত করা হইল উহা কি প্রকৃতই শীকাবান বৃদ্ধের ক্যাহি-মন্ত ? লছাবাসী অনেক বৌদ্ধ বলেন যে লাফ্নার হিন্দুরা বানরের গাঁত পূজা করিতেন এবং উহাই পর্কু গীলরা লইয়া গিয়াহিলেন। অনেকের মতে উহা নকল গাঁত হিলা। বৃদ্ধের প্রকৃত ক্যাহি দত্ত কালীর "ভালেভা মালিগাবা" মন্দিরের অভ্যত্তর প্রোধিত আছে বলিয়া বৌদ্ধাণ বিদাস করেন। কেছ কে বলেন যে পর্কু গীলদের নিন্দিত্ত ক্যাহি দত্ত কালীর শভালেভা মালিগাবা" মন্দিরের অভ্যত্তর প্রোধিত আছে বলিয়া বৌদ্ধাণ বিদাস করেন। কেছ কে বলেন যে পর্কু গীলদের নিন্দিত্ত ক্যাহি দত্তে পরিশত হয়। প্রযাটী নদী হইতে সমুদ্র দিয়া ভালিয়া লছার কুলে উপনীত ইইয়াহিল। যাহা হউক, এই ঘটনার সভ্যাসতা নির্ণয়ের ভার আমাদের উপর নচে। আমাদের বিধাস শীকাবান বৃদ্ধের সভ্য বা অসভ্য যে ভ্রমাছি দত্তই কান্দীর এই বিধ্যাত "ভালেভা মালিগাবা" বা "দত্ত-মন্দির" এ থাকুক না কেন, শ্রবণাভীত কাল হইতে অগণিত কতুগণের কভিত্রছা আক্ষণৰ করিয়া ইহা যথার্য ই মহা প্রিজ বৌদ্ধতীর্থে পরিণ্ডত ইইয়াছে।

ব্যাধি

ত্রীতারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

স্র্যোদ্যের প্রেই পাধীর প্রভাষী কলরবের দক্ষে সক্ষেই দেতারপর্ক শেষ হইয়া গিরাছিল। এখন তানপ্রায় ঝকার তুলিরা হারাণ আচার্য্য সাধিতেছিল একথানি ভৈরবী। আবেশে তাহার চোথ ছটী মৃতিত হইয়া আদিয়াছে। তানপ্রার উপর গাল রাখিয়া সে গাহিতে-ছিল—'চরণে চন্দন রাঙা ক্ষবা দিলে কে-রে!'

রুদ্ম্রিতে একগাছা লাঠী হাতে ও-পাড়ার ভাষি ঘোষাল আসিয়া বিনা ভূমিকায় হুরার ছাড়িয়া ডাকিল—
হারাণে—শালা— !

তানপুমটোর ক্ষীত উদরের উপর বা হাতে তালি মারিয়া হারাণ ওাল দিতেছিল। ফাঁকের ঘরে বাঁ হাত ত্লিয়া হারাণ ইসারা করিল—সব্র। গানটা উপভোগ্য-রূপে ক্ষমিয়া উঠিয়াছিল। ঘোষাল বনিল। যথাসমরে গান শেষ করিয়া হারাণ তামপ্রাথানি স্যত্নে পাশে রাধিয়া দিতে দিতে কহিল—কি ?

খোবালের রাগের সময় বোধ কমি পার হইরা গিয়াছিল। সে কাকুতি করিয়া বলিল—হারাণ, আমার ঠাকুর ? হাতের মেরজাপটা খুলিয়া হারাণ কহিল---জানি নাভ।

বোধাল বোড়হাত করিয়া বলিল—দে ভাই,—
কোধা রেখেছিস—কি ফেলে দিয়েছিস বল!

হারাণ বলিল—ভোমার ঠাকুর ত আমি দেখেছি বাপু; আনা-টেক সোনার একটা পুট-পুটে গৈতে ছিল। সে আমি হাত দিই নাই। ছুঁচো মেরে হাত-গন্ধ আমি করি না।

ঘোষাল আরও মিনতি করিয়া বলিল—তোর পারে ধরি ভাই, আমার তিন-পুরুষের শালগ্রাম শিলা,—দে ভাই। বল কোথায় ফেলে দিয়েছিদ ?

হারাণ কহিল—বিখাস না কর ত কি বলি বল। সতিটে আমি কানি না।

বোষাল আর নিজেকে সম্বরণ করিতে পারিল না, সে রোষে উন্মত্ত হইয়া উঠিল, কহিল—কুষ্ঠব্যাধি হবে, মৃধ দিরে পোকা পড়বে। চণ্ডাল—চোর—আন্ধণের ছেলে হরে—।

হারাণ কোন উত্তর দিল না। সে ভানপ্রাটা আবার কোলের উপর উঠাইল। ৈ <mark>বো</mark>ধাল সরোধে কহিল—দিবি না তুই? আমি পুলিলে থবর দেব—

হারাণ অবিচলিত ভাবে তানপুরার তারের উপর আঙুল চালাইরা দিল। স্বর্থকারে যস্ত্রটা সাড়া দিরা উঠিল।

আক আং বোষাল ভাহার পারের গোড়ার ক্ষিপ্তের মত মাথা কৃটিতে কুটিতে কহিল,—মরব, আমি ভোর শারে মাথা খুঁড়ে মরব।

তাহার স্বর স্থাবরুদ্ধ, চোপ দিয়া দরদর ধারে জল করিতেছিল।

হারাণ বলিল—কেন মিছে আমার পারে মাথা খুঁড়ছ ঘোষাল ? যাও না, ভাল ক'রে নিব খুঁজে-পেতে দেখ না গিলে। গোল পাথর ত, গড়ে টড়ে প'ড়ে গিলে থাকবে হয় ত। পুস্পকুণ্ড-টুগুণ্ডলো দেখগে যাও।

ঘোষাল চোথের জলে ভাসিতে ভাসিতে পরম
ুজাখাসের হাসি হাসিরা প্রশ্ন করিল—পাব—পাব—,
ুপুম্পকুত্তের মধ্যেই পাব হারাণ ৫

—দেখই না গিয়ে।

যোষাল জ্ৰুপদে চলিয়া গেল, হাতের লাঠাগছিটা

ক্রেইখানেই পড়িয়া রহিল। যন্ত্রটায় ঝকার তুলিয়া হারাণ

এবার ধরিল একথানি বাগে-শ্রী। গান চলিতেছিল,

নিশি স্বর্ণকার আদিয়া দাওয়ার উপর নীরবে বদিল।

গান শেষ করিয়া হারাণ বলিল—একবার তামাক সাজ্ব

দেখি নিশি।

হারাণের ঘরত্বার নিশির পরিচিত, সে তামাক টিকা লইয়া তামাক সাজিতে বসিল। যন্ত্রের তারগুলি শিথিল করিয়া দিয়া কাপড়ের খোলের মধ্যে স্যত্রে যন্ত্রটীকে পুরিয়া দেওয়ালে পোতা পেরেকে ঝুলাইয়া রাখিল।

নিশি কলিকার ফুঁ দিতেছিল, সে কছিল—একজন থরিকার এসেছে দাদাঠাকুর। কিছু সোনা বেচবে? দরও এখন উঠেছে—চবিবশ দশ আনা পাকা বিকুচেছ।

হারাণ রান্ডার দিকে চাহিয়া রহিল, কোন উত্তর দিলুনা!

निनि छाकिन-नामाठाकुत !

মুছবরে উত্তর হইক ন।।

मृद्भारत मिनि विनन-कि कत्रत्व এछ मान।

নিছে? আমিই ত তোমার গলিরে বাট তৈরী করে দিয়েছি—দেড় সের সাত পো'ত হবেই। কিছু ছেড়ে দাও এই সময় বুঝলে?

—টাকা নিয়েই বা কি হবে আমার ?

— জমি-টমি কেন। কিখা দাদন-পত্ত কর। এই খাদ একটা বিদ্যে-টিয়ে কর ব্বলে। আজন্মই কি এমনি করে কাটিরে দেবে নাকি ?

হারাণ নিক্তরে বসিয়া রহিল। নিশি কলিকাটা কোলের কাছে নামাইয়া দিল, বলিল—থাও। তথারও একটা কথা দাদাঠাকুর,—ও সব কাজ এইবার ছাড়। আর কেন ঠাকুর দেবতার অলকার—ও আর ছুঁয়োনা। ও হচ্ছে কাঁচা পারা—হজ্ম কারও হয় না।

এতক্ষণে হারাণ কথা কহিল। একম্থ ধোঁয়া ছাড়িয়া
মৃত্যরেই বলিল—এই দেখ বাবা—হাত দেখ—পা দেখ,
শরীর দেখ, থসেও যায় নি, রোগও হয় নি। আর
নিতেই যদি হয় ভবে দয়াল দেবভার নেওয়াই ভাল।
ভাবি ভাবি করে চেয়ে দেখে, ধরে না—কাউকে বলে
দেয় না, চাঁচায় না, ছঃখ করে না। কাঠ আর পাথরের
গায়ে রাজ্যের সোণা-দানা—রামচন্দর! কাল রাত্তে,
ব্রলি, ওই ঘোষালদের ঠাকুরঘরে চুকেছিলাম। গোল
একটা ফুড়ি, ভাকে বেড দিয়ে একটা সোণার পৈতে!
নিলাম টেনে ছাড়িয়ে, ভারপর ভাবলাম দিই ছুঁড়ে
কেলে। আবার ভাবলাম, থাক, এই পুলা কুণ্ডের মধ্যেই
থাক। আবারও ত পৈতে গড়িয়ে দেবে—সেইটাই
হবে হাভের পাঁচ। কিন্তু নেত্ত নে

নিশি কহিল—আছে৷ এসব যে তুমি করছ—কি জন্যে—কার জন্তে করছ বল ত ? না করলে সংসার, না কিনবে সম্পত্তি,—কি হবে এতে তোমার ?

হারাণ বলিল--- কল্পেটা পালেট সাল,---ওটাতে আর কিছু নাই। তারপর গুণ্গুণ্- করিয়া রাগিণী ভাজিতে আরম্ভ করিয়া দিল।

নিশি আবার তারাক সাজিতে বসিল। টিকেতে আগুন ধরাইতে ধরাইতে বলিল—জিনিযগুলো যত্ন করে রেখেছ ত লালঠিকুর? নেখো, চোরের ধন বাটপাড়েনা নেবা!

মত হাসিতে হাসিতে হারাণ বলিল—সে এক ভীষণ



কেলে সাপ —ইরা তার ফণা—জ্মানি বে ওস্তাদ, আমাকেই বলে,—ছইটী হাতের তালু পাশাপাশি বোগ করিরা ফণার পরিধি বর্ণনা করিতে করিতে হারাণ সভ্য়ে শিহরিরা উঠিল।

দিন দশেক পর।

সেদিনও নিশি বসিয়া তামাক সাজিতেছিল। হারাণ কতকগুলি টুক্রা টুক্রা কাঠী লইয়া ছোট ছোট আঁটী বাঁধিতেছিল। নিশি কহিল—এর মধ্যে নবগ্রহের ন রকম শুক্নো কাঠ কোথা থেকে যোগাড় করলে দাদাঠাকুর ? তোমাদের দৈবজ্ঞিদের সন্ধান বটে বাপু।

হারাণ বলিল—তুইও যেমন, দেবে ত চার আনা পরসা, তার জতে বনবাদাড় ভেঙে কোথায় আকল কাসী কোথায় এ—কোথায় তা, যোগাড় ক'রে বেড়াই আমি। নিয়ে এলাম ভকনো ডাল একটা—তাই বেঁধে আঁটি ক'রে দিছি। এই কি দিতাম গু বছরে বছরে রায়পুরের বাবুদের বাড়ী একটা ক'রে পার্কণী দেয়, তাই, নইলে—হাা:।

— কিন্তু দেবকায়ের জিনিব, শান্তি-স্বস্থেন করবে ভারা।

মৃত্ হাসিয়া হারাণ বলিল—আমাকে ত সবাই জানে বাবা, জেনে-শুনে সব আমার কাছেই বা আসে কেন ? গ্রহের ফেরে যজ্ঞ ভাদের পূর্ণ হবে না, ভার আর আমি কি করব ?

একটা লোক আসিয়া প্রণাম করিয়া বলিল—আজে 'নব-গেলেণে'র কাঠ নিতে এসেছি।

হারাণ বাল্স--এই যে বাবা কাঠ বেঁধে বঙ্গে আছি আমি। তোমার গড়ী রায়পুর ত ?

---আজে হাা।

-- शत्रमा धरनह-- ठात 🔪 शत्रमा १

লোকটা একটা সিকি ফোণ দিয়া কাঠ লইয়া চলিয়া গেল।

হঁকা কলিকা হারাণের হাতে দিয়া নি:

ত্লিক কোমার ভাল নম দাদাঠাকুর, ঘাই বংক্রি

এত দিন বিদেশে বিভূঁরে গিরে যা করেছ ধরতে পাই নাই কেউ, এবার তুমি গাঁরেও আরম্ভ করলে? আবর্ধ এই লোক ঠকান—

হারাণ হঁকায় টান দিয়া বলিল—আর বৃদ্ধি কল হ না,—মেঘ ধরে গেল। সে আকালের দিকে চাহির রহিল। নিশি বিরক্ত হইয়া চুপ করিল। কিছুক্ষণ পা সে বলিল—ঘোষাল পুলিশে ডায়রী করেছে ওনেছ ?

হারাণ বলিল— মিছে কথা। হলে এতদিন থানা-ভল্লাদ হয়ে যেত। আয়ো করলে ত করলে, সাকী প্রমাণ ভ চাই।

একথানা ছইওয়ালা গরুর গাড়ী বাড়ীর দরজায়, সাড়াইল। ও প্রসঙ্গ বন্ধ করিয়া হারাণ প্রশ্ন করিল — কোথাকার গাড়ী হে?

গাড়োয়ান গাড়ী নামাইতেছিল ৷ ছইএর মধ্য হইতে
একটী বিধবা মুখ বাড়াইয়া কহিল—ভাল আছে দাদা ?

হুঁকা হাতে উঠিলা দাড়াইলা হারাণ সবিশ্বরে কহিল— কেরে,—হৈম ? তুই হঠাৎ যে ?

গাড়ী হইতে হৈম নামিয়াছিল, পিছনে তাহার বালক পুত্র তমোরীশ ৷ দাদার পদধ্লি লইয়া কাঁদিতে কাঁদিতে হৈম বলিল—

বঙ্গেতে বাড়ী ঘর সব পড়ে গিরেছে দাদা। এমন আক্রাদন নাই যে মাথা গুঁজে দাড়াই। কোথা, কার্ম কাছে দাড়াব বল ? অবস্থা ত জান—ঘর যে আবার্ম করে নিতে পারব—সে সম্বলই বা কোথা ? ভগবান্ম শেষ কালে তোমারই কাছে দাড় করালেন আমাকে।

হারাণ কহিল—তা বেশ বেশ। তোরও ত বাপের ঘর। আর ভাই আয়। বেশ করেছিস। তমোরীশেরই ত সব—হূদিন আগে আর পরে।

নিশি কহিল -তা' বৈকি, এ ওগ্ৰীর অধিকারীই ত উনি।

হৈম আঁচলে চোথ মৃছিতে মৃছিতে ছেলেকে ভংগনার স্থার বলিল—মামাকে প্রণাম কর তমোরীশ! ছিঃ, এত বড় ছেলে, এও বলে দিতে হবে ?

কোলের কাছে ফুট্ড্টে ছেলেটাকে টানিয়া লইয় হারাণ বলিল—বকিস নে হৈম, অচেনা জাহগা— আমিও অচেনা— ্ট মৃত্ অন্ত্রাগ করির। হৈম বলিল—চেনা না দিলে চিনবে কেমন করে বল ? এই ত দশ কোশের মাধার আকি । মলাম কি থাকলাম বোনের থোঁজও ত নিতে ইর । শেব গিয়েছ তুমি, আমি বিধবা হলে—দে আট বছর হল। তমোরীশ তথন ত বছরের ছেলে, কেমন করে চিনবে বল ?

ক্ষজিত হইয়া আচাৰ্য্য কহিল—আৰু আৰু ভাই, বাজীৱ ভেডৱে আয়।

ভমোরীশকে সে কোলে তুলিয়া লইল।

গৃহিণীহীন গৃহধানিতে আবৰ্জনা না থাকিলেও মাৰ্জ-নাৰ পারিপাট্য নাই, অভয়-অবয়ব হইলেও সম্পূৰ্ণ নয়, গৃহের মধ্যে যে একটা শ্রীময়ী মমতা থাকে—তাহা নাই।

হৈম বলিল—মায়ের আমলে কি রূপই ছিল এই ব্রের। সেই ঘর ! সে একটা দীর্ঘনি:খাস ফেলিল।

হারাণ নিশিকে ডাকিয়া কহিল—চার পয়সার ভাল
মিষ্টি এনে দে দেখি নিশি। ছেলেটা প্রথম এল—

সিকিটা হাতে লইয়া নিশি বলিল—ডাল নুন কেল কি আর কিছু যদি আনতে হয়, একেবারে আনতে দাও না।

্রিক্টেগ্রজ্ঞের বাড়ী রে এটা, ভূজ্ঞার ডাল নৃন আছে।
ছ পয়সার তেল আনিস বরং। আর ভাবছি—মশারী
একটা চাই আবার, যে মশা এথানে। বার আনার কমে
হবে না কি বলিস ? ভোর ঘরে বাড়তি নেই রে ?

/ থিড়কী হইতে ফিরিয়া হৈম কহিল—ছি ছি লালা,
ঘাট-পালারগুলো ক'রে রেথেছ কি ? জঙ্গলে যে মানুষ
ভূবে যার। বিষেও করলে না—না লালা এবার তোমার
বিষে লোব আমি।

আচার্য্য নিশিকেই বলিল—না থাকলে কি আর হবে। তাহ'লে রামা তাঁতীকে বলবি একটা মশারীর জতে। নিম্নেই বরং আসবি। ওর ছেলের রাশি-চক্রটা দিয়ে যেতে বলবি, কুষ্টা ক'রে দেব।

নিশি বলিল—সে আমি পারব না বাব্। তুমি
টা মিথ্যে যা তা কুষী করে দেবে, সে পাপের ভাগী
মি হই কেন? তার চেয়ে আমি নিজে দায়ী হয়ে
বের আসব। তুমি প্রসাপরে দিয়ো আমাকে।

সে চলিয়া গেল।

নিশি চলিয়। যাইতেই হৈম বলিল—একটা কাল তুমি করতে পাবে না দাদা। তোমার পারে আমি হত্যে দেব। ঠাকুর দেবতার জিনিধ—

তাড়াতাড়ি বাধা দিয়া আচার্য্য কহিল—না, সে ত অংমি আর করি না।

নিশীথ-রাত্রে হারিকেনটা অসুজ্জল করিয়া দিয়া হারাণ থিড়কীর ঘাটে গিয়া নামিল। কিছুক্লণ নিস্তর্জভাবে প্রতীক্ষা করিয়া থীরে ধীরে আলোকটাকে উজ্জল করিয়া দিল। তার পর ঘাটের বাঁ পালে ভাঙিল। ঘন অকলের মধ্যে একটা আকল গাছের তলা খুঁড়িয়া বাহির করিল একটা ঘটা। সেটাকে লইয়া সে নিবিড়তর জললের মধ্যে প্রবেশ করিল।

থানা পুলিশের সংবাদটা সত্য বলিয়াই বোধ হ**ইল।**দফাদারটা দিন তুই হইল গান শুনিবার ছলে বসিয়া
অনেককণ আলাপ করিয়া গেল।

গত রাত্রে অন্ধকারের মধ্যে দাড়াইয়া মান্থবের চিহ্ন অন্থসন্ধান করিতে গিয়া হারাণের নক্তরে পড়িল হটী মান্থব।

দে চমকিয়া উঠিয়া প্রশ্ন করিল—কে ?

উত্তর হইল**—আমরাই** গো।

আচার্য্য আবার প্রশ্ন করিল—আমরাই কে তে বাপু?
—আমি রামহরি দফাদার আবে থানার মৃত্রীবারু!
বৌদে বেরিয়েতি।

সকালে উঠিয়া রাগিণী আলাপ তেমন জমিল না। তমোরীশ বসিয়া আছে; প্রথম দিন হইতেই ফ্র-ফ্রের উঠিলেই সে আসিয়া বসে। নিশিও নিয়মিক শাসিয়াছিল। গান শেষ করিয়া আচার্য্য নীরবে তামাক টানিতেছিল।

হৈম আসিয়া দাড়াইল। সে বোধ হয় দাদার নিকট হইতে প্রথম সঞ্ভাষণ প্রত্যাশা করিয়াছিল। কিছুক্ষণ প্রতীক্ষা করিয়া শেষে সেই প্রথমে ডাকিল—দাদা!

আচাৰ্য্য মুখ তুলিয়া চাহিল।

— স্কাৰ তমোরীশকে ইস্কুলৈ ভর্তি ক'রে দিয়ে আসবে দাকা হারাণ বলিল—উভ্—**আছ** দিন ভাল নয়।

হৈম ত্মশের হাসি হাসিরা বলিল--কাকে কি বলছ ? আমিও যে দৈবজ্ঞের ঘরের মেরে দালা। দিন ভাল মল-

সপ্রতিভ ভাবে হারাণ বাধা দিরা বলিল—না,— মানে—পর্সা নেই হাতে আজা। আর ভাল দিন ত আরও আছে।

ছোট একটা দীর্ঘনি:খাদ ফেলিয়া হৈম কছিল--ভাই হবে। কিছু বই ক'থানা কিনে দাও।

ঘাড় নাড়িয়া হারাণ বলিল-দেব।

হৈম চলিয়া গেল।

বন্ধগুলার আবরণ পরাইতে পরাইতে আচার্য্য কহিল
—তমোরীশ, ভেতরে যাও ত বাবা!

বালকের বিলীয়মান পদপ্রনির প্রতীকা করিয়া হারাণ মৃত্ত্বরে নিশিকে কহিল—আমার বাড়ীটা তুই কিনবি নিশি ? যা দাম দিস তুই। পুলিশ বড্ড আমার পেছনে লেগেছে।

নিশি চমকিয়া উঠিল। আচার্য্য বলিল—ভবী মিশ্রীকে দিলে চূলো টাকার সে এখনি নের। কিন্ধু শালা পুলিশের গুপ্তচর—ঠিক বলে দেবে। তুই নে,…এক-শো টাকা তুই আমাকে দিস—না—একশো পাঁচ।

নিশি কহিল—দিচিঠাকরণ, ভমোরীশ, এরা কোথা যাবে ?

হারাণ আর কথা কহিল ন।।

পরদিন সকাল বেলা আর হারাণের সেতার বাজিল না। নিশি আসিরা ফিরিয়া গেল। তমোরীশ আবিকার করিল মামার যন্ত্রতির মধ্যে তানপুরাটা নাই।

সন্ধ্যার নিশি আসিয়া দেখিল—হৈম বসিয়া বসিয়া কালিতেছে। পাশেই স্লানমূথে কয়খানি নৃতন বই হাতে তমোরীশ বসিয়া ছিল।

নিশি শুনিক হারাণ ভবী মিশ্রীকে প্রান্তব্ই টাকার বাড়ী বেচিরা কাশী চলিরা গেছে। হাইবার সময় ক্রথানি বই তমোরীশকে দিবার অক্ষ দিরা গেছে।

আনাচাৰ্য্য কিন্তু কাশী যায় নাই। সে বৰ্জমান জেলা পার হইয়া মুশিদাবাদে গিয়া পড়িল। নিতাক্ত পথে

পথে বাজা। কাঁধে এক কঘল, একটা পুঁটলী, হাডে ভানপুরা।

একথানা গ্রামে প্রকাণ্ড দালান ঠাকুরবাড়ী দে**ধির্মু** দে ঢুকিয়া পড়িল।

মূর্শিদাবাদ আমিরী চালের জন্মভূমি; বনিগাঁদী চাল—পুরানো বন্দোবন্ত আজন্ত এখানে মরে নাই। এ বাড়ীর বন্দোবন্তও পুরানো। অতিথিকে এখানে মান্তবের অন্তর্গত ভিক্ষা করিতে হয় না, দেবতার প্রসাদ কামন, ক্রিয়া দাঁডাইলেই পাওয়া যায়।

অপরাফ বেলার নজতে পড়িল বনিয়াদী চালও এখনও সেখানে আছে।

ঠাকুরবাড়ীর পালেই বাবুদের বৈঠকথানায় বড় হলে আসর পড়িতেছে, ঝাড়ে দেওয়ালগিরিতে বাতি বসান হুইতেছে।

হারাণ এদিক ওদিক ঘ্রিয়া ছিলমচীথানসামার ঘরে

চুকিয়া ভাহার সহিত আলাপ আরম্ভ করিয়া দিল
প্রকাণ্ড বড় ছিলমদানীটা কলিকার কলিকার ভরিয়
গৈছে।

ধানসামা বলিল—বড় সেতারী এসেছেন,—মন্ত্রিস বসবে আন্তঃ

হারাণ কহিল—আমাকে শুনবার একটু সুবিধে করে? দিতে হবে ভাই। ভানপ্রাটা সে ঘরের এক কোণে রাধিরা দিল। সেটার দিকে লক্ষ্য করিয়া খানসামা কহিল—আপনিও কি ওপ্রাদুনা কি ?

আচাৰ্য্য বলিল — গান-পাগলা মাত্ৰ্য দাদা। ওপ্তাদ টোন্ডাদ কিছু নই।

ম**ৰু**লিদে স্থান সে পাইল।

হৃষকেননিভ ফরাসের উপর সারি সারি তাকিয়া পড়িয়া ছিল। সোনারূপার সাত আট্টা ফুরসী গড়গড়া পড়িয়া আছে। রূপার পরাতে প্রচুর পাণের খিলি, আত্রদানে আতর ও তুলা শোভা পাইতেছিল। ছুই তিনটা গোলাপপাশ হইতে গোলাপজ্ঞল ছিটান হইতেছিল। প্রকাণ্ড চারিটা হাতপাথা লইয়া চারিজ্য খানসামা চারি কোণে দাড়াইয়া বাতাস করিতেছিল সুগদ্ধি ধুণ ঘরের চারিদিকে জলিতেছে। ক্ষমণ বি

ক কোশে সে বসিল। প্রথমেই বিভরণ করা হইল শিও আবাতর। সমানীসমুমী ব্যক্তিদের গলার ফুলের নিলাদেওয়াহইল।

ভার পর আরম্ভ হইল স্থাত। ওপ্তানের স্থানিপ্ণ আইনী স্পার্শে সৈতার সত্য সতাই গান গাহিরা উঠিল।
কোরারীর তারগুলির ঝ্লারে মান্ত্য, আলো, এমন কি ব্রবানার জড় উপাদান পর্যান্ত যেন মোহাবিষ্ট হইরা শেল। ঘরের জানালার গরাদেতে হারাণ হাত দিয়াছিল, লো অন্তব করিল লোহার গরাদের মধ্যেও সে ঝ্লার প্রতিধ্বনিত হইতেছে। স্পীতের গতি ক্রত হইতে আরম্ভ হইল, ছনে নাজনা চলিল। আঙ্গুলের ছোঁরায় ভারের মধ্য হইতে খুরের ফুল্রুরি যেন ছড়াইয়া ছড়াইয়া

মধ্য পথেই কিন্তু সঙ্গীত শেষ করিতে হইল। যন্ত্রী ভবলচীর দিকে চাহিয়া বলিলেন—আপকো হাঁত আর নেহি চলেগা।

বাদক লজ্জিত হইয়া বলিল—আমার শিক্ষা সামাস্তই।
আবদর পাইয়া থানসামা সরবৎ ধরিয়া দিয়া গেল।
সক্ষে সক্ষে সুরা। ফুরসী গড়গড়ার ডাকে মজলিসটা
মুথরিত হইয়া উঠিল। ধৃতুরা ফুলের মত লম্বা একটী
ক্রিপার কলিকা আসিল ওস্তাদের জক্ষে। ওস্তাদের হাত
ছিইতে কলিকাটা ঘরময় মুরিয়া বেড়াইল।

ওন্তাদলী আবার সেতার তুলিয়া কহিলেন—আওর কই হায় সন্ধীত করণেকো শিয়ে।

মালিক মনোহর সিংহ চাবিদিকে চাহিলেন, অবশেষে জ্বিতভাবেই বলিলেন—তুসরা আদমী ত কোই নেহি

হারাণ **উঠি**রা পড়িল। আভূমিনত এক নমস্কার করিয়া যোড়হাতে কহিল, হজুর—চকুম হয় যদি, তবে আমি একবার চেষ্টা ক'রে দেখি।

গৃহস্বামী স্থিরদৃষ্টিতে তাহার মুখের দিকে চাহিলেন, ভার পর গভীরভাবে বলিলেন,—পারবে তুমি ?

अलाम कश्टिनन—कारेटम—तम्बिटम !

একজন বলিয়া উঠিল-পাগুল নয় ত ?

ওন্তাদ কহিলেন—কোকিল বনমে রহে বাবুজী— ক্লিকালা উদ্ধা। লেকেন গানেওলাকে বাদশা ওহি। গৃহস্বামী আতর পাণে মাক্ত করিয়া হারা^থকে সকত করিতে অনুমতি দিলেন। সকত আরম্ভ হইল।

আচার্য্যের হাতে চর্ম্মবান্ত সেন্তারের স্থরে স্কর্ম মিশাইল। অপৃথ্য সমন্ব্য়ে স্থপকত শ্ব হইল। ওন্তাদ যন্ত্রধানি পাশে রাখিরা তারিফ করিয়া উঠিলেন—বহুৎ আচ্ছা। বহুৎ মিঠা হাত আপকা।

মালিক একগাছি মালা আচার্য্যের গলার পরাইয়া
দিয়া কহিলেন – ওস্তাদকীর কোথার বাড়ী ় কি নাম
আপনার ঃ

যোড়হাত করিয়া হারাণ কহিল—ভবখুরে ছজুর আমি। গানবাজনা করেই বেড়াই। নাম আমার নারায়ণচক্র রায়।

এ নামটা পথে পা দিবার সময়ই সে ঠিক করিয়া রাখিয়াছিল।

সেতার সকতের শেষে ওস্তাদের অফ্রোধে হারাণ গানও গাহিল। থুদী হইয়া মনোহরবারু হারাণকে স্বরাপাত আগাইয়া দিলেন।

পাত্রটী কপালে ঠেকাইয়া হারাণ সসন্ধাচে নামাইয়া রাথিল, কর্যোড়ে কহিল—তত্র, স্থরের কারবারী আমি, সুরা আমার গুরুর নিষেধ।

ওতাদজী কহিলেন—বহুং আগচ্ছা। সাচচা আগদমী আপ্।

মনোহরবাব্ জড়িতকটে বলিলেন—মদ না **খাও,** মাতলামী কি**ন্ত করতে** হবে।

হারাণ কহিল—নাচব হুজুর ? বাইজী নাচ ?

চারিদিক হইতে রব উঠিশ—বহুৎ আচছা, বহুৎ আচছা।

মলোহরবাব্র আশুরেই হারাণ আচার্য্য থাকিয়া গেল। এমনি একটা আশুরুই যেন সে খুঁজিতেছিল। জীবনের চারিদিকে বিলাসের আরামে তাহার যেন খুম আদিল। কর্মের দায়িত্ব নাই, শুরু বাব্র মনস্তুষ্টি করিলেই হইল। বাবু খামিলে সে বাতাস করে, অকারণে ছিলমটী থানসামাকে ধমক দিয়া ন্তন কলিকা দিতে আদেশ শেয়। মনোহরবাবু শীকারে খান, সঙ্গে হারাণ থাকে। সে অবিকল তিতিরের ডাক ডাকে, বনমধ্য হইতে তিতির সাড়া দিরা উঠে। সন্ধার সেতার শোনার, গান গার, পাথীর মাংস রাঁধিয়া দের। রারাতেও হারাণের হাত বড় মিঠা। বার না সে শুধু বাথ শীকারের সমর। যোডহাত করিয়া বলে—

আছে আমার কন্তাবাবাকে বাবে ধরে ধেরেছে।
ক্যান্ত বাঘ দেখা আমাদের বংশে নিষেধ আছে।

মনোহরবাবুর জীবনে সে অপরিহার্য্য হইরা উঠিল।
নারাণ রায় ভিয় একদণ্ড জাঁহার চলে না। হারাণের
জীবনও বড় স্থেই কাটিয়া যায়। মধ্যে মধ্যে সে কেমন
হইয়া উঠে: বায়বার ঠাকুয়বাড়ীতে যায়, চারিদিকে
চায়, পাথরের মন্দিরের প্রতি পাথরটী যেন মনে আঁকিয়া
লয়া ছারের সশস্ত্র প্রহরীটাকে দেখিয়া অকারণে
শিহরিয়া উঠে।

স্বোর শীকারের প্রস্টা প্রবলভাবে জমিয়া উরিয়ছিল। থাঁটী আমিরী চালে সমস্ত চলিতেছিল। বন্ধু, বাইজী, সন্ধাত, স্মরা, হাতিয়ার, হাতী, কিছুরই অভাব ছিল না। সন্ধার পর হইতে নাচ-গানের আসের বনে। বাইজী নাচে, রায়জী সন্ধত করে। রজনীর মগ্রগতির সলে সলে রায়জী সন্ধত ছাড়িয়া বাইজীর নিধুলি মাথিয়া গড়াগড়ি দেয়।

সেদিন মনোহর বাবু তারিফ করিরা কহিলেন— বহুৎ আমাজ্যা—বহুৎ আমজ্যা।

রায়জী কাঁদিয়া আকুল হইল— হজুর আমার পরিবার বড় ভাল নাচত। আহা-হা— সে মরে গেল! দেখবেন সে নাচ হজুর ?

সাঁওভাৰ নাচ নাচিতে স্থক করিল দে।

স্থরার অবসাদে ক্রমশং ক্রমশং উত্তেজনা কোলাহল ডিমিত হইরা আসিল। বাইজীর দল চলিয়া গেল। ঘুম সব অচেতন। হারাণ উঠিয়া তাঁবুর দরজার পর্দাটা টানিয়া দিল। তার পর মনোহরবাবুর পাশে বসিয়া তাঁহাকে বাতাস করিতে আরম্ভ করিল। মনোহরবাবুর নাক ডাকিতেছিল। বাতাসের আয়ামে সে ধ্বনি ভারত গভীর হইয়া উঠিল। পাধাধানি রাধিয়া হারাণ ভাহার বুকে হাত দিল। মোটা সোনার চেন্টা সে খ্লিতেছিল। অক্রাৎ তন্ত্রারক্ত চোধ মেলিয়া বিড় বিড় করিয়া কি বকিতে বকিতে মনোহরবাব

পাশ ফিরিরা ওইলেন। হারাণের বৃক্টা গুর্ গুর্ করিয় উঠিল।

মনোহরবাবু উঠিয়া বিরক্তিভরে কহিলেন—এগুলো রাথ ত রায়জী। এই অড়ি চেন—বোতাম—বুকে লাগছে আমার।

হারাণের সর্কান্ধ স্বেদাপুত হইরা উঠিল। বাবু বলিলেন—নাও না হে খুলে।

হারাণ তাঁবুর চুয়ারের দিকে তাকাইল। জাগ্রত প্রহরীর পদশব্দের বিরাম নাই। জিনিষগুলি হাতের জ্ঞানতে আবদ্ধ করিয়া সে নির্বাক ভাবে বসিয়া রহিল। প্রভাতে মনোহরবাবু উঠিতেই সে চুই হাতে। জিনিষগুলি লইয়া সন্মুখে দাড়াইল।

বাবু ঈশং হাসিয়া কহিলেন—ওওলো ভোমার বকশিশ রায়জী। কাল রাজে খুমের ঘোরে বলভে ভূলে গিয়েছি।

হারাণ ঠক ঠক করিয়া কাঁপিতেছিল :

মনোহরবার বলিলেন—গুণী লোক তুমি রায়জী, ভোমাকে এর চেরে ঢের বেলী দেওয়া উচিত। কির্ম সিংহবংশের জার সে দিন ত নেই।

হারাণ ধীরে ধীরে কহিল—আমাকে কি বিদে ক'রে দিচেছন বাবু?

হাসিয়া মনোহরবাব বলিলেন—বাম্নজাত কি ন
দক্ষিণে পেলেই ভাবে বিদেয় করে দিল বুঝি। যা
বলে দাও দেখি, খেয়ে দেয়েই তাঁব ভাঙতে
আলাই উঠতে হবে।

গজভূক কণিখের মত সিংহবাড়ীর অন্তঃ দার বছদি হইতেই নই হইতে বসিয়াছিল। সে দিন একটা ব মহলের নারেব সংবাদ লইয়া স্থাসিল—বংসর বংস নিয়মিতরূপে রাজস্ব না পাইয়া জমিদার বড় রুই হইয়াছে — অস্টম নালিশ দায়ের করিয়াছেন। মহলের টাব ইতিপুর্বেই আদার হইয়া সদরে আসিয়াছে। সুতা এখন সদর হইতে টাকা দিয়া মহল রক্ষা করিতে হইব

মনোহরবাবু চিন্ধিত হটয়া পড়িলেন। সদার মুখে তাঁহার চিন্ধার ঘন বিষয় ছায়া ঘনাইয়া আরি। সদর-নারেবকে ফাকিয়া তিনি কেঁরে বেটার কাছে একবার দেখে স্মাস্থন তা' হ'লে।
দশহালার টাকা হলেই ত হবে।

নামের নতমুথে বসিয়া রহিল। বাবু বলিলেন— কালই যান তাহ'লে। কি বলেন ?

ধীরে ধীরে নামের কহিল—লোকটা বড় পাজী। যা তা বলে। ওর কাছে টাকাও নেওরা হ'ল জ্ঞানেক।

भरनाश्द्रवाव् अध् कहिरनन, हैं।

তার পর আবার মৃত্ত্বরে বলিলেন—থাক তা হ'লে। নামেব প্রশ্ন করিল—কিন্ধু অষ্টমের কি হবে ?

- 🖰 —যাবে। কি করব—উপায় কি १
 - —অকু কোথাও দেখব চেষ্টা করে ?

—দেখুন। কিন্তু—। সজাগ হইয়া তিনি নশ টানিতে আরম্ভ করিলেন। নামেব চলিয়া গেল।

সন্ধ্যার মঞ্জলিস বসিল। মনোহরবাবু তকুম করি-লেন—আজ করণ রসের পান তুমি শোনাও রায়জী। মন বাতে উদাস হয়, চোখে জল আংসে।

🧸 সুরা সেদিন তিনি স্পর্শ করিলেন না।

রোকে মঞ্চিদ ভাঙিল। পারিষদের দল চলিয়া ্থিলন। বাবু বাড়ীর মধ্যে যাইবার অবল উঠিলেন। হারাণ যোভহাত করিয়া সম্মধে দাঁড়াইল।

মনোহরবাবু হাসিয়া বলিলেন—কি রায়জী?

- --একটা নিবেদন আছে হুজুর।
 - --- (কি বল।
- . এक টু निर्क्तन—

দ্মনোহরবাবু "আলোক-ধারী খানদামাটাকে চলিয়া যাইতে আদেশ করিলেন। ভাহার পশ্চাতে দরজা বন্ধ করিয়া দিয়া হারাণ কহিল—

- —হজুর অভয় দিতে হবে আগে।
- কি ভয় তোৰার ? বল তুমি বল।
- —গরীব ভিক্ক আমি হজুর, আপনার আয়ে বেঁচে আছি আমি। হজুর—আমার—আমার……

মনোহরবার বলিলেন—বল, ভয় কি ?
হারাণের জিভটা খেন শুকাইরা আসিভেছিল, সে
হিল—আমার কিছু টাকা আছে হুজুর—হাজার দলেক
ভিজ্— ক্রিকেন্দ্র বিদ্যালিক্

মনোংহরবাবু স্থির দৃষ্টিতে হারাণের মূবের দিকে
চাহিলা রহিলেন।

হারাণ বলিল-পরে আবার আমাকে দেবেন ছজুর। মনোহরবাবু রুদ্ধকণ্ঠে শুধু কহিলেন-রায়।

ভার পর আর তিনি কিছু বলিতে পারিলেন না। অককারের মধ্যেই তিনি অন্তরের দিকে চলিয়া গেলেন। আলোকের কথা তাঁহার আজু ধেয়াল হইল না।

হারাণের চোধ দিয়া জল আদিল। বাবুর নীরব ধক্তবাদের ভাষা সে ব্ঝিতে পারিয়াছিল। চাকরটাকে আলো লইয়া বাবুর সঙ্গে যাইতে বলিয়া দিয়া গুন্গুন্ খরে সে ধরিল একখানি বেহাগ।

নিশুক গভীর রাত্রে হারাণ উঠিয়া চলিল পতিত আবর্জনাভরা একটা হান লক্ষ্য করিয়া। নির্দিষ্ট একটা হান খুঁড়িয়া বাহির করিল ধাতুময় পাত্র একটা। ভাহার ম্থাবরণ খুলিয়া হারাণ বাহির করিল—সোনার বাট একথানি। অককারের মধ্যে উজ্জ্বল অর্ণ বর্ণ কক্ কক্রিতেছিল। সেথানা রাথিয়া তুলিল আর একথানি। সেও ভেমনি উজ্জ্ব। ও-গুলি ছাড়া আরপ্ত চুইটা বস্তু কক্ করিতেছিল—সে তাহার নিজ্যের চোধ।।

সকালে উঠিয়া কিন্তু হারাণকে আর পাওয়া গেল না। তাহার তানপুরাটাও নাই।

মনোহরবার বিষয় হাসি হাসিয়া বলিলেন—সে চলে গিরেছে। আবে আসবে না।

হারাণ এবার আসিয়া উঠিল কাশীতে।

ভাগ্যগুণে অবিলয়ে আশ্রমণ্ড একটা জ্টিয়া গেল। পথেই সে গিরিমাটীতে কাপড় ছোপাইয়া লইয়াছিল। গেরুয়ার উপর ভানপুরা দেখিয়া লোকে ভাহাকে শ্রহ্মার উপর ভানবাদিল। ভাহার সন্ধীত শুনিয়া ভাকিয়া ভাহাকে একটা মঠে আশ্রম দিল।

চারিদিকে ধর্মের সমারোহ। সেই সমারোহের আবর্তের মধ্যে পড়িয়া হারাণ যেন ভূবিয়া গেল। সে হাঁপ ছাড়িয়া বাঁচিল। মন যেন ভাহার পবিত্র হইরা গেছে। দিবারাত্রি শিব নামের কলরোলের মধ্যে সে চুপ করিয়া থাকিভে পারে না। সন্ধ্যার যোগীরাজের তব করে সে গ্রুপদ ধামারের মধ্য দিরা। ভাহার

আচারে, ব্যবহারে একটা আমূল পরিবর্ত্তন ঘটিয়া গেল বেন। ইতর রসিকতা আর মুথ দিয়া বাহির করিতে কেমন লজ্ঞা করে। সংযত মুহুভাবে সে কথা কর।

এদিকে অল্ল দিনের মধ্যেই গানের জক্ত তাহার খ্যাতি রটিরা গেল। নানা মঠ হইতে নিমন্ত্রণ আসিতে আরম্ভ করিল। সাধু সন্ন্যাসীরা গানে মুখ হইরা সাদরে কোল দিলা বলেন—বিশ্বনাথকো রূপা আপকো পর হো গিরা।

হারাণের চক্ষে জল আংলে। সে জোর করিয়া তাঁহাদের পারে ধূলি লইমা বলে—আংশীব করিয়ে মহারাজ!

কিন্তু চটা মাছবের মূখ অহরহ তাহাকে পীড়া দের।
তমোরীশের অসহার কচি মূখখানি মনে পড়ে;—যখনই
অন্তদিত প্রাতে উবার আলোর সে সেতার কইমা বসে
তখনই মনে হয় তমোরীশ কুরক শিশুর মত নীরবে মূর্
চকু হুটা মেলিয়া গান শুনিতেছে। আর মনে পড়ে
মনোহরবাবুর মূখ। তাঁহার পেই অবক্ল কর্পের হুটা কথা
'রার', তাঁহার সেই ছল ছল চোখ—সব মনে পড়ে!

ভবু সে ভগবানকে ধ্ছুবাদ দের যে অস্তবে একটা পরিবর্ত্তন আদিয়াছে।

মঠের ফটকে বসিয়া তিকা করে এক অর। পদশন তনিলেই সে চীৎকার করে— অরকে দরা কর বাবা। বিশ্বনাথ তোমার কল্যাণ করবেন বাবা! হারাণের পদশন্ধেও সে ভিক্ষা চায়। হারাণ হাসিয়া বলে— আমিরে বাবা।

ভক্তিভরে অন্ধ কহে-সাধু বাবা, প্রণাম বাবা! হারাণ আশীর্কাদ করে।

এক এক দিন আক্ষেপ করিয়া অন্ধ বলে— আজ আর কেউ কিছু দিলে না বাবা!

— কিছু পাও নি ? একটু চিন্তা করিরা হারাণ সেইখানে দাঁড়াইরাই গান ধরিরা দের। চারি পাশে মুগ্ধ পথিকের দল ভিড় জ্মাইরা দাঁড়ার। গান শেব করিরা হারাণ সকলকে অন্তরোধ করে—এই আদ্ধকে একটা ক'রে পর্যা দিয়ে বান দ্যা করে।

পরসা পড়িতে থাকে। ভিড় ভাঙিয়া গেলে হাত ধ্লাইয়া পরসাগুলি তুলিতে তুলিতে অদ্ধ কুতজতাতরে হলে—বাবা—নাধুবাবা! হারাণ অস্তমনস্কভাবে অন্ধের দিকে চাহিরা থাকে; তার পর অকমাৎ ক্রতপদে সে চলিয়া যায়।

অন্ধটা রাত্তে মঠের মধ্যেই এক পাশে পড়িরা থাকে। ছেঁড়া একটা করল ও চামড়ার একটা বালিশ তাহার সমল।

त्मिन अक्षेत्रो विमन-- माधुवावा !

- —কি রে ?
- আমার একটা কাজ ক'রে দেবে বাবা ?
- ---कि <u>?</u>

একটু ইতন্তত: করিয়া অন্ধ বলিল- কাল বলব।

প্রদিন চলিয়া গেল। অরুও কিছু বলিল না, হারাণেরও সে কথা মনে ছিল না। তাহার প্রদি অরু আবার কহিল—আমার কথা ভনলেন না সাধুবাবা দু

হারাণ হাসিরা বলিল—কই, তুমিও ত কিছু বল্লে না। অস্ক বলিল—অভি বলব।

-- वन ।

জন্ধ প্রশ্ন করিল—কে রয়েছে বাবা এখানে ?
চারিদিক দেখিয়া হারাণ কহিল—কই—কেউ দ

অতি মৃত্ত্তরে অন্ধ বলিল—আমায় কিছু দোনা ট্ দেবে বাবা ?

হারাণ চমকিয়া উঠিল।

চামড়ার বালিশটা কোলের কাছে টানিয়া আ আন্ধ কহিল—তামা, রূপো বড় ভারী হয় বাবা। আ ক'বার এক সাধু আমায় এনে দিয়েছিল। কিন্তু ক্ কালে—

সে চুপ করিয়া গেল। হারাণের হাত পা থর ব করিয়া কাঁপিতেছিল।

অদ্ধ বলিল—ভার ভয়ে সেখান থেকে পালিয়ে এলাম বাবা।

চামড়ার বালিশটা ওপাশে সরাইয়া কমুইএর চাপ দিয়া সে বদিল। কহিল—সাধু বাবা!

---ह्ं।

—এনে দেবে বাবা ?
হারাণ কহিল—দেব। কাল দেব।
পরদিন প্রাতে অভ্যার কাত্র জ্বলনে মুকু

ভিড় জমিয়া গেল। তাহার সেই চামড়ার বালিশটা থোয়া গিয়াছে। সেই বালিশটার মধ্যেই তাহার জীবনের সঞ্চয় সঞ্চিত ছিল, কয়থানি সোনার বাট, কিছু টাকা— কিছু পয়সা।

অস্ক বার বার বলিতেছিল—নেই চোর সাধু—সেই বদমাস—

দীনতা ও হীনতার তাড়নার গালাগালির অস্প্রীলতার স্থানটাকে কদর্য্য করিয়া তুলিল। বুক চাপড়াইয়া, পাথরের চন্ত্রে মাথা কুটিয়া নিজের অঙ্গ ও পবিত্র দেব-ভূমি রক্তাক্ত করিয়া তুলিল।

মাদ চারেক পরে মনোহর বাবু একথানা পত্ত পাইলেন।

বৰ্দনান হাদপাতাল হইতে রায়জী পত্র লিথিয়াছে—
মৃত্যু শ্যার শুইরা আজ আপনাকে একবার দেথিবার
কো হইতেছে। আজ ছই মাস হইল অজীন রোণে
পিরা হাদপাতালে মরিতে আসিয়াছি। একবার দয়া
কিয়া আসিবেন। ইতি—

আখিত নারায়ণচন্দ্র রায়

পরিশেষে হাসপাতালের চিকিৎসক জানাইয়াছেন—

শৈলে সম্বর আসিবেন। এক সপ্তাহের অধিক রোগীর

জীবনের আশা করা যায় না।

মনোহর বাবু রায়ের এ অন্থরোধ উপেক্ষা করিতে লন না। তিনি তাহার পরদিনই বর্দ্ধনান যাত্র। করিলেন। অপরাহ্ন বেলায় তিনি হাসপাতালে হারাণের শ্যাপার্যে দাড়াইয়া ডাকিলেন—রায়্লী।

সমূপের থোলা জানালা দিয়া হারাণ পশ্চিমাকাশের দিকে চাহিয়া ছিল। কঠপরে সে চকিত হইয়া মৃথ ফিরাইল। বাবুকে দেখিয়া ঠোঁট হুইটা তাহার থর থর করিয়া কাঁপিয়া উঠিল।

বাবু কহিলেন—ভর কি ? ভাল হয়ে যাবে ভোমার। বহুকল পর আপনাকে সংযত করিয়া হারাণ কহিল— মার না; বাঁচবার কথা আর বলবেন না। আমার মনোহর বাবু চুপ করিয়া রহিলেন।

উহার হাত হুটী ধরিয়া মিনতি ভরে হারাণ বলিল— আমাকে মাপ ক্রন বাব্!

অন্নান হাসি হাসিয়া বাবু কছিলেন—দে কথা আমি কোন দিন মনে করি নি রায়জী। তা ছাড়া তোমার আশীকাদে সম্পত্তি আমার রক্ষা হয়েছে।

একটা দীর্ঘ নিংখাস ফেলিয়া হারাণ বলিল—আরও অপরাধ আমার আছে। আমি আপনাকে ঠকিয়েছি। আমি পাপী। আমার নাম নারাণ রায় নয়—

বাধা দিয়া মনোহর বাবুবলিলেন—জানি, ভোমার নাম হারাণ আচার্য। সে থাক।

কথার কথার বেলা পড়িরা আসিল। বাব্ কহিলেন— একটা কথা বলব রায়জী ?

ঞ্চিজাস্থ নেতে হারাণ জাঁহার দিকে চাহিয়া রহিল। মনোহর বাবু বলিলেন—পাপের ধনটা দিয়ে একটা ভাল কাজ তুমি করে যাও যাবার সময়।

তুই হাতে বাব্র হাত ধরিয়া বাগ্রতা ভরে হারাণ বলিল—উদ্ধার করুন বাবু আমার উদ্ধার করুন। ওওলো যেন বুকে চেপে বদে আছে আমার,—প্রাণ আমার বেরুছে না।

বাবু কহিলেন--হাদপাতালেই টাকাগুলো তুমি দিয়ে যাও। এই হাদপাতালেই দিয়ে যাও।

কিছুক্ষণ নীরব থাকিরা হারাণ সংযত ভাবে ধীরে ধীরে বলিল—বর্দ্ধমান ষ্টেশনের ধারেই একটা ছোট বাড়ী শেষে করেছিলাম। সেই বরের মেনেতে—

সে নীরব হইয়া গেল। কিছুক্ষণ পর আবার কহিল-এবার কটা বাঘ মারলেন প

স্মারও কয়টা কথা কহিয়া বাবু উঠিলেন---বলিলেন--কাল স্মাবার আদব।

আরও একথানা পত্র গিয়াছিল তমোরীশের নামে। হৈম তমোরীশকে লইয়া আদিরাছিল। সন্ধার পরই তাহারা আদিরা উপস্থিত হইল। হৈম কাদিয়া কছিল—— অমুথ হলে আমার কাছে গেলে না কেম?

তমোরীশকে কাছে টানিয়া লইরা তাহার মৃথের দিকে চাহিয়া দেখিতে দেখিতে ত্টী জলের ধারা তাহার গাল বাহিয়া গড়াইরা পড়িল। বহুক্ষণ পর কহিল—তমোরীশ, আমার টাকা আছে তোকে বলে যাই।

হৈম বশিল—না দাদা, ব্যক্ত হয়োনা। ভাল হয়ে পঠ আনগে।

হৈমর মুখের দিকে হারাণ চাহিয়া রহিল।

ঔষধ দিবার সময় হইয়াছিল। একজন নাস আসিয়া ঔষধ দিতে গিয়া রোগাঁর গায়ের উত্তাপ অফুভব করিয়া তাড়াতাড়ি চলিয়া গোল। আবার দে একজন ডাক্তারকে সঙ্গে লইয়া ফিরিয়া আসিল। অবস্থা দেখিয়া একটা ইন্জেকসন দিয়া ডাক্তার কহিলেন—তোমার যদি কোন কথা বলবার থাকে কাউকৈ—ভবে বলে রাধাই ভাল।

देश्य कशिन-नामा ?

মূপের দিকে চাহিলা হারাণ বলিল—নিশি কেমন আছে হৈম ?

হৈম সে প্রশ্ন গ্রাফ্ করিল না, কহিল—ভ্রমোরীশকে কি বলবে বলছিলে দাদা !

পাশ ফিরিয়া শুইয়া হারাণ কহিল—'কাল—কাল বলব। ঠিক বলব।'

সেই রাতেই হারাণ মারা গেল। হৈম তমোরীশ কাদিতে কাদিতে ফিরিয়া গেল। গোটা ঘরখানা খুঁডিরা, দেওয়াল ভাঙিরাও কিছু না পাইয়া মনোহরবাব্ একটা সকরণ হাসি হাসিলেন। সে ধনটা কিছু ছিল—ছিল্ল। অদুরে নিবিড় একটা ক্ষদের মধ্যে।

কলিকাভায় মিউনিসিপাল ব্যাক্ষ

শ্রী মনাথবরু দত্ত এম-এ, এফ-আর-ই-এস-সি-এ-আই-বি (লগুন)

১৯১৯ পুষ্টাব্দে বার্শ্বিংহাম মিউনিসিপাল বাছে স্থাপিত হইয়াছে। উক্ত ব্যাঞ্চের ক্রমোরভিতে, সমস্ত পৃথিবীতে, বিশেষতঃ ব্রিটশ সাঞ্রাঞ্জ্যের সর্বাত্র, মিউনিসিপাল বাজের সার্থকতা সম্বন্ধে আলোচনা এবং এরূপ ব্যাস্ক স্থাপনের চেপ্তা চলিতেছে। রাইট অনারেব ল নেভিল চেম্বারলেন ১৯১৫ খুট্টান্দে যথন বার্শ্মিংছাম করপোরেশনের লড় মেয়র ছিলেন, তথ্য একটা মিউনিসিপাল বাছে স্থাপনের ইচ্ছা তাঁহার মনে জাগে। তথ্ন ইয়োরোপে মহাসময় চলিতেছে এবং ব্রিটাশ সরকার তথ্ন সময়-খণ তুলিতে বাল্ড। যাহাতে দরিজ্ঞ ও মধ্যবিত শ্রেণীর লোক কিছু কিছু সঞ্চ কবিছা ভাল পদে টাকা খাটাইতে পারে এই ভল বার্দ্মিংহাম মিউনিলিপালিটীর কর্ম্মকর্ত্তাগণকে নানা বাধাধরার মধ্যে ব্যাক্ষ করিবার ক্ষমতা দেওরা হইয়াছিল। পালামেটের ছই হাউদে অনেক বাগ-বিভ্ৰের পর ১৯১৬ ধুরান্দের ২৩শে আগন্ত এই বিল রাজ্ঞসম্মতি পাইরা আইনে পরিণত হয়। এই বিলের একটা ধারায় এরপ ব্যবহা ছিল যে মহাযদ্ধ স্থাতিত হটবার তিন মাস মধ্যেই এইরাপ ব্যাক্ষকে ব্যবসা বন্ধ ক্রিতে হউবে। শুতরাং যে আইনবলে মিউনিসিপাল ব্যাছ প্রথমে অভিনিত হইয়াছিল, তাহা ইংরাজ জাতির সামন্ত্রিক স্থবিধার দিকেই লক্ষ্য রাখিয়াছিল,-পাকাপাকি ভাবে মিউনিসিপাল ব্যাছ ছাপন করিলা করণাতা, সাধারণ গৃহস্থ ও এমিকের হিতসাধন তাহার মুগা উদ্দেশ্য किल ना। এই काहेनवरल ১≥: ७ मारणत २०८म म्मरिक्स "वार्सिःशम করপোরেশন মেজিংস বাঞ্চে" ছাপিত হয়। এই ব্যাক্ত ছাপনের সকে मत्वरे बाहिक कर्षकर्त्वाशन कत्रनाठाशनक व्याचाम निवाहित्यन व्य, यनिष्ठ যুদ্ধ শেষ হওয়ার দলে সঙ্গেই ব্যাছ তুলিয়া দিতে হইবে, তথাপি, শুদি

সত্য সতাই বার্শ্বিংহামের জনসাধারণ মিউনিসিপাল ব্যাস্ক চার, তাহা

হইলে পুণক আইন করিয়া এই প্রতিষ্ঠানকে বাঁচাইরা রাণা জনজন্দ হইবে না। বার্শ্বিংহাম করপোরেশন দেভিংস ব্যাস্ক ২৯শে সেপ্টেম্বর ১৯১৬ হইতে কার্যা আরম্ভ করিয়া ৩১শে অক্টোবর ১৯১৯ পর্যান্ত আমানক গ্রহণ করিয়াছিল এবং মোট ৬,০৩,০১৯ পাউও জ্বমা (Deposit) পাইয়াছিল। উক্ত জনা হইতে মোট ২,০৫,৭০৪ পাউও তুলিয়া লব্দ্বা হইয়াছিল এবং ব্যান্কের পাতার মোট ২৪,৪১১ জ্বম আমানতকারীর মাম

বার্দ্ধিংখাম করপোরেশন সেভিংস ব্যান্থের আযুক্তাল ফুরাইবার নিইটেই বাহাতে পাকাপাকি রকমে মিউনিসিপাল ব্যান্থ প্র , ইইতে পারে তাহার চেষ্টা চলি ১৯১৯ সালের ২৫শে কুন বার্দ্ধিংশ্র্মি করপোরেশন বিলের আলোচনা স্থক্ত হইল। এবারে গৃহনির্দ্ধাণ প্রভৃতি নানা কার্য্যে ব্যান্ধের কমতা আরও বাড়াইরা দেওরা হইল। ১৫ই আগপ্ত ১৯১৯ বার্দ্ধিংহাম করপোরেশন বিল রাক্ষমন্মতি পাইরা আইমে পরিগত হইল। ঐ বৎসরেই ১লা সেপ্টেম্বর হেড্ আপিব ও সতেরকী নাথা লইরা "বার্দ্ধিংহাম মিউনিসিপাল ব্যান্ধ্য করিল। উক্ক আইন এবং বার্দ্ধিংহাম মিউনিসিপাল ব্যান্ধ্য করেলসন্স্ ১৯৩০ ছার্হা বর্ত্তমান বার্দ্ধারের কার্য্য মিউনিসিপাল ব্যান্ধ্য রেপ্তলেসন্স্ ১৯৩০ ছার্হা বর্ত্তমান বার্দ্ধারের কার্য্য নিইনিসিপাল ব্যান্ধ্য রেপ্তলেসন্স্ ১৯৩০ ছার্হা বর্ত্তমান বার্দ্ধার করিগ্য নিইনিসিপাল ব্যান্ধ্য রেপ্তলেসন্স্ ১৯৩০ ছার্হা

এখানে বলিয়া রাখা দরকার যে বিনা বাধায় বার্মিংহাম মিউনিসিপ্র ব্যাক্ত হাপিত হয় নাই। মহাযুদ্ধের সময় বগন সেভিংস ব্যাক্ত হিন খুব বাধানাধির মধ্যে ব্যাক্ত স্থাপিত হয়, তথন জরেঞ্জিক

পি এও ও ব্যাস্থিং

শিশেষ বাধা দেয় নাই এবং ব্যাক স্থাপিত হওয়ার পরে আংশিকভাবে সাহারাও করিয়াছিল। কিন্তু ১৯১৯ খুঠানে স্থামীভাবে ব্যাক প্রতিষ্ঠার মধেই বিস্কৃতা করিয়াছিল। বার্মিংহামের তরক হইতে বলিবার এই ছিল যে দেখানে যখন মিউনিসিপাল ব্যাক প্রতিষ্ঠিত হইয়। গিয়াজে, তখন কলা তুলিয়া দিলে জনসাধারণের বিশেব অস্ববিধা হইবে। এই বুক্তির জোরে ও কয়েকজন কল্মীর অনমা চেটায় ও উৎসাহে মিউনিসিপাল ব্যাক প্রতিষ্ঠিত হইতে পারিয়াছিল। ধনিক (Capitalistic) সমাজে এইয়প সার্বজনীন (Socialistic) প্রতিষ্ঠানকে বাধা দেওয়া হইবে, ইহাতে আশ্বর্মের কিছুই নাই; এবং এইয়প ব্যাক্ষ স্থাপিত হইলে যে পুরাতন প্রতিষ্ঠিত ব্যাক্ষণালির লাভহানির যথেই কারণ আছে, তাহাও বুনিতে কট ক্রেনা। তবে সর্ক্রাধারণের এবং রাজের মঙ্গলের দিক দিয়া দেখিতে স্থোক এইয়প ব্যাক্ষং প্রতিষ্ঠানের যে কর্নাক্ষতা মহানগরীতে এইরপ একটা ব্যাক্ষং প্রতিষ্ঠানের যে কিরপ আবশ্রতা আছে, একদে তাহারই জ্যাকানৰ করা যাউক।

কলিকাতা সহর এবং ইহার উপকঠে মোট ২০টী ক্রিয়ারিং বাাক্ধ লাছে। ইহার মধ্যে ইংলগু ও ত্রিটিশ উপনিবেশর ব্যাক্ষের সংখ্যা ১টা, ক্লাপাঝ ও উপনিবেশ ২টা, আনেরিকার ২টা এবং ৬টা ভারতীয় । এই ৬টা ভারতীয় ব্যাক্ষের মধ্যে একটা (এলাহাবাদ ব্যাক্ষ্) শাবার বিলাতী ব্যাক্ষ কিনিয়া লইয়াছে। অগুটী ইম্পিরিয়াল ব্যাক্ষ অসং ইতিমান এখন এই ব্যাক্ষণ্ডলির শূলধন এবং লাভের উব্ভ মকুত ভাইবিল (Reserve) দেখা যাউক।

বুটিশ ও উপানবৈশিক

্ষুলধন-৩০,০০,০০০ পাউও

টার্ড বাাক্স অফ. ইভিয়া

্ট্রেলিয়া এও চায়না	রিজার্ভ—ং•,••,•• গাউণ্ড
ট্ৰাৰ্থ ব্যাহ্ব '-	{ মূলধন—>·,•·,••• পাউও রিজার্ভ—৫,••,••• পাউও
ু ক্লিলে এণ্ড কোম্পানী	{ ৰূলখন—২,••,••• পাউও রিজার্ভ—১,••,••• পাউও
। कः छारशहे वाक्षिः स्राप्तासम्बद्धाः	শূলধন—-২,৽৽,৽৽,৽৽৽ ডলার রি লার্ড —-১,৽৽,৽৽৽ ডলার ৬ ৫,৽৽,৽৽৽ পাউঙ
মাস কুকু এও মুখ	{ মূলধন—১,∶৫.۰۰۰ পাউও রিজার্ভ—১,২৫,۰۰۰ পাউও
इ.न् गाम	{ মূলধন—>,৫৮,১∙,২৫২ পাউও বিজাজ—৮০,০০,০০০ পাউও
ক্ষানীইল বাৰ ভূ ইভিন্ন	্ৰুলখন—১০,৭৫,০০০ পাউগু বিজ্ঞাৰ্জ—১০,৫০,০০০ পাউগু
Total a	ৰূলধন—२०,००,००০ পাউও

ক রূপোরেশন জাপানী ইয়েকোছামা স্পেসি িরিজার্জ---১১,৭৩,০০,০০০ ইরেন ব্যাস্ক হলা তীয় ষ্লধন---৮,∙∙,≎∙,∘∙৽ ফ্লোরিণ নেদারল্যান্ডদ টে ডিং विकार्क--२.००,३६,००० द्वानिय *সো*সাইটী মৃলধন--৫, ৫০, ০০ ০০ গিল্ডাস নেদারল্যাওদ ইতিয়া ীুরিফার্ড— ২.**৪১.৯**∙়≎ং৪ গি**ল্ডাস**ি कमात्रियाल व्याह **আ**মেরিকান ন্তাশনাল সিটি ব্যাক অফ নিউইয়ৰ্ক য়্যামেরিকান এক্প্রেস্ কোম্পানী (প্রাইভেট) ভারতীয় म्त्रधन—०,७२ ००,००० টाका इंग्लिदिशांस वाहि अर. ইভিয়া (বিলাভী) म्लधन---३,७৮,३७,२०० টाका (मणे वि वा इ अप. ইভিয়া (বোম্বাই) मूलधन--->,००,००,००० छोका ব্যান্ধ অফ. ইভিয়া ী রিলাভি—১,•• ••,••• টাকা (বোঘাই) मुल्यस--७०,००० होका একাহাবাদ ব্যাস্ক (বিলাভী) পাঞাৰ জাশনাল ব্যাপ मुलधन---७১,२७,००३ ठाका ि विकार्ज----२১,১७, १७१ है।का (পাঞ্লাবী) ब्लथन---७,८०,२७२ हाका বেঙ্গল সেণ্ট বিল ব্যাস্থ ो विकार्ज—১,**०३,**৮৫১ **होका** (বাঙ্গালী)

বৰ্ত্তমান বাজার দর অসুযায়ী ১০.৮ আনার এক পাউও, ১০০, টাকার ৬২ গিল্ডার, ৮০৪০ আনার ১০০ ইরেন, ১০০, টাকার ৯৬.৭৫ হংকং ডলার এবং ২০০, টাকার ১০০ মার্কিন ডলার পাওরা যায়।

বাংলাদেশের প্রধান সহর কলিকাতায় বাসালীর দ্বৈদ্যারিং ব্যাদ্ধর মূলধন ও রিজার্ড বেথিলেই ব্যাদ্ধ জগতে আমাদের স্থান কোথার ব্যিতে আর কট হয় না। অথচ বাঙ্গালায় এবং ভারতবর্ধে বিটিশ বাশিলা প্রথমে বাঙ্গালী শেঠ ব্যান্ধারের সাহাব্যেই প্রতিষ্ঠা লাভ করিয়াছিল। জ্ঞাশনাল ব্যাদ্ধ অবদ ইতিয়া আঞ্চ বাহার মূলধন ও রিজার্ড ০২ লক্ষ্পাউও তাহাও প্রথমে বাঙ্গালীর সাহাব্যে এই কলিকাতারই ছাপিত হইয়াছিল। পরে বাঙ্গালীর হাতছাড়া হইয়া দিয়া মূলধন টাকা হইতে পাউতে পরিবর্ধিত এবং হেড আপিস কলিকাতা হইতে লওকে শ্বানান্ধরিত

হইরাছিল। আন্ধ বাললার লাহা-কর-মহিকগণের টাকার বিলাতী ব্যাছের তহবিল পুট্ট হইতেছে এবং বিদেশী ব্যবসারিক সাহাব্য করিতেছে।

বালপার থনিকগণ বনির' থাকিলেঞ, কলিকাভার নাগরিকগণের অতিনিধিগণের ব্যাক্ত সথকে উদাসীন হইলে চলিবে না । রাজা, বাট, ডেন, পাইধানা, আলোর সজে সজে যেমন শিক্ষা, আছোর উন্নতি দরধার, অন্ত দিকে, যাহাতে নাগরিকগণের, বিশেষতঃ মধাবিত ও নিয় প্রেণীর নাগরিকগণের আর্থিক উন্নতি করেতে পারে, ভাহার ব্যবস্থা করাও বর্জনান কালে নগর সভার অঞ্চতম কর্জবা বলিরা খীকার করা হয় । নাগরিকগণের আর্থিক উন্নতির সজে সজেই যে নগরের উন্নতি সহজসাধ্য হয় ! দাবিজ্ঞা ও আভাবের উপর কোন সভাতা ও উন্নতির ভিত্তি স্থাপিত হইতে পারে না । সহজ কথার, কলিকাভার নিজম্ব বাছে না হইলে বালালীর আপনার বলিরা টাকা রাথিবার স্থান নাই । আঞ্চ নানা দরকারের মধ্যে বাঙ্গালীর আপনার বলিরা টাকা রাথিবার স্থান নাই । আঞ্চ নানা দরকারের মধ্যে বাঙ্গালীর আপ্রতঃ একটা নিজম্ব বাছের প্রতিষ্ঠার প্রধানন হইরা পড়িরাছে।

কলিকাভার একটি মিউনিসিপাল ব্যাছের প্রতিষ্ঠার কথা প্রথম ১৯০০-৩১ সালে উঠে। কাউনিসলর সনৎকুমার রায় চৌধুরী মহাশয়ের প্রস্থাবে কলিকাভা করপোরেশন ঐ বৎসর একটা ব্যাছের 'রীন' তৈরার করার জন্তু বাজেটে বরাদ্দ ভাটা আর কিছু বিশেষ অগ্রসর হইরাছে বলিয়া মনে হর না। বিষয়টী এখনও কমিটি ছাড়াইরা করপোরেশনের সভার পৌছে নাই। এই ব্যাছের 'রীম' সম্মদ্দ করপোরেশনের কাগরে প্রীয়া সম্মদ্দরের রামতক্র শেঠ এবং হর্জনান লেপক প্রবন্ধাধি প্রকাশ করিয়া করিবলার লাগর এখন পর্যন্ত করিয়া করিবলার করিয়া করিবলার করিয়া বাহা ছউক, ক্রমেই এইরূপ একটা ব্যাছের প্রতিষ্ঠার সপক্ষেক্ষনত প্রবল্গ হিউক্ত নেই এইরূপ একটা ব্যাছের প্রতিষ্ঠার সপক্ষেক্ষনত প্রবল্গ হিউক্ত করেই এইরূপ একটা ব্যাছের প্রতিষ্ঠার স্বরক্তনাথ ও দেশবন্ধু চিন্তরপ্রনের কলিকাভা করপোরেশন অনুন-ভবিশ্বতে একটি মিউনিসিপাল ব্যাছ স্থাপন করিয়া নাগরিক তথা গরীব ও মধ্যবিত্ত প্রেম্বীর অর্থ সঞ্চাহাবা করিবে।

কলিকাতা মিউনিসিপাল বাছ সথকে একটা 'পীম' তৈয়ার করিবার পূর্বের একবার বার্দ্রিংহাম ব্যান্তের কার্যাবলী দেখা বাউক। বার্দ্রিংহাম বিউনিসিপাল ব্যাক্তর কোন পূথক মুপ্রন নাই। এখনে বার্দ্রিংহাম করপোরেশনের টাকা লইরা কার্যারক্ত হর। পরে আমানতকারিগণের সচ্চিত ওহবিকের পরিমাণ এত বাড়িয়া যায় যে, করপোরেশনের সম্পূর্ণ টাকা কিরাইরা দেওরা হইরাছে। কোন অংশাদার না থাকার দরুণ এই ব্যাক্তর কাক্ত ব্যাক্তর পরিশত হয়। ১৯৩২ সাক্রের বার্কের হিসাবে ধেখা যায় যে, রিজার্জ অমিয়া ২,৭৪,৯৬০ পাউও ও শিলিং এবং ১১ পেকে রাড়াইয়াছে। করণাতাগণের লাক্তই ব্যাক্তের লাক্ত বার্কির স্থাকের হারিক বিবাহর বার্কের এবংন এবং একমাত্র উদ্দেক্ত। আবহ তাহাকের স্থিবা করাই ব্যাক্তের এবংন এবং একমাত্র উদ্দেক্ত। অবহ তাহাকের স্থিবা করাই ব্যাক্তর এবংন এবং একমাত্র উদ্দেক্ত। অবহ তাহাকের স্থিবা করাই ব্যাক্তর এবংন এবং একমাত্র উদ্দেক্ত। অবহ তাহাকের মার্কিক বির্দ্ধিক বার্তীত লোকদান হয় নাই। ক্রেরাজার বার্কের ব্যাক্তর কর্মাক্তর কর্মাক্তর ব্যাক্তর ব্য

লিটীর কর আহারের থক্ষচ কমিয়া পিরাছে। ১৯৩১-৩২ সালে ২,৭৯,৮৮ খানি বিলের টাকা এইরূপে বাছের মার্ফতে আদায় চইয়াছিল। ইয় ব্যতীত, ব্যাঙ্কের সাহায্যে দিন দিন মধ্যবিত্ত এবং শ্রমিক শ্রেণীর নাগরিক গণ নিজ নিজ বাসগৃহ নির্মাণ করিয়া ব্যক্তিগত উন্নতির সঙ্গে সহরে: সমূজি বৃদ্ধি করিলা মিউসিপালিটীর কর বৃদ্ধি করিতেছেন। এইবং বাজের উৰুত্ত তহবিল হইতে লাভ না লইয়াও বার্দ্মিংহাম করপোরেশন লাভবান হইতেছে এবং দিন দিন সহবের নানা সদস্তানে ব্যাল্পের এভার পরিলন্দিভ হইতেছে। এইখানেই জানিয়া রাখা দরকার যে, এই ব্যাস্ক সকল রকম বাাছিং কার্যা করে না। বাাকের অধান কার্যা বাহাতে বল অয়াদে নাগরিকগণ অর্থ সঞ্জ করিতে পারেন ভাহার ব্যবস্থা করা এবং অল্ল আরকারী ব্যক্তিগণকে নিজ নিজ বাসগৃহ নির্ম্বাণের জন্ত অঞ্জ ফুলে কৰ্জ্জ দেওৱা ও আৰু অৱ কবিয়া তাহা ফুদসহ জাদার করা। আর একটী প্রধান কার্য্য হইভেছে নাগারকগণের নিকট হইতে নানারূপ ট্য আদার করা। হতরাং দেখা ঘাইতেছে যে এলেট প্রক ব্যাল্কের সঞ্চিত এই মিউনিসিপাল ব্যাকের কার্য্যতঃ কোন বিরোধ নাই : বরং বাহা উক্ত ব্যাক্ণডলির সাধারণ কার্যাবলীর বহিভুতি ভাহাই করা এবং নৃতন করিয় নাগরিকগণের জার্থিক ক্রবিধার সৃষ্টি করাই এই ব্যাঞ্চের কার্যা।

কলিকাতার একটা মিউনিসিপাল ব্যাক ছাপন করিতে হই মুল্বন কোধা হইতে আদিবে এই প্রশ্ন প্রথম উঠিবে। কলিক করপোরেশন মিউনিসিপাল ভাঙার হইতে আমিম টাকা দিরা ব্যাক্ষ খুলিল পারে। এইরূপে ব্যাক্ষ বুলিলে বার্মিংহাম ব্যাক্ষের মত উল্লিখিক মুল্না থাকার দর্লণ সমস্ত আমানত টাকার লক্ষ্য কলিকাতা মিউনিটি পালিটাকে দারী থাকিতে হইবে। এইরূপ প্রতিষ্ঠান কলিকাতার সম্ভব বলিরা মনে হয় না; এবং এত দিন ব্যাক্ষের অক্কুলে যতকা মতামত পাওয়া গিরাছে ঠাহার কোনটাই ইহার সপকে নহে। হতরা প্রক্ষাতার বুল্বন সংগ্রহ করিয়া মিউনিসিপাল ব্যাক্ষ প্রতিষ্ঠা করাই সমীটান। নিয়ে কলিকাতার জন্ত মিউনিসিপাল ব্যাক্ষ প্রথমের একই খুসুটা দেওয়া গেল।

মূলধন

কলিকাতা মিউনিসিপাল ব্যাক্ষের মোট এক কোটা টাকা মুল্ব হওরা উচিত এবং ইহার মধ্যে ২০ লক টাকা আপাততঃ স্গৃহীত হইরা কার্যারন্ধ হওরা দরকার। এই সম্পর্কে বাধিক এ০ ক্ষেক্ষরপোরেশন ২০ লক টাকা মিউনিসিপাল ব্যাক্ষের জক্ত কর্ম হিসাকে ২০ বংসরে পরিশোধনীয় সঞ্জে বাজার হইতে ধার করিলে জোলা শক্ত হইবে না। বাহিক ক্ষদের এবং শতকরা এক টাকা শিলুল টাকা পরিশোধের ব্যবস্থা করিলে করপোরেশন হইতে বংম ২,১২,০০০, ধরুন ২,১২,০০০ টাকা পরিলোধের টাকা জনার সলে সক্ষেব্যাক্ষিক থরচ কিছু কিছু কমিতে থাকিবে। এই ব্যাক্ষের ক্ষেত্রীক থরচ কিছু কিছু কমিতে থাকিবে। এই ব্যাক্ষের ক্ষেত্রীক আশে ৫০০, টাকা করিরা হওৱা উচিত। প্রথম এবং মুল্

করপোরেশন হইবে এবং পরে ইহার অংশ মকংখলের জেলা চ নিউনি[সপালিটীখলি জর করিতে পারিবে।

পরিচালন

ব্যাকে মোট এগারজন ডাইরেন্টর থাকিবেন। ভাহার মধ্যে কলিকাতা করপোরেশনের পক্ষ হইতে,—ছইজন কাউলিলর বা ম্যান, ছইজন করপোরেশনের উচ্চপদত্ব কর্মচারী, একজন ব্যবসারী একজন ধন-বিজ্ঞানে পারদর্শী—ইহাদের সকলকেই করপোরেশনের মাধ্যক্ষ সভা মনোনীত করিবে। ছইজন ডাইরেন্টর আমানভকারীগণের করিছে নির্কাচিত হইবেন। বাহাদের ১০০০, কিছা উহার বেণী টাকে জমা আছে, ভাহারাই নির্কাচনের এবং নির্কাচিত হইবার মাধ্যকারী হইবেন। যে সমন্ত জ্লোবোর্ড এবং মিউনিসিপালিটা এই টাকের অংশ গ্রহণ করিবে, তাহাদের পক্ষ হইতে তিনজন ডাইরেন্টর সিচত হইবেন; কিছা কোন এক মিউনিসিপালিটা বা জ্লো বোর্ড

কাৰ্য্যাবলী

এই বাছ চল্ভি, দেভিংদ, প্রভিডেণ্ট, স্থায়ী ও অক্তান্ত প্রকারের **লো গ্রহণ করিবে** এবং যাহাতে মধাবিত এবং শ্রমিকগণের অর্থসঞ্চয়ে ৰিশা হর ভাহার ব্যবস্থা করিবে। কলিকাতা সহরের মধ্যে জমি 🛓 এবং গৃহ নির্ম্বাণের জক্ত বছ ফুদে এবং মাসিক পরিশোধ করিবার প্রথাবিত ও কর্মচারী শ্রেণীর বাক্তিগণকে কর্জ দেওয়া হইবে। বাতীত কোম্পানীর কাগঞ্জ মিউনিসিপাল ডিবেঞার প্রভতি জমা হলে° কর্ম জেওরা হউবে। ইহা ব্যতীত বাজি বিশেষকে অঞ্চ একোরে আৰু কেওয়া হইবে না। জেলা বোর্ড ও মিউনিসিপালিটা বঙ্গীয় ভৰ্মেণ্টের নিকট হইতে অনুমতি পাইলে এই ব্যান্থের নিকট হইতে র্ত্ত অক্সবাদ্ধী কর্ম্ক পাইবে। কিন্তু কর্জ্জের একদশমাংশ টাকা দারা 🖥 ব্যাক্ষের অংশ কিনিতে হইবে। যে সকল জেলা বোর্ড এবং াউনিসিপালিটী এইবাপে কর্জ প্রহণ করিবে বা অংশ কিনিবে ভাহারা ক্ষের ডাইবেইর নির্বাচনের অধিকার পাইবে। এই ব্যাক্ত কলিকাতা ৰীনিসিপালিটার নিকট ছইতে উহার খণ (Debenture) কিনিয়া ইতে বা বিক্রয়ের ভার লইতে (underwrite) পারিবে। বিশাতা করপোরেশনের সমস্ত তহবিল এই ব্যাক্ষে থাকিতে পারিবে কং করপোরেশনের হইরা অক্তাক কার্য্য করিতে পারিবে: এই 🏗 কলিকাতা সহরের যে কোন ছানে শাথা গুলিতে পারিবে।

আইন

কাহারও কাহারও মত এই যে এইরপ একটা ব্যাহ্ব ভারতীর
চাল্লারী আইনে রেজেট্র করা উচিত। ইংলও এবং স্বটল্যাওে
চাল কোন সহরে কোল্লানী আইন সমিতিভূক করিলা মিউনিসিপাল
ত বোলা হইরালে, যথা, কির্কিন্টিলক্ মিউনিসিপাল ব্যাহ্ব
ক্রিক্টিছা কিন্ত এই সকল ব্যাহ্ব মর্থাদার কথনও গাঁটী মিউনিসিপাল
তবং ছাহার কারণ খাঁলেডেও বেশী দুর বাইতে

হয় না। থাইভেট্ ব্যাক্ষের থোলস পরিয়া মিউনিসিপাল ব্যাক্ষ নাধারণের প্রক্ষা ও বিধাস সম্পূর্ণভাবে আকর্ষণ করিতে সমর্থ হয় না। ইংলওে বাঁহারা এইরূপ ব্যাক্ষের প্রতিষ্ঠা করিয়াছেন ওঁহারা মিউনিসিপাল আইনের হ্ববিধা না পাইরাই এইরূপ করিয়াছেন। সকলেই বাজিংছাম মিউনিসিপাল ব্যাক্ষের মত একটা প্রতিষ্ঠানের ক্ষল্য চেটা করিয়াছিলেন; এবং যথন গভগনৈতের নিকট হইতে সেই হ্বিধা পাওয়া বায় নাই, তথন বাধা হইরা কোম্পানী আইনে সমিতিভুক্ত করিয়া ব্যাক্ষ খুলিতে হইয়াছে। বিলাতে মিউনিসিপালিটাগুলির আং, গরীণ অর্থ-নৈতিক খাধীনতা বেশী থাকার দর্মণ এইরূপ অর্ধ প্রাইকেট মিউনিসিপাল ব্যাক্ষ বারাগু অনেক উপকার হইয়াছে।

কলিকাভার মিউনিসিপাল ব্যাছ প্রতিঠা করিতে ইইলে ১৯২০ সালের কলিকাভা মিউনিসিপাল আইনের সংশোধন করিয়া কলিকাভা করপোরেশনকে একটা ব্যাছ প্রতিঠার অধিকার দেওটা সর্কপ্রথমে আবশুক। পরে করপোরেশন এই নৃতন আইন অমুযারী ব্যাছ প্রতিঠার মনোযোগী ইইয়া উহা পরিচালনের জল্প যথন বিধি ব্যবস্থা (Regulations) প্রণানন করিবে, তাহা বন্ধীয় গভর্গমেন্ট কর্তৃক অমুমোদিত ইইলে মিউনিসিপাল ব্যাছ প্রতিঠিত ইইতে পারিবে। বান্দি . . . নউনিসিপাল ব্যাছও এইরূপে প্রতিভিত ইইছাছিল।

স্থবিধা

প্রশ্ন উঠিতে পারে যে এইন্নপ একটা ব্যাক্ষের প্রতিষ্ঠা ইইলে কলিকান্তা সহরের এবং নাগরিকগণের কি উপকার ইইবে ? ব্যাক্ষ ঘারা যে দেশের প্রভুত উপকার হয় তাহা নৃত্ন করিয়া এথানে বলিবার প্রয়োজন নাই। কেবলমাত্র কলিকাতা সহরের বিশেশভাবে কি উপকার ইইবে তাহা দেখা যাউক। ব্যাক্ষ বলিতে বাঙ্গালীর কিছুই নাই, তাহা ক্লিয়ারিং ব্যাক্ষের তালিকা ইইতে দেখাইয়াছি। কলিকাতা নি^ম বিনিপাল ব্যাক্ষ প্রকৃতপক্ষে বাঙ্গালীর ব্যাক্ষ ইইবে, বাঙ্গালী মধ্যান্তি এই শ্রমিককে ক্ষর্থ সঞ্চয়ের হ্বিষ্য দিবে এবং নিজ নিজ বাসগৃহ নির্মাণে সাহায্য করিবে। ইহা ঘারা সহরের ক্রমোরতি হইবে এবং আয় বাড়িবে। এক কথার, কলিকাতা সহর সমৃদ্ধিশালী ইইবে। কলিকাতা করপোরেশনের ক্রম স্থিবিধা ইইবে না। গুণ সংগ্রহে আর কট্ট করিতে ইইবে না এবং ক্রম হুবেণ ভাইতে ভাহাতে নাগরিকগণেরই হুবিধা ইইবে।

ব্যাক্ষ স্থাপন করিতে করপোরেশনের বাংশিক ২,১৫,০০০, টাকা থরচ ধরা হইরাছে। ইহারও অধিকাংশ উত্তল হইরা অ।সিবে। কারণ করপোরেশনের বর্ত্তনান টে জারি ডিপার্টমেন্ট প্রার তুলিয়া দিয়া ব্যাক্ষর অন্তর্ভুক্ত করা চলিবে। ইহা ব্যাতীত কলেকসন্, লাইসেল, ওয়াটার ওয়ার্ক্স এবং মার্কেট ডিপার্টমেন্টের আদারী কাজের অধিকাংশ ন্তন ব্যাক্ষ প্রহণ করিতে পারিবে এবং সেই অমুপাতে করপোরেশনের পরচ কমিবে। একাউট্য ডিপার্টমেন্টের প্রজিডেন্ট কঙ্কের কার্ব্য সমস্তই এই ব্যাক্ষ প্রহণ করিতে পারিবে। বার্দ্ধিছাম করপোরেশনের অভিজ্ঞতা হইতে দেখা বার বে এইরূপে টের আনারের ব্যবহা ক্রিলেকর্মান্তর্গবের বিশেষ হাবধা হয়। এইরূপ মনেকরা কিছু অবৌজিক

এই ক'লকাতা সহরে নিত্যি কত লোক কত সমুধে ম'রছে,—তবু আমি ত বেঁচে আছি।"

এটা হৃ:বের কথা,—সলেহ নাই। কিছ তার পরেই কোটা খুলে, এক টিণ্ তামাক-পোড়া দাঁতের এধার থেকে ওধার পর্যন্ত লেপে দিরে একটোখ বুঁজে একবার পুতু ফেলে বলেন—কিছ, ম'রলে তো হর ! তথন ব্যবেন কত ধানে কত চাল!—পিঠে থার,—পিঠের ফোড় গোণে না তো! তাই এত বাড় বেড়েছে। কিছু বেশী নয়, একদিন কাঁধে এ ভার পড়লে যে বুকে হাত চাপ্ড়ে কাঁদতে হবে, এ আমি লিখে রেখে যেতে পারি!—হুঁ!—এ আর শোলোক আইড়ে ছেলে পড়ানো বিভে' নয়।" ব'লে তিনি যে কটাক্ষণাত ক'রতেন, কা অনু অস্তবে অস্তবে উপলন্ধি ক'রতেন একা পত্তিত মশাই,—আর কেউ নয়।

দাঁতে দাঁত চেপে তিনি স্বগত ব'লতেন---

ব'লতে ব'লতে থেমে গিয়ে ভাবেন "ভাগ্যিস্ গৃহিণী কালে একট কম শোনেন, তাই র'কে; নইলে—"

নইলে এর পরেও যে তাঁর ভাগ্যে আর কি ভাবে লাহনা জুটুজো, এ কথা কল্পনাতে আনতেও তিনি শিউরে ওঠেন।

সদ্ধা প্রায় হর হয়।—

श्रिमाন টেবিলের ওপোরে প্রায় রুঁকে গ'ড়েছে।
হাতে ফাউন্টেন পেন, সামনে থাতা থোলা।

কবিতা আজু তাকে লিগতেই হবে; কারণ
'ঝটিকা' সম্পাদক সৈদিন দেখা হ'লেই ব'লেছিলেন—

"আপনার কবিতার মধ্যে সতিয়কার প্রাণ আছে। এপনকার অনেকে বেষন শুগু 'কবি' নাম নেবার জক্তেই কবিতা লিখতে বান,—অপচ তাতে না থাকে তাব, না থাকে ছন্দ; তবু তেমন কবিতাও কাগজে মুঠো মুঠো ছাপা হব। কিছু সে দোব আপনার কবিতার নেই।"



"উচ্চলে গেল সব, জাহালামে গেল—"

আনন্দে গদগদ ছরে শ্রীমান জানিসেঁ জন্তে যদি কেউ কিছু প্রশংসাই ২ সে তো আমার প্রাণ্য নর,—প্রাণ্য ' কারণ আপনারাই আমাকে উৎসাহিত ক'লে

ভিনি মৃত্ হাঙ্গে উত্তর দিয়েছিলেন—

"এ কথা হ'তেই পারেনা। যার মধ্যে প্রতিভা আছে, সে আগনিই আগনার প্রকাশ-পথ ক'রে নেবে,— লে কারো অপেকা করে না। আপনার মধ্যে আমি স্পাই দেখতে পাছি দেই প্রতিভাকে;—অবশু, বললাম ব'লে বিশেষ কিছু মনে ক'রবেন না শ্রীমান বাবু; আমার স্বভাবই এই যে পেটে যা আসে তাই মুখেও ব'লে ফেলি! আর এ কথা শুধু আমি একাই ব'লছি না, সেদিন "আকাশ" সম্পাদকও এই কথাই ব'লছিলেন।"

শীমান যেন ঘুড়ির ল্যান্ধ্পরৈ আচম্কা আকাশে উঠে গেল।—ব'লতে গিয়েও হঠাৎ কোনও কথা ব'লতে পারলো না৷ তার মুখের দিকে তাকিয়ে মিতহাতে সম্পাদক ব'ললেন—"গুণের আদর স্করে, অন্তত: গুণী মাতেই করে, এ কথা মানেন তো?"

একটু খেমে, একবার কেশে নিয়ে ব'ললেন—"তা, ইাা, আপনি এক কাজ করুন না ?" হাত ছটো কচ্লে জীমান সবিনরে ব'ললে—"বলুন।" তিনি ব'ললেন—"এই সিয়ে, আপনি যদি আপনার একটা ছোট খাটো কবিতাও ওঁর কাগজে দেন তো এই প্জোসংখ্যার ছাপিয়ে ওঁর ক্তু কাগজাটকে ধন্ত মনে করেন;

অতিরিক্ত বিনরে শ্রীমান খেন মাটার সঙ্গে মিশে
ত চাইলো। একটু হেসে সকজ্জ খরে ক্ষানালো—
শাপুনি যথন বলছেন, তথন—হেঁ হেঁ, তথন, আপনার
চই কাজ ক'রবো।"

ই সে আৰু কবিতা লিখতে ব'সেছে,—লিখছে

্ৰা. অনেক সাধনার ফলে কাগজের ব্কে শ ক'বলো—

শাৰ কোন্ গৃহকোণে স্থা ব'লেছো প্ৰিয়া,—

দ্ব বাল কি কথনো ঘূলঘূলি পথ দিয়া ?

প্ৰেক্ষ বুল্বুল পাথী জাকা কুঞে বসি,

াথা কোটে কি কথোনো ? দেখা দেল

রবি শশি ?

কভদিন হ'লো সই,---

নিয়াছ বিদার, সেই ব্যথা অরি আজও বে আকুল হই।
মোর গৃহভরা অন্ধলারেতে আলো আর আলি নাই,—
ভোমার চরণ-চিহ্ন বে আজও বুকে আঁকা আছে ভাই!
মরণের সাথে দোল্ড ক'রেছি জীবনের সব দিয়া,—
জানি, তুমি মোরে ভূলিরাছ, তবু ভোমারে

ভূগি নি প্রিয়া॥

অনেক ভেবে, ওপোরে একটু বড় বড় অকরে নাম দেওয়া হোল "বিরহ।"

দেরী হওয়ার কথা ভেবে, সেটা ডাকে না পাঠিয়ে কাগজে মুড়ে শ্রীমান নিজেই উঠে দাড়ালো;—ভেল-ভেটের লেডি স্থাণ্ডেলটা পান্ন দিন্নে ঘরের বার হ'তেই রানাঘর থেকে মুখ বাড়িয়ে মা কিজাসা ক'রলেন—"কোথান্ন যাচ্ছিস বাবা ?" বাবা হাত নেড়ে উত্তর দিল—"এই এখানে, জাসছি এখনি……"

ব'লে পথে নেমে সে সাঁ। সাঁ। ক'রে ফুটপান্ত বেয়ে চ'ললো, সোজা "কাকাশ"-অফিস-মুখো।

পথে কত পরিচিত অপরিচিত লোক, কত গাড়ী বোড়া, মটর, বাইক, বাস, ট্রাম—কত কী! কিন্তু সেদিকে তার লক্ষ্য নাই। ভাবতে ভাবতে চ'লেছে "আকাশ" সম্পাদকের হাতে লেখাটা দিয়ে সগৌরবে জানাবে আর কেউ বাহক নয়, লেখক স্বয়ং, এবং এর জন্ত ধন্তবাদও সে বে নেহাং কম ক'রেও বা'র তুই পাবেই, এ নিশ্চিত।

"আকাশ কাৰ্য্যালয়"—

বড় বড় অক্ষরে সাইনবোর্ড খাটানো। খরে চুকেই শ্রীমান একটু থম্কে গেল।

চারিদিকে,—বড় বড় কাচের আলমারী গুলিতে বই ঠালা; বৈত্যতিক আলোকে কক্ষ উজ্ঞল, এবং গুণোরে একথানা পাথাও যুবছে। মাঝথানে একটা বড় টেবিল; চারি পাশের চেয়ারগুলির ছুইটি অধিকার ক'বে যে ছুইটি লোক উপবিষ্ট, তালের একজন রুশ; মাথার চুল ছ' আনা ছ'আনা বার আনা হিলাবে ছাটা। মাঝথানে চেয়া সিঁথি। মুখ লখা, গোঁকের ছুপাশ ছাটা। আপর—

স্থা: মুখম এল অংগোল, দাঞ্চি-পৌকের চিহ্ন নাই; ঠাটার মৃত্ হাসিতে উজ্জল মুখধানার দিকে তাকিয়ে পথে মাথার মাঝথানে টাক। গায়ে চিলাহাতা পাঞ্চাবী, নেমে প'ড়লো। গলায় ভাঁজ করা মটকার চাদর।

পারে পালে এগিলে এসে নমন্বার জানাতেই সুলকায় মুখ তুলে দৃষ্টিপাত ক'রলেন।

শ্রীষান সবিনয়ে ব'ললে—"লেখাটা…" ভিনি ব'ললেন—"কোথা থেকে আসচছন ১°

মনমরা অবস্থায় নিজের ঘরে এনে পৌছতেই খ্রীমান শুনলে,--- দামনের বাড়ীর এইদিকের ঘর থেকে বামা কর্তে হারমোনিয়মের সঙ্গে গান হ'চছ--



"আত্তৈ, আস্ছি কাছ থেকেই, নাম শ্রীমান দেবশর্মা, লেখাটাও আমারই।"

अकृति निर्द्धान छिनित्नत अक्छे। पिक प्रिथित তিনি ব'ললেন—"ঐথানে রেখে যান।"

ইমান আর কোনও কথা ব'লবার সময় সংযোগ किहूरे (भरून ना। धकरांत्र तक मृष्टिरक क्रमकारमञ्

মাঝে মাঝে প্রাণে ভোমার প্রশট্থ শুধু ভোমার বাণী নয়কো বন্ধু হে থোলা জানালা দিয়ে মুথ বাড়িয়ে শ্রীমা গায়িকা ভরুণী এবং সুন্দরীও বটে। রঙিনশাড়ী পরা, মাথার চুলগুলো টি: কাছে কড়ানো। নীচের হাতে ।





"মাঝে মাঝে প্রাণে তোমার পরশটুকু দিও।—"



্ড নর, প্রিয়ার অন্তরের গোপন-বার্তা বহন ক'রেও সে ্—াসে নি,——একেছে নিচে মাছ ভাজবার গল্পে—"

মক্চেন। ধীরে ধীরে ঋখন বে গাম
শেব হ'রে গেল, দে তা জানতেও
পারল না। হঠাৎ "মিউ" ঠুশক কাণে
আসতেই চ'মকে উঠে দেওল জানালার নীচে বে নিঃশকে এসে গাঁড়িরে
ভয়ার্ড চ'কে ভার দিকে চেরে আছে,
দে হংসদৃত ন র, প্রিরার অভরের
গোপন বার্ডা বহন ক'রেও দে আদে,
এবং এসেছে নীচের মাছ ভাজুবার
গরে।

স'রে আসতেই দেখলে টেবিলের ওপরে প'ড়ে আছে একথানা কারজ-মোড়া "ঝটিকা" আর একথানা পত্র ; পত্রথানা ঝটিকা সম্পাদকের ৷ তিনি নিথেছেন—"এই সংখ্যার 'ঝটিকা'র আপনার কবিভার সমালোচনা একটি প্রকাশিত হ'রেছে,—যদি আপত্তি না খা কে তবে প্রতিবাদ লিথে পাঠাবেন।"

"ঝটিকা'র মোড়ক খুলভেই শ্রীমান দেখলে তার কবিতার সমালোচনা ক'রেছেন এ ক জ ন নারী,—নাম রেবা দেবী।

শীমান দেখলে সে সমালোচনা
নর,—উ চছু সি ত প্রেলংসা। প'ড়ে
শীমানের চোখের সামনে একবার
বিশ্বসংসার সব দোল খেরে গেল।
এবং মানসদৃষ্টির সন্মুখে এক মুহুর্ছে
অপরিচিতা রেবা দেবী ক্ষণপূর্কের
গারিকা মেরেটির দ্ধণে দেখা দিতেই
শীমান আনন্দে 'ক ট কি ড' হ'রে
উঠ্লো।

প্রদিন স্কালে জানালার থাবে ব'সে এক শ্লেট কালি গুলে জীকলো; একটি ভঙ্গী বৃষ্টি; বুক্দাখার ভন্ন নতে যে ব্যাক্ত স্থাপিত হইবার অঞ্জ করেক বৎসরের মধ্যেই ক্ষরপোরেশনের ২,১৫,০০০ টাকা অপেকা অধিক পরিমাণে ধরত বাঁচাইতে পারিবে।

অবৈটনীয় লভ্যাংশ

নিট্লাভের সনত অংশই রিজার্ড ফণ্ডে জনা করিতে হইবে এবং যে পর্যান্ত না রিজার্ড বুলধনের সমান হর সেই পর্যান্ত এইরূপ করিতে হইবে। এবং তৎপরে লভাংশ ভিরূপে ব্যাভের ও নাগরিকগণের উন্নতির জন্ত ব্যান্ত করিতে হইবে, কলিকাতা করপোরেশন তাহার ব্যবদ্ধা নির্দারণ করিবে।

হিসাব

এই ব্যাক্ষের হিদাবপ্রাদি সম্পূর্ণভাবে কলিকাতা করণোরেশনের হিদাব হইতে পৃথক থাকিবে। প্রত্যেক ভুই সপ্তাহ অন্তর সাধারণের গোচরার্থ ব্যাক্ষের দেনা-পাওনার হিদাব প্রকাশিত হইবে। ভুইজন হিদাব পরীক্ষক—একঞ্জন করণোরেশনের এবং একজন আমানতকারী- গণের গক হ**ইতে ব্যাকের হি**সাব পরীক্ষা করিবেদ এবং পরীক্ষিত্র বাল্লাসিক হিসাব **একাশিত হ**ইবে।

উপসংসার

বিগত করেক বৎসর ধরিয়া কলিকাতার একটা মিউনিসিপাল ব্যাক্ষের প্রতিষ্ঠা সম্বন্ধে আলোচনা চলিতেছে; কিন্তু তুর্ভাগ্য বশতঃ এখন পর্যন্ত করপোরেশনের মত বলীয় গভগমেটের নিকট পেশ করা হয় নাই। কলিকাতা করপোরেশনের স্বর্ধার্ত করিলে, করপোরেশনের সর্ব্ধাপেকা কম খয়চ ও বেশী লাভ ছব সেই বিবরে একমত হইয়া, নগরের প্রতিনিবিগণ চেটা করিলে অবিলম্বে ব্যাক্ষের ছাপনা ইইতে পারিবে, ইহাতে কিছুমাত্র সন্দেহ নাই। এই সম্পর্কে কাউলিলর সনব্দুমার রায় চৌধুরী, নলিনীয়ঞ্জন সরকার, রামচন্ত্র শেঠ প্রভৃতি যেরূপ উৎসাহ দেখাইতেছেন, তাহা সত্য সত্যই প্রশাসার ইহাদের সাধৃ ইচছা এবং নিংখার্থ চেটা সক্ষ হইয়া কলিকাতা তথা বাজালা এবং বাজালীর মুথ উজ্জল কলক, ইহাই তক্ষণ বাজালার একাত্তিক কামনা।

মানসী

শ্রীহাসিরাশি দেবী

শ্রীমান আমাদের অনেক গুণে গুণী; যথা—গান গাওয়া, আবৃত্তি করা, মাঝে মাঝে বল থেলা, ছোটো-খাটো বক্ততা দেওয়া, ছবি আঁকা ও কবিতা লেখা।

তবে তার এ স্কল বিভা প্রকাশের এক একটা বিশেষ ক্ষেত্র আছে: যেমন,—গান গায় সে বন্ধু-মহলে, বল থেলতে যায় সথেয় টীমে, বক্তৃতা দেয় কিয়া আহৃত্তি করে সাধারণ সমক্ষে এবং কবিতা লেখে ও ছবি জাঁকে ঘরেয় মধ্যে।

কিন্ত, এ কথা জানে স্বাই; কারণ, ত্রৈমাসিক পত্রিকা "রুটিকা"র তার কবিতা প্রকাশিত হয়, এবং ছবিও যে এক-আধ্যানা ছাপা না হয়,—এমনও নয়। তরু সে ছবি কাজল কালীতে আঁকা নয়,—বল থেলতে গিয়ে পা তেলে এসে ইটিতে কাজল কালী মাধিরে সে কাগলে ছাপ মেরে ছবি তোলে না,—রীতিমত চীনাকালীতে নিব ভূবিয়ে ধ'য়ে ধর্মে আঁকে, আর গুণ গুণ ক'য়ে গান গায়।

किছ এ স্বের আগে अभारतत পরিচর নেওরাটা

একটু দরকার; ভাই নিথছি—ভার আগের ও পেছনের লেজ্ড ছেড়ে, কাট্-ছাঁট ক'রে নামের ভধু "শ্রীমান"টুকুই নিলাম।

বরস কুজি কি একুশ, চেহারা মল নয়—ফ্যাশানেও
ছরন্ত, তবে কুলের শেষ ক্লাস পর্যান্ত হামাগুজি দিয়ে
উঠেই মা সরন্থতীর সদ ছেড়েছে। বাপ পণ্ডিত মান্ত্র্য ছেলের ভবিত্তং ভেবেই না কি ভারতীর কাছে অনে বার মাথা কোটাকুটি ক'রেছিলেন, কিন্তু দেবী অ. তাকে সলে নিতে নারাক্ত কেনে অগত্যা মাথা বেক ক'রেছেন।

বাড়ী,—অর্থাৎ পূর্ব্ব-পূক্ষের সম্পত্তি—দানান বাড়ী পূকুর এবং আরও বা কিছু কাছাকাছি কোন পাড়াগ হ'লেও, পণ্ডিত মশারকে বাসা ভাড়া নিতে হ'রেচেড়েও ক'লকাতার; কারণ, ছেলে বলে সে পাড়াগীরে থান না, এবং তদীয় মাতা হাত মূখ নেড়ে বারমার মান করিয়ে কেন—ভার জন্ম এই কলিকাতার;—গাঁ নেয়ে হ'লে জল-দাঁয়ত্নেজৈ বরে শ্লেক ও ম আঁশের পঢ়া গদ্ধ ওঁকেও তিনি বে শরীর টিকিরে এখনও পিতিক মশাদের' গৃহ উজ্জ্বল ক'রে আছেন,—পাড়া-গাঁরের খোলা হাওরার থাকলেও পুকুরের জলে ও 'য্যালোরারী'তে তাঁর দে শরীর একটি দিনও টিকবে না।

স্বভরাং অচিরেই বে তাহ'লে পণ্ডিত মশারের গৃহ অক্সকারাছের হবে, এ নিশ্চিত। তাই, সে অন্তরোধ

शामिकाना -

"কুলের শেষ ক্লাল পর্যান্ত হামাগুড়ি দিয়ে উঠেই—"

াক বা অভ্যাচারেই হোক, পণ্ডিত স্পারকে সাসিক বৃদ্ধি টাকা ভাড়ার বে বাসা নিতে হ'রেছে, তার ওপোরে চে গ্র চারখানা, বারাকা ছটো, আর কণ্ডলা বোধ হির কৈর্য্যে ও প্রন্থে কেড় হাত।

িকিন্ত এর মুখ্যে ছটি বর, অর্থাৎ ভাঁড়ার, রারাঘর এবং বোর ঘরটুকু ভিন্ন পঞ্জিত নশারের আর কোনও দিকে বাবার উপার নাই; কারণ, অন্ত বর তুইটি প্রার সর্বাদাই শ্রীমান ও ভদীর বন্ধুবাদ্ধবের অধিকারে স্থাকিত। সেধানে সংস্কৃত স্নোকের স্থান নাই; আছে আলোচনা, সমালোচনা, গান ও গরের অফুরস্ক জারগা।

ভবু, মনের মধ্যে মাঝে মাঝে যে বিজ্ঞোহ মাধা তুলে দাঁড়ার, তা ব্রত্তে গৃহিণীর দেরী হন্ন। কুজ চক্তু ঘুরিরে,—মৃত্—অথচ ভিরন্ধারের করে বলেন—

> "বাটের কোলে কাঠি দিয়ে— ব'লতে নেই—বাছা আমার এখন ডাগরটি হ'লেছে; চ্যাটাই চাপা কি আর চিরদিন থাকে গা ?—নিকে ব্ঝে স্থানে চ'লতে হয়।"

> পণ্ডিত মশারের শরীর জীর্ণ না হ'লেও শীর্ণ বটে, বর্ণ ঘন ক্রফ। থাড়ার মত উচু নাকের ছপাশে গাল ছটো তৃব্ডে পোল হ'রেছে, চক্ষ্ও কোঠরগত, তবে বছ বটে।

বেশীর ভাগ সময়েই আলগা গায়ে, থড়ম পারে ও হাতে কড়িবাধা হঁকা নিষেই ঘোরেন, আর হাওরার ওড়ে মাথার বিষৎ প্রমাণ টিকি।

গৃহিণী **কিন্তু আ**কৃতি ও প্ৰকৃতিতে ঠিক তাঁর বিপরীত।

গৌর না হ'লেও উজ্জ্বল স্থাম; বিপুল ও থকাঞ্চতি।

কাংস্য-নিলিত কর্চবরে পণ্ডিত
মলারের কীণ কর্চবর ক্ষণে ক্ষণে লোপ
ক'রে দেওবাডে বেচারা পণ্ডিত মলার
কোনও কথার প্রতিবাদ ক'রতে
গিরেও পেরে ওঠেন না,—সমরে

সমরে কলছের ইচ্ছা প্রবল হ'লেও প্রথমে গৃহিনীর কর্চন্তর এবং পরে রাভা চোধের সালা পানির ভরে তাঁকে চুপ ক'রে বেতে হর।

আঁচিলে চোধের জল মুছে গৃহিনী বলেন—"ইচ্ছে হয় একবার ম'রে 'মিন্সে'র হাত থেকে নিভার পাই; কিছ বমু বে আমাকে ভূলে আছে। নইলে বিবে সে অপূর্ব ভদীতে দণ্ডারমানা। দি ওরিবেণ্টাল আটি।

নীচের এক কোণে শিল্পীর নাম ও তারিখ, এবং অল্প কোণে লেখা থাকলো—"মানসী"।

মেদিনীপুর থেকে জানা ঝি বিধু সেদিন ব'লেছিল—
"দেখ মা, একটা ভালো কথা কচ্ছু বাপু, গোঁদা
কোরোনি বাছা। আমার ফেন কেম্নভর লাগ্চ—
ভার তরেই কইচ্—!"

মা সন্দিশ্বচিত্তে প্রশ্ন ক'রেছিলেন "কি ব'লভো মা।"
"তোমার ব্যাটার উপ্রে কেমন একটু উপ্রি নজর'
হ'রেছে—লাগচু বাছা! কিছু মনে কোরোনি।…
এইবেলা ঠাকুর ছুরোরে মানত্ ক'রো দিকিন,—দেশ,
ভালো হবে। বুলো তো আমিই তুমাকে এক সাধুবাবার খানে লিরে যেতে পারি। গলার লাইতে' গিরে
দেখেচু,—হার সেদিকে বাবা আছু—।"

কিছুদিন থেকে ছেলের হাবভাব যে মার চোপ এড়িরে যাচ্ছিল তাও নর, তবে সেটা মনে মনেই ছিল; আৰু অক্টের মুখে ওনতেই; সে সন্দেহ দৃঢ়মূল হ'লো। মনে মনে মাথা ঠুকে সাধুবাবার উদ্দেশেই ব'ললেন— "হার বাবা, কি অপরাধ ক'রেছি গো!"

কিছ মুধে ব'ললেন—"তুই আমার বাবার কাছে
নিয়ে বেডে ঠিক পারবি তো ?—পথ হারাবি নি তো ?"

বিধু এক বিঘৎ প্রমাণ কলতলার উঁচু হ'রে ব'সে ব'সে কোনও রকমে পোড়া কড়ার ঝামা ঘবছিল; হাতমর ও মুথে কালি, নারাদেহ ঘর্মাক্ত। বিশ্বরে ঝামা ঘবা থামিরে সেই কালিস্থক হাতই গালে রেথে ব'ললে—"পারব্নি? কি—বলচু গো!—হার হার। ও কথাটি বোলনি বাবা। বিধুর তোমার শরীল থাকলে আবার ভোমার ভাবনা কিসের গা?…ঠাকুর ছ্রোর, ভো ঠাকুর ছ্রোর,—বলোডো ভোমাথে হার—বিলেত ঘ্রিরে লিকে এলে দিবে; পারব্নি কি গো?"

ৰা ব'লনেন—"ভবে, তাই আমার একবার নিরে বাস বাছা। শরীল তোর ভালোই থাক, প্রাণ ভ'রে আনীর্কান ক'রছি।" ভদগদ চিত্তে বিধু ব'ললে—"তাই করে। মা, তাই করে। হা দেখ, এই দরীলের তরে ক'তো দেশ যে ঘুরত্ন ফিরজু,—ওষ্ধ পালা করন্ধ, তা আর কি বুলবো।…
শেবে স'ব খুইরে এখন তোমার দর্জায় এসেছি…"

ছनছन कार्य **रन अरेथा**त्नरे रन कथात्र हेलि क'त्रल।

যথাসমূহে সাধু বাবার শীচরণতবে সুটিয়ে প'ড়ে মা



"বৃক্ষশাখায় ভর দিয়ে—…"

জানাদেন—"তৃমি তো আমার মনের কট সবই জাওনা বাবা! আমার ছেলের মন তৃমিই ভালো ক'রে লাও আর কিছু চাই না।"

সাধুৰাৰা দক্ষিণ হস্ত প্ৰসায়িত ক'ৱে ব'লখে

[२)म वर्ष--- २३ थ७--- ३३ नत्था

"সোব আছো হো বাবে মা, ডর না আছে ; তুরোর মনের ভারপ'রে সোব আউর তু'র ছেলিয়াভি আছা হো कहे अहें त्यांव शंभ वृक्षित्त्रह । উत्यांव इपित्नत्र आह्न, যাবে।"



"…কট অট দোৰ হামি ব্ৰিয়েছে⋯"

"তাই বন' বাবা, তাই আৰীৰ্বাদ কৰো।"

ব'লতে ব'লতে উঠে আঁচলের গেরো খুলে একটি টাকা সাধুবাবার চরণতলে রেখে আর বার চুই মাথা মাটিতে ঠেকিরে মা বিদার নিলেন।

'ঝটিকা' সম্পাদকের বোনের বিরে। ছাপা নিমন্ত্রণ পত্তের সন্তেও অস্থ্রোধ-পত্ত পর পর এসেছে ছ্থানা; তার একান্ত অস্থ্রোধ, যেডেই হবে।



"ঝটিকা"ও ভোমার কাছে চিরঋণী থাকবে—"

গরদের পাঞ্চাবী গারে, ভেলভেটের নাগর। পারে, আর সোনার বোভাম নেট্ প'রে শ্রীদান বার হ'রে প'ড়লো।

কিন্ত বিবে বাড়ীতে এসেই সে গেদ থ'ম্কে।… চারিদিকে কেমন বেন একটা থমধ'মে ভাব,—না আছে বেনী লোকজন, না আছে তেমন আলোর জাক-জমক।—তথ্, শ্রীমানকে সামনে দেখতে পেরেই 'ঝটিকা' সম্পাদক প্রায় ছুটে এসে তার হাত ছুখানা জড়িয়ে ধ'রনেন; সকাতরে ব'লে উঠুলেন "আমায় আজ বাঁচাও ভাই; তারা বিয়ে দেবে না ব'লে পাঠিয়েছে,—এদিকে আমায় জাত-মান সব বার ।…"

শীমানের চোধের সামনে শর্বেফুল ফুটে উঠ্লো; শুক্নো বিভে কোনও রক্ষে ব'ললে—"বাঁচাবো? আমি? কেমন ক'রে?"



ঠোটের কোণে যেন একটু হাসি চাপা,…চোণের দৃষ্টিতে যেন কৌতৃকের রাশি……

সম্পাদক ব'ললেন—"হাা, আৰু একমাত্ৰ তৃষিই আমার বাঁচাতে পারো, কারণ, তৃমি আমার খবর, খলাত ও পরিচিত ভদ্রলোক। আর আমি আশা ক'রছি ভদ্রলোকের এ উপকার শুধু ভদ্রলোকেই ক'রতে পারে,—তৃষিই পারবে। আমার আৰু বাঁচাও, এক'তে শুধু আমিই নই, "বাটকা"ও তোমার কাছে চিরখণী থাকবে।"

এর প্রের আর কোনও কথা খ্রীমানের কাপে গেল না। তথু তভচ্চির সমরে বধ্র মুখ আর তার পালের লাল চেলী দেখে মনে হ'লো কে যেন একরালি টিকের আগুল ধরিরে দিরেছে। আরও দেখলে,—পাণের ছোপে লাল পুরু ঠোঁটের কোণে যেন একটু হাসি চাপা, গোল গোল ভাবিভেবে চোখের দৃষ্টিতে শ্রীমান মুধ কিরিরে নিলে।

সে সংখ্যার "ঝটিকা"র বড় বড় অক্ষরে প্রকাশ হ'লো— "মুক্বি ও শিল্পী শ্রীষ্ক শ্রীমানবার্ বিনা পণে "ঝটিকা" সম্পাদকের ভগিনীকে বিবাহ করিয়া—হিন্দুধর্শের উদার আদর্শ অক্ল রাথিয়াছেন। ভগবানের নিকটে আমরা এই নবদম্পতির দীর্ঘায় কামনা করি।"

লেখাটা চোথে প'ড়ভেই শ্রীমান প্রথমে সে পত্রিকাখানিকে টুক্রো টুক্রো ক'রে ছিঁড়লে, ভার পরে এভ
দিনের এভ যত্রে আঁকা ও জমা করা ছবি ও কবিভার
খাতাগুলো পুড়িরে, সামনের সেই খোলা জানালাটা
টেনে বন্ধ ক'রে দিলে।


কদমতলীর বিল

শ্রীদিগিন্দ্রনাথ আচার্য্য

কদমতলীয় বিলে,—
বাডালের সাথে ল্কোচ্রি থেলে বকেও শালিথে মিলে,
আমনের কেন্ডে ল্টিরা উঠিলে শাপ্লার কুলরাশি,
'নোণালী উমার ভাহাদের মূথে ফুটার রঙিণ হালি।
কচি কচি ধাল বাডালে ছলিরা ঢলিরা পড়েছে গায়;
প্রেমের বাসনা পরাণে জাগিরা মিলেছে পরাণে হার।
ত-পারের চরে পাণিকাক উড়ে মেলিরা শতেক ভানা।
ক্রনীল আকাশে ভালিরা বেড়ার সাদা মেল্ কর্মধানা।
গাঙ্চিল ব্নে মারার আঁচল ওপার এপার করি'—
কুক্রবক মিলি' কাকলী করিছে সারা মাঠথানি ভরি'।
বাসনার সোণা ছড়াবে দিরাছে সব্জ বিলের গার।
নিঠে বেঠো হাওরা ভালিরা বেড়ার রঙিণ মেলের নার।

সোণা সোণা রোদে কেশ এলাইয়া ছোট ধানগাছগুলি
আদরে সোহাগে এ উহার গারে কেবলি পড়িছে চলি'।
কল্মী-ফুলেরা হাসিয়া উঠেছে ভরিয়া সারাটি চক্।
ভেঁসালের গায়ে বাসা বাধিয়াছে ও-পারের কানি বক।
কচুরি ফুলেরা সরমে জড়ায়ে ঘোম্টা টানিয়া মুঝে,
আথালের কোণে মুথ লুকাইয়া বেদন ঢালিছে হঃথে।

উটি নাও বেয়ে খেয়ার মাঝিয়া নতুন বধুরে নিয়া,
গাঁরের,বধুর করুল কাদনে বিদরিয়া উঠে বুক।
ছোট বিল্থানি চেকে দিয়ে যায় বিষাদ কালিমা শোক।
সারাটি বরব ভাহার বুকেতে আঁকিছে নানান ছবি।
হাসি বাথা মাঝে দিবস কাটায় ও-গাঁরের ছোট কবি।



স্থরেশচন্দ্র সমাজপতি

শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ

১২१७ वषारम (১৮৬৯-१० श्वारम) ১৮ই है ज ভाরিখে কলিকাভার সুরেশচন্দ্রের জন্ম হর। ইহার পৈত্রিক बिजीन नहीं । ७ यानां इत किनां परवर मिनन छात-আঁশিমালী গ্রামে। ঈশ্বরচন্দ্র বিভাসাগর মহাশরের প্রথম কলা হেমলতা দেবীর বিবাহ-সম্বন্ধ কোন সম্ভান্ত ও শিক্ষিত পরিবারে প্রস্থাবিত হইলে বরপক যখন কিছু নগদ টাকা চাহেন, তথন বিভাসাগর মহাশয় বলেন. "আমি ত্রাহ্মণ---বেণের ঘরে মেয়ে দিতে পারিব না।" তাহার পর তিনি মেধাবী ছাত্র গোপালচন্দ্র সমাৰপতিকে জামাতা করেন। সুরেশচন্দ্র ও ঘতীশচন্দ্র ছুই পুদ্র যথন শিশু তথন গোপালচক্রের মৃত্যু হয় এবং তদবধি দৌহিত্ৰদ্ধ মাতামহের গৃহে লালিভপালিভ মহাশয়ের ব্যবস্থায় সুরেশচন্দ্র চয়েন। বিছাসাগর বাল্যকালে বান্ধালা ও সংস্কৃত ভাষাই শিথিয়াছিলেন---ट्योवत्न निक ८० होत्र है दाकी शार्व करवन ।

আর বয়স ইইতেই স্থরেশচন্দ্র বালালা রচনায় মন
দেন। ১৪।১৫ বৎসর বয়সে তিনি বোগেক্সনাথ বস্থ
প্রবর্ত্তিত 'সুরভী' পত্রে রুষিবিয়য় সংস্কৃত গ্রন্থের অমুবাদ
প্রকাশ করিতে আরম্ভ করেন। তাহার পর তিনি
'সুরভী' ও 'সমাচার-চন্দ্রিকা' পত্রছয়ে প্রবন্ধ লিথিতে
থাকেন। ১২৯৮ সালে ইনি 'বস্তমতী'র প্রতিষ্ঠাতা
উপেক্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রতিষ্ঠিত 'সাহিত্য-করজ্ম'
নামক মাসিকপত্রের সম্পাদনভার গ্রহণ করেন। পর-বংসর ইহা 'সাহিত্য' নাম গ্রহণ করে। এ সময়
উপেক্রনাথ "বিশেষ দ্রষ্টব্য"—শিরোনামায় লিথেন:—

"আমি 'দাহিত্যে'র দব অত ত্যাগ করিলাম। 'দাহিত্যের' বর্তমান সম্পাদক মাননীর শ্রীযুক্ত সুরেশচন্দ্র দমারূপতি মহাশয়, অতঃপর 'দাহিত্যে'র অতাধিকারী হইলেন।"

"স্চনার" স্বরেশচন্দ্র লিখেন:---

"বাদলা সাহিত্যের সেবার ক্ষম্ম 'সাহিত্যের' ক্ষম হইল। কাতীয় সাহিত্যের শ্রীবৃদ্ধিসাথন আমাদের এক- মাত্র উদ্দেশ্য। যাহা বিছু সত্য ও স্থলর, লাহিছ্যে আমরা তাহারই আলোচনা করিব।

"এদেশে ইংরাজী শিক্ষার প্রভাব দিন দিন অধিকভর-রূপে বিস্তারিত হইতেছে। এই শিক্ষার ফলে আমাদের শিকিত ধুবৰগণ নানাবিধ নৃতন ভাব ও অভিনৰ চিন্তার স্থিত পরিচিত হইতেছেন। কিন্তু অন্তান্ত গ্রথের বিষয় এই, আমাদের বাদলা গাহিত্য তাঁহাদের সেই চিন্তাশক্তি ও ভাবুকভার ফললাভে বঞ্চিত হইয়া রহিয়াছে। এখন বাহারা ইংরাজী শেখেন, তাঁহারা প্রায় বাজলা পড়েন না: বাৰলা লেখেন না। বাৰলা সাহিত্যের শৈশব-দশায় বাঁহারা বাঙ্গলাসাহিত্যের উন্নতির জন্ত প্রাণপাত করিয়াছিলেন, এখনও প্রার তাঁহারাই বাল্লা লেখক। তাঁহারা সাহিত্যক্ষেত্রে যে বীক বপন করিয়াছেন, ভাহা অন্তরিত হইয়াছে সত্য, কিছু কে তাহাতে জনসেচন করিবে ? তাঁহারা যে কার্যোর স্ত্রপাত করিরাছেন, কে তাহাকে পূর্ণ পরিণতির পথে লইয়া যাইবে? কারণ, তাঁহাদের পরে যাঁহারা বাদলা লিখিতে আরম্ভ করিয়া-ছেন, তাঁহাদের সংখ্যা ছতি ছত্ত্ব। ক্লডকার্য্য লেখকের সংখ্যা আবার ভদপেকাও অল্ল।

"অথচ, সেকালের অপেকা একালে দেশে চিন্তাশীলের সংখ্যা বাড়িয়াছে, জ্ঞানের জ্যোভি: অধিকতর
বিকীর্ণ হইতেছে। তথাপি শিকার অন্থপাত অন্থপার
ধরিতে গেলে, সেকালের তুলনার, একালের বাছলা
সাহিত্যকে অনেক দণ্ডিড বলিরা বোধ হর। শিক্ষিত
যুবকগণের বাছলা সাহিত্যে সেরপ মনোযোগ ও অন্থরাগ
নাই, এই জন্মই সাহিত্যের এত হুর্জশা ঘটিতেছে।"

'সাহিত্যের' প্রথম বৎসরের লেখকলেখিকাদিগের মধ্যে নিম্নিলিখিত ব্যক্তিদিগের নাম বিশেষ উল্লেখযোগ্য —কবি দেবেক্সনাথ সেন, প্রমীলা নাগ, সরোজকুমারী দেবী, বিনরকুমারী বস্থ, বেণোরারীলাল গোস্বামী, প্রিম্নাথ সেন, বলেক্সনাথ ঠাকুর, নিত্যকৃষ্ণ বস্থ, হীরেক্সনাথ দেও, ও নগেক্সনাথ গুপ্ত। ইহাদিগের মধ্যে শীযুক্ত নগেজনাপ গুপ্ত ও ঐযুক্ত হীরেন্দ্রনাথ দন্ত এখনও বাদালার পাঠকসমাজকে রচনাদন্তার উপহার দিতেছেন।

দিতীর বৎসরে কবি নবীনচন্দ্র সেন, শ্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর, ও অক্ষরকুমার বড়াল; বৈদিক সাহিত্যে প্রপত্তিত উমেশচন্দ্র বটব্যাল; মহিলা লেখিকা ক্বফভাবিনী দাস, গিরীক্রমোহিনী দাসী, 'নীহারিকা'-রচয়িত্রী; গিরিজা-প্রসন্ধ রার চৌধুরী, প্রসিদ্ধ সমালোচক চন্দ্রনাথ বস্থ, 'উদ্ভ্রান্ত প্রেম'-লেথক চন্দ্রনোথর মুখোপাধ্যার, ঠাকুরদাস মুখোপাধ্যার, পত্তিত মহেন্দ্রনাথ বিভানিধি, ঐতিহাসিক রন্ধনীকান্ত গুপ্ত, 'রার মহাশর' লেখক হরিদাস বন্দ্যোপাধ্যার, প্রবীণ লেথক ক্ষীরোদচন্দ্র রারচৌধুরী প্রভৃতি ইহার লেথকদলে যোগ দেন। সেই সমর হইতেই 'সাহিত্য' সাহিত্যক্ষেত্র প্রসিদ্ধি লাভ করে ।

এই সময় স্বেশচন্ত্রের উন্থোগে 'মুহৃৎ সমিতি' প্রতিষ্ঠিত হয় এবং তাহারই এক অধিবেশনে তিনি 'মেঘদ্ত' ধণ্ড-কাব্যের এক সমালোচনা-প্রবন্ধ পাঠ করেন। তাহাতে তাঁহার বৈশিষ্ট্য—সমালোচনা-বৈপুণ্যের পরিচয় প্রকট। এই সমালোচনাই স্বরেশচন্ত্রের বৈশিষ্ট্য ছিল। তিনি জীবনের শেষকাল পর্য্যন্ত অর্থাৎ প্রায় ৩০ বৎসর বিশেষ দক্ষতা সহকারে 'সাহিত্য' সম্পাদন করিয়াছিলেন। তাঁহার "মাসিক সাহিত্য সমালোচনা" যেমন অকাতরে গুণের পুরস্বার দিত—গুণীর প্রশংসাকীর্ত্তন করিত, তেমনই অসার রচনাকে কঠোর আক্রমণ করিত। মাসের পর মাস বাকালার সাহিত্য-সমাজ এই সমালোচনা সাগ্রহে পাঠ করিয়া আন্মন্ত ও শিক্ষা লাভ করিত।

সাংবাদিকরপে তাঁহার প্রতিভার বিকাশ—দীর্ঘকাল 'বসুমন্তী' (সাপ্তাহিক) পরিচালনে। এই সমন্ত তিনি আবার তাঁহার পুরাতন বন্ধু, বালালা সাহিত্যের স্থহদ উপেক্রনাথ মুখোপাধ্যান্তর সহিত একবোগে বালালার নৃতন কার্য্যে প্রবৃত্ত হরেন। উপেক্রনাথের 'বসুমতী' সুরেশচক্রের পরিচালনার রাজনীতিক্ষেত্রে সকলেরই শ্রহ্ম আকর্ষণ করিয়াছিল।

ইহার মধ্যে—বলভদ উপলক্ষে যে আন্দোশন ব্রুদ্ধেশ হইতে উদাত হইয়া সমগ্র ভারতবর্ধে ব্যাপ্ত হয় ভাহাতে আকৃষ্ঠ হইয়া সুরেশচক্র সভায় বক্তৃতা করিতে

আরম্ভ করেন। অফ্লীলনফলে তাঁহার বক্তৃতাশক্তি শুর্ত হইরা তাঁহাকে বালালা ভাষার বক্তাদিগের মধ্যে উচ্চ হানের অধিকারী করে। এই সমর ইনি "বলেমাভরম্ সম্প্রদারের" সম্পাদক হইরাছিলেন।

'বস্মতী'—ত্যাগ করিবার পর তিনি দেশপুষ্যা সার প্রেক্তনাথ বন্দ্যোপাধ্যার মহাশরের 'বালালী' পর্ত্তের ও তাহার পর 'নায়কে' সম্পাদকীয় কার্য্যে সহযোগিতা করিয়াছিলেন এবং 'বস্মতীর' ও বন্ধ্র প্রতি অন্ধ্রাগহেত্ বর্তমান লেখক জার্মাণ যুদ্ধের সময় মুরোপের রণান্দন পরিদর্শন জন্ম বিলাতের মন্ত্রিসভা কর্তৃক আহৃত হইয়া তথার গমন করিলে, তাঁহার অন্থপস্থিতিকালে 'বস্মতী'র পরিচাল্ন-কার্য্য পরিদর্শন করিয়াছিলেন।

স্থরেশচন্দ্রের অঞ্জন্ম রচনা দৈনিক ও সাপ্তাহিকপত্তের চিরদীপ্ত হতাশনের ইন্ধন যোগাইয়া বিশ্বতির বিলোপ-রাজ্যে বিলীন হইয়া গিয়াছে। সংবাদপত্তে রচনার ইহাই অনিবার্য্য ফল—ইহাই নিয়তি। তিনি রাথিয়া গিয়াছেন—কয়টি গল্প ও কয়টি প্রবন্ধ। কিন্তু বিলাতের প্রসিদ্ধ স্মালোচক প্যালগ্রেভের মত তাঁহার বৈশিষ্টা তাঁহার সমালোচনায় ও রচনা-নির্ম্যাচনে সপ্রকাশ ছিল। তিনি কোন রচনাই পরীক্ষা না করিয়া, প্রয়োজনমত প্রসাধন ব্যতীত পত্রস্থ করিতেন না। তাঁহার লেখনীর ঐক্রজালিক স্পর্শে অনেক ন্তন লেখকের অন্থ্যাদও কিরূপ মনোরম হইয়া উঠিত ভাহা 'ভারতবর্ধে' প্রকাশিত 'ভিন্নহন্ত' প্রমাণ করিয়াছে।

বিষমচন্দ্র যেমন ভাবে সাহিত্যিক-মণ্ডলী রচনা করিয়া বাঙ্গালা সাহিত্যিকে সমৃদ্ধ করিয়াছিলেন, তিনিও তেমনই—বিষমচন্দ্রের আদর্শ অমুসরণ করিয়া— সাহিত্যিকমণ্ডলী রচনা করিয়া 'সাহিত্য' পরিচালিত, করিয়াছিলেন। উত্তরকালে বাঁহারা সাহিত্যসেবার অক্ষয় যশঃ অর্জন করিয়াছেন, তাঁহাদিগের অনেকে সুরেশ-চন্দ্রের সহকর্মী ছিলেন। বাঁহারা 'ভারতবর্ব'-সম্পাদক শ্রীযুত জ্বপর সেন মহাশয়কে শিক্ষকের কার্য্য ত্যাগ করাইয়া সাহিত্যের সেবার আরুষ্ঠ করেন, সুরেশচন্দ্র ভারতি-শ্রমণ বিষয়ক প্রবন্ধগুলি—পত্র হইতে প্রবন্ধে পরিণত করিয়া প্রকাশ করেন। সুরেশচন্দ্র দাহিত্য-

রসিক ছিলেন এবং সাহিত্যিক পরিবেটন ব্যতীত আনন্দলাভ করিতেন না।

বদভদ উপলক্ষে যে আন্দোলন হয়, তাহার সহিত তাহার স্থাকের বিষয় পৃর্কেই উক্ত হইরাছে। রাজনীতিতে তিনি আতীয় দলভূক্ত ছিলেন। পঞ্জাবে অনাচার, বিলাফৎ সমস্তা, শাসন-সংস্থার—এই কারণত্রয় লইয়য়হারা গান্ধী যথন অসহযোগ আন্দোলন প্রবর্তিত করেন, স্বরেশচক্র তথন ভগ্নস্থা। তথাপি তিনি অস্ত শরীরে কলিকাতায় লালা লজপতরায়ের সভাপতিত্বে অফুটিত কংগ্রেসের অভিরিক্ত অধিবেশনে যোগ দেন। তাহাতেই তাহার ব্যাধি বৃদ্ধি পায় ও অল্পদিন পরে তিনি মৃত্যুম্বে পতিত হরেন।

তিনি কাখীর দরবারে সমাদৃত অধ্য গভর্গ শীযুক্ত ঋষিবর মুখোপাধ্যার মহাশরের একমাত্র কলাকে বিবাহ করিয়াছিলেন। তাঁংহার কোন সন্তান হয় নাই।

সমসামরিক সমাজে স্থবেশচক্র বিশেষ সমাদৃত ছিলেন। সাহিত্যিক সমাজে এই শক্তিশালী লেথক "সমাজপতি" বলিয়াই পরিচিত ছিলেন। বাশুবিক সাহিত্যে সমাজপতি হইবার অনেক উপকরণই স্বরেশচক্রে ছিল।

বালালা সাহিত্যের প্রতি তাঁহার অফুরিম অল্পরাগ তাহার উরতির জন্ত পরিকল্পিত অল্পুঠান ও প্রতিষ্ঠান মাত্রেই স্থরেশচন্দ্রকে আরুই করিত। সেই জ্ঞুই তিনি সাহিত্য সম্মিলনে বিশেষ উৎসাহ দেখাইতেন এবং ভাহার বার্ষিক অধিবেশনে যোগ দিবার জ্বন্থ সর্বাদাই সচেষ্ট ছিলেন। বজীয় সাহিত্য-পরিষদ কথন তাঁহাকে তাঁহার প্রাপ্য সন্মান প্রদান করিয়া আপনাকে সন্মানিত করেন নাই বটে, কিন্তু তিনি এই প্রতিষ্ঠানের কল্যাণ-কামী সদস্য ছিলেন-ইহার মন্দির নির্মাণার্থ ভূমিখণ্ড ভিকাকরিতে কাশিষবাঞ্চারে মহারাজা সার মণীক্রচন্দ্র নন্দীর নিকট গিরাছিলেন এবং পরিষদের অন্তান্ত কল্যাণ-কামীর সহিত পরিষদ-মন্দির নির্মাণের জ্বলা অর্থ সংগ্রহ করিয়াছিলেন। তাঁহারই অন্ধরোধে ও আগ্রহে পরিষদের মন্দির-প্রবেশ উপলক্ষে কবিবর দ্বিজেব্রলাল রায় তাঁহার অমর গাঁত "জননী বাঙ্গলাভাষ।" রচনা করিয়াছিলেন। সেই গীতে স্তরেশচন্দ্রে সাহিত্য সাধনার মন্ত্র কবির ভাষায় মূর্ত্তি গ্রহণ করিয়াছিল। তিনি সেই মন্ত্রই জ্বপ করিয়া গিয়াছেন।

স্থরেশচন্দ্রের খৃতি বহুদিন বাঙ্গালার সাহিত্যগগনে উজ্জ্বল ক্ষ্যোতিঙ্কের মত অবস্থান করিবে, সন্দেহ নাই।

১০২৭ সালের ১৭ই পৌষ মুরেশচন্দ্র দেহত্যাগ করিয়াছেন। তাঁহার কনিষ্ঠ ভ্রাতা যতীশচন্দ্র প্রকোই পরলোকগত হইয়াছিলেন। তাঁহাদের অভাগিনী জননী হেমলতা দেবী এখনও জীবন্তা অবস্থায় আছেন।

সবারে ভালয়া যাব ?

শ্রীঅজয়শঙ্কর দাশগুপ্ত

বে পাখী গেয়েছে গান হৃদয়-মালঞে বিসি'
সিশ্ব জোছনায়,
বে কবি পেয়েছে সাড়া মৃর্ডিমতী বেদনার
পুস্প-লতিকায়,
বোবন-কানন বেরি' যাহারা এনেছে ওগো
বেদনায় স্বৃতি,
নিয়্র জীবন শুরি' বে জন চে:লছে য়য়া

মধুময় প্রীভি,—

সবারে ভ্লিয়া যাব অজানা দিনের সেই
প্রভাত বেলায়

আমারে বিলায়ে দেব সবারে ছিনিয়ে নেয়া
স্থাবের মেলায়

স্থপ্নময় জগতের অদৃষ্টলিপির বুকে কামনা লুকায়। অনস্থ সাগর পারে সে আনন্দ কলরবে

অনস্থ সাগর পারে সে আনন্দ কলরবে কামনা ভূলায় ?

বাপের বেটা

শ্রীবামনদাস মৈত্র বি-এ

"সাত-লাট" জমিদারীর প্রধান মণ্ডল দরাপ সরদারই শুভ পুণ্যাহের প্রথম নজরের টাকা প্রদানের অধিকারী। সিল্রের রঞ্জিত করিয়া এই টাকার ছাপ অফিত করা হয় নব বর্ষের সমল্ড থাতার প্রথম পৃষ্ঠার শীর্ষভাগে। গত ত্রিশ বৎসর ধরিয়া জমিদারীর সদর সেরেন্ডার এই প্রথা প্রচলিত হইয়া আসিতেচে।

"দাত-লাট' অমিদারী যথন ত্রিলোচন রায়ের হন্তগত হয়, তথন বালালার নথাব মূশিদকুলী থাঁ। নবাবের বিরুদ্ধাচরণ করিবার অপরাধে "দাতলাটে"র পূর্বতন জমিদারকে সম্পত্তি হইতে বিচ্যুত করা হইলে, ত্রিলোচন রায় উপযুক্ত সেলামী প্রদানে উক্ত অমিদারীর ইজারা গ্রহণ করেন। পূর্ব অমিদারের পক্ষপাতী প্রজাদিগকে স্বশে আনিবার জন্ম ত্রিলোচন রায়ের তীক্ষ বৃদ্ধি যদি দরাপ সরদারের লাঠীর সহায়তা না পাইত, তবে বোধ হয় বিলোহী প্রজাবর্গকে সহজে বশীভ্ত করা যাইত না। জমিদারী দথল হইবার তিন বৎসরের মধ্যেই প্রজাগণ বৃত্তিল, অমিদার ত্রিলোচন রায় বাত্তবিকই প্রজারঞ্জক। আরো বৃত্তিল, দরাপ সরদারের লাঠীর বহর যতই বিভীবিকাপ্রাদ হউক না কেন, ভাহার অক্তর মহিনময়।

দরাপ সরদার আজি বৃদ্ধ, বয়স ষাট বংসর। সবল সুস্থ দেহে জড়ভার কোন চিহ্নই লক্ষিত হয় না। সুধ্ শুদ্র শুদ্ধ, গুদ্ধ ও কেশেই ভাহাকে বয়য় বলিয়া মনে হয়।

আৰু শুভ-পুণ্যাহের প্রত্যুষ।

সরদারের পুত্রবধ্ পরী আসিয়া ডাকিল, "বাপজান, নহবতথানায় সানাই বেজে উঠেছে, উঠবে না ?"

দরাপ উত্তর করিল, "মা, সানাইদার আজ কি স্থর ধরেছে বলতে পারিস? এমন প্রাণ-মাতানো স্থর ত কোন দিন শুনি নাই।"

ঈষৎ হাসিরা পরী বলিল, "প্রত্যেক দিনই ত শোন এই সুর—'কানাই, বাপ ওঠ্রে, গোঠে যাবার সময় হ'ল।' তবে কাপকান, আজ তোমার কাণে, তোমার চোধে সবই সুন্দর ব'লে মনে হ'বে। এমন কি চরণ ঢাকীর ঢাকের বাল আবে শ্রীধর কাকার গানও।"

উচ্চ হাসিতে পরার অন্তরে পুলক সঞ্চার করিরা দরাপ সরদার বলিল, "কেন রে বেটী, কেন ?" পরী বলিল, "আৰু যে হাল-ধাতা।"

শ্যা ত্যাগ করিতে করিতে সরদার বলিল, "যদি তুস্লি সেই কথা, তবে শোন্। অনেক দিনের কথা— মওরা গাঁও দ্থল নিভে হ'বে। আমরা মাত্র ১৫ জন লেঠেল। আর আমাদের বিপক্ষে ৩ জন। ভর হ'ল. - যদি গাঁও দখল কর্তে না পারি, -তবে মানও যা'বে. জানও হা'বে। প্ৰাণ থাকতে ত পালাব না। চর্ণ ঢাকী যাজিল মনসা তলার বাজাতে, কাঁধে তা'র ঢাক। कांट्र अटन किळाना कत्रन, 'कांका गांउनि ?' नव शूल বল্লেম ভা'কে। চরণ বল্লে--দরাপ সরদার, "সাত লাটে"র ১৫ জন লেঠেল কি মওরা গাঁরের ৩০ জন লেঠেলের সামনে থেতে ভর পায়? কথা শেষ না হ'তেই ভা'র ঢাকে পড়ল কাঠি। ঢাক গৰ্জে **উঠ**ল। भिरुष्य १९ कि. मेर्ड (यमन नाटह. ১৫ कन *व्याफीत* व প্রাণও ময়রের মত নেচে উঠল। চরণ চল্ল আগে-- ঢাক বাজাতে বাজাতে, আমরা চলেম ১৫ জন লেঠেল তা'র পেছনে। মওরাগাঁও আমরা দথল করলেম পরীমা। আর শ্রীধর ভায়ার কথা বলছিদ্, ও যথন গায়---"কেদ না মা গিরিরাণী উমা আবার আসবে ফিরে. একটা বরষ ক'দিনের ম!---দেখতে দেখতে যাবে সরে।" তখন চোখে জল আদে না ?"

পরী উত্তর করিল, "আসে বাপজান।"

বেলা প্রায় ছিপ্রহর। দরাপ সরদার উৎসব-বেশে সজ্জিত। পরিধানে চওড়া লাল পাড়ের শাড়ী, অব্দে সব্দ্দ ফতুয়া, কাঁধের ওপরে ন্দ্রমিদার-দন্ত বহুমূল্য শাল, মাধার রেশমের গোলাপী রন্ধের পাগড়ী, হাতে সর্ব্বন্ধরী দীর্ঘ লাঠা। পার্যে দাঁড়াইয়া তাহার একমাত্র পুত্র তোরাপ, পিভার যৌবনের প্রতিমূর্তি।

ভোরাপ বলিল, "বাপজান, এইবার চ'ল।"
দরাপ সরদার বাহিরে দৃষ্টি নিক্ষেপ করিয়া বলিল,
"ভোরাপ, আকাশে মেঘ হয়েছে কি ?"

"না বাবা, আকাশ ত পরিচার।"

"তবে, তবে আলো এত কম কেন?"

"কম ত নয়। বাপজান, বাপজান—"

ভোরাপের আর্তস্বরে পরী ছুটিয়া আসিয়া দেখিল, দরাপ সরদারের দীর্ঘ দেহ পুত্রের বক্ষের উপরে অবলস্বিত, স্বন্ধের শাল ভূমি-লৃষ্টিত, পাগড়ী শিরচ্যত, দেহ নিস্তর। পরী কাঁদিয়া উঠিদ "ওগো, বাপকানের কি হ'ল ?"

কীণখরে দরাপ উত্তর দিল, "সমর হরেছে মা, এইবার ছুটি।"

তোরাপ পরীকে বলিল, "বিছানা করে দাও, বাবাকে শুইরে, হকিম আনতে যা'ব। ভর নেই, সামলে নেবেন।"

দরাণ স্কড়িত খবে উত্তর দিল, "হকিম কিছুই কর্তে পারবে না বাপ, ছজুরকে ধবর দে। নজরের টাক।
নিয়ে বা। আজ থেকে "গাত-লাটে"র প্রধান মওল তুই।
যা বাপজান, হাল-ধাতার সময় বলে গেলে জমিদারের
অকল্যাণ হ'বে।"

পরী লক্ষা ত্যাগ করিয়া খভরের সমূথেই স্বামীকে বলিল, "যাক বয়ে হাল-খাতার সময়। হকিম নিয়ে এস। বাপকানকে বাঁচাও।"

"মা, মরবার সমর তোর বুড়ো ছেলের মনে কট দিসনে, তোরাপ যা বাপ।"

ধীরে ধীরে বৃদ্ধকে শ্যার শোরাইয়া ভোরাপ বলিল, "যাছি, ছকিম ভাকতে, হজুরকে ধরব দিতে,—নঞ্জর দিতে নর।"

জমিদারের কাছারীতে ঢাক, ঢোল, সানাই, কাঁশী, লাকাড়া, শঝ, ঘণ্টা বাজিয়া উঠিল। দরাপ সরদার চকু খুলিয়া জিজাসা করিল, "কিসের বাজনা পরী।"

"আৰু যে হালখাতা বাবা।"

"আমি বেঁচে থাকতে অভে নজর দেবে,—তা হয় না। আমাকে নিরে চন্ কাছারীতে। পারবি না, দরাণ সরদারের বেটার বউ তুই, ভোরাণ সরদারের বউ তুই, তারের আদীর মেরে তুই, একটা বুড়োকে নিরে থেতে পারবি না একটুথানি দ্রে ? না পারিস, আমার ছেলেকে ডেকে দে, দে বাপের বেটা, নিয়ে আমাকে যাবেই।"

বৃদ্ধের বৃক্তের উপরে ঝুঁকিয়া পড়িয়া পরী ডাকিল, "বাব'—বাপজান।"

"কে পরী, একবার থাড়া করে দে মা আমাকে, হাতে লাঠীথানা এগিরে দে, অনেক কাল ওকে আমি বরে বেড়িয়েছি, অসমরে অনেকবার আমাকে ও উদ্ধার করেছে—বিপদ থেকে। আজ এ অসমরে ও আমাকে ভূলতে পারে না,—পরী—মং—বেঁচে আছি,—কিন্তু এ বাঁচার কোন দাম নাই।"

জমিদার কাছারীর পুণ্যাহের বাজনা স্পটতর হইরা উঠিল। পরী উত্তেজিত স্বরে বলিল, "এ কি হ'ল বাপজান, বাজনা এগিয়ে আসছে।"

বৃদ্দের নয়ন কি এক আশার জলিয়া উঠিল। দিধা-কম্পিত স্বরে বলিল, "না মা, হুজুরের কাছারীতে আজ্ হালধাতা, বাজনা বাজবে দেখানে, এগোবে না।"

"না বাবা, এগিরে আসছে, বাজনা এগিরে আসছে, ভনতে পাঁছি এগিরে আসহে এই দিকে, আমাদের বাড়ীর দিকে।"

বিপূল শক্তি প্রয়োগে মরণোলুথ বৃদ্ধ জানালার দিকে কর প্রশারণ করিয়া বলিল, "দেখ্, মা, জানলা দিয়ে, ভাল করে দেখ্।"

ছই করে জানালার গরাদ ধরিরা—অপলক দৃষ্টিতে সম্পুথে চাহিরা পরী বলিতে লাগিল, "সকলের আগে আসছেন হজুর নিজে, নাথার তাঁ'র সোণার কলস। পেছনে পুকং ঠাকুর, তাঁর পাশে থাতা হাতে দেওয়ানজী। দেওয়ানজীর ছই পাশে ছোট হজুর আর তোমার ছেলে। তাঁ'দের পেছনে অনেক লোক,—বাবা, বাবা, তাঁ'রা এনে পড়লেন আমাদের বাড়ীতে।"

"মা, থোলা আমার প্রাণের ডাক গুনেছেন। মরবার সমরে এত অথ কারো হর না। ছজুরের বসবার জন্ত আমার সামনে শাল বিছিয়ে দে, সোণার কলস রাধবার জন্ত আমার পাগড়ী বিঁড়ে করে রাধ, টাকার মাধাবার জন্ত সিঁদ্র গুলে রাধ,—ধূপকাঠী জেলে দে। গরীবের ঘরে আছ বেহেন্ত নেমে এসেছে, পরী—আমি ধন্ত।" দেখিতে দেখিতে দ্বাপ স্বদারের গৃহ-প্রাদ্ধ জনস্মারোহে পূর্ণ হইয়া পেল।

অফুলী-সংহতে বাভ থামাইয়া দিয়া ত্রিলোচন রায় উচ্চকঠে ডাকিলেন, "সর্লার!"

গৃহাভ্যন্তর হইতে কম্পিত স্বরে চিরপরিচিত উত্তর স্মাসিদ, "হন্ধুর, তৈরার।"

জমিদারের চফু আংশসিক্ত হইল। তিনি ব্রিতে পারিলেন সরদারের আহরে মৃত্যুর অবসাদ পূর্ণ মাত্রায় পরিকৃট।

প্রথামত হাল্থাতার কার্য্য শেষ হইরা গেল। ত্রিলোচন রায় সকলকে গৃহের বাহিরে যাইতে বলিলেন। ভিতরে থাকিলেন তিনি, মার সরদারের পুত্র ভোরাপ।

মুত্ততে ব্যথাত্র জমিদার বলিলেন, "সরদার, চল্লে তাহ'লে ?"

"যাবার कি সময় হয় নাই হজুর ?"

"হয় ত হয়েছে। কিন্তু তুমি আমার চিরস্কং; জমিদারীর গুন্ত, ছাড়তে যে প্রাণ কেঁদে ওঠে।"

ছই বৃদ্ধের চক্ হইতে অঞ্র ধারা বহিতে লাগিল,— তোরাপ কাঁদিয়া উঠিল, প্রকোঠান্তর হইতে পরীর রুদ্ধ ক্রন্যনের উচ্ছাস ভাসিয়া আসিতে লাগিল।

দরাপ সরদার ডাকিল, "তোরাপ।" "বাগজান।"

"চোথ মৃছে ফেল্। থোদার নামে শপথ কর, জমিদার যদি তোদের ওপরে হাজার অভ্যাচারও করেন তবু জমিদারের মান ও প্রাণ রক্ষার জন্ম জান দিবি।"

"আমার খোলা তুমি, তোমার নামে শপথ করলেম বাবা।"

দরাপ সরদার—জমিদারের দিকে নিস্তাত দৃষ্টি রাথিরা বলিদ, "হুজুর, এইবার আমি নিশ্চিক।"

"দরাপ, ভাই, মৌলানা সাহেব বাইরে আছেন, ডাকব তাঁকে ঈশবের নাম কর্ডে?"

"না হজুর। চরণ ঢাকীকে একবার ঢাক নিরে ভিতরে মাসতে বলুন, মার মামার শ্রীধর ভারাকে।"

ঢাক ঋদ্ধে চরণ আদিয়া থরের ভিতরে দাঁড়াইল; সংক্ষ শ্রীধর, চক্ষে তাদের অঞ্!

मदाश मदमा बिनन, "हद्रश वाका।"

"না—না কাকা—বাজনা আসবে না।"

"না চরণ, বান্ধাতে হ'বে সেই বান্ধনা, যা ওনে আমরা ১৫লন লেঠেল ৩০লন লেঠেলকে হঠিরে দিরে মওরা গাঁও দথল করেছিলেম। ভার পর প্রীধর ভারা, তোর সেই গান, "কেঁদ না মা গিরিরাণী।" পরী মা, এইবার আমার কাছে আর।"

চরণ ঢাকে কাঠি দিল,—ঢাক গর্জিরা উঠিল, ভৈরবের শিক্ষার গর্জনের মত, ঝটিকা-কৃত্ত সমূত্র-গর্জনের মত, কাল বৈশাখীর জ্বলদ-গর্জনের মত। দরাপের অসাড় তুর্বল দেহে যেন ঐখরিক শক্তির আবিভাব হইল। কেহ বাধা দিবার পুর্বেই সে লক্ষ্প্রদানে শ্যা ত্যাগ ক্রিয়া নীচে আসিয়া দাড়াইল। ভার পর সতেজ্ব স্পষ্ট কর্মে লভাইরের হাঁক দিল.

"ত্রিলোচন--ত্রিলোচন।"

পুত্র ভোরাপ সে ধ্বনির প্রতিধ্বনি করিল,— বহিতাপে সমবেত জনতা উচ্চকণ্ঠে টীৎকার করিয়া উঠিল।

"ত্ৰিলোচন—ত্ৰিলোচন।"

সরদারের দেহ কাপিয়া উঠিল,—ত্রিলোচন রার তাহার পতনোমুখ দেহ ধরিয়া ফেলিলেন।

শ্রীধর কাঁদিয়া কাঁদিয়া গাহিল— "কেঁদ নামা গিবিতাণী

উমা আবার আসবে ফিরে.

একটা বরষ ক'দিনের মা

দেখতে দেখতে যা'বে স'রে।

তোমার চোথে অশ্র হেরে

উমার চোথে অঞ ঝরে,

(कॅम ना मा-कामारमा ना

গৌরীপুরের স্বাকারে।"

গানের শেষে বৃদ্ধ দ্বাপ সরদারেরও শেষ নিঃখাস বাহির হইল।

(२)

দরাপ সরদারের মৃত্যুর করেক মাস পরেই জমিদার ত্রিলোচন রার দেহত্যাগ করিলেন। জমিদার হইলেন তাঁহার ব্বক পুত্র ত্রিভ্বন রায়। ত্রিভ্বন রার বিলাসী, চরিত্রহীন। প্রবল-পরাক্রম ত্রিলোচন রায়ের কঠোর শাসনও পুত্রকে স্থপগামী করিতে পারে নাই। সভ্য কথা বলিতে কি, একমাত্র পুত্রের শোচনীয় নৈতিক অধংপতনে বৃদ্ধ জমিদার এক প্রকার ভগ্ন হৃদয়েই ইহলীলা সংবরণ করিয়াছিলেন। মৃত্যুর অব্যহিত পূর্ব্বে ত্রিলোচন রায় ভোরাপ সরদারকে একাস্তে ভাকিয়া বলিলেন, "ছেলে, আমিও চল্লেম। যে জমিদারী ভোর বাপ আর আমি পত্তন করেছিলেম, ত্রিভ্বনের কর্ত্ত্বে তা কত দিন থাকবে জানি না। আমার একমাত্র সান্থনা ভোকে রেখে গোনা।"

ত্রিলোচন রায়ের আদাদির কয়েক দিন পরে সকলে সবিশ্বরে দেখিল যে সদর হইতে এক ক্রোশ দরবর্তী জঙ্গলাবত ভগ্নপ্রার প্রমোদ-ভবন সংস্কৃত হইরা বাসোপযোগী হইরা উঠিয়াছে। এই প্রমোদ-ভবনটি ছিল ত্রিলোচন রারের পূর্বতন জমিদারের সকল কুকার্গ্যের ক্রীড়াভূমি। জমিদারী ত্রিলোচন রায়ের করগত হইবার পর হইতেই প্রমোদ-ভবন অবাবহার্যা অবস্থাতেই প্রভিন্ন ছিল ৷ নবীন ক্ষমিদার যে দিন চারজন ভোজপুরী দারোয়ান সহ প্রমোদ-ভবনে প্রদার্পণ করিলেন, সেই দিন সন্ধার প্রাকালে ভোষাপ স্বদারতে ভড়বে হাজির হটবার জন্ম আদেশ আদিল। তোরাপ আদিলে ত্রিভূবন রায় তাহার হাতে একথানি পত্ত দিয়া বলিলেন, "সরদার, কুলিগাঁও কাছারীর নায়েবের নামে এই পতা। খুবই জরুরী। সদরে টাকা নাই, কুলিগাঁও হ'তে টাকা আনতে হ'বে। মনে রেখ সরদার, কাল প্রত্যাযের পূর্বেই টাকা না পেলে আমার মান-সম্ভম সব যাবে :"

ভোরাণ উত্তর করিল, 'ভোরের প্রেই টাকা নিয়ে আসব, ছোটবার।'

সেলাম করিয়া তোরাপ প্রমোদ-ভবন ভ্যাগ করিল। একজন ভোজপুরী দারোয়ান নিঃশব্দে তাহার অফুসরণ করিল।

রাত্রি এক প্রহর উত্তীর্ণ হইবার পর ভোরাপের অস্পরণকারী ভোকপুরী আসিরা খবর দিল, ভোরাপ গৃহত্যাগ করিয়াছে, বাড়ীতে আছে তাম্বেব ঢালীর কনিষ্ঠ পুত্র ভাগনীয় রক্ষক রূপে।

শ্বিদার অভ্নত কঠে ত্রুম দিলেন, "যাও নিয়ে এস, কোন গোলমাল যেন না হয়।" রাত্তি দিপ্রহরের একটু পূর্ব্বে তোরাপ কুলিগাঁও কাছারীতে উপস্থিত হইরা নারেবের হতে জমিদারের পত্র প্রদান করিল। নারেব পড়িল, "যে প্রকারে পার অন্ততঃ আজিকার রাত্তির মত তোরাপ সরদারকে কাছারীতে অবরুদ্ধ রাধিবে।"

সবিশ্বরে নারেব জিজাস। করিল, "সরদার, এ কি ?"

"নারেব মশাই, এখনি টাকা চাই। জোর না
হ'তেই টাকা গৌছে দিতে হবে।"

মৃহত্তির মধ্যে নারেব বুঝিতে পারিল কি উদ্দেশ্তে কমিদার তোরাপকে কাছারীতে অবক্রদ্ধ করিবার ক্রন্থ আদেশ দিয়াছেন। প্রবল উত্তেজনার নারেবের দেহ কাপিয়া উঠিল। এ কি অত্যাচার ! আর অত্যাচার তাহারই ওপর খণ্ডর যাহার দরাপ সরদার, স্বামী যাহার তোরাপ সরদার। আশকায় নারেবের কণ্ঠরোধ হইয়া আদিল। অতি কটে অলিত অরে বলিল, "সরদার, বাড়ী ফিরে যাও, ভীরের মত ছুটে যাও; জানি না সময় মত পৌছুতে পারবে কি না। কাছারীতে ঘোড়া নাই, পারে ছুটতে হ'বে।"

"নায়েব মশাই, কি বলছেন ?"

"সরদার, পশুর বৃক্তে লালসার আগতন জলে উঠেছে ভোমার স্থীকে দথ্য করবার জন্তু,—চেটা কর বদি বাচাতে পার।"

দীর্ঘ লাঠার উপর ভর দিয়া তোরাপ সরদার ভড়িংগভিতে গৃহাভিমুখে ধাবিত হইল। প্রতি উলক্ষনে ভাষার আর পরীর মধ্যের ব্যবধান কমিরা আসিতে লাগিল, তবু দূরে—পরী তবু দূরে—হয় ত পরী নাই, জন্মের মত চলিয়া গিয়াছে।

তোরাপ বধন মুক্ত বার-পথে গৃহে প্রবেশ করিল, নিহ্যাতিতা পরী তথন বিষণানে মোহাচ্চর। তোরাপ ডাকিল, "পরী, পরীকান।"

পরীর সারা দেহ চঞ্চল হইয়া উঠিল। ক্ষীণ স্থরে বলিল, "এসেছ, ধর্মকা কর্ত্তে পারি নাই, তাই জান দিয়েছি, আমি বিষ ধেরেছি। এখনো বেঁচে আছি তোমাকে দেখবার জক্ত।"

তুই হাতে পরীকে জড়াইয়া ধরিয়া তোরাপ আর্ত্ত-ব্যে বলিল, "পরী, আর একট্থানির জন্ম বেঁচে পাকতে হ'বে,—যভক্ষণ না ফিরি জমিদারের বুকের রক্ত নিছে।"

ভোরাপের বুকে মাথা রাখিরা পরী বলিল, "খুন ত কর্তে পারবে না তা'কে। আমার শক্তরের আশীর্কাদ, তাঁ'র মরবার সময়ে তোমার শপথ, অমিদারকে অমর ক'রে রেখেছে।"

"না—না পরী⊣"

"আমি সত্য কথাই বলছি। অমিদারকে খুন,— তাঁকে বাঁচাতে হ'বে। থানিকক্ষণ আগে আমার বাবা আর হুই ভাই রওনা হরেছে তাঁকে খুন কর্ত্তে। তারেব চালী আর ভোমার সাক্রেদ হাসান, হোসেনের হাত থেকে বদি কেউ জমিদারকে বাঁচাতে পারে, সে তুমি। যাও, দেরী ক'রো না।"

"বাৰ না -- কথনো যাব না।"

"বেতে যে হ'বেই তোমাকে। তোমার বাবার আনীর্কাদের,—তোমার শপথের কি কোনই মৃল্য নাই ?" "কিন্তু পরী, তোমার বাবা, তোমার ভাই—"

পরীর চকু দিরা ধারাকারে অঞা বহিতে লাগিল। সংখলে নিয়ন্থরে বলিগ, "বা নেই, ছোট ভাইটা ভোজপুরীদের তরবারির আঘাতে প্রাণ দিরেছে। বাবা আর অবশিষ্ট হ'টা ভাই যদি সজে যার—ছ:থ করবার কি আছে। কিন্তু ভূমি—ভোমাকে যে ছেড়ে যেতে হ'বে।"

"পরী যাছি জমিদারকে বাঁচাতে। ফিরে আসব নিশ্চরই তোমার সঞ্জের সাথী হ'তে। যতকণ না ফিরি বেঁচে থেক।"

চারগাছা তীক্ষণক শড়কি, চর্মাচ্ছাদিত ঢান ও
দীর্ঘ লাঠা লইরা ভোরাপ চলিল প্রিয়তমা পত্নীর ইজ্জৎহারী অত্যাচারী জমিদারের প্রাণ রক্ষা করিবার জন্ত ।
বক্ষের ভিতরে মর্ম ঈশরের অক্তার বিচারের প্রতিবাদে
গর্জন করিতে লাগিল,—বিবেক আজ মৌন, তর্কের
ভাষার অভাবে।

ভমিনারের প্রমোদ-ভবন মশালের আলোকে আলোকিত। চারজন ভোজপুরীর মধ্যে তিনজন ধরাশারী, মৃত। তোরাপ যে মুহুর্ত্তে ভার বারপথে প্রাক্ষণে প্রবেশ ক্রিল, সেই মুহুর্ত্তেই তারেব ঢালীর শড়কি চতুর্থ ভোজপুরীর কণ্ঠ বিণীর্ণ করিল। ভারেব হুকার দিরা বলিল, "এইবার দরজা ভেকে শয়তানকে টেনে বের কর।"

পশ্চাৎ হইতে গভীর নি:মনে ধ্বনিত হইল, "ধবর্দার।"

ভারের ঢালী ও তাহার পুত্রেরা ফিরিয়া দেখিল— ভোরাপ সরদার।

তারেব বলিল, "এসেছিস বাবা, লড়াই শেষ হরেছে।
এইবার শরতানের পালা। আমাদের মশালের আলো
দেখে, ঘোড়ার চ'ড়ে পালাচ্ছিল, হাসানের শড়কির
চোট থেরে ঘোড়া প'ড়ে গেল। শরতান দৌড়ে গিরে
ঘরে থিল দিয়েছে। আর তাকে বাঁচাবার জক্ত আমাদের
সামনে গাড়াল ওই চার জন দেশওয়ালী। এইবার
দরজা ভাগতে হ'বে তোরাপ।"

তোরাপ ধীরপদে অগ্রসর হইরা রুদ্ধ দরজার সম্ব্রে গিলা দাঁড়াইল। শড়কিগুলি মৃত্তিকার প্রোথিত করিয়া দৃঢ় সংযত কঠে বলিল, "ঢালী, ছেলেদের নিয়ে কিরে যাও। যতক্ষণ আমি বেঁচে আছি, জমিদার অমর।"

"ভোরাপ, বাপ, পরীর যে ধর্ম নট করেছে সে বাঁচবে কোন্ বিচারে ?"

"বাপজান, পরী দেবী; ধর্ম তার নট হয় নাই, অস্ততঃ আমার চোখে নয়। পরী মরতে বসেছে, সে বিষ খেয়েছে, তবু জমিদারকে বাঁচাব। আমার বাবার আদেশ, আমার পরীর আদেশ।"

"পরী বিষ থেয়েছে—আমি যে ছেলেদের চাইতে পরীকেই বেশী ভালবাসতেম, ভোরাপ! থোদা— থোদা—"

বেদনা-কৃত্ত বরে ভোরাপ চীৎকার করিয়া বলিল, "ঢালী, ডেক না খোদাকে, খোদা নাই—খোদা নাই—"

ভারেব ঢালী হাসান, হোসেনকে কঠিন কঠে আদেশ করিল, "ভাঙ্গ দরজা।"

"তা হর না বাপজান, জমিদারকে মারবার জাগে জামাকে মারতে হবে।"

"তবে মর্" এই বলিরা তারেব ক্ষিপ্রহন্তে ভোরাপের বক্ষ লক্ষ্য করিরা শড়কি চালনা করিল। তভোধিক ক্ষিপ্রতা সহকারে তোরাপ শড়কির লক্ষ্য ব্যর্ক করিবার बड़ পार्च निवेता रान। क्रक-वाद विक श्हेमा नीर्च শড়কি স্থনে কম্পিত হইতে লাগিল: তারেব ঢালী দিভীয় শড়কি গ্রহণ করিবার পূর্কেই ভোরাপ মৃত্তিকার প্রোথিত একটি শড়কি উত্তোলিত করিয়া ভারেবের মন্তক লক্ষ্য করিয়া নিকেপ করিল। স্থকৌশলী ঢালী বাম-কর-গুত ঢাল সঞ্চালনে তোরাপের শড়কির লক্ষ্য वार्थ कतिन। ठिक त्मरे मृहुर्खरे তারেবের ছই পুত্র এক যোগে তোরাপের উদ্দেশে ছুইটা শড়কি ত্যাগ করিল। যুগল শড়কি তোরাপের ছই পার্দের পঞ্জরের চর্ম ভেদ করিয়া গেল। তোরাপ বলিল, "দাবাদ ভাই, এইবার হঁসিয়ার।" সঙ্গে সঙ্গে ভোরাপের উভয় করে শোভা পাইল ভয়াবহ তুই শভ্কি-লক্ষা হাসান হোদেনের কণ্ঠ। ভায়ের ঢালী চীৎকার করিয়া বলিল, "হাদান, হোদেন, হঁদিয়ার।" ভোরাপ বাম হতের শড়কির লক্ষ্য পরিবর্ত্তন করিয়া ঢালীর বক্ষ উল্লেখে নিক্ষেপ করিল। দিতীয় শড়কি তাহার করচ্যত হইয়া হোদেনের ষ্ঠ বিদীর্ণ করিল। তায়েব ঢালী ও হোদেন একবোগে ভূপতিত হইল। চক্ষের নিমেষে ভোরাপ তার শেষ সমল চতুর্থ শড়কি গ্রহণ করিয়া হাসানের শির লক্ষা করিয়া নিকেপ করিল। ললাটে বিদ্ধ হইয়া হাসান ্লিয়া পড়িল।

পিতৃত্ব্য তায়েব ঢালী ও সোদরপ্রতিম লাত্দয়ের শোচনীর পরিণাম দৃষ্টে তোরাপের চক্ মুদ্রিত হইরা আসিব। চকু যথন উন্মীলিত হইবা, তোরাপ স্বিশ্বরে দেখিল, তারেব ঢালীর লাঠা তাহার মাধার উপরে মাঘাতোভত । বাধা দিতে পারিল না। লাঠার আঘাতে মন্তক হইতে অঞ্জ্প শোণিত শ্রাবিত হইতে লাগিল। ঢালী কাঁদিয়া বলিল, "তোরাপ, কান দিলি।"

"ঢালী, জান দিলেম, জান নিলেমও"। চক্ষের পলকে ভোরাণের লাঠা পড়িল ভারেব ঢালীর মস্তকে।

ঘ্রিরা পড়িবার সময় ঢালী বলিল, "জোগান মর্দ্দ, বাপের বেটা ভূই।"

কোমর হইতে চাদর পুশিরা তোরাপ মতকের আহত হান বাঁধিরা ফেলিল। তার পর ক্লক দরজার আঘাত করিরা ডাকিল, "ছোটবাবু, বাইরে এদ।"

ভরবিহবল হুত্রে অমিদার জিজাসা করিল, "ভোরাপ

সরদার, মাপ করেছ আমাকে, বাইরে গেলে মেরে ফেলবে না ত ?"

"ছোটবাবৃ, মাপ তোমাকে কর্ত্তে পারব না, তবে আমার কাছে তৃমি নিরাপদ। বাদের হাতে তৃমি মর্ত্তে বিদেছিলে, ভোমাকে বাঁচাবার জন্স আমি তাদের মেরেছি। কে তারা জান ? বাপের মত বাকে দেখতেম, পরীর বাপ সেই তারেব ঢালী;—নিজের ভারের মত বাদের ভালবাস্তেম, পরীর ছুই ভাই সেই হাসান আর হোসেন। আন্তাবলে ঘোড়ার ডাক তনেছি। ঘোড়ার চ'ড়ে মুর্নিদাবাদ চ'লে বাও। সকালে সব থবর প্রকাশ হ'রে পড়বে। হাজার হাজার লোক আসবে তোমাকে ব্ন কর্তে। কেউ তাদের গতিরোধ কর্তে পার্কেনা। আমি বেঁচে থাকলেও না।

"বাচ্ছি তোরাপ, কিন্তু তুমি না বেঁচে থাকলে আমার জমিনারী—"

"ছোটবাৰু, ভারেৰ ঢালীর লাঠী যা'র মাধায় পড়ে সে বাঁচে না। যাও।"

জমিদার প্রস্থান করিলে ভোরাপ হাসান, হোসেনের পার্নে গিয়া দাড়াইল। লাঠার উপর দেহভার স্তম্ভ করিয়া গতপ্রাণ লাভ্দরের দিকে চাহিল। অঞ্জর প্রাব্লেয় চকুর ক্ষীণ দৃষ্টি ক্ষীণতর হইল। অক্ট সার্নার স্বরে ভোরাপ বলিল, "হ'দভের ছাড়াছাড়িতে কিই-বা এদে যায়; হাসান, হোদেন।"

লাঠা ফেলিয়া দিয়া তোরাপ ভাহাদের পার্ছে বিসরা বলিল, "আর ত এখানে থাকতে পারব না ভাই, পরীর কাছে যে'ত হ'বে।" উভয়ের মৃত্যুশীতল ললাটে রক্ত লাহিত চুখন-রেখা অহিত করিয়া তোরাপ লাঠাতে ভর দিয়া উঠিয়া দাঁড়াইল। তাহার মাথার চাদর যেন ভত্রতা ত্যাগ করিয়া লোহিতরাগে রঞ্জিত হইরাছে। তায়েব ঢালীর নিকটে আসিয়া ভোরাপ আবার বসিয়া পড়িল। পিতৃত্ল্য বৃদ্ধের পদতলে মাথা রাখিয়া ভোরাপ বলিল, "তৃঃখ কিসের বাপজান, কেউ ত পেছনে পড়ে থাকব না, স্বাই ত যাছি।"

লাঠীতে ভর দিরা তোরাপ উঠিতে গেল। দুর্বল হন্ত হইতে লাঠা থসিরা পড়িল। অসাড় চরণহর তাহার দেহের ভার উদ্যোলন করিতে অসমর্থ হইল। নির্জীক ভোরাপ মৃত্যুর ভর করে না, ভবে মরবার পূর্বে পরীর কাছে খেতে হবে। চীৎকার করিয়া বলিতে গেল, "বল চাই, পরীকে দেখতে যাব, যেতেই হবে— প্রতীক্ষমানা প্রিয়ার আলা পূর্ণ কর্ত্তেই হবে, আমার প্রিয়া দর্শনের আকুল আকাজ্জা, ক্ষ্ধিত প্রাণের প্রবল বাসনা পূর্ণ কর্তেই হবে"—কণ্ঠ হইতে বাহির হইল আলাই, অর্থহীন বড়ঘড় শব্দ।

মৃত্যুর শীতল করম্পর্লে পরীর হৃদর তথন নিম্পন-প্রায়। দ্রাগত বংশীধানির মত সংসা তাহার কর্ণে প্রবেশ করিল ভোরাপের আকুল আহ্বান, "পরী, পরীক্ষান।" পরীর সর্কাশরীর রোমাঞ্চিত হইল, নিস্তর-প্রায় হৃদ্পিও আবার স্বনে স্পানিত হইতে লাগিল। পরী উত্তর দিল, "এসেছ, কোথায় তুমি ?"

"এই বে আমি পরী, তোমার সামনে। জমিদারকে বাচিয়েছি। কিন্তু তোমার ভাই হাসান, হোসেন গিয়েছে, ভোমার বাবা গিয়েছেন। আর আমি এসেছি ভোমাকে নিয়ে বেভে। পরী,—পরীজান, চ'ল।"

নিশ্চিক্ত মনে পরম নিভরতার সহিত মৃত্থরে পরী বলিল, "আমার হাত ধর।"

রূপদক্ষ র্ট্যা

শ্রীহিরগ্রয় বন্দ্যোপাধ্যায় আই-সি-এস

প্যারিস্ সহরে ভাষর্য্য ও চিত্রের প্রদর্শনী আছে অনেকগুলি। দেগুলি ফরাসী জাতির ললিতকলার প্রতি ঐকান্তিক অঞ্রাগেরই পরিচারক। রদ্যা মিউজিয়ম তাদের অভ্যতম। প্রদর্শনীটি তুলনার অতি কৃত হলেও ভার সম্মান অনেক বেশী। সেই কারণে চারু শিল্পের কোন সম্বাদারেরই তা উপেকার বস্তু নর।

রদ্যা যে আধুনিক কালের পৃথিবীর সর্বশ্রেষ্ঠ ভাস্বর, সে কথা সকল যুগের সকল লোকই মেনে নিরেছে। ১৯১৭ সালে যথন রদ্যার মৃত্যু হয়, ভার পর করাসীরা তার স্মৃতি-চিহ্ন-স্বরূপ এই মিউজিয়মটি প্রতিষ্ঠিত করেছে। এতে কেবল মাত্র রদ্যার হাতের কাজগুলিই প্রদর্শনীয় বস্তু। ফরাসী জাতির গৌরব রদ্যার উদ্দেশে এটা যেন ফরাসীদের জাতীয় শ্রুজাঞ্জি স্বরূপ।

অগীন্ত রগ্যার জন্ম প্যারী সহরে ১৮৪০ খুটাজে।
তিনি গরীব ঘরেরই ছেলে ছিলেন এবং ছোট বেলার
অনেক দিন তাঁকে মিস্ত্রীগিরি করে জীবিকা উপার্জন
কর্তে হরেছিল। তার পর বখন তিনি ভাস্কর্য্যের কাজ
আরম্ভ কর্লেন, তখন অনেক কাল তাঁকে দারিদ্র্যের
সক্ষে বৃদ্ধ কর্তে হরেছিল। তাঁর অনেক দিন পর্যান্ত
একটা ইভিও বরও জোটে নি। তাঁর শোবার ঘরেই
ভাঁকে শিল্প-চর্চা জন্ত্যাদ কর্তে হত।

কিন্তু প্রতিভা বেশী দিন চাপা থাকতে পারে না। কিছু কাল পরে তাঁর 'নাক ভাঙা মামুষ' নামে মুর্তিথানি দাধারণের কাছে যথেষ্ট দমাদর পেল এবং তাঁর প্রথশঃ দেই সঙ্গে চারি দিকে ছড়িয়ে পড ল। ভাস্কর্য্যে এমন নৈপুণ্য না কি অনেক কাল পৰ্যান্ত কেউ দেখাতে পারেন নি ৷ ভার পর ১৮৭৭ সালে তাঁর 'The age of Bronze' নামে প্রস্তর-মৃষ্টিটি যখন প্রদর্শনীতে দেওয়া হল লোকের মন অবাক মানল। সে মৃতিখানি এমনি নিখুঁত এবং मकीव श्रम्भित (य, (कडे (कडे वन्तन (य व कथनहे খোদিত মূর্ত্তি হতে পারে না। শিল্পী নিশ্চন কোন জীবিত মান্তবের ছাপ নিয়ে এটা নির্মাণ করেছেন। আমাদের প্রতিভাশালী শিল্পীটি এ উক্তি শুনে বিশেষ ক্ষুৰু হয়েছিলেন। তিনি তথন ঠিক করলেন যে জগৎকে তাঁর শক্তির এমন পরিচয় দিয়ে দেবেন যে, নিন্দক জন তাঁকে ভবিশ্বতে আর যেন এমন অপবাদ না দিতে পারে। এই উদ্দেশ্যে তিনি 'দেণ্টজন্' এর যে মূর্ত্তি খোদিত করেন তা জীবন্ত মান্তবের আকার থেকে অনেক বড় করেই করেছিলেন। তাঁর নৈপুণ্যের গুণে সে মৃর্বিটি আগের থেকেও স্থলর হয়েছিল। তাকে দেখে আর লোকের মনে তাঁর অলোকিক ক্ষমতা সম্বন্ধে সন্দেহ রইল না. कुर्य करनद्र भूथ वक्ष रुख श्राम ।

রদ্যা যে কেন জগতের ভাস্করদের মধ্যে শ্রেষ্ঠ জাসন পাবার যোগ্য, সেটা ব্যুতে হলে তাঁর পূর্ববর্তী ভাস্করদের সজে তাঁর পার্থকা কোথার সেইটারই অন্স্সদান করতে হবে। স্থভরাং জাস্বর্য-শিল্পের ইতিহাস মোটামৃটি একবার শ্রন করে দেখ্তে হবে।

চিত্রকলার মাছথের বৃংপত্তির পরিচয় অনেক কাল আগে সেই প্রাগৈতিহাসিক যুগের সময়ও পাওরা যায়। প্রত্যের যুগের মাতুর যে তার গুহার দেয়ালে বা অংগ্রের বিষয় এই, ভাস্কর্যা শিল্প শ্রীসে উঠে ক্ষল্ল কালের মধ্যে সেইথানেই বিশেষ পরিবর্জিত হরে উঠে। তা এভ পরিবর্জিত হরেছিল যে শিল্পক্ষরা ভাস্কর্যা-শিল্পের উন্নতির চরম সোপানেই তাদের স্থান নির্দেশ করে থাকেন।

শীবস্থ মাছবের নিখুঁত প্রতিরূপ প্রস্তার ফলিরে তুল্তে প্রাচীন গ্রীকরা যে অহিতীর ছিল সে বিষয়ে সন্দেহ নাই। অতি প্রাচীন গ্রীক মৃষ্টিগুলি শীবস্থ মাছবের এমনি অফুরূপ যে তারা শীবস্ত বলেই যেন ভ্রম হয়।



মিলো-দীপের ভীনাস্

হাতলে নানা জীব-জন্ধর ছবি আঁক্ত, তার ভূরি ভ্রি উদাহরণ মেলে। কিন্তু ভাস্কর্য-শিল্পে মাস্থবের হাতে-খড়ি হয় তার অনেক অনেক কাল পরে। তার কারণ সহজেই অন্থনেয়। ভাস্কর্য শিল্প সম্ভব হতে হলে যে সমস্ত উপকরণের প্রয়োজন তা মান্থবের অনেকথানি সভ্যতায় অগ্রগতি-সাপেক্ষ। সর্ক্রপ্রথম গ্রীসেই তার চচ্চার পরিচয় আমরা পাই। এবং সব থেকে আশ্তর্যের



ক্যুপিড্—মার্কেন্ড খোদিত

এইপানেই গ্রীক ভাস্করদের নৈপুণ্য। তার নিদর্শন স্বর্গ লগবিখ্যাত 'মিলো বীপের ভীনাস্' এর মৃষ্ঠির কথা উল্লেখ করনেই যথেষ্ট হবে। এই মৃষ্ঠিটী খৃঃ পূর্ক তৃতীয় শতাব্দীতে কোন এক অজ্ঞাত গ্রীক ভাস্করের নির্শিত—পুরাতত্ত্বিদ্রা এই রকম অক্সান করেন। মিলো বীপের সন্নিকটে সমুদ্রগর্ভ হতে এই মৃষ্ঠিটী অর্ক্ডগ্র অবস্থার পাওরা বার। এই লক্ত এর এই বিশেষ নামকরণ। ুম্রিটী এখন পারী সহরের 'পুভ্র্' চিজ-প্রদর্শনীতে স্থপ্নে রক্ষিত হচ্ছে। এই মূর্ডিটীর গঠন-ভবিমা এমনি মনোরম এবং স্থন্দর বে আনেক বিশেষজ্ঞ এই মন্ত প্রচার করেছেন যে এটি নারী-সৌন্দর্যোর আদর্শ বরূপ। আজ্কালকার দিনে যে সব নারী-সৌন্দর্যোর প্রভিষোগিতা চলে, তাতে শরীরের বিভিন্ন অবয়বের আদর্শ মাপ এই মুর্ডিটি হতেই সংগ্রহ করা হর। এই

শ্বনেক শতাকী কেটে যাবার পর মধ্যযুগে বধন ইতালী দেশে শিল্পকলার বিশেষ উরতি সাধিত হর, তথনই আবার গ্রাকদের সেই লৃপ্ত নৈপুণ্যের নিদর্শন আমরা নৃতন করে পাই। বার হাতে এটি সম্ভব হয় তিনি হলেন কগিছিখাত ভাষর ও চিত্রশিল্পী ফ্লোরেন্সেএর মাইকেল এঞ্জেলো। তাঁর ধোদিত 'ক্যুপিড' 'ব্যাকান্' ও ডেভিডের মৃতিগুলি দেখ্লে আমাদের ত্রম হয় তারা যেন



প্রস্তর মৃষ্টি—হুদা খোদিত

জাতীয় ভাসংগ্যের সর্ব্বপ্রধান লক্ষ্য হল যাতে মৃর্জিটি বাস্তব জিনিষের একেবারেই অফ্রপ হয় সেই বিষয়েই নজর দেওয়া।

গ্রাকরা ভাষর্য্য শিল্পে যে নৈপুণ্য দেখিরেছিল, তার পরবর্তী যুগের ইয়োরোপীয় ভাষরা তার ধারেও যেতে পারে নি,—তুলনার তা এমনিঃ বিক্ট ছিল। তার পর



চুষন---রদ্যা **থোদিত**

সেই প্রাচীন গ্রীদের শিল্পীর নির্মিত মৃর্চি। তাঁর নাম না বলে দিলে দেগুলিকে একেবারেই গ্রীক মৃর্চি বলে ধরে নেওয়া যে কোন লোকের পক্ষে খুবই মাজাবিক। এ হতেই প্রমাণ হবে যে তাঁর মাদর্শ ও প্রাচীন গ্রীক ভাস্করদের আদর্শ বিভিন্ন নয়—সম্পূর্ণ এক। এখানেও বাস্তবের সহিত প্রতিকৃতির সর্বাদীন সামঞ্জ রাধাই শিল্পীর উদ্দেশ্য।

ভার পরের যুগে যে সব ভান্ধর মৃষ্টি থোদিত করে কীর্টি অর্জন করেছেন তাঁরা অধিকাংশই ফরাসী দেশীর। 'বাস্তিত্ত পিগাস্', 'আঁতোরান্ হনে', 'আঁনোরা রীদ', 'মারকেন্ড' প্রভৃতি বিখ্যাত ভান্তরগণ সকলেই জাতিতে করাসী। এঁরা সকলেই কিছু সেই প্রাচীন গ্রীক আদর্শ তথা মাইকেল এঞ্জেলোর আদর্শে অন্ত্র্প্রাণিত। থোদিত মৃষ্টির প্রতি অঙ্গটি কি ভাবে ঠিক বাত্তবের সঙ্গে মিলে, সেই ছিল তাঁদের সর্বপ্রথম এবং সর্বপ্রধান চেষ্টা। প্রতিকৃতির সঙ্গে বাত্তবের সর্বাক্ত্রনর আদর্শ।

সকল জাতীয় চাককলারই সম্পর্ক মোটামূটি ছুইটি **জিনিষের সক্তে—ভাব ও ভাহার রূপ। শিল্পী** যাতে তাঁর নৈপুণ্যের দারা প্রকাশ দিতে চান সেই হল ভার ভাব। এবং ভাকে শিল্পী যে বাস্তব আকার দান করেন সেই হল ভার রূপ। প্রতি ভাবেরই মভিবাক্তি হয় রূপের ভিতর দিলে। যেমন ভাষা ভাৰকে প্ৰকাশ করে, তেমনি শিল্পীর মনের ভাবকে তাঁর চিত্র বা মূর্ত্তি প্রকাশ দিয়ে থাকে। লশিত কলার এই চুইটি দিককে ভিত্তি করে চুই জাতীয় শিল্পের প্রতিষ্ঠা সাধারণতঃ হয়ে থাকে। এক জাতীয় শিল্পী বলেন, ভাবের চেল্লে বাহিরের রূপটিই বড জিনিষ। তাঁদের মতে আর্টের ঘনিষ্ঠতর সম্পর্ক হল রূপ বা form এর সভে :-ভাব বা ideaর সভে নয়। বাক্যে যেমন কোন কবির মতে ছলের সৌল্ব্য ও পদশালিত্যই বড় জিনিয হরে পড়ে এবং ভাবকে তাঁরা কবিতার মুখ্য জিনিষ মনে करतम मा, এ-ও সেইরপ। তারই অস্ত এঁদের আদর্শ হল এইটুকু দেখা বে, কি ভাবে মৃষ্টি বা চিত্ৰকে নিখুঁত রূপ দেওরা যায়। তাঁরা তাই জন্ম মৃতি আঁক্বার বা থোদিত করবার আগে Anatomy ভাল করে পড়ে নেন। এবং তার ধরা-বাঁধা নিয়ম অভুসারে অজ-প্রত্যক্ষের পরিমাপ নিয়মিত করেন। আর এক দল শিল্পী আছেন গাঁর। वर्णन दर निश्चीत मन्त दर छाव स्नारंग धवः शरत राटक তাঁরা চিত্রে বা মূর্ত্তিতে রূপ বা অভিব্যক্তি দেবার চেটা করেন, শিল্পীর চোধে ভারই প্রাধান্ত বেশী থাকা উচিত। শলিত কলার প্রাণ হল সেই ভাবটি এবং বাহিরের যে রণ তা হল ভার দেহ বরণ,—তার সার্থকতা ভাবকে অমুরণ অভিব্যক্তি দেওয়াতেই। কার-শিল্পে মূর্তি বা রপটা পৌণ স্থান অধিকার করে যাত্র। এই শ্রেণীর শিল্পী সেই কারণে Anatomyর নিয়মের ধার ধারেন না, দেহের অফুপাতে হাতটা বড় হল কি ছোট হল তা নিয়ে মাথা ঘামান না। তিনি দেখেন তাঁর মৃষ্ঠি তাঁর মনের ভাবকে অভিরপ প্রকাশ দিল কি না।

প্রাচীন গ্রীক ভাষর শিল্পীরা হলেন প্রথম শ্রেণীর,
অর্থাৎ তাঁরা শিল্পে মূর্ত্তি বা ক্ষণকেই প্রাধান্ত দিতেন বেশী;
তাঁদের আদর্শ ছিল ক্ষণকে সম্পূর্ণতা বা সর্বাদীনতা
দেওরা। মাইকেল এঞ্জেলোরও আদর্শ ওই এক। তাঁর
পরবর্ত্তী ভাষরগণও সেই আদর্শে মন্তপ্রাণিত হরে তাঁদেরই
পদার অন্তসরণ করেছেন। কিন্তু রদ্যাই প্রথম এই
আদর্শকে দ্রে ঠেলে অক্ত আদর্শটিকে বরমাল্য পরিরে
ছিলেন। তিনি বুমেছিলেন বাহিরের ক্ষপের থেকে
ভিতরের ভাবটিই বড় জিনিষ এবং তাকে পরিফুট কর্বার
জন্ত রপকে যতথানি সমৃদ্ধ করা দরকার ততথানিই করা
উচিত। তার বেশী কর্লে ভাবকে রূপ চাপা দিয়ে দেবে
এবং ফলে শিল্পের প্রাণ নই হয়ে যাবে।

কিছ তাঁর এই মত একদিনেই তাঁর মনে পরিবর্জিত আকারে দেখা দেয় নি। তিনি প্রথমে মাইকেল এজেলো বা গ্রীক আদর্শ অন্থলারে রূপকে প্রাধান্ত দিয়েই মৃর্টি খোদিত কর্তে আরম্ভ করেন। পরে অভিজ্ঞতা সঞ্চয়ের সন্দে সন্দে তাঁর সে আদর্শ পরিবর্জিত হতে থাকে; এবং পরিণত হয়ে তাঁর শিল্লের বৈশিষ্ট্য এবং আতত্ত্রাকে কৃটিয়ে তুলে। তাঁর প্রথম বয়সের নিম্মিত মৃর্জিগুলির মধ্যে সেই জন্ম গ্রীক আদর্শের যথেই ছায়াপাত হয়েছে দেখা যায়। তাঁর The Age of Bronze বা 'দেউজ্জন' এর মৃর্জি বা তাঁর বিখ্যাত মুগল মৃত্তি—'The Baisey' এই শ্রেণীর। এগুলিতে দেহের অবয়বের নিখুঁত গঠনভিদ্মাই লক্ষ্য কর্বার বিষয়। একেবারে গ্রীক মৃর্জির মতই এদের রূপ।

পরিণত অবস্থায় তিনি ষে সব মৃর্ষ্টি খোদিত করুতে লাগ্লেন, তাতে অল-প্রত্যক্ষের সম্পূর্ণতা বা গঠনের আতাবিকতা আর আমরা পাই না। অবয়বগুলি Anatomyর নির্দ্দেশ অস্থলারে ঠিক হয় নি বলেই মনে হবে। এমন কি যে প্রস্তার কেটে মৃর্ষ্টি গড়ভেন সে প্রস্তারে গাতা হতে মৃর্ষ্টিগলি উঠেছে বেন, পর্যান্ত। প্রস্তারের দেহ হতেই সে মৃর্ষ্টিগলি উঠেছে বেন,

দেখ লে এই রকমই ভ্রম হবে। The Death of Adonis এই শ্রেণীর মৃষ্টি। এখানে দেহের অবরবের স্বাভাবিকভা মোটেই নাই। এমন কি চোখ মৃথগুলি অস্পাইভাবে খোদিত। মৃষ্টিটিতে প্রিয়ন্তনের মৃত্যুতে নারীটির বেদনার ইন্দিতথানি অভি মনোরম। তাঁর এই নিদর্শনটাকে উপযুক্ত ভাবে বৃথতে হলে আমাদের বাহ্নিক রূপ হতে সর্বাদীন ভাবে কড়িরে যে বিযাদের অভিব্যক্তিথানি ফুটে উঠেছে তার প্রতিই লক্ষ্য দিতে হবে বেশী। এই কাতীয় শিল্পই তাঁকে ভাগরের প্রেষ্ঠ আসনটি ক্ষয় করে এনে দিয়েছিল।

যে শিল্পী একদিন Age of Bronze খোদিত করে মাল্লবের মনে এই ধারণা জন্মে দিয়েছিলেন যে তিনি জীবস্ত মৃর্তির ছাপ নিয়ে তা নির্মাণ করেছেন, সেই শিল্পীই পরবর্তী জীবনে Death of Adonis জাতীয় এমন সকল মৃত্তির রূপ দিলেন, যাদের বাস্তবের থেকে অবাস্তবের সক্ষেই মিল বেণী। কেউ বা বল্ল তাঁর অবনতি ঘটেছে, কেউ বা বল্ল তিনি পাগল হরেছেন। কিন্তু যিনি থাটি শিজ্ঞের সমজ্ঞদার তিনি ব্যুলেন ভাস্কর্গ্য-শিল্পের একটি নৃতন দিক আবিক্ষত হয়েছে।

আত্মহত্যার অধিকার

শ্রীমাণিক বন্দ্যোপাধ্যায়

ব্র্যাকালেই ভয়ানক কট হয় ৷

ঘরের চালটা একেবারে ঝাঁঝরা হইয়া গিয়াছে।

কিছু নারিকেল আর ভাল-পাতা মানসম্ম বন্ধায় রাধিয়াই কুড়াইরা সংগ্রহ করা গিরাছিল। চালের উপর সেগুলি বিছাইয়া দিরা কোন লাভ হয় নাই। বৃষ্টি নামিলেই ঘরের মধ্যে সর্বাত্ত জল পড়ে।

বিছানাটা গুটাইয়া ফেলিতে হয়, ভাঙ্গা বাক্স পেঁটরা করটা এ কোণে টানিয়া আনিতে হয়, জামা-কাপড়গুলি দড়ি হইতে টানিয়া নামাইয়া পুঁটুলি করিয়া. কোথায় রাখিলে বে ভিজিবে কম, তাই নিয়া মাথা ঘামাইতে হয়।

বড় ছেলেটা কাঁচা ঘুম ভাঙ্গিয়া কাঁদিতে আরস্ত করে।
আদর করিয়া তাহার কালা থামানো যার না, ধমক দিলে
কালা বাড়ে। মেরেটা বড় হইলছে, কাঁদেনা; কিন্তু
ওদিকের দেয়ালে ঠেল দিয়া বসিলা এমন করিলাই চাহিলা
থাকে যে নীলমণির ইছো হল চড় মারিলা ওকেও সে
কাঁদহিলা দেয়। এতক্ষণ খুলাইবার পর এক ঘণ্টা জাগিলা
বসিলা থাকিতে হইল বলিলা ও কি চাহনি? আকাশ
ভাজিলা বৃষ্টি নামিলাছে, ঘরের চাল সাত বছর মেরামত
হল নাই। ঘরের মধ্যে জল পড়াটা নীলমণির এমন কি
আপরাধ যে মেরেটা তাকে ও-রকম ভাবে নিঃশব্দে
গঞ্জনা দিবে?

ছোটছেলেটাকে বুকের মধ্যে লুকাইয়া নিভা একবার এধার একবার ওধার করিয়া বেডাইভেচিল।

ষ্ঠাৎ বলিল 'গুগো, ছাতিটা একবার ধরো, একেবারে ভিজে গেল যে ! লক্ষী, ধরো একবার ছাতিটা খুলে। ওরও কি শেষে নিমুনিয়া হবে ?'

নীলমণি বলিল 'হয় জো হবে ৷ বাঁচৰে 🗗

নিভা বলিল 'বালাই যাট্ ৷— শ্রামা, তুইও ভো ধরতে পারিস ছাতিটা একটু গু

ভাষা নীরবে ভাষা ছাতিটা নিভার মাধার উপর
ধরিল। ছাতি মেলিবার বাতাদে প্রদীপের শিধাটা
কাঁপিয়া গেল। প্রদীপে ভেল পুড়িভেছে। অপচর !
কিন্তু উপায় নাই। চাল ভেদ করা বাদলে ঘর যখন
ভাসিয়া যাইভেছে তথনকার বিপদে প্রদীপের আলোর
একান্ত প্রয়োজন। জিনিষপত্র নিয়া মান্তুযগুলি একোণ
ওকোণ করিবে কেমন করিয়া ?

'একছিল্ম তামাক দে খ্যামা।' নীলমণি ছকুম দিল। খ্যামা বলিল 'ছাভিটা ধর ভবে '

নীলমণি আকাশের বজের মত ধমকাইরা উঠিল: 'কেলেদে ছাতি, চুলোর গুঁজে দে। আমি ছাতি ধরব তবে উনি ভাষাক সাজবেন, হারামকাদি!'

তামাক অবিলয়েই হাতের কাছে আগাইরা আসিল।

খরের পশ্চিম কোণ দিয়া কলের অলের মত মোটা ধারায় জল পড়িয়া ইতিমধ্যেই একটা বালভি ভরিরা গিরাছে। সেই জলে হাত ধুইরা ভাষা বলিল 'তামাক আর একটু-ধানি আছে বাবা।'

कु:नःवान !

এত বড় ছঃসংবাদ যে সংবাদ-প্রদানকারিণীকে একটা গাল দিবার ইছে৷ নীলমণিকে অতি কটে চাপিয়া ঘাইতে হইল:

নীলমণি ভাবিল: বিনা তামাকে এই গভীর রাত্রির লড়াই জিতিব কেমন করিয়া ? ছেলের কারা হই কাণে তীরের ফলার মত বি ধিরা চলিবে, মেরেটার মূপর চাহনি লঙ্কাবাটার মত সারাক্ষণ মূথে লাগিয়া থাকিবে, নিমুনিয়ার সঙ্গে নিভার ব্যাকৃল কলহ চাহিয়া দেখিতে দেখিতে শিহরিয়া শিহরিয়া মনে হইবে বাঁচিয়া থাকাটা তথু আজ এবং কাল নয়, মৃহুর্তে মৃহুর্তে নিশ্রেরাজন,—আর বরে এখন তামাক আছে একট্থানি!

তামাক আনানো হয় নাই কেন জিজ্ঞানা করিতে গিল্লা নীলমণি চুপ করিলা রহিল। প্রশ্ন ক'রা অনর্থক, জবাব সে পরত হইতে নিজেই স্পষ্ট করিলা রাখিলাছে—পর্সা নাই। ছেলেটা বিকালে এক পর্সার মৃতি খাইতে পাল নাই—তামাকের প্রসা কোথা হইতে আসিবে! নিজে গেলে হয়ত দোকান হইতে ধার আনিতে পারিত, কিছ—

নীলমণি থুদী হয়। এতক্ষণে ছুতা পাওয়া গিয়াছে। 'তামাক নেই বিকেলে বলিদনি কেন ?'

'আমি দেখিনি বাবা।'

'দেখিনি বাবা! কেন দেখিনি বাবা? চোথের মাথা থেয়েছিলে?'

'তুমি নিজে পেজেছিলে বে? সারাদিন আমি একবারও তামাক সাজিনি বাবা!'

'তা সাঞ্চবে কেন ? বাপের জ্বন্থ তামাক সাজ্জে সোণার অঙ্গ তোমার করে যাবে বেং!'

নীলমণির কারা আসিতেছিল। মুধ ফিরাইরা সহসা উদ্যত অঞ্চলে দ্বন করিরা লইল। না আছে তামাক না থাক্। পৃথিবীতে তার কীই বা আছে যে তামাক থাকিলেই সব ছঃখ দূর হইরা বাইতঃ! বাহিরে যেন অবিরল ধারে জল পড়িতেছে না, খরের বায় বেন সাহারা হইতে আসিরাছে, নীলমণির চোধম্থ এত জালা করিতেছিল। খানিককণ হইতে তাহার ইাটুর উপর বড় বড় ফোঁটার জল পড়িতেছিল—টপ্ টপ্। অঞ্চলি পাতিরা নীলমণি গুণিয়া গুণিয়া জলের ফোঁটাগুলি ধরিতে লাগিল। সিদ্ধ করা চামড়ার মত ক্যাকাশে ঠোঁট নাড়িয়া সে কি বলিল, খরের কেহই তাহা গুনিতে পাইল না। ছেলেমান্থবের মত তাহার জলের ফোঁটা সঞ্চয় করার থেলাটাগু কেহ চাহিয়া দেখিল না। কিছ হাতে খানিকটা জল জনিলে তাই দিয়া মৃথ খুইতে গিয়া নীলমণি ধরা পড়িয়া পেল।

নিভা ও খ্যামা প্রতিবাদ করিল ত্'জনেই। খ্যামা বলিল 'ও কি করছ বাবা ?'

নিভা বলিল 'পচা গলা চাল-ধোৱা **জল,** ই্যাসা, ঘেরা**ও কি নেই তো**মার ?'

নীলমণি হঠাৎ একটু হাদিয়া বলিল 'হোক না পচা জল। চাল-ধোরা জল ভো! এও হয় ভ কাল জুটবে না নিভা!'

ইংকে স্ক রসিকতা মনে করিয়া নীলমণি নিজের মনে একটু গর্কা অনুভব করিল। এমন অবস্থাতেও রসিকতা করিছে পারে, মনের জোর তোতার সহজ্ঞানর! যরের চারি দিকে একবার চোধ বুলাইয়া আনিয়ানিভার মূথের দিকে পুনরায় চাহিতে গিয়া কিছ তার হাসি ফুটিল না। নিভার দৃষ্টির নিঅমতা তাকে আঘাত করিল।

অবিকল ভাষার মত চাহিরা আছে! এত হঃধ, এত হুডাবনা ওর চোধের দৃষ্টিকে কোমল করিতে পারে নাই, উদ্লাভ করিয়া তুলিতে পারে নাই, রুড় ভর্ৎসনা আর নিঃশল অসহার নালিশে ভরিষা রাধিয়াছে।

নীলমণি মুবড়াইয়া পড়িল।

সব অপরাধ তার। সে ইচ্ছা করিয়া নিজের খাত্য ও কার্য্যক্ষমতা নট করিয়াছে, খাত্যের প্রাচুর্ব্যে পরিতৃট পৃথিবীতে নিজের গৃহকোণে সে সাধ করিয়া ছুভিক্ষ আনিরাছে, খরের চাল পচাইরা কুটা করিয়াছে সে, তারই ইচ্ছাতে রাতত্বপুরে ম্বলধারে বৃষ্টি নামিরাছে। তথু তাই নয়। ওদের সমত ছঃখ দূর করিবার মন্ত্র সে লানে। মুখে ফিস কিস করিয়া হোক, মনে মনে নিঃশক্ষে হোক, মূদ মন্তরটি একবার আওড়াইরা দিলেই তার এই ভালা ঘর সরকারদের পাকা দালান হইয়া বার, আর বরের কোণার ওই ভালা বাল্লটা চোথের পলকে মন্ত লোহার সিন্দৃক হইরা ভিতরে টাকা ঝম ঝম করিতে থাকে;—টাকার ঝমঝমানিতে বৃষ্টির ঝমঝমানি কোন্মতেই আর শুনিবার উপার থাকে না।

কিন্তু মন্ত্রটা দে ইচ্ছা করিয়া বলিতেছে না।

ঘন্টাখানেক এমনি ভাবে কাটিয়া গেল। নিভা এক সময় জিল্লাসা করিল 'ইাাগা, রাভ কভ ?' 'ভা হবে, ছ'টো ভিনটে হবে।'

'একটা কিছু ব্যবস্থা কর ? সারারাত জল না ধরলে এমনি বলে বলে ভিজব ?'

'বসে ভিজতে কট হয়, দাঁড়িয়ে দাঁড়িয়ে ভেজো।'
নিজা আর কিছু বলিল না। ছেঁড়া আলোয়ানটি
দিয়া কোলের শিশুকে আরও ভাল করিয়া ঢাকিয়া
রুক্ষ চূলের উপর থসিয়া-পড়া ঘোমটাটি তুলিয়া দিল।
আমীর কাছে মাধায় কাপড় দেওয়ার অভ্যাস সে এখনো
কাটাইয়া উঠিতে পারে নাই।

ছাতি ধরিরা আর দাঁড়াইরা থাকিতে না পারিয়া শুমা তার গা ঘেঁষিরা বসিরা পড়িরাছিল, মধ্যে মধ্যে ভার শিহরণটা নিভা টের পাইতে লাগিল।

'কাঁপছিল কেন ভামা ? শীত করছে ?'
ভামা কথা বলিল না। একটু মাথা নাড়িল মাত্র।
নিভা বলিল 'তবে ভাল করেই ছাতিটা ধর বাবু,
ধোকার গারে ছিটে লাগছে।'

আঁচল দিয়া সে থোকার মুখ মুছিরা লইল। ফিন্
কিন্ করিরা আপন মনে বলিল, 'কত জন্ম পাপ
করেছিলাম, এই তার শান্তি।' নীলমণি শুনিতে পাইল,
কিছ কিছু বলিজ না। মন তার সজাগ, নির্দাম তাবে
সজাগ, কিছ চৌশের পাতা দিরা চুই চোধকে সে অর্জক
আবৃত করিয়া রাধিরাছে। দেখিলে মনে হর, একাত্ত
মির্কিকার চিতেই দে ঝিমাইতেছে।

কিছ নীলমণি সবই দেখিতে পায়। তার ভিমিত দৃষ্টিভে সুকুষার মুখ ভেরচা হইয়া বাঁকিয়া বার, প্রদীপের मिथाण कृतिहा कांशिया (अटर्क, दमबारमय शादस शांताखनि সহসা জীবন পাইয়া ছলিয়া উঠিতে স্কুফরে। মুখ না ফিরাইয়াই নীলমণি দেখিতে পায়, খরের ও-কোণে ভটাইরা রাখা বিছানার উপর উপুড় হইয়া নিমু খুমাইরা পড়িয়াছে। বিরক্তির তার সীমা থাকে না। তার মনে হর ছেলেটা তাকে ব্যক্করিতেছে। হুই পা মেঝের নদীলোডে প্রদারিত করিয়া দিয়া আকাশের গলিত মেঘে অর্জেকটা শরীর ভিন্নাইতে ভিন্নাইতে ওইটুকু ছেলের অমন করিয়া খুমাইয়া পড়ার আবে কি মনে হর ে এর চেরেও যদি নাকী স্থরে টানিয়া টানিয়া শেষ পর্য্যন্ত কাঁদিতে থাকিছ তাও নীলমণির ভাল ছিল। এসফুহরুনা। সন্ধার ও পেট ভরিয়া থাইতে পায় নাই ; কুধার জালায় মাকে বিরক্ত করিয়া পিঠের জালার চোথের জল ফেলিভে কেলিতে ঘূমাইয়াছিল। হয় ত ওর রূপকথার পোষা বিড়ালটি এই বাদলে রাজবাড়ীর ভাল ভাল খাবার ওকে চুরি করিয়া আনিয়া দিতে পারে নাই। হয় ত ঘুমের মধ্যেই ওর গালে চোথের জলের ওক্নো দাগ আবার চোখের জলে ভিজিয়া গিয়াছিল। এত রাত্রে তুঃখের এই প্রকৃত ৰক্ষায় ভাগিতে ভাগিতে ও তবে খুমায় কোন্ হিদাবে ?

'নিম্কে তুলে দে' ত খামা।'

নিভা প্রতিবাদ করিয়া বলিল 'কেন, তুলবে কেন। ঘুমোছে ঘুমোক।'

'ঘুমোচ্ছে নাছাই। ইয়ার্কি দিছে। চং করছে।'
'ইয়া, ইয়ার্কি দিছে। চং করছে। বেমন কথা
তোমার। চং করার মত স্থেই আছে কি না।'

আধঢ়াকা চোধ নীলমণি একেবারে বন্ধ করিছা ফেলিল। ওরা বা ধুণী করুক, বা ধুনী বলুক। সে আর কথাটি কহিবে না।

ধানিক পরে নিভা বলিল ভাথো, এমন করে আর তো থাকা যায় না। সরকারদের বাইরের ঘরটাতে উঠিগে চল।

নীলমণি চোথ না খুলিয়াই বলিল 'না।'
নিতা রাগ করিয়া বলিল-'তৃমি বেডে না চাও থাকো,
আমি ওমের নিরে বাছি।'
নীলমণি চোথ মেলিয়া চাহিল।

'না—যেতে পাবে না। ওয়া ছোটলোক। সেবার কি বলেছিল মনে নেই ?'

'বললে আর করছ কি ভনি । রাতত্পুরে বিরক্ত করলে অমন স্বাই বলে থাকে।'

নীলমণি ব্যঙ্গ করিরা বলিল 'বলে থাকে? রাভতুপুরে বিপদে পড়ে মান্ত্র আঞার নিতে গেলে বলে থাকে,— এ কি আলাতন? ওইটুকু শিশুর জন্ম একটু শুকনো জাকড়া চাইলে বলে থাকে কাপড় জামা সব ভিজে? মরলা ত্বার ভরে ফরাস তুলে নিরে ছেড়া সতরঞ্জি অভিথিকে পেতে দেয়?—বেতে হবে না। বাস।'

নিভা অনেক স্ফ ক্রিয়াছে। এবার তার মাথা গ্রম হইয়া গেল।

'ছেলে মেরে বৌকে বর্গাবাদলে মাথা ভূজবার ঠাই দিতে পারে না, অত মান অপমান জ্ঞান কি জন্মে ? আৰু বাদে কাল ভিকে করতে হবে না ?'

नीवमिं विवा 'हुन्।'

এক ধমতেই নিভা অনেকথানি ঠাণ্ডা হইরা গেল।

'চুপ করেই আছি চিরটা কাল। অন্ত মামুধ হলে—'

হাতের কাছে, ঘটিটা তুলিয়া লইয়া নীলমণি বলিল
'চুণ। একদম চুণ। আর একটি কথা কইলে খুন
করে ফেলব।'

'কথা কেউ বলছে না।' নিস্তা একেবারে নিভিন্না গেল।

ভামা চুলিতে আরম্ভ করিরাছিল, বাপের গর্জনে সে চমকাইরা সজাগ হইরা উঠিল। কাণ পাতিরা ভনিরা বলিল 'মা, ভুলু দরজা আঁচড়াছে:'

গনীবের মেরে, হা-অরের বেন, নিভার মেরুদও বলিতে কিছু অবশিষ্ট ছিল না, কিন্তু তার বদলে যা ছিল নিরপরাধ মেরের উপর ঝাঁঝিরা উঠিবার পক্ষে তাই যথেট।

'আঁচড়াছে ভো কি হবে? কোলে তুলে নিয়ে এনে নাচো!—ভালো করে ছাতি ধরে থাক ভাষা, মেরে পিঠের চামড়া তুলে দেব!'

नीनमिन विनन 'व्यामात नाठिं। कहे (त १

খামার মুধ পাংও হইরা গেল। সে মিনতি করিরা বলিল 'মেরো না বাবা। সরজা না খুললে ও আপনিই চলে যাবে।'

'ভোকে মাতব্যরি করতে হবে না, ব্রুলি ? চুপ করে থাক।'

বা পা'টি আংশিক ভাবে অবশ, হাতে ভর দিয়া
নীলমণি কটে উঠিয়া দাঁড়াইল। ঘরের কোণার ভার
মোটা বাঁশের লাঠিটি ঠেন দেওরা ছিল, থোঁড়াইতে
থোঁড়াইতে গিয়া লাঠিটা সে আয়ত্ত করিল। উঠানবাসী
লোমহীন নিজ্জীব কুকুরটার উপর ভার সহসা এত রাগ
হইয়া গেল কেন কে আনে! বেচায়ী খাইতে পার না,
কিন্তু প্রায়ই অদৃষ্টে প্রহার জোটে, তবু সে এখানেই
পড়িয়া থাকে, সারারাত শিয়াল ভাড়ায়। ভামা একট্
করণার চোখে না দেখিলে এত দিনে ওর অকয় অর্গাভ
হইয়া য়াইত। কিন্তু নীলমণি কুকুরটাকে দেখিতে পারে
না। ধুঁকিতে ধুঁকিতে লাথি ঝাঁটা খাইয়া মৃত্যুর সজে
ওর লক্ষাকর সকরণ লড়াই চাহিয়া দেখিয়া তার মুণা
হয়, গাঁ জালা করে।

খ্রামা আবার বলিল 'মেরো না বাবা, আমি ভাড়িরে দিক্ষি।'

নীলমণি দাঁতে দাঁত ঘৰিলা বলিল 'মারব ৷ মার থেকে আজা রেহাই পাবে ভেবেছিস্ ৷ আজা ওর ভব্যস্থা দূর করে ছাড়ব ৷'

ভবযন্ত্রণা নিঃসন্দেহ, কিন্তু ভাষা শুনিবে কেন ? পেটের ক্ষার এখনো তার কারা আনে, ট্ড়ো কাপড়ে তার সর্বাদ লজ্জার সহুচিত হইরা থাকে; তার বুকে ভাষা আছে, মনে আশা আছে। ভবযন্ত্রণা সহু করিতে তার শক্তির অকুলান হয় না, বরং একটু বাড়তিই হয়। ওইটুকু শক্তি দিয়া সে বর্তমান শীবন হইতেও রস নিংড়াইরা বাহির করে,—হোক পান্দা, এও তুক্ত নর। ভূল্য মত কুকুরটিরও মরিবার অথবা তাকে মারিবার কর্মনা ভাষার কাছে বিযাদের ব্যাপার। তার সহু হর না।

ছাতি ফেলিয়া উঠিয়া আলিয়া ছামা নীলমণির লাঠি ধরিল। কাঁদিবার উপক্রম করিয়া বলিল 'না বাবা, মেরো না বাবা, ভোমার পারে পড়ি বাবা!'

নীলমণি গৰ্জন করিয়া বলিল 'লাঠি ছাড় ভাষা, ছেড়ে দে বলছি! ভোকেই খুন করে ফেলব আজা

ভাষা লা**টি ছাড়িল না। ভারও কি মাধার ঠিক**

আছে ? লাঠি ধরিয়া রাধিয়াই লে বার বার নীলমণির পারে পড়িতে লাগিল।

নিভা বলিল, কি জিদ মেয়ের! ছেড়েই দে না বাবু লাঠিটা।

রাগে কাঁপিতে কাঁপিতে নীলমণি বলিল 'জিদ বার করছি।'

লাঠিটা নীলমণিকে মেন্নের হাতে ছাড়িয়া দিতে হইল; কিন্তু বেড়ার ঘরের বেড়ার অনেকগুলি বাতাই আলগা ছিল।

মেরেকে মারিয়া নীলমণির মন এমন থারাপ হইয়া গেল বলিবার নয়। না মারিয়া অবভা উপায় ছিল না। ও-রকম রাগ হইলে সে কথনো দামলাইতে পারে নাই, কথনো পারিবেও না। মন থারাপ হওয়ার কারণটাও হয় ভ ভিয়! কে বলিতে পারে १ মেরেকে না মারিয়াও ভো মাঝে মাঝে ভার মরিতে ইচ্ছা করে!

জীবনে লজা, ছংখ, রোগ, মৃত্যু, শোকের ত অভাব নাই। মন থারাপ হইবার, দল বছর জর ভোগ করিয়া বেমন হয় তেমনি মন থারাপ হইবার কারণ জাগিয়া থাকার প্রত্যেকটি মৃহুর্ত্তে এবং ঘুখানোর সময় ছংখ্পে!

বিশ বছর জার ভোগ করিয়া ওঠা উহারই একটা সাময়িক বৈচিত্রা মাত্র।

করেক মিনিট আগে বৃষ্টি একটু ধরিয়া আসিয়াছিল; হঠাৎ আবার আগের চেরেও জোরে আরম্ভ হইয়া গেল। নীলমণির মান অপমান জ্ঞানটা এবার আর টিঁ কিল না।

'লঠনে তেল আছে খামা ?'

শ্রামা একবার ভাবিল চুপ করিয়া থাকিয়া রাগ আর অভিমান দেখার। কিন্তু সাহস পাইল না।

'একট্থানি আছে বাবা।'

" 'জাল তবে।'

निका किकामा कतिल 'लर्शन कि स्टि ?'

'সরকারদের বাড়ী বাব। ফের চেপে বৃষ্টি এল দেখছ না প্র

বেন, সরকারদের বাড়ী বাইতে নিভাই আপত্তি করিরাছিল। খ্যামা বলিল 'দেশলাই কোথা রাখলে মা ?'

নিভা বলিল 'দেশলাই ? কেন, পিদিম খেকে বুঝি লঠন জালানো বার না ? চোথের সামনে পিদিম জলছে, চোথ নেই ?'

নীলমণি বলিল 'ওর কি জ্ঞান-গণ্মি কিছু শাছে ?'

নিজের মুখের কথাগুলি থচ্ খচ্ করিয়া মনের মধ্যে বেঁধে! এ যেন তোতাপাথীর মত অভাবগ্রন্থের মানানসই মুখত বুলি আগওড়ানো। বলিতে হর তাই বলা; না বলিলে চলেনা সভ্য; কিছু আসলে বলিয়া কোন লাভ নাই।

সাত বছরের পুরানো লঠন জালানো হইল।

নিভা মাথা নাড়িয়া বলিল 'না বাব্, ছাতিতে আটকাবে না। আর একথানা কাপড় জড়িরে নি। দে'ত খ্যামা, একটা শুকনো কিছু দে' ত। আর এক কাজ কর—হুটো তিনটে কাপড় পুঁটলি করে নে। ওথানে গিলে স্বাইকে কাপড় ছাড়তে হবে। আমার দোস্তার কোটো নিদ্।'

নীলমণি একটু মিষ্টি করিয়াই বলিল 'হুঁকোটা নিতে পারবি ভামা ? লাষী মা'টি আমার,—পারবি ? জ্ল ফেলেই নে না, ওথানে গিয়ে ভরে নিলেই হবে। জলের কি অভাব !—ভামাকটুকু ফেলে যাস নে ভূলে।'

সব ব্যবস্থাই হইল। নিমূব কালার কর্ণপাত না করিয়া তাকে টানিয়া হেঁচড়াইয়া দাঁড় করাইয়া দিয়া পিঠে একটা ছেঁড়া চটের বস্তা চাপাইয়া দেওয়া হইল।

দরজা থুলিয়া ভারা উঠানে নামিয়া গেল। উত্তরের ভিটার ঘরখানা গত বৎসরও থাড়া ছিল, এবারকার চতুর্থ বৈশাখী ঝড়ে পড়িরা গিয়াছে; সমর মত অন্ততঃ ছটি খুঁটি-খনলাইতে পারিলেও এটা ঘটিত না। ভূলু বোধ হয় ওই ভয় অপটির মাঝেই কোথাও মাথা ভাঁজিয়া ছিল, মাম্ববের সাড়া পাইয়া বাহির হইয়া আসিল। তথন ঘরের দরজার তালা লাগানো হইয়া গিয়াছে। দরজা আঁচড়াইয়া ভূলু সকরুণ কারার সঙ্গে কুকুরের ভাষায় বলিতে লাগিল 'দরজা খোলো' দরজা খোলো।'

রাড়ীর সামনে একটাটু কাদা, তার পরেই পিছন আঁটেল মাটি। ছেলে লইরা আছাড় থাইতে থাইতে বাঁচিয়া গিয়া নিভা দেবভাকেই গাল দিতে আরম্ভ করিয়া দিল। কম—নীলমণিরই বেলী; শুকনো ডালাভেই বাঁ পায়ের পদক্ষেপটি ভাকে চট্ করিয়া ডিলাইয়া যাইতে হয়,—এখন তার পা আর লাঠি ছই কালায় চুকিয়া যাইতে লাগিল।

লাঠি টানিরা তুলিলে পা আটকাইয়া থাকে, পা তুলিলে লাঠি পোঁতা হইয়া যায় । নিভার তাকাইবার অবসর নাই । ভামার ঘাড়ে কাপড়ের পুঁটুলি, হঁকা কৃষ্কি, লঠন আর নিমূর ভার । তবু ভামাই নীলমণির বিপদ উদার ক্রিয়া দিতে লাগিল ।

ঘোষেদের পুকুরটা পাক দিলে সরকারদের বাড়ী।
পুকুরটা ভরিরা গিরা পাড় ছাপাইরা উঠিরাছে। পশ্চিম
কোণার প্রকাণ্ড তেঁতুল গাছটার তলা দিরা তিন-চার
হাত চওড়া এক সংক্ষিপ্ত শ্রোত্থিনী স্বষ্টি হইরাছে।
তেঁতুল গাছটার জমকালো আবছা চেহারা দেখিলে গা
ছম ছম করে। ভরপুর পুকুরের বুকে খামার হাতের
মালো যে লখা সোণালী পাত ফেলিরাছে, প্রত্যেক
মুহর্ত্তে হাজার বৃষ্টির ফোটার ভাহা অজ্ঞ টুকরার ভাকিরা
গাইভেছে।

নীলমণি থমকিয়া দাঁড়াইল। কাতর অবে বলিল 'ও ভামা, পার হ'ব কি করে!'

ভামা বলিল 'জল বেণী নয় বাবা, নিমুর হাঁটু পর্যান্তও ওঠেনি। চলে এদো।'

স্থের বিষয় স্থোতের নীচে কাদা ধুইয়া গিয়াছিল,
নীলমণির পা অথবা লাঠি আঁটিয়া গিয়া তাকে বিপর
করিল না। তব্, এতথানি স্ববিধা পাওয়া সরেও,
নীলমণির ছ'চোখ একবার সঙ্গল হইয়া উঠিল। বাহির
হওয়ার সময় দে কাপড়টা গায়ে অড়াইয়া লইয়াছিল,
এখন ভিজিয়া গায়ের সলে আঁটিয়া গিয়াছে। থানককণ
হইতে জোর বাতাস্ উঠিয়াছিল, নীলমণির শীত করিতে
লাগিল। অগতে কোটি কোটি মালুয় যথন উফ শয়্য়য়
গাঢ় ঘুমে পাশ ফিরিয়া পরিতৃপ্তির নিখাস কেলিভেছে,
সপরিবারে অক্ষমদেহটা টানিয়াটানিয়ালে তথন চলিয়াছে
কোথার । বে প্রস্কৃতির অত্যাচায়ে ভালা খরে টি কিভে
না পারিয়া তাকে আগ্রেরে বেগালে পথে নামিয়া আদিতে
হইল, সেই প্রকৃতিরই দেওয়া নির্শ্বনতার হয় ত সরকারয়া

দরজা খুলিবে না, ঘুমের ভান করিয়া বিছানা আঁকিড়াইয়া
পড়িয়া থাকিবে। না, নীলমণি আর যুঝিরা উঠিতে
পারিল না। ভার শক্তি নাই, কিন্তু আক্রমণ চারি দিক
হইতে; পেটের কুধা, দেহের কুধা, শীত, বর্ষা, রোগ,
বিধাতার অনিবার্য্য জন্মের বিধান,—সে কোন্ দিক
সামলাইবে ? সকলে বেখানে বাঁচিতে চায়, লাখ মাহুষের
জীবিকা একা জমাইতে চায়, কিন্তু কাহাকেও বাঁচাইতে
চায় না, সেখানে সে বাঁচিবে কিসের জোরে ?

শ্রোত পার হইরা গিরা লগুনটা উঁচু করিরা ধরির!
তামা দাড়াইরা আছে। পাশেই ভরাট পুক্রটা বৃষ্টির
কলে টগবগ করিরা ফুটিতেছে। নীলমণি সাঁতার আনিত
না। কিছু জানিত যে পুক্রের পাড়টা এখানে একেবারে
থাড়া। একবার গড়াইয়া পড়িলেই অথই জল, আর
উঠিয়া আসিতে চইবে না।

নিভা তাড়া দিতেছিল। ভামা বলিল বাবা, চলে এমো? দাড়ালে কেন ?

নীলনণি চলিতে আরম্ভ করিল; ডাইনে নর বাঁরেও নয়। সাবধানে, সোজা ভাষার দিকে।

হঠাৎ শ্রামা চীৎকার করিয়া উঠিল 'মাগো, সাপ্!'

পরক্ষণে আনকে গদ-গদ হইয়া বলিল 'সাপ নয় গো সাপ নয়, মন্ত শোল মাছ! ধরেছি ব্যাটাকে। ইঃ, কি পিছল!'

ভাড়াভাড়ি আগাইবার চেটা করিয়া নীলমণি বলিল 'শক্ত করে ধর, তুহাত দিয়ে ধর,—পালালে কিন্তু মেরে ফোলব ভামা!'

সরকাররা বছর তিনেক দালান তুলিয়াছে। এথনো বাড়ীস্থদ্ধ সকলে বাড়ী বাড়ী করিয়া পাগল। বলে 'বেশ হয়েছে, না ? দোতালায় ছথানা ঘর তুললে, বাস্, স্থার দেখতে হবে না ।'

অনেককণ ভাকাভাকির পর সরকারদের বড় ছেকে বাহিরের ঘরের দরজা খুলিল। বলিল 'ব্যাপার কি ? ভাকাত না কি ?'

নীলমণি বলিল 'না ভাই, আমরা। বরে ভো টক'ডে পারলাম না ভারা, স্ব ভেলে গ্রেছে। ভারলাম, ভোষাদের বৈঠপথানার ভো কেউ শোর না, রাভটুকু ওথানেই কাটিরে আসি।

वफ़्राहरम विमन 'मक्ता दिना श्राहर है है है !'

নীলমণি কটে একটু হাসিল: 'সভ্যায় কি বিটি ছিল ভাই ? দিব্যি ফুটেফুটে আকাশ—নেবের চিহ্ন নেই। রাতহপুরে হঠাৎ জল আসবে কে জানত।'

নিভা ছাতি বন্ধ করিরা বোমটা দিরা দাড়াইরা ছিল, মাসিকের ছবির সভ্তমাতার অবস্থার পড়িরা ভাষা লক্ষার মার অব্দে মিশিরা গিরাছে। নিভার এটা ভাল লাগিতে-ছিল না। কিন্তু বড়ছেলের সামনে কিছু বলিবার উপার নাই।

বড়ছেলে বলিল 'বেশ থাকুন। কিন্তু চৌকী পাবেন না, চৌকীতে আমার পিদে ভরেছে। আপনাদের মেনেতে ভতে হবে।'

'ডা হোক ভাই, তা হোক: ভিন্ধতে না হলেই ডেয়: একখানা কম্বলট্মল—?'

'बहे काल हरे चाहि।'

বড় ছেলে বাড়ীর মধ্যে চলিয়া গেল।

নীলমণি ঝাঁঝাঁলো হাসি হাসিয়া বলিল 'দেখলে।' তথলি ৰলেছিলাৰ তথু জুতো মায়তে বাকী য়াখবে।'

নিভা বিশিল পারে যে থাকতে দিয়েছে ভাই ভাগ্যি বলে জেনো !'

নীলমণি তৎক্ষণাৎ স্থার বদলাইরা বলিল 'তা ঠিক।' বরের অর্জেকটা জুড়িয়া চৌকী পাতা, বড় ছেলের পিলে আগাগোড়া চাদর মুড়ি দিরা তাহাতে কাত হইরা উইরা আছে। ভামা লগুনটা মেঝেতে নামাইয়া রাখিয়াছিল বলিরা চৌকীর উপরে আলো পড়ে নাই, তরু এ বাড়ীর আত্মীরকেও করাস তুলিরা লইয়া ওচ়ু সতরঞ্জির উপর ওইতে দেওয়া হইরাছে, এটুকু টের পাইয়া নীলমণি একটু খুনী হইল। বড় ছেলের পিলে!—আপনার লোক। দেবদি ও-রকম ব্যবহার পাইয়া থাকে ভবে তারা যে লাখি বাঁটা পার নাই, ইহাই আক্র্যা।

চারি দিকে চাহিরা নীলমণির খুসীর পরিমাণ বৃদ্ধি পাইল। প্রথন্যা না জুটুক, নিবাত, ওক, মনোরম আধ্রর ভো জুটিরাছে। বরের এদিকে একটিমাত্র ছোট জানালা খোলা ছিল, নিজা ইতিমধ্যেই সেটি ভাল করিরা বন্ধ করিয়া দিয়াছে। বাস্, বাহিরের সন্ধে আর তাদের কোন সম্পর্ক নাই। আকাশটা আল একরাত্রেই গলিরা নিঃশেব হইরা যাক, ঝড় উঠুক, শিল পড়ুক, পৃথিবীর সমস্ত থড়ের হরগুলি ভালিরা পড়ুক,—ভারা টেরও পাইবে না।

নীলমণির মেজাজ ধেন ম্যাজিকে ঠাণ্ডা হইর। সিয়াছে। তার কঠবর পর্যাল্প মোলায়েম শোনাইল।

'ও ভাষা, দাভিরে থাকিস্ নি মা, চটগুলো বিছিরে দে চট করে। একটু গড়াই। আহা, ভিজে কাপড়টা ছেড়েই নে আগে, মারামারির কি আছে! এতক্ষণই গেল, না হয় আরও থানিককণ বাবে। ওগো, ওনছ । দাও না, খোকাকে চৌকীয় এক পাশেই একটু শুইরে দাও না, দিয়ে তৃমিও কাপড়টা ছেড়ে ক্যালো।' গলা নামাইয়া ফিস্ ফিস্ করিয়া 'ভদ্রলোক খুমাছেনে, অভ লক্ষাটা কিসের শুনি ? লক্ষা করে দরকা খুলে বারাক্ষার চলে বাও না!'

কাপড় ছাড়া হইল। বাহিরে এখন প্রাদমে ঝড় উঠিয়াছে। খরের কোথাও এতটুকু ছিল্ল নাই, কিছ বাতাসের কালা শোনা যায়। চাপা একটানা সাঁ সাঁ শব্দ। তাদের,—নীলমণি আর তার পরিবারকে, নাগালের মধ্যে না পাইয়া প্রকৃতি বেন কুঁ সিতেছে।

নীলমণির মনে হইল, এ এক রকম শাসানো।
পঞ্জুতের মধ্যে বার ভাবা আছে সে কুছ নিখাস
ফেলিরা ফেলিরা বলিতেছে, আজ বাঁচিরা গেলে।
কিন্তু কাল কাল কি করিবে পরভ গরের দিন গ

ভাষা চট বিছাইতেছিল, বলিল 'যাগো, কি গন্ধ!' নিভা বলিল 'নে, চং করতে হবে না, ভাড়াভাড়ি কর।'

নীলমণি বলিল 'ঝেড়ে ঝেড়ে পান্তু না।'

নিভা বলিল 'না না, ঝাড়িস্ নি! ধ্লোর চাজিক জজকার হরে যাবে।'

নিভা ছেলেকে তন দিতেছিল, কথাটা শেষ করিয়াই সে দমক মারিয়া চৌকীর দিকে শিচন করিয়া বসিল।

নীলমণি চাহিরা দেখিল, বড় ছেলের পিলে চারর কেলিরা চৌকীতে উঠিয়া বনিরাছে। লঠনের ডিমিড আলোর পিসের মূর্ত্তি দেখিরা নীলমণি শিহরিরা উঠিল।
একটা শব বেন সহসা বাঁচিরা উঠিরাছে। নাথার চুল
প্রার স্কাড়া করিরা দেওরার মন্ত ছোট ছোট করিরা
ছাঁটা, চোথ বেন মাথার অর্কেকটা ভিতরে চলিরা
গিরাছে, গালের ঢিলা চামড়ার তলে হাড় উঁচু হইরা
আছে। বুকের স্বগুলি পাঁজর চোথ বুজিরা গোণা
যার। বুকের বাঁ পালে কি ঠিক চামড়ার নীচেই
হৃদ্পিগুটা যুক্ যুক্ করিতেছে।

পিলে নিখাদের অস্ত হাঁপাইভেছিল। থানিক পরে একটু হ'ব হইরা কীণকরে বলিল 'একটা জান্লা থলে দিন।'

নীৰমণি সভরে বলিল 'দে তো খ্যামা, জানালাটা ধলে দে।'

খ্যামা আরও বেশী ভরে ভরে বলিল 'ঝড় হচ্ছে যে বাবা!'

'रहांक, चुरन रम।'

ভাষা পশ্চিমের ছোট জানালাটি খুলিরা দিল। ঝড় প্রদিক হইতে বহিতেছিল, মাঝে মাঝে এলোমেলো একটু বাভাস আর ছিঁটে-ফোটা একটু বৃষ্টি ঘরে ঢোকা ছাড়া জানালাটি খুলিরা দেওরার বিশেব কোন মারাক্ষ ফল হওরার সন্তাবনা ছিল না। কিছ ভীরু নিভা ছেলের গারে আর এক পরত কাপত জড়াইরা দিল।

পিলে বলিল 'ঘুমের ঘোরে কথন চাদর মৃড়ি দিরে কেলেছি, আর একটু হলেই দম আটকাত! বাণ্!'

নীলমণি জিজাদা করিল 'আপনার অসুধ আছে নাজি দু'

পিলে ভর্পনার চোথে চাহিয়া বলিল 'গুব মোটা-সোটা দেখছেন বৃদ্ধি ? অস্থ না থাকলে মাছবের এমন চেলারা হয় ? চার বছের ভূগছি মশার, মরে আছি একেবারে। যম ব্যাটাও কাণা, এত লোককে নিছে আমার চোথে দেখতে পার না। যে কটটা পাছি মশার, শত্রুও যেন—'

'ব্যারামটা কি 🕍

পিলে রাগিয়া বলিল 'টের পান না? এমন করে

খাস টানছি দেখতে পান না ? পাবেন কেন, জাপনার কি ! যার হয় সে বোঝে।'

বোঝা গেল, পিসের মেন্সাক্টা থিটথিটে।

নীলমণি নমভাবে সান্ধনা দিয়া বলিল 'আহা সেরে বাবে, ভাল মত চিকিচ্ছে হলেই সেরে বাবে।'

পিসে বলিল 'হঁ, সারবে। আমকাঠের তলে সেলে সারবে। চিকিচ্ছের কি আর কিছু বাকী আছে মশার। ডাজার কবরেজ জলপড়া বিচ্ছুটি বাদ যার নি। আজ চার বছর ডাজার তোলা মাছের মত থাবি থাছি, কোনো ব্যাটা সারাতে পারল!'

কথার মাঝে মাঝে পিসে হাপরের মত খাস টানে, এক একবার থামিরা গিরা ডাঙ্গার ভোলা মাছের মতই চোথ কপালে তুলিরা থাবি থার। নীলমণির গারে কাটা দিতে লাগিল। বাজাস। পৃথিবীতে কভ বাতাস। তবুও কুদকুস ভরাইতে পারে না। অরপুর্গার ভাণ্ডারে সে উপবাসী, পঞাশ মাইল গভীর বার্শ্বরে ভুবিরা থাকিরা ওর দম আটকাইল।

পিসে বলিল 'কি করে জানেন ? বলে, ভর কি, সেরে যাবে। বলে, সবাই টাকা নের চিকিৎসে করে, শেবে বলে না বাপু, ভোমার ব্যারাম সারবে না, এগব ব্যারাম সারেনা। আমি বলি, ওরে চোর ভাকাত ছুঁচোর দল! সারাভে পারবি না তো মেরে ফ্যাল, দে মরবার ওয়দ দে।'

উত্তেজনার পিলে জোরে জোরে হাঁপাইতে লাগিল। নীলমণি কথা বলিল না, তার বিনিদ্র আরক্ত চোখ ছটি কেবলি মিট মিট করিয়া চলিল।

তেল কমিয়া আনায় আলোটা দণ্ দণ্ করিতেছে, এখনই নিভিয়া যাইবে। ছেলেকে বুকে জড়াইয়া হাতকে বালিশ করিয়া নিভা ছুর্গন্ধ হেঁড়া চটে কাত হইয়া উইয়া পড়িয়াছে। স্থামা বিদিয়া বসিয়া বিমাইতেছে।

নীগমণির হঁকা কৰি খামা জানালার নামাইরা রাখিয়াছিল। আলোটা নিভিয়া যাওয়ার আগে নীলমণি বাকী তামাকটুকু সাজিয়া লইল। তার পর দেয়ালে ঠেস দিয়া আরাম করিয়াবসিয়া পিসের খাস টানার মত সাঁ, সাঁ। শক্ষ করিয়া কলহীন হঁকার তামাক টানিতে লাগিল।

'অনাসী'

শ্ৰীপ্ৰবোধকুমার সাকাল

দেশের শিক্ষিত সাধারণের মধ্যে একদিন তরুণ দিলীপকুমার রারের প্রতিষ্ঠা কম ছিল না। সে প্রতিষ্ঠার মুখ্য কারণ, তিনি দেশে দেশে চারণের মত্যোগান পেরে বেড়াতেন, জনসাধারণ তার কাছে প্রজ্ঞা ও সন্মানের জ্বর্গ পৌছে দিত। সঙ্গীত-চর্চার জ্ববদরে তিনি ছই একধানি গ্রন্থপ্ত রচনা করেন, তার মধ্যে 'ল্রাম্যমানের দিন-পঞ্জিকা' বইথানি তথনকার 'বিজ্লী'তে আমি নির্মিত পড়েছি। আমার মতো জনেকেই সে বইথানি পড়ে তার ডারেরী-রচনার ভঙ্গীর প্রশংসা করেছিলেন।

ভার কিছুকাল পরেই অকন্মাৎ দিলীপকুমার যোগ-জীবন গ্রহণ করে দেশত্যাগ করে গেলেন ; গেলেন পণ্ডিচেরীতে শীযুক্ত অরবিন্দ ঘোষের আমাত্রমে: এই 'অনামী' নামক বিরাট গ্রন্থখনি তারই কল। বাংলা সাহিত্যে আৰু পৰ্বান্ত বতগুলি ভাল বই বেরিরেছে, সেগুলির সঙ্গে এই वरेंदाइ कोशां प्रश्नि तिरे, ब किवन नज़नरे नत् ब वरे वर्गायात्र । কেন তাই বলি। প্রথমত বইটি চার খণ্ডে সমাপ্ত। অনামী, রূপান্তর, পত্রগুচ্ছ এবং অঞ্চলী। প্রথম থণ্ডে দিলীপকুমারের মৌলিক কবিতা। সাধারণত রসনাহিত্য বলতে আমরা যে ধরণের কবিতা বুঝি, এ তা নয়, এগুলির মধ্যে পাই দিলীপকুমারের অধ্যাত্ম-জীবনের ব্যাকুলতা, স্ত্যাকুসন্ধানের আন্তরিক প্ররাস, একটি অসহায় আন্ত্রসমর্পণের হুর, এবং সকলের চেরে বেশি করে গুন্তে পাই তার অঞ্চল্ক কঠের প্রার্থনা। তার ভাষা গুরুগন্ধীর, দংস্কভাতুদারী, তার বক্তব্য বিষয়বস্তুর সঙ্গে সমানে-সমানে চলবার পঁক্ষে এই ভাষাই বিশেষ উপযোগী ৷ কোথাও কোখাও তার প্রবাহ উপলক্ষ্টিভিত হয়েছে, কিন্তু সে কেবল তীরপ্রসারিত তপোবনের **নীরবভাকে গভীর করবার জন্ত**। রুগদাহিতোর জনপঞ্চের ভিতরে না এমে সে গেছে অকুলের দিকে বিৰাগী হরে।

অসাধারণ বই, কারণ এ বই তাঁর সর্বত্যাধী, সকল প্রলোজনের অতীত বৈরাগী জীবনের একটি রেকর্ড। জীবনকে বৃহত্তের দিকে নিমে যাবার অগ্ন তাঁর, নিজেকে বড় করে, বিপুল করে জানার ইচ্ছা তার, দে ইচ্ছা স্পাই হরেছে আত্মগ্রকাশের চেরে তার আত্মগ্রচারের দিকটার। অধ্যাত্ম জীবনের সহিত সাহিত্যিক জীবনের সম্ভবত মিলন ঘটে না, যদি ঘটে তবে রসের চেরে তব্ব ঢোকে তার সাহিত্য রচনার; এ কথা তুলতে হর বে রসনাহিত্যে আধ্যাত্মিকতার অন্ধিকার প্রবেশ নিবিদ্ধ। 'অনামী'র ভিতরেক এই ক্লেট আছে কিছু পরিষাণে।

'রাপান্তর' থঙে যে কবিতাগুলির তিনি অমুবাদ করেছেন, সেগুলি পাঠ্য হরেছে। করেজন অপরিচিত ও বর্মপরিচিত কবির কবিতাকে তিনি দিবালোকে বের করে এনেছেন, এজন্ত বাঙালী পাঠকের নিকট তিনি বন্ধবাদভাজন।

'পত্রগুচ্ছ' খণ্ডে দিলীপকুমারের সম্পাদনার কৃতীত্ব কম নর। এই চিঠিগুলি যথেষ্ট মূল্যবান। জগতের বহু মনীবীর সহিত তিনি ব্যক্তিগকতাবে কতথানি পরিচিত,একদিকে তারই ইন্সিত পাই এই পত্রগুলির মধ্যে। তার কোনো কোনো কবিতা যে একুডই ভাল এ সম্বন্ধে কয়েকজন মনখীর প্রশংসা-পত্র তিনি সমত্বে প্রথিত করে দিয়েছেন, সেগুলির মধ্যে রবীক্রনাপ ও অরবিন্দের পত্রগুলি উল্লেখযোগ্য। কোনো কোনো চিঠির কোনো কোনো অংশ যদি তিনি প্রকাশ না করতেন তাহলে আর একটু শোভন হোতো। রবীক্রনাধ, শরৎচক্র প্রভৃতি কগন্কী মৃড এ ভাঁকে পত্র লিখেছেন, কী লিখেছেন হয়ত তাঁদেরই স্পষ্ট মনে নেই, হয়ত তাঁরা অবহিত ছিলেন না যে এ চিট্টি ছাপা হয়ে বেরোভে পারে ---এমন অবস্থায় দিলীপকুমার তাঁদের নিভান্ত ব্যক্তিগত কথাগুলি বাদ দিলেই জাল করতেন। তৎসত্তেও এই পত্রগুলি শিক্ষিত সমাজে সমালর লাভ করবে। তার তহজিজ্ঞাহ মন, সভ্যনির্গর সমধ্যে তার আন্তরিক নিট: ও অনুরাগ, শিল্প, সাহিত্য, দর্শন, বিজ্ঞান, ধর্ম ও অধ্যাল্লবাদ ইত্যাদির সম্বন্ধে জ্ঞানী ও গুণীর চিন্তাধার।-এগুলি বিশেষ ভাবেই উপভোগা। এদেশ ও ওদেশের সাহিত্য বিধরে জীব্জ অরবিন্দ খোবের মভামত ও অন্তর্প্তির পরিচয় তিনি আমাদের মিকট পরিবেদণ করেছেন: এটি অনেকের কাছে নৃতন। বার্ণার্ড শু-র সাহিত্য সকলে অরবিনের কথাগুলি 'অনামী'তে সংযোগ করে দিলীপ্রমার পাঠকদের যথেট আনন্দ দিয়েছেন।

'অনামী' এমন একথানি বই যা অনেকগুলি বই পড়ার আনন্দ দেয়। গ্রন্থথানির বিপুলভার দিক খেকে বলছিনে, এর অনক্তসাধারণ বৈচিত্যার দিকটার কথা বলছি। এর স্থন্ধ্ গঠন, এর কাককলা, এর বিবং-বিক্তাস—পাঠককে অনেক দিন পর্যায় অভিভূত করে রাপে। এই বইকে সার্থক করে ভোলবার জন্ত মনে হয় দিলীপকুমার বর্গ, মর্ডা, পাতাল পরিত্রমণ করে ওলেছেন।

এমন আত্মবিধাস যদি তার থাকে যে বইথানি রসিক মাত্রেরই ভাগ লাপবেই, তবে বলবার কিছু নেই, নীরবে তাঁর কথার সায় দেবো। *

অনামী: একিলীপকুমার রায় প্রণীত ও সম্পাদিত। প্রকালক ।
 অকলাস চটোপাখায় এও সল্কলিকাতা। মূল্য তিন টাকা।



বাঙলার জমিদারবর্গ ও স্থার প্রকৃষ্ণচন্দ্র

শচীন দেন, এম-এ, বি-এল

সংস্থার যখন অজ্ঞানতার উপর প্রপ্রতিষ্ঠিত হইয়া বাড়িয়া উঠে, তথন সেই সংস্থার মান্ত্রের সরল দৃষ্টিকে ঝাপ্সা করিয়া কেলে। বাঙলার জমিদারবর্গের বিরুদ্ধে এমনই একটা অন্ধ সংস্থার জনসাধারণের মনে বাড়িয়া উঠিয়াছে। তাই জনসাধারণ অজ্ঞানতাবশতঃ যথন জমিদারবর্গের বিরুদ্ধে মিধ্যা অভিযোগ আনে, সেই অভিযোগকে হাসিরা উড়াইয়া দেওয়া যায়। কিন্ধ স্থার প্রফুল্লচক্রের মত ব্যক্তি যথন জমিদারবর্গের বিরুদ্ধে অভিযোগ জনসাধারণের সমূধে পেশ করেন, তথন তাহা উড়াইয়া দেওয়া সন্তব হয় না।

ভার প্রফুল জানী ও গুণী। তাঁহার মতকে আমরা প্রকার সক্তেই গ্রহণ করি। দেশের ও সমাজের মকলের জন্ম তিনি নিজেকে উৎসর্গ করিয়াছেন এবং অভায় ও অবিচারকে তিনি যথন কশাগাত করেন, মাথা পাতিয়া আমরা তাহা গ্রহণ করি ও গ্রহণ করিব। কিন্তু তিনি যদি মিথা আন্দোলনকে জয়যুক্ত করিবার চেষ্টায় ভিত্তিহীন অভিযোগের আশ্রয় গ্রহণ করেন, তাহা হইলে তাঁহার অভিযোগকে মানিয়া লওয়া আমাদের পক্তে সম্ভবনহে।

ভার প্রফুর্চজ "ভারতবংশর ভাতের সংখ্যার জমিদারবর্গের বিরুদ্ধে যে বিষ ঢালিয়াছেন, তাহাতে সমাজের শ্রেণিতে শ্রেণিতে বিরোধ শুরু বাড়িয়াই উঠিবে। এ কথা তাহার মত জ্ঞানী লোকের ভূলিয়া যাওয়া উচিত নয় যে, স্মানের সমাজের শুর-বিভাগ যে-ভাবে স্মিবেশিত হইয়াছে, তাহা বিধ্বস্ত করিয়া দিবার মত বিরোধ ও কলহ ডাকিয়া স্মানা দেশের পক্ষে মকলকর ইবৈ না। এ কথা ভূলিলেও স্মীচীন হইবে না যে বে-বাণী তিনি জনসাধারণের কাছে প্রচার করিবেন, তাহার দারিম্প্র তাঁহাকে গ্রহণ করিতে হইবে।

ভার প্রফুরচন্দ্র বলিয়াছেন—"প্রীর বাবতীয় দুর্ঘশার একটি প্রধান কারণ ধনী জমিদারগণের প্রীত্যাগ।"

তিনি ইহাও জানাইয়াছেন যে "এাগ্রিকালচার কমিদনে"র সমূথে এই বাণী তিনি প্রচার করিয়াছিলেন। পল্লীর হতশীর কারণ জমিদারগণের পল্লীভ্যাগ—এই অভিযোগ किছ्र एटरे मानिया लख्या यात्र ना ; किन्तु कमिनायवर्णव বিৰুদ্ধে অভিযোগ আনিতে হুটলে ইহাকে চৰুম অভিযোগ বলিয়া মানিতে হইবে। পল্লীগ্রামে নদী ওকাইয়া বাইতেছে, স্বাস্থ্য ক্ষীণতর হইতেছে, ভূমি-ছাত স্তব্যের দাম কমিয়া ধাইতেছে, ভাল রান্তার অভাব ঘটিতেছে. কচুরিপানা খাশবিদ ঢাকিয়া ফেলিতেছে, কুষকের ঋণ वाङिया यारेटल्ट्स, कुणैत-नित्र मात्रा यारेटल्ट्स-रेल्डाफि পলীর হতশীর প্রধান কারণ না হইলা জমিদারের পল্লী-ত্যাগ পল্লীর তর্দশার প্রধান কারণ কি করিয়া হইল, বলিতে পারি না ৷ তবে এ কথা যদি বলা হয় যে জমিদার-গণ পল্লীত্যাগ করিয়াছেন বলিয়াই নদী ওকাইতেছে. कर्तिशांना वाफ़िटलहा, लाश ब्हेटन आमारावत किंद्र বলিবার নাই ৷

এ কথা আমরা জানি এবং এ কথা আমরা মানি যে জমীদারগণের বিকল্পে যদি কলছ ও বিরোধ ফেনাইয়া তুলিবার চেটা না হইত, তাঁহাদের পূর্বকার শক্তি ও অধিকার যদি থাকিত, তাহা হইলে হয় ত পল্লীর চেহারা তাঁহারা কথঞ্জিৎ বদলাইতে পারিতেন। কিন্তু যধন গণ-আন্দোলন আইনের সাহায্যে জমিদারবর্গের শক্তি ও অধিকার হরণ করিল, পল্লীর উন্নতির ভার সরকারের হাতে তুলিয়া দেওয়া হইল, তথন ক্ষমিদারবর্গকে অপরাধী সাব্যন্ত করিয়া তাঁহাদের বিকল্পে রায় দেওয়া সলত হইবে না। প্রকাশত আইনের সাহায্যে ক্ষমিদারবর্গের শক্তি যাহাতে থকা হইতে পারে, তাহারই চেটা বছ দিন যাবৎ চলিয়া আসিতেছে। ইহারই ফলে ক্ষমিদারগণ এখন ভগু থাক্সনা-সংগ্রাহক হইয়াছেন, তাঁহাদের অধিকার ও শক্তি যথেষ্ঠ ক্ষিয়া গিয়াছে। আজ সেই শক্তিহীন থাক্সনা-সংগ্রাহক হইডে পারীর বাবতীয় হর্পণ। নিবারণ

আশা করা যার কি না, সেই প্রশ্ন স্থার প্রক্লচন্তকে করিব না, কিন্তু আমরাই তাঁহাকে বলিব যে জমিদারবর্গের পক্ষে পল্লীর হডন্সী নিবারণ করা সভব নহে। আজ ভূমির অধিকারী হয় ত জমিদার, কিন্তু সাক্ষাংভাবে ভোগ করিতেছে কৃষক। কৃষক যথারীতি থাজনা দিরা গেলে জমিদার তাহার কোন ক্ষতিই করিতে পারেন না। এই কথা আজও বলিবার দরকার আছে যে চিরস্থারী বন্দোবন্ত থাকিবার দরণ আমাদের স্থিতিবান অথবিশিষ্ট কৃষকদের থাজনা দিতে হর বংদামান্ত, বথা—

	গড়পড়ভা প্রতি সা	ধারণ সময়ে প্রতি
জেলা।	একারের	একারের উৎপন্ন
	থাকনা	শত্যের দাম
বীকুড়া	১ টাকা ১২ আনা	৪৭ টাকা।
মেদিনীপুর	ুটাকা হ আমানা	। কৈতি ব৪
বশোহ র	২টাকাণ মানা	৫৭ টাকা।
খুলনা	ুটাকাভ আ না	৬• টাকা।
করিদপুর	২ টাকা৯ আনা	० । छोका।
বাধরগঞ্জ	৪ টাকা ৯ আনা	৭০ টাকা।
ঢাকা	২ টাকা ১৩ আনা	৬০ টাকা।
ঁময়মনসিং হ	২ টাকা ১২ আনা	৬• টাকা।
র াজ সাহী	৩ টাকা ৫ আনা	०० ठाका।
ত্রিপুর া	ুটাকা২ আন া	৬• টাকা।
নোয়াধালী	৪ টাকা ৪ আনা	৭৫ টাকা।

্ এই তথ্যগুলি মাননীয় রেভিনিউ মেম্বর স্থার প্রজাসচক্র মিত্র ১৯৩০ সালের কেব্রুগারী মাদের বাঙলার সদস্য স্ভার অধিবেশনে স্ভ্যাদের জ্ঞাতার্থে প্রচার করিরাছিলেন।

সমগ্র বাঙলাদেশে গড়পড়তা স্থিতিবান স্থাবিশিষ্ট রায়তদের প্রতি একারের গাজনা তিন টাকার একটুবেশী।

এখানে বলিয়া রাখা দরকার যে যুক্তপ্রদেশে প্রতি
একারের থাজনা বাঙলাদেশ হইতে অনেক বেনী, ষথা:—
ভিভিন্ন গড়পড়তা প্রতি প্রতি একারের
একারের থাজনা উৎপন্ন শস্তের দাম
মিরাট ট্যাট্টারীকিও টাকা ৮ আনা ৭৫ টাকা।
অকুপ্যাজি ভূটাকা

কান্দী ট্রাট্টারী ০ টাকা ২৭ টাকা।

অকুপ্যালি ২ টাকা ৮ আনা

গোরপপুর ট্রাট্টারী ৫ টাকা ৭৮ টাকা।

অকুপ্যালি ৪ টাকা ৮ আনা

লক্ষ্ণে ট্রাট্টারী ৭ টাকা ৬০ টাকা।

[এই ভথ্যগুলি যুক্তপ্রদেশের প্রাদেশিক ব্যাক্তিং তদক্ত
ক্ষিটির রিপোর্ট হুইতে গুহীত]

वांडनारम् मामान थाकमा निवा व्यामारम्ब द्वांबङ्गन অমি সাক্ষাৎভাবে ভোগ করিয়া থাকে এবং প্রকাশত আইনে স্থিতিবান স্ক্রবিশিষ্ট রায়তদের যে-সব স্থ-স্ক্রিধা দেওলা হইলাছে, তাহা হইতে বুঝা ঘাইবে বে উক্ত সামার থাজনা দিয়া তাহারা প্রকৃতপকে কিরুপে ভ্রির মালিক হইয়াছে। অথচ এই খাজনা জমিলারবর্গ আলায় করিতে গেলেই স্থার প্রফল্লচন্দ্র বলিয়া উঠিবেন যে ব্দমিদারগণ "প্রজার শোণিত" শোষণ করিতেছেন। কিন্তু তিনি যে-সব বাবসায়ীদের প্রশংসায় মুখর, তাঁহাদের मत्था ज्याना करें त्य अधिकत्मत्र मवित्यय अधिकांत्र ना मित्रा স্ত্যিকারের শোষণ ক্রিভেছেন, তাহা বলিলে অপ্রিয়ভাষণ হইবে এবং ভার প্রফুলচক্রও হয় তো ক্ষুক্ত হইবেন। তে মিথাা কুৎসা ও রটনা অমিদারবর্গের বিরুদ্ধে প্রচারিত হইয়া আসিতেছে, ভাহার সঙ্গে স্থার প্রফুল্লচন্দ্রের বাণী সংশ্লিষ্ট আছে, ইহা জানিয়া সভাই আমরা ক্ষম হইয়াছি: চিরস্থামী বন্দোবন্দ উঠিয়া গেলে বাঙলার ক্লয়কদের ত্ববস্থা বাড়িবে বই কমিবে না। ভাহাতে সরকারের ভূমিরাজ্য কথঞিৎ বাড়িতে পারে : কিছু ভূষকদেরও যে ধাজনা বাড়িবে এবং অস্থান স্বিধা মারা যাইবে, তাহা স্ত্ৰনিশ্চিত। এই যৎসামার থাজনা দিয়া যে দিন চলিবে না, এ কথা কি জার প্রফুল্লচক্র প্রজাদের ব্যাইট দিয়াছেন ?

ভার প্রফ্লচক্র অভিযোগ করিয়াছেন যে জমিদারগণ নারেব-আমলার উপর সমস্ত ভার দিয়া নিশ্চিস্ত থাকেন এবং নারেবদের থাজনা আদার করিবার জক্স তাগাদ দেন। অশিক্ষিত জনসাধারণ এই অভিযোগ আনে, ভাহার অর্থ বৃঝি; কিন্তু ভার প্রফ্লচক্র কি করিয়া এই অভিযোগ আনিকোন, বৃঝিলাম না। এ কথা স্বাই জানেন গ্রেমানিকের দেশের জমিদারগণের ভূমি নানা জেলা প্রক্রিপ্ত থাকে। এই বিক্লিপ্ত জমিদারী চালাইতে হইলে নারেবের আশ্রম নালইরা উপার নাই; কারণ একজন জমিদারের পক্ষে সমন্ত জেলার উপস্থিত থাকিয়া থাজনা আদার করা সম্ভব নহে।

ভার প্রফল্লচন্দ্র আরও আপত্তি করিয়াছেন যে থাকনা আদার করিবার জন্ম জমিদারগণ নারেব আমলাদের "কড়া তাগাদা" দিয়া থাকেন। ইহা কি সভাই জমিদারগণের অমার্জনীয় অপরাধ যে তাঁহারা থাজনা আদারের জন্ত নারের-আমলাদের কাচে "কড়া ভাগাদা" পাঠাইয়া থাকেন ৷ চির্ভায়ী বন্দোবন্তের দরুণ ভিরীকৃত मित्न बोक्य ना मित्न क्यिमांबर्गत्व कि कुबवना इब, তার প্রফুরচন্দ্র তাহা জানেন: অথচ ভগ্ন জানিলেন না যে স্থিমীকত দিনে থাজনা না দিলে প্রজাদের কোন অক্লায় হয় কি না। খাজনার হার আধিক থাকিলে কাম-অকামের প্রশ্ন উঠিতে পারিত: কিছু সেই প্রশ্ন বাঙলার কুণকদের নিকটে বড কথা নতে। अभिनादी প্রথা ভার প্রফ্লচন্দ্র যে-ভাবেই গড়িরা তুলুন না কেন. বাঙ্গার কুবকদের কোন প্রথা অনুসারেই প্রতি একারে গড়পড়তা তিন টাকার কম খাজনা দের হইতে পারে না। ভবে প্রশ্ন উঠিতে পারে--ক্রকদের এতে। ঋণ कृषकरमञ्ज अनुकारण जातक कुछुरात कातन थासमात राज अधिक विलया नटर। अशह. क्वक्टमब এই খণ-ভারের জন্ত জমিদারবর্গকে অপরাধী সাবাত্ম করা হয়। স্থার প্রফুল্লডন্ত্র ফ্রমিদারবর্ণের অনুসভা ও অপদার্বভা লইয়া ব্যঙ্গ করিয়াছেন ও রচ কথা বলিয়াছেন, কিছ তিনি কৃষকদের কর্মবিমুখতার বিকৃত্বে কোন দিন অভিযোগ আনিরাচেন বলিয়া শ্ররণ হর না ৷ **থাজনাকে** "তঃস্ত-প্রজাগণের শোণিতস্বরূপ" বলিয়া গালি দেওয়া যে উচিত হইবে না, তাহা বলা বোধ হয় নিস্প্রযোজন। "এগাগ্রিকালচার কমিশন" প্রস্কাদের সম্বন্ধে যে কথাটি বলিয়াছেন, তাহা প্রণিধানের বোগ্য-

"No legislation, however wise or sympathetic, can save from himself the cultivator, who through ignorance or improvidence, is determined to work his own ruin."

ক্ষকদের ঋণের ভিতরের কথা যাহারা অভ্নদ্ধান ক্রিরাছেন, জাহারা জানেন যে, শতকরা প্রায় ৬০ ভাগ

ঋণ অপ্ররোজনীয় কাজের জন্ত গৃহীত হইরা থাকে ৷ এই ভাবে ঋণজালে আৰম্ভ হটবার বহু কারণ আছে: কিন্ত চিবভাষী বন্দোবন্ধ ও জমিদারবর্গ ভাচাদের ঋণজালে আবদ্ধ হইবার হেতু নহে। বরঞ্জ অনেক অর্থনীতিবিদ্ ইহাই বলিয়াছেন যে, খাজনার হার কম হওয়াতে এবং আটনত: স্কমির উপর ক্রকের বছবিধ অধিকার থাকাতে. ক্ষকদের ঋণ আভি সহজেই বাড়িয়া যায় এবং ভূমির উৎকণ হেতৃ কৃষকেরা অলস হইয়া পড়ে। কৃষকের ত্রবস্থার নানা কারণ আছে, তাহার তালিকাও আমরা স্থার প্রফল্লচন্দ্রকে দিতে পারি: কিছু এই কথা বলিলেই বোধ হয় যথেই হটবে যে, ভামিদারগণ পদ্মীর হত্ত প্রীর कांत्र नरह: এवः वर्धमार्त चाहरनद क्लांक्लिव करन ক্ষকদ্বের প্রতি সাধারণতঃ অমিদারবর্গের অভ্যাচারের अब क्रम ब्रहेबारफ । क्रवकरमञ्जू स्थावन कविवाद सरवांश এড়ট কম যে, অমিদারবর্গের স্কল্পে শোষণের অপরাধ চাপাইয়া দেওরা শুধু অহচিত নয়, কুৎসিতও বটে। কালা থাকনা দাবী করিলে বাঁহারা শোষণ ৰলিয়া প্রচার করেন, তাঁহারা বোধ হর এমন শাসনভন্তই কল্লনা করিয়া থাকেন বাহার অধীনে তাঁহাদের কোন ট্যাক্স দিতে হইবে না। যাহার। সরকারকে টাাক্স পিয়া থাকেন ভাঁহারা জানেন যে ঠিক সমরে ট্যাত্ম না দিলে তাঁহাদের কি অবস্থা হয়। এবং সেই কথা চিতা क्तिलारे नवारे व्किट्वन त्य अभिमात्रवर्ग जाया थासना আলায় কবিয়া কোন অন্তার কাক করেন না।

ভার প্রস্কাচক্র আরও বলিয়াছেন যে বাওলার অমিলারগণ বিলাসিভার ও খেছাচারিভার ডুবিরা আছেন। কোন ব্যক্তিবিশেষের অপরাধের ক্ষন্ত সমস্ত গোল্পীকে অপবাদ দেওরা সক্ষত নহে। বাঁহাদের অর্থ আছে, তাঁহাদের মধ্যে কেহ কেহ অর্থ লইরা ছিনিমিনি খেলিয়াছেন, এ কথা সভ্য হইতে পারে; কিন্তু শুর্ অমিলার-সন্তানদেরই এই অপরাধ,ভাহা বলিভে এতিহাসিক সভ্যকে উপেক্ষা প্রদর্শন করা হইবে। ভিনি বাঁহাদের প্রশংসার মুখর, অর্থাৎ ব্যবসারীরা, তাঁহাদের ছেলেদের কোন বিলাসিভা নাই, শুধু আছে ক্ষমিদার-সন্তানদের, এ কথা বলা স্কাঠীন। বিনি আইন-ব্যবসারে প্রচুর অর্থ উপার্জ্ঞর করিয়াছেন, বিনি প্রযোগনীরা করিয়া প্রচুর অর্থ উপার্জ্ঞর

করিতে সক্ষম হইরাছেন, বিনি ব্যবসা-বাণিক্স করিয়া বরে লক্ষী বসাইরাছেন, তাঁহাদের ছেলেদের বে জমিদার-সন্ধানদের হইতে ভাল হইতেই হইবে, তাহার কোন নিশ্চরতা নাই। অতএব কে বেশী বিলাসী, সেই প্রশ্ন লইরা কোন গোগ্ঠাকে গ্লালি দেওয়া সম্বত নহে। ক্ষেছাচারিতা ব্যক্তিবিশেবের ক্ষতির কথা—ইহা জমিদার-নির্বিশেবে ছড়াইয়া পড়ে। কোন অধ্যাপক স্বেছ্চাচারী হইলে বেমন অধ্যাপকগোগ্ঠাকে অপরাধের মানদণ্ড অস্থ্যান্ত্র অভিযুক্ত করা যার না, সেই রক্ম, কোন ক্ষাক্ষাক্রিতা স্বেছ্চাচারিতা দেখিয়া সমন্ত গোগ্ঠাকে ব্যক্ষ করা ক্ষাক্রিসকত নহে।

তত্বপরি, এই প্রদক্ষে আর একটি কথা বলা প্রয়োজন। যাহারা অর্থান, তাঁহাদের চাল্চলন একট বিভিন্ন রকমের হইবেই। তাঁহাদের চালচলনে বিলাসিভার প্রমাণ পাওয়া ঘাইতে পারে: কিছু সকল প্রকার বিলাসিতাই নিন্দনীয় নহে। তাঁহাদের চলার চারি পাশে থাকে **अक्ट्रे** वाहरनात छाय-- धरे वाहना ममारखत मनस्मत्क সমৃদ্ধিশালী করিয়া ভোলে। ঐশ্বর্যার এই মঞ্চলকর প্রকাশকে ঘূণ্য বিলাসিতা বলিয়া ভূল করিলে অক্রায় করা হইবে। প্রোঞ্জনের বাহিরে জ্মিদারবর্গের এখার্য্যের প্রকাশ ছিল বলিয়া তাঁহারা স্কুলকলেজ স্থাপন क्तिशारहन, कुल धनन क्याहेशारहन, श्लीय बालाघाँ মেরামত করাইয়াছেন, গুণীদের সমাদর করিয়াছেন. প্রভূত লোক-পালন করিয়াছেন, দাতব্য চিকিৎসালয় স্থাপন করিয়াছেন। এক কথায় বলিতে গেলে বাঙলা-मिण स्थापित क्षित्र क्षित् শিল্প, বাণিক্ষা পরিপুষ্ট হইত। এবং এখনও বহু প্রতিষ্ঠান অমিদারবর্গের অর্থে পৃষ্টিলাভ করিতেছে। তিনপুরুষ ধরিয়া একজন জমিদার সাধারণতঃ বিত্তশালী থাকিতে পারেন না, তাই পূর্বপুরুষদের দানশীলতার ভালিকা **८मथांरे**श आधुनिक शूक्रवामत्र अभार्थ विनेशा शानिवर्धन করা অসমত। জমিদারী পুরুষাস্তরে সব ছেলেদের ভিতর বন্টন হইয়া গেলে তিনপুরুষের পর কোন বংশধর পুর্ব্ব সমৃদ্ধি পাইতে পারেন না। তাই জমিদারবর্গের সমৃত্তি কমিতেছে বুলিরা তাঁহাদিগকে দোষারোপ করিলে **চिनिट्य ना । अध्यक्षकाण २०।०० चन्न वाल फिटन श्**य वर्ष

সমৃদ্ধিশালী ক্ষমিদার আর নাই—তাহাও ক্রমশঃ ভাগাভাগি হইরা সংকীর্ণ হইরা আসিবে। সাধারণ ক্ষমিদারের অবস্থা এমন নর যাহাতে তাঁহারা পরীর হতন্ত্রী নিবারণের জন্ম অর্থ অ্যাচিতভাবে ব্যয় করিতে পারেন। তব্ও এই কথা খীকার করিতে হইবে যে এখনও গ্রামে গ্রামে বে-সব মন্সকর প্রতিষ্ঠান আছে, তাহার সন্দে ক্ষমিদারের চেটা ও অর্থ ঘনিইভাবে সংগ্রিষ্ঠ আছে।

এই প্রসঙ্গে আর একটি কথা বলিব। অমিদারবর্গ প্রয়োজনের বাহিরে, স্বার্থের বাহিরে অ্যাচিত ভাবে অর্থ वास कतिसा चानिसाटान. वांडनाटनटमंत्र वावमा-वांनिट्साछ তাঁহারা অর্থ ঢালিয়াছেন। বাঙলাদেশে এমন কোন প্রতিষ্ঠান বা এমন কোন ব্যবসা খুব কমই আছে, যাহার স্ষ্টি বা পুষ্টি জমিদারবর্গের অর্থে সাধিত হয় নাই। ইহা সবেও রব উঠিয়াছে এবং স্থার প্রফল্লচন্দ্র সেই রবে সায় দিয়া থাকেন যে. জমিদারবর্গ তাঁহাদের রায়তদের জন্ম किছूरे करान ना। इब ७ बावणामत अस वजी। कवा উচিত, ততটা তাঁহার। এখন করেন না। কিছ এই প্রশ্ন কি স্থার প্রফুলচন্দ্র নিজেকে করিয়াছেন যে জমিদার-বর্গের মধ্যে বাঁহার। ব্যবসা-বাণিজ্ঞা, সম্পত্তিতে অর্থ ঢালিতেছেন, তাঁহারা গ্রাম ছাডিয়া চলিয়া স্থানেন কেন এবং জমির উর্তিকল্লে তাঁহাদের অর্থ ব্যয় করিতে এত কুঠা কেন্ ১৮৫৯ সালের রেণ্ট এ্যাক্টের আমল হইতে আৰু পর্যাস্ত জমিদারবর্গের শক্তি চতুর্দিক হইতে থকা হইয়া আসিতেছে। আজ জমির উন্নতিকরে অর্থবার করিলে ভাহার কোন লডাংশ ফিরিয়া পাওয়া যার কি না সন্দেহ। এবং বে-সব কারণে ধাজনা বৃদ্ধি করা যায়, তাহা আইনের নাগপাশে এতই সুক্রিন হইয়া পড়িয়াছে যে, জামিদারবর্গের পকে জামির উন্নতিসাধনে অর্থব্যর করিবার উৎসাহ নিবিয়া বার: সাধারণ মাতুষকে দেবতা বলিয়া ভ্রম করিবার হেত্ নাই এবং জমিদারবর্গও দেবতার আসন গ্রহণ করিয়া বদেন নাই। তাঁহাদেরও স্বার্থবোধ স্বাচ্ছে এবং তাঁহারাও অর্থ ঢালিয়া কিছু লাভের আশা করিতে পারেন। এই লাভের আশাকে গোড়ার নই করিয়া দিয়া, প্রজাদের क्षेत्रत कांशामित व्यक्षिकात वर्क कतिया, श्रकांचक व्याहित्य নাগলালে তাঁহাদের আটক্ রাধিয়া কি আশা করা যায় যে জমিদারবর্গ কেন রায়তদের উন্নতিসাধনে অঘাচিতভাবে অর্থব্যন্ত করিলেন না; এবং সেই আশা সর্ব্ব সময়ে ফলবতী না হইলেই কি জমিদারবর্গকে "য়ার্থপর" "অপদার্থ" ইত্যাদি ভাষায় সর্ব্ব সময়ে অভিযুক্ত করা সমীচীন ? এই সব কথা ভাবিয়াই "এয়াগ্রিকালচার কমিশন" বলিয়াচেন—

"Where existing systems of tenure or tenancy laws operate in such a way as to deter landlords, who are willing to do so, from investing capital in the improvement of their land, the subject should receive careful consideration with a view to the enactment of such amendments as may be calculated to remove the difficulties."

किन्छ এই দিক দিয়া সমস্তাকে অনেকেই চিন্তা করিয়া দেখেন না। জমিদারবর্গের হাত হইতে রায়ত সম্প্রদায়কে বিচ্ছিত্র করিয়া স্বাধীন করিবার চেষ্টার স্বাই প্রকাশত আইনের প্রয়োজনীয়তার মুধর হইয়াছেন: অথচ জ্মিলারবর্গের কেন্ন কেন্ন গ্রাম ন্ট্রেল বিভিন্ন ন্ট্রা বায়তদের উন্নতিকল্পে অর্থবায় না করিয়া থাকিতে চান বলিয়া তাঁহাদের অপরাধের অন্ত নাই। দেশের তাঁহারাই পরম শক্র বাঁহার। জমিদার ও রায়তের সম্বন্ধ বিকৃত করিয়া দিতে চাহেন। সমাজের পরস্পরের মধ্যে যে নির্ভরশীলতা রহিয়াছে, ভাহা ঘাঁহারা বিনাশ করিতে উল্লভ হইয়াছেন, তাঁহাদের মুখে আৰু অমিদারবর্ণের ঔদাসীক্রের বিরুদ্ধে অভিযোগ শোভা পার নাঃ বিগত ৭০ বংসর ধরিয়া জমিদারবর্গের শক্তি ও অধিকার থর্ক করিবার যে আন্দো-লন চলিয়া আসিতেছে, ভাহারই ফলে জমিদারবর্গের বহু ক্ষমতা লুপ্ত ইইয়াছে। যেখানে ক্ষমতা ক্ষিত্রা যায়, দেইখানে সঙ্গে সঙ্গে দায়িত্বেরও হাস হয়। সুতরাং আৰু যদি জমিদার ও প্রভার মধ্যে পূর্বকার নির্ভরশীলতা না থাকে এবং জমিদারগণ জমি ও প্রজার উন্নতির জন্ম ক্ম অমুপ্রেরণা অমুভব করেন, তাহা হইলে তাঁহাদিগকেই मिर मिटक इस यैक्टिम्ब चाटमान्टन कटन नानाविध व्याहित्तत्र बाता अभिनात्रत्तत्र मक्ति थर्क कता रहेशाटह ।

ভার প্রস্কাচন্দ্র ভান্ত মাসের প্রবংক এমন সব কথা বলিয়াছেন, যাহার মধ্যে ষোগাযোগ খুঁজিয়া পাওরা মৃদ্ধিল। তিনি বখন পূর্বকার জমিদারবর্গের বিলাসিতা ও খেচ্ছাচারিতার কথা উল্লেখ করিয়া নিন্দা করিয়াছেন, তখনই আবার প্রশংসার্থে বিলিয়াছেন যে পূর্বে পল্লীলাম জমিদারগণের বিত্তে "জম্জুম্" করিত, ভণীদের সমাদর হইত, জমিদারবর্গের চেন্তার মঙ্গলকর প্রতিষ্ঠান ভাপিত হইত। এব্যিধ পরস্পার-বিক্রক আলোচনা ও অভিযোগ ভগু দায়িত্বহীনতাই প্রমাণ করে। আমি ভার প্রফুল্লচন্দ্রের লিখিত প্রবক্ষ হইতে তু'একটি মন্তব্য উদ্ধৃত করিয়া দিতেছি—

"বাঙলার জমিদারবংশ এতকাল চিরস্থায়ী বন্দোবন্তের ফলে স্বেচ্ছাচারিতা ও বিলাস-ব্যসনের পরাকাঠা দেখাইয়া-ছেন।"—ভাদ্র, ১৩৪০।

"আৰু যদি চিরস্থারী বন্দোবন্ত এবং সেই সদে সদে বাঙলার জমিদারদিগের বিলোপ সাধন হয়, ভাহা হইকে এক ভীষণ অর্থনৈতিক বিপর্যায় ঘটিবে।"—কার্ত্তিক, ১০৪ • । আবার বলিয়াছেন—

"বিলাসিতা ও শ্বেছাচারিতা বাঙালী ক্ষমিদারগণের
মধ্যে বহুদিন হইতে প্রবেশলাভ করিয়াছে।"—
ভাল. ১৩৪০।

"মামি ছেলেবেলার দেখিরাছি যে জমিদারগণ স্থ স্থ প্রামের পুক্রিণী ও দিঘী থনন এবং তাহার প্রোদ্ধার ও রান্তাঘাটের দিকে নজর রাখিতেন। কাজেই এথনকার মত পল্লী বনজনলসমাকীর্ণ ম্যালেরিয়ার স্মাকর হইয়াউঠে নাই। এতদ্ভিয়, ধনী ও সক্তিসম্পন্ন লোকের গৃহহ বার মাসের তের পার্বণ হইত।"—ভাজ, ১০৪০।

আবার বলিয়াছেন---

"কিন্ত এই হোসের মৃদ্ধুদিরা যথন কলিকাতার আশেপাশে বাগানবাড়ী করিয়া নানাপ্রকার বদ্ধেয়াল ও
ইক্রিয়বৃত্তি চরিতার্থ করিতে লাগিলেন এবং জমিদারী
কিনিতে লাগিলেন, তথনই তাঁহাদের ধ্বংসের পথ
পরিষার হইল।"—ভাজ; ১০৪০।

"বর্ত্তমান অমিদারগণের পূর্ব্বপুরুষগণ অনেক দাতব্য চিকিৎসালর, পুল, এমন কি কলেজ প্রভিষ্ঠান করিয়া-ছেন।"—ভাজ ১৩৪০। এ রক্ষ পরস্পর-বিরুদ্ধ মস্তব্য তাঁহার প্রবন্ধকে আগাগোড়া ভারাক্রান্ত করিয়া রাখিয়াছে।

"ভাদ্ৰ" সংখ্যার "ভারতবর্ধে" জমিদারবর্গকে কটু ও ভিক্ত ভাষায় গালি দিয়া "কার্ডিকে"র সংখ্যায় ভার প্রকল্পচন্দ্র বলিরাছেন যে জিনি ক্রমিদাবদিগের "ভিজ্ঞাজ্ঞী"। "ভাদ্রের" প্রারশ্চিত্ত স্বরূপ "কার্ডিকে"র সংখ্যার তিনি বর্ত্তমান জমিদারগণের পূর্ব্বপুরুষদের সুখ্যাতি করিয়াছেন। বদি এই সুধ্যাতিই তাঁহার অন্তরের কথা হইরা থাকে, ভাহা ছইলে "ভাডে"র অসংযত ও অসকত মন্তবোর সার্থকতা কি. বুঝিলাম না-অথচ সেই সব মন্তব্যের যে বিষমর ফল ফলিতে পারে, তাহা কি পার প্রফল্লচন্দ্র জানেন না. অথবা বোঝেন না ? পূর্বপুরুষদের স্থগাতি করিয়া অবশেষে তিনি হল ফুটাইরা বলিয়াছেন—"হার! আজ তাঁহাদের বংশধরদিগের প্রতি তাকাইলে দীর্ঘনি:খাস ফেলিতে হয়।" বর্ত্তমান জমিদারগণ তাঁছার দীর্ঘনি:খাসের কেন হেতু হইল বলিতে পারি না। ভার প্রকৃরচন্দ্র আখাস দিয়াছেন যে তাঁহার দীর্ঘনিঃখাদের হেতু "ভারতবর্ষের মারফতেই জানাইবেন। তাহা জানিতে পারিলে যদি

স্মামানের কিছু বলিবার থাকে, ভাহা হইলে স্মামরাও ভাঁহাকে জানাইব।

সভ্যকে জানিবার ও জানাইবার চেটার আমাদের এই আলোচনা। যখন ভার প্রফল্লচন্দ্রের মত লোক ভুল বুঝিতে পারিয়াছেন, তথন জনসাধারণের মনে বে জমিদারবর্গ ও জমিদারী প্রথা সম্বন্ধে ভ্রাম্ভ ধারণা থাকিবে, ভাহা আশ্চর্য্য নছে। শুধু এই কথা বলিয়াই আৰু আমি বিদার গ্রহণ করিব যে দেশের ও দশের কাজ ভিক্তে ভাষণে. গালি বৰ্ষণে ও কটজিংতে সমাধা করা যার না। সমস্তার জটিলতা তাহাতে বরঞ বাডিরাই বার। **জ**মিদারের সকে কুষকের, তথা জনসাধারণের যে অচ্ছেম্ব সময় আছে, ভাহাকে স্ম্প্রভিত্তিত করিতে হইলে মিধ্যা রোধ প্রকাশ করিয়া ভাহা সম্ভব হইবে না.—ভিত্তিহীন অভিযোগের উপস্থাপনেও ভাষা সম্ভৱ ষ্টবে না। সভাকে চোথ চাহিয়া দেখিতে হইবে এবং পরস্পরের ছ:খ ব্যথা বৃঝিতে হইবে। জনসাধারণের করতালির মোহে দলভুক্ত হইলে, শ্রেণী-বিরোধ ওধু বাড়িয়াই উঠিবে – মিলন ভাহাতে ঘটিবে না, দেশের মন্ত্র ভারতে সাধিত হইবে না।

जू जि

শ্ৰীচাৰুবালা দত্তগুপ্তা

মনে পড়ে প্রথম ভাগের পড়া পলীগ্রামের শুক্নো দীদির পাড়ে, বস্তো সবে ধূলায় আসন পেতে দ্বিণ দিকে গয়লা বাড়ীর ধারে। মনে পড়ে কতই কথা আহা,
মনে কাগে মৌন হাদির কত,
কোগে ওঠে আঁখার হাদি মাঝে
রাত্রি শেষের শুকভারাটীর মত।

হর না মনে অসীম পথের শেষ থাম্বে যবে কাস্ত চরণ হ'টী ছিল-খাতার শেষের পাতা ভরে' লিখে যাব দীর্ঘ পড়ার ছুটী।



সাময়িকা

শিক্ষা সংকার-

প্রার সাত মাস পূর্বে কলিকাতা বিশ্ববিভালয়ের কনভোকেশনে চাল্সেলার সার জন এঙার্শন বলিয়া-ছিলেন:—

"আমাদিগের উচ্চলিকার ব্যাপারে তিনটি প্রতিষ্ঠানের সম্বন্ধ আছে—সরকার, কলিকাতা বিশ্ববিভালর ও ঢাকা বিশ্ববিভালর। যে সব ব্যাপারে ইহার যে কোন প্রতিষ্ঠান বিলেখরনেপ সম্বন্ধ তাহার পক্ষেপ্ত একক তাহার সব ব্যবস্থ করা সম্ভব নহে। শিকা-সমস্ভার সমাধান করিতে হইলে এই তিনটি প্রতিষ্ঠানের অভিজ্ঞতা ও মত একবিত করা প্রয়োজন।"

ভাষার পর তিনি বলেন, অন্তান্ত ব্যাপারের মধ্যে নিমলিখিত ব্যাপারগুলি কেবল প্রতিষ্ঠানত্তমের সমবেত চেটার নিম্পার হইতে পারে—(১) পরীক্ষা-প্রথার পরিবর্ত্তন ও সংক্ষার (২) পাঠ্যভালিকার পবিবর্ত্তন, (৩) স্কুল ও কলেকের শিক্ষার পুনর্গঠন, (৪) শিল্প ও ব্যবসার সহিত বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত শিক্ষার সংযোগ সাধন।

ইহার পর গত ২০শে নভেম্বর তারিথে কলিকাতার লাটপ্রাসাদে শিক্ষা সহত্রে এক বৈঠক বসান হইরাছিল। এই বৈঠকে নানা বিষয়ে বক্তৃতা হয় এবং নানা কথার—ক্ষনেক ক্ষবান্তর কথারও—ক্ষালোচনা হয়। সে সকলের বিস্তৃত বিবরণ প্রাণানের স্থান ক্ষামাদিগের নাই—তাহার প্রযোজনও নাই।

বৈঠকে আলোচনার যে বিশেষ কোন ফল হইবে,
তাহাও মনে হর না। ইহার পূর্ব্বে গর্জ কার্জন বডলাট
হইরা বিশ্ববিভালরের ব্যাপার সম্বন্ধ এক কমিশন নিয়োগ
করিরাছিলেন; তাহার পরও এক সমিতি হইরাছিল। ফলে
—শিক্ষার কোনরূপ উন্নতি সাধিত হইরাছে, বলা যার না।
এবার আলোচনার ফেনপুঞ্জনেল যে প্রভাবের সলিলপ্রবাহ দেখা যার, ভাহা—উচ্চ শিক্ষার স্বোচ্যাধন।

रेरांटक भागामिरगत विरमेर भागिक भारक। धरे

আপত্তির সর্কপ্রধান কারণ-এ দেশে প্রাথমিক শিক্ষা আজও অবৈতনিক ও বাধ্যতামূলক হয় নাই। যে সব দেশে প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক সে সব **एएटम ट्लाक काशनादाहै** नानाविध निकास ऋगुरछ। করিয়া লইতে পারে: সে সব দেশে বিশ্ববিত্যালয়ও সরকারের মুথাপেকী হইয়া থাকে না। সে সব দেশে সরকার উচ্চশিক্ষার হস্তক্ষেপ করিতে পারেন না-ভাই। বিশ্ববিভালয়ের অধিকার। আর সে সব দেশে প্রাথমিক শিক্ষা বেভাবে কল্লিভ ভাহাভে ভাহা মান্তবকে কেবল বিভার ভারবাহী করে না, পরস্ক বিভ: বাহাতে কার্য্যকরী इब. (य (य वार्यमा व्यवस्थन कतिएव मि वाहाएक मिहे ব্যবসা ভাল করিয়া করিতে পারে ভাষার জন্ত ভাষাকে প্রস্তুত করা হর : তাহাই প্রাথমিক শিক্ষার উদ্দেশ্য থাকে। সাধারণত: লোক প্রাথমিক শিকা লাভ করিয়া "যে ঘাহার পথ" দেখিয়া লয়। আবার ভাহার পর শিল্প বা ব্যবসা শিক্ষা আরম্ভ করিয়া ভাহারা অবসরকালে মাধামিক শিক্ষা লাভ করিবার সুযোগ পার। এই মাধ্যমিক শিক্ষাও দর্ব্যভোভাবে উচ্চ শিক্ষার সোপান মাত্র নছে: ভাছাও আপনাতে আপনি সম্পূর্ণ। সে শিকাও সরকারের হার। নিয়ন্ত্রিত নহে। মূল কথা এই, দে সব দেখে শিক্ষা মাত্রবকে নিজ কার্য্যে নৈপুণ্য দান করে। শিক্ষার জন্ত ব্যয় করেন ; কারণ, মানুষকে শিক্ষার ছারা উৎকর্য প্রদান করা সরকারের প্রথম কর্তব্যের নামান্তর মাত্র। কিন্ধ সরকার শিক্ষার প্রভাত নির্ম্ভিত করেন না। এমন কি ডিস্রেলী মত প্রকাশ করিয়াছিলেন, শিক্ষার ব্যবস্থায় সরকারের হন্তক্ষেপ কিছুতেই সমর্থন-বোগ্য নছে: ইহা বর্ষর যুগের---বে যুগে "বাপ মা সরকার" লোকের কাজের খাণীনতা অখীকার করিভেন. সেই যুগের ব্যবস্থা। দেখা গিয়াছে, যদি মাতুৰকে অবিচারিত চিত্তে অজ্ঞাবহ করা অভিপ্রেত হয়, ভবে শৈশৰ হইতে বৈৱাচার আরম্ভ করাই ভাল---

It was a return to "the system of barbarous age, the system of paternal government; whereever was found what was called a paternal government was found a State educaton. It has been descovered that the best way to secure implicit obedience was to commence tyranny in the nursery."

শিক্ষা যতক্ষণ দেশের ও দেশের লোকের উপযোগী না হইবে ততক্ষণ তাহা সাথিক হইবে না। যে শিকা সমাজ হইতে মূল খারা রদ আকর্ষণ করে না, তাহা কথন সমাজের উপবোগী হয় না। কাজেই দেশের লোককে শিকা নির্ম্ভিত করিবার স্বাধীনতা প্রদান করা কর্তব্য। কিন্তু এখন সরকার প্রাথমিক শিক্ষারই মত মাধ্যমিক শিক্ষা নিয়ন্ত্রিত করিবার ভার গ্রহণ করিতে চাহেন। যে বিশ্ববিভালয়ের স্বাধীনতা সম্পূর্ণ না হইলেও আংশিক সেই শিল্পবিদ্যালয়ের অধিকার হইতে ম্যাটি কুলেশন পরীক্ষা বাহির করিয়া লওয়া হইবে। বর্তমানে বাঙ্গালায় প্রায় এক হাজার ছই শত উচ্চ ইংরাশী বিভালর আছে-সরকারের মত, চারি শত ক্ষলই যথেষ্ট হৈ প্রদেশে দাদশ শত কুলেও কুলের প্রয়োজন निः स्मिष इत्र नाहे. दमहे श्रादान नाति में क कुनहे यत्पहे. हैश किছुटिंग्ड चीकांत्र कता यात्र मा। तमहे अनुहे আমরা বলিয়াছি, সরকার উচ্চ শিক্ষার সংকাচ সাধন করিতে চাহেন। আমরা ভাহার বিরোধী।

বর্তমানে কলিকাতা ও ঢাকা বিশ্ববিভালয়বরে যে
শিক্ষা প্রাণত্ত হয়, আমরা তাহা আদর্শ বলিয়া গ্রহণ
করিতে প্রস্তুত নহি। দেখা গিয়াছে, প্রতিযোগিতায়
আনেক হলে বালালী ছাত্রেরা পরাত্তব খীকার করিতেছে।
১৯২৮ হইতে ১৯০০ খুটাক এই ছয় বৎসরে সিভিল
সার্ভিদে ৮০ জন লোক গৃহীত হইয়ছে; ৮৪ জন বালালী
পরীক্ষা দিয়াছিলেন—মাত্র ০ জন পরীক্ষায় সাকাল্য
লাভ করিয়া চাকরী পাইয়াছেন। তেমনই আবার
এঞ্জিনিয়ারিং বিভাগে ১৯০০ ও ১৯০১ ছই বৎসরে ২০
জন লোক গৃহীত হইলেও ৫০ জন পরীক্ষার্থী বালালীর
মধ্যে ১ জন মাত্র সাক্ষল্য লাভ করিয়াছেন। ১৯২৭
হইতে ১৯০০ খুটাক—এই চারি বৎসরে হিসাব বিভাগের
পরীক্ষার বালালী ছাত্রের সংখ্যা ১ শত ১১ জন ছিল;

কিছ্ক ৪৪টি লোক চাকরী পাইলেও তাহাদিগের মধ্যে বাদালীর সংখ্যা ৫ জন মাঞা। ইহাতেই প্রতিপন্ন হয়, কলিকাতা ও ঢাকা বিশ্ববিভালয়হয়ে শিক্ষার আদর্শ আশাস্থ্রন উচ্চ নহে। বিশ্ববিভালয়কে এ বিবন্ধে অবহিত হইতে হইবে।

স্মালোচ্য বৈঠকের জন্ম বাদালা সরকারের পক্ষ হইতে যে বিবৃতি প্রচারিত হইয়াছিল, ভাহাতে লিখিত হইয়াছিল,—

সরকারের বিশ্বাস, নিম্নলিখিত পদ্ধতি অবলম্বিত হইলে বর্ত্তমানে শিক্ষায় যে সব ক্রটি আছে, সে সব দূর করা যাইতে পারিবে। শিক্ষা-পদ্ধতি কার্য্য করী করিতে হইলে নিম্নলিখিত বিষয়ে বিশেষ দৃষ্টি রাখিতে হইবে:—

- (১) প্রাথমিক, মাধ্যমিক ও বিশ্ববিভালদ্বের শিক্ষার মধ্যে সংযোগ সাধন করিতে হইবে।
- (২) যাহাতে শিক্ষায় একই বিষয়ে পুনঃ পুনঃ সময় নয় না হয়. ভাহা করিত হইবে।
- (০) প্রত্যেক ক্ষেত্রে শিক্ষার নিয়ন্ত্রণ ও বিকাশ যাহাতে উপযুক্তরূপ হয়, তাহা দেখিতে হইবে।
- (৪) সরকারের ও দেশের লোকের নিকট হইতে শিক্ষার জন্ত যে অর্থ পাত্যা যাইবে, তাহা ঘণাসম্ভব মিতবায়িতা সহকারে প্রয়োগ করিতে হইবে।

ইহাতে আমাদিণের সমতি আছে। কিন্তু আমরা কিন্তানা করি—

- (১) প্রাথমিক, মাধ্যমিক ও বিশ্ববিচ্চাল্যের
 শিক্ষার মধ্যে যে সংযোগ সাধন করা হইবে, তাহা কে
 করিবে
 প্রথামিক ও পরবর্তী শিক্ষা যে সব বোর্ড
 নিয়ন্ত্রিত করিবেন, সে সব কি বিশ্ববিচ্চাল্যের অধীন
 করা হইবে
 মা—সে সব প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে
 সরকারের নিয়ন্ত্রণাধীন থাকিবে এবং বিশ্ববিচ্চাল্যকে
 আরও সরকারের অধীন করা হইবে
 ম
- (২) সরকার বিবিধ শিক্ষার বিস্তার সাধনজ্ঞ মোট কত টাকা বা ব্যয়ের কত জংশ প্রাদান করিবেন গু
- (৩) কারীগরী ও শিল্প শিক্ষা প্রদানের ও বৈজ্ঞানিক শিক্ষা বিভারের কিরুপ ব্যবস্থা হইবে ?
- (৪) সার রাগবিহারী বোষ, সার ভারকনার্থ পালিত প্রভৃতি বিশ্ববিভালরে বে অর্থ দিরা গিরাছেন,

সে সকল ব্যবে বিশ্ববিভালবের অধিকার অক্ষ থাকিবেত ১

আমরা বলি—"Let knowledge grow from more to more" কিন্তু দেশের লোককে শিক্ষার প্রকৃতি ন্থির করিবার অধিকার প্রদান করিতে হইবে। আর এক কথা. দেশে কারিগরী ও শিল্পশিকা প্রদানের ব্যবস্থা-বিস্তার করিতে হইবে। যদি ভাগ করিয়া লইতে চয়, তবে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে অন্ত সব শিক্ষা দিবার ব্যবস্থা রাখিয়া ঢাকা বিশ্ববিভালরে সেরূপ শিক্ষা প্রদানের স্তব্যবস্থা করা ঘাইতে পারে। কিছুদিন পুর্বের যে हेननाभित्रा कल्ब कनिकालात्र প্রতিষ্ঠা করা হইয়াছে, ভাহার কোন প্রয়োজন নাই-ভাহার সার্থকতাও প্রতিপন্ন হর নাই। গাঁহার। "ইদলামিক কাল্চারের" নামে দাম্প্রদায়িকতার প্রদার বর্দ্ধিত করেন, তাঁহারা যদি দে কলেঞ্চ তুলিয়া দিবার প্রস্তাবে প্রতিবাদ করেন, ভবে প্রধানতঃ মহাত্মা মহলিনের অর্থে পরিচালিত মাদ্রাসা কলেজের উন্নতিসাধন করিয়া ইসলামিয়া কলেজকে শিল্প ও কারীগরী শিক্ষার কেন্দ্র করা যায়:

প্রাদেশিক মল্লেম কীগও এ দেশে ও এই প্রদেশে শিল্প-প্রতিষ্ঠার প্রয়োজন উপলব্ধি করিয়া সরকারকে সেজন্ত এক কোটি টাকা ঋণ করিয়া কার্য্যে প্রবৃত্ত হইতে বলিয়াছেন।

এই প্রদক্ষে আমরা আরও একটি কথা বলিব—শিক্ষা
যথাসপ্তব শিক্ষাথীর মাতৃতাবার প্রদানের ব্যবহা প্ররোজন।
অথচ আমরা দেখিতেছি, এক দিকে যেমন বিশ্ববিভালর
ছাত্রের মাতৃতাবার প্রতি সমাদর প্রকাশ করিতেছেন,
অপর দিকে তেমনই সরকার তাহাকে অনাদর
করিতেছেন। এ দেশে যথন ডাক্তারী শিক্ষাপ্রদানের জক্ত
মেডিকেল কলেজ প্রতিষ্ঠিত হয়, তথন তাহার একটি
বতম বিভাগে বালালার শিক্ষাপ্রদানের ব্যবহা ছিল—
ক্রমে সেই বিভাগ ক্যাম্পবেল স্কুলে পরিণত হয়। তথন
ক্যাম্পবেল কুলে এবং ঢাকা ডাক্তারী স্কুলেও বালালার
ডাক্তারীর পঠনপাঠন হইত। ক্রমে কাম্পবেল স্কুলে
ইংরাজীতে শিক্ষাপ্রদানের ব্যবহা ছেইরাছে এবং নৃতম যে
সকল ডাক্তারী স্কুল প্রতিষ্ঠিত হইরাছে, সে সকলেও
ইংরাজীতে শিক্ষাপ্রদান করা হয়। এই ব্যবহা আমরা

অকারণ ও অসকত বিলাস এবং ছাত্রের অর্থের ও উভ্নের অকারণ অপব্যয় বলিয়া বিবেচনা করি। সরকার এক দিকে বলিতেছেন, বন্ধদেশে আরও অধিক সংখ্যক ডাক্টারের প্রয়োজন, আর এক দিকে দেশের লোকের মাতভাষার সাহায্যে ডাক্তারী শিক্ষালাভের পথ অর্গলবদ্ধ করিতেছেন-এই গুট বিষয়ে কিরূপে সামঞ্জ শাধন করা যায় ? বাহ্নালা ভাষার সাহায়ে যে উচ্চ বিজ্ঞান শিকা দেওয়া যায়, তাহা আচার্য্য রামেল্রফুলর জিবেদী দেখাইয়া গিয়াছেন। ইতঃপুর্বে—য়থন কভক-গুলি বিভালমে বাদালা ভাষায় ডাক্তাত্মী অধ্যয়ন ও অধ্যাপনা হইত, তথন বাঙ্গাল। ভাষায় কতকগুলি উৎকুই ডাকারী পুত্তক রচিত হইয়াছে। ডাকার তুর্গাদাস করের মেটিরিয়া মেডিকা হইতে ডাক্তার শ্রীযুক্ত মুগেল্ফলাল মিত্রের সার্জ্জারী পর্যান্ত বছ গ্রন্থ কোন वेश्त्राक्षी श्राष्ट्रत जुननाम् शैन नरह। এই नकल्वत 'ধাত্ৰীশিকা' ও পুৰ্ববৰ্ত্তী 'মাড়শিকা'ও বিশেষ উল্লেখযোগ।

শিক্ষার ব্যবহা যত অধিক পরিমাণে বালালার হইবে, শিক্ষা ততই অধিক ফলোপধারী হইবে এবং ততই মিতব্যরিতার উপার হইবে।

সরকারের চেটা ও উছোগ দেখিয়া মনে হয়, তাঁহারা তাঁহাদিগের শিক্ষা-পদ্ধতির পরিবর্তন করিতে বদ্ধপরিকর হইরাছেন। তাহাতে দেশের লোকের সমতি ব্যতীত অসমতি নাই। কিন্তু আমরা বলি, তুইটি বিষয় বিশেষভাবে লক্ষ্য করিতে হইবে—

- (১) উচ্চ শিক্ষার সকোচ সাধন করা হইবে না।
- (২) আৰু ষধন দেশের লোকের জাত্মনিয়ন্ত্রণা-ধিকার রাজনীতিকেত্তেও খীকৃত হইতেছে, তথন ধেন জাতির পক্ষে সর্বাপেকা অধিক প্রয়োজনীয় ব্যাপার শিকার কেত্রে তাহাদিগের সে অধিকার অখীকার করা নাহয়।

যাহাতে দেশের প্রাথমিক হইতে উচ্চ পর্যস্ত সর্কবিধ শিক্ষার বিস্তার সাধিত হয়, তাহাই দেশের কল্যাণকর শিক্ষা-পদ্ধতির উদ্দেশ্য হওয়া প্রয়োজন এবং সেই উদ্দেশ্যই স্বাভাবিক ও সক্ষত। জগতারিণী পদক-

কলিকাতা বিশ্ববিদ্যালয় এ বংসর জগড়ারিণী পদক, লকপ্রতিষ্ঠ, স্থানিক সাহিত্যিক শ্রীঘৃক্ত কেদারনাথ বন্দ্যোপাধ্যায় মহাশগতে প্রদান করিয়া প্রকৃত গুণী ব্যক্তির প্রতিষ্ট সন্মান প্রদর্শন করিয়াছেন। এই নির্বাচনে আমরা বিশেষ প্রতি লাভ করিয়াছি। শ্রীযুক্ত কেদারবাবুর পরিচয় বালালী সাহিত্যিকগণের নিকট দিতে হইবে না; তাঁহার 'কাশীর কিঞ্জিং' 'চীনভ্রমণ' হইতে আরম্ভ করিয়া 'কোটার ফলাফল' 'ভাচ্ড়ী মহাশয়' পর্যাম্ভ যে সমস্ত পৃত্তক প্রকাশিত হইদাছে এবং এখনও সাময়িক প্রাদিতে ভাঁহার যে সকল গ্রা, উপস্থাস, রক্ত-কবিতা



श्रेयुक (कमाइनाथ वत्नामाथायाव

প্রকাশিত হইতেছে, তাহা তাঁহাকে বালালার সাহিত্যিক সমাজে বরণীর আসনে অধিষ্ঠিত করিরাছে।
তাঁহার রচনার মধ্য দিয়া যে অনাবিল রসধারা প্রবাহিত
হইরা থাকে, তাহা অতুলনীর; তিনি সত্য সত্যই রসের
ভাণ্ডার—একেবারে রসগোলা। এ হেন বৃদ্ধ সাহিত্যিক
শীষ্ক কেদারবাব্র এই পদক লাভে বালালা-সাহিত্যসেবকগণ আনন্দ অস্ত্তব করিবেন; এবং তিনি আমাদের
ভারতবর্ধের একজন স্থাননীর প্রধান লেখক বলিয়া
আমরা ইহাতে বিশেব গৌরব বোধ করিতেছি। ভগবান

তাঁহাকে দীর্ঘজীবন দান করুন, আর তিনি এমনই তাবে রুস পরিবেশন করিতে থাকুন।

যক্ষা হাসপাতাল-

বালালাদেশের সরকারী ও বেসরকারী শাস্থা-প্রতিষ্ঠানগুলির বিবরণ পাঠে জানা যায় যে, বাঙ্গালা দেশে যক্ষারোগীর সংখ্যা ভীতিজনক ভাবে বৃদ্ধি পাইভেছে। এই দাক্ষাৎ শমন-কিল্পবের আক্রমণে বাঞ্চালার অনেক সংসার শ্ৰশান হইতে চলিয়াছে। ইহার যথোচিত প্রতিকার যে হইতেছে, তাহা বলা যায় না। যশ্বার চিকিৎসার সুব্যবস্থাও যে আছে এমন কথাও বলিতে পারা বার না। একমাত্র যাদবপুরে স্থবিস্তাভ বঙ্গদেশমধ্যে বেসরকারী প্রতিষ্ঠান আছে। কলিকাতা সহরের কতিপয় স্থপরিচিত ও লরপ্রতিষ্ঠ চিকিৎসক মিলিত হইয়া সেই আরোগ্যশালাটি পরিচালন করিয়া থাকেন। পাঠক-পাঠিকাগণ 'ভারতবর্ধে'র গ্ৰ 'ভারতবর্ষে' সুলেথক খ্রীমান বিজ্ঞারত্ব মজুমদার বর্ণিভ যাদবপুরের হাসপাতালের বুতান্ত পাঠ করিয়াছেন। অভীব আমাননের বিষয়, ঐ বচনা পাঠ কবিয়া এক ভাদমহিলা হাসপাভালের উন্নতিকল্পে চৌলহাজার টাকা দান করিয়া-ছেন। সম্প্রতি দানবীর রায় বাহাত্র শ্রীযুক্ত শশিভ্যণ দে কাৰ্লিয়ঙে তাঁহার ৫০,০০০ টাকা মূল্যের বাসভবন-थानि यानवशूरतत भाषा প্রতিষ্ঠাকয়ে দান করিয়াছেন। রায় বাহাত্র ইতঃপূর্কে অবৈতনিক প্রাথমিক শিকা-বিস্তারকল্পে কলিকাভা কর্পোরেশনে প্রায় ২লক টাকা ও সম্পত্তি দান করিয়াছিলেন। শশীবাবুর দানের তালিকা বড় অল্প নহে। তিনি বৃদ্ধ হইয়াছেন, বিপত্নীক, সন্তানহীন ; দরিত্র ও আর্ত্তনারায়ণের সেবায় তাঁহার দান তাঁহার মহৎ অস্ত:করণেরই পরিচায়ক। যাদবপুর বন্ধা-হাসপাতালের কর্ণধার কলিকাতার সুপ্রতিষ্ঠ চিকিৎসক ডাক্তার সার নীলরতন সরকার প্রভৃতি সম্বর কার্শিরঙে যাদবপুরের শাখা প্রতিষ্ঠার আয়োজন করিতেছেন জানিয়া আমরা আনন্দিত হইরাছি।

সার মাঞারজী ভবনগরী-

বিশাতে পরিণত বরসে সার মাঞারজী মারোরামজী ভবনগরীর মৃত্যু হইরাছে। জীবনের শেব কর বৎসর তিনি বার্ককাহেত্ প্রায় কোন কাজে বোগ দিতে পারেন নাই। কিন্তু তাহার পূর্কে তিনি ভারতবাসীর নিকট প্পরিচিত ছিলেন। ১৮৫১ প্রান্তে তাঁহার জন্ম হয়। তথন পার্শীরা ব্যবসার কেত্রে প্রান্তিক লাভ করিয়াছেন। কিন্তু তিনি ব্যবসা অবলহন না করিয়া সাংবাদিকের কার্য্য গ্রহণ করেন। তাহার পর ১৮৮৫ প্রান্তে হিনি বিলাত চইতে ব্যারিষ্টার হইয়া আসিলে ভবনগরের মহারাজা তাঁহাকে দরবারের জুডিসিয়াল কমিশনার করেন। সেই পদে থাকিয়া তিনি রাজ্যের শাসন-পদ্ধতিতে নানারূপ সংস্থার সাধন করেন।

১৮৯১ খুটাকো তিনি বিলাতে গমন করেন। তখন কংগ্রেম এ দেলের প্রধান রাজনীতিক প্রতিষ্ঠান হট্যা উঠিতেছে ৷ তিনি কংগ্রেসে যোগ দেন নাই এবং সেই জন্ত অনেকের অপ্রীতি অর্জনও করিয়াছিলেন। তিনি বিলাতে ভারতের কথার আলোচনা করিয়া বিলাতের লোককে ভারতবাসীর আশা ও আকাজ্ঞা জানাইবার চেষ্টা করিতেন। ভারতবাদীদিগের মধ্যে লালমোহন ঘোষ সর্বাপ্রথম বুটিশ পার্লামেণ্টে সদক্ত নির্বাচিত হইবার . (5 है। করেন: কিন্তু তাঁহার চেটা ফলবতী হয় নাই। গ্ৰহার পর দাদাভাই নৌরোজী সে চেষ্টা করিয়া সফল-প্রচেষ্ট হইয়াছিলেন। কিন্তু তিনিও একবার মাত্র পার্ল্য-মেটের সভাছিলেন। সার মাঞ্চারভী ১৮৯৫ খুরাজে ও ভাহার পরবার সদস্ত নির্বাচিত হইরা**ছিলেন। পার্ল**্ল মেটের সভারপে ভিনি এ দেশের কল্যাণ-সাধন চেটাই দ্রিভেন এবং বিশেষভাবে উপনিবেশসমূহে ভারতবাসী-দিগের অস্থবিধা দুর করিবার জন্ম আন্দোলন করিতেন। িসভালে ভারতবাসীরা বে অস্তার ব্যবহার পাইত, সে বিকে তিনি যে মত লিপিবন্ধ করেন, বুটিশ সরকারের গ্ণনিবেশিক সেক্টোরী ভাষা অখণ্ডনীর যুক্তির উপর ভিত্তিত বলিয়া পার্লামেণ্টের পুন্তিকার প্রচার করেন।

চরিশ বংসরেরও অধিককাল পূর্কে—বখন এ দেশে
নিলিকার প্রতি লোকের দৃষ্টি আরুই হয় নাই, তখনই
চনি এ দেশে শির্মাশকা প্রবর্তনের প্রয়োজন উপলব্ধি
নেন। সেই বিষয়ে তিনি বিলাতে যে প্রবন্ধ পাঠ
নিন ভাহাতে আমদানী ও রস্তানী পণ্যের হিসাব

উত করিরা তিনি প্রতিপর করেন—ভারতবর্ব প্রতি

বংসর যে সব শিরোপকরণ বিদেশে রপ্তানী করে, সে
সকলের অনেকগুলি ভারতেই শির্ম পণ্যে পরিণত
করিয়া লাভবান হইতে পারে। দৃষ্টাস্ত স্বরপ তিনি
চামড়া, পশম ও বীজের উল্লেখ করেন। তিনি দেখাইয়া
দেন, বিদেশে কলকারখানার জন্য উপকরণ না পাঠাইয়া
ভারতবর্ধে যদি চামড়া পরিছার করা, পশমী কাপড় বর্ষন
করা ও বীজ হইতে তৈল নিছাযিত করা হয়, তবে
তাহাতে যথেই লাভ হয়। অন্য কোন কারণে না হইলেও
কেবল জাহাজ-ভাডা লাভের জন্য ভারতবর্ধের তাহা
করা প্রয়োজন। তাঁহার সেই মনোজ্ঞ প্রবন্ধ পাঠ করিলে
এখনও আমরা উপক্ত হইতে পারি।

তিনি নানা সংবাদপত্তে প্রবন্ধ লিখিতেন এবং কয়-খানি পুত্তকও রচনা করিয়াছিলেন।

দীর্ঘকাল বিলাতে বাস করায় তিনি লওন-সমাজে স্পরিচিত হইয়াছিলেন। তথায় তিনি নানারূপে অদেশের কল্যাণ সাধনের চেটা করিতেন। তিনি স্বভাবতঃ ধীর ছিলেন এবং কোনরূপ উগ্রতা তাঁহায় প্রকৃতি-বিকল্প ছিল। বিলাতে ভারতীয় ছাত্ররা তাঁহায় নিকট নানারূপ আবশ্যক উপদেশ লাভ করিত।

তাঁহার সহিত বাঁহাদিগের রাজনীতিক মতের ঐক্য ছিল না, তিনি কখন তাঁহাদিগকে মাক্রমণ করিতেন না; পরস্ক আপনার বিচার-বৃদ্ধিতে বাঁহা ভাল মনে করিতেন ভাহাই করিতেন।

আৰু আমরা তাঁহার সহিত মতভেদ বিশ্বত হইরা, তিনি তাঁহার খদেশের ও খদেশবাসীর কল্যাণকরে যে কাজ করিরা গিরাছেন, সেই অন্ত তাঁহার প্রতি কৃত্ততা ও শ্রমা প্রকাশ করিতেছি।

শ্বথের সন্ধান্থে—

গতবার আমরা পণ্ডিত শ্রীযুক্ত অওহরলাল নেহেরর নৃতন মত প্রচারের আলোচনা করিয়াছিলাম। তিনি সেই মতই অলান্ড মনে করিয়া ভাহার প্রচারকার্য্য পরি-চালিত করিভেছেন। পথের সন্ধান হইতে তিনি পথের শেষ কোথায় তাহারও সন্ধান করিয়াছেন। ভারতবর্ধ কোথায় চলিয়াছে ?—এই প্রশ্ন করিয়াছিন। ভিনি নিক্ষেই ভাহার উত্তর দিয়াছেনঃ—

শনামাজিক ও অর্থনীতিক যে সাম্য মাছুষের গন্তব্য ছান, ভারতবর্ষ সেই সাম্যের দিকেই যাইতেছে। এক লাতির ঘারা অস্ত জাতির ও এক সম্প্রদায়ের ঘারা অস্ত সম্প্রদায়ের শোষণ শেধ করিবার দিকেই ভারতবর্ষ চলিরাছে। আন্তর্জাতিক সমবার সাম্যবাদমূলক সংভ্যের মধ্যে জাতীয় খাধীনতার দিকে ভারতবর্ষ অগ্রসর ইইতেছে।

তিনি বলিয়াছেন—ইহা স্থামাত্র নহে, পর্ছ সহজে বিদ্ধ হইতে পারে। এমন কি বাহাদিগের দ্রদৃষ্টি আছে, তাঁহারা ইহা দিকচক্রবালে শুমুদিত দেখিতে পাইতেছেন।

কিন্তু পণ্ডিত অংবলাল যে স্থানে নবাদিত ববির অবাকুস্মরাগ দেখিতে পাইতেছেন, সে স্থানে পুঞ্জীভূত অন্ধকার ব্যক্তীত আর কি আছে? সেই পুঞ্জীভূত অন্ধকার বিলয়ভূরিই বিদ্যুতের রেখার প্রলয়-নিয়তিই লিখিতেছে। তাহাকে মুক্তি বলিয়া মনে করিবার কারণ কোথার? আন্ধক্তাতিক সমবার সাম্যমূলক সক্রের করনা কবি-করনা ব্যতীত আর কি বলা যার? এই করনার মৌলিকতার আকর্ষণও নাই। ইতঃপূর্বেও ইহার অভিব্যক্তি লক্ষিত হইয়ছে। কিন্তু তাহা করনা ব্যতীত আর কিন্তুই হয় নাই। তাহার সর্বপ্রধান কারণ, মান্থবের প্রকৃতি পরিবর্তিত হয় না। সেই জন্মই আর্থাণ মুদ্দের সমর যে রাইগতি উইলান পৃথিবীকে গণভত্তের জন্ম নিরাপদ করিতে চাহিয়াছিলেন, তিনি পৃথিবীকে ভণ্ডামীর জন্ম নিরাপদ করা ছাড়া আর কিছুই করিতে পারেন নাই।

যাহারা আগ্রার তাজমহল দেখিরাছেন, তাঁহারা জানেন, যে সৌধ সম্রাট শাহজাহানের শোকের প্রতীক বিলিয়া পরিচিত—ভাহার বাহিরের সৌল্যাই মানুষকে আরুই করে—কিন্তু সেই মর্ম্মরসৌধের মধ্যে জন্ধকার সমাধিতে হাঁহার শব রক্ষিত ইইরাছিল—তিনিই ঐ সৌধের কেন্দ্র। তেমনই শুণ্ডিত জওহরলাল যে কথার তাজমহল রচনা করিয়াছেন, তাহার কেন্দ্র—রাজনীতিক ও সামাজিক বিপ্লব। এই রাজনীতিক বিপ্লবের সমর্থন প্রিত জওহরলাল পূর্বেও করিয়াছেন। এবার তিনি অর্থনীতিক প্রায়াছেন।

बाक्नी कि रेमेंक निवा मिथान कि मान इस ना.

ভারতবর্ষ অগ্রসর হইতেছে ? ভারতবর্ষ গণতাম্ভ্রের দিকেই চলিয়াছে। কিন্তু কেহ কেহ তাহার গতি মহর বলিয়া অধীর হইয়া উঠিতেছেন। তাঁহারা--পণ্ডিত অপ্তহর-লালের মত--দেশের, সমাজের, জাতির, জনগণের প্রকৃত অবস্থা বিবেচনা করিবার অবসর ত্যাগ করেন। গত অৰ্দ্ধৰতালীৰ ৰাজনীতিক ইতিহাস আমাদিগের কথাৰ প্রমাণ। হিন্দুর পর মুসলমান ভারতে প্রাধার লাভ করিয়াছিল। মুসলমানগণ গঠা করিয়া বলেন-তাঁহাদিগের ধর্মের মত গণতান্ত্রিক ধর্ম আর নাই। কিছ তাঁহাদিগের শাসন-ব্যবস্থা তাহার বিপরীত। সেই কৈর্শাসন যথন শিথিল হইয়া পড়িয়াছে—বথন সমগ্র দেশের অবস্থা সহান্ধ রবীন্দ্রনাথের কথা—"অরাজ্ব কে বলিবে " সহস্রাজক"—প্রযোজ্য সেই সময় শ্লাজনীতির রক্ষমঞে নৃতন অভিনেতার কাবিভাব। এ দেশের উৎপীড়িত নেতারা আপনারা উৎপীড়কের শাসন রোধ করিতে না পারিয়া বিদেশী বণিকের সাহায্য গ্রহণ করেন। ভাগার পর---সে-ও একরপ হৈত শাসন। তথন বাঙ্গালার অবস্থা ব্যিমচন্দ্র 'আনন্দমঠে' তাঁহার অন্তুকরণীয় ভাষায় ও ভঙ্গীতে লিপিবছ করিয়া গিয়াছেন: --

"ইংরেজ তথন বাদালার দেওয়ান। তাঁহার। থাজনার টাকা আদার করিয়া লন, কিন্তু তথনও বাদালীর প্রাণ সম্পত্তি প্রভৃতি রক্ষণাবেক্ষণের কোন ভার লয়েন নাই। তথন টাকা লইবার ভার ইরেজের, আর প্রাণ সম্পত্তি রক্ষণাবেক্ষণের ভার পাপিষ্ঠ নরাধ্য বিশাসহস্তা মহুস্তকুলকণক মীরকাকরের উপর। মীরকাফর আত্মরকায় ক্ষম্ম, বাদালা রক্ষা করিবে কি প্রকারে? মীরকাফর গুলি থার ও ঘুমার। ইংরেজ টাকা আদার করে ও ডেস্পাচ লেখে। বাদালী কাঁকে আর উৎসর যার।"

তথন যে যে-স্থানে প্রবল হইরাছে, সে-ই তথার শাসক ইইরা উঠিয়াছে; জাতীয়তার আদর্শ যদি কথন থাকির। থাকে, তবে লুপ্ত হইরা গিরাছে।

ক্রমে সেই বিশ্যালার মধ্য হইতে পৃথালার উত্ত হইরাছে। দেশে শান্তি প্রতিষ্ঠার সংক্ষ সংক্ষ শিক্ষার প্রবর্তন হইরাছে। সেই শিক্ষার ক্রেল ক্ষাঞ্জীয়তার ন্তন আদর্শ প্রতিষ্ঠিত হইরাছে। রেল, ষ্টামার, ডাক, তার—এই দকল দে আদর্শ প্রতিষ্ঠার দহার হইরাছে। জাতীয়তার বিকাশই দেশাত্মবোধের উলোধন করিয়াছে। তাহার প্রতাক ফল—জাতীয় মহাসমিতি বা কংগ্রেশ।

কংগ্রেসের স্থাপনাবধি আব্ধ পর্যান্ত দেশের শাসনপদ্ধতিতে যে পরিবর্ত্তন প্রবর্ত্তিত হইরাছে, তাহাও
উপেক্ষনীর নছে। প্রথমে ব্যবস্থাপক্ষ সভাগুলিতে
প্রতিনিধি নির্ব্তাচনের ব্যবস্থা ছিল না। ক্রমে ক্রমে
তাহা হইরাছে। যে লর্ড মর্লি বিলাতে গণভান্তিকদিগের
অক্তম নেতা, তিনিও বিলয়ছিলেন, ভারতবর্ষে এখনও
বহুকাল বৈর শাসনই প্রচলিত রাধিতে হইবে। কিন্তু
তাহার এই উক্তির কর বংসর পরেই যে নৃতন শাসনসংস্থার প্রবর্তিত হর, তাহার প্রসঙ্গে ঘোষণার সমাটের
উক্তি:—

"বহুদিন হইতে—হয়ত বংশপরস্পরার—অদেশপ্রেমিক ভারতবাসীরা অদেশে অরাজ প্রতিষ্ঠার অপ্ন দেখিরা আসিরাছেন। আজ সামাজ্যের মধ্যে সেই অরাজের অসন হইল।"

ন্তন শাসন-সংকারে গঠিত ব্যবস্থা-পরিবদের উলোধনকালে রাজপিত্ব্য ডিউক অব কনট বলেন, "বৈর শাসনের মূলনীতি বজ্জিত হইরাছে। সমাজী তিটোরিয়া দেশবাসীর বে সংজাবই ইংরাজ-শাসনের সক্ষ্য বলিয়া ঘোবণা করিয়াছিলেন বৈর শাসনের মূলনীতি তাহার বিরোধী; ভারতবাসীর স্থারসক্ত আকাজ্জার ও ম্ধিকারলাভ প্রবাসের সহিত্ত তাহার সামরত সাধন করা যার না।"

শাসন-সংখ্যারে বে ভারতে গণভান্তিক শাসন প্রবর্ত্তিত হুইয়াছে, ভাহা নহে; কিছু গণভান্তিক শাসনের প্রবর্তন-পথ বে মুক্ত হুইয়াছে, ভাহাও অত্মীকার করা বার না।

পণ্ডিত কওছরলাল দেশের মৃক জনগণের কন্ত বেছনা প্রকাশ করিবাছেন। সে কন্ত আমরা তাঁছার প্রশংসা করিতে পারি। কিছ জনগণের উর্ল্ডি সাধন করিবার ক্র জননেতারা কি করিবাছেন—ক্রিলানা তরিলে তাহার কি উত্তর পাক্রা বাইবে । পণ্ডিত অওছরলালের স্বদ্ধে বলিতে পারা বাধ—ক্রিয়ালোক তাহার নরনে প্রভিন্নত ক্রীয়াছে রুটে, কিছু জাহা অবিকৃত অবস্থার প্রতিক্লাত ক্রীয়াছে বিকৃত অবস্থার প্রতিক্লাত ক্রীয়াছে বালিক

আইনে নাই; প্রাক্ত মতের কুজ্ঝটিকার মধ্য দিয়া আসিবার সমন্ধ তাহা বিকৃতি লাভ করিয়াছে। অজ্ঞ জনগণকে তাহাদিগের অধিকারের স্থরপ উপলন্ধি করিতে পারিবার মত না করিলে কিরপে তাহারা অধিকার লাভ করিবে এবং লাভ করিলেও কেমন করিয়া তাহা রক্ষা করিবে ? দেশে শিক্ষা বিস্তারের যে সুযোগ নৃতন শাসনসংস্কারে দেশের লোকের করতলগভ হইরাছিল, সে সুযোগের কত টুকু সদাবহার করা হইচাছে?

পণ্ডিত জওহরলাল আজ সব দুচ্বদ্ধ আর্থ নির্মূল করিতে চাহিতেছেন। তাহা কিরুপে সপ্তব হইবে? তিনি অবস্থা বিচার করিয়া ব্যবস্থা প্রবর্তনের কথা ভাবিয়া দেখিলাছেন বলিয়া মনে হর না। সাম্য আদর্শ হিসাবে যত কাম্যই কেন হউক না, বাস্তবজগতে তাহার স্থান নাই। দুচ্বদ্ধ আর্থ উন্দ্রিত করিলে কি আবার তাহার আবির্ভাব হইবে না? ফ্রান্সে কি হইয়াছে? কশিরার কি হইতেছে? মার্কিণে আমরা কি দেখিতে পাই?

ফ্রান্স রান্ধার আসনে রাষ্ট্রপতিকে প্রতিষ্ঠিত করিরাছে। কিন্তু রাজশাসনে যে সামাজিক অবস্থা ছিল, তাহার পুনরাগমন রোধ করিতে পারে নাই।

রুশিয়ার আবার সম্প্রদায়ের ও ব্যক্তির স্বার্থ আহু-প্রতিষ্ঠা করিতেছে।

মার্কিণে দেখিতে পাই, উপাধির লোভও এত প্রবন্ধ, মার্কিণের ধনী কুমারীরা উপাধির লোভে বিলাভের দরিদ্র অভিজ্ঞাত সম্প্রদারে বিবাহ করিতে উদগ্রীব !

সে অবহার পণ্ডিত জওহরলাল কিরুপে সাম্য প্রতিষ্ঠা করিবার অপ্র দেখিতে পারেন ? আমাদিগের মনে হর, তিনি বাহাদিগের প্রকৃত অবহা উপলব্ধি করিতে পারেন নাই। তিনি তাহাদিগের সহদের বে ধারণা মনে পোবণ করেন, তাহা প্রকৃত নহে—করিত। অধিকার ব্যবহার করিবার শিক্ষা না পাইলে লোক অধিকারের অরুণ বৃত্তিতেও পারে না। সংস্কৃত একটি উউট স্লোকে ইহার দৃষ্টান্ত আছে:—

"হ্যাক্ষনধরছিল করিকুক্ত হ'তে রক্তনিক্ত কুকাফল ধুলার সূচার; শ্জ শবরের কন্তা বেতে দেই পথে
বদরী ভাবিরা তাহা ফেলি চলি বার ।"
শাজ তিনি কিরপে মহাজনের স্বার্থ হইতে রুষককে,
বিদেশী ধনিকের স্বার্থ হইতে এ দেশের লোককে,
ক্রমীদারের স্বার্থ হইতে প্রজাকে, নেভার স্বার্থ হইতে
জনগণকে মুক্তি দিবেন ?

প্রথমে আমরা মহাজন ও ক্রকের স্থক্তের আলোচনায় প্রবৃত্ত হইব ৷ কৃষক নিজ প্রয়োজনে ঋণ করে-মহাজন তাহাকে ঋ। प्रमा भारतक इतन द्वार्श हिकिश्मा, ক্লার বিবাহ, চাবের প্রয়োজন—এই সকলের জলুই ঋণ গৃহীত হয়। স্থামিন দিবার অস্ত কোন সম্পত্তি না থাকার ক্রমক জমীই বন্ধক দের। বদি সে সে-সমর ঋণ না পান্ন, তবে হয়ত রোগে চিকিৎসার ব্যবস্থা করিতে পারে না, ক্লার বিবাহ দিতে পারে না, চাষের সুব্যবস্থা করিতে পারে না। অথচ এই তিনটিই অবশ্র করণীয়। প্রথম করণীয়-প্রাণ রক্ষার জন্ত : দিতীয় করণীয়-সমাজ ও সমাজের শৃত্যলা রক্ষার জন্ত ; তৃতীয় করণীয়—জীবন ধারণের জন্ত। পঞ্জাবে ধে কৃষককে মহাজ্ঞানের অভ্যাচার হইতে রক্ষা করিবার জন্ম ভূমি হতান্তরের অধিকারে বঞ্চিত করা হইয়াছে, তাহাতে স্থফল ফলিয়াছে কি না, সে বিষয়ে মতভেদ আছে। তবে মহাজন বাহাতে ক্রককে অন্তার উৎপীডনে পিট করিতে না পারে. ভাছার ব্যবস্থা সর্বধা সমর্থনযোগ্য। সে সম্বন্ধে যে স্ব নৃতন আইন হইতেছে, দে সকলের কথা সকলেই অবগত আছেন। সে দৰ আইন বাহাতে উভয় সম্প্ৰদাবের সভত স্বার্থ রক্ষা করিয়া তুর্বলকে স্বলের অত্যাচার ও অনাচার হইতে অব্যাহতি দান করে, সে বিষয়ে অবহিত হওয়াই কর্ত্তব্য। রোগ দূর করিবার জন্ত রোগীর জীবনান্ত कड़ा खुक्कि कार्या नटह।

দিরাছেন, তাহা এ দেশের সরকারের ও লোকের প্রয়োজনে। দেশে ধে ধনের অভাব তাহা বলা বার না। কারণ, এই বারই দেখা বাইতেছে, প্রায় ১৫০ কোটি টাকার খর্ণ বিদেশে রপ্তানী হইরাছে—এখনও হইতেছে। এই সঞ্চিত অর্থ দেশের উর্লিডকর কার্য্যে প্রযুক্ত বানী। বিদেশ হইতে আরু স্বাক্ত টাকা আনিয়া এ (मर्ग (बन्न वर्ष बिष्क इंदेशांट्स : विष्म ने मून धरन थे (मर्ग কলকারখানা প্রতিষ্ঠিত হট্যাছে। বিদেশের টাকার স্থিত প্রতিযোগিতার এ দেশে খদের হার ক্ষিতেচে ও কমিবে ৷ যতক্ষণ দেশের কাজের জল্প দেশেই মৃলধন পাওয়া না যাইবে, ততক্ষণ বিদেশের ধনিকদিগের অর্থ বৰ্জন করিলে উপকার না হইয়া অপকারই হইবে। কর বংসর পুর্বে বিদেশ হইতে মৃলধন আনরন ভারতের পক্ষে কল্যাণকর কি না, তাহা বিচার করিয়া মত প্রকাশের জন্ম যে সমিতি গঠিত হইয়াছিল, তাহাতে জাতীয়দলের কোন কোন নেতস্থানীয় ব্যক্তিও সদক্ত ছিলেন। ভাঁহারা মত প্রকাশ করিরাছেন-তর্ত্তমানে বিদেশ এইতে ঋণ হিসাবে মলধন সংগ্রহ করা ভারতের পক্ষে কেবল প্রশ্নেজন নহে, পরস্ক বিশেষ উপকারী। আৰু কিরপে আমরা নীতির নির্ম ল্ড্যন না করিয়া বিদেশী মহাজনের স্বার্থনাশ করিতে পারি ? কোন সভা দেশ তাহা করিয়াছেন ৷ মার্কিণ যথন রেলপথ রচনা করে, তথন অবাধে বিলাভ হইতে মল্ধন সংগ্রহ করিয়াছিল। অথচ মার্কিণ গণভন্তশাসিত-ভাষা বিদেশীর শাসনাধীন নতে:

ि २५ म वर्ष--- २ म ४७--- ५ म नः था।

ক্ষমীদারের স্বার্থ হইতে প্রজাকে রক্ষা করিবার প্রাকৃত উপার কি? জমীদার রাজ্য প্রদান করেন: জমীর খাজনা বৃথিয়া রাজ্য নির্দারিত হইরাছে। জ্মীদার সেই थाकना चालात्र करतन, সেই करू किছু টাকা প্রাপ্য श्निराद्य, नाफ कदान। समीमात्र हेन्द्रा कतिदन्दे श्रस्तात्र ধাৰুনা বাড়াইয়া আপনার আয় বৃদ্ধি করিতে পারেন না। বান্ধালার কথাই ধরা যাউক। বান্ধালার প্রজাবত বিষয়ক আইন প্রজার ভার্থ রক্ষার সরকারের আগ্রাহের ফল। বাদালায় ভূমি রাজ্য চিরন্থায়ী হইলেও **জ্ঞা**দার থাত শত্রের মূলাবৃদ্ধি বাতীত কোন কারণে থাজনা বাড়াইতে পারেন না। পাটচাবে প্রস্লার হত লাভই কেন হউক না, সেকল জমীদার খাজনা বাডাইবার অধিকার লাভ করেন না। ধার্য শক্তের মূল্য বৃদ্ধিতেও থাজনা বৃদ্ধির হার নির্দিট আছে, জমীদার ভাহা লভ্যন করিতে পারেন না। স্থতরাং ঋষীদারের পক্ষে প্রভার উপর অত্যাচার বা অনাচার করা আইনবিক্ষা। অমীদার বলি অক্তার করিরা থাজনা বাড়াইতে চাহেন, ভবে

তাহা বে-আইনী হয়। এই অবভায় বাহাতে প্ৰস্লার অজ্ঞতার স্থোগ দুইয়া জমীদার অসকত ব্যবহার করিছে না পারেন, তাহার জন্ত সরকার এবং বারভাগক সভা সভর্ক বাবতা করিয়াছেন ও করিতেছেন। অনেক ভলে **८एथा गांव. थांन महालंद श्रकांव व्यवश्रा क्रमीसाटदव** অধীনস্থ প্রকার অবস্থার তুলনায় অনেক হীন ৷ সকল প্রদেশের বাবভাও একরপ নতে। সভরাং জমীদারের নাম শুনিয়াই "মারুমৃত্তি" হইবার কোন সক্ষত কারণ থাকিতে পারে না। বাদালা দেশে এবং হয়ত অ্যান্ত श्राप्तरभश्च समीमानना त्याम निकाविद्यातन हिकिएमानन जानत्व, भक्षतिनी श्राष्टिक्षीय त्य माशाया श्रामान कतियादकन. তাহাও উপেকা বা অবজ্ঞা করা সকত হইবে না। ব্রমানে অনেক স্থলে প্রজাই অভ্যাচারী, জমীনার সেই আত্যাচার সহা করিতে বাধ্য। বিশেষ প্রাঞ্জাকে ভূটবৃদ্ধি দিবার লোকেরও যে আত্তকাল অভাব নাই, ভাষা অসীকাৰ কৰা যায় না।

নেতার খার্থ হইতে জনগণকে মৃক্তি দিবার উপায় কি

প এ দেশে বাঁহারা প্রমিক-সজ্ব গঠিত করিয়া নেতৃত্ব করেন, তাঁচারা প্রমিক নছেন : অনেক ভবে তাঁহারা শ্রমিকদিগকে শোষণ করেন। পণ্ডিত জওছরলাল যদি একবার এ দেশে "ভথাক্থিত" শ্রমিকসভ্যগুলির নেতা-দিগের পরিচয় লইবার চেষ্টা করেন, তবে অবভাই এ কথা স্বীকার করিবেন। আমরা দেখিতে পাই, ঘঁচারা সরকারের হারা শ্রমিক নেতা বলিয়া গৃহীত, তাঁহারাও খ্রমিক নহেন---কেই সাংবাদিক, কেই উকীল, কেই ব্যবসায়ী, কেছ বা কোন সমিভিত্ত সদত্য হিসাবে ভামিক-সমক্তা অধ্যয়ন করিয়াছেন ৷ যত্তদিন শ্রমিকদিগের মধ্যে শিক্ষার বিস্তার হেতৃ তাহাদিগের মধ্য হইতেই নেভার উদ্ৰব না হইবে, ভতদিন নেতাদিগের সহিত ভাহাদিগের স্বাৰ্থগভ বোগ থাকিবে না। ভতদিন নেতগণের স্বাৰ্থ হইতে অমিকদিগকে বকা করিতে হইলে অমিকের এইরূপে রাজনীতিকেতেও বিলোপ কৰিছে ভর। নেতারা হে জনসাধারণের নামে প্রস্তাব উপস্থাপিত করেন, সেই জনসাধারণের সহিত ভাঁহাদিপের সম্বন্ধ কি ৷ পণ্ডিত অওহরলাল নেহেক কি কথন মুক্তপ্রদেশের দরিদ্র—নিরন্ন ক্রবকগণের অবস্থা সম্বন্ধে কোনরূপ প্রভাক

অভিজ্ঞতা লাভ করিয়াছেন। তাঁহার "আনুন্দ ভবন"
কি প্রজার কৃটারের সহিত তুলিত হইতে পারে? তিনি
জীবনযাজার যে প্রণালী গ্রহণ করিয়াছেন, তাহা
কি দেশের সাধারণের জীবনযাজার প্রণালী হইতে
বিশেষরূপ বিভিন্ন নছে? তিনি অবস্তই সীকার করিবেন
—এ বিষয়ে ক্রিয়ার কাউটে টলইয়ও আদর্শের সহিত
বাত্তবের সামঞ্জ্ঞ সাধন করিতে পারেন নাই। তাহা
সম্ভব বলিয়া মনে হয় না। সেভাবে দেখিলে তিনি
কিরপে নেতার স্বার্থ হইতে জন-সাধারণকে রক্ষা করিতে
চাহেন ?

এই সব বিবেচনা করিলে বলিতে হয়, তিনি আলেয়ার পশ্চাতে ধাবিত হইতেছেন। তিনি যাহা চাহিতেছে, তাহার অনিবার্য্য ফল—ধ্বংস।

তিনি যদি কশিরার সম্বন্ধে পুত্তক পাঠ করিরা— সমাজে সাম্য-প্রতিষ্ঠার করানার উদ্ভাস্থ হইরা বাস করেন, তবে আমরা তাঁহাকে বলিব—পুথিগত বিভা প্ররোগ-কালে বিষম বলিরা বোধ হয়।—

"Mere scholarship and learning and the knowledge of books do not by any means arrest and dissolve all the travelling acids of the human system."

किनि यमि देवरामात मत्था नात्मात्-कामाधाः जन মধ্যে সামঞ্জের প্রতিষ্ঠা করিতে প্রয়াসী হটরা থাকেন, ভবে তাঁহাকে ক্লিয়ার--বললেভিক ক্লিয়ার আদর্শ ত্যাগ করিয়া প্রাচীন হিন্দস্থানের আদর্শ অধ্যয়ন করিতে इहेरव। जारा इहेरन जिनि अक्षकारव आलाक পাইবেন-মক্তমির মধ্যে প্রকৃত পথের সন্ধান পাইবেন। বিজ্ঞ লেখক ওলডেনবার্গ বলিয়াছেন, ছুরারোহ পর্বত ও ত্র্যাজ্যা সাগর ভারতবর্ষকে অক্সাক্ত দেশ হইতে পথক করার এই দেশের অধিবাসীরা বে-ভাবে আপনাদিগের সমাজ-বিশ্বাস রচনা করিয়াছিল, ভাহা অন্ত কোন দেশে পরিলক্ষিত হয় না-ইতিহালে ভাহার তুলনা নাই। হিন্দুখানের নেভারা বে সমাজ-ব্যবস্থা করিয়াছেন, ভাহা বাহারা কঠোর মনে করেন, তাঁহারা লাভ: কারণ, নে ব্যবস্থার স্থিতিস্থাপকতাও অসাধারণ এবং তাহা কথম কাজোপযোগী পরিবর্ত্তন প্রবর্ত্তিত করিতে দিখা বোধ করে নাই। সেই জন্মই ভাষা বহু শতানীর নানারণ উপদ্রব সঞ্ করিরাও আত্মরকা করিয়াছে—করিতে পারিয়াছে। এই সমাজে সকল সম্প্রদায়ের নির্দিষ্ট স্থান আছে এবং বে উপযুক্ত ভাহার পকে পেই স্থানে থাকিয়া উন্নতি লাভ করাও সম্ভব এবং উচ্চতর স্থান লাভ করাও অসম্ভব নহে। আৰু বাহারা "ক্রাভিডেদকে" বৈদেশিক দৃষ্টিতে দেখিয়া সর্কবিধ উন্নতির অন্তরার বলিয়া খোষণা করিভেছেন, তাঁহারা কি একবারও ভাবিয়া দেখিলাছেন-ইহার অর্থনীতিক ভিত্তি যেমন দৃঢ়, ইহা তেমনই মান্থবের মনে সম্ভোব স্থায়ী করিতে পারে। এই প্রধার জনুই ভারতে শিল্পের অসাধারণ উন্নতিলাভ সন্তব হইয়াছিল। বিনি ধর্মান্তর গ্রহণ করিয়াভিলেন সেই মধুস্দন খাস বিলাতে এক বক্তায় খীকার করিয়া-ছিলেন, উডিয়ার যে সৰ শিল্পী "তারের কাঞ" করে, ভাহারা যে কৌশলের অধিকারী ভাহা বংশপরস্পরাগ্ত নৈপুণ্যের অভিব্যক্তি ব্যতীত আর কিছুই নহে। শিল্পনালোচক বাৰ্ডউডও বলিয়াছেন-শত শত বংসর বংশপরস্পরায় একই শিল্পে আত্মনিয়োগ করার হিন্দ শিল্পীর निज्ञत्नभूगा चलावस हरेशा शिक्षाटि ।

স্ব নিয়মই পরিচালনের ক্রটিতে কল্ফিত হইতে পারে; সেই ক্সই কালোপবোগী পরিবর্তন প্রয়োজন। মহুর সংহিতার সহিত পরাশরের সংহিতার তুলনা করিলেই ব্ঝিতে পারা যার, হিন্দু সমাজের ব্যবস্থাকাররা কথন কালোপযোগী পরিবর্তনের প্রয়োজন ক্ষমীকার করেন নাই, পরস্ত দেরপ পরিবর্তন প্রবর্তিত করিয়াই আদিরাছেন।

তাঁহারা কথন বিপ্লব চাহেন নাই; তাঁহারা পরিবর্ত্তন শান্তির পথে প্রবাহিত করিয়া সাফল্যের বন্দরে আনিয়াছেন।

আৰু বাহারা সেই আদ ত্যাগ করিয়া প্রতিটীর আদর্শে কাজ করিতে চাহিতেছেন, তাঁলারা সমাজে সাম্যের নামে বিশৃত্যলার উত্তবই করিবেন। আজ দিকে দিকে যে বিশৃত্যলা প্রলয়-নটিকার মত দেখা দিতেছে, জাহাতে তালিবার সন্তাবনাই প্রবন্ধ-গঠনের স্থাবনা নাই বলিলেও অত্যক্তি হয় না। বাহারা করেন না ভালিলে গঠনের প্রবোগ লাভ করা বার না, ইন্ট্রিকাইক ভালিরা দেখিতে ইইনে, বদি বাহা গঠিত

হইরাছে, তাহাতে কালোপবোগী পরিবর্তন শাস্তি ও শৃত্যলা অক্র রাধিরাই করা বার, তবে তাহাই কি অতিপ্রেত নহে ?

কাজের আনন্দ ভাল, না উত্তেলনার আগ্রহ ভাল ? সমাজে কিনের প্রয়োজন অধিক ?

পণ্ডিত জওহরলাল নেহেরু যদি অদাধ্যসাধন করিবার চেটার প্রমন্ত হইরা কাল করেন, তবুও তিনি অদাধ্য সাধন করিতে পারিবেন না; অথচ দেশে আশান্তি ও অসন্তোষের স্পষ্ট করিয়া— অজ্ঞ জনগণকে উত্তেজিত করিয়া আমাদিগের সামাজিক বৈশিষ্ট্য নই করিয়া দিবেন। যাহা শতানীর পর শতানীব্যাপী পরীক্ষা ও গবেষণার ফলে নরচরিত্রাভিজ্ঞ ব্যক্তিদিগের হারা গঠিত হইরাছে, তাহা ভালিলে আমরা যদি আমাদিগের পুরাতন সভ্যতা, পুরাতন পজতি সব বর্জন করিয়া বিদেশীর অফুকরণেই পরিচালিত হই, তবে তাহা কি জাতির আয়দ্মানের পরিচায়ক হইবে গু যে স্মাজন্ব্যবহা রাজ্যতাগী রাজপুত্র দিজার্থের প্রচারিত ধর্ম্মের বক্সার নই হর নাই; শক হ্ন পারদ ধ্বনের বিজয়বাত্যা যাহার উচ্ছেদ্সাধ্ন করিতে পারে নাই, আমরা কি আপনারাই তাহা নই করিব গ

দেশ কি বিপ্লবের জন্য প্রস্তত । যিনি অহিংসার বিখাস অবিচলিত রাথিয়াছেন, সেই মহাত্মা গান্ধীও কি বলিতে বাধ্য হয়েন নাই—জনগণকে অহিংসার অবিচলিত রাথা ছদর । তিনি যে আন্দোলন অয়ং পরিচালিত করিয়াছিলেন, তাহাই যে অনাচারে কল্যিত হইয়াছে তাহা দেখিয়া তিনি বলিতে বাধ্য হইয়াছিলেন—ইহাই যদি অরাজ হয়, তবে ইহা সহ্য করা যার না। তাঁহাকে বার বার হতাশার বেদনার প্রায়োপবেশনে প্রবৃত্ত হইয়াছে। এ সব ভূলিলে চলিবে না।

সমাজে তির ভির সম্প্রদারের হিতি অনিবার্য।
তির ভির সম্প্রদার সইরাই সমাজ। তির তির সম্প্রদারের
বার্থও ভির ভির হুইতে পারে—হুইরা থাকে। সে
সকলকে এক করা যার না। তবে সে স্কলের মধ্যে
সামজক্ত সাধন করা যার। তাহার প্রয়াণ—হিন্দুর

সমাজ-বাবহা। হিন্দু-সমাজে জন্মগ্রহণ করিরা, সেই সমাজে বর্জিত হইরাও যে সে সমাজের ব্যবস্থা-বৈশিটা পণ্ডিত জওহরলালকে আফুট করিতে পারে নাই, তাহাতে এ দেশে প্রচলিত একটি কথাই মনে পড়ে—প্রদীপের নিমেই অন্ধলার থাকে। পণ্ডিত জওহরলাল আপনার কথা ভাবিলেই ব্রিতে পারিবেন, তিনি যে সাম্যবাদ প্রচার করিতেছেন, বরং ভাষা কার্য্যে পরিণত করিতে পারিতেছেন না; তিনিই ভাষার আদশ্বিক্ষক কাল

করিতেছেন। তিনি শবং জন্নার্জন করেন না;—
তিনি পিতার সঞ্চিত ধনের উত্তরাধিকারী হইরাছেন
—তাহা দেশবাসীর মধ্যে বাটা করিয়া দেন নাই;
—তিনি দেশের জনসাধারণের শ্রমসাধ্য কাষ না
করিয়া মানসিক কাষ করিতেছেন; তিনি দেশের
জনসাধারণের অশনবদন গ্রহণ করেন নাই। তিনি
যদি বলেন—"আমি যাহা বলি, তাহাই কর; আমি
যাহা করি, তাহা করিও না"—তবে তাঁহার উপদেশ ফলোপধায়ী হইবে না—বার্থ হইরা যাইবে।

আৰু দেশে কথাীর প্রয়োজন। দেশে শিক্ষা-বিন্তারের, শিল্পপ্রিন্তারির, স্বান্থ্যোলভিবিধানের উপার করিতে হইবে। সে জক্ত কথাীর কথোত্যম প্রয়োজন। আমরা গঠন চাহিতেছি; গঠনের কার্য্যেই আজ আমাদিগকে আত্মনিয়োগ করিতে হইবে। সেই পথই উল্লভির পথ—মুক্তির পথ।

যাহারা সে পথ ভ্যাগ করিয়া কেবল ধ্বংসের পথে প্রধাবিত হইবেন, ওঁছোরা জাতিকে বিনাশের অসীম গহসকেই লইমা যাইবেন, এ কথা ভূলিলে আমরা আপনাদিগের ক্ষতিই করিব।

আমরা দেশের উন্নতিপ্রয়াসী--মৃক্তিকামী।
কিরপে দেই উন্নতি সাধিত হইতে পারে, তাহার
উপার চিন্ধা করাই আন ভারতবর্ধের জননারকদিগের প্রধান করব্য-- একমাত্র করণীর কার্য্য বলিকেও
অত্যক্তি হর না।

সম্ভ**রপবার প্রফ্রাকুমার**—

'ভারতবর্ধে'র পাঠক-পাঠিকাগণ খ্রীমান্ প্রফুলকুমার ^{ঘোনের} সন্তর্গ-কৃতিজের সংবাদ প্রাথিট পাইরা আসিতেছেন। এবার তিনি বিশ্বখ্যাতি অর্জন করিরা বিশ্বের দরবারে রালালী জাতিকে গৌরবান্থিত করিরাছেন। কিছু দিন পূর্ব্বে বখন তিনি কলিকাভার হেড্রা পুন্ধনিশীতে ৭২ খণ্টা ১৩ মিনিট সন্তর্গ করিরা 'রেকর্ড' ভক্ক করেন, তখন অনেকে নানার্গ ওজার-আগত্তি করিয়া তাঁচাকে তাঁহার ভাষ্য প্রাণ্য সম্মান দিতে ইতভতঃ করিয়াছিলেন। শ্রীমান্ প্রফুলকুমার তাহাতে একটুও বিচলিত না হইরা, এবার বিক্কবাদীদিগের সকল কুমুক্তি খণ্ডন করিয়া



শ্ৰীমান্ প্ৰফুলকুমার ঘোষ

সম্ভরণ-কৌশলে বিশ্বজ্ঞরী বীরের খ্যাতি লাভ করিরাছেন।
বাললাদেশের তুলনার ব্রহ্মদেশের আবহাওরা অনেকটা
বিভিন্নপ্রকারের এবং সম্ভরণের পক্ষে তাহা বিশেষ
উপবোগী নছে। শ্রীমান্ প্রকুল্লক্রার এবার সেই রেঙ্গুলে
যাইয়া পৃথিবীর 'রেকর্ড' ভক্ষ করিবার অভিলাব করেন।
ভথার রেঙ্গুনের মেরর ডাক্টার ভূগালের মেতৃত্বে একটি

কমিটী গঠিত হয়। দেই কমিটীর প্রত্যক্ষ তত্বাবধানে রেস্নের একটি প্রকাণ্ড ইদে প্রসূলকুমার গত ২২এ অক্টোবর স্কাল ৮টা ৬ মিনিটের সময় সম্বরণ আরম্ভ করেন। রেকুনের জল, হাওয়া এবং অনভ্যন্ত পারি-পার্থিক অবস্থা প্রভৃতি নানা প্রতিবন্ধকতা সত্ত্বেও প্রভূল-কুমার অবিশ্রাস্তভাবে ৭৯ ঘণ্টা ২৪ মিনিট কাল সন্তরণ করিয়া জগৎকে শুস্তিত করিয়াছেন। পঞ্চাশ ঘণ্টা সম্ভরণ করিবার পর প্রফুল্লকুমার একশত গব্দ ক্রত সম্ভরণ প্রতিযোগিতার যোগ দিতে ইজা করেন। কর্তৃপক্ষ তাহাতে অভ্নতি না দেওয়ায় ভিনি পঞাশ গল ফত প্রতিযোগিতার প্রবৃত্ত হইয়া প্রথম স্থান গ্রহণ করেন। যে অ্যাকলো-ইণ্ডিয়ান যুবক দিতীয় স্থান অধিকার করে সে তাঁহার দশ গব্দ পশ্চাতে ছিল। সাড়ে ৭৯ ঘণ্টা সম্ভরণ করিয়া ভিনি যথন তীরে উঠেন তথনও তাঁহাকে বিশেষ ক্লান্ত দেখার নাই। তিনি তীরে উত্তীর্ণ হইলে লক লক লোক ঋরধ্বনি করিয়া তাঁহার সম্বর্জনা করে। রেজুন-বাসী তাঁহার গলদেশে জয়মালা অর্পণ করিয়া মহাসম:-রোহে তাঁহাকে সন্মান প্রদর্শন করেন। তিনি কলি-কাভাম প্রত্যাবর্ত্তন করিলে কলিকাভাবাসীরাও তাঁহাকে সন্থানিত করিয়াছেন। আশীর্কাদ করি, প্রকুলকুমার তাঁহার সম্বলিত ইংলিশ প্রণালী সম্ভরণে জন্মতুক হউন।

পুনর্গ রাম-

বালালার গবর্ণর বলিয়াছেন, বালালা সরকার, বালালার আর্থিক তুর্গতি দূর করিবার কল্প বদ্ধবিকর হইরাছেন। বালালার আর্থিক তুর্গতি যে অবস্থার উপস্থিত হইরাছে, তাহা কাহারও অবিদিত নাই। দিন দিন তুর্গতি বৃদ্ধি পাইতেছে। গবর্ণর বলিয়াছেন, সমবার ব্যবস্থা, অণভার হ্রাস, জনীবস্ধকী ব্যাক্ষ— তুর্গতি নিবারণের জল্প এইরপ এইরপ আরও কতকগুলি উপার নানা প্রদেশে আলোচিত হইরাছে। কিন্তু এ বিষয়ে আর সন্দেহ নাই যে, পল্লী পুনর্গঠন ব্যতীত অল্প কোন উপারে উদ্দেশ্য সিদ্ধ হইছে, লা—হইতে পারেও না। এ আল কৃষির উন্নতি সর্ব্বাথের প্রয়োজন। কারণ, কৃষিই এ দেশের লোকের প্রথম ও প্রধান অবলম্বন—জীবিকার উপার। যে

বাসীর অন্নদংস্থান হন, ভাহাই দেশের সর্বপ্রধান শিল্প; এবং যদি ভাহার উন্নতি সাধম করা যার, তবে শিল্পোন্নতি, আস্থ্যোন্নতি, ব্যবসার সমৃদ্ধি, প্রাথমিক শিক্ষাবিতার, হিন্দু ও মৃস্গমানের বেকার সমস্ভার সমাধান এ সবই হইতে পারিবে।

আমরা বালালা সরকারের এই সক্করে বিশেষ আনন্দ লাভ করিরাছি। বালালার পত্তীর তুর্দ্ধণার কারণ একাধিক। শতবংগধিককালব্যাপী পরিবৃত্তিত অবহার বালালার সমৃদ্ধ পত্তী গ্রামগুলি ধ্বংস হইরাছে—পত্তীপ্রাণ প্রদেশে পত্তীর তুর্দ্ধণার অন্ত নাই। জনবহল গ্রামে আজ স্বজ্লবর্দ্ধনশীল লতাগুল সুর্য্যের আলোক ও বায়ুস্থার ইইতে মানুষ্কে ও ভূমিকে ব্যুক্ত করিতেছে; দেবালয়ে আর সন্ধ্যাপ্রদীপ জলে না, পাঠগোগ্রী ছাত্রশুক্ত।

কেবল বালালার নতে, নানা দেশত পল্লীগ্রামের তুর্দ্দশা ঘটিয়াছে, অথচ পল্লীর তুর্দ্দশার সহিত দেশের লোকের চুৰ্দ্ধশাও বৃদ্ধি পাইয়াছে। সে দিন বোশাইয়ের গ্রুবর সে প্রদেশের পল্লীগ্রামের পুনর্গঠন সমকে এক আলোচনা-দভা আহ্বান করিয়াছিলেন। তিনি বলিয়া-एक्न, ममवांत्र मीठि व्यवनयन कतित्रा कार्या श्रवज्ञ इहेरण, সহজে অভিপ্রায় সিদ্ধ হইতে পারে। এই সম্পর্কে আমরা আয়ার্লণ্ডের দুটান্ত ও ডেনমার্কের দুটান্ত দিতে পারি: উভয় দেশের ব্যবস্থায় প্রভেদ এই বে, ভেনমার্কে সরকার দেশবাসীর সহিত একযোগে সমবায়নীতি অনুসারে দেশের শ্রীবৃদ্ধি করিয়াছেন; আর আয়ার্লাণ্ড যখন শুর হোরেস প্লাংকেঠ প্ৰমুখ মহামুভবগণ এই কাৰ্য্যে প্ৰবুত্ত হইয়াছিলেন তথন তাঁহার৷ ইংরাজ সরকারের সাহাযা গ্রহণ না করিয়া স্বাবলয়ী হইরা কাজ করিয়াছিলেন। আজ ডেনমার্ককে সচরাচর "সমবায় সজ্ব" ব**লিয়া অভিহিত করা হ**য়। ভথায় ক্ষিই লোকের প্রধান ক্ষবলম্বন এবং গভ ১৮৮০ খুটাব্দে তথার সমবার নীতিতে কাল আরম্ভ হইবার পর ১৯১৭ খুটাব্দের মধ্যে পণোর পরিমাণ শতকরা ৮৫ ভাগ বিদ্ধিত হইরাছে। তথার ক্ষাক্তিক জাতালার সহিত দেশের অক্তান্ত শিল্প ঘনিষ্ট সম্বন্ধে বদ্ধ হইরাছে।

আরার্ল ণ্ডে স্থক্স ফলিতে বে কিছু বিলম্ব হইরাছিল, তাহার কারণ—সমবার নীতিতে বে কাল হইরাছিল, তাহা সরকারের সাহায্য লাভ করে নাই। তথাগি ভাহাতে বিজয়কর উন্নতি সংঘটত হইরাছিল, সলেহ নাই।

আৰু বধন বালালার সরকার এই কার্য্য অবহিত এবং বর্তমান শাসন-পদ্ধতিতেও গঠনকার্য্যের ভার ব্যবস্থাপক সভার নিকট কৈফিরতের জক্ত লামী মন্ত্রীর উপর ক্রন্ত, তথন অবস্তই আশা করা যার, দেশবাসীর ও সরকারের সমবেত চেটার বালালার পলীগ্রামের পুনর্গঠনকার্য্য অল্পনিনের মধ্যেই আশাস্থারূপ অগ্রনর হইবে। বর্তমান শাসন-পদ্ধতির বিক্রদ্ধ সমালোচকরা দেখাইরা দিরাছেন, এই পদ্ধতিতে যে গঠনকার্য্য আশাস্থারূপ অগ্রনর হয় নাই, তাহার কারণ—গঠন বিভাগগুলি মন্ত্রীর অধীন হইলেও সেগুলির জক্ত আবস্থাক অর্থ বরাদ্ধ করিবার অধিকার মন্ত্রীদিগের নহে; পরন্ধ সংরক্ষিত অর্থ বিভাগের। এ-বার গভর্ণর স্পৃষ্টি বলিয়াচেন—

"এ বছ আবহুক অর্থ ব্যন্ন করিতেই হইবে। আমি প্রতিশতি প্রদান করিতেছি, আবহুক অর্থ প্রদান করা হইবে। কারণ, এই কার্য্যে বে অর্থ ব্যন্তিত হইবে, হাহা সুপ্রযুক্তই হইবে এবং তাহাতে যথেষ্ট লাভ হইবে। বলা বাহল্য, এই ব্যাপারে অনিশুরের ভাগ বে নাই, এমন নহে। কিন্তু বর্তমান অবস্থার কি তাহা নাই? যদি হুই দিকেই অনিশুরতা বিশ্বমান থাকে, তবে নিশ্চল না হইয়া অপ্রদার হওয়াই সক্ষত।"

তিনি এ কথাও বিশির্গছেন যে, অন্থ্যকান, অভিজ্ঞতা, সভকতা এই ভিনের ফলে অনিশ্চরতার হ্রাস্যাধন হইবে।
এই কার্য্যের জন্ধ বাদালা সরকারের পরিচালক দেশের লোকের সহযোগ চাহিরাছেন। আমরা তাঁহাকে বলিতে পারি, দেশের লোক তাঁহার আহ্বানে সাগ্রছে অগ্রনর হইবে; কারণ—ভাহারাই ছর্দ্মশাত্বাধে পিট ইইভেছে। ভাহারা ছর্দ্মশা হইতে অব্যাহতি লাভের উপার সন্ধান করিরা উপার না পাইলেও ভাহাদিগের নেতারা সরকারের দৃষ্টি এই দিকে আহুই করিবার প্রয়াস করিবাছেন। এতাইন ভাহান্তা সরকারের সহযোগ প্ররোজন মত পার নাই। সভ্য বটে, সরকার সমবার বিভাগের প্রবর্জন হারা কৃষ্ণেকর আর্থিক অবছার উন্নতি সাধনের দেটা করিরাছেন এবং কোন কোন শিরের উন্নতি সাধন জন্ম সমবার নীতি ব্যবহার

করিরাছেন; কিছ এই সমস্তার সমাধানের জন্ম বে উভয প্রয়োজন লোকের সেই উভয়কে উরতির জররথে যুক্ত করিবার উপার অবল্যিত হর নাই; ইহার জন্ম যে আবোজন প্রয়োজন, তাহা হর নাই।

এ দেশে ক্ষির প্রয়োজন কে অধীকার করিছে পারেন? অথচ এই ক্ষিই আনাদৃত। কেবল বে বাজলার শতকরা ৭০ জন অধিবাসী ক্ষির উপর নির্ভর করে, তালাই নহে; পরস্ক ক্ষ্মির উন্নতি ব্যতীত এ দেশে শিরের উন্নতি সাধন—এমন কি শিল্প-প্রতিষ্ঠাও সম্ভব ক্ষ্মিত পারে না।

ভাহার কারণ---

- (১) শিল্পের অক্স পণ্যোপকরণ প্রয়োজন। যদি কাপড়ের কথা ধরা যায়, তবে দেখা যায় কাপড়ের প্রধান উপকরণ তুলা। ক্লবির উন্নতি ব্যতীত তুলার উন্নতি ও কলন বৃদ্ধি কর না। স্মৃতরাং দেদিকে বিশেষ মনোযোগ দিতেই হইবে। আজ কাপড়ের মত চিনির উপরও চড়া ওক প্রতিষ্ঠিত হওয়ায় দেশে চিনির কল প্রতিষ্ঠার লোকের আগ্রহ পরিলক্ষিত হইতেছে। সেকল অধিক পর্বরা-রসপূর্ণ ইক্সর চায় প্রয়োজন। কোইখাটোর ইক্সর প্রচলন যাহাতে অধিক হর এবং উন্নতত্তর জাতীয় ইক্সর উত্তবসাধনের চেটা হয়, তাহা ক্রিজে হইবে। সেকল ক্ষরির উন্নতি সাধন প্রয়োজন।
- (২) কৃষিক পণ্যের লাভ হইতেই আমাদিগকে
 অক্তান্ত শিল্প প্রতিষ্ঠার করু মৃণধন সংগ্রহ করিতে হইবে।
 তাহার অন্ত উপার কোথার ? বে মাকিণ আৰু নানা
 কলকারথানার পণ্যোৎপাদন করিয়া দিথিক্ষী হইয়াছে,
 সেই মাকিণ কৃষিক পণ্যের লাভ হইতে সে সব কলকারখানা প্রতিষ্ঠার করু আবিশুক অর্থ সংগ্রহ করিয়াছিল।

কৃষির প্ররোজন জার্মাণ মুদ্ধের সময় ইংলণ্ডও বিশেষরূপে উপলব্ধি করিলাছে। তাহার পূর্বে কলকারধানার
সংখ্যাবৃদ্ধির সঙ্গে সঙ্গে বিলাতে কৃষি অবজ্ঞাত হইতেছিল। কিছ জার্মাণ যুদ্ধের সময় খাছাশক্ষাদি স্থদ্ধে
পরমুখাপেক্ষিতার বিপদ স্প্রকাশ হওরার বিলাতের
লোকও ক্ষিতে মন দিয়াছে।

এই কৃষিপ্রাণ খেলে কৃষির উন্নতি সাধনের কন্স ত্রিবিধ কার্য্য প্রব্যোজন।—

- (১) পুর্বেশণ ও পরীকা। কোন্কোন্ ফশল ও কিরপ ব্রপাতি দেশোপ্যোগী ভাহা স্থির করিতে হইবে।
- (२) প্রদর্শন। এই সব উন্নত ফশল ও বছাদির ব্যবহান্তের লাভ ক্ষককে দেখাইনা দিভে হইবে।
- া (৩) ক্ষেত্রপ্রদার বৃদ্ধি। যাহাতে উন্নত ফশলের চাব করিয়া ও উন্নত যত্তাদি ব্যবহার করিয়া ক্রবক লাভবান হইতে পারে, সে জন্ম ভাহার কেত্রের প্রদার বৃদ্ধি করা প্রয়োজন।

যাঁহারা বলেন, এ দেশের রুষক অভিমাতায় রুক্ণদীল বিশিষা উন্নত যন্ত্ৰাদি ও উৎকৃষ্ট বা নৃতন ফশল লইতে অসমত, তাঁহারা অসার কথা বলেন। এ দেশের कृषकानि छेत्र छ यद्यानि वावशांत कतिए आधारमीन : কি**ভ অ**র্থভোবে সে স্ব সংগ্রহ করিতে পারে না। সম্বার স্মিতির সাহাব্যে যদি তাহারা সেরপ বস্তাদি লাভ করিতে পারে, তবে দে সব ব্যবহার করিতে কথনই অগমত হইবে না। ফদলের সহত্তে আমরা বলিতে পারি-এ দেশের কুষকরা কথন লাভজনক নুতন ফদলের চাবে বিরত হয় না। প্রমাণ স্বরূপ---গোল আলুর, কপির, দালগম ও গাঞ্চরাদির, চীনা-বাদানের চার্বের উল্লেখ করা যাইতে পারে। এই সব কশল নতন। কেবল ভাহাই নহে, যাহারা বালালার নীলের ইতিহাস অবগত আছেন, তাঁহাদিগকে আর বলিয়া দিতে হইবে না. বালালার ক্ষক্রা "মুলতানী" বীজ নামে পরিচিত উৎক্র বীজ সর্বালাই ক্রয় করিত।

ডেনমার্কের মত এ দেশেও বীক্ষ ও সার প্রভৃতি ক্রেরেও পণ্য বিক্রেরে জন্ম সমবার সমিতি প্রতিষ্ঠিত করিতে হইবে। সেজন্ম দেশের লোককে অগ্রনী হইরা দেশের সরকারের সাহায্য গ্রহণ করিতে হইবে। জাক্র সে কার্য্যের বে সুযোগ সম্পন্থিত, জামরা যেন সে সুযোগ না হারাই।

আৰু আমরা দেখিতেছি, মকংখলে নানাহানে বিহ্যতাবোকে সহর আলোকিত করিবার চেষ্টা হইতেছে। কিছ বতদিন দেশের হর্দশার অন্ধকার দূর না হইবে অভ্নিনই আমরা "যে তিমিরে সে তিমিরে" থাকিব। জন্ত বিহাতের প্রয়োগ-ব্যবস্থা করিরা পরে—জার্মাণীর
অমুকরণে—গ্রামে গ্রামে বিহাতের শক্তি ফলভ করা
প্রয়োজন। তাহা হইলে অনেক শিল্প আবার গ্রামে
ফিরিলা ঘাইবে: হতনী গ্রাম আবার শ্রীদম্পন্ন হইবে।

বাদালার পৃশ্ববিস্থার আলোচনা করিলে আমরা দেখিতে পাই—পল্লীগ্রামের লিক্লেই সহরের স্থাই ও পুষ্টি অধিক হইত। ঢাকা ও মূর্লিদাবাদ সহর্ত্তরের ইতিহাসের আলোচনা করিলে ইহা সহজেই ব্ঝিতে পারা ঘাইবে। এখনও বাহাতে ভাহা হয়, তাহা করিতে হইবে।

হেসর শিল্প এক দিন কোন কোন বিশেষ সম্প্রদারের মধ্যে নিবন্ধ ছিল, আজ সে সব শিল্প আর সেরপ নাই। বালালার শিল্প-বিভাগ কতকগুলি কুদ্র কুদ্র শিল্প-শিক্ষা প্রদান জন্ম যে চেটা করিভেছেন, আমাদিগের পাঠকগণ তাহার কথা অবগত আছেন। দেখা যাইতেছে, "ভদ্র" সম্প্রদায়ের বেকার ব্রকরা সাগ্রহে অমসাধ্য কার্য্যে প্রবৃত্ত হইতেছে। বাহারা শিল্প-বিভাগের কার্থানা পরিদর্শন করিয়াছেন, তাঁহারা সকলেই লক্ষ্য করিয়াছেন, এ দেশের ভদ্র সম্প্রদায়ের যুবকরা হাপরের নিকট অগ্নিকাপে শাঁড়াশী ও হাতৃড়ী ব্যবহার করিতে বিধাবোধ করিতেছেন না। এ-বার সরকার আদমশুমারের যে বিবরণ প্রকাশ করিয়াছেন, তাহাতেও লিপিত হইয়াছে, পূর্বে যাহারা কামিক-শ্রমবিমূথ ছিল, আজ ভাহারা কারিকখ্রমে কোনরূপ দ্বিধাবোধ করে না। বৃদ্ধিমান ও শিক্ষিত যুবকরা শিলে আ্থালনিয়োগ করিলে নৃতন ও উন্নত কাৰ্য্য-পদ্ধতি সহজে আয়ুত্ব করিতে পারিবে এবং তাহাদিগের চেষ্টার শিল্পে যে উন্নতি হইবে, অক্স কোন উপায়ে ভাহা হইবে না।

আমরা মনে করি, বালালা সরকার কুদ্রভাবে অরম্ভিত শিল্প বিভাগের এই কার্য্যের সাক্ষল্যে উৎসাহিত ইইয়াছেন।

অক্সদর্যনের জক্ত বাদালা সরকার ইহার মধ্যেই এক সমিতি গঠনের আরোজন করিয়াছেন। সরকারের এই কার্যাতৎপরতায় আমরা আনন্দিত হইয়াছি। সাধারণত: সরকারেয় কাজে যেকুপ বিশ্ব হয়, এ কেত্র তাহার ব্যতিক্রম নিশ্চরই সাফল্য-স্চনা ক্রিবে।

এইরূপ একটি সমিতি গঠনের প্রারোজন ইভঃপূর্বেই

অমুভত হইরাছিল। জাতিসভের সার আর্থার সল্টার এ দেশে অর্থনীতিক সমিতি গঠন করিতে পরামর্শ দেন। তিনি সমিভিকে কেন্দ্রীয় ও প্রাদেশিক চুই ভাগে বিভক্ত করিতেন বলেন। ভাহার পর বেলল চেমার অব কমার্স এ বিষয়ে সরকারের মনোধোপ আক্রণ করিয়া ১৯৩২ খুটাব্দের ৯ই ডিসেম্বর ভারিখে এক পত্র লিখেন। বেম্বল চেম্বার অব ক্যাস ভারতের বহিঠাণিজ্ঞাই অধিক মনোযোগী এবং তাঁহারা প্রধানতঃ বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের বিষয় মনে রাখিয়া পত্র লিখিরাছিলেন: ভাঁহাদিগের পদাকাত্মসরণ করিয়া দেশীয় বণিকদিগের ছুইটি প্রতিষ্ঠান এ বিবরে পত্র লিখেন। ভাঁচাদিগের পত্র পরবর্ত্তী বলিয়া সেগুলিতে বিস্তৃতভাবে আলোচনার সুবিধা হইয়াছিল। বিশেষ ইহারা এ দেশের ছোট ছোট শিলগুলির কথা উল্লেখ করিয়াছিলেন। এ দেশের সামাজিক ও আর্থিক জীবনে এই সকল শিল্পের গুরুত্ব যে অসাধারণ, তাহা বলাই বাহল্য। যতদিন এই সকল শিল্পের উন্নতি সাধিত না হইবে, ভতদিন বাঙ্গালার পল্লীর পুনর্গঠন সম্ভব হইবে না-কারণ, ভতদিন লোক পলীগ্রামে থাকিয়া অল্লার্জনের পথ পাইবে না। তাহা উপলব্ধি করিয়াই বালালার শিল্প বিভাগ কতকগুলি ছোট ছোট—খলমুলধনসাধা —শিলের জন্য লোককে শিক্ষা দিতেছেন। সামান্ত পরিবন্তনের ফলে এই সব শিল্পে কিরূপ উন্নতি সাধিত হইতে পারে, বালালার ঠকঠকি তাঁতের প্রবর্তনে ভালা দেখা গিয়াছে। তিশ বংগর পুর্বেষ মিটার হাভেল হিসাব করিয়া দেখাইয়াছিলেন— শ্রীয়ামপুর অঞ্চলে ১৭৩৩ গুটালে ঠকঠকি তাঁতের প্রবর্তন ফলে প্রায় দশ হাজার ভদ্ধবায়ের আর প্রার বিগুণ হইরাছে—তাহারা মাদে ৪ হইতে ৫ টাকার পরিবর্ত্তে । হইতে » টাকা আর করিতেছে। यमि धा दमान क्रेकिक कारक दा मद काशक श्रवह रहा, দে সকলের অন্ত ঠকঠকি তাঁতই ব্যবহৃত হয়, তবে প্রায় চারি লক ভদ্ধবারের আয় এইরূপে বৃদ্ধিত ইইতে পারে এবং ফলে ভাহারা বংসরে ১৯ কোটি টাকারও মধিক আন্ত বৃদ্ধি করিতে পারিবে।

শস্তান্ত শিল্প সম্বন্ধেও বলি এইরূপ ব্যবস্থা করা সম্ভব ইয়, তবে ভাহাতে দেশের কিরূপ উপকার অনিবার্য্য তাহা সহজেই অল্পান করিছে পারা বার। স্তরাং বাদালার উটজ শিক্কগুলির প্রতি বিশেষ মনোবোগ প্রদানের প্রয়োজন কিছুতেই অধীকার করা বায় না।

বাসালা সরকার যে সমিতি গঠিত করিবেন, তাহার কার্য্য সম্বন্ধে নিম্নলিধিত মত ব্যক্ত করা ইইবাছে:—

- (>) প্রাদেশিক সরকার যে সব বিষয়ে বোর্ডকে

 অন্ত্রসন্ধান করিতে বলিবেন, বোর্ড সেই সব অর্থ-নীতিক
 বিষয়ে অন্তর্গনান করিবেন।
- (২) সরকারের সম্মতি লইরা বোর্ড অন্তাক্ত অর্থ-নীতিক বিষয়েও অন্তুসকানে প্রবৃত্ত হুইতে পারিবেন।

স্তরাং বোর্ডের কাঞ্চ করিবার ক্ষমতা সন্ধীর্থ করা হয় নাই।

সরকার স্থির করিয়াছেন, অপ্নদ্ধান জক্ত বংশরে পানের হাজার টাকা প্রদান করা হইবে। ইহা আমরা যথেষ্ট বলিয়া বিবেচনা করিতে পারি না। আমাদিগের মতে দেশের অর্থনীতিক উন্নতি সাধনের কার্য্যে এ পর্য্যন্ত সরকার যে অর্থন্যন্ত করিয়াছেন, তাহা যথেষ্ট নহে। বালালা সরকারের উটজ শিল্প সম্বন্ধীর শেষ বিবরণের ভূমিকার দেখা যার—১৯২৪ প্র্টান্স হইতে শিল্প বিভাগে উটজ শিল্প সম্বন্ধ সংবাদ সংগ্রহ করিবার লোক নাই! এই অবস্থার জিলার কর্মগারী ও জিলা বোর্ড প্রভৃতির দ্বাদত সাহায্যে নির্ভর করিয়া বিভাগকে উটজ শিল্প সম্বন্ধীর বিবরণ প্রস্তুত করিতে হইয়াছে। যে বিবরণ এইলপে এইলেপ প্রস্তুত হয়, তাহা কত্যুর নির্ভরযোগ্য সে বিবরণ প্রস্তুত হয়, তাহা কত্যুর নির্ভরযোগ্য সে বিবরণ সন্দেহের অবকাশ থাকে।

সরকার যে সমিতিকে বালালার আর্থিক উরতি
সাধনকরে পুনর্গঠন কার্যোর উপদেশ দিবারও উপার
নির্দ্ধারণের ভার দিবেন, সে সমিতি যাহাতে আবশুক
অর্থাভাবে কাল করিতে বাধা প্রাপ্ত না হয়, সে বিষরে
বিশেষ দৃষ্টি রাখিতেই হইবে। সেইজ্লু আমরা উপযুক্তরপ
অর্থ প্রদানের ব্যবস্থা করিতে বলিতেছি।

প্রতাবিত বোর্ডের গঠন স্থকে মতভেদ আছে এবং থাকিবার সন্থাবনা। বাদালা সরকার বেরপ ব্যাপক-ভাবে প্রতিনিধি গ্রহণের ব্যবস্থা করিয়াছেন, তাহাতে বোর্ডের আরতন বর্জিত হইরা বাইবে। বিশেষ এ দেশে দেখা গিরাছে, কোন কোন প্রতিষ্ঠান প্রতিনিধি প্রেরণ

কালে সর্বাত্র যোগ্যতার দিকে লক্ষ্য রাথেন না বা রাখিতে পারেন না; কেন না, প্রতিষ্ঠানে বছষত্র প্রবেশ করে। কোন কোন প্রতিষ্ঠানে তিনি বলবের সহিত কোন কাক্ষে সম্পর্কিত নহেন—তিনি কাপড়ের কলের কোন বিষর জানেন না—তিনি ব্যাক্ষিং বিষয়ে জনভিজ্ঞ; সেরপ লোকও কলিকাতার বন্দরের পরিচালন স্মিতিতে, তৃগার কমিটাতে, ব্যাক্ষিং সন্ধান সমিতিতে জ্বাধে সদক্ত নির্কাচিত হইতে পারেন।

বালালার অবস্থা সহকে অভিক্র এবং অর্থ-নীতিক ব্যাপার অভ্যের সাহায্য না লইয়া বুঝিতে পারেন, এমন অস্ত্রসংখ্যক উৎসাহী সদস্ত কইয়া কাজ করিলে বোর্ডের কাজ বেরূপ সুসম্পন্ন হইবার সম্ভাবনা, অন্ত ব্যবস্থার তাহা হইতে পারে না।

ৰাশালার এই বোর্ডের কার্য্য কিরুপ হয়, তাহা স্থানিবার স্বস্থ বাসালার লোকের কৌতূহল খাডাবিক।

বোর্ড গঠিত হইলে কি ভাবে কার্য্যে অগ্রসর হইবেন
এবং কি কি কাজ করিবেন, সে বিষয়ে বিশেষ বিবরণ
শীঘ্রই পাওরা বাইবে। আমরা অন্থসন্ধান ফলে ইহাই
জানিতে পারিয়াছি। আমরা সেই বিকৃত বিবরণের
প্রতীকার রহিনাম এবং তাহা পাইলে এই সম্বন্ধে পুনরার
আলোচনার প্রিবৃত্ত হইব। বর্ত্তমানে আমরা কার্য্যে
প্রবৃত্ত হইবার জন্ত বাসালা সরকারকে অভিনন্দিত
করিতেছি।

বাকালার আর্থিক অবহা যে শোচনীর, তাহাতে
সন্দেহ নাই। অর্থাভাবে বাকালা সরকারের পক্ষে
প্রাথমিক শিকাও অবৈতনিক ও বাধ্যাতামূলক করা
সন্তব হর নাই; থানার থানার একটি করিয়া দাতব্য
চিকিৎসালর স্থাপিত করাও সন্তব হর নাই; শিরে
সাহাব্য প্রদান করা হয় নাই, এমন কি—মফঃস্বলে
যাবাবর শিক্ষকর্মক পাঠাইয়া যে লোককে কয়টি শিরশিক্ষা গ্রেনান করা ইইতেছে, সে জল্পও সাধারণের সাহাব্য
গ্রহণ করিতে হইরাছে! যতদিন দেশের আর্থিক
অবহার উরতি সাধিত না হইবে, ততদিন দেশের
সঠনকার্মিক আশাস্তরপ অগ্রসর কয়া সন্তব হইবে না।
ইহা ভিন্ত বিকার-সম্প্রা দেশে যে উপস্তবের জল্প ভিত্তি
প্রস্তুত করিতেছে, ভাহাও উপেকা কয়া বার না।

এই সব মনে করিয়াই বাজালা সরকার বাজালার আর্থিক অবস্থার উরতি সাধনকার্য্যে অগ্রসর হইয়াছেন। বাজালার গভর্ণর যে বলিরাছেন, এ জক্ষ টাকা দিতেই হইবে, ভাহা বিশেষ আশার কথা। দেখিতে দেখিতে কর বংসর কাটিয়া গেল, বলীর ব্যবস্থাপক সভার চিত্তরঞ্জন দাশ—অসহবোগী নেতা হইয়াও গঠনকার্য্যের প্রয়োজন উপলব্ধি করিয়া ভাহার আগ্রহে প্রভাব করিয়াছিলেন, বাজালার মফঃখলে পানীর জলের সরবরাহ করিবার জক্ত সরকার ঋণ গ্রহণ করিরা টাকা সংগ্রহ করন। বাজালার আর্থিক অবস্থার উরতি সাধিত হইলে সে কাজের কন্তু আর সরকারকে অগ্রণী হইতেও হইবে না। কিসে আর্থিক অবস্থার উরতি হয়, ভাহা প্রভাবিত সমিতি বিবেচনা করিবেন। আর্থিক অবস্থার উরতির সংক্র সংক্রেশ্ব প্রাক্তির করিবে।

স্তরাং এক হিসাবে বাঞ্চালার ভাগ্য নিয়ন্ত্রনের ভার এই সমিতির উপর হল্ড হইয়াছে। সমিতির গঠন কিরূপ হইবে. তাহা আলোচনা করিলে আমরা দেখিতে পাই, ২১ জন সভাের মধ্যে ভিন্ন ভিন্ন ব্রণিক সভার সদক্ষ ৬ জন. বিশ্ববিভালয়ের প্রতিনিধি ২ জন—এই ৮ জন বেসরকারী সদক্ত হইবেন। সূত্রাং বেসরকারী সদক্ষের সংখ্যা অল বলা যায় না। এ দেলে ক্রফদিগের কোন উল্লেখযোগ্য প্রতিষ্ঠানের অভাবে যেমন, শ্রমিকদিগের সেইরূপ কোন প্রতিষ্ঠানের অভাবেও তেমনই, এই তুই সম্প্রদারের ব্যা-ক্রমে ২ জন ও ১ জন প্রতিনিধি সরকারই মনোনীত कत्रित्न। धेर विशव यथन महकात एएटमह लाटकन খার্থরকার চেষ্টাই করিতেছেন, তথন সদক্ষরা সরকারী কি বেসরকারী তাহা বিচারের কোন প্রয়োজন অন্তুত্ত हहेर**व मां ; मकरण এकरवारण ७ मार्श्नारह ममि** छित निर्फिष्टे कार्या व्यवश्चि रहेशा वाक्लाव क्लजीव शुनक्काव সাধনে তৎপর চইবেন।

আবার এই কার্য্যে হিন্দু ও মুদলমানের আর্থ তির নহে; ইহাতে দাম্প্রদায়িকতার ছান নাই। বাললার উন্নতিতে হিন্দু ও মুদলমান উত্তর সম্প্রদারই সম্ভাবে উপকৃত হইবেন। সংপ্রতি বালালার প্রাদেশিক মসলেম নীগ বাললায় শিল্প সংস্থাপন দারা দেশের বেকার-সম্প্রার সমাধান করিতে এবং দে জক্ত বালালা সরকারকে এক কোটি টাকা খা গ্রহণ করিতে বলিরাছেন। উহোরা যে সরকারের এই প্রভাবে প্রীত হইবেন, ভাহাতে সন্দেহ নাই।

কিছুদিন হইতে লক্ষ্য করা যাইতেছে, নানাদিকে বালালীরা আর তাহাদিগগের প্রাধান্ত রক্ষা করিতে পারিতেছে না--বালালার মনীবাঞ্জ বেন আর পূর্ববং কৃত্ত হইতেছে না। বাললার আর্থিক ত্রবস্থার কেবল আর্থিক ত্রবস্থার কিলেছে। বাল্যের অভাবজনিত তর্দণা লে সকলের অভ্তম। লোককে নিল নিল। প্রনানের ব্যবস্থা করিতেও কির্দেশ স্বকারতে লোকের আর্থ-সাহাধ্য গ্রহণ করিতে হইতেছে, তাহা আন্মরা পূর্বেই বলিয়াছি।

८करन जाराहे नरह, राज्ञानीरक राज्ञाद आर्थिक অবস্থার উন্নতির জন্ম বিশেষ চেষ্টিত ছইতেই হইবে। আৰু অক্টান্ত প্ৰদেশ বাদলার ব্ৰুফ শোৰণ কৰিয়া আপনারা পুট হইবার চেটাও যে করিভেছে না, ভালা নহে। এ বিষরে বোদাইবের কথা বিশেষভাবে উল্লেখ করিতে হয়। বোষাই কেবল যে বান্ধলায় কাপভ বিক্রন্ত করিয়া লাভবান হইতেছে তাহাই নহে, পরস্ক টাকার মূল্য বিলাভের মূজ্⊹মূল্যে হাস করিবার চেটার আন্দোলনও আরম্ভ করিয়াছে। পরিভাপের বিষয় বাকলায়ও বোষাইয়ের লোকের সমর্থনকারী মিলিয়াছে গ অথচ ইহাতে যে বাঞ্লার ক্ষতি অনিবার্য্য, ভাষা দার প্রফলচক্র রার প্রমুখ ব্যক্তিরা দেখাইরা দিরাছেন। বালালীকেই বালালীর ও বাল্লার উন্নতির উপায় করিতে इहेरव । **आब वांनाना महकात ८म विश्वत उरमाठी इहे**हा বাঙ্গালীকে উৎসাহী হইছে আহ্বান করিছেছেন। আমা-দিগের দৃঢ় বিশ্বাস, এই আহ্বান বার্থ হইবে না। বাললা দরকার আজ গঠন কার্য্যের প্রয়োজন বিশেষভাবে উপলব্ধি করিয়াছেন। দেশের লোকও ভাহা ব্যিয়াছেন। ত্তরাং যে কাল ডেনমার্কে সরকারের ও দেশবাসীর সমবেত চেইার সহজ্ঞসাধ্য হইরাছে এবং বারা আরলতে কেবল দেশের লোকের চেষ্টার বিলম্বিত হইলেও সফল इंदेशोट्ड. वांकांगांत्र मदकादार **७ वांक्गांत (माटक**द সমবেত চেষ্টার ভাহা সহজেই সিম্ম হইবে।

এই প্রদক্ষে আমরা বলিব, দেশের আনেক লোক বাগালার অর্থনীতিক উন্নতির বিবন্ধ চিন্ধা করিনাছেন—
অনেকে সে বিবন্ধে উপকরণ সংগ্রহণ্ড করিনাছেন।
আজ তাঁহালিগের সাহাব্যের বিশেব প্রয়োজন হইন্ডেছে।
তাঁহারা সংগৃহীত উপকরণ প্রদান করুন, আপনাদিসের
চিন্তার ফল প্রকাশ করুন। তাঁহাদিগের দেশপ্রেম তাহাই
চাহিতেছে। দেশের ভবিশ্বৎ দেশবাসীর কার্ব্যের উপর
নিত্র করে। বাগালীই বাগালার ভবিশ্বৎ নির্মিত করিব।

বাদালা আৰু শিল্প প্রতিষ্ঠা করিতে ব্যাকুল, হইরাছে; বাদালা ভাহার বেকার-সমস্তার সমাধান করিতে উল্ডোগী ইইরাছে। এ সবই বাদালার আর্থিক অবস্থার উপর নির্জন করিতেছে। বাদালী সে কাব্দ অসম্পন্ন করিবে।

আফ্রগানিস্থানে রাজহত্যা-.

আকগানিসানের রাজা নাদিরশাহ আততারীর আক্রমণে নিহত হইয়াছেন। আফগানিস্থান ভারতবর্ষের রাজনীতিক গগনে ধুমকেতুর মত। আফগানিস্থানের পথে ভারতবর্ষে নানা উপদ্রব প্রবেশ করিয়াছে। রুশিয়া ও ভারতবর্বের মধ্যে অবস্থিত বলিয়া আফগানিস্থান এক সমরে ইংরাজের নিকট হইতে "বার্ষিক" লাভ করিত। তখন আবদর রহমান কাব্লের আমীর। আফগানিস্থানে ইংরাজ্ব দৈল প্রেরণ করিলেও ভাষা অধিকৃত রাথেন नाहै। ১৯১৯ पृष्ठीरम २ • स्म क्किशाबी ভाরিখে **मा**नक হবিবলা জেলালাবালে নিহত হইলে কে রাজ্যাধিকারী হইবেন, ভাষা শইরা বিবাদ উপস্থিত হয়---তাঁহার জ্যেষ্ঠ পুত্র এনারেৎউল্ল: রাজ্যে তাঁহার অধিকার ত্যাগ করিয়া পিতৃত্য নাশেরউল্লার পক্ষ সমর্থন করেনা। কিন্তু নিহত শাস-কের আর এক পুত্র আমাহুরা সেনাদলের সাহায্যলাভ করিয়া প্রবল হয়েন ও শাসক বলিয়া ঘোষিত হয়েন। দেশের উগ্রপ্রকৃতি লোকের দৃষ্টি দেশ হইতে বিদেশে আরুই করিবার অভিপ্রায়ে তিনি ভারতবর্গ আক্রমণ করেন। আফগানরা ভারত সরকারের নিক্ট পরাভূত হুইলেও ইংরাজ আফগানিস্থানের সম্পূর্ণ স্বাধীনতা স্ট্রীনর্তার করেন।

আমাল্লা দেশে প্রতীচ্য প্রথার যে সব পরিবর্ত্তন প্রবর্ত্তিত করেন, তাহা সে দেশে অজ জনগণের প্রীতিপ্রদাহর নাই। তিনি সন্ত্রীক ঘূরোপ পরিঅমণকালে তাহার পন্থী যে অনবগুটিতা হইরাছিলেন, তাহাতে ধর্মাক্ষকরা বিরক্তি প্রকাশ করেন। দেশে ফিরিয়া বিদ্রোহহতু তিনি দেশত্যাগ করিয়া বাইতে বাধ্য হরেন। তথন বাছাই সাকো নামক এক্ষন লোক সিংহানন অধিকার করে। নাদীরশাহ ত াতে পরাভ্ত করিয়া আফগান সিংহাননে উপবিট হই ছিলেন।

নাদীর ১৮৮৩ খুটান্ধে জন্মগ্রহণ করেন। সেনাদলে কাজ করিরা তিনি ক্রেম আফগানিস্থানের সেনাপতি হরেন। ১৯১৯ খুটান্ধে ইংরাজের সহিত আফগানদিগের যে ব্যবহার বিষর পূর্বের বলা হইরাছে, তাহা নাদীরের সাহাব্য ব্যতীত সম্পর হইত কি না সন্দেহ। ১৯২৪ খুটান্ধে নাদীর ক্রান্দে আফগান দৃত হইরা গমন করেন; কিছ আমাছরার সহিত মন্তভেদহেতু পদত্যাগ করেন। আমাছরা প্রধান সেনাপতিরূপে তাঁহার কৃত কার্য্যের শ্বারক শুস্ত প্রতিষ্ঠিত করেন।

নাদীরও প্রতীচ্যপ্রধার অস্থরাগী ছিলেন; কিন্তু ভিনি

আমার্কার মত জত পরিবর্তন প্রবর্তনের বিরোধী চিলেন।

আমাছলা দেশত্যাগী হইলে নাদীর দেশে ফিরিরা বাছাই সাকোকে পরাভূত করেন; কিন্তু আমাফুলাকে ফিরাইরা না আনিরা আপনি রাজা হরেন। ১৯২৯ খৃষ্টাব্দে বৃটিশ সরকার তাঁহাকে আফগানিস্থানের রাজা বিলয় খীকার করেন। আফগানিস্থানে আমীর আবদর রহমানের মৃত্যুর পর হইতে সিংহাসনাধিকার কইয়া যে রক্তপাত ও নরহত্যা চলিরাছে, তাহাতে ব্ঝিতে পারা যার, আফগানরা এখনও কঠোর শাসনের পরিবর্তে গণভাত্তিক শাসনের উপযুক্ত হর নাই।

নির্বাদন স্থানে ভ্রপ্র রাজা আমান্তর। নাদীরের হত্যা-সংবাদে বলিয়াছেন—নাদীর আফগান, সেই জন্ম জাহার মৃত্যুতে তিনি হঃখিত হইলেও নাদীর অত্যাচারী ছিলেন বলিয়া ভাহাতে তিনি আনন্দিত। তিনি বলেন, নাদীরের আদেশে বহু মনীধী নিহত হইয়াছেন। তিনি বলিয়াছেন, আফগানরা যদি তাঁহাকে ও তাঁহার কার্য্যুক্তি চাহে, তবে তিনি দেশে ফিরিতে প্রস্তুত আছেন।

আফগানিস্থানের রক্তরঞ্জিত রক্তরঞ্জির আবার কোন্ অভিনয় আরম্ভ হইবে, তাহা কে বলিবে ?

প্রলোকে কবি মোজাস্মেল হক-

আমাদের প্রম বন্ধু, প্রাচীনত্য মুগলমান কবি মৌলবী মোলাম্মেল হক মহালর বিগত ১৪ই অগ্রহারণ বৃহস্পতিশার তাঁহার শান্তিপুরের বাসভবনে ৭৩ বৎসর বন্ধসে পরস্কৈতিকগত হইয়াছেন। র্দ্ধ বরুসে তাঁহার প্রস্থানের সমগ্র হইলেও আমরা তাঁহার ভার •মহাহভব, সরলম্বভাব, বন্ধুবৎসল কবির প্রাগ্নানে বিশেষ শোকাম্ভব করিতেছি। তিনি ৪০ বৎসরকাল শান্তিপুর মিউনিসি-পালিটীর সদ্স্র ছিলেন; করেকবার ভাইস-চেয়ারম্যানের কার্যাও করিয়াছেন। তাঁহার অমায়িক ব্যবহারে দেশের লোক তাঁহাকে বিশেব শ্রদা করিতেন। তাঁহার এই স্থীর্য জীবনকাল তিনি বেষন দেশের ও দশের সেবার নিযুক্ত ছিলেন, তেষনই তিনি বাদালা সাহিত্যের একনিষ্ঠ সেবক ছিলেন। তাঁহার কবিতা ও গছরচনার হারা তিনি বাদালা সাহিত্যকে সমৃদ্ধ করিয়া গিয়াছেন। বলিতে গেলে, বাদালা-সাহিত্য-সেবার মৃস্লমানগণের মধ্যে বাহারা অগ্রণী ছিলেন, মৌলবী মোজাম্মেল হক মহাশর তাঁহাদের অক্ততম ছিলেন। আমরা তাঁহার শোকসন্তথ্য আগ্রীয়বন্ধুগণের এই গভীর শোকে সহাস্থ-ভৃতি প্রকাশ করিতেছি।

আচার্য্য প্রফুল্লচন্দ্রের সম্মান-

বিগত ২র৷ নভেম্বর লওনের কেমিক্যাল সোসাইটার এক অধিবেশনে আচার্য্য সার প্রফুল্লচন্দ্র রায় সর্ব্যসমতি-ক্রমে উক্ত সোদাইটীর অনারারী ফেলো নির্বাচিত হইয়াছেন। ইহা উল্লেখযোগ্য যে, আচার্য্য প্রফল্লচন্দ্র উক্ত সোসাইটীর সাধারণ সদস্ত থাকা সত্ত্বেও তাঁহাকে এইরূপ উচ্চ সম্থানে সম্মানিত করা হইয়াছে: উক্ত কেমিক্যাল সোদাইটা কলাচিৎ অনারারী ফেলো নির্মাচন করিয়া থাকেন। এ বার কিছু তাঁহারা পথিবীর নানাস্থান হইতে সাভজন অনারারী ফেলো নির্বাচন করিয়াছেন: তাঁহারা সকলেই লক্সতিষ্ঠ ও খ্যাতনাম বৈজ্ঞানিক। এই সাতজন পৃথিবী-বিখ্যাত বৈজ্ঞানিকের মধ্যে আমাদের বরণীয় আচার্য্য প্রফুলচক্রের নাম গ্রীত হওয়ার সমস্ত ভারতবাসী গৌরবান্থিত হইরাছেন। আমরা আশা করি, তাঁহার লাগ্ন বিশ্ব-বরেণ্য রাসায়নিক পণ্ডিত দেশে বিদেশে এখন যে সম্মানলাভ করিয়াছেন, তাহা অপেকাও অধিকতর স্থানলাভ করিয়া ভারতবর্তের মুধ আরও উজ্জ্ব করিবেন।

ত্রম সংশোধন

বিগত সংখ্যার ৩০ পৃ: ১৪ পংক্তিতে "গদামাবিধ্য তরদা" এইজপে হইবে। ৬০ পৃ: প্লোক ১৯০২০ স্থানে "১৯—২০" হইবে। ৩৪ পৃ: ২য় কলমে ১২ পংক্তিতে "প্রমান" স্থানে "নিবান" হইবে। ৭৮ পৃ: ২৩নং ব্যারানে "Carge"এর স্থানে "Large" ও "Frollow" স্থানে Follow" হইবে। ৮০ পৃ: ২৭নং ব্যারানে "Back" হইবে। ব্যায়ামগুলির অনেক স্থানে "Gircle" আছে তাহার স্থানে "Circle" হইবে।

সাহিত্য-সংবাদ

মবপ্রকাশিত পুস্তকাবলী

শীপ্রবোধকুমার সাস্তাল প্রনীত অবিকল"—>

বিব্রুল্লের দেন প্রনীত "শিও জগৎ"—>

বিব্রুল্লের বহু প্রশীত উপজাস "হে বিজয়ী বীর"—২

বিক্রুল্লের বহু প্রশীত উপজাস "হে বিজয়ী বীর"—২

বিক্রুল্লের বহু প্রশীত উপজাস "তালাময়ী"—>

বিব্রুল্লের প্রশীত উপজাস "তালাম নাম বিজ্ঞান বিশ্ব বিশ্ব

শ্ৰীবৃদ্ধদেব বহু প্ৰণীত উপস্থান "খ্সর পোধ্লি"— ২ শ্ৰীমেঘনাদ শগ্না বিরচিত উপস্থান "মডেল-সতী"— ২ শ্ৰীমচিন্তাকুমান সেনওপ্ত প্ৰণীত উপস্থান "তৃতীর নামন"— ২ শ্ৰীমনোগ্নমা শুহ ঠাকুরতা প্ৰণীত গঙ্গন্ধ "বাতু কয়"— 1/ ০ শ্ৰীবিদ্যানত পাশশুগু প্ৰণীত "উজয় ভারতী"— 10 শ্ৰীবীভানাৰ শুৰুত্বৰ প্ৰণীত শানীর প্ৰন্ধবাদ শু প্ৰক্ষ সাধ্যা"— ১1০ শ্ৰীবৃদ্ধদেব বহু প্ৰণীত জেলেদের গল্প "ল্ম-পাড়ানি"— 1/ ০



"রাহণ ও উদ্ধোধন"

শিলী—ইন্তুক অযোদ্ধালাল সাংগ



সাঘ-১৩৪০

দিতীয় খণ্ড

अकविश्म वर्ष

দ্বিতীয় সংখ্যা

ব্রজের রুষ্ণ কে ও কবে ছিলেন ?

শ্রীযোগেশচন্দ্র রায় বিভানিধি

(১) কৃষ্ণ ডিন

বিপুল মহাভারতে কত চরিত কত উপাথান আছে, কিন্তু কৃষ্ণের বাল্য-চরিত ও এজ-লীলার নাম-গদ্ধ নাই। থিল হরিবংশে রুফ্-চরিত বিভারিত আছে। কিন্তু এটি মহাভারতের থিল, পরিশিষ্ট, মহাভারত-রচনার সম-কালিক নয়। আরও আশ্চর্যের কথা, নানা কালে নানা কবি মহাভারতে নানা বিষয় অহ্প্রবিট করিয়াছেন; কিন্তু কেহ রুফের বাল্য-চরিত করেন নাই। অতথব দেখা যাইতেছে, মহাভারতের বহুকাল পরে ইহার স্ষ্টি। কবে ইহার স্ষ্টি।

মংগ্রারতে শ্রীকৃষ্ণ স্থানে স্থানে নারারণের অবতার।

সানে স্থানে তিনি নারারণের অংশ (আদি ৬৭)।
ভগবদ্গীভার ঈশর। কিনুসকলে বিশাস করিত না।
করিতে কুরুক্ষেত্র যুদ্ধ হইত না। কেহ কেহ বিশাস
করিত, কথনও করিত না। অর্জ্ন শ্রীকৃষ্ণের স্থা।
ভিনি শ্রীকৃষ্ণকে ঈশর জান করিতেন না। ভগবদ-

গীতার বিষর্প-দুর্শনের পর অর্লের বিষাস জারে, কিন্তু, সে বিষাস পরে শিথিল হইরা পড়ে। লোকে অসামার শক্তি-সম্পর মাহবে ঐশী-শক্তি অহমান করে, তাইাকে ঈশ্বরের অবতার জানে ভক্তি শ্রুরা করে। এ কথা প্রাণে আছে। কিন্তু সকলেই ঐশী-শক্তি দেখিতে পায় না। তাহারা উদাসীনও থাকে না, বিদ্বেষী হয়। তথন ভক্তেরা অবতারের অলৌকিক কর্ম কীর্তান করে, বছলাকে বিশ্বাস্থ করে। মানবের এই ছই বিভিত্র মভি বুগে বুগে প্রকটিত হইরাছে, অভাপি, অপ্রত্যরের দিনেও ছ্প্রাপ্য হয় নাই। প্রভেদ এই, ইদানী লোকে অবতার না বিলয়া 'মহাপ্রুর', 'ঈশ্বর-প্রেরিত পুরুর,' 'বোগী পুরুর,' ইত্যাদি বলে। বিছেটা ছিল্লাহেরণ করে।

পুরাণে লেখে, বৃক্ষতা, পশু পদ্দী, গো মছয়, প্রাভৃতি বাবডীর জীব নারায়ণের অবতার। এ সব সামায় অবতার। বিশেষ অবতারও ইয়াছেন, হইবেন। কেহ অংশ-অবভার, কেহ অংশাংশ-অবভার, কেহ
অংশাংশ-কলা-অবভার। বিষ্ণুপ্রাণে ও হরিবংশে শ্রীকৃষ্ণ
অংলাবভার, ভাগবতে পূর্ণ অবভার, ত্রন্ধবৈর্তে পরিপূর্ণ
অবভার। এই প্রাণে আর এক কথা আছে। শ্রীকৃষ্ণ
বেছ-বীপ-রিরাজিভ, খেত-বীপ-নিবাসী। মহাভারভের
এক স্থানে আছে, নর-নারায়ণ নামে তুই পূর্বদেব, পূর্বমধি
খেতবীপে আছেন। নারদ দেখিতে গিয়াছিলেন।
মনে পড়িতেছে, কোন কোন পণ্ডিত এই খেত-দ্বীপ
নিবাসী নারায়ণকে যিশুঝুই মনে করিয়াছেন। কিন্তু,
খেত-বীপ পৃথিবীতে নয়, দিব্যলোকে। সে রহস্থ
বর্জমানে রহস্তই থাক।

মহাভারতের যুদ্ধকুশল নীতিজ কৃষ্ণ, গীতার জ্ঞানযোগী ভগবান কৃষ্ণ, আর পুরাণের ব্রহ্মলীলার কৃষ্ণ আদিতে শ্বতম্ম ছিলেন। পরে মহাভারতের আদি রুঞ্চরিতে এশী শক্তি আসিয়াছে, এবং আরও পরে পুরাণ-বর্ণিত ব্ৰলীলা আবোপিত হইয়া সমস্থার সৃষ্ঠি করিয়াছে। ব্রজের কৃষ্ণ-চরিতের আরম্ভ বিষ্ণু পুরাণে, প্রদার হরিবংশে ও ভাগবতে, পূর্ণতা ব্রন্ধবৈর্ত্ত পুরাণে। 'গো' শব্দের নানা অৰ্থ আছে। এক অৰ্থ, হৰ্গ; এক অৰ্থ রশ্চি। অভ্ৰব গোপ হৰ্য, গোপী তারকা। দ্বার্থ শব্দ পাইলে ও বিটিজ নিদর্গ দেখিলে লোকে মনোরঞ্জন উপাধ্যান त्राप्ता करत, कवि जाश भूर्ग ७ वाखविक कतिया जुरनन। কবি-প্রতিভারারা মিথ্যা সৃষ্টি সভারপে প্রতিভাত হয়। বিষ্ণুপুৰাণের কালে ক্লেডর ত্রজলীলা বুপকের অবস্থা সম্পূর্ণ উত্তীর্ণ হয় নাই। মন দিয়া শব্দার্থ স্মরণ করিয়া পড়িলে বৃঝি, কৃষ্ণ সুর্যের প্রতিবিদ্ধ, গোপীরা তারকা। সেকালে লোকে মনে করিত স্থ-রশ্মি হেতু তারকার দীপ্তি। ভাগবতে ৰূপকের চিহ্ন অস্পট। একাবৈবর্তে वाधा नाम व्यानिका मृत (तथारेका निकारकः। कृत्कत उक-नीना चर्यत्र त्लक। त्कर उत्कत्र त्रांशांन हित्नन नां, গোপীবলভও ছিলেন না। অথবা মুগে মুগে ছিলেন, যুগে যুগে থাকিবেন ৷

ঋগুবেদে প্র্যা-ঘটিত রুপক অনেক আছে। শংসর সামান্ত অর্থ বারা রূপক ব্ঝিতে পারা বার না। ঐত-রেরোপনিবৎ লিখিয়াছেন, "পরোক্ষপ্রিরা ইব হি দেবাঃ," দেবভারা প্রোক্ষপ্রির। অর্থাৎ দেবতার নাম ও কর্ম স্পটাৰ্থ ভাষাৰ করিবে লা। উপনিৰদেও স্থানে স্থানে এত রূপক আছে যে সে সাকেতিক ভাষা ব্ঝিতে পারা বায় না, নানা ভায়কারের নানা ব্যাখ্যা হইরাছে।

বিষ্ণুপ্রাণ জানিতেন, ক্ষেত্র বাল্যক্রীড়া রুপক।
তিনি ক্ষেত্র রাস-লীলার ধর্ম-বিরোধী কর্ম দেখিতে
পান নাই। ভাগবত প্রাণ পরীক্ষিতের মুখ দিবা
সল্লেহ প্রকাশ করিরাছেন। কিন্তু শুক্দেবের উন্তরে
রাজা সভ্ট হইরাছিলেন কিনা সন্দেহ। ক্রন্ধবৈবর্ত প্রাণ রাধা-ক্ষেত্র লোকাচার-ও ধর্ম-বিরুদ্ধ প্রণর ক্রনা
ভারা রূপকের সীমা অভিক্রেম করিরাছেন। অগ্বেদের
যম-যমীর সংবাদও রূপক বটে, কিন্তু ঋষি যম-যমীর ভাইভগিনীর বিবাহ দৃণ্য বলিয়া হইতে দেন নাই। উপনিষৎ
সবিতার ভা্তি করিয়াছেন কিন্তু সবিতা যে কে, তাহা
ভূলেন নাই।

"যো দেবো অগ্রে যো অপ্য যো বিশ্বং ভূবনমাবিবেশ। য ওষধীযু যো বনস্পতিষু ভগ্মে দেবায় নমোনমঃ॥"

হে দেব আয়িতে যিনি জালে যিনি বিশ্বভ্বনে প্রতিষ্ট হইয়া আছেন, যিনি ওম্বিতে যিনি বনস্পতিতে, দে দেবকে বার বার নম্ভার করি।

(২) ব্রজের কুষ্ণ

বিষ্ণুপ্রাণ, হরিবংশ, ভাগবত, ও ত্রদ্ধবৈবর্ত্ত পুরাণে ক্ষমের ত্রদ্ধনীলা বর্ণিত আছে। ত্রদ্ধাপুরাণ ছিল না। ইহার বর্তমান ওড়ীর সংস্করণে বিষ্ণুপ্রাণ হইতে অবিকল গৃহীত হইলাছে। বায়ুপ্রাণেও ছিল না, কালাস্করে অর প্রাণিও হইলাছে। পদ্মপ্রাণ দেখি নাই। প্রাণের মধ্যে বায়ুও মংশ্র প্রাভন, মহাভারতে এই তুই প্রাণের নাম আছে।

শীক্ষণ কে ? বিষ্ণুর অংশাংশ। বিষ্ণু কে ? হাদশ নাসের হাদশ আদিত্যের কনিষ্ঠ আদিত্য। মংশু বাছ বিষ্ণু প্রশৃতি প্রাণে বিষ্ণু ফাল্গুন মাসের আদিত্য। এখনকার ফাল্গুন নর। এই ফাল্গুনে রবির উত্তরায়ণ শেহ হইত। প্রাণের কালে পৌষ মাসের। পরে এ বিষয় বিভারিত করা হাইবে।

পুরাণ বলেন, দেবকী 'দেবতোপমা,' এবং অদিভিন

জংশ। জদিতির পূত্র জবশ্য জাদিত্য। বার্পুরাণ (জঃ ২০) বিধিয়াহেন

দেবদেবো মহাতেশাঃ পূৰ্বং কৃষ্ণ: প্ৰজাপতি:। বিহারাৰ্থং মনুযোধু ক্ষকে নারারণঃ প্রস্তুঃ। দেবদেব মহাতেশা 'প্রজাপতি' প্রস্তু নারারণ কৃষ্ণ মনুষ্য-লোকে বিহারার্থ 'পূর্ব দালে' ক্ষমগ্রহণ ক্রিয়াছিলেন।

ব্দিতেরণি পুত্রত্বেক্তা বাদবনন্দন:।

দেবো বিষ্ণুরিতি খ্যাত: শক্তাদবরজ্যোহ চবং ॥ যাদব-নন্দন, অদিতির পূক্ত অসীকার করিয়া ইন্দের অমুক বিষ্ণু নামে খ্যাত হইয়াছিলেন। (বহু,ত: কৃষ্ণ উপেক্র, ইক্রস্থানীর। ইক্র রবির দক্ষিণায়ণারন্তের ক্র্য। এ কথা পরে বিশদ করা যাইবে।)

বায়পুরাণ শৈব। ইহাতে শ্রীক্ষের জন্মকাহিনী অনাবশ্যক ভাবে পরে যোজিত হইরাছে। ত্রন্ধাণ্ড পুরাণও শৈব, এবং ক্রন্ধাণ্ড ও বায়ু মূলে একই ছিল। ত্রন্ধাণ্ড পুরাণে ("বিশ্বকোষে"র) ক্ষেত্র জন্ম-কাহিনী নাই।

বন্ধপুরাণ বৈষ্ণব! ইহার পুরাতন অংশে (আ: ১৪)
বন্ধদেব দেবকীপুত্র শৌরি শ্রীক্ষের বংশ-বৃভাক্ষ আছে,
কিন্তু বালাচরিত্র নাই। নৃতন অংশে বিষ্ণুপুরাণ হইতে
বালাচরিত্র অবিকল গৃহীত হইরাছে। মংল্য পুরাণও
বৈষ্ণব। কিন্তু এই পুরাণ ক্ষেত্র অবতারত্ব শ্রীকার
করেন নাই। এই পুরাণে (আ: ৪৭), অবভার দশ
বটে, ভন্মধ্যে প্রথম তিনটি 'দিবা' অর্থাৎ দিব্যলোকে,
এবং সাভটি মান্থবাবতার। বথা, দভাত্রের, মান্ধাতা,
দামদর্যা, দশর্থ-নন্দন রাম, পরাশর-নন্দন বেদব্যাস,
বৃন্ধদেব ও করী। ঋষিগণ কহিলেন, বৃন্ধদেব কে, দেবকী
কে, নন্দগোপ কে, বশোদা কে গ শুত কহিলেন,
পুর্বদ্ধ কণ্ডপ, শ্লীশ্ব অদিতি। (কণ্ডপ ও অদিতির
পুত্র অবণ্ড আদিত্য।)

অবশ্য আকাশের আদিত্য খ-ছান ভ্যাগ করির।
মত্যলোকে জন্মগ্রহণ করেন নাই। শ্রীক্রকে আদিভ্যের
অংশ ছিল। শ্রীকৃক্ষ অংশাবতার। আমরা হুই ব্যক্তির
কর্মে নাদৃষ্ঠ দেখিলে হুইকে এক মনে করি। প্রথমে
মাত্র উপমা, পরে ছুই এক হুইরা পড়ে। কুফের জন্মে
ও ব্রক্সীলার ইহার বিপরীত ঘটিয়াছে। শ্রীকৃষ্ণ অবশ্য
ছিলেন, কিছু ভাহার বাল্যচরিত জানা ছিল না। সে

চরিতটি বিষ্ণুর অংশের চরিত, স্বচরিত। এইর্পে বিষ্ণুরই নানা অবভার হইরাছেন, হইবেন, অস্কু কাহারও হর নাই, হইবে না। ঋগুবেদে আদিত্যর্প স্বর্বের উপাসনা আছে, ছালোগ্য উপনিবলে আছে, পুরাণে আছে। সৃষ্টি পালন-শক্তির নাম বিষ্ণু। বিষ্ণুশক্তিই স্বের্গ শক্তি, স্ব বিষ্ণুর দ্যোতক।

(৩) গৰ্গ জানিতেন

এক গর্গমূলি দেবকী-নন্দনের নাম কৃষ্ণ রাখিয়া-ছিলেন। তিনি যাদবদিগের পুরোহিত ছিলেন। বস্থদেব মুনিকে গোপনে গোকুলে পাঠাইয়াছিলেন। ভাগবত পুরাণ বলিতেছেন, পর্গ ষতুকুলের আচার্য, ইহা সকলেই कांत्रिक, कःमुख कांत्रिक। वसुरमस्वत्र महिक नस्मन्न স্থাও ছিল। অভএব কংস জানিতে না পারে এই অভিপ্রায়ে গর্গ গোপনে ত্রজে গিয়া কুফের নামকরণ ও অর্থাখনের ব্যবস্থা করিয়াছিলেন। নক প্রতিক পাদ্যার্ঘ্য দ্বারা পূজা করিয়া বলিডেছেন, "জ্যোতির্গণের গতি-বোধক যে জ্যোতিষ শাস্তে অতীন্ত্রিয় জ্ঞান করে. আপনি সাক্ষাৎ সেই জ্যোতিষ্ণাস্ত্র প্রণয়ন করিয়াছেন। আপনি বেদবেতাদিগেরও শ্রেষ্ঠ; অভএব এই বালকের (রাম ও কুফের) সংস্থার করা আপনার ভাটত।" ("বলবাসী"র অভ্নবাদ)। কৃষ্ণ যে কে, গর্গ এই সময়ে नक्त कालाहे जावाद विविधिक्तिन । देववर्रभूदारम गर्भ নন্দ-যশোদাকে স্পষ্ট ভাষায় বুঝাইয়া দিয়াছিলেন। আশুৰ্য এই, এত জানিয়া শুনিয়াও নন্দ কৃষ্ণকে ৰনে ধেছ চরাইতে পাঠাইতেন! ভিনি নিধ্নিও ছিলেন না।

একদা নন্দ শিশু কুফকে কোলে লইয়া বুলাবনে গাই চরাইতে গিয়ছিলেন। কুফের মারার নতোমগুল মেঘাছের হইল, দাবুণ ঝঞাবাত, মেঘগর্জন, বজ্জধনি হইতে লাগিল, অভিত্ন বৃষ্টিধারা পড়িতে লাগিল। নল্দ ভীত হইলেন, গাই রাধিরা কুফকে গৃহে লইতে পারিলেন না। এমন সমর দেখিলেন, সেধানে রাধিকা! নল্দ তাহাঁকে নির্জনে দেখিয়া আশ্চর্য হইলেন, কিন্তু ক্ষণমাত্র। তিনি কহিলেন, "আমি পর্গমুধে জানি, তুমি কে, কুফই বা কে।" এই ঘটনাটি যে উদ্দেশ্যে রচিত হউক, গর্গ

লানিতেন রক্ষ কে, রাধিকা কে।
ক্রিকুপুরাণও
বিধিরাছেন, গর্গ জানিতেন। আশ্চর্য এই, কোনও ধ্রথি
জানিলেন না, ত্রিকালদর্শী বেদব্যাসও জানিলেন না,
কৃষ্ণ কে। এক জ্যোতিষী জানিলেন, কৃষ্ণ কে।
জ্যোতিষী গ্রহ-নক্ষত্র দেখেন, শীজি গণেন। অভ্যান হয়
ক্রেয়ের বালাচরিত ভাইারই স্পষ্টি।

(৪) কবে জন্ম ?

মংস্তপ্রাণ বলেন (আ: ৪৬), রোহিণী পত্নীর গর্ভে বন্ধদেবের সাভ পূত্র, এবং দেবকীর গর্ভে সাভ পূত্র হয়। রোহিণীর ভোষ্ঠপূত্র বাম। দেবকীর সাভ পূত্রকে কংস বিনাশ করেন। ইহাঁদের জ্যোষ্ঠ শৌরি। দেবকীর সপ্তম পূত্রের নাম এক স্থানে ভজবিদেহ, অক্সন্থানে মদন। কেহই কারাগারে জন্মের পরেই বিনাই হন নাই। আর, ক্ষ্যু-

প্ৰথমা বা অমাবতা বাৰ্ষিকী তু ভবিষ্যতি। ততাং ৰজে মহাবাহু: পূৰ্বং ক্লফ: প্ৰজাপতি:॥

"প্রথম বাধিকী অমাবক্তা তিথিতে মহাবাহ, "প্রজ্ঞাপতি" কৃষ্ণ পূর্বকালে জন্মগ্রহণ করিরাছিলেন।" 'বাধিকী' শব্দে বংসিলের কিয়া বর্ধাকালের ছুইই বুঝার। বর্ধাকালের প্রথম অমাবক্তা নির্দিষ্ট ছিল না। এই অর্থ হইতে পারে না। যে অমাবক্তার বংসর আরম্ভ হইত, সেই অমাবক্তার জন্ম হইরাছিল।

এখানে আরও লিখিত আছে, ক্ষেত্র জন্মের পূর্বে বস্পদেবের বে-সকল পুত্র ইইয়াছিল ভাহারা ভীম-বিক্রম ছিল। অনস্তর ক্ষেত্র বাক্যে বস্পদেব শৌরিকে (কৃষ্ণকে) নন্দগোপ-গৃহে রাখিয়া আসিয়াছিলেন।

মংশুপুরাণ এই পর্যন্ত শুনিয়াছিলেন, পরবর্তী কালের শীক্ষ-জন্মবৃতান্ত কিছুই শোনেন নাই। তাহাঁর বাল্য-লীলা অঞ্চলীলা কিছুই শোনেন নাই। কিন্তু বংশবৃত্তান্ত জানিতেন।

বিষ্ণুপুরাণ (৫) জঃ ১) বলেন, ভগবান্, পরমেশ্বর

 এই পুরাণ অত্যক্তি করিরাছেল। গর্গ রাধিকার নাম রাখেন লাই। তাহার নাকু ক্রানেল নাই।

স্বরগণকে খেত ও কৃষ্ণ তুইটি কেশ দিয়াছিলেন। দেবকীর
আইম গর্ভে এই কেশ জয়য়য়হণ করিয়া কংসকে নিপাভিত
করিবে। নারদ কংসকে বলিয়া দলেন। দেবকী ও
বস্থদেব গৃহমধ্যে আবদ্ধ হইলেন। হিরণ্যকশিপুর ছয়
পুত্র বিধ্যাত ছিল। তাহারা পাতালে থাকিত। এই
ছয়টি একে একে দেবকীর অঠরে আসিয়া পরে কংস
ছারা নিহত হইলেন। সপ্তম গর্ভে বিফুর শেষ (অনস্ত)
নামক অংশ প্রবেশ করিলেন। কিন্তু গোকুলে রোহিনীর
পুত্র হইলেন। ইহার পর অইম গর্ভে শ্রীকৃফ্রের কায়
হইল। কোন্দিন? তিনি যোগমায়াকে বলিতেছেল,

প্রাবৃট্কালে চ নভদি কৃষ্ণাইম্যামহং নিশি। উৎপ্ৰজামি নব্ম্যাঞ্চ প্রস্তিং ত্ব্যবাপশুদি॥

"আমি প্রাবৃট্কালে আবিণ মাসে ক্ষণকের অইমীতে নিশীথ সময়ে জন্মগ্রহণ করিব। আব তুমি নবমীতে করিবে।" (অবশু সেই রাতো। 'নভসি' সৌর আবিণ)। ইহার পর কি হইয়াছিল তাহা সকলেই জানেন।

কৃষ্ণ প্রজাপতি। প্রজাপতি বৎসর বা বৎসরের আধ্যক্ষ, মুগেরও অধ্যক্ষ। যে-সে দিন বৎসর আহন্ত হয় না। ক্র্যাংশ শ্রীকৃষ্ণও বৎসরের যে-সে দিন জন্ম গ্রহণ করিতে পারেন না। বৎসরের বিশেষ দিন চারিটি; ছুই বিশ্ব ও ছুই আম্মন দিন।†

রবির দক্ষিণারণ দিন হইতে প্রার্ট আরম্ভ। এই দিন অমুবাচী। শ্রীক্ষেত্র জন্মরাত্তে ঘোর বৃষ্টি হইরাছিল।

^{*} বোধ হয়, ছালোগ উপনিষদ ইইতে এই কেশ কয়না। সবিভা পূর্বের ত্রিবিধ রশি আছে। লোহিত রশি বারা অগ্নি, বেত রশি বারা জল, এবং কৃষ্ণ রশি বারা অয় উৎপল হয়। এই ভাব প্রাণে বিভারিও বণিত আছে। পূর্বই বৃষ্টির ও ও্যধির প অয়ের কায়ণ। অশন্ত কেশ আছে বলিরা কৃকের এক নাম কেশব। কেশ রশি।

[†] বিশুপি টের জ্যাদিন এমন কি কাশ-বংসর কাশা নাই। প্রিটান পভিতের। বলেন, তিনি থি পু ৮ হইতে ও আবোর মধ্যে জানিলাছিলেন। ঝি-পু চতুর্ব শতাল হইতে ২ংশে ভিনেশ্বর জন্মধিন ধরা হইতেছে। তৎপূর্বে ৬ই জামুলারি ধরা হইত। সেধিন 'মিএ' নামক আখিতে।র পূজা হইত। এই দিনে পাশ্চাত্য পাঁজি অমুসারে পূর্বের উদ্ভরারশ হইত। অধ্যাপি ফটল্যাতে ১লা জামুলারি বিশৃথি টের ক্মানিন পাঁলন করা হইতেছে।

প্রতি বংসর দক্ষিণারণ হয়, অস্বাচী হয়, পূর্ব কালেও হইত। কিন্তু প্রতি-বংসর আবল ক্ষাইমীতে হইত না। বদি কোন বংসর হইত, সে বংসর পোষ ক্ষা চতুদ শীতে উত্তরায়ণও হইত। এবং বদি উত্তরায়ণ দিন হইতে বংসর আরন্ত হইত। সে আমাবস্তা বার্ষিকী প্রথম আমাবস্তা। অতএব দেখা বাইতেছে, মংস্য ও বিষ্ণু পুরাণের উক্তির মধ্যে সহদ্ম আছে। বিষ্ণুপুরাণ দক্ষিণায়ণ দিনে, মংস্যুপুরাণ উত্তরায়ণ দিনে জন্মিন ধ্রিয়াছেন। বংসর্তি একই।

পৌষের অন্তম মাস, প্রাবণ। প্রকৃত পক্ষে প্রাকৃষ্ণ সপ্রম গর্জ। পৌষ মাস শেষ হইতে মাত্র একদিন ছিল। তাইাকে পৌষ হইতে প্রাবণ অন্তম মাসে অন্তম গর্জ হইতে হইরাছিল। দক্ষিণায়ণের ছর মাসের ছর আদিত্য দেবকীর বড় গভ হইরাছিল। এই ছর পাতালবাদী ছিল। দক্ষিণায়ণ দিনে রবির উদয়-ক্ষালে দক্ষিণায়ণের ছর মাসের রবি-পথ পৃথিবীর অধোদিকে, পাতালে থাকে। বিনই বড় গভ হিরণাক্ষিপুর পুত্র। হিরণাক্ষিপু, কালপুরুষ নক্ষত্র দক্ষিণারণের ছর মাসের মধ্যে (অগ্রহারণ মাসে) সন্ধ্যার পর উদিত হর। তুই অয়ণের যোগ রাধিবার জঞ্জ বড়গভের করনা।

পূর্বকালে আবেণ কৃষ্টেমীতে দক্ষিণায়ণ হইতে পারিত। হইলে পোষ কৃষ্চ চতুদ শীতে উত্তরায়ণ এবং পোষ আমবজায় নৃতন বৎসর হইত। বোধ হয় কৃষ্টেমীতে ক্ষাগ্রণের জন্ত হেতুও ছিল। কৃষ্ণাইমী অইকা। বার মানে বার পূর্ণিমা, বার অইকা, বার অমাবজার স্থায় অইকা, গাহে প্রসিদ্ধ আছে। পূর্ণিমা ও অমাবজার স্থায় অইকা, মানের বিশেষ দিন গণা হইত। জইকায় আছ হইত।

কিছু পুরাণে প্রজাপতি-কুফের জন্ম-তিথি লিখিত

হইরাছে। মহাজারতের কৃষ্ণ প্রজাপতি ছিলেন না।
পুরাণের কৃষ্ণ কালীর দমন করিরাছিলেন। পরে দেখা
যাইবে, ইহা প্রিপূ ১০৭২ অন্ধের ঘটনা। জভএব
যুদ্ধ-কালের জালী বৎসর পরে জাসিতে হইতেছে।
জনবিধি প্রিপু ৬০০ অন্ধ পর্যন্ত লাভ বৎসরের মধ্যে
প্রায় চলিল বৎসরে প্রাবণ ক্ষাটনীতে দক্ষিণারণ হইয়াছিল। ইহাদের মধ্যে কোন্ বৎসরে মু তুই কারণে সে
বৎসর শ্বরণীর হইতে পারিত। (১) প্রাবণ অইকার
দক্ষিণারণ, মণ্যরাত্রি পর্যন্ত জাইমীর ছিতি, এবং মধ্যরাত্রে
দক্ষিণারণ। এরপ যোগ কলাচিৎ ঘটে। ইহা গণিতে
হইলে সে কালের গণনা-রীতি জানা চাই। কারণ তিথি
গণিতাগত, প্রত্যক্ষ নয়। দক্ষিণারণ দেখিতেও ভূল
হইয়া থাকিতে পারে। (২) সে বৎসর কোন এক
প্রান্ধির মুগের জাল কিয়া জ্যিম বৎসর হইয়াছিল, জ্যইমী
মধ্যরাত্রির পরেও কিছু ছিল।

দৈংজ্ঞাম আমরা দে-কালে স্মান্ত মাহেশর কল্প ও যুগ জানিতে পারিয়াছি। দৌর সায়ন ২৪৭ বর্ষ ১ মাসে এই যুগ পূর্ণ হইত। ইহার সাহায্যে ক্ষমণ বিধ্ব ও ক্ষ সৌরমাস-সংক্রমণ তিথি অক্রেশে গণিতে পারা যায়। খ্রিপ্ ১৪৪০ হইতে ১১৯৪ অবদ প্রথম যুগ গিরাছে। দেখিতেছি, ১১৯৪ অব্দেদক্ষিণায়ণ আবেণ কৃষ্ণ ষ্ঠমীর প্রায় গান্ত গতে হইয়াছিল। ইহার পর দিতীয় যুগ ১১৯০ অবেদ আরম্ভ হইয় ৯৪৫ অফে পূর্ণ হইয়াছিল। মাহেশর মৃগ অফুসারে প্রতি উনিশ বংদর অন্তরে তিথি আরে আরে হাস পার। খিপু ১১৭৫ অন্দে অইমী প্রায় সারারাত্রি ছিল। তদনস্তর ১১৫৬ অবেদ হাস হইরা ১১৩৭ অবেদ মধ্যরাত্রি পর্যস্ত ছিল। এই বংসর জন্মান্তমীর বংসর হইলেও দিতীয় যুগ জন্মান্মীর মুগ বলা চলে। তৃতীয় যুগ আহাবণ কৃষ্ণ সপ্তমীর বলা ষাইতে পারে। যে বংসর আবেণ রুফাষ্টমীতে দক্ষিণারণ হয়, সে বৎসর পৌষ কৃষ্ণ চতুদ শীতে উত্তরায়ণ হয় এবং চুই বিব্ৰও কৃষ্ণ পক্ষে পড়ে। প্রজাপতি বংদর কৃষ্ট রটে।

বিজ্পুৰাণে মৃচ্কুন্দের উপাধ্যানে ক্ষেত্ৰ আবির্ভাব আৰু বংগরে লিখিত আছে। উপাধ্যানটি পরে দেওয়া যাইবে। কৃষ্ণকে দেখিয়া মৃচ্কুল বলিতেছেন,

পুরা গর্মেণ কবিতমন্তাবিংশতিমে যুগো। ভাপরাস্তে হরের্জন বদ্যেবিংশে ভবিছতি॥ পুরাকালে গর্গ বলিয়াছিলেন, অষ্টাবিংশ যুগে দ্বাপরাস্তে অর্থাৎ কলিতে বসুবংশে হরির জন্ম হটবে।

এখানে মছন্তর লিখিত নাই। বৈবস্থত মন্বন্তর হইবে।
কিন্তু দে মন্বন্তরের অষ্টাবিংশ যুগের দাণরান্তে কুর্-ক্ষেত্র যুদ্ধ হইরাছিল। সে বংদর মহাভারতের ক্লফের দ্বন্য হইতে পারে না। কিন্তু এইরণ বিখাদও ছিল। বিফুপুরাণ ও ভাগবত পুরাণ লিখিয়াছেন, ভগবান্ কৃষ্ণ দিল আদয় দেখিয়া দিলাখামে চলিয়া গিয়াছিলেন। খিপু ১০৭২ অস্বে কলি আারম্ভ হইগাছিল। তিনি ইহার ছই এক বংদর পূর্বে চলিয়া গিয়াছিলেন। অর্থাৎ তিনি প্রায়্ব আশী বংদর ছিলেন।

কিন্ত, 'অষ্টাবিংশতিমে বুগে' বাপরাস্তে এর সম্বন্ধে সন্দেহ হইতেছে। রঘুনন্দন জনাইনী তত্তে এফা-পুরাণ হইতে তৃলিয়াছেন,

ক্ষথ ভাত্তপদে মাসি ক্লফাইম্যাং কলৌযুগে। ক্ষষ্টাবিংশতিমে জাতঃ ক্লফো২সৌ দেবকীস্ততঃ।

ইহার সহজ অর্থ কলিতে অষ্টাবিংশ যুগে ভাত মাসে কৃষ্ণাইমীতে দেবকীস্থত কৃষ্ণ জাত হইরাছিলেন। শ্লোকটি 'বন্ধবাদী' প্রকাশিত ব্রন্ধবাণে নাই। নাই থাক, রঘ্নন্দ প্রিয়াছিলেন। বিষ্ণুপ্রাণে ভাবণ মাস অমাস্ক, ব্রন্ধপ্রাণে প্রিমান্ত ধরা হইরাছে। অমাস্ক গণনার ভাবণ প্রিমার পর ভাবে কৃষ্ণক্ষ, প্রিমান্ত গণনার ভাবেণ প্রিমার পর ভাত কৃষ্ণপক্ষ। দিনটি একই, কেবল মাসের নামে ভেদ।*

বৃদ্ধবিদ্ধ বচনের কলি কদাপি পাঁজির কলিযুগ হইতে পারে না। পাঁজির কলিতে যুগ নাই। রঘুনলন মনে করিয়াছেন সাবর্ণিক ময়স্তরের অষ্টাবিংশ যুগের কলি। কিন্তু তিনি প্রমাণ তুলেন নাই। না তুলিলেও কোথাও পাইয়া থাকিবেন। তিনি অব্ভ জানিতেন বৈব্যুত ময়স্তরের অষ্টাবিংশ যুগে যুদ্ধ হইয়াছিল। অতএব ভাইার প্রমাণের মতে যুদ্ধকালের কৃষ্ণ ও সাবর্ণি ময়স্তরের কৃষ্ণ এক ছিলেন না। "ভারত বৃদ্ধ কোন্বংসরে" প্রবাদ্ধে দেখা গিরাছে, খ্রি-প্ ১৪৫০ আলে বৈব্যত মন্ত্র অটাবিংশ যুগের ছাপর হইরাছিল। এক মন্ত্র ২৮৪ বর্ব। অভএব ১৪৫০ ৮৪-১১৬৯ আলে সাবর্ণি মন্তর অটাবিংশ যুগের ছাপর। কিন্তু এই আলে আবেণ কুফাটমীতে দক্ষিণারণ হর নাই। খ্রি-প্ ১১৭৫ আলে হইয়াছিল। বোধ হর, অটাবিংশতি বহুজাত বলিরা সে বুগ লিখিত হইরাছে, কিমা সাবর্ণি মধতরে নর।

বিষ্ণু ও এক প্রাণের বচনদ্র মিলাইরা আর এক অর্থ করা যাইতে পারে। কলিতে অটাবিংশ বুংগ দাপরান্তে জন্ম হইরাছিল। পূর্ব প্রবদ্ধে দেখা গিরাছে, এই কলিমুগ পাঁচ বর্ধের বুগে মুগে বিভক্ত ছিল। বেলাল জ্যোভিবে পঞ্চদংবংদরমর বুগাধ্যক প্রজাপতিকে নমস্বার আছে। ইহার আরম্ভ খ্রি-পূ ১০৭২ অব্দ। অটাবিংশতি বুগে ২৮×৫=১৪০ বংদর। অতএব উদিট অব্দ ১০২২ – ১৪০ = ১২৩২। এই অব্দেও দক্ষিণায়ণ প্রাবণ কৃষ্ণাইমীতে হইরাছিল। অতএব তিনটি ভিন্ন ভিন্ন ক্রমে প্রার খ্রি-পূ ১২০০ অব্দ পাওরা যাইতেছে।

বিষ্ণুপুরাণ জন্ম-নক্ষত্র দেন নাই। ভাগৰত রোহিণী নক্ষত্র দিয়াছেন। বায়ু পুরাণে ও হরিবংশে আছে,

অভিজিল্লাম নক্ষত জন্ম জীনাম শব্রী।
মৃহতো বিজ্ঞানোম যত জাত জনার্দনঃ।
অভিজিৎ নক্ষতে জন্মী বাতিতে ও বিজ্ঞাম্হতে জনার্দন
জাত হইলাছিলেন।

নাম তিনটি পারিভাষিক। এখানে অভিজিৎ নামে
নকত নয়, দিবদের অইম মৃহুর্তের নাম অভিজিৎ। হরিবংশ প্রথমে মৃহূর্ত লিখিয়া পরে নকত লিখিয়াছেন।
এখানে দিবা অর্থে রাজি ব্রিতে হইবে। তুই দঙে
মৃহূর্ত; অইম মৃহূর্ত রাজি ১৪ হইতে ১৬ দঙা। রঘুনক্ষন
জমন্তীর বহু বিচার করিয়াছেন। একাবৈবর্ত প্রাণে

গতে চ সপ্ত মৃষ্টুৰ্তে চা**ইমে সম্পদ্ধিতে।**অৰ্ধরাতো সম্ৎপলে রোহিণ্যাম**ইমী ভিথে।**রাত্তির ১৪ দণ্ড গতে ১৬ দণ্ডের **মধ্যে রোহিণীযুক্তা**

রাজির ১৪ দণ্ড গতে ১৬ দণ্ডের মধ্যে রোহিণীযুক্তা কৃষ্ণাইনীতে। তথন কর্ধচন্দ্র উদর হইরাছিল।

রোহিণী-যুক্তা অষ্টমী গর্গের অভিপ্রেড ছিল কিনা,

^{*} আমরা বক্ষণেশ অমান্ত মাস গণি, উত্তর ভারতে পূর্ণিমান্ত মাস প্রচলিত আছে। বক্ষণেশীর রীক্তিতে আবণ মাসে জন্মাইনী। আমরা বলিরা পাকি ভাত্তমানে। এই বাকি উত্তর ভারতে ইইতে প্রাপ্ত। এইর পূপ আমরা শিবরাত্তির মাসের নাজক উত্তর ভারতের প্রথা রাখিয়াছি।

ভাহা বলিতে পারা বার না। তাহা হইলেও উল্লিখিত অব্দুক্ত হইবে না। কালে কালে ক্যোতিবীরা ও বৃতিকারেরা নানা বৃদ্ধি প্ররোগ করিরা অইনী ও রোহিনীর ছিভি ছও বিচার করিরাছেন, মূল দক্ষিণারণ ধরিতে পারেন নাই। খিটের চারিশত বৎসর পরে জন্মবারও আসিরাছিল। সোমবার কিছা বুধবার হওয়া চাই। ভাইারা ভূলিরাছিলেন, কু.ফর কালে বার-গণনা ছিল না। ব্রহ্মবৈর্ভ পুরাণ হতাশ হইরা লিখিরাছেন, এত গুলির বোগ শত বর্বেও পাওয়া বাইবে কিনা, সন্দেহ। *

(৫) গৰ্গ কে, ও কবে ছিলেন ?

যাইবা কুঞ্চর অধ্য-বিবরণ দিয়াছেন, তাইবা গর্গেরও নাম করিয়াছেন। গর্গ জানিতেন, কৃষ্ণ কে। গর্গের অসাধারণ স্থানও হইরাছিল। রঘুনন্দন প্রমাণ তুলিয়াছেন, জন্মাইমীব্রতে দৈবকী বস্থাদেব যশোদা নন্দ বলদেব দক্ষ ব্রক্ষা ও গর্গের প্রতিমা করিতে ইইবে। কোন ঋষিও এত সম্মান পান নাই। এই গর্গ শ্ববি ছিলেন না। কথন কথন তাইাকে মুনি বলা ইইরাছে। তাহাও লমে। তিনি শ্ববিংশীয় ছিলেন।

গর্গ এক গোত্র-নাম, বহুপ্রাচীন। সে বংশে বহু গর্গ ক্ষমিরাছিলেন। গর্গের পুত্র গার্গি, গর্গগোত্রীরা কক্সা গার্গী, গর্গগোত্তীর পুক্ষ গার্গা। এক গার্গা পিপ্রদাদ ক্ষরি নিকট ব্রহ্মবিভা শিধিরাছিলেন। আর এক গার্গ্য কাশিরাক আক্ষাতশত্ব শিব্য ইইনাছিলেন। এক বিছ্বী গার্গী যাজ্ঞবক্ষের সহিত আয়ত্ত্ব বিচার

খ-লাণিক্য নামে এক প্রহাচার্থ ক্রীকৃষ্ণের ক্ষয়ভূওসীও নির্মাণ্
 করিয়াছিলেন। কিছু তিনি খ-মাণিক্য, গগনের মণি, সুর্থ হইলেও
 কুষ্ণের কয় সিংহ মানে লিখিয়াছেন। হইবে কর্কট মানে, আবণ মানে।
 এইর প কৃতিব ভূওলীর কিছুমাত্র সুল্য নাই। কর্কট মানে কয় ধরিয়াও
 কোলী নিমিত হইতে পারে, চরিতের সহিত মিলিয়া ঘাইবে। খ মাণিক্যের
 দোব নাই। তাইবি পূর্বে লাক্ষম্পের্ডিডা লিখিয়াছিলেন

निःशार्क साहिनीतृका कृष्णकाननाहेगी।

"গৌর ভাত্রমাস চাক্র ভাত্র ভুকাট্টমীর সধারাত্রির পূর্বাপর এক কলাও রোহিণী থানিকে লাকটা। সৌর ভাত্র লা পাইলে নতঃ আবণ কুফাট্টমী আছে।" বেখা থাইতেছে। লাখলাসংহিতার কালে আবণ কিয়া ভাত্যমানে এখনা অভ্নানে লাখনা ক্রাইনী ধরা হইত।

করিয়াছিলেন। কিলু গর্গেরা আচারে ক্তির হইরা গিয়াছিলেন। গর্গবংশ জ্যোতিব চর্চার জ্ঞা বিধ্যাত হইরাছিলেন।

পুরাকালের জ্যোতিষ সংহিত!-জ্যোতিষ নামে থ্যাত।

এক গর্গ জরণীনক্ষত্রকালে ছিলেন। ("আমাদের জ্যোতিযী ও জ্যোতিষ," ৫৬ পৃঃ)। সেকাল খি-পু ১৪০০ ইইতে
৬০০ অসঃ মহাভারতে (শল্য, আ: ০৮) বৃদ্ধ পর্যের
নামে গর্গলোতঃ তীর্থ বর্ণিত আছে। এক বৃদ্ধ পর্যের
জ্যোতিষ-সংহিত। ইইতে পরবর্তীকালে জ্যোতিষী বরাহমিহির ও টীকাকারের। স্লোক তুলিয়াছেন। তিনি
খি-পু ১০৭২ অবের পরে ছিলেন। কত পরে, তাহা
বিলবার উপার নাই।

গাগী সংহিতা নামে এক খণ্ডিত ও অশদ্ধ পুথী পাওরা গিরাছে। কিন্তু অদ্যাপি তাহা সংশোধিত ও প্রকাশিত হর নাই। পুরাণে বেমন ভবিষা-রাজবংশ-বর্ণন আছে, এই গাগী-সংহিতায় তেমন এক অধ্যায় আছে। তাহাতে যবনদিগের ছারা অবোধ্যাও পাটনী-পুত্র অধিকারের কথা আছে। ইহা হইতে কোন কোন পাশ্চাত্য বিছান্ মনে করিয়াছেন, গাগী সংহিতা খি-পু
ছিতীয় শতাকে রচিত। কিন্তু এই অন্থমান ঠিক নয়, সমগ্র সংহিতা-রচনার কাল না বিলয়া সে অধ্যায়-প্রকেপের কাল বলা উচিত। বোধ হয়, এইর্প অপর কোন প্রক্রিপ্ত জালের মধ্যে জ্লাইনী লিখিত ছিল।

মাজাতার পুত্র নরেশ্বর মুচ্কুল বৃদ্ধ গর্গের ধুবে শুনিয়াছিলেন, রুফ কে। উপাথ্যানটি কৌতুকাবছ। এক পার্গ্য বাদববংশে বিবাহ করিয়াছিলেন। একদিন তাইার জ্ঞালক বাদবগণের সন্মুখে তাইাকে নপুংসক বলিরা উপহাস করে। ক্ষুচিত গার্গ্য এক ববনেশরের আন্তর্ম প্রহণ করেন, এবং তাহাকে এক মহাবল পুত্র দান করেন। ইহার নাম কাল-ববন। কংস হত হইলে তাহার খশুর জ্বাসক ফুরু হইয়া কুফ বিনাশ করিতে মধুবার আন্সেন, কুফ পলারন করেন। জ্বাসকের পক্ষে আনেক রাজা ছিলেন। একজন কাল-ববনের সাহাব্য প্রার্থনা করিলেন। কুফ দেখিলেন, পূর্ব দিক হইতে জ্বাসক, ও সমুদ্ধের নিকটবর্তী দক্ষিণ দিক (দক্ষিণ পশ্চিম ?) হইতে কাল্যবন মধুবা আক্রমণ করিবে।

তিনি সাগর-নিকটবর্তী কুশমর দেশে বারকাপুরী নির্মাণ করিয়া সেথানে যাদবগণকে পাঠাইরা দিয়া একাকী কাল্যবনের অপেক্ষায় রহিলেন। কাল্যবন আসিলে তিনি এক গুহাতে প্রবেশ করিলেন। সে গুহাতে মৃচ্কুল নিজিত ছিলেন। কাল্যবন রু ফর পশ্চাথ ধাবিত ইইবা মৃচ্কুলকে কুফরমে পদাঘাত করিলা। নরেশ্বের নিজা ভক্ষ ইইলা, এবং তাইার ক্রেগা গ্রতে যবন-রাজ ভক্ম ইইরা গোল। তদনস্তর কুফকে দেখিয়া মৃচ্কুল জিজাসা করিলেন, তুমি কে? রুফ উত্তর করিলেন, তিনি চল্র-বংশীয় যতকুল-জাত বস্থানেত-তনয়। বৃদ্ধ গর্গের বাক্য রাজার ক্ষরণ ইইল। তিনি কহিলেন, ইা জানিতে পারিয়াছি, তুমি কে। ইরি যত্বংশে ভন্মগ্রহণ করিবেন।

এই কাল-ঘবনকে চিনিতে পারিলে ভারতের ইতি-হাসের গৃহায় আলোক প্রবেশ করিবে। পুরাণে কাল-যবন নামের কর্মর্থ কুফুর্ণ যবন . কালিয় নাম যেমন ক্ষায়বৰ্ণ নাগ হইয়াছে, আমার মনে হয় কাল্যবন্ত তেমন ক্ষাৰ্থ ধৰন হইয়া গিয়াছে। বোধ হয়, কাল্যবন কাল্জ যবন, 'কালডিয়ন'। ইহারা জোতিয় চর্চার জল বিখ্যাত ছিল ৷ ইহারা প্রক দীপে (মেসোপোটেমিয়া) রাজা প্রতিষ্ঠা করিয়াছিল। এই দেশের উত্তরে শালাল দ্বীপে অফুর রাজ্য ছিল। অফুর-রাও জ্যোতিয-চর্চার অগ্রণী হইরাছিল। গ্রীক ঘবনেরা এই অমুরদিগের শিঘ্য হইয়া জ্যোতিষ শিথিয়াছিল। পুরাকালে আর্থেরা কেবল ভারতবর্ষে বাস করিতেন না। বাণিজ্য হেতু বর্তমান ভারতের বহু পশ্চিমে গমনাগমন করিতেন। এখন ঐতিহাদিকেরা বলিতেছেন, ভারতী আর্য প্লক দ্বীপে ষ্মাধিপত্য করিতেন। এই যোগস্ত বহুকাল পর্যস্ত চলিয়াছিল। অসুর জ্যোতিধীরা সৌর গণনা করিতেন। ভাহাদের জ্যোতিষের সহিত আমাদের জ্যোতিষের নানা সাদ্ভ আবিজ্ত হইগাছে। বোধ হয়, এক গর্গ অস্তর-দেশে গিয়া সে দেশের জ্যোতিষ শিথিয়া আসিয়া-ছিলেন। বিষ্ণুপুরাণ (২:৫) লিখিয়াছেন, "পুরাণ ঋষি গর্গ পাতালবাদী অনন্তের দেবা করিয়া জ্যোতির্গণ ও নিমিত্ত সকলের শুভাশ্ভ ফল জানিয়াছিলেন।" পাতালে দানৰ ও দৈক্ষেত্র বাদ করিত। ইহারা অসুর জাতির इहे भाषा । बाइश्वाल मृहुक्त अक शांजानवामी देवजा ।

পাতাল অর্থে, নিমনেশ। আর্থেরা উচ্চ দেশে থাকিতেন।

যখন তৃ কীরা বলদেশ প্রথম আক্রমণ করে তখন ভাহারা

গর্গ-যবনবংশ নামে আখ্যাত হইরাছিল। গার্গেরা ববনজ্যোতিষের অন্তর্গুক হইরাছিলেন। * এক গর্গ যবনদিগের ফল-জ্যোতিষের ভ্রমী প্রশংসা করিরা গিরাছেন।

আর এক গর্গ শকারন্তের পরে যুধিটরাম্ব-গণনার স্ত্রপাত
করিরা ছিলেন। পূর্ব হালে এদেশের ও বিদেশের জ্যোতিষ
প্রধানতঃ শুভাশুভফল গণনার জ্যোতিষ ছিল।


কোন্ কালের কোন্ গর্গ দেবকী-নন্দনকে কৃষ্ণ প্রজাপতি করিয়াছিলেন, তাহা বলিতে পারা যার না। থি-পু একাদশ শতান্ধের হইতে পারেন, দশম শতান্ধের ও হইতে পারেন। থি-পু এর শতান্দে সকল গর্গই 'বৃদ্ধগর্গ' হইরা পড়িয়াছিলেন। বোধ হয় এই সময়ে এক গর্গ বীর বংশের পুরাতন পুথী দেখিয়া কৃষ্ণ প্রজাপতির চয়িত পল্লবিত করিয়া ব্রজার কৃষ্ণ সৃষ্টি করিয়াছিলেন। নিজ্

(৬) কুঞ্জের অমানুষিক কর্ম

শীক্ত ফের কেবল বাল্য-চরিতেই তাইার সমাস্থিক
কর্ম পাওয়া যায়। মহাভারতে তিনি বরস্থ হইয়াছেন,
মালোকিক কর্মও করেন নাই। কিন্তু যথন তিনি বালক
তথন স্ফলেদ অসুর বধ করিয়াছেন। কোনও অসুর
স্বর্পে নাই। কেহ বুনভ, কেহ গদভি, কেহ অসা।
বিষ্ণুপ্রাণে গুটকয়েক আছে, ভাগবতে বাড়িয়া গিয়াছে।
এই সকল অসুর দিব্যলোকের, নক্ষত্রলোকের। স্মামরা
সকলকে চিনিতে পারিতেছি না। প্রাণ পড়িয়া মনে
হইয়াছে, প্রাচীনেরা আকাশের বহ নক্ষত্রের নাম রাখিয়াছিলেন, কোনটা অসুর, কোনটা সুর। ইহাদের মধ্যে
ক্ষেকটা চিনিতে পারা যায়। ঋগ্রেদেও ক্তক্পুলি
নাম আছে, ক্রেকটা মাত্র চিনিতে পারা যায়।

ক্ষমের বাল্যচরিতে কংস দৈত্য, কালনেমির অংশে উৎপন্ন। কালনেমি ও হিরণ্যকশিপু এক। বিষ্ণুর সহিত ইহাদের বিবাদ দিব্যলোকে ইইগাছিল। বত প্রাসিদ্ধ ব্যক্তি ছিলেন, সকলেওই বিবিধ চরিত ছিল। এক

আশ্চর্যের বিষয়, বর্জমান কালেও পর্গ-গোত্তীয় ত্রাক্সপেয়া আয়ই
 জ্যোতিব-চর্চায় অমুরক হইয়া থাকেন।



2 3

চরিত আকাশে, আর এক চরিত পৃথিবীতে। সকল উপাধ্যানৈ এই দিবিধ চরিত পৃথক্ করিতে পারা যায় না, ওচপ্রোভ জড়াইয়া গিয়াছে। এখানে করেকটির উল্লেখ করা যাইতেছে। এখানে কালনির্দি করা যাইতে পারে না, বিভারিত ব্যাখ্যারও স্থান ইবনে না। এস্থলে মৃদ্রিত ভারা-পট অবলোকন করিলে ব্যাখ্যা স্থ্বোধ্য হইবে। বিফুপুরাণ অস্থ্যর করি।

পুতনা ব্রপ্ত। নলগোপ মণুবা হইতে গোকুলে আদিরাছেন। একরাত্তে দানবী পূতনা ক্ষণ্ডকে মারিতে বিদিরাছিল। বাল-বাতিনী পতনা আযুর্বদে উক্ত আছে। ইহার বালালা নাম পেঁচো। কোথার বাস করে, ইহার কেমন রূপ, আমরা ভূলিরা গিরাছি। আমরা হোলিকা নামী পিশাচীও ভূলিরা গিরাছি। কিতু বহুকালের বিশাস উত্তর ভারতের নারী প্রবণ করিয়া হোলি উৎসবে তাহাকে অপ্রাত্ত ভাষার গালি দেয়। এই চুই-ই একেঃই ছুই নাম। কালপুরুষ নক্ষত্র যে কত নামে প্রসিদ্ধ হুইয়াছিল, তাহা ভাবিলে বৃদ্ধি ভারত কত বড় দেল, ও কত কালের পুরাতন। অগ্রহারণ মাসে স্থান্তের পর পূতনার উদের হয়। প্রাবেশ মাসে ক্ষের জন্ম। কার্তিক মাসে প্তনা-বধ হইরা থাকিবে। ঘটনাটি থি-পু ৫০০০৪০০০ অবের। তথন এই নক্ষত্রে বিষ্ব হইত। ক্লেম্বের কালে বহুদ্রের সরিয়া আসিয়াছিল, পূতনা হত ইইমাছিল।

ভাগু বহন করিবার শকটের নিয়ে শোরাইরা রাধা হইরাছিল। কৃষ্ণ পা ছুড়িয়া শকট উল্টাইয়া দিয়াছিলেন। কে করিল, কে করিল, জিজ্ঞাসা চলিতে লাগিল। বালকেরা বলিল, কৃষ্ণ পা ছুড়িতেছিল, শকট উল্টাইরা পড়িয়াছে। নলাদি গোপেরা অভ্যস্ত বিশ্বিত হইল। এই উপাধ্যানের অর্থ জাবিকার সোজা। রোহিণী নক্ষত্রে পাঁচটি ভারা ত্রিকোণ শকটের আকারে অবস্থিত, এই হেতু ইহার নাম রোহিণী শকট। সংক্রেপে শকটও বলা হইত। খিপু ৩২৫০ অন্দে রোহিণীতে বিয়্ব হইত, অর্থাৎ সে নক্ষত্রে সূর্য আসিলে দিবা রাত্রি সমান হইত। কিন্তু সেকাল চলিলা গেল, কৃষ্ণ শকট উল্টাইয়া দিলেন। বোধ্বলা, তথন কৃষ্ণের বয়স তিন চারি মান। অগ্রহারণ চলিতেছিল। ইহার পর গর্গ আসিরা

গোপদিগকে না জানাইয়া রামকৃষ্ণ নাম রাথিয়া বান। বোধ হয় মাঘ মাদে।

হামক্রান্ত্রি তক্ষ। বশোদা চঞ্চ রক্ষকে এক উদ্ধলে বাধিয়া রাথিয়া নিশ্চিন্ত মনে গৃতকর্মে ব্যাপৃতা হইলেন। রুফ উদ্ধল টানিয়া ছই অর্ক্র রক্ষের মধ্য দিয়া চলিয়া গেলেন, বৃক্ষর ভালিয়া পড়িল। নক্ষাদি গোপ দেখিল রুফ ভয় বৃক্ষর মধ্যে আছেন, হাল্ত করিতেছেন। বৃক্ষ ভয়ন যে রুফের মধ্যে আছেন, হাল্ত করিতেছেন। বৃক্ষ ভয়ন যে রুফের ফর্ম তাহারা ব্রিতে পারিল না, ভাবিল মহোৎপাত। তাহাদের উদ্বেগের কারণও ছিল। তাহারা জানিত না, যে অর্জুন সেই ফালুন। ফলুনী নক্ষত্র ছইটি, পূর্বফল্মী ও উত্তর-ফলুনী। প্রত্যেকে ছইটি ভারা, উত্তর দক্ষিণে অবস্থিত, যেন ছই বৃক্ষ। একদা এই ছই নক্ষত্রে স্থাম্বিলে দক্ষিণায়ণ আরম্ভ হইত। প্রফল্মীতে প্রায়্থি-পূ ৩১০০ জনে হইত। কিন্তু সেদিন চলিয়া গেল, অংগ পিছাইয়া পড়িল। রুফ ব্যলাজ্ন ভক্ষ করিলেন। বোধহয় তথন ফলুন মান আনিয়া পড়িয়াছিল।

কালিহা দেখন। কু:ফুর বয়দ দাত **আ**ট বংসর ইইল, যমুনার নিকটে বুন্দাবনে অপের গোণ বালকের সহিত ধেমু রাখিতে যাইতেন। যমুনার এক হদে কালিয়নাগ বাস করিত। কেহ সে **জল** স্পর্ণ করিতে পারিত না। কৃষ্ণ এক কদম্ব বৃক্ষের উচ্চ শাথা হইতে কালিয় হুদে ঝাঁপ দিলেন। সর্পরাজ তাইাকে কুণ্ডল-বেষ্টিভ করিল। বালকেরা ব্র**ঞ্জে** গিয়া **সকলকে** বলিল। এই বন্ত্ৰপাতোপম বাক্য শুনিয়া কোথায় কোথায় বলিতে বলিতে নন্দ যশোদা রাম প্রভৃতি আনসিয়া কাতরভাবে কৃষ্ণকে দেখিতে লাগিল। রাম সঙ্কেতে विशासन, "किमिनः तनवानत्वम ভाবে। इतः मासूयः," হে দেব-দেবেশ, একি, এ মামুষ ভাব কেন ? তথন কৃষ্ণ সর্পের মধ্য ফণা নোয়াইয়া তাহাতে আরোহণ করিয়া নৃত্য করিতে লাগিলেন। স্প্রাঞ্জ কাতর হইয়া সমূদ্রে গিয়া বাদ করিল। তদবধি আর কেহ ভাহাকে (मृद्ध नाहे।

এই দর্পরান্ধ বেদের কাল হইতে কত রূপকোপাখ্যানের মূল হইয়াছে, তাহা ভাবিলে বিশ্বিত হইতে হয়। বেদে ইনি অহি, বহুজাত নাম বুল। বিশাধা ও চিলা তারাই দক্ষিণে ইহার পুছে। তদনশ্বর পশ্চিমাভিমূথে হন্ত', ফল্মীবর ও মধার দক্ষিণে প্রদারিত হইরা আল্লেবার চক্র ধারণ ক্রিয়াছে। ইংরেজী ভারা-পটে ইহার নাম Hydra। হৈত মাদে সন্ধার পর আকাশে দৃষ্টিপাত করিলে অফ্রেশে চিনিতে পারা যার। পুচ্ছ হইতে মন্তক পর্যস্ত ইহার দেহের এক এক স্থানে দক্ষিণায়ণ হইরা গিয়াছে। বেদের ইক্র মঘা পর্যন্ত বৃত্ত-বধ করিয়া-ছিলেন। কিন্তু বৰ্ষে বৰ্ষে গ্ৰীমকালে জীবিত হইত, দক্ষিণায়ণ হইজ। জ্যোতিবগ্রন্থে আংখ্যার নাম স্প্। শ্রীকৃষ্ণ এই সর্পের মন্তকে আবোহণ করিয়া নতা করিয়া-ছিলেন। তথন মন্তকে দকিণায়ণ হইত। ইহা প্রি-পূ ১৩१२ चारकत कथा। भूतार्गहे च्यारह, कानिय-ममरानय সময় বর্ধাকাল পড়িয়াছিল। ববির দক্ষিণায়ণের দিন ংইতে বর্ধাকাশ আরম্ভ। নক্ষত্রচক্রের মেরর নাম কদম, ক্যোতিষশানে প্রসিদ্ধ। অয়ণকালে কদম ও এব এক রেখার আসে। এইরণ একদিন কুফের জন্মও হইয়াছিল। তিনি সর্পের মস্তকে নৃত্য করিয়াছিলেন। অধোগত ও উৰ্দ্ধণত হইয়াছিলেন। হোলির দিনেও সূৰ্য উত্তর দকিণে দোলিত হন। সপ্তম মাসে বিফুর ঝুলন যাতায় ত্য এইবৃপ দোলিত হইয়া থাকেন। আকাশের এক নাম সমুদ্র, ঋগ্বেদে উক্ত আছে। সর্পরাক নিতেজ হইরা আকাশে বাদ করিতেছে। দর্প কুফবর্ণ বলিয়া কালির, কালীর নয়। কাল নিদেশ করিভ বলিয়া कानीय । उत्तरेववर्ड भूतात का-भी-य वानान चाटह ।

কবি পর পর বলিয়া আসিতেছিলেন। ষলুনীর পর মবা, তাহার পর অপ্লেষা। কালিয় দমনে অপ্লেষা পাইলাম, কিন্তু মঘাত্মর বধ পাইতেছি লা। মঘার বৈদিক নাম আঘা। ভাগবতে অবাত্মর-বধ আছে। বিস্পুরাণে অরিষ্টাত্মর ব্লভাতিষে এটি সিংহাকিট। বিস্পুরাণে অরিষ্টাত্মর ব্লভারতিষ করিছ হইত। এখানে শত্তির, এই উপাধ্যান-রচনাকালে আত্মর জ্যোতিষের সিংহ রাশির সিংহ-কল্পনা এদেশে আবে নাই। অর্থাৎ এদেশে যবনজ্যোতিষ প্রবেশের পূর্বে ক্রাল্য চরিত্ত রচিত হইরাছিল। বলরামও গুটি চুই

অসুর নিধন করিয়াছিলেন। কিন্তু তিনি অসুর বধের নিমিত্ত আবিভূতি হন নাই। তৎকত্তি নিহক্ত অসুরুষর নক্ষত্রচক্ষের দূরস্থিত এই নক্ষত্র হবৈ।

পোত্রর্থন-সিত্রি প্রাত্রণ। বর্গটি মন্তরীকের। যান্ত-সঙ্কলিত বৈদিক কোশে গিরি অর্থ মেঘ আছে। প্রথমে মেঘের গর্ভধারণ, পরে বর্ষণ হর। বরাহ-ক্রন্ত বৃহৎ-সংহিতার গর্ভধারণ বর্ণিত আছে। কেমন মেঘ । গো-বর্ধন মেঘ, যে মেঘের প্রবর্গন্ধারা ভূমি প্রচুর তৃণা-চ্ছাদিত হয়। এই কর্ম মর্তালোকের কর্মের স্থিত এমন অভিত হইয়াছে, পৃথক করিতে পারা যায় না। মিশ্র রপকের দোষ্ট এটা একদিন বলরাম বার্ণীপানে মন্ত হইয়া যমুনার শ্রোভ পরিতন করিয়া-ছিলেন। যমুনা এক পথে বহিতেছিল, অস্তু পথে যার কেন ? কবি বলরামের ছারা ধ্যুনাকর্ষণ করাইলেন। ক্লফের গোবর্ধন-ধারণও সেইরপঃ বুন্দাবনের নিকটে একটা গণ্ড শৈল হেলিয়া আছে। কবি শৈলের এইরূপ অবস্থিতি ক্ষেত্র কর্ম বলিয়াছেন। বোধহয়, তুই সহস্র বৎসর পূর্বে ইহা নিরাল্য দেখা যাইত। এখন মাটি ভরাট হইয়া গিয়াছে। অনেক ভীর্থে এইরূপ নৈদর্গিক বন্ধু আঞায় করিয়া উপাথ্যান রচিত হইয়াছে।

গোবর্ধনধারণের সহিত প্রাচীন ইতিহাস অভিত রহিয়াছে। কবি এথানে একটু অসতর্ক হইয়াছেন, শরং-কাল বর্ণনা করিতে করিতে ইন্দ্রহজ্ঞ আনিয়া ফেলিয়াছেন। ইক্রবঞ্চ প্রারুট প্রারম্ভে বিহিত। ঋগুবেদের ঋষিরা ইক্রের নামে কত যত করিয়া গিয়াছেন, সব প্রাবৃট-প্রারম্ভে। চেদি-রাজ উপরিচরবস্ত শত্রুগরজোখান নামে এক উৎসব প্রবৃতিত করিয়াছিলেন। ব্যাসক্ষের উর্ক্তন দশম পুরুষ। অতএব থ্রি-পূ অটাদশ শতাবে ছিলেন। তিনি আবহ-বিছা অনুশীলন নিষিত্ত পতাকাশ্বারা বায়ুর বেগ ও দিক নির্ণন্ন করিছেন। এই হেতু উপাধি উপরিচর-বস্থ। আভাদয়িক আছে যে বস্থারা করা হয়, ভাহা দেই বস্তর নামে। বৃষ্টিধারার তুলা ধনবংশ বৃদ্ধি হউক, এই কামনা। ইক্র-পূজা ও ইন্দ্রের ধ্বজোডোলন এখনও প্রচলিত আছে, বিষ্ণুপুরের রাজারা করিতেন। গোকে এখনও করে, কিন্তু नाममाज दिशाहा। अपि जालभारमद नृत्र कामनीद कुछ। এককালে এইদিন রবির দক্ষিণায়ণ হইত। ইন্দ্র পূজায়
প্রিপ্ ৩০০০ অন্তের স্বৃতি এখনও রক্ষিত হইতেছে।
বিফুপুরের রাজারা এই ইন্দ্র-লাদশী হইতে মরাজ
গণিতেল। ওড়িয়ার রাজারা এখনও রাজকীর বংসর
গণিতেছেন। নন্দাদি গোপ প্রাচীন প্রথাছসারে ইন্দ্রযক্ত
করিতে বসিয়াছিলেন। কৃষ্ণ দেখিলেন অকালে করা
হইতেছে। তাহাঁর কালে প্রাব্দ কৃষ্ণাইনীতে ইন্দ্রযক্ত
করা উচিত ছিল। তিনি দিন-পরিবর্তনের ব্যবহা
পাইলেন না, নন্দকে বুঝাইয়া সে যক্ত রহিত করিয়া
গো-পূজা, গো-বর্ধনের নিমিত্ত পূজা করাইয়াছিলেন।
ইহার নাম গোর্চাইনী। (ফার্তিক শুক্লাইনী)। গোবর্ধন উৎসবকে সাঁওতালে বাধনা বলে। আমরা ইহার
উদ্দেশ্য ভূলিয়া গিয়া এখন গো-প্রদর্শনী খুলিতেছি।
বৃন্দাবনের অর্ধশায়িত গিরির নিকট গো-বর্ধন উৎসব
হইত। ভদবধি গিরির নাম গো-বর্ধন হইয়া গিয়াছে।

ইক্রণজ্ঞ রহিত হইলে ইক্র অবশ্য ক্রুদ্ধ হইলেন, কিন্তু 'গো-কুলে'র অনিষ্ঠ করিতে পারিলেন না। তথন ইক্র কৃষ্ণকে কহিলেন, "অংক্রি গো-গণের বাক্যে আপনাকে উপেক্র করিতেছি, আপনার নাম গো-বিন্দ হইবে।" গো অবশ্য গোরু নয়। গো তারকা। পূর্বকালে যে যে নক্ষত্রে রবির দক্ষিণায়ণ হইয়া গিয়াছে, ইক্রের ইক্রম্ব রক্ষা 'পাইয়াছে, এখন দেদিন চলিয়া গিয়াছে, কালিয় নাগ-বধের চিহ্ন পর্যন্ত গিয়াছে। নৃতন উপেক্র পদ করিতে হইল, কৃষ্ণ ইক্রর প স্থের স্থানীয় হইলেন।

ক্বফের নানাবিধ অমান্ত্যিক কর্ম দেখিয়া গোণেরা শক্ষিত ও বিশ্বিত হইয়াছিল।

বালক্রীড়েরমতুলা গোপালবং জুগুপ্সিভম্।

দিব্যঞ্চ কর্ম ভবতঃ কিমেতৎ তাত কথ্যতাম্।
আপনার এই অতুলনীয় বাল্যক্রীড়া, এই 'দিব্য' কর্ম
দেখিতেছি। অথচ নিন্দিত গোপকুলে আপনার হৃদ্ধ।
এ-সকল কি? হে তাত, আমাদের নিকট প্রকাশ
করিয়া বনুন।

এথানে কবি আর ঢাকিতে পারিলেন না। ব্যাপারটা কি, আভাস দিকেন। বিষ্ণুপ্রাণ লিখিরাছেন (৫১), গবাং হুর্ং।" হুর্থ গো-গণের গুরু। এই গো অবশ্য গোলুকা। গো-কুল, যমুনা, কদম প্রভৃতি কোথার, তাহা চিস্তা করিলে কবির অভূত রূপক স্ষ্টিতে শারণ করিলে বিশ্বিত হইতে হয়।

(৭) রাস

রাসক্রীডার লৌকিক ও জ্যোতিবিক, ছই অর্থই সম্বত। গোষ্ঠাইমীর সাত দিন পরে কার্তিক পূর্ণিমা। ইহার অপর নাম রাসপূর্ণিমা হইয়া গিয়াছে। কৌমুদী পূণিমায় কিশোর কৃষ্ণ মধ্য স্থলে দাড়াইলেন, গোপীর: ভাহাঁকে মওলাকারে খেরিয়া নৃত্যগীত করিতে লাগিল : তৎकाल এইরপ রাদ প্রচলিত ছিল, দ্বা বিবেচিত क्रि না। অভাপি গুজরাট ও কাঠিবাড় প্রদেশে ভর্তমের নারী রাস-নৃত্য করিয়া থাকেন। দেখানে ইহাকৈ 'গরবা' বলে। গর্ভ শক্ষের অপলংশে গরবা। "গর্ভো ল্র ণেহর্তকে কুকো সন্ধো", গর্ভ অর্থে লুণ, অর্তক (খোকা), কুকি, সদ্ধি। গরবা, খোকার জন্মোৎসব। কে থোকা । নববৰ্ষ বা নববৰ্ষের ক্ষা গ্রবাতে নারীমওলের মধ্য-স্থলে এক বছছিত ইাড়ী রাখা হয়। ভাহাতে এক প্রজ্ঞানত দীপ থাকে, ছিদ্রপথে রখি বহির্গত হইয়া তুর্য শ্বরণ করায়। স্মবশ্য লোকে এড বুঝে না, দীপাখিত হাঁড়ি রাধিতে হয় রাখে। গরবা রাস-নৃত্য বটে, কিন্তু রাসের দিন হয় না। নবরাত্রে (তুর্গা-নবমীতে) গরবা হয়। সে দিনও নৃতন বং জন্মগ্রহণ করিত।

রাস নৃতন উৎসব ছিল না, শ্রীকৃষ্ণ প্রবৃতিত করেন নাই। কার্তিক পূর্ণিমার শারদ বিষ্ব হইত, বিস্বের পর নৃতন বৎসর হইত। বহু পূর্বকাল হইতে এরপ ঘটিয়া আসিতেছিল। পরে কার্তিক পূর্ণিমার বিষ্ব না হইলেও সেদিন বিসুব ও নববর্ধ ধরা হইত। কবে শেষ হইরাছে, তাহা মোটাম্টি গণিতে পারা: যায়। এখন ৭ই আখিন শারদ বিষ্ব হইতেছে। সেদিন আখিন শুরু সপ্থমী হইতে পারে। সেদিন হইতে আখিন কোজাগরী পূর্ণিমা ৭ তিথি এবং কার্তিক পূর্ণিমা ৩০ তিথি। বিষ্ব এই ০৭ তিথি পিছাইতে ৩৭ × ৭১ = ২৬২৬ বৎসর গিরাছে। ইহা হইতে বর্তমান ইংরেজী সন ১৯২২ বাদ দিলে থ্রি-পূ ৬৯৫ অন্ধ পাওরা বার। অর্থাৎ প্রার

ন্দার হর নাই। স্থামরা এখন ক্লফের রাসবাত্রা করিতেছি, কিন্তু সেটা স্থারক মাত্র।

বিষ্ণুপুরাণে, হরিবংশে, ভাগবতে জীকৃষ্ণ গোপিকা-দিগের রাস হইয়াছিল ৷ কোন গোপী প্রধানা হন त्गाविन्म, अश्व-देववर्ड शृद्धात्व द्वांधा-त्गाविन्म হইয়াছেন। রাধা নাম পুরাতন, এবং বিশাখা नकर्त्वत्र नामास्त्र . हिन्। कृष्ठ-रङ्द्ल অফুরাধা ইত্যাদি নক্ষত্র নাম আছে। রাধার পর অকুরাধা। অতএব বিশাখার নাম রাধা। অথব বেদে "রাধো বিশাৰে" এই স্পষ্ট উক্তি আছে। বিশাখা নাম হইবার হেতৃ এই। এই নক্ষত্রে শারদ বিধৃব হইত, वश्नत हरे नाथात्र विज्ञक रहेता वार्रेक। देश थि-न २० • अप्रसन्न कथा। त्वांत इत्र हेशान शूर्व नकरवान নাম রাধা ছিল। রাধা অর্থে সিদ্ধি। এই নাম কেন হইয়াছিল তাহা বলিতে পারা বার না। আরও অনেক নক্তা নামের সার্থকতা বৃঝিতে পারা যার না ৷ কালক্রমে রাধা বিশাখা একার্থ হইরা গিরাছে। মহাভারতে কর্ণের ধাত্রি-মাভার নাম রাধা, এবং কর্ণ রাধের নামে সংখ্যাধিত रहेएजन ।

কার্তিকী পূর্ণিমার সূর্য বিলাধার দিকে, বিলাধার খাকে, রাধার সহিত সুর্যের মিলন হয়, কিন্তু অদৃশু। একদা তারা ও হুর্য্য দৃষ্টিগোচর হইতে পারে না। প্রাচীনেরা মনে করিতেন সুর্য্যের রন্মিতেই ভারার ভারাছ, চল্লের চল্লিকা। গো রাখ্যি, গোপ রুফ, গো-পী তারা। কবি কৃষ্ণ-রবিকে রাস-মধ্যস্থ ও গোপী-ভারাকে मधनाकारत नाकारेगारहन। ber प्रश्निक ना रहेरन তিনি এই নামেই রাধার প্রতি-নারিক। মইতে পারিতেন। কারণ পূর্ণিমাতে চক্স রবির বিপরীত দিকে থাকে। প্রতিনারিকার নিমিত্ত ইদানীর বঙ্গীর কবিকে চন্দ্রাবলী নাম নির্মাণ করিতে হইয়াছিল। আমাবস্তার রাতে চক্র স্থের মিলন হয়, রুষ্ণ গোপনে চক্রাবলীর কুঞ্জে গমন করেন। ত্রন্ধবৈবর্ত পুরাণ রাধার নাম চন্দ্রাবতী, চন্দ্রাবণী রাখিয়া রূপকটি নষ্ট করিয়া ফেলিয়াছেন। রাধা বুষভাহুর করা। বৃষভাত্ব, অপত্রংশে বৃধ-ভাতু, বৃক-ভাতু। বৃধ-রাশিস্থ ভাছু, রশ্মি। ক্লবিকা বুবরাশিতে অবস্থিত। রাধার জননীয় নাম ক্তিকা হইবার কথা। প্লপুরাণে

नामि नाकि कीर्छिना। उत्तरिवर्छ भूबाल कनावछी, অর্থাৎ চন্দ্র। এখানেও রূপক রক্ষিত হয় নাই। এই প্রাণে রাধার খামীর নাম রারণ। এই নাম সংস্কৃত নর। আমার দৃঢ় বিখাস আয়ণ শব্দের রাটীর অপভংশ। অয়ণে তবঃ আরন:। অরনে, উত্তরারণ দিনে জন্ম হেতু আরন। পুর্বকালে উত্তরারণ হইতে বংসর আরম্ভ হইত। কিন্তু সে রীভি পরিবর্তিত হইয়া শারদ বিষ্ব হইতে নব বর্ষ গণ্য হইতে লাগিল। চুর্গাপুজার মহিমা এইখানে। কংস মহামারাকে বধ করিবার কালে অস্বা উত্থিত হইরা-ছিলেন। ইক্র বলিয়াছিলেন, তুমি ভগিনী হইলে, অর্থাৎ উত্তরায়ণে যেমন নববর্গ হইত, শার্দ বিযুবেও তেমন হইবে। তথন উত্তরায়ণ ফলশূর নপুংস্ক হইল। আরও পরে শারদ বিষ্ব পরিবর্তে বাসস্ত বিষ্ব হইতে বর্ষ গণ্য হইতে লাগিল। বাসন্তী দুৰ্গাপুৰা ও চৈত্ৰশ্বাসৰ আসিয়া পড়িল: কিন্তু ত্রন্ধবৈবর্ত পুরাণে শতবংসর বিচ্ছেদের পর ধারকাপতি ক্লের সহিত রাধার পুনর্মেলন হইরাছে. কাব্যের, আধ্যান্থিক ভাবের ও রপকের অধ্যপতনও इटेब्राइड ।

বিষ্ণুপুরাণে গোপীর বন্ধহরণ নাই। হরিবংশেও নাই। ভাগবতে প্রথম পাইতেছি। কিছু ইহাতে বর্ণিত জনাবশুক চপলতা দেখিলে মনে হর ভাগবতের স্থার রসগাঢ় কাব্যে জধ্যারটি ছিল না, পরে কেহ ভূড়িরা দিয়াছেন। হেমন্ডের প্রথম মাসে (জ্বগ্রহারণ মাসে) গোপবালার। কাত্যারনী ক্রত করিত। মাসক্রত উদ্যাপনের দিন প্রাভংকালে কৃষ্ণ সানরতা কুমারীদিগের বন্ধ্র অপহরণ করিয়া কদত্ব-রুক্ষে বসিরাছিলেন।

যমুনা নীলনভোমওল, ক্লংকর স্থলপন-চক্র নক্ষত্র-চক্রন নক্ষত্র-চক্রের মেবুর নাম কদম্ব, জ্যোতিষ শাস্ত্রে প্রসিদ্ধা গোপী-ভারকা রবিকর স্পর্শে দীপু। কিরপ ভারার বস্ত্র। দিবাভাগে ভাহারা বস্ত্রহীন, অদৃষ্ঠা, যেন যম্নাক্রলে নিমগ্র। রাত্রি হইলে একে একে বস্তু, গ্রহণ করে।

বুপকটি নগণ্য, অতি সামান্ত প্রতিদিনের কথা রাসলীলার কবির মনেও হইত না। আধ্যাত্মিক ভাবেও রাসলীলার ধারেও যায় না। বে গোপী দেহমনপ্রাণ শ্রীকৃষ্ণে সম্পূণ করিয়াছে, তাহাকে নয় করিয়া মূক কবি কাব্যের অপকর্ষ ঘটাইয়াছেন। অগ্রহায়ণ শেষে বস্ত্ররণ হইলে কৌমুদী পুর্ণিমার রাসই বা কেমনে সম্ভব হর ?

(৮) কুফোপাসনা কত কালের গ

প্রশাটি গাঢ়। আমি ইহার উত্তর অন্নেমণে সক্চিত হইতেছি। ক্ষের অরূপ কি, ক্ষোপাসনার প্রকৃতি কি? এখানে এই গাঢ় প্রশ্ন বিবেচ্য নহে। মহাভারতে ও পুরাণে যে ক্ষচরিত পাইতেছি তাহার উৎপত্তির কালনির্গন্থ কঠিন। আল্লে আল্লে বহুকালে উপাসনা ক্রিড ও প্রচারিত হইয়াছে। বহু বিজ্ঞানন এবিয় আলোচনা করিয়াছেন। আমি যে ক্লে নগরে বসিয়া লিখিতেছি, সে নগরে গ্রন্থালা নাই, পূর্গামীগণের গবেষণার ফলভাগী হইতেও পারিলাম না।

স্থৃণতঃ উত্তর-প্রাপ্তির তিন পথ আছে। (১) কোন্ প্রাতন গ্রন্থে উল্লেখ আছে ? (২) কোন্ কালের কোন্ ঘটনা মূল হইয়াছিল ? (৩) সে মূল হইতে বৃহৎ বৃক্ষ জানিতে কতকাল লাগিতে পারিত ?

ঋগ্বেদের (৮ম মওল) এক ঋষির নাম রুফ ছিল। তিনি অখিনীকুমার হুমের শু,তি করিয়াছিলেন। ছাল্যোগ্য উপনিবদে (৩০০) দেবকী-নন্দন রুফ অন্ধিরস্ গোতের ঘোর নামক এক ঋষির নিকট পুরুষ-হজ্ঞ (জীবন-যজ্ঞ) শিখিরা অক্ত উপাসনার প্রতি স্পৃহাহীন হইয়াছিলেন। ভগবদ্গীতার রুফ দেবকী-নন্দন। মহাভারতের রুফও দেবকী-নন্দন, বস্থদেব-তনয়। তাহাঁতে ইয়রছ আরোপ, তাহার বিফুর অবতারহ, কত কালের ?

বিষ্ণু খগ্বেদের এক দেবতা। বহু ঋকে ভাহার দ্বু তিনা থাকিলেও তিনি নগণ্য দেবতা ছিলেন না। তিনি প্রাচীনতম নহেন, এই পর্যন্ত বলা ঘাইতে পারে। কিন্তু কনিষ্ঠ হইলেও গুণজ্যেষ্ঠ। ভগবদ্-গীভায়, আদিত্যানামহং বিষ্ণুঃ, আমি আদিত্যের মধ্যে বিষ্ণুঃ, আমি আদিত্যের মধ্যে বিষ্ণুঃ, আমি আদিত্যের মধ্যে বিষ্ণুঃ বাজাণরা তাইাকে জ্ব্যাপি গায়ত্রীতে অরণ করিতেছেন। তিনি এক পুরাকালে ত্রিপদ-বিক্রেপ হারা হর্গ মর্ত পাতাল ত্রিলোক অধিকার করিয়াছিলেন। তিনি তৎকালে উত্তরারণের দেবতা ছিলেন, সেখান হইতে তিনি তিন নাস তিন মাস করিয়া চারি পদ হারা বৎসর বিভক্ত করিতেন। ক্রিক ভাইার স্থা। কাবণ ইন্দ্র দক্ষিণায়ণের,

এবং তিনি উত্তরারনের দেবতা। বিষ্ণু উত্তরারণের পূর্ব মাদের, বৎসরের অভিম মাদের আদিত্য। এই ছেতু তিনি ইক্ষের কনিষ্ঠ।

বর্তমান কালে হিলোল উংসবে বিষ্ণুর প্রাচীনতা প্রমাণিত হইতেছে। লোকে ভুল করে, মনে করে এটি বদক্ষোৎসব। বদস্ভোৎসব ছিল, সকল ঋতুরই উৎসব ছিল। কিন্তুপূর্বকালে ফাল্লন মাস কদাপি বসন্ত ঋতুর মাস ছিল না। এটি শীত ঋতুর মাস ছিল; ফারুনী পূর্ণিমাতে রবির উত্তরায়ণ আরম্ভ হইত। অয়ণ-দিনে সুর্য উত্তর দক্ষিণে দোলিত হয়। এখন ৭ই পৌর উত্তরায়ণ হইতেছে। সেদিন পৌষ শুকু সপ্তমী হইতে পারে। এই সপ্তমী হইতে ফালুন পূর্ণিমা ৬৮ ভিথি। এখন হইতে ৪৮০ বংসর পূর্বের ঘটনা হোলি খেলায় শারণ করিতেছি। ঋগ্বেদে (৮,৭৭।১০) উক্ত আছে, বিষ্ণু ইন্দ্রের জল দান করেন। সে সময় বিষ্ণুর ঝুলন-যাত্রা। মনে হয়, এই সময়ের কিছু পরে বিষ্ণুর প্রাধায় হইয়াছে। ইহার সমর্থক অন্য প্রমাণ আছে। গায়ত্রীতে বিষ্ণু স্পার তাদিত্য নাই। তিনি স্বিত্-মঙল-মধাবন্তী বটেন, কিন্তু ধ্যানের উপলক্ষ মাত্র। তিনি সবিভারও বরেণা, তিনি পরম জন্ধ। তিনিই ভগবান। বাহারা ভাষার উপাসনা করেন, তাহারা ভাগবত, ভাহারা देवखना

মহাভারতে (আদি :৬৭) ধর্মের অংশে যুধিনির, বায়্ব অংশে ভীম, ইল্রের অংশে অর্কু, নারায়ণের অংশে ক্ষা জন্মগ্রহণ করিয়াছিলেন। পুরাণে বিষ্ণুর অংশে জীক্ষের আবিউবে ইইয়াছিল। এ কথা বৈষ্ণুর মংশু পুরাণ জানিতেন না। ব্রহ্মাণ্ড বায় ও ব্রহ্মপুরাণ জানিতেন না। বায়পুরাণ পরে শুনিয়াছিলেন, ব্রহ্মপুরাণ বিষ্ণুর আবতার ইইয়াছেনে, কিন্ধু ক্ষা হন নাই। বায়পুরাণেও হন নাই। বায়পুরাণেও হন নাই। বায়পুরাণেও ক্ষ অরতার গণেন নাই। বায়পুরাণে ক্ষ প্রাণিত এক বার্ষিক আমাবজার আবিভ্তি ইইয়াছিলেন। জ্মানিত্ন। জ্মানির আমাবজার আবিভ্তি ইইয়াছিলেন। জ্মানির আমাবজার আবিভ্তি ইইয়াছিলেন। জ্মানির ইতে এই কাল প্রি-পুলালশ শতাবে পাইয়াছি। বোধ হয় কালীয়-দমনই ব্রক্তের ক্ষের শেষ কীতি। সেও এইয়ুপ কালের। প্রচারক ব্রহ্ম গর্মকেইহার

পূর্বে মনে করিতে পারা যার না। বস্তুতঃ তিনি ইহার পরে ছিলেন, এবং পূর্বকালের ঘটনা স্থরণ করিয়াছেন। তিনি অতি পুরাতন হইলেও খ্রি-পূ ১০০০ অব্দের পূর্বের হইতে পারেন না। প্রকৃত রাস্যাতা খিু-পৃ ৬০০ অংকর এদিকে নয়। অভএব দেখা যাইতেছে, ১০০০ হইতে বৃদ্ধকাল ৬০০ অংকর মধ্যে মহাভারতের কৃষ্ণ এশীশক্তি সম্পন্ন হইয়াছিলেন। মহাভারতে দেবর্বি নারদ নর-নারায়ণ প্রত্যক্ষ করিতে অর্গে ক্ষীরোদ সাগরের এক দীপে পিয়াছিলেন, অজুন ও রুঞ্জে নর-নারায়ণ জ্ঞান করেন নাই। ভাগবত পুরাণ লিখিয়াছেন, নারদ বৈক্তব-তম্ত প্রচার করিয়াছিলেন। অর্থাৎ ভাগবত ধর্ম ভারত যুদ্ধ কালের পূর্ব হইতে চলিতেছিল। থ্রি-পূ চতুর্ব শতাবে পাণিনি অজুনি-ভক্ত অজুনিক, বাহ্নদেব-ভক্ত বাহ্নদেবকে পদ দিল্প করিয়া গিয়াছেন। ভগবদ গীতোক "মাদানাং মার্গশীর্ষে:২হং" হইতে জানা যায়, গীতা খি-ুপু চতুর্থ শতালের এদিকে হইতে পারে না। (আযাচ মাসের ভারতবর্ষে 'মহাভারত যুদ্ধকাল')। ইহার অধিক পূর্বেও নয়। ধর্মের মানি হইলে ভগবান আবিভূতি হইয়া থাকেন। বিশ্রুত কীতি চন্দ্রহা বংশ লুপা, শুদ্র রাজা মহাপদ্মনন্দ একরাটু, কলির পূর্ব প্রতাপ। ধর্মের এমন প্রানি আর হয় নাই। গাঁভায় এক্ষ ক্ষতিমদিগকে উত্তেজিত করিয়াছেন। ইহার গৃই তিন শত বৎসর भूटर्र विकृ ७ क्रुक अ**क इ**हेश शांकिटवन।

মহাভারতের অক্ত হলেও শ্রীকৃষ্ণ ও বিষ্ণু এক জ্ঞানে
শ্রুক্ষের ঐবর্থ বর্ণিত হইরাছে। কিন্তু ঐবর্থে মাধ্র্য
নাই। মধ্ররস-পিপান্দর তৃথি হইল না, তাভারা তাহাকে
রাগবিলাসরসিক করিলেন। বিষ্ণু প্রাণে শ্রীকৃষ্ণ গোপীবল্লভ হইরাছেন। এই প্রাণেই প্রথম পাইতেছি।
ইহার চতুর্থাংশে ভবিষ্য-রাজবংশ বর্ণন আছে। বোধ
হর আদি বিষ্ণু প্রাণ এইথানেই সমাপ্ত হইরাছিল।
প্রথম চারি অংশে বিষ্ণু নাম শত শত্তবার আছে,
ক্রন্টের বংশ বর্ণনে সভ্যভামা ও আঘবতীর সহিত
ভাহার বিবাহ কথিত হইরাছে, এক স্থানে চতুর্থ্
পাতাধ্বরের রূপ বর্ণিত হইরাছে, কিন্তু গছেও মাত্র ছই
এক স্থানে কৃষ্ণ নাম আছে, গোপ-গোপীর কোন
কথাই নাই। পঞ্চমাংশ ও অনাবশ্রুক বঠাংশ পরে

शक्षणान, बहुणान हरें। नहारसन्न शरत ब्रिक्ट गरन रहे। दिनान उपनीना शाहेरकि ना।

(वाकिंड, इंश्. दि

পশ্চিম-ভারতে ছই এক যবন নৃপতি ভাগবিত ।

অস্ত্রত হইয়াছিলেন। প্রাচীন বিদিশা-নগরীতে খিন্প্
বিতীয় শতাব্দের একজনের প্রতিষ্ঠিত গরুড়-গুন্ত আবিষ্কৃত
হইয়াছে। কিন্তু ভাগবিত ধর্ন প্রাতন, বিষ্কৃতিক ও
গোপালরক্ষভিকি এক নয়। বিষ্কৃ চতুর্জ, তাইার বাহন
গরুড়, ধাম বৈকুঠ প্রকোকে। ব্রজের ক্রক্ড ভিতৃত্ব,
ভাইার বাহন রথ, ধাম বৃন্ধাবন বা গো-লোক, প্রুব-লোকের উ:র্জি কদ্খলোকে।

ভাগবত পুরাণে বেদান্ত-প্রতিপাদিত ব্রহ্মত ব্যাখ্যা ত হইরাছে। কিন্তু ইচ্ছা করিলে ইহার হৈত ব্যাখ্যাপ্ত করা যাইতে পারে। এই পুরাণ বিষ্ণু পুরাণের পরে প্রণীক্ত। তথন দেশে শান্তি বিরাজিত, হরিকথা প্রবণের যোগ্য কাল চলিতেছিল। ইহাতে (১৯) ভীম্মের শরশযার উল্লেখ আছে। অত এব ইহা থি পু পি ভিটার শতান্তের। অক্র স্থানী নহে এবং তাহা হইতে সপ্রবার আদিতে পারে না। অত এব থি পুরাণের রচনাকাল খি পুর্বি হাইতে হইতেছে। এই পুরাণের রচনাকাল খি পু প্ হিতীর শতান্ধ মনে হয়।

রাধা-ক্রফ ভজনা ভাগবতের পর আসিরাছে। কেবল একথানি পুরাণে, ত্রহ্গবৈবর্ত্ত পুরাণে এই উপাসনা পাইতেছি। রাধাক্রফ প্রকৃতি ও পুরুব, যাবতীর দেবী ও দেব এই তুই ংইতে আবিভূতি। কিছু রাধা শাপগ্রস্থ হইয়া নরলোকে জন্মগ্রহণ করিয়াছিলেন। লোকে রাধা মানিত ন', কবি রাধাক্রফকে একেরই বামাক ও দক্ষিণাক্র বালিতেও লোকে রাধা ভজনার নিক্লা করিত। কবি ভাহাদিগকে নির্বংশ ও নরকগামী করিয়াছেন। কিজু এই পুরাণের বর্তমান রাঢ়ীর সংস্করণ হইতে ইহার প্রকৃত পরিচর পাওয়া যার না। মৎক্র পুরাণে ত্রহ্লবৈবর্তের লক্ষণ ও লোক সংখ্যা প্রদন্ত হইরাছে। লিখিত আছে, ইহাতে রখন্তর কল্লের বৃত্তান্ত আপ্রাক্ত রখনতের নিক্ত ক্রক্ত মাহাল্য্য কীর্তন করিয়াছিলেন, ক্রমা ও

কাব্যের অপকর্ষ ঘটাইয়াছেন। অগ্রহারণ শেনে বি হইলে কোমুণী পূর্ণিমার রাসই বা কেফা প্রান্ধী নাই।

(৮) ক্ষোপুল ক্ষাপুল ক্ষাপুল আছে।

গ্রেরুল, প্রকৃতি,

গরহন্তে রাধরা জীড়া

শতা প্রকৃতি, বর্ষ কি সপ্তম

শতা প্রকৃতি ক্রাইনীর বার-বিচার ও অল্ল সপ্তবার গণনা

হইতে ব্রিতেছি, ইহা খি-পর তৃতীর শতাবের পূর্বে
প্রণীত হর নাই। বর্তমান সংস্করণেও লিখিত আছে,

ইহার স্নোক সংখ্যা অটাদশ সহস্র। কিত্র বন্তুত:

একবিংশ সহস্র পাওয়া যার। অত্যবে অন্তত: তিন সহস্র

শোক প্রক্ষিপ্ত হইয়াছে। আর যে কত সহস্র লুপ্ত হইয়া

তৎস্থান নৃতন স্নোকে পূর্ণ হইয়াছে তাহা ব্রিবান
উপার নাই। *

অমর-কোষ ধি-ু-প তৃতীয় শতাকে প্রণীত হইয়া-

ছিল। ইহাতে নারারণ ও ক্লফের উনচল্লিণটি নাম আছে, কিন্ধু একটি নামেও গোপাল-ক্ষ গোপী-কৃষ্ণ নাই। এই কোবে রাধা বিশাধা ভারা, কোন গোপী নর। শুনিভেছি পাহাড়পুরের ভয়াবশেষ রাধাক্তফের প্রভিমৃষ্টি আবিদ্ধত হইয়াছে, এবং সে প্রভিমৃষ্টি পঞ্চম শভান্দের। বদি সভ্য হয়, রাধা ইহার এক শভান্দ পূর্বে আবিভ্রতা হইয়াছিলেন।

উপাসনা ও ধর্মবিশ্বাস প্রবর্তনের কাল নির্ণর অতিশর ছর্ছ। কারণ প্রথমে আল দেশে প্রচারিত হয়, আয় লোকে প্রাতন ত্যাগ করিয়া ন্তন গ্রহণ করে। একই কালে একই দেশে বিবিধ উপাসনা চলিতে থাকে। প্রাতন সহজে লুগু হয় না। ন্তন সকল লোকের মাল হয় না। এই কথা অয়ণ রাধিয়া নিয়লিথিত কাল সফলিত হইল।

थि-श्रु ১ ৪৫० कास ।	ভারত ধুদের ক্ল
>>••	প্ৰহ্বাপতি কৃষ্ণ
9.0	ঈশ্বর ক্লফ
800	গী তার কৃষ্ণ
٥	ব্ৰজের কৃষ
খি-প ৩০০	রাধা ক্লফ

স্বামী

শ্রীকুমূদরঞ্জন মল্লিক বি-এ

আধেক তুমি মাত্র্য এবং আধেক তুমি নারারণ,
আধেক তুমি আমার দেহ, আধেক আমার প্রাণ মন।
তুমি আমার সফল অপন, তুমি আমার সকল আল;
অর্গ এবং মর্গু মিলার তোমার ছটী বাহু পাল।

হেরিনি কই ভগবানে তোমার তাঁহার আভাস পাই, বেদান্তেরি ব্রহ্ম তুমি, তুমি ছাড়া কিছুই নাই। তুমি আমার আঁথির জ্যোতি, তুমি আমার দাবণ্য। অধ্য কপোল কুটার গোলাপ কাহার লাগি কি জ এলো মোরা ধরার নাঝে এক সাথেতে ফুটি হে,
প্রেমের পরীরাক্ষ্যে আমার কর তোনার জ্টী হে।
জুমি এবং আমিই দোঁতে যুগের যুগের বধ্বর,
স্ঞ্জন কর নৃতন ধরা অর্দ্ধন নর নারীখর।

দেবতা তুমি পিয়াও মোরে মহা প্রেমের অমৃত, বক্ষেতে বৈকৃষ্ঠ রচি করো আমার সমৃত। মাসুষ তুমি আমার দাথে নিত্য হাস কাল হে, তোমার বাহপাশের নিবিড় আলিঙ্গনে বাধ হে।

১০০৭ সালের 'ভারতবর্ধে' অক্ষাবৈবর্ত পুরাণের দেশ ও কাল নির্ণিয় করা গিরাছে।



শেষ পথ

ডাক্তার শ্রীনরেশচন্দ্র সেন-গুপ্ত এম-এ, ডি-এল

21

কিছুদিন নির্যাতনের পর মাধব বলিয়া কেলিল, আর এমন করিয়া টেঁকা যায় না। একে নিদারুণ অর্থকট, তার পর গ্রামবাসীর অভ্যাচারে তার জীবন-ধারণ পর্যন্ত অসম্ভব হইলা উঠিয়াছে। একদিন সে রাগের মাথায় শারদাকে বলিয়া বিসল, শারদাকে বিবাহ করিয়াছিল বলিয়াই তার এত হুর্গতি—বিবাহের পর একদিনও সে স্থের মুখ দেখিল না।

শারদা রাগে জুলিরা উঠিল। সে মাধবকে কতক-ওলি শক্ত শক্ত কথা বলিল,—তার পর সারা দিন অনাহারে থাকিল, আর কথা কহিল না।

পরের দিন প্রভাতে গোবিন তাঁতির বাড়ীতে গিয়া শারদা তাকে বলিল যে মাধ্বকে এক্যরে ক্রাটা তাদের কেমন বিচার হইল ?

গোবিন্দ বলিল, বিচারে কোনও দোষ হর নাই। বাভিচারিণী স্থাকে লইরা ঘর করিলে সমাজে পতিত চইতেই চইবে।

শারদার মুখের গোড়ার কথাটা আদিল যে, বে প্রী
গইরা গোবিল বৃদ্ধ বয়সে বর করিতেছে, ভার বরসকালে
অধ্যাতির সীমা ছিল না। কিন্তু সে ক্রোথাকে ভারারই
গির ভাবে বলিল যে, সে দোর করিয়া থাকে ভারারই
শালা হওয়া উচিত, ভার স্বামী কোনও দোর করে নাই।
আর ব্যভিচারিণী বিন্দুর সহিত ব্যবহার বদি স্মাল্
অনারাসে সহিতে পারে, ভবে ভাহার সলে বাস করার
ভার স্বামীর কোনও অপরাধ হর নাই।

গোবিন্দ শারদার তর্ক করিবার অপরিসীম ঔচ্ছত্যে কথা।

ক্ষিপ্ত হইয়া উত্তর করিল যে তাহাতে এবং ইহাতে অনেক প্রভেদ। প্রভেদ যে কিনে তাহা বরপতঃ নির্ণন্ধ করিতে সে পারিল না, কিন্তু প্রভেদ যে আছে তাহাই অত্যন্ত কোর করিয়া সে বলিল। কিন্তু শারদা তাহাতে দমিল না। সে যে-সব যুক্তি প্রয়োগ করিল তাহাতে গোবিন্দ হালে পাণি না পাইয়া শেষে বলিল যে বিন্দু বিধ্বা,তাহার কথা বতত্ত্ব—এবং বিন্দু মাধ্বের স্ত্রী নয়, তাহার সহিত ব্যবহারে কাকেই মাধ্বের আতি ঘাইতে পারে না।

যুক্তি হিদাবে এ কথাটা নিভাস্ত অপ্রদের হইলেও, সোবিন্দের কাছে তথন যে করজন বসিরা ছিল সকলেই বাড় নাড়িরা কথাটার সার দিল। এ বিষরে যুক্তি ঘতই তুর্বল হউক সংস্কারটা অভ্যন্ত প্রবল, এবং যুক্তি সংস্কারের বিরোধে সংস্কারের জন্ম চিরদিনই হইরা আসিরাছে।

শারদা যথন তকে আঁটিয়া উঠিতে পারিল না তথন দে বলিল, বেশ কথা। কিন্তু এ অপরাধের কি প্রায়শিত্ত নাই ?

গোবিন্দ বলিগ, প্রায়ন্চিতের বিধান তো করাই হইরাছে। মাধব তাহা মানিতে চার নাই বলিয়াই বত গোলবোগ।

তথন শাবদা বলিল, দোব করিয়াছে সে, প্রায়ণ্ডিত হউক, শান্তি ইউক ভাহারই হইতে পারে, ভাহার খানীর কেন দণ্ড হইবে ?

হারাণ তাঁতি পালে বসিরা ছিল, বলিল "ইরা ওরাজিব আ। গোরিক ধ্যক দিয়া বলিল, "ওয়াজিব না ওয়াজিব। তুই তো দোৰ ক'রছসই—আর সে করে নাই? সে ভরে কইয়াঘর করে কয়ান ?"

আনেককণ তর্কাতর্কিতে শারদার মাথায় খুন চড়িয়া গিয়াছিল, দে বলিল, "ইয়াই তো ঠিক ? দে আমারে লইয়া ঘর করে ইয়াই না ভার দোষ ? দে যদি ঘর না করে ?—ঘদি আমারে ভাড়াইয়া দের ভবেই হইবো—
কেমুন ?"

গোবিন্দ বলিল "তা সর কি ? নাইলে পেশাকর লইরা ঘর কইরবো, সমাজেও থাইকবো ইরা হইবার পাইরবো না। সমাজে থাইকবার হইলে আমাগো শাসন মানা লাইগবো।"

শারদা বদিরা ছিল। সে একটা প্রবল দৃপ্ত ভলীতে দাঁড়াইরা উঠিরা তীত্র দৃষ্টিতে বৃদ্ধের দিকে চাহিয়া বলিল "বেশ!" তার পর ভার দৃষ্টি ও সমগ্র শরীরের ভলীতে বৃদ্ধের প্রতি একটা তীত্র অবজ্ঞা জানাইরা সে জোরে জোরে পা ফেলিয়া বাড়ীতে চলিয়া গেল।

মাধব দেখানে বিষয় ভাবে মাথায় হাত দিয়া বসিরা ছিল। শারদা তার দিকে চাহিল; কিছু কোনও কথা কহিল না। রামার চালায় গিয়া সে রন্ধন আরম্ভ করিল। সে কার্য্য সমাধা হইলে সে মাধবকে খান করিতে পাঠাইল।

মাধবের সানাহার সমাপ্ত হইলে শারদা ভাকে তাগালা করিয়া দূরের এক হাটে পাঠাইরা দিল।

সন্ধ্যাবেলার হাট হইতে ফিরিয়া মাধব দেখিতে পাইল শারদা ঘরে নাই।

রাত্রি একটু বেশী হইলে সে পাড়ার থোঁজ করিতে বাহির হইল। কোথাও শারদার সন্ধান পাওরা গেল না। তথন সে বাড়ী ফিরিরা মাথার হাত দিরা বসিরা পড়িল।

ৈসে স্থির করিল লোকে যাহা বলিরাছিল সে কথাটা স্ত্য-শারদা ভ্রষ্টা; সে ঘরে থাকিবে কেন ?

ভীষণ আফোশ তার মনের ভিতর গর্জন করির। উঠিল। সে স্থির করিল যে আবার বদি সে কোনও দিন শারদার দেখা পার তবে তারই একদিন কি শারদারই দেখা সে পাইরাছিল—কিন্ত কিছুই করিতে পারে নাই।

শারদা স্থির করিরাছিল সে আর বামীগৃহে বাকিবে
না, এ গ্রামে থাকিবে না। অবিচারের বেদ্নার তার
প্রাণ ক্লেপিরা উঠিয়াছিল। কোনও কিছু না জানিরা
তানিরা গ্রামবাসীরা তাকে হুণ্ডরিত্রা সাব্যক্ত করিরাছে
এবং তার নামে রচিত এক বিরাট উপস্থাস বিখাস
করিরা বসিরাছে। তাদের এ বিখাসের প্রতিবাদ
করিতেও তার ঘ্ণা বোধ হইল। কেন? কিসের অস্থ

এক বংসর বিদেশে থাকিরা ভার মনের ক্ষেত্র প্রদারিত হইরা গিরাছিল। এ প্রাম, এ সমাজের বাহিরেও একটা জগৎ আছে সে কথা সে জানিরাছিল। জানিরাছিল বে বাহিরের সে জগতে শরীর খাটাইরা জীবন যাপন করা যার, পর্যা উপার্জন করা যার। তনিরাছিল রংপ্রের চেরে বড় সহর আছে—কলিকাতা, সেখানে রোজগার আরও বেশী। গ্রামের লোক জনারাসে ভাকে এই নিদারণ অপমান করিরাছে, সে কেন ইহাদের অন্ত্রহ্পার্থী হইরা এখানে পড়িয়া নির্য্যাভিত হইবে ?

সে স্থির করিল, কোনও উপারে সে একবার কলিকাতা ঘাইবে। দেখানে গিরা দাসীবৃত্তি করিয়া জীবন কাটাইবে—এথানে আর থাকিবে না।

মাধ্বের অক্স তার এ সহল কার্য্যে পরিণত করিতে কিছু বিলম্ব হইরাছিল। মাধ্বকে সে ছই একবার প্রামছাড়িরা বাইতে বলিরাছিল; কিছ সে প্র্কপ্রধার প্রামছাড়িরা বাইতে বলিরাছিল; কিছ সে প্র্কপ্রধার ভিটাছাড়িরা বাইতে বীরুত হর নাই। ফল কথা বহির্জাণ সম্বন্ধে অপ্রবাসী মাধ্বের একটা নিলারুণ ভীত্তি ছিল। গৃহের নিরাপদ আশ্রন্থ ছাড়িলেই চারি দিক হইডে না আনি কি অমলল আসিরা পড়িলে এই ভরে ভারে ভারত এপ্রভাবে সঙ্গুচিত হইরা পড়িল। মাধ্বকে ছাড়িরা বাইতে শারদার মন সরিল না, কেন লা সে চলিরা পেনে একদরে হইরা মাধ্বের একা এখানে একদিনও চলিবে না। ভাই সে রহিরা গিরাছিল।

কাল রাত্রে মাধবের তির্হ্বারে **ভার বড়** জে^{ন্}

হইবাছিল। তথনই সে সম্বন্ধ করিরাছিল বে মাধবকে ছাড়িরাই লে চলিরা বাইবে। পরের দিন সকাল বেলার কিন্তু আবার তার সম্বোচ হইল। সে চলিরা গেলে সমাজের এ নির্ব্যাতন সহিরা মাধব যে মোটেই টিকিতে পারিবে না এ কথা তাবিরা তার চিত্ত ব্যথিত হইল। তাই সে একটা মীমাংলার চেটার গোবিন্দের বাড়ী গিরাছিল।

গোবিলের কাছে যথন সে তনিল যে সে চলির। গেলেই মাধবের সামাজিক শান্তি উঠির। যাইতে পারে, তথন সে মন ভিত্র করিল।

মাধবকে হাটে পাঠাইয়া সে গৃহকর্ম সমাপ্ত করিল। তার পর বিপ্রহরে নিংশবে সে গ্রাম ছাড়িয়া চলিয়া গেল তার মারের কাছে। ছির করিল সেখানে কিছুদিন থাকিয়া কোনও একটা জোগাড় করিয়া সে কলিফাতার বাইবে।

किनाकात क्षेत्र याख्या करेन मा।

শারদা মারের কাছে আসিবার তুই একনিন পরেই তার মা অসুত্ব হইলা পড়িল। কাজেই শারদার থাকিরা বাইতে হইল। মারের অসুথ হইতেই তট্টাচার্য্য বাড়ীর কাজ তার বাড়ে পড়িল, এবং তার পর মাস্থানেফ তোগের পর বধন তুর্গা মারা গেল তথন শারদাকে সেথানেই থাকিতে হইল। তুর্গার বাড়ীখানা এবং একথানা চাকরাণ কমী ছিল, তাই লইরা শারদা দেখানে সংগারী হটবা বহিল।

প্রথম প্রথম পারদার মনে আপতা ইইরাছিল ব্ঝি-বা মাধব এখানে তার খোঁজ লইজে আসিবে। কিন্তু মাধব নিজেও হির করিরাছিল, তার পাড়াগড়সীরাও তাকে বিশেব করিরা ব্ঝাইরাছিল বে শারদা পাপিটা। তাই শারদার সন্ধান যথন জানিতে পারিল তথনও সে কোনও খোঁজ খবর করিল না। প্রথমে শারদার আপতা ইইরাছিল। মাধব আসিলে তাকে কি বলিবে, কি বলিরা তাকে নিবৃত্ত করিবে সেই কথা ভাবিরা সে ভরে মারতেছিল। কিন্তু বখন তিন মাস চলিরা গেল অথচ মাধব কোনও খোঁজ খবর লইল না তথন তার মন হংখে তরিরা গেল। বে আশত্তিত সাক্ষাতের ভর সে পাইল ভাহা বে হইল না ভাহাতে তার বৃক্ত ভালিয়া গেল— ক্ষতিমান কইল।

তথনও শারদার মনে আশা ছিল শীঘ্রই সে কোনও একটা ব্যবহা করিরা বিদেশে চলিরা যাইখে। কিছ আরদিন পরেই একটা প্রকাণ্ড অন্তরার আদিরা তার সে সকরেও আলা ভূমিদাং করিরা দিল। শারদা অন্তর্ভব করিল সে অন্তঃসভা। কাজেই সে বিদেশে বাওরার আশার ভলাঞ্জিল দিরা ভট্টাচার্য্য বাড়ীর কাজেপরিপূর্ণরূপে আাত্মমর্পণ করিল।

যথাসমরে শিশুর জন্ম হইল। যতদিন সে স্থামীগৃছে ছিল ততদিন তার সন্তান হইরা সুধু নইই হইরাছে, কিন্তু আন সে স্থামীর আশ্রয় ছাড়িরা আসিরা জীবিত সন্তাম কোলে পাইল এবং সে ছেলেটি দিনে দিনে শশীকলার মত বাড়িতে লাগিল। ছেলের মূপ দেখিরা শারদার আনন্দ হইল—আর ছঃধন্ত হইল। হার, এ ছেলে সে ভার স্থামীর কোলে দিতে পারিল না।

দিবার উপার ছিল না। কেন না মাধবকে ভার পড়সীরা বুঝাইয়াছিল এবং মাধবও বুঝিয়াছিল বে এ সন্তান ভার নয়। ভাই সে সবার পরামর্শে লোক পাঠাইয়া শারদাকে জানাইয়াছিল বে সে এ পুত্রের জন্ত লারী নহে, এবং আরও জানাইয়াছিল বে সে শারদাকে সসন্তান পরিভাগে করিয়াছে।

এমন কিছু একটা বড় কথা নর ইহা! মাধবের এমন কিছু বিভ ছিল না বার জন্ত শারদা বা ভার ছেলের বেশী ছঃধ হইবার কথা। সেখানে ভাদের ক্ষার আরেরই যথেই সক্ষর ছিল না। বরং এখানে শারদার আরবজ্ঞের আভাব নাই, ছুর্গান্ত গোটা পঞ্চাশেক টাকার সঞ্চর রাধিরা গিরাছে—তা ছাড়া তার চাকরাণ চার পাথী জ্মী আছে। শারদার অবস্থা মাধবের চেরে সক্ষল। তবু শারদা ছঃধে কাদিল—নিদাকণ আপমানে কাদিল—মাধবকে ভালবাসিত বলিরা অভিমানে সে কাদিল।

কিন্ত সে চূপচাপ মূথ বৃদ্ধির। ভট্টাচার্যাবাড়ীর কাজ করিয়া গেল—লোকে বৃদ্ধিল না কত বড় ব্যথা তার বৃক্তে বাজিয়াছে।

এমনি করিয়ামাদের পর মাস চলিল। ছটি বংসর ঘ্রিয়া গেল। 36

্ছই বংসর পর একদিন শারদা দেখিতে পাইল গোপালের বাড়ীতে ত্ইধানা বড় ঘর উঠিতেছে—টিনের চালা, পাটির বেড়া।

ন্তনিতে পাইল গোপাল বাড়ী আসিবে। এবার সে স্থায়ীভাবে গ্রামে বাস করিতে আসিতেছে। ক্রমে সে তনিতে সাইল যে গোপাল ইতিমধ্যে প্রার এক ধাদা ক্ষমী পত্তন লইরাছে এবং একটা তালুকের অংশ কিনিরা ফেলিয়াছে। সকলে বলিল গোপাল এখন একটা কেইবিষ্ট গোছ হইয়া উঠিয়াছে।

শুনিয়া শারদার মন জানকে নাচিয়া উঠিল।
গোপালের এতথানি সৌভাগ্য ইইয়াছে—সিকদারের
ছেপে হইয়া সে এতটা উয়তি করিয়াছে যে এখন সে
গ্রামের দশক্ষনের একজন হইয়া বসিয়াছে—তালুকদার
ইইয়াছে—ইহা কি কম আনক্ষের কথা।

ব্যগ্র আকাজ্ঞার সহিত সে গোপালের আগমনের প্রতীকা করিতে লাগিল।

গোপালের যে অভ্যনমে শারদার এ আমন্দ তাতে গ্রামের লোকের, বিশেষতঃ ভদ্রলোকদের আকোশের সীমা ছিল না। গোপালের এ সম্পদ তাদের কাছে একটা অমার্জনীয় অপরাধ বিলিয়া মনে হইল। কানাই দিকদারের ছেলে—গোলামের ছেলে—তার এতটা বৃদ্ধি ভদ্রলোক হইয়া কে বরদান্ত করিতে পারে? কানাইরের ছেলে যে গ্রামে আদিয়া তাদেরই মত তালুকদার হইয়া বসিবে, প্রজার উপর আধিপত্য করিবে ইহা অসহা! তাঁরা স্বাই দীর্ঘনিঃখাস ফেলিয়া বলিলেন "কালে কালে হ'ল কি?" কেহ বলিলেম ঘোর কলি! ভবে সকলেই এই ভাবিয়া অয়বিশুর আখন্ত হইলেন যে এতটা বৃদ্ধি ধর্মে সহিবে মা; গোপালের এ সম্পদ থাকিবে না।

এই সব কথা শুনিয়া শারদার ব্রহ্মতালু জ্বলিয়া উঠিত। ভত্তলোক মহাশরদের কথার উপর কথা কহিবার মত বেয়াদবী তার ছিল না—তা ছাড়া গোপালের পক্ষে কোনও কথা বলা বিষয়ে তার সংহাচও ধথেই ছিল। কোন লা, গোপালের সংক্ তার নাম ভুড়িয়া

কণকের কথা গ্রামে যথেইই রটিরাছিল। শারলা গোপালের সপকে কোনও কথা বলিলে এই চাপা কুৎসাটা চট্ করিরা মুখর হইরা উঠিবে এ ভর শারদার ছিল। তাই সে মুখ ব্রিয়া রহিল, আর আনন্দ ও ব্যগ্রতার সহিত গোপালের আগমনের প্রতীকা করিতে শাগিল।

একদিন সকালে সে নদীর ঘাটে আন করিতে গিরাছিল—সেই গাট যেখানে ছিদাম মাঝি ভার উপর অভ্যাচার করিতে গিরাছিল এবং তাকে রক্ষা করিয়াছিল গোপাল। নদীতে গা ডুবাইরা সে চাহিরা ছিল ভীরের উপর গাছের দিকে, আর ভাবিতেছিল কি অসাধারণ উপস্থিত-বৃদ্ধিবলে গোপাল ঐ গাছে চড়িয়া ভাকে রক্ষা করিয়াছিল। সে কথা অরণ করিয়া ভার চিত্ত পুশকিত হইরা উঠিল।

একথানা বেশ বড় পানসী ধীরে ধীরে সেই ছাটের দিকেই অগ্রসর হইতেছিল। শারদা সে দিকে পিছন ফিরিয়া ছিল, তাহা লক্ষ্য করে নাই। হঠাৎ নৌকার উপর হইতে একজন হাঁকিল "ওই মাগী সর।"

একটু দরিয়া গিন্ধা শারদা নুধ কিরাইরা চাহিল।
সে দেখিতে পাইল আগা-নান্ন দাঁড়াইরা গোপাল
মাঝিদিগকে এই ঘাটে নৌকা লাগাইবার উপদেশ
দিতেছে।

শারদার মুথ আনন্দে উত্তাসিত হইরা উটিল ৷ সে গারের কাপড় টানিয়া দিয়া হাসিমুখে গোপালের দিকে চাতিল ৷

গোপাল তাকে দেখিল, কিন্তু চিনিল কিনা বুঝা গেল না। সে অবতরণের প্রতীকা ও আরোজনে ব্যক্ত ছিল। শারদাকে দেখিয়া সে মুখ ফিরাইল।

অভিমানে শারদার বৃক ভরিলা উঠিল। দে মুখ ভার করিলা গন্তীরভাবে তার লান সমাধা করিলা কল্মী ভরিলা তীরে উঠিল।

তথন নৌক। লাগিয়াছে। গোপাল নৌকা হইতে একটি বধ্কে হাতে ধরিয়া স্যত্তে নামাইতেছে। বধ্ব আকঠ ঘোমটা টানা, তার মুখ দেখা গেল না। ভার পশ্চাতে একটি দাসী।

শারদা একবার চকু ফিরাইয়া চাহিল। ভার বুকের

ভিতর ধৃত্ করিরা উঠিল। তথনই গোপালও একবার ভার দিকে চাহিল। চোধে চোধে দেখা হইভেই গোপাল চোধ কিরাইল।

শারদা জল হইতে উঠিয়া প্রবল পদক্ষেপে অগ্রসর ইল। চলিতে চলিতে নে গুলিতে পাইল তার পশ্চাতে গোপাল মাঝিকে জিজাসা করিতেছে, "ও মাগী সেই তুর্গ। ভাইত্যানির মেয়া না ১"

मांचि উত্তর করিল "ह'---भातमी।"

শারদার ব্যের ভিতর কথা করটা বিহাতের মত কলক দিরা গেল। গোপাল তাকে চিনিরাছে! তার অবহেলা তবে ইজাকত। "মাগী" এবং "হুগা তাইতাানির মেয়া" বলিয়া তাকে সম্ভাবণ করিয়াছে গোপাল! শারদার বৃত্কে আগুন জলিয়া উঠিল। সে ফ্রাতপ্রেল গৃহে চলিয়া গেল।

चरत्र शिवा मात्रमा धूव थानिकछ। कामिन। (न वड़ আশা করিয়া গোপালের আগমনের প্রতীকা করিয়াছিল। নিজের কোনও লাভের আশার সে ব্যাক্ল হয় নাই. কেন না ভার কোনও কিছুর প্রয়োজন ছিল না। তার খাওয়া পরার ডঃখ নাই, বংকিঞ্চিৎ সমূদও আছে। দে যেমন সজ্জভার সহিত ভার দরিত্র জীবন যাপন করিতেছে ইহার চেরে ভাল থাকিবার কোনও আদর্শ তার মনে কোনও দিন ছিল না, তাই তার আকাজ্ঞাও তেমন কিছু ছিল না। গোপালের যে সম্পদ ভাতে তার কোনও উপকার হটবে এ আশা বা আকাক্ষা তার ছিল না। গোপালের প্রেমের লোভও সে করে নাই। একদিন গোপাল তার রূপ যৌবনের কাছে পরাভত হইয়া ভার কাছে দীনভাবে প্রেমভিকা করিয়া-চিল, ভাহাকে শার্মা নির্মনভাবে প্রভ্যাথ্যান করিয়াছিল। আৰু বদিও সে খামীর সহবাসে বঞ্চিতা, তবু ভার মনের ভাব আঞ্জ ঠিক তেমনি আছে। ধর্ম খোরাইরা গরপুরুষের প্রেমসস্ভোগের করনাও ভার চিত্তে আদে ন। তবু দে আনন্দের দহিত গোপালের প্রত্যাগমনের গ্রতীকা করিয়াছিল—কেন না গোপাল ভার বন্ধ-তার পরম ক্ষেত্রে পাত্ত,--ভার অভাদরে ভার আনন্দ।

তা ছাড়া বৃদ্ধিও ধর্ম থোৱাইরা গোণালের কাছে মাগুবিক্রের সে করিতে চার না ভবু গোণাল বে তাকে

এমনি পাগদ হইরা ভাদবাদে ইহাতে ভার মনে একটা বিচিত্র তৃথি ছিল। কত যে ভাদবাদে গোপান ভার বহু পরিচর শারদা পাইরাছে। সে ভাদবাদার করনায় ভার চিত্ত পুশক্তি হইত, যদিও ভার তৃথিদান করিবার শক্তি বা আকাভালা তার ছিল না। এই বে প্রীতি ও তৃথি ইহা ছিল ভার প্রাদের গোপন সম্পদ। সজ্ঞানে হউক অজ্ঞানে হউক সে ইহা পরম পরিতৃথির সহিত অক্তরে উপভোগ করিত।

ভাট শারদা বড বাধিত হটল। এত বাধা তার যে কেন তাহা বিল্লেখণ করিয়া দেখিবার শক্তি ভার ছিল না। কিন্তু ব্যথার ভার বৃক্ষ বেন ভালিয়া পড়িভে লাগিল। গোপাল যে তাকে জানিয়া ও চিনিয়া ভার তৃপ্তি বা আনন্দের কোনও পরিচর দেওয়া দূরে গাঁকুক, ভাকে সম্পূর্ণ অগ্রাহ্য করিয়া অবজ্ঞার সহিত ভাকে সন্তাৰণ কবিল ইচা ভার পকে অস্ত। 'ৰাগী' বলিয়া গ্রামের ভদ্রস্থাজের স্বাই ভাকে সম্ভাবণ করে, তুর্গা তাঁতিনীর কলা সে, সে কথাও সুপন্নিচিত। কিছ ভাই বলিয়া সে কথা ভাকে বলিবে গোপাল। এই তো দেদিনও গোপাল ভার পার পড়িয়া প্রেরভিকা করিরাছে, সে রাণীর মত তাকে প্রত্যাখ্যান করিরাছে, তাকে আদেশ করিয়াছে। আর সেই গোপাল তাকে এমনি সন্তাৰণ করিল! আর কি সে গোপাল! ভদ্রবোকের কাছে অবজার সম্ভাবণে দরিদ্রেরা চিম্নদিন অভ্যন্ত, তাতে তারা দোব মনে করে না। কিন্তু গোপাল! কানাই খানসামার পুত্র সোপাল,---সে তাকে এমন অবজা করে কি সাহসে ে জোগে ছাথে শারদার সর্বাদ অশিরা উঠিল। একটা ধুব শক্ত রক্ষ প্রতিশোধ দইবার জয় তীত্র আকাক্ষা হইল তার চিত্তে। কোনও উপার মনে আসিল না, কিছু প্রামের আর সকলের মত সেও এখন মনে মনে ইছা ভির করিল বে এতটা বৃদ্ধি ধর্মে সহিতে না-পোপালের পতন হইবেই।

তা ছাড়া, আর এক দিক দিরা গোপাল শারদাকে তীর আঘাত করিবাছিল—দে কথা শারদা নিজের কাছেও খীকার করিতে কৃতিত হইল। গোপাল সংক্ আনিয়াছে একটি বধ্—বিবাহ করিবা আলিয়াছে লে। কিছুই আশ্চর্যা নয়। বিবাহের বরস তার হইরাছে, সে বিবাহ করিবে না কেন? তবু!—শারদার বৃক্টা বেন ইহাতে, অবথা চিরিরা গেল। তার মনে হইল কত আদরের কথা গোপাল তাকে একাধিকবার বলিরাছে, কত প্রেম তাকে জানাইরাছে। শারদাকে লইরা সমাজ ত্যাগ করিরা সে সমস্ত জীবন উজাড় করিয়া দিবার জন্ম প্রেমত হইরাছিল। এত ভালবাসা গোপালের ছিল! আর সে কি না বিবাহ করিয়া বসিল!

যুক্তর দিক হইতে শারদার কিছুই বলিবার নাই।
কেন না, একে তো সে-কালে পুঞ্জুবর পক্ষে প্রেম
একনিষ্ঠতা কেছ আশাই করিত না। প্রেমময়ী পদ্মী
সক্ষেত্র বিবাহ করাটা সেকালে কোনও একটা দোবের
কথাই ছিল না, অবৈধ প্রশবের ভো কথাই নাই। তা
ছাড়া গোপালের এই যে ভালবাসা, শারদা তো তার
প্রতিদান দের নাই, কোনও দিন দিতে চার নাই।
ভবে ভার জোর কিলে? কি ওজুহাতে সে আক্ষেপ
করিতে পারে? এই সহল প্রশ্নটা কিছ শারদার
কিছুতেই মনে হইল না। তার বৃক্ত ঠিলিরা কারা
আনিল পুধু এই ভাবিরা যে গোপালের যে ভালবাসা
ভার গোপন সন্তোগের ঐপর্ব্য ছিল ভাহা আর নাই,
ওই বালিকা বধু ভাহা নিঃলেবে ল্টিরা লইরাছে।
শারদার মনে হইল ইহা বড় অক্সার—ইহা ভাহার প্রতি
একটা নির্মন অভ্যাচার।

ভাই শারদা পড়িরা পড়িরা খুব খানিকটা কাঁদিল। ভার পর নে উঠিল।

তার ত্ই বছরের ছেলেটা আদিনার ধ্লার ল্টোপ্টি হইরা ধেলা করিতেছিল পাড়ার আর করেকটি ছেলেশিলের সদে; শারদা তাকে ঝাড়িরা ঝুড়িরা কোলে ভুলিরা মনিব বাড়ী কাল করিতে চলিল।

পথে বাইতে বাইতে তার ছুই তিনটি প্রীলোকের সক্ষে দেখা হইল, ভারা ছুটিয়াছে গোপালের বাড়ীর দিকে। গোপাল আদিরাছে—বউ লইরা আদিরাছে এই থবর রটিয়া বাইতেই গ্রামের স্বাই কৌতুহলী হইরা ভার বাড়ীতে ছুটিয়া চলিরাছে, দেখিবার অন্ত। স্কলেই শার্লাকে জিজাসা করিল, "তুই যাবি না?" শার্লা ইনাসভাবে উত্তর্করিল "না—আমার কাম আছে।"

4. 2

মনিব বাড়ী গিরা শারদা দেখিতে পাইল রালাখরের দাওরার বলিরা মোকদা খুব হাত পা নাজিলা অনেক কথা বলিতেছে, আর গৃহিনী ও বধ্রা মিলিলা ব্যথা কৌতৃহলের সহিত ভার কথা শুনিতেছেন।

শারদাকে দেখিয়া মোকদা হাসিয়া বলিল, "লায়দী, গোপাইলা আইচে দেখছস নি ? গেছিলি তুই !"

শারদা অত্যন্ত তাদ্ধিল্যের সহিত "না" বলিরা রারাঘরের ভিতর প্রবেশ করিল। সে লক্ষ্য করিল কথাটার স্থু মোক্ষদা নর, গৃহিণী ও বধুরা সকলেই একটু মুচকি হালি হাসিলেন। সে হাসিতে ভার বুকের ভিতরটা বেন চিড় বিড় করিয়া উঠিল।

যৱের ভিতর বসিয়া শাক বাছিতে বাছিতে শারদা ভনিতে পাইল মোকদা শতমূথে গোপালের সম্পদের বর্ণনা করিতেছে, এবং সংক্ষ সংক্ষ তার নৃতন বড়মানসীয় প্রতি শ্লেষ করিতেছে। মোক্ষদা বলিল গোপালের বউটি দিবি। সুন্দরী এবং তার গা' ভরা দোণার গহনা। বয়সও তার কম হইবে না, বছর বারো-দিব্যি 'ভাদর' মেরে। বউ নাকি ভাল ভদ্র কারত্বের মেরে। ভার বাপ গাইবান্ধার ওকালতী করে। গোপাল লেখানে তার খানদামা বাপের পরিচর গোপন করিয়া ঘোষ পদবী গ্রহণ করিয়া ভদ্রলোক বলিয়া আপনাকে চালাইয়া দিয়াছিল এবং সেই পরিচয়ে সে মিজের মেরে বিবাহ করিয়াছে। বিবাহ হইয়াছে প্রার এক বংসর পূর্বে, **এইবারে গোপাল পরিবার লটয়া দেশে বাস করি**তে আসিয়াছে। অনেক জিনিবপত্র সে লইরা আসিয়াছে, বাড়ীতে ছুতার মিন্তি লাগাইয়া সে খাট পালক সিদ্ধুক প্রভৃতি তৈয়ার করিয়াছে, এবং "টেবুদ" ও চেয়ারও বানাইয়াছে। তার "কাচারী খর" হইয়াছে। সেখানে লখা ফরাসের উপর তাকিয়া ঠেস দিয়া বসিয়া গোপাল লোকজনের সলে কথা কহিতেছে, যেন সে চোদ পুরুষের জমীদার। শতিফ সরকার ভার গোমতা --সে কাছারীগরের এক কোণার বসিরা কাগ্যপত্ত লইয়া প্রজাদের সঙ্গে দরবার করিতেছে। ভার চাগ-চরিত্র জাঁকলমক প্রায় ক্মীদার বাড়ীর মত—ইভাাদি।

গৃহিণী গোপালের স্পর্কার অবাক হইরা গেলেন। এই গ্রামে বসিরা, কানাই সিকলারের ছেলে হইরা সে যে কি স্পর্কার এই বড়মানসী করে তাহা ভাবিরা পাইলেন না। বৃদ্ধ ক্ষমীদার মহাশর মারা গিরাছেন—ভিনি বাঁচিরা থাকিলে গোপালের ঘরবাড়ী ভাকিরা উহাকে উক্তর দিভেন। তিনি গিরাছেন, এবং বাইবার প্রেই তাঁর ছেলেদের ঋণজালে জড়িত করিয়া রাখিরা গিরাছেন, ছেলেদের সর্কাষ হার বার হইরাছে। নতুবা ছেলেরা গোপালকে আভ রাখিত না।

কথাপতি ওনিতে ওনিতে শারদার বেন দম ফাটিবার উপক্রম হইল। তার শাক বাছা হইরা গেলে সে তাড়াতাড়ি উরিরা পুকুর বাটে শাক ধূইতে গেল। সেথানে
তথন একপাল মেরে-ছেলে স্নান করিতে আসিয়াছে—
তাদের মূপে অক্স কথা নাই, স্বর্ গোপাল ও তার বউ!
শারদাকে দেখিয়াই সকলে পরম কৌতুহলের সহিত সেই
এক প্রস্তই কিজালা করিল—শারদা গোপালের বাড়ী
গিয়াছিল কি না। শারদা বখন নিদাকণ বিরক্তির সহিত
উত্তর দিল যে সে বার নাই, তখন সকলেই বিশ্বরের সহিত
এমন ভাবে বলিয়া উরিল "তুই বাস নাই ?" তাদের
প্রস্তের ভিতর প্রচ্ছের ইন্সিত ব্ঝিতে শারদার কোনই
কট হইল না। শারদা ক্র কুঞ্চিত করিয়া শাক ধূইতে
লাগিল।

একজন জনাস্তিকে আর একজনকে বলিল, "ও আর এখন বাইবে কেন ? বে বউ আনিয়াছে গোপাল— এখন কি আর শারদার দিকে চাহিবে ?"

কথাটা শারদার কাশে গেল। দে একবার বিবাক্ত দৃষ্টিতে সেই মেয়েটির দিকে চাহিল। মেয়েটি ভাভে হাসিল।

রোবে ক্ষোভে ক্ষ্করিত হইরা শারদা ভাড়াতাড়ি তার শাক্ষের চুপড়ী লইরা রারাঘরে ফিরিল।

বড় বধু রায়া করিতেছিলেন। উনানে বড় ধোঁরা হইতেছে—কুঁ পাড়িতে পাড়িতে তাঁর চকু লাল হইরা গিরাছে। তিনি শারদাকে দেখিয়া বলিলেন, বাইরের চাকর ফালাইনাকে এক বোঝা তকনো কাঠ আনিতে বলিতে। ফালাইনা বাড়ীতে কামলার কাল করে।

শারদা ফালাইনার সন্ধানে ঘুরিতে ঘুরিতে বাহির বাজীতে পেল। সেধানে ফালাইনা উঠানে বসিরা দারে ভাষাক ফাটিতেছিল। শারদা ভাকে দেখিয়া বলিল—

"এই ফালাইনা—শোন"—তথনই শারদার চোকে বাহা পড়িল তাতে দে এক মুহূর্ত্ত কথা কহিছে পারিল না।

শারদা দেখিল ভার সন্মৃথে ভট্টাচার্য্য মহাশরের বৈঠকধানার—গোপাল! এক মুহূর্ত সে ভার হইরা স্থির দৃষ্টিভে চিত্রাপিতবং ভার দিকে চাহিরা রহিল।

ভট্টাচার্য্য মহাশর মলিন করাসের উপর বনিরা ভাষাক খাইতেছেন। গোপাল আনিরা তাঁর পদধূলি লইরা এক পাশে দাঁড়াইরা বিনীত ভাবে কথা কহিতেছে। অনেক-কণ কথা হইল, কিছু পোপাল দাঁড়াইরাই রহিল। কারণ, ভার বনিবার জারগা নাই। গ্রামের চিন্নছল প্রথা অন্থনারে করাসে বনিবার অধিকারী স্বধু ভক্তলোকেরা। গোপালের ভদ্রলোকডের দাবী গ্রামে টি কিবে কি না নে বিবরে গুরুতর সন্দেহ থাকার সে করাসে বনিতে সাহস করিল না। বাজে লোক বারা, ভারা বনে মেঝের চাটাই পাতিরা, দেখানে 'বাজে লোক'লের সঙ্গেও সোপাল বনিতে পারে না। ভাই সে একটা খুঁটার ঠেন নিরা সমন্তর্মণ দাঁড়াইরা রহিল।

চিত্রাপিতবৎ শারদা তার দিকে কিছুক্প চাহিরা রহিল।

ফালাইনা তাহা দেখিরা একটু হাসিরা ভিজানা করিল, "কও, কি কইবা।"

চমক ভালিতে শারদা প্রথমে ভূলিরা পেল যে সে কালাইনাকে কি কথা বলিতে আসিরাছিল। ভার পর থানিক ভাবিরা ভার স্বরণ হইল। কালাইনাকে কাঠ আনিতে পাঠাইরা সে আবার গোপালের দিকে চাহিল। এবার গোপালও ভার দিকে চাহিল।

শারদা তৎক্ষণাৎ চকু ফিরাইরা ক্রতপদে **অভঃপু**রে চলিয়া গেল :

রারাখরে বসিরা বাটনা বাটিতে বাটিতে ভার চক্ষের অল সে কিছুতেই রোধ করিতে পারিল না। বার বার নোড়া হইতে হাত উঠাইয়া সে চকু মৃছিতে লাগিল।

বড় বউ তাহা লক্ষ্য করিরাসদর ভাবে জিজাসা করিলেন, "কাদিস কেন ?"

কিছুক্ষণ শারদা কোনও উত্তর বিধানা—বড় ব**উ**র প্রথমে ভার বৃক হইতে আরম্ভ কারা বেন ঠেলা শারিরা আসিডে লাগিল।

বড় বউ উঠিল কাছে আসিলেন। বার বার প্রশ্ন क्तिएक ट्रेन्ट्र क्ष्क्र मुख्या भारता विनन, "बाबि काम्म ना एका काहेमारवा एक रवाठाहेकान। আমার মত ছঃধী আছে কে ্ সোয়ামী থাইকতে আমার সোগামী নাই। পোলাড়া আছে সে বাপের মুখ দেইবলো না। ्रभाव करहे चाहि दिनांसल मरल-क्यालात द्रावा. कि কর্ম। কিন্তু তার উপর ইরা সকলে আমারে এমুন জালা দেৱ। কনচে বেঠিটিকান, আমি কি করছি ইরাগো বে সকলে আমারে এমুন খোটা দিয়া জালার ? ্ষাইৰ গোপাইৰা আইচে থিক্যা সকৰে স্বামারে খোচাইবার কইচে-রেন গোপাইলা আমার কি গ ্মাপনার পাও ছুইয়া কই বোঠাইকান-ইয়া একিবারে মিছা কথা। কোনও দিন গোপাইল্যার সাথে আমি ্কোনও কিছু করি নাই। দে আমারে সাইধছে-মানি তারে ভারাইয়া দিছি—সোয়ামী ছাড়া কোনও পুরবেরে ্বামি চকু কিরাইয়া দেখি নাই। তবু ইরা আমারে এমুন কৈজত করে ক্যান কনচ ?"

ক্র বউর পাছুইয়া শারদা এই শপথ করিল—আর কাঁদিয়া সে ভাদিয়া পড়িল। সহ্বদয়তার সহিত বড় বিধু তাকে নানা রক্ষে সাস্ত্রা করিলেন, যদিও শপথ সবেও তিনি শারদার সকল কথা ঠিক বিখাদ করিলেন না।

অপেকাক্ত শান্ত হইরা শারদা বলিল, "আপনার পার ধরি বউঠাইকান, কাক্ষইরে কইবেন না আমি যে কান্দছি। আপনারে যা কইলাম ইরা কাউরে আমি কই নাই। কমু ক্যান ? কেউ কি ইকথা শুইনবার চাইচে কোনও দিন ? জিগাইছে আমারে ? তবে আমি কমু ক্যান ? আপনারে ব্যাগতা করি বউ ঠাইক্যান কাউরে কইবেন না।"

বড় বধু তাকে আখাস দিলেন। কাঁদিয়া কাটিয়া বুকেল বোঝা কতকটা নামাইয়া শারদা আবার কাজ করিতে লাগিল।

শারদা যাহা বলিয়াছিল তাহাই তার হঃধ বা অঞ্ শাতের সম্পূর্ণ হেতৃ নহে। ইহা ছাড়া অন্ত হেতৃ যাহা ছিল তাহা নে নিজের কাছেও খীকার করিল না, হয় তো বা ব্ৰিলও না। গোপালের অনাদর ওমবস্তা তার বৃকের ভিতর বিষের ছুরীর মত বদিরা গিয়াছিল, কেন না, সমাজ ও সংস্থারের তাড়নার সে গোপালকে বতই জোরে প্রত্যাখ্যান কর্মক তার মনের গোপন কন্দরে ছিল গোপালের প্রতি ভালবাসা এবং তার অভ একটা তীত্র কামনা। সেই কামনা কর্ম্বর্যাধের চাপে নিপাড়িত নিম্পেবিত হইয়া প্রকাশ হইজ মধু একটা কামনাহীন স্নেছরপে। যতদিন গোপাল তাকে কামনা করিয়াছে ভতনিন পর্যান্ত ইহার বেশী কিছু সে চায় নাই, এবং এই প্রীতির সম্পর্কেই সে সম্পূর্ণ পরিত্তি লাভ করিয়াছে। কিন্তু আজ গোপালের অনান্বরের অভিযানে তার সেই নিম্পেবিত কামনা বৃক্

তার মনে হইল, সে ইজা করিলেই তো দ্রুর পাইতে পারিত। গোপাল তার পার ধরিরা সাধিয়ছিল মাধ্বকে ছাড়িয়া যাইতে। সে কথা তথন রাখিলে আজ্ব গোপালের যে ঐশ্বর্যা সবই তো তার হইতে পারিত, আর ওই ছ্প্রপোয় বালিকার উপর গোপাল যে ভালবাসা উলাড় করিয়া দিতেছে, সে সব ভালবাসা তো তারই চরণে নিবেদিত হইত। সেই তো মাধ্বকে ছাড়িয়াই আসিল সে—মাধ্ব তাকে পরিত্যাগ তো করিল —তথন যদি সে ছাড়িত তবে তার অদৃষ্ট ফিরিয়া যাইত. তবে আর আল তার একলা তইয়া চক্ষের জলে কাথা ভিলাইতে হইত না। সুধু একবার নয়, রার বার গোপাল তার হাতের কাছে এ সোভাগ্য বাড়াইয়া দিয়াছিল, বার বার শারদা তাহা প্রত্যাধানে করিয়াছে। গোপালের কি দোষ—দোষ তার অদৃষ্টের!

বিন্দুর কথা ভার মনে পড়িল। রূপথেবনের পৌরব লইয়া শারদা ভার খামীকে বিন্দুর কবল হইতে কাড়ির। লইবার জন্ত কত না যত্ন করিয়াছিল। আজ সে বৃদ্ধিশ কি বেদনা বিন্দু ভাতে পাইয়াছিল।

তার নয়নের মণি শিশু পুঞ্কে বুকের ভিতর জ্বড়াইরা ধরিয়া শারদা স হুনা ধুঁজিল। কিন্তু সন্তানের ক্লেহে তার হৃদয়ের এ দারুণ বুভূকা মিটিল না। সে হুডাশ হুইয়া কাঁদিতে লাগিল। (ফ্রেম্প:)

খাইবার পাশ

রমাবতী ঘোষ

ভারতীর নারীগণের অনেকেই কালাপানি পার হইরা স্থান্ত ইংলণ্ড, ইরোরোপ, এমন কি, স্থান্তিনেভিরা পর্যান্ত গিরাছেন; কিছু আমার মনে হয়, তাঁহাদের মধ্যে খুব কম সংখ্যকেরই "থাইবার পাশ" দেখিবার সোভাগ্য ঘটিয়াছে।

ভারতের বৈচিত্র্যপূর্ণ ও ইতিহাদ-প্রদিদ্ধ স্থানদমূহ দেখিবার ইচ্ছা আমার অনেক দিন হইতেই ছিল। তার পর যথন সভ্যসভাই আমার সে আশা পূর্ণ হইবার স্বযোগ মিশিল, তথন আমি আর নিজেকে ব্রের ভিতর আটকাইয়া রাখিতে পারিলাম না। তাই নে মাদের

ধর রৌজভাপকে ক্ষগ্রাহ্য করিয়া দে
দিন কাখ্যীরের পথে বাহির হইরা
পড়িলাম। সর্ব্ব প্রথমে আমরা "থাইবার পাশ" দেখিবার লোভ সংবরণ
করিতে পারিলাম না। তাই গোড়াতেই আমি এই গিরিপথটীর সম্বন্ধে
কিছু বলিব।

ঐতিহাসিক ঘটনাবগীর সংক্র বিজ্ঞান্তিত "থাইবার পাল" না দেখিরা কাহারও পেলোয়ার ত্যাগ করা উচিত নর। যে তুর্গম গিরিপথ একদিন চন্দান্ত লিখনৈত্ব ও ভারতীয় বৃটিশ সৈত্যগণের মনে মহাতীতির সঞার করিত, সেই পথই ১৮৪২ খৃষ্টাব্যের এপ্রিল মাসে ভার জ্বর্জ পোলক নামক

একজন ইংরেজ সেনাপতি মাত্র ৮০০০ দৈক্ত লইরা
নির্কিন্ত্রে অতিক্রম করিরাছিলেন। পরবর্তী নভেম্বর
নাসে আবার এই দৈক্তনল এই পথ দিরাই প্রত্যাবর্তন
করিরাছিল। ১৮৭৮ গৃটাজের নভেম্বর মাসে যথন দিতীর
আফগান যুদ্ধ আরম্ভ হর, দেই সমরে ইংরেজ দেনাপতি
ভার সাম ব্রাউন 'আলি মস্জিদ' আক্রমণ করেন। কিন্তু
শক্রপক্ষ রাত্রিযোগে এই ভান ত্যাপ করিরা প্লারন
করে। এই গিরিপথ ১৮৯০ ইত্তে ১৮৯৬ গুটাক প্রয়স্ত

খাইবারের বরকলাজগণের অধিকারে ছিল। পরে খাইবারের পার্বাত্তর দৈছগণ উহা অধিকার করিয়া লয়।
১৯২৯ খুটাল হইতে 'ল্যান্ডিকোটাল' একটা ক্তু দৈত্তদলের প্রধান কেন্দ্রত্ব হইয়াছে। এক দল ক্তু পার্বত্যদৈশ্র, তুই দল ভারতীয় দৈত্র ও এক দল পদাভিক তথার
অবস্থান করে। জামরুদ, আলি মস্জিদ, ও ল্যান্ডিখানার
দৈশ্রদল ভারতীয় পদাভিক দৈত্র লইয়াই গঠিত। খাইবার
আফিদিসের জেকাকেল, কুকিখেল, মালিকদিন, কামরাই,
কাষার খেল ও দিকা প্রস্তুতি প্রধান দলের দৈশ্র-দংখ্যাও



আফগান সীমান্ত (লাভিকোটালের দিকে)

প্রায় ২০ হাজারের বেশী। আদাম থেলের সহিত এই গিরিপথের বিশেষ কোন সংস্রধ নাই। কার্ল নদীর উত্তরে মহামান্দ ও তীরার দক্ষিণে ওরাকজাই পর্কতশ্রেণী অবস্থিত। উহারা কোহাট জেলা হইতে শমন পর্কত্মালা ভারা বিজিয় হইরাছে।

পেশোরার হইতে উভর দিক দিরাই আঞ্চলাল এই গিরিপথ অভিক্রম করা যার। সাধারণ ট্রেন ব্যতীত, লাহোরে N. W. রেলওরের একেটদিগের নিকট আবেদন করিলে বিশেষ যাত্রী-গাড়ি পাওয়া যায়। ঐ গাড়িতে রন্ধনের ও চাকরদিগের থাকিবার উপযুক্ত স্থান আছে। পেলোয়ারে গাড়ী বদল না করিয়া এই বিশেষ গাড়ীগুলি স্বারা সোক্ষাস্থলি এই গিরিপথ অভিক্রম করা যায়।

লাহোরের এক্ষেণ্ট বা রাওয়াল-পিণ্ডির বিভাগীর স্পারিনটেণ্ডেণ্ট্ এর নিকট আবেদন করিয়া রেল-মোটর বোগেও এই গিরিপথ অতিক্রম করা যার। প্রাত্তঃকালে পেশোরার ত্যাগ করিয়া বদি অন্ত পথে অমণের ইচ্ছা থাকে,ভবে রেলওরে কোম্পানী চালকসহ চারিজন লোক বিধার স্থান সংযুক্ত মোটর গাড়ী সরবরাহ করিতে

অন্থ্যতি লইবার আবশুক হর না। মধ্যে মধ্যে আইন প্রতৃতির পরিবর্ত্তন হওয়ায় পেশোয়ারে থাইবারের য়াজ-কর্ম্মচারীর নিকট পূর্ব্ব হইতে খোঁজ লইতে হয়। ল্যাণ্ডি-কোটাল ও ল্যাণ্ডিখানার মধ্যন্থিত মিচানিকুড় পর্যান্ত যাইতে হইলে কোন অনুমতি লইতে হয় না। কিন্তু তথা পায় হইয়া যাইতে হইলেই এই অনুমতি আবশুক। এই অনুমতি পাইতে হইলে রাজনৈ ক প্রতিনিধির নিকট স্বরং উপস্থিত হইয়া আবেদন করিতে হয়। খাইবার রেলওরের কোন refreshment room না থাকার যাত্রীগণের Luncheon basket এ করিয়া আহার্য্য ও পানীয় লওয়া উচিত। পেশোয়ার হইতে ১০ মাইল





মেডানক

ও ল্যাভিখানা (37 miles) পর্যন্ত বাওয়া বায়। ফিরিবার
লময়ও এই গাড়ী ব্যবহার করা যাইতে পারে; কিংবা
এই তুই স্থান হইতে ছুপুরে ট্রেন ও রেল-মোটর পাওয়া
যায়। পেশোয়ার কাণ্টুন্নেণ্ট হইতে ল্যাভিফোটাল ও
ল্যাভিখানার প্রথম শ্রেণীর ট্রেণভাড়া বথাক্রমে তিনটাকা
ও সাড়ে-তিন টাকা। রেল-মোটরের জন্ত প্রত্যেক
যাত্রীকে প্রথম শ্রেণীর ভাড়া ব্যতীত পাঁচ টাকা করিয়া
বেশী দিতে হয়। পেশোয়ার ক্যাণ্টুন্নেণ্ট হইতে
পুর্বোক্ত শ্রোটরগাড়ির যাতায়াতের ভাড়া ৮০১ টাকা।

বদি রেলপথে ল্যাভিথানা বাওয়া বার, তবে কোন

পারে। এই গাড়ীতে করিয়া ল্যাণ্ডিকোটাল (32 miles)

লাভিকোটালের নিকটস্থ সেতু

রান্তা প্রস্তরমন্ন এবং প্রকৃত পক্ষে পেশোমারের সাড়ে দশ
মাইল দ্রে জামকদের চুই মাইল পরেই গিরিপথ আরম্ভ
হইরাছে। গিরিপথের মধ্য দিয়া চুইটী রান্তা আছে।
একটী মোটর যাইবার পথ ও অস্টটী কাফিলা গাড়ী ও
বলদ, উত্তু, গর্দাত প্রভৃতি যাইবার পথ। এই জস্ত বুনোরা
পেশোমার হইতে সপ্তাহে মাত্র চুইবার এই পথ দিয়া
যাতারাত করে। বহু প্রাচীন কাল হইতেই এই গিরিপথ
বাণিজ্যের প্রধান রান্তা। এবং এখনও মাল বোঝাই হইরা
আনেক যানাদি এই গিরিপথ অতিক্রম করিয়া থাকে।
মললবার ও উক্রবার বণিকগণ বাণিজ্য উপলক্ষে বাহির
হয়। এবং ঐ চুই দিন খাস্গাদররা (Khassadars)

এই গিরিপথে পাহারা দিয়া থাকে। খাস্সাদর একটী হানীর সৈক্তদল। ইহারা ইংরেজ গবর্ণমেন্টের বেতন-ভোগী এবং খাইবারের রাজপ্রতিনিধিগণের অধীনে। কিন্তু সন্দার ও অন্ধ-শস্ত্র ইহাদের নিজেদের। কাফিলাগাড়ি শরৎ ও বসস্তু কালে দেখিতে পাওরা যায়। এই-গুলি কথনও কথনও ৫ মাইল পর্যান্তও লখা দেখা যায়। এগুলি ভারতের একটা দেখিবার জিনিব। বণিকগণ ব্যতীত প্রায় এক লক্ষ্ণ পার্কাত্য জ্ঞাতি তাহাদের পরিবার্বর্গ কইয়া বৎসরে তুইবার এই গিরিপথ দিয়া গমন করে। শীতের প্রারম্ভে ভাহারা মজ্র খাটিবার নিমিত্ত সমতল ভূমিতে নামিয়া আদে; এবং বসক্ষের আগমনেই আবার ফিরিয়া যায়। ভাহাদের এই বাৎসরিক প্রমণের


তুলা আড়হরপুর্ব দুল আর কিছুই
নাই। জামকদ হইতে এই গিরিপথ
অম্পটি ভাবে লক্ষিত হয়। বর্তমান
হর্গটী নিথ-সেনাপতি সন্দার হরিসিং
নালবা কর্ত্ক নির্মিত হইয়ছিল।
১৮০৭ গুটাল পর্যান্ত ম হা রা জা
রগজিতসিংহের প্রতিনিধিরপে তিনি
উহা রক্ষা করেন। কিন্তু ১৮০৭ গুটাকের জাহুলারী মাসে দোও মহম্মদ
প্রেরিভ আফগান সৈলকের সহিত গুদ্ধে
তিনি নিহত হন। তাঁহার শ্বনেহ
পেশোরারের পথের উপর এক হানে
পোড়ান হইয়াছিল, এ স্থানটা এখনও

বার্জ হরিসিং নামে খ্যাত। এই চুর্গের প্রাচীরগুলি দশ
ফুটের বেশী প্রশন্ত ও ফটকগুলি সুরক্ষিত। ইহারই মধ্যে
সেনানিবাস ও রসদের কুটা আছে। ইহার বহিতাগেই
অর্দ্রসাহাহিক কাফিলা গাড়ী, রাত্তিতে যথন গিরিপথ বন্ধ
গাকে, তথন এইখানেই অবস্থান করে।

কামরুদ চইতে যখন বাকা রান্তা ধরিয়া গাড়ী চলিতে থাকে, এক উচ্চ গিরিশুদ্ধের উপর অবস্থিত "মঙ্কে" তুগটা তথন বেশ দেখিতে পাওয়া যায়। মুসলমানদের একটি কুল মস্কিদ্ধ নরনপথে পভিত হয়। ইহার শীর্ষভাগভিলি markhar-মন্তিত। এই রান্তাটা একটা উপভাকার মধ্য দিয়া ম্যাকেসন পর্কতের উপর পর্যাক্ষ চলিয়া

গিয়াছে। বিখ্যাত রাজপ্রতিনিধি ম্যাকেসনের নামাত্ব-সারে এই পর্বতের নামকরণ করা হইরাছে। ১৮৫৩ খঃ একজন আফগান কর্তৃক তিনি নিহত হন। তাঁহার স্বতিরক্ষার নিমিত্ত পেশোরারের অন্তর্গত মল পাহাড়ের উপর একটা স্বতিবন্ধ নির্মিত হইরাছে।

কামকদের দক্ষিণে অবস্থিত সমতল প্রদেশের উপর দিরা থাইবার নদী চলিরা গিরাছে এবং পথটাও নামিরা আদিরা ইহার সহিত মিলিত হইরাছে। এই স্থানে গিরিপরে উত্তরে অবস্থিত টার্টারার (6800 ft) শিশরগুলির একটা স্থলর দৃশু নর্মগোচর হয়। তাহার পর আগ্রাই পর্কতমালা পার হইরা গেলে পার্কত্য চূড়াগুলি ও আলি মন্কিদ হুর্গ দৃষ্ট হয়। গিরিপথটা এইখানে অত্যন্ত



থাইবার পালের রেল লাইন

অপ্রশন্ত এবং উত্তর পার্ছেই পর্বতবেষ্টিত। আলি
মন্জিদের নিকটবর্তী পর্বতগুলিই বিলেষরূপে উল্লেখযোগ্য। পথটা নদীর উত্তর দিক দিরা চলিরা গিরাছে।
গিরিপথটা অভিক্রম করিয়া "লালাবেগ" হইতে
ল্যাণ্ডিকোটাল (3373 ft) পর্যন্ত বিস্তৃত নির্জন
উপত্যকার উপর দিরা চলিরা গিয়াছে। ল্যাণ্ডিকোটাল
পৌহিবার ভিন মাইল পূর্বেই চু'হাজার বৎসন্নের প্রাচীন
"লালা ন্তুপ" অভিক্রম করিতে হয়। রেলরান্তা ও সাধারণ
রান্তার নিকটবর্তী একটা উন্মুক্ত পর্বতের উপর ইহা
অবস্থিত। একটা প্রশন্ত প্রাচীরের উপর অবস্থিত একটা
চতুলোণের উপর ইহা উজোলিত হইরাছে। এখানে

উভয় পাৰ্মে শিষ্য-পরিৰেটিভ বুদ্দদেৰের প্রতিমৃত্তির চিহ্ন ইহার নাম ভালালাবাদ হইয়াছে। এই স্থান্টী ১৮৪১

দেখিতে পাওরা বার। পিসগা শৃক (4500 ft) হইতে খুঃ ১২ই নভেম্বর হইতে ১৮৪২ খুঃ ই এপ্রিল পর্যাস্ত



থাইবার পাশ

न্যাগ্ডিকোটালের উত্তর পশ্চিমে অবহিত উপত্যকার হইতে এই পথে গাড়ী চালান হয়। এই রেলপ্থ দৃত্ত অতীব কলর; ইহা আফুগান সীমান্ত "ডাকা" হইতে তৈয়ার করিতে ২৭১ লক টাকা পরচ হইয়াছিল:

সেনাপতি শু রবার্ট সেল কর্ত্তক রক্ষিত হইয়াছি । ল্যাণ্ডিকোটাল হইতে মিচনিকুণু পার হইয়া আফগান সীমাক্তের হুই মাইল मृत्रवर्की लाा उथाना भगास थाए। ह ভাবে নামিতে হয়। সীমান্ত পার হইতে একেবারে নিষেধাজ্ঞা দেওয়া षांट ।

थांहेतांत्र शास्त्रज्ञ म शा मित्रा রেলপথ চালাইবার কথা ১৮৭৯ খুঃ হইতে চলিতেছিল, কিন্তু ১৯২০ খু: তাহার প্রকৃত গঠনকার্যা আরম্ভ হয়। ১৯২৫ থৃঃ নভেম্বর মাস্

मार्किनिः (त न अ त्य, कान्का निमना রেলওয়ে প্রভৃতি ভারতীয় রেলওয়ে-शुनित माथा देश मार्का कहे। हेहा कामक्रम हहेटल कावल हहेगा २७३ माहेन বিস্তৃত। সমন্ত রেলপথটাই বৃটিশ ভার-তের বহিঃস্থ পার্বভাদেশে অবস্থিত। অনেক আঁকিয়া বাঁকিয়া ও অনেক সেতুর উপর দিয়া ও অনেক সুভ্ঙ্গের মধ্য দিয়া खेश ठिनमा शिमारक। नाा खिरकां को ति हेशद डेक्ट हा आह २००० कि है। यह রেলপথটা ৩৪টা স্বড়ক ও ১২টা দেতুর উপর দিয়া গিয়াছে। ষ্টেশনগুলি ঠিক ত্র্গের আকারে নির্দ্মিত। **ভাষকদে**র ঠিক পরেই বগিয়াডা টেশন। ইহা গিরি-পথটীর ঠিক সম্পুথেই অবস্থিত। উপ-

ভ্যকার উপরে সেতৃর **উপর দিরা রেল**পথ চলিয়া গিয়াছে। এই উপভ্যকার উপর মোটর প্রভৃতি যাতায়াতের রান্তা আছে। আর একটা লম্বা বাঁক ঘ্রিয়া ট্রেনগুলি প্রথম reversing Station



লাভিকোটালে ভ্রমণকারী দল া miles from Peshawar) প্ৰান্ত তি (লালালুদিন) আক্বরের নামাত্রনারে

মেডানকে পৌছার। তাহার পরে রেলপথ কাফির টালি নামক স্কুডলের সন্মুখে একটা নালার উপর দিরা উরিয়াছে। এখান হইতে বাহির হইলে উপত্যকার উপরে আবার তুইটা রাস্তা এবং গিরিপথ-রক্ষাকারী করেবটা ছুর্গ নরনগোচর হয়। পরের reversing Station চালাই। বগিরাড়া হইতে দেখিলে মনে হয় যেন চালাই আকালের সহিত মিশিরা আছে। চালাই পার হইয়া রেলপথ একটা উপত্যকার শীর্ষদেশ বেইন করিয়া ক্রমে ক্রমে বাঁকিয়া বাঁকিয়া উরিয়া গিয়াছে। তার পর কতকগুলি স্কুজ পার হইয়া মন্কে ছুর্গরি নিকটবর্তী রাস্তার সহিত মিশিরাছে। এই বাকের চতুর্দ্ধিকে গিরিপথের ও পেশোরারের নিকটবর্তী কতকগুলি সমতল ভূভাগের মনোরম দৃশ্য দেখিয়া নয়ন তৃথ হয়। মঙ্গে হইতে সাগাই টেশন পর্যাক্ত রেল্পথটা জামকদ অপেকা ১০০০ ফীটেরও বেশী উচ্চ। ইহার উত্তরে

ভীরা পর্বভশ্রেণী। সাগাই ছাড্রাই ষত্ই আলি
মস্জিদের দিকে অগ্রসর হওরা যার, পাহাড্গুলিও ততই
যন-স্রিতিট বলিয়া মনে হয়। তাহার পর গাড়ী ত্ডজ-শ্রেণীর মধ্যে প্রবেশ করে এবং অবশেষে থাইবার নালার
উপরে কাঠাকুট নিয়া বাহির হয়। এইখানে থাইবার উপভারকায় উঠিবার জন্ম রেলপথ থাড়াই হইয়া উঠিয়াছে।
ইহার পরেই ভাজাগেলেয় মাঠ ও গ্রামসমূহ পার হইতে
হয়। এখানকার প্রহোক গ্রামটী কুইচ্চ প্রাচীরতেটিত।

ল্যান্তিকোটালের ঠিক পরের টেশনই কিন্তারা।
এই স্থানের তুর্গ ও দৈল-শিবির ঘাটভাই পর্কাতশ্রেণী
হইতে কিছু দূর। ইহার পরেই টোরা-টিয়া reversing
Station। ল্যান্ডিখানাতে রেলপথ সড়ক্ষের মধ্যে
শেষ হইরাছে। এই স্থান হইতে তুই মাইল দূরে থাক প্রদেশের সীমান্ত টোরখান পর্যান্ত রেলপথ গিয়াছে,
কিন্তু ল্যান্ডিখানা পার হইয়া গাটী ক্ষার যায় না।

ঘূণি হাওয়া

শ্রীপ্রভাবতী দেবী সরম্বতী

(28)

গরের মধ্যে ভাত দেওয়া হইয়াছিল। বিশ্বপতিকে ডাকিতে পাঠাইয়াচক্রা বারাতায় দাঁডাইয়া ভিল।

কাতির ব্যবধান দে সন্তর্পণে বাঁচাইরা চলিরাছে। সেই অক্স কেবল মাত্র বিশ্বপতির জ্ঞান নিযুক্ত ইইরাছে। চজ্রা খুব দ্রে দ্রে থাকে, যেন কোনক্রমে শুচিতা নই না হয়।

আত্মভোলা এই লোকটা এত দিনের মধ্যে বৃথিতে পারে নাই—চন্দ্রা সব সময় নিকটে থাকিরা কেবল মাত্র ছই বেলা ভাহার থাওয়ার সময়টিতেই সরিয়া যায় কেন।

আৰু আহারের সমর ত্রাহ্মণী উপস্থিত না থাকাতেই মৃদ্ধিল বাধিয়া গেল; চক্রার কারসাজি ধরা পড়িয়া গেল।

চক্রা দরজার কাছে বিদিয়া ছিল। কিছুতেই খরের মধ্যে আদিল না দেখিয়া বিখপতি একটু হাদিল মাত্র, তথনকার মত কিছুই লে বলিল না। আহার সমাপ্তে আচমন করিতে করিতে চন্দ্রার পানে তাকাইয়৷ হাসিমূথে সে বলিল, "জাতের বালাই আমি রাথতে চাইনে; অথচ তুমি জোর করে রাথাও—এর মানে ?"

চন্দ্রা দৃঢ় গন্তীর কঠে বলিল, "পুরুষেরা চিরদিনই উদ্ধ্যাল হয়ে থাকে। ওরা বাধন-হারার জীবন নিমে চির-দিনই ছুটতে চার, মেরেরাও যদি তাদের মত উদ্ধ্যাল বাধনহারা জীবন ভোগ করতে চার, তবে সবই যে যাবে, কিছুই থাকবে না। পুরুষের উদাম গতি নিয়স্তিত করবার জন্তেই তো মেরেদের দরকার। গতির বেগ স্বারই স্মান হলে তো চলবে না।"

বিশ্বপতি বলিল, "আঞ্চলাল বেশ কথা শিংখছ তো চক্ৰা ?"

চন্দ্ৰ। উত্তর দিল না।

বিখপুতি একটা পাণ মুখে দিয়া বলিল, "যাক, জাতের সম্বন্ধে আখন্ত রইলুম। কেউ যদি জিজ্ঞাসা করে, বলব আমার জাত যার নি। কিন্তু মন তো এ কৈফিয়তে খুসি হয় না চন্দ্রা। জিজ্ঞাসা করি—ভাতের হাঁড়ির মধ্যেই কি আমার জাতটা সীমাবদ্ধ রয়েছে শ

চক্রা আশ্চর্য্য হইরা গিরা জিজাসা করিল, "মানে ?" বিশ্বপতি উত্তর দিল, "মানে খুবই সোলা, জলের মত পাতলা। এর মধ্যে শক্ত তো কিছুই নেই চক্রা, বা ব্যতে দেরী হবে। ছোঁওয়া ভাত থেলেই আমার যে জাত চলে যার সে জাত যাক না কেন, অমন ঠুনকো জিনিস নাই থাকল। জাত আঁকড়ে থেকে ভো লাভ নেই, বরং মানুষ হরে বেঁচে থাকার লাভ আছে।"

চন্দ্রা থানিক চুপ করিয়া রহিল, ভাহার পর বলিল, "জাত রাথার দরকার না বুঝে সেকালের লোকেরা তৈরী করেন নি।"

বিশ্বপতি বলিল, "এইথানেই যে দারুণ ভূল করে গেছেন। একটা মাহ্য জাতের মধ্যে হাজার জাত তৈরী করে তাঁরা যে গঙী দিরে গেছেন সেই গঙীর জল্ডেই না আজ এ রকম ভাবে আমরা ধ্বংদ হচ্ছি। আমরা মুথে পরিচর দিই আমরা বিরাট হিন্দুজাতি, কিন্তু ভাবো দেখি, এই বিরাটকে কত শত থণ্ডে ভাগ করা হরেছে? এর মধ্যে কত জলচল কত অজলচল হিদেব করলে তো শুস্তিত হরে যেতে হয়! এগুলো রাথার উপকারিতা কি ? এতে সমাজের, দেশের, দশের কি উপকার হবে, তা আমার ব্রিরে দিতে পারো।?"

চন্দ্ৰা মাথা নাড়িল "আমি জাতে বাগদী, কি করে বুঝাব ?"

বিশ্বপতি মৃত্ হাসিল, বলিল, "তোমার মনের ও-গলদ কিছুতেই কাটবে না দেখছি। বাপরে, কি তোমরা মেরে জাত, সংস্কারগুলোকে এমন করে আঁকড়ে ধরেছ—
মরলেও ছাড়বে না।"

চক্রা বলিল, "তাই বটে। কিন্তু এও মনে রেখো, ভোমরা তেকে বাও, আমরা কেবল গড়ে বাই। আর গড়তে গেলে সংখারেরই দরকার হয়। ছোট মেয়েটা ঘর গুছার, রালা বালা করে পাঁচজনকে থাওলার, সেই আবার বা হরে স্ক্রানু প্রতিপালন করে, অথচ শিক্ষা হয় ভো সে কারও কাছে পার নি। তবে এ বোধশক্তি তার আসে কোথা হতে ? তুমি কি বলবে না এ তার সংকার, —তার সংস্কারই তাকে গঠন করতে, পালন করতে প্রবৃত্তি দিয়েছে ?"

বিশ্বপতি বলিল, "শোন চক্রা, তর্ক করতে গেলে ঢের তর্কই করা যার যার কেবল কথার মীমাংসা হয় না। আমি যথন তোমার হাতে নিজেকে ছেড়ে দিয়েছি, তথন তৃমি যা ব্যবস্থা করবে, আমার তাই পালন করে বেতে হবে, আমি কেবল এইটাই মেনে চলব। ভোমার সংস্কার তোমার থাক, আমার মত আমার থাক, কি বল ?"

চন্দ্ৰা বিষয় মুখে একটু হাসিল।

"কিন্তু আমি একটা কথা ভাবি,—এক এক সমর ভূমি বেশ জ্ঞানীর মত কথা বল, এক এক সমর অমন জ্ঞানহারা হও কেন বল দেখি ?"

বিশ্বপতি মাথাটা কাত করিয়া বলিল, "ঠিক, আমিও ভাবছি কথন তুমি এই প্রশ্নটা করবে। কেন হই তা তুমি জানো তো চন্দ্র। এ কথা আর কেউ জিল্লালা করলেও করতে পারে, ভোমার জিল্লালা করা মানায় না।"

চন্দ্রা বলিল, "তবু জিজাসা করছি—ভোমার মুখ হতে স্পষ্ট কথা ভনতে চাই। ভনেছিল্ম নলার জভেই তুমি নিজেকে পতিত করেছ—"

বিশ্বপতি বাধা দিল, "হাা,—আমার পতিত হওরার কারণ দেই মেরেটাই বটে। কিন্তু এর ক্লক্তে তাকে তুমি অভিশাপ দিতে পার না চন্দ্রা। আমাকেই দোব দাও। দোষী দে নর—আমি। আক্ এই প্রথম তোমার কাছে বলছি চন্দ্রা—জানি তোমার মনে ব্যথা লাগবে,—জানি তুমি আমার কতথানি তোমার মনে ব্যথা লাগবে,—জানি তুমি আমার কতথানি কোহ কর, কতথানি ভালোবাদো, সেই ভালবাসার জন্তেই কতথানি ত্যাগ করেছ। আমার হয় ভো ঘুণা করবে চন্দ্রা, কারণ, আমিও ভোমার এ পর্যান্ত জানিরে এসেছি—আমি তোমার ঠিক অতথানিই প্লেহ করি—ভালোবাসি। এই ছলনার মধ্যে এতেটুকু ফাঁক কোন দিন দেখতে পেয়েছ চন্দ্রা ? না, ভা পাও নি। পাছে আলগা হয়ে আসে তাই আমি বাধনের পর বাধন চাপিরে গেছি, বোঝার পর বোঝা ভালিরে দিরেছি; আলগা হতে এতটুকু মুযোগ দিই নি। আল নকা পরের স্বী, আমি পরের খামী। আমাদের মাঝখানে অনত অসীম

ব্যবধান জেগে রয়েছে। মরণের ওপারে গিরেও যে কেউ কাউকে পাব সে আশা আমি করি নে, সে বিশ্বাসও আমার নেই; কেন না পরজন্ম—পরলোক ভোমরা মানতে পার, আমি মানি নে। আমি জানি মাটির কোলে জন্মেছি, এখান হতে লব্ব আশা আকাজ্জার লয় এখানেই হরে বাবে। উ:র্দ্ধ বা অধ্য: কোন দিকেই আমার পথ নেই। আমার মাটি মা নিজেই আমার তার বুকে টেনে নুম পাড়াবে,—বদ্, এইটুক্ট শেষ।"

চক্ৰা একটা নিঃখাস কেলিল—অভি গোপনে—বেন বিখপতির কাণে না যায়। বলিল, "কিছু নন্দাকে ভালো-বেসে ভোমার শান্তি হল কি, তুমি পেলে কি ?"

বিশ্বপতি ওধু হাসিল, "ওধু জালা, বেদনা ছাড়া জার কিছুই পেলুম লা। একদিন, জানো চন্দ্রা—প্রথম যথন জানি নলাকে ভালোবেদেছিলুম, দেদিন নীল জাকাশকে সাক্ষী করে প্রতিক্ষা করেছিলুম তাকে ছাড়া জার কাউকে স্থীরণে গ্রহণ করব না, জার কোনও নাহীকে ভালোবাসব না, জার কোনও নাহীর দেহ স্পর্শ করব না—"

আর্দ্রকঠে চন্দ্রা বলিল, "কিন্তু সে প্রতিজ্ঞা তো অটুট রইল না।"

বিশ্বপতির মুখের উপর ক্লান্তির ছায়া ছড়াইরা পড়িয়া-हिन। खासकार्थ (म दिनन, "मा, बहैन मा: (कम बहैन मा विन। विभिन अनमुभ नन्तात विदेश श्रुप राजन, विभिन रमथमूम ভाর মুখে शांति फूटि উঠেছে, यिनि अनमूम নিজের মুখে দে বললে অসমঞ্জের সঙ্গে বিয়ে হওয়ার দে সুখী হয়েছে, দেইদিন আমার চোখের উপর হতে একটা কালো পৰ্দা থলে পড়ে গেল. আমি এক নিষেবে সমন্ত ৰুগৎটাকে যেন স্পষ্ট দেখতে পেনুম। সেইদিন হতে আমার জীবনের ওপরে দারুণ বিত্ঞা এলো,—স্থামি ইচ্ছা करबड़े निरम्परक थरः एत व भर्ष धिशदा निरम्न हमनुम । मा একবার বলতেই আমি কল্যাণীকে বিমে করলুম। তার পর তোমাকে ধাংগ করপুথ-নানে পড়ে চন্দ্রা ? তুমি কোথার ছিলে, তোমাকে টেনে নিরে এসেছি কোথার ৷ বাগদীর গরে জন্ম নিলেও হিন্দুর আদর্শ সীতা সাবিত্রীর সম্পদই তো ভোষার ছিল্লা সে সম্পদ চুরি করলে কে,—আমিই नहें कि ?"

চন্দ্রার চোধে জল জাসিয়াছিল, সে জন্ত দিকে মুধ ফিরাইয়া চোধ মুছিতে লাগিল।

কাহাকে সে ভালোবাসে, কাহার ক্ষন্ত সেও সর্কাষ্ট ভাগে করিয়াছে? সে কি এই বিশপতিই নহে? গ্রামে থাকিতে অপ্যাপ্ত কলহ ছই হাতে কুড়াইয়াছে। কেবল মাত্র বিশপতিকে রকা করিবার জল্লই সে সহরে পলাইয়া আদিয়াছিল। এখানে অতথানি প্রতিষ্ঠা, অর্থ সম্পদ লাভ করিয়াও সে সব বিসম্ভন দিয়াছে—সে কি এই লোকটার জ্লুই নহে? অভাগিনী কল্যাণী আজ গৃহত্যাগিনী, কলকের পসরা মাথান্ন লইয়া দীনা হানা কাঙালিনীর মত কোথান্ন কোন্ পকের মাঝে নিজের হান খুঁজিয়া লইয়াছে—সেও কি ইহার ক্লুল নম্ন ? কেবলমাত্র কর্ত্ববান থাতিরে বিশ্বপতির যে আক্র্বণ্টুকু ছিল, চন্দ্রার উপর ভাহাও নাই। তবু চন্দ্রা তাহাকে তেমনি গভীর ভাবে ভালোবাসে, সেমন স্ব্রপ্তথ্য ভালোবাসিয়াছিল।

চন্দ্রা চোপ ফিরাইয়া ৫খা করিল, "নন্দা আছও ভোমায় ভালবাসে ?"

বিশ্বপতি উত্তর দিল, "বাদে-কিছ সে ভালোবাসা অনু ধরণের। বোন যেমন তার ভাইকে ভালোবাসে, মা বেমন তার সম্ভানকে ভালোবাদে, নলা আমায় সেই রকম ভালোবাদে। আজ ভাবি চক্রা,—ইন, দিনরাত নেশায় ভোর হয়ে থাকি বলে যে ভাবি নে তা নয়.---আমি ভাবি--যদি সেদিন ভোমার এখানে না এদে আমি বরাবর নলার কাছে বেতুম, আমি মামুষ হয়েই বাঁচতুম, এ রকম জানোরার হতুম না। তুমি আবল যত সংঘত ভাবেই থাক, যত সংই হও, তবু তুমি তুমিই, ননার পারের ছায়া স্পর্শ করবার অধিকার ভোষার নেই.— जुमि ित्रमिन नकलात नामत्न श्विजा श्राहे थाकता। তুমি নিকেই পাঁকের মধ্যে পড়ে আছ, আমার তুমি তুলে ধরবে দে শক্তি ভোমার কই ? ভার দে শক্তি আছে। সে আমার ভত্তভাবে ভত্তসমাকে নিরে বেভে পারত, আমার জীবন আলোর উচ্চল করে দিত, **अक्षकारतत मरशा ध्यम करत निःशांग वक्ष हरत आ**यात्र ষরতে হতো না।"

فلطب

হাত হ্থানা আড়াআড়ি ভাবে চোথের উপর চাপা দিয়া বিখপতি নিস্তকে পড়িয়া রহিল।

हन्ता हेर्राष क्यां कतिया विनिन, "वादव ?"

বিশ্বপতি হঠাৎ চমকাইরা ঠেরা জিজ্ঞাসা করিল, "কোথায় ?"

চন্দ্রা বলিল, "নলার কাছে? আমি ভোমায় এখনি সেথানে পাঠিয়ে দেব।"

বিশ্বপতি হাদিল, ক্ষীণকঠে বলিল, "মুখ দেখানোর মুখ নেই চক্রা। পথ হয় তো আছে, কিন্তু দে পথে কাঁটা ফেলা। ওর কাছে যাওয়ার পথ আমার চিরদিনের জন্তে বন্ধ হয়ে গেছে। যে মুখ একদিন ওকে দেখিয়েছি, দে মুখে নিজের হাতে কালি মেখোছ।"

চন্দ্র। বিক্লুত কঠে বশিল, "প্রথের কাঁটা তুল্তে পারা যায়, মুখের কালিও মুছে ফেলা যায়।"

গঞ্জীর মুথে বিশ্বপতি বলিল, "হাা, তা হয় তো যায়; মনের কালি ওঠে না চন্দ্রা, দেখানকার কাঁটাও ওঠে না। আমার মনের স্থৃতির পাতাগুলি যে কালিতে ভরে গেছে, সে কালি আমি মুছতে পারব কি? তুমি কি মনে ভাবছ, আমার অধঃপতনের এই কাহিনী তার কানে পৌছার নি? একদিন মাতাল অবস্থায় তার আমীর সম্পেদেখা হয়েছিল। সে নির্বাকে আমার পানে তাকিয়ে ছিল। সে কি তার স্থীকে গিয়ে এ কথা বলে নি?"

চন্দ্রা নতমুখে চুপ করিয়া বসিয়া রহিল। বিশ্বপতি উদাসভাবে বাহিরের পানে ভাকাইয়া রহিল।

অনেককণ পর্যাস্ত চল্লার কোনও সাড়ানা পাইরা সেমুখ ফিরাইল—"চন্দ্রা, কাঁদছ ?"

চক্রা তেমনই মাথা নত করিয়া রহিল। নিঃশব্দে চোথের জল ভাহার আরিক্তিম গণ্ড ছইটী ভাসাইয়া দিতে লাগিল।

একটা নি:শাস ফোলিয়া বিশ্বপতি বলিল, "ওই দেখ, ওই তো ভোমাদের দোষ। কথা শুনতে চাইবে অথচ তা সইবার ক্ষমতা নেই। ওই জভেই আমি এত কাল কোন কথা বলি নি, আজও বলতে চাচ্ছিল্ম না, নেহাৎ জানতে চাইলে বলেই সব কথা বলে ফেললুম।"

ক্রা প্রক্রিকার করিয়া চন্দ্রা বলিল, "না, সে স্বস্তে আমি ক্রান্তটুকু কট পাই নি। আমি ভাবছি, তোমার ইছ-পরকাল যে সব গেল, এর জজে দায়ী কে,—আমিই নই কি ১°

বিশ্বপতি শুক হাদিয়া বলিল, "দায়ী কেউ নয়, দোবী কেউ নয়, দোবী আমি—দায়ী আমি। কিন্তু চন্দ্রা—
আমায় এখান হতে যেন বিদায় করে দিয়ো না। যথন
আশ্রের দিয়েছ তথন থাকতে দিয়ো। তুমি যা খুদি তাই
কর—আমি তাতে আপতি করব না, তাকিয়েও দেথব
না। আমায় কোণের দিকে একটা বর দিয়ো, দিনে কিছু
করে মদ দিয়ো, তুবেলা তুটো করে ভাত আর কথানা
কাপড় দিয়ো—বস, আমার দিন বেশ কেটে যাবে।"

চন্দ্ৰা মুখ ফিরাইয়া চোথের জল মুছিতেছিল। ঠোঁটের উপর একটু হাসির রেখা ফুটাইরা তুলিয়া বলিল, "দেখা যাবে। আসল কথা বল, আমার তোমার অসহা বোধ হয়েছে; সেই জলেই তফাতে থাকবার ব্যবস্থা করার কথা বলছ। বেশ, আমি আজ হতে তোমার আলাদা ব্যবস্থা করে দেব এখন।"

ধীরে ধীরে সে উঠিয়া পড়িল। বিশ্বপতি বিশ্বিত নয়নে এই অন্তত মেফেটীর পানে তাকাইয়। রহিল। তাহার পানে না তাকাইয়া চন্দ্রা বাহিরে আসিয়া দুড়োইল।

সুনীল আকাশের এক কোণে একথানা মেঘ জমিরা উঠিরাছে। এদিক হইতে বাতাদে ভাসিরা চুইথানি মেব তাহার পানে ছুটিরাছে। তাহারা পরস্পর মিলিতে গিয়া মিলিতে পারিল না; একটা বড় মেবথানির সহিত মিলিয়া গেল, অপর্থানি পাশ কাটাইয়া অনিদিটের পানে ছটিরা চলিল।

কত দিন এমন কত দৃষ্ঠ চক্রার নয়ন সম্পৃথে ভাসিরা উঠিয়াছে,—সে দেখিয়াও দেখে নাই, আজ সে দেখিল।

ওই বৃহতের পানে লক্ষ্য রাধিয়া সকলেই ছুটিয়াছে।
কত লক্ষ্য ক্ষ্য আদিয়া বৃহতের সহিত মিশিরা
ভাগাকে বৃহত্তর করিয়া তুলিতেছে। দূর হইতে কৃত্রতম
কত থও যে কৃত্র শক্তি লইয়া মিলিতে পার না, অসীম
আকাশে দিশা হারাইয়া লক্ষ্যক্য ভাছাদের ফিরিতে
হর সে সর্মান কে রাধে, কে ভাহাদের পানে ভাকার ?

চন্দ্রা আত্মনবরণ করিতে পারিল না, রেলিংরে ভর দিয়া দাড়াইয়া ছই হাতে মুখ ঢাকিয়া সে ঝর ঝর করিয়া চোথের জল ফেলিলে লাগিল। (२৫)

ভাড়াভাড়ি ট্রাম হইতে নামিতে গিলা কি করিরা পা বাধিয়া পড়িলা গিলা মাধার দাফণ আবাত পাইরা বিশপতি মুক্তিত হইলা পড়িলাছিল।

প্রার অর্জ্বণটা পরে ভাহার চেতনা ফিরিয়া আদিল।
নিজের চারি দিকে এত লোকজন দেখিয়া সে খানিক
বিশ্বিতভাবে ভাকাইরা রহিল। ভাহার পর ধীরে ধীরে
উঠিয়া বশিল।

যাহারা তাহার সেবার ভার লইরাছিল তাহারা ছাড়া যাহারা কেবলমাত্র ভিড় করিয়া দাঁড়াইয়া ছিল— চলিয়া গেল।

বিশ্বপতি উঠিবার উত্থাগ করিতে একটা ছেলে বলিল, "আর থানিকট। শুরে থাকুন মলাই, ডাব্রুর বলেছেন আর কুড়ি পঁচিশ মিনিট আপনাকে শুরে থাকতে হবে।"

বিশ্বপতি একটু হাসিয়া বলিল, "বে ডাক্টার এ রক্ষ ভাবে শুরে বিশ্রাম নেওয়ার ব্যবস্থা করেন তিনি মামাদের মত গরীব লোকদের জ্বন্তে তৈরী হন নি মণাই। এ-সব গরীবের ব্যবস্থা মত ঘড়িধরে করতে গেলে চলে না। পড়ে গেলেও আমাদের তথনি উঠতে হয়, খাটতে হয়, আবার—"

বলিতে বলিতে মুখ তুলিরা দে ছেলে ক্ষমীর পানে ভাকাইরা হঠাৎ নীয়ব হটয়া গেল।

ষে ছেলেটার হাতে পাধা ছিল সে জিজ্ঞানা করিল, "থাবার কি মশাই ?"

বিশ্বপতি উত্তর দিল না। পিছনে বে ছেলেটা মাড়টভাবে দাড়াইয়া ছিল ভাহারই পানে ভাকাইয়া সে যেন আবাতের দাফণ বেদনাও ভূলিয়া গেল।

"নিষা**ট**—"

নিজের রুড় কণ্ঠখনে নিজেই সে চমকাইরা উঠিরা শীরব হটরা গেলা।

বিশিষ্ঠ ছেলে কয়টীয় পানে ভাকাইয়া নিমাই

ব্ঝাইরা দিল-- "আমাদের পাঁরের লোক, আমাদের বিশুদা, ব্যাল রে সমীর।"

সমীর ছেলেটা বেন ইাফ ফেলিয়া বাঁচিল, বলিল,
"ওং, সেই জজেই বৃঝি তৃমি জমন করে ছুটে এলে,
বৃক দিয়ে পড়ে সেবা করলে নিমাইলা? তাই বল—
তোমার দেশের লোক কি না—সেই জজেই—"

নিমাই বাধা দিল, "থাম থাম, পাগলামো করিল নে। আমার বিভাগ বলে আমি না হর দেবা করন্ম, ভোরা করলি কেন বল ভো? একা আমার গুণই গাস নে ভাই, ভোগের না পেলে বিভাগাকে ওথান হতে উঠিয়ে এথানে আনতুম কি করে? বাক, এবার একথানা ট্যাক্সি ডাক দেখি, বিভাগাকে বাড়ী নিয়ে বাই।"

বিশ্বপতি বেন আকাশ হইতে পড়িল, "বাড়ী যাব,— কার বাড়ী ?"

নিমাই দৃঢ়কণ্ঠ বলিল, "আমার বাড়ী। আপত্তি করো না বিশুদা, কোর করতে চেরো না। আর ভূমি জোর করতে চেরো না। আর ভূমি জোর করতেও আমি শুন্ না, ভোমার ভূই হাতে ভূলে গাড়ীতে ভূলব। তুইমী ছেড়ে দিরে—বা বলি, শুবোধ ছেলের মত ভাই শোন দেখি। মাধার আর হাতে ধ্ব চোট লেগেছে। ভোমার ভূদিন এখন চূপচাপ শুরে বনে থাকতে হবে—উঠতে পাবে না। পরম পরম লুচি ভূধ থেরে গারে জোর আনতে হবে—এই হচ্ছে ভোমার এখনকার বাবন্থা। কি বলিস রে ভোরা, সব বোবার মত চূপ করে রইলি কেন, কথা বলু না।"

রমেশ ছেলেটা মেডিক্যাল কলেজে পড়ে, বিজের মন্ত মাথা দোলাইয়া বলিল, "ঠিক, আর ফলও ভার সংল খেতে হবে।"

নিমাই বলিল, "নিশ্চরই—বাঁচা তো চাই। আগছি করো না বিওদা, তোমার আগতি কিছুতেই টেঁকবে না জেনে রেখো। বে চেছারা হরেছে—এতে এই আখাত পেয়েছ। আৰু বদি তোমার ছেড়ে দিই,—কেবল ওজাবা আর পথ্যের অভাবেই ভূমি মারা বাবে ভা আমি বেশ বুঝছি।"

বিশপতি অভিত ভাবে নিমাইছের পানে তাকাইরা রহিল। সে তনিয়াছে কল্যাণী নিমাইছের সহিত গৃহত্যাগ করিয়াছে, এখনও সে নিমাইরের বাড়ী আছে। কিন্দ্রনাইকে দেখিলে বিশাস হয় না কল্যাণীকে সে লইয়া আসিয়াছে। ভাহার কথাবার্তা আগেকার মন্তই সরল, বাধাশ্স শিশুর মতই। তেমনই হাসি আজও ভাহার মুখে লাগিয়া আছে। নিমাই যদি কল্যাণীকে ভাহার বাড়ী রাখিত, সে কি ভাহা হইলে বিশ্বপতিকে জোর করিয়া সেই বাড়ীতেই লইয়া বাইবার কথা মুখে আনিতে পারিত ?

অবিলম্বে ট্যাক্সি আসিয়া দাঁডাইল।

বন্ধুদের সাহায্যে নিমাই বিশ্বপতিকে গাড়ীতে তুলিল, বিশ্বপতির স্মাপত্তি কেহ কাণে তুলিল না।

গাড়ী চলিতে আরম্ভ করিল। উপারাস্তর না দেখিরা বিশ্বপতি হতাশ ভাবে হেলান দিয়া বসিয়া রহিল।

তাহার হতাশ ভাব দেখিয়া মুত হাসিয়া নিমাই विनन, "ভাবছ किन मामा, जुमि रिश्वात थोक, आमि সেখানে থবর পারিরে দেব এখন। অনেক দিন ধরে তোমার অনেক থোঁক করেছি, কিছ কোন অন্ধকার ধনিতে যে মণি হয়ে জন্ছ সে ধবর কেউ দিতে পারে নি। সেবার দেশে গিরে ওনলুম, তুমি ননার বাড়ী যাচ্ছ বলে বাক্স বিছানা নিম্নে রওনা হয়েছ। তার পর তোমার আর কোনও উদ্দেশ নেই। এখানে নলার বাড়ী খোঁজ নিলুম—ভনলুম তারাও তোমার কোনও সন্ধান জানে না। আছ ভগবান নেহাৎ দয়া करत পर्धत मायधारन ट्यामात्र मिलिस मिरलन मामा : এ কথা হাজারবার বলব। ভাজা অবস্থায় থাকলে হাজার ডাকলেও মুধ ফিরিয়ে চলে বেতে দে জানা কথা। নেহাৎ না কি বড় কারদার পড়েছ--নড়বার ক্ষমতা নেই. বেশী কথা বলবার ক্ষমতা নেই.—ভাই আমার হাতের দেবাও তোমার নিতে হল, বাধা হয়ে আমার বাডীতেও ভোমার বেতে হচ্চে।"

দৃপ্ত হইরা উঠিরা বিশ্বপতি বলিল, "থাম থাম নিমাই, তোর ও-দব কথা ওনতে আমার মোটেই ভালো লাগছে না, আমার মাধার মধ্যে ফি রকম করছে।"

খুব নরম সুত্রে নিমাই বলিল, "ভালো লাগবে দাদা, বধন ওনজে থাকে বাতবিকই আমি অপরাধী নই, আমি নির্দ্ধোষ। ভোমরা বে বাই বল, সকলেই জানো আমি দোবী, কিন্তু আমি জোর করে বলছি—আমি দোৰী নই। আমার মাকে জানো তো,—এও জানো
আমার মা আমার সব কথাই জানেন। তিনি আমার
এত বড় একটা দোব উপেক্ষা করে কথনই আমার
কাছে থাকতে পারতেন না। এই বে বাড়ী এসেছে,
গাড়ী রাখো। বিভাগ, এখানে তোমার নামতে হবে,
আমার মা এখানে আচেন।

বন্ধুরা সকে আাসে নাই। বিশ্বপতিকে গাড়ীতে তুলিয়া দিয়া ভাহারা চলিয়া গিয়াছিল। নিমাই বাড়ীর চাকরদের সহায়তায় বিশ্বপতিকে গাড়ী হইতে নামাইয়া লইয়া গিয়া একটা ঘরে বিছানায় শোয়াইয়া দিল।

ছুৰ্বল বিশ্বপতি থানিকটা দম লইভেছিল। নিমাই বলিল, "কোথায় থাক ঠিকানাটা বল, কাউকে সেধানে পাঠিয়ে দি।"

বিশ্বপতি মাথা নাড়িল, বলিল "খবর কোথাও পাঠাতে হবে না নিমাই, সংস্ক্যে নাগাৎ **আমি চলে** যাব এখন।"

নিমাই পার্শে একথানা চেয়াবে বসিয়া বলিল, "দেখা যাবে এখন। সেজজে এখনই ভাববার কোনও দরকার নেই, বিশুদা। এখন একটু গ্রম ছধ আনছে, সেইটুকু খেলে ফেল।"

বিশ্বপতি মাথা নাড়িল, "না, এখন থাক।"

পর মৃহুর্ত্তে ছাই কফুইংয়র উপর ভার দিয়া উচ্ ছইয়া জিজ্ঞাসা করিল, "কে ছুধ আনবে—রাঙাবউ ণু কল্যাণী ?"

নিমাই সশব্দে হাসিয়া উঠিল, "ক্ষেপেছ? তোমার মনের ধারণা দেখছি কিছুতেই দূর করতে পারব না। আক্রা, ঠিক কথা বল বিশুদা, সভাই তুমি বিশ্বাস করেছ বউদিকে আনি নিয়ে এসেছি, আমার এখানে রেখেছি? শুনেছ তো এখানে আমার মা আছেন। সন্ধান ঘর পারাপই হোক, মাকে সে চিয়দিনই দেবীর আসনে রেখে ভক্তি শ্রন্ধা দিরে থাকে। মারের সামনে বভক্ষণ সে থাকে, ভতক্ষণ তাকে সন্ধান হরেই থাকতে হয়। হাজার পাপ করলেও সে থাকে মারের কাছে সেই কোলের শিশুটীর মতই। তুমিও তো মা চেনো বিশ্বদা, তোমারও তো মা ছিল, বল দেখি—মারের সামনে কোনও সন্ধান যথেজাচার করতে পারে কি দুল

বিশপতি ওইয়া পড়িল, উত্তর দিল লা।

নিমাই বলিল, "হর তো তুমি ভাবছ, এথানে আমার মা আছেন বলে আমি তাকে এখানে রাখি নি, অস্ত লারগার রেখেছি। ধারণাটা অসম্ভব নর, কারণ আমার অর্থের অভাব নেই, তার ক্ষত্তে একটা বাড়ী ভাড়া করা—ভার ধরচ চালানো আমার পক্ষে শক্ত নর। কিছ বিশুদা, আমার কথা শোন, আমি অকপটে তোমার কাছে সত্য কথাই বলব, তাতে তুমি ব্কতে পারবে—আমি দোবী নই।"

এক মৃহর্ত্ত নীরব থাকিয়া সে বলিল, "এ কথা সভ্য—বউদিকে আমি এথানে—আমার মারের কাছে রাথব বলে এনেছিলুম। তেবেছিলুম যে পর্যান্ত তুমি না এগো তাকে আটক করে রাথব, আমার ধর্মপরায়ণা পরিত্রা মারের কাছে থেকে সেও পবিত্র জীবন যাপন করবে। কিছু তুল যে কতথানি করেছিলুম তা মর্শ্মে মর্শ্মে ব্রুত্তে পারলুম। আগে বৃঝি নি, যে পালাতে চার তাকে কিছুতেই ধরে রাখা যায় না। যে নিজেকে ধ্বংস করতে চার, তাকে রক্ষা করা যায় না। ব্যল্ম সেই দিন—যেদিন সকালে ঘুম ভালতেই মা এসে থবর দিলেন বউদিকে পাওয়া যাছে না। আমি সমন্ত কলকাতা সহর তর তর করে খুঁজলুম। লেবে জানতে পারলুম সেবাংলায় নেই। যথন আমি তাকে খুঁজছিল্ম, সে তথন পাটনার বিশ্রাম করছিল।"

বিশ্বপতি একটা নি:শাস কেলিল, "একেবারে পাটনা ?"

বিক্লভমুখে নিমাই বলিল, "হাা। তার পর দেখান হতে সে বম্বে গিরে কোন্ একটা ফিল্মে নেমেছে। এতে তার খ্ব নাম হয়েছে। হয় তো তুমিও "পিয়ার।" নামটা ওনে থাকবে।"

বিশ্বপতি বালিদের মধ্যে মুথ পুকাইল।

নিমাই বলিল, "মুখ তোল বিশুলা, অমন করে ভেলে পড়োনা। যে তোমার মন ভেলে দিরে, পবিত্র ক্লে কালি দিরে গেছে, ভার সহকে এত খোঁজ নেওঃার দরকার আমার ছিল না। কিন্তু জানি—তোমার সলে একদিন আমার মুখোমুখি হতে হবে। সে দিন আমার কৈ কিরৎ দিতে হবে। আরও শোন—আরও বলি—সে এখন একটা বিখ্যাত রাজার অভঃপ্রের শোভাবর্জন

করছে,—আমার তোমার মত পাঁচ'শটা চাকর সে এখন রাধতে পারে।"

বিশ্বপতি তেমনই ভাবে পড়িয়া রহিল। আনেককণ তাহার সাড়ানা পাইরা নিমাই তাহার গারের উপর হাতথানা রাখিল। শাভ কঠে ডাকিল,—"বিভাগা—"

বিশ্বপতি মুখ তুলিল।

"ভোর বিশুদাকে মাপ কর নিমাই,—ভোকে ব্রুতে না পেরে অনেক কথাই বলে গেছি ভাই—"

সে উঠিতেই নিমাই তাহাকে ধরিষা জোর করিয়া শেরাইয়া দিল,—"করছ কি, উঠো না বলছি। আমি তোমার বেশ চিনি বিশুলা, তোমার অগাধ বিশ্বাস আর শ্রেহই না আমার সে মহাপাতক হতে রক্ষা করেছে! আমি এগিয়েছিলুম, কিন্তু যথন দেখলুম বউদি তার ভার আমার ওপরেই দিতে এল, সেই মৃহূর্তে মনে হল—আমি করছি কি? না, যাক সে-সব কথা। একটা কথা বলি—বউদি এখানে এসেছে,—কাল বিকেলে আমি গড়ের মাঠে মহারাজার সঙ্গে তাকে বেড়াতে দেখেছি। দেখবে কি? ডুমি যদি দেখা করতে চাও বিশ্বা—"

"থাম নিমাই থাম, কাটা বাবে আর জনের ছিটে দিস নে—"

বিকৃত মুখধানার উপর হাত ছুধানা চাপা দিয়া পাশু দিরিরা শুইরা বিকৃত কঠে বিশ্বপতি বলিল, "সে আমার কাছে মরে গেছে নিমাই, ভার নাম সইবার ক্ষমতাও আমার আর নেই।"

নিমাই একটা নি:খাদ ফেলিল।

(२७)

ছুদিন নিমাইয়ের বাড়ীতে কাটাইয়। বিশ্বপতি যেদিন চন্দ্রার বাড়ীতে ফিরিল, সেদিন চন্দ্রা নির্বাক বিশ্বয়ে কেবল ভাহার পানে ভাকাইয়া রহিল।

বিশ্বপতি তাহার সহিত একটা কথাও বলিল না, নিজের জ্বন্ত নির্দিষ্ট বর্রনীতে প্রবেশ করিয়া দরজা ভেজাইরা দিয়া বিছানায় শুইয়া পড়িল।

সে একাই আসিতে চাহিয়াছিল; কিছ নিমাই ভাহাকে একা ছাড়িয়া দেয় নাই। ভাহার সলে সেও আসিরাছিল। বিশ্বপতিকে শতবার বিক্লাসা করিয়া

ভাহার রাস্থানের কথা নিমাই জানিতে পারে নাই। এই বাড়ীর দরজার জাসিয়াই সে ভাহার প্রখের উত্তর পাইরাছিল।

একটু হাসিরা সে বলিরাছিল, "থাক, হু:খ বিশেষ নেই বিশুলা, জীবনে চলবার পথ বউদি থেমন খুঁজে নিয়েছে—তুমিও তেমনি পেয়েছ, কেউ কাউকে ছাড়িয়ে বেতে পার নি। আমার ছুর্ভাগ্য বে ভোমাদের সজে আমার মত লোকের পথে চলতে মিল হবে না। সেই জত্তে এথান হতেই খনে পড়লুম;—নমস্বার—"

ভাহার কথাগুলা বেশ মিই হইলেও অন্তরে আঘাত দিয়াছিল বড় বেশী রকম। বিশ্বপতি বিবর্ণ মূখে ভাহার পানে ভাকাইয়াছিল, একটা কথা ভাহার মূখে ফুটে নাই।

সে যে নিজেই চক্রার বাড়ীতে আশ্রের লইরাছে সে
কথা সে ভূলিরা গেল। যেন চক্রাই তাহাকে আশ্রের দিরা
তাহার দশদিককার দশটা পথ ক্রম করিরা দিরাছে।
অগতে তাহার মূধ দেখাইবার উপার রাখে নাই। এই
ক্রক্র তাহার যত ক্রোধ সবই চক্রার উপর গিরা পডিল।

ৰাড়ীতে প্ৰবেশ করিবার পথের উপর চন্দ্রা দাঁড়াইরা ছিল। তাহার উপর দৃষ্টি পড়িতে বিশ্বপতির মুখখানা বিক্লত হইরা উঠিল। সে পাশ কাটাইরা ক্রত পদে নিক্লের বরে চলিরা গেল।

ধানিক পরে আত্তে আত্তে দরজা ঠেলিয়া চক্রা ঘরে প্রবেশ করিয়া দেখিল বিশ্বপতি উপুড় হইয়া শুইয়া পড়িয়া আছে।

ভাহার মাধার কাছে দে বসিয়া পড়িল। আতে আতে মাধার উপর হাতধানা রাধিতেই বিশ্বপতি চমকাইয়া উঠিয়া মূধ তুলিল। চন্দ্রা স্থম্পট দেখিতে পাইল ভাহার চোধে জলধারা।

চন্দ্রা আড়েই ভাবে থানিক বিদিয়া রহিল। ভাহার পর হঠাৎ উচ্চুনিত কঠে বলিয়া উঠিল, তুমি কাঁদছ—ওগো, তুমি কাঁদছ—"

ৰলিতে বলিতে সে নিজেই ঝর ঝর করিয়া চোথের জল ফেলিতে লাগিল।

বিশ্বপতি লজ্জিত ভাবে চোখের জল মৃছিরা কেলিরা বিশ্ব ও কি, তুমি কাঁললে কেন চন্দ্রা ? আমার মনে আই বড় আঘাত লেগেছে; সেইজজেই হয় তো আমার

চোধে অল এসেছে। কিছ ত্মিকেন চোধের অল কেললে ?"

চক্রাউত্তর দিল না, নিঃশব্দে অঞ্চল দিয়া চোধের জল মুছিতে লাগিল।

বিশ্বপতি নীরবে কতকণ পড়িয়া রহিল। তাহার পর ক্ষকতি জিজাসা করিল, "কই, জিজাসা করলে না চন্দ্র',—তুদিন আমি কোথার ছিলুম, আমার কি হয়েছিল ?"

চন্দ্র। কণ্ঠ পরিকার করিয়া বলিল, "আমি থোঁজ নিবেছিলুম, তুমি নিমুদার বাড়ীতে আছে।"

একটা দীর্ঘনি:খাস ফেলিয়া বিখপতি বলিল, "শুনেছ চন্ত্রা, সে আমায় কতথানি ঘুণা করে গেছে? সে বলে গেছে, আমি এমন জায়গায় এসে দাঁড়িয়েছি, বেখানে দাঁড়ানোর ফলে সে আমার সঙ্গে যে তার পরিচয় আছে এ কথা মুখে আনতে ঘুণা বোধ করে। জীবনে সে আর কোন দিন আমার সঙ্গে সম্পর্ক রাধ্বে না।"

চন্দ্রা মাথা নাড়িল, বলিল, "তনি নি, কিন্তু এই রকমই যে হবে, এমনই করে সকলের কাছ হতে স্থা কুড়াবে, তা আমি জানতুম। যে-পথে এসে দাড়িছেছি এর তুলা স্থণিত পথ আর নেই। যে কেউ আমার সংস্রবে আসবে সেই সকলের স্থা হবে, পরিতাক্ত হবে: সেই জতেই না কেউ না জানতে তোমার নিজের আরগায় ফিরে যাওয়ার অভ্রোধ করেছিলুম ?"

"এইবার যাব চক্রা,—জগতের খুণা আমায় সভ্য পথ দেখিয়েছে। আমি ওদের খুণা সরে আর এখানে থাকতে পারব না। পথে ভিক্ষা করে খাব, গাছতলার খাকব, সেও ভালো; তবু এখানে তোমার কাছে রাজার মত সূথে জীবনটা নই করব না।"

বিখপতি উঠিয়া বসিয়া খোলা স্থানালা-পথে বাহিরের পানে তাকাইয়া রহিল।

আশ্চর্য্য মান্তবের শভাব। মাহ্নবকে বভনিন কাছে পার, তভ দিন তাহার অভিত্ব মান্তবের কাছে সব সমর্ অন্তভ্ হর না। কিন্তু যথন চলিরা যাওরার সমর হর, তথন সমস্ত সেহ ভালবাসা ঢালিরা আঁকিড়াইরা রাখিবার জন্ত প্রোণপণ চেষ্টা করে।

বিশ্বপতি যত দিন নিজে নড়িতে চার নাই, ভত দিন

চন্দ্রা ভাষাকে বাড়ীতে অথবা নন্দার কাছে পাঠাইবার জন্ম বড় ব্যগ্র হইরা উঠিয়ছিল। আজ সে নিজেই চলিয়া যাইতে চাহিতেছে। কথাটা বক্সাঘাতের মতই ভাষার বক্ষে বাজিয়া ভাষাকে কতক্ষণ নিম্পান নীয়ব করিয়া রাখিল।

অনেৰকণ উভৱেই নীয়ব,—কি ভাবিতেছিল কে কানে। বাহিরের পানে চাহিয়া চাহিয়া আক বিশপতি মুধ ফিরাইয়া সকে সক্ষে একটা দীর্ঘনিঃখাসের সক্ষ শুনিয়া সচকিত হইয়া মুধ তুলিল।

"এখনও তৃমি এ গরে রয়েছ চন্দ্রা ? আমি ভেবেছিল্ম চ'লে গেছ।"

চন্দ্রা মলিনমূথে এক-টুকরা হাসি ফুটাইয়া তুলিয়া বলিল, "না, এইবার যাব।"

বিখপতি বলিল, "হাতে কোন কাজ নেই তো, তা হলে একটুবদ। আমার কপালটায় একটু হাত বুলিয়ে দেবে কি ? মাথায় বড় যন্ত্ৰণা হছে।"

নিঃশব্দে চল্লা ভাহার মাধার হাত বুলাইয়া দিতে লাগিল।

হঠাৎ একটা কথা মনে পড়িরা গেল, "৪, তোমায় একটা কথা বলতে ভূলে গেছি। ভবানীপুর হতে কে এক ভদ্রলোক তোমার ডাকতে এসেছিলেন।"

"ভবানীপুর হতে,—আমায় ডাকতে—"

বিশ্বপতি বড় বেশী রক্ম বিবর্ণ হইরা গেল:

চন্দ্ৰা বলিল, "হাঁা, সে ভন্তলোক তোমার নিয়ে বাওয়ার কলে মোটর এনেছিলেন।"

উৎক্তিত হইরা উঠিয়া বিখপতি বলিল, "আমার নিরে বাওয়ার জন্তে এসেছিলেন ? কেন এসেছেন, কেন আমার নিরে খেতে চান, সে কথা কিছু জিজাসাও কর নি চন্তা ?"

চক্রা উত্তর দিল, "জিজাসা করেছিল্ম। তিনি বললেন—নন্দার অত্থ, সে তোমার সজে একবার দেখা করতে চার।"

ননার অসুণ--

বিশ্বপতি একেবারে ন্তর হইয়া গেল।

সে আনে অত্বধ পুৰ ৰাজাবাজি না হইলে নলা সংবাদ দেয় নাই, ভাহাকে ভাকে নাই। এথানে

এতদ্রে সন্ধান লইয়া তাহাকে ডাকিতে লোক পাঠাইয়াছে, হয় তো---

বিশ্বপতি আর ভাবিতে পারিল না, ছই হাতে মাথা চাপিরা ধরিল।

চন্দ্রা ভর পাইল, জিজাসা করিল, "কি হরেছে, জ্মন করছ কেন ?"

শুদ্ধ হাসিয়া বিশ্বণতি বলিল, "না, কিছুই করছি নে তো ৷ এখন উঠি চন্দ্রা, একবার সেখানে যাই, দেখি কি হরেছে !"

দে উঠিয়া পড়িল।

চন্দ্র। জিজ্ঞাসা করিল, "সেধানে মুধ দেখাতে পারবে ?"

বিখপতি অগ্রসর হইরাছিল, ফিরিয়া দাঁড়াইয়া বলিল,
"পারব বই কি। সে যদি ভালো থাকত মুথ দেখাতে
পারতুম না, কিন্তু তার অসুথ, সে আমার ডেকে
পাঠিয়েছে। আমার সব মানি—সব দীনতা চাপা
দিয়েও আমার সেথানে যেতে হবে চল্রা, না গেলে
চলবেই না "

চল্রা কেবল চাহিয়াই রহিল। বিশ্বপতি বাহির হইয়া গেল,—একবার পিছন ফিরিয়াও তাহার পানে ভাকাইল না।

গলিটা পার হইয়া বড় রান্তায় পড়িয়া সে একথানা বাসে উঠিয়া বিদিল।

ধর্মতেলা মোড়ের নিকট বাস থামিয়া গেল। বাসের পাশ দিয়া একথানি রোলস্ রয়েস্ কার ছটিয়া বাইতে সামনের কয়থানি মোটরের বাধা পাইয়া থামিয়া গেল।

মোটরে ছিল একটা মেরে। বিশ্বপতি বে মুহূর্তে জন্মনত্ত ভাবে মোটরের আরোহী সেই মেরেটার পানে ভাকাইন, সেও সেই সময় চোধ তুলিন।

বিশ্বপতির মাথা হইতে পা পর্যন্ত বিভাগ ছুটিরা গেল। সে ভাঙাভাড়ি মুথ ফিরাইল। আবার বথন সে মুথ তুলিরা চাহিল, তথন কারথানি ভিড় ঠেলিরা আতে আতে অগ্রসর হইরাছে। মেডেটা এমন ভাবে অপর পার্বে ঝুঁকিরা পড়িরাছে বে, ভাহার সুগোর একথানি হাত ছাড়া আর কিছুই দেখা গেল না। কল্যাণী---

বিশ্বণতির মূথে এই একটা শব্দই ভাসিরা আসিল। সে অধ্য দংশন করিল।

হাঁা, এ সেই কল্যাণী, বিশ্বপতির রাঙাবউ। সেই মৃথ, সেই চোথ, সেই স্কর স্থানেল হাত ত্থানি। প্রভেদ এই—সে আজ বহম্লা বসন-ভ্যণে সজ্জিতা। তব্ও তাহাকে দেখিরা চিনিতে বিশ্বপতির এক মৃহ্র বিশ্ব হর নাই। একদিন নর, ছদিন নর, দীর্ঘ পাঁচ বৎসর সে বিশ্বপতির গৃহলন্দ্রী, সহধর্মিণী হইরা বাস করিরাছিল। আজ সে ঘটই কেন না নিজেকে পরিবর্ধিত করুক, বিশ্বপতির চোধকে প্রভারিত করিতে পারিবেনা।

সেও চিনিয়াছে, তাই তাহার মুখখানা বিবর্ণ হইরা গিয়াছিল। আাত্মগোপন মানসেই সে ওদিকে ঝুঁকিয়া পভিয়াছিল।

অভাগিনী---

একটা নি:খাস ফেলিরাই বিখপতি চমকাইরা উঠিল।
কে অভাগিনী—কল্যাণী ? না, সে এখন রাজার রাণী।
তাহার মত সৌভাগ্য কাহার ? সে বথেই বশ পাইরাছে,
অর্থ পাইরাছে, সামান্ত সেই পল্লীর কথা—সেই কুটারথানির কথা—আর এই দীনতম স্বামীর কথা তাহার
মনে হয় কি ?

মনে হইয়াও কাজ নাই; কল্যাণী সুধী হোক; ভগবান, উহাকে সুধা কর। (ক্রমশঃ)

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতের সমাপ্তিকাল

অধ্যক্ষ শ্রীরাধাগোবিন্দ নাথ, বিভাবাচস্পতি, এম-এ

()

শীশীতৈতক্ষচরিতামৃতের সমাপ্তিকাল সম্বন্ধে ছুইটী শ্লোক পাওয়া যাম—একটা চরিতামৃতেরই শেষভাগে এবং অপরটা নিত্যানন্দ দাস কৃত প্রেমবিলাসের ২৪শ বিলাসে। চরিতামৃতের শ্লোক হইতে জানা যায়, ১৫০৭ শকে বা ১৬১৫ খৃষ্টাব্দে গ্রন্থ-সমাপ্তি; কিন্তু প্রেমবিলাসের শ্লোক অমুসারে ১৫০৩ শকে বা ১৫৮১ খৃষ্টাব্দে।

চরিতামৃতের শ্লোকটী এই:— "শাকে সিশ্ব হিবাণেনে তিন্ত ক্রিকামৃতের। সুর্যোহহাসিত পঞ্চমাং গ্রন্থাহরং পূর্ণতাং গতঃ ॥"—অর্থাৎ ১৫০৭ শকের জ্যান্ত মাসেরবিবারে রুঞ্চাপঞ্চমী তিথিতে এই গ্রন্থ (শ্রীশ্রীটেতন্ত চরিতামৃত) সম্পূর্ণ হইল।

প্রেমবিলাদের স্নোকটা এই:—"শাকেছরি বিন্দ্-বাণেন্দৌ লৈচে বৃন্দাবনাস্তরে। অর্থ্যহন্যামিত পঞ্চমাং গ্রান্থাহরং পূর্ণতাং গত:॥"—অর্থাৎ ১৫০৩ শকে জৈচি মানে রবিবারে কৃষ্ণাপঞ্চমী বিন্দিতে এই গ্রন্থ (শ্রীচৈতন্ত-চন্নিভামৃত) সমাধ্য হইল।

অনেকে প্রক্রিক সকপোলকলিত বিষয় মূল প্রেম-

বিলাসের অস্কুভ্ ক বিরয়া প্রেমবিলাসেরই নামে চালাইরা
দিতে চেটা করিয়াছেন—ডাক্টার দীনেশচন্দ্র সেন
মহাশয়ও তাহা বলিয়া থাকেন। প্রথম ১৬ বিলাসের
পরবর্তী অংশের উপরে তাঁহার আহা নাই (১)। কোনও
কোনও হলে প্রেমবিলাসের সাড়ে চবিবল বিলাস পর্যমন্ত্রও
পাওয়া যায়; কিন্তু অভিরিক্ত অংশ যে কুত্রিম, তাহা
সহজেই বুঝা যায়, ইহাই অনেকের মত। বহরমপুরের
সংস্করণেও বিশ বিলাসের বেশী রাখা হয় নাই। অথচ
উল্লিখিত "শাকেহয়ি বিন্দৃবাণেন্দেনি" শোকটী পাওয়া
যায় ২৪শ বিলাসে—যাহার কৃত্রিমতা প্রায় সর্কবাদিসক্ষত।
স্মতরাং উক্ত শোকটীও যে কৃত্রিম, এরুপ সন্দেহ
অস্বাভাবিক নহে। অথচ এই লোকটীর উপরেই কেহ
কেহ অধিকতর গুরুত্ব আরোপ করিয়াছেন; কেন
করিয়াছেন, তাহা পরে বলা হটবে।

ডাক্তার দীনেশচন্দ্র সেন মহাশর তাঁহা**র "বল্ভাবা** ও

⁽³⁾ Vaisnava Literature, P. 171.

সাহিত্য" নামক পৃথকে চরিতামূতের "শাকে নিছ গ্রবাশেলোঁ" স্নোকাহ্নসারেই ১৫৩৭ শক বা ১৬১৫ খুটাককেই
চরিতামূতের সমাপ্তিকাল বলিয়া গ্রহণ করিরাছেন
এবং "লাকে সিদ্ধন্নি" স্নোকটা যে "চরিতামূতের
জনেকগুলি প্রাচীন ও প্রামাণ্য পৃথিতে পাওয়া
গিয়াছে," তাহাও খীকার করিয়া গিয়াছেন (২)।
তথাপি কিছ স্থানাস্তরে তিনি ১৫০৩ শককেই সমাপ্তিকাল বলিয়া প্রকাশ করিয়াছেন—যদিও এরপ মনে
করার হেতু তিনি কিছুই দেখান নাই (৩)। আরও কেহ
কেহ ১৫০৩ শককেই চরিতামূতের সমাপ্তিকাল বলিয়াছেন।

ৰীরভূম শিউড়ির লবপ্রতিষ্ঠ লাহিত্যিক খ্রীযুক্ত শিব-রতন মিত্র মহাশরের "রতন লাইত্রেরীতে" চরিতামতের অনেক প্রাচীন পাওলিপি রক্ষিত আছে। যিতা মহাশরের সৌলভে আমরা জানিতে পারিয়াছি যে, এ সমস্ত পাওলিপিতে—এমন কি ১৭৮ বংসরের পুরাতন একবানা পাওলিপিতেও--শাকে সিদ্ধগ্নিবাণেনে লোকটীই দেখিতে পাওয়া বায়। এক শত বংসবের প্রাচীন একখানা পুঁথিতে গ্ৰন্থশেৰে এরপও লিখিত আছে—"গ্ৰন্থকৰ্ত্বঃ শকালা ১৫৩१॥ औरे5छक्क स्मानकांका ১৪०१॥ प्राथक हे नकांका ১৪৫৫॥ मकाञ्चा (निशिकांग) ১৭৫६॥" अवश চরিতা-মতের সমন্ত সংশ্বরণে বা সমন্ত পুঁথিতেই যে সমাগ্রিকাল-বাচক স্লোক পাওয়া যায়, ভাহা নহে। যে স্থলে পাওয়া यात्र, तम इतन "नाटक मिक्क विवादन निष्या करे भा अत्रा যার; "লাকেংগ্রিবিন্দ্বাণেন্দৌ" স্লোকটা চরিতামূতের কোনও সংস্কৃত্বৰে বা পুথিতে পাওয়া যায় বলিয়া জানি না। শিববজন মিত্র মহাশহও জাঁহার "দাহিতাদেবকে" "১৫০৭ শক বা ১৬১৫ খুটামকেই চরিতামূতের সমাপ্তিকাল বলিয়া প্রকাশ করিয়াছেন (৪)।

যাহা হউক, ১৫০৩ শকে যে চরিতামূতের লেখা শেষ হয় নাই, হইতে পারেও না, চরিতামূতের মধ্যেই তাহার প্রমাণ পাওয়া বার। চরিতামূতের মধ্যনীলার প্রথম

পরিছেদেই শীলীবগোস্থামী প্রণীত শীশীগোপালচম্পু গ্রন্থের উল্লেখ দেখিতে পাওরা যার। "গোপালচম্পু ক্রিল প্রস্থেমহাশুর।" কিন্তু গোপালচম্পুর পূর্বার্ক্ষ পূর্বচম্পুর লেখা শেষ হইরাছিল ১৫১০ শকে বা ১৫৮৮ খুগান্দে এবং উত্তর্মার্ক্ষ বা উত্তরচম্পুর লেখা শেষ হইরাছিল ১৫১৪ শকে বা ১৫২২ খুগান্ধে—গ্রন্থ শেষে গ্রন্থকারই এ কথা লিখিরা গিরাছেন (৫)। স্থতরাং ১৫১৪ বা ১৫১০ শকের পূর্ব্বেচরামৃতের লেখা শেষ হইতে পারে নাই—অন্তর লেখা শেষ হইতে পারে নাই—অন্তর দেখালার লেখা আরম্ভও যে তথনও হয় নাই, চরিতামৃতের আভ্যন্তরীণ প্রমাণ হাইতেই ভাহা দেখা যাইতেছে (৬)। স্থতরাং প্রেমবিলাদের শাকেই শ্রিক্রাণেন্দের রাক্ষীণ প্রমাণ হারাই স্থিতীয়ত হইতেছে।

সমাপ্তিকাল-বাচক ছুইটী খ্লোকের মধ্যে একটী কুত্রিম বলিরা সপ্রমাণ হওরার অপর খ্লোকটাই অকুত্রিম বলিরা অস্থুমিত হইতে পারে। কিন্তু কেবল অসুমানের উপর নির্ভর করিরাকোনও সিন্ধান্তে উপনীত হওরা সকল সময়ে নিরাপদ নহে; ভাহাতে দৃঢ়ভার সহিত কোনও কথা বলাও সকত হর না। এ স্থলে কেবল অসুমানের উপর নির্ভর করার প্রয়োজনও আমাদের নাই। শ্লোক ছুইটীর আভ্যন্তরীণ প্রমাণ বিচার করিলেই বুঝা যাইবে, একটা শ্লোক কৃত্রিম এবং আর একটা শ্লোক অকৃত্রিম। জ্যোভিষের গণনার এই আভ্যন্তরীণ প্রমাণটা প্রকাশিত হইয়া পড়ে। ভাহাই একণে প্রদর্শিত হইতেছে।

⁽২) ব্যক্তাবাও সাহিত্য, ১৯২১ প্টাব্যের চতুর্ব সংকরণ, ৩০৫ প্টাঃ

^(*) Vaisnava Literature of Mediæval Bengal P. 63.

⁽६) माहिकारमदक, ३२६ शृक्षे।

⁽৫) পূর্ববিচপুর অংস্ত লিখিত ইইয়াছে :—"সম্বংশঞ্কবেদবোড়শ
যতুং লাকং দশেবেকভাগ্জাতং যহি তদবিলং বিলিধিতা গোপালচম্পুরিরম্।—-বখন ১৬৪৫ সম্বং এবং ১৫১০ শকালা, তখনই এই
গোপালচম্পু বিলিধিত হইল।"

উত্তরচম্পুর অন্তে লিখিত হইরাছে:—"প্রনক্লামিতি সম্বিক্ষন্
বুক্লাবনারছে:। জীব: কল্ডন চম্পুং সম্পূর্ণালী চকার বৈলাধে। অথবা।
বিজ্ঞাপরেন্দুশাক্মিতি প্রথমচরণ: প্রচারশীর:।—বুন্দাবনত্ত জীবনাঝা
কোনও ব্যক্তি ১৯৪৯ স্বতে, অথবা ১৫১৪ শকালার বৈশাধ মাসে এই
চম্পু স্মাপ্ত ক্রিচাছেন।"

^(●) বেগৰক-সম্পাধিত চরিতামূতের ভূমিকারও এ কথা লিখিত হইরাহে ।

উত্তর স্নোকেই লিখিত হইরাছে— লৈছি মানের ক্ষাপঞ্চমীতে রবিবারে গ্রন্থ সম্পূর্ণ হইরাছে। স্নোক ফ্রন্থাপঞ্চমীতে রবিবারে গ্রন্থ সম্পূর্ণ হইরাছে। স্নোক বলে ১৫০০ শকে, আর প্রেমবিলাসের শ্লোক বলে ১৫০০ শকে। একণে দেখিতে হইবে, এই উত্তর শকেই লৈছি মানের ক্ষাপঞ্চমী রবিবারে হইতে পারে কি না। না পারিলে কোন্ শকে হইতে পারে। তুই শকের কোনও শকেই যদি জৈছি মানের ক্ষাপঞ্চমী রবিবারে না হইরা থাকে, তবে ব্ঝিতে হইবে, কোনও শ্লোকই বিশাস্থাগ্য নহে। যদি একটীমাত্র শকে তাহা হইরা থাকে, তাহা হইলে সেই শককেই সমান্তিকাল বলিয়া নি:সন্দেহে ধরিয়া লওয়া যাইতে পারিবে এবং কাজেই অপরটীকে বাদ দিতে হইবে।

জ্যোভিষের গণনার দেখা গিরাছে, ১৫.৩ শকের জৈয়ন্ত মানে কৃষ্ণাপঞ্চমী রবিবারে হয় নাই— জৈয়ন্ত মানকে সৌর মান ধরিলেও না। কিছ ১৫৩৭ শকের জৈয়ন্ত মানের কৃষ্ণাপঞ্চমী রবিবারেই হইরাছিল। সেদিন প্রার ৫৬ দও পঞ্চমী ছিল। এ হলেও কিন্তু চাক্র মান ধরিলে হয়।

জ্যোতিষের গণনার রার বাহাছর শ্রীবৃক্ত যোগেশচন্ত্র রার বিহ্যানিধি এম-এ নহাশর একজন প্রাচীন প্রামাণ্য ব্যক্তি। আমাদের গণনার ফল তাঁহার নিকট প্রেরিত হইলে তিনিও শুভন্ন ভাবে গণনা করিয়া দেখিয়াছেন এবং আমাদের সিন্ধান্তর অফুমোদন করিয়াছেন। বিহ্যানিধি মহাশরের গণনা-প্রণালী আমাদের গণনা-প্রণালী হইতে ভিন্ন ছিল; তথাপি কিন্তু উভরের গণনার ফল একরপই হইয়াছে। গণনা যে নির্ভুল, ইহা বোধ হয় ভাহার একটা প্রমাণ (৭)।

(৭) বিগত ১৬।৬।০০ ইং তারিখে বিশ্বানিধি মহালয় লিখিরাছেন

—"* * * দেখিতেছি, আপনার গণনাই ঠিক। ১৫০৭ শকে দৌর
ক্যৈষ্ঠ ধরিলে অসিত গঞ্চমীতে রবিবার হইরাছিল। রবিবারে পঞ্চমী
ক্রার ৩২ লও ছিল। এখন বিক্রেচা, সৌর গৈটে ধরিতে পারি কি না ?
বোধ হর পারি। কবি বঙ্গদেশের, দৌর মাস গণিতেন।" এই পত্রে
ভিনি লিখিরাছেন—"বোধ হর দৌর মাস ধরিতে পারি।" কিন্তু পরের
ফিন ১৭।০।০০ ইং ভারিখেই অপর এক পত্রে ভিনি লিখিলেন,—
"গত কলা আপনাতিক পুরু লিখিবার পর মনে হইল, দৌর গৈটে বাস

বাহা হউক, একণে দেখা পেল—প্রেমবিলাদের লোকাছসারে ১৫০০ পকে চরিভামৃত-সমান্তির কথা চরিভামৃত-সমান্তির কথা চরিভামৃত্তর আভ্যন্তরীণ প্রমাণের প্রতিকৃশ এবং ঐ লোকাছসারে ১৫০০ পকে জ্যৈষ্ঠ মানের রুক্ষাপঞ্চমীরবিবারে হওয়ার কথাও জ্যোভিষের গণনায় সমর্থিত হয় না। স্বভরাং এই লোকটী বে রুজিম, ভাহাতে কোনও সন্দেহই থাকিতে পারে না। আর, চরিভামৃতের গোকাছসারে ১৫০৭ পকে গ্রন্থ-সমান্তির কথা চরিভামৃতের আভ্যন্তরীণ প্রমাণেরও অন্তক্ত এবং উক্ত গোকাছসারে জ্যোভিষের গণনামও পাওয়া যায়। স্তরাং এই স্লোকটী বে সমাক্ রূপেই নির্ভর্ষোগ্য এবং ইহা বে অকৃত্রিম, ভিষ্বরেও সন্দেহ থাকিতে পারে না।

গ্রন্থকার কথনও গ্রন্থ-সমাপ্তির তারিথ লিখিতে তুল করিতে পারেন না; কারণ, যেদিন গ্রন্থ সমাপ্ত হর, ঠিক সেইদিনই তিনি তারিখ লিখিরা খাকেন; তাহাতে সন, মাস, তিথি, বারাদির তুল থাকা সম্ভব নর। অন্ত কেহ অন্তমানের উপর নির্ভর করিয়া তির সমরে তাহা লিখিতে গেলেই ভ্রমের সম্ভাবনা থাকে। প্রেমবিলাদের "লাকেছ-গ্রিক্লিবাণেন্দো" শ্লোক ভ্রমান্থক বলিয়া তাহা বে চরিতামূতকার কবিরাজ-গোত্থামীর লিখিত নতে, তাহা সহজেই বুঝা বার। আবার, চরিতামূতের "লাকে সিক্লিবি-

করিলে কবির অনববানতা প্রকাশিত হর। মাসের নাম না থাকিকো তিথি অর্থহীন। 'বোধ হর' করিবার প্রয়োজন নাই। কবি জোষ্ঠ মাস গৌণচাক্র ধরিলাছেন। যেটা মূপ্য বৈশাথ কুক্ষপক্ষ। কোটা গৌণ জোষ্ঠ কুক্ষপক্ষ। বৈশাথী পূর্ণিমার পর গৌণ জোষ্ঠমাসে আরম্ভ। উত্তর ভারতে গৌণচাক্র গণিত হইতেছে। অভ্যাহত গৌণচাক্র গৈটাইনাসের অসিত্ত-পক্ষমীতে রবিবার ছিল। হয়ত সৌর জোষ্ঠ বলাও কবির অভিত্রেত ছিল।"

যাহা হউক, বৈশাথী পূর্ণিনার অব্যবহিত পরবর্তী বে কৃক-পঞ্চরী, তাহাই গৌণচাক্ত ভ্রেটের কৃকাপক্ষী এবং ১৫০২ শকে ভাহা রবিবারে হইয়াছিল।

হুৰ্থা বত দিন ব্বরাশিতে থাকে, আমাদের পঞ্চিকার কৈঠি মাসও ততদিনবাণী এবং এইরপ জৈঠ মাসকেই আমরা সৌর লৈঠি মাস বলিরাছি। ১০০৭ শকে গোঁবচাক্র ক্রোতের কুকাপক্ষীও আমাদের পঞ্চিকামুযায়ী জাঠমাসে (এবং রবিবারে) হইরাছিল: ভাই আমরা দৌর ক্রেট বলিরাছি।

বাণেন্দে পাকটাতে কোনও রূপ প্রম নাই বলিং দিরিতামূতের আতান্তরীণ প্রমাণে এবং জ্যোতিষের গণনাতেও ইহা দংখিত হয় বলিয়া—ইহা যে গ্রন্থকার কবিরাজ-গোখামীরই লিখিত, তাহাও নিঃসন্দেহেই বলিতে পারা যায়। সূত্রাং ১৫৩৭ শকে বা ১৬১৫ গৃষ্টাব্দেই চরিতামূত সমাপ্ত হইরাছে বলিরা সিদ্ধান্ত করা যাইতে পারে।

প্রশ্ন হইতে পারে, শাকে দিছ গ্রিবাণেলে। শ্লোকটা গ্রন্থকার কবিরাজ-গোষামীরই লিখিত হইরা থাকিলে চরিতামতের সকল প্রতিলিপিতে তাহা না থাকার কারণ কি? লিপিকর-প্রমাদই ইহার একমাত্র কারণ বলিরা মনে হয়। কোনও একজন লিপিকর হয় তো তামে এই শ্লোকটা লিখেন নাই। তাঁহার প্রতিলিপি দেখিরা প্রবর্তী কালে বংহারো গ্রন্থ লিখিরা লইরাছেন, তাঁহাদের কাহারও প্রতিলিপিতেই আর ঐ শ্লোকটা থাকিবার স্থাবনা নাই। এইরপে উক্ত শ্লোকহীন প্রতিলিপিও বিস্তি লাভ করিয়াছে। (৮)

(৮) এইরাপ হওয়া অসম্ভব বা অব্যস্তাবিক নহে। চরিতামতেই ইহার দৃষ্ঠান্ত পাওয়া যায়। আদিনীলার ⊄খম পরিচেছদের "রাধা-কৃষ্ণপ্ৰথ বিকৃতি:"-প্ৰভুতি কথেকটা (লাকের (৫-১৫ লোকের) ডপরিভাগে "ইবিরুপ্রেরিমক্ট্রায়ম্" কথটো চরিতামূতের কোনও কোনও আহিছিলাপতে দেখিতে পাওয়া যার না। ভাইতে কেই কেই মনে করিছা থাকেন কাবেরাজ-গোধামীর মূল গ্রন্থে উল্লিখিত "মীধারপ-গোপামিক ড়বালাম্" কথাটা ছিল না— 'রাধা কুক্ত এণ্রবিকৃতিঃ" ইত্যাদি ্লাক কংটা কবিরাজ গোখামীরই রচিত, অরূপনামোনরের রচিত নতে। কিন্ত এক্সপ অনুমানের বিশেষ কিছু হেড আছে বলৈয়া মনে হয় না। বরং উক্ত লোক করটী যে স্বরূপ-দামে।দরেরই রচিত, তাহারই যথের শ্রমণ চরিভামতে পাওয়া ধার। একটীমাত্র ক্রমাণের উল্লেখ করিভেছি। উলিখিত লোকসমূহের বিভীয় লোক অর্থাৎ আদিলীলার এখন পরিচেছদের ভট লোকটাতে (শ্বরাধারা: প্রশাসমহিমা কীদুশো বা ইত্যাদি লোকে) ইন্নন্মগাল্লভুর অবভারের ভিনটী মুখা করেণ বিবৃত হইয়াছে। এই ৪৪ লোকটার ভাৎপর্যা প্রকাশ করিতে যাইয়া স্চনার চারভাষ্তকার কবিরাজ-গোন্ধামী লিখিয়াছেন--- "* * * অবভারের আর এক আছে বুলা বীজ। স্থানিকশেশর কুকের সেই কাব্য নিজ। অভি গুঢ় হেতু সেই ত্রিবিধ আকার। দামোদর-শ্বরূপ হৈত যাভার আচার । স্বরূপ-োদাঞি প্রভুর কতি অন্তর্গ । ভাষতে গ্রানেন প্রভুর এসং প্রদৃদ্ধ । আদি, গর্ম পারছেদ, ১০-১২ প্রার 🗗 ষ্ঠ প্লোকে অবভারের যে তিনটা মুখ্য কারণের কথা বলা হইয়াছে, সেই তিনটা কারণ যে স্বরূপ- যাহার। ১৫০০ শকের পক্ষপাতী, তাঁহাদের কেহ কেহ বলেন—শ্রীচৈতক্সচরিতামৃত ১২০০ শকে সমাপ্ত' হইরাছে মনে না করিলে প্রেমবিলাস, ভক্তিরভাকর ও কর্ণানন্দের উক্তিসমূহের স্কৃতি থাকে না। স্কৃতি থাকে কি না বিবেচনা করা দ্রকার।

ভক্তিরত্বকরাদির যে বিবরণের সহিত চরিতামতের সমাপ্তিকালের কিছু সম্পূর্ক থাকা সন্তব, তাহার সার মর্ম এই-- গঙ্গাভীরে চাথনি গ্রামে শ্রীনবাদের করা হয়। উপনয়নের পরে তাঁহার পিত্বিয়োগ হয়। তথ্ন তিনি মাতাকে লইয়া ব্যক্তিগ্রামে মাত্লালয়ে বাস করিতে থাকেন। কিছু কাল পরে তিনি জীবুন্দাবনে যাইয়া শ্রীপাদ গোপাল ভট গোস্বামীর নিকটে দীক্ষিত হন এবং শ্রীপাদ জীবগোসামীর নিকটে ভক্তিশাস্ত অধায়ন করিয়া चाहारा हिनाधि मा इकरवन । श्रीमनगरमव भरत नरवाहम দাস এবং ভাষানলও বুলাবনে গিয়াছিলেন। তিনজনে কয়েক বংসর বুন্দাবনে থাকার পরে একই সঙ্গে দেশের দিকে যাত্রা করেন। তাঁহাদের সঙ্গে কতকগুলি গোস্বামী গ্রন্থ প্রচারার্থ বান্ধালা দেশে প্রেরিভ হয়। গ্রন্থ গলিকে চাারটা বাজে ভারমা বাজ্ঞলকে মন্জনা দিয়া ঢাকিয়া ত্রথান গরুর পাড়ীতে বোঝাই করিয়া কয়েকজন সশস্ত্র প্রহরীর ভত্তবধানে খ্রীজাব খ্রীনিবাস্যাদর সঙ্গে পাঠাইয়া-ছিলেন। তাঁহারা যখন বনবিষ্ণুপুরে উপনীত হইলেন, তথন বনবিষ্ণপুরের তৎকালীন রাজা বীর হাসীরের নিয়োঞ্চিত দম্ভাদল ধনরত্ব মনে করিয়া গাড়ীস্চ গ্রন্থ-বাক্সগুলি অপহরণ করিয়া লইয়া গিয়াছিল। তথন নরোত্তম ও ভাষানলকে দেশে পাঠাইরা দিরা গ্রন্থেরর

গোষামী বাতীত অপর কেহ জানি না, বরপগোষামী হইতেই যে সেই তিনটা কারণের সংবাদ সাধারণো প্রচারিত হইরাছে, উক্ত পরার-সন্থ কবিরাজ গোষামীই তাহা বলিরা গিয়াছেন। ফুতরাং কবিরাজ-গোষামীর কথাতেই জানা যাইতেছে, উক্ত প্রাকটা করপদামোদরেরই রাচত। উক্ত বঠ রোক কেন, আদিলীলার প্রথম পারছেদের এম হইতে ১৮শ পর্যান্ত সমস্ত লোকহ যে বর্জপনামোদরের রাচত, তাহাতে সংক্রহ করাব হেতু কেছু নধা যায় না। লেপিকর-সমাদবশতংহ সম্ভবতঃ কোনত কোনত প্রতিলাপতে উক্ত রোকস্থের ডারতি, তার্জপ, লিপিকর-প্রমাদ বশতংই যে কোনত কোনত প্রতিলাপিতে "লাকে নির্দ্ধার্য" রোকটা বাদ পাড়িরা গিরাছে। তদ্রপ, লিপিকর-প্রমাদ বশতংই যে কোনত কোনত প্রতিলাপিতে "লাকে নির্দ্ধার্য" রোকটা বাদ পাড়িরা গিরাছে, এরূপ অসুমান অধ্যক্তাবিক হইবে না।

নিমিত্ত শ্ৰীনিবাস বনবিফুপুরেই থাকিয়া গেলেন। কিছু দিন পরে রাজ্যভার শ্রীমদ্ভাগবত পাঠ উপলক্ষে রাজা বীর হাস্বীরের সহিত শ্রীনিবাসের পরিচর হয়। সমক্ত বিষয় অবগত হইয়া বাজা বিশেষ অনুভপ্ত হইলেন এবং শ্রীনিবাসের চরণাশ্রর করিয়া সমস্ত গ্রন্থ ফিরাইয়া मिरनन। **किছू कान भरत श**ञ्च नहेन्ना औनिवास स्मरन ফিরিয়া আদেন এবং পর পর গুইটী বিবাহ করেন। বিবাহের ফলে তাঁহার ছয়টা সন্তান জনিয়াছিল। গ্রন্থ শইয়া বুন্দাবন হইতে চলিয়া আসার প্রায় এক বংগর পরে এনিবাস দিতীয়বার বন্দাবনে গিয়াছিলেন বলিয়াও ভক্তিরতাকর হইতে জানা যায়। যাহা হউক, বুলাবন হইতে শ্রীনিবাদের দেশে ফিরিয়া আসার কিছু কাল পরে খেতুরীর বিরাট মহোৎদব হইরাছিল। এই মহোৎদবে নিত্যানন্দ-ঘরণী জাহুবামাতা গোস্বামিনীও উপস্থিত ছিলেন। ভক্তিরত্বাকরের মতে, এই মহোৎসবের পরে আহ্বা দেবী বুলাবনে গিয়াছিলেন। তাঁহার দেশে ফিরিয়া আশার কিছু কাল পরে নিত্যানল-তনর বীরচন্দ্র গোস্বামীও বুন্দাবনে গিয়াছিলেন। বুন্দাবন হইতে শ্রীনিবাস আচার্য্যের দেশে ফিরিয়া আসার পরে তাঁহার নিকটে এবং আরও চু'একজন বন্ধ দেশীয় ভক্তের নিকটে ন্ত্ৰী শীব গোম্বামী পতাদি লিখিতেন। এরপ কয়েকথানি পত্র ভক্তিরত্বাকরে উদ্ধৃত হইশ্বাছে।

যাহা হউক, ১৫০০ শকেই চরি লাম্ভ সমাপ্ত হইয়াছিল বলিয়া যাঁহারা সিদ্ধান্ত করেন, তাঁহাদের সিদ্ধান্তের
ভিত্তি এই তিনটী অন্থমান:—প্রথমতঃ শ্রীনিবাদের সদ্ধে
প্রেরিত এবং বনবিষ্ণুপুরে অপহত গ্রন্থস্থার মধ্যে
কবিরাজ-গোস্বামীর চরিতাম্তও ছিল; বিতীয়তঃ, গ্রন্থচুরির সংবাদ প্রাপ্তি মাত্রেই কবিরাজ-গোস্থামী তিরোভাব
প্রাপ্ত হইয়াছিলেন; এবং তৃতীয়তঃ, ১৫০০ শকেই
(১৫৮১ খ্টান্সেই) গ্রন্থ লইয়া শ্রীনিবাস বৃন্দাবন হইতে
বিষ্ণুপুরে আসিরাছিলেন। এই তিনটী অন্থমান বিচারস্বাহ্ব কান, আমরা এখানে তৎসম্বন্ধেই আলোচনা করিব।

বলির। রাথা উচিত্র, আমরা এই প্রথকে যে তজি-রত্বাকর, প্রেমবিলাস ও কর্ণানন্দের উল্লেখ করিব, তাহাদের প্রত্যেকধানিই বহরমপুর রাধারমণ্যত্র হইতে প্রকাশিত দ্বিত্রীয় সংস্করণের পুত্তক।

শ্রীনিবাসের সঙ্গে প্রেরিড গোস্বামিগ্রন্থের মধ্যে চরিতামৃত ছিল কি না

শ্রীনিবাদ আচার্যোর সঙ্গে প্রেরিড যে সমস্ত গ্রন্থ বনবিষ্ণুপুরে চুরি হইয়াছিল, তাহাদের বিস্তৃত ভালিকা পাওয়ানাগেলেও ভক্তির্ভাকর ও প্রেমবিলাস হইতে তাহাদের একটা দিগদর্শন যেন পাওয়া যায়। প্রেম-विनारम जीनिवारमब करमब भूकिकाहिनी याहा रम्खा হইয়াছে, তাহা হই:ত বুঝা যায়, গৌড়ে রূপসনাতনের গ্ৰন্থচারের উদ্দেশ্তেই তাঁহার অংশার প্রয়োজন হইরা-ছिन (२म विनाम, 8, २२ शृष्टी)। श्रीनिवारमत श्रीक মহাপ্রভর অপ্রাদেশের মধ্যেও তদ্রপ ইক্লিডই পাওয়া যায় —"ষত গ্রন্থ লিখিয়াছেন রূপ-সনাতন। তুমি গেলে ভোমারে করিবে সমর্পণ॥ (৪র্থ বিলাস, ৩০ পৃষ্ঠা)।" গ্রন্থ কর্মা শ্রীনিবাসকে গৌডে পাঠাইবার সক্ষম করার সময়েও খ্রীলীব ভাহাই জানাইগাছেন—"মোর প্রভুর গ্রন্থের অনুসারে যত ধর্ম। গৌড়দেশে কেহ ত না জানে ইহার মর্মা। এই দ্ব গ্রন্থ লৈয়া আচার্য্য গৌডে যায়। (প্রেমবিলাস, ১২শ বিলাস, ১৪১ পঃ)।" গ্রন্থ-প্রেরণ-প্রসংক রূপ-স্নাতনের গ্রন্থদের রুদাবনস্থ গোস্বামীদের নিকটে শ্রীঙীৰ আরও বলিয়াছেন—"লক এড কৈল সেই শক্তি করণার। তোমরা ভাষাতে অতি করিশা महास्य अन्तरमा देशक श्राप्त निकाशा रगोफ्रमा। সর্ব্যহান্তের বাদ আলেষ বিশেষ ৷৷ এ ধর্ম প্রকট হয় গ্রন্থ প্রচার। যেমন হয়েন তার কর্ছ প্রকার॥ (প্রেম-विलाम, ১२म विलाम, ১৪০ পृष्टी) ।" গ্রন্থ প্রেরণের বন্দোবস্ত করিবার নিমিত্ত মধুরাবাসী স্বীয় সেবক-মহাজনকে ডাকিয়া আনিয়া শ্রীনিবাদের সহিত তাঁহার সাক্ষাৎ করাইরাও শ্রীঞীব বলিয়াছেন —"মোর প্রভু লক গ্ৰন্থ কৰিল বৰ্ণন ॥ ৰাধাকুফুলীলা ভাছে বৈফ্ব-জাচাৰ। তিঁহ গৌডদেশে লঞা করিব প্রচার॥ (প্রেমবিশাস, ১২म विनाम, ১৪৫ शु:):" वृत्तावनछात्मन खाकारन শ্রীনিবাস যখন স্বীর গুরু গোপালভট্রগোস্বামীর নিকটে গিলাছিলেন, তথন খ্রীনিবাদের গৌড-গমনের উদ্দেশ্যের প্রতি লক্ষা রাধিয়া ভট্রগোখামীও বলিয়াছিলেন— "শীর্নপের গ্রন্থ গোড়ে হইবে প্রচারে। (১২শ বিলাস,

>e> %;);** শ্ৰীশীবগোৰামী নিশ্বহাতে গ্ৰন্থৱাৰি গিন্ধকে সজ্জিত করিয়া দিয়াছিলেন। কি কি গ্রন্থ দিরুকে দক্ষিত হইয়াছিল, ভাহাও প্রেমবিলাস হইতে জানা যায়। এজীব---"সিম্বক সক্ষা করি পুশুক ভরেন বিরশে। এরপের গ্রন্থ যত নিজ গ্রন্থ আর। পরে ধরে বসাইলা ভিতরে তাহার॥ বছলোক লঞা সিন্ধক আনিশ ধরিঞা। গাড়ীর উপরে সব চড়াইল কঞা। (১৩म विनाम, ১৬২ প:)।" आवात, मश्राटक आनिकन-পৃৰ্বক শ্ৰীনিবাসকে বিদায় দেওয়ার সময়েও শ্ৰীকীব ব**লিয়াছেন—"**হৈতক্তের আজা প্রেম প্রকাশিতে। বর্ণন করি**লা প্রেম সনাতন ভাতে।। সেই গ্র**ম্ভে সেই ধর্ম প্রকাশ ভোষাতে। প্রকাশ করিতে দোঁছে পার সর্বত্তে। (১০শ বিলাস, ১৬০ পঃ)।" গোস্বামি-গ্ৰন্থের পেটারার অমূল্য রত্ত আছে বলিয়া হাতগণিতা প্রকাশ করাভেই বীর হাস্বারের লুর দক্ষাগণ গ্রন্থপেটারা ৢির করিরাছিল; এই প্রনকের উল্লেখ করিয়াও প্রেম-বিলাসকার বলিয়াছেন, পেটারায় যে অমূল্য রত্ন ছিল, তাহা সভাই; যেহেতু, "এীকপের এও যত লীলার প্রদান কর প্রেমধন আছে, তাহার তরজ।। (১০শ বিলাদ, ১৬৮ পঃ)।" শ্রীনিবাদের সহিত বীর ছামীরের দাকাৎ হইলে রাজা বখন তাঁহার পরিচয়াদি জিজাসা করিয়াছিলেন, তখন শ্রীনিবাস নিজেও বলিয়াছিলেন--"শ্রীনিবাদ নাম, আইল বুন্দাবন হৈতে। লক গ্রন্থ ্ৰীএপের প্ৰকাশ কবিতে॥ প্ৰেটডদেশে লৈয়া ভাষা করিব প্রচার। চুরি করি লইল কেবা জীবন আমার॥ ((अमिविनाम, ১०म वि, ১१२ गृः)।"

প্রেমবিলাস হইতে উদ্ধৃত বাক্যসমূহে খ্রীনিবাসের

গংল প্রেরিক গ্রন্থসংক যে পরিচর পাওয়াগেল, তাহাতে
বুঝা যার, গ্রন্থপেটারার খ্রীরূপের গ্রন্থই ছিল বেশী;
খ্রীননাতনের এবং খ্রীলীবের গ্রন্থও কিছু কিছু ছিল।

ইঞ্নাস কবিরাজের গ্রন্থের কোনও আভাস পর্যন্তও
গাওয়া যার না।

একণে, ভজিরত্বাকর কি বলে, তাহাও দেখা ঘাউক।
শীনিবাদের জন্মের পূর্বাভানে ভাবাবিষ্ট মহাপ্রভু নেবক গোবিন্দকে বলিরাছেন—"শীরপাদিয়ারে ভজি-শান্ত প্রকাশিব। শীনিবাদ্যারে গ্রন্থরত্ব বিভরিব।

(ভক্তিরত্বাকর, ২য় ভরদ, ৭১ পৃষ্ঠা)।" শ্রীনেবাস মথবার উপনীত হইলে একপ-সনাতন খপ্রে দর্শন দিয়া তাঁহাকে বলিয়াছিলেন—"করিত্ব যে গ্রন্থগণ সে স্ব শইয়া। অতি অবিলয়ে গৌডে প্রচারিবে গিয়া॥ ৪র্থ তর্জ, ১৩৪—৫ পৃঃ।" পেটারার স^{্ক্র}ত গ্রন্থস্থদ্ধেও वना श्हेत्राटइ---"(य नकन श्रष्ट मण्णूटिएक मुख्य किन्। সে সব গ্রাহর নাম পুর্বে জানাইল ৷ নিজকুত সিদ্ধান্তাদি গ্ৰন্থ কিয়া। মৃত্মৃত্কতে জীনিবাস মূথ চাইরা। রহিল যে গ্রন্থ পরিশোধন করিব। বর্ণিব যে সব ভাহা জ্বে পাঠাইব ৷ (৬৪ তর্ক, ৪৭০ পৃ:)।" পেটারার দজ্জিত গ্রন্থদের নাম পুর্বে বলা ইইয়াছে, এইরূপই এই কয় পরার হইতে জানা যায়। উল্লিখিত ভক্তি-রত্নাকরের ৭১ এবং ১৩৪-৩৫ পৃষ্ঠায় যে কেবল রূপ-সনাতনের গ্রন্থেরই উল্লেখ করা হইয়াছে, ভাহা পর্বেই বলা হইয়াছে। আবার প্রথম তরজের ৫৬--৬০ প্রায় শ্রীরপ, শ্রীদনাতন, শ্রীকীব এবং শ্রীর্থনাথ দাস গোস্বামীর অনেক গ্র:ছর নামও উল্লিখিত ইইয়াছে। ৪৭০ পৃষ্ঠার পূৰ্বে এত্ৰাতীত অল কোনও হলে গ্ৰন্থতালিকা আছে বলিয়া জানি না। ৫৬--৬০ প্রায় উল্লিখিত স্মস্ত গ্রন্থ ও শ্রীনিবাদের সঙ্গে প্রেরিত হয় নাই, সংশোধনাদির নিমিত কতকণ্ডলি গ্রন্থ শ্রীজীব রাখিয়া দিয়াছিলেন-- ৪৭০ প্র হইতে উদ্ভ পরার এবং শ্রীনিবাদ আচার্য্যের নিকটে লিখিত শ্রীঞ্চীবের পত্র হইতে তাহা জানা বার। বাহা হউক, প্রেরিত গ্রন্থকে যে সমন্ত উক্তি উদ্ত হইল, ক্বিরাজ-গোশামীর চরিতামতের উল্লেখ বা ইক্তিও **टाशांत्रत मत्या मुद्दे श्व ना ।**

এক্ষণে কর্ণানন্দের কথা বিবেচনা করা যাউক।
কর্ণানন্দ অক্তিম গ্রন্থ কি না, তৎসম্বন্ধে যথেষ্ট সন্দেহ
আছে। সন্দেহের কারণ পরে বলা হইবে। কিন্তু
শীনবাস আচার্য্যের সঙ্গে প্রেরিত গ্রন্থস্থহের মধ্যে বে
চরিতামৃত ছিল, কর্ণামৃত হইতেও তাহা জ্ঞানা বার না।
শীনিবাসের জন্মের পূর্কাভাসপ্রসঙ্গেও ভক্তিরত্বাকরেরই
ক্রায় কর্ণানন্দ বলিয়াছে—শীর্ল-সনাতনের গ্রন্থ প্রচারের
নিমিন্তই তাঁহার আবিভাবের প্রয়োজন হইয়াছিল।
গ্রন্থপ্রেরণ-প্রসঙ্গেও শীক্ষার নিমিন্ত শীনিবাসকে আদেশ

করিয়াছেন (কর্ণানন্দ, ৬৪ নির্য্যাস, ১১০ পৃষ্ঠা)। তাঁহার সঙ্গে কোন কোন গ্রন্থ প্রেরিত হইয়াছিল, তাহার উল্লেখ কোথাও নাই। তবে, শ্ৰীনিবাদ গৌড়দেশে কি কি গ্ৰন্থ প্রচার করিয়াছিলেন, এক স্থলে তাহার বর্ণনা পাওয়া যায়। "গৌড়দেশে লক্ষ গ্রন্থ কৈল প্রকটন॥ শীরূপ-গোখানিকৃত যত এছগণ। যত এছ প্রকাশিলা গোস্বামী সনাতন। শ্রীভট্টগোসাঞি যাহা করিলা প্রকাশ। রঘুনাথ ভট্ট আর রঘুনাথদাস॥ এজীব গোখামিকত যত গ্রন্থ কিবাজ গ্রন্থ বত কৈলা এই সব গ্রন্থ লৈয়া গৌডেতে স্বচ্চনে। বিস্তারিল প্রভু তাহা মনের আনন্দে॥ (১ম নির্য্যাস, ৩ পঃ)।" এ স্থলে চরিতামুতের উল্লেখ না থাকিলেও কবিরাজ-গোস্বামীর "রসময় গ্রন্থ" সমূহের উল্লেখ আছে। চরিতামূতও এ সমস্ত রসময় গ্র:ছর অন্তর্ভুক্ত থাকিতে পারে। উল্লিখিক পরারসমূহে গ্রন্থের নাম নাই. গ্রন্থকারের নাম আছে; কয়েক পদার পরে করেকথানি গ্রন্থের নামও কর্ণানন্দে লিখিত হইয়াছে: তন্মধ্যে বৈফাব-তোষণীর উল্লেখ আছে। বৈষ্ণব-তোষণী কিন্তু প্রথমবারে প্রেরিত গ্রন্থদের মধ্যে ছিল না, কয়েক বৎসর পরে গোডে প্রেরিত হইয়াছে-তাহা ভক্তিরভাকর হইতে জানা যায় (১৪শ তরক, ১০৩০ পৃ:)৷ কবিরাজ-গোসামীর গ্রন্থমূহও পরে প্রেরিত হইয়াছিল বলিয়াই মনে হয়; কারণ, প্রথমবারে প্রেরিভ গ্রন্থমগৃহের মধ্যে ক্রিরাজ-গোস্বামীর কোনও গ্রন্থ ছিল বলিয়া ভক্তিরতাকর, প্রেমবিকাস বা কর্ণানন হইতেও জানা যায় না।

যাহা হউক, শ্রীবুলাবন হইতে প্রথমবারে জানীত গ্রন্থসমূহের প্রদক্ষে উল্লিখিত প্রারগুলি কর্ণানলে লিখিত হয় নাই, বিষ্ণুপুরে জ্পহ্নত গ্রন্থসমূহের প্রদক্ষেও লিখিত হয় নাই; শ্রীনিবাদ গৌড়দেশে কি কি গ্রন্থ প্রচার করিয়াছিলেন, ভাহাই উক্ত প্রারে বলা হইয়ছে। বহুবার বহু সময়ে প্রচারার্থ বহু গ্রন্থ বলান হইতে শ্রীনিবাদের নিকট প্রেরিত হইয়াছিল। চরিতামৃতও প্রবর্তী কালেই তাঁহার নিকটে প্রেরিত হইয়া থাকিবে— এরূপ মনে করিলেও উক্ত প্রারসমূহের মধ্যে কোনও রূপ জ্বন্ধতি দেখা যাইবে না। প্রবর্তী জ্বালোচনা হইতে এ বিষয়ে আরও ক্ষ্মী ধারণা জ্বিবে।

আরও একটা কথা বিবেচা। চরিতামূত লেখার সময়ে কবিরাজ-গোলামীর যত বয়স হইয়াছিল, শ্রীনিবাসের বৃন্দাবন ত্যাগের সময়ে এবং তাহার কিছুকাল পরেও তাঁহার তত বেশী বয়স হইয়াছিল বলিয়া মনে হর না।

যে সময়ে তিনি চরিভায়ত লিধিতে আরম্ভ করেন, কবিরাজ-গোসামী তথন জরাত্র হইয়া পড়িয়াছিলেন। আদিলীলা শেষ করিয়া মধালীলা আরম্ভ করিবার সময়ে তাঁহার শারীরিক অবস্থা ধুবই খারাপ হইয়া পড়িয়াছিল বলিয়া বঝা যায়। তৎকালীন শরীরের অবস্থা অহুভব করিয়া অন্তালীলা লিখিতে পারিবেন বলিয়া কবিয়াজ-গোস্বামীও বোধ হয় ভ্রমা পান নাই। তাই মধানীলার পোরভেট অভালীলার সত্র লিখিয়া কৈফিয়ভন্তরণে তিনি किश्रियात्क्रन-"(भवनीनात श्वाप्ता, देवन कि विवत्रण, डेडा विकाबिएड हिन्न डग्न। शाटक यमि प्याग्नः स्था বিস্তারিক লীলা শেষ, যদি মহাপ্রভর কুপা হয় ৷ আমি বৃদ্ধ জরাতুর, লিখিতে কাঁপয়ে কর, মনে কিছু শ্বরণ নং হয়। নাদেখিয়ে নয়নে, না শুনিয়ে প্রবণে, তবু লিখি এ বড় বিশ্বর।। এই অন্তলীলাদার, স্ত্রমধ্যে বিস্তার, করি কিছু করিল বর্ণন। ইহা মধ্যে মরি যবে, বর্ণিতে ন পারি তবে, এই লীলা ভক্তগণধন। (চরিভামুত, মধালীলা, ২য় পরিজেদ) লে গ্রন্থর তিনি লিখিয়-ছেন- "বৃদ্ধ জ্বরাত্র আমি অন্ধ বধির। হস্ত হালে মনোবৃদ্ধি নহে মোর স্থির ৷ নানারোগে গ্রন্থ চলিতে বসিতে না পারি। পঞ্চ রোগের পাড়ায় ব্যাকুল-রাত্রি দিনে মরি॥ (অন্তালীলা, ২০শ পরিচেচন)।"

কিছ শ্রীনিবাস জাচার্য্য যথন শ্রীরুক্দাবন ভ্যাগ করেন, তথন এবং ভাষার পুঁপরেও যে কবিরাজ-গোলামীর শরীরের অবস্থা চরিভামতে বর্ণিত অবস্থা অপেক্ষা জনেক ভাল ছিল, তথনও তিনি রাধাকুও হইতে চৌদ্দ মাইল হাঁটিয়া বুক্দাবনে যাভায়াত করিতে পারিতেন, ভক্তিরত্বাকরাদি চইতে ভাষা জানা যায়।

বৃন্দাবন ত্যাগের প্রাক্তালে জ্রীনিবাস, নরোত্তম ও ভাষানন্দ দাস গোষামীর স্থিত দেখা করিবার নিমিও রাধাকুতে গিথাছিলেন। কবিরাক্ত গোষামী তাঁছাদের সক্ষে রাধাকুও হইতে বৃন্দাবন আসিয়াছিলেন (ভর্কি রত্বাকর, ৬৪ তরজ, ৪৬৯ পঃ)। এবং বুন্দাবনে হইতে শ্রীকীবাদির সঙ্গে গ্রন্থের গাড়ীর অনুসরণ করিয়া তিনি মধ্বারও গিরাছিলেন (ভক্তিরত্নাকর, ৬ঠ তরল, ৪৮৭ পৃঃ)। শ্রীনিবাসের দেশে আসার কিছু কাল পরে খেতুরীর মধোৎদ্ব হয়। এই মধোৎদ্বের পরে নিত্যানলবরণী জাহ্নবামাতা গোলামিনী জীবুলাবন গমন করেন। তাঁহার বুন্দাবনে আগমনের কথা শুনিয়া তাঁহাকে দর্শন করার নিমিত্ত কবিরাজ-গোখামী সাত ক্রোশ পথ হাঁটিগা রাধাকুত হইতে সুক্লাবনে আসিয়া-ছিলেন, তাহাও ভক্তিরত্বাকর হইতে জ্বানা যার (১১শ তরক, ৬৬৭ পঃ। বুন্দাবন হইতে জাহ্নবামাতা রাধাকুডে গিয়াছিলেন; কবিরাজ-গোস্বামীও তাঁহারই সঙ্গে বুলাবন ত্যাগ করিয়া একট তাড়াতাড়ি করিয়া "অগ্রেতে আসিয়া। দাস সোভামীর আগে ছিলা দড়েইয়া। অবসর পাইর। করমে নিবেদন। জ্রীঞ্জান্তবী ঈশ্বরীর হৈল আগমন ৷ (ভ. র. ১১শ তরহ, ৬৬৮ পুঃ।" ইহার পরেও আবার নিভ্যানন্দ-তন্য বীর্চক্র গোখামী বুন্দাবনে গিয়াছিলেন; তাঁহার বুন্দাবনে উপস্থিত হইবার অব্যবহিত পুর্বেই "সর্বত্ত ব্যাপিল বীরচজের গ্রন্। ভনি বীরচক্রের গমন বুলাবনে। আগুসরি লইতে আইদে সক্ষলে। খ্রীজীব-গোসাঞি খ্রীচৈতন্ত-প্রেমময়। कृष्णनाम कवित्राक अरुपत व्यानश्च ॥ हेड्यामि । (छ. त. ১০শ তরক, ১০২০ পুঃ)।" এ স্থলে দেখা যায়, বাঁহারা প্রভূ বীরচন্দ্রকে বুলাবনে অভ্যর্থনা করিয়া লইবার নিমিত্ত শ্রীজীবাদির সঙ্গে অগ্রদর হট্যা আসিয়াছিলেন, তাঁহাদের মধ্যে কবিরাজ-গোলামীও ছিলেন। তিনি থাকিতেন রাধাকুণ্ডে; আর এজীব থাকিতেন বুলাবনে, সাত ক্রোশ দূরে। এত দীর্ঘপথ হাটিয়া তিনি বৃন্দাবনে শাসিয়াছিলেন প্রভু বীরচন্দ্রকে শভার্থনা করিতে।


ইহার পরে বীরচক্রপ্রভূ যথন সীলাহ্নলী দর্শনে বাহির হইরাছিলেন তথন তিনি "গোবর্দ্ধন হইতে গেলেন ধীরে গীরে। প্রীকৃষ্ণনাস কবিরাজের কূটারে॥ তথা হৈতে বৃন্দাবন তুই দিনে গেলা। রুক্ষনাস কবিরাজ সকেই চনিলা॥ (ভক্তিরত্বাকর, ১৩শ তর্জ, ১০২২ পৃ:)।" তাঁহারা রাধারুও হইতে সোজামুজি বৃন্দাবন আসেন নাই। কাম্যবন, ব্যভালুপুর, নন্দগ্রাম, থদিরবন, যাবট ও গোকুলাদি দর্শন করিয়া ভাজ রুক্ষাইমীতে বৃন্দাবনে পৌছেন (ভক্তিরত্বাকর, ১৩শ তর্জ, ১০২২—২৬ পৃ:)।" কবিরাজ-গোষামীও এ সকল স্থানে গিয়াছিলেন।

নরোত্তম ও খ্যামাননের সংক্ষ শ্রীনিবাদের বৃন্দাবন ত্যাগের অব্যবহিত পূর্ববর্তী কার্তিকত্তত-পূরণের মহোৎসব উপলক্ষে কবিরাজ-গোখামী বে রাধাকুও হইতে বৃন্দাবনে আদিয়াছিলেন, প্রেমবিলাদ হইতেও তাহা জানা যার (প্রেমবিলাদ, ১২শ বিলাদ, ১৪১ পঃ)।

এ সমস্ত উক্তি হইতে অনুমান হয়, চরিতামতের মধ্যলীলা লিখনারয়ে কবিরাজ-গোস্থামীর যত বয়স হইয়াছিল, তিনি যত "বৃষ্ধ ও জয়াতুর" হইয়াছিলেন, ঐনিবাসের র্লাবন-ত্যাগের সময়ে এবং তাতার কিছুকাল পরেও তাতার তত বয়স হয় নাই, তিনি তত "বৃদ্ধ ও জয়াতুর"—তত চলচ্ছকিহীন—হন নাই। তাতাতেই অনুমান হয়, তথনও তাঁহার চরিতাম্ত লেখা শেষ হয় নাই—মধ্যলীলার লেখা আয়য়ৢও হয় নাই। য়তয়াং ঐনিবাসের সজে প্রেরিত গোস্থামিগ্রেয়র মধ্যে যে কবিরাজ-গোস্থামীর চারতাম্ত ছিল না এবং বনবিষ্কুপুরে যে তাহা অপফ্ত হয় নাই, তাহাও সহজেই বুঝা যায়।

ষ্মতএব এ দিক দিয়াও দেখা যায় যে, ১৫০০ শক যে চর্বিতামৃতের সমাপ্তি কাল এ যুক্তি টি'কে না।





গান ও হুর—শ্রীঅসিতকুমার হালদার

স্বরলিপি--- শ্রীশচী ক্রকুমার দত্ত

(গান)

আঁকল ছবি

আঞ্চকে রবি

ভোরের বেলা

সে কি শুধু ছেলেখেলা ?

রচলো এ কি

আৰুকে দেখি

আলপনাতে

শিউলি তলায় ফুলের মেলা।

শিশির ধোরা সব্জ বনে

র্দ্ধিন আলো অকারণে

কি গান দেখি গাইল আজি

হেলা, ফেলা ;--

कान मिला क्रिडे नाई वा मिला

ভোরের বেলা।

म् ग् मा मा | 1 | मा ग् | मा ख्वा छ छव | श्या छव | द्वा । क्वा था छव । श्या । मा ग । मा व्वा । व्वा । व्वा । मा ग । मा व्वा । व्वा । व्वा । मा । मा व्वा । व्वा । व्वा । मा । मा व्वा । व्वा । व्वा । मा । मा व्वा । व्वा । व्वा । मा । मा व्वा । व्वा । व्वा । मा । मा व्वा । व्वा । व्वा । मा । मा व्वा । व्वा । व्वा । मा । मा व्वा । व

ণা সা সা 1 | সা ঋৰ্ 1 मा । मा ना ণা স্থা ना ना ग 1 • **कि** আ ভ রচ • • ग् Ø CH र्मा कर्मा कर्मा कर्मा कर्मा कर्मा कर्मा । स्ना । । 11111 षा লপ না তে र्मा । र्मा ঋণি সাণ 1 ণা স্থা 97 ণা ना 1 শিউ - • লি ভ ¥ ना 1 र्मा 1 ी भा। भार्मा 1 मा । मा मा 1 ना । र्मा । শি • শি র ধো • কা • স **₹** ব र्मका । का । | মাণমাণ | ভগাখাণ I ना १ मी १ র • জিন • আ। ৽ লো • অ र्भार्भार्भा । 1 11 1 11 - 1 ণা স্প 1 91 1 मा १ भा १ গান • CH · 4 · গা भम 91 1 **F**1 পমা मा भा । भा शा भा । भा ছে কে কা ন দি লে • কেউ পদা দুপা মুপা 97 1 মা পা 21 না F · 41 ৰে • ভে1 ব্লে



পূজায় মুস্থরী

শ্রীবেলা দে

এবার ঠিক হয়েছিল পূজার সময়টা কোনও দ্রদেশে काठान इत्व। नाहेनिजान, मूख्बी, त्रिमना, উটाकामध् প্রভৃতির কথা নিয়ে বাড়ীতে অনেক জল্পনা কল্পনা হবার পর শেষে মুত্রী যাওয়াই স্থির হল, কারণ সকল hill-station অপেকা মুস্রীর জলবায়ু না কি ভাল। মুস্থরী বাওয়া যখন সাব্যস্ত হল তখন মুস্থরীতে বাড়ীর জন্য খোঁজখবর চলল। কিন্তু এক দেশ থেকে আর এক দেশে না দেখে-গুনে কেবলমাত চিঠির মারফত বাড়ী নেওয়ার অস্থবিধা বুঝে সেজদা'কে বাড়ী ঠিক করবার জন্ত মুস্থী পাঠান হল। ৩।৪ দিন পরে দেজদা'র টেলিগ্রাম এল, "বাড়ী স্থির হয়েছে, তোমরা এদো"। আমরাও স্বন্ধির নিশ্বাস ফেলে মনের আনন্দে স্টুকেস্ গোছাতে লাগলাম। ২০:শ সেপ্টেম্বরের ভেরাডুন এক্সপ্রেদে আমাদের ক্ষ্ম একথানি প্রথম শ্রেণীর কম্পার্ট-মেণ্ট রিসার্ভ করা ছিল। আমরা তাহাতে উঠে পড়লাম। দেদিন হাব্ডা ষ্টেসনে খুবই ভীড়; পশ্চিমগামী ট্লে-গুলো একেবারে ভর্তি। স্বাস্থ্যোম্বতির আশার অনেকেই পূজার ছুটিতে, ইচ্ছার বা অনিচ্ছার, বাঙ্গণা ছেড়ে চলেছেন। টেসনে অনেক পরিচিত লোকের সঙ্গে দেখা হল। রাত সাড়ে দশটার ট্রেণ ছাড়ল। আমরা ও পোষাক পরিচ্ছদ বদল করে রাতের পোষাক পরে শুয়ে পড়লাম।

ভোর বেলা ঘুম ভেঙ্গে দেখি টেণ গ্রা টেসনে
দাঁড়িরেছে। বলা বাহুল্য, আমরা প্র্যাণ্ড কর্ড দিয়ে
বাজিলাম। এখানে আমরা প্রাভরাশ শেষ করলাম।
বেলা প্রায় আট্টার সময় আমরা শোণ নদীর পুল পার
হলাম। আগে যতবারই শোণ নদীর উপর দিয়ে গেছি,
তেমন জল কোথাও দেখি নাই। কিছু এবার দেখলাম
স্থানে স্থানে প্রচুর জল জনে রয়েছে। কয়েক দিবস যাবৎ
বে অবিশ্রান্ত বৃষ্টি হয়েছিল ভারই চিহু। প্রায় ১২টার
সমর মোগলসরাই ছেড়ে ট্রেন ধীরে ধীরে গলার পুলের
উপর উঠল।

তার পর ক্রমে ক্রমে গঙ্গাতীরে বেনারদের মন্দির, ঘাট, পোপান, বাড়ীঘর সবই চোখে পড়ল। থেকে বেনারসের ঘাটের দৃশ্য কতথার দেখেছি, কিছ তবু তৃষ্টি হয় না, এ দৃখ্ এত মনোহর! ডেরাডুন্ একাপ্রেদ্ বর্ধন বেনারদ্ ক্যাণ্টনমেণ্ট্ টেদনে এদে দাড়াল তথন বেলা প্রায় সাড়ে এগারটা। প্রাটফরমেই मिक्ना. मिक्रवोनि, अ मिक्रवोनित वावा आभारतत अन् অপেকা কর্ছিলেন। আমরাও এঁদের দেখবার অসু জানালা দিয়ে মুখ বাড়িয়ে রেখেছিলাম যেন কত'যুগ পরে দেখা হচ্ছে ভাবটা! মেজদারা আগের দিন বেনারসে এসেছেন। মেলবৌদি আমাদের করু প্রচুর উপাদের থাত দ্রব্যাদি, কাশীর বিখ্যাত রাবড়ি ও মিটায়াদি এনেছিলেন। আমরাও এ সমন্ত পেয়ে খুব খুদী হয়ে তাঁকে ग्रथहे धल्याम स्नानामा । दला यहिला. अ मकल सामद्रा যথাসময়ে পরম তৃপ্তির স্হিত স্থাবহার করেছিলাম। আগের বন্দোবন্ত অনুযায়ী মেঞ্দা বেনারস্থেকে আমাদের দক্ষেই মুমুগ্নী চললেন। মেজবোদিও তাঁর বাবা তাঁদের বেনারদের বা গ্রীতে ফিরে গেলেন ৷ ট্রেন বেনারস্ ছাড়ল। পথে ইতিহাস-প্রদক্ষ ভৌনপুর অতিক্রম করে বেলা সাড়ে তিন্টার সময় আমরা অযোধ্যা এলাম। প্রীরামচন্দ্রের অযোধ্যা ভাবতেই মনটা শ্রদায় ছরে এল। রামায়ণের অযোধ্যা দেখি নাই, বর্ণনা পড়েছি ক্বভিৰাদের লেখায়। তাই বর্তনান ধুগের অবোধ্যার মধ্যে মন অতীতের অবোধ্যা খুঁজছিল। কিন্তু ষ্টেসন থেকে চার পাশে দেখে বৃঝলান যে "দে রামও নাই, দে অযোধ্যাও নাই", কেবল খ্রীরাম5ছের কভিপর অনুচর ষ্টেদনে ঘুরে বেড়াচ্ছে; ট্রেনের উপর উঠছে। ইংারাই वर्खभान यूरशंत व्यायाचा এवः त्रामाग्रत्व व्यायाचा connecting link : সন্ধার অল্প পরেই আমরা কর্মেন পৌছলাম। চলন্ত ট্রেন থেকেই "লা মাটিনিয়ার" কলেজের চুড়া দেখা গেল। মাত্র সেদিনকার কথা, তদানীভন বড়লাটবাহাত্র লর্ডি আরু উইন্লক্ষের এই নৃতন টেসন

open করেছিলেন। প্রকাপ্ত, স্থার, হাল ক্যাসানের টেসন,— বালালী স্থার রাজেন্দ্রনাথ মুথাজির মার্টিন কোম্পানির ঘারা বহু লক্ষ্ণ টাকা ব্যর নির্মিত হরেছে। লক্ষ্ণে ছিল নবাবের দেশ। ইতিহাসের পাতার পাতার এর কত কাহিনী ররেছে। কেরবার পথে লক্ষ্ণে বিভিন্নে বাওরা হবে হির করা হল। লক্ষ্ণেতে আমরা জিনার থেরে নিলাম। টেন লক্ষ্ণে ছাড়ল, আমরাও নিদ্রার ব্যবস্থা করলাম। জোর রাজে ট্রেন হরিঘারে পৌছল। এখানে ট্রেনের পিছনে একটা এঞ্জিন জুড়ে দেওরা হল; কারণ হরিঘার থেকে ডেরাডুন পর্যান্ত পথটা বেশ ধীরে ঘীরে উঠে গেছে। সে পথে একটা এঞ্জিন এত বড় টেন টেনে নিয়ে বেতে পারে না। হরিঘারের পাঙারা ট্রেনের নিকট বোরাত্বি করছিল; কিছু আমা-

নামনে অল্ডেনী হিমালয়। আমরা বতই এগিয়ের বাজি,
মনে হজিল, হিমালয়ও ততই বেন পেছিরে বাজে, বেন
আমাদের বরা দিতে চার না। প্রার সাড়ে ৬টার সমর
টেন ডেরাডুন্ পৌছল। আমরাও প্রার দেড় দিন পরে
টেন ডেরাডুন্ পৌছল। আমরাও প্রার দেড় দিন পরে
টেন থেকে নামলাম। বাবার সমর আমরা ডেরাডুনে
থামি নাই, সোজা মুম্বী চলে গেছলাম। ফেরবার
পথে আমরা ডেরাডুনে ছিলাম। ডেরাডুনের সম্বন্ধে তুচার
কথা পরে বলবার ইজা রইল। কেজলা মুম্বীতেই
ছিলেন। আমাদের জন্ত Pioneer Motor Transport
Companyয় একথানি motor bus রিজার্ড করে
রেথেছিলেন। সে জন্ত আমাদের ডেরাডুনে কোনও
অম্বিধা হয় নাই। রিজার্ড-করা busয় জন্ত ভাড়া
পড়েছিল মাত্র ১৯০০ টাকা, পুর সন্তাই বলতে হবে।



মুস্রীর সাধারণ দৃষ্ঠ

দের প্রথম শ্রেণীর কম্পার্টমেন্ট ও সাহেবি বেশভ্রা দেথে কাছে থেঁবতে ইতঃস্থতঃ করছিল। মেজদা একজনকে ডেকে হরিবারের অনেক কিছু জাতব্য বিষয় জেনে নিলেন; কারণ, ফেরবার পথে হরিবার দেথে যাওয়া হবে। হরিবার থেকে ডেরাডুন্ প্রায় দেড় ঘণ্টার পথ। হরিবার ছেড়েই ট্রেন পর পর ছটা টানেলের মধ্য দিরে গেল। জনম ভোরের আলো দেখা দিল। ট্রেন তথন বেগে ডেরাডুন অভিমৃথে ছুটেছে। মনে হচ্ছিল বে, প্রায় দেড় দিন অবিশ্রাস্তভাবে ছুটে এজিনটা ক্লান্তহের পড়েছে। তাই গ্রুবা আগতপ্রায় জেনেই এজিনের আর অভিমৃত্তার নির্বায় বোঝা নামিরে শ্রান্তর নির্বায় কেলে বাঁচবে। শাইনের ছুণালে গভীর জকল,

ভেরাভূনের waiting room এ আমরা চা পান শেষ করলাম। প্লাটফর্মে মটর কোম্পানির একজন খেতাল প্রতিনিধি উপস্থিত ছিলেন,—আমাদের সঙ্গে করে নিয়ে bus এ ভূলে দিলেন। আমাদের জিনিষপত্র bus এর চালে ভূলে দেওরা হলে bus ছেড়ে দিল।

ভেরাড়ন সহরের ভিতর দিরে bus চলল; ক্ষমর প্রশন্ত সমতল রাজা, ছধারে বড় বড় ইউকালিপ্টাস্ গাছ সকল সগর্কো মাথা উঁচু করে দাঁড়িরে আছে,—ভাবটা বেন কাহাকেও গ্রাফ্ করি না, হিমালরকেও নহে। গথের ছ'লাশে বড় বড় দোকান—বেশীর ভাসই মটর সংক্রোক্ত জ্বিনবপত্রের; কভগুলি হোটেল, আর ছবির মক্ত ক্ষমর bungalows। সহরের বাহিরে ছ'একটা চা বাগান ও ররেছে। প্রথম করেক মাইল সমতল রাভার উপর দিরে গিরে আমরা ক্রমে পাহাডের গারে উঠতে লাগলাম। ডেরাডুন থেকে মুমুরীর উচ্চ প্রাক্ত প্রার্থ পাহাডের গা বেরে যে আঁকারাকা রাভা ডেরাডুন থেকে মুমুরী পর্যান্ত গেছে, ভার দ্রম্ম হচ্ছে ২০ মাইল। আমরা বতই ভাবছিলাম যে আমরা সামনের ঐ গগনস্পানী পর্বতশ্রেণী পার হরে পিছনের পর্বতরাজিতে উঠব, ততই আমাদের মন ভরে, বিশ্বরে ও



কেম্পত্ফল

আনন্দে পরিপ্রত হচ্ছিল। আমাদের সামনে একধানা
মটর যাজিল, পিছনে আরও তিন চারধানা bus ও
মটর আনছিল। মাঝে মাঝে আমরা তলার দিকে
ডেরাডুন সহর দেখতে পাজিলাম। প্রভাত-স্থা্র কিরণে ডেরাডুনের বাড়ীগরগুলো যেন ঝলমল
করছিল। বধন আমাদের bus পাহাড়ের কোনও
বীকের মধ্য দিরে বার, ডেরাডুন আর দেখা যার না।
গরমুরুর্ভেই bus বেই বাক পাছ হরে গোলা রাভার

চলভে থাকে, ডেরাড়ন আবার চোথে পড়ে। তলার ভেরাডুন সহর বা Dun Valley-পাহাড়ের উপর মুমুরী। ভারই মধ্য দিরে আঁকা বাঁকা রাস্তা বেরে আমাদের bus মুখরী ছুটেছে। যখন পাহাড়ের খন বুক্ষরাজিতে চারদিক ঢাকা পড়ে যায়, কিছুই দেখা যায় না; বেন ডেরাডুন আর মুস্রীর সলে লুকোচুরি খেলতে খেলতে আমাদের busখানা এগিরে চলেছে,—মুমুরী পৌছতে পারলেই তার বুড়ী ছোঁওয়া শেষ হবে। মাঝে মাঝে মুস্থনীর দিক থেকেও তু'একথানা মটর নেমে আস্ছিল। চার দিকে কর্য্যের এত আলো,--হঠাৎ কোথা থেকে একটা মেঘ সামনে এসে সব আঁখার করে দিল। খানিকটা এগিয়ে ভিয়ে দেখি আবার আলোর রাজ্যে এনে পড়েছি, মেঘ কোথায় অদুখা হয়ে গেছে । কথনও বা আমাদের হ'পাশে গভীর জন্ম। হিমানয়ের এই প্রদেশের জকলে নানা জাতীয় জীবজন্তর বাস। স্কল সময় মটব এবং লোকজনের যাতায়াত থাকাতে পাহাডের এই পথে জীবজন্ধর আবিভাব বড একটা হয় না। ছ'একটা নী কালা ঝরণা কুলকুল শব্দে পাহাড়ের গা বেলে নেয়ে যাচ্ছে; কিন্তুকোথার গিয়ে পড়েছে, তা দেখবার আগেট, **আমরা দেখান থেকে বহু দূর চলে যাছিছ। রান্ত**ঃ বাম দিকে হাজার হাজার ফিট্ নীচ খাদ, আর ডান দিকে পদনস্পূর্নী হিমালয়। পাহাড়ের শেষ নাই। যতই উঠছি সামনে আবার নূতন চুড়া এনে দাঁড়াচ্ছে,—বেন মাসুধের ক্ষভার নিকট পরাজ্য খীকার করতে চায় না ৷ একটা পাহাড় অতিক্রম করে আর একটা পাহাড়েচলেছি,—মনের মধ্যে এমন স্থন্দর ভাবের উদয় হচ্চিল যে, ইংরাঞ্জ কবিং ভাষায় বলতে ইচ্ছা হয়, "to me high mountains are a feeling"। রাভার ছুপাশে নানা কাতীর বুক্ষতা,-বেশীর ভাগই পাইনু গাছ । নানা রকম লাল, নীল, বেগুনি, ফুল ফুটে রয়েছে। ছোট বড় রক্ত-বেরকের প্রজাপতি স্থা ফুলে উড়ে বেড়াছে। তলায় প্রাতঃরবির সাদা কিরণে সমতলভূমি এমন ঝলমল করছে—্যন থেকে থেকে পৃথিবীর সঙ্গে আকাশের কোলাকুলি হচ্ছে। এমন বিচিত্র वरणव नमार्तन कीताम कथनड रामि माहे। क्रशांत রেপার মত একটা শীর্ণকারা পার্বত্য নদী কোনু সুদ্র পর্বত থেকে নেমে সমত্তভূমির উপর দিরে কোন

अकाना रमरणव मिरक हरन वारक,--- मरन हरक श्विवीद ব্ৰের উপর কে একটা আলপনা দিয়েছে। পাহাড়ের গাবে Fern জনেছে। ইচ্ছা করছিল নেমে গিরে তুলে নিয়ে আসি। মাঝে মাঝে পাৰাডিদের ঘর, ছোট ছোট ক্ষেত্ত ও শাক্সব্জির বাগান; কোথাও বা পাহাড়ি ट्यानरमासना भरवन भारत भागारणन भारत हुटि हुटि থেলা করছে। নানা রক্ষের ছোট ছোট পাথীও অনেক উড়ে বেডাচে। বড পাথীর মধ্যে ছ'একটা শহাচিত্র আকাশের গারে অনেক উচ্চত পাক থাজে। ভেরাডুন থেকে রারুপুর পর্যান্ত ১৪ মাইল পথ বেশ চওড়া। up ও down traffic একদকেই যাভায়াত করে। রাজ-পুরের পর রান্তা সরু হয়ে গেছে, up 's down traffic এর ভুকু সময় আলাদা। হিমালয়ের বৃক্তের উপর দিরে স্বীস্পের মত এঁকে বেঁকে পথ উঠে গেছে। এই প্রথে মটর চালান থুব শক্ত। কারণ এত বেশী বাঁক আছে যে খুব সভৰ্ক হয়ে না চালালে যে কোন মুহুৰ্জে उन्नेत शक्तिय शाकात शाकात किन्ने खनाय हतन यात्व, व्यान মকলেট প্রাণ হারাবে। সেবার ধর্ম দার্জিনিক যাই. শিলিওডি থেকে মটরেই গেছলাম। শিলিওডি থেকে দ্যক্তিলিক পর্যায় একই পথের উপর দিয়ে পাশাপাশি ঘটৰ ঘাওয়া-আসা কৰে এবং দাৰ্ভিলক হিমালয়ান (तर्वत वाहेन: शास शास महेत्रक दारमंद्र माहेन অভিক্রম করে যেতে হয়। সে জন্ত দাৰ্ভিদিকের পথে অধিকতর সাবধানে মটর চালান দরকার। ভেরাডুন থেকে মুম্বী রেলওয়ে নাই, কেবল মটর এবং রিল্পর প্রথা; সূত্রাং মটর চালান অপেক্ষাকৃত সংজ। কিন্তু পাহাড়ের রাস্তা যতই বিপদসভূল হ'ক না কেন, চার পালের প্রাকৃতিক সৌন্দর্য্য এতই চিন্তাকর্ষক যে মনকে উংক্ষ্তিভ হবার স্থযোগ দেয় না। স্থানে স্থানে পথের উপর মিশ্রিও মজুররা কাঞ্চ করছে। ভেরাতুন থেকে মুসুরী এই ২১ মাইল পথ বছরের সকল সময় সর্বপ্রকারে ঠিক রাখবার 🖛 হথাসাধ্য চেষ্টা করা হয়, এবং মোটের উপর রাভার ভাবতা ভাবই দেশবাম। ক্রমে আমাদের বাসু রাজপুরে এসে দাঁড়াল। এখান থেকে ম্প্রীর দূরত্ব ৭ মাইল। রাজপুর একটি halting station এবং মুন্তুরী মিউনিসিপাল দীমানার মধ্যে।

এথানে মিউনিসিপাল ট্যাক্স আদারের আফিস আছে।
মুম্রী যাত্তীলের প্রভ্যেককে দেড় টাকা করে ট্যাক্স
দিতে হর। ঠং বছরের কম বয়য় ছেলেমেরেদের অর্থ্রেক।
বিস্তৃত নির্মাবলী টোল আদারের ববের সামনে
নোটিগ বোর্ডে দেওরা আছে। এই টোলের পরিমাণ
বংসরে তিন লক্ষ টাকা; এবং উহা এই বাভা মেরামতের
অন্ত ব্যর করা হর। টোল দিরে বে টিকিট পাওরা
নোল, সেওলো রেখে দিতে হয়। কিছু দ্রে সিরে "ভাভা"
নামক এক জারগায় মটর দাড় করিরে সেগুলো চেক্



কুলরির এক অংশ

করে। রাজপুর থেকে মৃন্তরীর বাড়ীঘরগুলি ছবির
মত সুলর দেখার। রাজপুরের আলে-পালে অনেক
ইরোরোপীয়ানের বাড়ী আছে। বেলা প্রায় সাড়ে
৮টার সময় আমাদের বাস মৃন্তরী সহরের তলার সানি
ভিউতে এসে থামল। এর পর আর মটর বায় না।
দূর থেকেই আমরা সেজদাকে দেখতে পেলাম। সেজদা
আমাদের এগিরে নেবার জন্ত Sunny Viewতে নেমে
এসে অপেকা করছিলেন। Sunny View থেকে খান্

মুখ্রী সহরের উচ্চ ভা প্রার ৬০০ ফিট্ এবং এই ৬০০ ফিট্
উঠতে হলৈ রিশ্ব, দাণ্ডি, পনি বা হনটন্ ছাড়া উপার
নাই। এখান থেকে খাদ মুখ্রী সহরে (কেউ ধেন
মনে করবেন না যে Sunny View মুখ্রী সহরের
বাহিরে) পৌছবার ছটা রান্ডা আছে—প্রথমটা নানা
পথ খুরে মল ও ল্যাণ্ড্র বাজার যাধার রান্ডার
junction এ Kulri Hill এর দরিকটে Picture Palacc এর
সামনে এসে সহরে পড়েছে। ছিতীর পথটা বোধ হব
অপেকারুত স্ট-কাট রোড এবং আরও কয়েকটা
রান্ডা খুরে Hampton Court School ও Y. W. C. এর
শাশ দিরে এসে Fitch and Companyর দোকানের
দামনে মলে মিশেছে। Sunny View থেকে এই

ছিলেন। কুলিরা আমাদের মালপত্র তাদের পিঠে বেঁধে নিয়ে পার্কত্য-পথ দিরে উপরে উঠে সেল। আমরা থানিক পথ হেঁটে, থানিকটা বিক্স চেপে বেলা প্রায় ১০টার সময় Kulri Hill ও Mall এর সংযৌনস্থলের নিকট আমাদের বাড়ী Sanon Lodge এ পৌছলাম; কুলিরা আমাদের মালপত্র নিয়ে আগেই পৌছে গেছল। ২০শে সেপ্টেম্বর রাত সাড়ে নটায় আমাদের শামবাজারের বাড়ী "ইক্রধাম" থেকে বেরিয়ে প্রায় দেড় দিন পথে কাটিয়ে আমরা মুম্মরীর বাড়ীতে পৌছে স্পতির নিখাস কেলে বাঁচলাম। এথালে বলা ভাল যে Sunny View থেকে আমাদের বাড়ী Sanon Lodge আসতে প্রতির ক্রিক্স-ভাড়া এক টাকা চার আনা ও প্রতি কুলির ভাড়া



ক্যামেলস্ পার্করোডের এক অংশ

৬০০ ফিট্ উঠা বেশ কটকর। এ বাবং বারা কেউ
মুম্মীর বিবর হু'কথা লিখেছেন, তাঁরা কেউ Sunny
View থেকে মুম্মী উঠার কটটা এবং রাজপুরে টোল
আদারের কথা বলেন নাই। অথচ এ-সকল সংবাদ না
দিলে সাধারণের নিকট ভ্রমণ-বৃত্তান্ত লেখার কোন
উপকারিতা থাকে না। রাজপুরে টোল দিতে কাহারও
আণিতি আকিতে পারে না, কিন্তু এত কট করে আবার
৬০০ ফিট্ উঠতে কাহারও কাহারও আপত্তি হলেও
হক্তে পারে।

Sunny Viewতে সেজদা আমাদের জন্ত ক্ষা বিশ্ব ও অনেকগুলি কুলি টিক করে রেখে- পাঁচ আনা করে পড়েছিল। বি এবার প্রার বন্ধে জনসাধার গ কে মুহুরী নিয়ে
যাবার জকু ইট ইণ্ডিয়া রেল
কোম্পানী সর্কত্রে রল-বেরকের ছবি দিরে মুন্তুরীকে
থুব ই মনোরম করে
তুলেছিল। জারগাটা থুবই
চিন্তাক্ষক ভাহাতে বিল্
মাত্র সন্দেহ নাই। তবে
Sunny View থেকে ৬০০
ফিটু পথ উঠে ধাস মুন্থুরী
সহরে পৌছান যে বেশ

শ্রমসাধ্য, সেটা একটু স্পষ্ট বলে দিলে ভাল হত; কারণ, আগে থাকতে প্রস্তুত হয়ে গেলে কটটা গায়ে লাগে না। ভনলাম Sunny View থেকে থান মুম্বরী সহর পর্যান্ত মটর চলাচলের রান্তা নীঘ্র হবে। তথন অবশ্র মুম্বরী বাওরা শ্বই আরামদারক হবে সন্দেহ নাই। উপস্থিত রিল্ল, দান্তি এবং পণি নিয়েই মুম্বরীর যান এবং বাহন গাঁঠিত।

মুস্থী নামটা কি থেকে এল জানবার অস্ত উৎস্বক হরে এখানকার ছ'চারজন হারী অধিবাসীদের জিল্লাসা করেছিলাম। তেমন সস্তোষজনক উত্তর কোথাও পাই নাই। কেউ কেউ মুসরী নামের উংপত্তির বিবর যা বলেছিলেন তা এই প্রকার—হনসুনী বা মনসু নামে

এখানে এক প্রকার ছোট ছোট ফলের গাছ আছে।
পাহাডের লোকে এই ফল খার। হিমালরের এই
অঞ্চলে মনস্থ বা মনস্থী ফলের গাছ প্রচুর করার।
এই গাছের নাম থেকে এই অঞ্চলের নাম দাড়াইরাছে
মনস্থী বা চল্ভি ভাষার মুস্থী। এখনও পাহাড়ের
লোকেরা এ জারগাটাকে মনস্থী পাহাড বলে, মুস্থী
বললে অনেকে ব্যতে পারে না। দাজিলিক নামের
উৎপত্তি ফ্রজর লিকের মন্দিরের অবস্থিতি থেকে এটা
সহকেই অস্থানের; কিছ মুস্থী নামের উৎপত্তিটা তেমন
সংস্থাবক্ষনক নর।

हिमानदात मिन डांटात द्य छानू घःन चाट्ह. তাহারই উপর সমুদ্র-পূর্চ থেকে প্রার সাত হাজার ফিট উচ্চে মুসুরী অবস্থিত। আর মুসুরীর দক্ষিণে সমূত্র-পৃষ্ঠ হইতে প্রায় আড়াই হাজার ফিট উপরে ডেরাডুন একটা বিস্তীর্ণ মালভূমি। মুস্তরী হইতে Dun Valleyর দৃশ্র বড়ই স্থানর এবং পরিকার মেঘমুক্ত রাত্রে ডেরাডুনের আলোগুলি অতি সুন্দর দেখার। নাইনিতাল, গাড়য়াল প্রভৃতি প্রদেশ কুনায়ুন পর্বত্রেণী নামে অভিহিত। আর মৃস্রী ডেরাডুন অঞ্লটাকে শিভালিক পর্বাতশ্রেণী বলা হয়। বোধ হয় অতি প্রাচীন কালে হিমালয়ের এই অঞ্চলটা শিবের অতি প্রিয় বিহার-ভুমি ছিল, তাই এখনও ইহাকে শিবালিক পর্বভরাজি वल। निवामिक नात्मत्र উৎপত্তি गांशहे इंडेक ना त्कन, হিমালরের এই দিকটা যে শিবের খুবই পরিচিত ভাষাতে সন্দেহ নাই; বেহেতু, কেদারনাথ, ত্রিযুগীনাথ, উত্তরকাশী প্রভৃতি তীর্থস্থান, মৃস্কুরীর উত্তরে চির্তুধারাবৃত যে গগন-স্পূৰ্নী পৰ্ব্যভৱান্তি বিবাজমান, তাহার মধ্যেই অবস্থিত।

ইংরাজ অধিকারের আগে হিমালয়ের এ প্রদেশটা নেপালের অভর্গত ছিল। ১৮১২ খৃঃ ইংরাজদের সংক্রেপালরাজের সংঘণ আভস্ক হয়। নেপাল বুজের সেনাপতি জেনারেল আক্টারলোনীর স্বতি-চিহ্ন অনুক্টার-লোনী মহুমেন্ট আজও কলকাতার গড়ের মাঠে লোলা পাজে। ১৮১৬ খৃইাজের মাঠে ম সে সোগোলির সন্ধি অহ্বারা সিমলা, গাড়রাল, কুম রুন, ভেরাই ও ডেরাডুন প্রদেশগুলি ইংলাজ সরকারের হত্তগত হয়। ডেরাডুনের সলে সুম্বী, লাগুর প্রভৃতি পর্বতরাজিও ইংরাজ

অধিকৃত হয়। মুম্মীয় ক্ষয় এবং ক্রমবিকাশ এই সময় এবং এই ভাবেই ক্ষায়ন্ত হয়। ক্ষনেক দিন ক্ষাণে মুম্মী এবং লাণ্ডর তুটা পাহাড় এবং সহর পরক্ষার থেকে পৃথক ছিল। ক্রমে লোকজনের বসবাস অধিক হওয়াতে এবং যাতায়াতের ম্বনোবন্ত হইলে তুটা সহর একতা করিয়া বর্তমানে মুম্মরী নামেই পরিচিত। এখানে ইয়োরোশীয় সেনাদের ক্ষত convalescent home ক্ষাছে এবং একটি সেনানিবেশও ক্ষাছে। বর্তমানে মুম্মরী ডেরাডুন ক্লিলার একটি administrative unit মাতা। উচ্চ রাক্ষক্টারীয়া



লাভুর বাজার

সকলেই ভেরাভূনে থাকেন। কেবলমাত্র সিবিল সার্জনই মুসুরীতে অবস্থান করিতেছিলেন বলিয়া অসুমান হ**ইল।**

মৃথরী সহয়টা বেড়াইবার পক্ষে খুবই প্রশন্ত; অনেক-গুলি রমণীর পথ এবং দ্রুগ্বা হানও আছে। মৃথরী সহরের পক্ষান্তে যে ফুলীর্ঘ সমতল পথটা মৃথরী সহরের এক অংশ ঘিরিয়া চলিয়াগিরাছে, উহাই Camel's Back Road না:ম প্রানিদ্ধ। Camel's Back Boadএর দিকেই ইংরাজনের প্রথম বসবাস আরম্ভ হব এবং পুরাতন গোরস্থান বা old cemetry. এই রাজার অর্ছিড।

ভেবেছিলাম Camel's Back Road বোধ হয় উট্টের পৃঠের মত নামধানে উচ্ হবে—hill-stationএ ও-রকম পথ হওয়া কিছু আশ্চর্যা নহে—কিছু বধন সমস্ত Camel's Back Road এর এক প্রাস্ত থেকে অপর প্রাস্ত শ্রান্ত খুবে অতিট্রের পৃঠের মত হওয়া ত দ্রের কথা, কোধাও রান্তা সামাল একটু উচ্ দেখলাম না—তখন প্রথমটা একটু নিরাশ হলেও, পরে থ্ব আনন্দিতই হরেছিলাম; বেহেতু, পার্কত্য প্রদেশে এ-রকম সমতল রান্তা করা অল্ল কভিছের পরিচর নহে! Camel's Back Road এর এক স্থানে বিশ্রাম করিবার জন্ত অভি স্কর একটা বিশ্রাম স্থান আছে। ইহাই Scandal Point নামে পরিচিত। এখানে বিদ্যা হিমালয়ের



হিমালেরান কাব

উত্তরে বহু দ্র পর্যান্ত দৃষ্টিগোচর হয়, এবং ধুব পরিছার দিনে তৃষারমণ্ডিত শৃকরাজিও দেখা যায়। মুন্নী হইতে সিমলা যাইবার পথও এখান হইতে দেখা যায়।

প্রাকৃতিক সৌল্ব্য এবং স্বাস্থ্যকর জলবায়্ব জন্ত প্রথম হইতেই মৃত্রী থ্ব পরিচিত হইরা উঠে। এখানকার হাওরা তেমন কন্কনে নহে এবং জলবায়্ লাজিনিক অঞ্চলের মত "জলো" নহে; পরস্ক আবহাওরা বেশ গুরু এবং বৃষ্টিপাতও অপেক্ষাকৃত অর । অনেক ইরোরোপীয়ান ও এয়াকলো ইভিয়ান এখানে স্থামীভাবে কর্বাস করিতেছেন। সে কারণ এখানে ছেলেমেয়েদের জন্ত অনেক্সী ছেল্বাং বোর্ডিক স্থল ও Convent আছে। বৃত্তীর স্বাভলির মধ্যে St. Georges

College, Woodstock Gollege, Oakgrove, Wynburn প্রভৃতির নাম উল্লেখবোগ্য। পাঞ্জাব এবং যুক্ত প্রদেশের অনেক দেশীয় বাঞ্জা মহারাঞ্জা এখানে গ্রীমাবাস নির্মাণ করিয়াছেন। কপ্রতলার মহারাজের প্রাসাদ "Chateau Kapurtalla" খুবই প্রসিদ্ধ। মুমুরীতে ছোট বড় যত হোটেল এবং রেগুঁরা আছে এত বোধ হয় আর কোনও hill-station এ নাই। ইরোরোপীয় হোটেলের মধ্যে Charleville, Savoy, Grand, Stiffles প্রভৃতি উল্লেখবোগ্য। ভারতীয় হোটেলের সংখ্যাও অনেক। Rink Theatre, Palladium, Picture Palace, Rialto, Majestic প্রভৃতি অনেকগুলি সিনেমা আছে, এবং নৃত্য-প্রত, cabaret, theatre প্রভৃতি এখানকার

দৈনন্দিন ব্যাপার। Charleville Hotelএর অদ্রে Happy Valley Tennis
Club সকল টেনিস ক্রীড়কের নিকট
পরিচিত। মুম্রীতে পোষাক-পরিচ্ছদ,
অক্সান্ত জিনিসপত্র ইন্যাদির অনেক
দোকান আছে এবং নিন্যু ব্যবহারের
সকল প্রবাই এখানে পাওয়া বায়। এখানে
Bataর তুইটা জুতার দোকানও আছে।
Mall এর উপরেই সব বড় বড় দোকান।
ইম্পিরিয়াল ব্যাক্ষ ও এলাচাবাদ ব্যাক্ষের
শাথা এবং ডাকঘর মলে। মুম্রীর
সর্বতিই জলের কল এবং ইলেকটিক

আলো আছে। এমন কি এই কুদ্র পার্কত্য সহরের নিজ্ব দৈনিক সংবাদপত্রও আছে, ইহার নাম "মুম্বরী হেরান্ত্"। ভারভবর্ধের হিল্ টেসনদের মধ্যে মুম্বরীর স্থান খব উচ্চে। অধিকাংশ hill-stationই প্রাদেশিক গভর্ণরের গ্রীমাবাস এবং ভাহাদের উন্নতি স্থাভাবিক, কিছু মুম্বরী কোনও প্রদেশের গ্রীমকালীন রাজ্ঞ্যানী না হইরাও এত উন্নীত হইয়াছে—ইহা হইতেই মুম্বরীর জনপ্রিরতা সহজেই অনুমান করা যায়। যদিও বাশ্লার আমরা মুম্বরী বলি, এটার সঠিক উচ্চারণ মাম্বরী।

এখানে Mall সর্বাপেকা প্রশন্ত রাজপথ। তু'পাশে বড় বড় দোকান, ব্যাক, হোটেল, বেন্ড'রা, সিনেমা প্রভৃতি অবস্থিত। দার্জিলিদের Mall এর মত মৃস্তরীর Mall সামাজ একটু স্থান লইরা শেষ হর নাই। প্রাকৃত পক্ষে नमल मूलबी नहतारे Mall : हेरात आवस Kulri Hill a Picture Palace व निक्छ अवः Savoy Hotel a निक्छ नाहे (अवी भर्गास वाशा मध्य भर्ग देशार्था अक মাইলেরও অধিক। লাইত্রেরীর নিকট ব্যাওট্যাও আছে। সহরে তিনটা বাঞ্চার আছে—অবশ্য বাঞ্চার বলিতে व्यामारमञ्ज त्मरभाव गांधावन बांबारवे में बर्ट नर्ट-Library वीकात, Kulri वीकात धवर Landour वीकात । जा अब বান্ধার সর্বাপেকা বড় এবং লাইত্রেরী বান্ধার সর্বাপেকা ছোট। কুলরি বাঞ্চারে বাঞ্চলা মিষ্টারের একটা লোকানত আছে। এখানকার বাজার মানে কতকগুলি দোকানের সমষ্টি মাত্র, যেমন মুদ্রিদোকান, শাক্সবজিও ফলের দোকান, এবং কাপড় জামার দোকান। এখানকার লছা আকারে ধব বড--বেন এক একটা ছোট বেগুন। খাগ্য দ্রব্যাদি খুব তথালা নহে। দাৰ্জিলিকের মত এখানে প্রশন্ত মিউনিদিপ্যাল মার্কেট নাই। এখানকার বাজারে ত্রকটা মাংসের দোকান থাকলেও মাংস এবং মংজ প্রভাষ বাড়ীতে বিক্রি ক'রে যায়। উৎক্র কট বা পোনা মাছের দের এক টাকা এবং মাংদের দের দশ আনা মতে। এক বাড়ীতে দিয়া যায়। কুলরি বাজার এবং Malla নিকট হইতে Camel's Back Road a যাওয়া যায় এবং সমস্ত পথটা ঘুরিয়া আবার লাইত্রেরীর দিকে Malla ফিরিয়া আদা যায়। কুলরি বাজারের নিকট Tilak Memorial Library এবং Free Reading Koom আছে। mall এবং কুলির পাছাছের নোডে Picture Palace এর পাশ দিয়া Landour বাবার রান্তা উঠে গেছে। এই রান্তার ধারে একটা প্রাচীন চার্চ্চ चारक। ना क्रव वाकांत्र गावांत्र शरण Caste Hills দাৰ্ভে অফ্ ইণ্ডিয়ার এক অফিস আছে। মুসুরী মিউনিসি-প্যাল অফিনও নিকটেই অবস্থিত এই দিকে হিমালয়ান ক্লাব্ ও রোড অবস্থিত। আমর। যে সময় মুম্রবীতে ছিলাম তথন মিউনিসিপ্যাল ইলেসন্ হচ্ছিল। পার্বত্য মিউনিলিপ্যালিটির গঠন অক্ত প্রকার। সহরটাকে ওরার্ড বা জংলে ভাগ করে প্রতিনিধি নির্বাচন করা হর না: representation of interest at communinies **এই ভাবে নির্মাচন হর, বেমন হাউদ্ওনার্গরে একজন**

প্রতিনিধি, ভাড়াটিরাদের একজন প্রতিনিধি, এ্যাংলোইণ্ডিরান্দের একজন প্রতিনিধি। নির্বাচনের দিন
করদাতারা বে খুব উৎসাহ দেখিয়েছিল তাহাতে সন্দেহ
নাই। এই মিউনিসিপ্যালিটির বার্ষিক আর আট লক্ষ
টাকা। ইহার মধ্যে তিন লক্ষ টাকা টোল থেকেই আদার
হয়। শুনলাম এখানকার মিউনিসিপ্যাল এজিনিয়ারের
বেতন মাসিক ১৬০০ মূলা এবং মিউনিসিপ্যালিটির
সেক্টোরির বেতন মাসিক ৬০০ টাকা; বলা বাহল্য
এঁরা উভরেই খেতাক। লাণ্ড্র বাজারের নিকট
Bengali library আছে এবং আর্য্যসমাজের একটি



ম্যাল

আধ্রমও আছে। মুমুরীর ছড়ি ও লাঠি ধ্ব বিধ্যাত। লাঙ্র বাজারে সাহারপপুরের কাঠের জিনিব, মোরাদা-বাদের পিওলের জিনিব এবং কামীরি শালের ও সিম্বের পোষাক পরিজ্ঞ প্রচুর পাওয়া যার।

মুসুরীর নিকট জনেকগুলি প্রপাত আছে। তন্মধ্যে Kemptee falls ও Mossy falls বিধ্যাত। আমরা একদিন সকালে তিনধানা রিক্স নিরে কেম্পৃতি ফলস্ দেখতে গেছলাম। লাইব্রেরী বাজারের ভান দিকে চার্লিভিল্ হোটেলের পাশ দিরে বে রাভা গেছে সেই

পথে Waverly hill এর পশ্চিম পাশ দিয়ে মিউনিনিপ্যান্ গার্ডেনন্, বা চলিত কথার কোম্পানীর বাগান অতিক্রম করিয়া কেম্প্রিডি ফলন্ যাবার পথ। ঝরণা থেকে ছুমাইল দূরে আমরা রিক্স থেকে নেমে ইেটে গেছলাম। অখারোহণে ঝরণার আরও অনেক নিকটেই যাওয়া যার। কিছ্ক শেষ থানিকটা পথ-ইটা ছাড়া উপার নাই।



লেখিকা-- খ্রীমতী বেলা দে

আমাদের বাড়ী থেকে প্রতি রিশ্বর ভাড়া পড়েছিল শাঁচ টাকা। আমাধ পাছত্রবাদি সদে নিরে গেছলাম। বাড়ী কিরলাম কৈকালে। মুস্থীর নিকট সকল কলন্ধর মধ্যে কেন্স্তিফলস শ্রেষ্ঠ এবং প্রাকৃতিক সৌলকেন্দ্রীলাভূমি। আরগাটা পিকনিকের পকে উপ-বোকী সাধানি করেকটা জলপ্রোত আছে, জল প্রার ৬০০ ফিট্ ভলার পড়ছে। মুম্রীর আলে পাশে ভ্রমণের উপবোগী আরও অনেক স্থান আছে; বথা, পশ্চিম দিকে ম্যাকিনন্ পার্ক ও ক্লাউড্ এও; পূর্ক দিকে জাবারক্ষেত ও লাল ভিবা। ভনেছি "টপ্ ভিবা" নামক পাহাড় থেকে হিমালয়ের চিরত্বারাবৃত গগনভেদী শৃলরাজি দেখা যার এবং পরিভার দিনে বদরীনাথ, কেদারনাথ প্রভৃতি পাহাডও দেখা যার।

মনে হর বৃথি বহু শত বংসর পেছিয়ে গিয়েছি। সব-ওপরনানা বিখ্যাত যুক্ষের যুক্ত্মির প্রান ও মডেল
সেগুলি দেখতে গেলে আলাদা দর্শনী দিতে হয়।
ইটালিকার অপর দিকগুলি বর্তমান যুগের যুক্ত-সঞ্জার


ইনভ্যালিড্ৰ ৷" সমন্ত বাড়ীটা খুরে দেখতে একটা পুরে! मिन जाएम।

এর কাছেই সামরিক কুলের (Ecole Militare) প্রকাণ্ড সৌধ। কিছ এর ভেতরে দেখবার

কিছ নাই। প্ৰক্টিভৱে মাৰ্ম পাক (Parc du champ de Mars)। পার্কট স্থবিদ্বস্ত ও মুন্দর। পার্বটার উত্তর প্রান্তে বিশ্বগাত ইফেল টা ওয়ার (Tour Eiffel) | () | কলাটী গাল বিখা জমির ওপর দাভিরে আন্চে। ওপরে ওঠবার কোনো গি'ড়ি নেই, প্ৰকাণ্ড লিকট

(lift) with 1

বে এত উচু একটা লোহগুম্ব মাত্র চারটা স্বারগার মাটার সঙ্গে সম্পর্ক রেথেছে ও চারটা বিরাট থিলানের ওপর দাভিত্বে আছে। ইফেল টাওয়ারের সামনেই সিন নথীর অপর ভীরে প্যালে ছ ত্রোকেদেরো (Palais du Troca-



একটা এরোপ্লেন—ইনভ্যালিভ্স

dero) টা ওয়ারের বিলানের মধ্যে দিরে একটা চমংকার প্রথম তলায় বাবার ভাড়া ফ্রাঁ, ওপর-তলার দশ ফ্রা। প্রথম তলাটী ছবির মত লাগে। ইফেল টাওয়ারে আগতে মেট্রো অর্থাৎ माणित मीटित दिन मिन महीत अभदि हट्डिश

यरथष्ठ व्यानच- अनरत अवित (बहे बान्हें, शिरक्षेत्र अ কাফে আছে। ভা ছাড়া নারক দ্রব্যের (souvenir) লোকান ও ভাগ্য-গণনা, চকোলেট, জুৱা প্রভতির ष्य हो। भाग है (automat) ष्मारह ! স্ব-ওপর-তলার প্রত্থিকেটের বেভার বার্তার আফিদ। গভ মহাযুদ্ধে এই স্তুক্ত টাওয়াইটা দারা বেভার বিযয়ে

(Lightning conductor) 医肠回 মাটী থেকে হাজার ফিটেরও বেলী। এর ওপর থেকে সমস্ত সহরটী ছবির মত দেখার। সরল প্রশন্ত রাজা--

ভাষল তর্মীর পালে পালে সাদা,

বহু সাহায় ফরাসী দেশ পেষেছে। এর ওপরের বিতাৎ-নিয়ন্ত্রণ দওটীর

লালও বিভিন্ন বর্ণের বাহী ঘরগুলি বড চমৎকার দেখার। নীচের পাঠটাকে একটা সবুক ক্ষমির ওপর ফুলতোলা कार्ल हे द्वारण मान इस । जब दहात दिवादात्र दश्च थहे




"অফি"—বোহেমিয়ান নুত্যশালা—প্যায়ী

এখান খেকে সিন নদী পেরিরে সোজা উত্তর-মুখো যে-কোনো একটা রাজা ধোরে এলে আর্ক দি তারাল্য-এ (Arc de triomph) भोषान यात्र। अयान त्यान বারটী বড় রাতা বিভিন্ন দিকে বেরিরে গেছে। এই প্রত্তর-তোরণ নেপোলিয়ার বিজয়-চিহ্ন-স্করণ ১৮০৫-১৮২১ সালে নির্ম্মিত হোয়েছিল। তথু প্যারিসেই নয়, রোমে, মার্মেইলসেও নেপোলিয়া ঠিক একই ধরণের বিজয়-ভোরণ স্থাপন কোরেছিলেন। তার সব জয়বাআর গোর্র-কাহিনী এর গায়ে উৎকীর্গ করা আছে। এর ওপর থেকে প্যারীর সর্বশ্রেষ্ঠ অংশ একসঙ্গে দৃষ্টিগোচর হয়। সামনেই প্রসিদ্ধ রাতা সাঁজে এলিজ (Champs Elysees) সোজা চোলে গিয়ে প্যারীর হল্পিও প্লাস দি কোঁকর্দ্ধ (Plas de Concorde) এর পায়ে মাথা ঠেকিরেছে। এই রাতাটী বাত্তবিকই চমৎকার। রাতার

দের স্থান প্রদর্শনের অতে করা হোরেছে দেখলায়।
গত মহাযুদ্ধে নিহত বা থোঁজহীন দৈনিকদের আত্মীরঅজনেরা এদে এই অজাত দৈনিকের কবরের ওপর
তাদের প্রিয়জনের উদেশে ফুলমালা দের, এই ওলের
সাত্মা। এখানে দিবারাত একটা অগ্নিশিখা গ্যাস
সাহায্যে অজাত দৈনিকদের শতিকে শরণ করিরে দিরে
জোলছে। অজাত দৈনিকদের প্রতি স্থানার্থ এখানে
টুপী খুলতে হয়।

এখান থেকে সাঁজে এলিজ ধোরে সোজা এলেই প্লাস দি কোঁকর্দ্ধে এসে পড়া যার। এখানে মিশর জয় করে নেপোলিয়া যে প্রস্তরস্তম্ভ জয়চিহ স্বরূপ



हैरकन छ। अप्राद्यत जनरमन-- मृद्य भागत इ ट्यांटकरमद्या

মাঝে ও পাশে বরাবর চমৎকার বাগান ও বৃক্ষরাজি।
মাঝে মাঝে কোরারার শ্রেণী সে শোভাকে আরো
স্থলর কোরে তুলেছে। আর্ক দি তারাম্পএর ওপর
থেকে এক দিকে বুলোনের (Boulogne) অরণ্যশ্রেণীর
ওপর বিরে দৃষ্টি চক্রবাল রেখার গিরে ঠেকে। অক্স দিকে
"প্লাস দি কোঁকদি" পেরিরে স্থবিখ্যাত টুইলারীজ উভান
অভিক্রম কোরে পুলে (Louvre) মিউজিয়মে গিয়ে বাধা
পার । এই বিজ্ব-ভোরণের ঠিক নীচে অক্লাত সৈনিকের
ক্রবর (Tong of the unknown soldier)। প্রত্যেক
স্বেশই এই বিশ্বিষ্ট অক্লাত অধ্যাত নামহারা সৈনিক-

এনেছিলেন, সেইটা ফরাসীজাতির গৌরব শ্বরূপ দাঁড়িয়ে আছে। এই জারগাটা প্যারীর সব চেয়ে স্থলর, পরিজ্ঞর ও স্থবিস্তুত্ত স্থানে। এথানকার আলোকসজ্জা সন্ধ্যার বড় চমৎকার। প্যারীর প্রত্যেক স্তুর্ত্তাই সন্ধ্যার পর যথন আলোকসালার উজ্জ্ব হোরে ওঠে, তথন দিমের প্যারিস এক নব রূপ পরিগ্রহ করে। এই জারগাটী প্যারিসের কেন্দ্রস্থলে এবং এর কাছেই সমাটের প্রারাদ কুলে; কাজেই ফরাসী বিপ্রবের সমর এই জারগার বহ রক্তপাত ও উল্লেখযোগ্য ঘটনা ঘোটেছে। পূর্বের এখানে বিজ্ঞরত্তের জারগার পঞ্চদশ কুইএর প্রতিমৃথ্যিছিল; কিছ

বিজ্ঞাহী প্রজারা কিপ্ত হোরে তা ১৭৯২ খৃঃ আন্দে ধ্বংস কোরে দের এবং তার একবছর পরেই ঠিক ঐ জারগাতেই উন্মন্ত জনতার হাতে বোড়শ লূই এবং প্রায় তিন হাজার ধনী একে একে পূর্বপূক্ষদের পাপের প্রায়শ্চিত্ত করেন। এরই বিস্তীর্ণ বুকে নেপোলিরা তার বিশাল বাহিনীর কুচকাওরাজ পরিদর্শন কোরতেন; আবার তার পতনে এইখানেই বিজ্ঞানী বিপক্ষদের উল্লাস গগন বিদীর্ণ কোরেছিল। ১৮৪৮ খৃঃ আন্দে শেষ ফ্রান্সের স্মাট লূই ফিলিপ (Louis Philippe) এরই অঞ্চলের আড়ালে পলারন করেন। এর নীচে গাড়িয়ে ফ্রান্সের অতীত

পরিবর্জন কোরে এসেছেন। এত বড় বিরাট প্রাসাদ
আর কোথাও দেখেছি বোলে মনে পড়ে না! বের্মন
বিস্তীর্ণ এর আরতন, তেমনি বিরাট এর সংগ্রহ। কন্ত
দেশের কত জিনিয় যে এই বিরাট মহলটাতে আছে
তার ইরতা করা আমাদের পক্ষে অসম্ভব। সময়
জিনিমগুলি জানার মত জানতে ও দেখতে গেলে সারা
জীবনেও বোধ হয় কুলিয়ে উঠবে না। পুরোনো হীরে,
জহরত, মার্কেল, আস্বাবপত্র, ছবি, নৌকো, ভারুর্য বে
কত আছে তার হিসেব নেই। এত বড় বিরাট মিউজিরাম একদিনে দেখা মানে এরোপ্রেনে কোরে একটা




নেপোলিয়ার কক-ইনভ্যালিড্স

ইতিহাস মনে কোরলে এখনও যেন সহত্র নিরপরাধ আত্মার কাতর ক্রন্দন-ধ্বনি ও তার পাশে উন্নত জনতার কিপ্ত উরাস কাণে ভেসে আবসে।

এর চারি দিকেই নানা সরকারী মহল ও ভিন্ন দেশের রাজপ্রতিনিধিদের আডে। এক পালে বিসীর্ণ টুইলারীজ্ঞ উচ্চান ও তার পরই বিশ্ববিধ্যাত সূত্রে মিউজিয়াম। এই বিশ্বাত প্রাসাদটী ১২০০ গৃঃ অবল প্রথম ফিলিপ আগই কর্তৃক নির্দ্ধিত হর এবং বরাবরই রাজপ্রাসাদরূপে বাবহৃত হোরে আসছিল। কাজেই সমন্ত সম্রাটই এবং বর্ধান গভর্গমেট পর্যন্ত আব্দ্রাক্ষত নানা পরিবর্তন ও

সহর আধ্বতীয় দেখা। চোখে পড়ে বটে, কিন্তু সৰশুলোই প্রাচীনভার, সৌল্থাের, লিয়ের দিক দিরে এন্ত
মূল্যবান যে, কোনোটাকেই প্রাধান্ত দেওয়া চলে না,
মনেও থাকে না। খ্যাভনামা লিয়োনার্দ লা ভিন্সির
স্বিখ্যাত ছবি মোনালিয়া, ভার্থ্যের অপূর্ক নিদর্শন
অপ্রতিহন্দী "ভেনাস ডি মিলো" প্রভৃতি বিশ্ববিশ্রত লিয়রালি এই প্রামাদেই রক্ষিত আছে। শুধু হেঁটে
বেড়িয়ে একদিনে প্রামাদের সমন্ত কক্ষণ্ডলি বােরা বেশ
একট্ শক্ত ব্যাপার। এর এক আংশে বর্তমানে রাক্ষণসচিব বাস করেন। স্ত্রের পাশেই St. Germain L'auxerrois গির্জা। এই গির্জা। থেকেই প্রটেটাটিদিগকে হত্যা করবার সক্ষেত্র্ধান ধ্বনিত হয়। বিখ্যাত নাট্যকার মলেয়ার (Moliere) এখানে বিবাহিত হন এবং চার্ডিন, করপল প্রভৃতি শিল্পীদের এইখানে কবর আছে। এর কাছেই দিন নদীর অপর তীরে "প্যালে দি আইিদ" বা প্রধান বিচারালয়। এখান থেকে অল্ল দ্র গিরেই বিখ্যাত নোত্রে দাঁ (Notre dam) গির্জা পাওয়া যায়। এর প্রথিক স্থাপত্য স্থতঃই দৃষ্টি আকর্ষণ করে। কেবল মনে হর এরই কাছে কোনখানে বৃথি সেই কুঁলোটী (hunch

করা অপরাধ বোলে বোধ কোরছি। সেটা প্লাস দি কোঁকর্দ্ধের কাছেই 'মাদেলিন' (Madelline) গির্জা। এর প্রকাণ্ড গোল থামগুলি সহজেই দৃষ্টি আকর্ষণ করে। এটাঃ পূর্ব্বে প্রায় ঐ জানগাতেই ১৪৮৭ খৃঃ অবন্ধ একটী গির্জা প্রথম স্থাপিত হয়; কিন্তু ঘরোরা গগুগোলে সেটা বে-মেরামতিতে নই হোরে যায়। পরে ১৮৪২ খৃঃ অবন্ধ বর্ত্তমান গির্জাটো তৈরী হয়। এর কাছ থেকে অনেকগুলি বড় রাজা বেরিরেছে। এর কাছেই কুক কোংর অফিস এবং অনেক বড় বড় দোকানপত্র। স্থাহে ছ্বার কোরে এর চারধারে একটা ভুলের মেলা বসে।



ইনভ্যালিড্স এর দ্বিতীয় চবর—প্যারী

back) বোদে আছে। এই গির্জার নেপোলির । লোদেকাইনের সকে পরিণীত হ'ন। এখানকার ধন-ভাঙারে আসল ক্রশের একটা পেরেক আছে বোলে অকব এবং নেপোলির র অভিষেক অবসজ্ঞাও এই খানেই আছে। সমস্ক গির্জাটা খঁটা গথিক কামদার তৈরী।

হরত আমার বিবরণ ক্রমণ: একংঘারে ও নীরস হোরে ক্রায়াহে; বিভ তবু প্যারিদের আর একটী ফ্রায়ের নাম না কোরে আমি ফ্রায়ের তালিকা বন্ধ মাদেলিনের কাছেই উল্লেখ্যাগ্য আরেকটা প্রভিষ্ঠান এথানকার বিখ্যাত অপের।। এই বিরাট সৌধটী ১৮৭৪ খৃঃ অব্দে শেষ হয়। পৃথিবীর মধ্যে এই থিছেটারটী সর্কাপেকা বড়। দানী দানী মার্কেল ও অক্তান্ত পাধরের কাল যথেই আছে। এর মধ্যে Foyer de dause নামে একটা হল আছে। সেখানে শ্রেষ্ঠ ভাষরদের তৈরী নৃত্যাপরায়ণা নারীমূর্ত্তি আছে— ঐ প্রতিষ্ঠানের সভ্য না হোলে শুনলাম দেখানে প্রবেশাধিকার নাই। এর অক্ত অংশে একটা লাইবেরী ও মিউজিরাম আছে। এই মিউজিরামে

বিভিন্ন যুগের থিন্নেটারের পোবাক, নাট্যশালার মডেল, ছবি, বই, বিজ্ঞাপন প্রভৃতি আছে। এর কাছাকাছি বিখ্যাত "কলিন্ধ বুর্জোরা" রক্মন্দির—নগ্ন নৃত্য এবং নিপুণ নৃত্যকলা ও রুপনী যুবতী নৃত্যকুশলী নর্ভনীদের জন্ম এটা প্রসিদ্ধ।

এর কাছেই অনেকগুলি টুরিই কোম্পানী ও বড় বড় রেটোর"। আছে। সাধারণত: এর কাছেই বেখার দালালরা এলে বিরক্ত করে। এত বড় একটা জনবছল প্রকাশ রাভার দালালদের অন্তত আচরণ দেখে বিশিত হোরেছিলাম। পরে নিজের দেশে কোলকাতার বুকে এসপ্লানেডে একই জিনিব দেখে সে বিশ্বর কেটেছে। চার্চ্চ ও পার্ক দেখতে ? নিকরই না,—ভারা আনে এখানকার অবাধ উজ্জ্ঞান নৈশ জীবন দেখতে ও উপভোগ কোরতে। এই সব নৈশ আড্ডার একা বিদেশীদের, বিশেষ ভাষানভিজ্ঞদের যাওয়া অস্থৃচিত ভেবে আমি কুকের শরণাপর হ'লাম। ভারা Paris by night বোলে একটা টাুণ (trip) দের। দক্ষিণা যভদ্র মনে পড়ে একশ সতর ফ্রুণ বা কাছাকাছি।

ব্যবস্থামত রাত্রি ৯টার এনে কুকের ক্ষকিসের দরকার হাজির হোলাম। একটী চেরাবান্ধ (বড় মোটরকার) ক্ষপেকা কোরছিল। যাত্রী—করেকজন ক্ষামেরিকান ও ইংরাক্ষ এবং ক্ষামি একমাত্র কালা আদমী—মহিলা ছিলেনজন তিনেক।



রেনেসা। যুগের গৃহশব্যা —কুনি মিউজিয়ান

এই ত গেল নেপোলিরী, কশো, ভলটেরার, ইফেল, লিরোনার্দ ডি ভিনসির প্যারী—বে প্যারীর লোক গত মহাযুদ্ধেও হাসতে হাসতে প্রাণ দিয়ে নিজেদের ইজ্জত রক্ষা কোরেছে। কিছু এই-ই প্যারীর একমাত্র রূপ নয়। তার নৈশ রূপ যা উপভোগ কোরবার জল্তে দেশ-বিদেশ থেকে বাত্রী গিয়ে জোটে, তা না বোলে আমার কাহিনী অসম্পূর্ণ থেকে বাবে।


সৰাই জানে এবং প্যারীবাসীরাও তা স্বীকার করে বে, প্রধানতঃ বিদেশী দারাই প্যারীর লোকে জীবিকার্জন করে। এই বিদেশীরা জানে কেন ? শুধু কি মিউজিয়াম

প্রথমেই গাড়ী এনে থামল 146 Boulevard du Montparnasseর একটা বোহেমিয়ান নাচবরে। দরজার ওপর হাঁস ও অক্ত করেকটা জীবের ছবি আঁকা এবং কাছেই পুলিশ মোতারেন আছে। নাচ-বর্মীর নাম Jockey। ছোট হল; চুকেই বাঁ দিকে পানীরের দোকান। চুক্রামাত্র একটা তরী তর্কণী গারে নানা রংএর পালক ছুঁড়ে মারতে লাগল, আর পালকগুলি জামার, চুলে, হাতে আটকে বেতে লাগল—এইভাবে থানিকটা হানি হোল। তার পর এল পানীর ও ক্লক হোল বাজনা—সংক্রেলি নাচ। থানের জুড়ী সংক্র ছিল

মা, ভারা সেথানকার মেরেদিগকে নিরেই নাচল। প্রায় আধ বণ্টাথানেক কাটিরে উঠব এমন সময় দেখি অভুত সব কার্টুন ছবি এঁকে একজন হাজির। সকলেই প্রস্থার দিলে; কাজেইমহাজনের পস্থাই অবলম্বন কোরতে হোল, কিন্তু নিজের সেই বিদ্পুটে চেহারা আঁকার জন্তে পুরস্থারের পরিবর্তে ভার ভিরস্থার পাওরাই উচিত ছিল।

এর পর কোথায় কোথায় গেলাম তা এতদিন পরে
ঠিক পর্য্যায়ক্রমে বোলতে পারব না; তবে একে একে
সবশুলোরই উল্লেখ কোরব।

গাড়ী এনে থামল একটা অন্ধকার গলির মধ্যে।



ষ্ঠদশ শতাব্দীর একটা স্চীশিল্ল—ক্লুনি মিউজিয়াম

লোকজনের কোনো সাড়াশন্ব সেথানে নেই। যদি
আমি একলা কোনো ট্যান্ত্ৰী কোরে আসতাম তা হোলে
নিশ্চর ভাবতাম যে সেই রাত্রি ট্যান্ত্ৰী ড্রাইভারের হাতে
আমার শেষ রাত্রি হ'বে। সদলবলে নামলাম। টর্চ দেখিরে গাইড ও দোভাষী নিরে গিরে হাজির কোরলে
এক পোড়ো অট্রালিকার মারথানে। আমরা এসে
কাল্যাম এক প্রভ্র-পথের দরজার। এর নহর II Rue

সং jullen-b-pauvre। ভেতর থেকে একজন দরজা
বলভেই গানের ও হাসির আওয়াজ কাণে এল। স্ক

20 Michigan

পাথরের সিঁড়ি বেরে নেমে চল্লাম কোন্ পাতালপুরীতে।
নীচে বেথানে সিঁড়ি শেব হোরেছে, তার ছদিকে ছটী
অপ্রশন্ত ঘর। ডান দিকের ঘরটীতে থানকতক টেবিল
ও বেঞ্চ আছে। ঘরটী শ্রোভাতে পূর্ণ—শ্রোভূসংখ্যা
বোধ হয় জন কুড়ি। ঘরে ঢুকবার অব্যবহিত আগে
গাইড কোনো একটা জিনিষ দেখাবার ছল কোরে
মনোযোগ অস্ত দিকে আকর্ষণ করে। আর ঠিক সেই
অবস্থাতেই ঘরের মধ্যে পা দিলে একটা কাঠের তক্তার
পা পোড়ে যার। অমনি সেটা হঠাং কোরে একটা শন্ধ
কোরে খুরে যার। এতে যে পা দের সে না পোড়লেও

বেশ একটু টাল সামলার। ঘরগুদ্ধ সকলে এটা বেশ উপভোগ করে; কারণ, প্রার প্রত্যেকেই ঐ ভূল করে,—কান্ধেই প্রভ্যেকেই চার অপরকে নিজের মতই বোঁকা দেখতে।

বোদবামাত্র মদ এল। Jockeyতে মদ ধাই না বোলে লেমনেড পেরেছিলাম; কিছ এখানে ভাও মিল্ল না। কাজেই আমি উপবাসীই রইলাম। সামনে ছোট একটী উঁচু বেদীর ওপর কখনও পুরুষ কখনও নারী গান, ব কু তা, ঠা ট্টা-তা মা সা কোরে হাসাছিল। এই কক্ষটী পুর্বে জেলখানা ছিল। যে তজাটাতে পা পড়ে তার নীচে দিয়ে ভনলাম সিন নদী বোরে চলেছে। প্রাণদণ্ডে দণ্ডিত করেদীদিগকে সেই অতলস্পর্শ গহররে নিক্ষেপ কোরে হত্যা করা হোত। এই কক্ষটার অপর দিকে,—সিঁডি থেকে বা দিকে—করেকটা সন্ধীর্ণ কক্ষ।


এগুলিতে কয়েদীদিগকে শৃত্যলিত কোরে রাখা হোত।
তাদের হাতের শৃত্যলের ঘর্ষণে পাষাণের বুকেও ক্ষতিক
রয়েছে—কে জানে কত অভাগা এই ককে জীবনের
শেব শিখাটী নির্মাপিত কোরে চলে গেছে—কত
তথ্য অঞ্জলে এই পাষাণের শীতল বুক অভিশগ্
হোরে আছে।

ওপরে উঠে এলাম। ওপরের একটা বরে একটা ছোটখাট মিউজিয়াম আছে। আগে কি ভাবে ফাঁনী দেওয়া হোত, কি ভাবের হাতকড়া ছিল ইভাাঁত্তি

জেলখানার প্রাচীন ইতিহাস। এখানে 'গিলোটান' নামে একটা মাতুষ মারবার যন্ত্র আছে, যাতে করে ঘণ্টার ৪০।৫০টা অপরাধীর ভবলীলা সাক্ষ করা চলে। এথানকার বাভাগ যেন ভারী বোধ হচ্চিল-কভ অশাস্ত আত্মা এই অন্ধকার জীর্ণ জট্রালিকার চার পালে বে ष्मण्डे कर्ष किंदन दिखाटक कि बादन !

এখান থেকে গেলাম বছশ্রত মোমার্তের (Montmartre) নির্জন পল্লীবুকের একটা সরাইথানার। এখানেও প্রথম আপ্যায়ন হোল সুরা দিয়ে। পরে গান ও ষন্ত্রসন্ধীত স্থক হোল। এখানে গায়করা সকলেই পুরুষ। এ-দিকটা পাহাড়ী অর্থাৎ রাস্তাঘাট উচু নীচ। এই

এখানে প্রাচীন প্রাচীর নৈশজীবন অসাধারণ ভাস্কর্য-শিলে সনীব হোরে উঠেছে। একটা নাইট ক্লাবে স্থবামত নরনারী অচেতন বা অর্দ্ধচেতন অবস্থার পোডে আছে---কারু অধরে মত্ত মৃত্ হাসি,—হাতে সিগারেট পুড়ছে, ধোঁয়া উঠছে—কেউ টেবিলের ওপর কেউ চেয়ারে অৰ্দ্ৰায়িত। মূৰ্ত্তিগুলি এত স্বাভাবিক যে দেগুলি বে নিজ্জীব মূর্ত্তি তা বোলে না দিলে সভা বোলেই ভ্রম হয়। কোথাও দেখান হোয়েছে কি ভাবে আগে ডাকাতরা ওপর থেকে পাথর ফেলে পথিক হতা। কোরত, কি ভাবে বারবনিতারা প্রলুক কোরে ধনীদিগকে নিয়ে গিয়ে গুণ্ডা দিয়ে হত্যা কোরত, কি ভাবে



আর্ক দি ত্রায়াম্প-প্রারী


अक्रान विशाज Sacred heart शिका। धन शरत है গাড়ী এনে খামল একটা প্রকাণ্ড নাচ্চরের সামনে। আলোর বাড়ীটা ঝলমল কোরছে; আর একটা লাল আলোর ভরা উইওমিল ধীরে ধীরে ঘুরছে। এইটার कास्त्रहे जुड़े नांहवत्रहीत नांग Red windmill! अत चार्च शार्च वह कार्वारद (cabaret), नाहें क्रांव छ নাচ্ছর আছে। এইটাই এখানকার প্রসিদ্ধ বিলাসমন্দির। কাজেই আমরা এটাতে চুকলাম। সিঁড়ি বেরে অনেক দূর নেমে পেলে নাচের আসরে পৌছোন বার। গাইড প্রধান সি'ড়ি ছেড়ে বা দিকের একটা ছোট দরকা দিরে



১৫৭৯ খৃ: অন্তের একটি রাজপোবাক, কু,নিমিউজিরাম

ক্যাবারেতে নাচ হোত ইজাদি। এথানে একটা বড মজার ঘটনা হোরেছিল। জ্বাচবরেরই একটা লোক একটা নক্ষ গুণ্ডার পাশে একই রক্ম ভন্নী কোরে দাভিয়ে ছিল। আমরাবধন সেটা দেখছিলাম. তখন কেউ সন্দেহ পর্যান্ত করিনি যে আসল মাক্সব সেধানে কেউ আছে। কারণ নকলে আসলে প্রভেদ ধরা হঃসাধ্য। বধন বেরিক্লে আগছি সে হঠাৎ তাম্ম হাডের ছুরীটা বাগিরে ८शादत नाकिरत स्मरम्हः निर्मेश नाक्षरक निर्मेदत আমাদিগকে নিবে চোল। অভকার অপ্রশন্ত গলি। উঠেছিলাম-ছটা মহিলা ত विकास চীংকার কোরে উঠেছিলেন। ৰোমার্তের শিল্পীদের যে বিশ্বজ্ঞে খ্যাতি আছে—ব্রুকাম সে খ্যাতি অমূলক নয়।

প্রাচীন প্যারী দেখে, এলাম আধুনিক প্যারীর নৈশভীবনের মাঝে। প্রকাশু নাচের জারগা—ভার ভিন ধারে
বোসবার আসন—ভারও ওপরের চছরে এক দিকে
মদের দোকান, অন্ত দিকে নানা রকম জ্যো চোলছে।
এথানেও মদ এলো—নাচ চল্লো। বল নাচের মাঝে
মাঝে ক্যাবারের মেদ্রেরা নাচছিল। তাদের কটি থেকে
জাহসকি পর্যান্ত মাত্র একটী গাত্রবর্ণের সমধর্মী আটসাঁট
পরিধের—অতি কীণ বক্ষান্তরণ কোনোরকমে বক্ষত
ঘূটীকে চেকে রেখেছে। প্রকৃতপক্ষে এদিগকে নগ্রই



আলোকসজ্জায় নোত্রে দা গির্জা

বলা বেতে পারে। সকলেই যুবতী। এদের অপূর্ব নৃত্যকোশন ও কসরৎ সতাই দেখবার জিনিব। দেখতে দেখতে মনে ক্র চিরবসন্ত অনন্তযোবনসম্পন্ন বর্গ বুঝি এইথানেই ক্রমরাবতীর নৃত্যস্তা বৃথি ধর্মার ব্কেই আজ নেমে এসেছে। সৌন্দর্য্য, রূপরস্ক, সজ্জা বিলাস-উপকরণ মাছ্য যতনুর করনা কোরতে পারে তার অপূর্ব সমন্বর হোরেছে এখানে। মানে সদীরা সব নাচতে গেলেন। আমি একলা না বোলে থেকে একবার চারদিকটা যুরে দেখতে কার হোলার ক্রমের লাহে। খাটের ওপরে

এমন একটা জারগা আছে, বেখানে বল ছুঁড়ে সঠিক আঘাত কোরতে পারলেই খাটটা আপনা আপনি উপ্টে বাবে। আর সজে সজে নর নারী মাটাতে পড়ে বাবে। এর জন্তে অনেকে অজ্ঞ অর্থব্যর কোরছে— কেউ বা সফলকামও হোছে।—"দিগারেত গিল"— চমকে দেখি একটা যুবতী পাশে এসে দাড়িয়ে।

বিশ্বিত হোলাম। বোলাম "ধাই না।"
সে চটুল হেলে বোলে "নামি ধাই।"
মেন্দ্রেটার প্রকৃতি ব্রুলাম—ঈষৎ বিশ্বজ্ঞিতরেই
বোলাম "আমার কাছে নেই।"

দে অস্লানবদনে চাউনি ও হাদির ফাদ আরো একটু

বাড়িরে বোলে "কিনে দাওনা আমার কলে।"

বড় বিপদে পোড় লাম। দেখলাম ভাকামীই প্রকৃষ্ট উপায়। বোকা সেজে ঘাড় নেড়ে জানালাম "ভোমার কথা ঠিক বুখতে পারছি না।"

সে তেমনি ভাকা ইংরেকীতে বোলে "কামি অল ইংরেকী বোলতে পারি, ভাল পারি না।"

আমিও হাত এড়াবার আছিলা পেরে সরছিলাম—সহসা সে আবার বোলে "এনি ত্রিক (Any drink)।"

বোলাম "না—তাও আমি ধাই না— আমি তোমার কথা বুক্ছি না_।"

সে আমার গতিক দেখে আমাকে একটু শক্ত কোরে বাঁধবার জল্ঞে আমার কাঁধে হাত দিয়ে বোলে "চল, আমি খাব, তুমি বোদবে—চল ঐ দোকানে।" পাশের দোকানটা দেখালে।


আবার কথা না বোঝার ভান কোরলাম। সহসা লে দোকানের একটা মেরেকে ইসারা কোরে ভাকল। সেও এসে হাত্তমুখে আদেশের আসার দাঁড়াল। পেশাদার প্রেমিকা তথন বোলে "আমি এর সদে গিরে থাজি, তুমি দাম দিও।" এবারেও বোকা সাজ্যাম। দোকানের মেরেটা বোলে "ফিক্তি ক্রা ওন্লি।" বেগতিক দেখে বিনাবা ক্যব্যারে আমি সটান্ এসে
নিজের জারগার বোসনাম। আড়চোথে দেখনাম হুটী
মেরেই ঈবং হাসল—ভাবটা বোধ হর এই বে নেহাং
কাচা বাত্রী। নৃত্যের সংশ আলোকসম্পাত্তের ও বন্ধস্কীতের অপ্র্কাসমন্ত্র উপভোগ্য। এ থেকেও নগ্নন্ত্য
ও কুশনী শিল্পী আছে "ফলিজ বুর্জুরায়"; ভবে সেধানে
সাধারবের বন নাচের আসর নাই।

রেড উইগুমিলে প্রার ঘটাধানেক কাটিরে আমরা কিছু লম্বা দৌড় দিয়ে এলাম সাঁকে এলিসে বিশ্ববিলাসী-বন্দিত "লিডো" (Lido) তে।

ওপরে একটা প্রকাণ্ড হল—স্বলালোকিত এবং
ফুলগাছ দিয়ে বাগানের মত কোরে সাজান, নীরব
ভনহীন। এর মধ্যে কিছু দূর গিরেভান দিক দিয়ে

ও কাগকের ব্যাট দিরে গেল—এগুলো নিরে হোলী-ধেলা আরম্ভ হোল। বার বাকে পছন্দা সে তাকে লক্ষ্য কোরে অনর্গল বলগুলো ছুঁড়তে লাগল তার দৃষ্টি আকর্ষণ করবার কক্ষে। তার পর আরম্ভ হোল ভাবে ভলীতে ইদারার আলাপ। তার পর নাচের অস্থ্রোধ, প্রেমের গুলন। তার পর প্রানিনা।

অধানেও মাঝে মাঝে নাচের আদরে বলনাচের অবসরে প্রথম ও নারীতে মিলে কসরৎ প্রাভৃতি দেখার ও নানা ভণীতে নাচে। ইর্মোরোপীর নারীদের নাচের পোষাক আমাদের দৃষ্টতে অত্যন্ত অশোভন ও অলীক ঠেকে। কাঁদ থেকে কাঁদ পর্যন্ত এবং গুনবুত্তের কিছু ওপর পর্যন্ত সমস্ত বৃক্টা খোলা—কাক সমস্ত পিঠটা, কাক বা পিঠের মাঝধানটা কোমর পর্যন্ত খোলা।



ইনভ্যালিড্স ও মৃসি ডি লারমি-প্যারী

কটা সিঁড়ি দিয়ে একতলার নীচে এলে পৌছলাম তথাত হলে। প্রকাণ্ড হল—এক দিকে নাচের আসর; ার পর দর্শকদের বোসবার জারগা; তার পর জলের কোও চৌবাচা। চৌবাচাটার গারেই একটা প্রকাণ্ড টোবাচার সমস্ত প্রস্থ জুড়ে দীড়িরে। এতে চীবাচার জল প্রতিফলিত হোরে অনন্ত সমুদ্রের মতাগে। তুই ধারের এক দিকে মার্কেলমোড়া মদের দাকান, অন্ত দিকে টার্কিশ-বাধ, মেসাজকম প্রভৃতি। বাস্বামাত্র কে কি পানীর ধাবে জিজাসা কোরে গেল। ধানে লেমনেড পাওরা গেল; তবে শুনলাম বে বাই দিনীয় ধাক দাম একই দিতে হয়। বসার কিছু পরেই লপ্থলিনের মত একরকম সাদা ভোট ছোট হাছা বল

হাতের ঝুল কাঁথে থেকেই শেষ—বগলের নীচে অনেকথানি শরীর দেখা বার। আজকাল দিনেমা ও ইংরাজী
মাসিকের দোলতে এ বেশ অনেকেই দেখেছেন; কাজেই
বেশী বর্ণনা না করাই ভাল। সীল অস্নীলের মাপকাঠি
অবশু ভিন্ন দেশে বিভিন্ন। ওরা সৌন্দর্যাকে স্নীলভার
আগে স্থান দিয়েছে। কাজেই সৌন্দর্যার খাতিরে
সীলভাকে স্থা কোরতে ওরা নারাম্ব নর। কিন্তু আমরা
ভা পারি না বোলেই নাসিকা কুঞ্চিত করি।

ললের ওপরে একটা মার্কেল সেতৃ আছে। সেধান থেকে ছোট্ট এক নাটিকা অভিনীত হোলো। সেতৃর ওপর প্রেমিকা দাঁড়িরে পান গাইলে। দূরে নদীতীর থেকে প্রেমিক পানে তার উত্তব দিলে। তার পর তরী বেরে গিরে তাকে অবরোধ থেকে মুক্ত কোরে নিরে এল।
আলোঁছারার থেলার দৃষ্ঠটী বড় উপভোগ্য হোরেছিল।
এই চৌবাচ্চার অনেকে স্নান ও জলকেলি করে।
এখানেও বাদের সলীছিল তাঁরা এবং বাদের ছিল না তাঁরা
পূর্ব্ববিভি বলের সাহায্যে সলী জ্টিরে নিরে করেকবারই
নাচলেন। সহসা আমাদের দলের একজন মহিলা নাচতে
নাচতে অজ্ঞান হোরে পোড়ে গেলেন। করেক
মিনিটের জন্ম নাচ থামল। তার পর তাঁকে সরিয়ে রেথে
আবার নাচ স্ক্র হোল। প্রত্যেক জারগাতেই স্বরাদেবীর অর্চনা করার তাঁর ঐ দশা হোরেছিল। এই



নেপোলিয় বি ঘোড়ার জ্বিন হুৰ্ঘটনার জন্তে আমরা সকলেই রাত্তি প্রার দেড়টার বাড়ী ফিরলাম। অনেকেরই আসতে আপত্তি ছিল কিন্ত ভোটে হারার বাধ্য হোরে আসতে হোল।

এর পর গাড়ী থামে ল্যাটিন কোরাটারে কর্থাৎ
কামাদের পাড়ার। নৈশ অভিযানের এইথানেই শেষ।
কুক কোংর সাহায্যে না গিরে নিজে গেলে ধরচ
অনেক কম হর সত্য, কিন্তু যে সব জারগার গিরেছিলাম,
ভার ত্একটী শ্রাড়া অন্ত জারগাগুলিতে একলা যাওরা
ক্রাহসের কাজ। এসবগুলি ছাড়া গ্যারীর নৈশ দ্রাইব্য

আরে। অনেক আছে—এগুলি এক এক রকমের নগুলা মাত্র। সেবব দুইবার সন্ধান ধারা নিতে চান তাঁরা অপেরার সামনে মিনিট করেক দাঁড়ালে বা চোলে গোলেই অ্যাচিতভাবে পাবেন। তবে এই সব সন্ধানদাতাগুলি বিষক্ত পর্যোম্থম। এদের কাছ থেকে যত দ্বে থাকা যার ততই মলল। আমার পূর্ববর্ত্তী লেথকদের অনেকেই এদের প্রকৃতির পরিচয় পাঠকদিগকে দিয়েছেন; তাই আমি সেগুলোর প্নকৃত্তি কোরে পাতা বাড়ালাম না।

প্যারীর দ্রষ্টব্য সহদেই এতকণ বোলে এলাম— সেধানকার লোকজন ও মাটার সঙ্গে প্রিক্সের কথা বোলতে অবসর পাই নাই।

প্যারিসিয়ানরা অত্যন্ত বাচাল ও অক্তর্জীপ্রিয়।
যদি বোলবে "জানি না"—জিবের সঙ্গে সায়া দ্রেছ ঝাঁকি
থেয়ে উঠবে। দিনের বেলা এরা সকলেই খুব ব্যন্ত ও
কাজের লোক; কিন্তু সন্ধ্যার পর রান্তার ছ্ধারের প্রকাণ্ড
রেভোঁরা ও কাফেগুলোয় ভিলধারণের জায়গা থাকে
না। রেভোঁরায় টেবিলের ওপর কেউ দাবার ছক.
কেউ তাস, কেউ বায়বী নিয়ে বোসেছে এক য়য়
মদ বাকাফি নিয়ে—উঠবে সেই রাজি দলটা এগারোটায়।
এথানকার অধিকাংশেরই হোটেল-জীবন—থাকে
হোটেলে, থায় রেভোঁরায়। রাজি >টার পরই থাবারের
দোকান বন্ধ হোরে যায়, কিন্তু কাফে ও বায়গুলো প্রায়
সারারাজিই থোলা থাকে। এদের মেয়েপুরুষের কাছে
রপটাই হোল সব চেয়ে বড়—তার উৎকর্ষসাধনে
সকলেই ব্যন্ত।

ভাষাক ও পোটেজ একই দোকানে বিক্রী হয়। কারণ হুটোই সরকারের একচেটে ব্যবসা। রাজে ক্যাবারে ও নাচ্ছর ছাড়াও বড় বড় রাভাঞলি হুধারের দোকানের চমৎকার আলোকস্ক্রায় ঝল্মল করে।

বাস ও ট্রামে চড়। বিদেশীর পক্ষে বিশেষ অস্ত্রবিগর নম— প্রত্যেক ইপে (stop) যে বে বাস সেথানে আসে তার নম্বর ও রান্ডার নম্বা ও নাম থাকে। এর থেকেও স্ববিধা মেট্রোর বা মাটীর নীচের রেলে চড়া। ওপর থেকে সিন্ডি বেরে নীচের তলার নামনেই সহরের সম্ভ অংশের ম্যাণ ও কোন

क्लारमा महरत्रद्रहे जुनमा पिरव रतायान यात्र मा। आमि বে সব স্তব্যের কথা উল্লেখ কোরেছি প্যারীতে তাই সব নয়। এ সব ছাড়া আবো কত বাহুবর, চার্চ্চ, উতান, চিড়িয়াথানা আছে তার হিসেব দেওয়া মৃস্কিল।

বেতার, বিহাৎ, শিল্প, ভাস্কর্য্য, যুদ্ধ প্রত্যেক জিনিবের

পৃথক পৃথক বাহুদরে প্যারী ভর্তি।

ভাল মন্দর মিশিয়ে প্যারী সত্যই এক অপূর্ব্ব সহর। व्यादमा मत्न रत्र भगतीत्क तम्या व्यागात्र मण्यूर्ग रत्र नारे, সাধ মেটে নাই--- আবার গিরে দেখে আসি। প্যারীর নুত্য, স্থীত, গুঞ্জন আজো আমার কাণে বাজে-মনে হর সে বৃঝি একটা স্থম্বপ্ন।

লাইন কোন দিকে গেছে তার নির্দেশ আছে এবং টুকিট-বরও দেইখানে। প্রথম ও বিতীর ফুটী শ্রেণী আছে এই ট্রেণে। ট্রেণ প্ল্যাটকর্মে চুকলে গেট আগনাব্দাপনি বন্ধ হোষে যায় এবং ট্রেণ ছাড়লে গেট খলে গিয়ে ট্রেণের দরজা বন্ধ হোরে ছিটকিনি লেগে যায়। ত্রক এক জায়গায় ওপরে নীচে তিনচারটা ট্রেণ চোলেছে। ্ট্ৰগুলি ইলেকট্ৰিকে চলে, কাজেই বেশ জ্বন্তগামী।

সহরটী মোটামূটী বেশ পরিভার—স্কালবেলা আভ্ৰদার মোটর লরী এলে একদকে ঝাঁট দিরে রাস্তা इत्य नित्त यात्र। भगतीत लाकानभाव, भतिष्कत्रका, ন্ত্রী সৌন্দর্য্য, আলোকসজ্জা প্রভৃতির সঙ্গে আমাদের


যায়

আচার্য্য শ্রীবিজয়চন্দ্র মজুমদার বি-এল

হা ওমায় উড়ে গেছে দূরে প্রাচীন ফুলের গন্ধ রে ! नुष चथ्र-मधीब थांबा वानिब हज़ांब अखरब । গ্রেছে উপে' রূপের আভাদ অপার পারের আকাশে---ভিত্তি-ভালা কীর্ত্তি লুটার শুক্না ডাঙ্গার আবাসে। নোটা-খনা ভাবের ভাষার ফুটে ওঠে অভবৃদা; শুরে শুরে মহাশুলে জাল বোনে না মাকড্সা।

वृक्-ख्रांता (महे-शंत्रांता (महे-भूतांता किंत्रत ना ; ভাটায় ভাদা দেই যে আশা বাদার কৃষে ভিড়বে না। পাহাড়-বেরা বনের বেড়ার শীতের হাওরার জ্বন্সনে; ব্যথার কথা রচার মত নৃতন গাথার ছল নে'। শিহর-লাগা পাথীর কুহর জড়িরে পাভার মর্মরে---ফুটুবে গানের তানে তানে শুরুপারের অহরে।

প্রাণে-পোষা ভালবাদা চার কি সীমা লভিয়তে 🖠 দৃটিয়ে পাথা পড়্ছে আকাশ সিদ্ধপারের দশীতে। অর্দ্ধ-পথে প্রান্ত ঘুমার মোহের চুমার মঞ্জে কি ! (छ्डन दिमन क्रांद द्यामन श्रक्त-विशीन इत्य कि । (यटा विमात्र जे वृक्षि बात्र-विश्व व्यामात्र विश्वता : ভুক্রে কাঁদে শীতের বাতাদ-- সিদ্ধু কাঁদে গর্জিয়া।



একশো টাকা

শ্ৰীবিমল দেন

টাকা বধন আর কোথাও কোনো রক্ষে কারু কাছ থেকে যোগাড় হয় না, বন্ধু রাধেশচন্দ্র একটী চমৎকার আইডিয়া বাংলে দিলেন।

নাং, রাধেশের ত্রেন্ আছে ব'ল্ভে হবে। কিছ মুস্কিল্ হছে আমার নিজেকে নিরে। অখিনী দন্তের ইঙ্কলে প'ড়ে বিছে হ'ক কি না হ'ক, একটা জিনিয় প্রচুর মাত্রার হ'রেছিল,—সেটা হছে মরালিটি-কম্প্রেক্দ। কোনো কিছু করবার আগে হাতকে দাবিরে মন চুলচেরা বিচার ক'র্ভে বদে, আছো, এটা কি নীতিসক্ত হবে? না, এটা অস্তার? আকাশের অবস্থা দেখতে দেখতে জোরার ব'রে যাওয়ার মতন দশা আর কি! বধন একটা কিছু ঠেক্ করি, তথন দেখি কাজ করার কাল চ'লে গেছে!

এতে ফিতেছি কি হেরেছি, তার মেটাফিজিকাল্ ব্যাথা আর নাই-বা দিলাম্। মোদা কথা হচ্ছে, পরকালের পথ এতে ক'রে ষতই থোলসা হ'ক্, ইহকাল হ'রে উঠেছে অচল।

বধুই আমার সম্বে দিলেন, দেখে। হে, ছ্নিয়ায় ভর্তি-পেট বারা, তাদের জন্ত একরকম শান্তর। আর বাদের থালি পেট তাদের জন্ম দোদ্রা শান্তর।

আমি আপত্তির করে বল্লুম, কিন্তু এই মিথ্যের গুপর চলা

বা:, বন্ধু হো-হো ক'রে হেসে উঠ্লেন, কথাটা মিথ্যে হ'ল, সেইটে বড় ছ:খ ? না, জীবনটা মিথ্যে হ'ল, সেইটে ?

আমি কবাব দিতে গেলুন্, কিছ বকুই ব'লে উঠ্লেন, কানি ভোমরা মরালিউরা ব'ল্বে, Man is word, অথবা পাদ্রী-মাফিক বাইবেল আওড়াবে, আদিতে বাক্য ছিলেন, কিছ বৃঞ্লে হে, আমার শান্তর ভিন্ন। আমি বলি, আমার বেঁচে থাকাটাই সব চেম্নে বড় কথা।

রাধেশের মন্তল্ব মগলে ঢুকিয়ে বাড়ী ফিরে এলুন্।

অমিতা এতো তাড়াতাড়ি আমার কিবৃতে দেখে বেশ একট উৎকুল হ'রে উঠ্লো। তার মনে মনে একটা হিসেব ছিল। যেদিন টাকা পেতৃম্না, সেদিন বাড়ী কিবৃতে আমার অসম্ভব রকম দেরি হ'ত। পেট বত না কুধার অস্তা, মন জল্তো তার চের বেশী; বিশেষ ক'রে বধন দেও্ত্ম্, বারা অনারাসে টাকা ধার দিছে পারে, তারাও বিনিষে বিনিরে বলে, দেও্তেই তো পাছে, ছেলেটার টাইফরেডে কত টাকা বেরিষে গেলো…। তাদের কথা শেষ ক'ব্তে না দিরে আমি বরাবরই বল্তৃম্, তার জতে আর কি হ'রেছে, টাকা আমার অতা এক জারগার পাওরার কথা আছে। তার পর রাতার বেরিয়ে অনিদিইভাবে ঘুব্তে থাক্তৃম্।

মনের এই তথ্য তার জানা ছিল কি না, তাই অমিতা প্রশ্ন কর্লো, টাকা পেলে বৃঝি ?

\$r1.....

মিথ্যে ব'ল্লুম্। আজি আর মরালিটিতে বাধ্নে। না। জীবনে অনেক নীতিই তোপর্থ করা হ'দেছে। দেখি না একবার রাধেশের নীতিটা কাজে লাগিরে।

চেরে দেখি অমিতার চোখে-মুখে এক অনবগ অতুলনীয় হাসি।

হাসি ৷

বুঝি না, তাকে হাসি ব'ল্ব ? না, ব'ল্ব, আনৰ ম্ঠিমস্ত হ'লে গাঁড়িলেছে এসে ?

রোজ তাকে এসে যথন নিরাশার কথা জানাই, তার মূথ কালো হ'লে ওঠে। কুধার বেদনার চাইতেও সে কালিমার ব্যক্ত হয় লজা এবং অপমান। তার সে মূথে হাসি ফোটাবার কী তুরস্ত চেটাই না ক'রেছি,—নীতিবাক্য আউড়ে, গীতা পাঠ ক'রে শুনিরে, মহাপুরুষদের জলস্ত দৃষ্টান্তের দোহাই দিরে। হাসি ফুট্ভো না বে তা নয়, কিন্তু মনে হত, সে হাসির চেরে চের ভালো কারা।

কিন্ত আজকের এই হাসি—এ সম্পূর্ণ ভিন্ন সোত্রের।

চাদ যথন বোলো-কলায় পূর্ণ থাকে, তথন যেন দে এই হাসি হাসে; নদী যথন কানায় কানায় ভর্তি হ'রে ওঠে, তথন যেন তার মুখে এই হাসির তরক থেলে বার। মলাকি!

এতো কাল এতো সাধুতা, এতো সাধনা করেও যা পাইনি, আজ বদি সামান্ত একটি মুধের কথার তা পাই

অমিতা মিনিটখানেক হবে বোধ হয় একেবারে চূপ্ ক'রে দাঁড়িয়ে রইলো। তার পর ধীরে ধীরে ব'ল্লো, কত টাকা ?

ভাতে কার কি ক্তি? তা হ'ক না সে মিথো কথা!

একশো টাকা।

আমার দিকে একবার কুটিন দৃষ্টিতে তাকিরে অমিত। গোজা ঘরে গিলে চুক্লো। একবার পিছু ফিরে চাইলও না।

ব্যাপার কি ? অমিতা কি তবে আমার ফাঁকি ধ'ছে ফেল্লো ? কিছু তাকলেও তো টাকা দেখতে চাইতে। ? তা যথন চায়নি, তখন·····

আমি যেন মণ্ট দেবত পেনুন্, অমিভার এই চটুল গতির মধ্য দিয়ে ফুটে উঠেছে একটা অপরিনীম ছুণা। একশো টাকা দেবে ভোষার ধার १ · · · এই কথাটাই বেন দে ব'ল্ভে চার আমাকে। পলকে মনটা ভারি হ'রে এলো। ধুব শক্ত কথা ভনিরে দেব ব'লে আমিও থানিক পরে ঘরে গিয়ে চুক্লুন্। কিছ যা দেশ্লুম চুকে, ভাতে বুঝ্ভে পার্লুন্, মাছবের মনন্তব বোঝার গক্তি আমার আজো হয়নি।

অমিতা বিছানার ওপর বুঁকে ব'লে ফর্দ ক'র্ছে।
তার হাতের পেলিল চ'ল্ছে ধীরে, অতি ধীরে; মেন
এক-একটা জিনিধের নাম লিখ্তে গিরে তার মন হ'রে
আদ্ভে অভাবের স্বতিব্যথার ভারী।

ফৰ্জতে মোট উঠ্লো একশো তিরিশ টাকা। অমিতা ভা ছি^{*}ড়ে ফেল্ডে উত্তত হ'ল।

আমি তাকে চ'ম্কে দিয়ে পেছন থেকে ব'কে উঠ লুন্, ছিঁড়ো না অমিতা।

অমিতার মুধ পলকে রাঙা হ'লে এলে। এক অপুর্বা আনলমাধানো লজ্জার, বাঙ, ভারি বদ্ অভ্যেদ্ ভোষার, কৃতিরে দেখো!

তার পর ফর্দটা সে তাল পাকিরে হাতের মূঠোর নিং বিছানার তরে প'ড়ে ব'ল্লো, কিছুতেই দিল্ছে না !

আমি বুলিকতা ক'রে ব'ললুম, Cut your coal according to your cloth: কিছ কৰ্লো না কৰ আছো, এ প্ৰবাদটা কি সভিত ? কাপড় কৰ হ'লে कि অধু দৰ্ভিনর কস্রতেই একটা কোট তৈরি হ'ছে বাৰ 🍹 হাসি এলো। এই ভো ছনিবার হাল! মাছবকে নানা বাগাড়ৰৱে শেখানো হয়, চাই চাই ক'য় না या चारक, ठांडे मिरत कारना तकरम ठांनित मांध, कारन मरस्राय ऋत्यत्र भूत । ना-विकारत्रवरमञ्ज क्रान्तिकृत्यमन শিৰ্থেছিল, কেমন ক'ৱে আলো না জেলে রাভের পর রাত কাটিরে দেওরা যার, কেমন ক'রে একটা আমার একটা শীত কাটান যায়। আর, ফ্যাণ্টাইন কেন? অমিতাও কি তা জানে না ? আপনারা কেউ পঞ্চাল होका महित्तव भरतव है।का वाड़ी डाड़ा वदः मन होका ঋণুলোধ দিয়ে মাত্র প্রিশটি টাকায় আটজনের পরিবার চালিছে যেতে পারেন মাসের পর মাস ? পারেন না। কিছু অমিতা তা-ই পেরেছে।

কাৰেই অমিতাও একটু না হেসে পার্কো ৰা এ বুসিকভার।

আমি তুল্ শোধরাবার মতো করে বল্লুন্, হিলেব মিল্ছে না ব'লে তুমি চাহিদাকে কমাতে বেও না অমিতা। তবে শু—অমিতা কৌতৃহসভবে প্রশ্ন ক'বুলো।

चामि वन्त्रम्, चलाव स्त कतात नदा स्टब्स् चात्र

বৃদ্ধি করা।

অবিতা হেদে ব'ল্লো, কিন্তু জানো, আরের সংখ অভাববোধ পাচা দিয়ে চলে ?

আমি অবাব দিল্ন, সেটা মাহুবের আভাবিক ধর্ম।
সেই মাহুবই হচ্ছে সব চেরে জীবন্ধ মাহুব, বে বলে,
আমি শুধু এইটুকু, বা শুধু ঐ-টুকু পেরে পুনি নই, আমি
চাই সব-কিছু সম্পূর্ণভাবে।

অমিতা ধপ্ ক'রে এ উচ্চতাৰ খেকে একেবারে কঠিন মাটিতে নেবে এলো।—কিছ এ একলো টাকা দিরে কোন্ বিক্ সাম্লাই, বলতো ? বাড়ীভাড়া এই মাস নিরে হ'ল একবট্ট টাড়া, লোকানে বাকী হ'টাড়া সাড়ে ভিন আনা ···· আমি আনালার গোড়ার ব'লে প'ড়ে বাইরের দিকে
চেরে বেন নিভান্ত উদাসীনের মতো ব'ল্নুম্, তা, এ
মাসটা বাহ'ক ক'রে চালিরে দাও, সাম্নের মাইনে পেলে....

বিশ্বরে শ্বমিতা এবার সোজা হ'লে ব'স্লো, তোমার কি আবার চাকুরী হ'ল নাকি ?

তেম্নি উদাসীজের সজে জবাব দিলুম্, ইয়া । কি চাকুমী ?

বার্ণ কোম্পানীতে। রাধেশ সেখানে বড়বাবু কি না।
আড়চোধে দেখে নিনুষ্ অমিতার অবস্থাটা। খড়ির
হেরার-প্রিংটা যেন অক্সাৎ নাড়া পেলো। অমিতা
কি ক'বুবে, কি ব'ল্বে বুঝ্তে পারুছে না। আমা হেন
নান্তিকের ঘরে একটা দেবতা-দানোর ছবিও নেই
বে মাধা ঠুক্বে। অগত্যা সে ছিট্কে ঘর থেকে
বেরিরে গেলো।

নটা হ'তেই থাওয়ার ডাক এলো। সত্য কথা ব'ল্ডে কি, ইনানীং থাওয়ার দিকে আমার তেমন আর নোঁক ছিল না। তার কারণ বৈরাগ্য নর,—তার কারণ হচ্ছে, ভালো থাবারের অভাব। সেই মুম্বরির ডাল আর ভাত, ভাত আর মুম্বরির ডাল। কদিন রোচে আর মুখে। বাইরের কেউ জিজ্জেদ কর্লেও অবশু এ অক্টিটার কথা জাঁক করি না, বলি, নিরামিদ আহার,—আক্লালকার সারেল পর্যন্ত এর পক্ষে। ইত্যাদি। কিছ নিজের জিভকে তো আর এ ফাঁকি দেওয়া চলে না। সে সাঁটাই হ'রে ব'সে আছে, ভালো থাবার না হ'লে তার চ'ল্বে না। তাই বাই-কি-না-ঘাই ক'র্ছিলুম, হঠাৎ ভাই নিমাইচন্দ্র হাঁপাতে হাঁপাতে এসে বল্লো, এসো দাদা, বৌদি ডাক্ছে, মাংস…

মাংস !

তড়াক্ ক'রে লাফিরে উঠ্নুম ! শুস্থরির ডাল থেকে
এক লাকে মাংল । আৰু এ কি অঘটন ঘটাল অমিতা ?
পরলা পেলো কোথার ? তেল কেনার মতো পরলাই
ভো ছিল না ! ধার ক'রেছে ? কার কাছ থেকে
ক'রুলো ? লারা:পাড়া পুরুলেও তো আমাদের কেউ
একটি আধ্লা ধার দের না ৄ ভবে ?

মাংস থাওরার ওংফুকোর চেরে এই কথাটা জানার কৌতৃহলই বেলী হ'ল। ক্রতপদবিক্ষেপে রারাঘরে গিরে জারাম ক'রে বস্লুম মাংস থেতে। তার পর অমিতাকে চটাবার জক্ত ব'ল্লুম, তবে না কি তোমার কাছে টাকা ছিল না অমিতা?

অমিতা ব'ল্লো, আহা, জানো না ? টাকা বে আমি মাংস-থাওয়ার জন্ম জমিয়ে রেখেছিলুম !

অমিতাকে আর আজ রাগানো গেলো না।
আনন্দের দিনে ওর মতে। মেরেরা হর বাঁশীর মতো,
যতই জোরে ফুঁদি, ততই জোরে বেজে ওঠে। বল্দুম,
এতো অন্থ্যহ হ'ল কার ? কে ধার দিল তোমার ?

অমিতা ব'ল্লো, ফেটির মার থেকে দশটা টাকা চেয়ে আনুনুম।

অবাক্ হ'লুম। ফেটির মা টাকার কুমীর, এ কুথা কেই বা না জানে। কিন্তু তার কাছ থেকে একটা পরসাইদানীং আমরা খলাতে পারতুম না। এবং এই জন্তেই মুড়ি-মুঙ্কী খেলে তিন দিন তিন রাত্র কাটালেও তার কাছে হাত পাততে সাহস পাইনি। সে দিল একটা নর, হুটো নর, একেবারে দশ-দশটা টাকা খার। জিজ্ঞাস্থনেত্রে অমিতার দিকে চাইলুম।

তোমার চাক্রী হ'রেছে শুনে আপনা থেকেই দিলে, অমিভা হেসে ব'ল্লো।

আমিও হাসলুম। রাধেশের বুদ্ধি ভাহ'লে ফলতে অুক ক'রেছে।

বিকেল নাগাদ ধবরটা পাড়ামর ছড়িয়ে 'পড়্লো থে আমি একটা মোটা মাইনের চাকুরী পেরেছি।

পাছার দার্কজনীন কাকা ভৃতনাথ বেড়াভে ধাবার পথে আমাকে শুনিয়ে-শুনিরেই ব'ল্লেন, না, ছোক্রার পাট আছে। ক'ব্লে তো ও এমনি একটা চাকুরী যোগাড়, একশো টাকা। কত বি-এ-এম্-এর দল তিরিশ টাকার আশার তীর্থকাকের মতো ব'লে।

বলা বাহুল্য, এই ইনিই কিছু কাল আগেও প্রকাণ্ডে আমার মরাল কারেকের তারিক ক'রে অপ্রকাণ্ডে মন্তব্য ক'রতেন, আরে, রেণে দাও ভোমার স্পিরিট, রাণান-দাস বাব্র সদে ঝগড়া ক'রে চাকুরীটি শুইরে এগন বাছাধন কেমন পত্তাচ্ছেন! একশো টাকার গন্ধ দেখি এরও মন বদলে দিল।

গ্ৰদানী সেদিন যে তুধ দিল, তা মাপেও বেমন বেশী হ'ল, খনতেও তেমনি আশ্চর্য্য রক্ষমে অন্ত দিনকে ছাড়িয়ে উঠলো।

ध आंत्र विकित कि ।

ভদর আদ্মিরাই বধন টাকার নাম গুনে ভেল্ বদ্লান, ভখন এরা কোন্ ছার! দোকানদার বদি এর পর পটিশ টাকা বাকী রাখ্তে রাজী হয়, তাহ'লেও অবাক্ হব না, বদিও এই সেদিমও সে পশিচটা পরসা বাকী রাখার প্রভাব প্রত্যাধ্যান ক'রেছিল অভ্যন্ত অভ্যন্তার সঙ্গের

বাড়ীওয়ালাকে ভাড়ার কথা তুল্তেই সে যেন বিশেষ ক্ষুত্র হ'বে ব'লে উঠ্লো, ভা যখন স্থবিধে হব দিরে দিও, মান্লা ভো ঐ কটি টাকার, ও নিরে ভোমার মাধা ঘামাতে হবে না।

নবীনের কাছে তিনটে টাকা পেতৃম। এক বছর

হ'সে বছ ভাগিদ্ দেওরার পর সে একটা টাকা শোধ

দিরেছিল। ভেবেছিলুম, ঐ রেটেই সে শোধ দেবে।

কিন্তু হঠাৎ সেদিন সে নিজে বাড়ী ব'রে টাকা ছটো

নিরে এলো, নাও দাদা, রোজ মনে করি দিরে যাব,

সমর আর পাইনে, বে ঝঞাটে আছি,…

আমি ভাকে আপ্যায়িত ক'রে বিদায় দিতেই অমিতা ব'ল্লো, অধ্মর্ণের ঋণ-শোধের এভোটা গরজ একটু অভাভাবিক ব'লে ঠেকে না কি ?

হেসে জবাব দিলুম, জ্বাভাবিক নর, জমিতা। এটা ব্যবসায়ীর পাকা বৃদ্ধি, ভবিশ্বতে টাকা ধার পাওয়ার পথ ও খোলসা করে রাধলো।

ওঃ, তাই, ব'লে অমিতা চুপ ক'রলো।

মোট কথা সেদিন সকাল থেকে গুতে থাবার মধ্যে আমার জীবন-থাত্রা এবং খরকরার মধ্যে এমন একটা সহদরতা এবং খাচ্ছন্মোর স্থর বেজে গেলো যে আমি বার-বার তার জন্ম রাধেশকে ধন্মবাদ এবং ক্ষতজ্ঞতা নিবেদন না করে পারনুম না।

পরদিন ভোরবেলা উঠেই দেখি ছদিক্ থেকে ছদকা নিমন্ত্রণ এসেছে।

রাঙ:-কাকা আর রাধালদাসবারু। হলনেরই একটু ইতিহাস আছে।

রাঙ!-কাকা আমার পাতানো কাকা ময়। খু নিকট জ্ঞাতি। আমি হচ্ছি তার father's brother' son's son অর্থাৎ বাপের ভারের ছেলের ছেলে একথানা চিঠিতে এই ব'লে তিনি আমার তাঁর এব পরিচিতের সংল introduce ক'রে দিয়েছিলেন, কিছু এতো নিকট-আর্থীয়ভার সম্পর্ক নিয়ে আমার সে ভদ্রনোকের ঘারস্থ হবার মভো সাহস হ'ল না ব'লে আমি চিঠিথানা ছিঁড়ে ফেললুম!

সেই অতি-আত্মীর রাঙ্গ-কাকার অতি নিকটে বাসা ক'রেও তার নিমরণ লাভ করার ভাগ্য আমার হ'রে ওঠেনি। মা, গুড়ি, হ'রেছিল। একদিন রাঙ্গ-কাকার বাড়ীর এক চাকর এসেছিল অমিতাকে নিতে। আমরা প্রত্যাখ্যান তো ক'রেছিই, পরস্ক মনে মনে হেসেছিও প্রচুর। এরাই একদিন আমার এক বিশ্বত ছাত্রের সঙ্গে অমিতাকে কোথাও পাঠানোটা অপোভন ব'লে মন্তব্য পাশ ক'রেছিল। মান্ত্র কি আত্মভোলা, এরাই আবার পাঠালো চাকর!

কিছ এবার এসেছেন রাড:-কাকার এক ভাইপো। কাজেই নিমরণ প্রভ্যাখ্যান করা গেল না। সেখালে পাঠাপুর ক্ষমিতাকে।

আর রাধানদাসবাবুর বাড়ীতে গেলুম শ্বয়ং আমি।

রাধালদাসবাব আমার পূর্ব-মূনিব। কথাটা আদ একটু ঘ্রিরে বলি, আমি তার পূর্ব-চাকর। কথাটা ব'ল্ডে লক্ষা হর, তব্ এ সন্তিয়। এম্নি হাম-বড়া আমাদের দেশের কর্তারা যে যেথানে তারা বিরাশ করেন সেধানে চাকুরী বজার রাধা মানে প্রতিষ্ঠানের আইন-কাত্ম মানা নর, তাঁদের ইচ্ছাকে চরম আই ব'লে মানা। এই রাধালদাসবাব্র কত চাকরকেই আমি আক্ষেপ ক'ব্তে ভ্রেছি, এর চেরে সরকার্ ফুলের মাইারী করাও ভালো, একটি সবজান্তা লোকে ধামধেরালীর ওপর ভাতে নির্ভর ক'রে ব'লে গাককে হর্মা। অথচ আমি এবং আরো অনেকেই সেধে তাঁর
চাক্রীতে চুকিনি। বাক,—অরেজিয় করা চুক্তি আর
চাকাহীন গরী, চুটোই সমান—প্রকাশ্য রাভার কোনটাই
চলে না। সে কথা তুলে আর লাভ কি। তার চেয়ে
বলা দরকার চাক্রীটা কেন গেল। রাখালদাসবাব্
আমার দাম কষ্তে গিরে বারে বারেই ব'ল্ভেন, তুমি
এ-টাকার যোগ্য নও, অমুক এম্-একে আমি পাই এর
চাইতে ঢের কম টাকার। তাঁর এই ভাবটাই বথন বেশ
বন হ'ল, তথন পাকা তালের মতো আমার পাকা
চাক্রীটাও আচম্কা খ'সে পড়লো।

সেই রাধানদান বাব্ যথন আবার ব্যরণ ক'রেছেন তথন এটা সহজ্বোধ্য যে তিনি তাঁর মত নিশ্চরই বদ্লেছেন আমার দাম সম্বন্ধে। কৌতৃহল হ'ল এবং সেই কৌতৃহলই আমার টেনে নিরে গেল তাঁর কাছে।

সন্ধ্যায় অমিতা এবং আমি ছক্সনে ছদিক থেকে এসে অমিদিত হ'লুম আমাদেরই বাড়ীতে। অমিতার পরণে চমৎকার একথানা কাশ্মীরী সিঙ্ক। চাঁপাফুলের মতো রঙ্। আমি একদৃষ্টে চেরে রইনুম।

শ্মিতা বোধ করি শামার মনের ভাব ব্যুতে পেরেই ব'ল্লো, দেখ্ছো কি P Eighth wonder, রাঙা-কাকী দিরেছেন...

বুঝ্লুম, এ একশো টাকার গুণ। তোমার থবর কি ?—অমিতা প্রশ্ন করলো।

ধীর গঞ্চীরশ্বরে জবাব দিল্ম, Ninth wonder : রাধানদাসবাবুর অধীনে আবার চাকুরী হ'ল !

অমিতা অবাক্ হ'রে ব'ল্লো, সে কি। তুমি না বার্ণ কোম্পানীতে চাকুরী নিরেছ ?

অমিতাকে সব খুলে ব'ল্লুম্। তনে ভার সেকী হাসি।

আর আমি 📍

আমি ক'র্তে লাগ্লুম্ বারবার বন্ধু রাধেশচক্তের আইডিয়ার ভারিফ্।

বেভারের উৎস-সন্ধান

ক্রীবিতেজ6জ মুখোপাধ্যার এম্-এস্সি

্ৰ প্ৰদেশাগত বাৰ্দ্তার উৎস-নির্ণর আশের্বা মনে হইলেও, প্রকৃত পক্ষে কার্বা পূব কঠিন নম। আজ বে-কোন উচ্চাঙ্গের বেতার-গ্রাহক শ্রীশনে কোন্ বার্দ্তা কোন্ দিক হইতে আসিতেছে তাহা বলিয়া বেওয়া সহজ কার্বা; তথ্ এইটুকুই নম—প্রকৃত পক্ষে উৎস কত দূরে কোধার অবস্থিত তাহাও বলা ছঃসাধ্য নহে।

বেতার প্রাহক ও প্রেরক যথে 'অন্তনা' (Antenna) বা আকাশতার (Aerial) অপরিহার্য। 'পোপোড়' মামক কর বৈজ্ঞানিক
আবিকার করেন—একটা থাড়া তারের ভিতর দিরা পাল্যনশীল বা
'অল্টার-নেটং' (Alternating) প্রবাহ চালিত করিলে অধিকতর
কি-সম্পার বিদ্যুৎতরক উৎপন্ন হর এবং শক্তি দূর পথে প্রেরণ সভব হয়।
শোপোকের এই আবিকার প্রহণ করিয়া পরবর্তী কালে 'মার্কণি' বেতারভারী প্রেরণে ও প্রহণে আকাশতারের স্তব্গই বিদ্যুৎতরক দিগত্তে প্রেরণ
রা সভব হইরাছে।


া আকাশতারের আকৃতির বিভিন্নতাস্থারী উহার ধর্ম ও কার্য বিভিন্ন ইয়া বাকে ও প্রেরণ-গ্রহণ ক্ষতার তার্ত্তন্য বটে। আকাশতারের

আকৃতি এরপ করা হয় যাহাতে যথাসম্ভব বেশী শক্তি শৃক্তে ছড়ান যায় (Radiated)। সর্বাত্ত এক প্রকার আকাশতার ব্যবহাত হর না। বিভিন্ন প্রত্যেকটীর শক্তি, ধর্ম ও গুণের স্বাতন্ত্র রহিয়াছে। আকাশ-ভারের আকৃতির বৈশিষ্ট্য প্রভাবে বিদ্যাৎতরঙ্গ বিশিষ্ট এক দিকে প্রেরণ করা সম্ভব। উদাহরণ অরপ বলা ঘাইতে পারে উণ্টা--'L'--(Inverted L) আকৃতি-'অপ্তনায়' অলাধিক পরিমাণে তরকের একমুখী গতি পাওরা গিয়াছে। বিশেষতঃ যদি উপরের শান্তিত (horizontal) ভাগটুকু বেশী লখা থাকে, তবে এই আকাশতারে শাহিতভাগ বে দিকে বহিয়াছে সেই অভিমূথে বেশী শক্তি পরিব্যাপ্ত হয়। বেতারের অনেক অনেক কাথ্যে শক্তিকে বিশিষ্ট এক দিকে প্রেরণ করার প্রয়েজন হইরা খাকে। সর্বা দিকে পরিবাধি হইরা যেটুকু শক্তি অযথা নষ্ট হইতেছে, সেইটুকু অভিপ্রেত বিশিষ্ট দিকে চালিত করিতে পারিলে, অনেক শক্তির অপচয় রক্ষা করা বার। অধিকন্ত যে দিকে প্রেরণ করা প্ররোজন সেই দিকে বেশী শক্তি নিয়োজিত করা যাইতে পারে। প্রারশ: ব্যবহৃত **আকাশতার ভির** দিখিশেৰে প্ৰেরণ কাৰ্য্যকরী করিবার জন্য নামাপ্রকার জটিল আকাশতার উদ্ভাবিত হইয়াছে।

পরত এই আকাশতারের গুণেই বেতার-বার্ত্তার উৎস-নির্পর সন্তব ছইরাছে। বেতার তরজকে ধরিবার জন্য আহক্যত্ত্রেও আকাশতার দরকার। বেতারতরঙ্গ আকাশতারে আঘাত করিরা আহক্যত্ত্রে বৈছাতিক প্রবাহ উৎপাদন করে। গঠন-বৈশিষ্ট্যের রুক্ত কোন আহক-আকাশতার আগত তরজের নিগাসুবারী একটা বিশিষ্ট্র দিকে স্থাপিত হইলে আহক্যত্ত্রে অধিকতর শক্তিশালী বৈদ্যুতিক প্রবাহ উৎপন্ন হয়। আমাদের দেশে সচরাচর সাধারণ সপের আহক্ষাত্রের সহিত উটা-'L'-'অন্তনা' ব্যবহৃত হর এবং এই নিরমাসুবারী শারিত জাগটুকু প্রেরকট্রেশন (কলিকাতা) অভিমূপে রাখিলে জাল কার্যা পাওয়া যার বলিরা প্রারশঃই এই প্রকারে রাখা হয়। দেখা গিরাছে 'ক্রেম'-আকাশতার (Frame Aerial)এর অঙ্গ (plane)কে আগত তরজের নিক্ষের সহিত সমাস্তবাল করিয়া রাখিয়া দিলে আকাশ-

খুব সহজ নয় বলিয়া সহজ উপায়ে দিকনিশিয়ার্থ জটিল আকাশতার ব্যবহৃত হয়।

'বেলিনি-টোনী' বাবছার ('Bellini Tost' arrangement) ছুইটী 'ফ্রেম'—আকাশতারের একটাকে অপরটার সভিত লখভাবে অর্থাৎ ৯০° ডিয়ীতে রাপা হয়। এই তুইটাকে ইচ্ছা করিলে একেবারে আটনাইরা চিরছারী করিয়া নির্দ্ধাণ করা যায় এবং সেই লভ যণুচ্ছা বড় করিয়াও নির্দ্ধাণ করা চলে। 'ফ্রেমে' না জড়াইরা মান্তল পুতিয়াও ইতারাই করা যাইতে পারে; কারণ ইহাকে ঘুরাইবার ক্রায়েডন হইবে না। আকাশতার ছুইটা আকারে সমান ও সর্ব্যক্রমারে সমত্ত্বস্পার এবং প্রশার অসংরিষ্ঠ। পূর্কে কবিত ইইয়াছে, 'ফ্রেম'-আকাশতারে বেক্তার-তরক্ত্রর আবাতে যে প্রবাহ উৎপল্ল হয়, ভাছা এই আকাশতারের অবস্থাস্থারী হইয়া থাকে; এবং আগত-তরক্তর দিক্ আকাশতারের অবস্থাস্থারী হইয়া থাকে; এবং আগত-তরক্তর দিক্ আকাশতারের




বিভিন্ন প্রকার 'অন্তনা' (জাকাশতার)

চার বেশী কার্য্যকরী হয়। দিখিলেবে রক্ষিত হইলে আকাশতারে চবপন অবাহের তারতম্য গটে; এই তারতম্য লক্ষ্য করিয়া বেতারের উব্যের অবস্থান নির্ণয় করা যায়।

'সেম' আকাশতার সাহাব্যে বেতার তরজের দিক্নির্গন থুব সহঞ্ সাধ্য। বে দিক হইতে তরজ আসিতেছে, আকাশতারের অঙ্গ সেই দিকের স্থিত ৯০° ছইতে যত কম কোণ উৎপন্ন করে, গৃহীত শক্তি তত বেণী হর; এবং ৯০° ডিঞ্জীতে লম্বভাবে বাধিয়া দিলে আকাশতারে কোন প্রবাহ উৎপন্ন হওরার সন্তাবনা নাই। স্থতরাং গুরাইয়া পরীক্ষা করিতে পারিলে আনা বাইবে আকাশতার কোন্ দিকে স্থাপিত হইলে কোন প্রবাহ উৎপন্ন হইতেছে মা। ওদসুবারী আগত তরকের দিকনির্গন সহিত বত কম কোণ (০-৯০° তিন্ত্রীমধ্য) উৎপন্ন করে, প্রবাহ তদমুপাতে বেলী হয়। কথিত আকাশতারদ্বন্ন পরশ্বর লগতাবে অবহিত; তৃতরাং আগত-তরন্ধের দিক্ সাধারণতঃ উভরের সহিত সমান কোণ উৎপন্ন করিবে না এবং এইন্সন্ধ উভর আকাশতারে প্রবাহিত প্রবাহত সমান হইবে না । কলতঃ বৃল তর্ম উভর আকাশতারেই আঘাত করিবে; কিন্তু লচ্চি হই অসম ভাগে বিভক্ত ইইয়া আকাশতারদ্বরে প্রবাহিত ইইবে। এই বিভাগ— হই আকাশতার আগততরন্ধের দিকের সহিত বে কোণ্যার উৎপন্ন করে তদমুখারী হইরা থাকে । কুতরাং উভর প্রবাহের অনুপাত মর্ণার করিতে পারিলে, আগত তরন্ধের হিক্ ও আকাশতার্বর, ইহাদের মধ্যবর্ত্তী কোণ্যারের নির্দেশ পাওয়া বাইতে পারে । উৎদের দিকমিণ্ডর এই কোণ্যার নির্দিশ করাই আমানের কার্যা।

আকাশভারে-উৎপন্ন-প্রবাহন্তরে অমুপাত নির্ণন্ন জন্ত আকাশতার সুইটা অপর একটা বস্ত্রে (Radio Goniometer) সংলগ্ন করা হয়। এই বস্ত্রের কার্যপ্রশালীর বিবরণ দেওরা আবশুক, কিন্তু তৎপূর্ব্বে বিস্থাৎবিকাশের একটা মৌলিক ভবের উল্লেখ গ্রহান্তর

'ক্যারাডে' আবিভার করেন, একটা বৈদ্ধাতিক চক্রের নিকট অপর একটা তারের কুওলী আনয়ন করিয়া পুর্বোক্ত চক্রে প্রবাহ চালিত বা



দিক্ নির্ণরের মূপ আকাশতার ও রেডিরো গনিরো মিজর যার

ক্ষম করিলে প্রথম চক্রের সহিত সংলিই না হইলেও শেবোক্ত চক্রে কণিক

প্রবাহ পাওরা যার। এই রীতিকেই প্রসারিত করিলে বলা বার, একটা

কুতলীতে শাক্ষনশীল প্রবাহ (বুখা) চালিত হইলে নিকটবর্ত্তী অপর

কুতলীতেও শাক্ষনশীল প্রবাহ (বুখা) উৎপন্ন হয়। গৌণপ্রবাহ

কুতলীর আকৃতি, অবারিতি কুতিপ্রবাহের প্রকৃতি প্রভৃতি করেকটা

অবহা ধারা নিয়ন্ত্রিত হয়। অস্কু সকল অবস্থা অপরিবর্ত্তিত রহিলে,
নির্দিষ্ট তুই কুওলীর একটাতে প্রবাহ চালিত করিলে, অপরটাতে উৎপর
গৌণপ্রবাহ উত্তর কুওলীর মধাবর্ত্তী কোণের উপর নির্ভর করে; এবং
ম্থাপ্রবাহের শক্তি বর্দ্ধিত করিলে গৌণকুওলীতেও বর্দ্ধিতশক্তি প্রবাহ
পাওরা যার। উত্তর কুওলীর মধাবর্ত্তী কোণ যত কম (•*.৯•*) ইইবে
উৎপন্ন গৌণপ্রবাহ তত বেশী হইবে।

ক্ষতিত 'বেডিলো-গনিবোমিতার' যন্ত্রটীতে সর্ব্বপ্রকারে সমন্ত্রণসম্পন্ন ত্রইটা কুওলী থাকে -- যাহারা পরস্পর অসংশ্লিষ্ট ও লগভাবে অবস্থিত। এই উভয় কুওলীর অভ্যন্তরে ও মধ্যস্থলে একটা বুর্ণনযোগ্য কুওলী থাকে। অখ্যোক্ত মুখ্য কুণ্ডলীঘুৰে এককালীন স্পন্দনশীল অবাহ চালিভ হইলে অভান্তরস্থিত গৌণকুওলীতে পূর্বোক্ত রীভাকুসারে এক কালে ছুইটা বিভিন্ন স্পদ্দন্যাল প্রবাহ (গৌণ) উৎপন্ন হইবে। অক্ত সকল অবস্থা উভয় কুওলীতে অভিন্ন হইয়াও মুধ্যপ্রবাহর্ম অসম হইলে বা গৌণকুওলী উভর মুখাকুওলী হইতে সমান কৌণিক দুরত্বে অবস্থিত না হইলে উৎপন্ন গৌণপ্রবাহত্বর সমান হইবে না। বেহেতু গৌণকুওলীর অবস্থান-পরিবর্ত্তন ছারাও গৌণপ্রবাহ পরিবর্ত্তিত করান যায় ; স্কুতরাং মুখ্যপ্রবাহছরের শক্তি যাহাই হোক ৰা কেন, গৌণকুওলী অচেষ্টা ছাৱা এরূপ স্থানে অবস্থিত করান সম্ভব, যেখানে উভয় গোণপ্রবাহ সমাম ও বিপরীত অর্থাৎ ফলতঃ ভদবস্থায় গৌণকুওলীতে কোন এবাহের সাড়া পাওয়া বাইবে দা। যেহেতু উৎপল্ল গৌণপ্রবাহ অস্তাক্ত অবস্থা ক্রির রহিলে গৌণ ও মুধ্য কুওলীর কৌণিক দুরত্ব ও মুখ্যপ্রবাহের শক্তি-এতগ্রভারের একত্রিত অনুপাতা-মুযায়ী হইরা থাকে : কুতরাং বধন উভয় গৌণপ্রবাহের শক্তি সমান ও বিপরীত তদবহায় এখন মূখ্যকুওলীর প্রবাহ এবং এই কুওলী হইতে গৌণকুওলীর কৌণিক দূরত্ব—এই তুইরের একজিত অনুপাত ও অপর পক্ষে বিভীন মুখ্যকৃত্তলীর প্রবাহ এবং এই কুওলী হইতে গৌণকুওলীর কৌণিক দুরত্ব—ইহাদের একত্রিভ অনুপাত—এই উত্তর অনুপাত সমান ও বিপরীত। অতএব এমতাবস্থায় গৌণকুণ্ডলী মুখ্যকুণ্ডলীছয়ের সহিত যে কোণ্ডঃ উৎপন্ন করে সেই কোশ্বলের অফুপাত মুখাপ্রবাহবলের অফুপাত নির্দেশ করিবে। উভয় গৌণপ্রবাহ যথন সমান ও বিপরীত তখন গৌণকুগুলীতে প্রবাহমাপক যন্ত্র স্থাপিত করিলে বল্লে কোন সাড়া পাওয়া বাইবে না। অভ্যন্তরীণ কুওলীর অসুরূপ অবস্থান এচেটা খারা নির্ণর করিরা মুধ্যপ্রবাহস্বরের তুলনা করা চলে।

পূৰ্ব্বাক্ত প্ৰকাৰে স্থাপিত আকাশভারদ্বের এক একটাকে খ্রুটার মুধ্যদ্বরের এক একটাব সহিত সংলগ্ন করা হর।

বেভারতরক আকাশভারে আঘাত করিল। উহাতে শক্ষনীল প্রবাহ উৎপল্ল করে। আকাশভারহর উল্লিখিত যন্ত্রের মুখ্যকুঙলীবন্ধে শংকুত হইলে আকাশভারহরে প্রবাহিত প্রবাহের অভুরুগ শাক্ষনীল প্রবাহ মুখ্যকুঙলীবন্ধে উৎপল্ল হইবে এবং তাহার কলে অভ্যন্তরহিত গৌনচর্বে প্রবাহ উৎপল্ল হইবে। কুওলীটা যুৱাইলা যে অবস্থানে ফলতঃ এই গৌনচর্বে কোন প্রবাহ উৎপল্ল হয় না তাহা নির্ণিয় করা হায়। এমতাবহার গৌনপ্রবাহরর সমান ও বিপরীত বিধার অভ্যন্তরীণ কুওলী প্রাথনিক


কুওলীছরের সহিত যে কোণবর উৎপার করে তাহারা আথিসিক্সরে অর্থাৎ আবাদালতারদ্বরে প্রবাহিত প্রবাহের নির্দেশ করে এবং এই প্রবাহছরের অনুপাত নির্দির ছারা কি করিরা আগত তরজের দিক্নির্দির সম্ভব
তাহা পূর্বেই ক্ষিত হইয়াছে। এবস্প্রকারে গণিতপাল্লের সহজ হিসাব
ছারা দেখান যার যে অভ্যন্তরীণ কুওলীর অবস্থান লক্ষ্য করিয়া সোজাস্থলী
ভাগততরজের দিক্নির্দ্ধ করা চলে।

এৰপ্ৰকাৰে তরজ কোন্ দিক হইতে আসিতেছে তাহা নিরূপণ করা হইরা পাকে। যদি খীকার করিরা লগুরা থার বিহাৎরামি বাঁকিরা বার না, তবে এই দিগ্নির্গর স্বারা উৎস কোন দিকে অবস্থিত তাহা নির্দেশ করিরা দেওরা যাইতে পারে। অনেক অনেক স্থাল ব্যত্তিক্রম দৃষ্ট হইলেও বেতাররন্ধিকে বেগানে সরল ধরিরা লগুয়া যাইতে পারে সেথানে ক্রাত্ত ক্রান্তে অবস্থিত চুইটা বিভিন্ন স্থান হইতে একই তরকের দিক্নির্গর করিয়া উৎসের অবস্থান স্ক্ররণে বলিয়া দেওরা যাইবে।

জভএৰ গুধু বেভারবার্জা প্রহণ করিছাই বলিয়া দেওয়া বাইতে পারে প্রেরক কত দূরে, কোথার রহিয়াছে। পথন্তাস্থ, নিক্ষিষ্ট, ভগ্নবান বৈমানিক বা নাবিক নিজের অবস্থান সম্বাক্ষ অক্ত ইইছাও ইচ্ছা করিলেই নিকটবব্রী বৈতারিককে নিজের অবস্থিতি জ্ঞাত করাইতে পারে যদি ভাগত সক্ষেকার্থাক্ষম বেতার্গেরক যদ্ধ থাকে।

রামারণের দুগে শব্দতেবী শ্রন্থন সাধারত ছিল বটে, তবুও অশোক্ষনে বন্ধিনী জনকতন্তার বিলাপ্দানি শ্রন্থে ঠাছার অব্যেদ স্কর্ব হর নাই—সে কল্প প্রনন্ধানকে সাগ্র ডিকাইতে ত্ইরাছিল ; কিন্তু আধুনিক বুগের অপ্স্তা সীতাকে স্কান করিতে এত বিরাট স্বারোহের

কোন প্রয়োজন হইবে না; একটা বেতারপ্রেরকবল্ল থাকিলে জাপরিচিত স্থান হইজেও দূরবর্তী স্থানকারীসগকে আপোক্রনের নির্দেশ দেওঃ বিংশ শতাকীর জানকীর পকে হলত অসম্ভব নয়।



প্রবাসিনী

জীঅমিয়জীবন মুখোপাধ্যায়

ভগীরথ ব'লে ব'লে গল কর্চিল।

হাসপাতালের সব চেরে পুরোণো চাকর সে—
একেবারে প্রথম থেকেই তা'র চাকুরি। কভো রোগীকে
সে আস্তে দেখ্ল, কভো রোগীকে সে যেতে দেখ্ল;
ডাক্তার, নার্স কভো বদ্লী হ'ল, কিছু তা'কে আর
কোথাও বদ্লী করা হয়নি। একবার তা'কে কোনারেল
হাসপাতালে সহাবার কথা হ'রেচিল, কিছু স্থপারিতেওিউটকে ব'লে ক'রে সে এখানেই র'রে গেচে।

ভগীরণ ইাদণাতালের পূর্বেকার ইতিহাদ বলে। মাত্র জনকরেক রোগীকে রাখা হ'ত—একজন ডাজার, তিনি তাঁর স্থবিধা মতো এনে একবার ঘুরে বেতেন। বারা চিকিৎসার জন্তে আস্তো—অধিকাংশই একেবারে শেব অবস্থার রোগী, অধিকাংশই ছিলো পথের ভিধারী—ছনিরার যা'দের হব তো কেউই নেই। কোথার বা ছিলো ড্রেণ পাইথানা, কোথার বা ছিলো বিজ্ঞলীর বাতী—মার কোথারই বা ছিলো এতো লোক জন—এতো সাজ সরস্কাম—এতো হৈ রৈ ব্যাপার!

সেই ইাসপাভাগ কি ক'রে এমনটা হ'ল, কেমন ক'রে ক'রে নিভিঃ নতুন পরিবর্তন বট্তে লাস্লে-ভগীরথের মুখে ভন্তে বেশ লাগে!

আর আমাদের কালই বা কি ! আল ভগারথ একটি ছেলের গল ক'র্চিল, এথানেট কৈ পেনাট্ছিলো। ইাসপাভালে ভর্জী হ্বার ক্ষেক দিন পরেই হঠাৎ না কি একদিন স্কালে দেখা গেল বাধ্কমের ভেতরে সে গ্লায় দড়ি দিরে ঝুল্চে!

ভগীরথ ব'ল্ল সে এত দিন এই ইাসপাতালে কাঞ্চ
ক'রচে, কভো হরেকর কম রোগী, ঘটনা সে দেখ্ল—
ক্তি এমন কাও সে আর কক্ষণো দেখেনি। দেহ
বাক্লেই রোগ থাকে, আর রোগের জালাও স্বারই
বাকে, তাই ব'লে এমন কার কেউ কধনো করে ?

ভগীরথের মূথে এই ছেলেটির গল্প ভনেই গেলুম বটে,
ক্রিল্প ভা'র সহকে মনে মনে কোনো মন্তব্য প্রকাশ
করল্ম না বা কোনো ধারণাও পোষণ ক'বুলুম না।
এই আত্মহত্যার মূলে তা'র কাপুরুষতা থাক্তে পারে,
গতীর কোনো বেদনা থাকতে পারে, হয় ভো বীরত্ত
থাক্তে পারে, লান্তিও থাক্তে পারে। ঘাই থাকুক না
কেন, ভা'র কাজের সমালোচনা ক'রবার অধিকার
আমার নেই; কিন্তু কট হ'ল।

কতো রকম রোগীর সাথেই পরিচিত হ'লুম। কেউ
কারো যুক্তি মানে না, তর্ক মানে না, সাস্থনা মানে না—
সবাই বার বার আপন মত প্রতিষ্ঠার জন্তে উদ্গ্রীব।
ভোমার হুঃথ ছোট, জামার হুঃথ বড়ো—এই ভাবটা
কথার বার্তার ভাবে ভলীতে প্রত্যেকে প্রকাশ ক'রবার
জন্তে উৎস্কক; জপরের বেদনার কর্ণপাত ক'র্বার,
সপরের হুঃখের সভ্যিকার পরিমাণ উপলব্ধি ক'র্বার
সমর কারোই নেই—অনর্গল ব'লেও নিজের কথাই
ক্রুক্তে চার না! কারুর কারুকে বাধা দেবার জো
কাই, দিতে গেলেই দেখানে ঘটুবে একটা জপ্রিয় সংঘর্ষ।

কাৰে কাষেই স্বার কথাই শুনে যাই, শুধু গুনেই বাই; কিন্তু মূথে কোনো কথা বল্বার জন্তে বাগু হ'রে উঠি না—মনেও নর। বে যা করে দেথে যাই। স্মর্থন বা প্রতিবাদ ক'র্বার জন্তে আমার কোনো আগ্রহও নেই।

এ ছেলেটি আবিহত্যা ক'রেচে—এতে। অনেক
ছো কথাই হ'ল। বধন নর নম্বরের মূথে এই অভিযোগ
কুতি পাই যে কেন তা'র এই অসুথ হ'রেচে—তখন
ই ছোট্ট কথাটুকুরই যে উত্তর অমিরে উঠ্তে পারি না!
বি নম্ম ব'ল্ডে থাকেন—দেশুন স্পাই, সদও

কোনো দিন থাইনি, মেয়েমাছ্যের বাড়ীও যাইনি, গোহতো বেফা-হতোও করিনি; কিন্তু কোন্পাপে আমার এমন ব্যাধি হ'ল ব'ল্তে পারেন?

বাইশ নম্বর ছ্রু কুঁচ্কে বলে—করেননি ব'লেই
মুশাই এই রক্ম হয়েচে। এই ক্লে এখনো সমন্ন থাক্ডে
এই ক্লোগুলো প্রাণ ভরে করে যান্, সামের ক্লেমে
দেখ্বেন হাতে হাতে ফল—রোগ নেই, ছঃখু নেই,
ইয়া পাট্র। শরীর, টাকার সিদ্ধৃক—প্রাণ একেবারে
গড়ের মাঠ!

আমি দেকথা ব'ল্তে চাইনে কিছু, তবে অনবরত ভনে ভনে নয় নম্বরকে একদিন বোঝাতে চেটা ক'রেছিলুম যে অস্থটা তার এক্লারই হর্মনি—আরো অনেকেরই হ'রেচে; এবং মদ থাওয়া বা গো-হত্যে বেশ্বহত্যে তাদেরো অনেকেই করেনি।

কিন্তু নম্ন নম্বর কোনো কথাই মানেন্না। তাঁর ধারণা যে ইম্বর অভ্যন্ত অবিচার ক'রে অথবা তুল ক'রে তাঁকে এই ব্যাধিগ্রন্ত ক'রেচেন। গোটা ইদেপাভালটার প্রায় দেড় শো রোগার চিকিৎসা হ'চে এক একবারে—ভা' ছাড়া সর্বাদাই তো কতো রোগা আস্চে, যাচেত। এই ইাসপাভাল ছাড়া আরো কতো ইাসপাভাল র'রেচে, এবং স্মন্ত ইাসপাভালের বাইরে আরো কভো রোগা জীবনটাকে টেনে হিঁচড়ে চ'লেচে। এই যে হাজার হাজার লোক—এরা প্রভ্যেকে পাপী, এবং নিজেদের পাপের ফলভোগ ক'রচে, কিন্তু নম্ন নম্বর নিলাপ, নির্দোব; এবং তাঁর কথাবাঠার স্পত্ত ব্যুত্তেম থালি—ভার সম্বন্ধে ভগবানের বিধানের কোথাও একটি ব্যুত্তিক্রম থ'টে গেচে!

নয় নম্বর বলেন —মশাই, একটা দিন থিয়েটায়ে কি বায়োস্বোপে ঘাইনি—

হো হো ক'রে হেসে উঠে বাইশ নম্বর বলে—সেই না বাওয়ার পাপেই ভো এমনটা হ'রেচে আপনার! হাঁস-পাতাল থেকে বেরিয়ে নিয়মিত বাবেন—সাবধান, যে ভূল একবার ক'রেচেন, সে ভূল আর ক'র্বেন না বেন।

একটু বিরক্ত হ'লে নয় নখর বলেন, থিয়েটার বারো-জোপের পোকা ছিলেন, এ রক্ম রোগীরও ভো এথানে 🎤 অভাব নেই; আপনার কথাই বদি ঠিক হবে, তবে ঠারাই বা এই শ্রীবর বাস কর্চেন কেন ?

অট্টহাত ক'বে বাইশ নম্মর বলে, এটা আর ব্যালেন না, সেই পোকা হবার পাপেই তো হ'রেচে! পাপ একটা না একটা ঘট্বেই—বেদিক দিরে হোক; নইলে কি অমি অমি হর ।

নয় নয়য় আরো বিরক্ত হ'রে ওঠেন। নয় নয়রের মানে মানে এমন ধারণাও হয় যে নিশ্চর ডাজার ব্যাটারাই কোথাও গোলমাল ক'রে ফেলেচে। ওরাই হয় তো একদিন নিজেদের ভূল বৃক্তে পার্বে। ডাজার-ওলো কি এমন অপদার্থ? অত্যন্ত মিছিমিছি তাঁকে কি ঝয়াটের ভেতরেই ফেলে রেখেছে। ওই বে একদিন মুখ দিয়ে রক্ত উঠেচিল, ওই বে জর, ওই বে ওজন ক'মে যাওয়া—ওলব হয় তো একদমই বা'জে। তাঁর ধাত্টা একট্ চড়া, তাইতেই বোধ হয় ওরকম একট্ উপদর্গ মানে মানে দেখা দেয়। এই ইালপাতালে ভর্তী হওয়া হয় তো তার একটি মুগ্র মান্ত ; মুগের ঘোর কেটে গেলে তিনি দেখুবন যে তাঁর কোন দিনই কিছু হ'মেচিল না—দিব্যি মুগ্র, স্বল, কর্ম্মঠ মাছ্য তিনি, এবং পৃথিবীর পূর্ণ উৎসবের ভেতরেই তিনি দাঙ্গিরে আছেন।…

তিনি এমন কথাও আবার ব্যক্ত করেন বে, আদে। যদি কিছু তাঁর হ'বেগু থাকে, তবে তা' এতাই সামাস্ত যে আগলে তা' কিছুই নর। এই যে আর স্বাই ব'বেচে এদের মতো এতো বেশী, এতো বিশী—একি তাঁর হ'তে পারে? প্রত্যেকেরই চাইতে তাঁর লীবনী-শক্তি অনেক বেশী, তিনি যে মৃত্যুর কবলে কবনো প'ড়তে পারেন (অপর পেসাট্গুলোর মতো) এমন অসন্তব ব্যাপার ঘটতেই পারেনা।

এগবের পরে কোনো মন্তব্য নিরর্থক। নিজেকে নিজে প্রতারিত ক'রে ক'রেই যদি কেউ একটু শব্দিতে থাক্তে পারে তবে ভাই থাকুক্। নিজের সহত্যে তা'রে মন্তক মারে বিগুড়ে দেওরা সম্পূর্ণ অবাহানীর।

বাইশ নম্বর আবার সম্পূর্ণ বিপরীত। তা'কে বে এই ব্যাধিতে ধ'রেচে—এ তার বেন মন্ত বড় পর্ক। মাঝে মাঝে সে এতো বুক ছুলিরে হাঁটে, বে ডা'কে

সাৰধান ক'রে দেবার দয়কার হয় যে আতো বুক জুলিরো না---চট্ ক'রে সাংনের সক একটা আটারি ছিঁজে যেতে পারে!

কোনো খুঁত্যুঁতে খভাবের বা নন-মরা-হ'রে-থাকা কোনো রোগীকে সে ছ'চকে দেখতে পারে না। নিজের অস্থতে সে জ্রক্ষেপ করেনা,—অপরের ভীকতাকে সে বিজ্ঞাপে কর্মিত ক'রে ভোলে।

মাঝে মাঝে ছাড়াও মাসে মাসে প্রত্যেক রোপীর
নির্মিত একবার ক'রে বৃক পরীকা করা হর—কভোণানি
উরতি হ'চে দেখাবার অতে। প্রার সকলেরই কিছু
না কিছু উরতি দেখা যার, তবুও চার্ট হাতে ক'রে ফিরে
আস্বার সমরে কারো মুখ তেমন প্রসর দেখা যার
না। এক ঘুমে রাড় পোরানোর সাথে সাথেই কেন
অস্থটা ভালো হ'রে যাচে না—বোঝা যার এই-ই
সকলের আন্তরিক অভিযোগ। বাইশ নখরের বৃক্তর
অবস্থা কিছু প্রার একরক্ষই থাকে; বর্ক কোনো
কোনো সমরে নতুন উপদ্রের চিক্ই ধরা পড়ে; কিছু
তখনই ফ্রিঁ যেন তা'র বেশী হ'রে ওঠে। নিজের
বিছানার কাছে এসে একটা উর্ফ্ গ্লল খ'রে দিরে
সামের চেরারখানাকে সে এমন বাজাতে স্কর্ক ক'রে থে
অনেকেরই সক্লেহ হর ওটার এরি ক'রেই একদিন
পঞ্জপ্রান্তি ঘট্রে।

একদিন একটি মহিলা বাইশ নবরের কাছে বেড়ান্ডে এলেন। পরে ওন্দুম তিনি নাকি ওর দিদির এক বন্ধু। হাসপাতালের কাছেই বাসা, ওর দিদির চিট্টিতে ওর কথা ওনে বেড়াতে এসেচেন।

মহিলাটি খ্ব হেসে হেসে কথা ব'ল্চিলেন। যে আব্ হাওরার ভেতরে আমরা থাকি, দেখানে তাঁর এই অতিরিক্ত চাঞ্চ্যা এবং হাসি বড়ো অযাভাবিক ঠেক্চিল। কিছু আমাদের মনে রাখ্ডে হবে তিনি এখানকার অধিবাসী নন্,—ভিনি যে পৃথিবীতে থাকেন, সেখানে স্বাই-ই এই রক্ষ চঞ্চ্যা, এই রক্ষই ভা'দের বেশ-ভ্বা, এই রক্ষেই ভা'রা হালে! এখানকার বেদনা ভা'দের সম্পূর্ণ অপরিচিত।

মহিলাটি বল্চিলেন, আছে৷ আপনি (তিনি একটি ভালো ভানাটোরিয়ানের নাম ক'র্লেন) ওথানে গেলেই

পারেন ? আমার পরিচিত একটি মেরে এই অসুধ হ'রে সেখানে ছিলো। ইাসপাতালের চাইতে সেথান-कांड वत्सावता नव मिक मिलारे छात्ना, बात नामगांध ্পতি চৰৎকার—

: दोश मिरत दाहें नमद व'न्न, रमशीरन अंबर कंड ব'লভে পারেন ?

- थत्रह ? त्रिक्ता होका इ'त्यहे त्रिथात चार्यन ্বেশ থাকৃতে পারেন।

বাইশ নম্বর ব'ল্ল, আচ্ছা আপনি আমার মাসিক দেড়শো টাকা ক'রে দিতে পারেন? তা'হলে না হয় ্একবার চেষ্টা ক'রে দেখ্তুম !

ে একটু অপ্রতিভ হ'লেও মহিলাটি ব'ললেন, না, আমি ্ৰোধ হয় দিতে পাব্ৰো না, তবে আপ্নার জানার জন্তে ্ব'ক্চিলুম।

যথন মণ্টেগু-চেমসফোর্ড শাসন-সংস্থারের প্রস্তাব হয়, তথন জার্মাণ য়ুদ্ধ চলিভেছে। সামাজ্যের ভাগ্য-নির্দ্ধারণ কিরুপ ইইবে তাহা দেথিবার জন্ম সকলের দৃষ্টি ফ্রান্সের যুদ্ধক্ষেকে নিবদ্ধ। কাজেই তথন এ বিষয়ের কোন সিদ্ধান্তের চেষ্টা হয় নাই।

ভাহার 🌉 সাইমন কমিশন। সাইমন কমিশনের

রিপোর্টে ছুইটি কারণে এ বিষয়ে কোন মন্ত াশে বিরক্ত রহিবার কথা বলা হইরাছিল—(১) বিষয়টি বিশেষজ্ঞদিগের বিবেচা; (২) বিষয়টি ভারত সরকার ও বৃটিশ সরকারের আবোচনার বিষয় হইরাছিল।

কিন্ত ঐ কমিশন সম্পর্কে মিটার লেটন উল্লেখ ক রয়া-ছিলেন, এই বিষয় এখন বিবেচনাধীন। আর সাইমন কমিশনের রিপোর্ট পাঠ করিলেই বৃঝিতে পারা বার---ক্ষিশনের সদক্রণণ মনে ক্রিয়াছিলেন, এই ব্যৱের কতকাংশ বিলাভী সরকারের বহন করা কর্তবা। কারণ, তাঁহারা দেখাইয়া দিয়াছেন, কানাডা প্রভৃতি দেশ আপ্নাদিগের সেনাদল গঠন করার ভাহাদিগের সামরিক ব্যায়ের পরিমাণ ব্রাস হইয়াছে। অর্থাৎ ভারতের সামবিক বার যে অত্যন্ত অধিক তাঁহারা তাহাও যেমন -প্রত্যক্ষভাবে না হইলেও পরোক্ষভাবে-**স্বীকা**র করিয়াছেন, তেমনই বৃটিশ সেনাদলই যে সে বায়-বৃদ্ধির অফুতম কারণ তাহাও অধীকার করেন নাই। ভারতের সেনাদল বে সামাজ্যের প্রয়োজনে পুন: পুন: ভারতের বাহিরে প্রেরিত হইয়াছে অর্থাৎ ভারতের সেনাবল যে কেবল ভারতের প্রয়োজনেই রক্ষিত নহে ভাহাও তাঁহার৷ "ঐতিহাসিক ব্যাপার" বলিয়া স্বীকার করিয়াছিলেন।

ফুতরাং বৃঝিতে পারা যার, সাইমন কমিশন কোনজ্ঞ মত প্রকাশে বিরত থাকিলেও ভারত সরকারের ও ভারতবাসীর দাবী সক্ষত বলিয়া বিবেচনা করিয়াছিলেন।

ইহার পর গোল টেবিল বৈঠকের অধিবেশন হয়।
প্রথম অধিবেশনেই সার প্রভাসচক্ত মিত্র প্রমুখ বালালার
প্রতিনিধিরা সামরিক ব্যরের কথা উথাপিত করেন।
বালালার প্রতিনিধিগণের মধ্যে কেবল শ্রীযুক্ত বতীক্তনাথ
বস্তু তাঁহাদিগের বিবৃতিতে স্বাক্তর প্রদান করেন নাই।
তাহার কারণ, তিনি মনে করেন—কেবল বৃটিশ সৈনিকদিগের শিক্ষার ব্যর বৃটিশ সরকার প্রদান করিলেই
ভারতের প্রতি স্বিচার করা হইবে না এবং ভারতবাসীরা সে ব্যবস্থার সন্তুই হইতে পারিবে না। তিনি
মত প্রকাশ করেন—যত দিন ভারতের প্রয়োজনাতিরিক্ত কোন কারণে ভারতে বৃটিশ সৈনিক রক্ষা করা হইবে,
ভত দিন তাহাদিগের সমগ্র ব্যরভার বৃটিশ সরকারের
বহন করা কর্ত্বা। সে বাহাই হউক—অক্সাভ প্রদেশের প্রতিনিধিদিগের কেহ কেহও উল্লেখিত বিবৃতিতে স্থাকর প্রদান করেন।

তথনই ভারত-স্চিব পার্লামেটে বলেন— এই বিষয়ের আলোচনা করিবার জন্ত একটি অভন্ত কমিটা গঠিত চ্ইবে। তদত্বারে যে কমিটা বা ট্রাইবিউনাল গঠিত চর তাহাতে সার রবার্ট পারান সভাপতি হয়েন এবং বৃটিশ সরকার ত্ই জন (লর্ভ ভূনেভিন ও লর্ভ টমলিন) সদত্য ও ভারত সরকার ত্ই জন (সার সাদীলাল ও সার শাহ মহম্মদ স্লেইমান) সদত্য মনোনীত করেন।

ট্রাইবিউনাল সকল বিষয় বিবেচনা করিয়া গত আহ্মারী মাসে তাঁহাদিগের নির্দ্ধারণ পেশ করেন। সেই নির্দ্ধারণাহসারে কাল করিতে যে বৃটিশ সরকারের প্রায় এক বংসর কাটিরাছে, তাহাতেই মনে হর বুটিশ সমর আফিস "বিনাযুদ্ধে নাহি দিব হচ্যেও মেদিনী"—পণ ধরিয়াছিলেন। তাঁহারা যে ভারত সরকারকে বার্ষিক দের প্রায় ২ কোটি টাকা হইতে অব্যাহতি দেওয়া ত পরের কথা ঐ টাকার পরিমাণ বর্দ্ধিত করিবার চেটা করিয়াছিলেন, তাহার উল্লেখ আমরা পূর্কেই করিয়াছি। স্করাং তাঁহাদিগের পক্ষে ভারতের দাবী স্থায় খীকার করিয়া আর্থত্যাগ করা অবস্তুই সহজ্ঞ বলিয়া মনে করা যায় না। বৃটিশ সরকার যে ভারত সরকারের ও ভারত-বাসীর দাবী অসক্ষত মনে করেন নাই, ট্রাইবিউনাল গ্রনেই ভাহা অফুমান করিতে পারা যায়।

প্রান্থ দাদশ মাসব্যাপী বিবেচনার পর বৃটিশ সরকার ট্রাইবিউনালের সিদ্ধান্ত সক্ষত বলিয়া খীকার করিরাছেন। তদমুসারে বিলাতের প্রধান মন্ত্রী এ বিষয় পার্লামেন্টের গোচর করিয়াছেন।

বিলাতের প্রধান মন্ত্রী পার্লামেণ্টে যাহা বলেন, ভাহার মর্মান্তবাদ নিয়ে প্রথমে ইটল: —

"বৃটিশ সরকার স্থির করিরাছেন, তাঁহারা বৃটিশ পার্লামেন্টে প্রস্তাব করিবেন বে, ভারত রক্ষার ব্যর বাবদে বৃটিশ সরকার ভারত সরকারকে বার্ষিক প্রায় ২ কোটি টাকা (১৫ লক্ষ পাউও) প্রদান করেন। ইহার পূর্কে বৃটিশ সরকারের তহবিল হইতে বৃটিশ সেনাদলের ভারতে গতারাতের ব্যর বাবদে বার্ষিক যে প্রায় সাড়ে ১৯ লক্ষ টাকা প্রদন্ত হইত, তাহা ইহার

অকর্তুক হইবে। এই টাকা দেওরা হইবে কিনা, তাহাও ট্রাইবিউনালে বিচারার্থ পেশ করা হইমার্চিল।"

অর্থাৎ ভারতের মোট লাভ প্রায় ২ কোটি ৮০ লক্ষ টাকা এবং সৈনিকদিগের গভারাত বাবদে বৃটিদ সরকারের "বার্ষিক" ধরিলে মোট প্রায় ২ কোটি টাকা হইবে।

আগামী ১লা এপ্রিল হইতেই প্রস্তাবিত ব্যবস্থাস্থপারে কাজ হইবে। স্তরাং ঐ প্রায় ১ কোটি ৮০ লক্ষ টাকা এবারই ভারত সরকারের বাজেটে আরের দিকে দেখান যাইবে। বর্তমান সময়ে এই লাভ উপেক্ষণীয় বলা যায় না।

আমাদিগের মনে হয়, আর্থিক হিসাবেই কেবল এই লাভ লাভ বলিরা মনে করিলে যথেষ্ট হইবে না। ভারতের লোকমতের সহায়তার ভারত সরকার দীর্ঘকাল-ব্যাপী সংগ্রামে যে জয়লাভ করিয়াছেন, ভারতে প্রতিপর হইয়ছে—বৃটিশ সরকার স্থীকার করেন, এতদিন ভারতবর্গের নিকট হইতে যে টাকা আদার করা হইয়াছে, তাহার সক্ষত কারণ ছিল না এবং সেইজক্ত ভাহা সমর্থনযোগ্য নহে। যে সেনাবল কেবল ভারতের নহে—পরস্ক সমগ্র সাম্রাজ্যের প্রয়োজনে রক্ষিত ও প্রযুক্ত হয়, ভাহার ব্যয়ভার বহনে ভারতবর্গকে বাধ্য করা অসকত। "These unpaid-for glories bring nothing but shame." সুতরাং এখন—বৃটিশ সরকারের এই ব্যবস্থার পর—ভারতবর্গর পক্ষে ভারতের সামরিক ব্যয়ের আংল গ্রহণ করিবার জন্ত বৃটিশ সরকারেক বলা আরও সহজ্ঞ হইবে:

এই সংবাদ প্রকাশ-প্রসলে ভারত সরকার বাহা বলিয়াছে, ভাহা বেমন সংবত, তেমনই সত্য। তাঁহারা বলিয়াছেন:--

"বদিও বৃটিশ সরকারের তহবিল হইতে ভারতের সংক্রম জন্ম যে টাকা দেওয়া হইবে তাহা ট্রাইবিউনালের সিদ্ধান্তাম্বর্তী এবং ভারতের সেনাবলের ব্যরকল্পে সাধারণভাবে প্রদত্ত হইয়াছে, তথাপি ইহার ফলে ভারতের করনাতারা দশ্টি ব্যাটালিরন বৃটিশ পদাতিক সেনার ব্যর হইতে ক্ষবাছিত লাভ করিবে।"

অর্থাৎ ইহাতে ভারতবর্ষের ও ভারত সরকারের দাবী

পূর্ণ না হইলেও ইহাতে যে ভারতের কতকটা স্থবিধা হইবে. ভাহাতে সন্দেহ নাই।

বুটিশ সরকারের ভহবিল হইতে যে এই টাকা প্রাদত্ত হইবে, ভাহার বিরুদ্ধ সমালোচনার অভাব পরিলক্ষিত হর নাই। কিন্তু আমরা মনে করি, যাহা আমাদিগের প্রাণ্য বলিয়া আমরা বিবেচনা করি, তাহা সমগ্র রূপে পাই নাই বলিয়া যাহা পাওয়া যাইতেছে, ভাহা ভ্যাগ করা-পাছে পথিমধ্যে দম্মহন্তে পতিত হই সেই ভয় হইতে অব্যাহতি লাভের জন্ম অর্থ-থলি ফেলিয়া দেওয়ার মতই বলা যাইতে পারে। সিপাহী বিজ্ঞাহের পর যথন সামরিক ব্যবস্থার পরিবউন হয় অর্থাৎ যথন হইতে ভারতে বুটিশ সৈনিকরা বিলাতের সেনাবলের অংশ বলিয়া বিবেচিত হয়, তথন হইতে আভ প্ৰয়স্ত ভারতবাদীরা ও ভারত সরকার যে দাবী করিয়া আসিয়াছেন, আৰু তাহা সক্ত বলিয়া খীকুত হইয়াছে। থাহারা ওয়েলবী কমিশনে গোপালরফ গোখলে মহাশরের সাক্ষ্য পাঠ করিবেন, তাঁহারাই বুঝিতে পারিবেন--এজন ভারতবাদীকে কত চেষ্টা করিভে হইয়াছে। সে চেষ্টা যথন আংশিকরপে সফল হইয়াছে. তথন অদূর ভবিয়তে কাহা সম্পূর্ণ সাফল্য লাভ করিবে, এমন আশা অবশাই করা বাইতে পারে।

ত্তির ২ কোটি টাকাও উপেশ্বণীর নহে।

বৃটিশ সরকার এই টাকা দিবেন বলিয়া বে ভারতের সামরিক ব্যবহা নিয়ন্ত্রণের অধিকার লাভ করিবেন, এমনও নচে।

এখন আমাদিগকে চেষ্টা শিথিল না করিয়া অগ্রসর
হইতে হইবে। ভারতে ভারতীয় সেনাবলের হারা বৃটিশ
সেনাবলের স্থান অধিকার করা সরকার নীতি হিসাবে
বীকার করিয়া লইয়াছেন। তদ্ভির যখন নৃতন ও
ব্যরসাধ্য ব্যবস্থা প্রথম প্রবর্তিত হয়, তখনই (১৮৫৮
খুষ্টাব্দে) বড়লাট লর্ড ব্যর্গনিং প্রস্তাব করিয়াছিলেন, যদি
এ দেশে বৃটিশ সেনাবল শ্বকা করাই প্রয়োজন হয়, তবে
এ দেশেই বৃটিশ সৈনিক সংগ্রহ করিয়া এ দেশেই
ভাহানিগকে শিকাদানের ব্যবস্থা করিলে ভাল হয়।
ভাহান্তে তৃই করিল লাভ হইবে:—(১) এইয়প সেনাবল
আলব্যরসাধানীকৈ বি: (২) বে সকল বৃটিশ সৈনিক এই

সেনাদলে কাজ করিবে, তাহারা অভান্ত চাকরীরার মত ২৫ বৎসর কাজ করিবে—৫ বৎসর ৪ মাস পরেই চলিরা যাইবে না।

আৰু যথন বুঝা বাইতেছে, এখনই এ দেশ হইতে বৃটিশ সেনাদলকে বিদায় করা সন্তব হইবে না—সে কাঞ্করিতে হইলে কিছুদিন ধরিয়া ভারতীয়দিগকে শিক্ষিত করিতে হইবে, তথন লও ক্যানিং প্রমুখ শালকদিগের প্রভাবও ভাল করিয়া বিবেচনা করিয়া দেখিবার সময় সমুপ'স্ত হইয়াছে, সন্দেহ নাই।

নৃতন শাসন-পদ্ধতির প্রবর্তনের সঙ্গে সঙ্গে যে নানা পরিবর্তন অবশস্তাবী ইইবে, তাহা বলাই বাহলা। সামরিক ব্যায় ভাসের প্রয়োজনও কেহ জন্মকার করেন ন'—করিতে পারেন না। স্ততরাং কিরপে সেউদ্দেশ্য সিদ্ধ হইতে পারে তাহা বিশেষ ভাবে—সকল দিক হইতে বিবেচনা করিয়া প্রস্তাব উপস্থাপিত করা দেশের মকলাকাজ্জী ব্যক্তি মাত্রেই কর্তবা।

সেই জন্ম আমরা তাশা করি, ভারত সরকারের এই জর যাহাতে আরও জয়ের পূর্ব্বগামী হইতে পারে, ভাহার উপার করিবার উপযুক্ত সমর উপস্থিত হইরাছে। আমরা যেন এখন এই সুযোগ না হারাই।

টাকার বিনিময়-মূল্য-

ভারতে বর্ণমূল। প্রচলিত নাই; অথচ নানা কারণে বিলাভের সহিত ভারতের লেন-দেন অত্যন্ত অধিক। সেই জক বিলাভের বর্ণমূলার হিসাবে টাকার বিনিমর্ম্বা নির্দ্ধারিত করা হয়। কিছুদিন হইতে এই বিনিমর্ম্বা ১ শিলিং ৬ পেন্দ হইরা আছে। বোষাইরের ব্যবসামীরা মধ্যে মধ্যে এই মৃল্য হ্রাস করিবার জক্ত বিষম আন্দোলন করিয়া থাকেন। তাঁহারা কথন বলেন, তাহাতে ভারতবর্ধ নানারপে লাভবান হইবে; কথন বলেন, তাহাতে কৃষিজ্ঞ পণ্যের মৃল্য বর্দ্ধিত হওরার ক্রমকের কল্যাণ সাধিত হইবে। কিছু দেখা গিরাছে, যে সব দেশে কৃষিজ্ঞ পণ্যাদির মৃল্য সঙ্গে বৃদ্ধিত হয় নাই। বোষাইরের ব্যবসামীদিগের মৃত্য ক্রিকাভাতেও

প্রতিধানিত হর এবং তাঁহারা কলিকাতার অবাদানীদিগের বধ্যে অনেকের হারা আপনাদিগের মতের প্রতিধানিত করাইতে পারেন। কিন্তু পরিতাপের বিবর,
এ-বার তাঁহার। বাদালীদিগের মধ্যেও ভই এক জনের
হারা সেই কার্যা করাইতে পারিরাছেন। এই চেটার
বিরুদ্ধে বাহারা দণ্ডারমান হইরাছিলেন বন্দদেশ আচার্য্য
দার প্রক্রচন্দ্র রার তাঁহাদিপের মধ্যে সর্কপ্রধান। তিনি
প্রতিপন্ন করিরাছেন—এ বিবনে বাদালার আর্থ ও ইট
বোহাইরের আর্থ ও ইট হইতে ভিন্ন; এবং বর্তনানে—
যথন বাদালার কলকারধানা প্রতিটিত হইতেছে এবং
সে সকল বিদেশ হইতে আনিতে হইতেছে তথ্ন—
টাকার বিনিমরম্ন্য হানে বাদালার ক্রতি অনিবার্য্য।

বোখাই যে বাঙ্গালার বাণিতা করিরা কেবল অর্থ-লাভই করিরাছে, তাহা কাহারও অক্ষাত নাই। খদেশী আন্দোলনের সময় বোখাইরের কাপড়ের কলওরালারা বাঙ্গালার আন্দোলনের স্থ্যোগ লইরা যে ভাবে কাপড়ের দাম চড়াইরা দিরাছিল, ভাহাতে বাঙ্গালার অর্থশোবদ করিরা ভাহারা সমুদ্ধ হইরাছিল বলিতে হয়। এ বিবরে বোখাই ম্যাঞ্চেরিকে অনারানে পরাভূত করিরাছে।

একান্ত তৃঃধের বিষর, বোষাইরের পক্ষ হইরা, আচার্য্য প্রক্রচক্রের মত সর্ব্য সম্মানিত ব্যক্তিকে হীনভাবে আফ্রেন্দ করিবার লোক বালানীর মধ্যেও পাওরা সন্তব হইরাছে। বলা হইরাছে, আচার্য্য রার মহাশর আর্দ্ধ-সভ্যের আগ্রহণ করিরাছেন। এই উক্তি যে একেবারেই অসত্য তাহাই সত্য। সেই জল্প সহযোগী 'টেটসম্যান' বলিরাছেন, এ বিবরে বিতর্ক যত শীঘ্র শেষ হর, ততই ভাল; কারণ দেখা যাইভেছে, (এ ক্ষেত্রে) প্রচারকার্য্যের সহিত অসত্য অবিদ্ধির ভাবে সংযুক্ত হইরাছে। বালানার এইরণ কাল্ক করিরাছেন, তাহারা বিদ্যা বা ব্যবসার সম্মান্তর কল্প প্রসিদ্ধি লাভ করিরা আচার্য্য রার মহাশরের সমিহিত হইবার বোগান্তাও অর্জ্জন করেন নাই। তালাদিগের ব্যবহারে বালানার শিক্ষিত ও শিষ্ট সম্প্রদার লজ্যান্থত করিরাছেন।

টাকার বিনিমরমূল্য কিরণ হটবে ভাহা লইরা ফাটকাবাজর কিরণে লাভবান হইবার চেটা করিবাছে, ভাহার পৰিচয় ভারত সরস্থারের অর্থ-সচিব ব্যবস্থা পরিবদে প্রধান করিরাছেন। তিনি বলিরাছেন, দিলীতে বর্থন এ বিবরে আলোচনা চলিতেছিল, ভখন কোন কোন লোক—অপরের নাম লইরা—মিখ্যা সংবাদ ভার করিরাছে ও করিবার চেটা করিরাছে। তিনি এই সব লোককে শক্নির সহিত তুলিত করিরাছেন।

সুপের বিষর, ব্যবস্থা পৃথিষদে টাকার বিনিমরম্বা রাসের প্রভাব পরিভাক্ত হইরাছে। স্মৃতরাং বালালা এ বাত্রার বোষাইরের জনিউচেটা হইতে জব্যান্তি লাভ করিরাছে। এই বিতর্কে বালালা সংবাদপত্রগুলি থে দৃচ্ভাবে বালালার স্বার্থ রক্ষার চেটাই করিরাছেন—ইহা জামরা সুলক্ষণ বলিরা বিবেচনা করি। জামরা জাশ; করি, জতঃপর সকল বিষরেই বালালা ভাহার স্বার্থ রক্ষার অবহিত হইবে এবং বোষাই বা জন্ম কোন দেশের কোন ব্যক্তির বা প্রতিষ্ঠানের প্রভাবে পরিচালিত হইতে অসীকার করিবে।

দ্বিতের অসুবিধা-

টাটার লোহের কারখান। বাহাতে সুপ্রতিষ্ঠিত হইতে পারে সেই জন্ম সরকার বিবেশ হইতে আমলানী লোহের জিনিবের উপর কর বংসরের জন্ম শুরু প্রতিষ্ঠিত করিবা-ছিলেন। বে নির্দ্ধিট কালের জন্ম এই ব্যবহা করা হইরাছিল, সেই সমর শেব হইরা আসিতেছে। টাটার কারখানার পক্ষ হইতে আবার কর বংসরের জন্ম প্রীরূপ স্বিধা লাভের চেটা ইইতেছে।

এই সমর বাদাস। সরকার বাদসার লোকের অসুবিধা আপন করির। ভারত সরকারকে বে পত্রে লিখিরাছেন, ভাহা বিশেব উল্লেখবোগ্য। বাদাসা সরকার সংরক্ষণসাহার্য প্রদান সম্বন্ধে গৃহীত নীতি সম্বন্ধে কোন কথা বলেন নাই; কিছু এ কথা বলিয়াছেন বে, এই উদ্ধর অস্ত বাদাসার—বিশেব পূর্ব্ধ ও উত্তর বল্পে—ক্ষকরা গৃহনির্দাণে বিশেব অস্থবিধা অস্থত্তর করিতেছে! ভাহারা গৃহের হার ও বেডার অস্ত করোগেটেড "টিন" বাবহার করে। বাদাসার কৃষ্কি পণ্যের মূল্যহাস কিরুপে হইরাছে, ভাহার উল্লেখ করিবা বাদাসা। সরকার বলিয়াছেন, ১৯২৯

খুটাকে ০৪ লক ১৫ হাজার একর জনীতে পাটের চাব হইলেও এক গাঁইটের দাম ৬৭ টাকা ছিল, আর এখন মাত্র ১৮ লক্ষ ৯৯ হাজার ৩ লভ একরে চাব হইলেও মূল্য ২৬ টাকার অধিক হর নাই। এই সমর বালালার মকংখলে করোগেটেড "টিনের" দাম কমে নাই বলিলেই চলে। এই পণ্যের উপর শুভ ১৯০০ খুটাকের ডিসেখর মানে শভকরা ৩০ টাকা হইতে বাড়াইরা ৬৭ টাকা ধার্য্য করাই যে ইহার মূল্য বুজির প্রধান কারণ, ভাহা অখীকার করিবার উপার নাই। পরবৎসর এই শুভের হার না না কমাইয়া আরও বাড়াইয়া শভকরা ৮০ টাকার উপর ধার্য্য করা হইরাছে।

বালালা সরকার দেখাইরাছেন, করোগেটেড "টিনের" উপর যে শুল স্থাপিত হইরাছে, তাহা বিলাস দ্রব্যের উপর স্থাপিত শুল অপেকাও অধিক। অর্থাৎ যে সব দ্রব্যের ব্যবহার বিলাসের জন্ম প্ররোজন এই অবশ্র-ব্যবহার্য দ্রব্যের সম্বন্ধে সে সকলের অপেকাও কঠোর ব্যবহার্য হইরাছে!

দেশে লৌহ শিল্পের প্রতিষ্ঠার প্রয়োজন কেইট অস্বীকার করেন না। কিছু এই শিল্প প্রতিষ্ঠার জন্য দেশের লোককে যে ভাগে খীকার করিতে চইবে, তাহারও সীমা থাকা প্রয়োজন। যে শিল্প উপবৃক্ত কালের অনুন সংরক্ষণ-সাহার্য লাভ করিয়াও ভাবলখী হইতে পারে না. সে শিল্প হর দেশের উপযোগী নহে. নহে ত বাঁহারা যে শিল্প পরিচালিত করেন—তাঁহাদিগের ক্রটি আছে। শিল্প বদি দেশের উপযোগী না হয়, তবে অৰুত্ৰ সাহায্যের ছারাও ভাহাকে স্বাবলম্বী করা যার না --দেশের লোক ভাহার জন্ত যে ত্যাগ স্বীকারে বাধা হয় তাহা ভন্মে খুত নিক্ষেপের মত বিফল হয়। টাটার কার-ধানা বে স্থাপে স্থাপিত হইয়াছে. সে স্থানে লৌহ ও করলা উভরই সহৰপ্রাপ্য অর্থাৎ সুলভ। সে অবস্থাতেও —এত দিন কোট কোট টাকা প্রত্যক্ষ ও পরোক্ষরণে সাহায্য লাভ করিয়াও যে কারখানা প্রতিযোগিতা প্রহত করিছে পারে না, সে কারখানার ব্যবস্থা বিশেষক্রপে পরীকা করিরা দেখা প্ররোজন। টারিফ বোর্ড ভালা করিতেছেন।

্ এই সুমূহ বাছালা সরকার করোগেটেড "টিনের"

উপর অত্যধিক শুরু সংস্থাপনে বাসলার দরিক্র লোকের অস্থাবিধার দিকে ভারত সরকারের দৃষ্টি আফুট করিয়া বালালার ধক্রবাদভাজন হইরাছেন। বালালা সরকারের পত্র টারিফ বোর্ডে উপস্থাপিত করা হইরাছে। আমরা আশা করি, টারিফ বোর্ড সেই পত্রে প্রদক্ত বৃক্তির আলোচনা করিয়া খীকার করিবেন—করোগেটেড টিনের" মত প্রয়োজনীয় প্রব্যের উপর শুরু হ্রাস করা করিবা।

বর্জমানে এ দেশে লোহের কারখানার বৎসরে মোট কত হলর করোগেটেড "টন" প্রস্তুত হইতেছে, এই প্রসঙ্গে তাহাও আমরা জানিতে ইচ্ছা করি। তাহা জানিলে আমরা এই শিল্পের উন্পতির পরিমাণ পরিমাণ করিতে পারিব।

অন্ত্ৰ আমদানী-

বাদালার নানাস্থানে বে সব ডাকাইতী হইতেছে ও সভ্রাসবাদীরা বে সব হত্যাদি করিতেছে, তাহাতে দেখা গিরাছে, বে-আইনীভাবে বহু অস্থপত্র আমদানী হইতেছে। ইহার নিবারণ ব্যতীত দেশ হইতে সন্ত্রাসবাদ বিভারের ও সন্ত্রাসবাদীদিগের কার্য্যের প্রসারের পথ কছ করা সম্ভব হইবে না। এই জন্তু অনেকে সরকারকে বে-আইনীভাবে অস্থপত্র আমদানী বন্ধ করিতে বলিরাছেন।

এই বিষয় এত দিন সরকারের বিবেচনাধীন ছিল। সংপ্রতি সরকার বদীয় ব্যবস্থাপক সভায় এই উদ্দেশ সাধনোদেশ্যে এক আইনের পাণ্টাপি পেশ করিয়াছেন।

দেখা গিরাছে, নাবিকরা অর্থলোভে বিদেশ হইতে গোপনে অস্থাস্থ আমদানী করে এবং কতকগুলি লোক মধ্যবর্তী হইরা সে সকল বিক্রের করে। এই মধ্যবর্তীরাই অধিক বিপজ্জনক; কারণ, ইহাদিগের সাহায্য ব্যতীত আমদানীকারীরা বেমন অস্থাস্থ বিক্রের করিতে পারে না, ক্রেক্সেরাও তেমনই সে সব পাইতে পারে না। কিন্তু বর্তমান আইনে, ইহাদিগের নিক্ট ঐ সব অস্থাস্থ পাওরা বার না বলিরা, ইহাদিগের বেগ্রার করা ও দও নেওরা হতর। সেই কক্ত আইনে বিরু করা হইতেছে—

কোন পুলিন কৰিশনার বা জিলা ম্যাজিইট বদি মনে করেন, তাঁহার এলাকার পূর্বাক্থিভরূপ কোন মধ্যবর্তী থাকে বা সচয়াচর আইদে, তবে তিনি সে বিষয় স্থানীয় সরকারের সোচর করিবেন। তখন স্থানীর সরকার ঐ ব্যক্তিকে গ্রেপ্তার করিয়া ভাষার সহত্রে সংগৃহীত সব প্রমাণ ছই অন বিচারকের নিকট দিবেন। বিচারকছরের দাররা জন্মের অভিজ্ঞতা থাকা প্ররোজন। বিচারকহর ঐ সব প্রমাণ পরীক্ষা করিবেন এবং অভিযক্ত ব্যক্তির কিছ বলিবার থাকিলে ভালা ভালার নিকট চলতে অনিবেন। জাতার পর বিচারকরা তাঁহাদিগের নির্দ্ধারণ সরকারের গোচর করিবেন এবং সরকার, ইচ্ছা করিলে, ভদতুসারে অভিযুক্ত ব্যক্তিকে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পথে ভানতাাগের আদেশ করিতে পারিবেন। বাচার সহত্রে এইরপ আদেশ হইবে, সে বদি আদেশবিক্রম কাল করে, ভবে ভাহাকে বিনা ওয়ারেণ্টে গ্রেপ্তার করা বাইবে এবং তাহার ছুই বংসর সভাম কারাবাস দও হইতে পান্তিৰে।

বিচারক্লিগের নিকট আসামী বা সরকার কোন পক্ষই উকীল পাঠাইতে পারিবেন না। বাহাতে কোন লোকের বিপদের সম্ভাবনা থাকিতে পারে, বিচারকরা সেরপ কোন সংবাদ প্রকাশ করিতে পারিবেন না— সেরপ কোন প্রশ্নপ্র ক্লিয়ানা করিবেন না।

প্রার দশ বংসর পূর্বে গুণ্ডাদিগকে বৃহিত্বত করিবার লক্ত বে আইন বিধিবদ্ধ হইরাছিল, এই আইন ভাহারই অন্তর্মণ।

আইনের পাঙুলিপি ব্যবস্থাপক সভার আলোচিত হইবে। ইহার ব্যবস্থার বদি কোন ক্রটি থাকে, তাহা বদি লোকের প্রাণ্য অধিকার সঙ্কৃচিত করে, তবে ব্যবস্থাপক সভা অবশ্রই ইহার সেই সকল ক্রটি সংশোধন করিবেন।

যদি এই আইনে বাদালার বে-আইনী ভাবে অন্ত্রণত্র আমদানী বন্ধ হর, তবে বে বাদালার কল্যাণ সাধিত ইইবে, সে বিবরে সন্দেহ থাকিতে পারে না।

ভারতের তুলা রপ্তামী-

ভারতে বে তৃণার চাব হর, তাহার অনৈকাংশ বিদেশে রপ্তানী হয়। এই রপ্তানী তৃণার পরিমাণ আর নহে। বর্তমান ব্যবসা মলার পূর্বে ১৯২৮-২৯ পৃষ্টাবে কোন্ দেশে কত টাকার তৃণা ভারত হইতে রপ্তানী হইরাছিল, তাহার হিসাব দেখিলে ইহা বৃঝিতে পারা হার:—

ा म	পরিমাণ (টন)	মৃল্য (টাকা)
বিলাভ	80,500	দাড়ে ৪ কোটি
কাৰ্মানী	(b,•••	৫ কোটি ৭১ লক
ইটালী	£3,···	৬ কোটি ৬১ লক
ভাপান	269,000	২৯ কোট
বেল ব্লিয়ম	42,000	৬ কোটি ১৮ লক
চীৰ	92,000	৭ কোটি ২৯ লক

দেখা বাইতেছে, জাপান স্কাপেকা বড় এবং বিলাভ স্কাপেকা ছোট কেতা। বর্তমানে জাপানের কাপড়ের উপর আমদানী শুল্ক সংখাপনের বে ব্যবহা হইরাছে ভাহাতে জাপান ভর দেখাইতেছে, ভাহার প্রতিশোধ লইবার জন্ত সে ভারতের তুলা কর বন্ধ করিবে। বদি রপ্তানী ব্রাস হব, তবে ভাহাতে বে ভারতের ক্রবকদিপের বিশেষ ক্ষতি হইবে, ভাহা বলাই বাহল্য।

বিলাভী কাপড় বর্জিত হওরার এ দেশে বিলাতের কাপড়ের ব্যবসার বিশেব হুর্দ্দশা ঘটিয়াছে। সেই জল বিলাতের কাপড় উৎপাদনকারীরা এখন বিলাভী কাপড়ের উপর আমদানী শুদ্ধ হাসের প্রতিদানে কলে ভারতীর তুলা অধিক পরিমাণে ব্যবহার করিবার চেটা করিছেন। এই উদ্দেশ্যে তাঁহারা হুইটি উপার অবলমন করিতেছেন:—

(১) ভারতীর তুলার আঁকড়া ছোট হইলেও ভাহাতে বনি পাতা না থাকে, তবে তাহা কতকটা ব্যবহার করা বিলাতের পক্ষে সম্ভব। মার্কিণের ও মিশরের তুলার পাতা মিন্দ্রিত থাকে না। বিলাতে ভারতীর তুলা পত্র ও অস্তাস্ত আবর্জনা মৃক্ত ক্রিবার ক্ষম্ত কল আবিষ্কৃত হইরাছে। ভাহা ব্যবহৃত্তও হইতেছে এবং কলে বিলাতের কলে ভারতীর তুলার ব্যবহার বন্ধিত করা সম্ভব হইরাছে। সংশ্রেভি ব্যাকেটারের বণিক সভা

তথার ভারতীয় তুলার প্রাক্ত নানারূপ কাপড়ের এক প্রান্ধনী প্রতিষ্ঠা করিয়া ব্যবসায়ীদিগকে সে সব কেথাইরাছেন। এখন আশা করা বার, আপনার স্বার্থ ক্লমা করিবার কল্পও বিলাত অধিক পরিমাণে ভারতীর ভূলা ব্যবহার করিবে।

(१) বিলাতে মার্কিলের তুলার বেমন বাজার আছে, ভারতীর তুলার সেইরূপ বাজার না থাকার কলওয়ালারা ধধন ইচ্ছা বে কোন পরিমাণে ভারতীয় তুলা কিনিতে পারেন না। সেই জন্ম বিলাতে ভারতীর তুলার বাজার স্থাপিত হইবে।

এই চুইটি কার্য্যের দারা ম্যাঞ্চের্য়ের কাপড়ের কল-ওরালারা পরিবর্তিত অবস্থার গুরুত্ব উপলব্ধি করার ভারতের লহিত সহবোগে কাল করিবার ইচ্ছা ব্যক্ত করিবাকেন।

এ দেশে ভাপড়ের কলের সংখ্যা বাড়িতেছে এবং সে বৃদ্ধি আনিবাধ্য ও অভিপ্রেড। আনেক কল কেবল মিহি কাশক উৎপন্ন করিবার জন্তই প্রতিষ্ঠিত ইইতেছে।

কিরণে ভারতীর ক্বকের খার্থের ও এই সব কলের খার্থের সহিত ম্যাঞ্চেরারের খার্থের সামগ্রন্থ রক্ষা করা বাইতে পারে, ত হা বিবেচনা করির। ভারত সরকারকে কাল করিতে হইবে। তবে বে তুলা রপ্তানীতে ভারতের ক্বম খংগরে প্রার ৬০ কোটি টাকা পাইরা থাকে, ভাহার রপ্তানী বাহাতে হ্রাস না হর, সে দিকে দৃষ্টি রাখিতেই ইইবে। ভদ্তির ভারতের কলগুলিতে বাহাতে ভারতের তুলা অধিক পরিমাণে ব্যবহার করা সম্ভব হয়, কলগুলালিগকে বেমন তাহার উপার করিতে হইবে, সরকারের রুষি বিভাগকে তেমনই এ দেশে উৎকৃষ্ট তুলার চাবের ব্যবহা করিতে হইবে।

কাপত্তের কল সঙ্গ-

বন্ধদেশ বস্ত্ৰবিষয়ে খাবলখী হইবার যে সাধু চেষ্টা করিছেছে, ভাহা বিশেষ প্রশংসনীর। বালালার কাশচ্চের কলের সংখ্যাত্ত্তির সঙ্গে সংল কলের পরি-চালক্ষিপেট্ট ক্রান্ত হইবার প্রয়োজনও অস্তৃত হইবাছে প্রয়োজন ভাষা আরও অস্তৃত হইবে, সংলহ নাই। এইজন্ত আচার্য্য সার প্রাফ্রনজ্র রাবের আহ্বানে বিশ্ববিভালয়ের বিজ্ঞান-বিভালয়গুড়ে এক দব্দিলনের অনুষ্ঠান হইয়া গিয়াছে। ভাছার কলে ভির হইরাছে-বালালার কাপড়ের কলের পরিচালকলিগের একটি সমিতি প্রতিষ্ঠিত হইবে। বিভিন্নভাবে ভাজ না করিয়া সভ্যবভভাবে কাজ করিলে যে অনেক স্থাবিধা ষয়, তাহা বলাই বাছল্য। এইজন্ত আমরা এই প্রতিষ্ঠান প্রতিষ্ঠার আনন্দিত হইয়াছি। বোখাইরের কলওরালার। ৰে একাল পৰ্য্যন্ত বাঞ্চালার প্রতি সন্থ্যবহার করেন নাই, তাহা কাহারও অবিদিত নাই। কি**ছু আছ** সে সৰ কথার আলোচনা করা আমরা নিশুরোজন বলিয়া মনে করি। কারণ, বাদালা অনুর ভবিষ্যতে বেমন বিলেশের উপর আপনার আবশুক বস্ত্র বোদাইবার ভার দির৷ নিশ্চিম্ব থাকিবে না, ভেমনই অস্ত কোন প্রাদেশের উপরও সেজক নির্ভর করিবে না ৷ বাজালায় বে কাপড়ের কলের কভকগুলি বিশেষ স্থবিধা আছে, তাহাও সকলে জানেন। তথাপি যে এতদিনেও বাঙ্গালা वज्र विवरत चावनची इब माहे, हेहाहे छः एवत विवत्। আমরা আশা করি, নবগঠিত সত্ত্য বালালার কাপড়ের करनत পরিচালকদিগকে সভ্যবদ্ধ করিরা বালালার এই শিল্পের উন্নতি সাধনের পথ অগম করিতে পারিবেন। বাদালায় এই সজ্ব প্রতিষ্ঠার চেষ্টাতেও যে কেহ কেই বাধা দিয়াছিলেন, ভাহাতেই প্রতিপন্ন হয়-ভাহার: মনে করিতেছেন, বান্ধালার এই শিল্প স্থপ্রতিষ্ঠিত হইলে অনেক স্থানে অক্তান্ত প্রদেশের লাভের হ্রাস হইবে। কিন্তু বালালা কথন সেজজ আপনার স্বার্থ নট করিবে না। আমরা আচার্য্য রায় মহাশরের উল্লোগে প্রতিষ্ঠিত এই সক্তের উন্নতি কামনা করি।

ব্যবস্থা-সচিব--

ভারত সরকারের ব্যবস্থা-সচিব সান্ধ রভেন্তানা মিত্রের কার্য্যকাল শেষ হইতেছে। ভারত সরকার তাহার হানে সার নৃপেন্দ্রনাথ সরকারকে ঐ পদ প্রদান করিবেন, প্রকাশ করিরাছেন। বড়লাটের সদস্য-পরিবদের প্রথম ভারতীয় সদস্য--বাদালী লর্ড সভ্যেন্ত্র প্রসঙ্গ দিংছ। ব্যবস্থা-দচিব সভীপ্রঞ্জন স্থাস মহাপ্রের অকালমৃত্যর পর সার ব্রচ্ছেলনাথ ঐ পদ পাইরাভিলেন। তিনি ছটি নইলে বাদানী নার বিপিনবিহারী বোষ ঠাহার ভাবে কাভ করে। এবার স্থাব একজন বাছালীর নিয়োগে কোন কোন প্রদেশের জোকের मत्न विशांत छेडव व्वेद्धांटक् । त्रिमिन व्यवस्थ-शतिवाम একজন মদ্রবেশবাদী বলিয়াছেন, বাছালা অন্ত স্ব विषय मामना दम्बाईएक मा नातिरम्थ बावछ।-मिठव প্রদানে বিশেষ সাফল্য দেখাইয়াছে। কিন্তু ভিনি কি কানেন না, পরবোকগত গোপালকুফ গোখলে একদিন ব্যবস্থাপক সভার বলিয়াছিলেন, জ্ঞাদীশচন্দ্র বস্তু, প্রফলচন্দ্র রাম, রবীন্দ্রনাথ ঠাকুর, রাসবিহারী ভোষ এ সকল লোক বালাবার নির্দের বাতিক্রম 'নছেন: পরস্ক বাঙ্গালীর মনীবার স্বাভাবিক ফল। কোন কেত্ৰে বালালার মনীয়া বৃত্তিত হইয়াছে ? রাজানীতির কেত্রে কাহারা নেতৃত্ব করিয়াছেন ? আজ সমগ্র দেশ বাঁহাকে নবভারতের প্রবর্তক বলিয়া সন্মান করিতেছেন, সেই রাজা রামমোহন বখন সকল দিকে অন্ধকারে আলোক বিভাব করিয়াছিলেন, এখন পর্যায় আরু কোন প্রদেশে ভাঁহার সমকক লোক আবিভূতি হইয়াছিলেন ? আমরা অস্তান্ত প্রদেশকে বলি-প্রথমে উপযুক্ত হইরা পরে। আগা করিছে হয়, এ কথা যেন তাঁহারাও ভূলিয়া না যান-যেন আমরাও না ভুলি।

শরলোকে আচার্য্য মুরলীথর—

বিগত ১৪ই অগ্রহারণ (১০৪০), ইং৩০এ নবেছর ১৯৩৩, কলিকাতা সংকৃত কলেজের ভ্তপূর্ব্ব অধ্যক্ষ আচার্য্য মুরলীধর বন্ধ্যোপাধ্যার এম-এ, বিভারত্ব মহাশর, ৬৮ বৎসর বরসে, ভাঁহার বালিগঞ্জন্তিত গৃহে অবস্থান কালে লোকান্ডরিত হইরাছেন। সম ১২৮২ সালের ২১৯ এপ্রেল, চবিবশগরগণা, বাঁটুরা প্রায়ে আচার্য্য মুরলীধর বন্দ্যোপাধ্যার মহাশরের জন্ম হর। তিনি প্রেসিডেলী কলেজ ও সংস্কৃত কলেজে শিক্ষা লাভ করেন। ১৮৯০ খুটান্থে তিনি এম-এ প্রীকার সংস্কৃতে প্রথম শ্রেণীর প্রথম হইনা

উত্তীর্ণ হন। ১৮২১ খৃষ্টাক্ষে তিনি কটক রাজেকা কলেকে অধ্যাপক পদে নিযুক্ত হন। ১৯০৩ খৃষ্টাকে তিমি সংস্কৃত কলেকে ভাইস-প্রিক্ষিণ্যালের পদ গ্রহণ করেন। পরে তিনি ঐ কলেকের প্রিক্ষিণ্যাল হন, এবং ১৯২০ খুমীকে ঐ পদ হইতে অবসর গ্রহণ করেন। ১৯১৭ খৃষ্টাক্ষ হইতে ১৯৩২ খৃষ্টাক্ষ পর্যন্ত তিনি কলিকাতা বিশ্ববিদ্যালরের পোষ্ট গ্রাজ্বটে বিভাগের সহিত সংশ্লিই ছিলেন, এবং উহার সংস্কৃত বিভাগের সমৃদ্র ভার ভাঁহাইই উপর ছিল। তিনি শিক্ষা, সমাক্ষ এবং স্তীক্ষাতির উরতিবিধান কল্পে অনেক কাক্ষ করিবাছিলেন। বালিগকে তিনি



আচাৰ্য্য ৺মুরলাখর বন্দ্যোপাধ্যায়

বালিকানিগের জন্ম একটি উচ্চপ্রেণীর বিদ্যালয় এবং
নারী সমূরতি সমিতি স্থাপন করিয়া গিরাছেন।
মৃত্যুকাল পর্যান্ত তিনি বেশল সোসিয়াল রিম্পুর লীগের
সভাপতি ছিলেন। তিনি করেকথানি সংস্কৃত সুলপাঠ্য
পুত্তকও প্রথমন করিয়াছেন। 'ভারতবর্ধে'র লেথক
বিলাত-প্রভ্যাগত জীবুক হিরপ্রয় বন্দ্যোপাধ্যায় আই-সিএস মূরলীবাবুর পুত্রসপ্রের অন্ততম। জামরা তাঁহার
সাজীরসক্রেনর শোকে সম্বেহনা জাপন করিতেছি।

ইউনিয়নবোর্ড-

চর্বিশপরগণার ইউনিয়ন বোর্ডসমূহের বার্ষিক मस्यमान नमीवात स्कना त्वार्डत क्रितासमान बाद মগেব্রনাথ মুণোপাধ্যার বাহাতর সভাপতির আসন গ্রহণ ক্রিয়া যে অভিভাষণ পাঠ ক্রিয়াছিলেন, ভাহাতে ভিনি করেকটি যুক্তিপূর্ণ কথা বলিয়াছেন। আমরা সংক্ষেপে সেইগুলির উল্লেখ করিতেছি। ১৯২৯ খুটাম हरेए ১৯৩२ थुंडोच भगास **ठा**ति वरमत्त वस्ताम (सना বোর্ডের অধীন কি পরিমাণ স্থান এবং কত লোক ইউনিয়ন বোর্ডভুক্ত ছিল, তাহার সংখ্যা এবং ক্রমোরতির হিসাব দাখিল করিয়া রায় বাহান্তর সভাপতি মহালয় সিদ্ধান্ত করিয়াছেন যে, ইউনিয়ন বোর্ডের উপর লোকের প্রথম প্রথম যতটা বিরাগ ছিল এখন আর ততটা নাই.--ক্রমেই উহার উপর ভাহাদের অনুরাগ বৃদ্ধি পাইতেছে. ক্রমেই লোকে ইউনিয়ন বোর্ডের উপকারিতা ব্ঝিতেছে। क्वन हेशहे नत्र.--मञ्चमकि मद्याप्त लादक छान বৃদ্ধি পাইতেছে, এবং ইউনিয়ন বোর্ডের কল্যাণে তাহারা সক্তবদ্ধ হইয়া কার্যা করিতে শিখিতেছে।

ইউনিয়ন বোর্ড গঠন করিয়া দেশবাসী কোন কোন্ ক্ষেত্রে কি কি উপায়ে উপকৃত হইতে পারে, সভাপতি মতাশয় ভাতাও দেখাইরা দিয়াছেন। জাতি-গঠন বিভাগের যে চারিটি মূল ক্ত্র—বাস্থ্য, শিকা, রান্তা ও জল-সরবরাহ, ইউনিয়ন বোর্ডের সাহায্যে এই চারিটিরই উন্নতি সাধন করা বার। कি ভাবে এই সকল কার্যা পরিচালন করিতে হইবে, এবং কোন কোন স্থানে কি ভাবে ইহার কার্য্য চলিতেছে, রার বাহাত্বর তাহারও বিশ্বত আলোচনা করিয়াছেন। তিনি দেখাইয়াছেন. গ্রাম্য স্বারত্ত-শাসন আইনের সাহাব্যে ইউনিয়ন বোর্ডগুলি ব্যাপক ভাবে ড্রেণ কার্চী, জঙ্গল পরিকার, গর্ব, ডোবা खत्रां कता, बाालिगारनिवरांन विकिश्मा-वावला, वम्रस्त हीका, करनदांत्र हीका, शतिकात बन मत्रवतार-ध मकनहे ক্রিভে পালে। গবর্ণমেট বাললা দেশকে কভকগুলি কুলে বিভক্ত করিয়া প্রত্যেক কেলে বার্ষিক ২০০০ होका ताब बन्नांक कतिया अक अकृषि Rural Health

Centre গঠন করিরাছেন,—ইউনিয়ন বোর্ডসমূহ এই
সকল কেন্দ্রের সহিত সহবোগিতা করিরা গ্রাম্য স্বাস্থ্যের
প্রভৃত উরতি সাধন করিতে পারেন। বাহারা ইউনিয়ন
বোর্ডের বিরোধী, জাতি-গঠন কার্য্য বাহারা গবর্ণমেন্টের
সাহার্য-নিরপেক্ষ হইরা করিতে চাহেন, তাঁহারা বে
উপারে পারেন জাতি গঠন ও পল্লী-স্বাস্থ্যোরতি সাধন
করুন; তাই বলিয়া, ইউনিয়ন বোর্ড ও Rural Health
Centreএর ছারা বেটুকু কাজ হইতে পারে, তাহাতে
উপেক্ষা করা প্রবৃদ্ধির কার্য্য হইবে না।

মাননীর রার বাহাত্র ইউনিয়ন বোর্ডগুলিকে অধিক
তর ক্ষমতাশালী দেখিতে চাহেন,—তাহাদের কার্যাশক্তি বর্দ্ধিত করিতে চাহেন। স্বারন্তশাসন আইনে গৃহনির্মাণ বাবদ ইউনিয়ন বোর্ডের হাতে বে ক্ষমতা দেওরা
হইরাছে তাহা অতি সামান্ত। যথেই ক্ষমতা পাইলে
ইউনিয়ন বোর্ডগুলি সেই ক্ষমতা পরিচালন করিয়া
ভবিত্রতে স্বাস্থাবিধিসমত গৃহ নির্মাণে লোকদিগকে বাধ্য
করিতে পারেন। তাহাতে পল্লী স্বাস্থ্যের আরও উরতি
হইতে পারে। রার বাহাত্র আরও একটি কথা বিল্লাছেন যে গ্রাম্য দলাদলির ফলে অনেক হলে ইউনিয়ন
বোর্ডের কার্য্য ব্যাহত হইরা থাকে। তিনি বলেন,
ইহাতে কেবল নিজেদেরই ক্তি হইতেছে। তদপেকা,
যদি দলাদলি বিসর্কান দিয়া পরস্পারের স্ত্রে সহযোগিতা
করা যার তাহাতে সকলেরই উপকার। কথাটা বে প্র

পরলোকে হরেক্রলাল রায়—

আমরা গভীর শোকসন্তথ চিত্তে প্রকাশ করিছেছি
বে, আমাদের অকৃত্রিম বরু, 'ভারতবর্ধে'র পরম হিতেবী,
সুধী সাহিত্যিক হরেজ্রলাল রার মহাশর বিগত ১০ই
পৌব ভারিখে তাঁহার ভাগলপুরের বাস-ভবনে প্রলোকগত হইরাছেন। 'ভিনি ভাগলপুরের উম্পিল ছিলেন।
কিছুদিন হইতে তিনি নানা ব্যাধিতে শ্ব্যাগত হইরাছিলেন। কিছু তিনি বে এত শীরই লোকাশ্বিত

হইবেন, এ আশকা আমাদের মনে উদিত হর নাই। হরেজ্রবাব্ 'ভারতবর্গের প্রতিষ্ঠাতা কবিবর ছিলেজ্রলালের জ্যেষ্ঠ ভাতা ছিলেন; ছিলেজ্রলালের স্থার তিনিও বাদালা সাহিত্যের একনিষ্ঠ সেবক ছিলেন। আমরা হরেজ্রবাব্র আত্মীর স্কন ও অসংখ্য বন্ধ্বাদ্ধবের গভীর পোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

নিখিল-ভারত শারী-সম্মেলন-

গশুভি কলিকাভার নিধিল-ভারত নারী-সম্মেলন নামে যে অধিবেশন হটরা গেল, তাথের বিষয় জন-করেক সম্রান্ধা মহিলা ব্যতীভ, বাঞ্চার সাধারণ নারী**জাতির সহিত তাহার কোন বোগ ছিল না**। বাৰলার এখন নারীসম্পর্কে প্রধান সমক্তা-নারীহরণ। বাললার নারীর প্রধান বাথাই নারীধর্যণ ব্যাপারের সম্পর্কে। বর্তমানে বাজলার তথা সমগ্র ভারতে ইহার অপেকা বড সামাজিক সমস্তা আরু নাই বলিলেও চলে। নারীদের মধ্যে পুঁৰিগত বিস্থার প্রচার এখনও বেশী হয় নাই বটে, কিছ সে পক্ষে প্রচুর এবং প্রবল উত্যোগ আরোজন বে আরম্ভ হইরাছে ভাহার লক্ষণ চারিদিকেই দেখা বাইভেছে। মেরেদের উচ্চ শিক্ষালাভের স্থবিধার ৰম্ন প্ৰেলিডেনী কলেৰ ছাড়া, বাৰলার প্ৰায় প্ৰত্যেক বেসবকারী ছেলেদের কলেকে মেরেদের শিক্ষার বাবস্থা করা হইয়াছে। ভাছাড়া গত হুই ভিন বৎসরের মধ্যে কলিকাভার এবং মফংখলে মেরেদের অস্ত বচসংখাক হাই স্থুল ও মধ্য শ্রেণীর স্থুল স্থাপিত হইয়াছে ও হইতেছে। স্থতরাং শ্রীশিক্ষাসমস্তা একরপ সমাধানের পথে চলিল্লাছে বলিভে হইবে। এবং অবলোধ প্রথাও ভাছিয়া আসিল বলিয়া। কলিকাভার অবরোধ প্রথা অনেকটাই উঠিয়া গিয়াছে। পদ্মীগ্রামে এখনও কিছু কিছু থাকিলেও ভাহার কঠোরতা অনেকটা কমিয়াছে। কিছু ভংগরিবর্তে নুভন বে সমস্থার স্টে হট্রাছে সেটা নারী হরণ ও নারী ধর্বণ। ইহার জন্ত দারী পুরুষ জাতির ক্লৈব্য। পুরুষেরা বধন নারীকে রকা করিতে অক্ষয় তখন বভাবতই নারীকে আত্মরকার ভার নিজ হজেই গ্রহণ করিতে হর। নারীদের বার্থ

রক্ষার জন্তই বধন নারী-সংখ্যলনের প্ররোজনীয়তা, তথন
"নিধিণ-ভারত নারী-সংখ্যলনে" এই নারী হরণ ও' নারীধর্ষণই প্রধান জালোচ্য বিষয় হইবে, এবং ইহার
তিকারেরও একটা উপার জ্বলবনের জালোচনা
হইবে ইহাই দেখিবার প্রত্যাশা সকলেই করিতেছিলেন।
কিছু জাশ্চর্যোর বিষয় এই বে, সংখ্যলনে এই জালোচনা
উথাপন করিবার প্রযোগও মিলে নাই। এ সহজ্ঞে
প্রজ্জা সরলাবালা সরকার মহাশয়া সংখ্যলনে
বে উক্তি করিয়াছিলেন তাহা পাঠকগণের জ্বগতির
জন্ত আমরা নিয়ে উদ্ধৃত করিলাম—

"এই নিখিল ভারত নারী সম্মেলনের সর্বাপ্রথম সর্বা-প্রধান আলোচনার বিষয় নারীহরণ সম্বন্ধে হওয়া উচিত ছিল। বালনার করেকজন এই বিষয়ে প্রশ্ন তুলিতেন, কিন্ত হৃংখের বিষয় ভাষা তুলিতে দেওয়া হয় নাই। নারীহরণ সম্বন্ধে প্রত্যেক ভরীরই সম্বাগ হওরা কর্মনা। আমাদের ভন্নীগণ গৃহে থাকিরাও নিরাপদ নহেন। সভ্য নাগরিকের পক্ষে ইহা অপেক্ষা তু:খের লজ্জার বিষয় আর কিছু থাকিতে পারে না। সমগ্র ভারতবর্ষের মধ্যে বদি একটা নারীও নির্যাতিভা হন ভাহা হইলে প্রভ্যেক নারীরই সেই সম্বন্ধে তৎক্ষণাৎ সম্রাপ ছওরা কর্ত্তরা। निक्स्पन धर्म बकाब अन्न करनक नाडी हेशाल लान পর্যান্ত দিয়াছেন। বাহাতে সেই দুর্বভূত্তগণ শান্তি পার, ভজ্জ আমাদিগের যথাযোগ্য ব্যবস্থা করা উচিত। ইয়ার ক্ষুত্র বিশেষ আদালত বিশেষ আইন প্রবর্ত্তিত হওয়া कर्खरा: छोटा ना स्टेरन धरे नात्री मरचनन रार्थ स्टेरर । আমাদের এখন এরপ ব্যবস্থা করা উচিত যাহাতে নারী-হরণবরূপ ছুরপনের পাপ ভারত হইতে চিরকালের জঞ্ विनुष्ठ इव । नाजी मत्यनन इटेंट्ड टेराज बक्र अक्टा वित्नद সাব-ক্ষিটী গঠন করিয়া বাহাতে এই নারীহরণের প্রতি-কার হয়, ভাহার বথাবোগ্য ব্যবস্থা করা উচিত।"

"নিধিল-ভারত নারী-সংখলনে" সর্বপ্রথম ও সর্বপ্রধান নারী-সমক্তার আলোচনা না হইবার কারণ বোধ হর এই বে, এই সংখলন ভারতের নারী-সমাজের প্রতিনিধি নহেন নচেৎ, সংখলনের সংখ সাধারণ নারীসমাজের অন্তরের বোপ থাকিলে কথনই এক্রপ বিসকৃশ ব্যাপার ঘটিতে পারিভ না।

वानी-वन्न

(ছাত্র-সমাজের)

बीकानिमान तार, कवित्यवंत, वि-अ

এস গো জননি, বছর পরে।
মামুলি প্রথার ডাকি না তোমার শীত-কম্পিত গলার স্বরে॥
মাগো— ডাকিডেছি বটে, বিধা জাগে মনে,
আসিবে কি হায় হেথা অকারণে,
ইটের পাঁচিরে খেরা নগরের রুদ্ধ বাতাস বদ্ধ ঘরে!

স্থলত বিভা বাঁথি বুলি বাঁথা রঙিন মলাটে বিকার বেখা,
চাণা পড়ে বাবে সে হাটের ভিড়ে ইংসটি ভোষার মহামেজা।
বেখা— বিদেশীর বুলি শিখিবার লাগি
বাড়া ভাত কেলি সারা রাভ জাগি,
কঠোর সাধনা করি, ভরসা যে যোটর একলা বিলিবে বরে॥

বিভা বেথার বিক্রীত হার বোতলে প্রিরা লেবেল আঁটি, বারো-আনা বার মেকি ও ভেজাল, সাড়ে চ'র্আনাও মিলে না থাঁটি।

কমলের বুল তেরাগি জননি, আদিবে কি এই বেজবনে? বেণু বীণা বেথা কখনো বাজে না — বেথা নাজে অহিনকুল রণে।

বেধা— পুর-ক্ষণার কুণা গভিবারে শুধু আরোজন বেঞ্চি চেরারে, ছ-পকেট ভরি লুটি ধেরা-ক্ষি শুধু পরীক্ষা পাশের ভরে॥ মাগো— তুমি ব্নো রামনাথের অননী
বিজ্ঞানী-পাথার হাওয়া ত থাওনি,
ভরসা হয়না আসিবে যে তুমি বিজ্ঞান যুগের আড়খরে ॥

এক কাজ কর, গোলদীবি-জলে ভাসারে হাঁসটি এস মা ভবে,
পরক নাই, পর ত আছে ? ভোমার চরণই কমল হবে।
কাছে— সেনেট হাউস, গ্রন্থ-বিপদি,
বন্ধ ড্'দিন ভর কি জননি,
আছে টাম বাদ মোটরের শিঙা! বীণ টি না হর এননা করে॥

সাহিত্য-সংবাদ

মবপ্রকাশিত পুস্তকাবলী

শ্বীনরোক্সার রার চৌধুরী প্রণীত উপক্রাস "আকাশ ও মৃত্তিকা"—২,
শ্বীমতী অস্থ্রপা দেবী প্রশীত উপক্রাস "আক্ অপরেশচন্দ্র

স্থোপাধ্যার কর্তৃক নাট্যাকারে পরিবর্তিত—১,
শ্বীরাজেন্দ্রনাথ যোব বাধ্যাত ও সভলিত "শ্বীমত্তাগবলগীতা"—৩,
নাম সাহেব শ্বীকৃষ্ণীচরণ বিভাতৃবণ এক-টি-এস প্রণীত
"শীতা ও তাহার বৌগিক ব্যাখ্যা"—২,
শ্বীনিক্রেন্ট্রীন্ট্রী চন্দ্রমূর্তী প্রণীত জীবল চরিত
"ম্বেন্স্ আন্তাম্ গারকীত"—১) ০
শ্বীনার্ট্রীক্র বাং প্রারম্পারক্রিক্র বহু প্রার্ট্রীক্র বাংলা"—। ০

শিববান প্রশীক নাটক "নর-নারায়ণ"—IJ+ শীক্ষাকলাল ভব ধাণ্ডি (হোট গল)—৮+ ভাজার শীনরেশচন্দ্র দেনগুপ্ত এম-এ, ভি-এল প্রবীত উপস্থাস
"নিকটক"—১1°
শীনিক্সকুমার রার সম্পাদিত বঙামার্কের দপ্তরের সপ্তর এছ
"ইনেওে কম দ্বর্থ"—১1°
শীক্ষাদানচন্দ্র গুপ্ত প্রশীত উপস্থাস "উন্নয় কেখা"—১
শীক্ষাদানার প্রশীত নাটক "জ্বোগ্রা"—১1°
শীক্ষাদানার তালিত পারা অশীত কাব্য "ক্রা গু বোলিত"—১
শীক্ষানার তালিতার প্রশীত কাব্য "ক্রা গু বোলিত"—১
শীক্ষানার তালিতার প্রশীত কাব্য "ক্রা গু বোলিত"—১
শীক্ষানার তালিতার প্রশীত কাব্য "ক্রা গু বোলিতা"—১

অশরৎকুমার রার ⊄ণীত "রাজবি রামমোহন"—৸•

बिनोनवन् रमयगात्री कुछ "तम मात्र"—>√•

Publisher GUDULANSHUSEKHAR CHATTERJEA or Master. GUBUDAS CHATTERJEA & SONS 201. Cornwallis Street, Calcutta

Printer—NARENDRA NATH KUNAR
THE BIJARATVARSIJA PRINTING WORKS
203-1-1, Cornwallis Street, Cal.



ফাল্ডন-১৩৪%

দ্বিতীয় খণ্ড

একবিংশ वर्ध

তৃতীয় সংখ্যা

ভস্মাস্থর

অধ্যাপক শ্রীপ্রমথনাথ মুখোপাধ্যায় এম-এ

পুরাণে গল্প আছে, এক দৈত্য তপভাব মহাদেবকে তুট করিয়া এক অন্তত্ত বর শইয়াছিল। একে আওতোষ, তাতে আবার ভোলানাথ; কাঞ্জেই, "তথাত্ব" বলিয়া ফেলার সময় আর থেয়াল করেন নাই--বরের প্রাদ্ধ কতদ্র গভাইবে। ও দেবতাটির না হয় ভাঙ্ ধাইয়া নেশা করার ব্যায়রাম আছে; কিন্ধু ব্রহ্মা ও বিষ্ণু থাসা "দেন ও সোবার" দেবতা, তাঁরাও দেখি সময় সময় বর দিতে বাইরা এমন বেতাল হইরাছেন বে, শেষকালে তাল দাম্লাইতে "আত্মারাম থাঁচা ছাড়া" হবার উপক্রম ^{হট্}য়াছে। এক এক সময় বেশ তালিমও দেখি তাঁদের। চিরণ্যকশিপু তপতা করিয়া অমর হবার সাধ করিল। কিন্তু সে আর্জি সরাসরি মঞ্জর হইল না। তথন তিরণাকশিপু অবধ্য রহিবার এমন এক ফিরিন্ডি বাহির कतिन, गांटि मर्स्तत कांक वाहित कतात अस मी अभवादनद विति श्री कार्याचन श्री माहित । वृक्ति भन्न कतियां দিরিতি বাহির করিলেই ফাঁক কোথাও না কোথাও বিভিন্ন ঘাইবেই : আর সেই ফাকেই শেষকালে মাৎ হইতে হইবে ৷ এই ত্রন্ধান্তের কারবার যাহা হইতে এবং যাকে আশ্রম করিয়া চলিতেছে, তার নাম প্রকৃতি। প্রকৃতির গতি বা ধারাই নিয়তি-Reign of Cosmic Law ! এটা একটা বিশ্ববেডা জাল। এ জালের ভিতরের कान किहूद शारा थ कान अफ़ावाद (शा नाहे। "वृद्धि" क "মহৎ" বলা হয় বটে, কিন্তু ভার "মহত্ব"ই বা কতটুকু! বিশবেড়া জালের ভেতরেই দে রহিয়াছে ও থেলিতেছে। বুদ্ধি প্রস্কৃতির ছহিতা। মেরে মার ঘাড়ে চড়িবে, মাকে ডিঙাইয়। বাইবে, এমন বেয়াদবী ভার থাকিলেও, পরওয়ানা নাই। বৃদ্ধি ছারা প্রকৃতির (राज-भाना, धमन कि, भाननहार, दाका याद ना। বুঝিতে গেলে নিজের ঘাড়ে নিজে চাপিতে হইবে. নিৰের ছারা নিজে ডিঙাইতে হইবে। বোঝার কার্পণ্য त्रश्रिक्, कैंक् शांकित्वहै। त्महे मार्गनिक काल्हिन ভাৰাৰ-Thing-in-itself is un-understandable. Forms and Categories have no transcendental application.

এই ত' গেল মেন্ত্রের বাহাছরি! নাভিটির খাহাছুরি আরও চমৎকার। প্রকৃতিঠাকুরাণীর নাতি অহলার, অশিতা — " লামি"-জান। আরও তলাইরা হিসাব করিয়া নাজির "রাশ নাম" রাখিতে হর। কিন্তু, আমরা টুরাক নার্ট্রেই" कांक हानाहेव! नाजिति त्यमन अखिमानी, दुम्म आव्-দারী। দিদিমণি নাতির আব্দারেই এ ত্নিয়াদারীর যত কিছু ভালিতেছেন, গড়িতেছেন। আনুদারও অফুরত, বার না ৮ গীতার ঐতিপুন ভাই না "মহদ এল" ভালাগভাও অফরন্ত। কিছু একটা আব দার দিদিমীপি রাখেন না--রাখার তাঁর সাধা নেই। নাতি-- অহত্বার--আব দার করেন-"দিদিমণি, আমি তোমার চাইতেও বুড় হব ; তোমাকে ডিঙিয়ে যাব।" দিদিয়ণি ক্লাক্র সভ্য-সভাই "ছোট" হবেন কিরপে ? তিনিই যে "প্রধান"। তবে, নাতিটিকে ভোলানর অক কত-না ফলি বাহির করেন। কখনও নাতির চোধে টুলি পরাইয়া দিয়া বলেন-- "এই দেখ, যাত্মণি, কত রতি আমি, আর তুমি कछ वड़ !" याद्यनि त्शांहा, आछ मिमियांहित्क तम्बिट्ड না পাইরা, তাঁর কাণ্টুকুতে হাত বুলাইরাই ভাবে--এই ভ' ধ'রেছি, এই ভ' পেরেছি তোমাকে! দিদিমণি নাতির কচি হাতের কাণমলা খাইয়া হাসিয়া আট্থানা। ভাবেন-কেমন ঠ'কিমিছি! নাতিও হাসিলা কুটুপাট। ভাবে-কেমন জিভিচি।

কিন্তু কাণ ধরিয়া টানিলে যে মাথা আসে ৷ মারুষের অভিমান ভার দর্শনবিজ্ঞানের ভেতর দিয়া সময় সময় मिनिमिशित कांग धतिया होनियाहरू । होनिया त्मरथ-আর একটা কিছু আসিয়া পড়িতেছে। সেটা কাণের চাইতে বড। মাথা ধরিয়া নাডানাডি করিলে গদান ও ধত আসিয়া পডে। সেগুলো আরও বড। দিদিমণির আর এক নাম তাই "অব্যক্ত"। তবেই ত'। দিনিমণি ত' আছা ঠকান ঠ'কিয়েছে! এ বেঠিকের ঠকাটি ঠিক ঠিক বুঝিলেই লেঠা অনেকটা চকিয়া যায়। তথন চোধের ঠুলি ধনিয়া পড়ুক আর নাই পড়ুক, সুস্থিয় হইরা দিদিমার "কোল জুড়ুরা" বদিতে পাওয়া যায়। নাতি দিদিমণির মিটি সম্পর্কটুকু বোঝাতেও খন্তি! এই "কোল জড়িয়া" বসাই না কি প্রকৃতিত হওয়া-Live in Nature and according to Nature. অপ্রকৃতিয় থাকিতে শ্রু হওয়া বার না। মায়বের অহমিকা তার

দর্শনবিজ্ঞানের ভেতর দিয়া নষ্ট "স্বাস্থ্য" ফিরিয়া পাইবে কৰে ? অবভ, "প্রকৃতিছ" হবার আর এক মানেও আছে--- "বর্গপ্রতিষ্ঠ" হওয়া। সেটা আপাডভঃ থাক।

বৃদ্ধি ও অহম্বারের এই স্বাভাবিক ন্যুনভার জন্ম ভাদের কোনও ফলিতে বা ফিরিন্ডিতে প্রকৃতির গতি-বেটাকে আমরা বিশ্ববেডা জাল বলিতেছিলাম-অভিক্রম করা বৰ্শিয়াছেন। ফনিতে ছিন্ত, ফিরিন্ডিতে ফাঁক থাকিবেই। এ ফাঁকি যে বুঝিল না, সে অযুক্ত বৰ্ষ পঞ্চাপ্তি তপভা করিয়াও "কাঁচা ঘুটি" রহিয়া গেল। → মধুকৈটভ, হিরণাকশিপু, রাবণ, আরও কত কে তশৈসার কত্র করেন নাই, কিছু সেই "চিরজেণে" নাতিটির ধর্মরে পডিয়া শেষকালে সগোষ্ঠা নাজেহাল হইয়াছেন দেখি: যাই হোক, আমরা যে দৈতার কথা পাড়িয়াছি, তার পাওয়াবরটি বড়ই অভত। অবভা, বর মাগিতে সেলৈ প্রায় কেহই কম করিয়া মাগেন না। প্রহলাদের মত ড়'একজন "অনপারিনী", "অব্যভিচারিণী" মাগিয়াছেন বটে, কিন্তু প্রায়ই দেখি-মাগিতেছেন "আমার অমর বর দেও"। যতথানি আ**লা.** ততথানি অবশ্ পূরে না। আশা না পুরিলে কেই কেই নবীন উভ্তমে আরও কঠোর ভপঃ করিতে স্থক করিয়া দেন। তখন দেবতাকে আবার ছুটিয়া আসিতে হয়। কিঃ দেবারও আবৃত্তি মঙ্র হইল না। তখন, অগত্যা, একটা বফা নিষ্পত্তি করিয়া ফেলিতে হয়। দেবতা ছয় ড' সর্ত্রকী করিয়া অমরত দিতে প্রস্ত। আচ্চা, ভাহাই ट्राक्। मर्त्वत्र कितिचि भूमाविमा ट्रेन। यङमृत काँ। সাঁট করা চলে, করা হইল। যিনি বর পাইলেন, ভিনি ভাবিলেন,-- "কাজ হাঁদিল হইয়াছে। যে রক্ষ বঞ্চ আঁটনি দিয়াছি, তাতে আমাকে ছোঁয় আর কার সাধা!" কিন্তু, সেই বে-আক্রেলে নাভিটির কাঁচা ছাতের বা আঁটনি ত'। ও ত' ফল্পা গেরো হইরাই আছে !

প্রকৃতির গতি অথবা নিয়তিতেই ঢালা-উবুর, ভালন-গড়ন চলিতেছে। এ এলেকার মধ্যে সমস্তই কর; व्यक्त किहूरे नारे। সমন্তই बन्नामि-वर्षे-পরিণামশীল। এ বিশ্বপ্রবাহের ধারা অন্তিক্রমনীর। অস্ততঃ পক্ষে, প্রকৃতিঃ গোষ্ঠী, নাতিপুতি সৰ খোদ মেলাকে ৰাহাল ভবিয়তে

বজার, কারেম রাখিরা কেচ্ট এ ধারা অভিক্রম করিতে সমর্থ নর। এ ধারার ভেডরে গভি স্তিভি-- সবই আপেকিক।--এটা Realm of Relativity. একটানা এক দিকে গভিও বরাবর সম্ভবপর নর। এমন কি, "শূক্তে"ও নয়। আমাদের এই পৃথিবীর পিঠে এক জারগা হইতে চলিতে সুক্র করিয়া চলিতে চলিতে যেমন আবার সেইখানেই ফিরিয়া আসিতে হয়, তেমনি Space বা নভ: প্রেদেশেও গতিও না কি এক সরল রেথায় অনন্ত নয়; স্মাবার ঘুরিয়া স্মাসিতে হর। এই 🤧 वा Space शत वाक्का (curvature) अपू (य গণিতের **আজগবি ধেরাল, এমন নর। দেশ ও কাল**— ূই সম্পর্কে দেখিতে বলিতে হয়---এই বন্ধাণ্ডটা একটানা, গোলাম্মজি, বরাবর কোন এক দিকে ছুটিতেছে না: গুরিষা ফিরিয়া পুর্বাবস্থার আদিতেছে; আবার চলিভেছে; আবার ফিরিয়া আসিতেছে। এটা একটা 5.4-গতি--cyclic. যাক, এ শব্দ কথাটা এখানে পাড়িলাম মাত্র। আসল কথা, অমর হইতে গেলে এই প্রাকৃত ধারা হইতে কোন উপারে আলগ হইতে **১ইবে। আলগু হবার নানান উপার আছে, অথবা,** একই উপায়কে নানানু রকমে দেখান হইয়াছে। ে সব দৈতার তপস্তার কথা বলিয়াছি, তারা কেচ্ই আলগু হবার রাভা ধরে নাই। অথচ, না ধরিষাই সাধ করিল-ভাষর, আঞ্রর, আকর হইব। য়তে যা হবার নয়, ভাতে তাই করিতে চাহিল। कारबहे. कांकिए পफिएक इटेन। উপনিবং हेल-বিরোচনের উপাধ্যান বলিয়া আমাদের মূল ভবটি তনাইয়াছেন। "বিরশাঃ, বিমৃত্যু, বিশোক" বস্তুটিকে পাব বলিলেই পাওয়া বার না। পাওয়ার রাভা ঠিক আছে বটে। সেই ঠিক ঠিক রাভার হাঁটিতে হর। ভপশ্চা করিলেই ঠিক রান্তা ধরা হর না। আধুনিক যুগের অভিমানী আত্মাও ত' তার বিজ্ঞান-বিভার মধ্য দিয়া কঠোর তপক্তা করিতেছে দেখিতেছি। মাকাল ফলের মতন রঙচঙে বরও কিছু কিছু মিলিতেছে দেখিতেছি: কিছু অমর বর ? এমন বর যাতে ক'রে যানবের আত্মা সেই বিরকাঃ, বিষ্তুা, বিশোক, विश्ववित्र मकान शाहेटव ? होत्र जामा ! वदः छेन्छे।

উৎপত্তি হইতেছে। সমৃত্যমন্থনে হলাহল উঠিতেছে।

অমৃতের নামে গরল বিকাইবার ফাঁকি আর কৃত দিন
চলিবে? বিশ্বপ্রাণীর মর্ম সন্তপ্ত, কর্জারিত। বিশ্বপ্রাণীর

অন্তরাত্রা আজ সত্যশিবসুলরের হলাহলপারি-নীলকণ্ঠবিগ্রহাবতারের প্রতীকার আকুল হইয়া সুকরিয়া ও
গুমরিয়া সরিতেছে বে।

"বিরেচেনী মত" বা দেহাত্মবাদ থেকেই এ হলাহল উঠিতেছে বটে, কিন্ধ আঞ্চিকার দিনে এর উৎস আরও গভীর ভারে খুঁজিয়া দেখিতে হইবে। পূর্ব শতাব্দীর দেহাল্যবাদ বা অভবাদ এখনও "লোকায়ত" হইয়া আছে, मत्नर नारे: वदः (यन दिनी दिनी लोकांत्रक रहेरकहा। গড় বেচাৰী ত' আউট্-ভোট হইয়াছেন; রিশিক্ষনও ব্রাক লিটে। কিন্তু বিজ্ঞান-বিদ্যার অন্ত:প্রকোঠে জড়-বাদের প্রতিষ্ঠা-প্রস্তর শিথিল হইয়া পডিয়াছে ও পড়িতেছে। বিজ্ঞান স্থলের পূঞা ছাড়িয়া সংক্রের পূঞা ধরিয়াছে; "কারা" ছাড়িয়া "ছায়া" মাগিতেছে, মামূলি কায়াটাই না কি ছায়া। নতুন ছায়ার ভেতরই না কি সন্ত্যিকার কারা লুকান' আছে। দেখা বাক-। কথা কয়টা এখন পরিকার হবে না। যাই হোক্-বিজ্ঞানের নূতন পূজার দেবতা যিনি বা বাঁহারা তিনি বা তাঁরা কি অমৃতভাত হাতে করিয়া এই মথিত, বিক্রু নববুগঞ্চীরো-দ্ধির মধ্য হইতে উঠিতেছেন ৷ ভরসা হয় না ৷ ভরসার লক্ষণই বা কোথায় ? বিজ্ঞান যে এখনও চক্রের ষেটা "नाकि", रमठा चारमी म्लान करतन नाहे। এथनও रव নেমিতেই পাক ধাইতেছেন! এ বে কালনেমি-এর পাকে মৃত্যুই আনে ৷ কোণায় সেই তাক্ষ্য অৱিষ্টনেমি, যিনি খণ্ডি বছন করিবেন ? তুল একাণ্ডে যে পাক ধাওয়া চলিতেছিল—সৌরজগতে ও নক্ত-জগতে - এখন দেখিতেছি অণুর বা ফলের কোঠাতেও ইলেকট্রণ ইত্যাদির ঘাড়ে চড়িয়া সেই পাক খাওয়াই চলিভেছে। পাক था उदांत मामृणि शांताणि अक्रु आश्रु अम्म-वम्म इहेरमञ চলিতেছে ৷ স্থলের এলাকার আইন্টাইনের "রেলেটিভিটি" মত একটখানি ধারা বদল করিরা দিয়াছে : সংক্রের এলাকায় "কোয়ান্টাম্" মতও অধিকন্ত নতুন ভোল' ফিরাইভেছে দেখিতেছি। ক্ষের ভেতরও রেলেটভিটি, শলৈ: শলৈ: শ্ৰপ্ৰবেশ; কিছ কোৱান্টাম বেজার একগুঁরে, ভার সদে আপোৰ নিপ্তি হইরা উঠিতেছে না। তবির উভরপৃক্ষ থেকে চলিতেছে। কথা করটা সমজদারেরা সাটে বৃঝিবেন। আমি এখানে বলিতে চাই বে—বিজ্ঞান-বিছা এখনও চাকার নাভিটি স্পর্শ করেন নাই। এটমের বেটাকে বলা হর "নিউরিরাস্", সেটাও বে নাভি নয়। নাভি কোথার? কোন্থানে নিধিল প্রপঞ্চ আভিত, কিসের ছারা বিশ্বত? "বৈরোচনী বিছা"র সেটি মিলিবে না। উপনিষ্দের উপদেশ—ব্রহ্মবিহা নিলে শেষ পর্যান্ত চলিবে না। সেই ঋগ্রেদের ঋষিরাই দেখি চক্রের শুধু নেমি ও অব নয়, নাভিরও খোঁক্ষ করিয়াছিলেন। খোঁক পাইরাওছিলেন মনে হর।

চক্রের নাভি ও অরের কথা বিজ্ঞান যে কল্পনায় না ভাবিয়াছেন বা ভাবিতেছেন, এমন নয়। অণু বা এটমের অন্তরে যে যজ্ঞশালাটি এই বিংশ শতকে আবিষ্কৃত हहेबाटड. ८० हे बळ्यानात (व "अमत" अधि मीलामान, ভার অনেকগুলি ভিহনা। রেডি৪-একটিভিটিতে আমরা মধাতঃ তিনটি ভিহ্বার পরিচয় পাই। সেই তিনটি আচিঃ (Rays)কে আমরা আগে "বেদ ও বিজ্ঞান"এর বক্তৃতার তিনটি "শৃক" বলিয়াছিলাম: কেন না, বেদে যেমন "দপ্ত জিহবা"র কথা আছে, তেমনি আবার তিনটি "শৃর"এর কথাও আছে। যাই হোক, এই তিনটি অর্চিঃ আমাদের অনেক "হাডির ধবর" বহন করিয়া আনিয়াছে ও আনিভেছে। এটমের বেটা "নিউক্লিয়াস", তার পরিচয় এরাই যা কিছু জানিয়া দেয়। এখন, এক দফা পরিচয় এই বে-রেডিয়াম, ইউরেনিয়াম প্রমুখ বিশেষভাবে "যক্ষমান" (বেডিও এক্টিভ) বস্তানিচয়ের বেটা "দার শশু" (Oore), ভাতে "হিলিয়াম নিউক্লিয়াই" রহিয়াছে। ভূদবর্গের (Elements) যে পারম্পর্যাক্রমের বৈঠক (Periodic eseries) বিজ্ঞান সাজাইয়া ফেলিয়াছেন. ভাতে দেখি, হাইড্রোজেনএর আসন সর্বাগ্রে। হাই-ষ্ট্রোজেনের "ফৌতিক সংখ্যা" (Atomic Number) "द्राव"। हिनिशांत्रत नचत पृष्टे। काटक काटकरे, हिनियाम (तमी "तामजाती" । এখন, এই यে हिनियाम निউक्रियारे अधिक शाय विकीर्ग स्टेटलाइ, এগুनि कि মৌলিক পদার্থ না বৌগিক ? ভালিয়া টুক্রা টুক্রা किया त्रेचात्र श्रुतिश अथनअ स्त्र नारे। ७८५, नाना

কারণে মনে হয়—এরা যৌগিক, কভকগুলি মূল বস্তুর সজ্যাতে সমুৎপন্ন। সে মূল মদলা হইতেছে--হাইড্রোজেন নিউক্লিয়াই ও ইলেক্ট্রণ। তাড়িত-বিজ্ঞানের পরিভাষায় —পঞ্চিত ও নেগেটিভ চাৰ্জেন। এই তাড়িত-মিথুনই ভূতগোলীর গোড়ার আদম-ইভ্। বৃহদারণ্যক প্রভৃতি শ্রতিতে দেখি-ত্রন দিসকু হইয়া প্রথম স্ত্রী-পুরুষ বা মিপুন হইলেন। জডতত্ত্বও এই সনাতন পুরাতন মিপুনকে আমরা পাই। মিগুন কিছ ছই-ই যে বরাবর পালেন, এমন নয়। হাইড্রেভেন এটম্এ (यकक व डॉर्ब्ड विशेत, নিরপেক) এক পুরুষ, আর এক স্থী—এক পঞ্চেটভ চার্জ্জ, এক নেগেটিভ চার্জ্জ। তাদের পরস্পরের বাঁধনে ও আকর্ষণে হাইড্যেঞ্জেনের সৃষ্টি, স্থিতি। লয়ের কথাও কেহ কেহ ভাবিয়াছেন। স্ত্রীট পুরুষকে বেডিয়া নাচিতেছেন। নাচিয়া বেড়ানর "কক্ষ" ও "ছন্দঃ"টি যে সব সময় একই থাকে, এমন নয়। এক ককে পাক ধাইতে থাইতে আর এক ককে (বুত্ত বা বুত্তাভাদের মতন পথে) লাফ ("jump") মারা হইরা থাকে। এট লাফ মারার কদরং থেকেই নাকি আলোকরশ্মির জন্ম व्यर्थाए. विक्तवानिनी भोनाभिनीत के नाफ मात्रात मह সক্ষেই "প্রদ্ব"। প্রস্থৃতি প্রদ্বান্তে আবার নাচিয়া বেড়ান; এক মুহুর্ত্ত জারেন (Confinement) নেই ! যেটি "প্রস্ত", সে শক্তিবপু—চেউএর বুকে চাপিয়া निरमर्य नक (यासन (वर्ग द्यामश्राप्त (मृत्र ना ঈথার ?) ধাওয়া করে। তাকে বলি আমরা "রদ্মি"। ইনি বিজ্ঞলিকুমার। বেদ "অব" ও "রশ্ম" ছই সরঞ্জামই षिद्राष्ट्रन, **चापि**र्छात त्रर्थ। यस द्राधिरवन—स्वर्षत "আদিতা" শুধু যে ঐ প্রত্যক্ষগোচর ক্র্যা, এমন নয়। পূর্ব্য ও দোম-এ চুইটি হইতেছেন ব্রহ্মের এক দল মিথুন রূপ। ভৌতিক চকে জ্যোতিঃ বা রেডিয়েসেনের পঞ্চিত্ত নেগেটিভ —এই তুই রূপ ভাবিলে ভাবিতে পারেন। তবে, খুব ছ সিয়ার হইয়া। বেদের physical interpretation আছে, কিন্তু ভাতেই বেদবিছা প্র্যাপ্ত নহেন। আমরা চোখে যুত্তুকু দেখি, তত্তুকুই জ্যোতিঃ, এ কথা বিজ্ঞানও বলেন না। ক্যোতি: বিশ্লেবৰ করিয়া বিজ্ঞান তার যে নক্সা (Spectrum) পাইয়াছেন, ভাতে আমাদের চকু-গ্রাহ্ম রাশ্বগুলিই যে ওগু ঠাই

পাইরাছে, এমন নর। আল্ট্রা ও ইন্ফ্রা থাক্ও আছে। অপ্টিক্ স্পেক্ট্রাম আছে, আবার এক্স-রে স্পেক্ট্রামও আছে। আরও কিছু ?

যাই হোক, হিলিরাম নিউক্লিরাদের কথা হইতেছিল। ভার ভেতরের নক্স করনা ছকিতে এখনি তুলি ধরিয়াছেন। দেই স্নাত্ন, পুরাত্ন মিণ্নেরই ধরকরা। দৰ্কজ্ঞই তাই। ইউরেনিয়ামের মতন ঝুনো গেরস্তরা মন্ত বড় সংসার পাতাইয়া ঘরকরা করে। বহু স্থীপুরুষের সংসার। এটমের যেটা অন্দর বা নিউক্লিগাস, দেখানে একরাশ পুরুষ ও মেয়ে জটলা করিয়া রহিয়াছে। অন্তরের এই জটলা বেমন জটিল, তেমনি জমকালো: তা ছাড়া, বাহির বাড়ীতে ভড়িলেখা চটুলচরণা নটীদের খাদা নাচ চলিতেছে। ডিমে তেতালার নয়, বেজার জলদ। কমসে कम विज्ञानक्तुहेंगे नाठ-अधानी नानान् त्रकटमत वृग्ह ब्रिह्म পাক খাইতেছেন: মাঝে মাঝে পোদ থেয়ালে লাফও शांतिएउए कि कि देश कि विकास कि वि विकास कि वि विकास कि वि লাফের সঙ্গে সঙ্গে দেই চেউ-সঙ্গার রশ্মিক্যারের প্রস্ব। এই গেল বভ বভ গেরকালের কথা। এদের সমাজে এক হাইড়োজেনই দেখি একনিষ্ঠ—মাত্র একটি "পলেই" আশা প্র্যাপ্ত । সময় সময় সেটিও বাপের বাডী যান। তথন তার কক "পজেটিভ্" মেজাজ। আর সর্বত্ত-বহু বিবাহ, সাদী, নিকা, ক্ষিবদল, "মোতা ফর্ম অফ্ मारितक ", मुबहे हिन्दिल्हा । आधिम गुरुषत दमहे ब्रोक्स. শাসুর প্রভৃতি বিবাহও মন্তব। একের অর্দ্ধাঙ্গিনী এক লহমার ইলোপ করিতেছেন; পরকীরা এক লহমার বিশিনী হইতেছেন। সৰবাই নাকি তুলামূলা। সকল ইলেকট্রণট রূপগুণশীলে না কি সমান--- সকলেরট "চার্ক্ত" এবং "ম্যাস" না কি এক। এদের সমাকে "ভাশানালি-জেশন অফ উইমেন" চলিতেছে। বিশ্বাস না হয়, সমার্কেন্ড প্রমুখ হালের ঘটকদের কুলপঞ্জী বাহির করিতে বলিবেন।

যাই ছোক্—আমরা হিলিয়াম নিউরিয়াদের গেরভালীর কথা কহিভেছিলাম। গৃহলন্দ্রীটি অন্ব্যুম্পঞা—
এখনও অন্তর পর্যন্ত চুকিয়া কেইই "মুখ" দেখেন নাই।
ভবে, যেটি গোপন, ভার কয়নায়ও অ্থ: বরং বেশী
বেশী। পরীকা বেখানে পেছপাও, অধীকা (গণিত-

বিছা। সেথানেও আগুলা। কর্না করা হয় যে—
হিলিয়ামের নিউরিয়াস—যাহা রেডিও-একটিভূ পদার্থগুলি হইতে আল্ফা-রেজ্ হইরা ছুটিয়া বাহির হইরা
আনের, কাঞেই, সেই সেই পদার্থের "কুলের থবর"
আনিয়া দের—এর ভিতরে এক অপরপ বাহ বিছমান।
চারিটি হাইড্রেকেন নিউরিয়াই (পজিটিভ্-পুক্ষ), তুইটি
ইলেক্ট্রণ (নেগেটিভ্-স্ত্রী) লইয়া ব্যহ রচনা করিয়াছে।
চক্রবাহ। ভৈরবীচক্র ৮ চক্রের চারিটি অর (রেডিয়াই)
এর প্রান্থে পরিধিতে চারিজন "পুক্ষ"; আর, চাকার
যেটা "ধুরো", সেটা যেন তুই দিকে একটু একটু বাহির
হইয়া আছে; সেই ধুরের তুই মুড়োর তুইটি "র্ত্রী"। চক্র
চলিতেছে। এই গেল হিলিয়াম নিউরিয়াসের "য়য়্ম"।

মন্ত্র, যন্ত্র-এ তিনটি হইতেছে স্প্রির গোডার কথা। মল্লের তর সংখ্যার তর। হাইডোকেনই হোক, হিলিয়ামই হোক, আর যে কেউ ভূতই হোক, প্রত্যেকেই সংখ্যার অধীন, সংখ্যা আশ্রয় করিয়া আপন সভায় সভা-বান হইয়া রভিয়াছে। ভার বীক্ষদংখ্যা বা মূলমন্ত্রটি বদল হইলে, সে বদলাইয়া আর কিছু হইয়া গেল। ভার এটমিক নাম্বরটিই "জীওনকাঠি মরণকাঠি"। "আইদো-টোপ্দ্" অথবা একই নম্বের ভূত কেউ কেউ যজ্ঞশালায় ক্লাচিং প্রাচভুতি হন বটে; কিন্তু সাধারণতঃ, ভত-গোদীর মূল মন্ত্র আলাদা ৷ ভতের নিউক্লিয়াসে কতথানি নিটু শক্তিসলিবেশ ("চাৰ্ছ্জ"), ভার হিসাবই ভার বীঞ্ক-সংখ্যার হিসাব। ভার ওক্তর বা ম্যাস ক্তথানি, সেটা অপেকারত গৌণ হিসাব। আগে আগে রসায়নবিভা ঐ গৌণ হিসাব ক্ষিতেই বাস্ত ছিলেন। এখনও সেটা আবশুক। "ম্যাদ্" বস্তুটিকে তথনকার দিনে "অব্যয়" জ্ঞান করা হইত। এখনকার দিনে সেটা এনাবৃদ্ধি বা শক্তির সামিল হটয়া পডিয়াছে। কাজেই, শক্তির বেশী-কমির সংক্ষোসের (কোয়ানটিটি অফ ম্যাটারের) বেশী-কমি হইবে। অৱস্থল কারবারে সেটা নগণ্য। কিছ কোন ভূত যদি আলোর গতির কাছাকাছি গতিতে দৌডিতে আরম্ভ করে (অর্থাৎ, সেকেত্তে প্রার ছু' লাখ মাইল). ভবে সে বেকার "রাশভারি" হইবে। আলোর গতিই না কি পরমা গতি। কোন ভৃতই সে পরমা গতি লাভের আশা রাথে না। পরমা গতি লাভ করিলে, সে ঋকর শুকু তক্ত গুরু হইত। ব্লেডিও-একটিভিটির যক্তশালা हरें ए (व विहा-त्रक् (हें एक द्वेन) वाहित हन, जिनि না কি পরমা গভির প্রায় কাণ খেঁষিয়া যান, কাজেই তার গোরব অনেকগুণ সমধিক। । সব ইলেকট্রণের ম্যাদ যে তুল্য ধরা হয়, দেটা এই রক্মধারা গতি-নিরূপিত লাঘব-গৌরবের কমি-বেশীগুলো হিসাব করিয়া বাদ সাদ দিয়া। আইনটাইনের ধারা চলার পর হইতে ম্যাদ বা লঘুগুকর হিসাব কটিল হইয়া পড়িয়াছে। ট্র ম্যাস্—বা সভ্যিকার গৌরব—অনেক মেহনৎ করিয়া আদার করিতে হর। সে যাই হোক-হিলিয়ামের সংসার বদি সভাসভাই ঐ রকমের স্বীপুরুষের (চারি পুরুষ, पृष्टे श्री) मःमात इब, जत्व, यखनाना इहेट त्य जिनसन (আবফা, বিটা, গামা রশ্মি) বাহির হইয়াছিলেন, তাদের ভেতর প্রথম জনা "মৌলিক" ভোণীর দাবীটা হাইছোভেন-নিউক্লিয়াই পারিলেন না । (পজেটিভ, পুরুষ), আর ইলেকট্রণ (নেগেটিভ, প্রকৃতি)-এই ছুইজনাই তা হইলে ভূতবর্গের মধ্যে "নৈক্ষ্য" মৌলিক সাব্যন্ত হইলেন। বিশ্বভ্ৰমাও এই পুরুষ-প্রাকৃতির মিথুনীভূত অবস্থা, বুড়োবুড়ীর "মনের মিলে সুধে থাকার" দংসার। বলা বাহলা, ঝগডাঝাঁটি প্রায়ই হয়, আর, ব্যাপার দেখে পাডার লোককে পুলিশও ডাক্তে হয়। বুঝ্লেন ?

সাংখ্যশাস্থের পুরুষপ্রকৃতির দক্ষে আমাদের এই বুডো-বুড়ীকে কেছ যেন গুলাইয়া না ফেলেন। সাংখ্যের পুরুষ-প্রকৃতি আরও গভীর স্তরের তত্ত্ব। ভূতের মর্মনাড়ীতে আমরা যে পুরুষ-প্রকৃতিকে দেখিলাম, তাদিগকে বেদের পরিভাষার অগ্নি ও সোম, সুর্য্য ও সোম বলা চলিবে बटि, किस नावधान इटेबा। वड़ सिनियदक पाटिं। कतिया দেখিতেছি, এটা সর্বাদা মনে রাখিরা। যাক্-সে কথা পরে হইবে। আমরা প্রদক্তঃ মন্ত্র-যন্ত্রের কথা কালশক্ষি। যন্ত্ৰ পাডিয়াছিলাম। মন্ত্র সংখ্যাতত্ত্ব. দিক্শবিশা একে Number, অপরে Magnitude ৷ সুয়ে অড়াইয়া Four Dimensions of Space-Time. এ কথাটা, আর ডল্লের কথা আপাতভঃ খোল্যা করিতে চেষ্টা করিলাম না। তথু व्यक्तिक विश्वादे द्वारो गरेन वि-मध-यज्ञ-एज क्निन

र्य मांकूरवत मांधनांविरमरवत चन, अमन दक्र रान मरन না করেন। ভদ্বিদেরা, বিপশ্চিভেরা অভ মোটা কথা কহিতেন না। প্রত্যেকটাই এক-একটা জাগতিক রহস্ত। জড়ে, প্রাণে, অন্তঃকরণে, সুলে, স্থান্ন, মণুতে, মহতে---नर्सक छात्मत नार्स्टछोम अधिकात ଓ अध्याग। यिनि জড়ের এটমিক নাম্বর জানেন, তিনি ভার মন্ত্রটি জানেন, দে মন্ত্রশক্তির ধর্থায়থ বিনিরোগ করিতে পারিলে. তিনি সে জ্বড় সৃষ্টি বা লয় করিতে পারিবেন। প্রাণের ও ঋন্ত:করণের রাজ্যেও তাই। বিজ্ঞানের ঋতিকের। প্রাণপাত করিয়া সে চেষ্টা করিতেছেন। বড়, রাদার-ফোর্ড, সামারফেল্ড, রাাম্তে—এঁরা সব বড় বড় ঋত্বিক। বীক্ষয়ের সঙ্গে সঙ্গে জডের বীক্ষয়েরও পরিকরনা. ধ্যানধারণা চলিতেছে। অর্থাৎ, ভতের সংসারের সদর-অন্তরের নক্ষা: সংসারে করজন ?--এই ছইল একটা প্রা। আমরা থোঁজ লইয়াছি—হাইড্রোজেনে মাত্র তুইজন: হিলিয়াম নিউক্লিয়াসে ছয় জন। এই রক্ষ আর আর। সপ্তম মন্তলে (Seventh Series এ) যে ভতবৰ্গ আছেন, তাঁরা খুব জাদ্বেল যঞ্মান (বেডিও-এক্টিভূ), আব উাদের গেরস্থালীও খুব বড়। অন্দরেও (নিউক্লিয়াস) গুলজার, বাহিরেও (পাক্ধাওয়া, নাচাকোঁদার আসবেও) গুলকার। রেডিয়ান ইইডে সুকু করিয়া ইটরেনিয়াম পর্যান্ত সপ্তম মণ্ডলে ক্রটি "রাবণের গোটা" গেরছ বিরাজমান। যজমান যে छ। এঁরাই, এমন না। সম্ভবতঃ ভূতনামাই ব#মান জল বিশুর। **ত'কু**ড়ির উপর যজ্ঞ**শালার সমাচার এরি মধ্যে**ই পাইয়াছি। আরও পাইব সন্দেহ নেই। বজা তথু বে "দুক্ষযন্ত্ৰ", মারণ-যজ্ঞ, ভাশন-যজ্ঞ, এমন নর ৷ স্কল রুক্ম যুক্তই আছে, মায়, বশীকরণ। সভিটে। বিজ্ঞানের কলাসত্ত, ভদ্ধসার, ভ সবে এই বিংশশতকে লেখা সুক হইয়াছে! অনেক কাটাকৃটি হইবে, অনেক কিছু লিখিতে মুছিতে হইবে। সবে ত' কলির সক্ষ্যে। ভতের যাত্রের প্রাশ্ব—এটমের অব্দরে ও সদরে যারা রহিয়াছে, তারা পরস্পরের "ৰক্ত", পরস্পরের তরে কেমনভাবে দাজিয়া বহিরাছে (configuration); আর, তাদের চলা-ফেরাই বা কি রক্ষ পথে, কি রক্ষ কারদার হইতেছে ? যে পাক খার, সেইকি সোকাহজি

গোল পথেই পাক থায়? না, সে গোলেও কিছু গোল আছে ? বৃত্ত, না বুৱাভাল (Ellipse), না, আরও জটিল ফুটিল ? গ্রহদের কল্লিভ অভিনার-পথে ভাগ্যে बरिना कृष्टिना काठा निवाधिन, जाहे ना पृष्टे पृष्टिना জলজীয়ন্ত ফেরারি গ্রহ শেবকালে বামালন্ডম ধরা পড়িরা গেল! আদাম্স ও লাভোয়াসিয়ার অনেক দিন আগে এক ফেরারিকে পাকড়াও করিয়াছিলেন: প্রথমে. আঁকের থাতার, তার পর দূরবীণে। সেদিনও আর এক কেরারি গ্রেপ্তার হইল। এরা সকলেই সৌরগ্রামের অস্ত্রাগার লুঠনের মূল ফেরারি আসামী। বছদুরে আসমানে প্লাভক হইরাছিল। যাক্—অণুর স্গতেও বোধ করি জটিলাকটিলা অভিসার পথে কাঁটা দেবার জজে আছেন। থোঁজ পরে লইব। এই গেল ভৃতের মন্ত্র যত্ত্রের কথা। আর, ভভের তন্ত্র ইইতেছে—কোনও দিকে, লক্ষ্যে মন্ত্ৰ-ভন্তের বিনিয়োগ। বিনিয়োগ বলিভে অধ্যক্ষতা (Control) বুঝার। কোন কিছু নিয়ামক (Controlling Principle) মানিতে হয় ৷ সেই নিয়া-মকই ভূতের ভূতেশ্বর ; ভূতের আহা ; ভূতের ঈরিতা। हेनि खशानम, निशृष्, खशानि खश। हेनि नहत्रजन-Infinitesimal Space-Time এর মন্দিরেও অধিষ্ঠাতী দেবতা। বিজ্ঞান ভূতচক্রের অর, নেমি হাত্ড়াইরা মরিতেছে। এখনও নাভির ভলাস পার নাই। কবে পাবে জানি না। নাভি যে তবটি রহিরাছেন, তিনিই ভতের অথবা "পশুর" পতি, ইরিতা, ব্রমান, হোতা। পশুপ্তত্ত্বে যজমানমূর্ত্ত্বে নম:। তিনিই "হংদ"—বেদ "হংসঃ ভটিবদ বস্থঃ---" মল্লে যাঁকে বিশ্বভূবনে ওভপ্রোত एमियाएकन । **धहे व्यन्तर्वास्त्रत्वहे शति**वृद्ध स्मामत्रा द्विछि-এক্টিভিটিতে পাই; আল্ফা, বিটা, গামা-রেজ্ রূপ তিনটি কিলা তাঁর লেলিহান দেখি। এই হংস-হোমেই ভতের জন-জরা-মরণএর চক্র বা সাইক্স চলিতেছে। ভৃতের তম বড়ই গুঞাৰপিগুফ ভম। তুড়ি বিদ্না বোঝার নর, त्वांबांबाब नहा अथिन विकास चनुत त्वरम (७५ कि দেখানেই ?) কডকগুলো "থাজা থবর" ("brute facts", বাট্ৰাও বাদেলের ভাষায়) পাইরা হডভব হইরা পড়িরাছেন। এগুলো মাছবের বোধলোধের বাহিরে-- Ultra-rational ना irrational ? उन (कानानिम

নয়, অনেক কিছুই। অনেকের চমক ভালিভেছে।
এডিংটন্ রেলিটিভিটির একন্ধন বড় পাণ্ডা। তিনি
বলিতেছেন—প্রকৃতির বেগুলো "প্রকৃত" ধারা, দেগুলো
আমাদের বোধশোধের বাহিরে হওরাই খাভাবিক। যে
দব ধারা (Laws) আমরা বুঝি স্থঝি, দেগুলো আমাদেরই চাপান', সাজান' (অধ্যাস) কি না, কে বলিবে?
আমরা সাগরের জল লইয়া ঘটিভে বাটিভে ঢালা-উবুর
করিতেছি; আর, ভাবিতেছি, জলের ঘটির আকার,
বাটির আকার! তার সত্যিকার আকার কি? ধ্বিরা
অনেক ঠেকিয়া লিখিয়া "অনির্কাচনীয়" বলিভেন।
কোরান্টাম্ (পরে এর কথা বলিব) আনির্কাচনীয়।
আনির্কাচনীয় বলিয়াই "প্রকৃত"। আমাদিপকে "অবাক্"
করিতেছে বলিরাই সত্যসন্দেশ! সত্যসন্দেশ মুথে পাইলে
আর কি বাক্ সরে ?

এইবার আদল রান্ডা ধরার উপক্রম হইবে কি? না. আবার বে-মকা ঠোক ধরিবে ? যে গলটা গোড়ার পাড়িয়াছিলাম, সেটা শেষ করি। এক অস্থর তপস্তায় महारमवटक जुडे कदिवा वद शाहेल--वात माथाव रम हाछ দিবে, দে তৎক্ষণাৎ ভদ্ম হইয়া যাইবে। এটি ভদ্মান্তর। ভশ্বলোচন এঁরই মাস্তৃত ভাই। বর পেয়েই যিনি বরদাতা, তাঁর মাধাতেই প্রথম বরের সভাতা প্রথ করিতে ইঞ্চাকরিল। শিবের মাথার হাত দের আর কি। শিব তখন পালাবার পথ পান না। শিব পলাইতেছেন, আর, ভত্মাত্মর হাত বাড়াইয়া পিছু পিছু খাওয়া করিভেছে। এই ধরি ধরি। শিব ত্রিভবনে দৌড়িয়া কোথাও আলম পাইলেন না; ত্রহ্মলোকেও না। ব্রহ্মারও ভর, পাছে দৈত্যবেটা গুণিতে ভুল করিরা মোটে চারিটা আননের মালিককেই খোদ পঞ্চানন ভাবিরা বসে! শেবকালে গলদ্বশ্ব দিগছর ত্ৰাহি তাকি ছাড়িতে ছাড়িতে গোলোকে পিয়া উপস্থিত। গোলোকপতি গোলোকে গো-গোপ-গোপী गरेशा वनवान करतन वरहे, किन्नु वृद्धित जांत्र अधाश-वर्डिवर्र "यानटरत्र" वृद्धि नव। তिनि व्याभावधाना বুঝিয়া এক চমৎকার ফাঁক বাহির করিলেন। বলিলেন — অভাছা, বংগ অফুর ় তুমি বরটি ভোমার পরের মাথার পরধ করার জন্ম ছুটিবা হাররাণ হইতেছ কেন ? আহা, লিভুবনে ঘোড়দৌড় করিরা হাঁফাইরা পড়িরাছ বে! একটু জিরাইরা লও। ভাল কথা—নিজের মাথাটা ত সজেই রহিরাছে, তাতেই পরথ করিয়া দেখ না কেন, বরটি সত্য কি মিথা।" অস্বর ভাবিল—"তাই ত,' ভূল ইইরাছে, এতক্ষণ মিছে হায়রাণ হইরাছি!" বলা বাহল্য, থেই নিজের মাথার হাত ঠেকাইল, আর ভস্মত্ব পাইল। শিবও ছুটি পাইলেন। আবার ক্ষটা বাঁধিলেন, বাঘছাল পরিলেন। ভাঙের ঘটিতে চুমুক মারিলেন। ভাঙেই ত'ষত ভূল! না ভূলিলে যে, শিবের শিবত্ব, ভোলানাথের ভোলানাথত্বই হয় না।

বিজ্ঞানও শিবের তপক্তা ক্রিয়াছে। স্ত্যু শিব चुन्तद्रक रम् अ थूँ बिद्याहि, थूँ बिर्डाहि मन्निर नारे। শেষ পর্যান্ত, থেঁজোর বস্ত আরে আছেই বা কি ? কিন্তু সেই অবুঝ, আব্দেরে নাতিটি তার ঘাড়ে চাপিয়া আছেন। অহমিকা। এটি বোকা সেয়ানা, ভোলানন নহেন। এ ঘাড়ের ভৃতটি ঝাড়িয়া ফেলিতে পারে নাই লে। তাই এমন বর তার মিলিয়াছে, যাতে যা কিছুতে সে হাত দিতেছে, তাই জ্বিয়া তম্ম হইয়া যাইতেছে। (थाम निय-ज्ञानमृष्ठि, मिन्नगमृष्ठि, कन्गानमृष्ठि विनि-পলাইয়া বেড়াইতেছেন। "বিরোচনী" বিছা তাঁর মাথাতেই হাত দেবার বারনা ধরিয়াছে যে ৷ অণুর व्यक्तत्र भवाहेरल्डाह्न, नुकाहेरल्डाह्न, त्रशास्त्र धाउम्र। ছায়াপথের ও-পিঠে (Galactical System এর বাইরে) "island universes" গুলোতে প্ৰাইতেছেন, দেখানেও প্রায় ধর'ধর'। দৈত্যগুরুর ধন্ত ওন্তাদী বটে। তিনি যত বড় হন, সেও তত বড় হয়; তিনি ষত ছোট হন, সেও তত ছোট হয়। আলোর বেগে, তড়িতের বেগে ছোটেন. সেও তাতে পেছ-পা নয়। বিজ্ঞানের সিদ্ধির তারিফ করিতেই হইবে। এ সিদ্ধির অতিবৃদ্ধি কিন্তু স্বল্ল ঋদি।

কিছু বেটা ভবনতা নাভি:--ছোটতেই হোক, আর বড়তেই হোক, সচলের সম্পর্কেই হোক, আর অচলের সম্পর্কেই হোক – সেটা বিজ্ঞান এখনও স্পর্ল করিতে পার নাই। নেমি, অর-এই সব নিয়েই সে ফাঁপরে পড়িয়া আছে। ও যে গোলকধাধার ঘুবপাক! ভার নিউক্লিগ্রাস, সেন্ট'র, পয়েট-এসব কেউই নাভি নয়। নাভি স্পর্ণ করার হদিশ এখনও সে শেখে নাই। নাভির ছুরারে যাইয়া ভবে শিখিবে। ভূবনের নাজি গোলোক— যে নাভিতে স্বয়ং সৃষ্টিকর্ত্তা, প্রজাপতি পদ্মনাভের সমৃদ্ভব। দেখানে আদিলে, তাকে নিজের মাথাতেই হাত দিতে হইবে। তার ঘাড়ে যে আব্দারে "নাভিটি" চাপিয়া সব ভশ্ম করার বায়না ধয়িয়াছে. সে নিজেই ভশ্ম হইবে। তথ্য শিব হবেন নিক্ষেগ্, শাস্ত, স্বস্তু। তথ্য ভত্মান্তরের মুক্তাত্মা ভশ্ববিভৃতিভূষণ যিনি, সেই শিবের ভাদা ছাই नाज कतिरव। "विकक्षकानरमशा जिरवमीमिवाठकृरव। ভোয়:প্রাপ্তি নিমিভায় নম: সোনার্দ্ধারিণে ॥" এখন বিজ্ঞানের যা কিছু জ্ঞান, তা "প্রাকুড" জ্ঞান :-প্রকুত, বিশুদ্ধ জ্ঞান নয়-প্ৰজ্ঞান নয়। যেটাকে এখন সভ্য (Truth) বলিভেছি, বিধি (Law) বলিভেছি, সেটা (महे मिनियनित प्रश्चित अ (मोशिखंत कार्तिश्वति, কারদান্ধি। যেটা অনির্বাচনীয়, অবাঙ্মনসগোচর, দেটা ঐ তিন্তীর ভেলিপ্রদাদাৎ থাসা ধোপত্রত হইয়া আমাদের কারবারে খাটিতেছে। বিজ্ঞানের জগৎ এই হিনাবে—কারবারি (Pragmatic Conventionla) निटकत माथांत राज नित्रा, निटकटक "कू किया" नित्रा, ভবে সভ্যকে সভ্য সভা স্পর্শ করিবে সে। আমাদের চলতি কারবারের হিসাবে সে সভ্য হয়ত' ভশ্মই। আমরা ভন্মকে ভাবি "ছাই." উপনিষ্ কিছ ভাবিয়াছেন--সারের সার।





শেষ পথ

ডাক্তার জ্রীনরেশচন্দ্র সেনগুপ্ত এম-এ, ডি-এল্

(>>)

পরের দিন সকালে শারদা অন্তব করিল যে তার মনের তলায় যে প্রজ্ঞর কামনা এত দিন সে বহু রেশে নানা আবরণে চালিয়া রাথিয়াছিল, আজ তাহা নিংদকোচে আব্রপ্রকাশ করিয়াছে। সে বৃথিল যে গোশালের প্রেয় ও সঙ্গ তার কামা; আর তাহাতে বঞ্চিত তহয়। সে নিরতিশয় দরিন্ত ও কিই কইয়া পডিয়াছে।

একটা উগ্র কৌত্যল তাকে টানিয়া লইরা চলিল গোপালের বাহীর দিকে। গোপাল তার নব-বধু লইরা কেমন আছে, কি সে করিতেছে, আপনার চোধে দেখিবার জল ব্যাকুল হইরা উঠিল তার চিত্ত। হুই নিনবার সে গোপালের বাডীর পথে অগ্রসর হইল— তানিবার লক্ষা তাকে নিবৃত্ত করিল। তার বেন মনে হইল তাকে গোপালের বাডীতে দেখিবার জল, দেখানে সে গেলে কি মঞা হয় তাহা জানিবার জল সমন্ত গ্রামের কৌত্হলী চক্ষু যেন নিম্পালক হইরা তার অগ্নসরণ করিতেছে। সে আদৃই চক্ষ্র দৃষ্টি যেন তার সারা আজে ছুঁচের মত বিঁধিল, তার পায় নিগড় বাধিয়া দিল। কতবার সে আপনাকে বলিল, কেন সে যাইবে না ই এত লোকে যাইতেছে, সে গেলে কে কি বলিতে পারে ই কিছু শেষ পর্যান্ত সাহলে কুলাইল না।

নদীর খাটে যাইবার সময় গোপালের বাড়ীর একটু ডফাৎ দিয়া যাইতে হয়। সেখান হইতে আমবাগানের গাছগুলির ফাঁক দিয়া গোপালের আদিনার ছ্-চারটা টুকরা দেখা যায়। নদীতে বাইবার সময় শায়দা সেই ফাঁক দিয়া চকুষর হইয়া চাহিয়া দেখিল। দেখিতে পাইল আদিনার লোকজন চলা-ফেরা করিতেছে; কিছ গোপাল বা তার স্বীকে দেখিতে পাইল না। একটু ভফাতে লোকের সাড়া পাইরা শারদা ধরা-পড়া চোরের মত সচকিত হইরা ত্রস্তপদে নদীর দিকে অগ্রসর হইল।

এমনি করিয়া দিনের পর দিন চলিয়া গেল, গোপালের বাড়ী সে ষাইতে পারিল না। শেষে একদিন বিধাহরে ভার এক বাল্যসখী ভাকে বিক্তাসা করিল, "গোপালের বাড়ী গেছিলি?"

শারদা বাড় নাড়িয়া বলিল "না।"

গালে হাত দিয়া মেয়েটা বলিল, "ও মা! কা। তুই যান নাই! — গাঁওখুদা লোকে গেল, তুই যান নাই !"

নিদারণ ঔণাক্তের সহিত শারদা বলিল, "আহা, আমার আর কাম নাই আমি বামুতারে দেইখবার। তার কি পাচটা পাও জালাইচে যে দেখুম।"

স্থী একটু হাসিল। ভার পর সে বলিল, "চল্ আমার সাথে চল। বউডা যে আনিচে, কি যে স্থার দেখবি অনে চল।"

শারদা অধীকার করিল, কিছু ভাবিল এই মুযোগে !
সধীর নিভান্ত উপরোধের মুযোগে তার বাইবার পথ
চইতে পারে। সধী তাকে ছাড়িল না, তাকে টানিয়া
লইয়া গেল। ধেন নিভান্ত অনিজ্ঞার সে গেল।

দেখানে গিরা সে অথ পাইবে না ভাহা সে জানে। বাহা দেখিতে সে বাইভেছে ভার প্রত্যেকটি বিন্দু ভার মনের ভিতর আগুন জালিরা দিবে ভাগু লে জানে। কিন্তু তবু পতক বেষন আগুনের দিকে ছোটে, ভেমনি ভার মন ছুটিরাছিল ভার হুংধের আকর ওই গোপালের ৰাজীর দিকে।

সোণালের বাড়ীর একেবারে কাছে আসিয়া সে থমকিয়া দাঁড়াইল। তার দকিনীকে বণিল, সে বাইবে না। কিছুতেই তার পা সরিল না গোপালের বাড়ীর উঠানে পা দিতে।

কিন্তু অনেককণ ধ্বতাধ্বতির পর তার সন্ধিনী তাকে টানিয়া লইয়া গেল।

রম রম করিতেছে বাড়ীথানা। অনেকগুলি কামলা থাটিতেছে। ঢেঁকী-বর, গোয়াল-বর, বাড়ীর বেড়া প্রভৃতি আনেক কাজ হইতেছে। উঠানের এক পাশে কাঠের চেলা করা হইতেছে। দলে দলে গাঁরের স্থী-পুরুষেরা আদিরা জুটিভেছে। যারা ভাল জাত তারা ঘরে বা লাওয়ায় গিয়া উঠিতেছে, মৃলনমান ও ছোট জাতের লোকেরা উঠানের পাশে ভিড় করিয়া দাঁড়াইয়া দেখিভেছে। বৈঠকথানায় লভিফ সরকার প্রজাদের লইয়া বসিয়া এক-আখটুকু লেখাপড়া করিতেছে, আর ভার শতগুণ বক্ততা করিতেছে।

কম্পিত পদে আপনাকে বথাসম্ভব সঙ্চিত করিয়া শারদা তার সঙ্গিনীর আড়ালে আড়ালে চলিয়া অন্দরের উঠানে গিয়া দাঁড়াইল। তার পর পার পার উঠিয়া দে গোপালের শয়নগুহের দাওয়ার গিয়া উঠিল।

ঘরের ভিতর গোণাল ভার স্ত্রীর সংশ কথা কহিতেছিল। কথাটা সাধারণ, সাংসারিক কোনও একটা ব্যাপারের। কিন্তু শারদা দেখিল ভাদের ছজনের হাসি, ভাদের চোথভরা ভালবাসা! বুকের ভিতরটা ভার চড়াৎ করিয়া উঠিল।

কিছুক্ষণ পর নব-বধ্ বাহির হইরা আসিল। রূপনী
সে—গা-ভরা গরনা তার—শারদা তাহা দেখিল। তার
দিকে চাহিরা শারদার মনটা যেন কালীতে ছাইরা
গেল। সে এখন কভকটা ব্ঝিতে পারিল বে তার
বিবাহের পর তার মুখ দেখিয়া বিন্দুর মনে কি ভাবটা
ছইরাছিল। অনেক কথা বিদ্যুৎবেগে তার মনের
ভিতর খেলিয়া গেল—তার কোনওটাই স্থের কথা
নর। একটা গভীর দীর্ঘনিঃবাস তার অলক্ষিতে বাহির
ছইরা পড়িল।

or Billion

শারদার সলিনী হাসিমূবে বলিল, "আপনারে দেইথবার আইলাম বোঠাইকান," বলিয়া—েসে টিপ করিয়া বধুকে প্রণাম করিয়া বসিল।

শারদার ত্বণা হইল। "বাজে লোকে"র মেরেরা বামুন বৈছ কারস্থ প্রভৃতি ভদ্র ঘরের ঝি বউদের প্রণাম করিয়া থাকে। কিছু সিকদারের ছেলে গোপাল, ভার বউকে বে মেরেটা এমনি করিয়া প্রণাম করিল ভাতে শারদার রাগ হইল। শারদা মাথা নোরাইল না, কাঠ হইরা দাঁড়াইরা রহিল।

বউ তার মাথার কাপড় সামাক্ত একটু তৃলিয়া খুব মৃত্কঠে জিজ্ঞাসা করিল "তোমাদের নাম কি ?"

বাড়ীতে শাভড়ী ননদ ছিল না—কাউকে দেখিরা লক্ষা করিবার কারণ ছিল না, তবু নৃতন বউ, তার পক্ষে ঘোমটাটা মৃথ ঢাকিয়া না দেওয়া বা শ্রাব্যক্ঠে কথা কওয়া সেকালে অকয়নীয় ছিল। তাই মৃথের আধধানা ঘোমটায় ঢাকিয়া ফিস্ ফিস্ করিয়া বউ ভিজ্ঞাসা করিল।

পরিচর দান শেষ হইলে বউ বলিল, "আচ্ছা, বোস।" বলিরা সে চলিরা গেল। তারা বদিল না, দাড়াইরাই রহিল। সদিনী কৌতৃহলী হইয়া গোপালের ঐশর্যের সব পরিচয় দেখিতে লাগিল—শারদার চোখে সেই সব যেন আগুনের মত জলিতে লাগিল।

কিছুক্ষণ পর গোপাল ঘর হইতে বাহির হইর।
আসিল। গোপাল তাদের দেখিরা শারদার সজিনীর
সলে ছই একটা কথা বলিল, খব ভারিকি চালে। ভার
পর শারদার দিকে চাহিয়া একটু হাসিয়া সে বলিল,
"হুর্গা তাইত্যানির মেয়া না ?—ভরে বলে ভর সোয়ামী
খেদাইয়া দিছে ?"

বশিল্পা উত্তরের প্রতীক্ষা না করিলা গোপাল বাহিরে চলিল্পা গেল।

শারদার সমন্ত অস্তর এ কথার দপ্ করিরা অসিরা উঠিল। তার চিত্ত কোভে ছির-ভিন্ন হইরা গেল সুধ্ এই ভাবিরা যে, এই অপমান কুড়াইবার জন্ত সে এত বাধা ঠেলিয়া গোপালকে দেখিতে আসিরাছে।

শারনা কোলের শিশুকে চাপিরা ধরিরা দম দ্য করিরা দাওরা হইতে নামিরা কট পদকেপে নে গৃহ ভ্যাগ করিরা বাড়ী ফিরিল। খরে ফিরিয়া শিশুকে দম করিয়া মেঝের বসাইরা দিরা সে গড়াগড়ি খাইরা কাঁদিতে লাগিল—বুকের জালার সে একেবারে ছটুফটু করিতে লাগিল।

এত বড় অপমান! গোপাল করে তাকে অপমান! গথের কুকুরের মত বাকে সে তাড়াইরা দিয়াছে সেই গোপাল! বার অবিবেচনা ও তুর্লোভের ফলে শারদার আজ এ তুর্গতি সেই গোপাল! সিক্দারের ছেলে গোপাল—আজ বড়মাছর হইরা এতবড় দন্ত হইরাছে তার! গ্রামস্ক মেরের সামনে তার এই অপমান—এই লাগুনা! এত দন্ত এতবড় অত্যাচার ধর্মে সহিবে পুষর্গে দেবতারা কি অন্ধ হইরা বসিরা আছে, ইহার শান্তি গোপাল পাইবে না কি ?

নানা রক্ষ বীভৎস প্রতিহিংসার চিন্তা তার চিত্তে ধেলিয়া গেল। গোপালকে ধুব ভয়ানক অপমান ও লাখনা করিবার শত শত কয়না সে করিল—কিন্তু মাথা ঠাওা করিয়া ভাবিয়া সে দেখিল ভার কোনওটাই ভার পক্ষে সম্ভব নয়—কোনও কিছুই সে করিতে পারিবে না। কোনও হৈ-চৈ করিতে গেলে সে অধু আপনাকে হাজাম্পদ করিয়া তুলিবে। এই বোধটুকু তার তখনও ছিল যে সে বদি গোপালের সঙ্গে কোনও কলহ করিতে বায়, ভাতে গ্রামবাদী কারও সহাহত্তি সে গাইবে না— ভারা দেখিবে অধু রক।

ভাই শেষে হতাশ হইয়া প্রতিবিধানের ভার দেবতার হাতে দিয়া সে ভাবিতে লাগিল—এত ছ:৫—এই শান্তি ভার কোন্পাপে? কোনও দোব ভো সে করে নাই, তবে কেন ভার এ লাগুনা? এই প্রশ্ন সে বার বার অদৃশ্য দেবতার কাছে করিতে লাগিল। করিতে করিতে ভার মনে পড়িল বিন্দুর কথা—বিন্দুর অভিশাপ কি এ? বিন্দুরও এমনি লাগুনা, এমনি নির্যাতন হইয়াছিল,—শারদা নিকেই ভাকে লাগুনত করিয়াছিল। যে বাথা কহিবারও নয়, সহিবারও নয়, সেই নিদারুল বেদনা শারদার মত বিন্দুও সহিরাছিল। বিন্দু ভাহা লইয়া সোরগোল করিয়া লোকের কাছে হাল্ডাম্পদ হইয়াছিল—ভার সে ছুর্গতি শারদা কত না উপভোগ করিয়াছে! ভার শাপে আল কি ভার এই ছুর্গতি!

কিছ-বিশু পাপ করিয়াছিল, তার শান্তি হওয়া

অস্থানিত হর নাই। শারদা তো পাপ করে নাই। তার স্থানীকে বিন্দুর কবল হইতে কাড়িয়া লওয়া তার স্থায়া অধিকার—ভাতে ভার এ শান্তি কেন? সে পোড়া-কপালী তার পাপের শান্তি নির্বিবাদে না সহিয়া বাঁচিয়া থাকিতে অনেক বাদই সাধিরাছে, আর মরিয়াও তার অভিশাপ রাখিয়া গিয়াছে এমনি করিয়া শারদাকে নির্যাতন করিবার জন্ত! এমন হতভাগিনী সে! শারদা মনে মনে এই কথা হির করিয়া তার বর্তমান ত্র্তাগ্যের দায়িত্ব মুতের ক্ষে চাপাইয়া ভাকে প্রাণ ভরিয়া অভিসম্পাত করিতে লাগিল।

অনেক কাঁদিয়া কাটিয়া সে স্থান্থির হইল। তার মনের ভিতর যে দারুণ ঝঞা বহিয়া গেল তার থবর আর কেহ পাইল না। সে প্রবেলবেগে মনের ভিতর তার সকল ব্যথা চাপিয়া শুষ্কমূখে দিনের পর দিন তার কাক করিয়া গেল।

(**)

বংপুরে তার শিক্ষা সমাপ্ত করিয়া গোপাল ধ্ধন্দ কাজে ভাই হইল, তথন সে দেখিতে পাইল বে তার সহক্ষী এবং তাদের বন্ধুবাদ্ধবেরা সকলেই—যাকে বলে ভদ্রলোক। তারা হর আক্ষণ না হর বোব, বন্ধ, মিত্র— কিবা সাহা। সাহা জাতি জাত্যংশে ছোট হইলেও ঘনসম্পাদে বড় হওয়ায় তাদের একটা কৌলিক আছে। গোপালের মূনিব যে মহাজন তিনি নিজেও জাতিতে সাহা—কাজেই সাহা জাতিকে ছোট বলিয়া তারা কেউ জবকা করে না।

ইহারা প্রথমেই গোপালের জাতি জিজাসা করিরা-ছিল—গোপাল সভাই বলিরাছিল, সে কারত। কাজেই স্বার সংক্ষ স্মানে স্মানে মিশিতে ভার কোনও বাবা হয় নাই।

এই সমাকে মিশিরা গোপাল আপনার জাতিকুলের সম্পূর্ণ সত্য পরিচর দিতে কুন্তিত হইরাছিল। সে কারেড হইলেও যে গোলাম কারেড, এবং তার পিডা বে অমীদার বাড়ীর সিকদার এ পরিচর সে কিছুতেই প্রকাশ করিল না।

গোপালচক্র ঘোষ বলিয়া সে আপনার পরিচয় দিল

এবং বোষ কারস্থ বলিরাই সে রংপুরের সমাজে চলিরা গেল।

বত দিন গেল এবং যতই গোপালের হাতে টাকা পরসা অমিতে লাগিল, ততই তার এই কৃত্রিম আভিজাত্য তার অভরের ভিতর বসিয়া যাইতে লাগিল। যত দিন কানাই সিকদার জীবিত ছিল, তত দিন সে অনেকটা ভরে ভয়ে ছিল, কথন বা তার পিতার অবিমৃশ্যকারিতার ভার সত্য পরিচয় প্রকাশ হইয়া যায়; আর তার মিথাা পরিচয়ে অজিত আভিজাত্যের সম্মান বিলুপ্ত হইয়া যায়। কানাই মার' গেলে সে নিশ্ভিত হইল।

ক্রমে তার মনে হইল যে তামাকের আড়তের কাষ্টা ঠিক ভদ্রলোকের কান্ধ নর। ইহাতে লেখাপডার চেয়ে

ভাতের কাঞ্চই করিতে হয় বেশী।

একটা জ্মীদারের নায়েব হইতে পারিলে স্থান ও গৌরব হয় তের বেশী।

তাই সে তামাকের কারবার ছাড়িরা জ্মীনারীর কাজের সন্ধান করিতে লাগিল। মাহিগঞ্জের কাছারীতে স্থমারনবিশের কাজ সে পাইয়া গেল এবং তামাকের ব্যবসা ছাড়িয়া থাতালেগার সম্লান্ত কাজে নিযুক্ত হইয়া গেল।

ইহার পর ক্রমে সে একটা নারেবী পাইয়া গেল। তথন জার তাকে পায় কে ?

সে-কালে জ্মীদারের নারেব মহাশয় ছিলেন একটি পরাক্রান্ত ও মহা সম্মানিত ব্যক্তি। দলে দলে পালে পালে প্রকারা আসিয়া রোজ তাকে সেলাম বা নমস্বার করিয়া যার, গোমন্তা ও পাটোয়ারীরা আসিয়া সেলাম লাগায়, আর তিনি প্রবল প্রতাপের সহিত জ্মীদারের সব ক্ষম্তার জিম্মাদার হইয়া ত্তুম চালান।

গোপালের বুক ফুলিয়া উঠিল।

এইবার সে বিবাহ করিল: গাইবান্ধার উকীল বিশেশন মিত্র মহাশর গোপালের মত যোগ্য কৃলীন স্থামাতা পাইরা ধক হইরা গেলেন। গোপালও কুলীন ক্ষা বিবাহ করিয়া তার আভিজাত্য পাকা করিয়া লইতে পারিরা ধক্ত হইরা গেল। বধ্ যে অন্নরী ইহা সে উপরি পাওনা গণ্য করিল।

আভিবাভ্যের নেশা তাকে এমন পাইয়া বসিল যে ভধু এইটুকুতে ভার পরিভৃতি হইল না। বিদেশে বিভূঁরে ভার এই বৈভব ও সন্ত্রম অর্জন করিয়া মন উঠিল না।
মনে হইল দেশের লোককে একবার এ গৌরব ভাল
করিয়ানাদেখাইতে পারিলে কিই বাহইল।

্সে প্রায়ই মনে করিত দেশে গিয়া কিছু দিন বাস করিবে। হীন ভূত্যের সন্থান বলিয়া যারা তাকে একদিন অবহেলা করিয়াছে, তাদের কাছে স্থান আদায় করিবে সে। সে করনায় সে প্রম আনন্দ উপভোগ করিয়াছে।

এই সময় সে সংবাদ পাইল যে তার প্রামের জ্মীদার
মহাশ্রের মৃত্যুর পর জ্মীদার-পরিবারের নিভাস্ত তুরবস্থা
হইয়াছে এবং তাঁদের সম্পত্তি লাটে উঠিগাছে।

গোপালের অস্তর নাচিয়া উঠিল। সে জ্ঞমীদার মহাশরের ছোট একটা সম্পান্ত, সেই গ্রামেরই একথানা থারিজা তালুক কিনিয়া ফেলিন!

লভিফ সরকার জ্বনীনার মহাশরের জ্বনীনে একজন গোমন্ডা ছিল, ভাহাকে দে পত্র বারা গোমন্ডা নিযুক্ত করিরা আদার তহশীলের কার্য্যে নিযুক্ত করিল এবং ভাহার পৈতৃক ভিটার আশে-পাশে অনেক জ্বনী কিনিয়া প্রব ভাল করিয়া একথানা বাড়ী করিবার জ্বন্ত টাশা পাঠাইল।

বাড়ীতে বড় বড় ঘর উঠিতে লাগিল, কিছ চট্ করিয়া গোপালের বাড়ীতে আসা হইল না।

গোপালের বাড়ী করার সংবাদে গ্রামের অভিজ্ঞাত সমাজে যথেই চাঞ্চল্য উপস্থিত হইরাছিল। কানাই সিকদারের ছেলে হইরা গোপাল যে তালুকদার হইবার স্পর্জা করিয়ছে ইহাতে উাহারা একেবারে অবাক হইরা গিয়াছিলেন। আর যে তালুক সে লাটে কিনিয়ছে সে অয়ঃ জমীদার মহাশয়দের একথানা ভালুক—ভার বাপের মনিবের সম্পতি। সেই সম্পতি কেনা এই ছোটলোক গোপালের পক্ষে একটা স্পর্জা অবিনয় এবং অফ্তজ্ঞতার চরম নিদর্শন বলিয়া ভারণ মনে করিয়াছিলেন। এই শামে বিসয়া কানাই সিকদারের ছেলে যে জমীদার বাড়ীর নই সম্পত্তির উপর প্রভুত্ব করিবে, বারা ভার বাপের সমকক্ষ ছিল ভাহাদিগকে প্রজা বলিয়া শাসন করিবে এবং বাপের মনিবের সমকক্ষ ছইবার স্পর্জা করিবে ইহা একেবারে অস্ত্র।

কাকেই অভিজাত-সমাঞ্চ তার উপর ওড়সংগু হইরাই ছিলেন। আর যারা 'বাজে' লোক—যারা কানাই সিকলারের সক্ষেদ্ধরম মহরম করিরাছে তারাও কম ক্ষিপ্থ হয় নাই। সেই কানাইদা'র ছেলে আসিরা তাদের মনিব হইরা বসিবে, তার কাছারী-বরের মেনেম বসিরা তার দরবার করিতে হইবে, ইহাতে প্রকারাও মনে মনে দক্ষিপ অসন্তেব ও অস্বতি অফুভব করিতেছিল।

সুধু বদি ইহাই গোপালের একমাত্র অপরাধ হইত তব্ গোপালের প্রামে তিষ্ঠান কঠিন হইরা দাড়াইত। কিছ গোপালের আরও অপরাধ ছিল, আর দেগুলি সভ্য সভাই অপরাধের কথা। কথাটা রাট্র হইরা গিয়াছিল যে গোপাল তার জন্মপরিচয় গোপন করিয়া আপনাকে স্থান্ত ঘোষবংশীর বলিয়া পরিচয় দিয়া সম্লন্ত বংশের কলা বিবাহ করিয়া আসিয়াছে। এবং এই প্রথম বঞ্চনা ইতে স্ক্রপাত করিয়া সোনিক্রের ভদ্র পদবী প্রতিষ্ঠার হল আরও অনেক বঞ্চনাই করিয়া আসিয়াছে। স্বতরাং হার উপর প্রামের অভিকাত সম্প্রণারের আভিকাত্যের আক্রোশ একটা দৃঢ়তর আশ্রায়ে প্রতিষ্ঠিত হইয়া গেল। ভাগরা হিয় করিলেন, গোপালকে কথনই প্রামে

প্রথমে জমীদারবাড়ী হইতে ভাহাকে কতক শাসাইরা
চিঠি লেখা হইল যে, সে তালুক কিনিয়াছে, কিছুক,
কিছু এ গ্রামে আসিবার যেন চেটা না করে। গোপালের
এক বন্ধুকে দিয়াও ভাকে এই প্রামর্শ দিয়া চিঠি লেখা
চটল। গোপাল কিন্তু ভাতে আরও জোর ক্রিয়া
নিখিল, গ্রামেই সে আসিয়া বাস ক্রিবে।

তথন প্রামের ডন্তলোকের। যুক্তি করিয়া গাইবানার গাপালের খণ্ডরের কাছে গোপালের বংশপরিচর দিরা গোদ দিলেন, এই আশার যে খণ্ডর এই বঞ্চক জামাতার দিল্ক শান্তিবিধান করিবেন। কিন্তু তাতে হিতে বিপরীত ইল। মিত্র মহাশর প্রথমে এই নিদারণ সংবাদ শুনিরা মকেবারে বল্লাহত হইয়া গোলেন। কিন্তু তিনি চতুর থাকি। তিনি বৃদ্ধিলেন যে কন্সার বিবাহ যেকালে ফিরিবার ময়, সেকালে গোপালের মিধ্যা দাবীটাই সত্য বিভিন্ন লাভ না কহাইলে জাঁর জাতকুল থাকে মা। মুড্রাং ভিনি গোপালের গক্ষে লভিতে প্রশ্নত হইলেন, ভার চতুর্দশ পুরুষের কুরচিনামা প্রস্তান্ত করাইয়। প্রমাণ করিলেন যে কানাই ঘোষ কোনও সুপ্রসিদ্ধ ঘোষবংশের সন্তান, এবং এই দাবী প্রতিষ্ঠার জন্ত কোমর বাঁধিয়া লাগিয়া গেলেন।

ভার পর গ্রামের ভদ্র ও বাজে লোক মিলিয়া ছির করিল যে গোপাল গ্রামে আদিয়া বদিলে ভাহাকে উৎথাত করা হইবে। ভার প্রজারা কেহ ভাহাকে থাজনা দিবে না, ভাহার বাড়ীতে কেহ কোনও কর্ম করিবে না এবং যত রকমে সন্তব ভাহাকে বিরত করিবার চেট। করিবে। প্রজারা বৃক ঠকিয়া বলিল, কানাই সিকদারের ছেলেকে ভারা মনিব বলিয়া কিছুতেই মানিবে না।

লতিফ সরকার ষ্থাসময়ে গোপালকে এ সংবাদ জানাইল এবং দুর্দান্ত প্রজা ও গ্রামের ভদ্রলোকদের এই সমবারে যে গোপালের ভ্রের গুরুতর হেতু আছে ভাহাও তাহাকে বিশ্ব করিয়া বুঝাইয়া দিল।

গোপাল ভাবিতে বসিল।

শ্রামে গিরা সে অভিজ্ঞাত সম্প্রদারের মধ্যে দশ জনের একজন হইরা বসিবে, গ্রামের লোকের জাছে সে আভিজ্ঞাত্য ও সম্পদের প্রাণ্য সম্মান আদার করিবে—এই আকাজ্ঞা ভাহাকে একেবারে পাইরা বসিরাছিল। গ্রামের লোকের এই বিরুদ্ধতার ভার রোথ চড়িয়া গেল। দে ছির করিল ভাহািদিগকে দে আছে। করিরা শিক্ষা দিবে।

ভাবিয়া চিস্কিয়া সে ভার খণ্ডরের এক চিঠি লইয়া ময়মনসিংহের এক প্রতিষ্ঠাবান উকীলের কাছে গেল। এই উকীলটি দোর্জণ প্রতাপশালী নয়মানির জমীদারের বিশ্বস্ত উকীল।

মগমনসিংহ জেলায় সেকালে জমীদারদের প্রতাপ ছিল অত্যন্ত অধিক। ম্যাজিট্রেট বা পুলিস তাহাদিগকে আঁটাইতে সাহস করিতেন না, এবং অনেকেই নম্নজানির জমীদারের মত চুক্ষান্ত বড় জমীদারদিগের গাঠিয়াসেয় ভয়ে তটস্থ হইয়া থাকিতেন। ফলে, ম্যাজিট্রেট বা পুলিস সহরের বাহিরে বড় বিশেষ প্রভুত করিতে পারিতেন না। জমীদারেরা যথেচ্ছ শাসন করিতেন— তাঁরাই ছিলেন দশুমুশ্তের কর্তা। নম্নজানির জমীদার ছিলেন এই জমীদারদের মধ্যে এ বিবরে শীর্ষহানীর।

ভাবভবর্ষ

গোপালের নিজ গ্রামে এবং আলে পালে নয়জানির জমীদারের সামাত একটু জংল ছিল। ময়মনসিংহের উকীলবাবুর স্থারিলে গোপাল নয়আনির জমীদারদের পক্ষে তাঁদের এই সামাত সম্পত্তির জিমাদার হইল।

কথাটা যাতে গ্রামের মধ্যে বেশ ভাল করিয়া প্রচার হয় সে ব্যবস্থা গোপাল করিল।

তার পর বুক ফুলাইয়া গোপাল গ্রামে আসিয়া বাস করিতে লাগিল।

নয়আনির মত প্রবল জমীদারের আশ্রিত বে, তার বিরুদ্ধে বিদ্রোহ বা দ্বন্ধ করিবার সাহস কাহারও হইল না। স্বতরাং গোপালকে বিপর্যন্ত করিবার সকল জন্ধনা-কর্মনা ভূমিসাং হইরা গেল। যথন গোপাল তার বধ্কে লইরা আসিরা গ্রামে সত্য সত্যই বসিল তথন অভিজ্ঞাভ মওলীর ঘরে ঘরে নামা রক্ষ কানাঘ্রা, পরোক্ষে নিলা তিরস্কার প্রভৃতি অনেক হইল, কিন্তু গোপালের কেলাগ্র কেই স্পর্শ করিতে সাহস করিলেন না। তুর্জ্জর আক্রোশ সুধু তাঁদের মনের ভিতর গর্জ্জন করিতে লাগিল। কলিকালের এই সব নিদারণ বিপর্যায় দেখিরা তাঁরা দীর্ঘনিংখাস ত্যাগ করিলেন, এবং ঘোর কলি হইলেও এতটা বৃদ্ধির যে একটা শান্তি না হইরা যাইবে না ইহা সিদ্ধান্ত করিলেন।

ঠিক এই সমরে আর এক কারণে গোপালের
নির্যাতন অসম্ভব হইল। ভ্তপূর্ব জমীদার মহাশ্ম
কিছুদিন হইল গুণভারে সম্পত্তি বিষম জড়িত করিয়া
দেহত্যাগ করিরাছিলেন, গুণের দারে তাঁর সম্পত্তি প্রায়
নিংশেষে বিক্রম হইয়া গেল। জমীদারের জ্যেষ্ঠ পুত্রটি
তব্ বিনা অধিকারে লাঠির জোরে অনেক সম্পত্তি দখল
করিতেছিলেন এবং দোদগু প্রতাপে গ্রাম শাসন
করিতেছিলেন। গোপালের বিক্তের সকল আরোজনের
শুরু ও নারক ছিলেন তিনি। কিছু গোপাল আসিবার
সপ্তাহ্পানেক পূর্বে তাঁর মৃত্যু হইল। তথন আর
জমীদারবাড়ীর প্রার প্রতিষ্ঠার কিছু অবশিষ্ঠ রহিল না।

স্তরাং গ্রামের অভিজাত-সম্প্রদার তাঁদের অন্তরের সমস্ত আক্রোশ পেটের ভিতর হলম করিয়া উপারহীন ভাবে গোপালের গ্রামে প্রতিষ্ঠার দিকে স্বধু চাহিরা স্থানিক। গ্রামে আসিয়া গোণাল সকল বাড়ীতে গিরা যথাবোগ্য বিনরের সহিত সকলকে প্রণাম করিরা আসিল
— তার ব্যবহারের তিতর কেহ কোনও বিশেষ ফ্রাট বা
অতিনর দেখিতে পাইলেন না। কোনও এমন ফাঁক
পাওয়া গেল না যাহা আশ্রম করিরা অন্তত: তাকে
হু'কথা শুনাইয়া দেওয়া যায়। তাঁরা যথাসম্ভব সংক্রেপ
গোপালকে সন্তায়ণ করিলেন, আর মনে মনে কামনা
করিতে লাগিলেন ভগবান যেন কোনও আলৌকিক
উপায়ে এই হতভাগাকে শান্তি দেন!

গোপাল গ্রামের ভদ্রলোকদের সক্ষে অতিমাত্র
বিনরের সহিত কথাবার্তা কহিলেও তার ব্যবহারের মধ্যে
একটা প্রচ্ছের ভাব ছিল যাহাতে সকলকে যেন গালে
চড় মারিয়া বলিয়া দিত—'আমি ভোমাদের ভূচ্ছ করি।'
এই ভাবটা ঠিক কিসে প্রকাশ হইত ভাহা বলা যায়
না। কিন্তু তার সমগ্র হাবভাব, তার প্রথা ও
আভিজাভ্যের অতিমাত্র আড়ম্বর, তার কথাবার্তার
অতিমাত্র মার্জিত ভাব—সব মিলিয়া যেন সকলকে
ভিরন্ধার করিয়া বলিত—আমি ভোদের চেয়ে শ্রেষ্ঠ।

যারা 'ভড়' নর তাদের কাছে গোপালের আর
একটা চেহারা থূলিয়া গেল। সে একেবারে বিষমভাবে
জমীদারী আরম্ভ করিল। তাহার নিজের প্রজা এবং
নয়আনির প্রজা, সকলকে সে কারণে আকারণে সর্বাদা তার কাছারীতে হাজির করিয়া রাখে। যারা তার
প্রজা নয় তাহাদিগকেও নানা ওভুহাতে ডাকাডাফি
ধমকাধ্মকি করে। আজ ইহার জমী কাডিয়া লয়,
কাল উহাকে বেদখল করে, আজ সে বিনা কারণে
লোককে জরিমানা করে, কাল উহাকে জুতা পেটা করে,
এমনি করিয়া আট দশ দিনের মধ্যে সে গ্রামের মধ্যে

তার প্রজা হউক বা না হউক সকলে ভাহাকে দেখিয়া সন্ত্রিত হইয়া উঠিল। ভয়ে ভরে সকলে তাকে সময়ে অসময়ে সর্বাদা সেলাম করিতে লাগিল, তাকে খুনী করিবার জন্ম বা নর তাই করিতে লাগিল।

গোপাল এমনি করিরা সকলের কাছে সভর সন্মান আনায় করিয়া পরম তৃপ্তি লাভ করিল।

ইহার পর ধীরে ধীরে সে তার প্রভাপ ভন্নলোকদের

উপর বিভার করিতে লাগিল। তাঁহাদের চিরকালের দধনী অমী বেদধল করিরা, অবধা তাঁহাদের উপর মামলা মোকদমা করিয়া সে দেখিতে দেখিতে তাঁদের মধ্যে এমন একটা আতত্ত লাগাইরা দিল যে, ভদ্রলোকেরাও ভরে ক্রমে গোপালের খোসামূদী করিতে লাগিলেন।

শার ক্ষেক দিনের মধ্যেই পোপাল এমনি করিরা নিজ গ্রামে এমন একটা প্রভূষ প্রতিষ্ঠিত করিরা ফেলিল যে চরিতার্থতার ভার অন্তর ভরিরা গেল।

গ্রামের লোক আর কি বলিবে । নরআনির ক্রমীদারের প্রতাপ বার পশ্চাতে আছে তাহাকে কিছু বলিবে ভারা কি সাহদে । ভারা স্বধু দীর্ঘনিঃখাস ফেলিতে লাগিল এবং মনে মনে কামনা করিতে লাগিল বে ভগবান বেন কোনও আলৌকিক উপায়ে এই হতভাগাকে শান্তি দেন। ভার নৃতন গৃহ ও উপচীয়মান সম্পদের দিকে চাহিয়া কত না নিঃখাস ফেলিলেন তাঁহারা—কিছুই হইল না।

আর কিছু দিন এমনি ভাবে চলিলে তাঁরা ভগবানের অন্তিছে সন্দিহান হইবেন এরপ আশহা অনেকে করিতে লাগিল। এমন সময় একদিন গ্রামের লোকে পরম আনন্দ ও তৃত্তির সহিত শুনিতে পাইল যে গোপাল নিদারুণ প্রহারে জ্জুরিত হইয়া শ্যাগত হইয়া পড়িয়াছে।

সমস্ত গ্রামময় একটা আনন্দের সাড়া পড়িয়া গেল। কোন্ মহামানব এই পরম ফুলর কার্য্য এমন সেচিবের সহিত সম্পাদন করিয়াছেন তাহা জানিবার জন্ত সকলে আগ্রহায়িত হইয়া উঠিল। অতি অল্ল কাল মধ্যেই গ্রামে জানাজানি হইয়া গেল যে এই মহৎ কার্য্য করিয়াছে —শারদা!

ব্যাপারট। এই।

শারদার প্রতি গোণাদের অন্ধরে যে প্রবল আকর্ষণ ছিল, বিবাহের পর যথন তার স্ত্রীর দেহে যৌবন পরিকৃট হইরা উঠিল তথন তাহার স্থতিও মলিন হইরা গিরাছিল। তাই বাড়ী আদিবার সময় সে শারদার কথা মনে একবারও ভাবে নাই। গ্রামে পৌছিয়া থাটে নৌকা লাগাইবার সময়ই সে যথন শারদাকে দেখিতে পাইল, তার সুক্ত নয়ন হঠাৎ হির হইরা গেল, মনের ভিতর সেই নৃপ্ত চাঞ্চল্য আবার আগিরা উঠিল। কিছু তথনি তার

মনে হইল যে শারদা যে এথানে আছে এটা ভার নবধ্দ আভিজ্ঞান্ত্যের পক্ষে বড় বিপদের কথা। চাই কি হঠাৎ যদি ওই তাঁতির মেরেটা এই মাঝিমাল্লাদের সামনে আহলাদে চীৎকার করিয়া ভাকে "গোপাইল্যা" বলিয়া ভাকে, ভবে ভার বত্তরচিত আভিজ্ঞান্ত্যের প্রাসাদ একেবারে ভূমিসাৎ হইয়া যাইবে। সে চট্ করিয়া স্থির করিয়া ফেলিল যে শারদাকে কোনও মতে প্রশ্রম কেওলা হইবে না, প্রশ্রম দিলে ভার প্রতিষ্ঠা রক্ষা করা কঠিন হইয়া দাড়াইবে।

এইরপ স্থির করিয়া গোপাল ইচ্ছা করিয়া তাকে অপমান করিবার জন্তই চীংকার করিয়া উঠিল "এই মাগী, সর!"

গোপাল বাহা ভাবিরাছিল তাই হইল। শারদা এ অপমানের পর আর তার সঙ্গে আত্মীরতা করিতে আসিল না। গোপাল বাঁচিল। এখন তার জীবনের একমাত্র লক্ষ্য হইল তার আভিজাত্য ও সম্মানের প্রতিষ্ঠা। এই ব্রত উদ্যাপনের জন্ম সে আপনাকে কার্মনোবাক্যে নিযুক্ত করিল।

তার পর শারদা ধেদিন তার বাড়ীতে আসিরা উপস্থিত হইল সেদিন তার মনে আবার ভয় হইল—ভয়ও হইল, শারদার অসান ধৌবনত্রী দেখিয়া লোভও হইল। লোভটা চাপিয়া সে শারদাকে অমনভাবে সস্থাবণ করিল যে শারদার অপমানের একশেব হইল।

তার মূথের এই শেলসম কথা তনিরা বধন শারদা ক্রোধে অন্ধ হইরা তুমদাম করিয়া চলিয়া গেল তথন দূর হইতে তার সেই পীড়িত ক্রন্ধ কুদ্ধ মুখ্ঞী দেখিয়া গোপালের অন্তরটা চড়্চড় করিয়া উঠিল। ভারী বিষয় হইরা গেল তার মন—সে ভাবিল এতটা করিবার কোনও দরকার ছিল না। কিন্ধ বে আঘাত সে দিয়াছে ভার প্রতিকার করিবার কোনও উপান্ধ ভার নাই। জানিয়া সে তক হইয়া রহিল।

তার পর গোপাল অনেক দিন শারদাকে দেখিরাছে। ভাকে দেখিরা তার অস্তর শুর হইরা উঠিবাছে।

বিদেশে বে আবেইনের ভিতর তার উদীরমান যৌবন কাটিগাছে তাতে তার অনেক নারীর নঙ্গে খনিষ্ঠতার ববেই সুযোগ হইরাছে। তাহাতে গোপাল বে অভিজ্ঞতা করিয়াছে ভাগতে সে নিশ্চর কারল শারদার প্রতি ভার যে লোভ ভাগা না ামটিবার কোনও হেতু নাই। শারদা অবশ্য সাধারণ মেয়ে নয় ভাগা সে জানে। একাধিকবার সে গোপালকে প্রত্যাধ্যান করিয়াছে। কিছ তথন সে ছিল খামীর আদৃতা।— আজ কলর দিয়া খামী ভাকে ভাগা করিয়াছে, আজ ভার সেই বিরক্তি

অনেক দিন সে তার লোভ দমন করিল এই ভয়ে যে ইহাতে তার মানের লাঘব হইবার সন্তাবনা আছে। কিছ শেবে একদিন সন্ধ্যাবেলার ভট্টাচার্য্য মহাশহদের পুক্র-ধারে শারদাকে দেখিয়া সে ভারী চঞ্চল হইরা সেল।

অককার হইয়া গেলে সে নিঃশ্বর পদসঞ্চারে শারদার কুটীরে গিয়া উপস্থিত হইল। শারদা তথনও ফিরে নাই। সে ত্রারের শিকল থুলিয়া অক্ষকার ঘরের ভিতর গিয়া চুপ ক্রিয়া বসিয়া রহিল।

শারদা আসিয়া ঘরে বাতি আলিতেই দেখিতে পাইল গোপাল চুণটি মারিয়া বসিয়া তার দিকে চাহিয়া হাসিতেছে।

ক্রোধে শারদার সর্বাহ্ন জলিয়া উঠিল, কিছুক্ণ সে কথা কহিতে পারিল না।

গোপাল বলিল, "তুই আমার উপর বড় রাগ ক'র-চস—না ?" তার হাতের ভিতর সে অলসভাবে কতকগুলি টাকা ঝনঝন করিতে লাগিল।

শারদা সোজা হইয়া কোমরে হাত দিয়া দাঁড়াইল, তার চকু দিয়া আগগুন ঝরিতে লাগিল। সে চীৎকার করিয়া ভারের দিকে অঙ্গুলী নির্দ্ধেশ করিয়া বলিল, "বাইর হ তুই, বাইর হ' শীগ্রির।"

গোপাল একটু হাসিয়া বলিল, "রাগ করিস না শারদী, আমি তরে ব্রাইয়া কই—"

শারদার কঠ আরও চড়িয়া গেল, ভার দেহ থর্ থর্ করিয়া কাঁপিতে লাগিল। কে আরও হার চড়াইয়া বলিল, "বাইর হ' পোড়াকপাইলা, বাইর হ'।"

গোপাল উঠিয়া বলিল "চুপ, চুপ, চীংকার পারিস না—শোল—আমি তোর পায় ধরি—আমারে"—

গোপাল শারদার পারের দিকে হাত বাড়াইতেছিল, শারদা ভাকে এক মটকা মারিয়া ফেলিয়া দিয়া বলিল, "গোলামের বেটা গোলাম বাধর হ' শীগ্রির।" ৰলিয়। সে এদিক ওদিক চাহিয়া একটা চেলাকাঠ কুড়াইয়। কুইয়া আবার ভাবের দিকে নির্দেশ করিল।

গোপাল বলিল, "শারনা সভ্য কই, আমি ভরে ভালবাদি"—

"তবে রে গোলামের পো" বলিয়া শারদা সেই চেল। দিয়া দম কবিয়া মাবিল এক ঘা।

গোপাল কেঁউ মেউ করিয়া পলারন করিল, শারদা উন্মন্তের মত তার পিছু পিছু ছুটিয়া আরও ভিনচার খা তাকে লাগাইয়া দিল।

সেদিন শারদা অনেক দিনের পর পরিপূর্ণ শান্তির সহিত নিদ্রা গোল। গোপালকে একটা শক্ত রকম শান্তি দিতে পারিয়া তার অভরের পূঞ্জীভূত হঃৰ্জালা অনেকটা প্রশাস্ত হটল।

পরের দিন কথাটা কেমন করিয়া জানাজানি হইয়া গেল বলা যার না, কিছু সন্ধ্যার পূর্বেই ইহা বেশ লভা-প্রবিত হইয়া প্রচারিত হইয়া গেল। যাহা প্রচার হইল ভাহাতে প্রহারের হেতু সহস্কে অনেক কার্ত্রনিক কথা ছিল, এবং শান্তির মাত্রা সহস্কে সভ্যের প্রচুর জ্পপাপ হইয়াছিল। কিছু এমন একটা মূপরোচক সংবাদের বিলুমাত্রও জ্বিখাস করিবার প্রবৃত্তি বা কল্পনা কাহারও হটল না।

ঘটনার ছই দিন পর শোনা গেল যে গোপালের অবস্থা শকটাপর; মহকুমা হইতে বড় ডাক্ডার আসিরা-ছেন, চিকিৎসা চলিতেছে, বাঁচিবার সন্থাবনা আর। সকলেই বলিল, ভগবান আছেন ভো! না হইবে কেন? পরম আনন্দের সহিত সকলে ভার মৃত্যুর প্রীভিকর সন্তাবনার প্রতীক্ষা করিতে লাগিল।

শারদার থাতির বাড়িয়া গেল। এত দিন সে ছিল শুরু একটা তাঁতিনী—কাজ করে, থায়—খভাব চরিত্র ভাল নয়, তাই খামী তাকে তাড়াইয়াছে। তার সখদেই হা ছাড়া কেউ কিছু ভাবিবার অবসর পাইত না। কিছ এই কীর্তির ফলে শারদার সব অপরাধ ধুইয়া মুছিয়া গেল—সে গ্রামের লোকের চক্ষে হইয়া দাড়াইল ধর্মের একটা মহীয়সী প্রতিনিধি।

ছুই তিন দিন ধরিয়া গ্রামের মেরেরা এবং কতক

পুরুবেরা শারদার জীবন অতিঠ করিরা তুলিল। স্বার মূথে এক কথা "বেশ করিরাছে—পুর করিরাছে," আর এক জিজ্ঞানা, ব্যাপারটা কি হইয়াছিল।

শারদা কাহাকেও কিছু বলিল না, পাল কাটাইয়া বেড়াইতে লাগিল। নেহাৎ যেখানে না পারিল লেখানে প্রশ্নের উত্তরে হুধু হাঁ, না, বলিয়া সে পলায়ন করিল।

এ ব্যাপারে ভার চিত্তে মোটে শান্ধি ছিল না।

রাত্রে প্রাণ ভরিরা প্রহার করিরা সে গোপালের উপর রাগ ঝাড়িয়া ফেলিরাছে, তথন তার ভাবিবার সমর হয় নাই যে শান্তির মাত্রাটা কতথানি হইল :

পরের দিন সকালে তার মনে গতরাত্রের তৃপ্তি ও

আত্মপ্রসাল তত ছিল না—সে ভাবিতেছিল বৃঝি-বা শাতিটা অভিনিক্ত হইমা গিয়াছে!

লোকের মুখে মুখে গোণালের অবস্থার কথা গুনিরা ভার প্রাণ কাঁদিরা উঠিল। সে মাথা চাপড়াইরা বলিল, হার! হার! এ কি করিল সে। অবশেবে গোণালকে সে কি মারিয়া ফেলিল! ভরে ছঃখে ভার বৃক্ষাটিতে লাগিল।

তৃতীয় দিবস যথন সে শুনিল মহকুমা হইতে ভাক্তার আসিরা বলিরাছেন যে জীবন সংশব—তথন সে আর থাকিতে পারিল না। অন্থির হইয়া সে ছুটিয়া গেল গোপালের বাড়ী। (ক্রমশঃ)

ঞ্জীশ্রীচৈত্যুচরিতামতের সমাপ্তিকাল

প্রিশিপাল জ্রীরাধাগোবিন্দ নাথ, বিভাবাচস্পতি, এম-এ

٤)

বনবিষ্ণুপুরে গ্রন্থ চুরির পরে কবিরান্ধ গোস্বামী প্রকট ছিলেন কি না ?

বনবিষ্ণুপুরে গোলামি-গ্রন্থ অপজত হওয়ার পরেও ক্রিয়াল গোলামী প্রকট ছিলেন কি না, ভাহারই আলোচনা একলে করা হইবে।

ভক্তিরত্বাদর হইতে জানা বার, গ্রন্থ চুরির পরে গ্রন্থ-প্রান্তির সমর পর্যন্ত গ্রন্থহাহী গাড়ী, পাড়োরান এবং মধ্রাবাসী প্রহরিগণ বনবিফুপ্রেই ছিল। গ্রন্থ প্রান্তির পরে গ্রন্থ চুরির, গ্রন্থ প্রান্তির এবং রাজা বীরহানীরের মতি পরিবর্ত্তনের সংবাদ জানাইরা শ্রীনিবাস জাচার্য্য শ্রীজীবের নিকটে এক পত্র লিখিলেন। এই পত্র সহ প্রহরিগণ বৃলাবনে প্রেরিভ হয়। যে গাড়ীতে গ্রন্থসূহ জানা হইরাছিল, সেই গাড়ীও প্রহরিগণের সলেই গোলামিগণের নিমিত্ত বীরহানীরের প্রেরিভ উপঢৌকনসহ বৃলাবনে কিরিত্রা যার। পত্র ও উপঢৌকন পাইরা গোলামিগণ বিশেষ জানক প্রকাশ করিরাছিলেন; গ্রন্থ চুরির সংবাদের সঙ্গে সঙ্কেই প্রান্তির সংবাদের

নিদারূপ আবাত গোৰামীদিগকে মর্থাহত করিতে। পারে নাই।

বাহা হউক, শ্রীনিবাসাচার্য্যের বৃন্ধাবন ত্যাগের পরেও যে কবিরাজ গোখামী যথাবস্থিত দেহে বর্তমান ছিলেন, তাহার একাধিক স্পষ্ট উল্লেখ্ড ভক্তিরভাকরে দেখিতে পাওয়া বার। অগ্রহারণ শুরাপঞ্চমীতে শ্রীনিবাস প্রছ্ লইরা বৃন্ধাবন হইতে যাত্রা করেন (ভক্তিরভাকর, ৬৯ তরুল, ৪৬৮ পৃঃ)। ইহার পরের বৎসরেই (১১), অগ্রহারণের শেষ ভাগে যাত্রা করিরা (ভক্তিরভাকর, ১ম তরুল, ৫৭২ পৃঃ) মাব মাসে বসন্ত-পঞ্চমীতে শ্রীনিবাস পুনরার বৃন্ধাবনে উপনীত হন (ভ, র, ১ম তরুল, ৫৬৮.৬১

⁽১১) অবাবহিত পরবর্তী বংসত্তেই বে শ্রীনিবাস পুনরার বুন্দাবনে গিরাছিলেন, ভক্তিরত্বাকরে অবগু ইহার স্পষ্ট উল্লেখ নাই। প্রথমবারের কৃষ্ণাবনত্যাগ এবং দিতীরবারে বৃন্দাবনযাত্রার মধ্যবর্তী ঘটনা পরস্পর। বিবেচনা করিয়া এবং শ্রীনিবাসকে পুনরার বৃন্দাবনে দেখিরা "এত শীত্র ইহার গমম হইল কেনে (ভক্তিরত্বাকর, ৫৯৯ পু:)" ভাবিরা বৃন্দাবনছ গোলামিবৃন্দের বিশ্ববের কথা বিবেচনা করিয়াই অব্যবহিত পরবর্তী বংসর অসুমিত হইরাছে।

পৃ:)। যে অগ্রহারণে শ্রীনিবাদ বুন্দাবনে পুন্র্যাক্রা করেন, তাহার পরের পৌষ মানের শেব ভাগে রামচন্দ্র क्वित्रोक्छ तुन्तायनगांका कत्त्रन (छ, त, अम छत्रक, ११२ পঃ)। ভাষকুত-রাধাকুত্তভীরে রামচক্র কবিরাজের-"ক্লফদাস কবিরাজ আদি বত জন। তাসভা সহিত হৈল অপূর্ক মিলন॥ (ভ, র, ১ম তরক, ৫৭৭ পৃ:)।" ইহার পরে এীনিবাস আচার্য্য দেশে ফিরিয়া আসিলেন। ভাহার পরে খেতুরীর মহোৎসব। এই উৎসবের পরে ব্দাহ্বামাতা-পোশামিনী বুন্দাবনে গিরাছিলেন। এই সংবাদ পাইয়া তাঁহার দর্শনের নিমিত্ত কবিরাজ-গোখামী রাধাকুণ্ড হইতে বুন্দাবনে আধিবাছিলেন (ভ, র, ১১৭ ভর্দ, ৬৬৭ পৃ:), এবং বুলাবন হইতে তাঁহার স্চে পুনরার রাধাকুতে গিরাছিলেন (১১শ তরক, ৬৬৮ পঃ)। ইহারও পরে প্রভূ বীরচন্দ্র (বা বীরভদ্র) গোম্বামী যথন শ্রীবুলাবনে গিয়াছিলেন, তথনও কবিবাজ-গোসামী রাধাকুও হইতে বুন্দাবনে আসিয়া শ্রীকীবের সলে বীরভন্ত প্রভুর অভ্যর্থনার্থ অগ্রসর হইয়াছিলেন (১৩শ ভরদ, ১০২০ পঃ) এবং বীরভদ্র বধন রাধাকুতে গিয়াছিলেন. তথ্য ক্রিয়াজ-গোত্থামী তাঁহার সত্তে নানা লীলাত্তল দর্শন করিয়া ছই দিন পর্যান্ত হাঁটিয়া বুলাবনে আসিয়া-ছিলেন (ভ, র, ১৩শ তরক, ১০২২ পঃ)।

গ্রন্থ চ্ছিরে বছ দিন পরেও বে কবিরাজ-গোস্থামী প্রকট ছিলেন, স্বরং জীবগোস্থামীও তাহার সাক্ষ্য দিতেছেন।
শ্রীজীবের লিখিত বে পত্রগুলি ভক্তিরতাকরে উক্ত হইরাছে, তন্মধ্যে চতুর্থ পত্রথানি গোবিন্দ কবিরাজের নিকটে লিখিত। এই পত্রথানিতে শ্রীল কুফলাস কবিরাজের নমস্বার জ্ঞাপিত হইরাছে। "ইহ শ্রীকৃষ্ণ দাসস্ত নমস্বারাঃ।" এ স্থলে কুফলাস শব্দে বে কৃষ্ণদাস কবিরাজকেই ব্যাইতেছে, ভক্তিরত্বাকর হইতেই ভাহা জানা যার। উক্ত পত্রের শেষে লিখিত হইরাছে—
"পত্রীমধ্যে শ্রীকৃষ্ণদাসের নমস্বার। কৃষ্ণদাস কবিরাজ গোস্থামী প্রচার॥ (ভ, র, ১৪শ তর্ল, ১০৩৬ পঃ)।"

ভক্তিরত্বাকরের বর্ণনা অতীব প্রাঞ্জল, মধুর, শৃঙ্গাবদ্ধ এবং বিশ্বত। কবিরাজ-গোত্থামীর অন্তর্ধান সহদ্ধীর কোনও কথাই ইহাতে দেখিতে পাওরা বার না। শ্রীনিবাস আচার্ক্তেক্তিপ্রথমবার বৃদ্ধাবন ত্যাগের—অথবা

বনবিষ্ণুপুরে গ্রন্থ চুরির--পরেও বিভিন্ন সমরে রাসচন্দ্র ক্ৰিরাজ, জাহুবামাতা এবং বীরচন্দ্র গোভামীর সহিত কবিরাজের সাক্ষাভের কথা ভক্তিরছাকরে বাহা বর্ণিভ আছে, তাহা অবিখাস করিবার হেতু দেখা বার না। অধিকন্ত, গোবিল কবিরাজের নিকটে লিখিত এলীব-গোখামীর পত্রধানিকে কিছুতেই অবিখাস করা বার না। গোবিন্দ কবিরাজ ছিলেন রামচন্দ্র কবিরাজের কনির্চ ভ্ৰাতা। প্ৰথমে ভিনি শাক্ত ছিলেন। জ্ৰীনিবাস প্ৰথমবার বুন্দাবন হইতে দেশে ফিরিয়া আসিলে পর রামচন্তের সহিত তাঁহার (এনিবাসের) পরিচর হর। ভার পর রাষচন্দ্রের দীকা; তার পর খ্রীনিবাসের পুনর্ন্দাবন গমন, ও রামচন্দ্রেরও বুন্ধাবন গমন। তাঁহারা বুন্ধাবন হইতে ফিরিয়া আসিলে গোবিনের দীক্ষা। দীক্ষার পরেই গোবিন্দ শ্রীরাধাকুফের লীলাসম্বনীর পদ রচনা করিয়া বুন্দাবনে পাঠান। সেই পদ আখাদন করিয়া বুন্দাবন-বাসী গোস্বামীদের অভান্ধ আনন্দ অস্মে। উল্লিখিত পত্রেই শ্রীফীব সেই আনন্দের কথা গোবিন্দ কবিরাক্ষকে জ্ঞাপন করিয়াছেন। স্বতরাং শ্রীনিবাদের প্রথমবার বুন্দাবন ত্যাগের অনেক দিন পরের এই চিট্ট। তাহা হইলে শ্রীনিবাসের বুলাবন ভ্যাগের খনেক পরেও যে কবিরাজ-গোসামী প্রকট ছিলেন, ভক্তিরতাকর হইতে নিঃসন্দেহ রূপেই ভাহা জানা যাইভেছে।

এক্ষণে প্রেমবিলাসের উক্তি বিবেচনা করা বাউক।
প্রেমবিলাস হইতে জানা যার—গ্রন্থ চুরির পরে প্রাম
হইতে কালি-কলম-কাগজ সংগ্রহ করিয়া শ্রীজীবগোত্থামীর
নামে শ্রীনিবাসাচার্য্য এক পত্র লিখিরা গ্রন্থ চুরির সংবাদ
জ্ঞাপন করেন এবং এই পত্র লইরা গাড়োরানাদিকে
বৃন্ধাবনে পাঠাইরা দিলেন (প্রেমবিলাস; ১৩শ বিলাস,
১৬৭ পৃঃ)। ইহারা পত্র লইরা শ্রীজীবের নিকটে দিল,
মূথেও সমস্ত ঘটনা বিবৃত্ত করিল। প্রেমবিলাস হইতে
জানা যার—শ্রীজীব পড়িল পত্রের কারণ বুনিল।
লোকনাথ গোসাঞ্জির ছানে সকল কহিল॥ শ্রীভট্ট
গোসাঞ্জি ভনিলেন সব কথা। কান্ধিরা কহরে বড়
পাইলাম ব্যথা॥ রছ্নাথ কবিরাজ শুনি ঘুইজনে।
কান্ধিরা কান্ধিরা পড়ে লোটাইরা ভূমে॥ কবিরাজ কহে
প্রভু নাব্রি কারণ। কি করিল কিবা হৈল ভাবে মনে

মন। জরাকালে কবিরাজ না পারে চলিছে। অন্তর্ধান কৈল সেই তঃখের সহিতে॥ কুণ্ডতীরে বসি সদা করে অভতাপ। উছলি পভিল গোসাঞি দিয়া এক ঝাঁপ। বিরহ-বেদনা কত সহিব পরাণে। মনের বডেক তঃধ কেবা তাহা জানে॥ জীকুফ-চৈতক্ত-নিত্যানল ফুপামর। তোষা বিহু আর কেবা আমার আছর॥ অবৈতাদি ख्क्र शं क्रम शं क्रम । क्रम्भांत टाकि गरंव हरे अन्त ॥ প্রভূত্মপদনভিন ভট্ট রখনাথ। কোথা গেলে প্রভূ মোরে কর আত্মদাং। লোকনাথ গোপাল ভট এলীব গোলাঞি। ভোষরা করহ দরা মোর কেহ নাই। গ্রীপাস গোসাঞি দেহ নি**জ** পদ দান। জীবনে মরণে প্রাপ্তি বার করি ধ্যান।। বুকে হাত দিয়া কালে রঘুনাথ দাস। মরমে রহল শেল না পুরল আশা। তুমি গেলে আর কোথা কে আছে আমার। ফুকরি ফুকরি কান্দে इट्ड पति **डॉ**ाइ॥ जूमि ছां ज़ि यां ड दमादा समाथ कतिया । ्रमान विकेष काम a पुःच महिद्या॥ निकारने क्रक्षमाम রযুনাথের মুখে। চরণ ধরিল আনি আপনার বুকে। অথে রাধাকুগুতীর বাস দেহ স্থান। রাধাপ্রির রগুনাথ হয়েন কুপাবান ॥ বেই গণে স্থিতি ভাহা করিতে ভাব**ন**। ম্দিত নহান প্রাণ কৈল নিজ্মণ।। (১০শ বিলাস,

প্রেমবিলানের এই উক্তিকে ভিত্তি করিয়া ডাকার দীনেশচন্দ্র দেন মহালর লিথিরাছেন—"এই পুত্তক (শীটেডক্স-চরিতামৃত) দেখার পর তাঁহার (কবিরাজ-গোৰামীর) জীবনের শ্রেষ্ঠ কর্মব্য সাধিত হটল-এ কথা यत छेनव कडेवाडिन । এখন ভিনি मिन्छिल मरन প্রাণত্যাগ করিতে প্রস্তুত ছিলেন। জীবগোদামী প্রভৃতি আচার্যাগণ এই পুত্তক অস্থ্যোদন করিলে ক্রিরাজের শহন্তলিখিত পু'বি গৌড়ে প্রেরিভ হয়; কিন্ত পথে বনবিষ্ণুপুরের রাজা বীর হাষীরের নিযুক্ত সম্যাগণ পুত্তক দুঠন করে: এই পুত্তকের প্রচার চিন্তা করিরা কুঞ্চনাদ মৃত্যুর অপেকা করিতে-हिलान: नहना बनविकृश्व हहेएक बुन्नावरन लाक জাসিয়া এই শোকাবহ সংবাদ আহাপন করাইল। अवशंत कान जावारक रव क्रक्शांन वाचिक इन नारे. मान छारात भीवत्मत्र (वर्ष्ट अप्टत कन-नराक्षपुत সেবার উৎসগীকত মহা পরিপ্রমের বস্ত অপস্তত হটরাছে তানিরা ক্রফদাস জীবন বহন করিতে পারিলেন না। জীবনপণে যে পুত্তক লিখিরাছিলেন, তাহার শোকে জীবন ত্যাগ করিলেন *—রঘুনাথ কবিরাজ তানিলা হ'জনে। আছাড় খাটয়া কান্দে লোটাইয়া ভূমে॥ বৃদ্ধকালে কবিরাজ না পারে উঠিতে। অন্ধনিন করিলেন হৃংখের সহিতে॥—"প্রেমবিলাস।" (বক্লভাষা ও সাহিত্য; ৪র্থ সংস্করণ, ০০৮ পটা)।

দীনেশবাবুর উলিখিত উক্তি সম্বন্ধে ত্'একটা কথা বলা দরকার। কবিরাজের স্বহন্তলিখিত শীচরিতামৃত পূঁথি বে শীনিবাসের সদে গৌড়ে প্রেরিত হইয়াছিল, এই সংবাদ দীনেশবাবু কোথার পাইলেন, উল্লেখ করিলে ভাল হইত। প্রেমবিলাদে বা ভক্তিরয়াকরে এরপ কোনও উক্তি দেখা বার না। আর, গ্রন্থ চুরির সংবাদ পাইয়াই বে কবিরাজ-গোত্থামী দেহত্যাগ করিয়াছেন, এ কথাও উলিখিত কভিপর প্রার হইতে বুঝা বার কি না দেখা বাউক।

গ্রন্থ সংবাদে লোকনাথ গোলামী, গোপালভাই গোলামী প্রভৃতিও জনেক মর্মবেদনা পাইরাছেন, জনেক কাঁদিয়াছেন। দাসগোলামী এবং কবিরাজ-গোলামী কাঁদিয়া কাঁদিয়া ক্মিতে দ্টাইয়াছেন। তার পরে গ্রন্থ চুরির প্রস্থালে "কি করিল কিবা হৈল" বলিয়াও কবিরাজ-গোলামী জনেক ভাবিরাছেন। এ সকল কথা বলিয়া তাহার পরেই প্রেমবিলাসে বলা হইরাছে—"জরাকালে কবিরাজ না পারে চলিতে" ইত্যাদি। প্রেমবিলাস ও ভক্তিরভাকর হইতে প্রমাণ উদ্ভ করিয়া ইতঃপ্রেই আমরা দেখাইয়াছি—গ্রন্থ লইরা শ্রীনিবাসের বুলাবন ত্যাগের সমরেও কবিরাজ-গোলামীর দরীবের অবহা বেশ ভাল ছিল, বছলে তথন তিনি সাত কোশ পথ

^{*} Bankura Gazetteer a Re Pon Staff Alexe Tolon Staff Alexe Tolon Vaishnava works, the Prem-Vilasa of Nityananda Das (alias Balaram Das) and the Bhaktiratnakara of Narahari Chakrabarty relate that Srinivasa and other bhaktas left Brindaban for Gaur with a number of Vaishnava manuscripts, but were robbed on the way by Bir Hambir. This news killed the old Krishnadas Kaviraj author of the Chaitanya Charitamrita.

যাতারাত করিতে সমর্থ ছিলেন; তথনও জরাবশতঃ
তিনি চলচ্ছজিনীন হন নাই। ইহার পাঁচ ছর মাসের
মধ্যেই গ্রন্থ চুরির সংবাদ বুলাবনে পৌছিয়া থাকিবে।
এই জল্প সমন্তের মধ্যেই হঠাৎ জল্প আসিয়া তাঁহাকে যে
চল্ডছজিনীন করিয়া তুলিয়াছে, তাঁহাল যে "জলাকালে
কবিলাজ না পারে চলিতে" অবস্থা আসিয়া উপস্থিত
ভইয়াছে, ইহা বিশ্বাস করা যার না।

"জরাকালে কবিরাজ না পারে চলিতে" অবস্থার সময়েরও তুইটা বিবরণ উক্ত পরার কর্মটা হইতে জানা বার। প্রথমত:, কুণ্ডতীরে বসিগ্র অনুভাপ করিতে করিতে কবিরাক কুওমধ্যে ঝাঁপ দিলেন। দিতীয়ত:. দাসগোস্থামীর চরণ জদরে ধারণ করিয়া, ভাঁহার বদনে স্থীয় নয়ন্ত্র স্থাপন করিয়া, "বেট গান স্থিতি ভাচা ভাবনা করিতে করিতে"—অর্থাৎ শ্রীশ্রীরাধাক্সফের অটকালীন শীলার অরণে স্থীমঞ্রীদের যে যুথের অন্তর্ভুক্ত বলিয়। তিনি নিজেকে চিন্তা করিতেন. অস্তশ্চিত্তিত সিদ্ধদোহ সেই যুথে নিজের অবস্থিতি চিন্তা করিতে করিতে—মুদিত নয়নে তিনি করিলেন। যদি তিনি প্রাণত্যাগ করিবার নিমিত্রই কুওমধ্যে ঝাঁপ দিয়া থাকেন এবং ভাহাতেই যদি ভাঁহার जित्ताजाव इरेश थात्क, जाहा इरेटल मामतभाषामीत চরণে প্রাণনিজ্ঞানণের কথা মিথ্যা হইয়া পড়ে। আর, দাসগোস্বামীর চরণেই যদি জাঁহার প্রাণ্নিজ্ঞামণ হইয়া থাকে, তাহা হইলে রাধাকুতে ঝাঁপ দিয়া প্রাণ্ত্যাগের কথা মিথ্যা হইরা পড়ে। একই সমরে একই ব্যক্তির লেখনী হইতে পরস্পরবিরোধী এইরূপ ছুইটা বিবরণের কোনওটার উপরেই আস্থা স্থাপন করা যায় না।

আরও একটা কথা বিবেচ্য। আক্সিক হু:সংবাদ প্রবণে বাঁহাদের প্রাণবিরোগ হয়, সাধারণতঃ সংবাদ প্রবণমাত্রেই তাঁহারা হতজান হইরা পড়েন, আর তাঁহাদের চেতনা ফিরিরা আদে না। উদ্ভ পয়ার-সমূহ হইতে এছ চুরির সংবাদ প্রাপ্তিতে কবিরাজনগোলারীর ভজ্ঞপ অবস্থা হইরাছিল বলিয়া জানা বায় না। তাঁহার অত্যন্ত ছু:ধ—মর্মভেদী ছু:ধ—ইইয়ছিল, ভাহাতে ভিনি মাটাতে পূটাইয়া কাঁদিয়াছিলেন; কিছা তাঁহার মূল্ছা হইয়ছিল বলিয়া উক্ত পয়ার-সমূহ হইতে

জানা বার না। কবিরাজ-গোসামীর মত একজন ধীর, স্থির, ভজনবিজ্ঞ ভগ্রদগ্তচিত সিদ্ধ মহাপুরুষ যে নই বস্তুর শোকে যোগাড়যন্ত্ৰ করিয়া আত্মহত্যা করিবেন, তাহা কিছতেই আমরা বিখাস করিতে প্রস্তুত নহি। উল্লিৎিত পরার কয়টী হইতে তাহা বুঝাও যায় না। যাহাবুঝা বার, তাহা তাঁহার ভার সিদ্ধতক্তের পক্ষে অভান্ত স্বাভাবিক। হরিদাস-ঠাকুরও ঠিক এই ভাবেই মহাপ্রভুর চরণ জদরে ধারণ করিয়া, স্বীয় নয়নম্বয় প্রভুর বদনে স্থাপন করিয়া মূথে "শ্রীকৃষ্ণচৈতস্থ-নাম" উচ্চারণ করিতে করিতে নির্যাণ প্রাপ্ত হইয়াছিলেন। মহাপ্রভু শীঘ্রই লীলা সম্বরণ করিবেন ব্যাতে পারিয়া, ভাঁছার বিরহ-বেদনা সভ্ করিতে পারিবেন না মনে করিয়াই হরিদাস ঠাকুর স্বেচ্ছার ঐ ভাবে নির্যাণ প্রাপ্ত হইরাছিলেন। দাসগোস্বামীর চরণে কবিরাজ-গোস্বামীর যে নির্যাণের কথা প্রেমবিলাসে দেখিতে পাওয়া যায়, ভাহাও তাঁহার খেচ্চাকত বলিয়া মনে হয়: বিরহ-বেদনায় অধীর হইয়াই ভিনি এরপ করিয়াছেন বলিয়া প্রেমবিলাস বলে। যে বিরহ-বেদনা জাঁহার অসহা হইয়াছিল বলিয়া কথিত इटेब्राह्म, टेश डांशांत क्रक्षवित्रह-त्वमनाः, जाहे बहे বেদনার নির্দ্দের উদ্দেশ্যে কবিরাঞ্জ-গোস্বামী দেই শ্রীচৈতক্স-নিত্যানন্দাদির, শ্রীরূপ-ভাগের প্রাকালে স্নাত্নাদির কুপা প্রার্থনা করিয়াছেন—"কোথা গেলে প্রভু মোরে কর আত্মসাং" বলিয়া। ভাঁহার আক্ষেপের মধ্যে, গ্রন্থ-হারানোর কথার আভাসমাত্রও কোথাও দেখিতে পাওয়া যায় না। গ্রন্থ চুরির সংবাদে তিনি কাদিয়াছেন সভা; অক্ত গোস্বামীরাও কাদিয়াছেন। অধিক্স তিনি মাটীতে লুটাইয়া পড়িয়াছেন; দাস-গোৰামীও তাহা করিয়াছেন। এীরপ-সনাতনের অমূল্য গ্রন্থরাজির এই পরিণামের কথা ভনিলে যে-কোনও ভক্তেরই এইরূপ অবস্থা ঘটিতে পারে। কিছ জাঁহার **एक्ट्याराब या वर्गना एश्वमविनारम एक्ट्या इडेबाएड.** তাহা হইতে অবিসংবাদিভভাবে ইহা বুঝা याद ना दय-তাঁহার চরিতামৃত-অপহরণের সংবাদেই তিনি প্রাণ্ড্যাগ করিয়াছেন। এমনও হইতে পারে বে, কবিরাজ-গোৰাশীর প্রদন্ধ উঠিতেই—গ্রন্থ চুরির সংবাদ প্রাপ্তিতে তাঁহার চিত্তের বাভাবিক প্রেম-ব্যাকুলভার কথা

গ্রহকারের শ্বতিপথে উদীপিত হইরাছিল এবং ক্ষাবিরহব্যাকুলভার অধীর হইরা অভিম সমরে—গ্রন্থ চুরির বহ
বংসর পরে—বৃদ্ধকালে তিনি ক্ষিরপ ভক্তকনোচিতভাবে
অন্তর্জান প্রাপ্ত হইরাছিলেন, গ্রন্থকার তারেও বর্ণনা
করিয়া গিরাছেন। এক কথার প্রদক্ষে অন্তর্জা কথা
ধর্ণন করার দৃষ্টান্ত প্রাচীন কালের গ্রন্থে অনেক পাওরা
গার; প্রেমবিলাসেও ভাহার অভাব নাই।

ভবে কি "কি করিল কিবা হৈল ভাবে মনে মন" গর্যান্ত গ্রন্থ চুমির প্রদল বর্ণন করিরা "করাকালে কবিরাজ না পারে চলিভে" বাক্য হইতে আরম্ভ করিরা বন্ধ বরদে কবিরাজের স্বাভাবিক অন্তর্জান-প্রদল্পই বাণ্ড হইরাছে? এইরপ অন্তর্জান-প্রদলে আভ্যাতির কিছু নাই। অন্তিম সমরে এইভাবে অন্তর্ভিন্তিত দেহে লীলা প্রশ করিতে করিতে দেহত্যাগের সৌভাগ্য বৈষ্ণব মাজেরই কামা।

কিন্তু এরপ অর্থ করিলেও এক অসন্ধৃতি আসিরা উপস্থিত হয়। উক্ত বর্ণনা হইতে জানা বার, দাস-গোলামীর পূর্বের কবিরাজ-গোলামী তিরোধান প্রাপ্ত হইরাছেন। কিন্তু কবিরাজ-গোলামীর পূর্বের দাস-গোলামীর তিরোধানই বৈক্তব-সমাজে সর্বজনবিদিত ঘটনা। এ সমস্ত কারণে, প্রেমবিলাসের উল্লিখিত পরার-সম্ভের উক্তিতে আন্থা স্থাপন করিতে পারা বার না। ঐ উক্তিগুলি গ্রন্থকারের লিখিত হইলেও, উহা হইতে কবিরাজ-গোলামীর দেহত্যাগের সংবাদ পাওরা বার বলিয়ামনে করা বার না।

গ্রন্থ সংবাদে কবিরাজ-গোলামীর দেহত্যাগের কথা যে বিশাস্থাগ্য নহে, তাহা অন্ত ভাবেও বৃথিতে পারা যার। অগ্রহায়ণের শুলাগঞ্চমীতে শ্রীনিবাস গ্রন্থ কারা যার। অগ্রহায়ণের শুলাগঞ্চমীতে শ্রীনিবাস গ্রন্থ কারা বৃন্ধাবন ত্যাগ করেন। কথন তিনি বনবিকুপুরে পৌছিরাছিলেন, ভাহার উল্লেখ কোথাও না থাকিলেও অসুমান করা চলে। ভক্তিরভাকর ইইতে জানা যার, হিতীয়বার যথন শ্রীনিবাস বাজিগ্রাম হইতে বৃন্ধাবনে গিরাছিলেন, তথন তিনি "মার্গনীর্ব (অগ্রহারণ) মাস্থাবেশ যাত্রা করিয়া "মাঘ শেবে বসন্ত-পঞ্চমী-দিবসে" বৃন্ধাবনে পৌছিরাছিলেন (১ম তর্জ, ১৭২, ১৯১ পৃ:)। ব্যাজিগ্রাম হইতে বুন্ধাবন সম্ব্রেকে বাইতে হুই মাস্থাতিরাম হইতে বুন্ধাবন সম্ব্রেকে বাইতে হুই মাস্

লাগিলাছিল। বনবিষ্ণুপুর চইতে বুন্দাবনের পথ ভারও কম। স্বভরাং বনবিষ্ণুপুর হইতে পদত্রকে বৃন্ধাবনে ঘাইতে ছই মাদের বেশী সময় লাগিতে পারে না। বুন্দাবন হইতে গোগাড়ীর সঙ্গে সন্দে হাটিয়া বনবিষ্ণুপুরে আসিতে কিছু বেশী সময় লাগিতে পারে; একর যদি চারি মাদ সমর ধরা যার, তাহা হইলে চৈত্র মাদে গ্রন্থ চুরি হইরাছিল বলিয়া মনে করা ঘাইতে পারে। প্রেমবিলাসের মতে চুরির অল্প পরেই বুলাবনে সংবাদ প্রেরিত ইইমা-ছিল। এই সংবাদ পৌছিতে তুই বাস সমর লাগিরাছিল মনে করিলে (সংবাদ লইয়া বাহারা বুলাবনে গিয়াছিল, ভাহাদের সঙ্গে গাড়ী যার নাই; বলদ সহ গাড়ীও দ্ম্যুগণ লইয়া গিয়াছিল—প্রেমবিশাস ১৬৬ পৃঃ) পত্রবাহকগণ পদক্রকে গিয়াছিল, স্মৃতরাং জ্যৈষ্ঠ মাসের মধ্যেই বুনাবনবাসী গোসামীগণ ইহা জানিতে পারিয়া-ছিলেন বলিয়া মনে করা যায়। ঐ সংবাদ প্রাপ্তিতে কবিরাজ-গোখামীর ভিরোভাব হইরা থাকিলে জোর বা আবাঢ় মাদের মধ্যেই তাহা হইয়া থাকিবে: কিছ পঞ্জিকা হইতে জানা যায়. কবিরাজ-গোস্বামীর ভিরোভাব-ভিথি আখিনের ওকার্যাদলী। তিরোভাবের नमह इक्ट्रेंट देवकव-नमाक वहें एकावामनीएक कवित्राच-গোস্বামীর তিরোভাব-উৎসব করিয়া আসিতেছেন: স্তরাং পঞ্জিকার উক্তিতে ভূদ থাকিতে পারে না। অথচ প্রেমবিলাদের উক্তি অনুসারে গ্রন্থ চুরির সংবাদ প্রাপ্তিতে কবিরাজ-গোৰামী দেহত্যাগ কবিয়া থাকিলে আবাত মাদের মধ্যেই তাহা করিয়াছেন। কিন্তু বৈঞ্চব-সমাঞ্জের চিরাচরিত প্রথার উপর প্রতিষ্ঠিত পঞ্জিকার উক্তিকে অবিখাদ করিয়া প্রেমবিলাদের কিম্দস্ভীমূলক উক্তিতে আন্থা স্থাপন করা যায় না।

গ্রন্থ চ্যানির অনেক পরেও যে কবিরাজ-গোস্থামী প্রকট ছিলেন, তাহার অনেক প্রমাণ ভক্তিরত্বাকর হইতে উদ্ভ করিরা ইতঃপূর্বে দেখান হইরাছে। এ সমন্ত প্রমাণকে —বিশেষতঃ শ্রীকীবের পত্রের উক্তিকে—কিছুতেই অবিশাস করা যার না।

আনেকেই আনেক অকপোল-কল্লিত বিষয় মূল প্রেম-বিলাসেরই নামে বে চালাইছে চেষ্টা করিয়াছেন, ডান্ডার দীনেশচন্দ্র-সেন প্রমুখ, ব্যক্তিবর্গের কথা উল্লেখ স্ক্রিয়া

পূর্বেই ভাষা প্রদর্শিত হইরাছে। প্রেমবিলাসের বে **प्रांभ कृत्विम विश्वन महत्व्वहे द्वा यात्र, मन्नामक ७** ममार्लाहक्शन ८४ ८म्हे चःन छाहारमञ्ज विरवहनात বহিভুতি করিয়া রাখিয়াছেন, ভাহাও ইতঃপুর্বে বলা হইয়াছে। কিন্তু যে পুত্তকের উপরে প্রক্রেপকারীদের এত অত্যাচার চলিয়াছে, তাহাতে তু'একটা কুত্রিম বল্প বে প্রছয়ভাবে অবস্থিতি করিতেছে না, তাহাও निःमत्मत्ह वना यात्र ना । अधिकाःभ श्राहीन शाश्रामित्र পাঠ একরণ হইলেও এই সন্দেহের অবকাশ দুর হয় না। প্রাচীন কালেও প্রক্ষেপকারীর অভাব ছিল না, সুযোগ তো ৰখেষ্টই ছিল। প্রাচীন পুঁথির কোনও কোনও বর্ণনা স্থাবার ভিডিহীন কিম্বদন্তীর উপরও প্রভিষ্ঠিত। ক্ৰিরাজ-গোখামীর তিরোভাব সম্বন্ধে প্রেমবিলানে বাহা পাওয়া বার, ভাহাও বে প্রচ্ছর প্রক্রেপ নহে, ভাহাই বা কে বলিবে ? খ্রীকীবের পত্তের সঙ্গে বধন ইহার ৰিরোধ দেখা যায়, তথন ইহার বিখাস্যোগ্যতা সহত্রে चढ:हे मत्मर बता।

यांश रुडेक. कर्गानम-अवस्य घ्' এकी कथा विवाह এই বিষয়ের আলোচনা শেষ করিব। কর্ণানল একথানি কুত্র পৃত্তিকা। শ্রীনিবাস আচার্য্যের কন্সা হেমলভা-ঠাকুরাণীর শিষ্য প্রশিদ্ধ পদকর্ম্ম। বতুনন্দন দাস্ ঠাকুরই কর্ণাননের গ্রন্থকর। বলিয়া কর্ণাননে লিখিত হইয়াছে। পুস্তকথানি ১৫২৯ শকে (১৬-৭ খুষ্টান্দে) লিখিত হইয়াছে বলিয়া কৰ্ণানলেই প্ৰকাশ। পরবর্ত্তী আলোচনায় দেখা गरित, वीत्रशायीत्वत्र बाक्यकात्म २०२२ भरकत्र काछा-কাছি কোনও সময়ে শ্রীনিবাস বনবিফুপুরে আসিয়া-ছিলেন। তাহার পরে তাঁহার বিবাহ, তাহার পরে সস্তানসন্ততির কথা। স্তরাং ১৫২৯ শকে হেমলতা-ঠাকুরাণীর ক্মও হর তো হর নাই। অথচ এই হেমলভার चार्त्तरमहे नां कि छत्तीत्र मिया ১৫२२ मरक अहे शुस्त्रक লিখিয়াছেন! গ্রহকার ভারিখ লিখিতে ভুল করিয়াছেন - এ कथा वना नम्छ हरेर ना : कांत्रण, शह-ममाशिद ভারিধ লিখিতে গ্রহকারের ভূল হওয়া সম্ভব নর। আমানের বিশাস-কর্ণানক একথানা কুত্রিম গ্রন্থ। এমণ বিশ্বানের করেকটা হেতু মংসপাদিত ঐচৈতত্ত-**চরিভার্যন্তির বিভীর সংস্বরণের ভূমিকার ১০০—১০২**

পৃঠার বিবৃত হইরাছে। ইহা ধে ভক্তির্থাকরেরও পরের লেখা, কর্ণানকের মধ্যেই ভাহার প্রমাণ দেখিতে পাওরা যার।

প্রথমতঃ, প্রথমনির্য্যাদের ৫-৬ পৃষ্ঠার শ্রীনিবাসআচার্য্যের সহিত রামচন্দ্র কবিরাজের প্রথম পরিচয়ের বে
বর্ণনা দেওরা হইরাছে, ভক্তিরত্বাকরের অষ্টম তরজের
৫৬০—৬১ পৃষ্ঠার বর্ণনার সহিত তাহার প্রান্ত পংক্তিতে
পংক্তিতে মিল দেখা যার! উত্তর পৃত্তকেই রামচন্দ্র
কবিরাজের রূপবর্ণনা একরূপ, অল-প্রত্যক্ষাদির উপমা
একরূপ এবং অধিকাংশস্থলে শন্ধাদিও প্রান্ন একরূপ।
কেবল—"কন্দর্পসমান" স্থলে "মন্ত্র্যুক্তনার কিবা
অবিনীকুমার" স্থলে "কামদেব কিবা অবিনীকুমার।
কিবা কোন দেবতা গন্ধর্কপুত্র আর॥"—ইত্যাদিরপ
মাত্র প্রত্তেদ। ইহাতে মনে হর, ভক্তিরত্বাকরের বর্ণনা
দেখিরাই কর্ণানন্দের এই অংশ লিখিত হইরাছে।

ষিতীয়তঃ, এছ চুরির সংবাদপ্রাপ্তিতে কবিরাজ গোসামীর অবস্থা সময়ে প্রেমবিলাদে বাহা দেখিতে পাওরা বার, তাহার সহিত ভক্তিরত্বাকরের উক্তির একটা সময়রের চেষ্টাও কর্ণানন্দে দেখিতে পাওরা বার। প্রেমবিলাদের উক্তি অহুসারে কেছ কেছ মনে করেন, গ্রন্থ চুরির সংবাদ প্রাপ্তিতেই কবিরাজ গোস্থামীর ভিরোভাব। ভক্তিরত্বাকরের মতে গ্রন্থ চুরির বহকাল পরেও কবিরাজ প্রকট ছিলেন। কর্ণানন্দ এই চুই রকম উক্তির সময়র করিতে বাইরা হেমলতা ঠাকুরাণীর মূপে বলাইরাছেন, গ্রন্থ চুরির সংবাদে কবিরাজ মূদ্ভিত হইরা পড়িরাছিলেন সত্য, কিছ পরে তাঁহার মূদ্ভিত হইরা পড়িরাছিলেন পরেও তিনি প্রকট ছিলেন (কর্ণানন্দ ৭ম নির্যাস, ১২৬ পৃষ্ঠা)।

এ সমন্ত কারণে স্পটই বুঝা বার, প্রেমবিলাস এবং ভক্তিরত্বাকরের পরেই কর্ণানন্দ লিখিত হইরাছে। আবার পৃত্তক মধ্যে পৃত্তক-সমাপ্তির ভারিখ ১৫২৯ শব্দ দেখিলে ইহাও মনে হর বে, প্রেমবিলাসের বে অভিরিক্ত অংশ একেবারে ক্রজিম বলিরা দীনেশবার প্রভৃতি ভাঁছাদের বিবেচনার বহিভূতি করিরা রাখিরাছেন, ভাহারও পরে কর্ণানন্দ লিখিত। কারণ, ঐ কুজির অংশেই লিখিত


হইরাছে, ১ং০০ শকে চরিভামৃত সমাপ্ত হইরাছে।
কর্ণানন্দ-লিথক ভাহাই বিখাদ করিয়া চরিভামৃত হইতে
আনেক উক্তি ভাঁহার পুশুকে উক্ত করিয়াছেন এবং
পুশুক্থানিতে প্রাচীনত্বে ছাপ দেওবার উদ্দেশ্তে গ্রহসমাপ্তির ভারিধ ১ং২১ শক দিয়া পদক্তা বহুনন্দন
দানের উপরে গ্রহকর্ড্ব আরোপ করিয়াছেন বলিয়াই
সন্দেহ করে।

কি উদ্দেশ্যে এই কুত্রিম গ্রন্থ নিখিত হইরাছে, তাহারও বংগঠ প্রমাণ গ্রন্থ মধ্যে পাওরা বার। মং-সম্পাদিত চরিতামৃতের ভূমিকার তাহাও প্রদর্শিত হইরাছে।

বাহারা গোপালচম্পু পড়িরাছেন, তাঁচারাই জানেন
— অপ্রকট এজনীলার প্রীক্তফের সহিত গোপীদিগের
ফকীরাভাবই প্রীজীবের সিদ্ধান্ত। প্রীজীবের অপ্রকটের
কিছু কাল পরে এই মতের বিরোধী একটা দলের উত্তব
হয়। প্রীল বিখনাথ চক্রবর্তীর সময়ে তিনিই এই বিরোধী
দলের অপ্রণী হইয়া অপ্রকটে পরকীরাবাদ প্রচার করিতে
চেটা করেন। কিছু প্রীজীবের মত ভ্রান্ত—এ কথা বলিতে
কেহই সাহনী হন নাই। চক্রবর্তিপাদ-প্রমুখ বিরুদ্ধবাদিগণ বলিরাছেন—প্রীজীব অকীরাবাদ স্থাপন করিলেও
প্রকীরাবাদই ছিল তাঁহার হার্দ্ধ; অথবা—প্রীজীবের
লেবার বথাশত অর্থে অপ্রকটনীলার অকীরাবাদ সম্থিত

হইলেও তাঁহার লেখার গুড অর্থ পরকীরাবাদের অমুকুল। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই, বীলীবের কোনও লেখারই পরকীয়াভাবাত্মক গঢ় অর্থ প্রকাশ করিতে এ পর্যান্ত কেই ८० है। करबन नाहै। अक्रुप ८० है। मुख्य अ नव : कांबन, স্গ্ৰাশ্ৰের গৃঢ় অৰ্থ অমাবস্থার চন্দ্র-এ কথা বলাও বা, গোপালচম্পুর গৃঢ় ভাৎপর্য্য পরকীয়াবাদে, এ কথা বলাও छ। विस्मरणः, हेश क्यान श्रीकीत्वत्रहे मरु नहर : শ্রীরপদনাতনেরও এই মত, তাহা শ্রীবাই বলিয়া গিয়াছেন। তাঁহাদের গ্রহাদি হইতেও ভাহা স্থান। বার। আর. কেবল গোপালচম্পতেও নহে—শ্রীকৃষ্ণদন্ধতি. প্রীতিসন্দর্ভ, শ্রীমদভাগবভের শ্রীকীবকুত টাকা, বন্ধসংহিতা, বন্ধনংহিতার শ্রীকীবকুত টাকা, গোপালভাপনী শ্রুতি, লোচনরোচনী টাকা, গৌতমীয় তন্ত্রাদি সমন্ত গ্রন্থেই অপ্রকটে স্বকীয়াভাবের কথা পাওয়া যায়। কর্ণানন্দ বে শ্রীকীবের যাতার বিরুদ্ধবাদীদের মধ্যে কাচারও ভাষা লিখিত হইরাছে, এই পুন্তিকাখানি ভাড়াভাড়িভাবে পড়িয়া গেলেও তাহা সহজে বুঝা বায়।

বাহা হউক, কুত্রিমই হউক, আর অকুত্রিমই হউক, কর্ণানন্দ এ কথা বলে না বে, গ্রন্থ চূরির সংবাদ প্রাপ্তিতে কবিরাজ-গোসামী দেহত্যাগ করিয়াছিলেন। বরং গ্রন্থ চূরির সংবাদ বৃন্ধাবন পৌছিবার পরেও যে তিনি প্রকট ছিলেন, তাহাই কর্ণানন্দ হইতে জানা বার।



দাস্থত

শ্রীশচীন্দ্রলাল রায় এম-এ

->-

রসময়বাব ঔষধের বাহাট বন্ধ করিয়া উঠিবার উচ্চোগ করিতেছেন—এমন সময় তাঁহার দোহিত্র রমেন সেই কক্ষে প্রবেশ করিয়া সহাত্যে কহিল—মাজকের মত ওয়ৄধ বিলি হয়ে গেল দাদামশায় ৪

রসময়বাব কহিলেন—ইাা, হরে গেল। আজ আর বেশী কেউ আসে নি ভো। ভোর দিদিমাকে একবার চট্ করে জিজাসা করে আর ভো দেখি—কাল অখলের ব্যথাটা কম ছিল কি না! যদি না কমে থাকে,— আজকেও একটা ওযুধ দেব।

রমেন কহিল —দে পরে তুমি জিজেদ করো। নিশ্চর দিনিমার অখণের বাথা দেরেছে—নইলে এতকণ ধেরে আদতেন। আছো দাছ, তোমার ওষ্ধের স্বাই তারিপ করছে—অথচ দিনিমা কেন রেগেই আগুন ?

রসময়বাবু রসিকতা করিয়া কহিলেন—বোধ করি তোর দিদিমাতার দিক ছাড়া অঞ্চ কোনও দিকে মন দিই—এ ইচ্ছে——।

কথা সমাপ্ত হইতে না হইতেই এক স্থলকায়। প্রোচারমণী সেই কক্ষে প্রবেশ করিয়া তারস্বরে কহিলেন— ওন্ধের বাত্ম তো এইবার বন্ধ করলেই হয়। বাজারের সময় বন্ধে বায় বেট্টা নন্দা বাজারের ঝোড়া হাতে করে দাঁড়িরে আছে—আর দেরী করলে কি আর পোড়া বাজারে মাছ তরকারি মিলবে! ভাতির সাথে বন্ধে ওন্ধের গুণ বর্ণনা করলেই দিন বাবে না বুঝেছ।

রসময়বাবু কিন্তু কিন্তু করিয়া কহিলেন—হাা, তা বাচ্ছি। তা আৰু না হয় নন্দা একাই বাক—আমার শন্তীরটা তেমন ভাল নাই। বাতের ব্যথাটা বেন একটু——।

গিরি ঝছার দিলা কহিলেন—বাতের ব্যথার অপরাধ
কি বল দেখি। একটু হাঁটাহাঁটি না করলে বুড়ো বরসে
বাতের ব্যথা চাগাবেই। দিনরাত ওব্ধের বান্ধ সম্মুধে
নিমে বলে থাকা—বাবা রে বাবা, বুড়ো বরসে এ আবার
কি আপদ হ'লো বল তো। পুজো নাই, ধান নাই,

ঠাকুর-দেবতার নাম নাই. ওয়্ধ আর ওয়্ধ। না বাপু, আর আমি বকতে পারবো না। ভাল চাও ভো এফুণি বেরোও।

দাদামহাশরের তুর্গতি দেখিরা রমেন হাসিতেছিল, এইবার কবিল—আছা দিদিমা, দাদামশারের ওর্ধে তোমার কালকের অঘলের ব্যথাটা সেরেছে কিনা বল দেখি?

দিদিমা কহিলেন — কি জানি সেরেছে कি নাঃ সারবার হয় আপনিই সারবে—ভারী তো ওব্ধ। অমন বিনে প্রসার ডাক্তারি ঢের দেখা আছে আমার।

ন্ত্ৰীর মন্তব্যে রসময়বাব মুখথানি কাঁচুমাচু করিলেন।
রমেন একবার দাদামহাশংরর মুখের দিকে তাকাইরা
কহিল—তুমি তো ও কথা বলবেই দিদিমা। কির
বাইরে দাদামশারের নাম কেমন হরেছে জান ? জামার
সব ফেগুরা বলে—দাদামশারের মত ভাল চিকিৎস।
করতে পারে এমন ডাকার এই টাউনে নেই।

রসময়বাব্র মৃথ উজ্জল হইয়া উটিল—কহিলেন— শুনছো তো রমেনের কথা। তৃমিই শুধু বিশাস করো না— —হরেছে বাপু, হরেছে। এখন ওগ্ধের বান্ধ রেখে

বেরিয়ে পড়। · · এই বলিয়া তিনি কক হইতে নিজাৰ হইলেন।

ন্ধমন দেখিল—তাহার যে কার্য হাসিল করিবার
আন্ত দাদামশারের নিকট আশা তাহার কিছুই হইল
না—শুধু গোড়াপত্তন হইয়াছে মাত্র। সে কহিল—আদা
দাত, তোমার হরে আন্ত আমিই নলাকে নিম্নে বাজারে
না কেন বাই।

রসময়বাব কহিলেন—না রে ভাই না—তোর দিন্দিন ভাহলে আর আমাকে আত কাবৰে না। সকাদবেল একটু কেটে না এলে বাভের বাধার না কি ভারী বাব করে। উদ্দেশুহীন হাটাটা না কি ঠিক নয়—ভাই বাজার করবার ভারটা আমারই ওপর পড়েছে। রমেন কহিল—ভাহলে চল না দাড়, গল্প করতে করতে আমিও ভোষার সাথেই লাহর বাই।

পথে বাইতে বাইতে রমেন কণিল—গুহো, সে কথা তোমাকে বলতে ভূলেই গিরেছি। পরশু পেট কামডানোর বে ওব্ধটা দিলে না দাতৃ—এক দাগ খাওরা মাত্রই হাতে হাতে ফল। পেট বেদনা বে কোথার গেল তার ঠিক নাই, কিথের পরক্ষণেই ছটফট করতে লাগলাম। খান কৃতি পৃতি খেরে তবে আমার সেই ছটফটানি থামে।

রদমরবাবু অভাস্ত খুসি হইরা কহিলেন—ও হবারই কথা হৈছ। এক ডোজ পলসেটিলা দিরেছিলাম কি না। একেইনির অবার্থ।

— আর দাতু, আমার বনুদের তো তোমার প্রশংসা মুখে ধরে না। সেদিন সমর ভোমার ওব্ধ এক ভোক খেরে একেবারে মুখ। তার প্রত্যেক পূর্ণিথা আর জমাবস্থার একটু একটু জর হলো— সেই এক ভোক ধাবার পর থেকে আর জর হয় না।

রসময়বাব্র চোথ মুধ আানকে উজ্জল হইরা উঠিল, কহিলেন—তাই না কি ? চারনা তাহলে ঠিক ধরেছে। আছে। তোর বঙ্গুদের বাড়ীতে অত্থ বিস্থ করলে আমাকেই না হর ধবর দিস। অব্থ তারা অভ্ত ডাকারকেও দেখাতে পারে——।

রমেন কহিল—নিশ্র তারা তোমাকে দিরে দেখাবে। তারা তোমার নামে উন্মন্ত হরেছে কিনা! বলে, বিনে পরসায় এমন ওমুধ! আমি একবার আমার বন্ধুলের নিয়ে দিদিমার কাছে ভোমার গুণ বর্ণনা শোনাতে আসবো বলে দিকি।

রসময়বাবু অত্যক্ত খুনী হইয়া হো হো করিয়া হাসিয়াউটিলেন।

রমেন কহিল — আমার আর কি ইচ্ছে হর জান

দাত্। ইচ্ছে করে যে-দব বন্ধুরা ভোমার ওর্ধের প্রশংদা

করে — ভাদের একাদন পেট ভরে খাইরে দি।

রসময়বাব উৎসাহিত হইরা ফহিলেন—তা দে না একদিন ধাইছে। তোর দিনিমাকে বলে না হয়——।

—পাগল হরেছ বাদামশার। দিনিমাকে ঐ কথা বল্লে কি আর ভালের বাড়ীতে চুক্তে দেবে। তোমার ওযুধের প্রশংসা কি দিনিয়া বহু করবে মনে কর ? রসময়বাবু চিভিড ইইয়া কহিলেন-ভবে না হয় পাছ জায়গাতেই ব্যবস্থা করিস। কত লাগবে বল দেখি ?

রমেন দেখিল— অভীট ভাহার সিদ্ধ ইইরাছে। কহিল— সে ভূমি বা দেবে দাদামশাই। ভা গোটা পাঁচেক টাকা হলেই হবে— কি বল ?

রসময়বাব্ কহিলেন—টাকাটা মনে করে আকই
নিয়ে য়াখিস তাহলে। তোর দিদিমাকে আর কিছু
বলে কাল নেই—আমার হাত-খরচের টাকা থেকেই
দিরে দেব এখন।

---₹---

রসময়ব'বু বে চিরকালই বিনা পরসার ভাজার ছিলেন—তাহা নর। তিনি ছিলেন—সরকারী চাকুরে। বছর কুড়ি মুক্টেনী, বছর আটেক সবস্কলারী চাকুরে। বছর কুড়ি মুক্টেনী, বছর আটেক সবস্কলারীটার, এক বছর এগার মাস নর দিন এগাসিটাট সেসন জজের কাল এবং দিন একুশ বাইশ জলিরতি করিরা সম্প্রতি তিনি পেলন লইরাছেন। চাকুরী-জীবনেও তাঁহার খেরাল ছিল—বিনা পরসার ঔবধ বিতরণ। বই পড়িয়া তিনি হোমিওপ্যাথিক চিকিৎসা সম্বন্ধে জানলাত করিয়াছিলেন এবং এই জানের কলে জনেক পরীব ছুংখীর হুংখ মোচন করিয়াছিলেন। পদমর্য্যাদাসম্প্রে হইলেও রোপীর কথা তানিলে তিনি দীনহংখীর বুটী র গিরা উপস্থিত হইতে এতটুকু ছিধা বোধ করিতেন না; এবং তাঁহার ঔবধে রোগ আরোগ্য হইলে তিনি নিজকে কৃতার্থ জ্ঞান করিতেন।

কিছ তাঁহার এই কার্য্যে তাঁহার স্থা সীলাময়ী সন্থাই ছিলেন না। মাসাতে নোটের বে ভাড়াটি তাঁহার হত্তগত হইত, তাহার অতি ক্রতম অংশও বে স্থামীর খেরালের অন্ত ঔবধ ক্রম করি'ত ব্যয় হইবে, ইহা তিনি স্ফ্ করিতে পারিতেন না। ইহা লইয়া তিনি তুম্ল আন্দোলন বরাবর করিয়া আসিয়াছেন; কিছু স্থামী প্রায়র চিতে ভাহা সক্ষ্যিতেন।

পেন্সন লইবার কিছু দিন পৃংর্বাই ভিনি সহরে প্রকাপ্ত ত্রিভল বাটী নির্দ্ধাণ করিলেন। ঠিক ভিনিই যে নির্দ্ধাণ করিয়াছেন ইহা বলিলে বোধ হর ভূল হইবে। ভাঁহার স্তীর ভশাবধানে এবং ক্রচি অন্থবারী ্রাণ্টী নির্মিত ইইরাছিল। পেলন লইবার পর তিনি লগরিবারে এইখানে বাস করিতে লাগিলেন। তিনি ভাবিরাছিলেন—অবশিষ্ট জীবন তিনি ভালতে লা কাটাইরা চিকিৎসা কার্য্যেই জ্বতী থাকিবেন। এই সদিছোর কথা তাঁহার এইখানে আসিবার পরেই বকলে জানিতে পারিল; এবং কেছ কেছ তাঁহার এই কার্য্যকে উপহাস করিলেও বিনা পরসার ঔবধের লোভ ভাবেকেই ত্যাগ করিতে পারিত লা।

কিছ কেন জানি না তাঁহার বন্ধু-ভাগ্য অত্যন্ত মক্ষ্
ছিল। এইথানে আসিবার পর তিনি অনেকের সজে
মিশিবার চেটা করিয়াছেন; কিন্তু তাঁহার পদমর্য্যাদার
কথা অরণ করিয়া কেহ তাঁহার সন্ধিত মিশিতে চাহিত
না। যাহারা আসিত, তাহারা তথু প্রার্থী মাত্র। কিন্তু
ঔষধের প্রার্থী ছাড়া অন্ত কোনও রূপ প্রার্থী তাঁহার
নিক্ট আসিলে তাহাকে বিফল-মনোরথ হইতে হইত;
এবং ইহার ফলে তিনি 'হাড়কঞ্জ্ব' এই উপাধি প্রাপ্ত
হইরাছিলেন। তাঁহার ত্রিভল স্থদ্য গৃহ, দামী
মোটরকার, সর্বাক্ষে ভারী অলকারে মণ্ডিতা স্থলকারা
স্রী, পুত্র-প্রবর্গগণের সোধিনতা তাঁহার প্রতিবেশীদের
কর্ষার উল্লেক ক্রার কর্মজীবনের অন্তে তাঁহার ভাগ্যে
বিশেষ বন্ধুগাত হর নাই।

প্রতিদিন বৈকালে তিনি সহরের উপকণ্ঠহিত
নদীতটে ভ্রমণ করিতেন। এইখানে তাঁহার সমবরসী
করেকটি প্রকের সহিত তাঁহার পরিচর হইরাছিল। কিছ
ইহা পরিচর মাতা। ইহা বন্ধুছে পর্যাবসিত হর নাই।
বাহা ইউক, বৈকালে নদীর খারে সমবরত্ব করেকটি
লোকের সক্ষে কথাবার্তা বলিয়া তিনি একটু ছন্তি বোধ
করিতেন। ইহার মধ্যে একটু বেশী পরিচর হইরাছিল
ভারাকির বাবুর সহিত।

তারাকিকর বাবু যেদিন রসমর বাবুর সহিত পরিচিত
ইইলের, সেদিন সভাই সম্রন্ত হইরা উঠিরাছিলেন।
ভূতপূর্ব সেসন জল—যিনি এককালে ফাসী দিবার কর্তা
ছিলেন—তাঁহার সহিত একাসনে বসিরা আলাপ করা!
ভিত্রে বাপুঁরে । তিনি চট্ করিরা উঠিরা দাড়াইরা
আভুমি নত হইরা নমকার করির। বলিরাছিলেন—
আরাজের প্রক্র সেইভাগ্য বে আপ্নার মত লোক বেশে

এনে বাস করছেন। আগনার নাম আমরা অনেক দিন থেকেই তনেছি। বাংলাদেশের ক'টা লোক জজের আসনে বসে দণ্ডমৃণ্ডের কর্তা হতে পেরেছে। মহা ভাগ্যবান লোক আগনি——।

রসময় বাব্ তাঁহার অভাব-সিদ্ধ হাসি হাসিয়া
কহিলেন—বস্থন, বস্থন। আমাকে অভটা বাড়িয়ে
বলবেন না। অসাধারণ আমি মোটেই নই। আপনালেরই
পাঁচজনের একজন হরে যদি আমার বাকি জীবনটা
কাটাতে পারি ভাহলেই নিজেকে ধস্ত মনে কর্বো।
ও কি. এখনও দাঁড়িয়ে রইলেন যে! বস্থন বস্থন।

ভারাকিলর বাবু কহিলেন—আঞ্চে, যখন বলছেন, তখন বসছি। দরা করে বেরাদবি মাফ করবেন।
আপনাদের পদমর্য্যাদার কথা আমার বিলক্ষণ জানা
আছে কি না! আপনার সাথে আলাপ হ'লো, এমন
কি একাসনে বসবার সৌভাগ্য পর্যান্ত দিলেন, এ
আমার প্রাক্তমের আশেব সক্তির কল। এই বলিরা
তিনি বেঞ্চের এক কোণ বেঁসিরা সভ্চিত ভাবে বসিরা
নিক্রে পরিচর দিতে লাগিলেন—আমি এখানকার
হাই কুলের ফিপ্থ টিচার ছিলাম। একাদিক্রমে এজচল্লিশ বছর শিক্ষকতা কার্য্য করে সম্প্রতি তিন বছর
হল অবসর গ্রহণ করেছি। গভর্ণমেক্টের চাকুরি হলে
মাস মাস কিছু পেজন পাওরা বেত। তবু ইন্ধুলের
কর্তৃপক্ষকে আমি দোব দিতে পারবো না। তারা দরা
করে আমার অবসর নেবার কালে পাঁচেশ টাকা বোনাস
দেওয়ার ব্যবস্থা করেছিলেন।

রসময় বাবু হাসিয়া কহিলেন— একচ দ্লিশ বছরের পরি-শ্রমের পারিতোষিক পাঁচেশ' টাকা ৷ বান্তবিক দেশে বারা শিক্ষকতার কাজ নিবেছেন—ভাঁদের মত তুরদুই নিরে—।

বাধা দিয়া তারাকিছর বাবু কহিলেন—আজে, আমার এইখানে মতভেদ আছে—মান্ধ করবেন।
শিক্ষকতার বতী হরে আমি কোনও দিন মনের মধ্যে
কোনও মানি বোধ করি নি। আমরা গরীব, তাতে
কি ? যে গরীব সে যদি নির্দোভ হর, তাহকে ভার
ছংখ থাকে কটটুক ? না মশার, বেশ আছি। আমার
জীবনের মৃদমন্ত্র কি জানেন ? First deserve then desire—আগে উপযুক্ত হও ভার পর স্থাননা কারো।

আঞ্চলাকার ছেলেদের আমি এই কথাই বলি—কিছ তারা মলার আমার কথার হাসে। তাদের আগে থেকেই টাদ ধরবার লাধ—হান করেলে, ত্যান করেলে — অধচ সামর্থা এক কড়ার নাই। কিছু বললে আবার তর্ক করবে— Higher aspiration থাক্বে না মলার দ ইছে হর দিই তুই গালে চড় কসে! কি আর করি, থেমে যাই—নিজের মানটা রাথতে হবে তো। নইলে তারা-মাটারের সাথে তর্ক—পিঠে বেত ভালবো না! আর কি সে দিনকাল আছে মলাই। এই বলিয়া ম'টার মণার সপকে কীর্ঘনিখাল কেলিলেন। রসমর বাব্ মৃত্ হালিতে লাগিলেন।

ভারাক্তির বাবুও এইবার হাসিরা ফেলিরা কহিলেন— বাব্জি বোধ হর ভাবছেন, মারীর ভো খ্ব বক্তে পারে। বুড়ো হয়েছি—এখন বকাই ভো আমাদের সম্বন।

রসমর বাবু কহিলেন—ঠিক। এখন জামাদের বকে গাবারই বয়স—কিন্ধু গ্রাহ্য করে না কেউই।

মান্টার জিব কাটিয়া কহিলেন—ও কথা বল্বেন না, ও-কথা বলবেন না। আপনার কথা অগ্রাহ্য কর্বে এমন লোক কি কেউ আছে! আপনার কথা আলাদা যে। এ কি ভারা-মান্টার বে পনরো টাকা থেকে ঘাঁসে ঘাঁসে পয়জিলে উঠেছে। এখন আপনার পেন্দন কত চল্ছে গ পাঁচশো গ বেশ, বেশ। ভা ঘাই বল্ন, আমিও বেশ আছি। আপনার বোধ হর বিয়ক্তি বোধ হচ্ছে গ

রসময় বাবু বান্ত হইরা কহিলেন—না—না; বিরক্ত হবো কেন—বেশ লাগছে আপনার কথা।

—আক্রে হ্যা—বেশ লাগবারই কথা। কিছু আক্রকালকার ছেলেদের আমার কথা বিববৎ লাগে—
ব্যলেন । কাই ডিআর্ড দেন ডিআয়ার—এটা ভারী
ওকতর কথা কি না! আমার সারা জীবন কিছু
এর পরীক্ষা করেছি! ছিলাম গরীবের ছেলে,
কোনও রকমে ডিকা-শিক্ষা করে পড়লাম—নর্মাল
বৈবার্ষিক। পাশ করে হলাম ইকুলের সেকেও পণ্ডিত—
মাইনে পনেরো! মনে করলাম—কোনও রক্ষম পণ্ডিতি
থেকে বদি মাটারীতে প্রমোশন পাই, ভাললে জীবন
ধন্ত হরে বাবে। ইকুলে তথন আটজন মাটার, গুইজন
পণ্ডিত। হার বদি এইট্থ টিচারও হভাম—ভাহলেও

হেলের। বল্ডো—'নার'। 'পণ্ডিত মলার' তন্তে তন্তে বিয়ক্তি ধরে গেল কি না! কিন্তু মাটারী—ওরে বাপ্রে! রাজতাবা না শিখ্লে তো আর মাটার হওয়া বার না —এমিকে 'এ' 'বি' 'নি' চোধেও কেধি নি। নিন্টা ভাগী লমে গেল। ইচ্ছা হলো শিখি একটু ইংরাজী। গোপনে কিনলাম একথানা ফাট বুক্। ভালাকে বঁড় বেশী বকে বাহ্ছি—না? আজ না হর থাক—।

রসময় বাবু কহিলেন—এখনও বাড়ী কিরতে আদিছে দেরী আছে—আপনি বলুন। আপনার কথা আমার ভারী interesting বোধ হচ্ছে।

তারাকিলয় বাবু কহিলেন—Interesting হবে না?
মাঝে মাঝে ইচ্ছে হর—একথানা autobiography লিখি
—Life of a school teacher। কিন্তু ছাপবে কে
মশার ? বাক্, সংক্রেপেই আমার কথাওলো বলে বাই।
আন্ধ্র আপনার মত গুণী লোককে মনের কথা বলতে
পেরে আমার ভারী আনন্দ হচে। ইনা, তার পর
শিখলাম চলনদই ইংরাজী। হেড্ মান্তার মশার আমার
উপর প্রথম থেকেই সন্তুর ছিলেন—পড়াতে কোনও দিন
আমি ফাকি দিই নি কি না, আর বে ছাত্র আমার ক্লাশে
ফাকি দিয়েছে ভার পিঠে আন্ত বেভ ভালতেও কম্মর
করি নি। হেড্ মান্তার করে দিলেন—এইট্থ্ টিচার।
মাইনে হলো বোলো। পণ্ডিতি থেকে মান্তারীতে
প্রমোশন পেরে দেদিন যে কি আনন্দ প্রেছিলাম, সৈ
আর কেউ জাত্বক বা না জাত্বক—আমার গিরি বিলক্ষণ
জেনেছিল। এই বলিয়া তিনি হাসিয়া উঠিলেন।

—তার পর জেদ বেড়ে গেল—বেশ শিথলাম
ইংরাজী। ইসুগ-লাইত্রেরীর সমস্ত বই তো পড়লামই
—বাইরের বই সংগ্রহ করে পড়াও বাদ গেল না।
শেবটার দিলাম এণ্ট্রান্ধ পরীক্ষা। পাশ করলাম
প্রথম বিভাগে। এদিকে এইট্রুও টিচারী থেকে ক্রমশঃ
প্রমোলন পেলাম কিপ্র টিচারীতে। আর কি চাই!
কামনা আমার পূর্ণ হরেছে। এমন নাম করে কেললাম
বে স্বাই বলে ভারা-মাইত্রের মন্ত ইংরাজী এদিকে প্র
ক্ম লোক জানে। এদিকে একদিন বা বিপদে পড়েছিলাম—এই গ্রাচী করেই আক্র শেষ করবো। সেদিন
এ্যাডিশনাল হেড্মাইার ইকুলে আসেন নি—হেড্ম ইার

বল্লেন—দেকেও ক্ল্যালের ইংরাভীটা আমাকে নিতে। বুকটা টিপ করে উঠ্লো--কিছ গৌৰবও বোধ করলাম। ভাবলাম – ছেলেগুলো অপ্রস্তুত করবে না ভো ? প্রিপেয়ার্ড হয়ে আসলে কি আর ভয় করি মশায় ! পড়াই ফিপ্থ ক্ল্যাল পর্যন্ত-একেবারে ঠেল্লো সেকেও ফ্ল্যালে। আমি বলেই সামলে গেলাম—আর কেউ হলে মৃষ্ঠ। যেত। তুর্গানাম করে চুকলাম ক্ল্যালে-ছেলেগুলো ঋণ গুণ করে উঠ্লো। দেথলাম—বেগতিক। কেউ কেউ চাপা খরে বল্লে—ওরে Conjugation এসেছে রে ! সৈকেও ক্লাশে পড়লে কি হাব-জামার কাছে বেতের বা খায় নি, এমন ছেলে এ ইস্কুলে নাই। Conjugation এ একটু ভূল হলে আর রক্ষা ছিল না কি না। ভাবলাম —আজ বৃঝি শোধ নেবে। কিছু আমিও ভারা মাটার। क्रारिय वरम वह थुनाउह अक एए क्रा वरन छेर्राना--সার, বড্ড মেঘ করেছে, ছুটি দেন না। কেউ বা বল্লে--উ:, কি মোধর গর্জন। ভারী ভর করছে ফিপ্থ্মাষ্টার মশার! ফিপ্থ মাটার বলার উদ্দেশ্য ব্রলেন তে ? चाबाद शक्तिन्ते। बत्त कतिया (मध्या चात्र कि । है:, কি ধড়িবাজ ছেলে সব বাবা! আমিও মনে মান বলাম ---এমন শিক্ষা দেব তোমাদের, এখন ছদিন ভোমাদের স্থ্যাশে আসতে পারলে হয়। মুখে বলাম—ঠিক তিন্টে ৰাট মিনিটের সমর ছুটি পাবে—ভার আগে নয়। এই ৰলেই পভাতে আরম্ভ করলাম। কিন্তু আশুর্য্য নশার---কোনও ভারগার আমার বাবে নি।

এদিকে চারটেও বাজ লো'— তুমূল বৃষ্টি আরস্ক হ'লো।
চেরার থেকে উঠে ছাতির থোঁজে থেরে দেখি ছাতিটি
নেই। ভাবলাম— বজ্ঞাত ছেলেদের কারসাজি—
আমাকে জন্ম করবার কন্দী। আচ্ছা, আমিও ভারামাটার—কাল ভোমাদের দেখাব। সেই বৃষ্টিভেও ছেলেগুলো সরে পড়েছে কি না!

ভাগ্য ভাল-পরের দিনও সেই ক্লাশ পেলাম। নিরে এলাম মোটা তুগাছা বেত হাতে করে। ক্ল্যাশে সিরা গন্ধীর করে বস্তাম-আমার ছাতি ?

--জানি নে তো সার।

্ধ — স্থানো না সার ! আরম্ভ হ'লো বেতের আন্দালন।
একখানা বেড ভাষতেই হাতি আমার বেরিরে এলো।

উ:, কি সব বজ্জাত ছেলে রে বাবা ! আরে মশার, ইকুল যে ছেড়েছি এ একরকম ভাল । এখনও যে আমার শক্তি নেই তা মনে করবেন না। কিছু বেত ধরবার উপার নেই যে। আক্রকালকার দিনে যেমন হরেছে ছেড্মান্টার ভেমনি হয়েছে ছেলেদের অভিভাবক—
আলাতন ! ছেলেগুলোও হছেে তেম্নি। যাক—বাঁচা

এই বলিয়া ভারাকিছ্যবাবু থামিলেন। রুসময় বাব্ হো হো করিয়া হাসিয়া উঠিলেন।

আত:পর ভারাকিছর বাবু আত্যক্ত বিনীত ভাবে নিবেদন করিলেন যে যদি রসময় বাবু একদিন দীনের কুটীরে কুপাপরবশ হইয়া পদধ্লি দেন ভাহা ইইলে ভারাকিছর বাবুর মহস্তভন্ম সার্থক হইবে।

রসময় বাব্ ব্যগ্রভাবে কহিলেন—িশ্র বাব—
নিশ্র বাব। আপনার কথা শুনে সন্তিট আপনার
বাড়ী দ্বেথবার ইচ্ছা হয়েছে। দেখুন না—কালই সকালে
আপনার ওথানে গিয়ে হাজির হচ্ছি।

পর দিন প্রাতঃকালে চা পানের সভে সভে পারিবারিক আলোচনা তুমুলভাবে চলিতেছিল। রসময় বাবুর পুত্র অশোকের গলার স্বরের ভীক্ষতা সবাইকে ছাপাইয়া উঠিয়াছিল। ইহার অবশ্য কাবে ছিল। সম্প্রতি সে ওকালতি পাশ করিয়াছে—কিন্তু ওকালতি করিতে তাহার ইচ্ছা নাই। একবার বিলাভ হইডে ব্যানিষ্টারী পাশ করিয়া জাসিতে পারিলে এয়ারিটো ক্রেটিক সার্কল ভাহার বজার থাকে। ভাহার পিডা বিলাভ যাওয়ার কথা তেমন গায়ে মাণিতেছেন না-ইহাতে সে হীতিমত চটিগাছে। সম্প্রতি ভাষার খণা ভাহার স্ত্রীকে যে চিঠি লিখিরাছেন—ভাহাতে বিহু ভরসার কথা আছে—কর্থাৎ হয় তো তিনিই বিলাজে থরচটা আপাভতঃ দিয়া দি**তে পারেন।** হুত^{রা} আজকাল অলোকের বাপের উপর ঝারটা কিছু বেশী সে বলিতেছিল—বান্তবিক মা, বাবায় ব্যাপার দেখনে चार्यात्मत माथा काहे। यात्र । कि कटत दय छेनि सनिविधि করে এলেন—ভাই ভাবি।

আলোকের স্থী রেবা ভাছার গায়ে মৃহ আঘাত করিরা থিল থিল করিরা হাসিরা কহিল—ভোমার বেমন বৃদ্ধি বাবা কি আর অঞ্জিরতি করেছেন—মারের পরামর্শ মত না চললে ওঁর অঞ্জিরতি করে ঘূচে বেত। আছো মা, প্রভ্যেক কেলের রার লেথবার সমর বাবা আপনার উপদেশ নিতেন—না ? ওঁর ঘটে যে অঞ্জিরতি করবার মত বৃদ্ধি ছিল—এ ভো চালচলনে বোঝা বার না।

কীলামনী কেলিরা ছুলিরা গলা উচুতে ডুলিরা হি হি করিরা থানিকটা হাসিরা লইয়া বলিলেন—শোন আনার পাগল। মেয়ের কথা। তা যুক্তি পরামর্শ কি আর দিতে হয় নি। সেবার হাইকোটের চিফ আটিস তো এই নিয়ে কতে ঠট্টা তামালা করেছিলেন। আমার মত স্থী পেয়েছিলেন তাই রকে—নইলে এতদিন যে কি ছুদিশা ঘটতো ভগবানই আনেন।

অশোক জ কুঁ,কাইয়া কহিল—যাবলেছ। এইবার তৃমি চেটা করে বাবার ওম্ণ দেওয়ার বাতিক ছাড়াও তো দেখি মা। মান-ইজ্জ্ত আর পাক্লো না দেখছি। ওম্ধের বাল্ধ নিয়ে যত সব স্লাম কোরাটারে ঘোরাখুরি! ওর কি একট্ও লজ্জা করে না । এই সব কথা বলি একবার আমার খণ্ডরবাড়ীতে ওঠে—ভাহলে আর লজ্জার সীমা থাক্বে না। এমনি তো 'ম্লেক জ্লে'র ছেলে বলে ঠাট্রা ওদের মুখে লেগেই আছে।

রমেনও টেবিলের এক কোণে বদিরা চা পান করিতেছিল। একে সে ছেলেমাছুর, তার পর লাদা-মশারের সাথে তাহার মাখামাবি বেশী বলিরা পারি-বারিক মঞ্চলিদে সে আমল পাইত না। কিন্তু লাদা-মশারের মানি শুনিরা সে আর চুপ করিরা থাকিতে পারিল না। কহিল—লাদা মশারের ওষ্ধের স্বাই শোশা করে কিন্তু। আমার বন্ধব:——।

ভাহার দিদিমা ধমক দিরা বণিলেন—থাম, থাম। তুইই ভো ঐ সঙ্গে ইন্ধন দিছিল। এতে কত টাকা মাসে বাজে খরচ হর জানিস্? বাজে খরচ করিবার টাকা কোভেকে আসে রে?

রম্মেন দালা মহাশরের হইরা তর্ক করিয়া বাইতেছিল ; কিছু সেই সময় রসময়বাবু সেই ককে প্রবেশ করিলেন। তাঁহাকে দেখিয়া স্বাই চুপ করিয়াগ্**ভী**র মুখে চাপান করিতে লাগিল।

রসময়বাব্ একবার ইহার একবার উহার মূখের দিকে
চাহিলা মাথা চূলকাইয়া কহিলেন—আমাকে আজ সকালে
একটু বেরোতে হবে– মটোরটা নিয়ে বাব ভাবছি।

রেবা আবদারের স্থরে ব্লিল—বা রে! আমি ভাবছি—চা থেরে এক্শি মোটর নিরে বেরোব। কাল রাত্তিরে মোটে ঘুমোতে পারি নি—মাধা বা ধরেছে। একটু ঘুরে এলে বোধ হয় মাধা ধরাটা ভাল হ'ডো।

রসমর বাবু কহিলেন—ভাই ভো। কিন্তু আমার বেশীদেরী হবে না বৌমা—আধু ঘণ্টার মধ্যেই—

নীলামগ্নী ঝাঁঝিয়া উঠিলেন—থাক, থাক,—চের হয়েছে। একেই তো বিনা পয়দায় রোগী দেখ:—তার উপর আর পেট্রোল থরচ করে মোটরে থেয়ে কান্ধ নাই।

রসময় বাবু ঋপ্রস্তাতের হাসি হাসিয়া কহিলেন—
আমার কি আরে রোগী দেখা ছাড়া আক্ত কাক নাই।
তোমরা কি যে ভাব! য'ব ভারাকিকর বাবুর বাড়ী।
ভিনি লোক্যাল স্কুলের ফিপ্থ টিচার ছিলেন কি না।
ভারী অমারিক ছলু:লাক। আৰু তাঁর বাড়ীতে বাব
কথা দিয়েছি কি না। তা ভোমার যদি আস্বিধে হয়
বৌম'—না হয় হেঁটেই যাই।

অশোক একবার মারের মুখের দিকে চাহিরা মুখধানা আরও গভীর করিল; ভাবধানা—দেখছো তো বাবার কাওকারথানা! কোথাকার কোন স্কুণ-টিচার—ভার বাঙীতে ছুট্ছেন। না—মান-ইজ্জত আর থাকলো না দেখছি।

নীলামনী গন্ধীরভাবে কহিলেন—ধেতে হর ভাই বাও
—কিছু বাজার আজ করবে কে? নন্দা বোধ হর
দাঁড়িরে আছে।

রসময়বাব দেখিলেন—মহা বিপদ। মাথা চুলকাইরা কহিলেন—গই তো, তাই তো। আজ না হর রমেনই নকার সাথে বাক। আমি ওঁকে কথা দিরে এসেছি কি না—সেই না হংকছে মুছিল।…এই বলিয়া আর ছিলজি না করিয়া জ্বত ঘর হইতে বাহির হইয়া একেবারে রাভার আসিবা হাঁপ ছাড়িলেন। আর একটু হইলেই আটকাইয়া পড়িয়াছিলেন আর কি! মোটর চড়িবার

স্থ কেন তাঁহার হইয়াছিল ভাবিয়া তাঁহার অস্পোচনা হইতে লাগিল।

কিছ ভারাকিছরবাব্র বাড়ী দেখিরা তিনি মুখ ছইরা গেলেন। সামাল খড়ের বাড়ী—অথচ কি এক অপূর্ব নৌকর্য্যে বাড়ীট ঝলমল করিতেছে। বাড়ী সংকর পুকর ও উদ্থান। বাহল্য কিছুই নাই—ভবু ইহার মধ্যে যে সুস্থলা ও শান্তির হাওয়া বহিতেছে—ভাহাতে যেন সর্বাক জুড়াইয়া বায়।

সর্বোপরি তারাকিল্পর বাবুর সরল অকপট কথাগুলি তাঁহার বড় ভাল লাগিতেছিল। তিনি বধন অভাস্ত সমাদরে ভাঁহাকে অভার্থনা করিরা অক্তর স্তৃতিবাক্য বর্ষণ করিতেছিলেন—তথনও তাঁহার অভিশ্রোক্তিতে রাস্থ্য বাবুর বিরক্তি বোধ হইল না। বরং তিনি লক্তিত হইয়া পড়িতেছিলেন। এই সরল বৃদ্ধ-বিনি ফিপ্ধ টিচারিতে প্রমোশন পাইরা মাসিক পনেরো টাকা হইতে শৃঁ৯ত্রিশ টাকা পর্যান্ত উপার্জন করিতেন—তাঁহার সহিত নিজের তুলনা করিতেও তিনি সংলাচ বোধ করিতে नाগিলেন। 'First deserve then desire'-এই নীতি বে তিনি প্রত্যেক কার্য্যে প্রতিপালন করিয়া স্মাসিয়াছেন, তাহা তাঁহার প্রত্যেক কথার পরিফুট হইতেছিল। ঐ সামাস্ত মাহিয়ানার কতদুর মিতবারী হইলে এমন স্থান্থল গৃহের মালিক হওয়া বায় ভাহা তিনি ্বিল্লেষণ করিয়া দেখাইলেন। অত্যন্ত গৌরবের সহিত ভারাকিলর বাবু বলিতে লাগিলেন, এই যে পুকুর দেখছেন, এরও একটা ইতিহাস আছে। চিরকালই দরিত ছিলাম; স্বতরাং প্রশৃহ মাছ কিনবার পরসা জুটভোনা। অৰচ লোভ এমন প্ৰবল ছিল যে বাজারে পেলেই ইচ্ছা হ'তো কিনে ফেলি। না যে কিনতাম,—ভাও নর। কিছানগদ পর্সাদিরে প্রত্যত বাচ কেনা আমার সামাক আয়ে ধে কত কঠিন ছিল, তা লানতাম আমি আবার আমার গৃহিণী। একদিন লোভের বশবর্তী হরে ৰায় আনা দিয়ে একটা মাছ কিনলাম। ফলে এমন ছ'লো ৰে মানের এলৰ তিন্টে দিন প্ৰায় অনাহারে ্ভাটাতে হ'লো। কিছ তথনই আমি প্রতিজ্ঞা করি, ৰ্দ্ধি কোনও দিন নিজের প্রসার পুকুর কেটে সেই लुक्रवन आह थावान शाशाका चर्कन कति, छाटलहे

with the second

আবার মাছ থাওরা আরক্ত করবো, নতুবা এই শেব।
এর পঁচিশ বছর পর সাত শো টাকা থরচ করে পুকুরটি
কাটিরেছি। পুকুরে মাছও হরেছে অনেক—এতে পঁচিশ
সের মাছ পর্যান্ত আতে।

তার পর মৃত হাসিরা তিনি বলিলেন, প্রতিজ্ঞা আমি রকা করেছি; কিছ পুকুরের মাছ একদিনের বেশী খাই নি। এমনই মারা হয়েছে বে ওগুলোকে ধরতেও ক বোধ হয়। আরু, বাগানে ভরি-তরকারি এমন প্রচর ফলে যে তাই খেনেই শেষ করতে পারি নে,—মাছের কথা আর মনেও পড়ে না। এই বাগানটিতে আমার খরচ কিছ নেই। আপনার কাছে বলতে আমার কজা নেই-আমরা স্বামী-স্ত্রী ভরুনেই এর পেছনে সমান ভাবে খাটি। কোনও দিন একটা বাইবের লোক পর্যান্ত রাখতে হয় নি আমাদের। আরু প্রসা ধর্চ করে বাগান করবার মন্ত স্থ আমাদের মত লোকের তে। হওয়া উচিত নর। लाटक हामत्व (व। धरे विनम्ना छिनि नित्कहे दहा दहा করিয়া হাসিরা উঠিলেন। তার পর হাসি নামাইয়া বলিতে লাগিলেন, আরু এতে আমরা এমন আমোদ পাই যে এই শেষ বয়সে আর কিছুতেই ওটুকু পাবার আশা রাখি নে। নিজের হাতে বীজ বুনে ভাতে বধন অঙ্গর হয়, ধীরে ধীরে চু'একটা পাড়া গজার, তথন কি উল্লাস। তার পর বধন সেই গাছ ফলে ফুলে পূর্ণ হরে ও'ঠ, তথন সভাই আনন চেপে রাখতে পারি নে।… এই বলিরা ভিনি পর্ম জেহে বাগানের চতুর্দিকে চাহিরা রহিলেন।

ভারাকিকর বাবু প্রভ্যেকটি কথা বলিতে গেলেই অভিশরোক্তি করিতেছেন ইহা স্পষ্ট বোঝা বার; কিছ ইহাতে অহলারের নাম গন্ধ মাত্র নাই। তাঁহার নিকট পণ্ডিতি হইতে ফিপ্ড টিচারিতে প্রমোশন পাওরা বেমন পরমাশ্র্যা ব্যাপার, ভেমনি তাঁহার মত গ্রী-পুত্র লাভ করাও বেন পৃথিবীতে আর কাহারও ভাগ্যে কোনও দিন ঘটিরা ওঠে নাই। তাঁহার একমাত্র পুজের স্থ্যাতি করিয়া তিনি বলিলেন, এমন হেলে এ কালে কি করে হলো আমি ভাই ভাবি। অবশ্ব লেখাপড়া বেশী দূর করাতে পারি নি—কোনও রক্ষে মাাট্র কুলেশন পাশ করিরেই কাজে চুকরে দিতে হরেছে। আপুনারের

আশীর্বাদে কাল তার তালই হরেছে,—হালার হোক গঙ্গনেটের চাকুরি, উন্নতি আছে। আলকাল আমার ছেলেই Execution এর কর্তা কি না।

রসমরবাবু বিশ্বিচ হইরা কহিলেন—Execution এর কর্তা ?

— আছে হাঁ। মুন্দেফ কোটে চাকুরি করছে— যত Execution Case ওই তো Manage করে। আহা, ভারী ভাল ছেলে। বাপমারের ওপরও খুব ভক্তি। আমাদের নিজ হাতে কাজ করতে দেখে কত অন্ধ্রোগ করে; বলে, লোক রেখে দেব। আমরা বলি—পাগল! এখনও বেল লক্ত সমর্থ আছি—এ বর্গে বনে থাকলে কি আর রক্ষা আছে। বাত ধরে বাবে বে! 'First deserve then desire'— কি বলেন? এই বলিয়া তিনি হালিতে লাগিলেন।

আতাত খুগী হইবা রসমন্তবাবু ফিরিলেন। পথে আসিতে আসিতে হৈর করিলেন—তাঁহার বাড়ীর পশ্চান্তাগে বে থালি জারগাটি পড়িরা আছে, তাতে নিজ হাতে একটি উন্থান রচনা করিবেন।

ভিনি মনে ছির করিলে কি হর—ইহাতে বিছ অনেক জ্টিরা সেল। ভাঁহার পত্নী প্রথমেই আপত্তি তুলিরা ব্দিলেন—এ-সব স্থ পেঁরো ভ্তদের পোবার, বাহারা নিজে গতর থাটাইতে পারে। মিছামিছি কতকগুলো পর্দা ধরচ করিবার পত্না পরিকার হইল মাত্র।

রসময় বাবু সহাক্তে বলিলেন—না গোলা, আমি ভোমাকে লাভ দেখিয়ে দেব। ভোমার ভরি-তরকারি কিনবার আর প্রসা লাগবে না, ব্যবেল।

লীলামনী অভাবনিদ্ধ ঝঝার তুলির। কহিলেন, ব্ঝেছি, বুঝেছি। মুরোদ যে কভ ভা আমার আন। আছে।

বাগানের তোড়জোড় হইতেছে বেখিরা অশোক মাকে কহিল, ঐথানটার বাবা শাকপাতার জলল বানাতে চান তাহলে? ওঁর সাথে আর পারা গেল না মা। বেখলে তো কডকগুলো অসভ্য লোকের সাথে মেলামেশার কল! ছিলেন বিনে পরসার ডাজার, এখন হলেন চারী। জোন বিন বা বলে বসেন—লাকল ধর্বো। আমার একটা Ambition ছিল—গুণানে একটা ভালহক্ষের ছুলের বাগান করবো। ভাল ভাল

দামী গাছের লিট করাও হয়ে গেছে আমার । রেবা কেমন ফুল ভালবাসে কাল তো মা। ওলের বাডীর ফুলবাগাল একটা দেখবার মত কিনিব। আমি বধ ই ওলের ওথালে বাট, চুবেলা ছটো বড় ফুলের তেড়া আমার বরে আসে। এথালে ভোড়া দুরে থাক, একটা ফুলই চোধে দেখবার উপার লাই। বাতবিক ওর ভারী কট হয়।

বেবা স্নেবের হাসি হাসিলা রসমন্ববাব্দ কলিল, আছো বাবা, আপনার লাক পাতা লাউ কুমড়োর বাগানের এত স্ব কেন? ও ব্যেছি—ভাবছেন বৃষি তরি-তরকারি বাড়ীতে হলে আর মা আপনাকে বাজারে পাঠাবেন না। উ:, কি আল্সে আপনি!

রসমর বাবু হো হো করিরা হাসিরা উঠিয়া কহিলেক, শোন আমার পাগ্লী মারের কথা।

এদিকে বত টীকা-টিগ্লনিই চলিতে পাকুক, রসমন বাবু দমিলেন না, তিনি বাগানের কাজে মনপ্রাণ সমর্পণ করিলেন। রমেন তাঁহার সহার হইল। বীক সংগ্রহ, বীক বপন, কল সেচন—এই সব কার্য্যই স্কাক্তরণে চলিতে লাগিল।

কিছ বিপদ আসিল অস্ত দিক হইতে। দেখা গেল
—বীক অঙ্বিত হইবার পর তুই-চাংটি পাতা গন্ধ ইংলই
পোকার কাটিয়া দের, পাছ আর বড় হইতে পারে না।
রসমর বাবু চিন্তিত হইরা পড়িলেন। তারাকিলর
বাবুকে ডাকিয়া আনিয়া দেখাইলেন, তিনি নানা রকমের
টোট্কার ব্যবস্থা করিলেন—কিছুতেই কিছু হইল না।
বীক্ষ বপন, জল সেচন সমান উন্তান চলিতে লাগিল! কিছু
পোকার উপদ্রব কমিল না। গাছ অঙ্বিত হইবার পর
পাতা গলাইতে থাকিলেই, রসময় বাবু আলাছিত হইয়া
উঠেন, ভাবেন এবার বুঝি গাছগুলি রক্ষা পাইল। কিছু
করেক দিন ঘাইতে না যাইতেই দেখা বার—লক্ষকে
গাছগুলি গুকাইয়া বাইতেছে, হাত দিয়া টানিছেই
গাছগুলি উঠিয়া আনে, বনে হয়—পোকার শিকড়েয়
উপর পর্যাক কটিয়া কিয়াছে।

ভারাকিছর বাব্ও আশ্চর্য্য হইরা গেলেন, কহিলেন
—অঙ্ক ব্যাপার। পোকা টোকা বিজু দেখা বার না
—অথচ প্রত্যেকটি গাছ নই করে কেলে। না, এমনটি

কোনও দিন দেখি নি। ইাণ, পোকার গাছ নট করে বটে

—কিন্তু একটাও বাদ দেবে না, আক্র্যা। আমার
হাত এমন নিস্পিদ করছে মশার, যদি ওদের দেখা
পেতাম—বৈতিরে পিঠের চামড়া তুলভাম। ইন্ধুলমাষ্টারের অভ্যাস কি না। হাং হাং হাং !

রমেন বোধ হর আন্দান্ধ করিতে পারিরাছিল; কিন্তু সে মুখ ফুটিরা কিছুই বলিল না; বরং প্রাণপণে দাদা-মহাশরের বার্থ উভামে সাহায্য করিতে লাগিল। কিছু দিন পরে দেখা গেল—পোকার আর উপদ্রব নাই— গাছগুলি বেশ একটু বড় হইরা উঠিরাছে। রসমর বার্ অত্যন্ত উল্লাসিত হইরা উঠিলেন,—কোন গাছে কি পরিমাণে ফল ফলিবে ইহাই লইরা রমেনের সহিত ভাহার আলোচনা তুম্ল হইরা উঠিতে লাগিল।

সেদিন সন্ধ্যার পর রসমরবাব্ বাগানের দিকে চলিকেন। উচ্চল ক্যোৎসার গাছগুলির কেমন অপরূপ শোভা হয়—একবার দেখিরা আদিলে ক্ষতি কি! নিকটে আদিরা দেখিলেন—অদ্রে তাঁহার পুত্র ও পুত্রবধ্ বাগানের মধ্যে ঘুরিতেছে। তাঁহার বড় আনক হইল। না, উহারা মুখে ঘাহাই বল্ক—বাগানের উপর উহাদেরও দরদ আছে। তিনি মনে করিলেন—ফিরিয়া ঘাইবেন। আহা, উহারা ছুইজনে একটু আনক পাইতেছে—তিনি কেন ব্যাঘাত দিবেন।

স্তলা তাঁহার নজরে পড়িল—তাঁহার পুত্রের হাতে একথানি ছোট কাঁচি, জ্যোৎস্নালোকে ভাহা ঝকঝক করিতেছে। তাঁহার বুক ধড়াস করিয়া উঠিল। ভাল করিয়া নিরীকণ করিয়া দেখিলেন—প্রত্যেকটি গাছের কাছে আদিরা আশাক কাঁচি দিরা গোড়া কাটিরা দিতেছে—আর ওাঁহার পুত্রবস্থ সেই ছিল গাছ পুনরার মাটিতে বদাইতেছে। তিনি সমস্ত ব্বিলেন—ভাঁচার মাখা বোঁ বোঁ করিয়া উঠিল, বোধ করি আন্ধবিশ্বত হইয়াই কঠোর কঠে বলিয়া উঠিলেন—অশোক,

ভাহারা চমকিয়া উঠিল এবং অদ্বেরসময় বাব্ংক দেখিয়া জ্বতপদে অকু দিক দিয়া বাগান হইতে বাহির হইয়া গেল।

রসময় বাবু সেইপানেই বিদ্যা পড়িলেন। তাঁহার মনে হইল—ঐ জােণ স্থাপাবিত আকাল, আদৃতে ঐ পুবৃহৎ অট্রালিকা। নিমে শিশিরসিক মৃত্তিকা তাঁহার দিকে চাহিয়া টিপিয়া টিপিয়া হাসিতেছে। এক মৃহুর্তে সমস্ত জীবনের ঘটনা তাঁহার মনের মাঝে উকি দিয়া উঠিল,— যৌবনে নারীকে আশ্রম করিয়া নীড় বাঁধিবার কালে যে দাসপত তিনি লিপিয়া দিয়াছেন—তাহা ইইতে শেব নিশাস কেলা পর্যন্ত তাঁহার নিস্তার নাই। স্ত্রী, পূত্র, পূত্রংধ্, পরিবার পরিজনবর্গের বিলাসব্যসনের যন্ত্রমাত্র তিনি—ইহা ছাড়া তাঁহার অভিত্ব নাই। এই দাসত্বের মৃল কোথার তাহা যেন তিনি এই মৃহুর্তে আশিকার করিলেন। আফু বিরে কহিলেন—রক্তমাংসের শরীবের দোহাই—দাসপত্য—ঠিক! তার পর সজ্লোরে চীৎকার করিয়া কহিলেন—ভারামান্তার, তোমার ছেলে execution এর কর্ত্তা নয়—কর্ত্তা এরা—এরা—।



দক্ষিণাপথের যাত্রী

শ্রীনিধিরাজ হালদার

ধর্মের বালাই আমার কোনও দিনই ছিল না। তা-ছাড়া আমি তীর্থ বালীও নই। যাত্র'-পথের পথিকের মত একদিন যৌবনের অফুরস্ক বাসনার ক্রীতদাস হরে সেত্-বকের পথে সন্ধীনীন অবস্থার এসে পৌছুস্ম মাজাল সংরের বৃক্তে। সঙ্গে ছিল এক আগ্রীরের বাসার ঠিকান'। খুঁলে-খুঁলে বার করসুম তাঁর ট্রিপ্রিকেনের বাসা। আমাকে পেরে তাঁলের কি আনন্দ। হঠাও দেখি আমার এক বিশেষ পরিচিত বন্ধু,—তাঁকে আমরা বোস মণাই বলে ডাকতুম—তিনি এক কাপ চা নিরে এসে বলেন, "নাও।"

দে সময় আমার নিতাস্তই এক কাপ চারের প্রয়োজন হয়েছিল। হাত বাড়িয়ে কাপটি নিয়ে বল্ল, "বাঁচালেন, তা হঠাৎ—কাপনি এখানে ?"

তিনি হাসতে হাসতে উত্তর দিলেন, "তোমার মেনোটিকে ত চেন, আমার কি ছাই এ আছাগুরি দেলে পোবার—জবরদত্তি ধরে নিরে এলে আর করি কিবল।"


বোদ মণাইকে বন্ধুম, "বাক, আমার ভালই হোল। একজন দদীর ত প্রয়োজন—তবে আমার থাকার মেয়াদ ত জানেন ?"

"তুমি কি আঞ্চকেই ফিরে যেতে চাও নাকি ?"
বল্ন "না বোল মলাই, আমি বাবো সেতুবদ্ধ
রামেখন্তে।"

"ও! তীর্থ করতে !"

হাসতে হাসতে বল্ল্য,—"তীর্থ নর—আমি বেরিরেছি দেশ-পর্যাটনের বহুদিনের একটা সাধ পূর্ণ করবার করে। ঠাকুরমা যথন মারা যান, তথন তাঁর মনে ভারি আপশোব ছিল রামেশ্বর তীর্থ তাঁর হ'লনা; তাই আমার এই দক্ষিণাপথের যাত্রী হবার আরও একটা কারণ। যাক সে অনেক কথা। বথন বাড়ী ছেড়ে বেরিরেছি তথন এমন কিছু নিয়ে কেরা চাই বা মাহ্যবের চোখে একটা আকর্বণের বস্ত হয়ে দাঁড়ার।"

বোদ মশাই বল্লেন, "ও-সব কথা এখন থাক, সাল্লা-রাত্রি জাগরণের পর ভোমার বিশ্রাম নিভান্ত প্ররোজন। আনাহার সেরে একটু শুরে নাও, ভার পর বিকেলে সমুক্রের ধারে গিরে গল্প করা বাবে।"



আলোক-স্তম্ভ-নাদ্রাক

সভাই সেদিন বিশ্রামের নিভান্ত প্রবোজন হরেছিল, স্বভরাং বোস মশাইকে মনে মনে ধন্তবাদ জানিরে নিজের বা কিছু করার সব সেরে ওরে পড়সুম্। বৈকালে বোস মশাইরের সংক্ত বেরিয়ে বিশাল সমুদ্রের ধারে এসে যথন দাঁড়ালুম, তথন তার উত্তাল ফেনিল জলরাশি দেখে মনে মনে বল্লম,—


'আমি পৃথিবীর শিশু ব'দে আছি তব উপকৃলে, শুনিতেছি ধানি তব; ভাবিতেছি, বুঝা যার বেন কিছু কিছু মর্ম তা'র—বোবার ইন্সিত ভাষা হেন আত্মীরের কাছে।—'

তেউরের পর তেউ ফ্লে ফুলে যেন পাথবীর বুকে আছাড় থেরে পড়ছিল। ভাবসুম, আমি সহরে খুরবো কেন? কোথার এমন কি বস্তু আছে যা আমাকে এ দৃষ্টের চেরে আরপ্ত বেশী আনন্দ দান করতে পারে? আপনার আকর্ষণের বস্তুর হয় ত অভাবও নেই ;—কিছ
সত্যি করে বসুন ত সমরে সময়ে আপনার কিমনেহর না বে
আপনি কত অভাবের মধ্যে ডুবে ররেছেন, কিছ তবুও এই
সমুদ্রের তীরে গাঁড়িয়ে তার রূপ ছাড়ানিশ্চর আর কিছু হয়
ত ভাববার সময় পান নি,—ভগবানের স্ঠি এমনি স্কর !

"একথা তৃমি ঠিক বলেছ, সমৃত্তের ধারে দাঁড়ালে সব কিছুই ভূলে যেতে হয়।"

ক্রমেই সন্ধ্যা ঘনাইয়া আসিতেছিল, ফিরিবার পথে মনে মনে বলিলাম,—

> 'হে জলধি, বৃক্তিবে কি তৃমি আমার মানব-ভাষা ?—'



মাজাৰ হাইকোট

বোদ মশাই জিজ্ঞানা করণেন, "কিংহ, তুমি যে একেবারে বোবার মত চুপ করে রইলে ?"

বল্ন, "আমার আৰ অন্ত কোণাও খেতে ইছে করছে না। রান্তার বেরিরে মান্তব, গাড়ী, গোড়া ছাড়া আর ত কিছু দেখতে পাবো না; কিছ এই মহাসিম্বর বেলাভূমির উপর দাড়িরে আমার বে আর কিছুই ভাল লাগে না বোস মশাই ?"

বোস মণাই জিলাসা করবেন, "বৈরাগ্য নাকি ;"
বন্ধুন, জাপনি আমার চেরে বয়সে অনেক বড়,সংসারে

যদিও তুমি দর্কগ্রাদী, তবুও ভোমার দেখিলে চকুর পাতা ফিরিতে চার না, মনে হয়—তুমি বেল কত আপনার।—

বাসার ফিরিয়া বোস মশাইরের সহিত গল্প করিভেছি, আমার মেসোমহাশর আসিরা জিজাসা করিলেন, "কি, মাডাজ সহর ভোমার কেমন লাগছে ?"

বরুম,—"অত্যন্ত থারাপ।"

"কেন **?**"

"কারণ আমার মন এখানে মোটেই টিকজে চার্চ্ছে

ना। माइएरवर मन (यथान वरत ना, त्म (मण्डक আমি কেমন করে ভাল বলব বলুন 🕍

"তাহলে এখানে এত লোক কেমন করে বাস করছে ১" আমি বলুম, "মান্তবের কারো যদি হঠাৎ একটা পা কাটা বার, তখন বাধ্য হয়ে তাকে অক্টের আশ্রের নিয়ে

সন্ধ্যার আগে একদিন আশে পাশে রান্ডার ধারে একটু লক্ষ্য করে দেখলেই বৃঝতে পারবে ছোট বড় স্কেউ আর বাদ নেই। যত সব ছোটলোকের দল একদলে কসে বদে ঐ তাড়ি থাছে। কি কানি, হর ত ঐটাই ওদের দিনের শেষে আনন্দ-উৎসব।"



সামৃত্রিক আগার-এখানে সমূদ্রের নানা কাতের ও নানা বর্ণের মাছ ও ছোট খাটো জীবজন্ধ জীবিত অবস্থার রক্ষিত আছে

এক পারেই পথ চলতে হয়; স্তরাং বেটা ধার সক্ষাগত, —বেখানে মাতৃষ জন্মছে সুধ সুবিধার অধিকারী হয়ে করছিল্ম। সভ্যি, কি ব্যাপার বলুন 🗸 অধিকাংশ ভার ভ দেখানে ভাল লাগবেই।"

"যাক, থাওয়া-দাওয়ার কোনও কট হচ্ছে নাভ !"

উত্তরে শুধু থানিকটা হাসিয়া বলিলাম, "ভয়ানক।"

আমার যাথা থানিকটা নাড়া দিয়া মেসোমহাশর কাকে বাহির হইরা সেলেন। আমি বোদ মণাইকে জিজানা করপুম, "আজা, আমাদের ত মাদ্রাত্রী থাবারটাবার খাওয়া হোল না।"

"বেশ, আর তার কি, কালই হবে, এখান-কার উৎকৃষ্ট থাওয়া হচ্ছে রসম, তারপর তিলের ভেল, পেরাজ লকা, ওল, তেঁতুল, এ সব ত चारहरे।"

"তারপর।"

"তারপর নারকেলের তাড়ি ষথেটই পাওরা বার। তাড়ি হলে ত আর নারকেল হবে না।"

"ঐ কথাই আপনাকে বিজ্ঞাসা করবো মনে নারকেল গাছের মাধাই ত কাটা আর এক একটা



ওয়াই-এম-সি-এ ভবন-মাজাল

ভাড় ঝোলান। ভবে কি এদেশে নারকেল পাওয়া যার না ?*

"পাওয়া যায়, তবে দাম বেশী। বুরতেই ভ পারছ,

হঠাৎ দেখিন রাত্রে দেখি আমাদের বহু-পরিচিত বিনোদদা আসিরা হাজির। আমাকে দেখিয়া জিজাসা করিলেন, "কি রে, তুই কবে এলি ?"

্ বছ্ম, "রাদেশর, মাছ্রা প্রভৃতি ঘুরবো বলে বেরিয়েছি।"

বিনোদদা বল্লেন, "আমিও ত বাবো; তবে কাল পরশুর মধ্যেই কিছু বেভে হবে।"

নিভান্ত এই নীরস দেশে সদীলাত করে অত্যন্ত আনন্দিত হলুম। বিনোদদা রামকৃষ্ণ মঠের একজন ব্রহ্মারী—তাছাড়া তিনি অনেক দেশ ঘুরেছেন। তিনি আমার মেসোমহাশরের ছেলেবেলাকার বন্ধু, তাই তিনি মধ্যে মধ্যে এখানে না একে পারেন না। তাঁর মত

প্রদাদে অভক্তি কোন দিনই নেই; মৃতরাং পাতা বিছিরে
প্রদাদ পেতে আমরা বদে গেলুম। আশার বহু অতিরিজ্
পোলাও, নানা রকম তরকারি, হিটার খাওয়া হলেও
একটা ভিনিসের আখাদ মোটেই ভূলতে পারছিলুম না;
সেটা মাদ্রাজীদের উপাদের রসম,—অক্ত কিছুই নর, তেঁতুল
আর লকা গোলা দিরে কলারের ডালের পাতলা ঝোল!
সাধারণ বালানীর যা অকচির খাওরা তা এদেশের
লোকের উপাদের খাছ। কাকরই দোষ দেওরা চলে
না, কারণ ছিল্ল লোকের ছিল্ল কচি। সাধারণতঃ
মাদ্রাজীরা আমাদের মত সহিষার ছেল থার না,
ভিলের তেলে তাদের রালা হয়, আমরা বা মোটেই
থেতে অভান্ত নই।



মান্তাজ-বন্দরের দৃত্য

দলী পোলে আমার বে কোনও কিছুরই অভাব হবে না ভা আমি জানতুম, স্বভরাং নিশ্চিত্ত হরে রইলাম।


পরদিন মাজান্ধ রামকৃষ্ণ মঠে ছিল স্বামী
বিবেকানন্দের জন্মোৎসব। বিনোদদার সজে আমরা
স্কলেই হাজির হলাম। বহু ভক্ত ও সাধু-সমাগম
ইয়াছিল। প্রসাদ পাওরার জক্ত অনেকেই দেখি ধ্ব
ব্যক্ত। প্রসাদ বিতরণের ব্যবস্থাও ছিল প্রচুর। আমরা
কিছুক্তন বসিয়া নামকীর্ত্তন ভনিবার পর বিনোদদা ও
আর একটা মাজানী সাধু আসিয়া বলিলেন,—"এইবার
কিছু ভোমাদের প্রসাদ পেতে হবে।"

তথন বেলা প্রার পাঁচটা। অবেলার ভাত ডাল ধাবার মেটেই ইছা ছিল না 🗱 বাদালীর ছেলে সন্ধার পর আমরা বাড়ী ফিরে একুম। প্রসাদ হলেও থাওরা হরে গিরেছিল অতিরিক্ত ; মৃত্রাং একট্ সকাল সকাল আমাদের মঞ্জলিস বন্ধ করে ওরে পঙ্লুম। ঠিক হ'ল পরদিন সকালবেলার আমাকে সজে নিরে বিনোদদা আর বোস মশাই এথানে দেখবার যা আছে সব দেখিরে দেবেন।

ভোর রাত্রে থুম ভেদে বেতেই কাপে এবে বাজতে লাগল, অদ্রে সমৃত্যের উদ্বেশিত তরজাবাতের আওয়াল। ঝিঁ-ঝিঁর ডাক থেমে গেছে, জোনাকীর আলো নিভে গেছে, ভারগর আত্মে আত্মে রাত্রির কালো অক্ষকারও সরে গেল, সবেষাত্র প্রভাতের আলো, উকি মারতে কুকু করেছে। আমার মনে

হইতে লাগিল বেন প্রাণের ভিতর একটা নৃতন জাগরণের দই বিক্রিয় প্রণার উপর আমি মোটেই সম্বুট হতে गां कि कि हो हो है है कि दान व्यामात कार्य महा- शांतिन। দাগরের গান ভাসিরা আসিতেছে।—এমন সমর হঠাৎ । যাই হোক বীতিমত স্কালবেলা চা টোট খেরে

রাভা হইতে "কু", "কু" একটা বিকট টীংকার হতেই আমি, বিনোদদা আর বোসমশাই এই ভিনত্তনে বেরিরে



বিচারালয়- মাজাঞ

গ্ৰীলোক প্ৰকাণ্ড একটা কালো হাঁড়ি মাথার চাপিয়ে রাভার পা বাড়াতেই দেখনুম প্রত্যেক বাড়ীর সামনের ঐ বৰুম বিকট চীংকার করতে করতে রাভা দিয়ে

চলেছে। অবাক হয়ে বোদ মশাইকে ডেকে জিজাদা করপুম,—"এ আবার কি ব্যাপার,—এ খ্ৰীলোকটা মাথার কালো হাড়িটা নিয়ে চীৎকার করছে কেন ۴

বোদমশাই হাদতে হাদতে বলেন, "থাবে, ডাকবো গ

বল্লম. "সে কি, ঐ রকম একটা কেলে হাঁড়ির ভেতর খাবার জিনিব বিক্রি হচ্ছে ৮

"ওতে কি বিক্রি হচ্ছে কানো, টোকো দই,---এদেশে এমনি করে পাড়ার-পাড়ার দই ফিরি করে বেডাৰ ।"

প্রথমটা যদিও ঐ রক্ষ একটা বিকট আওয়াজের জত্যে মনে একটা বিরক্তির ভাব প্রকাশ পেরেছিল, কিন্ত তথনি অপরের ভাষার আমি বে অভ্তন এ কথাটা ভেবে পরিছ্যতা ও স্বাস্থ্যের দিক দিরে ঐ রকম ভাবে


জানালা দিরে মুখ বাড়িরে দেখি একজন মাড় বি পড়লুম সহরের দেখবার মত যা আছে তাই দেখতে। থানিকটা করে জলে ভেজান জারগা আলপনা দিছে



মাতুরার পাসাদ

আঁকা; আর তাটে ওপর যত রাজ্যের আবর্জনার আঁত্ত!-কুড় হয়ে আছে। আমি বুঝে উঠতে পারলুম না এমন করে আলপনা দিলে মরলা ফেলার তাৎপর্যা কি: শেষে বোসমশাইকে জিজ্ঞাসা করে ব্বসুম, এ দেশের অধিকাংশ বাড়ীর দন্তরই এই। মাহুবের সংস্কার ও অভ্যাসের উপর কোনও কথাই বলা চলে না; স্থতরাং বিশেষ আর কোনও কথা না বলে আমরা পার্থ-সার্থির মন্দিরে এসে চুকলাম। মন্দিরটি খুব বড় না হলেও নেহাত ছোট নর। ওথানে বেশীর ভাগ মন্দিরেই নারকেলের ভোগ হর। আমরাও একটা ঝুনো নারকেল ভেলে পূজা চড়ালাম। বোসমশাই বল্লেন, "দেখছি—ভোমার যে খুব ভক্তি হে।" বল্ল্ম, "বোসমশাই, যদিও আমি আজকালকারই ছেলে, কিন্তু ভাই বলে আমি এখনও আমার সংস্কার হারাইলি, ভাই মাটীর প্রতিমা দেখলেই আজও

ভিনি বললেন—"দেখ ভাই, মাজাজে আসা পর্যান্ত সম্জের কাছে ট্রিপ্লিকেনেই বরাবর বাস করছি। ভা'ছাড়া এ রান্তাটা সহরের একটা খুব important রান্তা বলেই মনে হয়। স্থুল, কলেজ, কোর্ট, সমুদ্র সব জারগায়ই এই রান্তার ওপব দিয়ে বাতারাতের স্থবিধে। ভার ওপর বতটা আমার অভিজ্ঞতা হয়েছে, ভা'তে মনে হয় এ জাতটা ভারী পিট্পিটে; ছোয়া-নেপা নিয়ে এরা মরে আর বাঁচে। এদিকে দেখ এদের বেশীর



এक हो मद्रावद—माज्ञां क

আপনা থেকেই মাথা নত হয়ে আদে। বোসমশাই, মাটীর দেবতাই মান্ন্যকে অমর করতে পারে।"

বোসমশাই বলেন, "বেশ, চল একবার বাজারটা ঘূরে আসা যাক।" বাজারে চুকে দেখি—সহরের বাজার অতি সাধারণ; কোনও জিনিধের বিশেব কোনও পারি-পাট্য নেই,—পেঁরাজ, লবা আর তেঁতুলের আমদানীটা আমার চোথে পড়ল বেশী। সমৃত্তের মাছও বিক্রি হচ্ছে; সব বালি মাধানো। শৃত্ত আর অপরাপর ছোট জাতরাই মাছ থার। ওদেশীর আন্ধণেরা নিরামিব আহার করেন; এবং বারা মাছ থার—তাদের জারা ঘুণা করেন। প্রকাও একটা ওল কিনে বোসমশাইকে ভিজাসা করনুম ভাগ লোকই এত গরীব, তব্ও এরা তাড়ি আর
ভুরা না হলে একদণ্ডও বাঁচতে পারে না। অবগ
ছোট জাতের মধ্যেই এর প্রচলনটা বেশী। আমাদের
বাংলাদেশে মেরেরা বেমন পরদার আড়ালে বাস
করে, এ দেশে কিন্তু তেমন নর, বেপরোরা চলাফেরা।
মোটের ওপর স্থী-সাধীনভাটা এখানে খ্ব বেশী। এ
দেশে প্রবের অন্থপাতে মেরেরাই লেখাপড়ার দিকে
বেশী মনোযোগী। এদের মেরেরা কাছ্ দিরে কাপড়
পরে, আর প্রবরা ঠিক উলটো। কাছা কিবা কোঁচা
কিছুরই বালাই তাদের নেই। ম্বলমানেরা বেমন বৃদি
পরে এদের প্রবরাও ঠিক তেম্নি করে একখানা কাপড়

তুপাট করে বুজির মত পরে। এমন কি -বড় বড় চাকুরে বাবুরাও পাবে জুতো না দিয়ে, কাপড়ের ওপর त्वकृष्टि थें कि आफिन काहाती करत शास्त्र । आमि ক্লিজাসা করসুম, "আছে৷, সব চেরে এরা থেতে কি ভালবাদে বলুন ভ ?"

"ঝাগেই ভ বলেছি ভেঁতুল, লকা, পেরাজ: ভবে সবচেরে বেশী খার--ক্লান্তের ভাল; কারণ ভালের রসম্টাই हत्त्व अत्मन अक्टा डेलाटमन बाछ।"

क्ठी वित्नाममा वरतन, "अरह, তোমার যদি আর কিছু দেখবার থাকে ভাহলে আজই ভা সেরে নাও --কারণ--ঠিক করেছি আৰুই আমরা সন্ধার গাড়ীতে রামেশ্বর রওনা হব---পথে অবশ্ৰ মাতৃরায় নামবো।"

वन्त्रम, "डटव हनून, अहिकाद्य-রীয়ামটা আত্তকেই দেখা নেওয়া য়াক ।‴

দেটা একটা সমুদ্রের নানাবিধ মাছের চিড়িয়াখানা। কত রঙ বেরঙের ছোট বড় লখা সকু মাছ যে ভাতে

বৈজ্ঞানিক উপায়ে বাঁচিয়ে রাখা ত্যেছে, তা বলা যায় না। সভাই সেটা দেখবার জিনিষ।

ফেরবার পথে একটা বালালী ভদ্রলোকের সভে আমাদের আলাপ হোল। এতদিন ধ'রে কোনও বালালীই শামার চোথে পডেনি। তার সচে আলাপ করে জানলুম, বিশ পঠিশ कन राजांनी अधारत राज करवत. কিছ এমনি বিভখনা কেউ কারোর

থেঁ। জ-খবর রাখেন না। এই প্রথম আমার ধারণা হল বাংলাদেশের ৰাছিরে সামাল্ল ক-বর বাদালীর মধ্যেও नवाननि। बाँहे ट्रांक, डाँटक आमारनत अखिवानन শানিয়ে আমত্রা বাসার ফিরে এলুম। তথন বেলা হবে ^{প্ৰায়} বারটা। ভা**ড়াভাড়ি স্নান সেরে চুটি খেরে নেও**য়া

গেল। ভারপর একটু বিশ্রাম করে জিনিবপত্ত সব গুছিরে त्नरात वावश चात्रस रून, कांत्रण चारश स्थरकरे किक করে ফেলেছিলুম আজই মান্তাল সহর ছেড়ে মাতুরা রামেশ্বর যাব। ভারপর যদি বরাতে জোটে কলছো পৰ্যাক্ত পাড়ি দেওয়া বাবে। কিন্তু শেষ পৰ্যাক্ত তা'



সমূদ্রের ধারে স্থলিয়ারা মাছ ধরছে-এক জনের কোমরে জালের দভি বাধা ররেছে

তিনলনেই আমরা এটাকোরেরীরাম দেখতে গেলুম। হয়নি। তার কারণ passport ও অফান্ত নানা খুচ্বো ইতিহাস।


আর কালবিলয় না করে বিকেলে খাওয়া-দাওয়া



মাত্রার দৃখ

সেরে নিয়ে সাভট। ক'মিনিটের বোটমেলে (এ দেশের লোকেরা চল্ভি কথার এই ট্রেণথানাকে বোটমেল বলে, कारण धरे ट्विनशांना माहता हत्त्व महाः श्रष्टकारि भर्यास গিরে কলখো বাজীদের হীমার ধরিরে দের) রামেখরের পথে রওনা হরে পেনুষ। আমাদের সহযাতী হবেন একজন মাদ্রাজি ভন্তলোক। তাঁর সদে আলাপ করে জানসুম-ভিনি কোন কলেজের ছাত্র। আমি কল্কাতার লোক, এই হিসেবে তিনি আমাকে কনগ্রেস সংক্রাপ্ত অনেক কথাই জিজেদ করতে লাগলেন।

যুবকটিকে জিজাদা করে জানপুম, তিনি তিচিনা-



চারিটী মন্দির-মাত্রা

পলীতে নামবেন। গাড়ীতে ছিল থ্ব ভীড়, কাজে কাজেই কোনও রকমে ঠেলেঠুলে বসতে হ'ল। যত টুক্ পারা যার বলে বলে খুমিরে নেওয়া গেল। ভোর রাত্রে স্বকটি নেমে গেলেন। সে রাত্রে স্মামাদের যাত্রার



মন্দিরের মধ্যভাগ---মাত্রা

শেষ ছিলনা; কারণ রামেশর খেতে হলে পরদিন বেলা একটার সমর মাতৃরার গাড়ী পৌছবে। তারপর বেলা চারটের ট্রেক্সক্রেলি করে রামেশর। উপায় নেই, পাঁচল' মাইল পথ আমাদের এমনি করে থেতেই হবে। সাউথ ইতিয়ান রেলওয়ের গাড়ীগুলো বেমন বিঞী, টেশনগুলোও তেমনি জবন্ত। থাবার জিনিয় ত মোটেই পাওয়া যায় না। মধ্যে মধ্যে এক এক জারগার গাড়ী থামছিল, আর সলে সলে পাল, টি, কফি ও উপমাবড়া বিক্রেতার উচ্চ টিংকারে কাণ যেন একেবারে বধির হরে

আদছিল। পাল হচ্ছে জোলো ছুধ, উপমা বড়া হচ্ছে কলারের ডাল আর পিরাজ দিরে ভিলের ভেলে ভাজা একরকম বড়া। স্থভরাং দক্ষিণ-ভারত অমণ করতে আমাদের যা নাকাল হতে হয়েছিল তা আর বিশেষ করে না বলাই ভাল। যাই হোক, কোন প্রকারে ঘণ্টার পর ঘণ্টা গাড়ীর মধ্যে কাটিরে পরদিন বেলা একটার সময় আমরা মাত্রায় পৌছলুম।

নেমে কোথায় একটু শাস্তি পাব তা নয়,
পাঙার ছড়িদার, অর্থাৎ দালাল এলে পেছু
নিলে। তারা বেশ বাংলা বলতে পারে।

কেবলি জিজাদা করে, "কোথায় থাকবেন বাবু, কোথায় যাবেন, আপনাদের পাতা কে ?" এই রক্ম আরও কত কথা।

আর থাকতে না পেরে বললুম,
— "বাপু, আমরা ভোমাদের দেশে
ধর্ম করতে আসিনি, আমা দের
কোনও মানসিকও নেই, কেন আমাদের বিহক্ত করছ ?" কিছ ভবি
ভোলবার নয়। ছিনে জোকের
মত তারা আমাদের পেছনে লেগে
রইল।

অগত্যা বাধ্য হরে একজনকে বলসুম—"আজা, তোমাদের কিছু দেওরা যাবে, আমাদের সব দেখিরে ভনিরে দিও।"


তাদের নির্দেশ-মত এক ধর্মশালায়

ওঠা গেল। কিছুকণ বিশ্রাম করে, কিছু ফলবোগাতে মাহরা সহর দেখতে বেরিরে গড়া গেল। সলে ছিলেন বিনোদবার আর ছড়িদার। মান্তাল সহরের তুলনার মাহরা বেশ ভালই লাগল। ইতিহাস-বর্ণিত দক্ষিণ ভারতের মন্দ্রির কারুকার্য্য দেখে স্তিট্ট প্রাণে একটা। হিসেব-নিকেশ দেওরা বাক। ভাগে নদীর কলে মাতুরা মাড়া **পতে গেল**।

্ৌরাস্তার দাঁড়িয়ে মাত্রার মন্দিরের চূড়া-গুলো কি স্থান্তর দেখার ! কত প্রাচীন মন্দির, কিব আৰও মনে হচেছ বেন কত নতন।" গুলিবের গারের কারুকার্যা এত চমৎকার যে का ना एमधाल वर्गना कहा बाब ना। ध्वे মাত্রা জেলার ভাষা হচ্ছে তামিল। ইতিহাস পাঠে জানা যায়, এই সহর প্রায় জাটণ' বছর আগেে পাতাদের শেষ রাজা সুন্দর পাণ্ডা ভৎকালীন জৈ ন দে র উচ্চেদ্সাধন করে নিজ অধিকারে আনেন: পরে ১৩২৪ গুষ্টাব্দে মুদলমানগণের বারা মাতুরা অধিকৃত হয়; ভারপর ১৬০০ খুষ্টাব্দের মধ্যভাগে মাত্রা

পুনরায় হিন্দু রাজ্ঞার অধীনে আদে। প্রায় তেত্তিশ । দেবালরের প্রধান মৃষ্টি স্থন্দর স্বামী বা স্থনবেশ্বর। প্রধান বছর হিন্দু রাজগণের অধিকারে থাকার পর তৎ-কালীন নরপতির মৃত্যু ঘটে। সেই সময় মাছুরা রাজ্য থণ্ডীভূত হয়। ১৭৪- খুটাবে রাজ্যটি টাদ गाञ्चतत्र अधीरन आरम्। ১१७२ शृष्टोरम कर्गारहेत নবাবের পক্ষ থেকে ইংরাজেরা এই রাজ্য শাসন করতে: षांत्रक्ष करत्रम । शरत ১৮०১ थृष्टोरक नवांव हैःत्राकरमत রাজ্যের অর ছেড়ে দেন। এই মাত্রার বৎসামাঞ্চ ইতিহাস। মাতুরা কাপড়ের ব্দক্তে প্রসিদ্ধ। মাত্রাব্দি সাড়ী দ্বই মাত্রার প্রস্তে হয়। আমাদের দেশের মেয়েরা শাধারণত: এগার হাতের বেশী লঘা কাপড পরেন না; কিন্তু মাল্রাজি মেরেরা ১০১৪ হাতের কম লখা কাপড়ে কুলোতে পারেন না। কাব্রেই এদেশে ১৩/১৪ হাতের কম লখা কাপড় পাওয়াও হার না। মাচুরা জেলার অন্তর্গত ডি**ভিগুল সহরে বহুপরিমাণে ভামাকে**র চাৰ হয়, আর সেই তামাক তিচিনাপল্লিতে এলে চকট আকার ধারণ করে নানা দেশে বিক্রয়ের ক্সন্তে প্রেরিভ ^{হয়ে} থাকে। শোনা যার ১৬০০ শতান্দীর প্রথম ভাগে মাত্রা সহতে তোম্যান কাথেলিক বাককরা প্রার দশ লক लाकरक थुट्ट-थर्ल्स बीका रमन। बाहे रहाक, अथन

সহর অব্দ্রিত। নগরস্থিত দেবালয় আয়তনে, অল্কার-আমার সভী বিনোদদাকে বলনুম--"দেখুন, এই সম্পাদে ও শিল্প-নৈপুণ্যে দক্ষিণ ভাগতে- অতুলনীয়-।




मनित्र-मः नश शुक्रिशी

নগরের কাছেই মীণাক্ষী দেবীর মন্দির! দেবালত্ত্রের



মাছুরার বন্দির 💛 💛

পরিমাণ উত্তর দক্ষিণে আট্ন' সাতচল্লিণ ফিট, আর পূর্ব ইতিহাসের কথা ছেড়ে দিরে মাছুরার উপস্থিত কিছু কিছু পশ্চিমে সাত্রণ চুরালিশ ফিটা মাটি ইউট উ মীনা দেবস্থি সমষ্ঠিত গোপুরম্ এর চতৃদ্দিক বেইন করে আছে।
সহস্রুত্ত মঞ্জ দেবালয়ের প্রধান দর্শনীর বস্তু। মগুপটি
দ'শ' সাতানবাই শুগুড়ুক। বিখানাথ নারকের সেনাপতি
ও মন্ত্রী আর্য্য নারক এই স্বরুহৎ দেবালয় প্রতিষ্ঠা করেন।
সমগ্র ভারতবর্ষের মধ্যে দক্ষিণাঞ্চলের মন্দিরের মত স্থানর
কারকার্য্যথিচিত দেবালয় কুরাপি দেথতে পাওয়া বায়
না। মন্দিরের কাছেই একটা প্রকাণ্ড সমচতুলোণ
কালায় আছে। কথিত আছে বে, তৎকালীন তিরুমল
নায়ক কর্ত্ব টেয়ুকুলম নামে এই বৃহৎ ক্ললাশরটা
প্রতিষ্ঠিত। এই ক্লাশরের প্রত্যেক দিক ছ'হালার
চায়ণ' হাত পরিমিত। ক্লাশরের মাঝ্রথানে একটা
বীপ আছে; তার ওপর একটা উচ্চ মন্দির সংস্থাপিত।
বছরে একদিন টেপ্লম্ব (এক রক্ম নৌকা বিশেষ)



গোপ্রন্—মাছুরা

সহবোগে দেবালরের মৃতিগুলি জলাশরের চারদিক খুরিরে আনা হর, আর দেই উপলক্ষে জলাশরের চারি তীরে লক্ষ প্রদীপ প্রজ্ঞানিত করা হয়। যদিও আমাদের ভাগ্যে এ দৃশু দেখা ঘটে ওঠেনি, তরু বছরের একদিন এই দৃশু স্তিটিই উপভোগা। ছড়িদারের সঙ্গে ঘূরে মন্দিরের ও কাছাকাছি বা প্রধান দেখবার ছিল সব দেখে নিলুম। সমন্ত দিন ট্রেনে জেগে শরীর ও মন এত শ্রান্ত হরে পড়েছিল বে, আর এক মৃহর্তও দাড়াবার ইছে হচ্ছিল না। কোন রক্ষে সান্ত দেহটাকে টেনে নিরে ধর্মশালার উপস্থিত হল্ম। এর মধ্যে আর একজন বালালী ভস্তলোক ধর্মশালার জুটেছেন দেংলুম। কথার কথার ব্রক্স ছিনি ক্ষকাভার কাছাকাছিই থাকেন। সঙ্গে

আছেন তাঁর বৃদ্ধা মা, ত্রী ও একমাত্র অটাদশ বর্ষীর। কলা। ভদ্রলোকটির সঙ্গে কথা কইছি এমন সময় বৃদ্ধা এসে ব্যিক্তেস করলেন—"ভোমরা বৃদ্ধি"রামেশ্বর বাবে বাবা ?"

উত্তর দিলুম—"হা।"।

-- "আজকেই বৃঝি এসেছ p"

বৰ পুম— "আজকেই তুপুরে এসেছি, আজকেই যাবার ইচ্ছে ছিল, কিন্তু ট্রেন না থাকায় কালকে যাব ঠিক করেছি।"

এই সময় মেয়েটি এসে ডাকলে—"ঠাকুরমা, মা ডাকছে একবার এদিকে এস।"

মেয়েটিকে দেখে মনে হল বেন এর ভেতর মোটেই কোনও আড়েষ্ট ভাব নেই; আমাদের দেখে যে কোন

লজা বা সকোচবোধ সে সব এর
আছে বলে মনে হল না। ভার বাপের
সক্তে কথা কইছি এমন সমর মেয়েটা এফে
আমাদের কথাবার্ত্তা বেশ মন দিয়ে
শুনতে লাগল। মাঝে মাঝে ভ্'এক
কথার যোগ দিতে লাগল। বেশ মনে
আছে ভার পিতা রামচন্দ্রের সেতুবদ্ধ ও
রামারণ সংক্রান্ত ভ' একটি কথা আমাকে
শোনচ্ছিলেন, এমন সমর মেয়েটি বলবে
—"মাজকালকার ছেলেরা জলে পাগর
ভাসানর কথা বল্লেই হেসে উড়িরে দেঃ

কেন বলুন ত বাবা ?"

ভত্তলোকটির নাম ত্রিলোচন রায়। বয়সে বৃদ্ধ ন হলেও যুবক নন।

বলল্য--- "রায় মশাই, আপনার ক্লাটির কি নাম রেখেছেন বলুন ত ? বেশ চালাক দেখছি; পড়াগোনা করে ত ?"

ত্রিলোচনবার বললেন—"এর নাম হচ্চে স্থার, আমরা 'ম্থা, ম্থা' বলেই ডাকি। ও ওর ঠাকুমার বড় আদরের। গেল বছর Matriculation পাশ করে privateএ I. A. দেবার চেটার আছে।" সমন্ত শোনার পর ত্রিলোচন বাব্র সঙ্গে একটু ঘনিষ্ঠ পরিচর হরে গেল, আর সঙ্গে সংশে

ঠিক হ**রে গেল কাল আমরা এক সক্ষেই রামেশর** রওনাহব।

অনেককণ বদে বদে ছড়িদার বললে—"বাবু, হাহ'লে আপনারা খাওয়া-দাওয়া করে বিশ্রাম করুন, গ্রামি কাল সকালে এসে আপনাদের মন্দির দর্শন কবিয়ে নিয়ে আসব।"

ছড়িদার চলে গেলে ত্রিলোচন বাবু বললেন— "আপনার সন্ধীটির বোধ হয় এতক্ষণ অর্থ্রেক রাত।"

পিছৰ ফিরে দেখি বিনোদদা বেশ নাক ভাকিরে গ্যুত্তন।

তাঁকে ঠেলা দিয়ে ভিজাসা করলুম—"কি, আজে আর ধাওয়া-দাওয়া কিছু করবেন না ?"

—"এখন আর কোথার কি
পাব যে খাওয়া-দাওয়া করব
কলাল সকালে যা হর চেষ্টা করে

ত্'টো ভালে চালে ফুটিরে নিলেই

হবে। তোমার যদি খুব বেশী


ক্ষিদে পেয়ে থাকে একটু ছুধ কিনে
এনে খেভে পার ।" বলে তিনি
পাশ ফিরলেন।

কে আর হৃধ কিনতে যায়, এই ভেবে আমিও কথল ও চাদরটা নিয়ে শোবার উপক্রম করছি, এমন সময় বিলোচন বাবুর কন্তা সুধা একটা এগলুমনিয়ামের রেকাবে কিছু ফল ও সন্দেশ নিয়ে এসে বললে—"ঠাকুরমা এই সামান্ত ফল ও মিষ্টি পাঠিয়ে দিলেন, বল্লেন রাতউলোধী থাকতে নেই।"

সুধা এদে কথা ক'টা এমন ভাবে বলে গেল যে তার মানে হয় এখুনি সব না থেয়ে নিলে আর রক্ষেনেই। বলন্য—"ঐথানে রাথ, ডিসটা কাল দিলে চলবে ড ১"

বিছানার একধারে ডিসটা নামিরে রেখে স্থা ভাড়াভাড়ি চাদরটা আমার হাত থেকে নিরে পাততে পাততে বললে—"ও এথানকার নর, কল্কাভা থেকে আনা; তিলের তেলের বালাই নেই ওতে।"

বিনোদবাব্কে ডেকে তুলে **ত'লনে কল আর** মিটার থেরে নিরে বংশুম—"ভাগ্যিস ভোষরা এমেছিলে।"



আর একটা মন্দির—মাত্র।


সুধা অমনি হেনে উত্তর দিলে—"আর আপনারা এনেছিলেন, তাই ত দিতে পেরুম।"

বলনুম---"বেশ কাল ভাহলে ছ'টি ভাতও দিও।"

—"সে ত আমাদের সৌভাগ্য; তাহলে আপনাদের কাল আর হাত পুড়িরে চাল ডাল কোটাবার দরকার নেই, ব্যলেন ?" বলে স্থা ডিদ আর গেলাদ নিরে চলে গেল। রাত্রে শুরে শুরে ভাবতে লাগলুমু এই মেরেটীর এত মারা আমাদের ওপর কেন।

(ক্রমশঃ)





कथा ७ इतः -- कियो नक्कल हैम्लाम्।

স্বরলিপি :-- এজগৎ ঘটক।

গান

আৰু নন্দ-ছুলালের সাথে

ঐ থেলে বন্ধনারী হোরি।

কুত্ব আবীর হাতে---

দেখো খেলে শ্রামল খেলে গোরী।

থালে রাঙা কাগ,

নয়নে রাঙা রাগ,

ঝরিছে রাঙা সোহাগ—

রাঙা পিচকারী ভরি॥

পৰাৰ শিম্বে ডালিম ফুলে

রঙনে অশোকে মরি মরি।

ফাগ-জাবীর ঝরে ভক্তভার চরাচরে.

থেলে কিলোর কিলোরী।

মামাIIII { 1 মধা-ধাধা | ধা-াণাসনি I ৰ্পাধপা-া | আমাজি • নন্দ ছ লা• লের সা •• ধে• •

িঁ-া গমপধা -নৰ্সা I া পা -পা পৰ্সা | ণা -ধণধপা মা -গা I • • ৩০০০ ই• • ধে জে এ০ জ •০০০ নারী

্রাগা-মাপা-| -| -| -| -| | II হো বি • • • • •

- Ⅲা গাংগা -া | গাংমা পা -ধপাং া প্রা -পমা গা -া | -মগা -রসা সা লা । • কুম্কু ম্ আন বীর •• হা •• ংডে • •• •• দেং ধো
- I মর্সা -র্সনা -র্সনা -নর্সনা | -ধর্সা -র্সনা লা -ধন্ধপা I
 পো • • বী • •
- I া পা না পা | না -া সা রা I নসা-নসা-রসানসা | -ণা -া -ধণধা-পা I • ধে লে আচা ম ল ধে লে গো• • • • • বী • • • •
- র্মি ক্রিক্রি নিনা-সা-রা | -স্পা-া-ধণধা-পা I । পা পা পসা | ণা -ধণধপা মা গা I
- I গা -মা ^মপা -া | -া -া -া -া II II হো • রি • • • •
- III মা -া ণধা | না না -সা -া I া না না -সা | না সর্রসা শ্লা -ধা I • খা • বে - রাডা ফা গ্ • ন র নে রাঙা• - রা গ্
- Iা শৰ্মা সাঁ সাঁ | স্মা স্বা স্থা মা। শ্ৰা না স্বা | না -সা ণা -ধা I। শ্ৰা না স্বা | না -সা ণা -ধা I। ঝা ঝা ছে বা ডা লো হাগু ঝা ডা পিচ কা ঝী ভ ঝি
- া পা পা পৰ্যা | ণা -ধণধপা মা গা I গা -মা -মপা -া | -া -া -া II III

 ধে লে এ • • নারী হো - বি • • •

I না -না -া-গ্ৰা-গ্ৰা-গ্ৰা-গ্ৰা-ধ্ৰা -া-পা -ধা -ধৰ্মা -ধা -সা -সরা I I - र्जा - र्जा - र्जा - र्जा वर्जिया नार्जा नर्जर्म अर्था - र्जा अर्जिया नार्जा - र्या शास्त्र नार्जा - र्या शास्त्र में शास त ६ (न • • • অ খো কে • না স্থি - ৷ - ৷ ৷ - শ্ধা - পা শ্র্ম - র্জ্জি - র্জি - শ্স্মি - ৷ II বি ধা সূণা धा धा I । धशा ना স্ব | वी व ঝ রে • তকু ল I भना - পধা - नर्भार्म | - ला - ल्या धा धा । । ध्या ला र्मा था र्ना धा - ला I বী র বাবে 🔹 ভর ল লায় আ I 1 শৰ্মা মণি শুপা | পুণা -ধ্ৰধপা -মা গা I গা -মা পা -া | -া -া -া -া II II (m) র কি শো•

ঘূৰ্ণি হাওয়া

শ্রীপ্রভাবতী দেবী সরম্বতী

(50)

নন্দার কঠিন ব্যারাম।

একদিন হঠাৎ পড়িয়া গিয়া সে মৃক্ষিতা হটয়া পড়িয়াছিল। চহিবশ ঘণ্টা পরে সে জ্ঞান ফিরিয়া পাইয়া-ছিল; কিছু সে জ্ঞান বেশীক্ষণ স্থায়ী হইতেছিল না।

অসমঞ্জ অধীর হইরা উঠিরা বেখানে যত ডাক্তার কবিরাজ ছিল সব আনিয়া ফেলিয়াছিল,—ফকীর, সয়াসী কাহাকেও সে বাদ দেয় নাই। বেমন করিয়াই হোক, নন্দাকে ভাহার বাঁচানো চাই, নহিলে তাহার সবই মিধাা হইরা যাইবে।

সেদিন প্রভাতে জ্ঞান হইতে মদ্দা বখন বিশ্বপতিকে একবার দেখার ইছে। প্রকাশ করিল, তখন তাহার ইছে। পূর্ণ করিবার জন্তই অসমঞ্জ তাহার জনৈক কর্মচারীকে বিশ্বপতির বাসার ঠিকানার পাঠাইরা দিয়াছিল।

সেই ভদ্রলোকই অনেক খুজিয়া দীর্ঘ ছই <mark>বন্ধী প</mark>রে বিশ্বস্থিতর সঞ্জান পাইয়াছিলেন।

বিশ্বপতি বখন দে বাড়ীতে গিয়া পৌছিল, এছখন
নন্দা আবার মৃদ্ধিতার মতই পড়িয়া আছে। বিশ্বপতিকে
দেখিয়াই অসমঞ্জ তাহার হাতখানা চাপিয়া ধরিল,
"এসেছ বিশুদা, দেখছ—তোমার স্মেহের বোন্টার কি
অবস্থা হয়েছে। বাঁচবার কোন আশা নেই,—কখন কি
হয়ে পড়বে তার ঠিক নেই। ডাক্তার বলে দিয়েছে,
হার্ট ভারি তুর্বল, যে-কোন সমরে হার্টফেল হয়ে মারা
যেতে পারে।

বিখপতি আড়ই ভাবে নন্দার বিছানার পার্বে দাড়াইয়া রহিল। শুড় নেত্রে চাহিয়া দেখিতে লাগিল, সেই নন্দার কি আশুর্যা পরিবর্তন হইয়া গেছে, চেনার বো নেই। আৰু কর্যনিকার ব্যারামের বন্ধণার তাহার গোনার মত রং কালি হইরা গেছে, চোথের কোণে কালি পড়িরাছে। সে বিছানার পড়িরা আছে যেন একগাছি শুরু ফুলের মালা,—ফুলের দলগুলি শুকাইরা ঝরিরা পড়িরাছে,—আছে ছই একটা শুরু দল সহ বোঁটাগুলি। সাক্ষ্য দিতেছে—একদিন সে ক্রপে পক্ষে অতুলনীর দলগুলিকে তালা অবস্থার একত্র গাঁথিরা রাথিরাছিল,—
একদিন সেই ফুলগুলি জগতের নরন তাহাদের দিকে আরুই করিরা রাথিয়াছিল।

আৰু তাহার রূপ গিয়াছে, গন্ধ গিয়াছে,—আছে তুণু তাহার থাকার িক্টুকু।

আতে আতে কথন বিশ্বপতির চোধ ছইটা জলে ভরিরা উঠিন, চোধের পাতা ছইটা ভিজিয়া ভারি হইয়া গেল; দে নন্দার পার্যে বসিয়া পড়িল।

আর্দ্র ক. প্রথম প্রবিলন, "আজ তের দিন ঠিক এইভাবেই পড়ে আছে বিশুদা, এই ভেরটা দিন আমার যে
কি উংকণ্ঠান্ব কেটেছে ভা কেউ জানে না। কাউকেই
দেখাতে ভো বাকি রাথছি নে বিশুদা, যে যা বলছে ভাই
করছি, পরসার দিকে চাই নি। যেমন করেই হোক
আমার শেষ পরসাটীও ব্যর করে আমি ওকে বাঁচিয়ে
তুলভে চাই বিশুদা,—আমার ওকে চাই-ই, ও না হলে
আমার চলবে না।"

সে খেন উন্মন্ত হইরা গিরাছে, তেমনই দৃগু ভাবে তাহার চোধ দুইটা জ্বিতেছে।

খানিক চুপ করিয়া থাকিয়া সে আবার বলিল, "আজ করদিন ধরে ভোমার দেখতে চাচেচ, করদিন কেবল ভোমার সন্ধানে নানা জারগার লোক পাঠ। হিছ । ভগবান ভোমার সন্ধান দিলেন, নইলে ভোমার যদি না পেতুম আর ওর যদি কিছু হতো—"

সে ছই হাতে মাথা চাপিয়া ধরিল, ক্ষকঠে বলিল, "তা হলে আমার এ কোভ রাধবার আয়র জারগা থাকত না।"

বিখণতি বন্ধদৃষ্টতে নন্দার মুখের পানে তাকাইর। ছিল। তাহার কাণে তথন কোন কথা আদিতেছিল না, চোধের সন্মুখ হইতে বর্তমান মিশাইরা গিয়া অতীতের একটা দিনের ছবি আগিয়া উঠিবাছিল। সে সেইদিন—

বে দিনে সে এমনই রোগশ্যার পড়িরা ছিল, ভাহার পার্বে নলা ছাড়া আর কেহই ছিল না। নশা ধধন ভাহার বিছানার পাশে পরিপূর্ণ আশার মতই হাসিভরা মুখে আসিরা দাঁড়াইভ, তথন বিখাতি রোগের যাতনা ভূলিরা ঘাইভ, বাঁচিবার আশা মনে জাসিভ, সাহস আসিভ,—আনল হইত। তাহার মনে হইত, একমাত্র নলাই তাহাকে বাঁচাইভে পারে,—শমন নলার ছইটীকে,মণ হাভের কঠিন বন্ধন ছিল করিয়া কিছুতেই ভাহাকে লইয়া ঘাইতে পারিবে না।

হইলও তাহাই, নন্দা ভাহাকে বাঁচাইল। কত দিন বাত অনাহারে অনিস্রায় তাহার পার্থে সে কাটাইরা দিরাছে, যমের সহিত যুদ্ধ করিয়া ভাহাকে ফিরাইয়া আনিয়াছে। বিশুদার জ্বল নন্দার উৎকণ্ঠার সীমা ছিল না, সে যেথানে গিরাছে—নন্দার বাগ্র ব্যাকুল ছুইটা চোথের দৃষ্টি ভাহাকে অকুসরণ করিয়া ফিরিয়াছে।

কিছ সে ? এমনই বিশাস্থাতক সে যে সেই প্রাণ্যান্তীর কথাটী পর্যান্ত মনে আনে নাই। সে এই ন্থাৰ্গ আদিতে স্বেচ্ছার পথলান্ত হইয়া উঠিল চন্দ্রার গৃহে, পৃতিগন্ধপূর্ণ নরকে। ন্থাগ প্রবেশের অধিকার পাইরাও যে হারার তাহার তুল্য হতভাগ্য কে ?

বিশ্বপতির চোথ তুইটা কথন শুদ্ধ হইয়া গিরাছিল। একদৃটে তাকাইয়া থাকিয়া চোথ জালা করিতে লাগিল, তবু সে চোথ ফিরাইতে পারিল না, নন্দার মুথের পানে তাকাইয়া রহিল।

অসমঞ্জের অনর্গণ কথা চলিতেছিল—সব প্রলাপের মতই অসহজ্ব। নলা বিখাপতির জন্ত কত না কট পাইরাছে, কতই না চোথের জল কেলিয়াছে। বিখাপতির অধংপতন তাহার অভবে নিদারণ কত উৎপন্ন করিয়াছে। তাহাকে কাছে কিরাইবার জন্ত কত না চেটা করিয়াছে, কিন্ত বিখাপতির দেখা গে পার নাই।

ত্নিতে ত্নিতে বিশ্বপতির মনে হইতেছিল সারা বুক্থানা তাহার জলিয়া গেল। সে যেন জার সফ্ করিতে পারে না, ছুটিয়া পলাইতে পারিলেই বাঁচে। কিছু যাইবেই বা কেমন করিয়া,—এথান হইতে এক পা নভিবার সামর্থ্য তাহার নাই।

সন্ধ্যার সময় মন্দা চক্ষু মেলিল, শীর্ণ হাভখানা সামনের

দিকে প্রসারিত করিয়া দিরা কীণ কর্চে ডাকিল,—"ওগো, শুনছো—"

অসমঞ্জ তাহার হাতথানা নিজের বুকের উপর চাপিয়াধরিল। নিজের হাতথানা তাহার মাথার রাখিয়া বাম্পাক্ষ কর্মে বলিল, "এই যে নন্দা, আমি শুনছি, কি বলবে বল।"

নলা দম লইয়া বলিল, "বিশুদা আদে নি ? তাকে খুঁজে পেলে না ? আমি কিন্তু এইমাত্র অপ্ন দেখছিল্ম বিশুদা এদেছে, কত কথা বলছে।"

অসমগ্র বলিল, "সত্যই বিশুলা এসেছে নলা, এই তোমার পাশেই বিশুলা বলে আছে।'

মূখ উঁচু করিয়া নন। বিশ্বপতির পানে ভাকাইল। হঠাৎ ভাহার চোথ ছাপাইয়া ঝর ঝর করিয়া জল ঝরিয়া পভিল।

অসমঞ্জ তাহার চোধ মুছাইয়া দিতে দিতে আর্দ্র কর্থে বলিল, "কাদছ কেন নদা ? বিভানকে দেখতে চেমেছিলে—সে এসেছে, যা বলবার আছে তা বল।"

বিশ্বপতি বেন হুজ পদার্থে পরিণত হইয়া গেছে।
ভাহার মুখে হুখা নাই, চোখে পলক নাই। প্রাণবান
মালুষটী হঠাৎ বেন পাবাদে পরিণত চইয়াছে।

ভাহার কোলের উপর হাতথানা রাথিয়া নন্দা যথন ডাকিল, "বিশুলা—"

তথন:স্বাচমকা একটা ধাকা খাইয়া তাহার দুপ্ত জ্ঞান ফিরিয়া আদিল।

"कि वण्ड नन्तां—"

কৃত্ব কঠে নদা বলিল, "আজ এই শেষ দিনে দেখা দিছে এলে দাদা, ভালো থাকতে একদিন আসতে পারলে না? তোমার বলব বলে অনেক কথা মনে করে রেখেছিলুম, আজ সে সব হারিরে ফেলেছি বিভাগ, কিছু বলতে পারব না। আজ ভোমার সময় হল, এত দিনে এতটুকু সময় করে উঠতে পার নি ভাই?"

্ বিশ্বপতি এত জোরে অধর সংশন করিল বে রক্ত বাহির হইয়া পড়িল ৷

্ৰান্ধ আবাৰ ডাকিল, "বিশুলা—"

বিক্লভ কর্তে বিশ্বপতি উত্তর দিল,—"কি গু"

ः क्याद्य अक्ट्रेश किः इति क्वित्रा नना वनिन, "क्या

বলছ না কেন ? না, আমি তোমার আৰু বকব বলে ডাকি নি, বকবার প্রবৃত্তি আমার আর নেই, ক্ষডাও নেই। তোমার আৰু ডেকেছি ওধু শেব দেখা করবার ক্ষেত্ত। কথা বলবার ক্সেত্ত। বিওলা—"

বিশ্বপতি তেমনই বিক্লত কৰ্ছে উত্তর দিল, "তোমার পাশেই আছি নন্দা, বাই নি।"

নলা বলিল, "ভোমার আজ একটা প্রতিজ্ঞা করতে হবে ভাই। তোমার আগেকার জীবনের সব কথা আমি জানি, বর্তমানের কথাও আমার জ্ঞানা নেই,—আমি সব ভনতে প্রেছে। আমার এই হাতথানা ধরে প্রতিজ্ঞা কর বিভাগ, বল,—তুমি সৎ হবে, খরের ছেলে ঘরে ফিরে আবার সংসারী হবে প"

ক্ষিক্ষাস্থ নেত্রে সে বিশ্বপতির পানে ভাকাইল।

তাহার শীর্ণ হাতথানা নিজের হাতের মধ্যে লইরা কল্প কঠে বিশ্বপতি বলিল, "প্রতিজ্ঞা করছি নলা, তোমার হাত ছুঁরে বলছি—মামি খরে ফিরে যাব, ভালো হব; কিন্তু সংসারী হব কি নিয়ে? স্থামার যে কেউ নেই— কিছু নেই।"

ক্লান্তিভরে আবার চকু মুদিরা আসিতেছিল, প্রাণপণ যতে সে ভাব দূর করিয়া নদা বলিল, "আবার নতুন করে ভোমায় সংসার পাততে হবে বিভলা—"

বিশ্বপতির চকু তৃইটা একবার দৃপ্ত হইরা উঠিবা তথনই স্বাভাবিক হইরা গেল; সে মাথা নাডিয়া দৃচকঠে বলিল, "আর বা বল সব করব, কেবল আবার বিয়ে করে সংসার পাতব না। 'উইটা আমার মাপ কর নন্দা, তৃমি তো আনো সবই, আমার আবার মিথ্যে অভিনয় করতে, মিথ্যে জীবন কাটাতে আদেশ দিরো না।"

নন্দা রুদ্ধ কঠে বলিল, "মামি চলে বাদ্ধি বিশুল। তোমাদের কারও মাঝখানে আর ব্যবধান হরে থাকব না। ছেলেবেলার কথা ভূলে বাও ভাই, পূর্ক-শ্বতি মনে ফাগিরে রেখে নিজেকে সব রক্ষমে বঞ্চিত করো না."

বিশপতির যদিন মুখে একটু হাসির রেখা সুটিরা উঠিরা তথনই মিলাইরা গেল। দৃঢ় কঠে লে বলিন, "মিখ্যে কথা নলা, এ একেবারেই অসম্ভব, সেই করেই আমি গারব না। স্থতি হচ্চে কোন ছবি মুছে ক্ষেত্ত কেউ কোন দিন পারে নি, পারবেও না; আমার বেলাতেই কি দেই চিরাচরিত নিরমের ব্যতিক্রম হবে ?"

নলা একটা নিঃখাদ ফেলিরা মুখ ফিরাইল। অসমঞ্জের মৃথের পানে তাকাইরা সে হঠাৎ আর্তভাবে , কাদিয়া ফেলিল।

পক্ষীজননী আঠ শাবককে ধেমন ছটি ভানার নীচে টানিয়া লইয়া ঢাকিয়া ফেলে, অসমঞ্জ তেমনই করিয়া নন্দাকে নিজের বুকের মধ্যে টানিয়া লইয়া লেহপূর্ণ কঠে বলিল, "আমি জানি, সব জানি নন্দা, কোন কথাই আমার কাণ অতিক্রম করে যায় নি। ভয় কি নন্দা,—আমি আছি, আমি তোমায় ছাড়ব না। আমি তোমায় অবিখাস করি নি, তোমায় সমস্ত মন দিয়ে ক্রমা করেছি।"

বামীর বৃক্তের নীচে বড় নিশ্চিন্ত হইয়া বড় স্থারামেই নলা ঘুমাইয়া পড়িল।

(২৮)

তিন দিন আহার নিজ। ত্যাগ করিয়া নন্দার বিছানার পাশে সমানে একভাবে বসিরা থাকিয়াও বিশ্বপতি কিছু করিতে পারিল না। অসমজের ও ভাহার সকল চেটা যতু বার্থ করিয়া নির্দির কাল নন্দার অম্ল্য প্রাণ লইয়া চলিয়া গেল।

খ্যসমঞ্জ নন্দার বৃক্তের উপর মাথা দিয়া পড়িরা রহিল। কি সে তাহার খ্যীরতা, কি সে যন্ত্রণা,—কিন্তু বিশ্বপতি নীরব—নিস্পান।

সে যেন কিছুতেই বিশ্বাস করিতে পারিতেছে না,
নলা চলিরা গেছে, নলা আর নাই। সেই নলা,—
যাহাকে সে এতটুকু বেলা হইতে দেখিরাছে, কত
মারিরাছে আবার কোলে লইরাছে, হাহাকে সে নিজের
চেয়েও বেলী ভালোবাসিত—সে আজ নাই। তাহার
অন্তরে যে চিরন্থারী আসন পাতিরা বসিয়াছিল, কল্যাণী
যেখানে প্রবেশাধিকার পার নাই, চন্ত্রা স্পর্শের অধিকার
পায় নাই, সেই নলা—সে সকল ভালোবাসা ব্যর্থ করিয়া
চিরদিনের মতই চলিরা গেছে।

যথন ভাষার বাফ চেডনা ফিরিরা আসিল তথন নন্দার মৃতদেহ শুলানে লইয়া বাইবার জ সুসজ্জিত করা

হইরাছে। অসমঞ্জ উঠিয়া বসিরাছে, নন্দার নিপ্রভ মুথখানার পানে ভাকাইরা নিংশব্দে সে চোখের জল ফেলিতেছে।

ধড়কড় করিয়া বিশ্বপতি উঠিয়া পড়িল। সে এ দৃষ্ট আর সহু করিতে পারে না, সে পলাইবে।

মৃতদেহ লইয়া পথে বাহির হইরা অসমঞ্চ বিশ্বপতির হাত তথানা চাপিয়া ধরিয়া আর্দ্র কঠে বলিল, "তুমিও সঙ্গে এসো বিশুদা, ওর দেহের সদ্গতি করতে হবে— চল। তুমি সঙ্গে না গেলে ওর আ্যা ভৃপ্ত হবে না।"

সবেগে মাথা নাড়িয়া বিশ্বপতি বলিল, "না না, আমি যেতে পারব না ভাই, আমায় ক্রমা কর—চলে যেতে দাও।"

ष्यमञ्ज विनिन, "कि करद हरव विश्वमा, अद्र-"

বিশ্বপতি বাধা দিয়া আৰ্ত্ত কঠে বলিল, "কেন হবে না ? ওর ওই দেহধানা পুড়ে আমার চোধের সামনে ছাই হরে বাবে, আমার তাও দেখতে হবে ? না, আমি তা সইতে পারব না, কিছুতেই পারব না। অসমঞ্জ, আমার-ভালোবাসা খর্গীর নর, আমি কেবল নন্দার ভেতরকার মাহ্নবটীকেই ভালোবাসি নি, ওর ওই রক্তমাংসের দেহটাকেও ভালোবেসেছিল্ম। আমি সব রক্ষে এমন ভাবে পুড়তে পারব না—কিছুতেই না।"

অসমঞ্জের হাত হইতে জোর করিরা নিজেকে ছাড়াইরা লইরা সে ছুটিয়া পলাইল।

কোথা হইতে কোথার পা পড়িতেছে তাহার ঠিক নাই, চোথের সমূথ হইতে ঘর বাড়ী পথ সব অদৃষ্ঠ হইরা গেছে।

কোনও ক্রমে বিশ্বপতি ব্ধন চন্দ্রার বাড়ীর দরকার আসিরা বসিরা পড়িল তথন সন্ধ্যা হইরাছে, পথে পথে বৈহ্যতিক আলোগুলি অলিরা উটিয়াছে: সামনেই বাড়ীটার কে বেন হার্মোনিয়ামের সঞ্চে পুর মিলাইরা গাছিতেছে—

প্রির যেন প্রেম ভূলো না এ মিনতি করি হে—

আমার সমাধি পরে, সাঁড়ারো ক্রণেক ভরে জুড়াব বিশ্বহ আলা ও চরণ ধরি হৈ । "नका नका---

বিশ্বপতি আকাশের পানে ভাকাইল। কোন দিন গানের এই কথাগুলি নন্দার অন্তরে ধ্বনিয়া উঠিয়াছিল কি?

কাঁদিতে পারিলে ভালো হইত, কিন্তু এমনই হতভাগ্য সে—কিছুতেই এক ফোঁটা কল তাহার চোথে আদিল লা। বুকের ভিতরটা অসহ যাতনার ফাটিরা যাইতেছে, চোধের কলে হর তো এ যন্ত্রণার উপশম হইত।

পাশেই দরজাটা থট করিয়া খুলিয়া গেল, তাহার উপর দাঁড়াইল চন্দ্রা। সঞ্চব—কেহ তাহাকে সংবাদ দিয়াছিল বিখপতি ফিরিয়া আসিয়া দরজার ধারে বসিয়া আছে।

একবার তা্হার পানে তাকাইর। বিশ্বপতি চোধ ফিরাইয়া লইন।

চন্দ্রা অগ্রসর হইরা আসিণ, থানিক তাহার পাণে
চূপ করিরা দাঁড়াইরা তাহার পর বিশ্বপতির একথানা
হাত টানিরা লইয়া শাস্ত সংযত কঠে বলিল, "ভেতরে
এসো।"

বিশ্বপতির সর্বাক শিহরিয়া উঠিল, মনে পঞ্জিল— আক্রই সে নন্দার হাতথানা নিব্দের হাতের মধ্যে লইরা শপথ করিয়াছে সে সং হইবে—বরে ফিরিবে। সে শপথ ভাহার রহিল কই,—আবার যে ঘুরিয়া ফিরিয়া ভাহাকে চন্দ্রার তুরারেই আসিয়া দাড়াইতে ইইল।

চক্রা বলিল, "তবু বসে রইলে কেন, বাড়ীর মধ্যে এসো।"

বিশ্বপতি ধড়ফড় করিয়া উঠিয়া পড়িল, বলিল, "না চন্দ্রা, আমি আর এ বাড়ীতে ধাব না। আকই প্রতিজ্ঞা করেছি এবার হতে সং হব—বাড়ী ফিরে গিরে সেথানে বাস করব।"

শাস্ত কঠে চন্দ্র। বলিল, "তুমি যে বাবে তা আমি
আনি। বাড়ী বাবে বেরো, আমিও তোমার এথানে
রাথব না, কাল দিনের বেলা উ্ভোগ করে আমি তোমার
পাঠিরে দেব। এথন তোমার মাথার ঠিক নেই,
সারাদিন হর তো কলটুকুও থাও নি,—এ অবস্থার
ভোষার ছেড়ে দিতে পারি নে। তা ছাড়া ট্রেণ কথন
তা ভোষারও সারা বুনই আমারও স্থানা নেই। টেশনে

পড়ে থেকে রাভ কাটানোর চেন্নে এথানে আৰু রাভটা কাটিয়ে যাওয়া ভালো হবে না কি ?"

বিশ্বপতির মন ও দেহ ছুই-ই **শান্ত অপ্রকৃতি**ত্ত ছিল, বন্ধচালিতের মতই সে চন্দ্রার অন্তুসরও করিল।

(<>)

ষিতলে যে ঘরটার চন্দ্রা বিশ্বপতিকে লইরা গেল, প্রথমটার সে ঘরের পানে দৃষ্টি পড়ে নাই; খাটে বসিরাই বিশ্বপতি চমকিয়া উঠিল।

ভাহার মনের ভাব ব্ঝিয়া চক্রা অকুনরের স্বরে বলিন, "আজ এই ধরেই থাক গো, ভোমার একা ও-ঘরে রেখে আমার শান্তি হবে না। তা হলে আমাকেও ও-ঘরে ভোমার কাছে গিয়ে থাকতে হবে।"

বিশ্বপতি হঠাৎ উচ্ছুদিত ভাবে হাদিয়া উঠিল—

"আৰু যার ক্ষেত্র এত ভাবনা চন্দ্রা, কাল সে এতক্ষশ কোথার থাকবে, শোওরার বিছানা পেলে কি না, ছটো ভাত থেতে পেলে কি না তা তো দেখতে পাবে না।"

চক্রা অন্তমনস্ক ভাবে এক দিকে তাকাইয়া র**হিল,**— অনেকক্ষণ উভয়েই নীরব হইয়া রহিল।

বিশপতি শুইরা পড়িরাছিল, ছুই কছুইরের উপর ভর দিরা উচ্ হইরা উঠিরা বলিল, "শুনেছ চক্রা, নন্দা আর নেই, আজ সকালেই সে মারা গেছে ?"

বিকৃত কঠে চন্দ্রা বলিল, "তোমার দেখেই তা ব্রুতে পেরেছি।"

একটা নিঃখাস ফেলিয়া বিশ্বপতি বলিল, "বৃক্টা বেন জলে বাচে, কেটে বেতে চাইছে, তবু কাঁদতে পারছি নে। ঠিক এই জান্নগাটা চন্দ্রা—এখানটার হাত রেখে দেখ—"

সে চন্দ্রার হাতথানা তুলিয়া নিঞ্চের বুক্তের **উ**পর রাখিল।

চন্দ্রা নত হইরা পড়িল, ভাহার ব্বের উপর মুখধানা রাখিরা উচ্ছুসিত ভাবে ফুলিরা কুলিরা কাদিতে লাগিল, ভাহার কারা আর থামে না।

চক্রার মাথার হাতথানা বুলাইতে বুলাইতে বিশ্বপতি বলিল, "কাদছ—কালো। উঃ, অমনি করে বদি কাদতে পারতুম—"

আর্ত্ত করে চক্রা বলিল, "কাদ, থানিকটা কাদলে ভোমার বৃকের বল্লণা কম পড়বে।"

বিশ্বপতি একটা দীর্ঘনিঃশাস কেলিয়া বলিল, "না, কাঁদতে পারব না চন্দ্রা, বুকটা বেন পাবাণ হয়ে গেছে। আর কত আঘাত সইব চন্দ্রা, সইবারও অতীত হয়ে গেছে। ওকে পরের হাতে দিয়েও সইতে পেরেছিনুম; কিন্তু আৰু যে কিছুতেই সান্ধনা পাচ্ছিনে। মন যথন বড় থারাণ হতো, ওরই কাছে ছুটে যেতুম। আৰু যে আমার ভুড়ানোর কারগা কোথাও রইল না চন্দ্রা—"

চক্রা সোজা হইরা বসিয়া তাহার বুকে হাত বুলাইরা দিতে লাগিল। বিশ্বপতি ছই হাতে মুখ ঢাকিরা পড়িয়া রহিল।

দেরালের ঘড়িতে এগারটা বাজিয়া গেল। চমকিরা উঠিয়া বিশ্বপতি বলিল, "ডোমার খাওয়া

চমকিরা উঠিরা বিশ্বপতি বলিল, "ভোমার খাওয় হর নি চক্রা?"

कार्ज कर्ष्ट हजा रिमन, "धार এथन।"

"না, তৃমি আগে থেরে এসোঁ" বলিয়া বিশ্বপতি চক্রার হাতথানা সরাইয়া দিল।

তাহার মূথের উপর ঝু কিয়া পড়িরা ক্ষীণ কঠে চক্রা বলিল, "না গো, আব্দ আমার কিছু খেতে বলো না, আমি থেতে পারব না, আমার থাওয়ার ইচ্ছে নেই। থাব তো রোক্ট, কিন্তু ভোমার তো রোক্ত পাব না।"

বিশ্বপতি চুপ করিয়া রহিল।

শেষ রাত্রের দিকে হঠাৎ চক্রার ঘুম ভালিরা গেল; খাটের উপর বিশ্বপতি ঘূমের ঘোরে উচ্চুসিত কঠে ডাকিতেছে—"নন্দা নন্দা—"

শবিকা চন্দ্রা দেয়ালের স্থইচ টানিরা দিল। উচ্ছল আলোর সে দেখিল বিখণতি ক্ষুত্র বালকের মতই ক্লিরা ইলিরা কাঁদিভেছে। চন্দ্র্য একটা শান্তিপূর্ণ নিঃখাস ফেলিল। অঞ্ধার। বখন গলিরা বাহির হটয়া আসিয়াছে তখন সান্ধনা মিলিবে আপনিই।

প্রভাতে বিছান। হইতে উঠিয়াই বিশ্বপতি বাড়ী ধাইবার জন্ত প্রস্তুত হইতে লাগিল।

চক্রা অভি কটে চোণের জল সামলাইরা ভাহার যাত্রার আরোজন করিরা দিভেছিল। বে ছোট ফ্রাঙ্কটা বিষপতি লইরা আসিরাছিল, এতদিন সেটা আবদ্ধ

অবস্থার ঘরের এক পাশে পড়িরা ছিল। বিশ্বপতি আর একটা দিনও এ ট্রান্থটার থোঁক লয় নাই, চক্রাও ইহার মধ্যে কি আছে ভাহা জানিবার জন্ম উৎস্ক হয় নাই। আক বহু দিন পরে সেই বাক্সটা খুলিয়া সাজাইয়া দিবার জন্ম নলার দেওয়া উপহার দ্রব্যগুলার পানে চোখ পড়িতে চক্রা শুভিত হইয়া গেল।

এক-টুকরা কাগকে বড় বড় অক্ষরে লেখা "বউদিকে ভক্তি উপহার"। নীচে নাম লেখা—নন্দা।

নন্দার দেওরা জিনিসগুলিতে বিশ্বপতি নিজেও হাঁত দের নাই, যক্ষের খনের মত অতি সন্তর্পণে মাছবের চোবের সুমুখ হইতে আড়াল করিয়া রাধিরাছে।

চক্রার চোপ ফাটিরা ঝর ঝর করিরা অঞ্ধারা ঝরিরা বাজ্যের মধ্যে পড়িতে লাগিল। এ সব হইতে সে কোথার—কতদ্বে সরিয়া পড়িয়া আছে। এ সকলের নাগাল পাইবার ক্ষমতা তাহার নাই।

মনে পড়িল দেবতা দর্শনের অর্ধিকার মাত্র তাহার ছিল। মন্দিরের বাহির হইতে সে দেবতা দেখিরাছে, দরকার উপর উঠিতে কোন দিন সে যোগ্যতা পার নাই। আজও হৃদরে অনীম শ্রদ্ধা প্রেম লইরা অর্থ্য সাকাইরা সে মন্দিরের বাহিরেই থাকিয়া গেছে, ভিতরে প্রবেশ-লাভের অধিকার সে পার নাই, কোন দিনই পাইবে না।

ছুই হাতে আর্ত্ত বক্ষথানি চাপিয়া ধরিয়া সে মাটাতে দুটাইয়া পড়িল, "দেহের দেউলে প্রদীপ জালিল, কিন্তু তুমি তো জানিলে না দেবতা? জন্ম হইতে বঞ্চিতা রাধিয়াছ, দ্র হইতে দেখার অধিকারই দিলে,— জীবন-ভোর তোমার আবাহন-গীতি গাহিয়া চলিলাম, ভোমার জাগাইতে পারিলাম না।"

বেমন গোপনে সে বাক্স খুলিয়াছিল তেমনই গোপনে বক্ক করিয়া রাখিয়া দিল।

বিদায়ের কালে সে যথন একভাড়া নোট বিশ্বপতির পকেটে দিল তথন বিশ্বপতি চমকিরা পিছনে সরিরা গেল,—"এ কি চক্রা p"

প্রাণপণে উচ্চুসিত কারাটাকে চাপিরা চন্দ্রা বলিল,
"নাও, অনেক দরকারে লাগবে। সং ভাবে কীবন
কাটাতে গেলেও টাকার দরকার হর, কেন না চুরি
ভাকাতি করতে পারবে না, কোন দিন অদৃটে ভিক্কেও

না ভূটতে পারে। শুনেছি তোমার ঘর পড়ে গেছে, গিরে মাধা গুঁজবে এখন একটা আশ্রার তো চাই।"

বিশ্বপতির চমক লাগিল—ভাই বটে।

নোটের ভাড়াটা বাহির করিয়া নাড়াচাড়া করিয়া বিশ্বপতি বলিল, "কভ দিলে ?"

চন্দ্ৰা বলিল, "বেশী নয়, পাঁচ হাজায়।"

নিষপতি বেন আকাশ হইতে পড়িল,—"পাঁচ হাজার! তুমি কি ক্ষেপেছ চন্দ্রা, তোমার যা কিছু সহল—যা কিছু জমিরেছ দব আমার দিরে দিলে? না না, ও দব পাগলামি রাধ, তোমার মাধা ধারাপ হরেছে বলে' আমার মাধাও তো ধারাপ হর নি বে তোমার দর্মবা আমার একপ' টাকা দাও, ভাতে আমার ঢের চলবে। আমি বেকার অবস্থার বনে থেকে আমার অতীত জীবনের পাগক্ষর করবার জন্তে যে কেবল নাম লগ করব তা তো নয়, থেটে ধাবই। জমী-জমা করব, ভাতে এর পর বেশ আয় দাঁড়িরে যাবে যাতে আমার দিনগুলো রাজার হালেই কেটে যাবে।"

কোনোটের তাড়া ডুম্মিডেই চন্দ্রা তাহার পারের কাছে একেবারে তালিরা পড়িল, আর্ড কঠে বলিরা উঠিল, "না গো, এই আমার সর্বাহ্ব নর। আমার অনেক আছে—অনেক হবে। আমার মত অভাগিনী মেরেরা না থেরে মরে না। মরলে জীবনে প্রারশ্ভিত হল কই, বুক্তে আঞ্জন জনলো কই । ও টাকা তুমি নিয়ে যাও। আমি যা দিরেছি তা আর ফিরিয়ে নিতে পারব না।"

বিখপতি কতক্ষণ নির্নিমেষে তাহার পানে তাকাইয়া রহিল। তাহার পর একটা নিঃখাস ফেলিয়া নোটের ভাড়া প্রেটে রাখিল।

চন্দ্রা প্রণাম করিল, বিশ্বপতি একটা কথাও বলিল না।
চন্দ্রা শুধু হাসিরা বলিল, "পারের ধ্লো নিলুম,
একটা আনীকাদও তো করলে না?"

উদাসভাবে বিশ্বপতি বলিল, "কি আশীর্কাদ করব চকা ?"

চল্লার চোধে জল আসিতেছিল। সে বলিল, "বল— শীগ্রিয় মরণ হোক। ক্ষায় কোন দিকেই যাওয়ার পথ নেই, সব পথই কাঁটা ফেলেবছ করেছি। কেবল ওই একটা পথই আমার খোলা আছে। বল—
ছ একদিনের মধ্যেই যেন মরণ হয়, আমি যেন স্কল
আলা জুড়াতে পারি।"

বিশ্বপতি অক্সাৎ যেন সচেতন হইয়া উঠিল, এবং আৰু ভালো করিয়াই সামনের মানুষ্টীর পানে তাকাইল।

ইস, এত পরিবর্ত্তন ঘটিয়া গিয়াছে চন্দ্রায়! এ তো একদিনের পরিবর্ত্তন নয়! কত দিন ধরিয়া অল্লে অল্লে চন্দ্রার দেহ কয় হইয়া আসিলেছে, তাহার উজ্জ্বা গৌরবর্থ মলিন হইয়া আসিয়াছে, বড় বড় ছটি চোধের নিচে কালি পড়িয়া গেছে। সমন্ত মুথথানার উপরে যে ক্লান্তির ছায়া জাগিয়া উঠিয়াছে তাহা তো বিশ্বপতি একদিনও দেখে নাই। নিজের ধেয়ালেই সে চলিয়াছে। আর একটী মানুব যে তাহার ধেয়ালের জন্ত নিজের ম্থ-শান্তি, যথাসর্ব্বাধ বিস্ক্তিন দিতেছে, তাহা সে জানিতেও চাহে নাই।

বিখপতি চক্রার মাথার হাতথানা রাখিল। স্বেহপূর্ণ কঠে বলিল, "না চক্রা, দে আনীর্কাদ আমি করব না, করতে পারব না। আনীর্কাদ করছি তুমি সং হও, তোমার তুমিকে কল্যাণ্যর ভগবানের নামে সঁপে দাও, ভার কাল কর।"

"পারব ? আমি সং হতে পারব ? আমার ছারা ভালো কাল হতে পারবে ?"

চক্রা ব্যগ্রভাবে বিশ্বপতির হাতথানা ছই হাতে চাপিয়াধরিল।

শুক্ত হাসিয়া বিশ্বপতি বলিল, "পারবে না কেন চন্দ্রা? ভগবান তো সাধুর জ্ঞেল নন, তিনি পাপীর জ্ঞেই রয়েছেন। মহাপাপী জগাই মাধাই পরিত্রাণ লাভ করেছিল, আমার মত মহাপাপীও পরিত্রাণ পাওয়ার আশা বধন করছে, তথন তুমিও পাবে না কেন চন্দ্রা? আমার চেরে মহাপাপ তো তুমি কর নি, তবু আমি বধন সংপ্রথে সংহরে চলবার আশা করছি, তুমিও সে আশা করতে পারো।"

চন্দ্রা বিশ্বপতির চরণে মাথা রাখিল, অঞ্জন্ধ কঠে বলিল, "তোমাকেই এই যাত্রাপথের গুলু বলে নিসুম। আৰু আমার যে নৃতন রতে বতী করে গেলে, আশীর্কাণ করে যাও—আমার সে ব্রভ যেন সম্পূর্ণ করতে গারি।"

নিঃশব্দে সে চোথের জলে বিশ্বপতির পা ভিজাইর। দিল।

"নাসি চন্দ্রা, ট্রেণের সময় হরে এলো—"

চন্দ্রা উঠিল, অতি কটে প্রবহমান চোপের জল সামলাইয়া বলিল, "এসো—"

কুলীর মাধার সেই প্রাতন ট্রাঙ্গটী চাপাইরা বিখপতি বাজীর বাহির হইল।

পথে বাঁক ফিরিবার সময় সে একবার পিছন ফিরিয়া চাহিয়া দেখিল—থোলা দরজার উপর দাড়াইয়া চন্ত্রা,—অসহ কারার চাপে সে আর যেন দাড়াইয়া থাকিতে পারিতেছে না, তবু সে চাহিয়া আছে সেই পথটার পানে—যে পথ বাহিয়া তাহার প্রিয় চিরকালের মতই চলিয়াছে। হয় তো আজ এই চিরবিদায়-কণে তাহার মনে জাগিয়া উঠিয়াছে সেই দিনটার কথা—যেদিনে ওই পথেই সে আসিয়াছিল।

একটা দীৰ্ঘনিংখাস ফেলিয়া বিশ্বপতি চোধ ফিরাইল।

সামনে পথ—ওই পথ বাহিরা তাহাকে চলিতে হইবে, পিছনের দুখ্য অদুখ্য হইষা যাক।

(00)

দীর্ঘ তিন বংসর পরে বিশ্বপতি **ভাবোর গ্রামের বুক্** পদাপন করিল।

গ্রামের যেন আমৃল পরিবর্তন হইরা গেছে,—সবই আছে অথচ যেন কিছুই নাই।

পথ দিয়া চলিতে বিশ্বপতি তুই দিক পানে চাহিতে-ছিল। দেখিতেছিল সে বাহা দেখিয়া গিগছিল সেগুলি ঠিক আছে কি না।

আবাঢ়ের আকাশ মেঘে ঢাকা। কিছু দিন পূর্ব হইতে বর্বা নামিরাছে, গুৰু খাল বিল পূর্ব হইরা উঠিরাছে, পথের খারে খারে কল কমিরাছে। গুৰুপ্রার গাছগুলিতে নূতন পাতা ধরিরাছে। খানিক আগে বে এক পদলা বৃষ্টি হইরা গেছে ভাহার কল এখনও টুপটাপ করিরা করিয়া পড়িতেছে। চারি দিক দিয়া কলধারা ছুটিরা খাল বিল পুছরিনীতে পড়িয়া সেগুলিকে পূর্ণ করিরা ছুলিতেছে। কালো আকাশের বুক চিরিরা যাবে মাঝে

বিদ্যুৎ চমকিয়া উঠিতেছে,—প্রায় সংক্ষ সংক্ষ গুরু গুরু মেঘ ডাকিয়া উঠিতেছে।

দূরে সোঁ সোঁ করিতেছিল। কোথা হইতে ঝর ঝর করিয়া অঞ্জল বৃষ্টিধারা আসিয়া পড়িল চঞ্চল কলহাস্ত-পরায়ণ একণল শিশুর মতই। নিমেবে তাহারা আবার কোথায় বিলীন হইয়া গেল। পিছনে রাধিয়া গেল কেবল ভাহাদের আসার চিক্টুকু।

ছাতা ছিল না,—সেই বৃষ্টিধারা বিশ্বপতির সর্বাদ সিক্ত করিয়া দিয়া গেল। দ্র হইতে যখন বৃষ্টি আসিতে-ছিল, তখন বিশ্বপতি মুগ্ধ নরনে চাহিয়া দেখিতেছিল। যখন তাহাকে সিক্ত করিয়া দিয়া পিছনে কেলিয়া সে ধারা আবার চলিয়া গেল, তখনও সে মুগ্ধ নরনে চাহিয়া রহিল।

সুন্দর—অতি সুন্দর। থোলা মাঠে বৃষ্টির এই পেকা কি চমৎকার! জলগারার উন্দাদ নৃত্য নৃপুরের রম বম শব্দ কানে আনিয়া পাগল করে, ইহার শীতল স্পর্শে সকল জালা বেন জুড়াইয়া য়ায়।

বাডীর কাছে আসিয়া বিশ্বপতি থামিল।

বর্গাল্পাত জনবিরল পথ। এতথানি পথ আদিতে কাহারও সহিত দেখা হইল না। গ্রাম্য পথ বেল এই দিনের বেলাতেই ঘুমাইরা পড়িরাছে। বৃষ্টির ন্পুর তাহার বুকে বুঝি স্থরের তন্ত্রাজ্ঞাল বুনিয়া দিতেছে। আকাল মাদল বাজাইরা স্বরের তাল রাখিতেছে।

একথানি দর কোনক্রমে এখনও দাড়াইরা আছে, আর ত্থানি পড়িরা গেছে। যে দরখানি দাড়াইরা আছে ভাহার দরজা বন্ধ।

"দ্ৰাভন---"

দীর্ঘ ভিন বৎসর পরে নিজের বাড়ীর **উঠানে** দাড়াইরা সে ডাকিল।

প্রকৃতির নিজনতা টুটিয়া বেল। পাশেই একটা গাছের ভালে জলসিক্ত দেহে একটা কাক বসিরা বিমাইতেছিল, অকলাৎ শক্তে চমকিরা দে ভাকাইয়া দেখিল।

বিশ্বপতি আবার ডাকিল—"সনাতন—"

পাশের বাড়ীর জানালা পথে বৃদ্ধা মুখুর্ব্যে-গৃহিণীকে দেখা গেল।

"दक, विच,-क्टब अलह बाबा । भागारमत वाफी

2.25 - C7880a.2

এবো। বর তোমার চাবী বন্ধ, চাবী আমার কাছে রয়েছে।"

বিশ্বপতি জিজাসা করিল, "সনাতন কি মেণ্ডের বাড়ী গেছে কাকিমা?"

কাকিমা উত্তর দিলেন, "আ আমার পোড়াকপাল রে,—দে ধবরটাও পাও নি! সে কি আর আছে বাবা? আল মাস ভিনেক হল সে মারা গেছে। চাবি আর কারও কাছে দিরে গেল না—আমার হাতে দিরে গেল। অমুধ ওনে ওর মেরে লামাই এসে নিরে বাওয়ার লক্ষে সে কি টানাটানি! তবু কিছুভেই যদি সে গেল। স্পষ্ট বললে—"দা ঠাকুর আমার বাড়ী চৌকি দিতে রেখে পেছে। বেঁচে থাকতে এ বাড়ী ছেড়ে আমার বাওয়া হবে না।" হলও ঠিক তাই, ওইখানে—ভোমার ভিটেডেই সে মরল—তবু পেল না।"

নন্ধা-সনাতন,--

কোধায় তাহার। ? ভাহারা আৰু ওই উর্ক লোকে স্থান পাইরাছে। ওথান হইতে ভাহারা হতভাগ্য বিখ-পতির পানে ভাকাইরা আছে কি ?

খান্তদেহ বিশ্বপতি দাড়াইতে অক্ষম হইরা বারাওার বসিরা পভিল।

দে দিনটা বাধ্য হইরাই ভাহাকে কাকিমার বাড়ীতে খাকিতে হইল। প্রদিন সকাল হইতে সে নিজের গৃহ-সংশ্বারের জন্ত লোকজন যোগাড় করিতে ব্যস্ত হইল।

মিন্ত্ৰী নিযুক্ত হইল—নৃতন ধর তুলিতে হইবে। এই তাহার পিতৃপুক্ষের ভিটা। এইথানেই তাহাকে থাকিতে হইবে। এখান হইতে সে আর কোথাও বাইবে না। হাতে বধন সে টাকা লইয়াছে—পিতৃপুক্ষরের ভিটা, নিজের জন্মভূমি সে ধংল হইতে দিবে না।

বৰ্ণার জক্ত ঘরের কাজ বড় বেশী দ্ব জ্ঞাসর হইতে পারিল না.—মাঝামাঝি ছগিত হইয়া গেল।

পাড়ার পাঁচজন পরামর্গ দিলেন—এইবার বিয়ে-থাঁওয়া করে সংসারী হও বাছা,—জার এমন করে লক্ষী-ছাডার মত টো টো করে বেড়িয়ো না। বিশ্বপতি একটু হাসিল, প্রায় সঙ্গে সঙ্গে একটা দীর্ঘনিঃশ্বাসও ফেলিল।

বর্গা অতীত হইবার সলে সলে নৃতন খরের কাজ আবার আরম্ভ হইল। শীঘ্রই ঘর শেষ হইরা পেল। একদিন বিশ্বপতি নৃতন ঘরে প্রবেশ করিল।

এত দিন পরে সে চন্দ্রাকে একথানি পতা দিল,—সেন্তন ঘর তুলিয়াছে, যদি চন্দ্রা এক দিন কিছুকণের জন্মও এখানে আসে—যদি দেখিয়া যায়, বিশ্বপতি বড় আনক পাইবে।

চন্দ্রা উত্তর দিল, ভাষার গ্রামে ফিরিবার মৃথ নাই।
কলভিনী চল্রার কলভমর পারের চিহ্ন পবিত্র গ্রামনাভার পথের ধূলার আর অভিত হইবে না। বিশ্বপতি
নৃতন গৃহ নির্মাণ করিরাছে শুনিরা সে বড় আনন্দিত
হইরাছে। বিশ্বপতির সামনে সে আর যাইবে না।
নিজেকে সে ভর করে, প্রলোভনের বল্প হইতে ভাই
সে ভফাতে থাকিতে চার। ভাষার অবস্থা বৃদ্ধিরা
বিশ্বপতি যেন ভাষাকে ক্ষমা করে, সে এই প্রার্থনা
করিতেছে।

আৰু কল্যাণীর কথা বিশ্বপতির মনে জাগিল না।
জাগিল খুব বড় হইয়া এই ষথার্থ ছুর্ভাগিনী মেয়েটীর
কথা, যে তাহাকে ভালোবাসিয়া কেবল ভাহাকে
বাঁচাইবার জন্তই জন্মভূমি ত্যাগ করিয়া চিরদিনের জন্ত দুরে চলিয়া গেছে,—ভাহাকে নিজের সর্কাম দিয়া গরম
শাস্তি লাভ করিয়াছে।

বিশ্বপতির মন আজে উচু স্বরে বাঁধা। সে নিজেকে ফিরাইয়াছে। নলার হাতথানা নিজের হাজের নথে লইয়া বে প্রতিজ্ঞা করিয়াছিল তাহা রক্ষা করিতে সমর্থ হইয়াছে। তাহার মনে বিশাস আছে—জোর আছে—সে আর পদচ্যত হইবে না।

চঞাকে সে আৰু বড় করুণার চোথেই দেখে, চন্দ্রার জন্ত সে বড় বেশী রকমই ভাবে। চন্দ্রা মৃদ্ধি পাক, গং হোক, শান্তিলাভ করুক—আৰু সমন্ত মনপ্রাণ দিয়া সে ইহাই প্রার্থনা করে।
(ক্রমশঃ)



"ভিক্ষুণী আজি কাঁদে সম্মুখে গৌতমের"

প্রীরামেন্দু দত্ত

দেদিন আমারে কী আবেগ-ভরে
প্রদোষ-গগনে কিরণ-পথে
ভাকি' চলি' গেলে ছুটায়ে ভোমার
সপ্ত-অম্ব-হিরণ-রথে !
গোধ্লি ভথন ধ্দর ক'রেছে ধরণীতল,
হাসারে ভূলেছে গভীর শীতল দীঘির জল,
রঙে স্বমান্ন মোহ-মান্নামন্ন জলস্থল
আমান্ন চাহিছে টানিনা ল'তে,
ম্রীক্টিকা-মান্না ধরিবাছে কারা কী উজ্জল !
মুধ্য মরমে পুলক-স্রোতে !

সেদিন গগনে তব আহ্বান

আলোক-ধারার উঠিল ফুটি'
কিছু ব্ঝি নাই, বিশ্বরে স্থ্
বিস্তৃত হ'ল চকু ত্'টি!
তখনো জ্যো'লা গলিয়া পড়েনি প্লাবিয়া ভূমি,
তখনো কুস্মে মধুর মলয়া যায়নি চুমি'—
পূর্ণিমা রাতে পূর্ণ করিতে ডাকিলে ভূমি,
ধরণী আমায় দিল না ছুটি।
আজি মনে হয় কেন যে সেদিন ছুটিয়া গিয়া
পড়িনি তোমার চরণে লুটি' ৽

বাকী ছিল এই বিশ্বমানে,
ছ'দিনের ভরে রাজা হয়ে, হেসে—
কিদে ফেরা পুন: ভিধারী সাজে !
বেদনার ভার শোক-হাহাকার ব্যাধির জালা,
নিত্য নিয়ত ব্যথিত হিয়ার অঞ্চ ঢালা—
ভথনো তথের স্ত্রে গাঁধিনি স্থথের মালা,
—সে অভ্নতাপের অস্ক আছে ?
ছেলেখেলা ফেলে হায় গো সেদিন স্ক্যাবেলা
যদি বাইতাম ভোমার কাছে !

তথনো মেটেনি বাসনা তিয়াস

মর্ত্ত্য তথন রঙীণ, নব।
ভাবিলাম মনে কত না রতনে

শৃস্ত এ ঝুলি ভরিয়া ল'ব !

তথন তোমার মধুর কঠ পশিল কাণে

নব-জীবনের নৃতন সাধের মধ্যধানে,

বিপুল জাবেগে জ্বনী তথন জ্ঞামারে টানে,

দেখিতে দিল না মূরতি তব;

একা চলি' গেলে হৈম বরণ হিরণ-রথে

মরম যাতনা কাহারে ক'ব ?

এখন বসিয়া রহেছি হে নাথ,

অলে জীবনের সন্ধা-চিতা!
নাহি প্রিজন, নাহি পরিজন,

ছেড়ে চ'লে গেছে যতেক মিতা!
অলার হ'ল অন্ধ আবেগ বৌবনের
ফুরাইয়া গেল মধু ও গন্ধ মৌ-বনের,
—ভিক্ষণী আজি কাঁদে সমূধে গৌতমের!—

মোহনীয়া মায়া কাঁপিছে ময়ণ-ভীতা!
য়হিমা-কিরণে প্লাবিয়া গগন একটিবার,

মামিয়া আবার এস গো পিতা!

মাংসাশী গাছপালা

শ্রীদেবত্রত চট্টোপাধ্যার, বি, এস্সি,

আজিকার নিবিড় জঙ্গলে এক প্রকার ভাষানক উদ্ভিদের কথা ছোট-বেলার অনেকেই গুনিরাছেন। এই সকল রক্তপিপাক্ষ বিশাল উদ্ভিদের দারা আক্রান্ত, অনহায় পথিকদের অবস্থা মনে করিয়া, আমাদের লিপ্ড-মন মাঝে মাঝে ভরে শিহরিয়া উঠিয়াচে এবং এক প্রকার অন্ধতায় আছেল হইয়া আমরা ইহাদের বিষয়ে কত কথাই না ভাবিয়াছি। এমন কি বয়োর্ছির সহিতও ইহাদের নিঠ্র আচরণ অনেকের মনে প্রের্বর ছায়ই ভীতির চিত্র আনিরা দিয়াছে।

ঘটাকৃতি কাঁদ সমেত কমওলু গাছের" একটা পাথা। L—চাকনি (lid); N—শ্রীবা (Nick); B—উদর (Belly)

প্রাকৃত পক্ষে আফিকার হিংশ্র গাছপালার যে বিবরণ পূর্বে আমরা পাইরাছি এই প্রকার উত্তিদ আফিকা কেন পৃথিবীর কোন ছানেই পাওরা বার্ম আ ইয়া বিজ্ঞান সন্ধান সইরা বলিগা দিরাছেন। সে সকল উদ্ভিদ ক্রমেই আমাদের কল্পনারাক্ষ্যে স্থান পাইতেছে, এবং ক্রমণকারিগণ নির্ভাৱে আফিকা পরিভ্রমণ করিয়া আদিতেছেন।

কিন্তু হিংল্ৰ গাছপালা একেবারে নাই, এ কথাও বিজ্ঞান বলেন না। বিজ্ঞানের মতে যে সকল উদ্ভিদ মাংসাণী বলিয়া পরিচিত হইলাছে তাহার। সাধারণতঃ কীট পতলাদি থাইয়া থাকে মাত্র। আমাদের নিকট ইহাদের আধুনিক পরিচরটা যদিও পূর্বের স্তান্ন ভরের উত্তেক করে না তথাপি নিরীহ কীটপতলাদির নিকট ইহারা চিরকালই হিংল্র এবং এফ-

পিপাত বলিয়া পরিচিত থান্ধিবে।

এই প্রবন্ধ আমরা করেকটা সাধারণ হিংস্ত গাছপালার বিবরণ, এবং তাহাদের শীকার ধরিবার প্রণালী সন্তর্ক ভূল ভাবে আলোচনা করিব। ইহাদের বর্ণনার বৈজ্ঞানিক পরিভাগ বর্ধাসম্ভব বর্জন করা হইবে এবং নিমে কমেকটা চিত্রের সাহাব্যে সাধারণ পাঠকবর্গ সহজ্ঞেই ইহাদের কার্য্যকলাপ ব্রবিতে পারিবেন, আলা করা বাছ।

কয়েকটী হিংশ্ৰ গাছপালা---

- (১) কমগুলু গাছ (Pitcher Plants.)
- (২) রৌম্ব শিশির গাছ (Sundew Plants.)
- (৩) মকিকাকাল গাছ (Venus Fly trap.)
- (৪) ফোটকধারী গাছ (Bladderworts.)
- (১) কমওলু গাছ (Pitcher Plants.)---

মালর উপন্থীপ এবং মাণাগাঝার দ্বীপে এই জাতীর গাছ প্রারই দেখিতে পাওরা যার। আমাদের দেশে আসামের থাসিরা এবং গারো পাহাড়ে এই গাছ পরিলক্ষিত হইরাছে। ইহারা আরতনে বেশী বড় হর না।

(ক) বিবরণ---

কমগুলু গাছের পাতাগুলি অতি অভুত ধরণের। প্রভাক পাতার মধ্যবর্ত্তী শিরা পাতার অগ্রন্থাগ হইতে প্রলম্বিত হইয়া কিছু দূর একটা মোটা স্তার ক্ষায় গিয়া একটা ছোট ঘটের ক্ষায় আকারে শেব হইরাছে। এই ঘটাকৃতি দ্রবাটী কীট পতল ধরিবার ফ'াদ ছাড়া আর কিছুই নহে (১নং চিত্র ক্রপ্রা)। ঘটাকৃতি ফ'াদটী পাতার একটা রূপান্তরিত অংশ, এবং গাছের প্রত্যেক পাতার এই প্রকার একটা করিরা ঘট থাকে বলিয়া ইহাদের "কমগুলু গাছ" নাম দেওলা হইরাছে।

(थ) "कथछन् कांत्रत्र" विভिन्न चःन--


डाना वा ज्ञांकनि (lid)—

ফাঁদের এই অংশটা ঘটের উপরে একটা চাক্রির জার দৃষ্ট হর।

 $_{6}$ কির জিতরের দিকটা বিচিত্র বর্ণে শোজিত (১নং চিত্রে L চিহ্নিত $_{3}$ কে) $_{4}$

ঘটের গ্রীবা (Neck)---

ইহা ঘটের তলদেশে অবস্থিত প্রশস্ত অংশ ("B")। উদরের এনান্তরস্থিত দেওয়ালের তলভাগে অনেক লালাগ্রন্থী আছে। এই সকল লালাগ্রন্থী (Glands) হইতে এক প্রকার হলমী রস নির্গত হর।



একটা পিগীলিকা ধরিবার প্রণালীতে "রৌদ্র-শিশির" গাছের পাতা

(গ) খাছ আহরণ প্রণালী-


প্রথমত: ঢাকনির জমকালো রং দেখিয়া কীট পতকালি দূর ইইতে
ইয়ানের প্রতি আকৃষ্ট হয়। ইহারা আদিয়া ঘটের উদলত প্রাপ্তে
তপবেশন করে। এই স্থানে একপ্রকার মিষ্ট তয়ল পদার্থ নিংস্ত থাকে।
এই তয়ল মিষ্ট রস পান করিতে করিতে উহারা আনন্দে ঘটের উল্পত্ত
প্রাপ্তের আনে পালে বেডাইতে থাকে; আবার মধ্যে মধ্যে আদিয়া দেই

গাছের নাম।

- ১ নেপেন্থেন (Nepenthes)
- ২ জারাসোলিয়া (Sarracenia)
- ভালিংটোনিয়া (Darlingtonia)
- ৪ সেফালোটাৰ (Cephalotus)
- e হেলিয়ামকোরা (Heliamphora)

মধ্ ধার। এই প্রকারে বদি: কোন পতকের পা ঘটের ভিতর দিকের মত্ত্ব পারে পড়ে, তৎক্ষণাৎ পতকটা পিছলাইরা ঘটের ভিতরের পড়িরা ঘাইবে। পিছলাইরা ঘাইবার প্রধান কারণ বে, ঘটের গ্রীবার ভিতরের অংশটা অতিগর মত্ত্বণ, এবং তাহাতে পা পড়িলে পায়ে ভর রাখা অসম্ভব হইরা পড়ে। অনেক সময় মধ্পানে রত হুর্ফাল পতক্ষপুলিকে অধিক বলবান পতক্ষ ধাকা দিরা ঘটে কেলিয়া দেয়, এবং তাহাদের স্থানে বিসরা মধ্ গাইতে থাকে। ঘটের উদরে হলমীরস মিশ্রিত একপ্রকার জলীর পনার্থ থাকে। যে সকল পতক্ষ উপর হইতে পিছলাইয়া বা অক্ত কোন উপায়ে ভিতরে পতিত হয় তাহারা অভ্যন্তরহিত এই জলে ডুবিয়া মরে।

ঘটের অভান্তরে ইহাদের মৃত্যুর পর ঘটত হলমী রস ইহাদের বেছের মাংসকে ক্রমে পরিপাক করে এবং এই পরিপক সহজ আমিব থায়



"মক্ষিকা জাল" গাছে একটা পাতা। H—সচেচন রোম
"কমগুলু গাছে" সঞ্চারিত হয়—ইহাকেই আমেরা বলিয়া থাকি যে
কমগুলু গাছ কীটপভঙ্গ থার। পতকের ছই একটা পক্ষ ব্যতীত (শক্রা
জাতীর থাছা ব্যতীত) ইহার সমস্ত দেহই পরিপক হইয়া কমগুলু গাছে
সঞ্চারিত হইরা থার।

প্রের অন্তর্গে এই প্রকার ঘটধারী গাছগুলিকে সাধারণ ভাষার "কমগুলু গাছ" নাম দেওয়া হইয়াছে। কিন্তু বিজ্ঞানের মতে দেখিতে গেলে এই নামে ক্রেকটী গাছকে বুঝান হয়। নিয়ে ক্রেকটী ক্মগুলু গাছের নাম দেওয়া গেল—

পুথিবীর কোন অংশে পাওরা যায়।

ভারতবর্ধ (আসাম), আফ্রিকা ও মালর।


উত্তর আমেরিকা।

काानिकात्रनित्र।

অক্টেলিয়া।

গুইয়ানা।

"কমঙলু পাছের" বিবরণ হইতে এ কথা প্পষ্টই বুঝা বাইতেছে বে জীবজন্তর কাল শীকারের পশ্চাতে দৌড়াইরা থাদা আহরণ করিতে পারে না বলিরা ইহারা কৌশলে একএকার ফ'াদ স্টে করিরা থাদোর অপেকা করে। এই ফ'াদের বিভিন্ন অংশগুলির পঠনকার্ব্য এবং তাহাদের অক্টান্তরে প্রারিত প্রতিতা অনুভব করিলে মনে হর যে মানবজীবন এবং অক্টান্ত পশুজনীবনের জায় এই মুক ছাবর উদ্ভিদ জীবনও নিজেদের প্রাণ ধারণের সমস্ভাটী অভি গভীরভাবে চিন্তা করিবাছে।



''কোটকধারী" গাছের চিত্র। (i)—একটা পত্রে কল্লেকটা ক্ষোটক ক'াল Bl-ক্ষোটক (Bladder). (ii)—একটা ক্ষোটক বড় করিয়া লেপান হইরাছে। D—ক'্লানের প্রবেশছার

(২) রৌজেশিশির গাছ (Sun-dew plants)—
নান্তি-নীতোক এবং গ্রীমপ্রধান দেশে এই দকল গাছ দেখিতে পাওরা

যার। স্থারণতঃ জলাভূমি বা বালুকামর অন্তর্পর জমিতে ইহারা জয়ে।
ইহারা ক্ষায়ার বেশী বড় হল না (৩) ইঞ্চি হইতে ৮/১০ ইঞ্চি পর্যন্ত)।

(ক) বিবরণ এবং কার্যাপ্রণালী---

এই সকল গাছের পাতাগুলি বুডাকার এবং পত্রের উপরিভাগ রোম-বিশিপ্ত। রোমগুলির অগ্রভাগে বিন্দু বিন্দু তরল পদার্থ সঞ্চিত থাকে। এই বিন্দুগুলি পূর্ব্যালোকে শিশির-বিন্দুর মত দীপ্তি পার। সেই জন্ম ইহাদের নাম "রৌজশিশির গাছ" দেওরা হইরাছে (২নং চিত্র জন্তব্য)।

এই সকল বিন্দৃগুলিকে কে:নপ্রকার তরল থায় এম করিয়া কীট পতল দ্ব স্ইতে ইহাদের প্রতি আবন্ধুই হয়। ইহাদের নিকট আবসিয়া

খাভপ্রান্তির জানন্দে ইহারা সোজা করেকটা রোমের ভিতর দিরা পাত্রের মধ্যে প্রবেশ করে। কিন্তু এই সকল রোম "সচেডন রোম" অর্থাৎ ইহারা কীট পতক্রের সংশর্দে জাসিলে ইচ্ছামত বাকিয়া উহাদের চাপা দিতে পারে। স্বতরাং কীট-পতক্র পত্রের ভিতর প্রবেশ করিয়াই বিপদকে টানিয়া আনে। এমন কি পলায়নের চেষ্টা করিবার পূর্কেই জনেকগুলি রোমের কবলে পড়িয়া আবদ্ধ হইরা পড়ে (২নং চিত্রে, একটা পিগীলিকা ধরিবার প্রণালীতে রৌপ্রশিলির গাছের একটা পাতা দেগান হইরাছে)। এই প্রকারে কিছুকাল থাকিবার পর খাভাভাবে জবসন্ন হইরা উহারা ক্রমেই মৃতুামুগে পতিত হয় ।

শীকারটী মরিয়া গেলে রোমগুলি হইতে হজ্মীলালা নির্গত হয় এবং উহা ক্রমে পিণীলিকাটীর দেহ পরিপাক করে। পরিপক আমিব থাক্স হেমে "রৌক্রানিশির গাছের" ছারা ভুক্ত হয়। যে সকল রোমগুলি শিকারটীর উপর বাঁকিয় পড়িয়াভিল, শীকারটী সম্পূর্ণরূপে ভুক্ত হইয়া গেলে উহারা পুর্ঞ অবস্থা গ্রহণ করে এবং নকল শিশিরবিন্দু নির্গত করিয়। পুনরায় শীকারাধেবণে মন দেয়।

আমাদের দেশে এই জাতীয় গাছ ছোটনাগপুর, নীপগিরি গাসিয়া পাহাড় এবং বাংলাদেশে (বিশ্বভারতী, শান্তিনিকেতন) দেখিতে পাওরা যায়। এই জাতীয় গাচকে বিজ্ঞানের ভাগার "ডুসেরা" (Drosera) আগার দেওরা হইলাছে।

(৩) মন্দিকাজাল গাছ (Venus' Fly trap)—
রৌদ্রশিলির গাছের মতজারো এক প্রকারের গাছ ঝাছে,

ইহানের "মন্দিকাজাল গাছ" নাম দেওরা হইরাছে। এই
সকল গাছের প্রত্যেক পাতার ছুইটী করিয়া সমান জর্জার
আছে। ইহারা যেথানে মিলিত হইরাছে সেধানে কজার ল্লার
একপ্রকার ব্যবস্থা থাকার পাতার ছুই অংশ ইচ্ছামত পুলিতে
বা বন্ধ করিতে পারা বার (এনং চিত্র স্তর্হর বা)। পাতার ছুই
অংশ ইংরাজী V অক্ষরের স্কার উপরের দিকে ধোলা থাকে

এবং প্রত্যেক অংশের ভিতরের দিকে তিনটা করিরা "সচেতন লোম' (Sensitive hairs) সংলগ্ন থাকে (অনং চিত্রে H চিক্লিত অংশ)।

খাত আহরণ প্রণালী— খাছের অবেণণ করিতে করিতে যদি কোন মক্ষিকা বা পঞ্চল এই ^{চুই} প্রাংশের মধাবতী স্থান দিয়া উড়িরা বার এবং ছুই বা একটা "সচেতন লাম" বারা "পৃত্ত হয়, ভাহা হইলে তৎক্ষণাৎ পত্রের ছুইটা অংশ বন্ধ হয়র ।।
ইবে এবং দেই সঙ্গে শীকারটাও এই ছুই প্রাংশের মধ্যে গৃত হইবে ।
ইবাদের (গৃত কটি প্রসাদির) মৃত্যুর পর, তাহাদের দেহের মাংস
স্বজ্ব আমিব থাজে পরিণত করিবার কার্য্য পূর্বের মত হলমীলালার
সাহাযে, হইরা থাকে । ইহারা সম্প্রিক্রণে ভুক্ত হইলে প্রতী পুনবায়
খলিরা বায়।

বৈজ্ঞানিকগণ ইহাকে "ডায়েনিয়া" (Dionaea muscipu'a julis.) নাম দিয়াছেন। এই গাছ ভারতবর্ধে দৃষ্ট হয় নাই। ইহা সামেরিকার "ক্যায়োলিনা"তে পাওয়া যায়।

(8) জোটকধারী গাছ (Bladderworts)—

এই ছাতীয় গাছ আমাদের দেশে থাল, বিল এবং পুথরিনীতে বছ পরিমাণে দেখিতে পাওরা যার। ইহারা জলে জন্মে এবং ইহাদের জোন লকার শিক্ত থাকে না।

বিবরণ এবং খাছ আহরণ প্রণালী-

ইহাদের পাতা অনেক ভাগে বিভক্ত; এই সকল বিভক্ত কংশের কতকগুলি পরিবভিত হইরা ছোট ছোট গোটকাকৃতি এক একার জিকার আকার ধারণ করে (একা চিত্র স্তাপ্তরা)। অনুনীকণ যদ্ভের সাহায্যে এই গুটকাগুলি বড় করিয়া দেখিলে দেখা যায় যে ইহারা পোকা ধরিবার ফাঁদ ছাড়া আর কিছুই নহে। এন চিত্রের দিতীর চিত্রটিতে

এই প্রকার একটা শুটিকা বড় করিলা দেখান হইরাছে। উহাতে D
চিক্তিত অংলটা কাঁলের প্রবেশ-ছার। কোন জনকটি থাজের অবেশংশ
নাসিরা এই ছারে আঘাত করিলে ছারটা আপনা হইতে ভিতরের দিকে
প্লিরা ভাহাকে অভ্যর্থনা করে। পোকাটী ভিতরে প্রবেশ করিলে
ছারটা পুনরার বক হইরা যার। এই কাঁদটা এমন কোঁশলে নির্দ্ধিত বে
ইহাতে একবার প্রবেশ করিলে আর বাহির হওরা যার না, কারণ কালের
নরজাটা ভিতর হইতে বাহিরের দিকে পোলা বার না। এই প্রকার
বাবধা পাকাতে থাভাবেনী জলকটি থাজের অভাবে উক্ত ক্ষেটক কাঁদে
প্রাণ হারার। অবশেবে ভাহারাই গাছের আছে পরিণত হয়। কাঁদের
আভান্তরে দেওরালে জনেক লালাগ্রন্থী আছে। ইহা হইতে হয়মীলালা
নির্গত হইরা থুত থাভ ক্রমেই সহজ্ঞ আমিন থাজে পরিণত করে এবং
সহজ্ঞ ভূত থাভ গাছের হারা ভূকে হয়। বৈজ্ঞানিকগণের নিক্ট এই
সকল গাছ "ইউটি কুলেরিরা" (Urricularia) নামে পরিণ্ঠত।

মাংসালা গাছপালা সথকে আর বিশেষ কিছু বলিবার নাই। বিজ্ঞানের মতে মাত্রব হত্যা করিবার উপযোগী গাছ এখন পর্যান্ত আবিকৃত হর নাই

—ইহা পূর্কেই বলা হইরাছে।

পরিলেবে আছের অধ্যাপক জীযুক্ত ক্রেন্সচন্দ্র বন্দ্যোপাধ্যার এম-এ, বি.এস্সে, এফ-এল্.এস্ মহালর প্রবন্ধটার পাঙ্গিলিপ স্থানে স্থানে সেথিয়া দেওরার জক্ত ভাহার নিকট প্রবন্ধ লেপক আরুরিক কৃতজ্ঞতা জ্ঞাপম করিতেছেন।

প্রবন্ধে ব্যবহৃত চিত্রগুলি প্রবন্ধলেণক কর্তৃক অন্ধিত হইয়াছে।

আই-হাজ (I has)

শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়

90

চেনা জিনিষ বেইমানী করেনা। কোন্রান্তা বা কোন্
দিক কিছুই হঁদ ছিলনা,—বাদার কিছু ঠিক পৌছে
দিরেছে। শীক্তকালের রাত—১টা বেকে গিরেছে,—
শাতি খুমিরে পড়েছে।

স্থ্য তামাক দিয়ে—চা আনলে। এই কজেই প্রাতন ভৃত্যের কদর,—বাড়ীর লোকের নাড়ী বোঝে।
চেরে দেখি ভূলে ভূলে আমারি ব্যালাক্লাভাটা চড়িরে
ফেলেছে। খুনিই হলুম,—অপবাতের আদকা রইলনা।
বললুম—"ওটা পরে বনে-বাদাড়ে যাসনে স্থ্যু, বাবুরা
বিল্কের পাশ নিরেছে,—এন্ডোক্ কাছারির চাপড়াসি।
ও-পরে রোববারে যেন বাড়ির-বার হসনি।"

"রামজি যালিক" বলে সে চলে গেল:

শরীর মন ছই অবসর ছিল, ভাড়াভাড়ি কিছু থেরে ১১টার মধ্যেই শব্যা নিলুম। আৰু পড়লেই ঘুম—কই কিছুভেই যে ঘুম্ আসেনা! চোধ বুলাকেই শ্রীনাথকে দেখি। যে-সব কথা মনে আসা উচিত নর—মনের হীনতা ও মলিনতাই প্রকাশ করে, সেই সব বিশ্বত কথাও রূপ ধরে দেখা দের।—কামিন হরে ধনিরামের কারবারে ওকে চুকিরে দিই। অনেক টাকার মাল নিয়ে রায়পুর গেল,—আর ফিরলোনা! তিন বচর পরে থাঙ্রা টেসনে দেখা,—রেলে কাল করছে। বললে—"রাত্রে ওক শ্বপ্ন দিলেন—বে অবহার আছিল—সিদ্ধে

চিত্রকুটে চলে আর—তোর সমর হ'রেছে।"—কি করি ভাই, নে অবোগ ছাড়তে পারপুমনা, ভোমারও অমত হ'তনা জানি। যাক্—গুরুর কুপার ভাই, কি আর বৈশিবো" । শুনে আনন্দই হল, বহু ভাগ্যে এ কুপা মেলে, ধন্ধ শ্রীনাথ!

্ৰসেই শ্ৰীনাথ∙∙∙এও সম্ভব!

যেন ওপর থেকে মাটিতে কোনো ভারি জিনিষ
পড়বার ভীষণ একটা শব্দ হল,—রাত তথন সাড়ে
বারোটা। সব নিস্তর। তাড়াভাড়ি উঠে টর্চ্ছতে
স্ব্য স্থ্য বলে ডাক্তে ডাক্তে বেরুল্ম.—সভরে।
কই—কিছু তো দেখতে পাইনা। আওয়াজটা কিছু
একটা গরুর ওজনের—সে তো ছোটো জিনিষ হবেনা।
—"স্থ্য, ওরে স্থ্য়", "বেই মাত্র ভরেছে—উত্তর দেবে
কে প ভার সে আবার 'থাকিপখী'—দিনে পাঁচবার
'থাকিবাবার' আড়ায় বায়—ধোঁ ছাড়েনা। বলে—
শুরুর প্রসাদ ফেলতে নেই—মহাভক্ত। যাক্—

বৈঠকথানার পালেই হাস্নাহেনা, তার দক্ষিণেই স্থানীর্ঘ যোজনগরা গাছটা যেন পাড়াটার মারলের মত দাড়িরে'। সন্ধ্যে হলেই সেদিক থেকে ছেলেদের উৎপাত সরে যায়। তার তলার বলটা কি মার্বনটা গিরে পড়লে রাত্রে তার সেইখানেই স্থিতি। শরতান ছেলেও সেথানে ঘেঁশতে সাহস পায়না। তার কাছে আমাদের বাসাটার পরদা নেই,—স্বই তার চোথের ওপর।

তার তলার হঠাৎ কি একটা ভূপের মত নজরে পড়ার চম্কে উঠলুম। তলা তো পরিলারই থাকে। একটু যেন নোড়লো। গরুই হবে। একটু এগুতেই মান্ত্র্য বলে জানার সন্ধে সকে গা ছম্ছমিয়ে উঠলো। 'চোর চোর' বলে চীৎকার করবার সামর্থাও রইলন', একেবারে ঘরে এসে হাজির হলুম। পরক্ষণেই সেই শল্টার কথা মনে হ'ল,—ওই লোকটাই পড়েনি তো? তা হলে কি আর বেঁচে আছে? আবার স্থ্যিকে ডাকলুম;—স্থ্যিকি আর রাত্রে সাড়া দেয়! হারিকেনটা জেলে এগুলুম—দেখা উচিত। ফাানাদে না পড়তে হয়।

সর্ব্ধনাশ-এক ভাবেই যে পড়ে আছে! মাথায় লালিমলির ক্রাঞ্জাক্লাভা--গলা পর্যাস্ত ট্রানা। ১ তবে আর স্থ্যকে পাবো কোথার ? আছা অনেকদিনের চাকর,—এতো রাতে গাছে উঠতে গিয়েছিল কেনো ? গাঁজা টেনে মরেছে দেখছি। গায়েও সেই ছাই রংয়ের গরম জার্সি।—নিশ্চয় স্থ্যি, কাছেই গেল্ম—

—বৈচে আছে, পাঁজরা ছটো ফ্লছে, 'হয়্য হয়্ব' বলে ডাকল্ম,—উত্তর নেই। অজ্ঞান হয়ে গেছে। তাড়াতাড়ি ব্যালাক্লাভাটা খুলে দিল্ম! তার ভেতর থেকে কাগজের মত কি একটা মাটির ওপর পোড়লো। সে আর তাথে কে;—যা দেখল্ম—সমন্ত দরীর দিউরে গেল!—এ যে রণগোপাল! ভাববার সমর নেই—ভাঙা ডালটার সকে জড়িয়ে পড়েছে। মাথা ঘূলিয়ে গেল। কি যে কোরবো ঠিক করতে না পেরে হাতপার কাঁপ্নি এসে গেল। সে হম্ণি লাশ তুলে বয়ে নে-যাবার শক্তি আমার নেই। কাকে ডাকি!—

—খরে ছুটলুম, —কুঁজো থেকে জল নিয়ে গিয়ে ভার নাথার মুখে চোথে আন জার দিলুম। সেকেলে ইন্ধুনে First-aid শেখাভোনা, —কিছুই জানিনা। কিন্তু কিছু ভো করা চাই।

টুপির মধ্যে নোট্ ছিলনা তো? কুড়িয়ে দেখলুম একথানা মোটা থাম্—Cover মাত্র—ভেতরে কিছু নেই,—ওপরে লেথা—"এলে ভেতরেই থাকা সন্তব, রাত একটার মধ্যে ভোমার কাছে রিপোট্ চাই।"— Cover থানা তাড়াভাড়ি টুপিটার মধ্যে ভঁজে দিলুম।— মানে কি?—

— কি করি ? এখানে এ অবস্থায় বেশীক্ষণ থাকণে মারা যেতে পারে । …এই দিকেই কে আসছেনা ? ও আবার কে ? লোকটা চুপচাপ আসছিল, আমি লাঠন হাতে উঠে দাঁড়াতেই,—প্রচলিত সুমধুর 'হৈ' আপ্রাক্ত দিয়েই—"হঁয়া কয়া হার, কোন হার ?" "

বল্লুম—"হিঁয়া **আও জমাদার,**—বাবু গির গিয়া হায়!"

দে ক্রত এনেই—"ক্যায়দা গিরা, কোন্ গিরায়, ---ক্ব গিরা গু" ইত্যাদি অত্যাবশুকীয় প্রশ্ন।

তাকে তৃ'কথায় সব বলে—আমার ঘরে তুলে এনে রণগোপালের বাড়ী থবর দিতে বল্ন। সে বললে— "আমি ডিউটি ছেড়ে কোথাও বেতে পারিনা,—ভঁকে বাড়াচাড়া করা হবেনা, —জুড়িদারকে ডেকে থানার থবর দেওরা দরকার" ব'লে চলে গেল।—ব্যাপারটা যেন সোজা নর, এর মধ্যে অনেক অনেক গোলমাল আছে এবং তাতে আমিই প্রধান আসামী।

এ স্বাবার এক ক্রোড়পর্ব জ্টলো—রাত্রের দফা-রফা শোবার দফা শেষ।

১৫ মিনিটের মধ্যেই জমাদার জি সহ-জ্ডিদার এবং অকুগামী অচ্যতবাবু ও চক্রধর জত এদে হাজির।
চক্রধরের হাতের চেটোয় একখানা ক্রমাল জড়ানো।
এসব তুর্লভ রত্ন এক সহজ্ব-প্রাপ্য হ'ল কি করে।

রণগোপালের তথন জ্ঞান ফিরছে— কিন্তু বে-কায়দায় থাকায় যন্ত্রণায় ওঁ **আঁ। করছে**।

চক্রপর দে**থে** বল**লে—"**গ্রাই জ্যো—এগ্রবড় ডাল ভাংলো কি করে ?"

জমাদার জি তথন ডালের স্থিত্নটা পরীক্ষা জ্ঞারস্থ করলে—"না, কাটা নর, ভাঙ্গাই বটে", বলেই, কোথাও দড়ি-বাধা জ্ঞাছে বা ছিলো কিনা, দেখতে সুরু করলে। কেউ যেন ফেলবার কল পেতেছিল,—টেনে ফেলে দিয়েছে।

দেখে শুনে আমি তো আবাক্। বলন্ম—'যাক্ মাপনারা এদে গেছেন—বাঁচলুম। আমি যে কি দরবো ঠিকই করতে পারছিলুমনা। ছোকরা বড় বে-কারদার রয়েছে, পা'টা চেপে মুড়ে গিয়েছে দেখছি, ওইটে আগে ঠিক করে দিন…

অচ্যুতবাবু রাগতভাবে বললেন—"আপনি এতক্ষণ ডুলে–-"

এ অবস্থার হাসতে আর পারলুমনা, বললুম— "আমার চেরে শক্তি থাকলে কি আর আপনি তো আমার চেরের বয়দে কম,—একবার চেষ্টা করুমনা। না পারলেও চেষ্টা পেতৃম কিছ অমাদার লি হাত লাগাতে বারণ করেও গিয়েছিলেন • "

অচ্যতবার একবার এগিরে—পেছন ফিরে চক্রধরের দিকে তাকাতেই চক্রধর বেন অপরিচিত জ্বমাদারজিকে প্রিনরে মেহেরবাণী করতে বললেন। জ্বমাদারজি ও ভিদার এবং স্বরং অচ্যতবার্ এই তিন জনের শুভ স্পর্শে ষা হয় সেই ভাবে টানা-হেঁচড়া করে রণগোপালের ডান পা'টর মৃক্তি সাধন করলেন। সে বন্ধণায় অধীর হয়ে পোড়লো। পা পেতে দাঁড়াতে পারলেনা। চক্রধরের অহনয়ে জুড়িদার ট্রেচার আনতে ছুট্লো।

ছেলে খুব হঁদিয়ার,—এত বস্ত্রণার মধ্যেও টুপিটা চাইলে। তার কট দেখে মুখ থেকে বেরিয়ে গেল,— "এত রাত্রে গাছে উঠতে কেনো গিয়েছিলে ভাই…"

চক্রধর ভাঙাতাড়ি বললে—"গাছের ফুল নাকি পোড়া থারের মহোষধ,—আমারি এই···আমি কি জানি রাত্রেই ও···"

অচ্যত বাবু বললেন—"ওই করেই ও গেলো···কারর উপকারে আনসতে পেলে ওর আর জ্ঞান থাকেনা—সব্র সন্তুনা। ওর কৃষ্টিভেও আছে—ওই করেই ও মরবে··"

চক্রণর,—"আমাকে আর লজ্জা দেবেন না, আমারি জন্তে…"

বাহক সহ ট্রেচার এসে গেল। রণগোপালকে নিম্নে সকলে চলে গেলেন। জ্ঞাদারজি ডালটা নিতে ভূললেন না। কেনো তা ব্যল্মনা।...ভ্ত যথন ছেড়ে বায়, ওনেছি একটা ডাল ভেডে পড়ে।—ছাড়লে যে বাঁচি।

নানা অবাস্থর চিস্তা নিয়ে শ্যায় গিয়ে চুকলুম— রাত তথন সাড়ে তিনটে।

ঘুম তো হলই না। সকাল টোর উঠে নিজেই গুড়ুক সেজে টানতে টানতে কথন নিজা এসে গেছে জানিনা। ডাকের ওপর ডাক—উঠে পড়লুম—৭॥০টা। দেখি জমাদারজিডাকছেন—"উঠিয়ে,নিস্পেক্টর সাহেবজারা…।"

বালাপোসধানা গায়ে দিয়ে বাইরে আসতেই দেখি গাছটাকে বিরে ৭-৮ জন উর্জ্মুখ।—ইন্স্পেইর, তুজন কনট্রেল, চক্রধর, অচ্যতবার্, রজনবার্, রস্সিল্র এবং ভাঙা ডালটাও এসে হাজির হয়েছেন!

চোকোচোকি হতে রক্ষনবাবু একটু আব্দুট হাসি হাসলেন।

ইন্দপেক্টর (Inspector) চক্রধরকে প্রশ্ন করলেন
—"ভালটা বে এই গাছেরই তার প্রমাণ কি ?"

চক্র। পাতা মিলছে...

ইন্সপেক্টর। ছনিয়ায় কি এ গাছ আর নেই—

চক্র। তা বটে,—গাছের গারে সভ শাখাচ্যতির চিহ্ন ডো থাকবেই।

ইন্সপেক্টর। আর সেটা গুঁড়ি আর শাধার জোড়ের স্থানে Coincideও করবে I mean ফিট (fit) করবে।

রঙ্গনবাব্ ধীরে বললেন—"অর্থাৎ রাজ-যোটক হবে।"
কথাটার কেউ কান দেয়নি। আমার কানছটো
কিছু রস্-থাজা, তাই এড়ালো না। Inspector বাব্
আমার দিকে চেয়ে বললেন—"আপনাদের চাকরকে
ভাকুন, গাছে উঠতে হবে..."

বলসুম— 'ভাকচি, কিছ সে আমার চেয়েও ছ'বচরের বডো '

করণামরের সৃষ্টিতে এমন জিনিষ নেই যার কোনে।
কাজ বা গুণ নেই। স্থ্য গাঁজার জোরে আজ বেঁচে
গেল, ভাকে দেখে ইন্সপেক্টরবাব্ও হতাশ হলেন।
কনটেবল হুমান সিংগ্রের দিকে দৃষ্টি দিতেই সে হাত
জোড় করে অক্ষমতা প্রকাশ করলে, এবং জানিয়েও
দিলে ও-গাছ অপদেবতার অতিপ্রিয়,—"আমি রোঁদে
বেরিয়ে (অর্থাৎ লোকের দাওয়ায় ঘুমিয়ে) কয়েকবার
দেখেছিও...,কসম্থা-সেকে হুজুর।"

ইন্স্পেক্টর এ প্রদেশের হিন্দুব:শধর, মৃথে না খীকার করলেও —বিখাস রাথেন। বললেন—

—"এটা কি গাছ,—নাম কি ?" সকলেই মাথা নাড়লে। উকীল রঞ্জনবারু বললেন—"ওটা এ দেশের গাছ নর, যুরোপে জন্ম। দেখছেন না—কি-রকম উচ্চশির, গগন-ম্পর্শী! ওর নাম Cork tree,—ধরাকে দাবিয়ে উচ্চশিরে থাকে...আমাদের Native areaর মধ্যে কমই পাবেন। যে-সে ওর কাঁধে পা দিয়ে উঠবে, তা কি ও সহু করতে পারে মশাই ?—হাঁসপাতালে গিয়েই ছেলেটি রেহাই পেলে হয়…"

শুনে অচ্যুত্বাব্র মুখ শুকিরে গেল,—তিনি অলক্ষ্যে হাতজ্ঞাড় করে গাছটিকে নমস্কার করলেন। সেটা অবভা কাকর লক্ষ্য না এডালেও,—বাংস্বাধ্য মানেনা।

জমাদার জি গাছে ওঠবার হকুমের ভরে আড়ট ছিলেন,—সামনে থেকে হঠে পেছনে গিয়ে গাড়ালেন এবং মুখটা বিকৃত করে—নিজের হাঁটুতে হাত ব্লুতে লাইকোন—বোধ হর বাত চাগিরেছে। ইন্সপেক্টরবাব্—বদনমগুলে বেধি হর হাসির আজাসই হবে, টেনে রজনবাবুকে বললেন—"এই জ্ঞেই আপনাদের সর্বজ্ঞ বলে,—গাছের বন্ধান পর্যান্ধ বাদ যায়নি। আপনাকে উকীল সরকার দেখলে ধুনী হব।"

তিনিও ছাল্ডমুখে দেলাম করে বললেন—"আপনার। যদি খুদি হ'ন তো তা হতে' কতক্ষণ।...তা এই বেফায়দা কাজে মিছে কট পাচ্ছেন কেনো ? ওই তো দেখা যাছে —ভালটা কোখা থেকে ভেডেছে—" বলে অঙ্গৃদি নির্দ্ধেশে দেখালেন।

তখন সেটা সকলেরি নক্তরে পড়লো।

Inspector বাবু সবিশ্বায়ে বলে উঠলেন—"ওঃ, ও-ফে ২৪ ফিটু উটু হবে! পড়লে কি…"

রঞ্নবাব—"ও-সব ছেলে বলেই"—চট্ বেণাকটা সামলে বললেন—"ওসব ছেলেকে ধর্মই রকা করেন— পরার্থে উঠেছিল কিনা। ডালটা এই গাছেরই তাতে আর সন্দেহেরকিছু নেই, যাক,—চা থাওয়া হয়েছে কি ?'

অচ্যুত্তবাৰু আমার দিকে চাইলেন।

বলসুম—"দয়া করলেই হয়, কান্ধ মিটলো কি ?"
"ও আর জোড়া লাগবে না—আসন" বলে রঙ্গনবাং
ইন্সপেক্টরবারুকে নিয়ে এগুলেন।

আমি ব্যুচকে ডাকন্ম।

অচ্যুত্তবাব নিশ্চিন্ত ছিলেননা, জানলাটা দিয়ে গাছটার ক্ষতভান লক্ষ্য হয় কিনা, পূর্বের মত অলক্ষেট দেখে নিলেন, এবং চারে চুমুক দিরে আমাকে লক্ষ্
করেই বেন অস্তমনত্ত্ব ধীরে ধীরে বললেন—"সে অবাধ ছেলে নয়, বয়োজোঠ কেউ বারণ করলে আর…"

অর্থাৎ আমি যেন দেখেও বারণ করিনি। বলস্ম—
"জগতে কোনো জিনিষই নিরবছির মন্দ নয়,—ভালো
মন্দের মিশ্রণেই স্জন— ডারবিটিস্ থাকলে কার্ফ দিতো বটে,—ছঃথের বিষয় তা নেই। শীভকালে লো
ছেড়ে ছুপুর রাত্রে কে গাছে উঠছে সেটা দেখবাল স্বাধুও তো ছিলনা অচ্যুত্বাবু।—অপরাধ হয়ে থাবে ভো—ওই ভায়েবিটিস্টা না থাকা,—গরজে উঠতে হ'ত…"

ইন্সপেক্টরবাবু বললেন—"না না, ও কথাই নং পুত্রব্যেহে ওঁকে…" বলন্ম—"খুব ঠিক্ কথা,—হওয়াই খাভাবিক।

হবেনা ? রণগোপালের মত ছেলে কমই দেখতে পাওয়া

নায়, বয়দের চেয়ে চেয় বেশী বৃদ্ধি ধরে। তার পরার্থপরতা দেখে মুখ হয়েছি! এই শীতে ছপুর রাজে গাছ

বেয়ে ২৪ ফিট্ ওঠার record এই প্রথম পেল্ম। প্রার্থনা
করি সত্তর সেয়ে উঠক,—কত লোকের কত উপকার ওর

মধ্যে প্রভ্রের বেয়েছ।"

চক্রণর আমার কথাগুলি যেন চকু দিয়ে শুনছিল। চোধোচোধি হতেই ক্রুর হাসিটা চোধের কোণ দিরে সরে গেল।

রজনবাবু আমার দিকে চেলে বললেন—"চামের সজে বনি কিছু খাননা ?"

বলনুম—"না, ও বিষ্ণুচক্র-গুলো আমার বয়সের সংক্ ধাপ ঝায়না"—

এইরপ ত্চার কথার পর সকলে বিদায় হলেন। যেন মেঘ কাটলো। ভাঙা ভালটা কেবল গাছের ভলাতেই পড়ে রইলো। সূর্তিক বিশেষ করে বারণ করেছিলুম— থবরদার যেন ওটার হাত না দেয়।—জপদেবতার ভরও দেখালুম।

থাকতে পারিনা, নিতাই একবার করে হাঁসপাতালে যাই,—ঘণ্টা তৃই রণগোপালের কাছে কাটিরে আসি। মধ্যে মধ্যে চক্রধর ও আচ্যুতবাবুর সঙ্গে সেইথানেই দেখা হয়। ব্যক্ম—সবই স্বগোত্ত—একই গুরুর শিষ্য। রণগোপাল সেরে আসছে। ডাক্ডার আমাদের কাছে বলেন,—একটু খুঁৎ থেকে যাবে—২৪ ফিট্ ওঠা এবার-কার মত থতম। শুনে তুঃখ হয়।

অচ্যতবাব্ আমাকে নিম্মিত আসতে ও বণগোপালকে প্রফল্ল রাথবার চেষ্টা করতে দেখে, কৃতজ্ঞতার
কথা কন। চক্রদর বলে—"এ কি দেখছেন—উদের ব্রতই
দেশের সেবা,—প্রাণ পর্যন্ত পণ, ওঁরা সাধারণ থাকের
নন," ইত্যাদি। অচ্যতবাব সেটা শতমুখে খীকার
করেন—"সে আর বলতে হবে কেনো—দেখতেই
পাজি,—কিন্তু সাধ্য কি বে কেউ বোঝে—", ইত্যাদি।
ক্রমে তাদের কথাবার্তা ও ব্যবহারের স্থর খেন বদলে

গেল,-সহজ হলে এলো। সে সুমধুর বার্থভাব ও ভাষা

আর পাছিনা। সেই লওে লওে বামতে বামতে পারের ধুলো নেওরা,—পাশ কিরতে নমস্বার, কমে গেল । এটা একটা নৃতন পথ নাকি? কে জানে।—বিশ্বাস নৈব কর্তবা দিতীয়েব।

আর দিন ছই পরে রণগোপাল হাঁসপাতাল থেকে ছাড়া পাবে। ডাক্তার বলেন—"এক গাছা লাঠি ঠিক করে রাধুন। কিছুদিন দরকার হবে।" আমিই সেটা Present করলুম। আমাকেও এক ডিপুটি-বন্ধু Present করেছিলেন, কারণ সেটার চেহারা দেখলে তাঁর পত্নীর হিষ্টিরিয়া চাগাতো।—অপাত্রেই গেলো—আমাদের সাহিত্য পরিষৎ পেলে যতে থাকতো।— ধুব সম্ভব মহাতপা অহাবক্রের আমলের।

বাদার ফিরে কাশী থেকে মুকুল বাবুর পতা পেলুম—

অনেক দিন পরে। বোধ হয় নলকুমারধানা খুইরেছেন।
ভা হলেই...

ইট শারণ করে ভয়ে ভয়ে পড়ে দেখি না—তা নয়,—
সে শাছে, বাঁচলুম। লিথেছেন—"আপনার বাসার
চাবি থুলে সপ্তাহে একবার দেখতুম। কাল খুলে,—
দেখবার আার কিছু পেলুমনা,—হাতিতে খাওয়া কদ্বেলই
পেলুম। কালী থেকে পত্র লেখা বড় কঠিন, মিথাা না
বেরিয়ে যায়।—দেখছি ফুটো বালভিটে একদিকে পড়ে
আছে! আপনি পত্রপাঠ চলে এসে যা করবার করুন;
উত্যাদি—"

একটা শতির নিখাদ ফেলে বাচলুম। প্রাচীন বোঝাগুলো কেবল মাঝে মাঝে বিক্ষেপই আনতো।—
বৈরাগ্যের পথ সামনে,—পেছু বলে কিছু নেই,—সেটা
মুছে চলতে হয়। বিশ্বনাথ মুছে দিয়েছেন।—কি দয়া—
একদম ঝাড়'-হাতপা করে দিয়েছেন! সে-সব মাল—
কাপড়-চোপড়, বিছানা মাত্র, বাসন-কোসন কারেও
হাতে করে দেওরা বেতনা, দিলেও কেউ নিতোনা।—
কোনোটাই পঞ্চাশের কম কাজ দেরনি। থাণ ঝুড়ি বই
আর ধাতা যা ছিল (সে নিশ্চয়ই আছে, সে আর কে
কেউ নিতোনা। স্বই ছিল—as I—So they. বাক
ভালই হ'রেছে,—চিস্ভাগেছে;—ভারা এগিরেছে, আমিও

যাছি। এতো আর সেই অশিকিত ছুতোরের অনটন-বৈরাগ্য নয় যে আবার ফিরবো…

শেষ কথাগুলো আনন্দের আবেগে বোধ হয় বেরিয়ে এসেছিল;—মুক্তির উচ্ছাস কিনা—

"কি মশাই কার সঙ্গে কথা কচ্ছেন ? কার বৈরাগ্য ? কেরাণির বৃথি ?"

চন্কে চেয়ে দেখি পেছনে—প্লাশ।
"এই যে, এসো ভায়া,—হাতে ও-দব কি?"

"কিছুই নয়—লাউশাক, একটা লাউ আর গোটা-করেক মৃলো;—বাড়িতেই হয়েছিল। শুধু হাতে আসবো—তাই…"

পলাশ প্রায়ই শুধু হাতে আসেনা।

বলসুম—"বাং, টাট্কা জিনিষের রূপই আলাদা,— দেখলে আনন্দ হয়।"

স্থাতিক দিয়ে ভেতরে পাঠিয়ে দিলুম। তামাক দিতেও বললুম।—"তার পর ? ছেলেমেয়েরা সব কেমন ?"

"য়ন্দ আছে বলবার জো নেই মণাই— বড় বাবুরা ওসব ভনতে ইচছে করেননা। দিন পনেরো আগে
মেরেটার হাম হরে সে বার বার। একটা দিনের ছুটি
চাইলুম, বল্লেন—'হাম আবার একটা অন্তথ নাকি? তার
মেরের হাম,—বাও বাও।' মা দরা করে সারিয়ে
দিয়েছেন—আমাদের তিনিই ভর্মা।"

বলনুম-"তাতে কি আর সন্দেহ আছে পলাশ!"

পলাশ কাতর ভাবে বললে—"কিন্তু অকু দিকে যে রেহাই পাইনা মশাই। তার করেকদিন পরে বার্র বাড়ি ২৷৩টির হাম দেখা দের।—ওঁদের বন্ধু সবাই,— ডাব্জারকে পরদা দিতে হয়না। জানেন তো—বড়দের T. এর মধ্যেই সব সারতে হয়,—তাঁরা সেটা পরস্পর জানেন। তাঁলের মোটর আছে, পেট্রল আছে, আমাদের পা আছে,—পেট্রল লাগেনা, তাই ছুটোছুটির ভারটা আমাদের ওপরই পড়ে।—এই যাছি ভারে লিল আনতে, এই ছুটছি হিপোডোম আনতে—ওব্ধের সব বিদকুটে নাম—মনেও থাকেনা মলাই। শেব হোম লাট খেরে পরশু রাতে ক্ষেটি তাঁর মারা গেছে। পাষণ্ডের মত আমাকেই সব করতে হ'ল।—আহা দে কচি ম্থাদেশকে

প্লাশ আর বলতে পারলেনা—চোথ মৃহলে।

বলন্য—"ছেলে মেয়ে হ'য়েছে—ভোমার তো হবেই ভাই, আমারি "

"না দাদাবাব্, আপনি শোনেননি। এই শীতের রাতে পাঁচ ঘণ্টা দেই তিন মাইল দ্রে নদীর ধারে কাটিয়ে সকালে ভিজে কাপড়ে ফিরছি,—বড় বাব্র এক বন্ধ হাসতে হাসতে অন্ধান বদনে বললেন—শুনস্ম ভোমার অভিশাপেই নাকি—(পলাশ কেঁদে ফেললে)

উডেজিভ ভাবে বল্লুম—"ওরা মাছ্য ? ও-কথা মাছ্যের মৃথ থেকে বেরয় ! তুমি ওদের কথার মূল্য দিতে চাও। নিজের মহুষ্যুত্ত খুইওনা ভাই!"

স্বাভী চা দিয়ে গিয়েছিল। বলনুম--- এসো চা খাওয়া যাক। "--পলাশ এক চুমুক খেয়ে বললে---

"হাা ছুত্রের বৈরাগ্যের কথা কি বলছিলেন ভাই বল্ন,—এভভেও বৈরাগ্য খেঁশেনা মলাই—"

বলল্ম—"এই চিঠি পেল্ম কাশীর বাদাটা পরিছার করে ঝঞাটগুলো কে সরিয়ে দিয়েছে.—বিশ্বনাথই হবেন, তা না তো এতো দয়া আর কার । এইবার ঘাটে জল—ঘটি ঘুচে গেছে। মৃক্তির আননেক ও সব মৃথ থেকে আওয়াজ দিয়ে বেবিয়ে পড়েছিল বোধ হয়…"

"আনন্দ কি মশাই! সেদিন মেনির তুধ থাবার ত্রপরসার বিজ্কথানা কাকে নিরে গিয়েছিল, আবার—
নেবে তো নিলে সম্ম্যে বেলার! তার পর লাগান জেলে
রাত দশটা পর্যান্ত জন্মলে জন্মলে! কোথার পাবো?
সকাল না হতেই—আবার স্ক। আর আপনার একটা
সংসাবের সর্বস্থা……

"তোমরা থুঁজবে বইকি ভাই,—তোমরা এই দিভীয়ে মাত্র পৌছেছ বইভো নয়, আমি যে চতুর্থাপ্রমের চৌহন্দির মধ্যে এসে গিয়েছি।"

"চতুর্থাশ্রমের কথা বেথে দিন মশাই, সে দব মছর
অন্ধ্যমন করেছে। এখানে অনেকে চতুর্থাশ্রম টপ্কেছেন,
দেখেন নি— १ • পেরিয়ে। রক্ষা খোলোস (preserver)
চড়িয়েছেন—মোজা না ছেঁছে।"

বল্লু:,—ও ঝিছুক বাসনের বৈরাগ্য বৈরাগ্যই ন্য। বৈরাগ্যোগে ভোমায় রূপা করবেন বড় বাব্, আর আমায় করেছেন—ভাবৈড্রা। ওঁরাই আমাদের রূপাময়।

বলে এভটা প্রতিপন্ন ক্রিবার চেষ্টা হইরাছে, ভাষা শান্তিপুর ত্বর্ণরেখার মধোর কথা নহে, ঐ মহাগ্রন্থের অস্তাপত ২ অধ্যার ত্রপ্টবাণ --ইহাতে बाह्य 'श्राम क्षियम क्षण देक्य प्रकृष । जान क्षि वर्गद्वभा नही स्ल করি। *চলিবেন অপৌরহন্দর নরহরি । রহিলা অনেক পাছে নিতাানন্দ* <u>চক্র।</u> সংহতি তাঁহার সবে **বীজগদানন্দ। কথোদরে গৌরচক্র ব**সিলেন গিলা। নিত্যানক বন্ধপের অপেকা করিরা।" অর্থাৎ সুবর্ণরেপার সকলে লান করিয়া পুনরায় যাত্রা করিবার পর কিছক্ষণের জল্প তাঁহাদের সঙ্গ-বিচাতি ঘটিয়াছিল—ইতিপুর্কেকার বর্ণনাম ভাগবতে তাঁহাদের সঙ্গ-িবিচাতির কোনও উল্লেখ নাই; কাজে কাজেই উপরিউক্ত আলোচনার 'র্হিলা অনেক পাছে' ইত্যাদি লোকটির প্রয়োগ ঠিক হর নাই, উপর্জ্ঞ এক গোল নিবারণের চেষ্টার অপর গোলের স্ষ্টি করা হইরাছে। পাগল-পারা হরিনাম বর্ত্তি শাল্পির হইতে মন্ত-সিংহ-গতি চলিয়াছিলেন বটে ভুগাচ আটিদারার অনস্ত পণ্ডিতের বাটী 'দর্শ্বগণ সহ প্রভু করিলেন ভিক্লা'. ছন্তভাগ অমূলিক ঘাটে 'আনন্দ আবেশে প্রভু সর্কাগণ লৈরা। সেই ঘাটে লান করিলেন হুখী হৈয়া ।' এবং হুবর্ণরেখায় 'লান করিলেন প্রভ বৈধ্য সকল'। পুতরাং নিজ্যানন্দাদি যে করেক দিনের জল্ম মহাপ্রভর সঙ্গবিচাত হন নাই, ইহা ঠিক। গোবিন্দ দাস জীচৈতভ্ত প্রভকে বৰ্ষমান মেদিনীপুর পথে লইয়া গিয়া স্থবর্ণরেখাতীরে রহনাথ দাদের সহিত দাক্ষাৎ করাইয়াছেন৮: রখুনাথ দাসের সহিত মহাঞ্ডুর সুবর্ণরেথাতীরে দেখা অপর কোন গ্রন্থেই নাই : গোবিন্দের নিবাদ কাঞ্চননগর বর্ত্তমান : মুভরাং হয় ত গোবিন্দ মহাপ্রভুর পথের দাবী করিয়া গৌরবাঘিত হইতে আগুলর এবং ইহাই সমর্থনের উদ্দেক্তে 'রহিলা অনেক পাছে' লোকটির সাহায্য লওয়া হইয়াছে। এতাদুশ বিসদৃশ বর্ণনা অত্র গ্রহণ করা বয়ে না।

ş

তৈওক্ত ভাগৰতে আছে, মহাপ্রজু শান্তিপুর হইতে প্রথম আটিদারার উপনীত হন এবং তথার অনস্ত পভিতের বাড়ী এক রাত্রি থাকেন»। কিন্তু পাটিদারার ব্রাপ্ত বা অনস্ত পভিতের পরিচর ধৃত হয় নাই। কুলগ্রন্থানিতে দেগা যায়, কবি কৃতিবাদের আভি-আতা লক্ষীধরের এক প্রপৌত্রের নাম অনন্ত। কুলকুক এইরপ —লক্ষীধরের পুত্র মনোহর পণ্ডিত, মনোহরের পুত্র প্রেন পণ্ডিত, অগদানন্দ পণ্ডিত, ও গঙ্গানন্দ ভট্টাচার্য্যত এবং জগদানন্দের পুত্র অনন্ত। পঞ্চদশ শতানীর প্রথমাংশে ক্তিবাদ,১১ ফুতরাং ঐ শতানীর প্রথমাংশে ক্তিবাদ,১১ ফুতরাং ঐ শতানীর

শেষ তৃতীয় গাদে তাঁহার পোত্রহানীয় স্থসেন ও জগদানক্ষ ২২। তাহা হইনেই বাড়ল শতালীয় প্রথমাংশে জগদানক্ষের পুত্র অনস্ক ; আবার, মহাপ্রস্কুর বাল্যকালে দেবীবর ঘটক মেল বন্ধন করেন ও স্সেনাদি প্রাতৃত্রহকে প্রধান করিয়াই কুলিয়া মেল নিশ্বপণ করিয়াইকেন ২২। ক্ষতরাং একংশ বলা ঘাইতে পারে যে জগদানক্ষ ঐ সময়েরই ব্যক্তি। পুনক জীবুজ নগেপ্র বহু প্রাচ্যাবিজ্ঞামহার্থব মহালর জয়ানক্ষের পূথি হইতে দেখাইয়াছেন ১৩—'হরিদান প্রিয় বড় স্পেন পণ্ডিত। মুরারি জনয়ানক্ষ সংসারে বিদিত। জুর্গাবরাস্কুজ ননোহর মহা সে কুলীন। তাহার নক্ষন ক্ষমেন পণ্ডিত প্রবীণ।' মহাপ্রভুর নীলাচল গমনের পরের বর্ণনার মধ্যে ইহা আছে; ক্ষতরাং ঐ সময় ক্ষমেন প্রবীণ হইয়াছিলেন, ইহা প্রেটিড ইগাবের সহিত বেশ মিলিয়াও যাইতেছে। অতথ্য এ কথা সত্য। তাহা হইলে একংশ জনায়ানে বলা যাইতেছ। যে, যথন স্থানেন প্রবীণ, তথন জগদানক্ষের ১৯ পুত্র অনান্তর পক্ষে নীলাচলগায়ী শীকুক্ষ চৈতন্তক্তকে আতিখ্যে বরণ করিয়া লওয়া সন্ধব ছিল; এবং ইতিমধ্যে পণ্ডিত আখ্যা লাভ করাও তাহার পক্ষে বিমারজনক হয় নাই—ভাহার পিতা, পিতৃব্য ও পিতামহ 'পণ্ডিত' ছিলেন।

9

সভাভামার পুরুষ-অবতার বৈষ্ণব জগদানক ১৫; কিন্তু ইঁহার বংশ-পরিচর অবিদিত। ইনি গৌরাঙ্গ গ্রন্থভূত আবির্ভাবের পূর্বের জন্ম প্রহণ

১२ वलाগড़-পরিচর---পঞ্চপুষ্প, বৈশাথ, ১৩**৪** ।

বঙ্গের জাতীর ইতিহাস—আহ্মণকাও—"১৪-২শকে মেল প্রচারিত হুইলেও ১৪-৭ শকের পুরে তাহা গুকুত পর্যায়বদ্ধ হুইয়াছিল।"

'গৌড়ে ব্রাহ্মণ' খৃত নূলো পঞ্চাননের কারিকা—'চৈরে কোড়া বড় ছট নিমে তার নাম। **। শচীর ছেলে নিমে বেটা নট্মতি বড়। মাতা-পত্নী ছুই ত্যাগী সন্নাদেতে দড়। এই কালে রাচে বক্ষে পড়ে গেল ধুম। বড় বড় ঘর যত হইল নির্ধুম। কিছু পরে সাক্ষেতের বংশে একছেলে। নামে গ্যাত দেবীবর লোকে পরে বলে। সেই ছে'াড়া মনে করে কুলে করে জাগ। তদবধি কলে আছে ছত্রিশের দাগ।

১৩ বঙ্গের জাতীর ইতিহাস ব্রাহ্মণকাণ্ড (২র সংশ্বরণ) ১ম জংশ।

১৪ 'তৈ হল্প এবং তাহার সঙ্গাগণ' নামক ইংরাজী পুতকে গ্রন্থকার জগদানলকে ('Boy') বালক বলিয়াছেন; প্রস্কু, চরিভামুত্ত বেধানে আছে 'কালিকার বড়ু দালগা' বা 'কাহা জগা কালিকার বটু দ্বনীন' ভাহার পরই চরিভামুক্তকার লিখিচাছেন—'গ্রুড্ হালি কহে—'উন ছরিদাস সনাতন। * *। ভোমা সর্বাকে করে'। মুক্তি বালক অভিনান ।' ভাহাড়া এই বাকাগুলির ভিত্রস্কার ছলে ব্যবহার ইইলাছে—
জগদানলে কুদ্ধ হক্রা করে ভিত্রস্কার'। কারণ প্রভু বলিয়াছেন—
"মর্থাধা লভ্যন আমি না পারি সহিতে।"

চৈত্য চরিতামত, অস্তা গর্ব পরিচ্ছেদ।

১০ গৌরগণোদ্দেশ : অরানন্দের চৈতক্ত মকল।

প্রভূপাদ য়বুল্ল অতুলকৃক পোঝানী কর্তৃক সম্পাধিত য়িটেভঞ্জ
 প্রাণবত, অস্তা ২ অধ্যার।

৮ প্রদিন স্বৰ্ণৱেধার ধারে পিরা। পুল্কিত রবুনাথ হাসেরে গেপিয়া। গোবিকালাসের করচাপু ১৮।

टेठ-को क्यक्टा २ व क्यशांत्र ।

>• মিল্লগ্রন্থ, সম্বন্ধ নির্ণন, কুলসার সংগ্রহ, বলাগড়-পরিচর---পক্পুন্প, আঘাচ, ১৩০৯।

^{১১} বঞ্চৰাৰা ও সাহিত্য , বলাগড়-পরিচন্ন পঞ্চপুন্দা, চৈত্র, ১৩৩৯ ।

করিয়াছিলেন ও শান্তিপুর গমনাগমন করিতেন ১৩। ইতিপুর্বে দেখান হইয়াছে অনস্তের পিত। ফুলিরা মেলের মুখেটি জগদানন্দ ও গৌরাঙ্গদেবের **भृद्र्य** अन्यक्षर्थ करतम ७ >००० भरकत्र भृद्र्य ७ भरत (समस्द्रत वानक বয়সে। তিনিও শান্তিপুর গমনাগমনে সমর্থ ছিলেন। তাহা হইলে এতপ্রতর জগদানক সমকালীন ও প্রায় সমণ্যক হইতেছেন। আবার, ইহার পরও মুখৈটি জীবিত ছিলেন ; কারণ অনস্তর পর তাঁহার আরও ছুইটি পুত্র ও তুটটি কঞ্চার উল্লেখ পাওরা ঘাইতেছে ১৭। মুগৈটি তাহার পুত্রকল্পাগণের প্রথম তুইটির বিবাহে উপস্থিত ছিলেন ১৭। এদিকে মহাপ্রভুর व्यापितीयात रेक्टर अभगानसमत्र विस्ति कान कथा नाहे। अधानस्मत्र নদীয়া-খণ্ডে তাঁহার বিবরে বেটুকু উল্লেখ আছে, তাহা হইতেও বুঝা বার বে তিনি সর্বাসময়ে মহাপ্রভুর সঙ্গে ছিলেন না । অংশ প্রেমদাস তাহাকে বিশ্বভারে বাল্যবন্ বলিরাছেন১৯। পুনরপি, কুলপ্রস্থানি অসুসারে, মুখৈটির পুত্রকস্থাগণের শেষ কয়েক জনের বিবাহ তাহার সংহাদরবর মুদ্রেন ও গঙ্গানন্দ কর্ত্ত সম্পাদিত হইরাছিল 👀 । ইহা ধারা ভাহার ফুলিরা ভ্যাণেরও ইঙ্গিভ পাওয়া বাইভে:ছ। এ দিকে জনানন্দের গ্রন্থে বিশ্বস্তুরের উক্তি এইরাপ—৪তেক সেবক মোর আছে দেশে দেশে। নবদীপে आमित्रन आयात ऐप्पतन । शुनतात्रं लद्यानम लिथिहाह्न, अशमानम् মহাএভুর সহিত গরা যান৷ সুভরাং স্পট্ট বুঝা যাইভেছে যে গরা হইতে কিবিয়া জগদানন্দ আর খগুছে কেরেন নাই, নবছীপেই বাস করিছা-ছিলেন ২১। এই সমর হইভেই মধালীলার আবস্ক এবং মধালীলাতেই अश्रमानास्य वहरहनात উল्लंख शास्त्रा यात्र। উপत्रस, मृरेपिंटेरर अ বৈষ্ণবং ৩ উভয়েই 'পাঁওত' উপাধিবিশিষ্ট ছিলেন।

একংশে বিভাইল এইরাণ—(১) বৈক্ষব জগদানন্দ ও মুগৈটি অপদানন্দ সমকালীন ও সন্তবত: স্ববহৃত্ব, (২) বৈক্ষবের পরিচর অবিদিত, মুগৈটির সহিত তাহার সকল বিবরণ মিলিয়া যাইভেছে, (৩) আদিলীলার বৈক্ষবের বিশেষ কথা কিছুই নাই, তৎকালে মুগৈটি ফুলিয়ার ছীপুল্য ব্রাহ্মণ সকল বৈক্ষত্ত্তকংং) (২) জ্বরানন্দের নদীয়াখণ্ডে বৈক্ষবের সামান্ত সামান্ত উল্লেখ, তৎকালে মুগৈটি নবছীশ যাতারাতে সক্ষম ছিলেন. (e) মধ্যদীলার বৈক্ষবের কথা প্রারই পাওরা বার; তথম মুবৈটি কুলিরার অমুপন্থিত, (e) উভরেই পণ্ডিত এবং (e) মুবৈটির পুত্র অমন্ত এবং অনন্তর গৃহে মহাপ্রভুর রক। মহাপ্রভু অবৈত গৃহে ২০ ও অনন্তর গৃহে ক্ষেম ২৭ করিরাছিলেন — অনাত্র রক্ষা পদটির বাবহার দৃই হর না। এই ভালি হইতে বেল বুঝা বাইতেছে বৈক্ষম ও মুবৈটি, এতত্বতার আভির; মুবৈটি অপদানন্দই সভাভাষার পুত্র-অবভার এবং দেই কারণেই ভারার পুত্রের পুত্রে মহাপ্রভু রক্ষ করিরাছলেন।

খনত কুলিরা মেলভুক ছিলেন এবং কুলিরা খেলের কুলীনগণ কুলির।
ও তরিকটবন্তী প্রামসমূহে বাস করিতেন ২৮। কুতরাং এতৎ প্রামণেরই
কোন প্রামের নাম ছিল—আটিগারা; কুলিরা বলিলে নিজ কুলিরা
ব্যতিরেকে অপরাপর করেকথানি প্রামণ্ড বুকাইত; বেমন নপাড়া, বড়ড়া
ইত্যাদি। আটিগারাও তাহাই ছিল কিন্তু এখন নাই ২৯।

অনন্ত গ্রন্থভ়ী বন্দ্য-বংশীর আনারের সহিত কুল করেন। আবার, তাঁচার প্রণোত্ত বাণেখন স্থাপিল্যা নিবাসী গোণীট্টকে কন্তাদান করেন। আটিনারা ফুলিয়ার নিকটে কোনও স্থল নাহইলে এই কার্যপ্রলি সন্তব হইত না। তৎকালে দূবদেশ গমনাগমনের স্থবিধা ত' চিলই না; বর: বিশক্তনক ছিল। বোড়শ শতাকীর প্রথম তৃতীয়াংশে অনস্ত: কাডেই তাঁহার প্রণোত্ত বাণেখন সপ্তবশ শতাকীর প্রথম তৃতীয়াংশের লোক। এই শতাকীরই শেবার্ছে ভাগীরধীর উভন্ন কুলে বহু পরিহর্জন ঘটিলাছিল এবং দেই সমন্তেই আটিনারা গলাগভ্য লাভ করিয়াছে সম্পেহ নাই০১। কাজেই প্রগাদানন্দ, অনস্ত ও আটিনারার স্বাদ দ্বস্থাপা।

সাহায় লয় না ভাহাদের জন্ত এত মাথা ব্যথা কেন ? এই ছিল তাহাদের মনোভাব। সম্প্রতি এ ভাবের দরকার উপর "লাইত্রেরীর প্রবেশ দার" আছে বটে, $_{\rm FS}$ লোকে উহাকে স্কুল লাইত্রেরী মনে করিয়া দেদিকে $_{\rm FS}$ ঘেঁষিত না ৷

সহরের দক্ষিণ-পশ্চিমাংশের শেব সীমার সৌদ্ধাম্পটান্ বিক পল্লীতে লাইবেরী অবস্থিত। পাড়ার লোকের।
কলন এবং তাহাদের ভিতর আদ্ব-কার্দা মোটেই

াই। দেখানে ভাজা বাড়ী নাই;
বাই নিজের নিজের বাড়ীতে বাস
বে, আর নিজেদের ক্লুসমাজের
গারব কিনে অক্র থাকে এই ভাদের
গারব কিনে অক্র থাকে এই ভাদের
বিচ্টা। এখানকার লাইত্রেরী সহরর লাইত্রেরীর শাখা বলিরা পরিচর
বেল পরী লাইত্রেরীর অপেকা বেণা
বিচ ছিল না। যখন শাখাট প্রথম
ভিন্তিত হয়, তথন ন্তন প্রতিবেশী
াসিলে লোকে যেমন আসিরা দেখাকাং করে, এখানকার অধিবাসীবিও সেইরপ লাই বেরী দেখিতে

নিতে আদেন। তাঁহাদের মধ্যে আনেকে সোঁভাম্পটান ন্ত্রী-পত্তনের সময় হ'তে আরম্ভ ক'রে একাল পর্যন্ত চতাকর্ষক পল্লী-কাহিনী বলিতে সম্পুক্ত ছিলেন; কিন্তু সুসুব লিপিবদ্ধ ক্রিবার লোক ছিল না। ছেলেদের

াইবেরীয়ান দেটা লক্ষ্য করে এ বিবরে
ক্লের শিক্ষকদের দৃষ্টি আফর্বণ করেন।

চাহারা ক্লের উচ্চ শ্রেণীর ছেলেদের

মাজাম্পটানের ইতিহালের মাল ম শ লা

ত হ-কার্য্যে নি য়ো জি ত করেন।

ইত্যেক ছাত্রকে এক একটা বিষয়ের ভার

মওয়া হয়। কেহু রা ভার নামের

ংপত্তির অন্সক্ষান করিতে লাগিল;


কহ-বা ব্যবসা বাণিজ্যের স্থান, কেহু-বা

টাটীন গৃহ, কেহু-বা অস্বাভাবিক ঘটনার

ববরণ সংগ্রহে ব্যাপ্ত হইল। ভাহারা

্বশানার এবং বৃদ্ধ অধিবাসীদের সক্ষে


^{দ্ধা} ভনা করিয়া ভথ্য এবং স্থানীর জটবা জব্য সংগ্রহে ^{চেট্ট} হইল। এ**ই** সব জব্য লাইবেরীতে সাজাইরা ^{ধা হ}ইতে লাগিল। সন্থাশর ব্যক্তিদের নিকট সোজাম্পটান পত্তনের আমলের পুরাতন ছবি হাওলাং লওরা হইল। সংগ্রহ শেষ হইলে তাহা দেখিবার ৰত সেথানকার অধিবাসীদের লাইত্রেরীতে নিমন্ত্রণ করিরা আনা হইল। স্থানীর সংবাদপত্ত্রেও এই প্রদর্শনী সম্বন্ধে প্রবন্ধ প্রকাশ করা হইল। সৌজাম্প



রবার্ট লুই ষ্টিভেনসন-ক্ষম

টানের বেশীর ভাগ লোক লাইত্রেগী প্রদর্শনী দেখিতে আসিলেন।

সৌভাম্পটান দেউল্ইর অন্তর্গত একটা কৃত মহকুমা। পল্লীটাও ধ্ব পুরাতন নতে। পচিশ বৎসর পূর্বে একটা




काउँ कि नाहरखरी जिलाउँ रमके

উদ্যমশাল স্থাবর সম্পত্তি সম্পর্কীর কোম্পানী এই পলীটি স্থাপন এবং তাহাকে সোষ্ঠবশালী করিবার জভ আনেক টাকা ব্যর করেন। দর্শকেরা এই পলীর কৌত্হলোদীপক কাহিনী শুনিরা এবং ইহার ক্রমবিকাশের চিত্র সংগ্রহ দেখিরা মুখ্ম হইরা গেল! অভি পুরাকালের না হইলেও চিত্রগুলি বস্ততঃই চিত্তাকর্ষক হইরাছিল। সাবেক দলিল, দন্তাবেজ, চিট্টিপত্র, কার্যবিবরণী প্রভৃতির সংগ্রহও কম মনোজ্ঞ হর নাই।

এই সব এইবার সহিত ছেলেদের পুত্তক-সপ্তাহ প্রদর্শনীর অভিনবছ ছিল। স্থলের প্রত্যেক ছাত্রই কিছু-না-কিছু জিনিস দিরাছিল। বালকবালিকারা পুত্তক সমালোচনা, পুত্তক ভালিকা, কবিতা এবং নানারূপ বিজ্ঞাপনী বা পোটার্ (poster) তৈয়ার করিরা পাঠাইরাছিল। কোনও কোনও তরুণ শিল্পী লাইবেরীর চালিত হয়। তারা নানা বৃক্ষের পাতা সংগ্রহ করিয়া একথানা থাতার তাহা আঁটিরা রাথে। পাতা চিনিড়ে হইলে পুস্তকের সাহায্য আবশ্যক; কাজেই তৎসংক্রান্ত পুস্তক পড়িবার আগ্রহও বেশী রক্ষ উদ্রিক্ত হইতে থাকে।

লাইবেরীর কথা ও প্রাসিদ্ধ লেখকদের প্তকে যে দ্ব চিত্র আছে সে সম্বন্ধে কোনও তরুণ প্রবন্ধ রচনা করে। এমন কি নিম্নশ্রেণীর ছোট ছোট শিশুরাও একখানি বই লিখিরা ফেলে। প্রত্যেক শিশু এক এক পাতা করি। লেখে। সে বইখানির নাম দিল "মোহনভোগ"। ছেলেরা সেই প্তক লইয়া খ্ব জ্ঞানন্ধ প্রকাশ ভো



বাল্টিমোর নিউ পাবলিক লাইত্রেরী

বিজ্ঞাপন দিয়া পোষ্টার চিত্রিত করিয়া নিজেদের বাড়ীর জানালার টাজাইরা দিরাছিল। আবার কোনও শিল্পী নিজেদের প্রির বইএর উল্লেখ করিরা পোষ্টার চিত্রিত করিরা লাইত্রেরীতে সাজাইরা রাখিয়াছিল। উচ্চজ্রেণীর ছেলেদের পুত্তক সমালোচনা পড়িয়া সেই সেই বইরের চাহিদা বাড়িয়া বার। ছেলেমেরেরা পুঝায়পুঝরপে বই শার্টারা ভাষাদের নিজেদের মন্তব্য প্রকাশ করিয়াছে দেখিয়া লাইত্রেরী জনপ্রির হইতে লাগিল। কোনও কোনও ভক্ষণের চিন্তার ধারা উল্লেদিবিভার দিকে পরি-

করিনই; অধিকন্ধ তাদের বাপ মা ছেলেদের কার্য দেখিতে আসিতে লাগিলেন।


একদিন একজন চেঞ্ নামে এক চীনা পুর্
লাইবেরীতে উপহার দিল। তার মাছিল চীন-প্রবাদী
আমেরিকার একটা ছোট মেরে। চেঞ্র আঞ্জতি প্রাদী
অস্তুত রকমের ছিল—ভাই পাড়া-প্রভিবেশীরা ভাগে
দলে দলে দেখিতে আসিতে লাগিল। কেহ কেহ বিলি
চেঞ্কে একলা রাধার বড় বিমর্ব হইরা পড়িরাছে। ভগ
ভার সন্ধী বোগানর কথা উঠিল। নাটক বা উপভাগি

বাণত ব্যক্তির পরিচ্ছদ-পরিছিত সন্ধী উপহার দিবার অন্ত
দাধারণকে অন্থরোধ জানান হইল। পোষাকের নম্নার
বই এবং ছেলেদের ছবির বই দেখিরা সেই ধরণের
পোষাক পরিধান করাইরা সন্ধী তৈয়ারীর চেটা চলিতে
দাগিল। চেঞ্র প্রথম সন্ধী এলেন পিনোচিও। পুঁাউকটির
চাল দিরা ভার টুপী ভৈয়ার হইয়াছিল। ভার পর
এল ঘুমন্ত প্রশারী, ভাকে পরাণ হ'য়েছিল সাদা সাটিনের
পোষাক ও ভার মাধার জড়ান হ'য়েছিল মুক্তা বদান লেশ
—আর ভাকে শুইরে রাধা হয়েছিল ফিকে নীল রভের
সিজের মোড়া কৌচে। ভারপর এলেন রাকা আর্থার,
পিটার প্যান্, রবিন হড্ আরও অনেক রকমের সন্ধী।

পুত্ৰের পোৰাক পরান লইরা ঘরে ঘরে আলোচনা হইতে লাগিল। আর কি রক্ষ হরেছে দেখিবার জক্ত মারেরা লাইত্রেরীতে আদিতে আরম্ভ করিলেন। যখন তারা আদিলেন, তাঁরা এই সব দেখার সলে দেখিতে পাইলেন নানা রক্ষের রালাবালা করিবার, গৃহস্থালীর কাজকর্ম্মের, এবং স্কীকার্য্য সংক্রান্ত ভাল ভাল বই দামনেই সাঞ্চান আছে। তাঁরা দেই সব বই পড়িবার জন্ত ঘরে লইয়া গেলেন। ক্রমে এ সব বইরের চাহিদা বাড়িয়া যাইতে লাগিল।


নাটক নভেলে বর্ণিত ব্যক্তির পরিচছদ পুতৃসকে পরানর চেয়ে নিজেদের ছোট ছোট ছেলেমেয়েদের

দেইল্লপ পোৰাক পরাবার অনেকের সথ হইল। পুতৃলের মতো তাহাদের লাইরেরীতে আটুকাইরা থাকিতে হইবে



সেণ্ট্ৰাল হল

না—তারা সেই সব পোষাক পরিধান করিয়া রান্তায় শোভাষাত্রা করিবে—কুলের ব্যাও আগে আগে ব্যাও




বিভলের নকা

বাজাইরা অগ্রসর হইবে। ভার পর ছোট মেরেরা ঐ সব পোবাকে সজ্জিত হইরা সারিবলী হইরা চলিবে। আর

া লাগাংশ। আরু ব্যবস্থা হুহল বাল ক ভাউটরা এখানে

সাহিত্য বিলাইতে বিলাইতে ভালের সত্তে বাইবে, এর ব্যবস্থা হইল।

এখানে প্রতি বর্ষে বসস্ত কালে পক্ষীর বাসার প্রদর্শন হর। গ্রামের ছেলেরা পাধীর বাসা নির্মাণ করিঃ



একতলার নকা



সাধারণ অস্থ্যস্কানের বিভাগ


লাইব্রেরীতে রাখিয়া বায় । নানা রক্ষ পাখীর বাফ তৈরারীর নক্ষাও কৌশল বে সব বইরে লেখা আছে তাহা সকলকে দেওরা হয় । কিছু পুতকে অনেক সম সব কথা লেখা থাকে না—ভাই ভারা মাঝে মানে হতবৃদ্ধি হইয়া পড়ে। এই ধরুন, একজন ছেলে জানিতে চায়—ক্ষুদ্র চড়ুই পাখী কি রং পছল করে। আবার হ তো কেহ জানিতে চায়—আল্কাভয়া মাথান কাগতে পাখীর বাসা তৈরার কয়া চলে কি না। এসব প্রশ্নে উত্তর দিতে লাইব্রেরীয়ানদের ব্যতিব্যন্ত হইতে হয়।

পাধীর বাসা তৈয়ার শেষ হইরা গেলে ছেলের সেগুলি লাইত্রেরীতে আনিরা হাজির করে। যে বালা বে বাসাটা তৈয়ার করে, সেখানে তাহার নাম লিথির রাখা হয়। এই কুল্ল বাসাগুলিতে অসীম বৈচিত্র প্রকটিত হইরা থাকে। কোনওটাতে কুল্ল পক্ষীর সংসারে উপযোগী বাসা; আবার পাখীদের বড় বাসাও আছে আবার কোনওটাতে আধুনিকতার স্পর্ণ দেলীপ্যমান কোনও কোনও বাসার পারিপাট্য দেখিলে বগুতঃ চমৎকৃত হ**ইতে হয়---মনে হয় না যে সেগুলির শিশু-হত্তে** নির্মাণ সম্ভব হইয়াছে।

গত বর্ষে এসব পাধীর বাসার এত অধ্যাতি হইরাছিল যে শিক্ষাবিভাগ সরকারী কটোগ্রাফার পাঠাইরা এই সবের ফটো লইরা যান। সেগুলি সেট্লুই সহরের প্রধান সংবাদপত্ত "Globe-Democrat" এ প্রত্যেক নির্মান্তার নাম দিয়া প্রদর্শনীর বিবরণসহ প্রকাশিত হয়। এত বড় প্রসিদ্ধ সংবাদপত্তে প্রকাশিত হওয়ার সহরপ্রাস্তে অবস্থিত হইলেও বুলার লাইত্রেরীর নাম ডাক চারিদিকে ছড়াইয়া ব্যবহা করা হয়। প্রত্যেক হানেই নানা ধর্মসম্প্রদারের গির্জ্জা আছে। সকলেরই চেটা শীর গির্জ্জার অধিক লোক আরুই করা। সেজন্ত বিজ্ঞাপনের ব্যবহা আছে। নব ভাবে বিজ্ঞাপন প্রকাশের গছা-সংক্রান্ত পৃত্যক লাইত্রেরী হইতে পাদ্রীদিগকে দেওরা হয় এবং বিভিন্ন সম্প্রদারের উপযোগী পৃত্যক লাইত্রেরী হইতে বোঙ্গান হয়। তাঁহাদের উপাসনার বিজ্ঞাপন লাইত্রেরীতে দেওরা হয় এবং তাহার পরিবর্ত্তে গির্জ্জাতে লোকের দৃষ্টি আকর্ষণের উপযুক্ত হানে লাইত্রেরীর পোটার টালাইয়া দেওরা হয় এবং

লাইবেরীর সংগৃহীত বাছাই বাছাই পুশুকের তালিকা গির্জার বিজ্ঞাননী-পুশুকোর সহিত প্রকাশের ব্যবস্থা করাহয়।

মেঙেদের ক্লাবগুলিতে নানা সম্প্রদারের মহিলার সমাবেশ হইরা থাকে। সেখানে লাইত্রেরীয়ান গিয়া লাইত্রেরীর তথা উতাপন কবেন এবং নির্দিষ্ট দিনে



পড়ে। স্থানীর সংবাদপত্তের সম্পাদকও এই লাইত্রেরীতে যথন যাহা হইত তাহার বিবরণ বিশাদ ভাবে প্রকাশ করিতে থাকেন।

পাধীর বাদা তৈরার হয় পাডার পাধী আকর্ষণ করার জক্ত। কিন্তু এই পাধীর বাদা উপলক্ষ করিয়া এই লাই-ত্রেরীর পৃষ্ঠপোযকের সংখ্যা বাড়িয়া যায়। বাপ-মারেরা প্রদর্শনীতে ছেলেদের কাজ

দেখিতে আসিয়া লাইত্রেরীতে ঘুরিয়া ফিরিয়া তাঁহাদের পদ্দেশ মত বই বাছাই করিয়া লইয়া বাইতে আরম্ভ করেন। এই সব উপারে লাইত্রেণীট জনপ্রিয় হইয়া গিরাছে। পাথীর বদলে পাঠকের সংখ্যাই অনেক বাড়িয়া গিরাছে।

লাইত্রেরী এবং গির্জার পরস্পরের সহিত সহযোগিতার

वारम-विश्वनित्त्रत পाठीशांत्र, विकारन-नाधांत्रन পाठीशांत्र

ভাঁহাদের সকলকে লাইত্রেরীতে নিমন্ত্রণ করিয়া আনেন।
সেই সব অন্তর্গন উপলক্ষে শিশুদের মনন্তব্ধ, খরের ভিতর
সাজাইবার পুত্তক এবং মহিলাদের চিন্তাকর্ষক অস্তান্ত পুত্তক প্রদর্শিত হর ও মেরেদের উপযোগী পুত্তক-তালিকা বিতরণ করা হয়। তাহার ফলে অনেকেই আগ্রহের সহিত
লাইত্রেরীর পাঠক শ্রেণীভুক্ত হইনা থাকে। বাহারা ক্থনও লাইত্রেরীর ত্রিনীমার আনে নাই তাহারা এই উপলক্ষে লাইত্রেরীতে আদিরা থাকে।




গ্ৰন্থাকৃতি প্ৰকাণ্ড গ্ৰন্থাগার। এখানে বই ফেরত দিতে হয়

লাইত্রেরীর বিজ্ঞাপন প্রচারের জস্ত ব্যবসাদারদের সাহায্য লওয়া হয়: ভাহাদের দোকানের সমূপে বা ভাষাদের ব্যবসার প্রসারের উপবোগী পুত্তক সরবরাত্ করিয়া লাইত্রেরীর দিকে আকর্ষণ করা হইরা থাকে। আবার কেহ কেহ আপনা হইতে লাইত্রেরী পোটারের কন্ত স্থানও দিয়া থাকে।


বে কোন বিষয় সাধারণেয় নিষ্ট প্রচায় করিতে হইলে পোটার হইতেছে একটা সহজ্ঞ উপায়। এই লাইত্রেরীর যে পোটার অন্ধিত হইয়া থাকে, তাহাতে লাইত্রেরীর নাম কোথায় অবস্থিত তাহা তো থাকেই; অধিকস্ক সেখানে বিনাব্যয়ে আবাল বৃদ্ধ বিশিতা পৃত্তক ব্যবহার করিতে পারে তাহা লেখা হয়। মধ্যক্রের খানিকটা খালি স্থান রাখা হয়। তাহাতে কোন বই হইতে রঙীন ছবি লইয়া জাঁটিয়া দেওয়া হয়। রঙীন ছবি লোকের দৃষ্টি আকর্ষণ করে এবং তাহাতে একখানি নির্দিষ্ট পৃত্তকের পরিচয় পায়। গির্জার যে পোটার দেওয়া হয় তাহাতে একখানি নির্দিষ্ট পৃত্তকের পরিচয় পায়। গির্জার যে পোটার দেওয়া হয় তাহাতে থাই তাবে প্রচার করা হয়। খ্র বড় বড় বড় ভাবে প্রচার করা হয়। খ্র বড় বড় বড় বিশ্বরা হয়। হয় বড় বড় বড় বিশ্বরা হয়। হয় বড়াইতে ৬া৭ খানি পর্যান্ত ছবি দেওয়া হয়।

স্থান-সমান্তে শাইত্রেরী সকলকে কিছু না কিছু উপহার দের। যে সব লোক লাইত্রেরীর থবর রাথে না---একটা উপলক্ষ করিয়া তাহাদের সহিত লাইত্রেরীর সম্বন্ধ স্থাপন



সিয়াটুল পাবলিক লাইত্রেরী-পশ্চিম শাথা

কানালার ধারে লাইত্রেরীর পোটার রাথার অভ্যতি করা হয়। প্রদর্শনীর হারাও অনেক্তে আকৃষ্ট করা লাইবার অক্স নানা উপার অবলয়িত হয়। অনেক্তে যায়। সহা গৃহক্ম-নিরতা যাতা, ধাহার লাইত্রেরীতে আসার বা বই পড়িবার সমর হর না, তিনিও প্রদর্শনীতে দেন। সে বই এই লাইব্রেরীতে পড়িতে পাইলে জাহার ছেলেমেরেদের কাজ দেখিবার লোভ সংবরণ করিতে লাইব্রেরীর সহিত প্রীতির সম্বদ্ধ স্থাপন স্বাতাবিক। এই




সিমাট্ল পাবলিক লাইত্রেরী

পারেন না। লাইত্রেরীতে আদিলে তিনি হয় তো পাক- ভাবে নানা দিক দিয়া লাইত্রেরীর বাণী সকল শ্রেণীর প্রণালীর পুত্তক হইতে নৃতন নৃতন থাবার তৈয়ারীর লোকের নিকটেই পৌছিতে পারে—লাইত্রেরী বে

প্রণালী শেখেন; কিছা কোন একটা রক্ষন-প্রণালী, যাহা বছকাল হইছে বিশ্বত হইয়া-ছিলেন, তাহা পাইয়া হারান জিনিব পাওয়ার আনন্দ উপভোগ করেন। হয় তো কোন পিতা পাথীর বাদার প্রা দ দ নী দেখিতে আদার পাঁচ রক্ষম পুস্তকে তাঁহার নজর পড়ে এবং তিনি বে বিষর জানিতে চান তাহা সেখানে পাইয়া তাহাতে মনোনিবেশ করেন। হয় তো কোন শিল্পী বই পড়া সমরের অপচর মনে করিয়া লাইবেরীতে খেঁলে না—সেও পোটারে তাহার ব্যবসার অল্পক্ষ প্রচির পাইয়া লাইবেরীতে আত্বই হয়। হয় তো কোন বুলা মহিলা কেবল বাই-


বেল ছাড়া আর কিছু পড়েন না। পাদ্রী সাহেব উালাকে কোন ধর্ম-পুত্তক পড়িবার অভ উপদেশ



ক্লিটন পাবলিক লাইত্রেরী—আইওআ দকলেরই সেবক। লাইত্রেরীতে দকলের সমান অধিকার—লাইত্রেরী বে তাঁদেরই, এ ধারণা অভিনে

আর কোন বাধা থাকে না। লাইত্রেরী সকলেরই সেবা করিবার শুক্ত সদা উন্মৃধ, এ বাণী প্রচার লাইত্রেরীরানের অক্তম কর্ত্তর।

ध्यम त्म त्मरमञ्ज धक्री चांधुनिक वर्ष काहेरद्वश्रीत



(१ के न्हे शार्यन का है खरी

কথা ৰলিব। ১৯২৭ খুটাকে আমেরিকার বাণ্টিমোর সহরের লাইত্রেরীর বাড়ী নির্মাণ করার প্রভাব হয়। বোল লক্ষ বই থাকিবে। এগার শত গাঠক বসিরা পড়িতে পারিবেন। শিল্প, বাশিল্পা, রাজনীতি, সমাজনীতি প্রভৃতি বিশেষ বিশেষ বিভাগ বিশেষজ্ঞের তন্ত্বাবধানে পরিচালিত হইতেছে। সকল বইই অঞ্চলে দেখা যাইতে

পারে তাহার ব্যবস্থা আছে। ছেলেমেরেদের জক্সও ভাল বন্দোবন্ত আছে।
এইরপ লাইবেরী একটা ত্টা নর নিউ
ইয়র্ক, ক্রেছ ল্যাণ্ড, ডেট্রুরেট্ প্রভৃতি
সহরের শত শত লাইবেরী আল যুক্ত
রা জ্যের ম ন্তি ক শার পে কা আ
ক্রিতেছে। তদ্তির লাইবেরী আফ,
কংগ্রেস এক বিরাট ব্যাপার—তাহার
পরি চয় দেওয়া এ ক্ষ্যে প্র ব স্থে

জগতের সর্বতিই বেকার সমস্তা অকটা বড় সমস্তা হটয়া দাড়াইয়াছে :


ইহার সমাধান কি ভাবে এবং করে হইবে বড় বড় রাজনীতিজ্ঞাণ তাহা ঠিক করিরা উঠিতে পারিতেছেন




মিলওয়াকি পাৰ্লিক লাইত্ৰেরী

নুজন্ত সমস্ত সহরবাসীর ভোট গণনা হয়। বাড়ীর জন্ত নিউনিসিগ্যালিটা জিশু লক্ষ ডলার ধার করিলেন। ক্যান্তি বাড়ী নির্দাণ কার্য্য শেব হইরা গিরাছে। তাহাতে


না। মুরোপ ও আনুমেরিকার এই সুযোপে বেকার-গণকে লাইত্রেরীতে আকুট করিবার অভ বিপূদ প্রচেষ্টা চলিতেছে। যে বেলাকার্য উপলক্ষ্য করিবা





উপযোগী করেই এই বিরাট ছতিমন্দির স্থাপিত হ'রেছিল অফুমান কিঞ্চিদ্ধিক হাজার বৎসর পূর্বে।

' এই মন্দিরকেই ববদীপবাসীরা বলে "বোরোব্ছ্র" (বড় ব্দের মন্দির ?)। বৌদ্ধর্শের প্রভাব যে একদা ভারতের বাইরে প্রায় সমগ্র প্রাচ্য ভৃথতে সম্প্রদারিত হয়েছিল একথা বলাই বাছল্য। ধর্শের অক্স্পরণ করে ভারতের শিল্পকলাও দেশাক্তরে বিক্ত হয়েছিল।



মন্দিরের সর্বোচ্চ চূড়া (এই গম্বুলটির ব্যাস দৈর্ঘ্যে ৫২ ফিট ! গম্বুলের পাদমূলে ন্তুপাক্ষ্যস্তরন্থ বৃদ্ধ মূর্তি দেখা যাচেছে । মর্মর-জালিকার ভিত্তর থেকে এই বৃদ্ধমূর্তিগুলিকে অতি স্থানর দেখার)

যবনীপের এই মনিবের স্থাপত্যশিল্প ভারতেরই কলা-পদ্ধতি প্রাক্ত । প্রাচীন কীর্ত্তির সঠিক সন তারিও খুঁজে পাওয়া কঠিন, অথচ, সন তারিও না জানতে পারলেও এই সব প্রাচীন ঐশ্বর্যের স্থাপশূর্ণ পরিচয় পাওয়া যায় না। বৃদ্ধদেবের পরিনির্কাণ ঘটেছিল খু:পূ: পঞ্চম শতাৰী প্রথম ভাগে! কিন্তু, যবনীপে হিন্দুধর্মের প্রভাব খুন্ন প্রথম বা দিতীর শতানী থেকে প্রথম পরিলক্ষিত হা এ-সময় ববনীপে বৌদ্ধর্ম অপেকা হিন্দুধর্মের প্রাধান্ত দেখতে পাওয়া যায়। ক্রমে হিন্দু প্রোধান্তকে নিজেক'রে বৌদ্ধর্মের প্রভাব যবনীপে যথন প্রবল হ'নে উঠেছিল, সেই সময় এই মন্দির নির্মাণ স্কর্ক হয়; ০

অহমান খুষ্টীর অষ্টম থেকে সপ্তম শতাকী এই সময় বৌদ্ধর্মের অনেক পরিবর্ত্তন স্ক হয়েছিল। গৌতমের সরল ধর্মোপাল ক্রমে জটিল ও রহস্তময় হয়ে উঠে চিল বৌদ্ধদর্শন ও ধর্মাস্ত্র নিয়ে মতাভেদ উৎ স্থিত হওয়ায় বৌদ্ধধর্মাবলম্বীরা ঘটি বিভি শাখার বিভক্ত হয়ে পুডে চিল। উক্ত ভারতে বুদ্ধদেবের সঞ্চে সঞ্জে অংট্র व्रक्षत्रां अ मनार्वेष अलन, भानीद्क, टानि সৰ, প্ৰভৃতি নানা বুদ্ধ মুৰ্তির উদ্ভৱ হ'ল (मशारन। क्रांप, हिन्मुत निवंश (वोक्रामर মধ্যে অবলোকিতেশ্ব হয়ে দেখা দিলেন धवः च रैमः च रेमः जावः अ जा ज रहे। **म्बिट्स के अपनि क्रिक्ट कि अपनि क्रिक्ट कि कि** ভারত সেই গৌতম প্রবর্ত্তিত আদিম বৌদ্ধা হ'তে বিচ্যুত হয়নি। তারা আঞ্জ গৌ व्यक्तिया निर्दर्भिक मन्न भर्षहे हत्तरह দিংহল ব্ৰহ্মদেশ ও খাম অঞ্চলে এখনও দে প্রাচীন বৌদ্ধর্ম অবিকৃত অবস্থার বিভয়া বয়েছে।

'বোরোবৃত্ব' মন্দির কিন্ধ উত্তর ভারতী বৌদগণেরই অবিনখন কীর্টি। উত্তর ভার তের ধর্মপদ্ধতির সন্দে তদানীন্তন শিল্লকণা চরম পারা কা ঠা ও এই মন্দিরের প্রত্যে অংশে প্রতিক্ষিত। মানবচিত্ত যে কেবলগা

করেকটি ধর্মোপদেশ ও বিধিবিধান মেনে চ'লে পরিত্ থাকতে পারেনা, ভার প্রাণ যে প্রার জন্ত দেবভা পারে লুটিয়ে পড়তে চায়, সে যে ভার কল্পনার ইষ্টম্ভির রূপ দিলে অর্চনা করবার জন্ত ব্যাক্ল এর প্রমাণ জগতে র্ধান্তই খুঁজে পাওয়া যায়। ত্মৃতরাং বৌদ্ধর্ম যা হিন্দুর ন্তি পূজার সম্পূর্ণ বিরোধী, তার মধ্যেও শেষ পর্যান্ত নির প্রবেশাধিকার সম্ভব না হ'রে পারেনি।

অনুমান ৮৫০ খুঃ অব্দে 'বোরোব্যুর' 'মন্দিরের ন্দ্রাণ-কার্য্য আরম্ভ হ'য়েছিল বটে, কিন্তু শেষ হয়ে যেতে ত বংসর লেগেছে। কেউ কেউ বলেন এ মন্দির শেষ যুদ্ধি। মানুষের শক্তির সীমা আছে, বোঝাবার জন্তই িট অসমাপ্ত রাখা হ'ষেছিল। কেউ বলেন নির্মাণ-্রাগ্য শেষ হবার আগেই আরের গিরির উৎপাতে নিরের কাজ বন্ধ হয়ে গেছল। বাই হোক:--বিশেষজ্ঞেরা এর নির্মাণ-কৌশল সমকে বিশেষ পর্যাবেক্ষণ ৰ গবেষণা ক'রে স্থির করেছেন যে, এই মন্দিরের নিশাতারা তাঁদের প্রথম কল্পনা অনুযায়ী এর যে নক্সা করেছিলেন, পরে একাধিকবার তা'-পরিবর্তন ক'রে-চিলেন: কাজেই মন্দিরটিরও নানা অংশ একাধিকবার পরিবর্জ্জিত ও পরিবর্দ্ধিত হয়েছিল। বাইরে থেকে 'বোরোবছর' দেখতে একটি সোপান-শ্রেণী পরিবেষ্টিভ ব্যুক্ত মন্দির। পূর্ব্বেই বোলেছি একটি অনুনত পর্বাতকে এই মন্দিরের ভিত্তিরূপে ব্যবহার করা হয়েছে। মন্দিরটি বলভ্ৰ হ ওয়াতে পাহাডটি কেটে বহুকোণ ক'রে নিতে হয়েছে। মন্দিরটি ১৫০ ফিট উচ্চ, এর এক একটি দিক रिमर्र्या अनाम १२ किछ। किछ अत कारमामिक है ठिक সরল রেখার নর বলে মন্দিরটি মিশরের পিরামিড বা মধ্য আমেরিকার পিরামিড আকারের প্রাচীন মন্দিরগুলির অপেকা দেখতে অধিকতর সুষ্ঠু। এ মন্দিরের ভিত্তি-প্রান্ত পরের পর ঠিক সমভাগে বিভক্ত হয়ে মধ্যে মধ্যে কেন্দ্র শীমা হ'তে অভ্যন্তর প্রদেশে অন্ধপ্রবিষ্ট হওয়াতে এর সকল দিক অসংখ্য কোণে পরিবেষ্টিত। এইভাবে মন্দিরটি গঠিত হওয়ায় ঋজু ও সমতল রেখার পরস্পর সমিলনে মন্দিরটি দেখতে হয়েছে যেন পাষাণে গঠিত একটি ছন্দোবন্দন। ভারতীয় স্থাপত্যকলার এই বিশেষ্থই 'বোরোবুছর' মনিবের শিলীকে আমাদের নিকট পরিচিত ক'রে দিয়েছে।


মন্দির-গাতের অসংখ্য কোলদা এবং ছোট ছোট শ্রেণীবদ্ধ স্থপের দীর্ঘ-শৃদ চূড়াগুলি মন্দিরের ঋদু রেথাকে আরও স্থম্পট্ট করে তুলেছে এবং এর ত্রিকোণাংশকে

দৃষ্টির অন্তর্নালে নিম্নে গৈছে। 'বোরোবৃত্র' মন্দিরের আর একটি বিশেষত হ'ছে যে, মন্দিরটি বহুকোণ হ'লেও এর ছাল চক্রাকার। এটি বহুত্তর-বিশিষ্ট মন্দির। এর শেষের তিনটি তারই গোলাকার। সোপানশ্রেণী দিয়ে পরের পর প্রত্যেক তারে ওঠা যার। প্রত্যেক তারের প্রবেশ-পথে মকর-মুখ তোরণকার আছে। মন্দিরের প্রথম তারটি অর্থাৎ ভিত্তিপীঠের উপরটি চারপাশ খোলা দালানের মত। কিন্তু, তার পরের চারটি তার দেওয়ালের




ধ্যানী বুদ্ধ মৃর্ত্তি (মন্দির-গাত্তের অসংখ্য কোলন্ধার প্রভ্যেকটিতে এই রক্ম এক একটি পুন্দর বুদ্ধুর্ত্তি ছিল)

মত প্রাচীর ঘেরা। প্রত্যেক শুর ভার আগের শুরের চেরে ছোট হ'রে হ'রে ক্রমে চূড়ো পর্য্যন্ত পৌছেচে ব'লে এই সব শুরের ছাদগুলির প্রান্তভাগ -দেখতে যেন গ্যালারীর মত সালানো। মন্দিরের: চারিদিক এই




মন্দির-গাত্রে উদগত শিলাচিত্র (মন্দিরের প্রাচীর-গাত্রে প্রায় ২১৪১ খানি বৃহৎ পাষাণ-ফলকের উপর বৌদ্ধ ভাতকের নানা চিত্র উদগত আছে)




আর একথানি শিলা-চিত্র (বৃদ্ধদেবের জন্ম থেকে পরি-নির্ব্বাণ পর্যান্ত তাঁর জীবনের প্রত্যেক ঘটনা শিলাচিত্রে পরের পর এমন স্মূল্ট উন্ধান্ত করা আছে বে এই মন্দির দর্শনের সঙ্গে সংক্র্যুক্ত জীবনী সহদ্ধেও দর্শকের অভিজ্ঞতা লাভ হয়)

গ্যালারীর মত পরের পর পেছিল ক্রমোক হরেছে বলে' দৃষ্টি কোথাও বাধেনা; প্রত্যেক অরের প্রাচীন বেইনও পরের পর ক্রমেই পেছিনে গেছে। স্কুরাং মন্দিরের দিকে চাইলেই যেদিক থেকেই দেখিনা কেন মন্দিরের সম্পূর্ণ রুপটি দেখতে পাওয়া যার।

মন্দিরের প্রত্যেক ভরে a প্রাচীরবেটনী আছে তার উপ্র मिटक छुत्रकम को क को याँ करा খাছে। এই তুরক্ম কারুকার্য্যে কোনটিই অনাবখ্যক করা হয়নিঃ প্রত্যেকটিরই এক একটি বিশেষ প্রয়োজন আছে। এখানে বনে রাথি যে ভিতরদিক থেকে প্রভাব ন্তবের এই প্রাচীর বা দেওয়ানের নীচের দিকটা সেই স্তরের দেওয়াল কিছ উপর দিকটা দিকীয় অবের বহিপ্রাচীর। কাজেই উপর দিকের বে কারুকার্য্য তা' বৃহৎ আকারে করা, কারণ দূর থেকেও ডা প থি কের দৃষ্টি আবাকর্যণ করতে পারবে। এইদিকে বে কোললা-গুলি আছে সে ওধু বড় নয়, গভীরও বেশী। এই কোলদার প্রত্যকৃটির মধ্যে এক একটি স্বুহৎ ধ্যানীবুদ্ধের মূর্ভি স্থাপিত ছিল। প্রত্যেক মুর্তিটিই পদ্মাদনে আমাসীন কুপ, পভীর ধ্যানমগ্র ধ্যানসমাহিত মৃর্ত্তি। এই মৃর্ত্তির প্রত্যেকটি ভার ভীর ভার্থ্যের অতি স্থানিপুণ নিদর্শন। পাষাণের উপর এরপ ক্স কারুকার্য্যথচিত ভাবষাধুৰ্ব্য-মণ্ডিত জ্যোতি ৰ্ম্ম প্ৰতিমূৰ্ত্তি পুৰ অন্নই দেখতে পাওয়া



মন্দির-প্রাচীর ও ছাদ (অসংখ্য শিলাচিত্র উদগত এই মন্দির-প্রাচীর। প্রাচীর-সাত্রে কোলজা ও ভার মধ্যে বৃদ্ধমূর্ত্তি। নিমের ও উপরের প্রাচীরের মধ্যে ছাদ দেখা বাছেছ)




মলির-গাত্তে উলাত শিলা-চিত্র (নিয়ে বালবুদ্ধের লীলা, উপরে অর্হত বুদ্ধের ধর্মোপদেশ কথন)

ার। একটি মৃর্জি দেখলেই মনে হয় এ রূপ একেবারে মহিতীর। শিল্পী বোধহর তার সারাজীবনের সাধনার এই মৃর্জিটি গড়েছে। কিন্তু যথন দেখি যে এই একই রকম অপরূপ প্রতিমৃর্জি সেধানে সারি সারি প্রার চার শতাধিক রয়েছে তথন আর দর্শকের বিশ্বরের অবধি থাকেনা।

এই মৃত্তিগুলির পরম সৌন্দর্যাই মন্দিরটির ধবংসের কারণ হ'রে উঠেছিল। একাধিকবার শক্রর আক্রমণে এই মন্দির বিধ্বস্ত হ'রেছে। যারা পেরেছে, মন্দির থেকে এই মৃত্তি লুঠ ক'রে নিরে গেছে। বৌদ্ধ-বিদেষী যারা ভারা বর্জারের মত এই সুন্দর মৃত্তির্ভ মাথা ভেডে দিরে যুগের শিল্পীর। কোথাও এতটুকু স্থানও শৃশু ফেলে রাথতেন না। মন্দিরটির আগাগোড়া এমন এক বিগত স্থানও কোথাও নেই যেথানে স্থাক শিলা-শিল্পীর অরস্-থোদনকের কার্য-ম্পূর্ণ গড়েনি।

প্রাচীর-গাতের নীচের দিকেও ভিন্ন ভিন্ন পাধাণফলকে উদাত শিলাচিত্র আছে। এগুলি দূর থেকে দেখা
যায় না বটে, কিন্ধ মন্দির দর্শনে যারা উপরে ওঠে, তাদের
চোথে এর সৌন্ধ্য ও বৈশিষ্ট্য ধরা পড়ে। গভীর
রেখায় চিত্রগুলি পাষাণের উপর উদগত হয়েছে। এ
চিত্রের কলা-কৌশল ও রচনা-নৈপুণ্যের মধ্যে বে



সর্বলেষ প্রাচীর (এই প্রাচীরের পর মন্দিরের যে তিনটি শুর স্বাছে তাতে স্বার প্রাচীর-বেইনী নেই। প্রাচীরের কোলে নিয়ন্তরের ছাদ দেখা যাচ্ছে)

গেছে। ধর্মের গোড়ামী মাস্থকে বে কতদ্র অন্ধ করে, তার পরিচয় ভারতবর্ধেরও একাধিক বিধ্বন্ত মন্দির নি:শব্দে বহন ক'রছে। কোলদার অভ্যন্তরে প্রতিষ্ঠিত এই বৌদ্ধ মূর্তিগুলিই মন্দিরের নিমন্তরের প্রধান শোভা ও সৌন্দর্য্য; দ্র থেকেই এগুলি দর্শকের দৃষ্টিকে মৃথ্য করে। চৃটি কোলদার মধ্যস্থলে পাবাণ-ফলকে উদগত শিলা-চিত্র মন্দিরটির আপাদমন্তক অলম্ভত ক'রে রেখেছে। সে

নম্বনাভিরাম সৌন্দর্য্য ও ছল-মাধুর্য্য বিকশিত হয়ে উঠেছে ভারতীয় ভাস্কর্য্য ও শিল্পকলার প্রধান ঐশ্বর্যাই সেইথানে। চিত্রগুলির বিষয়-বল্প প্রভাতকটি বিভিন্ন, যদিও, সবগুলিই বৌদ্ধ জাতক অবলম্বনে চিত্রিত। গৌতম বৃদ্ধের বর্তমান জীবনের প্রভ্যেক উল্লেখবোগ্য ঘটনা, তাঁর জন্মের পূর্ব্ব থেকে মহানির্ব্বাণ পর্যান্ত এই চিত্র-গুলিতে পরিক্ষ্ট করা হয়েছে। গৌতমের গভ জন্মেরও

বহু ঘটনা এই সব শিলা-চিত্রে খোদিত খাছে। মন্দিরের তৃতীর স্তরে খনাগত গৌতম যিনি মৈত্রের বৃদ্ধ নামে উল্লিখিত হ্রেছেন, তাঁরই বিবরণ বিশেষ ভাবে চিত্রিত করা হ্রেছে।

মন্দিরের চতুর্প ভবে ধ্যানী বুদ্দের ও বোধিস্বগণের বিবরণ চিত্রিত হয়েছে। এথানে স্বর্গলোকের কল্পনা-স্লাভ নানা বিমোহন দৃশ্রের স্পবতারণা করা হয়েছে।

দিদার্থের প্রতিমৃর্টি

এই চিত্রগুলি মনোধোগের সহিত পর্য্যবেক্ষণ ক'রলে শিল্পীর আশ্চর্য্য পরিকল্পনা ও ক্ষম কার্ফকার্য্য দেখে বিশ্বয়ে নির্ব্বাক হ'রে থাকতে হয়। শিলাপটের রচনা-কৌশলে ভারতীয় শিল্পীরা যে রূপ-দক্ষতা ও কলা-ক্সানের

পরিচয় দিয়েছেন তার আর তুলনা মেলে না। ভালমানে আপ্র সমতা রক্ষা ক'রে চলার ভাদের নিপুণ হাতে ভার্য্য-নিল্লে যে একটি স্থলনিত ছন্দ বিকশিত হরে উঠেছে ভারতীয় স্থাপত্য-কলা তার সাহায্যে আকও কাতে অভিতীয় হরে রয়েছে।


পাবাণ-ফলকে ক্রমাগত সারি সারি শিলাচিত্র যদি চোথে পড়ে তাহ'লে সে যত স্থলরই থোদিত হোক না ক্রে—সেগুলি দর্শকের চোথে একবেরে ঠেকে এবং তার ধৈগ্যচ্যতি ঘটায়। বোরোবৃত্রের শিল্পীদের এ-কথা



কোলবার অভ্যন্তরত্ব বৃদ্ধমূর্তি

অজ্ঞাত ছিল না, তাই বোধ হর মন্দিরের প্রাচীরগাত্র পরের পর সমভাগে বিভক্ত হর মধ্যে মধ্যে কেন্দ্র হ'তে অভ্যন্তর প্রদেশে অন্তপ্রবিষ্ট করা হরেছে। এর ফলে দর্শকের দৃষ্টিতে প্রত্যেকবার প্রাচীরের অংশ-বিশেষ শাত্র ধরা পড়ে এবং অপরদিক অদৃত্য থাকে, স্তরাং

গারা মন্দির প্রদক্ষিণ করলেও কোথাও এর কারুকার্য্য
এক্ষেরে মনে হর না। ছাদের কার্নিশেরও মধ্যে
মধ্যে বড় বড় মকর কুন্ডীর হালর প্রভৃতির মূথের
অন্ত্রকারণে কল নিকাশের জন্ত স্থান্ত নল লাগানো আছে,
এক্ষ্য মন্দিরের ছাদের আলিশার ধারটিতেও একটা
বৈচিত্রের সৃষ্টি হরেছে। জল বাবার জন্ত মন্দিরের
চারপাশে স্কড্লের মন্ত লোকচক্রের অন্তরাল ক'রে
মালা কাটা আছে।



মন্দিরের একটি কোণ (একদিকে জলনিকাশের দ্যিংহ মুখ নল দেখা যাচ্ছে)

নীচৈর প্রাচীর-বেষ্টিভ চতুছোণ ন্তরগুলির উপরই বিদ্ধির চুড়ার শেষ্ তিনটি চক্রাকার ন্তর গড়ে উঠেছে। এ ভিনটি ন্তরের কোনো প্রাচীর বেইনী নেই। এর গঠন-পছড়িও একেবারে ভিন্ন রূপ। মন্দির দর্শনার্থীদের এখাকে আর গালারীর মত ক্রমোচ্চ পথে ও শিলা-চিক্র-বিশ্তত প্রাচীরের পাশে ঘুরে বেড়াতে হর না। এখানে উন্মৃত ক্রেক্রে খোলা ছাদের উপর দীড়িরে ভারা সমূধের

অসীম বিজ্ঞ শ্রাম শোভা নিরীক্ষণ ক'রতে পারে, তাদের পশ্চাতে থাকে মন্দির চূড়ার মূল দেশ যার সর্কোচ্চ শুরুটি মন্দিরের প্রধান অভিষ্ঠাভা দেবতার পূজা-গৃহ। সর্কা শে: যর এই তিনটি শুরের ধারে ধারে সারি সারি শৃজ-চূড়াযুক্ত শুণের মত ছোট ছোট জালিকাটা গস্থুজ সাজানো আছে। এই গম্পুজ্ঞালির প্রত্যেকটির মধ্যে পদ্মাসনে উপবিষ্ট বৃদ্ধমূল্তি স্থাপিত আছে। অপ-গাত্রের মর্শ্বর-জ্ঞালিকার ভিতর থেকে এ মূল্গুলিকে আব্ছা আব্ছা দেপতে পাওয়া যায় যেন সেই মহাপুক্ষের


অসংখ্য ছারা-মূর্ত্তির মত।

मन्मित्रत मत्क्वाक छत्त त्यथान क्षरान त्मरमृष्टि স্থাপিত ছিল তা'র উপর একটি মাত্র ব্যোমমুখী দীর্ঘ ঋড়ু শৃৰযুক্ত স্তপাকার প্রকাণ্ড গমূজ ভিন্ন আর কিছু নেই। এখানে আর কোনো কারু-কার্যাও খোদিত করা হয় নি। এখানে এসে মনে হর যেন মানুষের সব কিছু ক লাকৌ শ লের ষতীত লোকে এনে পৌছেচি! এই চূড়ার অভ্যন্তরে দৃষ্টিপাত ক'হলে বোঝা যায় এর মধ্যে চু'টি গর্ভগৃহ ছিল, একটির উপর আর একটি, কিছ এর মধ্যে যে চটি মৃতি ছিল তা অপসারিত হ'রেছে। ছ'টি গর্ভগৃংই আৰু শৃক্ত পড়ে রয়েছে। বিশেষজ্ঞেরা বছ গ্রেষণা করেও আঞ্চও স্থির ক'রতে পারেন নি যে সে কোন বৃদ্ধ্র্তি যা এই বিরাট মন্দিরের সর্কোচ্চ চূড়ার সংস্থাপিত হয়েছিল। অনেকে অনুষান করেন যে এথানে ছিল সেই আদি বুদ্ধের প্রতিমৃত্তি যিনি সকল বুদ্ধের পূর্বাস্তন ও সকলের আপেকা শ্রেষ্ঠ। যিনি সর্বাদক্তিমান ভগবান স্বরূপ, যিনি নিখিল বিশ্বের পরমেশ্বর ।

আবার কোনো কোনো অভিজ্ঞের মতে স্থির হরেছে যে সর্ব্বোচ্চ চূড়ার মধ্যে যে ছ'টি গর্ভগৃহ রয়েছে ভার নিয়েরটিতে বহু মূল্যবান আধারে গৌতম বুদ্ধের ভন্মাবশেষ রক্ষিত ছিল এবং উপরেরটিতে তার একটি মণিময় মৃষ্টি স্থাপিত ছিল, সম্ভবতঃ বিদেশী দক্ষ্যরা ভা চুরি করে নিরে গেছে!

हिम्प्रचारक निष्यक्ष करत्र ववधीरण रवीक्ष्यच अकतिन

প্রাধাক্ত লাভ করেছিল বটে, কিছ, কালক্রমে ববদীপে মৃস্বান আধিপত্য স্থাপিত হওয়ায় বৌদ্ধার্থকে কোণঠেসা করে ইস্লাম ধর্মই সেথানে বড় হয়ে উঠেছিল।
ফলে বৌদ্ধ মন্দির ও বিহারগুলি পরিত্যক্ত ও ভয়ঝপে
পরিণত হ'য়েছিল। অবশ্য পৌত্তিক্তার বিরোধী



ভোরণ-ছার (সর্কোচ্চ চ্ডার উপর শৃক্ষ মন্দিরের প্রবেশ-পথে ভোরণ-ছার)

মৃদ্যানগণের আক্রমণে বহু বৃদ্ধমৃত্তি সেখানে চুর্ণবিচুর্ণ ১'য়েছিল বটে, কিন্তু দক্ষা ও আনাড়ি প্রত্যুত্তিক- দের অভ্যাচারে মন্দিরগুলির ভার চেরেও বেশী ক্ষতি হরে গেছে! যবদীপ বর্তমানে ওলান্দাজদের শাসনাধীনে আছে। সোভাগ্য বশতঃ ওলান্দাজ শাসনকর্তাদের দৃষ্টি বোরোবৃত্র মন্দিরের প্রতি আরুট হরেছিল। তাঁরা এ মন্দিরের মর্য্যাদা ও মৃল্য বৃষ্ধতে পেরে বছ বত্ত্বে এর সংস্কার ক'রেছেন। অনেক অমুসন্ধান ক'রে এই মন্দিরের বছ অপহত মৃর্ত্তি পুনরুদ্ধার করেছেন এবং যথাস্থানে সেগুলির সন্ধিবেশ করেছেন।

'বোরোবৃত্র' মন্দিরের বিগ্রাহ বা আত্মা আজ্ব আন্তর্হিত হ'রেছে বটে, কিন্তু এর বহু অসম্ভূত বিরাট দেহ আজ্ঞও বিশ্বের বিশার উৎপাদন ক'রছে! একে দেখলে মনে হয়—এ বৃঝি মৃত্তিত হ'রে পড়ে ররেছে, আজ্ঞও প্রাণহীন হয়নি একেবারে। হয়ত এমন এক দিন আসবে যে-দিন এ ভার দীর্ঘ স্থায় হ'তে জেগে উঠে বিশের বন্দনায় পুনরায় মৃথরিত হ'রে উঠবে! কবি ব'লেছেন—

"...পীড়িত মান্ন্য মৃক্তিহীন,—
আবার তাহারে
আসিতে হবে এ তীর্থ ছারে
তনিবারে
পাষাণের মৌন-কণ্ঠে যে বাণী রয়েছে চির স্থির
কোলাহল ভেদ করি শত শতালীর
আকাশে উঠিছে অবিরাম
অমের প্রেমের মন্ত্র—"বৃদ্ধের শ্রণ লইলাম।"
("বোরোবৃদ্ধর"—রবীক্সনাথ)



বাঙ্গালার জমিদারবর্গ *

আচার্য্য সার এপ্রথমুলচন্দ্র রায়

(8)

বর্ত্তমান ক্ষমিদারদিগের ইতিহাস পর্য্যালোচনা করিলে (मधा यात्र (य, अधिकाः अधिमात्रित्र अर्जन शुक्रवकात ছারা সংঘটিত হল নাই! মুসলমান রাজত্বের সময় याहारमञ् अञ्चानम रहेमाहिन, छाहारमञ् कथा वनिरङ গেলে সর্বপ্রথমে নাটোর রাজবংশের প্রতিষ্ঠাতা রখুনন্দনের নাম উল্লেখ করিতে হয়। স্রোত্যিনী পুরার বিশাল জলরাশি যে বরেজভূমির পাদদেশ প্রকালিত ক্রিতেছে, সেই বিন্তীর্ণ জনপদই রাজশাতী পরগণা। অনামধক্ত রঘুনন্দন বাল্যে অভিশয় দরিদ্র हिल्म : এवः भू विश्रोत क्यामी मर्भनाताग्रत्गत क्यू श्रद পালিত হন। খীয় প্রতিভা এবং বৃদ্ধিগভার বলে তিনি তৎকাণীন মূর্শিদাবাদের নবাব মূর্শিদকুলীখার ষ্মত্যন্ত প্রিরপাত্ত ইইয়া উঠেন। এই মূর্লিনকুলীখা একজন দক্ষিণপিথবাসী ব্রাহ্মা-সন্তান ছিলেন। পরে ইসলাম ধর্মে দীকিত হন। বাজম সংক্রান্ত বিষয়ে তাঁহার পারদর্শিতা দেখিরা সমাট ঔরদক্ষেব তাঁহাকে বাদলার स्रवामात कतिया शांठान । नवांवी आंभात यमि अविठात ও সামরিক বিভাগে মুনলমানগণের একাধিপত্য ছিল; কিন্ত বাজৰ সংক্ৰান্ত বিষয় হিন্দুদিগের সাহাযা ডিয় ্চলিত না। এই কারণে কাত্রন্গো প্রভৃতি পদ অবলম্বন পূর্বক অনেক হিন্দু দেওয়ানী পদ পর্যান্ত প্রাপ্ত হইতেন। व्रधुनन्त्रन यथन मूर्नित्कृतीयात खनव्यत পভिত हरेशा धरे গৌরবময় পদে অধিষ্ঠিত ছিলেন, তথন বাদলার অমিদার-দিগের নির্যাতনের ইতিহাস এক অপূর্ক কাহিনী। বাকী কর আদায়ের জ্বল জমিদারদিশের উপর উৎপীড়ন

করিবার বছ প্রকার কৌশল উদ্ভাবন করা হইত। তন্মধ্যে ২ বৈকুঠে প্রেরণই হইতেছে সর্বাপেক্ষা ব্যক্ত।

এইরপ অত্যাচারের পরও বদি রাজ্য অনাদার থাকিত তাহা হইলে জমিদারি একেবারে বাজেরাপ্ত করা হইত। রুথ্নন্দন এই স্থবর্গ স্থযোগে অনেক বিশাল জমিদারি তদীর আতা রামজীবনের নামে বন্দোবস্ত করিয়া লন। বদ্নামের এবং লোকনিন্দার ভরে নিজ নামে কথনও সম্পত্তি বন্দোবস্ত করিয়া লন। বদ্নামের এবং লোকনিন্দার ভরে নিজ নামে কথনও সম্পত্তি বন্দোবস্ত করিতেন না। এই প্রকারে অভি অল্ল কাল মধ্যেই ভিনি সমগ্র বাজ্লার এক-পঞ্চমাংশের মালিক হইরা উঠিলেন। তাঁহার এই অত্যল্লভির ফলেই বাজ্লার "রুথ্নন্দনের বাড়" এই প্রবচনের স্তি ইইরাছে। তাঁহার নামের সঙ্গে এই প্রবাদ বদিও বাজ্নীয় নহে, তথাপি এ কথা খীকার করিতে হইবে যে, এই জমিদারির অর্জনের মূলে সম্পূর্ণ সাধুতা ছিল না।

দীঘাপতিয়ার রাজবংশের প্রতিষ্ঠাতা দমারাম রাচ শৈশবে অতি দরিত্র ছিলেন। তথনকার নাটোরের মহারাজা রামজীবন রাল্লের স্থনজ্বে পতিত হইরা ইনি সোতাগ্যবান হন। ত্বণার রাজা সীতারাম বিজোহী হইলে এই দলারামই তাঁহাকে বন্দী করিলা নাটোর রাজবাড়ীতে আনমন করেন এবং তাঁহার ধন

(২) বর্ত্তমান পাঠকগণের নিকট বৈকুঠের পরিচয় হয়েয়লন ইইড পারে। হিন্দুদিগকে উপহাসক্তলে পুতি-গলমর বিষ্ঠার বারা পরিস্^{র্ণ} পুছরিলীকে বৈকুঠ নামে অভিহিত করা হইত।

বিগত কার্ত্তিক সংখ্যার 'ভারতবর্ধে' বালালার জমিদারবর্গ শীর্থক প্রবন্ধে রাজসাহী কলেজ খাপনে যাঁহারা অর্থ প্রদান করিয়াছেন, তাহারো কথা বলা হইয়াছে; কিন্তু ভূল ও ক্রটি বণতঃ প্রবলহাটী রাজবংশের কথার উল্লেখ করা হয় নাই। তাহারা এই কলেজ সংখাপনের লল্ভ বিপুল সম্পৃত্তি দান করিয়াছেন; এবং এখনও প্রতি বৎসর পাঁচ হাজার টাকা করিয়া জনির মূনকা বাবদ কলেজের উন্নতি কল্পে ব্যক্তিত হয়। এতদ্বিধ নানী হিতক্র অনুষ্ঠানে জীহায়া জন্মশ্র দান করিয়াছেন।

[≠] ভ্ৰম সংশোধন ঃ—

র্ত্নাদি সুঠন করেন। অভাপি দীণাপতিরা রাজবাটীতে দীতারাম রাজের গৃহবিগ্রহ শীক্ষজীর পূজা হইরা থাকে। বর্তমান মুক্তাগাছার আচার্য্যবংশের প্রতিষ্ঠাতা শীক্ষজ আচার্য্যও মুর্শিক্ষুলীর্থার অন্ধ্রহে উরতির উচ্চ শিথরে আরোহণ করেন।

এইবার ইংরেজ রাজ্যাের সজে সজে যে সকল জ্মিলারের অভ্যানর ইইরাছে, তাহাদের কথা বলিতেছি। কাশিমবাজার রাজবংশের আদিপুরুষ কান্তবাবর নাম আজ বাজলাদেশের স্ক্রজনবিদিত।

ইংরাজ বণিক্দিগের ব্যবসা সম্পর্কে কান্তবাব ওয়ারেণ হেষ্টিংসের সহিত স্বিশেষ পরিচিত হন। ওয়ারেণ হেটিংস এই সময় কাশিমবাজার কুঠাতে একজন নিম্ভম কর্মচারী ছিলেন। ১৭৫৬ খৃঃ আলিবর্দির মৃত্যুর शत शिकाकात्मीला मूर्लिमावात्मत नवाव इडेबा डेःबाटकत উচ্ছেদ দাধনে কুতদকল হন, এবং অবিশ্য কাশিম-वाकात कुठी चाकम करतन। है ताकश वनी इहेश प्रिमितिक (श्रीज इंदेरन्न। (इक्षि:म् ५३ मन्डक हिल्ला काम कोमल मुर्मिनातान इटेट अलावन করিয়া ওয়ারেণ হেষ্টিংস্ কালিমবান্ধারে আসিয়া কান্তবাবুর আতার লন। নবাবের রক্তচক্ষকেও উপেকা করিয়া কান্তবার জাঁহাকে আশ্রন্থ দানে সম্মত হন। পরে ১৭৭০ খঃ যথন ওয়ারেণ হেষ্টিংস গভর্ণর ক্লেনা-রেলের পদে অধিষ্ঠিত হন, তথ্ন তিনি এই কাস্তবাবুর কথা ভূলিয়া যান নাই। নানা প্রকার অসতপায় অবলম্বন কবিয়া ভাঁচাকে অনেক লাভক্তনক ক্রমিদাবি প্রদান করেন, এবং সেই দিন হইতে কাস্তবাবুর ভাগ্যের উন্মেষ হয়।

নশীপুর রাজবংশের প্রতিষ্ঠাতা মহারাজা দেবীদিংহ
গর্ড ক্লাইডের দক্ষিণ হস্ত অরপ ছিলেন এবং কলে-কৌশলে
এই জমিদারি অর্জন করিয়া গিরাছেন। পাইকপাড়ার
রাজবংশের প্রতিষ্ঠাতা প্রজাবিন্দ সিংহও সেইরপভাবে
ভরাবেণ হেষ্টিংসের অন্ত্রাহে লন্ধীর কুণা লাভ করেন।
অমিদার-উৎপাড়নকারী ওয়ারেণ হেষ্টিংসের সহিত তাঁহার
নাম বিজড়িত আছে।

ইদানীস্তন কালেও দেখা যায় যে অনেক জমিদারের নাজারগণ লাটের খাজনা দাখিল না করিয়া বেনামীতে त्नरे मण्याखि **कावाद काव कविवा ख्वामी रहेबाह्म**। এইরপ বিশাস্থাতকভার নিদর্শন বাল্লাদেশে নিতান্ত বিবল নয়। ৩ চিবস্তায়ী বংলাবত্যের অব্যবহিত পরে যখন কলিকাতার জমিদারি নিলাম হইত, তথন এই বিখাস-খাতকভার ও প্রবঞ্চনার প্রাকার্চা প্রদর্শিত হইরাছে। टकान बक्टम शिक्षांनानिशटक चृष निक्षा निनाम आञ्चित्र পরওয়ানা গোপন করা হইত। দে সময় ফরিদপুর, বরিশাল প্রভৃতি দূরবর্তী স্থানে যাতায়াত করিছে ১০৷১২ দিনের কম লাগিত নাঃ স্তরাং গাঁহারা কলিকাতার বাসিদ্দা ছিলেন, ভাঁহারা অভি অল মল্যেই অনেক বিশাল ক্ষমিদারি ক্রম করিয়া ভ্রামী হইয়াছেন। এই সকল দ্বাস্ত হইতে স্পষ্টই প্রতীয়মান হয়, বর্তমান বাল্লার অধিকাংশ জমিদারিই পুরুষকার বারা অজ্ঞিত হয় নাই। অতি সৃদ্ধ ভাবে আলোচনা করিলে দেখা যায় যে, ইহার মূলে মিথ্যা, প্রবঞ্চনা, অসাধুতা এবং বছবিধ অক্যায়ের সমষ্টি অফুপ্রবিষ্ট রহিরাছে। সে সকল কথার উল্লেখ করিয়া আমি জমিদারদিগের বংশমর্য্যাদা কুল করিতে চাহি না। জমিদারি যে প্রকারেই অজ্জিত হইক না কেন. প্রজাব প্রতি জাঁচাদের সভাকার গুভেচ্চাই বাঞ্চনীয়।

কিন্ত ইংরাজ রাজত্বের প্রারত্তে জমিদারগণ যে কিরপ অভ্যাচারী ছিলেন, তাহা বর্ণনাভীত। সেই লোমহর্ণণ হৃদর্বিদারক অমাছ্যিক অভ্যাচারের কাহিনী লিপিবদ্ধ করিতে গিয়া আমি আমার লেখনী কলুষিত করিতে চাহি না। তৎকালীন ইংলণ্ডের বাগ্মিপ্রবর মহামতি Burke পার্লামেণ্টের সদস্তগণের নিকট প্রজা উৎ-পীড়নের যে বিবরণ প্রদান করেন, তাহা হইতে সামান্ত কিছু বলিতেছি। ৪ ইহা কথনও রাজত্ব সংগ্রহ নহে,

And here my Lords, began such a scene of cruelties and tortures, as I believe no history has ever presented to the indignation of the world, such as I am sure, in the most barbarous ages,

⁽e) At first the Zemindaries were sold not in the districts to which they belonged but in Calcutta at the Office of the Board of Revenue. This gave rise to extensive frauds and intensified the rigours of the measure.—Economic Annals of Bengal by J. C. Sinha, Page 272.

⁽⁴⁾ It was not a rigorous collection of revenue, it was a savage war against the country.

ইহা দেশের উপর অভ্যাচারের তাওব দীলা। জগতের ইতিহাঁসের পৃষ্ঠার এইরপ নৃশংসভার কাহিনী কদাচিৎ দিপিবদ্ধ হইরাছে। পিতা ও পৃত্তকে হচ্চুবদ্ধ করিয়া বথেচ্ছ পীড়ন, নারীর উপর পাশবিক অভ্যাচার, ইত্যাদির দারা রাজন্ব সংগ্রহ করা হইড। Burke এর সেই জালাময়ী ভাষা শ্রবণ করিলে দেহ রোমাঞ্চিত হয়। আমাদের দেশের অনেক অনেক বড় বড় জমিদারের পৃর্বপুরুষগণ ছিলেন এই উৎপীড়নের সহায়ক।

এইবার চিরন্থায়ী বন্দোবন্তের কথা বলিতেছি। ১৭৬৫ খটান্দে ইট ইণ্ডিয়া কোম্পানী দিল্লীর সমাটের निक्छे हहेटल वांचना विश्वं উভियात्र मिल्यांनी भूम লাভ করেন। কিছু দেই মৃহু: গুই তাঁহারা রাজস্ব সংক্রান্ত বিবরে হস্তক্ষেপ করেন নাই, কারণ, কোম্পানীর কর্ম-চারিগণ এ বিষয়ে সম্পূর্ণ অজ্ঞ এবং বিশেষতঃ দেশবাসীর নিকট একেবারেই অপরিচিত। সেই জন্ম রেকার্থা ও শীতাৰ রায় নামক ছুইজন নায়েব-দেওয়ান নিযুক্ত हहेरान धवः ১१७८ चुडीच हहेरछ ১११२ शृहीच भग्रस রাজ্য সংক্রান্ত বিষয় তাঁহাদের উপরেই অর্পিত ছিল। সেই বংসরের মে মাসেই কোম্পানী স্বহন্তে এই চুরুহ ভার গ্রহণ করেন: কিন্ধ তাঁহাদের প্রচেষ্টা বিফল হওয়াতে, লর্ড कर्न अप्राणिम ১৭৯० थुट्टारम वाक्यांत्र स्विमात्र निरंगत स्वक् চিরস্থারী বন্দোবন্ত প্রবর্ত্তিত করেন। চিরস্থায়ী বন্দোবন্তে অমিদারগণ ভূমির উরতিলক্ষকর লাভের অধিকারী কোন অজুহাতে রাজ্য মাপ হইতে পারিবে না স্তা: কিছ তাঁহারা প্রজার নিকট হইতে যে হারে খাজনা चामांत्र कक्न ना (कन, मव छांशारमबहे थाना । हित्रहाती

no political tyranny, no fanatic persecution has ever exceeded.

The punishments inflicted upon the Ryots both of Rungpore and Dinagepore for non-payment, were in many instances of such a nature, that I would rather wish to draw a veil over them than shock your feelings by the detail.

Children were scourged almost to death in the presence of their parents. This was not enough. The son and tather were bound close together, face to face, and body to body and in that situation cruelly lashed together, so that the blow, which escaped the

বলোবতে কিছ এই উপদেশ দেওরা আছে বে, ৫ জমিলারবর্গ প্রজাদিগের সূধ, স্থিধা ও উরতি বিধানে সর্বলাই যতুবান থাকিবেন।

কিছ এই চিরস্থায়ী বন্দোবন্তের অপব্যবহার হইতে লাগিল। কৃষির উরতি বিধান ও জমির উৎকর্ষ সাধ্যনা করিয়া জমিদারগণ নানারূপ বাজে আদারে প্রজানিগকে বিপ্রক করিতে লাগিলেন। তাহাতে বাল্লার প্রজাবর্গ দিন দিন নিঃম্ব হইতে লাগিল। ১৮৩২ খৃষ্টান্ধে James Mill পারলামেন্টের House of Commons এর সম্মুখে সাক্ষ্য দেন বে ৬ চিরস্থায়ী বন্দোবন্ত অনেক স্থলে প্রজাদিগের ত্র্দশার কারণ হইরাছে। জমিদারদিগের নিকট তাহারা জীড়পুত্তলিবং; এবং তাহাদের নিকট হইতে যথেজা শোষণ করা হইত। ধনী জমিদারগণের অধিকাংশই কলিকাতাবাদী বলিয়া জমিদার ও প্রজার মধ্যে কোন সংস্থাব ছিল না।

এইরপ অভ্যাচার হইতে প্রজাবর্গকে রক্ষা করিবার জক্ত ১৮৮৫ খৃষ্টাকে লওঁ রিপন বন্ধদেশীর প্রজাত্মত্ব আইন বিধিবদ্ধ করেন। এই আইনের ফলে জমিদারদিগের ক্ষমতা অনেকটা ধর্ম হইরাছে এবং প্রজাদিগের অধিকার কতকটা রক্ষিত হইরাছে। কিন্তু প্রচলিত প্রথামুসারে এখনও অনেক স্থানে প্রজাজমি হস্তান্তর করিতে পারে না

father, fell upon the son, and the blow which missed by the son, wound over the back of the parent.

-Burke's Impeachment

(e) The proclamation regarding the permanent settlement was couched in the language of distinct declaration as regards the rights of the Zeminders but in language of trust and expectation as regards any definition of their duties towards the ryots.

Land System in Bengal By K. C. Chowdhary, Page 35-

(e) I believe that in practice the effect of the permanent settlement has been most injurious the ryots are mere tenants at-will of the Zeminders in the permanently settled provinces. The Zeminders take from them all that they can get, in short they exact whatever they please.

I believe a very considerable portion of the Zeminders are non-resident, they are rich native who live in Calcutta.

বস্তমানে বাজলাদেশে যদিও তাদৃশ উৎপীড়ন নাই, তথাপি, আমি এ কথা বলিতে কখনও বৃত্তিত হইব না বে, জমিদারবর্গ ছস্থ প্রজাগণের নিকট হইতে তাহাদের বৃকের রক্তস্থরপ বে কর আদার করেন, তৎপরিবর্তে তাহারা কিছুই প্রতিদান দিতে পারেন নাই। ১৯১২ দালে খুলনার একটা কৃষি-প্রনর্শনী হয়। তত্ত্বে ম্যাজিন্তেটি শি. Hart কর্তৃক আহুত হইয়া তথার ষাই। থুলনার জমিদার রাজা হ্রবীকেশ লাহা, মহারাজ মনীক্রচন্দ্র নন্দীও বোমকেশ চক্রবর্তী প্রতৃতি তথার নিমন্তিত ইয়া ঘান। আমি সভাস্থলে বক্তৃতা প্রসঙ্গে বলিয়াছিলাম বে, যে জমিদার বৎসরে জন্ন তিন মাস কাল প্রজাবর্গের মধ্যে অবস্থিতি না করেন এবং তাহাদের তৃঃথ কটের প্রতি দৃষ্টি নিক্ষেপ না করেন, তাঁহার জমিদারি বাজেরাপ্র হওয়া উচিত।

বালসার জমিদারবর্গের উপর দেশের ও দশের উরতি অনেকথানি নির্ভর করিতেছে। কিন্তু চ্রভাগোর বিষয় এই বে তাঁহারা এ বিষয়ে একেবারেই উদাসীন। বাললাদেশের কৃষিজীবী আজও অক্ত ও কুদাস্বারাক্তর। ততুপরি ঝণগুন্ত হইয়া তাহাদের জীবনযাত্রা অধিকতর চ্র্কাই হইয়া উঠিয়াছে। পরনে কাণড় নাই, চুবেলা অর জোটে না; কিন্তু আজও ভাহাদের ভ্রত্থামিগণের বিলাসব্যাসন চরিতার্থ করিবার জল্ল তাহারা প্রণেপাত পরিশ্রম করিয়া তাহাদের সর্ব্বে দিয়া রিক্ত হইয়া গৃহে ফিরিভেছে। আর সেই নিরল্ন প্রজাগণের শোণিত স্বরূপ অর্থবল তাহারা নানারূপ বদ্ধেয়ালে অকাতরে নিংশেষ করিতেছেন। আমি জিজ্ঞাসা করি, কয়জন জমিদার তার বিশাল জমিদারির প্রাক্ষণে কয়টী নিম্প্রাইমারী বা উচ্চ প্রাইমারী বিশালর স্থাপন করিরাছেন ? কংটী পানীয়

জলের পুছরিণী থনন করিয়া দিয়াছেন ? আমি অচকে
দেখিয়াছি বে, স্থান্ত্রবন অঞ্চলের প্রজাবৃন্ধ নিদার্মণ
গ্রীত্মে নৌকাবোগে ৮১০ মাইল পথ অভিক্রেম করিয়া
পানীয় জল লইতে আসিয়া থাকে। আর সেইথানকারই
ভূষামী কলিকাভার বসিয়া পঞ্চাশ সহস্র বা লক্ষাধিক
মূদ্রা সেই জমিদারির মূনকা বাবদ ভোগ করিতেছেন।
শুধু ভাহাই নহে, এক একটী বিবাহে ৬০।৭০ হাজার
টাকা বায় করিয়া উহার বিশাল সৌধকে আলোকমালায় বিভ্ষিত করিতেছেন। ইহার অপেক্ষা অধিক
পরিভাপের বিষয় আর কি হইতে পারে ?

বিদ্দান উল্লেখ্য একটা প্রবন্ধে লিথিয়াছেন বে, "বহুদ্ধরা কাহারও নহে ভূমাধিকারিগণ ভাহা বন্টন করিয়া লওয়াতে ভাহা কিছু বলিতে হইল। যতক্ষণ জমিদারবাব্ সাড়ে সাত্মহল প্রীর মধ্যে রন্ধিন সামী প্রেরিত স্থিয়ালোকে স্থীক্সার গৌরকান্তির উপর হারকদামের শোভা নিরীক্ষণ করিতেছেন, ততক্ষণ পরাণ মণ্ডল, প্র সহিত তুইপ্রহর কৌডে, খালি মাথায় খালি পার, এক ইণ্টু কাদার উপর দিয়া তুইটা অস্থিচর্শ্ব বিশিষ্ট বলদে ভোতা হালে ভাঁহার ভোগের জন্ম চারকর্শ্ব নির্বাহ করিতেছে।"

বিদ্যুচন্দ্র সাতকীরা খ্লনা বাক্টপুর প্রভৃতি মহাকুমার ডেপুটী ন্যাজিনটুট ও কলেক্টর ছিলেন। স্বতরাং তাঁহার এই উক্তি কখনও কল্পন'-প্রস্ত উচ্চ্যুাদ নহে। ছুভিক্ষ, মহামারী, ভীষণ দারিন্দ্রের সহিত সংগ্রাম করিয়া বাকলার ক্ষিঞীবী আজও যে তাহার অভিত্ব বজার রাখিলাছে ইহাই বিধাতার আশীর্কাদ। আগামী প্রবন্ধে এই বিষয়ে আরও কিছু বলিবার ইছা রহিল। ৭

(॰) শীমান অর্থিক সরদার কর্তৃক অসুদিত।



লর্ড সিংহ

শ্ৰীবীরেন্দ্রনাথ ঘোষ

মোগল বাদশাহদিগের আমলে মহারাজা মানসিংহ, রাজা টোডরমল প্রভৃতি কয়েকজন বিজিত ভারতবাসী হিন্দু প্রাদেশিক শাসনকর্তার পদে নিমৃক্ত হইয়াছিলেন,—
সেকালে প্রাদেশিক শাসনকর্তার পদ বিজিতের পক্ষেও
নিতান্ত তুর্লভ ছিল না। কিন্তু ইংরেজের জামলে সর্ক্রপ্রথম
বে ভারতবাসী প্রাদেশিক শাসনকর্তার পদ লাভ করিয়াছিলেন, তিনি লর্ড সিংহ—বাদলার ও বাদালীর বড় জাদরের লর্ড সত্যেন্দ্রপ্রদান সিংহ অব রায়পুর। সত্যেন্দ্রপ্রদারর বিলাতী অভিজাত শ্রেণীর অন্তর্ভুক্ত হইয়া লর্ড
উপাধি লাভও বাদলার তথা ভারতের সামাজিক
ইতিহাসে সামান্ত ঘটনা নহে।

বীরভূম জেলার রারপুর একথানি কুদ্র গ্রাম: এই গ্রামথানি পূর্বে নগণ্য ছিল,—একণে হাহার দৌলতে বিশ্বখ্যাতি অর্জন করিয়াছে, সন ১২৬৯ সালের ১२**३ टे**ठव (हेश्**रतको ১৮৬०** शृष्टोरमन २८० मार्क) সেই গ্রামে সভ্যেন্দ্রপ্রদার জন্ম গ্রহণ করেন। বাল্যকাল তাঁহার গ্রামেই অভিবাহিত হইয়াছিল। বন্ধদে তিনি বীরভূম জেলাকুলে ভর্তি হন। শুষ্টান্দে সেই স্থল হইতে প্রথম বিভাগে এণ্টাুন্স পরীক্ষায় উত্তীর্ণ ৪ইয়া তিনি কলিকাতার আসিয়া প্রেসিডেন্সী কলেকে প্রবেশ করেন। তুই বৎসর পরে তিনি প্রেসিডেন্সী কলেজ হইতে এফ এ পরীকার উত্তীর্ণ হন। ইহার পর আর তাঁহার কলিকাতার পড়া হয় নাই —তিনি ভ্রাতা নরেন্দ্রপ্রসন্নের (উত্তরকালে সুপ্রসিদ্ধ মেজর এন. পি. সিংহ আই-এম-এদের) সহিত বিলাত যাতা করেন। বিলাতে তিনি আইন অধ্যয়নের জ্ঞা Lincoln's Inno ভৰ্ত্তি হন। আইন অধারনে ক্রতিত্বের অন্ত তিনি বহু পুরস্কার লাভ করেন এবং অধ্যয়ন শেবে ec গিনি উপহার প্রাপ্ত হন। প্রশংসার সহিত ব্যারিষ্টারী পরীক্ষার উত্তীর্ণ হইয়া সত্যেক্সপ্রসন্ন ১৮৮৬ খুষ্টাব্দে খদেশে প্রত্যাবর্তন করেন। তাঁহার ভ্রাতা নরেন্দ্র-প্রসন্নও সেই বৎসর আই-এম-এস পরীকার উত্তীর্ণ

হইরা সরকারী কের্মে নিযুক্ত হইরা দেশে ফিরিয়া আনসন।

ব্যারিষ্টারী ব্যবসারে প্রবৃত্ত হইবার পর, অক্সান্ত জুনিয়ার ব্যারিষ্টারের ক্সায় সত্যেক্সপ্রসন্তরও প্রথম প্রথম পসার জন্ম নাই। সেইজন্ত কিছুদিন তাঁহাকে বিষয়ান্তরে নিযুক্ত থাকিতে হইয়াছিল। এই সময়ে তিনি সিটি কলেজের আইন প্রেণীতে অধ্যাপকতা ক্রিতেন এবং পাইকপাড়ার রাজবংশের আইনের পরামর্শদাতার কার্যা ক্রিতেন।

কিন্তু প্রতিভা কথনও অনাদৃত থাকে না। কিছু কাল সামাল সামাল ছই চারিটি মোকদমার কাজ করিবার পর ১৮৯৪ খুষ্টাব্দে তাঁহার ভাগ্য প্রসন্ন হইল-তাঁহার গভীর আইন-জ্ঞান এবং মোকদমা পরিচালনের ক্ষমতা সাধারণের দৃষ্টি আকর্ষণ করিল: Farr নামক একজন ইয়োরোপীয়ান এটা একটি মামলার অক্ততম সাক্ষী ছিলেন, এবং মি: সিংছ ছিলেন অপর পক্ষের ব্যারিষ্টার। মিঃ ফার আইনজ্ঞ ব্যক্তি। সিংহ মহাশর এরুণ বাজিকে এমন দক্ষতা সহকারে জেরা করেন যে. অক্তাক্ত আইন ব্যবসাধীগণ এবং জনসাধারণ সকলেই বিশ্বরাভিভূত হন। এই এক মোকদমাতেই তিনি থ্যাতি লাভ করেন। ইহার পর হইতে বড় বড় মামলার লোকে তাঁহাকে নিযুক্ত করিবার ব্রক্ত ব্যগ্র হইরা উঠে, এবং তাঁহার ব্যবসায় প্রসারতা লাভ করে। ক্রমে তাঁহার পদার প্রতিপত্তি এত বৃদ্ধি পার যে গবর্ণমেন্ট ১৯০৪ খুটান্দে তাঁহাকে Standing Counsel এর পদে নিযুক্ত করেন। তুই বৎসর এই কার্য্য স্কুচারুক্সপে নির্বাহ করিবার পর ১৯ - ৬ খুটাব্দে এপ্রেল হইতে অক্টোবর পর্যান্ত সাত মাসের জন্ত ভিনি অন্তায়ী ভাবে Advocate General প্ৰয় নিযুক্ত হন। ইহারও ছুই বৎসর পরে ১৯০৮ খুটাব্দের মার্চ মাসে তিনি খিতীয়বার ঐ পদে নিযুক্ত হন। কিছ তিন মাস পরেই তাঁহাকে স্থায়ীভাবে নিযুক্ত করা হয়।

সরকার তাঁহার কার্য্যদক্ষতার এতই সংখ্যের লাভ

করেন বে, ১৯০৯ খুটাবের প্রারম্ভ ভারত গবর্ণমেন্টের Executive Council এ ব্যবস্থা সচিব (Law Member) এর আসন শৃস্ত হইলে তৎকালীন বড়লাট লর্ড মিন্টো গিংহ মহাশরকে এই পদে নিযুক্ত করিবার অভিপ্রায় প্রকাশ করেন। তৎকালীন ভারত সচিব লর্ড মর্লে ভারতে সম্প্রত হন। ভারতসম্রাটপ্ত এই নিম্নোগের অন্থ্যাদন করেন। ভদম্পারে ১৯০৯ সালের ২০এ মার্চ্চ এই নিমোগের সংবাদ সরকারী গেজেটে ঘোষিত হয়। ভারতবাদীদের মধ্যে সিংহ মহাশরই সর্ক্রপ্রথম এই পদ লাভ করিলেন। ১৭ই এপ্রেল তিনি যথন নৃত্র পদের কার্য্যভার গ্রহণ করেন, তথন ভোপধ্যনি করিয়া এই সংবাদ ঘোষণা করা হইরাছিল। এক বৎসর এই পদে কার্য্য করিবার পর তিনি স্বেক্ষার পদভাগে করেন।

ইহার পর তিনি আবার ক্লিকাতা হাইকোটে প্র্বং ব্যারিটারী ব্যবসার ক্রিতে থাকেন। অর্থ ও স্থান প্রচুর পরিমাণেই তাঁহার অধিগত হইতে থাকে। ইহার উপর রাজ-স্থানও তাঁহার লাভ হইতে লাগিল—১৯১৫ খুটাঝের ১লা জাল্লরারী নববর্ণের উপাধি বিতরণ উপলক্ষে তিনি নাইট উপাধি প্রাপ্ত হইরা ভার হুইলেন।

জনসাধারণও তাঁহার যোগাতার উপযুক্ত সম্মান দানে রুপণতা করে নাই—১৯১৫ খুটান্দের ডিনেম্বর মানে বড়দিনের ছুটাতে ভারতীয় জাতীয় মহাসমিতির (Indian National Congress) যে অধিবেশন হয়, তার সতোল্রপ্রেসর সিংহ মহাশর সর্কাসম্যতিক্রমে ভাহার সভাপতি
নির্কাটিত হন, এবং অভিশয় দক্ষতার সহিত এই গুরুভার কর্তবা পালন করেন।

১৯১৬ খুটান্ধে আর একবার তিনি অস্থায়ীভাবে Advocate General এর পদে কার্য্য করিয়াছিলেন।

১৯১৪ খুটাজে ইরোরোপীয় মহাসমর আরম্ভ হর।

মুদ্ধ কার্য্য অপরিচালনের অন্ত যে War Council গঠিত
হয়, ভারতবর্ষ হইতে ভাহাতে কয়েকজন প্রতিনিধি
প্রেরণের ব্যবস্থা হয়। তদক্ষ্পারে ভারত গবর্ণমেন্ট ভার
ক্ষেম্প মেষ্টন ও বিকানীয়ের মহারাজের সহিত ভার
সভোক্রপ্রসর সিংহ মহাশ্বকেও বিলাতে প্রেরণ করেন।

কিছু দিন পরে স্থার সভ্যেক্সপ্রসন্ন স্বদেশে প্রত্যাবৃত্ত হইলে বদীর গ্রণ্মেণ্ট তাঁহাকে বাললা গ্রণ্মেণ্টের শাসন পরিষদের (Executive Council) অক্ততম সদক্ত পদে নিযুক্ত করেন।

ইরোরোপীর মহাসমর শেব হইলে সন্ধির কথাবার্ত্তা আরম্ভ হয়। এই Peace Conference এ যোগ দিবার অক্ত ভারতবর্বের অক্তাক্ত প্রতিনিধির সহিত ভার সভ্যেক্ত প্রদান ইরোরোপে গমন করেন। সন্ধিপত্র আকরিত হইলে ভার সভ্যেক্তপ্রসার বধন বিলাতে গমন করেন। তথন উহাকে পুরুষাক্তক্রেমে লও উপাধি দিরা বিলাতী অভিজাত শ্রেণীর অক্তর্ভুক্ত করিয়া চুড়ান্ত রূপে সম্মানিত করা হয়। এই সময়ে ভিনি ভারতসচিবের আপিসে অক্তর্তম সহকারীর পদে নিযুক্ত হন এবং পার্লা-মেটারী আভার সেক্রেটারী রূপে লও সভার আসম গ্রহণ করেন। এই উপাধি ও এই পদও ভারতবাসীদের মধ্যে তিনিই সর্বপ্রথম প্রাপ্ত হন।

১৯১৯ খুরীকে ভারতবর্বের ক্ষন্ত নৃতন শাসন-ব্যবস্থা প্রণীত হয়। ভারতস্চিব মি: মণ্টেপ্ত এবং ভারতের বড়লাট লর্ড মিন্টো একত্র হইয়া এই শাসনবিধি প্রণয়নকরেন বলিয়া উহা মণ্টফোর্ড স্থীম নামে পরিচিত হয়। এই আইন বিলাভী পার্লমেন্ট দশ বৎসরের ক্ষন্ত বিধিবজ্ব হইলে ১৯২০ পুরীকে উহার কার্য্য আরম্ভ হয়। এই আইন অস্থারে ভারতের প্রভাক প্রদেশ এক একজন গ্রথবের শাসনাধীন হয়, এবং লর্ড সিংহ বিহার ও উড়িয়্যার গ্রথবির নিযুক্ত হন। ভারতবাসীদের মধ্যেইনিই সর্বপ্রথম এই পদ প্রাপ্ত ইইলেন। (কিছুকাল পূর্ব্বে ভারতবর্বে 'প্রথম বাদালী' শীর্ষক করেকটি প্রবন্ধে এই বিষয়ে স্বিশেষ আলোচনা হইয়া গিয়াছে।)

কিন্তু লর্ড সিংহ দীর্ঘকাল এই সন্মান উপজোগ করিতে পারেন নাই—অচির কাল মধ্যে তিনি শিরোভূর্ণন রোগে আক্রান্ত হইয়া পর বৎসর অবসর গ্রহণ করিতে বাধ্য হন।

ইহার পর হইতে শারীরিক অন্ত্রতা বশতঃ তিনি সাধারণের কার্য্যে আর বেশী বোগ দিতে পারিতেন না। সন ১০০৪ সালের ২০এ কান্তন (১৯২৮ খুটান্দের) ৪ঠা মার্চ রবিবার তাহার দিতীর পুজের কর্ম্যান বহরমপুরে অক্সাৎ হৃদপিণ্ডের ক্রিয়া বন্ধ হওয়ার তাহার দেহাবসান হর। তাহার মৃতদেহ মহাসমারোহে ক্রিকাতার আনমন পূর্বক সংকার করা হয়।

ভূমিকম্প

গত >লা মাঘ তারিথে অপরাহে ভ্মিকম্পে এ দেশের বে ক্ষতি হইরাছে, ঐতিহাসিক বুগে তাহার তুলনা নাই। বরণাতীত কাল হইতে বে এ দেশে ভূমিকম্প হইরা আসিরাছে, তাহাতে অবশ্য সন্দেহ নাই; কিছ সে সকল, বোধ হয়, ইহার তুলনার উপেক্ষনীয়। কয় বৎসর পুর্কে জাপানে বে বিষম ভূমিকম্প হইরাছিল, তাহার পুর্কে ১৮৯৭ খুটাকে এ দেশে ভূমিকম্পে বাদালার উত্তরাংশের ও আগানায়র বিশেষ ক্ষতি হইরাছিল।

গিজ্জাগুলি উপাসনারত নরনারীতে পূর্ব। প্রান্তর-নির্মিত বিরাট গিজ্জাগুলির পতনেই প্রায় ৩০ হাজার লোকের প্রাণবিরোগ হয়। অন্ত্যান—৬০ হাজার লোক এই আকৃষ্টিক উপদ্রবে প্রাণ হারাইরাছিল। যাহারা অব্যাহতি লাভ করিয়াছিল, তাহারা প্রাণরক্ষার চেষ্টায় ব্যবসাপ্রধান সহরের নব-নির্মিত মর্মরেপোতাল্লয়-বেদ'র উপর সমবেত হয়। তথন সহরের নিক্টয়্থ পর্বতভ্তিল হইতে বিস্তৃত প্রস্তর্যপ্ত গড়াইয়া পড়িতেছে—



পুদা-ইন্ষ্টিটিউটের প্রাহণ বিদীর্ণ হইয়া জল ও বালুকা উঠিতেছে

বছদিন প্রায় ১৭৫৫ খুটানের ১লা নভেম্বর প্রভাতে পোর্টু গালের রাজধানী লিসবন সহরে ভূমিক প্রজনিত ক্ষতির বিবরণই লোকের মনে আতত্তের সঞার করিত। আজও লিসবন সহর সেই ক্ষতের সব চিহ্ন মৃছিয়া ক্ষেলিতে পারে নাই। সে দিন "লগ সেণ্টস ভে"—পর্ব্ধ, (আলোকচিত্র-গ্রহীতা—শ্রীস্থরেশ ঘোষাল)
বিদীর্ণ পর্বতাক হইতে জায়িশধা উথিত হইরা জাকাল
চুম্বন করিতেছে। সমুদ্রের জল কমিয়া গেল—নদীর
মুধে চড়া দেখা গেল; তাহার পর জলরাশি প্রার ৫০
ফিট উচ্চ হইরা ফেনপুঞ্জচ্ছ জবস্থার জাসিয়া সহর
প্রাবিত করিল—পোতাজার-বেদীর চিছ্মাত্র রহিল না।



শিলভ গ্ৰণ্যেণ্ট প্ৰাসাদ—ভূমিকজ্জোর পর (১৮৯৭)



निवड शिक्त-क्षिकत्यात्र शत्र (३५३१)



भिगढ शवन्त्रमणे लागाम--कृषि करण्यत्र शृत्व (२৮२१)



मिन्ड शिक्का-क्षिक्ष्णात शृत्व (३४३५)

তাহার পর এ দেশের লোকের অভিক্রভার ১৮৯৭ খুটানের ১২ই জুন তারিখে সংঘটিত ভূমিকম্প প্রবল বলিয়া বিবেচিত হয়। জিয়লজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়ার ডিরেক্টার মিটার ওল্ডফাম ইহাকে লিসবনের ভূমিকম্পের সহিত ভূলিত করিয়াছেন এবং বলিয়াছেন ব্যাপ্তিতে

প্বা-ইন্ষ্টিটিউটের ডেরারী কম্পাউত্তে একটি ফাটন। ইহার এক পার্য এক স্কুটের বেশী বসিরা গিরাছে [আনোকচিত্র—শ্রীস্বরেশচক্র বোবান.]

ইহাকেই প্রাধান্ত প্রদান করিতে হর। বে ভ্পতে ইহা অন্তভ্ত হইরাছিল, ভাহার পূর্ব-দীমা---আসাম ও ত্রন্ধ এবং পশ্চিম-দীমা---সিমলা। দক্ষিণ দিকে মাজাল মদলী- পট্টমে এবং উত্তরে নেপালেও ইহার কম্পন অফ্ড্র হইয়াছিল। সে দিন মহরম শেষ হইয়াছে। অপরাফ্র নাটোর নগরে বলীয় প্রাদেশিক সমিলনের অধিবেশ্ব



সেণ্টজোদেক্স কনভেণ্ট অরফ্যানেজ—পাটনা

[আলোকচিত্— শ্রীবেজনাথ বাচ



মজাকরপুরের প্রধান বাজার

হইতেছিল। সভোক্রনাথ ঠাকুর ভাহার সভা^{গ্রি} মহারাজা জগদিক্রনাথ রার অভ্যর্থনা-সমিভির সভা^{গ্রি} বালালার বহু মনীধী নাটোরে সমবেত। সহসা ভূমিকম্প আরম্ভ হর। সেই ভূমিকম্পে কলিকাভারও ক্ষতি অনুভূত হইল। উত্তর-বৃদ্ধ ভূমিকম্প-প্রবণ; কিন্তু তথার হইরাছিল।



মঞ্জেরপুরে একটি ভগ্ন গৃহের স্তুপের নিমে এখনও বহু মৃতদেহ প্রোধিত রহিয়াছে

[আলোকচিত্ৰ-শ্ৰীসুরেশচন্ত্র ঘোষাল]

কেংই পূর্ব্বে এমন প্রবল কম্পন দেখেন নাই। নানা এ বার ভূমিকম্পে বিক্লারের ত্রিহত অঞ্চলের সর্বানাশ খানে ভূমি ফাটিয়া গেল—ভূগর্ভ হইতে ধুম উথিত হইতে হইয়াছে বলিলেও অত্যুক্তি হর না। নেপালেরও ক্ষতি

লাগিল। গৃহ ভূমিসাৎ হইতে লাগিল।
লোকের আর্ত্ত চীৎকার গগন পূর্ণ করিতে
লাগিল—ভাহাদিগের চীৎ কা রে ভূগর্ত
ইইতে উথিত রব ভূবিয়া গেল। আসামে
ফতি সর্বা পে কা অধিক হইয়াছিল।
কৌত্হলী পাঠক আসামের তৎকালীন
চীক ক মি শ না র সার হেনরী কটনের
মতি-পৃত্তকে আসামে ভূমিকম্পের বর্ণনা
পাঠ করিতে পায়েন। চীক কমিশনারের
প্রা সা দ ভ য় ভূপে পরিণত হয় এবং
তাহাকে স প রি বা রে অপরের প্রদত্ত
আহার্গ্যে সে দিন উদরপ্তি করিতে
ক্রি। ভূমিকম্পের পরই প্রবল বৃষ্টিপাত



সামাক হয় নাই। বিহারের জনবহল বহু সহর আজ কেবল ভগ্নভূপ। সে সকলের মধ্যে ইতিহাস-প্রাসিদ্ধ মুলের ও পাটনা ব্যতীত মজঃকরপুর, ভারবদ, মতিহারী, বৌদ্ধ মূণের প্রসিদ্ধ নগর পাটলীপুত্র ভাহার পূর্ব-গৌরব ও সমৃদ্ধি হারাইলেও নিশ্চিক্ হয় নাই। রূপান্তরিত পাটনা মুসলমান শাসনেও বাদলা-বিহার



ভগ্ন ভূপের নিম্নে জিনিস পত্তের সন্ধান করিতেছে—মজ্জরপুর [আংলাকচিত্র—শ্রীস্করেশচন্দ্র ঘোষাল]
প্রভৃতি সহর বিশেষ উল্লেখযোগ্য। কোথায় ধন ও উড়িয়ার নবাব-নাজিমের সহকারীর শাসনকেন্দ্র ছিল।
প্রাণনাশ কিরুপ ইইয়াছে, সাজ্ভ ভাহার পরিমাণ পরি- বিহারকে বাঙ্গালার অঙ্গুত করিয়া নৃতন প্রদেশ গঠন



জামালপুরের বাজার

মাপ করা যায় নাই—কথনও তাহার পরিমাপ সম্পূর্ণ হইবে কি না, বলিতে পারা যায় না। করিয়া ইংরাজ পাটনাতে বিহার ও
উড়িয়া প্রদেশের রাজধানী করিমাছেন
সকে সকে তথায় লা ট প্রা সাদ্ধ
হাইকোর্ট ও বিশ্ববিভালয় গৃহ, লাটদপ্তর প্রভৃতি বহু ব্যয়ে নি শ্মিত
হইয়াছে। আজ পা ট না র হর্দশা
দেখিলে হংধ হয়। ভূমিকম্পে অধি
কাংশ গৃহই ক্ষ তি গ্র ন্ত হইয়াছে—
কতকগুলি ভালিয়া গিয়াছে।

কিছ পাটনায় নিহতের সংখ্যা যেমন মুক্তেরে নিহতের সংখ্যার তুল-নায় তুচ্ছ, সম্পত্তি নাশের পরিমাণ্ড

ভেমনই মুকেরে সম্পত্তি নাশের তুলনার অল্প। মুকেরও প্রাত্তি কাম্প্র হিলার নামোৎপত্তির সহিত আমি

হিন্দু যুগের স্মৃতি জড়িত করে। রাজা দেবপালের সৈনিক-বাহিনী এই স্থানে নৌকায় গলা পার হইয়া দিগিজরে গিয়াছিল। পুটার দাদশ শতাকীতে ইহা বক্তিয়ার থিলজি দাঁড়াইয়া আছে, আর সব গিয়াছে। ছর্গেও ছুর্গ-বাহিরে কত লোক ভগ্নন্তুপমধ্যে সেই দিনই প্রাণ হারাইয়াছিল এবং তাহার পর তথায় কত লোক প্রাণ হারাইয়াছে




মজঃফরপুরের একটি বাজার [আলোকচিত্ত- শ্রীসুরেশচক্ত ঘোষাল]!

কড়ক বিজিত হয়। তদৰ্দি মুঙ্গেরের সমৃদ্ধি বর্ধিত তাহা স্থির করা হুনর। তবে নিহত ব্যক্তিদিগের সংখ্যা হুইতে থাকে। আক্ষবেরর রাজ্ত্বকালে টোডর মল্ল বহু যে সহরের অধিবাসিসংখ্যার এক-তৃতীয়াংশ হুইবে, তাহা

দিন মৃশ্বেরে বাস করেন। সামরিক বেল্ররপে মৃশ্বেরের প্রয়োজনহেতৃ তিনি মৃশ্বেরে তুর্গ সংস্কৃত ও পুরপ্রাচীর পুন-গঠিত করেন। শাহ স্তন্ধার পর বাঙ্গালার শেষ স্বাধীন মৃসলমান নবাব মীর কাশিম ইংরাজের সহিত যুদ্ধ করিবার সময় মৃশ্বের ইউতে রগসজ্জা করেন। কেহ কেহ বলেন, ইংরাজের সাহায্যকারী বলিয়া সন্দেহ করিয়া মৃশিদাবাদের প্রসিদ্ধ মহাজন জগও-শেঠ হয়কে এই মৃশ্বের তুর্গ হইতে গল্গাতে নিশ্বিপ্ত করা হয়। তৎকাল-প্রচ লি ত ব্যবস্থাস্থাবে তুর্গ বলিতে তুর্গ ও তুর্গবেন্তন

নগর বুঝাইন্ত—তাহা প্রাচীর-বেষ্টিন্ত হইন্ত। আজ এই তুর্গের মধ্যে মাত্র ভুট ভিনটি গৃহ ধ্বংস্ফুপের মধ্যে



কেদারনাথ গোষেক্ষার আবাস—মুক্তের অসুমান ক্রিতে পারা যায়। মুক্তের, বোধ হয়, আর পুনর্গঠিত হইবে না।

মুবেরের নিকটে ভামালপুরে ইট ইভিয়ান রেলের বিরাট কারখানা। সেই কারখানাকে বেষ্টিত করিয়া সহর গভিগা উঠিয়াছিল। জামালপুরেও ধ্বংস সাধারণ হয় নাই।

মুক্তেরের যে তুর্দ্দশা—মজঃফরপুরেরও তাহাই। ঘটনার



একটি ইয়োরোপীয়ের বাসগৃহ। ভয় শুপ পরিষ্কার করা হইতেছে

পর ছই দিন বাইলে ভবে-এরোপ্নেন পাঠাইয়া-মঞ্জ:ফর-পুরের সংবাদ সংগ্রহ করা সম্ভব হইয়াছিল। মঞ্ফের- ও বালু উভিত হইয়াছে। ইহাতে যে ভূমির উর্করতা কুয় পুরের একটি ঘটনায় বিপদের আন্তাস পাওয়া ঘাইবে।



পাটনা মেডিক্যাল কলেজ-নার্সদিগের বাসা

[আলোকচিত্ৰ—শ্ৰীধীরেক্সনাথ বোস]

ভূমিকম্পের সময় স্থাসিদ্ধ লেখিকা—'ভারতবর্ষের' পাঠক-পাঠিকার নিকট স্থপরিচিতা শ্রীমতী অমুরপা দেবী যখন শৌল্রীকে শইয়া গৃহত্যাগ করিতেছিলেন, তথন গৃহ ভান্দিয়া পড়ে এবং তাঁহারা ভগ্ন ন্ত পের নিমে পতিত হয়েন। বহু কটে তাঁহাদিগের উদ্ধার সাধন হয়। তাঁহার পৌত্রীর জীবন নাশ হইয়াছে। তিনি আঘাতে কাতর-এখনও উত্থানশক্তি রহিত।

षात्रवरक्त बहाताकाधितारकत श्रामान जानिया পড़ियारछ।

ঘটনার ছয় দিন পরে নেপাল হইতে मःवान **चा**निशांट्स, कांग्रेयु अरुत्र विरागर ক্তিগ্রন্ত হইয়াছে। নেপাল দরবারের অ মৃল্য পুতাক-সংগ্রহ নিরাপদ কি না, এখনও জানা যায় নাই।

সরকার পক্ষের বিবৃতিতে প্রকাশ--

- (১) একটি সহরেই সরকারী গৃহের ক্ষতির পরিমাণ-প্রায় ৩০ লক টাকা।
- (২) জামালপুরে ক্তির পরিমাণ-লক টাকা।
- (৩) যে সব স্থানে ভূমিকম্পের প্রবল প্রকোপ অমুভূত ইইয়াছিল, সে স্ব


স্থানে কোথাও কোথাও ভূগৰ্ভ হইতে ধূদর বর্ণের কর্দ্ম হইবে, ভাহাতে সন্দেহ নাই।

> এই বিপদে নানা স্থান হইতে সহায়-ভৃতি ও দাহায়া পাওয়া গিয়াছে ও যাইতেছে। সম্রাট ও সমাজী সহাত্র-ভৃতি জ্ঞাপন করিয়াছেন ও সাহায্যার্থ অর্থ প্রেরণ করিয়াছেন। ফ্রান্স হইতে অর্থ সাহায্য আসিয়াছে। বড়শাট যে তহবিল খুলিয়াছেন, তাহাতে অনেকে সাহায্য প্রদান করিতেছেন। ভদ্তির কলিকাভা ও অন্ত নানা স্থানে নানা সাহায্য-সংগ্ৰহ-কেন্দ্র প্রভিষ্টিত হইয়াছে। উত্তর-বলে প্লাবনপীডন কালে যিনি লোককে সাহায্য-দানে অসাধ্য সাধন করিয়াছিলেন, সেই দেশমান্ত আচাৰ্য্য সার প্রফুলচন্দ্র রায়ও

এই কার্য্যে অগ্রসর হইরাছেন।

যাহারা এই অভর্কিত ও অপ্রভ্যাশিত বিপদে প্রাণ হারাইয়াছে, ভাহাদিপের জক্ত যেন শোক করিবার সময়ও নাই। যাহারা বাঁচিয়া আছে, তাহাদিগের প্রতি কর্ত্তবাই অসাধারণ। তাহাদিগকে আহার্য্য ও আশ্রম এবং হরস্ক- প্রামাণ্য কি না এখনও স্থির হয় নাই।

কম্প হইলে অস্বাস্থ্যকর অবস্থারও উদ্ভব হয়। এ অফুমান



পুষা ইনষ্টিটিউটের একটি ভগ্ন আংশ। এইপানে বৈজ্ঞানিক ও শিল্প সংক্রাপ্ত বহু গ্রন্থ আছে

[আলোক চিত্র-শ্রীমুরেশচন্দ্র ঘোষাল]

শীতে আজ্ঞাদন দিতে হইবে। ভাহার পর তাহাদিগকে পুনরায় গঠনে সাহায্য করিতে হইবে।

আমরা পূর্বে সার হেনরী কটনের ১৮৯৭ খুরীব্দের ভূমিকম্পের বর্ণনার উল্লেখ করিয়াছি। ভাহাতে তিনি লিখিয়াছেন —ভূমিকম্পে আসামে যত লোকের মৃত্যু হয়, ভূমিকম্পের ফলে উদ্ভূত ব্যাধিতে তদপেকা অনেক অধিক লোক প্রাণ হারার। ভূমিকম্পে শিশং সহরে কয়দিন পানীয় জল সরবরাহের ব্যবস্থা নট হইয়া-ছিল। তথায় কলেরা, রক্তামাশয় ও জরে শত শত লোক প্রাণ হারাইয়াছিল। তিনি বাহা প্রতাক করিয়াছিলেন, ভাহাতে তাঁহার মনে হয়—ভূমি-



রাজা রঘুনন্দনের প্রাদাদের একাংশ-মুলের এখন কন্তব্য-পুনর্গঠন। সরকার এই কার্য্যে অগ্রসর হইরাছেন; সভ্য

সরকারের কর্ত্তব্য পালন করিতেছেন। দেশের গোকও এ বিষয়ে, অবহিত হইমাছেন। বিহারের বাবু রাজেজ্র-প্রসাদ প্রমূপ অসহযোগী নেতারা সরকারের সহিত এ কার্য্যে সাগ্রহে সহযোগ করিতেছেন।

গঠনকার্য্যে জাপানের দৃষ্টান্ত আমাদিগকে বিশেষ সাহাষা করিতে পারে। বিহারের চম্পারণ, মজঃদরপুর, ঘারবঙ্গ জিলাত্রেরে এবং মুক্তের সহরে ও তাহার উপকঠে যে ক্ষতি হইরাছে, তাহা জাপানের ক্ষতির সহিতই তলিত হইতে পারে। তুর্ঘটনার পরই জাপান পুনগঠনের কিন্তু ভাহার পর হইতে যে ভাবে কান্ধ চলিভেছে, ভাহা বিশেষ প্রশংসনীয়।

আৰু প্ৰয়োজন—অর্থের ও কর্মীর।

বাঁহাদিগের অর্থ আছে, তাঁহাদিগকে অর্থ দান করিতে হইবে; বাঁহারা সমর্থ তাঁহাদিগকে কর্মীর শ্রেণীভূক হইতে হইবে। সহাত্তির প্রয়োজন অর্থের প্রয়োজন অপেকা অন্ত নহে।

আৰু বাঙ্গালার যুবক্দিগেরও পরীক্ষা। তাঁহারা বার বার দেবারতে আপনাদিগের শ্রেষ্ঠত প্রতিপর



মঞ্জঃফরপুরের এক কাপড়ের দোকান। এই ভগ্ন স্থাপের নিমে কয়েকজন ক্রেতাও চাপা পড়িয়াছে
[আবালাকচিত্র— শ্রীমুরেশচন্দ্র ঘোষাল]

কার্ব্যে প্রথম্ভ হইয়াছিল এবং প্রায় ছয় কোটি টাকা ব্যয়ে বধাসপ্তব অল্পকালমধ্যে পুনর্গঠনের কার্য্য সম্পন্ন করিয়াছিল। কি উপারে জাপান এই কার্য্য করিয়াছিল, ভাহার বিস্তৃত বিবরণ পাওয়া যায়।

আক্ষিক বিপদে বিহার সরকার যে প্রথমে অভিভৃত হইরা পড়িরাছিলেন, তাহা ব্রিতে পারা বায়। হর ত তাহাও লাহায় দানকার্য্যে বিলম্বের অন্তত্ম কারণ। করিয়াছেন। আজ আবার তাঁহাদিগকে প্রতিপর করিতে হইবে, নেতৃত্বে তাঁহাদিগের অধিকার সন্দেহ হইতে বহু উর্গ্নে অবহিত। যথন বাদলার গোমুখী হইতে বদেশী আন্দোলনের পাবনী ধারা প্রবাহিত হইয়া সমগ্র ভারতবর্ধের উদ্ধার-দাধন করিয়াছিল, তথনই—স্মানী বিবেকানন্দ প্রমুখ মনীযীদিগের উপদেশ-নিয়্মিত বাদালী সেবারতে অবহিত হইয়াছিল। আর্দ্ধান্য যোগ

বাগারা এই ভাণ্ডারের অর্থ-ব্যবহার নিয়ন্ত্রিত করিবেন,
ভাগারা দাতার প্রদন্ত তালিকায় অন্তান্ত শিক্ষণীয় বিষয়ও
োগ করিতে পারিবেন। বৃত্তিপ্রার্থী এ দেশের কোন
—্বিশেষ কলিকাতার—বিশ্ববিভালয়ের বিজ্ঞানে বা
ভ্রিনিয়ারিংএ উপাধিধারী হইলেই ভাল হয়।

কোন বিভাবী যদি শিক্ষালাভ করিয়া আদিয়া স্বরং "লালটাদ মুখোপাধ্যায় ভাণ্ডার" পুষ্ঠ করিবার জ্বন্ত ভাহাতে অর্থ প্রদান করেন, ভবে ভাণ্ডারের পরিচালক সমিতি ভাহা গ্রহণ করিতে পারিবেন।

বৃত্তি কেবল বিদেশে শিক্ষালাভের জন্ম শিক্ষার্থীকে প্রদান করা হইবে।

গত ১৯৩২ পৃষ্টাব্যের ২রা ডিসেম্বর তারিথে বিশ্ব-বিলালয়ের সিপ্তিকেট এই দান গ্রহণ করিবার জন্য দিনেটের নিকট প্রস্তাব প্রেরণ করেন।

পিতার নামে বৃত্তি প্রদান জন্য এই ১ লক্ষ ৫০ হাজার টাকা প্রদান করিয়া এক বংসর পরে ডাক্টার হরেন্দ্রকমার উচোর পরলোকগতা জননী প্রসরময়ী দেবীর নামে শিক্ষাবিম্মারার্থ ১ লক্ষ্ টাকার কোম্পানীর কাগজ বিশ্ববিভালয়ের হত্তে প্রদান করিবার প্রভাব করেন। ঘাহাতে প্রথম বৃত্তি পাইয়া শিক্ষালাভ করিয়া আসিয়া শিক্ষার্থী ভাহার অধীত বিভার সমাক সভাবহার করিতে পারে, ভাহার উপায় করিবার জন্ম এই দিতীয় দান কল্লিত। পণাবিক্রয়, বাবসার জ্বন্ত আবশুক অর্থসংগ্রহ প্রভৃতি শিক্ষা করিবার জ্বল ছাত্রদিগকে এই ভাণ্ডার হইতে মাসিক বৃদ্ধি প্রদান করা হইবে। শিক্ষিত ছাত্ররা ভারতের পাট, তুলা, চাউল, গম, চা, কফি প্রভৃতি পণ্য বিক্রয়ের বাজারের স্থব্যবস্থা করিবে; দেশের আর্থিক উন্নতির জক্ত উপযুক্ত ব্যবসায়ে আবিশ্যক মূলধন প্রয়োগের ব্যবস্থা করিবে; ভারতীয় মূলধনে ভারতীয় অমিকের দারা ভারতীয় উপকরণে প্রস্তুত পণ্য বিক্রয়ের ব্যবস্থা ক্রিবে; ব্যাক্ষ প্রভৃতি প্রতিষ্ঠান প্রতিষ্ঠার দারা দেশের জার্থিক অবস্থার উন্নতি সাধন করিবে। এই বৃত্তিও छे अयुक वात्रानी त्यारहेंडा छे शृहान खार्थी मिशरक अमान করা হইবে।

দাতা বলিরাছেন---যদিও তিনি প্রার্থীদিগকে ভারতীর প্রথায় জীবনবাপন করিতেই হুইবে, এমন নিয়ম করিতে

চাহেন না, তথাপি ভিনি জীবনবাঝা নির্বাহের বর্তমানে অবজ্ঞাত এই আদর্শ গ্রহণ জক্ত তাহাদিগতে অহরোধ করিতেছেন। তিনি সেই জক্ত—দেশের লোকের সেঁবাই দেশমাতৃকার সেবা ইহা প্রবণ রাখিয়া প্রত্যেক শিক্ষিত বৃত্তিধারীকে ভারতের প্রয়ে তৃষ্ট থাকিবার আদর্শ গ্রহণ করিয়া অভাবগ্রস্ত অক্ত ছাত্রদিগকে শিক্ষার বারা প্রবেদী হইতে সাহায্য দান করিতে অহরোধ করেন।

ডাক্টার হরেপ্রকুমারের দান কেবল বক্ষভাষাভাষী
পিতামাতার পুত্র প্রোটেষ্টান্ট গৃষ্টানদিগের জন্ত বলিরা
কেহ কেহ তঃথ প্রকাশ করিয়াছেন। ইহার উত্তরে
হরেপ্রবাব বলিয়াছেন—তিনি সাম্প্রদায়িকতার বিরোধী।
কিন্তু তিনি যে ধর্মসম্প্রদায়ভুক্ত সেই সম্প্রদায়ের লোকরা
আশাসুরূপ উন্নতি করিতে পারেন নাই বলিয়াই তিনি
এই দান তাঁহাদিগের মধ্যে নিবন্ধ করিয়াছেন। আমরা
সকলেই ভারত সন্তান—আমরা পরস্পর সম্প্রীতিতে বাস
করিতে না পারিলে কথনই দেশের ও জাতির প্রকৃত
উন্নতি সাধিত হইবে না।

ডাক্লার হরেক্রকুমারের পিতামাতা আফুষ্ঠানিক প্রোটের্টান্ট খুটান ছিলেন। তাঁহাদিগের প্রিরকার্য্য সাধনোদেশ্রে তিনি যে ভাবে দান সীমারক করিয়াছেন, ভাহাতে অপ্রীতি প্রকাশের কোন কারণ থাকিতে পারে না। তিনি যে বুভিধারীদিগকে আমাদিগের জাতীর আদর্শ অক্সন্ত রাধিতে অকুরোধ করিয়াছেন, ভাহাতেই তাঁহার সাম্প্রদায়িক সমীর্ণতার অভাব প্রতিপন্ন হয় এবং তিনি যে বালানীর জন্মই এই দান করিয়াছেন, ভাহাও বুভিদান সর্ভে দেখিতে পাওয়া যায়। ক্লফ্রমাহেন বন্দ্যোপাধ্যার, কালীচরণ বন্দ্যোপাধ্যার প্রভৃতি বালানী খুটানদিগের নিকট বালানীর ক্লভ্জতার ঋণ অন্ধ নহে। এই দানের ফলে ডাক্টোর হরেক্রকুমারের নাম সেই ভালিকাভুক্ত হইল।

হরেক্সবাব্র প্তাবিষোগবেদনার বিষয় আমরা অবগত আছি। শুনিতেছি, তিনি পুক্রের নামে আরও বে বৃদ্ধি প্রদানের ব্যবস্থা করিবেন, তাহা কেবল বাদালী খৃষ্টানদিগেরই প্রাণ্য হইবে না।

হরেক্সবাবুর এই দানের বৈশিষ্ট্য এই যে, তিনি উত্তরাধি-কারস্ত্তেই খন লাভ করেন নাই। তিনি সমস্ত জীবন শিক্ষকের কার্য্য করিয়াছেন—এখনও করিতেছেন; তবে এখন আর বিশ্ববিদ্যালরের নিকট হইতে বেতন গ্রহণ করিতেছেন না। তিনি সমন্ত জীবনে যে অর্থ অর্জ্জন ও সঞ্চয় করিয়াছেন, তাহা বেভাবে শিক্ষাবিন্তারকল্পে— দেশের আর্থিক উন্নতির উপান্ন বিধানে প্রদান করিলেন, তাহা বিশেষ প্রশংসনীয়।

হরেজ্রবাব যে আদর্শ প্রতিষ্ঠিত করিলেন, বালালার তাহা অম্বক্তত হইলে বালালীর উন্নতির পথ যে স্থাম হইবে, তাহাতে সন্দেহ নাই। হিন্দু, মুসলমান, খুটান বালালী সকলেই বালালী—খুটানের উন্নতিতে যে সমগ্র বালালীজাতিরও উন্নতি হইবে, তাহা বলাই বাহলা।

শিষ্টের উন্নতি সাধন—

বাদলা সরকারের শিল্প বিভাগ এ দেশের ক্ষুদ্র ক্ষুদ্র শিরের উন্নতি-সাধন-কল্পে যে কাজ করিভেছেন, তাহার বিশ্বত পরিচয় আমরা পাঠকদিগকে দিয়াছি। সেই পরিচয় প্রদানকালে আমরা বলিয়াছিলাম, যাহাতে আরও শিল্প প্রতিষ্ঠার উপায় হয়, তাহা করা শিল্প বিভাগের কর্ত্তব্য। আমরা দেখিয়া সুধী হইলাম. আমাদিগের এই মত গৃহীত হইয়াছে। সংপ্রতি বাশালা সরকারের শিল্প বিভাগ বেকার সমস্তা সমাধানোপায় সম্বন্ধে যে বিবৃতি প্রচার করিয়াছেন, ভাহাতে লিখিত হইয়াছে, এ দেশে চিকিৎসক্দিগের ব্যবহৃত অন্ত ও যন্ত্রাদি প্রস্তুত করিবার শিক্ষা-প্রদান-ব্যবস্থা হইয়াছে। এ দেশে বে বৎসর বংগর বহু টাকার এই সব পণ্য আমদানী হয়, তাহা সকলেই জানেন। ইতঃপূর্বে কোন কোন কারিগর কোম্পানী এই সব এ দেশে প্রস্তুত করিবার চেষ্টাও করিয়াছেন। এখন শিল্প বিভাগের চেটার বদি উটজ শিল্প হিদাবে এই শিল্প প্রতিষ্ঠিত হয়, তবে যে ইহাতে বহু লোকের অর্থার্জনের উপায় হইবে. তাহাতে সন্দেহ নাই।

এই প্রদক্তে আমরা তুইটি প্রতিষ্ঠানের উল্লেখ করিব—

- (১) সার ডানিষেল হামিল্টনের জমীদারী গোসাবার (স্করবন) ও ময়্বভঞ্জে— য্বকদিগকে শিল্প দানের জন্ত প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান ও
 - (২) বীরনগরে (উলার) প্রতিষ্ঠিত ঐরপ প্রতিষ্ঠান।

मात्र जानिएक अटेनएखत (नांक---वावमा-वाभएसा বছ দিন ভারতবর্ষে ছিলেন এবং দেই সময়েই এ দেখে লোকের--বিশেষ কৃষক্দিগের অবস্থার উন্নতি সাধ্য সম্বন্ধে আলোচনা আরম্ভ করেন। এখন তিনি বাবস হইতে অবসর গ্রহণ করিয়াছেন; কিছু সমবায় নীভিন্তে এ দেশে উপনিবেশ হাপন করিয়া লোককে আদ্ দেখাইবার জন্ত ফুলরবনে ও ময়ুরভঞ্জে অনেক ভর্ম শইয়াছেন। এই দব স্থানে ভদ্র গৃহস্থ যুবকরাও জর্ম नहेंग्रा हांव कतिएक ७ मर्ट्स मर्ट्स वश्च वश्चन, करनेव हो প্রভতি শিল্প করিতে পারে। গোসাবার এই কার্য কর বংসর হইতে চলিতেছে। তথার ক্রবকরা যে শভাগি উৎপদ্ন করে, তাহা সমবার বিক্রয়-প্রতিষ্ঠানের ছাব বিক্রীত হয় এবং ঐরপ অস্থ প্রতিষ্ঠান হইতে ভাষাঃ ভাহাদিগের প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় করে। কুষ্ সমবার সমিতি হইতে অর্থ গ্রহণ করিয়া কাঞ্চ আরু করে। তাহার পণ্য-বিক্রেলন অব্থ হইতে তাহা আবিশ্রক দ্রব্যাদির মূল্য দিয়া যে টাকা অবশিষ্ট থাবে ভাহাতে ক্রমে ভাহার ঋণ শোধের ব্যবস্থা হয়।

সংপ্রতি সার ভানিয়েল গোসাবার ও ময়ুবভারে শিল্প-শিল্পাগার প্রতিষ্ঠিত করিতেছেন। সেই প্রতিষ্ঠাত্বরে শিক্ষাপার প্রতিষ্ঠিত করিতেছেন। সেই প্রতিষ্ঠাত্বরে শিক্ষাপার প্রজ্ঞান করিবে ও সংস্প্রকল নানা উটজ শিল্পের যে কোনটি শিশ্বিতে পারিবে ক্রিই শিক্ষার প্রধান বিষয়। শিক্ষার পর যুবকরা চাকরিবার জন্ম জনী পাইবে এবং খাধীনভাবে কাল আর করিতে পারিবে। বালালা সরকারের ক্রমি, শিও খাস্থ্য বিভাগের এবং কলিকাতা বিশ্ববিভালতে সাহায্যে এই শিক্ষালয়গুলি পরিচালিত হইবে এ পরিচালনভার একটি সমিতির উপর ক্রম্ত হইবে।

সার ডানিংগল এখন প্রতি বৎসর এ দেশে আসি কর মাস কাটাইরা থাকেন এবং সে সমরের অধিকাং গোসাবার ও ময়ুরভঞ্জে বাপন করেন। তিনি ও কার্য্যে প্রভৃত অর্থ প্ররোগ করিরাছেন। কিছু তাঁহার ও অপেকাও তাঁহার উন্তম ও এ দেশের লোকের আদি অবস্থার উন্নতি সাধনে আগ্রহ আমরা অধিক মূল্যং বিলিয়া বিবেচনা করি। যাহারা গোসাবার স্ভানিরেলের সম্পত্তি ও ভাহার নিকটে অস্তান্ত গোট

সম্পত্তি দেখিরাছেন, তাঁহারা উভরের মধ্যে বিশ্বর্কর প্রভেদ লক্ষ্য কবিরাছেন। পোসাবার ক্রয়করা ঋণভারগ্রন্ত নহে; তাহারা স্থাবলম্বী এবং তাহাদিগের রোগে চিকিৎদার ও তাহাদিগের প্রক্রাদিগের শিক্ষার সুব্যবস্থা আছে।

এইরূপ উপনিবেশে যদি নানা স্বর্বায়সাধ্য শিল্প প্রতিষ্ঠিত হয়, তবে যে এইগুলি সমূদ্ধ কেন্দ্রে পরিণত ছইবে, তাহা বলাই বাছলা।

বীরনগর বা উলা বালালার প্রাচীন সমুদ্ধ পল্লীগ্রামের অল্ডম ছিল। উলার সমৃদ্ধি-বিবরণ স্কর্প্রসিদ্ধ সাহিত্যিক অক্ষচন্দ্র সরকার বিবৃত করিয়াছেন—ভাহা পাঠ করিলে ্যন চক্ষুর সন্মুখে সোণার বান্ধালার রমণীয় ও কমনীয় চিত্র প্রতিভাত হয়। সেই উলা ন্যালেরিয়ায় প্রায় জনপুরু হুইয়াছিল। তথায় বৃহৎ বৃহৎ অট্রালিকা ভগ্নাবস্থায় খাপদসর্পের আবাদ হইয়াছিল: পাঠগোটাতে ছাত্র ছিল না; দেবায়তনে স্ক্রাদীপও জ্বলিত না; দীর্ঘ मीधिका भारानमाल भूर्व इटेटिक्न--क्रम व्यापत्र उ ব্যাধি-বিষময় হইয়াছিল। কিছু রায় শ্রীযুক্ত নগেলুনাথ বন্দোপাধ্যার বাহাতর, শ্রীমান ক্রফশেথর বস্ত প্রভৃতির চেষ্টায় বীরনগর আবার পূর্ব্যসমূদ্ধি লাভ করিবার পথে ক্রত অগ্রসর হইতেছে। উলার এই সকল কুতী সন্তান অর্থ ও সামর্থ্য নিয়োগ করিয়া উলাকে আবার আদর্শ পলীগামে পরিণত করিবার চেষ্টা করিতেছেন। ইহাদিগের আন্তরিক চেষ্টা বার্থ হইতে পারে না। ইহার মধ্যেই উলায় আবার বসতি হইতেছে—উলার খাত্য ও শী ফিরিয়াছে। উলায়ও একটি শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠিত ্ইতেছে। ভাহাতেও গোদাবার প্রতিষ্ঠানের মত শিক্ষা প্রদান করা হটবে।

উলা গোসাবা অপেক্ষা নিকটে অবস্থিত। স্থলর-বনের জলবায়ু বেমন কাহারও কাহারও স্বাস্থ্যের অহত্ত নহে, তেমনই জনবহুল স্থান হইতে দ্রে বাসও অনেকের গাতৃসহ নহে। উলায় সে সব অস্থবিধা নাই। বিশেষ স্মাদিগের বিখাস, ফ্লের চাষ, গোপালন ও গব্য দ্রব্য উৎপাদন, হাঁস ও মুর্গীর ব্যবসা প্রভৃতি উলার বেমন ইইবে, গোসাবায় তেমন হইবে কি না সন্দেহ। এ সকল অপেকারত শুক্ক স্থানেই ভাল হয়। উলাতেও স্বয়-

ব্যরদাধ্য শিল্প—ছুরী কাঁচী, সাবান, পিতল কাঁদার বাসন, মৃৎপাত প্রভৃতি প্রস্তুত করা শিথাইবার ম্যবস্থা হইবে। সব আলোজন হইয়াছে।

আমাদিগের বিশ্বাস, উলায় যে পরীকা হইবে, তাহার ফল বল্প সীমামধ্যে আবদ্ধ থাকিবে না, পরস্ক সমগ্র বলদেশব্যাপী হইবে। আজ আমরা বিশেষভাবে অন্তত্ত্ব করিতেছি, বালালার পল্লীগ্রামের সংস্কার সাধিত না হইলে, বালালার আর্থিক উন্নতি হইবে না। সে জল্প প্রয়োজন—

- (১) কৃষির উন্নতিসাধন ও কৃষিত্বপণ্য বিক্রয়ের স্থব্যবস্থা।
- (২) পল্লীগ্রাম যাহাতে লোককে সহরেরই মত আরুট করিতে পারে, ভাহার ব্যবহা করা।
- (৩) পলীগ্রামে থাকিয়া যাহাতে লোক অনায়াসে অরার্জন করিতে পারে, তাহার উপায় করা।
- (৪) পলীগ্রামের স্বাস্থ্যোল্লতিদাধন ও তথার শিক্ষাদানের উপার্ঘাধন।

সমবার নীতির এল্লালিক স্পর্লে যুরোপের নানা দেশে কল্লনাতীত উন্নতি প্রবিভিত্ত ইইয়ছে। এ দেশেও তাহা হইতে পারে। পল্লীবাসীর প্রয়োজন পল্লীগ্রামে মিটাইবার উপায় করা অসম্ভব নহে। পূর্ব্বে বাদালায় তাহাই ছিল। এখন পঞ্জাবে পল্লীগ্রামে বেতারবার্তা বহনের ব্যবহাও হইতেছে। শিল্পপ্রত্নের সঙ্গে সঙ্গো করা বিভাত ব্যবহারও আরম্ভ হইবে। আজ্বকাল মোটর যানের প্রচলনে গতারাতের কত স্থ্রিধা হইরাছে, তাহা কাহারও অবিদিত নাই।

কৃষির উন্নতির সংক সকে শিল্পপ্রতিষ্ঠা ব্যতীত পল্লীর পুনর্গঠন কথন সম্ভব হইবে না।

শিল্প বলিলেই যে বিরাট কলকারধানা—ধন্তের বর্ষর রব—ধ্মমলিন গগন ও বছরৎ শ্রমিকের দল ব্রিডে হইবে, এমন নহে। যে শিল্পে শিল্পী সৌন্দর্য্য স্পষ্টি করে ও আপনার পরিবারমধ্যে আনন্দে ও সম্ভূষ্টাবহায় বাস করে, সেই শিল্পই শিল্প এবং তাহাই অধিক আদরণীয়। পল্লীর প্নর্গঠন কার্য্যে সেইরপ শিল্পের প্রান্ধান কন্ত অধিক তাহা আর কাহাকে বিলিল্পা দিতে হইবে না।

ভারতীয় শুল্ক আইন–

णामनानी ७ तक्षानी भरगात छेभत रव मकन एक নির্দারিত হয়, তৎসম্পর্কে একটি আইনের পাওলিপি ভারতীয় ব্যবস্থা পরিষদে বিধিবদ্ধ হইবার প্রতীকা করিতেছে। বিলটি বিচারার্থ সিলেক কমিটির হল্ডে অপ্ন করা হইয়াছিল। গত ৫ই ফেব্রুয়ারী সিলেই কমিটির রিপোর্ট ব্যবস্থা পরিষদে হইয়াছে! কমিটি বিশেষ কোন পরিবর্তন করেন নাই. কেবল এনামেলের বাসনের উপর শতকরা ৩০ টাকা হিসাবে যে সংরক্ষণ শুদ্ধ আছে ভাহা তলিয়া দিবার প্রস্তাব করিয়াছেন। কমিটি বিবেচনা করেন. এনামেলের বাসন দরিদ লোকেরাই ব্যবহার করে। সংরক্ষণ শুল্ক তুলিয়া দিলে, সন্তায় বিদেশী এনামেলের বাসন কিনিতে পাইলে দরিদ্র লোকরা উপকৃত হইবে। এই সংরক্ষণ শিল্প তুলিয়া দেওয়ার পক্ষে কমিটির সকল সদক্ত একমত হইতে পারেন নাই। এীযুক্ত সতীশ সেন. শ্রীযুক্ত বাগলা ও মি: রামজে স্কট স্বতন্ত্র মন্তব্য লিপিবদ্ধ করিয়াছেন। শ্রীয়ক সভ্যেদ্রচন্দ্র মিত্র তাঁহার শ্বতম্ব মন্তব্যে বলিয়াছেন, এই বিষয়ে চড়ান্ত সিদ্ধান্ত করিবার পক্ষে যথেষ্ট তথ্য উপস্থাপিত হয় নাই। এনামেলের বাসনের উপর সংবক্ষণ শুদ্ধ সম্পর্কে করেকটি অক প্রস্থা বিচার্য্য। শুর তুলিয়া দিলে দরিদ্র জনসাধারণের কিছু কিছু স্থবিধা হইতে পারে বটে, কিন্তু সর্বসাধারণের অস্থবিধা ও অমঙ্গলও বিশ্বর ঘটিবার সম্ভাবনা আছে। দেশে যে ছই একটি এনামেলের বাসনের কারখানা আছে. তথ তলিয়া দিলে তাহাদের ক্ষতি অনিবার্যা---হয় ত শিশু শিল্পটির অন্তিত্ব লোপও ঘটতে পারে। **८कवन** हेशहे नरह। किছूमिन शृर्स्त मःवामशरा वा সামরিক পত্তে এইরূপ একটি সংবাদ প্রকাশিত হইয়াছিল যে, এনামেলের বাসন প্রস্তুত করিবার পড়তা ক্মাইবার জন্ম, লোহার উপর এনামেলের কোটিং প্রস্তুত করিবার পূর্ব্বেকার মশলা পরিত্যাগ করিয়া নৃতন ব্যবহৃত হওয়াতে ঐরপ সন্তার একপ্রকার মণ্যা এনামেলের বাসন ব্যবহারে খাস বিলাতে বহু লোক বিষাক ইয়া পড়িয়াছিল। পূর্কবর্তী ও পরবর্তী মদলার নামও এই প্রদক্তে প্রকাশিত হইয়াছিল। দরিদ্রের তঃখে বীহাদের হৃদয় কাঁদিতেছে, তাঁহারা বেন এই কথাটিও বিবেচনা করিরা দেখেন—সন্তার মোহান্ধ হইরা দরিত্র জনসাধারণের প্রাণ ও স্বাস্থ্যহানির কারণ যেন না হন ইহাই আমাদের অন্ত্রোধ। শুনা বাইতেছে, শ্রীযুক্ত সতীশ সেন এনামেল শিল্প সংরক্ষণ অক্ত পরিষদে একটি সংশোধন প্রতাব উপস্থাপন করিবেন। এই সঙ্গে তিনি যদি পরিষদে সন্তার এনামেলের হারা থাত্য বিষাক্ত হওরার এবং লোকের স্বাস্থ্যহানির সন্তাবনার কথাও ব্যক্ত করেন, তাহা হইলে আরও ভাল হয়।

পরলোকগত মধুসূদন দাস—

গত ৪ঠা ফেব্ৰুগারী রাত্রিকালে কটকে উভিয়ার প্রবীণ জননেতা মধ্তদেন দাস মহাশয় ৮৭ বৎসর বয়দে লোকান্তরে প্রস্থান করিয়াছেন। নবা উড়িয়া তাঁহারই হাতে গড়া বলিলেই হয়। ১৮৪৮ খুষ্টাব্দের ২৮এ এপ্রেল ভিনি জন্মগ্রহণ করেন। তিনি কলিকাতা বিশ্ববিচ্ছালয় ছটাতে এম-এ ও বি-এল পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছিলেন। ভিনি চারিবার সন্মিলিত বন্ধ-বিহার-উড়িয়ার বাবস্থাপক সভার সদত্য হইয়াছিলেন। ১৯১৩ থ্টাব্দে উডিয়ার প্রতিনিধি স্বরূপ তিনি ইম্পীরিয়াল কাউন্সিলে গ্রেরিড হন। ১৯২১ খুষ্টাব্দে ভিনি বিহার-**উ**ড়িয়ার **অ**ক্তড্য মন্ত্রী নিয়ক্ত হইয়া চুই বংসর মন্ত্রিত করেন। ওড়িয়া ভাষাভাষী অঞ্লসমূহ লইয়া একটি পৃথক প্রদেশ গঠিত হয় ইহা তাঁহার জীবনের স্থা ছিল। অদুর ভবিয়তে সেই অপু সফল হইতে চলিয়াছে, কিন্ধ তিনি ভাষা দেখিয়া যাইতে পারিলেন না। মন্ত্রীদিগের বেভন লওয়া উচিত কিনা এই বিষয়ে দাস মহাশয়ের একটি বিশিষ্ট মত ছিল। ভানীয় ভায়ত্তশাসন বিভাগের মন্ত্রীরূপে তিনি স্বয়ং বেতন লইতে অনিচ্ছক ছিলেন, ব্যবস্থাপক সভায় এই মর্ম্বে প্রস্থাবও ক্ষিয়াছিলেন এবং গ্ব^{ৰ্ব}র ভার হেনরী হুইলারকে এই বিষয়ে পত্তও লিখিয়াছিলেন। এসম্বন্ধে তৎকালে মি: দাস ও গ্রন্ত্রের মধ্যে অনেকগুলি পত্র ব্যবহারও হইরাছিল। অবশেষে দাস মহাশ্রের প্রস্তাবমত কাজ হইবার সম্ভাবনা না দেখিয়া তিনি পদত্যাগ করেন। মধুস্দন দাস মহাশর উৎকলে জাতীয়তার প্রতীক স্বরূপ ছিলেন। টি॰

বাণিজ্যের উন্নতির জন্ম তিনি বিশেষরপ CEBI করিয়াছিলেন। পঞ্চাশ বৎসরের অধিককাল তিনি উড়িয়ার সকল প্রকার উরতির ক্স প্রভূত পরিশ্রম করিয়াছিলেন। উড়িয়ার চাককলাশিল ও স্থাপত্যের প্রাচীন নিদর্শন প্রভৃত পরিমাণে পাওয়া যায়। অধুনা সেই শিল্প ও স্থাপত্য অনাদৃত, উপেক্ষিত। দাস মহাশন্ত তাহাদের পুনক্তারে যত্নীল ছিলেন, এবং এজত যথাদাধ্য অর্থব্যয়ে কৃত্তিত হন নাই। প্রাচীন উৎকলের স্ত্রপ্রদিদ্ধ রৌপ্যশিল্পের পুনরুদ্ধারে তাঁহার প্রচেষ্টা অসাধারণ ছিল। উৎকল ট্যানারী নবশিল্পের ক্ষেত্রে ঠাচার একটা উল্লেখযোগ্য কীর্ত্তি। উভিযার রাজনীতিক আন্দোলন, শিল্লায়তি, শিক্ষাবিস্তার প্রভৃতি স্কল সাধারণ কার্যোর সহিত তিনি সংলিট ছিলেন। দাস মহাশয় উভিষ্যার অধিবাসী হইলেও বল্পদেশে বছকাল অভিবাহন করেন। জীবনের শেষ দশবারো বংসর তিনি কর্মকেত হইতে অবসর গ্রহণ করেন। তাঁহার মৃত্যুতে কেবল উড়িষ্যা নয়, বলদেশ এবং সমগ্র ভারতবর্ষ প্রির-বিয়োগ-ব্যথা অমুভব করিতেছে।

বঙ্গবামী আয়েকারের লোকান্ডর-

বিগত ৫ই ফেব্রুগারী (১৯৩৪) রাত্রি পৌনে ছুইটায় সময় মাস্ত্রাজে স্থাসিদ "হিন্দু" পত্তের সম্পাদক মিঃ এ, রস্থামী আরেছার ৫৭ বৎসর মাত্র বছসে লোকান্ডরে প্রথান করিয়াছেন। তাঁহার মৃত্যুতে ভারতীয় সাংবাদিক-গণের মধ্যে একজন ছাতি যোগাতম লোকের তিরোধান ঘটিল। এ জ্বন্তু সমগ্র ভারতবর্ষ শোকাত্মভব করিভেছে। मिः तक्षामी आह्मिकात ১৯٠७ धृष्टीत्म "हिन्मू" शर्कात महकाती मण्यानक कार्य कार्यात्रेख करतन । ১৯১৫ थेट्टास्क "হিন্দু"র কার্য্য ত্যাগ করিয়া তিনি তামিল ভাষার দৈনিক "বদেশ মিত্রম্" সংবাদপত্তের সম্পাদন-ভার গ্রহণ করেন। তাঁহার অপরিচালন-গুণে পত্রধানি দেশ মধ্যে প্রভৃত প্রতিষ্ঠা ও খ্যাতি লাভ করে। জনসাধারণের উপর ইংার প্রভাব অত্যন্ত অধিক ছিল। এই প্রধানিও "হিন্দু" সংবাদপত্ত্রের স্বত্তাধিকারিগণের দারা পরিচালিত। ^{নি:} এ, রক্তামী আরেলার দীর্ঘকাল "বংলশমিত্রন্" ^{ম্যা}ম্পাদন করিবার পর ১৯২৮ খুটাব্দে তিনি "হিন্দু"

পত্রের সম্পাদক নিযুক্ত হন। সাংবাদিক রূপে তিনি পূর্বে যে খ্যাতি লাভ করিয়াছিলেন, "হিন্" পত্র সম্পাদন উপলক্ষে সেই খ্যাতি বহু গুণ প্রদারিত হয়। মিঃ আয়েকার কংগ্রেসের অন্ততম নেতা ছিলেন। ১৯২৪ খুটাৰ হইতে ১৯২৭ খুটাৰ পৰ্যান্ত তিনি কংগ্ৰেদের সাধারণ मन्भावक ছिल्लन। ১৯১৯ थृष्टीत्व मण्टेरकार्ड विकर्म সম্বন্ধে কংগ্রেসের পক্ষে সাক্ষ্যদান করিবার জ্বন্ত তিনি ইংলপ্তে গমন করেন। ১৯২৪ গৃষ্টাব্দে তিনি ব্যবস্থা পরিষদের সদক্ত নির্নাচিত হন এবং সেই বংসরই পরিষদে স্বরাজ্য দলের সম্পাদকের পদে নিযুক্ত হন। ১৯৩১ ও ১৯৩০ খৃষ্টাব্দে তিনি গোলটেবিল বৈঠকে প্রতিনিধিরপে যোগদান করিবার জন্ত ইংল্ডে গমন করেন। তিনি খেত পত্র সম্পর্কে জ্বেণ্ট পার্লামেণ্টারী কমিটির সহিত পরামর্শ বৈঠকেও আহুত হইয়াছিলেন। সংবাদপত ও রাজনীতির ক্ষেত্রে আংয়েজার মহালয়ের অসাধারণ প্রভাব ছিল। তাঁহার অকালমৃত্যুতে ভার-তের সংবাদপত্ত-জগৎ, এবং সমগ্র ভারত ক্তিগ্রন্ত ও শোক্ষয় হইয়াছে ৷

বস্ত্র শিল্প সংরক্ষণ—

ভারতের বন্ধ শিল্পকে বিদেশী প্রতিযোগিতা হইতে রক্ষা করিবার জন্ত দেশে এবং ব্যবস্থাপক দভা সমূহে অনেক দিন ধরিয়া আন্দোলন চলিতেছে। বোখায়ের কাপডের কলওয়ালারা একাধিকবার ভারত গ্রন্মেন্টের নিকট আবেদন করিয়া আইনের সহায়তা প্রার্থনা করিয়াছেন। ভদমুদারে ভারতীয় বস্ত্র শিল্পের অবস্থা, বিদেশী প্রতিযোগিতা এবং তৎসংশ্লিষ্ট অস্থান্য বিষয় শহস্কে অনুসন্ধান করিবার জন্ম টেরিফ বোর্ডের উপর ভারার্পণ করা হয়। এই বোর্ড বিস্তৃত ভাবে অফুসন্ধান করিয়া যে সিদ্ধান্ত করিয়াছেন, তদমুবায়ী একটি রিপোর্টও তাঁহারা প্রস্তুত করিয়াছেন। তাঁহাদের সিদ্ধান্তের ভিত্তির উপর একটি আইনের পাণ্ডুলিপি রচিত হইয়াছে। বিগত ৪ঠা ফেব্রুরারী টেরিফ বোর্ডের রিপোর্ট প্রকাশিত হইয়াছে। তৎপর দিন ব্যবস্থা পরিবলে প্রস্থাবিত আইন সম্বন্ধ সিলেই কমিটির রিপোর্ট উপস্থাপিত হইয়াছে। বিলটির সম্বন্ধ

আলোচনা কিছুদিন ধরিরা চলিবে বলিরা মনে হয়। নেই আলোচনার সম্যক অনুসরণ করিতে হইলে টেরিফ বোর্ডের সিজান্ত মোটাম্টি ভাবে জানিরা রাখিলে ভাল হয়। সেইজন্ত আমরা বোর্ডের রিপোর্টের সংক্ষিপ্ত মর্ম্ম পাঠকগণকে জানাইরা রাখিতেছি।

রেশম শিল্প সম্পর্কে বোর্ড প্রতাব করিয়াছেন বে, রেশমজাত দ্রব্যের মূল্যের উপর শতকরা ৮০ হিসাবে এবং রেশম ও অক্ত বস্তর মিশ্র দ্রব্যের মূল্যের উপর শতকরা ৬০ হিসাবে শুদ্ধ আদার করিতে ইইবে।

সর্কপ্রকার কাঁচা রেশম (যাহা হইতে কোনরপ বস্ত প্রস্তুত করা হয় নাই এমন রেশম বা কেশমের গুটি প্রভৃতি), বা রেশমের হতা, পরিভ্যক্ত রেশম, এবং টাকুতে কাঁটা রেশমী হতা প্রভৃতির মূল্যের উপর শতকরা ৫০ গুল।

় নক**ল রেশমের স্**তার উপর প্রতি পাউণ্ডে একটাকা হিসাবে বিশেষ ৩৪।

এই শুদ্ধ আপাততঃ পাঁচ বংসরের জন্ম বসিবে।
শীচবংসরে ক্ষিত্রপ কাজ হয় তাহা দেখিয়া পরে আবার অক্সকান এবং অবস্থা বুঝিয়া ব্যবস্থা।

ু তৃপার বন্ধশির সহদ্ধে বোর্ডের প্রভাব এই যে,
সাধারণ কোরা কাপড়ের প্রতি পাউতে পাঁচ জানা।
পাড়গুরালা কোরা ধৃতি-শাড়ীর প্রতি পাউতে সওয়া
পাঁচ জানা। ধোরা কাপড়ের উপর প্রতি পাউতে ছয়
জানা, রঙীন স্তায় বোনা ছিটের কাপড়ের উপর প্রতি
পাউতে ছয় জানা চার পাই।

হতার উপর শুদ্ধ প্রতি পাউতে এক আনা।
গোন্ধির উপর প্রতি ডঙ্গনে বিশেষ শুদ্ধ একটাকা
আতি আনা।

মোকার উপর প্রতি ডক্সনে বিশেষ শুর আটআনা।

অপর করেক প্রকার তুলাকাত বস্তর প্রতি পাউত্তে
বিশেষ শুরু জানা ও সাড়ে ছর জানা।

মোটাম্টি ভাবে বোর্ড ম্লোর উপর শতকরা হার অপেকা বিশেষ বিশেষ বস্তর উপর বিশেষ হারে শুদ্ধ বসাইবার পক্ষপাতী। তাঁহাদের ধারণা, ইহাতেই রক্ষণ শুদ্ধ বসাইবার উদ্দেশ্য সম্যক প্রকারে সিদ্ধ হয়। কেমন করিয়া ভাহা হয়, বোর্ড ভাহা ব্যাইয়া দিয়াছেন।

রেশমজাত বন্ধর উপর পীচসালা ব্যবস্থা করিলে চলিতে পারে; কিছ তুলাজাত বন্ধর উপর দশসালা বন্দোবন্ধ না হলৈ ফলাফল ভাল ব্যা বাইবে না; কাজেই ব্যবস্থার পরিবর্ত্তন আবশুক কি না ভাহাও নির্দারণ করা সম্ভবপর হইবে না। এই সময়ের মধ্যে, বে যে শিল্পের জন্ম সংরক্ষণী ব্যবস্থার প্রয়োজন ভাহার 'ধাত' ভালরূপ বৃষ্ণা বাইবে, এবং পরে জাবশুক্ষত ব্যবস্থা করা সম্ভব হইবে।

ব্যবস্থা পরিষদে বস্ত্র শিল্পংরক্ষণ বিল সক্ষমে সিলেই কমিটির রিপোট উপস্থাপনকালে ভার জ্যোসেফ ভোর বলেন, কমিটি সিদ্ধান্ত করিয়াছেন যে, সকল হিসাব বিবেচনা ও বিচার করিয়া দেখা গেল ভাৰের পরিমাণ এমন ভাবে নির্দ্ধারিত হইরাছে বাহাতে উদ্দেশ্ত সিদ্ধ হইবে এবং ক্রেভার স্থার্থ সংরক্ষিত হইবে। ইহার পরে পরিষদের আলোচনার বেরুপ দাঁড়াইবে, আইনটির আকার ও গঠন তদক্ষরপ হইবে।

ভূমিকম্পে সাহায্য-

আমরা জানিয়া আখন্ত হইলাম যে বিহার-প্রবাসী বাঙ্গালীদের মর্য্যাদাবোধ ও আগ্রেদমান জ্ঞানের প্রতি দৃষ্টি রাখিরা সাহায্য বিভরণের ব্যবস্থা ক্লেপ্র সমিতি করিতেছেন। যে ব্যবস্থার কার্য্য হইভেছে, ভাহাতে পক্ষপাতিত্ব ও অব্যবস্থার অভিযোগ ভিরোহিত হইবে।

শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদের অন্তরোধে ব্যারিষ্টার মিঃ এস, এন, বস্থ ও প্রবর্ত্তক সভ্যের শ্রীযুক্ত মতিলাল রার প্রাথমিক অভিযোগ সম্বন্ধে অন্তস্কান করিতে গিরাছেন।

সাহিত্য-সংবাদ

নবপ্রকাশিত পুত্রকাবলী

শিলকানৰ ব্ৰোণাধান প্ৰণীত "গলা-মন্না"—১, সোচাৰ্য্য শিৰিজনতা মত্মদান প্ৰণীত "জীবন-বাণী"—২, কবিরাজ শিধীনেজনাধ নাম কবিশেধন, এম এসদি প্ৰণীত

"রোগ ও পথ্য"—>

🗬 অমৃতলাল গুপ্ত প্রণীত ছেলেদের গঞ্জের বই

"সোনার থনির সন্ধানে"—৮০

্র্বিভাস্তক্র ক্ষ্মোপাধ্যার প্রশীত "হোমিওপ্যাথির ব্রহ্মায়" প্রথম থক্ত—১।০

শীমতী নদীবালা ঘোষ প্রণীত সচিত্র ভ্রমণ-কাছিনী "আধ্যাবর্ড"—২ ্ —> ্ শীঘোণেজ্রতুমার সরকার কবিরঞ্জ ক্রিয়াঞ্জ প্রণীত "হিন্দধর্মা ও শণ জ্ঞতা"—১০.

জ্যোতি বাচপাতি প্রণীত "সরল জ্যোতিব"—২,

ৰীপাঁচকডি চটোপাধার প্রণীত নাটক "দরদী"—।•

াংশ্বর ও শা ক্রডা — শ্রহশীল মুখোপাধার প্রণীত উপজ্ঞান "ক্তিপ্রণ"—ং শ্রীমন্মধনাধ বোষ এম-এ, এছ-এম-এম, এছ-আর-ই-এম প্রণীত

, अष-अन-अन, अक-चात्र-१-अन व्यपाछ कोदनी "मनीरी तांककुक मूर्याणांशांत्र"—अः



চৈত্র–১৩৪০

দ্বিতীয় খণ্ড

वकविश्म वर्ष

চতুর্থ সংখ্যা

ভস্মলোচন

অধ্যাপক শ্রীপ্রমথনাথ মুখোপাধ্যায় এম-এ

ভত্মাত্মরের গল্পে কিছু কিছু হেঁয়ালি রহিয়া গিরাছে। ভশাস্ত্রের "মাদত্ত ভাই" ভশ্বলোচন আদিয়া দে হেঁয়ালি আমাদের খোলসা করিয়াদিবে কি ? ভত্মাস্থরের ম্পর্শে ভবা; ভবালোচনের দৃষ্টিতেই ভবা। কার্ফেই, ভবা-লোচনের কেরামতি বেশী। ভশ্মাস্থরকে শিবের পিছু পিছু বিশ্বভূবনে ধাওয়া করিতে হইয়াছিল। ভশ্ম-লোচনকে ছুটিরা মরিতে হয় না। সে দৃষ্টিপাত করিলেই সব ভত্ম। রাম-রাবণের যুদ্ধে একে আমরা দেখিয়া-हिलाम ना ? टांटथ हेलि পরিয়া থাকিত। রণাকনে অবতীর্ণ হইয়া রাম-বাহিনীর অভিমুখে দাড়াইয়া চোখের ঠুলিটি খুলিলে কারুরই রক্ষাপাবার ভ'কথা নয় ় সেবার শিব পড়িয়াছিলেন ফাঁপরে. এবার শ্রীরাম। গোড়ার তত্ত্ব একই। বিভীষণের উপদেশে দর্পণাল্ল প্রয়োগ করিয়া রাম রক্ষা পাইলেন-দর্পণে নিজেরই মুধ দেখিয়া রাক্ষস নিজেই ভন্মত্ব পাইল। আধ্যাত্মিক ব্যাখ্যা জনেক রকমে লাগদই হইতে পারে। আছেও অনেক রকম। অধ্যাত্মরামারণ ও যোগবালির্চ রামারণ ড' সুল ব্যাপারটাকে আগাগোড়া হক্ষাদ্পি হক্ষ করিয়া দেখা।

গীতা বলিয়াছেন-- "ব্যবসায়াত্মিকা বৃদ্ধি ব্লেকেতা কুক্ত-নন্দন। বছৰাখা হৃনস্তাশ্চ বৃদ্ধয়োহব্যবসায়িনাম্॥" সেই যে "বছশাখা", "অনস্থা" বৃদ্ধি বা মতি-তাকেই কি দশস্ত্র রাবণের মধ্যে প্রতিষ্ঠিত করা হইরাছে ? মতিকে भूरिक कतिशा मनन वा मन वना यांक्। व्यवश्च, वृक्ति, मन -- এ সব আমরা দার্শনিকের পরিভাষা-মাফিক প্রয়োগ করিতেছি না এখন। তা হইলে, এক রকম মনন বা বিচার হইতেছে—বহুশাথ, অনস্কঃ আর, এই মনন বা বিচারের এক সোদর হইতেছে ব্যবসায়াত্মক বিচার-যেটা একনিষ্ঠ, একই। সে বিচার নিখিল ভেদ-বৈচিত্ত্যের ভেতরে একেরই অন্বেষণ করে—"দর্বভৃতস্থমেক: বৈ নারায়ণং কারণপুরুষমকারণং পরং ব্রহ্ম"। এই সহোদরটি বিভীষণ। ইনি রামকেই আশ্রম করেন। রামকে আশ্রম করেন বলিয়া এঁর ভৃতের ভয় পলায়। ভৃতের ভয় মৃত্যু —ভৃতমাত্রেই মরিভেছে, মরিবে। বিভীষণ অমর। মনন বা মন আরও এক কিসিমের আছে—জড়া चूमारेबारे काठाव। এটি कृञ्जकर्न-चात्र এक मरशास्त्र। বোগস্ত্তে কিন্ত, বিকিন্ত, মৃঢ়, একাগ্ৰ, নিক্শ-এই প

রক্ষ চিতের অবস্থার কথা আছে। তার মধ্যে কিপ্ত বিকিপ্ত—নজঃপ্রধান। মৃঢ়—তমঃপ্রধান। একাগ্র— যুঞ্জান; আর, নিজ্জ স্থুক্ত। তার মধ্যে, একাগ্র-যুঞ্জান —সম্প্রধান। নিজ্জ বা যুক্ত অবস্থায় নির্বিকল্পভাব, কাকেই গুণাতীত, "উন্মনী" দশা। এই গেল তিনটি ভারের সটে পরিচয়।

ভশ্যলোচনকে অভিমান ভাবিলে মন্দ হয় না। উপনিষৎ বলিয়াছেন—"পরাঞ্চি থানি বাতৃণা সংস্তু:" ইত্যাদি। বিধাতা আমাদের ইন্দ্রিয়গ্রামকে, আর, ইক্রিয়গ্রামের রাজা অভিমানকে "পরাঅ্থ" বা বহিম্থ করিয়া সৃষ্টি করিয়াছেন। বহিমুখ অভিমান ও ইন্দ্রিয়-গ্রাম এর সংস্পর্লে দবই "ভশ্ম" হইতেছে। "ভশ্ম" হইতেছে মানে—মার কিছুতে বিভক্ত ও রূপান্তরিত হইভেছে, resolved and redistributed into something else. ভনিয়া বিশ্বিত হবেন না। তথু আমাদের কর্ণেক্রিয়ওলো নয়, জ্ঞানেন্দ্রিয়ণ্ডলোও এই যজ্ঞ, এই হোম নিত্য ক্রিতেছে। চোপ, কাণ-এরা যে শুধু দেখে আর শোনে, এমন নয়। এরা এক "পোড়ায়," আর কিছু "বানায়"। অথবা, এরা এক একটা ছাঁচ--এরা কাদা ভালিয়া, ছানিয়া আপন ছাঁচে ঢালাই করিয়া লয়। প্রাচীন ও चर्काठीन वान्डवजावानी (Realist) द्वा याहे वनून, এটা ঠিক বে. আমাদের দেখা-শোনা ইত্যাদি সবই "কাঁচামাল" গুলো গডিয়া পিটিয়া লওয়া। বাহিরের "মাল"কে আগে "কাঁচিয়া" লইতে হয়। একই কাদার তালে কেউ শিব গড়ে, কেউ বা বাদর গড়ে। আমাদের অঠরায়িকে এই কাল নিত্য করিতে হইতেছে। অর "পচন" করিতে হয়। পচন মানে পোডান'। তার পর হজম। ফুস ফুস যে বাতাদ টানিয়া লইতেছে, তার হারা দেহের রস-ব্যক্তাদি ধাতুর "পচন" (oxidisation) হইতেছে। এটি আবিশ্রক। শান্ত দেখা-শোনা ইত্যাদিকেও "আহার" विनियाद्या । क्रिके विनियाद्या । ७४ वाहित हरेट আহরণ বলিয়া আহার নয়। পাক বা পচন অর্থেও মাহার। "ভশ্ম" এই প্রক্রিয়ার প্রস্তুত একটা কিছু (product of metabolic combustion)। প্ৰথানে বে কার্বণ ডাইঅক্সাইড্ বেরোর, শরীর থেকে যে "মল" নানা ভাবে নির্গত হয়,—তারা এই ভন্মের সামিল। এটা ব্দবশু ভদ্মের একটা ধুব সঙ্কীর্ণ ব্র্থ। স্থাসল মানে স্থামরা পরে বৃঝিতে চেষ্টা করিব।

যাই হোক, আমাদের ভেতরে একজন কেউ এই ভশ্লীলা করিতেছে। সে আর তার চরেরা বৃহিমুখ। "বহি: " আর "অস্তর্" কথা হটোকে তলাইয়া বুঝিবেন। আমার এই সূল দেহের বাহিরে সব কিছু "বাহু" মনে করি। ও বাহা বড়ই "বাহা"। আবেও আগলাইয়া চল। মনের বাহিরে যা কিছু, তাই কি বাহা ? বটে, কিছু "এহ বাহা, আগে কহ আর।" আগলে, যেটা যার স্বরূপ, ষার "আ্রা", সেইটা তার "অস্তর্"। আ্রার, তাই যেটা নম্ন, সেটা তার "বহিং" বা বাহা। এই মানে শারণ রাখিতে श्रेरत। निल-हेक्तिश्रधांत्र विभूच ना इस श्रे**न, किन्द** অভিমান বহিম্থ--এ কথাটার মানে বোঝা যায় না। অভিযান বহিম্থ-মানে সে তার নিজের যেটা স্বরূপ, তাতে দৃষ্টি করে না। সব তাতেই তার দৃষ্টি আছে, শুধু নিজের নিজত্ব তার দৃষ্টি নেই। নিজের বা "আত্মীয়" সম্বন্ধে তার চোখে ঠলি। পরকীয়, অর্থাৎ স্ব-স্বরূপাতিরিক্ত সম্বন্ধে ভার চোথে ঠুলি নেই। সবই ভন্ম, কি না resolve করিতেছে দে। ভার হাতিয়ার ইন্দ্রিগ্রাম, সংস্কার ইত্যাদি। দর্পণাস্ত্র হইতেছে আত্মবিবেক—খ-স্বরূপবোধ ("य"টাকে ছ'বার বলিলাম)। যাতে করে নিজেকে নিজে দেখিতে পাওয়া যায়। দেখিতে গেলেই "নিজেকে" —অর্থাৎ অভিমানকে—ভশ্ব হইতে হর।

এই গেল এক রকমের জাধ্যাত্মিক ব্যাথ্যা। এই রকমের একটা কিছু "মনসি নিধায়" ঐ গল্প রচিত হয় নাই ? না, ও-সব নির্জ্ঞলা, গাঁজাখুরি, ছেলে-ভূলান' গল্প ? সেকেলে বুড়োরাও না কি "ছেলে" ছিল, তাই তাদের সব কাজেও ছেলেমি, গল্পেও ছেলেমি! জাগ্র্ট কোঁওএর সেই মামূলি লেবেলগুলো এই বিংশশভকে এখনও বাভিল হয় নাই ? জাগে, মাইথোলজিকাল, ভার পর থিও-লজিকাল, ভার পর মেটাফিজিকাল, সর্বলেমে "পজিটিভ্"! সেই "ভত্মলোচনী" কাগু-কারখানা! এই বিজ্ঞান্যুগের জডিমান ভত্মলোচনী কাগু-কারখানা! এই বিজ্ঞান্যুগের জডিমান ভত্মলোচনী রহিয়াছে দেখিতেছি! বাইরের চোখ মেলিয়া যা কিছুতে দৃষ্টিপাত করিভেছে, ভাই "ছাই ভত্ম" হইয়া যাইতেছে! ভারতের বেদ ভাই

"ভাষার গান," আহ্মণগ্রন্থ (স্বরং ম্যাক্স্ম্লারেরই ভাষার)
—"(theological toraddle)"! অর্থাৎ, ছাইভন্ম!

ভশ্বলোচন থারই রথে অধিষ্ঠান হইয়াছেন, তিনিই चक्रत्य, कि ना चांथनांत्र मध्दक, दहांदंध ठेलि पतित्राट्हन। পরের বেলা তিনি শুধু যে ভশ্মলোচন এমন নয়, স্বয়ং হয় ত চালুনি, নিজের সহস্র সহস্রলোচন ৷ ছিন্তে দৃষ্টি নেই; ছুঁচের মার্গে একটি ছিন্ত অন্নেরণেই তৎপর! ইনি যে ধর্মের ঘাড়ে চাপিয়াছেন, সে ভাবিয়াছে ও বড় গলা করিয়া বলিয়াছে—আমিই সকল ধর্মের সেরা; পরধর্মে জাহারম। ফলে, সংসারে মৈতী, সদ্ভাব পুড়ে ভন্ম হইয়া যায়; ভাই ভায়ের ঘর ছারথার করিয়া দেয় ! কোন বিভা বা কাল্চারের ঘাড়ে চাপিলেও ভাই। গ্রীকরা "বর্দ্ধর" বলিত: আর কেউ-বা "অনার্য্য" বলিত। এখন আমরা পুরাকালের দব কিছু "মিডিভাল" "লোরার", "প্রিমিটিড" বলিতেছি। আমাদের গতি "প্রগতি"। বাকি সব বকেয়া, বাতিল। অর্থাৎ, হালের বিছা ভন্মলোচন হইয়া "আপনার বেলায়" চোথে ঠুলি দিয়াছে: পরের যা কিছু সবই ন আং, তৃচ্চ, ছাইভত্ম করিয়া দিতেছে। খোদ বিজ্ঞান খুব চোখোল' বলিয়া নিজের বড়াই করিয়া আসিতেছে। সত্যিই—একটা বাল্থিল্য প্তত্ন ধরিয়া তার অলে শুধু নবদার কেন, নব-নবতি কোটি নিরানবব্ই লক্ষ নিরানবব্ই হাজার নশ' নিরানবব ইটি "ঘার" সে দাগিয়া দিয়াছে। হাজার-ত্রারী ত' নিতান্ত ছোটলোকেরও ঘর। আমির লোকের দাওলাংখানা লক্ষ-ছুয়ারী ৷ মলিকিউলের নক্সা, এটমের নক্মা- এ সবই সে আঁকিয়া ফেলিয়াছে। সবই "ভসম-পুরী"--- সাত্রহলই হোক, আর সাত্সাতে উনপঞাৰ মহলই হোক। সর্বতেই কেউ "পুড়িভেছে", পুড়িয়া আর কিছু হইতেছে। কোথাও নাম মেটাবলিজিম, কোথাও বা কমবাসচান, কোথাও বা এটমিক ডিদ্রাপ্শান। ইত্যাদি। আমাদের লকণ্মত সবই ভন্ম। পরে লকণ্টি আরও খোলসা করিব। খাই হোক-বিজ্ঞান এতদিন "দত্যং সত্যং বদাম্যহং" হলপ করিয়া এই বিশ্বভূবনে ওতপ্রোত বজের ভত্মই বাঁটিতেছে। বজ্ঞ-তিলকের হুঁদ নেই। চোখে ছাই উড়িয়া না পড়িতেছে এমন নয়। শ্নর নমর চোধ রগড়াইয়া চোধ লালও করিতেছে

দেখি। ছাইএর গাদায় ফুঁমারিলে তা ত' হবারই কথা ! আজকের পাকা দেখা কা'ল কাঁচিয়া বাইতেছে-কল্লনা জন্মনার সামিল হইয়া পড়িতেছে: আলক কের লজ্জাশীলা কলনাজলনা বধুটি কাল খাদা বাত্তবী গিলীবালী হইলা ঘর পাভিতেছেন। এ ত' হামেশাই দেখিতেছি। কিন্তু, বিজ্ঞান আপনার বেলায় ? ঠলি সেখানে বেজায় শক্ত করিয়া আঁটো। তবু সময় সময় একট্থানি ফাঁকও হইয়া পড়ে। তথন বিজ্ঞান নিজেই "ভন্ম" হইয়া উডিয়া যাবার উপক্রম করে। ভথন, বিজ্ঞানের আয়তন হইয়াপড়ে একটা অপরূপ বিচিত্র "মান্বাপুরী"-A Universe of Convention. কতকগুলো সংজ্ঞা ও পরিভাষার বীজ-মন্ত্র উচ্চারণ করিয়া গণিতের বন্দারুবের হাড ভোঁরাইয়া বিজ্ঞান যাহকরী এক অপুর্ব বিরাট্ ভেল্লি পারনা করিয়াছে। ইকোয়েশন ও ফ্রমুলা এই তুই রাক্ষ্য-রাক্ষ্মী দেখায় বাস করে। বলিহারি । ময়দানবী কাণ্ড । ভেল্লির পালায় পড়িলে কে বুঝিবে যে এটা ভেছি! নিউটনের "কন্ভেন্শন্"ছ'আড়াই শতাকী ধরিয়া থাসাচলিল। এথন আইন্টাইন সে নিউটনী কন্ভেন্শনে ভুল ধরিয়া শোধন করিতেছেন। এক দিকে মামূলি (traditional) হংস্-বিছার (dynamics এর) এই শোধিত সংস্করণ (amended edition); অন্ত দিকে দহর কৃষ্ণ আকাশে সন্থ: আবিভৃতি রহস্তবপু কোয়ানটাম-ডাইনামিক্স। এই দো-টানায় পড়িয়া বিজ্ঞানের "সভাস্ত্রি"গুলি জ্বরাস্ত্র-বধ হইতে বসিয়াছে যে। সেই সেদিন এডিংটনের তত্ত্বথা ত' শুনাইয়া-ছিলাম-প্রকৃতির ধারায় যেটা বুঝি না, যেটা বোঝার না, অর্থাৎ, যেটা অনির্বাচ্য, সেইটাই হয় ত' প্রকৃত, প্রকৃতিনিষ্ঠ; স্মার ষেটা বৃঝিয়া হিসাব করিয়া ফেলিয়াছি ও ফেলিতেছি, দেটা বুদ্ধিগড়া, মনগড়া, স্থতরাং, কৃত্রিম, অধ্যন্ত, আরোপিত। দোজা কথার, বিজ্ঞান निक्का (हारथेत हेनिकि थूनिया निरस्टक छेड़ाहेबा छन्य করিয়া দেবার কথাও ভাবিভেছে।

তবে, নিজের সম্বন্ধে এই চোথের ঠুলি খোলার দেরি হবে। কত দেরি কে জানে? ঠুলি খসিয়া পড়িলে তাকে ক্যাভেঙিশ্ ল্যাবরেটারি ছাড়িয়া নৈমিষারণ্যে মাদিরা বসিতে হইবে না ত'? সে দূরের কথা। ততদিন ক্যাভেঙিশ্ ল্যাবরেটারি চোখে ঠুলি স্থাটিয়া নৈমিষারণ্য-উক্তওলোতে "ছাই"এর গাদাই দেখিতে থাকুন। ম্যাঞ্জিক ছাইএর গাদা, মাইথোলজি ছাইএর পাদা। ইত্যাদি। ২৫:৫০ হাজার বছর আংগেকার "ब्टमा"वा खहावानी, क्रोवहनधाती, अमन कि, পानिशांव দিগম্বর ছিল। আগুন জালিতে হয় ত' শিথিয়াছিল, কিন্ত পাথরে হাতিয়ার ছাডা আর কোন রণসম্ভার জানিত নাঃ অথচ, ফ্রান্স, স্পেন ইত্যাদি দেশের পুরাতন গুহাগাতে কি অপুর্ব চিত্রশিল্পনৈপুণ্য এই সব "জানোয়ার"রা বিচিত্র বর্ণসম্পূদে মণ্ডিভ করিয়া অঞ্চর অক্সর করিয়া রাখিয়া গিয়াছে ৷ বুনোর কীর্ত্তি বলিয়া শুধু মুক্তবিবল্পানা ভারিফ করিলে হইবে না। বর্ত্তমান যুগের শ্রেষ্ঠ শিল্পের সক্ষে কোন কোন অংশে দেটা তৃশনীয়। আর সেটা সথের জিনিষ ছিল না। আমাদের অভর্কিত কোন একটা ধর্মাফুষ্ঠানের (যেটা আমরা এখন "ম্যাঞ্জিক" বলিতেছি) অচেছত অঙ্গ ছিল সেটা। বাদের এটা কীর্ত্তি, ভারা কি সভ্য সভাই "বর্ষর" ছিল? গুহাবাসী, পাণিপাত্র, দিগম্বর, "বজমান" হইলেই কি সরাসরি বর্কর হওয়া যায় ? সে বর্করতা কি আর এক রক্ষের সভ্যতা নয়, যার মর্মোদঘাটনের চাবিকাঠিট আমরা পুঁজিয়া পাইতেছি না আমাদের হালফ্যাদানি বৈঠকথানার নম্বরি ভ্রমারগুলোতে? যাক--বিজ্ঞানের কথা আবার পাডিব। এখন আমরা দেখিতেছি যে-বিজ্ঞানের গোঁডামিই কেবল যে সব চাইতে মারাত্মক. পৌয়ার পৌড়ামি এমন নয়; বিজ্ঞানের অভ্ততাও স্ব চাইতে মারাত্মক, আকাট অজ্ঞতা। বিজ্ঞান পরের বেলা বেজার বিজ্ঞ: নিজের বেলার আনাডী অজ্ঞ। নিজের নাডীটাই সে জানে না। জানিলে ভক্ত হইয়া বাইত।

রাজনীতি, সমাজনীতি, অর্থনীতি—এ-সব ক্লেত্রেও ভত্মলোচনের অভাব নেই। ডিমোফেসী দিনকতক জয়ডকা বাজাইল। এমনটি আর হয় না, হবার নয়। মাছ্য মৃত্তির কাছা চাপিয়া ধরে আর কি? এখন দেখি, ডিমোফেসী বিশ বাঁও জলে। অবশু, এখনও কেউ কেউ জয়চাকের বাঁওয়া বাজাইতে ছাড়েন নাই। ওটা নাকি মাৎ হইয়া গিয়াছে—It is a failure. অবশু, ডিলেক্সীর প্রেভটির এখনও "গতি" হয় নাই। সে পরিয়া তাণ্ডব নাচ নাচিতেছে। রাশিয়ায় লেনিন-ষ্টালিন্; ইতালীতে মুদোলিনি; ব্রমাণিতে হিট্লার: এমন কি. "অভি-প্রগত" মার্কিণেও রুজ্ভেন্ট। এরা সবাই ডিমোক্রেনীর আগুলাদ্ধ করিতে বসেন নাইণ मृत्थ का अज़ान मस्त्र अता स्वित्र क्वित्र ना। "হন্তিকের" লাভন পতাকার, মূথে "শান্তি: শান্তি: শান্তি:"। স্বভিক্তের লাঞ্চন রক্তের লাঞ্চন হইতে কতক্ষণ, "শান্ধি: শান্ধি:" তাথৈ তাওবনুত্যের "বব ববম বব ববম" হইতে কত দেরি ? জগৎ উৎকণ্ঠার থরহরি কম্পমান। কেননা, ১৯১৪-১৮তে ভ্ৰতী কাক উৰ্দ্ধ্য ইইয়া য়ক্তপান করিয়াছিল, এবার সে ভস্মপান করিবে। ভাবীর আসমানী যুদ্ধে পথিবীটা যাতে চক্রলোকের মতন হাওয়া-জলশূক্ত নিরবজিঃর আরেয়-ভশ্মাচ্ছাদিত বপু হইতে পারেন, এমন বলোবন্ত পার্থিব পুসবেরা আদা-জল-খাইয়া করিতে বসিয়াছেন। অর্থাৎ, সশ্বীরে, সজ্ঞানে, পৈতৃক প্রাণটি ট্যাকে করিয়াও কেহ অত্র বসবাদের ইঞ্চারা পাইবেন না। "সকাং ভাষানে স্বাহা"--- যজ্ঞ বসিয়াছে। সকলে আছতি দেও।

সমাজ-নীতি, অর্থনীতি কেত্রেও হা'ল অথৈক वलर्गाङ्क्रम, क्यांनिकिम-ध नव भूतारना विधि-व्यवश গুলোকে ইদ্ধন করিয়া এক এক মহাযজ্ঞ সূক্ত করিঃ দিয়াছে। কোন কোন কেতে যজা "মহামাতী" যজা হইতেছে। অনেক কিছু ভশ্ব হইয়া যাইতেছে, ভশ্ববিভূ মাধিয়া যে নবীন ভার লেলিহান শিখাগুলোর ভেড হুইতে উথিত হুইতেছেন, তাঁর কুলুনেত্র ও বঞ্জদংট্র এখন আমরা দেখিতেছি। জ্বানিনা, তিনি শিব f দানব ! কলের নেতাগিতে মদনভশ্ম হইয়াছি দিব্যসিংহের বজ্ঞাধিকনথস্পর্শে হিরণাকশিপুর স্ফীতো বিদীর্ণ হইয়াছিল। বর্ত্তমান আবিতাবটি কি ম (Lust of Domination) আর হিরণ্য (Power Gold, Capitalism)—এ তুরের সংহারের অন্থ আপন "ব্রুপে" চোথ মেলিয়া বেদিন ইনি চাহিত দেদিন ইনি নিজেই ভশ্ম হইবেন নাত' ? কে জ বাপু, রক্ম বেগতিক।

ভন্মলোচনকে নানান্ মৃষ্ঠিতে আমরা দেখিতে আমাদের নিজেদের নিজেদের ভিতরেই ইনি

অভিচান করিতেছেন। এইথানে এঁর সভামৃত্তি। বাইরে ভ-সব ছারামৃর্ত্তি, দল্বাতমৃর্ত্তি। ভেতরে না থাকিলে, বাইরেও নেই। ভেতরের projection বাইরে। ভেতরে ঠ তবটি বহিরাছে বলিয়া যা কিছু "আমি" দেখিতেছি, "উল্ল' করিতেছি, সেটাকেই ভাঙ্গা-গড়া করিতেছি। হনন, ঈকণ, কল্পনা—এ সবের মানেই তাই। "আমি" ব্রুকণ **আছে, ভত্রকণ এ কাজ** করিতেই হইবে। বুল্রকাতে ব্রহা, বিষ্ণু, রুজ রূপে "আমি" এই কাঞ্চটি ক্রিতেছেন। তোমার আমার কুদ্র রুলাওেও দেই কাজেরই অল্পল রিহার্সল চলিতেছে। প্রকৃতির "দামান্তকোভে" মহন্তব বা বৃদ্ধি; কিন্তু অহলারতবে না আসা পর্যান্ত (একটা Centre of Reference) ঠিক ঠিক সৃষ্টি, স্থিতি, লয়ের কাল স্থক হয় না। তিনটে আলাদা করিয়া বলিতেছি, কিন্তু, তিনেই এক, একেই তিন। অর্থাৎ, রুদ্র সংহার করেন ব্লিয়া তাঁর জক "ছাই" ব্যবস্থা করিয়াছি বটে, কিন্তু দবই ছাই, দবই ভশা ই।--উপনিষৎ বলিয়াছেন। ভশের মূল লক্ষণ শারণ করিবেন। সেটা আরও ভাল করিয়া বোঝার চেষ্টা পরে আমরা করিব। গুরুরপী রাম দর্পণাস্ত (অর্থাৎ আত্মবিবেক) মারিয়া আমার "আমি"কে দেখাইয়া দেন। "ভত্তমসি" ভাবেই হোক, স্থার "নিত্য কুফদাস" ভাবেই হোক্। উভয়থা, তার ভেতর ঝুঁটা যেটি. "প্রাকৃত" যেটা, সেটা জন্ম হইয়া যায়। তার ব্যবহারিক বন্ধন ("পশুপাশ") গুলো, মায়ার পাশ resolved ("ভিছতে হ্রনরগ্রন্থি:" ইত্যাদি) হইরা যার। সেই ক্ষাই ভকাত। যে "আমি" "হংদ" রূপে নিত্য "অন্তর্বহিলে লায়তে." তাকে "সোহহং" রূপে দেথাই দর্পণে মুখ দেখা। যে জ্যোতি: যাইতেছে, সে আবার ঠিকরাইয়া (reflected হইয়া) ফিরিয়া আসিতেছে। এ কথাটার বিন্তারও পরের এক লেখায় করিব।

এইবার ভন্মান্মরের গুপ্ত আড্ডাগুলো একবার তল্লাস করিরা দেখিব। নানান্ ঠাই থেকে জন্ম কিছু কিছু আহরণ করিরা আনি। তার পর ব্ঝিব আসলে সেটা কি চিন্তু। একটু আগে বৃহদ্বলাগু আর কুন্ত ব্লাগুর কথা হইতেছিল। সাধনরসিকেরা আমাদের বা জীব-মাত্রেরই দেহকে অনেক সময় কুন্ত ব্লাগু বলিয়া গেছেন।

তার কারণ আছে। কিন্তু সে কথা আপাততঃ থাক।
আমরা তথাসুরের গল্পে অপুব ব্রহ্মাণ্ড কটাক্ষে দেখিরা
আসিয়াছি। সেথানে দেখিয়াছি—একটা নিউক্লিয়স
বা কেল্রের চারিগারে এবং তারই আকর্ষণে বিশ্বত হইয়া
এক বা বছ ইলেক্ট্র (ইউনিট্ নেগেটিভ্ ইলেক্ট্রক্
চার্জ্জ) গোলাকার পথে পাক থাইতেছে; পাক খাইতে
থাইতে এক গোলাকার পথে হাইতে আর এক গোলাকার
পথে লাফ মারিতেছে; সময় সময় "ল্রন্তঃ" হইয়া উধাও-ও
হইতেছে। কেল্রটাও শাস্ত সমাহিত নয়। সেথানেও
জটলা। কোন কোনটাতে বা "আগুনের" ফোয়ায়া
বাহির হইতেছে। হাউইবাজী।

এর পরের লেখায় ছবিখানা আরও একটু স্পষ্ট করিয়া ফোটাইয়া তুলিতে চেষ্টা করিব। আপাততঃ দেখিতেছি যে, অণুৰ জ্বগৎ যে "ব্ৰহ্মাণ্ড," সে পক্ষে সন্দেহ নেই। অভটুকু যায়গায় "স্থীপুরুষে" দব গা ঘেঁষাঘেঁষি রহিয়াছে, ভাবিবেন না। আমাদের সৌরঞ্গতের মতনই ঢালাও বলোবত। প্রোটন-ইলেকট্রণদের "দেহের" তুলনার "চরিয়া থাবার" জায়গা প্রচুর। ফাঁকা জায়গা ঢালাও। এ দবের হিদাব আমরা কিছু কিছু পাইতেছি। স্থানর তলনার স্থান্ধ বরং বন্দোবস্থ গালাও বেশী বেশী। গতি, শক্তি - এ সব স্কেলে। একটা ইলেক্ট্রণ যে রেটে তার ককে ছোটে, তার দঙ্গে তুলনা করিলে আমাদের ধরিত্রীর শূরুপথে আবর্তনগতি পঙ্গুর গতি! রেডিয়ম জাতীয় পদার্থের ভেতরে যে শক্তি বা এনার্জি শতঃ (ঐ ফোয়ারার বা হাউইবাজীর মতন) অভিবাক্ত হইতেছে, তার সঙ্গে আমাদের পরিচিত কোন শক্তিরই তুলনা হয় না। সমার্ফেল্ড প্রমুপেরা গণিয়া দেখাইয়াছেন যে, কেমিকাল একশনে (ধর, দহনে) যে শক্তি পুটিত (involved) থাকে, তার চাইতে বহু লক্ণণ শক্তি রেডিও-একটিভিটিতে সাড়া দেয়। অত শক্তি নইলে মোজ এটমের (অর্থাৎ, যেটা সচরাচর বিভাজা নয়) ঘর ভাকে, পোড়ে? সৌরমগুলের বাইরের মগুলের ("atmosphere"এর-বায়ুমগুল নয়, মনে রাখিবেন) উত্তাপ কমদে কম ৫।৭ হাজার ডিগ্রী। যত তার কেন্দ্রের দিকে যাওয়া যায়, ততই গরম হুছ করিয়া বাড়িতে থাকে। কেন্দ্রের কাছাকাছি উত্তাপ নাকি নিযুতের সংখ্যায় হিসাব করিতে হয়। কোন কোন নক্ষত্তে আরও বেনী। সুযোৱ বাইরের মণ্ডলে পার্থিব ভূতগুলোর তৈজ্ঞসবপু (Platinum gas ইত্যাদি) বিভয়ান। রশ্মি-বিশ্লেষণ করিয়া (Solar Spectrum a) ভা আমরা জানিতে পারি। কিন্তু, হিসাংমত, সুযোর ভিতর মহলে যে ভীষণ ক্রিকাণ্ডের ছবি দেখিতেছি, ভাতে মনে হয়, দেখানে পাথিত ভৃত্তলোর অনেকেই শুধু যে "বাযুক্ত নিবাকার" হটয়া আছেন এমন নয়: অনেকেই চিতায় আবোহণ করিষা ভত্মত্ব, পঞ্চত্ব পাইয়াছেন। অর্থাৎ, ভাকিলা চৰুমাৰ হটয়া আৰু কিছু হটয়াছেন। গোটা ছচ্চাৰ "শক্তপ্ৰাণী" আছেন, ভাঁৱা অমনধারা ফার্নেদে পডিয়াও, অমন আবন্ধ ও বোমবার্ডমেন্টের ভেতর রহিয়াও, কায়কেশে টিকিয়া যান। বড়বড় গেরন্ডবাই (কম্প্রেক্স এটমগুলে) সকবার আনগো হাবাৎ হন ; বাঁদের সাদাসিধে গছন-চলন, তাঁরা সংক্রে বানচাল হন না। সৌরুংগুলে ও কোন কোন নক্ষত্রমণ্ডলে এই দহন ও ভশ্মীকরণ জ্ঞোরসে চলিতেতে বেজায় গ্রম বলিয়া চলিভেছে: ভেডর মধলে, কেন্দ্রের কাছাকাছি বেজায় গ্রমও বটে, বেজায় চাপ (প্রেশার)ও বটে। এখন এই যে বিরাট ভাগ্নকাও আর ভন্মনীলা, এটা শুধু যে বিরাটের দেশেই এমন নয়: বাল্ধিল্যের দেশেও বটে। चायह, वालियानात (मर्ग गाँक (य चानुर्रमाजवर्भ शतिश्र করিয়াছেন, ত নয়। অর্থাৎ, বাল্থিল্যের দেশে আসিয়া আমবা যেন না ভাবি—এ লিলিপুটিয়ান্দের শক্তি সামর্থা, গতিপ্তিসবই গণ্ডুষঞ্জবিহারী সফরীসদৃশ ৷ তা নয়; তাদের ধরণধারণ সব তিমিঞ্চিল্লিলতুল্য। মহাতেজাঃ এর মহান বদের উভ্যা, মহতী এদের পরিণতি ৷ তা देनत्ल, उपेम त्य प्रकृत, शक्का च्यारश्यशितित (देवशांकत्रभ দৃষ্বেন নব, কথাটা চলিয়াছে; আর ভার ব্যোৎপত্তিক টাক ধরিয়া ভাকে টানিয়া রাখা গেল না) অগ্নিগর্ভে যে এটম বিশীর্ণ হয় না একট মৈনাক হিমালয়ের চাপে যে এটন পি!ষয়া যায় না, সেই এটন্ই ফুঁকিয়া ভস্ম হইয়া ষাইতেছে, ঐ লিলিপুটের দেশের অগ্নিকাণ্ডে ! "অগ্নি" শুস্টাকে লক্ষণার বড় করিয়া দেখিবেন। যাই হোকৃ— এট বালখিলা জগৎ যে একটা জগৎ, একটা ব্ৰহ্মাও, তাएक भार मत्तर कि ?

आमारमत्र এই वित्राष्ट्र, त्रून कार्डोटक्ड (Material Universeটাকে) আমরা ত' চিরদিন প্রসাও বলিয়া আদিতেছি। চারুপাঠে "ত্রন্ধাও কি প্রকাও" পড়িয়া-ছিলাম। কিছ তাকে ব্ৰহ্মাণ্ড বলিতাম কেন ? ব্ৰহ্মা "অপ্যু," কি না কারণ-সলিলে, বীজ নিক্ষেপ করিয়া-ছিলেন, সেই বীক হইতে ক্রমে এই অও (আও ?) পরদা হইয়াছে.--এই জন্ত কি? স্লিলে বীৰ, ভা থেকে আণ্ডা: সেই আণ্ডা ক্রমে বড় হুইতে লাগিল: তারির ভেতর, হালোক, পৃথিবী, অন্তরীক এই দ্ব পরিকল্পিত। এ বুড়াস্ত পুরাণে শুনি। উদাহরণ মুর্ণ —মন্দ্রণংহিতার গোড়াতেই। এখন বর্দ্ধমান **খাজা** না হয় থাদা জিনিয়। কিন্তু এই বৰ্দ্ধমান আগুটি ? "ছোট ডিম" বড় ডিম হইটেডছেন। না হইরা উপায় কি? ডিমের বডতে আর তেমন লোভ বর্ণগুরুদেরও নেই: ডিম ছোটই না কি সরেশ। ভিটামিনও বেশী। ছোটর বংশ কেবল স্লেচভূমিতে কেন, আর্য্যাবর্ত্তেও নির্কাণ হইতে বসিল। ত্রদাবর্ত্তি, খোদ ত্রদ্ধলোকেও, বোধ করি এটা বেজায় লোভের সামগ্রী। প্রজাপতি পাছে নিজের প্রস্ত ডিমটি "ছোট" দেখিয়া নিজেই নির্কাণ করিয়া বদেন, এই ভয়েই বোধ হয় ডিম পড়িয়াই ঝটিভি বাডিতে লাগিল- বৰ্দমান হইল, "ব্ৰহ্মা" হইল। সাবধান তাই বর্দ্ধান, আর বর্দ্ধান তাই বিভ্যমান। আছো, এ সব কি স্রেপ গাঁজাখুরি ? নৈমিষারণ্যের সিদ্ধার্শমের ধোঁয়াটাকেই এতদিন আমরা গাঁজার ধোঁয়া ভাবিয়া আদিয়াছি। এখন দেখিতেছি, ক্যাভেণ্ডিশ ল্যাব্রেটারির ধেশিয়াটাও ভাই।

কিছু দিন আগে, এমন কি পনর বিশ বছর আগেও, ও-দেশের জ্যোতিবী ও অভ্তত্ত্বিদেরা ভাবিতেন— এ বিরাট বিশ্বটা অসীম, অনস্তঃ। কোন এক দিকে "নক্ষত্তবেগে" অথবা, রশিবেগে (speed of light) ছুটিয়া চল—কত কত গ্রহ, তারা, নীহারিকার জগংছাড়াইয়া চলিবে: এক ছাড়াইয়া যাইবে, আর কিছু আদিয়া পড়িবে। এই রকম ধারা অকুরস্ত যাত্রা তব! তা হইলে, এ বিশ্ব, এ বিরাট্—"এক" (কি না, মহং বটে, কিন্তু, এটা আর "অও" মনে করা চলে না। একাত্রের ধারণাটাই আক্সবি, ছেলেমি। মাধার ওপর রাত্রিকালে

৯ নক্ত্রথচিত নীল চন্দ্রাতপ্টা একটা "ডোমের" মতন ক্ষার। ওটা সেই আগ্রার ওপরকার থোলা। নীচের _{আধ্}থানাও তা হইলে আছে। এই ভাবে "ব্ৰহ্মাণ্ডের" কলনা হইয়াছিল। ঐ ছায়াপথটাকে ডিম্বের একটা mi "বেড" রপেই দেখিতেছি নাকি ? পৃথিবীটা একটা আন্তার মতন : নিরামিধয়তে ("without eggs") কমলা-লেবর মতন। গ্রহ-ট্রহ, স্বর্যা, তারা-- এরাও প্রায় ঐ আকার। ধুমকেতৃ, নীহারিকা-এদের ভোল আলাদা। কিছ ধরা যাক-কোথাও বা আতা তৈরি হইতেছে. কোথাও বা আতা ভাঙ্গিয়া গিয়াছে। এতটাও নাহয় চলিল। কিন্তু সমগ্ৰ বিৱাট সম্বন্ধে কোনও একটা অক্তার কল্পনা করা যায় না। কেন না, স্পেদ্ও অসীম, ভূবনও অসীম। ভূবনকে "চতুদ্দশ" করা জাবার কি? উপরে সাত থাক, নীতে সাত থাক---্র আবার কি ১ ওটা হয় ছেলেমি, নয় রূপক-টুপক একটা কিছে।

কিন্তু এ কি কথা শুনি আজ গণিতের মূথে, হে নব বিজ্ঞান ? বিরাট্ জড় জ্ঞাৎটা (Universeটা) অধীম নয়, সদীম (finite)। খুবই বিরাট, তবু সদাম। আর ারহিয়াছে, সে স্পেদ্ বক্র। বাঁকা তুমি আম, তোমার নয়ন বাঁকা, চলন বাঁকা, বাঁকা তোমার ঠাম, নাম কামও বাকা। সোজা কিছুই নেই। স্পেদ্ বাকিয়া গিয়াছে এমন নয়; বাঁকিয়া আবার ঘুরিয়া আসিয়াছে। অর্থাৎ, দেই আঙা ! "ব্ৰহ্মাঙ" বলিতে তিন্**টি জি**নিষ আসিয়া ণড়ে না কি ? প্রথম-এটা বড হইলেও এর একটা বীষা, পরিধি আনছে। বিতীয়-এটা বক্র হইয়া ঘুরিয়া মাদিয়া**ছে। ততীয়—এটি বর্জমান**। এটি "মরিয়া" ভূমিষ্ঠ হয় নাই (পুরাণে মার্ততের গল্প শ্বরণ করিবেন)। l-Stillborn নয়। জ্ঞান্ত, তাজা আঙা। ক্ৰে পড়িতে থাকেন। কজ বড় যে হইবেন ভার ঠিকান। নেই : একেবারে হালের বিজ্ঞানের ভাষায়—Universe তিবুবে Finite এমন নয়; এটা আবার Expanding। ক্থাটার প্রমাণ সোজা কথার দেওয়া শক্ত। আইন্টাইন্ ও পরবর্ত্তীদের আঁকের থাতা পাডিতে হইবে তা হইলে। শিটা চাটিখানি কথা নয়। তবে শিষ্ট-উক্তি গুনাইতেছি।

শুনিয়া বিচার করিবেন—গাঁজা থাইত কে—দিদ্ধাশ্রম, না, কাাভেণ্ডিশ ল্যাবরেট্রি প

স্থার জেমস জিন্দ জাদেবেল জ্যোতিষী গণংকারও ভাল, কথক ও ভাল। বেভারে ও কথা কহিয়া থাকেন। লাথে লাখে বিকোষ'। তাঁর একটা বেভারবারা এখানে শোনাইব But the modern astronomer regards the universe as a finite closed space, as finite as the surface of the earth, and if he is not yet acquainted with the whole universe, he has good reason to hope that he will be before very long. We of to day no longer think of vast unknown and unsounded depths of space, stretching interminably away from us in all directions. We are beginning to think of the universe as Columbus, and after him Magellan and Drake, thought of the earthsomething enormously big, but nevertheless not infinitely big; something whose limits we can fix; something capable of being imagined and studied as a single complete whole; something capable of being circumnavigated, if we like Scientists now believe that if we could travel straight on through space for long enough, we should come back to our starting point; we should have travelled round the universe." পুরাণে নানা স্থানে দেখি নারদাদি দেববিরা ভূবন পরিক্রমা করিভেছেন ৷ পরিক্রমার টাইম-**८ विवाध चाहेन्छ। हेन्-"श्रही"तः टेह्याति क**तियारह्न । পুরাণে বৎদরের মনুষ্যান, পিতৃমান, দেবমান, ব্রহ্মান---এসব কথা আছে। তারা রেলিটভেটির মূলতত্ত্ জানিতেন। কত লক্ষ কোটি বৰ্ষে এক্ষার এক দিন হয়. তা ক্ষিয়া দেখিবেন। বভুমানে জ্যোভিষে "রাশ্মম্যন" ("Light-year") বৰ্ষ চল্ডি কোন ভারা হইতে আলো পৃথিবীতে আদিতে কয় বৎসর লাগে, দেটি कानिया वना इय--- अधुक जाता अरु "नाहेते-हेबात्" मृत्त অবস্থিত। লাইট্ প্রতি দেকেতে পৌণে ছ'লাখ মাইলের চাইতেও বেশী চলে। সুগ্য হইতে আসার সময় মোটে আট মিনিট। এখন, হালের পরিকল্পিত ব্রহ্মাণ্ডের পরিধির হিদাৰ অমূন—'The circumference of the

universe is likely to lie somewhere between 8,000 million light-years and 500,000 million light-years." স্থা হিদাব নয়, তবু একটা আন্দাল করার চেষ্টা হইতেছে ত'় যেমন ভারতীয় প্রত্নতত্ত্ব— পাঁচি ধোপানী বি. দি. ৫০০ অথবা এ. ডি.৫০০এ প্রাত্ত হইয়া কলিকলুষ ক্ষালন করিয়াছিলেন। শ্যাকামুড়োত' হাতে পাওয়া গেল! আমার দে যাবে কোথা ? আমরাও দেখিতেছি – বিরাট ব্রেমর লাকা মুড়ো হাতে পাইতেছি! রহন্ত যাক —ভবে এতে বিরাট মত্য সত্যই বামন হইলেন না। আমাদের অতিকায় দুরবীণগুলে: এ পর্যাস্ক এ বিরাটের দেশে যতটুকু জ্বিপ করিয়াছে, তাহার মাপ বোধ হয় মাত্র ১৪০ নিযুত লাইট্-ইয়ার। কোথা পঞ্চলক নিযুত, আর কোথা একন' চাল্লিশ নিযুত। অজানার মহানিশায় এখনও বিজ্ঞানের বীক্ষণ-প্রেক্ষণ-যন্ত্রপা জোনাকির মতন টিপ্টিপ্ করিতেছে! তবুত' অসীম নয়, অনস্ত নয়! একদিন —ভার বুকের স্থাশা —বিজ্ঞান এ বিশ্ব ব্রহ্মাণ্ডে "এক: সুৰ্য্যস্তমো হস্তি" হইয়া দেদীপ্যমান হইবে।

কিন্তু মৃদ্ধিল আছে। অওটি নাকি বৰ্দ্ধমান। এর শব্দের ধাতু "বৃংহ"এর এক মানে বৃদ্ধি। "ত্রহ্মাণ্ড" বলিয়া প্রাচীনেরা এই বৃদ্ধিটাও বোঝাইতে চাহিতেছেন। তদ্ শাস্ত্র ব্রুব্দের তুল্য ভাবিতে বলিভেছেন। বিজ্ঞানও দেখি সোপ্-বাব্লের নমুনা দিতেছেন। বাব্লের পীঠে যদি একটা পোকা ঘুরিয়া চলে, ভবে বে ঘুরিয়াই আসিবে; বাব্ল-ছাড়া কথনও হইবে না ম্পেনেও তাই। স্পেনে চলিতে স্থক্ত করিয়া আমা लक (कां है वाहे हे ने होता अहारन फितिया आतित ; कि ट्रिल्म हाड़ा कथन७ इहेर ना। याहे टहाक्--- धहे शि বুদ্বুদটা শ্ৰুমিয়াই বড় হইতে থাকে, ক্ৰমেই বড়। Lemaitre (এक अन दवल् कियान "गण कात") दम्थारे प्राट्न दन-"Einstein's universe has properties like those of a soap-bubble....As soon as it comes into existence, it starts swelling out in size, and must go on expanding indefinitely." जाना কথা। ভশান্তর ও ভশ্মবোচনের ভশ্ম পরীক্ষার আমাদের এ সব আর কিছু শুনিতে হইবে।

জীবন-মরণ

শ্রীবীরেন্দ্রলাল রায় বি-এ

মরণ কোথা	মরণ কোথা
জীবন যে রে উথ্লে ওঠে	
আমার প্রাণে	তোমার দানে
গন্ধভরা	কুস্থম ফোটে।
ভোরের পাখী	উঠ্ল ডাকি—
"कारना के	বিন মরণ বনে"
ফুলের হিয়া উচ্চুদিয়া	
দই পাতাৰ	দ হাওয়ার সনে।
পাগল অলি	কুসুম কলি
গোপন গ	নে জীবন ঢালে;
ভাগার হ বি প্রভাত রবি	
্ৰ আঁকে ভিৰ	দ্রক ধরার ভালে।

জীবন ঘুমায় শরণ চুমার নদীর পারে সাঁঝে দুরে প্রিয়ার সনে বুন্দাবনে ওই নৃপুরে कीवन बुद्धः। আঁথির পাড়ে গোপন রাতে ঝরে ধারা কাহার লাগি'? অভিসারে বারে বারে শরণ মাগি ! চলে কাহার মরণ কালো জালায় আলো কর্ছে বরণ; প্রেমের রূপে বাঁচ্বি যদি প্রেমের নদী বইছে নে রে তাহার পরণ।



ঘূৰ্ণি হাওয়া

শ্রীপ্রভাবতী দেবী সরম্বতী

(0)

শরীরটা কয় দিন হইতে ভালো যাইতেছিল না। বিশ্বপতি ছই দিন কোথাও বাহির হয় নাই, ঘরেই ভইয়া পড়িয়া দিন কাটাইতেছিল।

আহারের ব্যবস্থা কাকিমার ওধানে ছিল। তিনি প্রত্যহ হু'তিনবার যাওয়া-আসা করিতেন, বিশ্বপতিকে দেখা-শোনা করিতেন।

আজকান বিশ্বপতিকে দেখার লোকের অভাব ছিল
না। তাহার অনেক টাকা হইরাছে কথাটা খুব শীদ্র
গানের মধ্যে ছড়াইরা পড়িয়াছিল। নবীন মিত্র তাঁহার
বর্ম্যা কলাটার উপযুক্ত পাত্ররূপে তাহাকেই নির্কাচন
করিয়াছিলেন এবং বিশ্বপতির নিকটে এ প্রস্তাবও
করিয়াছিলেন। কিছু সে হা বা না কিছুই বলে নাই।
নবীন মিত্রের আশা ছিল যথেই; তিনি সেই জন্মই
বিশ্বপতিকে সকলের বেশী যত দেখাইতেছিলেন।

সেদিন সন্ধার পরে বিশ্বপতি একাই ঘরের মধ্যে শুট্রা পড়িরা ছিল। থানিক আগে নবীন মিত্র চলিরা গিরাছেন। কাকিমাও একবার সাডা দিরা গিরাছেন।

বাহিরে শুরা দশমীর চাঁদের আলো। চারি দিক জন্তান জ্যোৎসায় ভরিয়া গেছে। দূরে কোথায় কোন্নিভ্ত নিক্ঞের আড়ালে লুকাইয়া একটা পাপিয়া অবিপ্রান্ত চীংকার করিভেছিল—চোধ গেল, চোধ গেল।

ঘরে বর্ধনটা ধ্ব মৃত্ ভাবে জ্ঞানিতেছিল। এক কোণে

আডালভাবে থাকার তাহার মৃত্ আলো ঘরের মধ্যে

উট হইয়া উঠিতে পারে নাই। বাহিরের ফুট জ্যোৎসা

মৃক্ত জানালাপথে আসিয়া কতকটা বিছানার উপর কতকটা মেঝের উপর ছড়াইরা পড়িরাছিল। বাতাস ঝির ঝির করিরা জানালা দিয়া আসিয়া দেয়ালে বিশ্বিত ছবির কাগজগুলাকে কাঁপাইরা দিতেছিল।

বিখপতি বিছানার শুইয়া পড়িয়া বাহিরের পানে তাকাইয়া **চিল**।

আৰু রাত্রিটা কি স্থলর। মনে পড়িভেছিল পুরীতে সম্ত্রতীরে এমনই জ্যোৎমালোকে নন্দার সঙ্গে বেড়ানোর কথা। সন্থথে অনস্ত সম্ত্র। চেউরের উপর চাঁদের আলো পড়িয়া কি স্থলর ল্কোচুরি থেলা করিভেছিল। পারের ভলায় বালুকারাশি ঝিক্মিক্ করিয়া জলিতেছিল। আজু যেমন জ্যোৎমাদীপ্ত নীলাকাশের বৃকে কোথা হইতে টুকরা টুকরা সাদা মেঘ ভাসিয়া আসিয়া দৃপ্ত চাঁদের উপর দিয়। আবার কোন্ অজানা দেশে চলিয়া যাইভেছে—দেদিনও তেমনই চলিভেছিল।

নন্দার সে কি আনন্দ! তাহার মুখের কথা সেদিন ফুরার নাই। কলকণ্ঠ বিহণীর স্থার সে কেবল দেদিন গল্প করিয়াছিল। বিশ্বপতি চলিতে চলিতে কতবার সে ক্যোৎসার উজ্জ্বল হাসিভরা মুখখানার পানে তাকাইয়াছিল। কতবার তাহার মনে হইয়াছিল, আকাশের চাঁদ ক্ষর, না এই মুখখানি স্ক্রর। তুলনার যেন নন্দার মুখখানাই অধিকতর স্ক্রব বলিয়া মনে হইয়াছিল।

একটা দীর্ঘনিঃখাদ বিশ্বপতির সমন্ত বুকথানা দলিয়া দিয়া গেল। হায় রে, সে আজ কোথার ? সে ওই চাঁদের রাজ্যেই চলিয়া গেছে। বিশ্বপতির ব্যগ্র ছইটা বাছর বন্ধন ছিল্ল ইইরা গেছে। ব্যগ্র ব্কের আকুল আহ্বানে দেখা দেওয়া দূরে থাক, একটা সাড়াও দিবে না।

কিছ বিশ্বপতি শুনিয়াছে অন্তরের একাগ্রতামর আহ্বান না কি অনন্তের অধিবাদীকেও চঞ্চল করিয়া তুলে,—তাহাকে ইহলোকে টানিয়া আনে। আন্ত সে অনন্তকে বিশ্বাস করিতে চায়। মরিলেই সব ফুরার বলিয়া ধারণা করিতে তাহার বুক ফাটিরা যার। নন্দা অনন্তে আছে, তাহার সব শেষ হইরা যার নাই—হইতে পারে না। আন্ত সে প্রাণপণে বহু ব্যগ্রহার নন্দাকে ডাকে, নন্দা কি একবার আসিরা তাহাকে দেখা দিয়া যাইতে পারিবে না?

নন্দা, নন্দা, কোথায় নন্দা—কোথায় তুমি ? একটা-বার মৃহ্রের জন্ম কি আসিতে পারিবে না ? একটাবার চোখের দেখা দিয়া ঘাইতে পারিবে না ? ওগো অনস্ত-বাসিনি, একটীবার মৃহুরের ক্ষাও এসো, দেখা দাও।

বিশ্বপতি চক্ষু বৃজিয়া পড়িয়া রহিল।

দ্রে কোথার বাশী বাজিতেছিল। জ্যোৎসারাত্রে সেবাশীর সুব বড় সুলর শুনাইতেছিল।

বারাগুায় একটা শব্দ গুনিয়া সে চাহিল,—বোধ হয় মিত্র মহাশয় আসিয়াছেন।

কিছুক্ষণ অতীত হইয়া গেল, কেহ আসিল না।

দরজার কাছ হইতে কে যেন সরিয়া গেল, ক্ষীণ আলোকে যেন ভাহার শাড়ীর লাল পাড়টুকু দেখা গেল। কে যেন দরজার পাশে দাঁড়াইয়া ছিল,—বিশ্বপতি এ পাশ ফিরিতেই সে পাশে লুকাইল।

"কে, কে ওখানে—"

কোনও সাড়া পাওয়া গেল না।

নন্ধ আসিগাছে কি ? হাঁ, নিশ্চরই সে আসিরাছে।
সে ছাড়া আর কেছ নহে। বিশ্বপতিকে সে বড়
ভালোবাসিত। বিশ্বপতির আহ্বানে সে তাহার বড় প্রির
চন্দ্রলোকে পর্যান্ত থাকিতে পারে নাই। সে বিশ্বপতির
কাছে আসিরাছে।

"नका, नका—"

বিশ্বপতি ভাকিতে লাগিল---"এদিকে এলো, সামনে এসো নন্দা। এসেছ যদি--- নিঠুয়ার মত চলে যেরো না।" ধীরপদে একটা নারীমূর্ত্তি খবের ভিতর প্রবেশ করিল। মৃত্ জালোকে স্পষ্ট দেখা গেল না, মনে হইল ভাহার মুখের জর্জেকটা অবগুঠনে আবৃত।

"a哥\—"

বিশ্বপতি একেবারে উঠিয়া বদিল।

"আমি নন্দা নই। নন্দা নেই, সে মরে গেছে। মরামাশ্য জীবভের রাজতে আদতে পারে না।"

এ কি, এ কাহার কঠবর । বিশপতি বিভারিত নেত্রে রমণীর পানে তাকাইয়া রহিল। অম্টে তাহার কঠ হইতে অজ্ঞাতেই বাহির হইল,—"৪ন্তা—"

মেরেটী হঠাৎ তাহার পারের কাছে বসিয়া পড়িয়া, তাহার পারের উপর একেবারে উপুত হইয়া পড়িল। আর্ত্ত কঠে কাদিয়া বলিল, "না গো, বাগদীর মেরে চক্রাও বে সৌভাগ্য লাভ করেছে, আমি তাও পাই নি। আমি নন্দ নই, চক্রাও নই, আমি অভাগিনী কল্যাণী"—

"কল্যাণী—"

সামনে কালসাপ দেখিরাও মাত্র বোধ হয় এত চমকাইয়া উঠিত না। বিশ্বপতি পা সরাইয়া লইতে গেল, ধড়মড় করিয়া উঠিয়া পড়িতে গেল, কল্যাণী পা ছাড়িল না। চুই হাতে পা চ্থানি চাপিয়া ধরিয়া ফুলিয়া ফুলিয়া কাঁদিতে লাগিল।

বিশ্বপতি বেন বিশ্বাস করিতে পারিতেছিল না—
কল্য ণী ফিরিয়া আসিয়াছে। সেই কল্যাণী—যাহাকে
সে একদিন এক মৃহুর্তের জল্প দেখিয়া ব্ঝিয়াছিল কল্যাণী
কোথায় গিয়াছে, স্থসমৃদ্ধির চরম সীমায় সে নিজেকে
প্রতিষ্ঠিত করিয়াছে। সেই কল্যাণী, যাহার নাগাল
পাওয়া তাহার মত লোকের পক্ষে কল্পনারও অতীত!
সে আজ্প আবার এখানে, এই পল্লীতে—এই কুটায়ে
ফিরিয়াছে?

উভয়েই নীরব। কল্যাণী কেবল কাঁদিতেছিল। আমার বিখপতি ভাবিতেছিল দ্র অতীতের ও বর্তমানের কথা।

তব্ও তো সে সংগার পাভাইরাছিল। হয় ভো কল্যাণীকে লইরা সে সুথী হইতে পারিত। বাল্য প্রেমের কথা ভবিষ্যতে কোন দিন না কোন দিন ভাহার মন হইতে মিলাইরা ধাইত। তাহা হর নাই। দারুণ দ্বার কল্যাণীর স্থনন্ন দ**ন্ধ হই**না গিন্নাছিল,—সে নন্দার প্রতি শ্বামীর আকর্ষণ সহিত্তে পারে নাই।

কেই বা পারে ? বড় ভালোবাদার পাত্র বা পাত্রীকে অপরের হাতে সমর্পণ করিয়া নিশ্চিন্ত হইয়া থাকিতে কে পারে ? নারী আত্মহত্যা করে, অথের সংসারে আত্মন ধরাইয়া দেয়, নিজেকে ধ্বংদের পথে অগ্রসর করিয়া দেয়,—ইহার মূলে অনেক সময় এই একটা কারণই থাকে না কি? সরল প্রকৃতি পুরুষ অনেক আ্বাত সহিতে পারে, অনেক ক্ষতি সহিতে পারে; ছুর্বালা নারী কোনও আ্বাত, কোনও ক্ষতি সহিতে পারে লা।

বিশ্বণতি বাহিরের পানে তাকাইয়া রহিল। তথনও বাহিরে অমানে চাঁাদের আলো, তথনও পাপিয়া দ্রে কোথার ডাকিতেছে—চোধ গেল, চোধ গেল।

চাহিয়া চাহিয়া চোধ জালা করিতে লাগিল; বিশ্বপতি চোধ ফিয়াইয়া পদতলে নিপ্তিতা নারীর পানে তাকাইল।

শস্তাপ ? বোধ হয় তাহাই ঐ হর্ষ। তাহার অন্ত্পমের অসীম সৌন্দর্য্যে ইহাকে আরু ই করিয়া রাখিতে পারে নাই। দরিজের এই পর্ণকৃটীরই তাহাকে শত বাহু মেলিয়া ডাকিয়াছে। সে দ্রে থাকিতে পারে নাই,—সহত্র বন্ধন চুইটী কোমল হাতে ছিঁড়িয়া ফেলিয়া সে ঘরের পানে ছুটিয়া আসিয়াছে।

দে আত্ম চায়। এই ঘরে তাহার পূর্ক-মৃতি লক্ষ্ লিকড় ছড়াইয়া জাঁকিয়া বিদিয়াছে। দে এখন এই স্থানে তাহার জায়গা গড়িয়া লইতে আদিয়াছে। কিছ তাহা কি আর সম্ভব হয় । কল্যাণী ভাবিয়াছে, সেই শিকড় দিয়া সে আবার বাঁচিবার সম্বল আহার্যা যোগাড় করিয়া লইবে। কিছ তাই কি হয় ? বাহিরের আকর্ষণে সে ব্যন্ন সুঁকিয়াছিল, তথন সেই স্ভার মত লক্ষ্ বাঁধন যে ছিঁড়িয়া গিয়াছে, দে দিক কি দে দেখে নাই ?

বিশ্বপত্তি একটা দীর্ঘনিঃশাদ ফেলিল।

(25)

"কল্যাণী,—রাঙাবউ—" কল্যাণী চমকাইয়া উঠিয়া মুখ তুলিল। দেই

"রাঙাবউ" আহ্বান। বছ কাল সে এ ডাক শুনিতে পার নাই। অনেক আদরের সম্ভাবণ হয় তো দে শুনিয়াছে, কিন্তু তাহার মধ্যে আন্তরিকতা ছিল কি ?

একবার মাত্র মুখ তুলিয়াই সে আবার বিশ্বপতির পালের উপর মুখখানা রাখিল।

স্থানীর্ঘ নিঃখাদটাকে অতি কটে প্রশমিত করিয়া কোলিয়া বিশ্বপতি বলিল, "কিদের আকর্ষণে আজ রাজপ্রাদাদ ছেড়ে এই দীন দরিজের পর্ণ∳টীরে এলে রাঙাবউ? এখানে এমন কিছুই নেই যা ভোমার এতটুকু ভৃষ্ঠি শান্তি দিতে পারবে।"

উচ্ছু সত কঠে কলাণী বলিল. "তুল বুঝেছ গো, আমার তুমি তুল বুঝেছ। আমি আমার অন্তরের ভাকে এদেছি। এই ঘরের আকর্ষণ আমি কিছুতেই ঠেকাতে পারলুম না। এই গাঁরের পথ আমার ভেকেছে, এর ঘাট আমার ডেকেছে, এর আকাশ, বাভাদ, গাছ, লতা আমার ডেকেছে। এর ডাক এড়িরে আমি কোথার—কেমন করে থাকব গো, আমি কোথার থেকে শান্তি পাব ?"

গণ্ডীরভাবে বিশ্বপতি বলিল, "যারা ভেকেছে তাদের কাছে যাও কল্যাণী। আমি তো ভোমার ডাকি নি। তবে আমার কাছে এসেছ কেন ?"

"না, তুমি আমার ডাক নি। না ডাকতে এসেছি, এ অপরাধের শান্তি লাও। তোমার দেওরা দও বতই কঠোর হোক—আমি তা মাথা পেতে নেব। আমার দও লাও গো, আমি সেই দও নিতেই এসেছি।"

সে বিশ্বপতির পায়ের কাছে মাথা খুঁড়িতে লাগিল।
ব্যন্ত হইরা বিশ্বপতি তাহাকে ধরিবার জক্ত হাতথানা
বাড়াইয়াই সরাইয়া লইল,—"আঃ. ও কি করছ কল্যাণী ?
পঠ—ছিঃ, ও রকম পাগলামী করো না।"

कनानी यांश जुनिन।

তাহার মুখ তথন বিষাদ-মলিন, গন্তীর। বলিল, "আমার জিজাসা করছ কেন এলুম? কেন এলুম সে কথা বললে বিখাস করবে কি ?"

বিশ্বপতি বলিল, "আমার কোন কথা বিশ্বাস করানোর জ্বজে ভোমার এত ব্যাকুলতা কেন কল্যাণী ? আমি অতি ক্স, আমার ওপরে নির্ভর করাই বে ভোমার অমৃতিত।" ভারতবর্ষ

কল্যাণীর মুখখানা একেবারে বিবর্ণ ইইয়া গেল। খানিক চুপ করিয়া থাকিয়া সে বলিল, "আমি কোথাও থাকতে পারি নি. তাই এখানে চলে এসেছি।"

"কিন্তু যে দিন চলে গিরেছিলে সে দিনে কি ভেবেছিলে কল্যাণী—পেছনে যাকে ফেলে চলছো, সে তোমাকে অবিরত ডাক দেবে, সেই ডাক ভোমার কোথাও স্থির হয়ে থাকতে দেবে না ?"

বিশ্বপতি হাত বাড়াইয়া লগুনের দম বেশী করিয়া দিয়া ভালো করিয়া কল্যাণীর পানে ভাকাইল।

কল্যাণী মুখ নত করিয়া বাসিয়া রহিল। একটা কথাও ভাহার মুখ দিয়া বাহির হইল না।

উভৱে অনেককণ নীরব।

বিশ্বপতি ঘরের নিন্তরতা ভক্করিক। বলিল, "আর রাত করচ কেন—এখন যাও।"

কল্যাণী মুথ তুলিরা ভাষার পানে চাহিল। সে চোথে সর্বহারার দৃষ্টি ফুটিরা উঠিরাছে। থেন ভাষার যাহা কিছু ছিল সব সে হারাইরা ফেলিয়াছে।

ধীর কঠে সে বলিল, "আমায় তাড়িয়ে দিছে; কিছ আমি বাব বলে তো আদি নি, তোমার পায়ের কাছে থাকব বলে এসেছি। ভয় নেই, আমার হারা তোমার এতটুক্ অনিট হবে না। আমি তোমার কাছ হতে অনেক দ্রে সরে থাকব। আমায় কেবল এই ঘরে থাকবার অহমতি দাও।"

বিশ্বপতি গন্তীরভাবে মাথা নাড়িল, একটা কথাও বলিল না।

কল্যাণী কম্পিত কঠে বলিল, "আমায় এতটুকু অধিকারও দেবে না, কিন্তু চক্রাকে তো অনেকথানিই অধিকার দিয়েছিলে ? ঘণ্য বাগণীর মেয়ে হয়েও সে যা পেলে, আমি তা পাব না,—তার এতটুকু পাওয়ার দাবী করতে পারব না ?"

শক্ত ভাবেই বিশ্বণতি বলিল, "ভূল করেছ কল্যাণী।
চন্দ্রা গৃহত্যাগ করে গেলেও তার স্থান ছিল খরে—কেন
না আনার জন্তেই সে গিয়েছিল। কিন্ত তুমি তো আনার
ক্রে—আনার বাঁচাতে যাও নি কল্যাণী,—আনায় সব
রক্ষে ধ্বংস করতে তুমি চলে গেছলে। কিন্ত কি
চমৎকার অভিনর করতেই লিখেছ, আনি তাই ভাবি।

তোমার মত "ষ্টেক্ষ ফ্রি" হতে থুব কম অভিনেত্রীই পারে।
সেই ক্সন্থেই ভোমার নাম চিত্রজগতে প্রতিষ্ঠা লাভ
করেছে। চক্রা গ্রাম ভ্যাগ করে গেছে, আর সে এখানে
আলে নি। আমার ক্সন্তে সে সর্কান্থ ভ্যাগ করেছে, তর্
সে আমার শত সংশ্র অন্নরেও এখানে এল না। আর
তুমি—তুমি কল্যাণী,—যে মুখে নিক্রের হাতে চুণ কালি
মেথেছ, সেই মুখ দেখাতে গ্রামে ফিরে এসেছ,—ভব্
আবার থাকতে চাছেল কি করে? মনে রেখো—
এখানে ভোমার এই অভিনরে লক্ষ হাতে করভালি
পড়বে না, অগন্তি প্রাণের অর্ঘ্য ভোমার পারের ভলাদ্
জমবে না।"

কল্যাণা বন্ধদৃষ্টিতে বিশ্বপতির কঠিন মুখখানার পানে ভাকাইয়া রহিল। ভাহার চোথে এতটুকু জল ছিল না। কিন্তু ভাহার আরক্তিম ঠোঁট দুখানা নীল হইয়া গিয়া থর থর করিয়া কাঁপিতেছিল।

হঠাৎ সে উঠিয়া পড়িল। দরজার দিকে ছই পা
অগ্রসর হইয়া আবার ফিরিয়া আসিয়া বিশ্বপতির পাশে
বিদিয়া পড়িল। ছই হাতের মধ্যে মুথধানা ঢাকিয়া
আর্ডকর্চে বলিয়া উঠিল, "নিঠুর, পাবাণ, আমি ফে
কেবল তোমার জল্ডেই সব ছেড়ে দিয়ে চলে এসেছি,
কেবল তোমার জল্ডেই এই গামে আবার পা দিয়েছি।
তোমার সেবা যদি করতে পাই—লোকে যে যাই বল্ক
কর্মার অন্ধকারে গা ঢেকে লুকিয়ে এসেছি, কাউকে
দেখতে দিই নি। ওগো, আমার এমন করে নিঠুরের মত
তাড়িয়ে দিয়ো না। আমার এথানে—তোমার ফরে
এতটুকু আল্রম দাও। আমি কেবল তোমার কাল করে
দেব, তোমার চাইব না।"

বিশ্বপতি মাথা নাড়িল, দৃঢ়কঠেই বলিল, "আর তা হর না কলাণী, আর তা হবে না। সামনে জলস্ত আগুল নিয়ে আমি বাদ করতে পারব না। আমার নুকে দিন-রাত আগুল জলছে, আরগু জলবে। লেবে আমার আগুহত্যা করে সকল জালার অবসান করতে হবে। বুঝলে কলাণী, তুমি যেমন আমার মিথ্যে সন্দেহ করে নিজেকে নই করেছ, আমি তোমার ওপরে সত্যিকার অভিমান নিয়েই নিজেকে ধ্বংস করেছিলুম। জনেক কটে আবার মান্ত্র হওয়ার চেষ্টা করছি। এ সমর আমার বাধা দিরো না। অনেক মহাপাপ করেছি। অনুভাপ করবার অবকাশ যাতে জীবনকালের মধ্যে পাই—ভাই কর। আমার আর আবাহত্যারপ মহাপাতকে ডুবিয়ো না।"

কল্যাণী থর থর করিয়া কাঁপিতে লাগিল।

অনেককণ চেষ্টা করিয়া নিজেকে সামলাইয়া লইরা সে বলিল, "তাই ভালো, আমি চলে যাব,—তোমাকে আর পাপে ডুবাব না। কিন্তু আৰু এই রাত্রে আমায় এতটুকু আশ্রের দেবে না কি? একা এই রাত্রে কোণার যাব? কেন্ট্র আমায় আশ্রের দেবে না। অন্ততঃ পক্ষে আন্তক্ষের রাতটা,—আমি কাল ভোর হতেই উঠে চলে যাব—"

ধড়নড় করিয়া বিছানা হইতে উঠিয়া শশব্যন্ত ভাবে বিশ্বপতি বলিল, "মামার তাতে এতটুকু আপত্তি নেই। আৰু রাত্রে তুমি এখানে এই বরেই থাকো, আমি বাইরে গাছি।"

"কিন্তু তোমার যে অস্তথ---"

শুক হাসিরা বিশ্বপতি বলিল, "এমন কিছু শক্ত ব্যায়রাম নর, সামাক্ত জর মাত্র—ওতে কিছু হবে না। আমি বারাণ্ডার একটা মাত্র পেতে শুরে রাভটা কাটিয়ে দেব এখন, তুমি ঘরে থাকো।"

কল্যাণী আড়েষ্ট ভাবে বসিয়া রহিল। বিশ্বপতি একটা মাদুর ও একটা বালিস লইয়া গিয়া বারাওায় রাথিয়া ফিরিয়া আসিয়া দেখিল কল্যাণী তখনও সেই-ভাবে বসিয়া আছে।

বিশ্বপতি শাস্তভাবে বলিল, "আৰু বোধ হয় বিশেষ কিছু থাওয়া হয় নি। ওই আলমারীতে হধ আছে, ঘরে আর কিছুই নেই। উপোস করে থেকো না, হুধটুকু থেরে কুঁলোর জল আছে নিরো। আমি এই বারাণ্ডায় রইলুম। ভরের কোন কারণ নেই। তুমি দরজা বন্ধ করে নিশ্চিত হয়ে শোও।"

দে বারাণ্ডার চলিয়া গেল।

বাহিরে মাত্র পাতার শব্দ হইল, বিশ্বপতি যে শুইরা পজিল তাহাও বেশ বুঝা গেল।

কল্যাণী উঠিল না, নড়িল না, একটা দীর্ঘনিঃশাসও ফেলিতে পারিল না। ভাহার বুকের মধ্যে ব্যধার বোঝা জমাট হইয়া বসিরা ছিল, সে তাহা এতটুকু হালা করিবার চেটাও করিল না, অথবা উপায় খঁজিয়া পাইল না।

বাহিরে দশমীর চাঁদ তথন ডুবিরা গেছে, অন্ধকার ঝোপে গর্ত্তে কোথার স্কাইরা ছিল, চাঁদ ডুবিবার সজে সক্ষে রক্ত-পিপাস্থ ব্যাঘের মতই নিরীহা ধরিত্রীর বুকে লাফাইরা পড়িল।

গান গাহিতে গাহিতে পাথাটা থামিরা গেছে।

অধকার নামিবার সংল সংল তাহার চোথেও বুঝি বিশ্বের

যুম জড়াইরা আসিরাছে। নীড়ের মাঝেই বুঝি সে ঘুমাইরা
পড়িরাছে। নিকটে নারিকেল গাছের একটা পাতার
গোড়ার দিকে একটা পেচক আসিরা বসিল ও বারকত
ভানা নাড়িল। নৈশ নিস্তর্জতা ভঙ্গ করিরা সেই একটা
তাহার অভিযোগ বিশ্বারিত ভাবে বর্ণনা করিতে লাগিল।

আকাশের গারে অগণন তারা ফুটিয়া উঠিরা অন্ধকার
ধরিত্রীর পানে নিশুরের ভাকাইরা ছিল। পেচকের
অভিযোগ কেবল তাহাদেরই কাছে পৌছিতেছিল।

মধ্য রাত্রিতে অকস্মাং বিশ্বপতির ঘুম ভালিয়া গেল।
মনে হইল—বরের মধ্যে কল্যাণী বেন মুখে চাপা দিয়া
ফুলিয়া ফুলিয়া কাঁদিভেছে। সে ভাহার অভিযোগ
ভনাইতে চার কাহাকে ? অন্ধকার ঘরে সে কাহার পায়ে
প্রাণের গভীর বেদনা উজাড় করিয়া ঢালিভে চায় ?

রুদ্ধ দ্বারে আঘাত করিয়া বিশ্বপতি ডাকিল, "কল্যাণী —রাডাবউ—"

হয় তো ভাহার দৃঢ় প্রতিজ্ঞ। তথন শিথিল হইরা পড়িয়াছিল। দরজা থোলা থাকিলে হয় তো সে ভূল্ঞীতা কল্যাণীর মাধাটা নিজের কোলেই টানিয়া লইত।

ভিতর হইতে কোনও সাড়াশন্ত পাওয়া গেল না। বোধ হয় গভীর ঘুমের মধ্যে তৃঃত্বপ্র দেখিয়া সে কাঁদিয়া-ছিল। বিশ্বপতির সাড়া পাইয়া তৃঃত্বপ্র ভাহার বিভীবিকা লইয়া সরিয়া গিয়াছে।

আপনা আপনিই কুটিত হইয়া বিখপতি নিজের মাহুরে গিয়া তইয়া পড়িল।

(00)

ভোরের আলো ধরার গায়ে প্রথম চুম্বরেশা আঁকিয়া দিবার সঙ্গে সন্ধে বিশ্বপতি ধড়মড় করিয়া উটিয়া বদিল। কাল রাত্রে কত কি ঘটিয়া গেছে,—আন্ধ ভোরের আলোর মনে হইতেছে সে সব বেন একটা খপু। কিন্তু সে খপু নয়, এই প্রভাতের আলোর মতই সত্য। কল্যাণী আদিয়াছে,—কাল রাত্রে সে এই ঘরে বাস ক্রিয়াছে,—এখনও গরের ভিতর রহিয়াছে। হয় তো এখনও ঘুমাইয়া আছে, দর্জা এখনও ভিতর হইতে বন্ধ।

ক্ষ্য উঠিয়া পড়িল। সমস্ত বারাপ্তা, উঠান রৌজে ভরিয়া গেল। একজন তৃইজন করিয়া কয়েকজন প্রতিবাদীও আদিয়া পড়িলেন।

বিশ্বপতির শারীরিক থবর লইতে তাঁহারা সকলেই উৎস্ক। সে জানাইল সে ভালো আছে। তাঁহারা যে এত ভোরেই তাহাকে দেখিতে আসিয়াছেন, সে জ্ঞা সে তাঁহাদের নিজের আস্তারক কৃতজ্ঞতা জানাইল।

মিত্র মহাশয় সবিশ্বরে বলিলেন, "বাবাজি কাল সারারাত কি এই বারাণ্ডাতেই শুয়েছিলে না কি? ঘর তো দেখছি বন্ধ, এখানে বিছানা পাতা দেখছি—"

বিশ্বপতি উত্তর দিল ন।।

ভতক্ষণে আর ত্'একজনে কথাবার্তা চলিয়াছে। কাল সন্ধার ট্রেণে একটা মেরে টেশনে নামিয়াছে। একাই সে অবগুঠনে মুখ ঢাকিয়া গ্রামের পথে চলিতে-ছিল। সে মেয়েটী কে, কোখায় গেল, ইংাই লইয়া ভাঁহারা বিলক্ষণ মাথা ঘামাইতেছিলেন।

বিশ্বপতির মুথধানা একেবারে বিবর্ণ হইয়া গেল। জাঁহারা থানিক পরে যথন বিদায় লইলেন, তথন দে যেন নিঃশাস ফেলিয়া বাঁচিল। ক্লছ দারে আঘাত করিয়া সে ডাকিতে লাগিল, "কল্যাণী, কল্যাণী—রাঙাবউ—"

উন্তর নাই।

ঘত্তে যেন মাতৃষ নাই,—ঘর এমনই নিন্তর। রাত্তে তবু একটু উদথুদ শব্দও পাওয়া গিয়াছিল,—আৰু এতটুকু শব্দ নাই।

ব্যস্ত হইয়া বিশ্বপতি ডাকিতে লাগিল—"রাভাবউ, ওঠো—. দরজা খোল—"

তথাপি উত্তর নাই।

কি একটা অনক্ষ আশকায় বিঋণতির সারা অ্লরখানা পূর্ণ ক্টরা গিয়াছিল। সে ল্যকা ছাড়িয়া

জানালার কাছে গিয়া দেখিল কল্যাণী জানালাটিও বন্ধ করিয়া দিয়াছে।

আশাদ্ধা যেন সত্তোই পরিণত হইয়া যায়। রুজ্বাদে জানালার এতটুকু একটী ফাঁক দিয়া বিঋপতি ঘরের ভিতরটা দেখিবার চেটা করিল।

মেঝের উপর কল্যাণী শুইয়া আছে। তাহার মুধ দেখা গেল না, সে অপর দিকে ফিরিয়া শুইয়া আছে। বিশ্বপতির শত ডাকেও সে নডিল না।

শক্ষিত বিশ্বপতি চুই একজন নিমুশ্রেণীর লোককে ভাকিয়া অবশেষে দরকা ভাকিয়া ফেলিল।

কল্যাণী তথনও শুইয়া। বিশ্বপতি মাথার কাছে জানালাটা খুলিয়া দিতেই এক ঝলক গ্রেন্ত আসিয়া কল্যাণীর মুখখানার উপর পড়িল।

শাস্ত ন্থির মুধ, সে বেন ঘুমাইয়া আছে। বিশ্বপতি তাহার কপালে হাত দিল, বুকে হাত দিল, সে দেহ বরফের মতই শীতল। নাসিকায় হাত দিলা সে পরীকাকরিল তাহার নিখান পড়িতেছে কি না। সকল পরীকাশেষ করিল তাহার নিখান পড়িতেছে কি না। সকল পরীকাশেষ করিল।

দরজার নিকট হইতে কালুমিপ্তি সোহেতো জিজ্ঞাদা করিল, "মা লক্ষী না, দা-ঠাকুর ?"

বিখণতি একবার শুধু ভাষার পানে ভাকাইল।
একটা শক্ষ ভাষার মুধ হইতে বাহির হইল না। দেখিতে
দেখিতে সমস্ত গ্রামমর রাষ্ট্র হইরা গেল, বিশ্বপতির
কুলত্যাগিনী পত্নী কাল শ্বাত্রে ফিরিয়া আদিয়া এখানেই
আাহাহত্যা করিয়াছে। ছোট বড় স্থী পুরুষ বে বেখানে
ছিল, সকলেই ব্যাপারটা দেখিতে ছুটিয়া আদিল।

বিশ্বপতি কোন দিকে চাহিল না, একদৃটে কেবল কল্যাণীর মুখের পানেই ভাকাইরা রহিল।

অভাগিনী, সত্যই বড় অভাগিনী। স্বামীর উপর নিদাকণ অভিমান বশে, কেবল স্বামীকে জব্দ করিবার জভই সে গৃহত্যাগ করিয়াছিল। কিছু ক্ষল করিতে গিরা জব্দ হইল সে নিজেই; নিজের শান্তি স্থ সে নিজেই নই করিয়াছে। সে রাণীর ঐশ্বর্য্য, স্থান পাইয়াছিল। প্রভূত ক্ষমতাও তাহার করতলে ছিল। তবু এই কুটীরের মার্যা, স্বামীর প্রেম, গ্রামের ডাক সে ভূলিতে পারে নাই; তাই সে ঐশ্ব্য, স্থান, ক্ষমতা সব কেলিরা দীন বেশে

নাবার স্বামীর কাছে এই কুটীরেই ফিরিয়াছে। এই টীরেই সে ভাহার শেষ নিঃশাস ফেলিয়া গেল।
।ইথানে ভাহার ক্ষন্তরে যে প্রেম প্রথম বিকশিত ইয়াছিল, সে প্রেমের সমাধি সে এইথানে এইরূপে
দিয়া গেল।

মুখের উপর ভাহার কি শান্তি, কি তৃথিই না ফুটিরা ঠিয়াছে। যদিও সে ভাহার প্রিরতমের স্পর্শ পার াই, তবু সারিধ্য পাইয়াছে। সেই যে ভাহার মত ্লভ্যাগিনী কলছিনীর পক্ষে যথেই পাওয়া।

একটা দীর্ঘনি:খাস ফেলিয়া বিশ্বপতি মুথ ফিরাইল।
কি নিলারণ অভিশপ্ত জীবন তাহার। সে কিছুই
াাইল না। যাহারা তাহাকে ভালোবাসিরাছিল তাহারা
বাই তাহার শ্বতির জালে জড়িত হইয়াই রহিল।
করনার তাহাদের দেখা মিলিবে, সম্পত্তি মিলিবে,
বাপ্তবে তাহারা চিরদিনের জকুই বিলীন হইয়া গেল।

ঠিক মাথার কাছেই একথানা পত্ত পড়িয়া ছিল,—
কল্যাণীর হাতের লেথা। কাল অনেক রাত অবধি ঘরে
আলো জলিয়াছিল। সে বোধ হয় বিশ্বপতির কাগজে
তাহারই পেন্সিল দিয়া তাহাকেই পত্রথানা লিথিয়া
গিয়াছে।

कनानी निधिवाटह-

আমায় তুমি ঘরছাড়া করতে চাও নিষ্ঠুর ? একবার নিদারণ অভিমানের বশে রাগে ছঃখে কেবল ভোমার জ্ঞা করবার জন্তেই খেছার ঘর ছেড়ে চলে গিয়েছিল্ম। আজ যথন ভূগ বুঝে ফিরেছি, তথন আর কি ফিরতে গারি,—তাই কি সন্তব ? আমি এসেছি—কোথাও বাব না। এখানে আমার জারগা, আমি এখানেই থাকব। এইখানে যে শেষ শ্যা বিছাব, তুমি যথনি ঘরে আসবে ভোমার মনে সেই শ্বভিটাই দপ করে জলে উঠবে। আমার মন হতে ভাড়িরেছ, ঘর হতে ভাড়াতে চাও,— পারবে না। আমি জোর করে দখল করব।

আমি মরব,—ই্যা, কেউই আমার রক্ষা করতে পারবে না। এই মাত্র তুমি আমার ক্ষা দরজার বা দিরে ভাকলে কল্যাণী, রাঙাবউ। মন অধীর হয়ে উঠল সে ভাকে। মনে হল—দরজা খুলে দিয়ে তোমার প্রসারিত ফি হাতের বাধনে নিজেকে ধরা দেই। কিছু না, আজ রাতে তুমি হয় তো সাময়িক উত্তেজনায় আমায় তোমার পাশে টেনে নেবে ৷ রাত প্রভাতের সকে মিলবে, কি— কেবল ঘুণা আর অবজ্ঞা নয় কি ?

তোমার আমি হের করব না। তুমি যেথানে উঠেছ, আমি সেইখানেই ভোমার রাখব। তুমি জানো— তোমার জন্যে একদিন নিজেকে ধ্বংস করেছি,—আজ প্রাণটাকেও নই করব।

আন্ধ আমার কি মনে পড়ছে আনে। । এই ঘরে প্রথম যে দিন নৃতন বউ হরে এসে চুকলুম, সেই দিনটীর কথা। ফুলশম্যা এই ঘরেই হরেছিল সে কথা মনে পড়ে কি । হয় তো তোমার মনে নেই, কিন্তু আমার মনে আছে। কেন না, সে দিনের স্থতি তুমি আন্ধ ভূলে যেতে পারলেই বাঁচো, কারণ, সে দিনটাকে তুমি সেদিন প্রাণপণে এড়াতে চেয়েছিলে। আমি তা চাই নি; আমি চেয়েছিলুম সেই রাভটীকে সম্পূর্ভাবে সার্থক করে নিতে, যার স্থতি চিরকালই আমার স্থতি-মন্দিরে উজল হয়ে জলবে।

তার পর কত জ্যোৎসাদিজ রাত এসেছে। কত ফুলই কত দিন পেরেছি। কত রাতে কত পাপিরা কত কোকিল গান গেরেছে। কিন্তু সে রাতটী আর পেলুম না। অনেক মুক্তা অহরত জীবনে পরতে পেরেছিলুম, কিন্তু দেনিনে নিজের অনিজ্বার কেবল মারের আদেশ পালন করতে যে লোহাটী তুমি নিজের হাতে আমার পরিরে দিয়েছিল তার মূল্য নেই। সে অমূল্য সম্পদ আজপ্ত আমি বড় বত্বে হাতে রেখেছি।

ওগো, এ ভূল তো করতুম না—যদি তথন একটীবার আমার ডাকতে—একটীবার বলতে—"তুমি বেশ করেছ, আমার জস্মথের থবর পেরে এত দ্রে —প্রীতে ছুটে এসেছ।" তুমি আমার রুঢ় কথা বললে। আমার আরু অভিমান তাই আমার নিম্নে এল সেইথানে—যেথানে আছে কেবল নিক্ষ কালো ঘন অক্ষকার। সেথানে, ওগো দেবতা—তুমি নেই, আছে কেবল শয়তান। আরাধ্য দেবতা, তিরস্বার করছ—কর, কিছু আমার এই বর যে আমার ডাক দিরেছে,—আমার গ্রামের পথ ঘাট যে আমার ডাক দিরেছে,—আমি দ্রে সরে থাকব কি করে? আৰু প্ৰাণ ভরে ওদের দেখে নিছি। জানালা দিয়ে দেখছি যুমস্ক পথটা পড়ে রয়েছে। ভার এক দিকে অরকার আন্তে আন্তে এগিয়ে আসছে, আর এক দিকে টাদের আলো আন্তে আন্তে মিলিয়ে যাছে। অদ্রে ঘাট দেখা যাছে। ওইখানে বাসন মাজতে বদে কত দিন ওই গাছগুলোর পানে আনমনে তাকিয়ে থাকতুম। ঘাটের উপরকার বকুল গাছটা আজ্ব আমার মতই রিজ হরে দাঁড়িয়ে আছে। ওতে আজ্ব ফুল ধরে নি, কিজ কত দিনই ও আমার কত ফুল উপহার দিয়েছে।

সব গেছে—কিন্তু খুক্তি তো মন হতে মিলায় নি গো। আৰু বাওয়ার বেলায় সব যে একে একে মনে জাগছে। অতি ছোট কথা—ক্ষু ঘটনাগুলোকেও তে। আৰু ছোট বলে মনে হচ্ছে না। দীৰ্ঘ পাঁচটা বছর এখানে কাটিয়েছি, সে তো বড় কম দিন নয়।

নিঃসহল হয়ে আসি নি, সহল নিয়েই এসেছি। তব্ বে কি আশা ছিল বলতে পারি নে। মনে করেছিল্ম— হয় তো স্থান পাব,—লাসীর মত এক পাশে পড়ে থাকবার মত এতটুকু স্থান কি আমায় দেবে না ? চক্রাও তো স্থান পেত যদি সে আসত। কিন্তু সে আসে নি, কারণ তুমিই বলেছ তার লজ্জা আছে, সক্ষোচ আছে। সে অভিনেত্রীর জীবন যাপন করে নি, তাই যে গ্রাম সে পেছনে ফেলে গেছে, সে গ্রামে সে আর আসবে না।

কিন্তু জিজ্ঞাসা করি—তার আসবার দরকার কি ? সে আনেক পেরেছে। এত বেলী আমি যে আশা করতেও পারি নে। সে তে। আমার মত সব দিয়ে কেবল ব্যর্থতাই লাভ করে নি।

ভূল বুঝো না গো,—আমি এখানে অভিনয় করে হাততালি নিতে আদি নি। যশ মথেই পেরেছি—গৃহস্থ-ঘরের কল্যাণী বধুরপে নয়, শ্রেষ্ঠ অভিনেত্রীরূপে। কিন্তু কে চেরেছিল তা ? সে দিনগুলো যে আমার জীবনের অভিশাপ, ছঃস্বপ্ন।

স্থল নিরে এসেছি, আমার সামনে শিশিতে ররেছে।
কভটুকু? মাত্র করেক বিলু। কিন্তু ওতেই আমার
জীবন নষ্ট হবে। ওই আমার অসমরের বন্ধু,—আমার
চিরদিনের ক্সে শান্তি দেবে।

তার পর ? তার পর অনস্ত লোকে অনস্ত জালা।
আমি মানি—সব মানি,—ইহলোক পরলোক, স্বর্গ নরক,
—সব। আজ মরণ নিশ্চিত জেনে ভাবছি—ওথানে
আমার জক্তে কি শান্তি তোলা আছে, আমার আমি
কি পাব।

জানি—সে জগতেও আমি ভোমায় পাব না, সেথানে নলা ভোমায় পালে এসে দাঁড়াবে,—আমায় বছ দুরে থাকতে হবে। তবু আমি ছায়ার মত ভোমার অহ্নসরণ করব, আমি ভোমায় নিজের করবই। সেদিন নলাকে ভার সকল দাবী মিটিয়ে নিয়ে সরে মেতে হবে, চলাবছদ্রে থাকবে, তুমি সেদিন একালভাবে আমারই হবে। এই আশা নিয়ে আমি লক্ষ জন্ম ঘূরব। একটা জন্মে সার্থকভা লাভ করবই, সেই আশায় আমি লক্ষ জন্ম কাটিয়ে দেব।

ভোমার মিনতি করি—কামার একেবারে মন হতে মুছোনা, জামার স্থতির সমাধি দিয়োনা। এই ঘরের পানে তাকাতে জামার কথা মনে করো: ভেবো—এইথানে জামি ভরেছিলুম। জন্ম জন্ম আমি ভোমার স্থতি বুকে নিয়ে ফিরব, জনস্ত যন্ত্রণা সইব, তুমি জামার জতে এইটুকু করতে পারবে না?

বিদার, ভোরের আর বেশী দেরী নেই,—শেষ রাতের শুকভারাটি জ্বেগে উঠছে দেখতে পাছি। আমার আর যেতেই হবে, থাকার যো নেই। আমার এই বিছানাটীর পাশে একটীবার দাঁড়িয়ো গো, এই আমার অম্বরোধ, একটীবার ডেকো—রাঙাবউ, কল্যানী—

শামি চলার পথে তোমার সেই ডাকটা সম্বল করে চলব। বিদায়----

অভাগিনী কল্যাণী।

"রাঙাবউ—কল্যাণী—"

বিশ্বপতি হঠাৎ এই অভাগিনী কুলত্যাগিনীর মৃথের উপরে ঝুঁকিয়া পড়িল; তাহার ছইটী চোথের অল কর কর করিয়া মৃতার মৃথের উপর একপ্সলা বৃষ্টির মতই করিয়া পড়িল।

শ্রীশ্রীচৈতকাচরিতামতের সমাপ্তিকাল

অধ্যক্ষ জ্রীরাধাগোবিন্দ নাথ, বিভাবাচস্পতি, এম-এ

(0)

শ্রীনবাস আচার্য্যের সময় নির্ণয়
বঞ্চব-গ্রহকারপণের আলোচনায় সাধারণতঃ সাধ্যসাধনচন্ত্র, ভক্তির বিকাশ, ভাবের পৃষ্টি, ভক্ত ও ভগবানের
ভাকীগুনাদিই প্রাধান্ত লাভ করিয়াছে। ঐতিহাসিকের
ছিতে তাঁহারা কলাচিৎ তাঁহাদের আছে ঐতিহাসিক

প্রতি লক্ষ্য করিয়াছেন। তাই তাঁহাদের গ্রন্থে ঐতিহাসিক

প্রকরণ কিছু পাওয়া গেলেও তাহার সাহায্যে কোনও

নির্যোগ্য সিছান্তে উপনীত হওয়া প্রারই তৃকর। অবচ,

চাহাদের বর্ণিত ঘটনাদি সম্বন্ধে ঐতিহাসিক তথ্যের

নির্ণয় সময় সময় একরূপ অপরিহার্যাই হইয়া পড়ে। তাই,

নাহা কিছু উপকরণ পাওয়া যায়, তাহার ছারাই তথ্য
নির্ণয়ের চেটা করিতে হয়। প্রেমবিলাসাদি পৃত্তকের

উক্তি হইতে শ্রীনিবাসের সময় নির্ণয় করিতে আমরাও

ভল্প চেটা কবিব।

্র গুলাবলে গোবিন্দদেবের মন্দিরেই যে শ্রীকীবাদি গোলামিগণের সহিত শ্রীনিবাসের প্রথম সাক্ষাৎ হইরাছিল, ইলা প্রসিদ্ধ ঘটনা (ভক্তিরত্বাকর, ৪র্থ তরঙ্গ, ১০৭ পূ:। প্রথমবিলাস, ৬ঠ বিলাস, ৬১ পূ:)। এই ঘটনা হইরাছিল ক্ষপনাতনের তিরোভাবের পরে। অস্বরাধিপতি মহারাক্ষ্মনিসংহই যে রূপ-সনাতনের তবাবধানে গোবিন্দ্রনীর নির্মাণ করাইরা দিয়াছিলেন, তাহাও ইতিহাস্প্রসিদ্ধ ঘটনা। প্রতরাং রূপ-সনাতনের তিরোভাবের গরে গোবিন্দ্রনীর যে মন্দিরে শ্রীকীবাদির সহিত শ্রীনিবাসের সাক্ষাৎ হইরাছিল, তাহা যে মানসিংহের নির্মাত মন্দিরই, তাহাতে সন্দেহ থাকিতে পারে না। এইন দেখিতে হইবে—এই মন্দির কথন নির্মিত ইয়াছিল।

প্রাচ্যবিভামহার্ণৰ নগেজনাথ বস্থ সম্পাদিত বিশ্বকোষ ইতে জানা যার, আক্বর শাহের রাজ্যের ৩৪ণ বর্ষে প্রশাতনের তল্পাবধানে মানসিংহ গোবিন্দ্**লী**র মন্দির নির্দাণ করাইয়াছিলেন। ১৫৫৬ খুটাজে মোগল সন্ত্রাট্
আকরর লাহ সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। স্বতরাং
তীহার রাজছের ৩৪শ বর্ষ হইল ১৫৯০ খুটাজ। ভাজার
দীনেশচক্র সেনও লিখিয়াছেন, গোবিন্দজীর মলিরে যে
প্রেন্ডর-ফলক আছে, তাহা হইতে জানা যায়, ১৫৯০
খুটালে এই মলিরের নির্দাণকার্য্য সমাধা হইয়াছিল ১ ।
ইহা হইতে বুঝা বায়, ১৫৯০ খুটাজের (অর্থাৎ ১৫১২
দকাকার) পুর্বেষ্ঠ শ্রীনিবাস বন্দাবনে যান নাই।

ভক্তিরত্বাকর হইতে জানা বার, বৈশাধ মাসের ২০শে তারিখে শ্রীনিবাদ বুলাবনে পৌছিয়াছিলেন (৪র্থ ভরজ. ১৩ঃ পৃ:)। সেই দিন রাত্রিকাল ছিল "বৈশাখী প্ৰিমানিশি শোভা চমৎকার (১০৮ পঃ)।" পরের দিন (অর্থাৎ প্রতিপদের দিন) প্রাতঃকৃত্য ও স্থানাদি স্মাপন করিয়া খ্রীনিবাস শ্রীকীবের সাক্ষাতে গেগেন: শ্রীকীব তাঁহাকে লইয়া রাধাদামোদর-বিগ্রহ দর্শন করাইলেন এবং "শ্ৰীরপগোস্বামীর সমাধি সেইখানে। তথা শ্ৰীনিবাসে লৈয়া গেলেন আপনে॥ শ্রীনিবাদ শ্রীদমাধি দর্শন করিয়া। নেত্রকলে ভাষে ভূমে পড়ে প্রণমিয়া ॥" (ভক্তিরতাকর, ৪র্থ তরজ, ১০৯ পুঃ)। জীজীব তাঁহাকে সাভনা দিয়া গোপাল ভটগোস্বামীর নিকটে লইরা গেলেন। আছো-পাল্ল সমন্ত কথাই শ্ৰীনিবাস তথ্ন ভটুগোলামীর চরণে নিবেদন করিয়া দীক্ষার প্রার্থনা জানাইলেন। ভিজীয়াতে দীক্ষা দিবেন বলিয়া ভটুগোখামী অনুমতি দিলেন। তথন "भीकीवरशाचामी श्रीनिवारमस्य गहेशा। आहेगा आश्रन বাদা অতি হট হৈয়া। কল্য প্রতিঃকালে শ্রীনিবাদে জীগোসাঞি। করিবেন শি**ত্ত জানাইলা সর্বাঠা**ঞি॥ * * * তার পর দিন স্থান করি জীনিবাস। প্রীজীবের সজে গেলা গোৰামীর পাস ॥" তখন ভটুগোলামী—"এনিধাসে

⁽³⁾ Vaisnava Literature, p. 170

শীরাধারমণ সরিধানে। করিলেন শিষ্ঠ অতি অপূর্ব্ব বিধানে। ভক্তিরত্বাকর, ১৪৪ পৃঃ।" এ সমস্ত উক্তি ধারা ব্রা যার, বৈশাধ মাসের ২০শে তারিও পূর্ণিমার দিন শীনিবাস বৃন্দাবনে উপনীত হইয়াছিলেন এবং ২২শে তারিথে কৃষ্ণা দিতীয়ার শীরোপাল ভটুগোবামীর নিকটে তিনি দীক্ষালাত করিয়াছিলেন।

পূর্বেবলা হইয়াছে, ১৫১২ শকের পূর্বে শ্রীনিবাস वुकावत्व यान नाहे। ১৫১२ मत्कत्र २०८म देवभाध भूगिमा ছিল না। ১৫১০ শকের ২০শে বৈশাধও ছিল শুরা চতুৰী। ১৫১৪ শকের ২-শে বৈশাৰ পূর্ণিমা ছিল প্রায় २> मण । महेनिन माध्यात्र इन । २०१म देवमाथ মক্লবার প্রতিপদ ছিল প্রার ১৬ দণ্ড এবং ২২লে বৈশাথ বুধবার দিতীয়া ছিল প্রায় ২১ দণ্ডঃ স্থতরাং মনে করা यात्र ८व. ১৫১৪ मटक्द (১৫৯२ श्रृष्टोटक) २०८म देवमार्थ त्मायवाद्यहे श्रीनिवाम बन्नावत्न श्लीक्ष्याक्रित्नन व्यवः ২২শে বৈশাথ বুধবারে দিতীয়ার মধ্যে তাঁহার দীকা হইয়াছিল। দীনেশবাবু লিথিয়াছেন-জীনিবাস ১৫৯১ थुडेक्स (১৫১० मरक) बुक्तावरन (शौष्टिशाष्ट्रितन २ ; কিছ ১৫১৩ শকের ২০শে বৈলাথ পূর্ণিমা ছিল না, তাহা পুর্বেই বলা হইয়াছে। ভাই, ১৫১০ শকে তাঁহার বুন্দাবনে গমন স্বীকার করিলে ভক্তিরত্বাকরের উক্তির সহিত সঙ্গতি থাকে না।

১৫১৪ শকের পরে আবার ১৫৪১ শকের ২০শে বৈশাথ রবিবারে প্রায় ৩৭ দতের পরে প্রিমা ছিল। কিছু এত বিলয়ে—১৫৪১ শকে—জীনিবাসের বৃদ্দাবন্দ্রন একেবারেই সম্ভব বলিয়া মনে হয় না। কারণ, বিষ্ণুপুরের শিলালিপি হইতে জানা যায়, ১৬২২ খুটাকে বা ১৫৪৪ শকে রাজা বীরহাষীর মল্লেখরের মন্দির প্রতিষ্ঠা করেন। জীনিবাসের করেক বৎসর বৃদ্দাবন অবস্থিতির পরে গ্রন্থ লাইয়াবনবিষ্ণুপুরে প্রবেশ, তার পর গ্রন্থারির পরিকা এবং তাহারও করেক বৎসর পরে সাক্ষা এবং তাহারও করেক বংসর পরে সাক্ষা এবং তাহারও করেক বংসর সাক্ষা থাকিলে এত সব ব্যাপারের পরে, তিন বংসরের মধ্যে, ১৫৪৪ শকে মল্লেখরের মন্দির প্রতিষ্ঠা।

সম্ভৱ নছে। স্ত্রাং ১৫৪১ শকে শ্রীনিবাসের বৃন্দার গমনও বিখাসবোগ্য নহে ৩।

১৫১৪ শকের পূর্বে ১৪৯৫ শকেও ২০শে বৈশা শুক্রবারে পূর্ণিমা ছিল প্রায় ৪২ দণ্ড। ১৪৯৫ শক হই ১৫৭০ খুটাজে। কিন্তু ১৫৭০ খুটাকে শ্রীনিবাদের বৃন্দার গমন স্বীকার করিতে গেলে একটী ঐতিহাদিক ঘটন সহিত বিরোধ উপস্থিত হয়। তাহা এই।

ভক্তিরতাকরাদি গ্রন্থ হইতে জানা বার, রূপ-স্নাতঃ অপ্রকটের পরে খ্রীনিবাস বুন্দাবনে গিরাছিলেন; ইহা কোনরপ মতভেদ নাই। পঞ্জিকা হইতে জানা যা আঘাটী পূর্ণিমায় স্মাতনের এবং আবণ ওকা ছাদ্দী শীরূপের ভিরোভাব। ১৫১৪ শকের বৈশাথের পূর তাঁহাদের তিরোভাব হইয়া থাকিলে ১৫১০ শকে: তাহার পূর্বে কোনও শকেই আবাঢ় ও আবিণ মা তাঁহাদের অন্তর্জান হইয়াছিল। ১৫১৩ শকের পৌ ইংরেজী ১৫৭০ খুটান্দের আরম্ভ: স্কুতরাং ১৫১০ শবে व्यायां व्याया अफिग्नाह्म २६१२ थुडीट्स : छाहा इहेर ১৫৭২ বা তৎপূর্বের রূপ-সনাতনের তিরোভাব হইয়ছি --->৫৭৩ খুষ্টাব্দে তাঁহারা প্রকট ছিলেন না মনে করি হয়। কিন্তু এই অনুমান সভ্য নহে। কারণ, ১৫৭ খুটাকে যে তাঁহারা ধরাধামে বর্তমান ছিলেন, তাহা ঐতিহাসিক প্রমাণ আছে। ১৫৭০ খুটাকে যে মোগ সম্রাট আক্ররশাহ বুলাবনে আসিয়া রূপ-স্নাতনের স্থি সাক্ষাৎ করিয়াছিলেন, ইহা ইতিহাস-প্রসিদ্ধ ঘটনাঃ कारकरे ১৪৯৫ भरक वा ७९भृत्य श्रीनिवारमन वृक्तार আগমন সম্ভব নয়। বিশেষতঃ ১৪৯৫ শকে গোবিন্দরী মন্দিরও প্রতিষ্ঠিত হয় নাই: অথচ গোবিন্দলীর মনিরে শ্রীনিবাস সর্বপ্রথম শ্রীকীবাদির সহিত মিলিত হইয়

⁽৩) ১৫০০ শক্ষের ২০শে বৈশাখণ্ড খুর্ব্বোঘরের পরে ৫০৯ ব পূর্ণিমা ছিল; এই বৎসরেও শ্রীনিবাসের কুলাবন গমন সম্ববনর কারণ, এই শকে ২২শে বৈশাখ বিতীয়া ছিল না; স্বতরাং ১৫০০ শ কুলাবন-গমন শীকার করিলে ২২শে বৈশাখ বিতীয়ার দীকার কথা শিং হইরা পড়ে। অধিকন্ত, ১৫৩০ শকে শ্রীনিবাস কুলাবন গেলেও ১৫৪ শকে বীরহাধীর কর্তৃক মলেখরের মন্দির প্রতিষ্ঠা অসম্বব হইরা পড়ে হুতরাং ১৫০০ শকে শ্রীনিবাসের বুলাবন-গমন সম্বাব নরঃ

⁽⁸⁾ Growse's History of Mathura, p. 241.

^(?) Vaisnava Literature, p 171

ছিলেন। এ সমত কারণে, ১৫১৪ শকের ২০শে বৈশাধ গোমবার পূর্ণিমার দিনই শ্রীনিবাস বৃন্দাবনে গিরাছিলেন বলিরা মনে করা বার।

একণে দেখিতে হইবে, গোস্বামীগ্রন্থ লইরা শ্রীনিবাস কোন সমরে বনবিফুপুরে আসিরাছিলেন।

শ্রীচৈতক্রচরিতামৃত হইতে জানা যায়, যাঁহাদের আদেশে ও অফুরোধে কবিরাজ-গোখামী চরিভামত লিখিতে আরম্ভ করেন, ভূগর্ভগোমামী ছিলেন ভাঁচাদের একত্ম। চরিভামতের আদিলীলার ৮ম পরিচ্চেদেও ভগভগোমানীর নাম উল্লিখিত হইয়াছে। চরিতামৃত লিখিতে প্রায় ৮৷৯ বংসর লাগিয়াছিল বলিয়া অনেকেই মনে করেন। আর পর্বেই দেখান হইয়াছে, ১৫৩৭ শকে বা ১৬১৫ খুষ্টাব্দে চরিতামূতের লেখা শেষ হইয়াছে। তাহা হইলে ১৬০৭ কি ১৬০৮ থুষ্টাব্দে চরিতামতের লেখা আরম্ভ হইয়াছে বলিয়া মনে করা যায় এবং আদির ৮ম পরিছেদ—যাহাতে ভূগর্ভগোসামীর উল্লেখ আছে, তাহা -১৬০৮ কি ১৬০৯ খুষ্টান্দে লিখিত হওয়ার সম্ভাবনা। ত্রথনও ভগর্ডগোমামী প্রকট ছিলেন। ভক্তির্ভাকরে শ্রীতীবের যে কয়থানি পত্র উদ্ধৃত হইয়াছে, তাহাদের প্রথম পত্রথানিতে ভূগর্ভ-গোস্বামীর ভিরোভাবের কথা নিখিত হইয়াছে: স্বতয়াং এই পত্রথানিও ১৬০৮ কি ১৬০৯ খুষ্টাব্দের পরে বা কাছাকাছি কোনও সময়ে লিখিত হইয়াছে বলিয়া মনে করা যায়। এই পত্রে শ্ৰীনিবাসের প্ৰথম পুত্ৰ বুন্দাবন দাস পড়াশুনা কিছু ক্রিতেছেন কিনা, শ্রীক্ষীব তাহা জানিতে চাহিয়াছেন। মুত্রাং দেই সময় বুন্দাবন্দাদের পড়াশুনার বরস-অন্ততঃ ৭৮ বংসর বরস-ভইয়াছিল বলিয়া অসুমান করা ঘাইতে পারে। তাহা হইলে ১৬০১ কি ১৬০২ থ্টাব্দে তাঁহার জন্ম এবং ১৬০০ খুষ্টাব্দের কাছাকাছি কোন সময়ে শ্রীনিবাসের বিবাহ অনুমান করা বায়। গোত্থামী গ্রন্থ লটয়া বুলাবন ইইডে ফিরিয়া আদার অন্ত কিছু কাল পরেই শ্রীনিবাসের প্রথম বিবাহ হইয়াছিল। স্বতরাং ১৫৯৯ কি ১৬০০ খুষ্টান্দেই খীনিবাস বিষ্ণুপুরে আসিরাছিলেন মনে করা যায় ৫।

অস্থাত প্রমাণ এই সিদ্ধান্তের অস্থাক্ত কি না, ভাহা দেখা যাউক। বীরহাধীরের রাজ্যকালেই যে শ্রীনিবাদ প্রস্থা কনিবফুপুরে আসিয়াছিলেন, সেই বিষয়ে মতভেদ নাই। একণে দেখিতে হইবে, কোন্ সময় হইতে কোন্ সময় পর্যায় বীরহাধীর রাজ্য করিয়াছিলেন এবং শ্রীনিবাদের আগ্যন সমরে বীরহাধীরের বর্দই বাক্ত ছিল।

ভক্তিরতাকরাদি এড় হইতে জানা বার. শীনিবাস গোসামি-গ্রন্থ লইয়া যে সময়ে বনবিষ্ণপুরে আসিয়া-ছিলেন, দেই সময়ে বীরহামীরের সভার নিত্য ভাগবত পাঠ হইভ ; রাজা নিত্যই পাঠ শুনিতেন। খ্রীনিবাদ যেদিন সর্ব্যথম রাজ্ঞসভার উপনীত হইলেন, সেই দিন রাজা তাঁহাকে ভাগবত পাঠ করার জন্ত অমুরোধ করিয়া-ছিলেন এবং কোন স্থান পাঠ করা তাঁহার অভিপ্রেত. তাহাও বলিয়া দিয়াছিলেন। ইহাতে বুঝা যায়, বীর-হাষীর তথন বালক মাত্র ছিলেন না: তথন ভাঁহার বয়ন অন্ততঃ প্রত্রিশের কাছাকাছি ছিল বলিয়া অনুমান করা অস্বাভাবিক হইবে না। কারণ, তদপেকা কম বয়সে নিত্য ভাগবত প্রবণের প্রবৃত্তি সচরাচর দেখা বায় না। এই সমরে তাঁহার রাণীর সম্বন্ধে যে পরিচয় পাওয়া যায়. ভাহাতে বুঝা যায়, ভিনিও বালিকা বা কিশোরীমাত্র ছিলেন না। ভজিবতাকর হইতে জানা বার, গোলামি-গ্রন্থ লইয়া বুন্দাবন হইতে চলিয়া আসার বৎসর্থানিক পরে শ্রীনিবাস আবার বুলাবনে গিয়াছিলেন। ফিরিবার পথে বিষ্ণুপুরে অপেকা করিয়া বীরহাষীকের পুত্রকে তিনি দীকা দিয়াছিলেন। দীকার পরে শ্রীদ্ধীব এই রাজপুত্তের নাম রাখিয়াছিলেন গোপালদাস: ভক্তিরভাকরের মতে তাঁহার পিতৃদত্ত নাম ছিল ধাড়ীহামীর ७। যাহা হউক. চমপোয় শিশুর দীক্ষা হর না : দীক্ষার সময়ে এই রাজ-পুরের বর্গ অস্ততঃ ১৫/১৬ বৎসর ছিল মনে করিলেও গ্রন্থ চুরির সময়ে ভাঁহার বরস ১৪৷১৫ বৎসর ছিল বলিয়া জানা যায়; ভাহা হইলে ঐ সময়ে তাঁহার পিতা বীর-হাষীরের বয়সও প্রায় পঁয়ত্তিশের কাছাকাছি বলিয়া মনে করা যায়। এই অকুমান স্ত্য হইলে ১৫৬৫ খুটাব্দের

⁽८) मीरनगरांत् वरणन, ১७०० शृष्टोरमञ्ज श्रीनिवान वनविक्षुपूर्व वानिहाहिस्तन এवर द्वानां वीत्रहाचीत्रस्य मीका विद्याहिस्तन ।

Vaisnava Literature, p. 120.

^{্ (}৩) বাঁকুড়া গেজেটিয়ারের মতে ধাড়ীহাখীর ছিলেন বীরহাখীরের পিতা। Bankura Gazetteer p. 25,

কাছাকাছি কোনও সময়ে বীরহাধীরের জন্ম হইয়াছিল বলিমা মনে করা বায়।

এক্ষণে দেখিতে হইবে, বীরহামীর সম্বনীয় ঐতিহাসিক উক্তির সৃহিত এই সিদ্ধান্তের সম্বতি আছে কি না।

বনবিফুণুরে কতকগুলি প্রাচীন মন্দির আছে; ভাহাদের কতকগুলিতে নির্মাণ-কাল খোদিত আছে, কতকগুলিতে নাই। যে সকল মন্দিরে নির্মাণ-কাল খোদিত আছে, তাহাদের একটার নাম মল্লেখর-মন্দির। খোদিত লিপি হইতে জানা যায়, ১৬২২ খুটান্দে বীরহামীর কর্তৃক এই মন্দির প্রতিষ্ঠিত হইরাছে ১। ইহা অপেকা প্রাচীনতর কোনও লিপি পাওয়া যায় না। এই লিপি অনুসারে বুঝা যায়, ১৬২২ খুটান্দেও বীরহামীরের রাজস্থ ছিল।

আবার, আবৃদ-ফজ্ল লিখিত আকবরনামা হইতে ঞানা যায়, আকবরের রাজতের ৩৫শ বংসরে অর্থাৎ ১৫৯১ খৃষ্টাবেদ কুতলুথঁ⊹পক্ষীরদের সহিত যুদ্ধে মহারাজ মানসিংহের পুত্র জগৎসিংহ বিপন্ন হইলে হাসীর জগৎ-निःहत्क दका कविद्या विकुश्रुत नहेंद्रा **का**रमन छ। বাকুড়া গেকেটিয়ার হইতেও জানা বায়--জাফগানগণ উড়িয়াদেশ জয় করিয়া কুতলুগার সৈতাধ্যক্ষতে যথন মেদিনীপরেও অধিকার বিন্তার করিয়াছিল, তথন-১৫৯১ খুষ্টাব্দে-বীরহামীর মোগলদের যথেষ্ট সাহায্য করিয়াছিলেন। আফগান সৈত্তগণের অত্তর্কিত নৈশ আক্রমণে মোগল সেনাপতি জগৎসিংহ বথন আতারকার্থ প্রায়ন করিভেছিলেন, তথন বীরহামীর তাঁহাকে উদ্ধার कत्रिया निवापाम विकृत्रात नहेवा चारमन । এ সমস্ত ঐতিহাসিক উক্তি হইতে বুঝা যায়, ১৫৯১ খুরান্তেও বীরহারীর বিশুপুরের রাজা ছিলেন। এই সমরে তিনি বেশ যদ্ধ বিপ্রহে লিথ ছিলেন এবং নিজেও বদ্ধক্ষেত্রে সৈত্ত-পরিচালনা করিরাছিলেন বলিরা জানা যার। সতরাং **এই সমরে ॐ১৫**৯১ খুটাবে— তাঁহার বয়স অন্তভ: ২৫ ২৬ পূর্বেই বলা হইয়াছে, সম্ভবতঃ ১৫৯৯ কি ১৬..

হাতারসাহেব বলেন, বীরহানীর ৮৬৮ মল্লান্ধে বা ১৫৮০ গুইছে জন্মগ্রহণ করিলা তের বৎসর বল্পনে ৮৮১ মল্লান্ধে বা ১৫৯৬ খুটান্দ সিংহাসনারোহণ করেন এবং ১৬২২ খুটান্দ পর্যান্ত ছাবিবল বংয় রাজন্ত করেন (The Annals of Rural Bengal, by W. W. Hunter, Appendix E. p. 445).

বিশ্বকোৰে মলনাঞ্চাদের নামের তালিকা, রাজস্বকাল এবং রাঃ
পুক্রদের নামের তালিকা দেওয়া হইমাছে এবং শেষভাগে কোনও কোন
রাজার সম্বন্ধে সংক্ষিপ্ত বিবরণীও দেওয়া হইয়ছে। এই সংকি
বিবরণীতে বীরহামীরের জন্ম ও রাজস্বকাল সম্বন্ধে বাহা বলা হইয়ছে
ভাহা হান্টারসাহেবের উক্তির জমুরাপ কিন্তু এই উক্তি নির্ভর্মাণ
নহে, তাহার কারণ, ঐতিহাসিক প্রমাণ-প্ররোগে আমরা দেগাইয়ছি।
বিশ্বকোর রাজবংশের তালিকায় লিখিত হইয়ছে বীরহামীর তেতি
বংসর রাজত্ব করিয়ছিলেন; ইহা সম্ভব। আমরা দেগাইয়ছি
১৫৯১ খৃষ্টান্ধ হইতে ১৯২২ খুষ্টান্ধ বাজত্ব-কালের অন্তর্ভুক্ত ছিল।
উহাতেই ৩১০২ বংসর পাওয়া বায়। ১৫৯১ খুষ্টান্ধের পারেও গ্রহা
রাজত্ব কিছুকাল থাকা অসম্ভব নহে।

বাহা হউক, আমরা বলিরাছি, ১৫৯৯ কি ১৬০০ খৃষ্টাকে জীনিবাস বনবিক্পুরে আসিরাছিলেন; হাতীরসাহেবের মন্ত সন্তা হইলেও ১৫৯৮ ১৬০০ খুটাক বীরহাধীরের রাজত্বের মধোট পতে।

চাকা-মিউজিয়ামের কিউরেটর প্রপ্রতম্ববিং শীকুজ নিনীকার ভট্টশালী মহাশয় বলেন—পরবর্তী অপুসন্ধানের কলে অনেক মৃতন তথ আবিক্তত হইয়াছে; হান্টার ইত্যাদির প্রাচীন মতের জালোচনা এবন অনাবশুক (১৯৮,৩০ ইং ভারিবের প্রাচী এই প্রবন্ধরচনার ভট্টশালী মহাশর আমাকে বিশেষ সাহাব্য করিয়াছেন। তক্ষম্ভ ভাহার নিক্ষিক্ত ।

বৎসর ছিল বলিয়া অভ্যান করা যায়। এই অভ্যান
সভ্য হইলে ১৫৬৫ থুটাকে বা তাহার কাছাকাছি কোনও
সময়ে বীরহামীরের জন্ম হইয়াছিল বলিয়া মনে করা যায়।
ভক্তিরত্বাকরাদির উক্তি হইতেও যে এইরপ সিদারে
উপনীত হওয়া যায়, তাহাও পুর্বে দেখান হইয়াছে।
স্তরাং ১৫৬৫ থুটাকে (১৪৮৭ শকে) বা তাহার কাছা
কাছি কোনও সময়ে বীরহামীরের জন্ম হইয়াছিল এয়
অভত: ১৫৯১ খুটাক হইতে ১৬২২ খুটাক পর্যন্ত (১৫১৫
শক হইতে ১৫৪৪ শক পর্যন্ত) তাহার রাজ্প্রকাল ছিল
বলিয়া অভ্যান করা যায় ১০।

^{(&}gt;) The reign of Bir Hambir fell between 1391 and 1616. Bankura Gazetteer, p. 26

p. 158. Bankura Gazetteer by L. S. S. O' Malley;

^(*) Akbarnama, translated by H. Beveridge, vol. III. p. 879.

^(*) Bankura Gazetteer, p. 25. Akbarnama translated by Dowson, vol. VI, p. 86.

थुडोट्स (२६२) कि ३६२२ मकाट्स) श्रीनिदांत्र अन्न नहेन्ना বিষ্ণুপুরে আসিয়াছিলেন। উপরিউক্ত আলোচনা হইতে रमधा बाब, जे मबरब बीबहाबीरवबटे बाक्य छिन। ১৫२১ কি ১৫২২ শকে শ্রীনিবাদের বিষ্ণুপুরে স্থাগমন বা গ্রন্থচুরি হইয়াছিল মনে করিলেই ভক্তিরত্বাকরাদির উক্তির সহিত ঐতিহাসিক প্রমাণের সক্তি দেখা যায়। শ্রীনিবাস বুন্দাবনে গিরাছিলেন ১৫১৪ শকে: ১৫২২ শকে ফিরিয়া আদিলে তাঁহার বুলাবনে অবস্থিতি হয় আট বংগর : ইহা অসম্ভব নর। ভজিরতাকর হইতে জানা যায়--- শ্রীনিবাস বুলাবনে ধাইয়া ভক্তিশাল্প অধ্যয়ন করেন, তাহার ফলে আচার্য্য উপাধি প্রাপ্ত হন। তাঁহার উপাধি লাভের পরে নরোত্তমদাস বন্ধাবনে গিয়াছিলেন। তাহার পরে খামানক গিয়াছিলেন। তাঁহারা উভয়েও ভকিশাস্ত্র অধায়ন করিয়াছিলেন। ভিনক্ষনে এক সঙ্গে এক মঞ্জের সমত তীর্থস্থানও দর্শন করিয়াছিলেন। পরে তিনজনে এক দলে দেশে যাত্রা করিয়াছিলেন-ভক্তিরতাকর হইতে এইরপই জানা যায়। এই অবস্থায় শ্রীনিবাদের বুলাবনে অবস্থিতির কাল আটি বৎসর হওয়া বিচিত্র নহে। দীনেশবাবৃত্ত বলেন, জীনিবাস ভাগ বৎসরের কম বুলাবনে हिल्लम मा ১১।

এ সমত্ত বৃক্তিপ্রমাণে আমাদের মনে হর, ১৫২২ শকে
(১৬০০ খুটাকে) বা ভাহার কাছাকাছি কোনও সময়েই
শ্রীনিবাস গ্রন্থ লইয়া বিষ্ণুপুরে প্রবেশ করিয়াছিলেন।

বনবিষ্ণুপ্রে গ্রন্থচ্বির সমরের সহিত শ্রীনিবাসের জন্ম সমরের একট্ সম্বন্ধ আছে। ভক্তিরত্বাকরের এক সংলের উক্তি অমুসারে উাহার জন্ম সময় সম্বন্ধ যে ধারণা জন্মে, তাহাতে ১৯০০ গৃষ্টাব্দে গ্রন্থ লইয়া তাহার বন-বিষ্ণুপ্রে আগমন যেন অসম্ভব বলিয়া মনে হয়। ভাই ভাঁহার জন্ম সময় সম্বন্ধে একট্ আলোচনাও অপরিহার্যা।

শ্রীনিবাদ যথন প্রথম বৃন্দাবনে উপস্থিত হইলেন, ভব্জির দ্বাকরের মতে তথন তাঁহার "মধ্য যৌবন" (৪র্থ তরন্ধ, ১৩২ পৃ:); স্বপ্রবোগে শ্রীরূপ সনাতন শ্রীকীবের নিকটে "অল বর্ষ নেত্রে ধারা নিরস্তর" বলিয়া শ্রীনিবাসের পরিচর দিরাছেন (ভক্জিরত্বাকর, ৪র্থ তর্জ, ১০৫ পৃ:)। প্রেমবিলাদ হইতেও জানা যায়, বৃন্দাবন্যাত্রার অব্যবহিত

পঞ্জিকার দেখা বার, বৈশাধী পূলিমার শ্রীনিবাসের আবির্ভাব। প্রেমবিলাসও তাহাই বলে (১ম বিলাস, ১৯ প:)। ভক্তিরত্বাকর বলে, বৈশাধী পূর্লিমা রোহিণী নক্ষত্রে শ্রীনিবাসের জন্ম (২র তর্জ, ৭০ প:)। রোহিণী নক্ষত্রের কথা বিশাস্যোগ্য নহে; কারণ, বৈশাধী পূর্ণিমা কথনও রোহিণী নক্ষত্রে ইইতে পারে না।

যাহা হউক, ১৪৯৭-১৪৯৮ শকে তাঁহার জন্ম হইরাছে মনে করিলে, তাঁহার জীবনের অন্যাক্ত ঘটনা সম্বনীয় উক্তিসমূহের সঙ্গতি থাকে কিনা দেখা যাউক।

ভক্তিরত্নাকরাদি হইতে জানা যার, গোস্বামি-গ্রন্থ লইয়া দেশে আদার পরে শ্রীনিবাদ একবার বিবাহ করেন; ভাহার কিছু কাল পরে তিনি পুনরায় বিবাহ করেন। তাঁহার ছয়টী পুত্রকলাও জন্মিয়াছিল। ১৪৯৪-৯৮ শকে জন্ম হইয়া থাকিলে গ্রন্থ লইয়া দেশে ফিরিয়া আদার সময়ে তাঁহার বয়দ হইয়াছিল চ্বিকশ হইতে আটাইশের মধ্যে। এই বয়দে বিবাহাদি অসম্ভব বা অসাভাবিক নহে।

এন্থলে ভক্তিরতাকরের একটা উক্তি বিশেষ ভাবে বিবেচা; কারণ, শ্রীনিবাদের জন্মসময়-নির্ণয়ে এই উক্তির উপরে অনেকেই বিশেষ গুরুত্ব আরোপ করিয়াছেন।

ভক্তিরত্নাকর বলেন—পিতার মূথে মহাপ্রভুর কথা শুনিয়া তাঁহার চরণ দর্শনের নিমিত্ত শ্রীনিবাসের উৎকণ্ঠা ক্ষয়ে। তাই পিত্রিয়োগের পরে তিনি প্রী রওয়ানা হন; প্রভুতখন প্রীতে ছিলেন; কিন্তু প্রীতে পৌছিবার

2

পূর্বে শ্রীনিবাস যথন নবদীপে গিয়াছিলেন, তথন দেবী বিফুপ্রিয়া তাঁছাকে "মার বয়স অভি সুকুমার" এবং "বালক"-মাত্র দেখিয়াছিলেন (৪র্থ বিলাস, ৩৯-৪০ পৃঃ) এবং বিফুপ্রিয়া দেবীর সেবক ঈশানও তথন "উঠ উঠ বটু শীত্র করহ গমন" বলিয়া শ্রীনিবাসের ঘুম ভাঙ্গাইয়াছিলেন (৪র্থ বিলাস, ৪২ পৃঃ)! এ সমস্ত উক্তি হইতে বুঝা গায়, শ্রীক্ষীবের সহিত প্রথম সাক্ষাতের সময়ে শ্রীনিবাসের বয়স কুদ্রি বৎসরের অধিক ছিল নাহ্য তো বোল হইতে কুদ্রি মধ্যেই ছিল। এই অক্সমান বদি সত্য হয়, ভাগা হইলে ১৪৯৪ শক হইতে ১৪৯৮ শকের (১৫৭২-১৫৭৬ খুটাকের) মধ্যবর্ধী কোনও সময়ই তাঁহার ক্ষম হইয়াছিল ব্যিতে হইবে।

⁽³³⁾ Vaisnava Literature p. 39.

পূর্বেই শুনিলেন যে, মহাপ্রভু অপ্রকট হইরাছেন। এ কথা বিদ্ন সভ্য বলিরা ধরিতে হয়, ভাহা হইলে ব্যা বায়, যে বংসর মহাপ্রভু অপ্রকট হয়, সেই বংসরেই—১৪৫৫ শকেই—শ্রীনিবাস পুরী গিয়াছিলেন। অভ দ্রের পথ ইাটিয়া গিয়াছিলেন; ভাই তথন তাঁহার বয়স প্রায় পনর বংসর ছিল বলিয়া মনে করিলে প্রায় ১৪৪০ শকেই (১৫১৮ গুটালেই) তাঁহার অয় ধরিতে হয়। ভাহা হইলে বৃন্ধাবনে পৌছিবার সময়ে তাঁহার—সেই "মধ্য-যৌবনের" এবং "অয় বয়স বটুর"—বয়স ছিল ৭৪ বংসর!! এবং ইহাও তাহা হইলে মনে করিতে হইবে যে. কয়েক বংসর বুন্ধাবন বাস করার পরে দেশে ফিরিয়া প্রায় বিরাশী তিরাশী বংসর বয়সের পরে একে একে তুইটা বিবাহ করিয়া তিনি ছয়টা সস্কানের জনক হইয়াছিলেন!!! এ সকল কথা কিছুতেই বিখাস্যাগ্য নহে।

মহাপ্রভুর দর্শনের নিমিত্ত শ্রীনিবাসের পুরী গমনের কথা প্রেমবিলাস কিন্ধ বলেন না। গৌর-নিত্যানন্দা-হৈতের তিরোভাবের পরেই যে শ্রীনিবাসের জন্ম হইয়াছিল—কিন্তু পূর্ব্বে নছে—প্রেমবিলাস হইতে তাহাই বরং মনে হর। ঠাকুর নরহরির ক্রপার শ্রীনিবাসের গৌর-ক্ষম্মাগ ন্ধাগিরা উঠিলে তিনি গৌর-বিরহে অধীর হইয়াপড়িয়াছিলেন; তথন তিনি আক্রেপ করিয়া বলিয়াছিলেন—"হৈতক্ত প্রভুর নাহি হৈল দরশন। নিত্যানন্দ প্রভুর নাহি দেখিল চরণ॥ অহৈত আচার্য্য রূপ আর না দেখিল। অরূপ, রায়, সনাতন, রূপ না পাইল॥ ১২

ভজ্ঞগণ সহিতে না শুনিল স্থীর্তন। হইল পাপিষ্ঠ জ্ঞানহিল তথন। উর্দ্ধ মুথ করি অনেক করে আর্তনাদ। পশ্চাৎ জন্ম দিয়া বিধি কৈল স্থখবাদ। (প্রেমবিলাস, ৪র্থ বিলাস, ২৮ পৃঃ)।" এ সকল উজি হইতে মনে হয়, গৌর-নিত্যানন্দাহৈতের তিরোভাবের পরেই শ্রীনিবাসের জন্ম হইয়াচিল।

বনবিফুপুরে গ্রন্থ চরির পরে দেশে ফিরিয়া আসার সমরে বা ভাহার অল্প কাল পরেও বে শ্রীনিবাসের বয়স যৌবনের সীমার মধোই ছিল, প্রেমবিলাল ও ভক্তি-বতাকৰ হইতেও ভাহা স্থানা শার। ভজিবতাকর হইতে জানা যায়---যাজিগ্রামে ফিরিয়া আসার পরে শ্রীনিবাস সরকার-নরহরি ঠাকরের সহিত সাক্ষাৎ করিবার নিমিত্ত শ্রীথতে গেলে সরকার-ঠাকর তাঁহাকে বলিয়াছিলেন-কিছ কাল যাজিগ্রামে থাকিয়া তোমার মায়ের সেবা কর: আর "বিবাহ করহ বাপ এই মোর মনে। * * তানি শ্রীনিবাস পাইলেন বড লাজ। শ্রীঠাকুর নরহরি সব তব জানে। ঘুচাইল লাঞাদি কহিয়া কত তানে॥ (৭ম ভরজ, ৫২৪ পঃ)।" এীনিবাস তখন যদি বিরাশী ভিরাশী বংগরের বৃদ্ধ হইতেন, তাহা হইলে সরকার-ঠাকুর উপযাচক হটয়া তাঁহাকে বিবাহের উপদেশ দিতেন না : এবং বিবাহের প্রস্তাবেও শ্রীনিবাস লক্ষিত হইতেন না। বিবাহের প্রস্তাবে এরপ সম্বা যৌবন-মূলভ লজ্জামাত্র। প্রেমবিলাস হইতে আরও ম্পট প্রমাণ পাওয়া বার: খণ্ডবাসী রঘনন্দন ও স্থলোচন ঠাকুর এক উৎসব উপলক্ষে যাজিগ্রামে গিল্লাছিলেন। তথন তাঁহারা শ্রীনিবাস "আচার্য্যের প্রতি কতে হাসি হাসি॥ যদি যাজিগ্রামে রহ সাধ আছে মনে। পাণিগ্রহণ কর ভাল হরেড বিধানে ॥" তার পর সেই গ্রামের ভ্যাধিকারী বিপ্র গোপালদানের কলার সহিত জীনিবাসের বিবাহ হয়। ইহা হইল তাঁহার প্রথম বিবাহ। তার পরে বিষ্ণুপুরের নিকটবর্ত্তী গোপালপুরে রঘু চক্রবর্তীর কন্তা পদ্মাবভীকে তিনি দিতীয়বারে বিবাহ করেন। এই বিবাহ-ব্যাপারে একটু রহস্ত আছে। পদাবতী নিজেই আচার্য্য-ঠাকুরকে तिथिया मुख इहेमाहित्सन ; आठारिशांत निकटि आखामान করার নিমিত্ত তিনি এতই উৎক্টিত হইয়াছিলেন যে, লজ্জা-সরম ত্যাগ করিয়া পদ্মাবতী নিজেই স্বীয় "পিতারে

⁽১২) এই পন্ধার হইতে মনে হন্ন, রূপ-সনাতনেরও তিরোজানের পরে শীনিবাসের জন্ম। কিন্তু তাহা নহে। যে সমতে শীনিবাস উক্তরূপ খেদ করিয়াছিলেন, তাহার পূর্বে তৎকালীন বৈক্ষর-মহান্ত্রাদিগের বিশেষ সংবাদ তিনি রাধিতেন বলিয়া প্রেমবিলাস হইতে জানা যায় না; তথন তাহার তদস্তুল বরসও ছিল না। উপনয়নের কিছু কাল পরেই ঠাকুর নরহরির কুপার গৌর-প্রেমের ফ্রুগে শীনিবাস উক্তরূপ আক্ষেপ করিয়াছিলেন। তথন তিনি মনে করিয়াছিলেন, রূপ-সনাতনও বৃথি প্রকট ছিলেন না। ক্ষিত্ত তন্ত্রুগুর্ভই আকাশবাণীতে তিনি জানিতে পারিলেন, রূপ-সনাতন ভথনও প্রকট ছিলেন; কিন্তু তাহাদের তিরোজাবের বেশী বিলম্ব ছিল না। "বুনাবনে রসশাস্ত্র রূপ সনাতন। লিখ্যাছের্ল ছুই ভাই তোমার কারণ। * * শীত্র যাহ যদি তুমি পাবে দর্মনন ৪ বিলম্ব হুইভাইর দর্শন না পাবে। (প্রেমবিলাস, হুই বিলাস, ২৯ পুঃ)।"

কহিল যদি কর অবধান। আচাধ্য-ঠাকুরে মোরে কর সপ্রাণান॥ (১৭শ বিলাস, ২৪৯ পৃ:)।" প্রায় নববই বংসরের বুদ্ধের সলে নিজের বিবাহের নিমিত একজন সুন্দরী কিশোরীর এত আগ্রহ জন্মিতে পারে বলিয়া বিশাস করা যার না। আচার্য্য তথনও যুবক ছিলেন, ইহাতে সন্দেহ থাকিতে পারে না।

যাহা হউক, এই প্রসংক শ্রীরপ-সনাতনের তিরোভাব-সমন-সবদ্ধেও একটু শ্বালোচনা দরকার। প্রেমবিলাস ও ভক্তিরড্রাকর হইতে জানা যান্ন, আগে সনাতন গোখামীর, তার পরে রূপ-গোখামীর তিরোভাব।

কেহ কেহ বলেন, ১৪৮০ শকে (১৫৫৮ খুটাজে) সনাতনের তিরোভাব হইরাছিল; কিন্তু এ কথা বিখাদযোগ্য নহে। কারণ ১৪৯৫ শকেও যে তাঁহারা প্রকট
ছিলেন, ইতিহাদ তাহার সাক্ষ্য দিতেছে। ১৫৭০ খুটাজে
(১৪৯৫ শকে) মোগল সম্রাট আকবর শাহ শ্রীবৃল্যাবনে
আসিয়া তাঁহাদের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন, ইহা
প্রসিদ্ধ ঘটনা ১৩।

পুর্বেই বলা হইয়াছে, ১৫১২ শকে রূপ-সনাতনের তরাবধানে মহারাজ মানসিংহ কর্ক গোবিলজীর মন্দির নির্দ্ধিত হইয়াছিল; ইহাতে বুঝা যায়, ১৫১২ শকেও ওাঁহারা প্রকট ছিলেন। জ্বাবার ১৫১৪ শকের বৈশাথ মাসে শ্রীনিরাস যথন বৃন্ধাবন পৌছিয়াছিলেন, তথন ওাঁহারা জ্পপ্রকট হইয়াছিলেন। স্তরাং ১৫১২ ও ১৫১৪ শকের মধ্যেই তাঁহাদের তিরোভাষ হইয়া থাকিবে।

ভক্তিরভাকর হইতে জানা যার, ঐ নিবাস প্রথম বার মথ্রার প্রবেশ করিরাই শুনিলেন, পথিক লোকগণ বলাবলি করিতেছে—"এই কত দিনে ঐ গোসাঞি দনাতন। মোসভার নেত্র হইতে হৈলা জনর্পন ॥ এবে অপ্রকট হৈলা ঐ রূপ গোসাঞি। দেখিরা আইছ সে ছঃবের অস্ত নাই॥ (৪র্থ তর্ক, ১০০ পৃঃ)।" ইহা হইতে বুঝা যার, ঐ নিবাসের মধ্রার পৌছিবার অর প্রেই ঐ রপের তিরোভাব হইরাছে, এবং তাহার অর আগেই ঐ সনাতনেরও তিরোভাব হইরাছে। প্রেমবিলাদ কিন্ত সমরের একটা নির্দিষ্ট পরিমাণই দিতেছেন। প্রেমবিলাদ

বিলাস হইডে জানা বার, শ্রীনিবাস বেদিন বৃন্ধাবনে
পৌছিয়াছেন, ভাহার চারি দিন পূর্বে শ্রীরুমের এবং
তাহারও চারি মাস পূর্বে শ্রীসনাতনের তিরোভাব
হইয়াছিল (৫ম বিলাস, ৫৫-৫৭ পৃঃ)। এ কথা সভ্য
হইলে ১৫১৪ শকের বৈশাপে (১৫৯২ খুটাজে) শ্রীরুমের
এবং ১৫১০ শকের মাঘে সনাতনের তিরোভাব হইয়াছিল
মনে করা বায়। কারণ, পূর্বেই বলা হইয়াছে,
১৫১৪ শকের ২০শে বৈশাথ শ্রীনিবাস বৃন্ধাবনে
গিয়াছিলেন।

কিন্ত পঞ্জিকা হইতে জানা যায়, আবাট়ী পূর্ণিমায় শ্রীদনাতনের এবং প্রাবণ শুক্রাছাদশীতে প্রীরপের তিরোভাব। তাঁহাদের তিরোভাবের সময় হইতেই উক্ত ছই তিথিতে বৈঞ্চব-সমাজ তাঁহাদের তিরোভাব উৎসব করিয়া আসিতেছেন। তাই প্রেমবিলাদের উজি অপেক্ষাও ইহার মূল্য বেশী—ইহা চিরাচরিত প্রথার উপর প্রতিষ্ঠিত। কাজেই মনে করিতে হইবে, ১৫১৩ শক্রের (১৫৯১ খুটান্মের) আবাট়ী পূর্ণিমায় শ্রীপাদ সনাতনের এবং প্রাবণ শুক্রাছাদশীতে শ্রীপাদ রূপগোষামীর তিরোভাব হইরাছিল ১৪।

১৪০৬ শকে মহাপ্রভূ রামকেশিতে আসিয়াছিলেন।
তথন সনাতন গোলামীর বরস চল্লিলের কম ছিল বলিয়া
মনে হয় না। স্তরাং ১০৯৬ শকে বা তাহার নিকটবর্তী
কোনও সময়ে জল্ম হইরা থাকিলে ১৫১০ শকে তাঁহার
বরস হইয়াছিল প্রায় ১১৫ বংসর। শ্রীরপের বয়স তুই
তিন বংসর কম হইতে পারে। এত দীর্ঘ আয়ৄয়াল
তাঁহাদের পক্ষে অসন্তব নহে। আহত-প্রকাশ হইতে
জানা যায়, অবৈত-প্রভূও সওয়া-শত বংসর প্রকট
ছিলেন।

নরোত্তম ও ভাষানন্দ জ্ঞীনিবাস অপেকা বয়:কনিঠ বলিয়াই মনে হয়। তাঁহাদের তিনজনের দেশে ফিরিয়া আাসার প্রায় বৎসর ঘূই পরেই বিখ্যাত খেতুরীর মহোৎসৰ হইয়াছিল বলিয়া ভক্তিরত্বাকর পড়িলে মনে হয়। ধুব

⁽১০) দীনেশবাবু বলেন—১৫৯১ খুষ্টান্দের (১৫১৩ শকের) কাছাকটিছ কৌনও সময়ে রূপ-সনাতনের তিরোভাব হইরাছিল। Vaisnava Literature, p. 40.

^{(&}gt;0) Growse's History if Mathura, p 241.

সম্ভব ২৫২৩ ও ১৫২৪ শকের (১৬০১-১৬০২ খৃষ্টাব্যের) মধ্যে কোনও সময়ে এই মহোৎসব হইরা থাকিবে ১৫।

এইরপে দেখা যায়, ভক্তিরত্বাকরাদি প্রন্থে নির্ভর্যোগ্য বৈ সমস্ত উক্তি দেখিতে পাওয়া যায়, তাহাদের সহিত— উপরের আলোচনার শ্রীনিবাস আচার্য্যের সময় সম্বন্ধে যাহা বলা হইল, তাহার অসলতি কিছু নাই। বিশেষতঃ রাজা বীরহামীরের রাজত্বের সময়, মানসিংহ কর্তৃক গোবিলজীর মন্দির-নির্মাণের সময় এবং শ্রীবৃল্যবনে রূপ-সনাতনের সহিত মোগল-সম্রাট আকবর শাহের সাক্ষাতের সময়—এই তিনটী সময় ইতিহাস হইতেই সৃহীত হইয়াছে, অসুমান বা বিচার-বিতর্ক ছারা নির্ণাত হয় নাই—ফ্তরাং সম্পূর্ণরূপে নির্ভর্যোগ্য। আর শ্রীনিবাসের সময়-নির্মৃলক আলোচনাও এই তিনটী সময়ের উপরেই প্রতিষ্ঠিত। জ্যোতিষের গণনার সাহায্যও সময় সময় লওয়া হইয়াছে। এইরূপ আলোচনা দারা যে সিদ্ধান্থে উপনীত হওয়া গেল, তাহাতে সন্দেহের অবকাশ কিছু থাকিতে পারে বলিয়া মনে হয় না।

যাহ। হউক, শ্রীনিবাস আচার্য্যের সময় সম্বন্ধ আমরা যে সিদান্তে উপনীত হইলাম, তাহার সার মর্ম এই— ১৫৭২-৭৬ গৃষ্টান্দে (১৪৯৪-৯৮ শকে) তাঁহার জন্ম, ১৫১৪ শকের ২০শে বৈশাথ পূর্ণিমা তিথিতে (১৫৯২ গৃষ্টান্দে) তাঁহার বৃন্দাবনে আগমন এবং ১৫৯৯-১৬০০ গৃষ্টান্দে (১৫২১-১৫২২ শকে) গোস্বামি-গ্রন্থ লইয়া তাঁহার বনবিষ্ণুপুরে আগমন হইয়াছিল।

এক্ষণে নি:সন্দেহেই জানা যাইতেছে, ১৫০০ শকে বা ১৫৮১ খৃষ্টাজে বীরহাদীরের দস্যাদল কর্তৃক গোদামিগ্রন্থ অপহরণের কথা বিখাস্যোগ্য নহে। ১৫০০ শকে গ্রন্থ লইয়া শ্রীনিবাসের বৃন্দাবন ত্যাগ স্বীকার করিতে হইলে ভাহারও ৭৮ বৎসর পূর্কে—১৪৯৪ কি ১৪৯৬ শকে অর্থাৎ ১৫৭০ কি ১৫৭৪ খৃষ্টাজে—তাঁহার বৃন্দাবন গমনও স্বীকার করিতে হয় এবং ভাহারও পূর্কে রূপ-সনাতনের অপ্রকটও স্বীকার করিতে হয়; কিন্তু ১৫৭০ খৃষ্টাজে সম্রাট আক্রর শাহের বৃন্দাবন গমন সম্যে এবং ১৫৯০ খুটান্দে মানসিংহ কর্ত্ক গোবিন্দলীর মন্দির নির্মাণ সমরেও যে তাঁহার। প্রকট ছিলেন, ভাহার ঐতিহাসিক প্রমাণ পুর্বেই উল্লিখিত হইয়াছে। বিশেষতঃ ১০০০ শকে বা ১৫৮১ খুটান্দে বীরহাষীরও বিষ্ণুপুরের সিংহাসনে আবোহণ করেন নাই; স্মতরাং ঐ সমরে তাঁহার নিয়াজিত দম্মাণল কর্ত্ক গ্রন্থ চুরি এবং তাঁহার রাজন্যভার ভাগবত-পাঠও সম্ভব নর।

বাঁহারা মনে করেন, ১৫০০ শকেই শ্রীনিবাস গোষামি-গ্রন্থ লাইরা বুলাবন হইতে বনবিঞ্পুরে আসিরাছিলেন, ভক্তিরত্বাকরের তুইটা উক্তি তাঁহাদের অফুক্ল। এই তুইটা উক্তি সহয়ে একটু আলোচনা আব্ভাক।

একটা উক্তি এইরপ। গোস্বামি-গ্রন্থ লইরা বৃন্দাবন হইতে আদার প্রার এক বংসর পরে জ্রীনিবাস যথন দি তীরবার বৃন্দাবনে গিয়াছিলেন, তথন শ্রীনীবগোস্বামী তাঁহাকে শ্রীগোপালচম্পু গ্রন্থারস্ত শুনাইলা। (১ম তরক, ৫৭০ পৃঃ)।" এই উক্তির মর্ম এইরপ বলিয়া মনে হয় যে—এ সময়ে বা তাহার কিছু প্রেই শ্রীক্ষীব গোপালচম্পু লিথিতে আরস্ত করিয়াছিলেন এবং ষত্টুকু লেখা হইয়াছিল, তত্টুকুই তিনি জ্রীনিবাসকে পড়িয়া শুনাইলেন। ১৫০০ শকে যদি শ্রীনিবাস গ্রন্থ লইয়া বিষ্ণুপ্রে আসিয়া থাকেন, তাহা হইলে ইহা ১৫০৪ শকের কথা। ১৫১০ শকে প্র্চিম্পুর লেখা শেষ হইয়াছিল; স্বতরাং ১৫০৪ শকে তাহার আরস্ত অসম্ভব নয়।

অপর উক্তিটী এইরপ। ভজিরত্বাকরের ১৪শ তর্মে ১০৩০ পৃষ্ঠার শ্রীনিবাসের নিকটে লিখিত শ্রীজীবের বে পত্র উক্ত হইরাছে, তাহাতে লিখিত হইরাছে— অপরঞ্চ। * * * * সম্প্রতি শ্রীমত্ত্বর-গোপালচম্পু লিখিতান্তি, কিন্তু বিচাররিতব্যান্তি ইতি নিবেদিতম্।— সম্প্রতি উত্তর-গোপালচম্পু লিখিত হইরাছে; কিছ এখনও বিচার করিয়া দেখিতে হইবে।" এই পত্রে শ্রীনিবাসের পুত্র বুন্দাবনদাসের প্রতি এবং তাহার ল্রান্তা ভগিনীদের প্রতি আশীর্কাদ জানান হইরাছে। ১৫১৪ শকের বৈশাধ মাসে উত্তর-গোপালচম্পুর লেখা শেষ হর। পত্রে "উত্তরচম্পু সম্প্রতি লিখিত হইরাছে। ১৫০০ শকে দেশে ফিরিয়া আসিয়া বিবাহ করিয়া থাকিলে ১৫১৪ শকে শ্রীনিবাসের পুত্রক্তার জন্ম অসম্ভব

⁽১৫) দীনেশবাৰু বলেন ১৩০২ ও ১৬০৬ খৃত্তাব্দের মধ্যে থেতুরীর সংস্থাৎসব হইরাছিল। Vaisnava Literature, p. 127.

নর। কিন্ত ১৫২১-২২ শকে বেশে ফিরিয়া আনসিয়া থাকিলে গোপালচম্পু স্বত্তে ওজ্ঞিরতাক্রের উলিথিত উজিজ্জির বিশাস্যোগ্য হইতে পারে না।

উল্লিখিত উজিদ্বের মধ্যে প্রথম উজিটী ভজিরতাকরের গ্রছকারের কথা; উহা কিম্বন্তীমূলকও

হইতে পারে, প্রক্রিপ্তও হইতে পারে। কিন্তু শেবোক্ত কথাটী পাওয়া যার শ্রীজীবের পত্তে; তাই ইহাকে সহজে উড়াইয়া দেওয়া চলে না। তবে এই উজিটীর সত্যতা সম্বন্ধে বিশেষ সন্দেহের কারণও ভক্তির্থাকরেই পাওয়া যার। তাহা এই।

যে পত্তে ঐ কথা কয়টা আছে. তাহা হইতেছে ভক্তি-রত্বাকরে উক্ত দিতীয় পতা। প্রথম পতাথানি যে দিতীয় পত্রের পূর্বেষ বিখিত, তারিখ না থাকিলেও তাহা পত্র ্ইতেই জানা যায়। প্রথমতঃ, প্রথম পত্তে শ্রীনিবাসের পুত্র কেবল বুন্দাবনদাদের প্রতিই খ্রীক্রীব আশীর্কাদ জানাইয়াছেন; কিন্তু দিতীয় পত্তে বুলাবনদানের ভ্রাতা-ভগিনীদের প্রতিও আশীর্বাদ জানাইয়াছেন: ইহাতে ্মনে হয়, প্রথম পতা লেখার সময়ে বুলাবনদাসের ভ্রান্তা-ভগিনীদের কথা খ্রীজীব জানিতেন না। দিতীয়ত:. প্রথম পত্রে লেখা হইয়াছে—"হরিনামামুত ব্যাকরণের मः लाधन किकिए वाकी आहि. वर्षा आवस हरेशाह : তাই তথন তাহা বহুদেশে প্রেরিত হইল না।" দিতীয় পত্র লিখিত হইয়াছে—"পুর্বের আপনার (শ্রীনিবাসের) निकटि ८ए इतिनामामुख बााकद्रण शांठीन इटेग्नाटह, ভাতার অধ্যাপন যদি আরম্ভ হটয়া থাকে. তাহা হইলে ভাগুরুত্তাদি অফুদারে ভ্রমাদির দংশোধন করিয়া লইবেন।" প্রথম পত্রে শ্রীকীবক্ত সংশোধনের কথা খাছে: সংশোধনের পরেই তাহা বান্ধালায় প্রেরিত হই-ষাছে: তাহার পর দিতীয় পত্র লিখিত হইয়াছে। স্কুতরাং প্রথম পত্রের পরেই যে দ্বিতীয় পত্র লিখিত হইয়াছিল, ভাহাতে সন্দেহ নাই। ধাহা হউক, গোপালচম্প শ্বংর প্রথম পত্রে লিখিত হইপ্লাছে—"উত্তরচম্পুর সংশোধন কিঞিৎ অবশিষ্ট আছে: সম্প্রতি বর্ষাও আরম্ভ হইয়াছে; তাই পাঠান হইল না। দৈবাছকুল হইলে পরে পাঠান हिरेदा। (ভক্তিরত্বাকর, ১০৩১ পৃ:)।" ভাত্র মানে ^{এই} পতা **লিখিত হই**রাছে। দ্বিতীর পত্রের প্রাথ্ম ভাগে

ভাষাদাসাচার্য্য নামক জনৈক ভক্তের করিয়া একীব লিথিয়াছেন—"পশুক্তি শোধমিসা ্রিচার্য্য চ বৈষ্ণব-ভোষণী-তুর্গমসন্ধমিনী-খ্রীগোপালচম্পু পুত্তকানি ভত্রামিভিনীরমানানি সন্ধি।"—বিচারমূলক সংশোধনের পরে বৈফ্বতোষিণী, হুর্গমদক্ষণী, এবং গোপাকচলা যে খ্রামালাসাচার্য্যের সঙ্গে প্রেরিত হইয়াছে, ভাহাই এ স্থলে বলা হইল। প্রথম পত্রে লিখিত উত্তরচম্পুর मः भाषान्त्र किकिए **च**रामायत कथा खत्रन कतिता स्था है বুঝা যায়, পূর্ব্বচম্পু ও উত্তরচম্পু উভয়ই অর্থাৎ সমগ্র গোপালচম্পু গ্রন্থই—ভামাদাসাচার্য্যের সভে প্রেবিভ इटेब्रा**ছिल ; পুর্ব্বচ**ম্পু বা উত্তরচম্পু না লিথিয়া ভাই শীন্ধীব দিতীয় পত্তে "শীগোপালচম্পুই" লিখিয়াছেন। কিন্তু আশ্চর্য্যের বিষয়--এই দ্বিতীয় পত্তেরই শেষভাগে "অপর্ঞ" দিয়া লিখিত হইয়াছে—"দম্প্রতি শ্রীমত্তর গোপালচম্পু লিখিভান্তি, কিন্তু বিচারমিক্তব্যান্তি ইতি নিবেদিতম্।" প্রথম পত্তে শ্রীজীব লিখিলেন—সংশোধনের জল বাকী, এত অল বাকী বে. ইজ্ঞা করিলে তথনট সংশোধন শেষ করিয়া পাঠাইতে পারিতেন; বর্ধা আর্ভ হইয়াছে বলিয়া পাঠাইলেন না; স্বতরাং গ্রন্থের লেখা যে ভাহার অনেক পূর্বেই শেষ হইয়াছিল, ভাহাতে সন্দেহ নাই। দিতীয় পত্রের প্রথমাংশের উক্তিও ইহার অনুকৃল। কিন্তু শেষাংশে লেখা হইল—উত্তরচম্পুর লেখা সবেমাত্র শেষ হইয়াছে, বিচারমূলক সংশোধনের তথনও আরম্ভ হয় নাই। এরপ পরস্পর-বিরুদ্ধ উক্তি শ্রীকীবের পক্ষে সম্ভবপর বলিয়া বিশ্বাস করা যায় না। অধিকন্ত এই উক্তি সভা হইলে দিতীয় পত্ত ১৫১৪ শকে (উত্তরচম্পুদমাপ্তির বৎসরে) লিখিত হইয়াছে বলিয়া মনে করিতে হয় এবং ১৫১৪ শকেই শ্রীনিবাদের পুজ-কলাও জ্বিগাছিল বলিগাও মনে ক্রিতে হয়। কিছ ১৫১৪ मटकत भूटर्स रा श्रीनिवारमङ कुम्लाकन-श्रममङ मुख्य নয়, তাহা পূর্ব আলোচনা হইতেই বুঝাবাইবে। ভাই আমাদের মনে হয়, ভক্তিরত্বাকরে উদ্ভ দ্বিতীয় পরের লেবাংশে "সম্প্রতি শ্রীমন্থভার-গোপালচন্দুর্দিশিতান্তি" ইত্যাদিরণে বাহা লিখিত আছে, তাহা প্রকিথ. অথবা লিপিকর প্রমাদবশতঃ অক্ত কোনও এছের হলে তাহাতে "শ্রীমন্বত্তরগোপাল্চল্যু" লিখিত হইয়াছে ॥ 🚈

বাহা হউক, পূর্বোক্ত আলোচনা হইতে ব্রা গেলবে পিচনটা অন্থানকে ভিত্তি করিয়া কেহ কেহ
বলিয়াছেন, ১৫০২ শকেই চরিতামুতের লেখা শেষ
হইরাছিল, সেই ভিনটা অন্থানের একটাও বিচারসহ
নহে; অর্থাৎ শ্রীনিবাসের সজে প্রেরিত গোখামি-গ্রন্থের
মধ্যে শ্রীচৈতক্তচরিতামুত ছিলনা, বিষ্ণুপুরে গ্রন্থ চুরির
সংবাদপ্রাপ্তিতে করিয়াজ-গোখামীও অন্তর্জান প্রাপ্ত হন
নাই এবং ১৫০৩ শক্তেও শ্রীনিবাস গ্রন্থ লইয়া বনবিষ্ণুপুরে
আবেন নাই।

শ্বের ইংতে পারে—উক্ত অহ্নান তিনটী সত্য না হইলেই কি সিদ্ধান্ত করা যার বে, ১৫০০ শকে চরিভামৃতের লেথা শেব হর নাই? ১৫০০ শকে চরিভামৃতের লেথা শেব হর নাই? ১৫০০ শকে চরিভামৃতের শেব হইরা থাকিলেও শ্রীনিবাসের সলে তাহা প্রেরিত না হইতে পারে। এ কথার উত্তরে ইহাই বলা যার যে—চরিভামৃতের সমাপ্তিকালসম্বনীর সিদ্ধান্ত উক্ত ভিনটী অহ্নানের উপরেই প্রতিষ্ঠিত নহে। প্রব্রের শ্রুথম ভাগেই প্রদর্শিত হইয়াছে যে, ১৫০৭ শকেই প্রঞ্ শেষ হইয়াছিল; আর পূর্ববর্তী আলোচনার প্রসক্ষমে ইহাও দেখান হইয়াছে যে, চরিভামৃত শেষ করার সময়ই— অথমন কি, মধ্যলীলার লিখন আরম্ভ করার সময়ই— কবিরাজ-গোখামীর যত বয়স ছিল, ১৫০০ শকের কথা ভো দ্রে, ১৫২১—২২ শকে শ্রীনিবাস যখন গোখামি-গ্রন্থ লইরা বুলাবন হইতে ফিরিয়া-আসিয়াছিলেন, তথনও ভাঁহার (কবিরাজ-গোখামীর) তত বয়স হয় নাই; স্তরাং ১৫২১—২২ শকেও চরিভামৃতের আরম্ভ হইয়াছিল বলিয়া মনে করা যায় না।

চরিতামৃত-সমান্তির পরে কবিরাজ-গোত্থামী বেশ-দিন প্রকট ছিলেন বলিয়া মনে হয় না। গ্রন্থসাগ্রির সময়ে তাঁহার বয়স জানী-নববই-এর মধ্যে ছিল বলিয়াই জন্মান করা যায়। স্বতরাং ১৪৫০ শক্ষের বা ১৫২৮ খুষ্টান্দের কাছাকাছি কোনও সময়েই তাঁহার জন্ম হইয়-ছিল বলিয়া জন্মান করা চলে।

আই-হাজ (I has)

শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়

98

পথে একটিও মিজের মুখ মেলেনা,—কোনো পীঠন্থানেই পরিচিত পাইনা।—বারুণী, সোনপুর, ছাপরা, কোথাও না।—দূর করো, মহাপ্রাহানযাত্রীর আবার এ মোহ কোনা? ঠাকুর বলতেন,—নারকোল গাছের বালদো খলে গোলেও দাগটা থাকে, বোধ হয় তাই। ও কিছু নয়
——নরা বাগা।

কানী সকলের মনোবাঞ্চা পূর্ব করেন। ট্রেন্ প্লাটফর্মে পৌছতেই একেবারে সরেজমিনে শুভদৃষ্টি—গুরুলেবের সঙ্গে। ভেডরে হাড়গুলো পর্যান্ত নড়ে উঠলো। ভগবান করা করে কারো নিজের চেহারা দেখতে দেননি। আমার প্রথম ক্ষেন্টা গাড়িরেছিল,—দশকনে দেখে থাকবেন।
স্মানার হাড়ে গীতাখানা দেখে বল্লেন—শ্লালো বৃদ্ধি পুশ্বজ্ঞানি ? স্মানার মুখ্য

মনে মনে ভাবলুম—"ভারবাহী"।
বললেন, ভগবানের কথা না শুনেই লোকের এল
কটা ভিনি বলচেন—

মন্মনা ভব মন্তক্তো মদ্যাজী মাং নমস্কুর।

তুমি মদ্গভটিত ও মদ্ভক্ত হও, আমারি উপাদক ংশু

এবং আমাকে নমস্কার ক'র—

্র্রক একমাত্র আমাকে আশ্রের কর। এই তো বলেছেন? আপনার কেমন লাগে? আছে। সে সব -- এখন ভো আর ;···হাসলেন।

সেটা ব্যতেই পারছি, অর্থাৎ "এখন আর যাবে কোবা, এখন মামেকং শরণম ব্রক্ত!" আবার প্রচারক হলেন নাকি!—কার সর্বানাশ করতে!—

আমাকে "আপনি" বলাও হছে । প্রয়োগটা পরিহাস না স্থানার্থে বৃঝলুমনা। এত স্মাদর যে কোনোদিনই সম্বনি। বিচলিত করে দিলেন। পরিবারের স্থানিতা ভ্যীরা কান ছুটো নিমেই খুসি ছিলেন,—এ যে জান নেবার ব্যবস্থা।

—ক্রমে 'আফ্ন' বলে যে মোটরে ভোলেন ! ওড়ো তাঁদের জজে "বারা মাটিতে পা দেননা। আমাদের ভো —পা তু'থানাই এ জীবনের এক মাত্রা যানু!"

সন্দেহ ক্রমেই ঘনীভূত,—মহাপ্রস্থান মাঝপথেই মচকালো দেখছি।

বললেন—"ভাবচেন কি—উঠে পড়ুন। ওথানেই খেতে হবে, আমি সব ব্যবস্থাই করে রেপেছি—"

তা এখন বেশ ব্যতেই পারছি, ক্ষণও পাবো।
—এথানেই মহাপ্রফান স্কুক্তমে গেল।

তবু একবার বললুম—"বাদা রয়েছে, মুকুল বাব্ ${\bf e}$ বিশেষ করে \cdots "

কথা শেষ করতে না দিয়ে সহাত্যে বললেন "মুকুল বাবুকে বলে এসেছি, তিনি নিশ্চিন্তই আছেন, আর আপনার নিজের বাসা?—ভার অবস্থা তো খাসা!— ভনেই থাকবেন।"

ব্যল্ম—দেটাও জানেন। জানবেন বইকি, নতুন নেপ-খানা গয়াসিং দয়া করে আরাম-সে গায়ে দিছে হবে। যাক্—মুক্ল বাব্বেও নিশিন্ত করে এসেছেন। ভালই করেছেন! দেখা হলে কভকগুলো—'বৃদ্ধির দোয' আর সতুপদেশ শোনাভেন বইভো নয়, ওটা বৃদ্ধিনানদের রোগ। যে ফাঁশি যাছে ভাকেও বলভে ভোলেন না—"দেখলে ভো—ভবিশ্বতে এমন কাল আর কোরোনা…"

হাতে পুঁটলিটে ছিল। দেখে বললেন—"পুঁটলিতে কি !—ও আপনার হাতে কেনো !" তাতো বটেই ; আমার জিনিব—আর আমার ছাতেই বা কেনো !

একজনকে ত্রুম করলেন—"এই দিকশ্ল সিং— লেও।"
আমি একটু কুন্তিত হয়েই বলনুম—"ওটা আর্..."

বললেন—"কেনো—ওজে কি **আছে ?—**খাবার জিনিষ ?"

বলনুম—"আজে সকলের নয়,—কয়েক **জো**ড়া জুজো…"

সহাত্যে বললেন—"জুতো ? – অভো ?"

বললুম—"আছে সংসক হিসেবে মহাপ্রস্থানের সংস্থান । সেই সকল নিয়েই বেরিরেছিলুম,—সংখর-দাবী আছে

আশ-চহা হয়ে বললেন—"মহাপ্রস্থান মানে? বাবেন কোণা?"

তাও ঠিক,—আর যাবো কোথা ? যেতে দেবেই বাকে ?

रजन्म "ভেবেছিন্ম कानी श्रम शांस-शांक Via शोदीनकत…"

वललन-"(म भव श्राह्मा।"

—ভা দেখতেই পাচ্ছি!

বললেন—"ভালো কথা,—আপনার মত বিশ্রুত সাহিত্যিক যে বড় থার্ডকাদে এলেন ?"

বলসুম—"যথন দয়া করে সাহিত্যিক বল্চেন, তথন আর ও-প্রান্ন কেনো। ও থেতাবটা honorary— অনাহারিরই রাশ-নাম। ঘোডাটা ঘাস ধার—বেডও ধার,—race মারেন ধনেশ। আমাদের ভো সর্কতেই third, অন্তত্তে alphabetএর তৃতীয়…

এইরূপ কথাবার্তার 'অষ্টিন' এসে অগস্ত্যকৃত্তে থামলো। শিক্ষেরা আশার্শোটা হাতে ছুটে এলো।

वनतन-"(न वां ।"

আবার 'লে যাও' কেনো, গিরেই তে ররেছি। বাঘে ধরলে, 'থেরে ফ্যাল্' বলবার অপেকা সে রাথেনা। বলসুম—"আমি তো নিজেই যাছি।"

ভিনি হেসে বলবেন—"আপনাকে নয়, ঐ পুঁটলিটে নিরে যেতে বলছি।"

বলসুম "আজকাল দশাৰমেণেই কি ·····"
বললেন—"হাঁা, আজকাল এথানেই থাকি ।"

"থাকি" বলেন বে! ব্ৰতে পারছিনা। পূর্কে এখানে ভো, ভা হবে । জল সর্কানা বন্ধে চলবে, —সাধু বিচরণ করে বেড়াবে, এই নিয়ম,—নইলে ময়লা জমে। যাক্—সে দিকেও নজর রাখেন, বোধহয় জমবার জারগাও আর নেই·····

'আম্ন' বলে এগুলেন,—আমি অমুগমন বাধ্য। বাড়িথানি বেশ, বোধ হয় নিচের বৈঠকথানায় শিস্তেরা থাকেন। ওপরে একটি বড় ঘরে উপস্থিত হয়ে বলনে—"বস্থন,—আসছি।"

ঘরে টেবিল চেয়ার ছাড়া দ্রন্থবা বড় কিছু নেই।
ভাবে নক্তর পড়লো,—দেখি বিশ পঁচিশখানা ফটো।
তা-ই দেখতে লাগন্ম। একি—আমারো বে! শিউরে
দিলে। দেখেছি সারেবগঞ্জ ষ্টেদনে পকেটমার বা
গাঁটকাটাদের ফটো টাঙানো আছে,—লোককে চিনিয়ে
সার্থান করবার জ্ঞে। তাই নাকি স

দেখতে দেখতে জার ভাবতে ভাবতে চেহারাটা সেই রকমই দাড়াতে লাগলো। সত্তর তা-থেকে মুখ ফেরাতে বাধ্য হলুম।

গুৰুদেৰ কথন এসে ঢুকেছেন টের পাইনি। একগাল হেসে বললেন—কি দেখছিলেন গু

হাসিটে ভালো লাগলোনা। এক-একজনের হাসি বোরাই বারনা,—সেটা হাসি-মুথ কি রাগের আভাদ, কি কারা। সে মুখ Universal keyর মত সকল ভাতেই লাগে— fit করে। নব-রসের ছাঁচ।

ব্যক্ম প্রিয়দের চক্ষের আড়াল করতে চাননা তাই দেয়াল চারটে—ভরুণ আর যুবকপ্রীতির পরিচয় দিচেছ; হংস মধ্যে বড়ো চুকিয়ে বৈচজ্যেও বজায় রেখেছেন!

বললেন,—নিন, হাত-মুথ ধুয়ে সন্ধ্যাহ্নিক সেয়ে নিন, চা আসছে।

এ সব পরিহাস আর কেনো,—ক্রমে বিরক্তি এসে গিরেছিল। বা হর হোক্ এই ভেবে বলনুম—বাল্যকাল থেকেই সরকান্ত্রের হাতে ররেছি—সংক্যে আহিকের আর বালাই নেই।

বললেন-সর্কার বারণ করেন নাকি 🏞

বলদ্য--তাঁরা আর কোন্টা নিজে করেন ? বালো প্যারীচরণ সরকারের মার্ফ ৎ First Book এসে--অজ্ঞাতে এমন বীজ ছড়ালেন--সন্ধ্যাহ্নিক সহজেই হ'টে গোল। বলেন তো সন্ধ্যাহ্নিকর অভিনয় করতে রাজি আছি—

প্রভূ না হেসে কথা কননা, হেসেই বললেন— আপনার হা ইচ্ছে করুন—চা ঠাণ্ডা হয়ে যাবে।

वक मक्त्रहे हा शाख्या हन।

বললেন—আমি কিছুকণের জন্তে বেরুছিছ। আপনি একটু আরাম করুন—rest নিন্, 3rd····Class এ নিশ্চরই নিডা হয়নি···

শার কেনো,—খাজ মরিয়া হয়েই কথা কবো : বললুম—বে শাজ ৭ বচর restless, ভার জল্পে ভাববেন-না,…যান ব্যবস্থাদি করে আহ্মন গে…

কি বলতে যাচ্ছিলেন, থেমে গিয়ে বললেন—ক্ষাচ্ছ! সন্ধ্যের পর হবে'থন—

বলল্ম—"একবার বাদাটা দেখতে পারেন ? মৃকুল বাবুর কাছেও…"

কথা শেষ না হতেই বললেন—"বৈকালে গিছে দেখে আসবেন।—'নলকুমারখানা' ষড়েই আছে— পাবেন,"—বলতে বলতে বেরিয়ে গোলেন—

অবাক হয়ে ভাবতে লাগলুম—বোগমার্ক বি অলোকিক! তাই বোধ হয় শ্রীকৃষ্ণ অর্জুনকে বলেছিলেন —"অর্জুন তুমি যোগী হও।"—সব-জাস্তা হবার অমন উপায় আর নেই…

ঘুম হবে কেনো ? পড়ে পড়ে চোধ বুদ্ধে ভাবছি
—"দশ চক্রে ভগবান ভূত" কথাটা বার মুধ থেকে প্রথম
বেরিয়েছিল,—সেই নিরীহ অন্নতপ্ত লোকটি কত বড়
সত্যকেই ভাষা দিয়ে গেছেন!

বোধ হয় তন্ত্রা এসে থাকবে। সহসা খরের মধ্যে নারীকণ্ঠ শুনে, চাইতেই দেখি—মলিন বস্তাবরণে একটি খর্পপ্র তিমা,—নব-প্রেট্টা। বলছেন—"কাদো বুঝি,— কারা সারতি এসেছো; কেঁদনা—কেঁদনা। চুপু করে। আমার সতু কাঁদভো। আর কাঁদেনা—চুপু করেছে"…

শুনে প্রাণটা কেমন করে উঠলো, আমি সমছমে

নমস্বার করপুম। কে একটি স্বীলোক ছুটে এগে তাঁর হাত ধরে বললেন,—"এধানে কেনো বউমা,—ভেতরে চলো—"

আমার দিকে বা হাত নেডে—"চুপ করো—কেঁদনা বাবা—কেঁদনা; আমি আর দেখতে পারবনা"…

অপরা তাঁকে টেনে নিয়ে গেলেন:

খপ্প নয় তো! প্রাণটা আকুলি বিকুলি করে উঠলো। ন্তর বিশারে ভাবতে লাগলুম,—কে এ পুত্তীনা পাগলিনী । ও-কথা বলেন কেনো । জগতে কজ রহস্তই নীয়ব রয়েছে। কার ব্যথা কে জানে !-- কভটুকু বোঝে ?

ভাইতো, আমাকে এ সোনার-গাঁচায় রাখা আর কেনো ?—সরাসরি রাজগৃহে রেথে এলেই ভো ছিলো ভালো। কিছু কথা বার করতে চান বোধ হয়। কি বলবো ? অপরাধটা ভো আজো ব্যল্মনা। কাশীথণ্ড পড়ে উঠতে পারিনি বটে…

বেশ তো-জিজ্ঞাসা করলেই তো হয়৷ বলবার মধ্যে,---২৪ পরগণায় বাড়ী, ঈশ্বর শর্মার সন্তান.--আহাতহে লেথাপড়া করতে পারিনি। তবু খণ্ডরমশাই দ্যা করে কলা সম্প্রদান করেছিলেন। তথনকার দিনে প্রিরে বলে ডাকাও ছিলনা, 'ওগো-ই্যাগো'তেই দিন কেটেছে—জমুবিধে বোধ হয়নি। রাঁধতেন বাড়তেন, চুল বাঁধতেন, কথনো আলতাও পরতেন,—আবার বাসনও মাজতেন। বোধ হয় তাতে কারো অস্থথের কিছু ছিলনা। তবে যদি বলেন ছিলো বইকি, তিনি বলতেননা বা আপনি জানেননা, তা হলে আমি নাচার। ভবে যদি অক্টের স্থীকে ভার স্বামীর চেয়ে আপনারা ভালো জানেন ও বোঝেন. আমার ভাতে আপত্তি নেই, ভাতে আপনাদের বিছের বাহাত্রী দেওরা ছাড়া, আমি গরীব ব্রাহ্মণ medale দিতে পারি-না, Knight করে দেবার ক্ষমতাও নেই,—অবশ্র Sir বলতে পারি ছ'শবার।---

—এ সব কে না জানে—বিছেদাগর মশাই জানতেন, ভূদেব বাবুও জানভেন। এর মধ্যে অপরাধের কি আছে জানিনা।

ই্যা—হা ছিলনা, বৃক্ষিম বাবু সেটা এনে দেওয়ায়

—সাহিত্য ঘাঁটাঘাঁটির নেশা ধরিরে দিয়েছিলেন বটে।
তাতে মারাত্মক কিছু ছিলনা—এমন কথা বলতে পারিনা।—তা নাতো কুল মরে কেনো। আর ছিল কাগজে
আঁকা লাঠি সড়কি তলোগার—তাতে একটা ছারপোকাও মরেনা।—তাঁর আনলমঠে নির্ভরে ও মহানদে
আমি তাদের বিচরণ করতে ছচকে দেখেছি। আর
কিছু জিজ্ঞান্ত থাকে এবং তা আমার জানা থাকে—
তাও বোলবো।—অবশু অন্তের কথা বিখাস করবার
কথাও নয়—প্রথাও নয়, তা জানি। বেশ—যা ইচ্ছা
হয় করুন! আর এ বিরক্তিকর ব্যাপার ভালো লাগেন্না, তাদেরও মিথ্যার পশ্চাতে ছুটোছুটি থামুক।—

—এই বোলবো;—আর তো বলবার কিছু খুঁজে পাইনা,—আছেই বা কি ? ই্যা, ঠাকুর একটি কথা বলতেন—এক দাধু এক গাছতলায় থাকতেন, রান্তার ওপারে এক বেখা থাকতে। আজ-কালের ভাষায়—'থাকতেন' । সাধু নিজের কাজ-কর্ম ছেড়ে দিন-রাত গুণতেন—তার বাড়ী কত লোক গেলো,—আর সকালে তাকে নম্বরটা শুনিয়ে উপদেশ দিতেন,—"কচ্ছিদ কি— ডুবলি যে"—ইত্যাদি।

ত॰ বচর তিনি একনিট হয়ে এই Good Service করেন। সাধু কিনা—দয়ার শরীর! কিন্তু নিজের কর্ততো অনবহেলা করায় শেষে নাকি তিনিই ভূবেছিলেন! প্রকৃতির পরিহাস ব্যুতে পারেননি।

—ইনি ভো খুব উচ্চ সাধক—বুদ্ধিও ধরেন ক্ষুরধার—
দৃষ্টি ইট্ কাট লোহার বাবধান টোপ্কে—নন্দ্মারে
নজর পড়েছে! এমন সর্বজ্ঞের আমার বেলাই ভূল হয়
কেনো!—ভাগ্যের কথা ভেবে নিজেই হেসে
কেলল্য...

পাল ফিরতেই চমকে গেলুম। গুরুজি কথন্ কোন্ ফাঁকে চুকে, পেছনের দিকের চেরারে বলে আছেন! চার চক্র মিলন হতেই—সেই আফুট হাসি। বললেন— ঘুমোননি !—থুব হাসছিলেন যে।

'তাবৎ ভয়ত্ত ভেতবাম' পেরিয়ে পড়েছি, তাই বলনুম
—"হাসতে ভূলে গেছি কিনা দেধছিলুম। আপনি
বলায় বিশাস হল।—নিজের হাসি তো দেধতে পাইনা।
যাক্—ভূলিন।"

"একটু খুম্লেই ভো ভালো ছিল, হাসির অবকাশ ভো আছেই।"

"এমন চুণকাম করা ঘরেই না থোলে ভালো,— ভাইতো দেখতে পেলেন। অদ্ধকারে হেসে বা গুছুক খেরে হথ নেই।"

— "আপনার কাছে শেখবার অনেক কিছু আছে দেখছি।"

বলন্ম—"গল্মীছাড়া হবার লোভ থাকে তো"—

"আছে। সে রাত্তে দেখা যাবে। এখন বেলা হয়েছে,
থাবেন চলুন।"

যতকণ জোটে—জুটুক—

পাশের ঘরেই স্থান হয়েছিল। সাড়ে ছ'ফিট্ ছন্দের এক ঠাকুর, ৬৪ ইঞ্চি বৃক ফুলিরে, ভাতের থাল রেথে বাঁ দিকে ডাল আর ঝোলের বাটী দিলে। পাতেও— লবণ, শাকের ঘণ্ট বাঁ-দন্তরই ছিল। চরণে শিয়ের পরিচয় লেখা—বোধহর 13 by 7. সর্বব্রই কড়ার Safeguard। যাক—বাটার জ্বভোগুলো বাঁচবে—ও-পারে আচল—

শাক দিয়েই থেরে চলেছি দেখে গুরুজি বললেন—
ভকি—এসব...

বলল্ম—"দেখছি পারি কিনা, পেটে কিছু দেওয়া নিরে কথা ভো ? অভ্যাস করা ভালো নয় ?"

এমন সময় পাঁড়েজি সহসা "আওর্ কুছ্" বলে' উঠতেই, বেড়ালটা ভয় পেয়ে ভড়াক্ করে লাফিয়ে পালালো। আহারান্তে বললেন,—"এইবার একটু ঘুম্ন, আমি দোর জানলা বন্ধ ক'রে দি।"

বলল্ম—দে ভন্ন করবেননা! ঘুম আমার অনেক দিন গেছে, একটু গড়াই। মুকুলবাব্র সঙ্গে যে একবার—

—"বেশ — চা থেয়ে চারটে নাগান্ বাবেন। আমি না থাকি সকে একজন কেউ বাবে'খন…"

"তবে আর যাবনা,—"

"কেনো—কেনো ?"

"ও সংসদ আৰু আর কেনো, ও তো আছেই। থাক, কি এমন কাৰুই বা আছে, নাই বা গেলুম…

"না না, যাবেন বইকি,—বেশ, একাই যাবেন ≀ আপনার স্ববিধের জন্মেই…"

"আমার স্থবিধে আর মানুষের হাতে নেই।"

তিনি আমার মুখের দিকে কয়েক সেকেও চেয়ে থেকে বললেন—আপনার যা ভালো বোধ হর ভাই করবেন, কেউ বাধা দেবেনা। তবে যে-কয়দিন নিজের ব্যবস্থা না হয়, এইথানেই দয়া করে থাকবেন,—এই আমার অম্বরোধ।—

—বলতে বলতে চলে গোলেন। তাঁর মুখে বা কথার বিকল্প কিছু না পেরে আশ্চর্য্য হরে গেলুম;— সভ্যের সাড়াই পেলুম আরু কাতর একটা রেস্। ব্রতে পারলুমনা: সব খুলিরে যাচেছ।

(ক্রমশঃ)



কু হাঞ্জীলা

শ্রীবসস্তকুমার চট্টোপাধ্যার এম-এ

মাদের 'ভারতবর্গে শ্রীবৃক্ত বোগেশচক্র রার বিভানিধি মহাশর "এজের কৃষ্
কে ও কবে ছিলেন ?" নামক প্রবন্ধে শ্রীকৃষ্ণ সম্বন্ধে নানাবিধ প্রসঙ্গের
অবতারণা করিয়াছেন। আমরা বর্তমান প্রবন্ধে তন্মধ্যে করেকটি প্রসঙ্গের
আলোচনা করিব।

যোগেশবাবু বলিয়াছেন যে কুঞ্জের বালাচরিত মহাভারতের বহুকাল পরে সন্থ হইয়াছে, কারণ মহাভারতে কুঞ্জের বালালীলার উল্লেখ নাই, যদিও নানা কালে নানা কৰি মহাভারতে নানা বিষয় অনুপ্রবিপ্ত করিয়াছেন। এ সম্বন্ধ আমাদের বক্তব্য এই যে মহাভারত কুঞ্জের জীবনচরিত নহে। ইহা পাওবগণের জীবনচরিত। কুফ্লের জীবনের যে আংশ পাওবগণের জীবনের সহিত সংলিপ্ত মহাভারতে সেই অংশের উল্লেখ আছে। কুঞ্জের বালাচরিতের সহিত পাওবদের জীবনের কোনও সম্পর্ক নাই। এরক্ত মহাভারতে কুফ্লের বালাচরিতের কোনও উল্লেখ নাই। বিষয় মহাভারতে কুফ্লের বালাচরিত একভাবে বর্ণিত হইত এবং সে বর্ণনার সহিত ভাগবত প্রভৃতির বর্ণনা অসক্ষত হইত, তাহা হইলে যোগেশবাব্র সিদ্ধান্ত যথার্থ বলিয়া প্রহণ করা যাইত। কিন্তু মহাভারতে কুফ্লের বালাচরিতের কোনওজন বর্ণনাই নাই। ইহা হইতে এরপ সিদ্ধান্ত করাই সমীচীন বে মহাভারতকার কুফ্লের বালাচরিত বর্ণনা করা মহাভারত বর্চনার উল্লেক্তের জক্ত প্রথমেন বলিয়া মনে করেন নাই।

মহাভারতে নানা কালে নানা কবি নানা বিবর অমুগ্রবিষ্ট করিলাছেন—
পাশ্চাত্য পণ্ডিতদের এই দিছান্ত অকাট্য সতারপে গ্রহণ না কবিরা
বোগেশবাবু তাহার প্রমাণ উল্লেখ করিলে ভাল করিতেন। হিন্দুর দৃঢ়
বিষাদ সমগ্র মহাভারত বেষব্যাদের রচিত। বিশেষ বলবৎ প্রমাণের
অভাবে হিন্দু এ বিখাদ ত্যাপ করিতে প্রস্তুত নহে।

শ্রীকৃষ্ণের অবতারত্ব সহকে বোগেশবাবু বলিরাছেন যে "লোকে অসামাল্য-শক্তিসন্দার মামুরে প্রদীশক্তি অনুমান করে, তাহাকে ঈবরের অবতারজানে ভক্তিশ্রক্ষা করে।" বোগেশবাবুর এই করানা যদি যথার্থ ইউত তাহা হইলে কুক্ককে ভগবানের অবতার না বলিরা মধ্যম পাওব জীমদেনকেই ভগবানের অবতার বলা যুক্তিযুক্ত ইউত। কিন্তু ঘোগেশবাবুর এই অকুমান যথার্থ নহে। কবি যুক্তিয় ধাানপ্রভাবে জানিতে পারেন, কে ভগবানের অবতার। হিন্দু কবিবাকে। বিশাস করে। কে ভগবানের অবতার, কে নহে, ইহা হিন্দু এইজাবেই দ্বির করে।

যোগেশবাবু বলিয়াছেন, "মহাভারতের যুদ্ধুশল নীতিজ্ঞ কৃঞ্, গীতার জানবাদী জগবান কৃঞ্, আর প্রাণের ব্রলনীলার কৃঞ্ আদিতে খতত্র ছিলেন"। মহাভারতের কৃঞ্ এবং ব্রলনীলার কৃঞ্ খতত্র ছিলেন, ইংার যোগেশবাবু ৰে ভারণ দিয়াছেন, আমরা পূর্বে তাহার উল্লেখ করিরাছি, এবং বেধাইয়াছি বে; বোগেশবাবুর মুক্তি বিচারসহ নহে। মহাভারতের কৃঞ্

এবং গীতার কৃষ্ণ এক নহে ইহা মনে করিবারও যোগেশবাবু যথেষ্ট সক্ষত কারণ দিতে পারেন নাই। তিনি এক স্থানে লিপিরাছেন মহাভারতে "ক্রীকৃষ্ণ স্থানে স্থান নারাছণের অবতার"। অর্থাৎ স্থানে স্থানে তিনি অবতার নহেন। মহাভারতের কোন্ স্থানে বলা হইরাছে যে ক্রীকৃষ্ণ অবতার ছিলেন না, সাধারণ মানব ছিলেন, যোগেশবাবুর ভাষা উন্নেধ করা উতিত ছিল। মহাভারতের ক্রার মহাকাবা এরপ গুরুত্তর আসক্ষতি-দোবস্থাই, ইহা, বিশেষ বলবৎ প্রমাণের জভাবে কেহ বিশাস করিবেন না।
মহাভারতে বর্ণিত ব্যক্তিবিশেষ কৃষ্ণকে অবতার বলিরা বীকার করিতে না
পারেন। কিন্তু কৃষ্ণ অবতার ছিলেন ইহাই মহাভারতকারের অভিপ্রায়,
এবং ভাষার অভিপ্রায় বিভিন্ন স্থানে পরশার-বিকৃষ্ক হইতে
পারেন।।

যোগেশবাব বলিয়াহেন "আশ্চর্য এই, কোনও ক্ষম জানিলেন না, বিজ্ঞালদশী বেদবাসও জানিলেন না, কৃষ্ণ কে। ক্ষেবল জ্যোতিবী গর্প জানিলেন কৃষ্ণ কে।" এথানে যোগেশবাব্ দুইটি ভূপ করিয়াছেন। প্রথমতঃ, তিনি ভূলিয়া যাইতেছেন যে গর্গও কবি ছিলেন—জ্যোতিবশাস্ত্র প্রথমকঃ, তিনি ভূলিয়া যাইতেছেন যে গর্গও কবি ছিলেন—জ্যোতিবশাস্ত্র প্রথমনকারী কবি (জীমন্তাগবত ১০ম ক্ষ ৮ম অধ্যায় দেখুন)। ভিতীমতঃ যোগেশবাব্ যে বলিয়াছেন "বিকালগশী বেদবাসেও জানিলেন না কৃষ্ণ কে," এই উল্লিড ভূল। কৃষ্ণ কে তাহা বেদবাসেও জানিলেন না কৃষ্ণ কে," এই উল্লিড ভূল। কৃষ্ণ কে তাহা বেদবাসে বিলক্ষণ জানিতেন। কিন্তু কৃষ্ণ কে ইহা স্কর্মগ্রম প্রধার করিবার অবসর হর কৃষ্ণ ও বলরামের ছিজাতি যোগ্য সংস্কার করিবার সময়। বেদবাসের পূর্বে গর্গেরই কৃষ্ণতত্ত্ব প্রচার করিবার অবসর ইইয়াছিল। স্তরাং গর্গ ইহা প্রচার করিয়াছিলেন ইহাতে বিশ্বিত হইবার কোনও কারণ নাই।

যোগেশবাবু লিখিয়াছেন "রাসক্রীড়ায় ক্ষেত্র ধর্মবিরোধী কর্ম দিপিয়া ভাগবত পুরাণ পরীক্ষিতের মুখ দিয়া সন্দেহ প্রকাশ করিয়াছেন। কিন্তু শুকদেরের উদ্ধরে রাজা সন্ধৃষ্ট হইরাছিলেন কি না সন্দেহ।" ইহা পড়িয়া বোধ হইতেছে যে যোগেশবাবু কৃষ্ণতন্ত্ব সম্বন্ধে বিশেষ অমুসন্ধান করেন নাই, কেবল পাশ্চাত্য-শিক্ষিত ব্যক্তির মধ্যে প্রচলিত অবিধাস প্রতিধানিত করিয়াছেন। অনেক ক্ষেত্রেই কৃষ্ণলীলা বুমিতে অক্ষমতায় কারণ এই যে অনেকে মনে করেন যে কৃষ্ণের জীবনে আবর্শ মানবের চরিত্র দেখিতে পাওয়া বাইবে। বিজ্ঞানতন্ত্র কৃষ্ণচরিত্রে এই ভুল করিয়াছেন। কিন্তু কৃষ্ণের জীবন এবং আবর্শ মানবের জীবন সম্পূর্ণ বিভিন্ন। কারণ কৃষ্ণমানম ছিলেন না, অতএব আবর্শ মানবের জীবন সম্পূর্ণ বিভিন্ন। কারণ কৃষ্ণমানম ছিলেন লা, অতএব আবর্শ মানবিত ছিলেন না। এমন কি তিনি ভগবানের অংশ অবতারও নহেন,—তিনি বয়ং ভগবান "কৃষ্ণা ভগবান বয়ং"। যানব ও ভগবানে প্রভেদ খাকা কিছুমাত্র আশ্বর্ণর বিবয় মহে। যে

ব্যক্তি ভগবানের সকল আদেশ মানিরা চলে সেই ব্যক্তি আদর্শ মানব। ভগবানের চরিত্র এই যে তিনি ভক্তের সকল আকাক্ষা পূর্ণ করেন। ভগবান বলিয়াছেন যে ব্যক্তি তাহাকে যে ভাবে পাইতে চাহে, তিনি তাহাকে শেই ভাবে দেখা দেন। গোপীরা ভগবানকে (কৃককে) পতি ভাবে চাহিয়াছিল, ফুতরাং পতি ভাবে গোপীলের সহিত মিলিত হওরাই কুক্তের আভাবিক ধর্ম,—যদিও আদর্শ মানবের ধর্ম দেরূপ হইবেনা। গীতার কৃক্ত ভক্তকে বলিয়াছেন "সকল ধর্ম ত্যাগ করিয়া কুক্তের শরণ লইতে হইবে।" এই আদেশ অমুসারেই সাধু পিতা মাতার প্রতিক্রের কর্মার ক্ষতি কর্ম্বর তাগা করিয়া, সন্মানী হইয়া ভগবানের মূরণ লয়। অরুবৃদ্ধি মানবের সন্দেহ হইতে পারে,—আমীর প্রতি স্ত্রীর যে কর্ম্বর, তাহাও কি ভগবানের অভ্যত্যাগ করা উচিত ? ইহার উত্তর—মানলীলা।

কেবল রাসলীলা নহে,—এপ্তত্ত্বে কুক্টের চরিত্রে এবং আদর্শ মানবের চরিত্রে পার্থক্য ফুস্পট । কংসের রঙ্গকের নিকট কুক্ট রাজবেশ চাহিলেন। রঞ্জক দিল না,—কুক্টকে সে তগবান বলিয়া থীকার করিল না। কুক্ট রঞ্জকের শিরক্টের করিলেন। আদর্শ মানবের কি তাহা করা উচিত ছিল ? নিশ্চমই লা। কিন্তু কুক্ট ত আদর্শ মানব নহেন। তিনি জ্বপবান। তপবান বলিয়াছেন, "যে ঈশ্বকে অধীকার করে, তাহার বিনাশ হর্ম" (অসরের স ভবতি অসন্ ব্রক্ষোতি বেদ চেৎ—উপনিবদ্।) রঞ্জক ভ্রগবানকে সন্মুখে দেখিয়াও অ্যধীকার করিয়াছিল। এ ক্টেরে তাহার বিনাশই শাভাবিক।

কুজা বারনারী। জীকুককে দেবা করিয়াছিল, ওাহাকে নিজ গৃহে
নিমন্ত্রণ করিয়াছিল, বারনারী পুছে গমন আদর্শ মানবের পক্ষে অমুচিত।
কিন্তু কুক আদর্শ মানব নংহন। স্বতরাং আদর্শ মানবের কর্ত্ব্য এবং
তাহার কর্ত্ব্য বিভিন্ন। তাহার কর্ত্ব্য,—"যে বথা মাং প্রপঞ্জতে তাং
তথৈব ভলাম্যহং"—বারনারীও যদি ভগবানকে রূপে প্রার্থনা করে,
সেপ্রার্থনা পুরণ করাই ভগবানের ধর্ম।

ভগবান শাল্ল থারা বছবার ম্পাই ভাবে মানবকে আদেশ করিগছেন,—
"প্রদার সেবা করিবে না" "নরহত্যা করিবে না" "বারনারী গৃহে হাইবে
না" ৷ মানবের কি কর্ডবা এ বিগল্লে কোনও ব্যক্তিরই সম্পেছ হইতে


পারে না। কুঞ্সের চরিত্র দেখিরা কেই বলি এই সকল নিবিদ্ধ কর্ম করে, সে বলিতে পারে নাবে ভাহার কর্ত্তব্য কি ভাহা সে জানিত না। মহাকেব বিব পান করিয়াছিলেন দেখিরা মানব যদি বিব পান করে ভাহার মৃত্যু জনিবার্যা।

ভগবানের পক্ষে "পরদার" শব্দের ব্যবহার হইতে পারে না। ভগবান ব্যতীভ রোপদের কোনও শ্বতম্ভ অভিন্ত ছিল না, গোপীদেরও শ্বতম্ভ অভিন্ত ছিল না। তাই বধন গোপীগণ কুন্দের সহিত রাসলীলা করিতেছিল, ভধন ভাহাদের পতিগণ ভাবিরাছিল বে তাহাদের পড়ীরা নিকটেই রহিয়াছে। (ক্রীমন্তাগবত ১০ম ক্ষম্ম ৩৩ অধ্যায়)।

এবর্ধাণালী লৃপতি জানিতে পারিয়াছেন সাও ছিনের মধ্যে স্পাঁঘাতে তাঁহার মৃত্যু হইবে। আকুমার একচারী সর্বতাাশী সাধু তাঁহাকে ধর্ম কথা তানাইতেছেন। ছুনীতিমূলক কাহিনী প্রচার করিবার ইহাই উপস্কুজ অবদর নহে। সেইরূপ কাহিনীই এখানে বলা হইলাছিল বাহা তানিলে মন দকল প্রকার বাদনা হইতে দ্রুত বিমুক্ত হইরা ভগবচিচভাতেই বিলীন হইয়া যায়। রাদলীলা সেইরূপ কাহিনী।

যে লীলা অরণ করিয়া টেডক্তদেব হংগের সংসার, বৃদ্ধা মাতা, গ্রতী পালী পরিত্যাগ করিয়া উন্যত্তবং বৃদ্ধাবন অভিমূবে ধারিত হইয়াছিলেন, সে লীলা ছুনাতির লীলা নং । সহত্র সহত্র সর্বত্যাণী সাধু যে লীলা অরণ করিয়া চিত্ত প্রিক্র এবং ভগবদভিমূপী করিয়াছেন, সে লীলা ছুনাতির লীলা নহে।

পুতনাবধ, যমলার্ফ্রন শুল্ল, কালিয় দমন প্রশৃতি কুফের বাল্যলীলার যোগেশবাবু দ্বাপক বলিরা ব্যাখ্যা করিয়াছেন। ঈশবের লীলার রূপক ব্যাখ্যা করিতে কোনও বাধা নাই। বাংলারে এই দকল রূপক ব্যাখ্যার চিত্ত পরিতৃপ্ত হয় ওাহারা দে ব্যাখ্যা গ্রহণ করিতে পারেন। কিত্ত যোগেশবাবুর ব্যাখ্যাগুলি সাধারণের তৃত্যিগায়ক ছইবে এরূপ মনে হয় না। আমাদের মনে হয় যে এই দকল বাল্যলীলা বর্ণনা করিবার উদ্দেশ্য এই যে শীকৃক যে সাধারণ মানব ছিলেন না, তিনি শবং শুগবান ছিলেন, এই তত্ত গোপ গোপীগণ হলমঙ্গম করিয়াছিল। ভাহারা ইছা হলমঙ্গম করিয়াছিল বলিয়াই রাস্লীলা সলত হইয়াছে।





ভনৈক সাহিত্যিক বন্ধু গল্পপ্রপ্রেপ একদিন জানালেন, তাঁর খাস-কট-কাভরা বৌদিদি নাকি নিরামন্ন হরেচেন এক দৈবঔষধির গুণে। জামার দামী এ'কথা শুনে সাগ্রহে জানভে চাইলেন সে ঔষধির সবিশেষ বিবরণ।

তিনি বিতরণ করেন—বংসরে মাত্র একটি দিন—
মাখিনের কোজাগরী পূর্ণিমার নিশুতি রাত্রে। সেই
ঔষধ বিশুদ্ধ গোহুদ্ধে প্রস্তুত পবিত্র চরুর সাথে মিশ্রিত
করে সমন্ত রাত্রি পূর্ণিমা চন্দ্রালোকে স্নাপিত করে ভারপরে



সপরিবার ডাক্টারবাব্
বন্ধু গল্প করলেন স্থান্ধ চিত্রকৃট পাহাডের গভীর

মূরণ্যে ফটিকশিলা নামে এক পর্বতগুহার একজন

শিল্পাশী আছেন। খাদরোগের একটি অব্যর্ব ঔষধি



শেফালিকা ও মালবিকা দেবন করতে হয়। এই ঔষধে নাকি ছ্রারোগ্য খাস-রোগীও সম্পূর্ণ নিরাময় হয়েচে।

দীৰ্ঘকাণ নিদাৰুণ কাসকটে ভূ:গ ভূগে, ইদানীং প্ৰায় অধ্যুতাবহার আমার দিন কাটছিল। বিজ্ঞানসমুক্ত নানাবিধ চিকিৎসার চ্ডাক্স হরে গিরেচে; কথনও কথনও স্ফর্ল পাওরা গোলেও তা' দীর্ঘকাল স্থায়ী হরন। এলোপ্যাথী, হোমিওপ্যাথি বাইওকেমিক্ কবিরাজী হাকিমী এমনকি টোট্কা পর্যান্ত বাকী নেই। জাত্মীর বন্ধুবারুবের পরামর্থে দৈব প্রতিবেধকেরও কম সমাবেশ হরনি। তব্ও খাসকট দিনদিন জামার বেড়ে চলেছে। কাজেই, কোথাও কোনওখানে খাসরোগের ঔবধের সন্ধান পেলেই তা' জামার জক্ত সংগ্রহ করতে স্থামীর জধ্যবসারের সীনা নেই। বন্ধুর মূথে রূপকথারই মতো ওবধের কাহিনীটি তান উৎসাহিত হরে উঠলেন তিনি। জামাকে বললেন,—এইবার তোমাকে নিরামর করে তুলতে পারবে। নিঃসন্দেহ। জামি মৃত্ হেসে



কাম্যদ গিরি

উত্তর দিলাম—হাঁা, ওব্ধটি যে-রকম ভাবে পাওয়া বার গুনলাম, তাতে রোগ না সেরে উপার নেই।
"চিত্রকৃট পর্বতে" "ফটিকলিলা গুহাবাসী সন্ন্যাসী"
"কোজাগরী পুর্ণিমার নিশুভিরাতে বৎসরে একদিনমাত্র
ওব্ধ প্রাপ্তি" "পবিত্র চক্তর সাথে মিলিয়ে সেবন"—
সমন্তগুলিই চবংকার হুদরপ্রাহী হরেচে; কেবল, নিশাস
বন্ধ করে এক ভূবে ফটিকসরোবরের তলদেশে গিয়ে
তালগত্রের খাঁড়ার প্রবালন্ডভ কেটে কোনও রাজকুমার
উবধটি বার করতে পারলে বোধহর এ' রোগ আরোগ্য
সহকে আর একট্ও সন্দেহ থাকভোনা!—

चामी विज्ञाल निरूपांच ना रख वरहान,--वरुहे

রহস্ত কর, আগামী কোলাগরী পূর্ণিমায় তোমাকে নিয়ে চিত্রকৃট পাহাড়ে ঐ ঔবধের জন্ত আমি বাবই।

দৈব ঔষধের উপরে গভীর শ্রদা-বিশ্বাস থাক আর না-ই থাক, চিত্রক্টের নাম শুনেই চথের সামনে ভেগে উঠলো বালীকির রামায়ণের ছবি।

শৈশবে মায়ের মুখে প্রসংযোগে রামায়ণ পাঠ ওনতে ওনতে ওনর হয়ে পড়তাম। কতো নদী গিরি কানন কাস্তারের মধ্য দিয়ে চলেছেন জটাবজলগারী ওকণ যুবরাজ এীরামচন্দ্র, বামে জনকনিদনী সীতা, পিছনে প্রাত্তক ক্ষুজ লক্ষ্ণ। কোথাও বা অস্তাঞ্জ চণ্ডালের সাথে মিতালি পাতিয়ে, কোথাও বা ভক্তিমতী শবর-মারীয় আতিথ্য গ্রহণ করে, কত রাজসের আক্রমণ এড়িয়ে, কত

রমনীয় ঋষি-আশ্রমের মাঝ দিয়ে— তাঁদের স্থানীর্ঘ বনমাজা ! সেই সব আশ্রমের ছবি, অরণ্য পর্ক-তের দৃশু মানসচপে স্থাচিত্র মেলে ধরতো, সমস্ত মনকে আছের করে দিতো এক অপুর্ব স্থাকল্পনাজালে

মনে আছে, আ মার বংস তথন আটবংসরও বোধ হয় পূর্ণ নয়, মায়ের ক্তিবাসী রামায়ণথানি ছিল আমার সবচেরে আকর্মণের সামগ্রী; সময় ও স্বােগ পেলেই সেই প্রকাও বই থানি খুলে

অযোধ্যাকাও, অরণ্যকাও, কিছিদ্ধ্যাকাও, সুন্দরাকাও লঙ্কাকাও প্রভৃতির মধ্যে নিমগ্ন হয়ে বেতাম।

ষাই হোক, চিত্রকৃট পর্ব্যভের নাম আমার বালোর সেই রামারণ পাঠের অপুমুগ্ধ দিনগুলিকে বিশ্বভির অপি থেকে জাগিরে দিল বেন সোণার কাঠী ছুইরে। মানসন্মন ছারার মত ভেনে উঠতে লাগলো সেই রাজার পুত্রের বনগমনের অভিকরণ দৃশ্য। অবোধ্যা হতে শৃক্ষবরাক্য গুহক মিভার দেশ—সেধান থেকে ভর্মার মুনির আগ্রেমে গমন; ভর্মাজ মুনি কর্ত্ক চিত্রকৃটে অবি মুনির আগ্রেমে বাধ্বার উপদেশ ও চিত্রকৃট পর্বতের মুনির আগ্রেমে বাধ্বার উপদেশ ও চিত্রকৃট পর্বতের অপূর্ব্ব নিস্গ্রীর বর্ণনা—স্বই মনে পড়ে গেল। আহি

এখানে ডাকবাঙলা

ভক্ত ভরত রাজাদশরথের সকরণ মৃত্যু সন্ধাদ নিয়ে যে বাধ্য হয়ে ফার্চ্চ ক্লানে কার্টই পর্যান্ত যেতে হল। চিত্রকৃট পর্বাতে গিয়ে জীরামচক্রকে অধোধ্যায় ফিরিয়ে কার্ডই একটি কুল্র শহর। আনবার অস্ত কভাই না প্রয়াস করেছিলেন! সেই আছে। পরত্বিনী নদীর ধারে ভরেণ্ট্ ম্যাভিট্রেটের রামারণ বর্ণিত চিত্রকুট। স্বামীর প্রভাবে মন উৎসাহিত্ই হেড কোরাটার। নারারণরাও পেশোওরার প্রকাও

হয়ে উঠলো। কয়েকমাস বাদেই এদে পড়লো শার দীয়া পূজার অবকাশ। আমরাও প্রস্তুত হলাম।

বোম্বে ম্যেলে হ'থানি সেকেও-ভাশ বার্থ রিসার্ভ করে শারদীয়া স্থ্যীর রাত্তে হাওড়া টেশনে এসে টেলে উঠলাম আমরা। ই আই আর লাইনের মানিকপুর জংসন প্ৰয়িয়ে আমাদের যাতায়াতে ব বিটার্ণ টিকে ট করা হয়েছিল। ওধারে জি. আই. পি লাইনে রিটার্ণ টিকেটের স্থবিধা ছিলনা। *ষ্টেশনে* বিদায় দিতে আতীয় ও বন্ধ বান্ধব এসেছিলেন অনেক-

মশাকিনী

ওলি। তারমধ্যে জনৈক মারাঠী বন্ধু প্রচুর স্করভি পূষ্প-প্রাসাদ এখনও এখানে বর্ত্তমান আছে। সেটি উপস্থিত দামে আমাদের যাত্রাপথ গন্ধামোদিত করে দিয়েছিলেন। সরকারি কাজে ব্যবহার হ'ছে। এই প্রাসাদটি এখানে


বন্ধ-বান্ধবের অকুত্রিম শুভেচ্ছার মধ্য দিয়ে দেদিনকার যাতাটী আমা-(भव मधुबरे रुख উঠেছिन।

মহাষ্ট্ৰমীর দিন বেলা বারোটায় शानिकश्रव कःमत्न (भोट्ह मिनिन মার ট্রেণ না থাকায় সারাদিন মাণিকপুর ওয়েটাংরমে কাটানো श्याहित। मृद्य देशे छ। हेक्सिक-কুকার ও প্রয়োজনীয় দ্রবাসামগ্রী সম্ভই থাকার কোনও কট হয়নি. ^{বর} কেটেছিল ভালোই। বিকালে মাণিকপুরের করেকটি মন্দির দেখে ও ফুদ্র গ্রামখানি পরিক্রমণ করে



शक्ड(यमी

किट्र बनाम । बाजि नाट्य वाद्यांगेव विज्ञकृष्ठे वांश्रमात्र নামে প্রসিদ্ধ। ১৮৫৭ 'বোরা' धुष्टोरम निभारी ট্রে। সেকেও্ক্লাশ কম্পার্ট্রেণ্ট্ থালি না থাকার বিজোহের সময় এই নারারণ রাও পেশোওরা এথানে ষাধীনতা খোবণা করে প্রায় বর্ধকাল এ প্রদেশ শাসন করেছিলেন। পেশোওয়াদের সঞ্চিত অগাধ ধনসম্পদ এই প্রাসাদের মধ্যে ভ্গর্ভন্থ একটি গুপ্ত কক্ষে লুকায়িত ছিল। কারউইতে একটি স্থলর মন্দির আছে এবং তংসংলয় একটি জলাশন এবং জলটুঙির মত প্রাচীর ও দালান পরিবেটিত একটি প্রকাণ্ড কৃপ আছে। ১৮৩৭ গুটাকে বিনামক রাও এই মন্দির ও বহুতলযুক্ত কৃপটি নির্মাণ করিয়াছিলেন। এখানকার লোকে এটিকে বলে গণেশ বাহ্। কারউই টেশনের ওয়েটা রুমের বড়টেবিলের উপরে হোক্ত আলু খুলে বিছানা পেতে বাকী রাভটুকু কাটিয়ে দিয়ে বিজয়াদশমীর দিন সকালে টলাকরে চিত্তকুট যাত্রা। কারউই টেশন থেকে চিত্রকৃট করেক মাইলমাত্র। 'বাস' সার্ভিদ আছে। ক্রিক্ট



লকাপুরী

বাদের অপেকার না থেকে আমরা একথানি টলা ভাড়া করে রওনা হলাম। পথে একটু দ্রেই পড়লো এক নদী! নাম শুনলাম পরিষিনী বা পৈর্ন্থী। নৌকার করে আমরা পার হলাম—টলাওয়ালা অপেকারত কম জলের মধ্য দিরে ঘোড়ার মূথ ধরে টলা পার করে নিল। ভারপরে ওপারে গিরে আবার টলার উঠতে হল। ঘটাথানেকের মধ্যেই চিত্রক্টের সীভাপুর গ্রামে এসে পৌছুলাম। চিত্রক্ট পর্বত "পর্বত" টেসন থেকে সাড়ে ভিন্ন মাইল দ্রে। চিত্রক্ট টেশনে বানবাহনাদি পাওয়া বার না বলে আমরা কারউই টেশনে নেমে টলা নিয়ে এসেছিলেম। হিন্দুর পুণ্টার্থ এই চিত্রক্ট বুন্দেলথণ্ডের মধ্যে স্বচেরে প্রসিদ্ধ স্থান। ভগবান শ্রীয়ামচন্ত্র, জনক-

ছহিতা ও অত্তর লক্ষণের চরণ-চিহ্নিত ও নানা স্বৃতি
বিশ্বভিত এই চিত্রকৃট পর্বতে প্রতিবংসর ভারতের নানা
দিপেশ হইতে বহ যাত্রী এসে প্ণ্যার্জন করে ধন্ত হ'দে
যার। এই চিত্রকৃট পর্বত পরিক্রমার জন্ত পারার
মহারাজা শ্রীযুক্ত রামচন্দ্র কুন্ওয়ার একটি স্ফার শিলাপথ
নির্মাণ করে দিয়েছিলেন, সে আজ হ'ল প্রায় দেড়শত
বংসরের কথা।

এই চিত্রকৃট পর্বচের ক্রোড়ে সীভাদেবীর স্থৃতি বহন করছে যে সীভাপুর গ্রাম, এখানে বংসরে ছবার চটি মেলা বসে। একটি আখিন কার্তিকের "দেওয়ালী উৎসব," অস্তুটি চৈত্র বৈশাবে "রামনবমীর মেল,"। এছাড়া প্রত্যেক অমাবস্থা এবং চক্র ও স্ব্যগ্রহণের সময়ও ছোট-খাটো মেলা বসে।

এখানে একটিমাত্র বালালী সপরি-বারে বাস করেন। নাম ফণীন্দ্রনাথ মুখার্জি। তিনি 'ডা ক্টার বা বু' নামেই পরিচিত। চিত্রকৃটে এঁরা স্বামী-স্রী মিলে একটি সেবাশ্রম স্থাপন করেছেন। অসহায় ও রোগার্ড যাত্রীদের চিকিৎসা ও শুশ্রমা করা এঁদের ক্রত। বহু দরিদ্র ব্যক্তি এখান থেকে বিনাম্ল্যে ঔষধ ও চিকিৎসা প্রাধ্য হয়।

আমাদের বাঙালী দেখে ডান্ডার-

বাবু সাগ্রহে তাঁর নিজের বাড়ীতে আমাদের আতিও গ্রহণ করতে অফুরোধ করলেন। আমি ফণীক্রবার্র পরিবারে অতিথি-সেবার যে আশ্চর্গ দৃষ্টাস্ত দেখে এসেছি এর আগে কথনঞ্জ এ অভিজ্ঞতা ঘটেনি।

পরিবার্কী ছোট। গৃহক্রী ডাক্ডারবাবু সদানন ভোলানাথ মাছ্য। বালালী পেলে আর ছাড়েন না। নিক বাড়ীতে এনে উাদের পরিচ্য্যার সমস্ত ভার গ্রহণ করেন। এই তাঁর স্কভাব। স্থী নলিনী দেবী অত্যস্ত বুদ্ধিমতী মহিলা। স্থানীর সেবাপ্রধেষ ইচিকিৎসাকার্য্যে তিনি সহকারিশা। তু'টি তরুণী কলা কুমারী শেকালিকা ও মালবিকা। এরাই রহ্মনাদি ধাবতীয় গৃহকর্ম্ম করে থাকে। মেরে তু'টির প্রমন্দিকতা অসাধারণ। গ্রে

শিঙাড়া কচুরী রসগোলা সন্দেশ জলখাবার তৈরী থেকে মাছ মাংস বুচী কটা ভাত তরকারী যে-অতিথির যা' প্রয়োজন সমস্ত যথাসময়ে প্রস্তুত করে দিচছে। ভিনটি ছেলে। বড় ছেলে শচীম্রের বরস তেরো থেকে চৌদর মধ্যে। বিভীর রবীজের বয়স বছর দশেক। ছোটটি শিশু, বছর দেড়েক বয়স। শচীক্র ও শেফালিকা তুই ভাই বোনই দেখলাম ডাক্তারবাবুর সংসারের কর্ণার। দেবাখ্রমের নতুন বাড়ী তৈরী হচ্ছে, তার মিল্লী খাটানো থেকে সুরু করে মাল্মশলাকেনা, হিসাবপত্র রাখা, সমন্তই সেই ডের চৌদ বংসরের বালক নিপুণভাবে সম্পন্ন করছে। সংসারে পোষ্য অনেকগুলি, শচীন্দ্র ও রবীন্দ্রের इ'ि घाड़ा, युद्धकिनान अ मुक्तिनान, शाहे नची, हति। নীলগাই প্রভৃতি। শচীক্ষ ও রবীক্র তাদের ঘোড়ায় চড়ে ছুৱারোহ পার্কভা পথে মাইলের পর মাইল বায়ুবেগে অতিক্রম করে যায়। শেষালিকা ও মালবিকাও অখারোহণে পারদর্শিনী।

ডাক্তারবাব তাঁর বাড়ীর সব চেরে ভালো আলো-হাওরাযুক্ত বড় ঘরখানি আমাদের ব্যবহারের কঞ দিরেছিলেন। নিকের হাতে মশারী থাটিরে দেওয়া থেকে আরম্ভ করে আমাদের আরাম ও সুধ-সুবিধার দিকে তাঁদের প্রত্যেকেরই দৃষ্টি ভীক্ষ এবং প্রয়াস

আন্তরিক দেখতাম। তৃই
একটি উদাহরণ দিই।
রাত্রে বে খাটে আমরা
ওরেছিলাম সেটি পরিসরে ছোট বলে গরমে
একটু নিদ্রার ব্যাঘাত
হরেছিল। আমরা অবশ্র
তা' প্র কা শ করিন।
সকালবেলা চা পানের
সময় ডাক্তারবাবু জিল্ঞাসা
করলেন, রাত্রে তুম কেমন
হয়েছিল প্রামী উত্তরে


বললেন, একটু বেলী গ্রম বোধ হওয়ার তেমন ভাল ঘূম হয়নি। শুনামাত্র ভাক্তারবাব এবং তাঁর স্ত্রী বঙঃসিদ্ধৃত্রণে ছির করে নিলেন শোবার খাটখানি

সক্ষ হওয়ার নিশ্চগ্ট কট হরেছে এবং ঘুম হরনি।
তৎক্ষণাৎ শচীক্রকে ডেকে বললেন, "ভোমার কালাবাবুর কাল রাত্রে ভাল ঘুম হরনি, একথানি চওড়া
তক্তাপোষ হলে ওঁলের শোলার বেশ স্বিধা হর, তুমি



মুখারবিন্দ

ওঁলের ক্ষন্ত একথানি ভক্তাপোষ তৈরী করে দাও:"
চিত্রকৃটে সব জিনিষ পাওরা যার না। শচীক্ষ ঘোড়ার
চডে কংউই চলে গেল। ভক্তাপোষের কাঠের বলোবন্ত
করে মিশ্রী নিয়ে দিরে এল। সেই দিনই একথানি বড়



লক্ষ্য পাহাড়

ভক্তাপোৰ আমাদের অকু তৈরী হ'ল দেখে বিশিত ও কৃতজ্ঞানা হ'য়ে পারলাম না।

আমার শরীর তথনও চুর্বল, সবে রোগশব্যা থেকে

উঠে চিত্রকৃটে গিয়েছি। একদিন চেরারে অনেকক্ষণ বসে থাকবার পর ক্লান্তিবোধ হওয়ার ঘরে এসে বিছানার তরে পডেছিলায়। ডাব্জারবাব্র প্রী লক্ষ্য করে বললেন, —"তুর্বল মাসুব,—একথানি ইন্ধিচেয়ার থাকলে বেশ স্ববিধা হত আপনার পক্ষে।" ব্যস্! তৎক্ষণাৎ অতিথির ব্যস্ত ইন্ধিচেয়ার চাই। শচীক্র অহ্বারেয়হণে আট মাইল দূরে কারউই থেকে ক্যানভাস্ও ব্রু পেরেক্ প্রভৃতি কিনে এনে তুই ভাইরে মিলে সমস্ত দিন পরিশ্রম করে স্পার একথানি ক্যানভাসের ক্যেক্তিঃ ইন্ধিচেয়ার প্রস্তুত করে আমার ব্যবহারের ক্ষ্মু এনে দিলে। আমি তো অবাক!! আমাদের দেশে দশ বছরের ছেলেরা প্রায়

আমরা যখন তাঁর বাড়ীতে ছিলাম, তখন আরও ছ'
তিন জন বাঙালী অতিথি রয়েচেন তাঁর বাড়ীতে।
তার পর কোজাগরী প্রিমার খাসকটের ওষ্ধের জন্ত
আরও বহু বাঙালী এসে পড়লেন এবং তাঁরা সকলেই
ডাজারবাবুর আতিথা গ্রহণ করতে বাধ্য হলেন দেখলাম।
বাংলা হতে বহুদ্রে এই একটি বাঙালী পরিবার নীয়বে
লোকসেবারতে কি রকম ভাবে জীবন যাপন করছেন
দেখে বিশ্বিত না হয়ে পারিনি।

এবার ১৭ই আখিন মজলবার—কোজাগরী পুর্দিন। ছিল। সেইদিন রাত্রে চিত্রকৃটে কাম্যদ-পাহাডের নীচে বিস্তীর্ণ প্রাক্রের মধ্যে হাজার হাজার খাসরোগী তাদের



কোটাতীর্থ

মানের আদরের তুলাল হয়েই কাটার। কিন্তু এই দশ বছরের বালক রবীক্ষের ঘোড়ার চড়ার দকতা দেখলে আশ্চর্যা হতে হয়। তা' ছাড়া, বাড়ীর সমস্ত কাজেই ভূই ভাই—বোন ছ'টিকে সাহায্য করছে। লেখাণড়াতেও দেখলায় ছেলে ছ'টি বেশ। ইংরাজী বেশ ভালই জানে, তা' ছাড়া বাংলা ও হিন্দী ত' জানেই। এরা বাড়ীতেই ম্যান্নীক স্ট্যাণ্ডাতে পড়াশোনা করছে।

চিত্রকৃটে বে কোনও বাঙালী বেড়াতে যান্, তাঁরা ডাক্তারবাব্র অতিথি না হলে—ওঁদের মান্তরিক কোভ ও তঃখের বেন অন্ত থাকে না।



হত্তথানধারা

স্কীস্ স্মবেত হর ঐ ঔবধের জক্ত। শুন্নাম.—
ফটিকশিলা পাহাড়ে যে স্ম্যাসী ঐ ঔবধ বিভরণ করতেন
ভিনি দেহরকা করার এখন তাঁর চেলারা ঔবধ বিভরণ
করেন। বেহুরা রাজ্যের রাজ্যাতা এইখানে এসে এই
ঔবধ সেবনে নিরাময় হওরার ভিনি এই ঔবধের ভেষক
সম্মাসীর কাছ থেকে জেনে নিরে করেক বংসম্ম বাবং
নিজরাজ্যে এই ঔবধ বিভরণের ব্যবস্থা করেছেন।
রেহুরাতেও বংসরে একদিন কোজাগরী পূর্ণিমারাত্রে এই
ঔবধ বিভরিত হরে থাকে।

চিত্ৰক্টের কাম্যদ পাহাড়টিকে স্থানীয় লোচকর

কাম্দানাথ বলে থাকে। পাকাডটি বেশ বড়। এই পাহাড়টিকে নাকি শ্রীবামচন্দ্র কাম্যদ-নিবরণে পূজা করেছিলেন। পাহাড়টি শ্বং শিবরূপে পূজিত হওয়ায় এর উপরে মাহুবের ওঠা নিষিদ্ধ। এই পাহাডটির চতুর্দ্দিক বেষ্টিত করে মোট ৩৬০টি দেব-দেবীর মন্দির আছে। প্রতিদিন একটি করে মন্দিরে পূজা দিলে বর্ষকাল

সমরের প্রারোজন।
কাম্যদিসিরির যে প্রধান
বিগ্রহ কাম্যদনাথ— তাঁর
মূর্জির নাম "মুখারবিন্দ"।
আর্থাৎ কাম্যদপাহাড্রুপী
নিবের মুখারবিন্দ। একটি
নিক্ষ কালো পাথ্রের
দেবতার মুখ। হাত পা
কিছু নেই।

চিত্ৰকৃট থেকে অৰ্থাৎ

জানকী কুত্ত

সীতাপুর থেকে কাম্যদ পাহাড় মাইলটাকের উপর দ্র। চিত্রকৃটে এক হপ্ত। থেকে আমরা দুইবাহানগুলি ত্রমণ করেছিলাম। এখানে হাতী ঘোড়া ও অভিকৃত্র ডুলি ছাড়া

আছ কোনও যান-বাহনের স্থবিধা নেই। হাতী
সব রাজা দিয়ে চলে না
এবং উচু পাহাডে চড়াই
উৎরাইর পক্ষেও স্থবিধার
নয়। এখানকার ভূলি
একটি পূর্ণবয়স্ক মামুঘের
ওঠার পক্ষে বিশেষ কইকর এবং সম্পূর্ণ নিরাপদ
নয়। একমাত্র ঘোড়াই
এই পার্কাত্য প্রদেশের
সব চেরে স্থবিধাকনক

বাহন। বাল্যকালে কুচবিহার রাজ্যে হাতী ও ঘোড়ার চড়লেও, বড় হওরার পর ওসব পাট আর ছিল না। স্নতরাং প্রথমটা ঘোড়ার উঠতে একটু ইত্ততঃ করলেও শেষটা সবদিক বিবেচনা করে "যদ্মিন্দেশে যদাচার" বলে বোড়াই নিরেছিলাম। প্রথম দিন একটু ভরে ভরে ধীরে ধীরে

সেই প্রান্তরে যাত্রা করলেন। সঙ্গে টোভ্, থাবার, চায়ের সরক্ষাম ও বসবার সভরক্ষী, গায়ের গরম শাল আনলোয়ান প্রভৃতি নেওয়া হয়েছিল।

চলবার পর, পরে আর ভর ছিল না এবং অবলীলাক্রমে

তুর্গম তুরারোহ চড়াই উৎরাই পথ ঘোড়া ছুটিয়ে অভিক্রম

করে আসতে বিন্দাত অসুবিধা হত না, বরং সুবিধাই হত।

দেই প্রান্তরের পানে ছ'বনে ছ'টি ঘোড়ার চড়ে বাত্রা

করলাম। ডাক্তারবাবুরাও সপরিবারে আমাদের সাথে

মকলবার কোজাগরী সন্ধ্যায় কাম্যদ পাহাডের নীচে



জানকী-কুগু-বিধৌত মলাকিনী

সুন্দর তার জ্যোৎস্নায় প্রকাণ্ড তেপাস্তরের মাঠ
অপ্রামী ধারণ করেচে। মেলা বদে গেচে হাজার
হাজার লোকের। চায়ের দোকান মেঠাইয়ের দোকানও
থোলা হরেচে দেই পাহাডতলীর মাঠে। আমরা অনেকগুলি বাঙালী ঔষধপ্রাথী ছিলাম। তার মধ্যে হিন্দু-

মিশনের স্বামী সভ্যানন্দ্রীও ছিলেন। কলিকাভার জনৈক এম্বি ভাক্তার এবং তাঁর মাভাঠাকুরাণী, মাজু-গ্রামের জনৈক ভদ্রলোক এবং তাঁর আত্তপ্ত্র. উল্বেড়িরা বাণীবনের হেড্মান্টার মহাশয় ও জার একটি ভদ্র যুবক, ভা' ছাড়া রেওরাবাক্তা হতে জনতই বাঙালী ভদ্রলোক এসেছিলেন। আমরা জন বারো-চৌন্দ ছিলাম; ভা' ছাড়া চিত্রকৃটের ভাক্তবোব্ তাঁর স্ত্রী-পুত্র-কল্তাসহ আমাদের সাথে ছিলেন। জামরা সেই মাঠের মাঝে একধারে এক একধানি সভরক্ষী বিছিয়ে বসে পড্লেম। শেফালিকা ট্রোভ্ধরিয়ে চায়ের বন্দোবন্ত ক্ষক করে দিলেন। ভনলাম, গোমহজ্ঞালে অর্থং ঘুঁটের আগগুনে নৃতন মুৎপাত্রে বিভক্ষ পোন্তর ও আভিস্ব চাউলে চক্ত প্রস্তুত করতে



শিগীৰ বন

হবে। রোগীর সহত্তে চক্র প্রস্তুত বিধি, অক্ষম হলে সংগ্রীয় কিছা ওলাচারী আন্দরের ছারাও তৈরী করে নেওয়া চলে। ডাঙ্কারবাব্র স্থা বললেন, "আমি সব ঠিক করে নিজি, তৃমিখালি হাতে করে মাটার ভাঁড়টি আগুনের 'পরে চাপিরে হুধ ও চাউল চেলে দেবে, তা' হলেই হবে।" ডাক্ডারবাবু আন্দর্ণ, স্বতরাং তাঁর স্থী অনেকেরই চক্র প্রস্তুত্ত করে দিলেন। সেদিন চিত্রকুটে গো-ছ্য ১ টাকা করে সের। অল সময়ে হুই আনা সের। খুঁটে সেদিন পর্নায় চারখানি করে বিক্রন্ন হচ্ছে।

শালপাতে চক ঢেলে রাখতে হর। সেরটাক্ থাটা গো-ছ্ম্ম ডাজারবাব্র স্থা আমার জন্ম বাড়ী থেকে সংগ্রহ করে এনেছিলেন। সেই এক সের হুধে এক চামচ আন্দান্ধ আতপ চাল সিদ্ধ করতে চড়ানো হল। তা'তে মিট দেবার নিরম নেই। হাতার পরিবর্ত্তে ব্যবহার করা হল একটি বেলকাঠের ডাল। প্রত্যেকেরই ঐ ব্যবহা। কোনও ধাতুপাত্রে রহন বা ধাতবস্পর্শ নিষেধ। সেই বিশাল তেপান্থরের মাঠে শত শত লোক চক রারা করার স্থানটি ধেঁারার শাদা হরে উঠেছিল। চক প্রস্তুত্ত হলে, প্রত্যেকের চক ভিন্ন ভিন্ন শালপাতে ঢেলে এমন ভাবে রাখা হল, যাতে সেই ভব্র চন্দ্রালোক অবারিভভাবে চক্কর উপরে পড়তে পারে। ভারপর অতি সভক্রাবে সেই

চক পাহারা দিতে হবে, যাতে কোনও প্রকার ছারা ভার উপরে না পড়ে। প্রত্যেক রোগীর সাথেই ভাদের ছু'এক জন সন্ধী এসেছেন; তাঁরাই পাহারা কার্য্যে নিযুক্ত রইলেন। পাহারার জক্ষ পারি-শ্রমিক দিলে লোকও পাওরা যার। শুনলাম, ঔষণটির গুণ নাকি চন্দ্রালোকের সন্দে বিশেষভাবে সম্প্রকিত। যদি কোনও কোজাগরী পূর্ণিমা মেঘাছের থাকে বা বৃষ্টি হয়,—সেবার ঔষণের বিশেষ ফল হয়না। সন্ধ্যা হতে সমন্ত রাত্রি চক্ষ শালপত্রের উপরে জ্যোৎস্নার মেলা থাকবে,—একে নাকি 'চন্দ্রপর্ক' হওরা বলে।

বাই হোক, আমাদের প্রভ্যেকের চক্ল ভিন্ন ভিন্ন শাল
পাতার শুল্র জ্যোৎসাকিরণে 'চল্রুপক' হ'তে লাগলো,
—ছ'জন লোক পাহারার জন্ত নিযুক্ত করে আমরা
বেড়াতে বেরুলাম। যেখান থেকে ঔষধ বিতরণ হর,
সেই মহাবীরের মন্দিরে গিরে দেখি বিষম ভীড়! এখন
এই ঔষধ বিতরণটি প্রার ব্যবসার পরিণত হরেছে। বিনি
ঔষধ বিতরণ করবেন সেই প্রারীজীর সলে দেখা হল।
প্রভ্যেক রোগীকে মহাবীরের মন্দিরে নারিকেল চিনি
লালশালু এবং সামর্থ্যান্থবানী প্রণামী দিতে হর।
দেখলাম, প্রারীজী রীভিমত ব্যবসা স্কু করেচেন।

নারিকেল, শালু ও চিনির একটি দোকান নিজেই থুলেছেন গুনিরের সামনে। মন্দিরে যে নারিকেল ও শালু পূজা আসছে, তৎক্ষণাৎ সেগুলি ট্রাক্ষার হয়ে যাছে দোকানে। মেলাটা খুবে খুবে দেখে আবার আমাদের 'বেলল ক্যাম্পে' কিরে এলাম। খামী সত্যানন্দ্রী আমাদের আড্ডাটির নাম দিয়েছিলেন 'বেলল ক্যাম্প'।

স্বাই মিলে পর শুক্ষের চা খেরে রাজি বারোটা বাজল। ম হা বী রে র মন্দির থেকে একটি উচ্ছল ডে'লাইট নিরে জনক ত ক প্লারী পাণা বেকলেন। জারা পাতে পাতে কাঠের শুঁড়ার মত উষ্ধ সেই চক্লর উপরে ছড়িরে দিয়ে চলে গেলেন ও আদেশ দিয়ে গেলেন, যারা রোগী, তারা কেউ ঘুমুবেন না, কেগে পাকুন। তথাস্তা। রোগী এবং স্ক্র সকলেই জাগ্রত। বিরাট পাহাড়ের তলে প্রকাণ্ড মাঠ জ্যোৎসার শালা হয়ে গেছে;

সেই টাদের আলোর পাছাড়ের নীচে পূর্ণিমা রাত্রি জাগরণে কটোতে লাগছিল ভালোই। বাত্রি একটা বাজল, তু'টা বাজল,—রাত্রি তিনটার সমর আবার উজ্জল ডে'লাইট সহ পূজারী পাগুরা বেরুলেন মন্দিরের ভিতর থেকে। এবার সেই ঔষধমিশ্রিত চরুর উপরে প্রসাদী বাতাসার টুক্রা, নারিকেল কুচি বা এলাচী দানার টুক্রা ফেলে দিতে তাঁরা আদেশ দিরে ষেতে লাগলেন—"থা' লেও" অর্থাৎ থেরে নাও।

থাওরাটাই তথন হরে উঠেছে সব চেরে কঠিন বাগার। সমন্ত রাত্রি থোলা মাঠে চানের আলোর শাল পাতার উপরে সেই চক্ন হিম-শীতল হরে বরফের মত জমে উঠেচে। তাকে গলাধঃকরণ করা সহজ নর। পৃতিংএর মত জমাট্ চক্ন তুলে কোনও মতে গলাধঃকরণ করার পর, ভনলাম এইবার পাহাড় পরিক্রমা করা নিরম। ঔষধ সেবনের পর আর শোরার বা বসার হত্ম নেই; কাম্যান গিরির চতুর্দিকে পরিক্রমণ করে বেড়াতে হয়। দেখলাম শত শত লোক অধিকাংশই পদত্রক্তে পরিক্রমার বাত্রা করলেন। কেউ কেউ ডুলি ও যোড়াতে উঠেচেন। পাহাড় পরিক্রমা প্রার চার মাইল্। আমানের সদী

বাঙালীরা সকলেই পদত্রকে বাত্রা করলেন। কেবল আমরা ত্'লন ও ডাজারবাব্র ছেলে শচীস্ত্র, এই তিনন্ধন বদে রইলাম; ভীড় অগ্রসর হরে চলে গেলে ভারপরে আমরা ঘোড়ার চড়ে বাত্রা করলেম। আমাদের সাথে আর একটি সলী ছিলেন শ্রীবৃক্ত মন্ত্র্মদার; ইনি পদ-ব্রকেই আমাদের সাথে ছিলেন।



ক্ষ**ট ক**শিলা

সমন্ত ভীড় পাহাড়ের বাঁকে অনৃষ্ঠ হরে বাওয়ার পর আমরা পরিক্রমার বাঝা করলাম। ডাক্তারবার্ স্ত্রী ও কক্তাসহ জিনিসপত্র নিরে বাড়ী রওনা হলেন। বারোহাত রেশমী শাড়ীধানি মারাঠি মেরেদের প্রথার পরে সামনে



ক্ষটিকশিলার পাবাণ বেদী

কোঁচা দিয়ে নিজে হয়েছিল। কবরীর সাথে শুর্চন পিন্দিরে আটকে গারে পাতলা লাল জড়িয়ে উঠলাম বোড়ায়। উনি মাথার শালের টুপী চড়ালেন শেব রাত্রির হিমপাত হতে আত্মরকা করতে। শচীয়ে পথ-প্রাণশিক হরে অখারোহণে আগে আগে চন্দ, তারপর আমি, পিছনে স্বামী। সকে পদরকে শ্রীযুক্ত মজুমদার।

পাছাড়ের কোলে কোলে পাথর বাঁধানো অসমতল সক রান্তা অত্যন্ত বন্ধুর। মাঝে মাঝে চড়াই উৎরাই আছে। এই শিলাপথটি পালাষ্টেটের রাজা পরিক্রমাকারী-দের স্থবিধার জন্ম বাঁধিয়ে দিয়েছিলেন, সংস্কার অভাবে এখন জীর্ণ ও ভগ্ন হরে পড়েছে। প্রথমটা একটু সন্তর্গণে চলতে হছিল, কারণ পিছন থেকে এসে পড়ছিল মান্থরে ভীড়, তুলিওরালা ও অখারোহীর দল। সমত্ত ভীড় সামনে এগিয়ে চলে যাওয়ার পর আমরা তথন ঘোড়ার লাগাম তিলা করে দিয়ে ধীরে ধীরে চলতে লাগলাম নিশ্ভিত আরামে। শেষ রাত্রির শুল্র জ্যোৎমার সমস্ত পার্মত্য প্রকৃতি যেন স্থলোকের মত মারামর হরে উঠেছে।



অমুস্যার পথে

ভাহিনে কালো পাহাড়, কোলে কোলে ধব্ধবে শালা
মন্ত্রিক শ্রেণী, মন্দিরের পর মন্দির, যেন তার শেষ
নেই। বামে কোথাও সব্জ ক্ষেত, কোথাও নীচ্
থাদ, কোথাও পাহাড়ের কোলে নিচ্ জমিতে
বৃষ্টির জল জমে টাদের কিরণে আয়নার মত
ঝক্মক করছে। কথনও পিছনে পিছনে কথনও বা
পাশাপাশি চলেছি ত্'জনে, চোথের সামনে বরে চলেছে
পার্বত্য প্রদেশের নৈশ প্রকৃতির অপরূপ সৌন্দর্য্যপাবন!
জীবনে জ্যোৎসারাজির এমন অপূর্ব্ব অভিজ্ঞতা এর আগে
কথনো ঘটেনি। অগ্রবর্ত্তী কিশোর শচীক্ষ মানে মানে
সতর্ক করে দিছে আমাদের,—"হুঁদিরার,—এইবার

একটা বড় উৎরাই আছে কাকিমা,—" কিখা—
"এইখানকার রাতা খ্ব সক্র"—"একটা খানা ডিডোগে
হবে—"দেখবেন সাবধান!—" শচীক্র সেদিন এরকন
সতর্কতার সাথে আমাদের নিরে না গেলে সেই বরুব
পার্বত্য পথে কোনও চ্র্যটনা ঘটা বিচিত্র ছিল না।
কারণ, সেই জ্যোৎখাপ্রাবিত দিগন্ত-প্রসারী সব্জ প্রান্তর,
নিন্তর পাহাড়শ্রেণী, নিভাল অরণ্যানী ও বৃক্ষসারির মাঝখান
দিরে আমাদের ঘোড়া হু'টি পাশাপাশি চলেছিল আপন
ইচ্ছামভই। আমরা যেন স্প্রবিম্ধেরই মত আত্মবিশ্বত
ভাবে রাশ ঢিলা করে ছেড়ে নির্বাক হরে বসে ছিলাম।
মাথার উপরে অনন্ত নীল আকাশ, সন্মুখে ছায়াচিত্রের
ছবির মত পাহাড় পর্বত অরণ্য প্রান্তর, জলাশর প্রস্কৃতি
প্রকৃতির অকুরন্ত উদার ক্রপৈর্য্য সুটে উঠ্ছে। ধেন

আমরা ইহজগতের পরপারে কোন এক অভিনব নৃতন লোকে এসে পড়েচি,—
যার সমস্তই মারামর,—আধছারা আধ
আলোর রহস্তে ভরা! মাথার উপর
দিরে শীতল হাওয়া বহে যাচে,—পাহাড়ে
পাহাড়ে তুই একটা আধস্থ পাথী নীড়
থেকেই কৃজন ধানি তুলচে,—জ্যোৎসাকে
ভারা ভূল করেচে উবা ব'লে।—

গাইড্ শচীক্র হাত তুলে দেখাচ্চে— কাকাবাব্! এটা লক্ষণ পাহাড়, রাম ও সীতা এই পাহাড়টার থাকতেন,—লক্ষণ

ঐ ছোটো উঁচু পাহাড়টার উপরে ধহুর্ঝাণ নিরে সারারাত্রি কেগে পাহারা দিভেন।…এইটা নুসিংহগুহা…এটা ত্রম-কুগু…এটা বিরন্ধা কুণ্ডু…

আমরা বোড়ার উপর থেকেই দ্রেইব্য মদ্দিরগুলি দেখলাম, কোনথানে নামলাম না। ব্যপ্তাছের দৃষ্টি মেলে চলেছি ভো চলেইছি! ক্রমে উজ্জল জ্যোৎদা মান পাঙ্র হরে এলো। ডোরের হাওয়া আরও ঠাওা হরে ঝির্ ঝির্ করের বইতে হুক করলো। একটি একটি করে নিভে পেল সমন্ত ভারা—উবার আভাব কৃটে উঠলো পূর্বাগননে। হঠাৎ চমক ভাঙ্বো! চেরে দেখি—পরিক্রমা নাল হরেচে, —বেধান থেকে বানা শ্রম্ক ক্রেছিলাম, এলে পৌছেচি সেইখানেই। সেই প্রান্তরের মধ্য দিয়ে পাশাপাশি ছু'টি খোড়া চলেচে চিত্রকৃটে সীতাপুরের দিকে। আকাশ খারে খীবে রাভা হয়ে উঠেচে; বনে বনে পাহাড়ে

পাহাড়ে লক্ষ লক্ষ পাথী প্রভাতী উৎমব আরম্ভ করে দিরেচে, রাজার ক্ষ করেচে লোকচলাচল। ধীরে ধীরে সহরের মধ্যে এনে প্রবেশ করলাম,—সমল্ড মন্দির ধর্মালা ও পাধরের বাড়ী নিয়ে চিত্রকৃট ভবনও স্থা। ডানদিকে নিজিতা মন্দাকিনী নদী, বামে বিচিত্র হর্মাসারি, মন্দাকিনীর ভীরবর্ত্তী পাধরে বাধানো সক্ষ রাজাটি ধরে চলেচি। মন্দাকিনীর জল নিথর,—একটু চেউ বা চাঞ্চল্য নেই—বেন গভীর স্বস্থাতে আছেরা! উধার রক্তিম আলো এসে পড়েছে তার স্বছ

বুকের উপরে, তার বাঁধানো ঘাটগুলির 'পরে। পরপারে দব্দ মাঠ, বৃক্তেণী, পুরাতন দেউল, রান্ধবাড়ী প্রভৃতি ছবির মত আঁকা রয়েচে। বাড়ী এদেপৌছুলাম। স্কাল হয়ে গেছে। শেকালিকা ও মালবিকা এদে বললে, "বাথরমে গিয়ে মুধ হাত ধুয়ে নিন্, চা তৈরী।"

থানিকবাদে আমাদের সন্ধী বাঙালীদশ, খামী সভ্যানন্দপ্রমূথ আনেকেই কলরব সহকারে এসে পড়লেন। প্রায় সকলেই কিছু দ্র পদরক্ষে পরিক্রমণ করে পরে ঘোড়া নিতে বাধ্য হরেচেন। ঘোড়াতেই তাঁরা বাড়ী ফিরলেন। তথু রবীন্দ্র মন্ত্র্মদার মহাশন্ত্র পরিক্রমণ করে বাড়ীতে এসে প্রায় অর্দ্ধ মৃদ্ধিতের মত শ্যাগ্রহণ করেছিলেন।

এখানকার দ্রাষ্টব্য স্থানগুলি সংক্ষেপে লিখে এইবার ডিত্রকৃতি প্রবন্ধ সমাপ্ত করব।

চিত্রকৃট হিন্দুদের প্রাচীন তীর্থ। রাম সীতা ও
শব্ধের অসংখ্য স্বতিচিছে পরিপূর্ণ। প্রাকৃতিক শোভার
এবং প্রাচীন হিন্দুসভ্যতা ও মুস্পমানসভ্যতা রুগের স্থাপত্য
পিরের ভগ্নাবশ্বে স্থানটি নয়নাক্ষক। চিত্রকৃট যেন
শূসকালা বারাণসীতীর্থ। কাশীর মত এখানেও দশাখ্যের
ঘটি, কেশীঘাট, রাম্বাট, সন্থাবাট, মন্ত্রগজেরঘাট,
ইন্মান যাই প্রভৃতি অসংখ্য ঘাট আছে। কাম্যদ্গিরির

দক্ষিণ ও পূর্বভাগের গলাকে পয়ষিনী বা পৈত্রণী বলা হয়। পয়ষিনীর মধ্যেই ব্রহ্মকুগু। উত্তর-পশ্চিমভাগের গলাকে রাঘবপ্রয়াগের মনাকিনী গলা বলে। এর মধ্যে



অহুস্যা

সর্যুনদী অন্তঃসলিলা বলে এরা পরিচয় দেয়। মোটের উপর অর্কভাগ নদী মলাকিনী এবং অপরার্ক পদ্মখিনী



গুপ্ত গোদাবরী (গুহাভান্তরে)

নামে খ্যাত। চিত্রকুটে খারা তীর্থ করতে দান্ তারা নিয়লিখিত ভাবে দর্শন করলে প্রথি হবে। প্রথম দিন—মলাকিনী নদীতে গদামান করে মহাবার, তুলদী দাস, পর্ণকৃটীর, যজ্ঞবেদী, মত্তাজেজ্ঞ মহাদেব ও দক্ষিণপুরীর মহাবীরকে দর্শন করে লক্ষাপুরীর মধ্যে যেতে হয় ৷ সেথান থেকে বেরিয়ে অক্ষরতী ও রাজধরের মন্দির দেখে, কাম্দা বাজার হয়ে



কৈলাস তীৰ্থ

রামমহরার চড়তে হয়। এইথান থেকে কাম্যদ গিরি পরিক্রমা স্বরু করতে হয়। কাম্যদ পাহাড় চিত্রকৃট থেকে এক্যাইল পশ্চিমে। এই পাহাড় পরিক্রমা মানে



শ্ৰীরাম মনির

পাহাডটিকে চারমাইল প্রদক্ষিণ করা। রাম চব্তারা থেকে রেওরা রাজার স্নাত্রত দেখে, মুখারবিন্দ, জানকী চরণপদ্ম, নৃসিংহওহা, ত্রহাকুও, বিরজাকুও, কপিলা গাই, চরণ পাছকা, লক্ষণ পাহাড়, বড় আধ্ডা, রাম করোকা, চৌপড়া, পিলিকুঠা ও সরষু হরে আবার রামচব্তারার কিরে আসতে হর। "চরণ পাছকা" হচ্চে,—ভরত বেধান থেকে রামচন্দ্রের পাছকা গ্রহণ করেছিলেন অবোধ্যা রাজ্য শাসন করবার জন্ত। "চৌপড়া" হচে খোহীর সাধুদের আশ্রম। "পিলি কোঠা" রুল।

ছি তীর দিন।—মন্দাকিনীর দশাধ্যমেধ ঘাটে স্থান করে ওপারে নঙরাগাঁও হরে কোটাতীর্থে যেতে হয়। কোটা তীর্থ চিত্রকুটের প্র-দিকে চার মাই ল দ্রে। তিনশো ধাপ সিঁড়ি দিরে পাহাড়ে উঠতে হয়। এ' স্থানটি স্পতি মনোরম। পাহাড়ের উপর থেকে সমতলভূমির দৃশ্য ও ম ন্দা কি নীনদীসহ চিত্রকুটনগরী ঠিক ছবির মত মনে হয়। এখানে পাহাড়ের উপরে একমাইল দ্রে দেবালনা।

মাইলচারেক দূরে সীতারস্থই বা জানকীর রক্ষনশালা। হত্মানধারা নামে একটি জলপ্রপাত এখানে আছে। এই পাহাড়টির নাম দেবস্থান। এটি দেথবার মত স্থান।

হতুমানধারা দেবে দেবস্থান পাহাড় থেকে চারশো ধাপ পাথরের সিঁড়ি বেরে নামতে হয়। এদিক থেকে চিত্রকৃট মাত্র তিন মাইল।

তৃতীর দিন—রাঘবপ্রয়াগে সদম্বাটে লান করে রামধাম, কেশবগড়, দাস হত্যান, প্রমোদ ব ন, জানকীকুণ্ড, শিরীষবন, ক্টিকশিলা দর্শন করে অন্তর্গা তীর্থে বিতে হয়। জানকীকুণ্ডের দৃশ্য ও ক্টিকশিলার দৃশ্য অতি মনোরম। জানকীকুণ্ডের রাম ও সীতার পারের ছাপ চারিদিকের পাথরে চিহ্নিত। ক্টিকশিলা মন্দাকিনী তীরে গভীর অরণ্যের মধ্যে একটি পাহাড়। এই পাহাড়ের কোলে নদীগর্ডে একটি প্রকাণ্ড শিলাবেদী, তার উপরে মাকি রাম সীতা বিশ্রাম

সনস্থাতীর্থ চিত্রকৃট থেকে দশমাইল দুরে। এটি মহামুনি অত্তির আশুম এবং মন্যাকিনীর উৎপত্তিহল। মহর্ষি অতির সাধনীপত্নী অনস্থরা দেবীর নামাত্রসারে এর মাম অনস্থরা কেন্দ্র। হিন্দুনারীর আরতিচিহ্ন সিন্দুরের প্রচলন নাকি প্রথম এন্থান থেকেই হয়। সাধনী দীতাকে ক্ষবিপত্নী অনস্থরা দেবী সিন্দুর স্থারা অভিষ্ক্ত করে

বলেছিলেন,—"পাতিপ্রত্যধর্মের উ জ্ঞ্জ্ ল চিহ্নম্বরপ এই যে সিন্দৃর আজ তোমার সি'থিতে দিলাম, এই সিন্দৃর হিন্দু সধবানারীর আম র তি চিহ্ন হবে।" এথানে অত্রের ও অনস্বরা দেবীর পৃথক পৃথক মন্দির আছে। স্থানটি পুবাণ-বণিত ঋষি-আশ্রমের মতই শাস্ত গভীর পবিত্র। একদিকে জন্তভদী ঋছুপর্বত্ত,—তাই পর্বত্বের গায়ে বহু গুহাগৃহ,—তানছি এখনও জনেক সাধু সন্ন্যাসী ঐ নির্জ্জন গিরিগুহার তপতা করতে এদে থাকেন। জন্মদিকে উন্নাদিনী মন্দাকিনী পর্বত্গহ

ভেদ করে কলকলোলে নৃত্য করে বেগে বহে চলেছে।

অসংখ্য বৃহৎ শিলা ও উপলে তার বুকে কুদ কুদ্র


ছীপ রচনা করেছে। চারিদিকে গভীর অরণ্য। প্রকাও

প্রকাণ্ড বনপ্সতি দিনের বেলাণ্ড স্থ্য-কিরণ প্র বে শের পথ ছেড়ে দেয়না। জলধারার মধুর কল্লোলে, অরণ্যের গন্তীর মর্ম্মরে, বিশাল পর্বতের উন্নত গান্তীর্থ্য স্থানটি মনের মধ্যে পবিত্র প্রশা স্তির উদ্রেক করে। জ্ঞামরা এখানে এসে একদিন চডুইভাতি ক'রে খেলে সারাদিন কাটিরে গেছি।

চতুর্থ দিন—অন্তর্গাতীর্থ থেকে গুপ্ত গোদাবরী তীর্থ আটমাইল। কিন্ত চিত্র-কৃট থেকে দক্ষিণ-পশ্চিমে যেতে হলে বারোমাইল পড়ে। পাথরপাল দেবগাঁ হয়েমৌরধ্যক্ষ পর্বত দর্শন করে চৌবেপুর

গ্রামের ভিতর দিয়ে আর ছ'মাইল গেলেই গুপ্ত গোদাবরীতে পৌছানো যার। এথানে গাহাড়ের গুহার মধ্যে
দেবদর্শন করতে হয়। অতি বিচিত্র মনোহর স্থাম। এথানে
একটি টর্চ্চ লাইট সঙ্গে আনতে হয়, কারণ, গুপ্ত গোদাবরী

গুহার মধ্যে রামকুগু গভীর অন্ধকার, আলো না ফেললে স্বটা দেখা বার না। এখান থেকে গুরে আর ফু'মাইল গেলেই কৈলাসভীর্থ। এখানে বিশ্রাম ও আহারাদি করার স্ববিধা আছে।



রামঘাট

পঞ্মদিন।—চিত্রকুটের উত্তরে আটমাইল দুরে ভরত-কুপ, কৈলাসভীর্থ থেকে মাত্র ছ'মাইল। ভরতকুপে স্নান ও ভরতমন্দির দর্শন করে ওথান থেকে পাঁচমাইল



মাটার কল (স্রোভের বেগে পরিচালিত)

পূর্বনিকে রাম্পব্যা দেখে আসতে হয়। রামচক্রের শরন স্থান ছিল এথানে। রাম্পব্যা থেকে চিত্রকৃট মাত্র কু'মাইল, স্বভরাং কিরতে কট হয়না।

এ' ছাড়া চিত্রকটের আদেগাদে অনেকঞ্চল ভীর্থ

আছে। ১৪ মাইল দ্রে পুন্ধর, ১৮ মাইল দ্রে শরওক, ১৩ মাইল দ্রে মার্কণ্ড, ৮ মাইল দ্রে বাকৌকি আত্রম, মাইল দ্রে বিরাধকুণ্ড, ১৯ মাইল দ্রে বাকীকি আত্রম,



ধর্মপালা

২২ মাইল দ্রে তুলনীদানের আশ্রম, ২৪ মাইল দ্রে ফালিঞ্জরের নীলকণ্ঠ মহাদেত, স্থ্যকুগু, ব্যাসকুগু ইত্যাদি।



চিত্ৰকৃট

অধিকাংশেরই উপজীবিকা পাণ্ডাগিরি। বাহিরের তীর্থ-যাত্রীর ভীড় এখানে প্রায় বারোমাসই থাকে। প্রয়োজনীর জিনিষপত্র মোটামুটী সব পাণ্ডর। যায়। এথানকার

> কুটারশিল্পের মধ্যে পাথরের সামগ্রী ও কাঠের থেলনা ছাড়া স্থপারীর কোটা উল্লেখযোগ্য।

এখানে বানরের উৎপাত ভরানক।
কালী বৃন্ধানন মধুরাতেও এ'রকম জ্বজ্ঞানিক বানরের উৎপাৎ দেখিনি। এখান-কার বানরের। জ্বজ্ঞান্ত ছংসাহসী ও ছাইবৃদ্ধি-পরায়ণ। আমি দ শ দি ন মা ত্র চিত্রকৃটে ছিলাম, এদের জ্বজ্ঞাচার হতে জ্বজ্যাহতি লাভ করিনি। বন্ধ বাণ্কমের মধ্যে সানের সময় পলার সোণার হার

ও কাণের মৃক্তার তুল খুলে রেখেছিলাম, জানালা দিয়ে

বানর এসে আমার চথের সামনে গুচ্ছবদ্ধ মুক্তার ছল ছ'টি তলে নিয়ে চলে গেল। অনেক চেটা করেও তার

পুনক্ষার সম্ভবপর হোলোনা। সৌভাগ্যক্রমে সোণার হারছড়া নিয়ে যায়নি।

চিত্রকৃটের সমস্ত খোলার বভীর চাল

ঘন কুলকাঁটার ছাওরা। ভনলাম, খোলার
উপরে প্রচুর পরিমাণে কাঁটা দিয়ে না
রাখলে চালের উপরে একথানি খোলাও
খাকেনা বানরের উৎপাতে। বুন্দাবন
মথ্রার বানরের উৎপাত চিত্রকৃটের তুলনার কিছুই নর।

এখানে বলে রাখি চিত্রকৃটের ঔষধ দেবন করে আমি এখনও কোনো ফল পাইনি। আর এই প্রবন্ধের ছবিগুলি সংগ্রহ

চিত্রকৃটের কোলে বে দীতাপুর গ্রামধানি আছে ক'রে দিয়েছেন আমাদের চিত্রকৃটের বন্ধু তীব্রু বলরাম সেথানি বেশী বড় নর । লোকবসতি ধুব জন্নই। কুমার ঘোষ, রবীক্রনাথ মন্ত্রদার ওপচীক্রমাথ মুখোপাধ্যার।



থাতপ্রাপ গবেষণার ইভিহাস

শ্ৰীকিতীশচন্দ্ৰ রায় এম-বি, ডি-পি-এইচ

থালের উপাদান হিসাবে থাভপ্রাণের পরিমাণ অতি অল্ল: কিন্ত ইহার কাৰ্যকারিতা অভি গুরু। পাল্পে এই উভার গুণের বৈষমা সহজেই লক্ষিত হয়। খাভগাণের এই অন্তর্তা তেল উৎপাদন (energy supply) কিমা মাংসপেশী গঠনের সহায়ক নতে: কিন্তু ইহাদের প্রত্যেকটা যে একটা নিৰ্দিষ্ট বাদাবনিক পদাৰ্থ ভাষা প্ৰমাণিত হইবাছে এবং বিগত আট বংগৱে উহাদের অকত রাসায়নিক অকৃতি (chemica nature) নির্দারণে যথেষ্ট গবেষণা হইয়াছে। উহাদের ভিতর একটা কৃত্রিম উপায়ে প্রস্তুত্ত হইরাছে (calciferol-Vitamin 'D')। এই বিগত আট বৎসরে বছ পরীকার কলে ইহাও ত্বির হইরাছে যে উহাদের সংখ্যা পূর্বকল্পিত সংখ্যার অপেকা অনেক বেশী। পর্বের আমরা তিনটী খান্তপ্রাণের স্বা জবগত ছিলাম : কিন্তু ইবানীং জন্ততঃপক্ষে আটটী আবিষ্ণুত হইয়াছে এবং ইচামের প্রত্যেকটার স্ব স্থ কার্যাকারিতা আছে। পাশ্চাতা দেশ হইতে जानीक कलकता शांता रूपन अ साम हाल मःभाषिक स्टेटिक वांत्रस হয়, তথন হইতেই এই কুত্রিম উপায় অবলখনের কুফল পরিলক্ষিত হয়। অষ্টাদশ শতাব্দীতে নৌপর্বাটক এবং ভূ আবিভারকদের অভিজ্ঞতাও আমাদের খাভথাণের আবশুক্তার কথা তারণ করাইয়া বের। কিন্ত তথন দেশ বৈজ্ঞানিক ভাবধারায় মুগ্রতিষ্ঠিত ছিল না ৰ**লিয়াই এসৰ অভিজ্ঞত। সেকালে অন্ধকার-সমাচছ**য় ছিল। এসৰ ঐতিহাসিক ইতিবত্তের আলোচনা আমার উদ্দেশ্য নয়। বিজ্ঞানাগারে পরীকা ছারা খাভ্নপ্রাণ সম্বন্ধে যে সভো আমরা বর্ত্তমানে উপনীত হইয়াছি আমি কেবল ভাহারই উল্লেখ করিব।

থান্ত প্রাণ স্বর্থে প্রথম গবেষণার বার্ণ্ডের (Burnge) গবেষণাগার থেকেই প্রপাত হয়। এই গবেষণাগার বেশ্ল (Basle, Switzerland) নগরে প্রাতিন্তি ছিল। ১৮৮১ খঃ অবদ প্রিন (Lunin) নামক বার্ণ্ডের একজন শিল্ত হুদ্ধের চারিটী উপাদান ছানা জাতীয়—Protein; তৈল জাতীয়— Fats; শর্করাজাতীয়—Carbohydrate; লবণ—Salts) কুত্রিম উপারে মিশ্রিত করিয়া কতকগুলি ইণ্ডরকে থাওয়ান; কিন্তু করেক দিবসের মধ্যেই ইংবার মৃত্যুমুখে পতিত হয়। ইংতে তিনি সিদ্ধান্ত করিলেন যে প্রভাবিক হুদ্ধে উপরিউক্ত চারিটী উপাদান বাতীত আরও এমন অক্তাত পদার্থ বর্ষনান যাহা কেং ধারণের পক্ষে অত্যাবক্তক। এই সিদ্ধান্ত অবলখনে তিনি 'বেছপৃষ্টিতে অবৈল রসায়নের কায' নামক একটী প্রবন্ধ প্রকাশ করিয়াছিলেন। ১৮৯১ খঃ অব্দেশ শসিন (Socin) নামক বার্ণ্ডের অপর প্রদান করেন। ব্যক্তি তিনি স্থিকরে প্রবন্ধর অবলান করেন। ব্যক্তি তিনি স্থিকরে প্রবন্ধর মার্লিকের ব্যর্থার করিবিক্তিকতার করেন করিয়া করিয়াল করিবেন, কথাপি তিনি কুত্রিম ভাগের কর্যর্থারিক্তর্কতার করেন করিবা করিবান করিবেন কেনে বিশেশ হার্বা

জাতীয় পদার্থের অভাব (Inadequacy in the quality of proteins)। বার্ণ,জের নিজের মতবাদ কিন্তু এই উভারের মত হইতে বিভিন্ন ছিল। কৃত্রিম থাতা প্রগুত হইবার প্রাক্তালে অভৈব রসায়ন ইজেব রসায়ন হইতে বিভিন্ন হইয়া বাওয়াকেই তিনি ইহার কার্যাবিফলতার কারণ বলিয়া নির্দেশ করেন। তিনি মনে করিতেন অভৈব ও জৈব রসায়নের যুক্ত মিশ্রণাই কার্য্যকর।

১৯.৫ খুঃ অন্দে ডচ্ অধ্যাপক পেকেলছাত্নিং (Pekelharing) গ্ৰেষণার ফলে এই মত প্রকাশ করিলেন যে—

- ক) হুদ্ধে এমন একটা অজ্ঞাত পদার্থ বর্ত্তমান যাহা সৃক্ষ পরিমাণেও
 আমাদের দৈহিক পৃষ্টির পক্ষে অত্যাবগুক।
- খে) এই পদাৰ্থটী সব জাতীয় খাজে বৰ্জমান—কি সব্জী জাতীয় (Vegetable) বা প্ৰাণী জাতীয় (animal); কেবলমাত্ৰ ছুগ্লেই ইহা আবদ্ধ নহে।
- (গ) ইহার অবর্তনানে দেহ থাজের প্রধান প্রধান উপায়ানগুলির সারবস্ত সংগ্রহ করিতে পারে না; কুনিবৃত্তি বিনষ্ট হয়; থাজের প্রাচুর্ব্য বর্তনানেও মানুধ মৃত্যুম্থে পতিত হয়।

তিনিই প্রথম নির্দেশ করেন যে থান্ধপ্রাণশৃষ্ঠতার রোগের (Deficiency diseases) স্টি হর ।

১৮৯০ হইতে ১৮৯৭ খুঃ অব্দ প্র্যান ক্রিশির্টান এক্ষান (Christiaan Eijkmann) থাজপ্রাণ সথকে গবেবণা করেন। ইনি প্রথমে ডচ্ইপ্রিজ সামরিক বিভাগে ডাক্তার ছিলেন; পরে উর্বেক্টে (Utrecht) খাস্তা বিজ্ঞানের অধ্যাপক হন।

তিনি ভরদারম্যান (Vorderman) নামক এক ভন্তলোকের সাহায়ে। জাভার ১০১ জন করেদী ও কতকগুলি পক্ষীকে ছ'টেই চাল থাওয়াইয়া এই সিদ্ধান্তে উপনীত হন বে দীর্থকালবাদী ছ'টাই চাল ভক্ষণে মানুষের বেরীবেরী এবং পক্ষীর Polyneuritis রোগ উৎপদ্ধ হর; শোষোক্ত রোগ বেরীবেরীরই অনুরূপ। তিনি ইহাও দেখাইমাছেন যে উপরিউক্ত পক্ষীগুলিকে যদি সম্পূর্ণ চালে (Whole rice) অর্থাৎ বাহিরের পদ্দা (Pericarp) যুক্ত চাল পাইতে দেওরা যার ভবে Polyneuritis হয় না। কেন চালের বাহিরের পদ্দা (Pericarp) বেরীবেরী বা polyneuritis নিবারণ করে ভাহার কারণ বন্ধপ একম্যান এই যুক্তি দেখান বে শর্করা বহুল খাভ যেমন চাল অন্তের ভিতর একপ্রশার বিব তৈয়ারী করে; চালের বাহিরের পদ্দা দেই বিব বিনষ্ট করে। বিশ্বস (Grijns) এই যুক্তির সমর্থন না করিয়া ১৯০১ গুঃ অব্যাবক্তক আকাশ করিলেন বে বেরীবেরীর মূলকারণ খাভে একটা অন্ত্যাবক্তক বিনিসের অভাব। এই আবক্তক উপালানটা চালের উপরকার পদ্দার

অবস্থিত থাকে এবং ছ**ঁটোই** করিলে তাহা বাহির হইরা বায়! থান্ড-প্রাণের অস্ক্যবই যে রোগোৎপত্তির (Deficiency Diseases) কারণ ইহা গ্রিনসই প্রথম বিশ্বভাবে বিবৃত করেন।

১৯-৭ খঃ অন্দে চালভোকী প্রাচ্দেশবাসীদের উপর পরীকার ফলে ব্যাড্ন (Braddon) একম্যানকে সমর্থন করেন। ১৯-৯ খঃ অন্দে ব্যাসার ও ট্যান্টন (Fraser and Stanton) উহাদের সমর্থন করেন। ১৯-৭ খঃ অন্দে ছল্ট ও ব্রুলিক্ (Holst and Frolich) পিনিপিকের উপর পরীকাকার্য্য চালাইয়া দেখাইকেন যে থাছের অভাবে স্বার্ভির (Scurvy) উৎপত্তি হয়।

ক্রমান্তর ১৯০৯, ১৯১১ এবং ১৯১২ খুঃ অবদার পরীক্ষার ফলে ত্রেপ্
(Stepp) এই মত প্রকাশ করিলেন যে লাইণড় (lipoid) নামক
একপ্রকার তৈলক্ষাতীর পদার্থের সহিত একটা অজ্ঞাত পদার্থ বর্তমান
যাহা জীবন ধারণের পক্ষে প্রয়োজনীয়। তৎপরে হপকিন্দের গবেষণা
উল্লেখবোগা। তিনি বাচচা ইত্র লইরা পরীক্ষার রত ছিলেন। তিনি
প্রথমত: দেখিলেন যে যদি বাচচা ইত্র কলিকে ছানা, শর্করা, তৈল এবং
অক্রৈর রাসায়নিক কুত্রিম পদার্থ অশোধিত অবস্থার থাইতে দেওয়া হয়
তবে উহারা ক্রমশ: বৃদ্ধি প্রাপ্ত হয়। কিন্তু যদি এই সব পদার্থগুলি শোধিত
করিরা উহাদের পাওয়ান হয় তবে উহারা ক্রবশ: ক্ষরপ্রাপ্ত হইয়া মৃত্যমূথে
পতিত হয়। দ্বিতীরতঃ, দেখিলেন যে এই সব শোধিত পদার্থগুলির
গারে সামান্ত পরিমাণে তৃক্ষ মিপ্রিত করিয়া দিলে স্বাভাবিক বৃদ্ধি
বন্ধার ধাকে।

এই সৰ পরীক্ষার ফলে তিনি এই সিদ্ধান্তে উপনীত হইলেন যে—

- (क) কৃত্রিম থাজে যে পদার্থের অভাব এবং দুগ্ধ দারা যাহা পূর্ব হয় তাহা কৈব জাতীয়।
 - (খ) এই জৈব পদার্থ পুব সামাস্ত পরিমাণেও কাব করে।
- (গ) ইহার কার্য্য সাহায্যকারী বা উত্তেজক (Catalytic or Stimulating ()

ইংার পর কেদিমির ফাজের নাম (Casimir Funk) উল্লেখযোগ্য। তিনিই প্রথম খাদ্যপ্রাণের (Vitamine) নামকরণ করেন। এই 'Vitamine' শক্টীই 'e' অক্ষর পুপ্ত হইরা আজকালের 'Vitamin'এ দীড়াইরাছে। ১৯১২ খু: অক্ষের জুন মাদে তিনি খাদ্যপ্রাণ অভাবজনিত রোগাদির কারণ স্বজে একটা প্রবন্ধ লিখেন। উক্ত প্রবন্ধে তিনি বেরীবেরী, স্থার্ভি এবং পেলেগ্রা (Pellagra) সম্বজ্জ আলোচনা করিরাছিলেন। একণে ফাজের 'Vitamine' শক্টী সম্বজে কিছু বলা

দরকার ; 'Vita' অর্থাৎ জীবন ধারণের পক্ষে আবশ্রক কোন পদার্থ ; 'Amine!' অর্থাৎ একোনিয়া (Ammonia) সম্বন্ধীয় পদার্থ । অন্দ্রসন্ধানের কলে কাকের ধারণা হইয়াছিল যে থাব্যপ্রাণ একটা এমোনিয়া জাত পদার্থ । কিন্তু একণে আমরা জানিতে পারিয়াছি যে অন্তর্ভাগকে ছুইটি খাব্যপ্রাণে নাইটোজেনের (Nitrogen) নামণক্ষ পর্যন্ত নাই । এই অন্থবিধা দ্রীকরণার্থে জে, সি, ডুমগু (J. c. Drummond) 'Vitamine' শন্টীর 'e' অক্ষরটা বাব দিয়া 'Vitamin' রাখিলেন । দিন্তীর নামেই একণে উচা সর্প্রতিত ।

১৯১৫ খু: অন্ধে ম্যাক কলোম ও ডেভিল্ (Mc Collum and Davis) থাজ্ঞপাণ 'ক' ও থাজ্ঞপাণ 'ধ'এর (Fat soluble Vitamin 'A' and Water soluble Vitamin 'B') নামকরণ করেন। ১৯১৫ খু: ফল হইতে করেক বৎনর পর্যান্ত থাজ্ঞপাণ ক' 'থ' ও 'গ' এই তিনটাই সাধারণের কাছে পরিচিত ছিল। ১৯১৮ খু: আন্দে মেলানবীর. (Mellanby) অনুসন্ধানের ফলে থাজ্ঞপাণ 'ক' তুই জাগে বিভক্ত হয়; যথা থাজ্ঞপাণ 'ক' ও থাজ্ঞপাণ 'থ' (Vitamin D')। গবেবণার ফলে থাজ্ঞপাণ 'ভ' (Vitamin E') ও জাবিছত ইইরাছে। ইহাও প্রমাণিত ইইরাছে যে থাজ্ঞপাণ 'থ'তে আন্তেও: পক্তে টী থাজ্ঞপাণ বর্জমান। অন্ধ দিন ইইল Dr. B. C. Guha D. Sc মহোদর থাজ্ঞপাণ খ, (Vitamin B,)এর রানায়নিক প্রকৃতি নির্দ্ধান্ত পরিষ্কাতের গৌরব বর্জন করিয়াছেন। তিনি একণে বেকল কেমিকেল এও গার্মানিউটিকেল্ ওরারকদে থাজ্ঞপাণ সম্বন্ধে ব্যাপক গবেবণার রত আছেন। এ পর্যান্ত যে সমস্ত খাজ্ঞপাণ আবিকৃত ইইরাছে তাহা নিমে প্রদন্ত ইইলাভে

- ১। পাছপ্ৰাণ 'ক' (Fat Soluble Vitamin 'A')
- ২। মিশ্র থাক্তপ্রাণ 'ঝ' (Vitamin 'B' Complex)

যথা--খাভপ্ৰাণ 'থ,' (Vitamin 'B,')

থাক্তপ্রাণ 'ধু' (Vitamin 'B'2)

পাৰ্থবাণ 'প₃' (Vitamin B₃')

খাল্কপ্রাণ 'প্র' (Vitamin 'B,')

খাদ্যপ্রাণ 'খa' (Vitamin 'Ba')

ওরাই ('Y'—factor)

- ৩। খাদাপ্রাণ 'গ' (Water Soluble Vitamin 'C')
- ৪। থাদ্যপ্রাণ 'হ' (Fat Soluble Vitamin 'D')
- e। थामुजान '&' (Fat Soluble Vitamin 'E')



শেষ পথ

ডাক্তার জ্রীনরেশচন্দ্র দেনগুপ্ত এম-এ, ডি-এল,

(<>)

গোপালের অবস্থা যত গুরুতর বলিয়া গ্রামে প্রচার
হরাছিল, তাহা তত গুরুতর মোটেই হয় নাই। তার
মাথা ও পিঠটা ফুলিয়া গিয়াছিল এবং পৃষ্ঠের এক
জায়গায় একটা বা হইয়াছিল। ইহাতে সে শ্যাগত
হইয়া পড়িয়াছিল সত্য, কিছ জীবনের আশিয়া কোনও
দিনই হয় নাই।

কিছ অনেকদিন পর্যান্ত কেহ গোপালের সলে দেখা করিতে পার নাই, তার বাড়ী গেলে সকলেই শুনিরাছে তার অবস্থা সন্ধীন, মহকুমা হইতে ডাক্তারও আসিরাছে। গোপালের অবস্থার সন্ধরে গ্রামের লোকে যত যাহা শুনিয়াছে গোপাল ইচ্ছা করিয়াই তাহা রটনা করিয়াছিল। তাহার গভীর অভিসন্ধি ছিল।

তৃতীয় দিন সন্ধাকালে ভয়ানক ধবর শুনিয়া যথন শারদা সসকোচে গোপালের আজিনায় পা' দিল তথন ভার বুক ভয়ে কাঁপিতেছে।

অতি সন্তর্পণে গোপালের ঘরের কাছে অগ্রসর হইরা সে অনেকক্ষণ দীড়াইরা রহিল। তার পর গোপালের শ্রী কাছে আদিতে সে ভরে ভরে জিজ্ঞাদা করিল, "বোঠাইকান—কেমুন আছে উ!"

গোপালের স্থী মুধ ভার করিয়া বলিল, "বড়

শারদার বুকের রক্ত শুকাইয়া গেল। সে কি করিবে ভাবিয়া পাইল না। তার প্রাণ ছট্ফট্ করিতে লাগিল।

হঠাৎ বরের ভিতর হইতে গোপাল ডাকিল, "শারণী নাকি ?"

শারদা ব্যস্তভাবে বলিল, "হ গোপাল।" গোপাল শারদাকে ঘরে উঠিয়া আদিতে বলিল। তড়বড় করিয়া শারদা ঘরে গিয়া একেবারে গোপালের গায়ের উপর পড়িয়া কাঁদিতে কাঁদিতে বলিল, "আমারে

মাইরা ফালাও গোপাল, আমি তোমারে খুন ক'রছি!"

গোপাল তার হাত ধরিয়া বলিল, "চুপ, ও কথাও কইও না। তাইলে বিপদে পইড্বা।"

গোপাল তথন মৃত্ত্বরে অত্যন্ত উদারভাবে বলিল দোষ শারদার নয়, দোষ গোপালের অদৃষ্টের। গোপাল শারদার স্থামীর ঘর খাইল, শারদা গোপালের মাথা ফাটাইল। এ বিধাতার কারদান্দী। ইহার প্রতিকার নাই।

এই সব কথা বলিয়া গোপাল বলিল, সে ভো যাহা হউক হইয়া গিয়াছে, কিন্তু এখন উপস্থিত বিপদের কি উপায়?

नात्रमा विनन, "कि विशम ?"

গোপাল বলিল, দারোগাবাবু কি জানি কেমন করিয়া থবর পাইয়াছেন। আজ গোপালের কাছে সংবাদ আসিয়াছে যে আজ সন্ধ্যাবেলায় তিনি অহুসন্ধান করিতে আসিবেন। দারোগা যদি সত্য কথা জানিতে পারেন তবে তো শারদার সমূহ বিপদ!

শারদা ভয়ে বেতদপত্ত্রের মত কাঁপিতে লাগিল।

সেকালে এই সব স্থানুর পাড়াগাঁরে পুলিসের গতিবিধি প্রায় ছিলই না। দণ্ডমুণ্ডের কর্তা ছিলেন জ্বমীদার। দারোগা ও পুলিস ছিল ছেলেদের জুজুর মত ভরাবহ এবং প্রায় তাদেরই মত অদৃশু। কাজেই দারোগা গ্রামে আসিলে সকলের প্রাণেই একটা আতক্ষের সঞ্চার হইত। কাজেই শারদা ভরে একেবারে গলিয়া গেল।

সে গোপালের পা জড়াইয়া ধরিয়া বলিল, "তুই আমারে রক্ষা কর গোপাল—তুই আমারে দারোগার কাছে ধরাইয়া দিস না।"

গোপাল চিন্তিভভাবে বলিল, সে শারদার কোনও শনিষ্ট করিবে না, সেজভ চিন্তা নাই। কিন্তু গ্রামের লোক ভয়ানক কাণাঘুধা করিভেছে, ভাহারা যদি দারোগাকে বলিয়া দেয় ভবেই ভো মুন্ধিল। আকুল হইয়া কাঁদিতে কাঁদিতে শারদা বলিল, "আমারে বাচা তুই গোপাল। আমি জন্ম জন্ম তর দানী হইলা থাকুম।"

গোপাল তথন বলিল, একমাত্র উপায় পলায়ন।
শারদা যদি ইচ্ছা করে তবে আজ রাত্রেই গোপাল তাকে
নিরাপদে বহুদ্রে পাঠাইয়া দিতে পারে। আপাততঃ
শারদা কলিকাতা গিয়া থাকিতে পারে—তার পর
গোলমাল মিটিলে গোপাল যা হয় ব্যবস্থা করিবে।
শারদা অনায়াদে দম্মত ইইল।

কিছুক্ষণ পর দারোগা আদিয়া উপস্থিত হইলেন। তাঁর সলে আদিলোন নয়-আনির জ্মীদারের সদর নায়েব। সদর নায়েব যে পাজীতে আদিয়াছিলেন সেই পাজীতে করিয়া গভীর রাত্তে শারদাকে গোপাল পাঠাইগা দিল। পরের দিল প্রত্যুয়ে স্থীমারে উঠিগা শারদা নয়-আনির জ্মীদারের এক কর্ম্মচারীর সকে কলিকাতা যাত্রা করিল।

শারদাকে গ্রাম হইতে সরাইয়া দিবার বিশেষ প্রয়োজন ছিল গোপালের।

শারদার ঘরে গিয়া বিষম প্রহার থাইয়া যথন গোপাল বাড়ী আসিয়াছিল, তথন সে সারারাত্রি যয়ণায় ছট্-ফট্ করিয়াছিল। পরের দিন সকালে তার ছই বৃদ্ধি খুলিয়া গেল এবং সে কল্পনা করিতে লাগিল যে তার এই বিপত্তিকে একটা লাভের উপায় কিরপে করা যায়।

পরের দিন প্রত্যুবে নয়-আনির প্রকা ছ্মির্দি আদিয়া ভাছার কাছে নালিস করিল যে তাহার কলাইক্ষেত কাল রাত্রে কে যেন ভালিয়া দিয়া গিরাছে।

গোপাল হাতে খৰ্ম পাইল। সে দেই প্ৰজাকে বলিল বে আৰু রাত্তে সে যেন ভার ক্ষেত্রে পাশের আইল লাক্স চষিয়া ভাক্সিয়া ফেলে এবং করেকজন লোকের গান্ত জ্বথের দাগ করিয়া রাখে।

ইহার পর সে থানার লতিফ সরকারকে দিয়া এতেলা
দিল বে, পূর্কদিন সন্ধ্যাকালে পার্যবর্তী জমীদারের বহু
লাঠিরাল জমারেৎ হইয়া ছমিরদির কলাইক্ষেত বেদথল
ক্রিতে আনে এবং ক্ষেত্রের আইল ভালিয়া দেয়।
ছমিরদী ও তাহার পক্ষের লোক মোলাহেম হইলে
ভাহাদিগকে মারিয়া ভাড়াইয়া দেয়। সংবাদ পাইয়া
সোপাল সেথানে গিয়া বাধা দিতে চেটা ক্রার ভাহাকে

গুরুতর জ্বাম করিয়াছে। অপর পক্ষের কতকগুলি ফুর্দান্ত লাঠিয়ালকে আসামী করিয়া থানায় এই এজাহার দেওয়া হইল এবং নয়-আনির সরকারেও এই মধ্যে এতেলা পাঠান হইল।

দারোগাবাবু দেদিন চর্ব্যচ্ছা-লেহ্পেয় দিয়া পরিভোগ পূর্বক ভোজন করিলেন। পরের দিন সকালে তদহ আরম্ভ করিলেন।

গ্রামের লোক স্বাই গোপালের আসন্ধ মৃত্যুর রমণীয় কল্পনার আনন্দ উপভোগ করিতেছিল। স্কালে উঠিয়া একে একে অনেকেই গোপালের বাড়ী দেদিনকার অবস্থা জানিতে গেল। সেধানে গিন্না দারোগা বাবু ও লাল পাগড়ী দেধিয়া তাদের চক্ কপালে উঠিয়া গেল। এই অনাশ্বিত আবিভাব তাদের পরিতৃপ্তির রস ভ্রুপ করিয়া দিল। সকলেই ভয়ে ভন্নে যে যার ঘরে গেল এবং প্রতিজ্ঞা করিল যে জিজ্ঞাস। করিলে স্বাই বলিবে যে এ বিষয়ে বিলুবিস্গ্র ভারা জ্ঞানে না।

সকলে স্থির করিল শারদার জ্ঞার উপায় নাই। কি % দারোগা বাবু প্রানের উপর বিসিয়া আছেন এ জবস্থার ধবর করিতে যাওয়া বা ভার পক্ষে তৃটো কথা বদার সাহস কারও হইল না।

নম-আনির সদর নারেবের তদ্বির দারোগা বাবুর অন্ধ্যকান বেশ স্থচাক্তরণে সম্পন্ন হইল। বহু সাক্ষ্য দিয়া প্রথম এতেলার সমস্ত বিবরণ স্থান্তর্করণে প্রমাণ করা হইল। সন্ধ্যাবেলাগ আহারাত্তে দারোগাবার ও নামেব আসামীদিগকে গ্রেপ্তার করিয়া লইগা চলিগ্র গেলেন।

পরের দিন যথন শারদাকে পাওয়া গেলনা, তথন সকলে মনে করিল যে পুলিদ ভাহাকেও গ্রেপ্তার করিল লইয়া গিয়াছে।

কিন্তু পরে যথন প্রকৃত অবস্থা প্রকাশ হইল এবং
গোপালের তুর্গতি হইতে যে মোকদমা দাঁড় করান
হইদাছে তাহা জানা গেল, তখন এ তুপুরে ডাকাতি
দেখিয়া সকলে ভণ্ডিত হইরা গেল। ইহার পর তুই পকে
মোকদমার জোর তবির হইতে লাগিল। তুই পক্ষই
প্রবল জমীদার, কাজেই অজ্জ অর্থবার হইতে লাগিল।
গোপাল যাহা চাহিয়াছিল তাই হইল। যে সহস্র সংস্র

মুদ্রা নর-আনির পক্ষে ধরচ হউল, তার মধ্যে দাঁত বুদাইবার অঞ্জন নুযোগ গোপালের ঘটিয়া গেল।

গোপালের আঘাতের প্রকৃত বিবরণ জানিয়া অপর পক্ষ শারদার জন্ম জোর অফুসন্ধান আরম্ভ করিলেন, কিন্তু তাহার সন্ধান পাওয়া গেল না ৷

পাছে সভা কথাটা কোনও মতে আদালতে বা পুলিসের কাছে প্রকাশ হটয়া যায় সেই ভয়েই গোপাল ভাডাভাডি শারণাকে সরাইয়া ফেলিয়াছিল।

শারদা আপনি আসিয়া তার হাতে ধরা দিয়াছিল, তাহাতে গোপাল থুমী হইয়াছিল। কিন্ধু সে আপনি না আদিলে সেই রাত্তে ভাহাকে গোপনে বল পূর্বক অপক্ত কবিবার বন্ধাবন্ত সে কবিয়াছিল।

যথাকালে গোপালের পক্ষের মিথাা সাক্ষ্যের জোরে আসামীদের প্রভাকের এক বংসর করিয়া কারাবাদের আদেশ হইয়া গেল। হাইকোট পর্যায় লড়িয়া কোনও ফল হইল না।

গোপালের ধন-সম্পদ দেখিতে দেখিতে দ্বিওণ হইয়া গেল।

(२२)

কলিকাভার নয়-আনির জ্মীলারের একটা বাদাবাড়ী ছিল। সেথানে জাঁদের হাইকোর্টের মোক্তারবাব সপরিবারে বাস করিতেন এবং অন্তান্ত কর্মচারী ছুই একজন ছিল। শারদা আসিয়া এই বাড়ীতে উঠিল। এখানে সে মোক্তারবাব্র কান্তক্ম করে, থায়-দায় পাকে। আসিবার সময় গোপাল ভাকে বেশ মোটাটাকা দিয়া দিয়াছিল, ভাহা সে গোপনে রাথিয়াছিল। কোনও অভাব কই ভার ছিল না।

এক বৎসর তার এমনি কাটিয়া গেল।

ইতিমধ্যে হাইকোটে মোকদমা থাকা কালে গোপাল একবার কলিকাতার আসিয়াছিল। সেই সমন্ত গোপাল তাকে লইমা কালীবাট, আলীপুরের চিডিযাথানা, নিউজিয়াম, মছুমেণ্ট প্রভৃতি কলিকাতার দৃষ্ঠ সব দেখাইয়া আনিল। এই করেকদিন শারদার বড় আনলে কাটিল।

গোপালের সলে তার যে ব্যবধান গড়িয়া উঠিয়াছিল

ভাহা এই কয়দিনে ভাঙ্গিয়া গিয়াছিল। বিদেশে কলিকাতায় বদিয়া শারদার সঙ্গে আগ্রীয়তা করার গোণালের কোনও মর্য্যাদাহানির সস্তাবনা ছিল না। ভাই নবজাত ভদ্রম্ব রক্ষার জন্তু সে আপনার চারিদিকে যে হলভ্রম প্রাচীর ম্বচনা করিয়াছিল, এখানে ভাহা রক্ষা করিবার কোনও প্রয়োজন বোধ করিল না।

শারদা ইংগতে অপুর্ক তৃথি ও আননদ লাভ করিল।
একদিন গোপাল যথন তাহার পদপ্রাস্তে পড়িয়া প্রেমভিক্না করিয়াছিল তখন দে তীব্রভাবে তাকে প্রভ্যাখান
করিয়াছিল। কিন্তু যখন গোপাল হঠাৎ বিবাহ করিয়া
ভদ্রনাক হইয়া তাহার হাতের বাহিরে চলিয়া গেল,
তখন এই ব্যবধান তার অন্তরে যে তৃঃসহ ব্যথার ফ্টি
করিয়াছিল তার পর গোপালের এ অপ্রত্যাশিত সমাদর
ভার কাছে অম্ল্য সম্পদের মত মনে হইল।

তবু আবার শারদার কাছে তার পাপ প্রস্তাব উপস্থিত করিতে গোপাল সংসা সাহস করিল না। শারদা যে ভয়ানক মেয়ে—কি জানি সে টেচামেটী করিয়া কি একটা কাণ্ডকারখানা করিয়া বসিবে। মোক্তার মহাশরের কাছে হয় তো একটা কেলেয়ারী করিয়া ফেলিবে।

শেষে একদিন শারদাকে নিভৃতে পাইয়া সে মনের কথাটা বলিয়া ফেলিল।

"ধেৎ" বলিয়া শারদা হাসিয়া চলিয়া গেল।

ভার হাসিতে সাহস পাইয়া পরের দিন গোপাল আবার কথাটা পাড়িল। এবার সাহস করিয়া সে শারদার হাত চাপিয়া ধরিল।

গোপাল পীড়াপীড়ি করিয়া তার কাছে প্রতিশ্রুতি আদায় করিল গভীর রাত্তে সে আসিবে।

ভরে, আবেগে, কাঁপিতে কাঁপিতে শারদা অন্ত:পুরে চলিয়া গেল।

সেই দিন সন্ধার সময় হঠাৎ সি^{*}ড়ি দিয়া গড়াইয়া পড়িয়া শারদার শি**ভপুত্র গুকতর আঘাত পা**ইয়া **অজ্ঞান** হইয়া পড়িল।

অজ্ঞান শিশুকে কোলে করিয়া শারদা হাঁউ মাউ করিয়া কাঁদিয়া উঠিল; সকল দেবতাকে ডা**কিয়া বলিল,** ঠাকুর, আমার পাণের শান্তি আমাকেই দেও, নিরপরাধ শিশুকে বহুল কর। তার মনে এক বিন্দু সংশয় রহিল না যে গোপালের পাপ প্রস্তাবে সম্মতি দিয়া সে যে মহাপাপ করিয়াছে, শিশুর এ আঘাত তাহারই ফল। তাই কায়মনেবাক্যে সকল দেবতাকে ডাকিয়া মাথা খুঁড়িয়া সে বলিল, তার যথেষ্ট শান্তি হইয়াছে, আর সে পাপের পথে যাইবে না।

মাথার জল ঢালিতে ঢালিতে শিশু দামলাইল, তার নাক-মৃথ দিয়া রক্তপ্রাবও বন্ধ হইল—তার পর তার হইল জর।

সারারাত্তি শিশুকে বুকে চাপিয়া ধরিয়া সে সকল দেবতার কাছে মানত করিতে লাগিল এবং তার মানসিক পাপের প্রায়শ্চিত্তের প্রতিজ্ঞা করিল।

ছুই দিন পর শিশু সম্পূর্ণ আনরোগ্য হইল। গোপালও সেই দিন চলিয়া গেল।

শারদা আমার গোপালের সমুধে যাইতে সাহস করিলানা।

শিশু রোগ-মুক্ত হইলে শারদা কালীঘাটের কালী প্রভৃতি যে যে দেবতার কাছে মানত করিয়াছিল দকলকে পূজা দিয়া, পরিশেষে তার পূঁজি হইতে কুড়ি টাকা লইরা মাধবের নামে মণিঅর্ডার করিল, এবং একথানা পত্র লিখাইয়া তাকে জানাইল যে দে অপরাধিনী নয়, মাধব যাহা ভাবিয়াছে তাহা সম্পূর্ণ ভূল;—দে যে কি কারণে মাধবকে না বলিয়া গৃহত্যাগ করিয়া আসিয়াছিল, তাহা বুঝাইয়া বলিয়া তাহার চরণে শতকোটি প্রণাম জানাইয়া ক্ষমা ভিক্তা করিল।

এত করিয়া তবে তার মন স্কুত্ত ইল—নে স্থির করিল যে তার পাপের প্রায়শ্চিত হইরাছে।

মোক্তার বাব ছিলেন পরম বৈষ্ণব।

যে কর্ম ভিনি করিতেন ভাহার ভিতর সাধৃতার সহিত কার্য্য করিবার কোনও প্রয়োজন তিনি অন্তভব করিতেন না। নানা রক্ম ফিকির-ফলী করিয়া তাঁর মক্লেলের বেশী টাকা থরচ দেখাইয়া নানা বাবদে চুরী করা ছিল তাঁর মোজার-ধর্ম। তার সঙ্গে ভাগবত-ধর্মের কোনগুলানে কোনও বিরোধ আছে কি না, ভাহা ভিনি কথনও তলাইয়া দেখেন নাই। তিনি সম্পূর্ণ অন্তল্পচিত্তে ভার মোজার-ধর্মের সঙ্গে সঙ্গে ভাগবত-ধর্মের আর্ট্রন করিতেন। গলায় কণ্ঠী এবং কপালে তাঁর ভিলক সর্বাদা থাকিত; সকাল সন্ধ্যায় অনেকটা সময় মালা জপ এবং নিয়মিত গলালান ও শিবপুজা করিতেন। সহীর্ত্তন ও কথকতা তাঁর বাডীতে প্রায় হইত।

জীবনের এই প্রথম পদখালনের আশক্ষা হইতে দৈবক্রমে মৃজিলাভ করিয়া শারদা পরম উৎসাহ ও একাগ্রভার
সহিত এই সব ধর্মার্ম্ভানে যোগ দিত। সে নিজে
কোনওরপ মন্ত্র-দীক্ষা লয় নাই, কিন্তু সন্ধীর্ত্তনের সময়,
কথকতার সময় সে সমন্ত প্রাণমন দিয়া ভক্তি-গদগদ-চিত্তে
সব শুনিত—সকলে উঠিয়া গেলে আসরে পড়িয়া গড়াগড়ি
থাইত; এবং সেই আসরের ধুলি কুড়াইয়া সে তার পুলের
স্ক্রাকে নাথাইত।

এমনি করিয়া ক্রমে তার চিত্তে প্রচণ্ড একটা ধর্মোনা। আসিয়া গেল।

একবার নবদীপ হইতে এক অধিকারী কীর্ত্তন করিতে আসিয়াছিল। শারদা তার পার গড়াগড়ি ধাইয়া বলিল, "ঠাকুর, আমারে নবদীপ লইয়া চলেন।"

অধিকারী ঠাকুর তিন দিন সে বাড়ীতে ছিলেন।
তিন দিন ধরিয়া শারদা তাঁর অক্লান্ত সেবা করিয়াছিল।
সেবার পরিতৃপ্ত অধিকারী ঠাকুর বলিলেন মোক্তার বাবুর
অত্যমতি হইলে তিনি লইয়া যাইতে পারেন।

শারদা জিজ্ঞাসা করিল, সেখানে তার জীবনোপায়ের কোনও ব্যবস্থা হইতে পারে কি না ? অধিকারী ঠাকুর বলিলেন, শ্রীনবদ্বাপ ধামে সে বিষয়ে কোনও চিন্থার কারণ নাই।

শারদা অধিকারী ঠাকুরের সঙ্গে নবধীপ গেল।

সে আথড়ার থাকে, মন্দিরের কাজ করে, অধিকারী ঠাকুরের সেবা করে এবং তাঁর কাছে ধর্মোপদেশ পার, হরিনাম শোনে, আর আথডার প্রসাদ পার।

কিছুদিন এমনি চলিল।

অধিকারী ঠাকুরের যিনি বৈষ্ণবী তিনি গোড়া হইতেই শারদাকে একটু বক্রদৃষ্টিতে দেখিতেন। ক্রমে তাঁর আক্রোশ বাড়িয়া চলিল। শারদাকে তিনি প্রাণপণ করিয়া খাটান। শারদা তিলমাক্র শরীরকে বিশ্রাম দেয় না, তবু তাঁর তিরস্কারের বিরাম নাই। শারদা এসব গায় মাথে না, কারণ অধিকারী ঠাকুর তাকে বড় স্লেই করেন। এই স্নেহের মাত্রাধিকাই যে বৈশ্ববীর আক্রোশের কারণ, এ-কথা শারদা ক্রমে অফ্ডব করিল। কথাটা যথন সে ভাল করিয়া বৃঝিল, তথন সে মন্দিরে ঠাকুরের কাছে মাথা নোয়াইয়া ধ্ব থানিকটা কাঁদিল। ত্থী সে, জীবনে অনেক ত্থ পাইয়াছে, তব্ কোনও দিন ধর্ম থোয়ায় নাই। অথচ তাহার এ কি লাঞ্চনা যে—সতী সে, তার নামে লোকে চিরদিনই এই অলায় মানি দিয়া আসিতেছে। জীবনে অনেক ত্থে পাইয়া সে মহাপ্রভুর চরণ আপ্রম করিতে আসিয়াছে—তব্ ভার মৃত্তিন নাই! এ কি বিভূষনা!

রাধ'-গোবিন্দক্ষিউর বিগ্রহের পদপ্রাস্থে লুটাইয়া শারদা আকল হইয়া কাঁদিতে লাগিল।

তাহার পশ্চাতে আদিয়া দাঁড়াইল ঠাকুরের প্রারী

---মধুফুদন ঠাকুর।

মধুস্দন আহ্না। নিবাস ভার প্রীহট জেলায়, কিছ আড়াই পুক্ষ ভাহারা নবদীপের বাসিন্দা। সে অনেক বাড়ীতে পূজা করে, এখানেও করে। মধুস্দন যুবক, গৌরকাস্থি, সুদর্শন।

শারদা যথন ঠাকুর-ঘরে লুটাপুটি থাইরা কাঁদিতেছে, তথন মধুসদন দারের কাছে আসিয়া স্তন্ধ হইয়া কিছুক্ষণ দাঁড়াইরা রহিল। শারদা তার আগমন লক্ষ্য করিল না। সে আকুলকটে ঠাকুরের কাছে তার অভিযোগ করিয়া গেল। সতীর মান যে ঠাকুর রাখিলেন না ইহাই হইল তার প্রধান অভিযোগ।

পৃজারী অনেকক্ষণ হিরভাবে দাঁড়াইয়া থাকিয়া গদগদকঠে বলিল, "আহা হা, দর্শহারী ঠাকুর, এ কি লীলা তোমার !"

চমকাইয়া উঠিয়া শারদা বদন দংবৃত করিয়া উঠিয়া বদিল। পুজারীকে গলবস্ত্র ইইয়া প্রণাম করিয়া দে সরিয়া বদিল। তার তঞ্জর প্রবাহ রুদ্ধ ইইল না, দে নীরবে বদিয়া অঞ্চমোচন করিতে লাগিল।

আসন গ্রহণ করিরা প্রারী শারদাকে জিজ্ঞাসা করিলেন, "কি হ'রেছে গো, ভোমার ত্রংথ কিসের ?"

কি বলিবে শারদা? কিছুই সে বলিতে পারিল না, কেবল অবিশ্রাম অশ্র-বিসর্জন করিতে লাগিল।

প্ৰারী সংখহে তার গায় হাত দিয়া জিজাসা

করিলেন, "এখানে ভোমার থাকতে কট্ট হয় ? কেউ কট্ট দেয় তোমাকে ?"

শারদা তবু কথা কহিল না।

পূজারী জিজ্ঞাদা করিলেন, "আর কোথাও যেতে চাও? চাও তো বল, আমি তোমার থাকবার স্বাবস্থা ক'রে দিতে পারি।"

এইবার শারদা কথা বলিল। সে পুজারীর পা ধরিয়া বলিল, "যদি তা করেন ঠাকুর, তবে আমি আপনার দাসী ইইয়া থাকুম।"

পুজারী একটু ভাবিয়া বলিলেন, "আচছা বেশ। ভবে আজ সন্ধেবেলায় এসে ভোমাকে নিয়ে যাব। শ্রীগোবিদা! যাও এখন পুজার জোগাড় নিয়ে এসো।"

শারদা উঠিয়া গেল।

পৃক্ষার পর মধুফদন আবার শারদাকে বলিলেন, "আমি ঘর-টর ঠিক ক'রে সন্ধার সময় আসেবো, বৃফলে ?"

শারদা হাড নাডিয়া সম্মতি দিল।

সন্ধ্যার অন্ধকারে আসিয়া পূজারী ঠাকুর শারদাকে লইয়া বহুদ্বে একটা বাড়ীতে গেলেন। বাড়ীটি পূর্ব্ববঙ্গের কোনও জ্বমীদারের। কিন্তু বাড়ীর ভার আছে এক বৈরাগীর হাতে, তিনি সবৈক্ষবী এখানে বাস করিয়া মালিকের প্রতিষ্ঠিত বিগ্রহের সেবা-পূজাদি করেন। বাড়ীর কয়েকটি ঘর ভাড়া করিয়া কয়েক ঘর বৈহুবেও বৈহুবী বাস করে।

ইহারই একটি ঘরে প্রারী আদিয়া শারদাকে অধিষ্ঠিত করিলেন।

পৃষ্ণারী বলিলেন, "এখানে কেউ তোমাকে কিছু ব'লতে পারবে না। তোমার ঘর, এখানে তুমি যেমন খুদী থাকবে। আথড়ার গিয়ে প্রসাদ পাবে আর ঘরে ব'দে মনের আনন্দে হরিনাম ক'রবে। কেমন ফু"

শারদা থ্ব খ্নী হইল এবং কৃতজ্ঞচিতে মধুস্দনকে বার বার প্রণাম করিয়া দে কর্যোড়ে নিবেদন করিল, পূজারী ঠাকুর যেন অবসর মত আদিয়া তাকে হরিনাম শুলাইয়া যান ও ধর্ম-উপদেশ দেন।

পূজারী আনন্দের সহিত সম্মত হইলেন। তার পর শারদা তার সংক্ষিপ্ত সংসার গুছাইয়া ঘর ঝাঁট দিয়া হাত পাধুইয়া আসিল। পুজারী মালাহাতে করিয়া থসিয়ারহিলেন।

শারদা ফিরিয়া আদিলে মধ্তদন বলিল, "তোমার সব কথা এখন আমাকে খুলে বল— কি ভোমার হৃ:খ ? কিসের জন্স অমন করে ঠাকুরের কাছে ঐ কারাটা কাঁদছিলে ?"

শারদা ভথন তার জীবনের কাহিনী বলিতে আরম্ভ করিল। সে মুথ খুলিতেই ঘরের ছারদেশে মোহাস্ত আদিয়া উপস্থিত হইল। যে বৈরাগীর জিমার এ বাড়ীথানা, সকলে গাঁকে বলে মোহাস্ত। মোহাস্ত কালো, মোটা-সোটা কুন্সী অর্দ্ধরয়নী একটি লোক। তার গলার মোটা কাঠের মালা, তার সকে ঝুলিতেছে মালার থলে'। মুথে ও সর্কাকে কোঁটা তিলকের মহা আড়স্বর, পরিধানে গৈরিক একথানি কাছাথোলা হুম্ব কটিবাস।

শারদার দিকে চাহিয়া তার বৃহৎ দক্ষণাটি বিকশিত করিয়া মোহান্ত বলিল, "তা বেশ ঠাকুর—তোমার কপাল ভাল!"

মোহাক্তকে দেখিয়াই পূজারী ক্রতপদে উঠিয়া তার কাছে গিয়া দাডাইল, এবং মুচস্বরে কি যেন বলিল।

মোহাস্ত উচ্চকণ্ঠেই বলিল, "ভাড়ার টাকাটা তুমিই দেবে ভো ?"

পৃঞ্জারী ভাডাতাড়ি তার টেঁক হইতে চুইটা টাকা বাহির করিয়া মোহাস্তের হাতে দিয়া তাকে একরকম ঠেলিয়া বিদার করিল।

দেখিয়া শারদা জকুঞ্চিত করিল।

পৃষ্ণারী তথন পুনরায় প্রশাক্ষভাবে আসন গ্রহণ করিয়া শারদাকে বলিলেন, "ই', ভার পর ?"

তথন শারদা হঠাৎ থমকিয়া গেল। সে জিজ্ঞাসা করিল, "এ ঘরের কি ভাডা দিতে হবে ?"

পুজারী আমতা আমতা করিয়া বলিল, "হাঁ, তা সে কিছু নয়—ভূমি বল ভূনি।"

শারদা বলিল, "কত ভাড়া ?"

পুজারী অপ্রস্তুতভাবে বলিল, "হু' টাকা—ভা সে জন্ম তৃমি ভেবো না, আমি তার একটা ব্যবস্থা ক'রবো'খন। একটা উপায় হবেই।" শারদা বলিল, এভার বহিবার তার শক্তি আছে, এজসু নে ঠাকুরকে অবথা ক্তিগ্রন্ত করিবে না। বলিরা সে তার আঁচল হইতে ঘুইটি টাকা খুলিয়া ঠাকুরের পায়ের কাছে রাখিল।

ঠাকুর একটু বিব্রহভাবে বলিল, "এখন টাকা দেবার দরকার কি ? রাথই না। আমি একটা ব্যবস্থা ক'রে ভোমার এ টাকা পাবার কোগাড় ক'রবো'খন—ভার পর দিও না ছাই!"

জ্ঞিভ কাটিয়া শারদা বলিল, সর্কনাশ! আহ্মণের টাকা লইয়া সে পাত্কী হইবে না।

অগত্যা পূজারী টাকা তুইটা তুলিয়া লইল। তার পর পূজারী আবার প্রশ্ন করিতে সে তার জীবনের ইতিহাস বলিয়া গেল। সমন্ত কাহিনী শেষ করিয়া সে বলিল, জীবনে একটি দিনের জক্ত সে তার সভীধর্ম হইতে ত্রই হয় নাই, খামীর প্রতি অবিখাসিনী হয় নাই। তব্ ভগবান তাকে এমন করিয়া পদে পদে লাজনা করিভেছেন কেন ?

পুজারী ঠাকুর চক্ অর্দ্যনিমিলিত করিয়া বলিলেন, "আহা ! গোবিন্দের অপার লীলা, এর মর্ম্ম কে ব্যবে ? উার বড় দরা শারদা, ভোমার উপর, তাই তিনি তোমাকে এমনি ক'রে ঘা' দিছেন। জান তো আমাদের এ ছটু, ঠাকু বটির এমনি অভাব, যাকে তিনি প্রাণ ভ'রে ভালবাসেন তাকেই তিনি এমনি ক'রে ছঃথ দেন। ভাই শ্রীমতী—আহা, কেঁদে কেঁদেই তাঁর জীবন কেটে গেল। আহা!"

পুজারীর তুই চক্ষ্ দিয়া জল গড়াইয়া পড়িল। শারদা মৃগ্ধ ও চমকিত হইয়া গেল। মনে হইল কথাটা তো ঠিক, শ্রীকৃষ্ণ যাকে ভালবাসিয়াছেন তাকে অনেক তু:থ দিয়াছেন, অনেক প্রীক্ষা করিয়াছেন। বহু দৃষ্টান্ত তার মনে পড়িয়া গেল।

আবেগপূর্ণ কর্প্তে পুজারী বলিয়া গেল, "শারদা, বড় সৌভাল্যবতী তুমি—তুমি কৃষ্ণপ্রেমের জধিকারী— ভগবান তোমাকে তু' হাত দিয়ে টানছেন—ভোমার মত ভাগ্যবতী তে? তুমি পাবে নারায়ণকে।"

শারদা নীরবে গভীরভাবে ভাবিতে লাগিল। সে অনেককণ পর করযোড়ে বলিল, "ঠাকুর, আমি মূর্থ-সূর্থ ম: ছব, আমি কিছুই জানি না, কেমন কইরা তাঁরে পামু আমাকে উপদেশ দেন।"

পুঞারি বলিলেন, "বেমন ক'রে জ্রীরাধিকা তাঁকে
পেরেছিলেন, পেরেছিলেন ব্রজ্বপাপীরা। তাঁকে সব
দিয়ে ভালবাস, তবেই তাঁকে পাবে। গোপীরা কি
দিয়েছিল ? দিয়েছিল, প্রাণ মন—দিয়েছিল কুল মান—
দিয়েছিল লজ্জা সম্ম—ভবে না তারা পেয়েছিল।
যতক্ষণ অভিমান আছে, দর্প আছে, 'আমার' এই জ্ঞান
আছে, ততক্ষণ তাঁকে পাওয়া যায় না। তাঁকে ভালবাসতে
গেলে সব দর্প সব অভিমান ছাড়তে হবে—আমার এ গুণ
আছে, এ সম্পদ আছে, এ জ্ঞান বিলুপ্ত ক'রে দিতে
হবে—তবে না তাঁকে পাবে।"

শারদা কথাগুলি তার মনের ভিতর অনেকক্ষণ নাড়িয়া চাড়িয়া দেখিল। অনেক ভাবিল সে; তার পর সে বলিল, "ঠাকুর আমি গরীব—তাঁতির মেয়ে। আমার না আছে টাকা পয়দা, না আছে বৃদ্ধি বিভা—আমার তো কিছুই নাই, কোনও অভিমান, কোনও অহকারই নাই। কি লইয়া অহকার কর্মম।"

হাসিতে হাসিতে ঘাড় নাড়িয়া পুরারী বলিল, "ঝাছে বই কি ? মন্ত বড় অহলার আছে, সেইটুকু যতক্ষণ তুমি না ছাড়তে পারবে, ততক্ষণ কৃষ্পপ্রেমে অধিকারী হ'তে পারবে না।"

বিস্মিত হইয়া শারদা বলিল, "আমার কি আছে অহকার করিবার ?"

হাদিয়া পুলায়ী বলিল, "আছে আহলার তোমার সভীবের! তুমি মনে ভাবছো তুমি মন্ত বড়, কেন না তুমি সভী! এই দর্প না খুইয়ে গোপারা প্রীকৃষ্ণকে পায় নি। কুল মান ভাদিরে দিয়ে, কলঙ্কের বোঝা মাথায় নিয়ে ভবে তাঁরা সেই লম্পট-চ্ড়ামণির কাছে যেতে পেরেছিল। নারীর এ দর্প যতদিন থাকে, ততদিন তার ক্ষণ্প্রেম ক্থনও স্ফল হয় না!"

ভার পর মধুস্দন কৃষ্ণদীলার নানা কাহিনীর কতকটা প্রচলিত কতক অভিনব ব্যাথ্যা করিয়া এই তথ্যটা শারদার মনের ভিতর নিবিড় ভাবে প্রবিষ্ট করাইয়া দিলেন, যে সতীত্ব পরিত্যাগ করিয়া নিঃশেষে দীনহীন অবজ্ঞাত না হইলে কৃষ্ণকে থথার্থ প্রেম করা যায় না। কৃষ্ণীলার এই ব্যাখ্যা প্রারী এবং তার মত বহু বৈষ্ণৱ বহুবার বহু নারীর কাছে করিয়াছে। প্রারীর কাছে ইহার কোনও নৃতনত্ব ছিল না, কিছু শারদার কাছে এ ব্যাখ্যা অত্যস্ত অভিনব এবং অত্যস্ত ভ্রাবহ বলিরা মনে হইল। কথা শুনিতে শুনিতে তার স্কান্ধ বারবার শিংরিয়া উঠিতে লাগিল। কিছু প্রারীর যুক্তিলাল ভেদ করিয়া দে তার চিরাগত সংস্কারকে আপনার চিত্তে স্প্রতিষ্ঠিত করিয়া রাখিতে কিছুতেই পারিল না।

অনেক রাত্রি পর্যান্ত পূকারী শারদাকে উপদেশ দিলেন।

শারদা নীরবে নতমন্তকে সুধু শুনিয়া গেল। বে-সব উপদেশ সে শুনিল, যে-সব ভয়কর কথা ধর্ম বলিয়া তার ক¹ছে উপস্থিত হইল, তার কল্লনাম তার কঠতালু শুকাইয়া গেল—সে শুক্ক কঠিন হইয়া বদিয়া সুধু শুনিয়া গেল। কোনও কথা দে বলিতে পারিল না।

অনেক রাত্রে প্রারী ঠাকুর উঠিল। অত্যস্ত অনিজ্ঞার সে উঠিল, কিস্ত ভাবিয়া দেখিল আৰু আর অধিক দুর অগ্যসর হইবার চেষ্টা সম্বত হইবে ন।।

তার পর ছয়ার বন্ধ করিয়া শারদা শুইয়া পড়িল, তার মনের ভিতর প্ঞারীর কথাগুলি কেবলি ওলট-পালট খাইতে লাগিল।

বিধা বা সংশয় তার একবারও হইল না। পৃঞ্জারীর
ধর্মোপদেশের ভিতর যে কোথাও ভ্লচুক আছে, কিছা
ইহার ভিতর তার কোনও স্বার্থের যোগ আছে এমন
কোনও সন্দেহই তার হইল না। পৃঞ্জারী যাহা বলিল
তাহাই যে বৈফবধর্মের সার সত্য সে বিষয়ে তার
বিন্দুমাত্র সন্দেহ হইল না। কিন্তু তার চিরকীবনের
শিক্ষা সাধনা ও সংল্পার তাকে এই বিহিত ধর্ম পালনে
পরাম্মুধ করিয়া তুলিল। সে অনেক ভাবিয়া দেখিল,
কৃষ্ণপ্রেম পাইবার ভক্ত সাধনা সে ক্থনও করিতে
পারিবে বলিয়া মনে হইল না।

ভার মনে পড়িল কতবার গোপাল তার পার ধরিয়া সাধিয়া তার প্রেমভিকা করিয়াছে—তার শৈশবদ্দী পর্ম সেহের গোপাল। কাঠের মত হইয়া সে ভার উগ্র প্রেম প্রত্যাখ্যান করিয়াছে; যথন ভার অস্তর গোপালকে প্রাণপণে কামনা করিয়াছে তথনও সে তাকে বিমুথ ক্রিয়াছে। গোপালের এতথানি প্রেম জ্ঞাছ করিয়া, আপনার হৃদয়ের এতথানি আবেগ দমন করিয়া সে তার যে সম্পদ, যে গৌরব রক্ষা করিয়াছে, তাহা কি সে কোনওদিন কারও কাছে বিলাইয়া দিতে পারে? সতীত যদি সে পরিহার করে তবে মাথা খাড়া করিয়া দাঁড়াইবার কি সম্বল তাহার থাকিবে? কোন্ সম্পদ লইয়া সে বাঁচিয়া থাকিবে?

তথনই তার মনে পছিল পূজারী-ঠাকুর বলিয়াছেন, কৃষ্ণকে পাইতে হইলে একেবারে নি:দগল হইরা, সব অভিমান সব অহলারের লেশমাত্র উন্দূলিত করিয়া শ্রীকৃষ্ণের পায়ে আ্রসমর্পণ করিতে হইবে। তাই তো শ্রীকৃষ্ণ নারীর শেষ সম্বল লজ্জাটুকুও গোপীদের হরণ করিয়াছিলেন বস্ত্র-হরণে!

ভাবিতে প্রাণ তার শিহরিয়া উ.ঠল! কি সর্বনাশ!
এমন করিয়া তবে ভগবানকে পাইতে হইবে। হার, রুফ-প্রেম লাভ তার সাধ্য নয়! সে কিছুতেই পারিবে না
তার লজ্জা ছাড়িতে, তার সতীত্বের স্পর্কা ছাড়িতে।

মনে পড়িল বেহুলার কথা। সতী বেহুলা তার
সতীত্ব অকুগ্র রাখিয়া স্বামীকে স্বর্গ হইতে নামাইয়া
স্বানিয়াছিল, সাবিত্রী যমরাজকে পরাতৃত করিয়াছিল।
কই তাদের কাছে তো ভগবান এ ভিক্ষা করেন নাই।
এত বড় পুণ্যলোকা মহিলাদের কাছে যাহা ধর্ম তার
কাছে তাহা ধর্ম না হইবে কেন?

প্রারী ঠাকুর এ প্রশ্নের উত্তর দিয়াছিল। ক্ষ্-প্রেমের পথ সাধনার দব চেয়ে শ্রেষ্ঠ পথ, মধুরভাবে কৃষ্ণকে ভরনা করা সাধনার পরাকার্চা। এ সাধনের অধিকারী দবাই নর। কিন্তু যে অধিকারী, তার কাছে কৃষ্ণ এই সাধনাই চান—সে যে তার প্রাণাধিক প্রিয়তমা শ্রীরাধিকা।

অনেক রাত্রে ভাবিতে ভাবিতে দে ঘুমাইয়া
পড়িল। ঘুমাইয়া দে এলোমেলো অনেক স্বপ্ন
দেখিল। গোপাল, মধুসদন পূজারী, শ্রীকৃষ্ণ স্বরং
এলো-মেলোভাবে মিশ খাইয়া গেল। কুঞ্জবনে
যেন শ্রীকৃষ্ণের বাশী বাজিয়া উঠিল, উতলা পালল
বেশে শারদা ছুটিয়া গেল। সহস্র ব্রজগোপী

তার সংশ ছটিয়া গেল। দেখিল শ্রীরফ বালী বাজাই-তেছেন। গোপীরা তাহার গায়ের উপর গলিয়া পড়িল, শ্রীরফ তাদের সকলকে প্রেমভরে আলিজন করিলেন। শারদাও ছুটিয়া গেল, অমনি শ্রীরফ তফাতে সরিয়া গেলেন। তাহার দিকে অঙ্গুলি নির্দেশ করিয়া তিনি হাসিয়া বলিলেন "ওকে ছুঁয়ো না, ও সতী!"—অবাক হইয়া চাহিয়া শারদা দেখিল, খ্রীরুফ—গোপাল!

অমনি সব ব্রজনারী থিল থিল করিয়া হাসিয়া ব্যক্ষ ব্যক্ষ করিয়া বলিল, "ও সভী—সভী—ছিঃ!"

সকলে শারদাকে ছাড়িয়া পলাইল, সকলে তার গায় থুথু দিল। শারদা কাঁদিতে কাঁদিতে বিদিয়া পড়িল। তথন কৃষ্ণ—না গোপাল — আসিয়া তাকে বলিলেন, "তোমার সময় হয় নি। যাও কুলমান ফেলে এসো।"

একজন কে আদিয়া তার হাত ধরিল ও সংলহে তাকে আলিছন করিয়া বলিল, "এস ভাম-সোহাগিনী।" শারদা চাহিয়া দেখিল পূজারী!

হঠাৎ ভয় পাইয়া শারদা চীৎকার করিয়া উঠিল। শক্ষে স্বেভ তার ঘুম ভাজিয়া গেল।

ঘুম ভালিয়া শারদা ধড়্মড় করিয়। উঠিয়া বসিল। তার বুক তথনও ধড়্ফড় করিতেছে। সে তাড়াতাড়ি জানালা খুলিয়া আকাশের দিকে চাহিয়া দেখিল, রাত্রির ঘোর কাটিয়াছে—উধার উদয় হইয়াছে।

শারদা বসিয়া গালে হাত দিয়া ভাবিতে লাগিল।
খথের কথা সে সমন্ত প্রাণ-মন দিয়া ভাবিতে লাগিল,
এ যে স্থ্ খথ — স্থ্ একটা অলীক কয়না—এ কথা তার
একবারও মনে হইল না। মনে হইল ইহা দেবাদেশ।
কিন্তু কি এ আদেশ ং

এই কি ভগবানের আদেশ যে এই প্রারীকে আত্রয় করিয়া সে সভীত্ব-গৌরব বিসর্জন করিলেই সে ভামের সোহাগভাগিনী হইতে পারিবে ?

এ কল্পনা তার মনে উঠিতে তার সর্বাদ শিংরিয়া উঠিল। তরে তার অস্তর কাঁপিয়া উঠিল।

দেবাদেশ অবহেলা করিতে সাহস হইল না। কিন্তু পালন করিতেও সাহস হইল না। শারদার ছেলে কাঁদিয়া উঠিল। ওইয়া পড়িয়া শারদা পুত্রকে বক্ষে জড়াইয়া ধরিল। ছেলে শাস্ত হইয়া জাবার মুমাইয়া পড়িল।

অজ্ঞানা অনন্ধনের আশ্বার তার চিত্ত আবার কাপিরা উঠিল। তার মনে পড়িল আর একদিন যথন সে গোপালের প্ররোচনার মঞ্জিতে বসিয়াছিল, ঠিক সেই সময় তার পুত্রের হঠাৎ প্রাণ-সংশর হইয়াছিল। সতীত্ব-দর্ম হইতে অলিত হইলে তার যে পাপ হইবে তাতে ভার শিশুর অমন্দলের আশিক। তাকে আরও বিচলিত করিয়া তুলিল।

সে হ'হাতে শিশুকে বক্ষের উপর চাপিরা ধরিয়া সাঞ্চলাচনে ভগবানকে বলিল, হে হরি, এমন আদেশ আমাকে দিও না, বড় কঠিন এ আদেশ, বড় কঠোর সাধনা। আমি পারিব না। ছর্বল আমি, আমাকে রক্ষা কর, আমার বাছাকে রক্ষা কর! আমার সর্বাধ্ধনের যেন কোন অমশল না হয় হরি!

সত্যনারায়ণ

শ্রীরাধাচরণ চক্রবর্ত্তী

জানি সত্যনারায়ণ, হবে, হবে তোমার প্রকাশ
প্রোজ্জন প্রভাবে—
যদিও মলিন ধ্লি, জটিল জঞ্চাল, পাংশুরাশ
আজি চারিপালে।
এই ঘূণ্য আবর্জনা, এই সব ছাই পাঁশ ধ্লি
মাঝি' আর মাথাইয়া, ছড়াইয়া মৃষ্টি ভরি' তুলি'
মাতিল এ কারা সব প্রেভ সম উন্মাদ ধ্লোটে
তোমারে বিশ্বরি'!
আপকায় ভরে প্রাণ—এ মন্তভা—কি জানি কি ঘটে
সেই কথা শ্বরি'।

অসত্যের এই পাংশুলাল—এরা ভাবে সত্য বৃঝি এই ;
বহি-নির্বাপিত।

অধীকার করে নিত্য-স্তানারারণ তৃমি নেই ;
আত্মা-নির্বাসিত।

শীকাতর ছিলাধেন, আচরণে কুত্রিম মমতা,
পরছাথে ছল্মখন, লজ্জাহীন নীচ ত্মার্থ-কথা,
ধর্মের নির্বোক্ধারী দেহবাদ, ভোগী ঐহিকতা,
ব্যসনী বিলাস,

অবিভার আড্রুর, ছুবুজির অহলার সদা,
ত্রত-ভারনাল।

ভয় হয়, ভোমার প্রকাশ হয় কোন্ অতর্কিত
আয়েয় নিঃস্রাবে,

হয় ত সে অগ্নচ্ছ্রানে দ্রাকাশ হবে আলোকিত
কিন্তু সব যাবে


দক্ষাভূত হ'লে।—হায় ! ভয় হয় সেই কথা ভাবি'।
আবার ন্তন করে' দীর্ঘ সাধনার যুগ যাপি'
কত দিনে কত শ্রমে গড়িতে হইবে বনিয়াদ
এই সমাজের,
কে কহিবে—কবে হবে ভাবী সভ্যভার স্ত্রপাত
নৃতন ধাঁকের।

নারারণ, যোড়করে করি নতি, তুমি ক্ষমা কর,
তুমি হেসে চাও;
তোমার দক্ষিণ হাতে কল্যাণ-প্রদীপ তুলে' ধর,—
ভত্তবৃদ্ধি দাও।
দাও প্রাণ, দাও প্রেম, দাও ত্যাগ, বিভদ্ধ প্রজ্ঞান,
দাও নিষ্ঠা, সংযমন, দাও ধর্ম—আত্মার সন্মান,
দাও কর্ম—বিশ্বহিত। নিত্য হোক্ সত্যের অয়ন
নরচিত্ত তলে।
উজ্জ্লল প্রসর মুধে দেখা দাও সত্যনারারণ,
ভানন্দে মন্দ্রেণ।

আফগানিস্থান

গ্রীহেমেন্দ্রলাল রায়

আফগানিহানের সঙ্গে ভারতবর্ষের সম্পর্ক অতি ঘনিষ্ঠ ও নিকট। কারণ এক সমরে আফগানিহান ভারতবর্ষেরই একটা অংশ ছিল। বর্জমানে এই একছের দাবি আর করা যার না। কিন্তু তা হ'লেও ঘনিষ্ঠতার দাবি একেবারে মৃছে' কেলাও সন্তব নর। কারণ এখনও এরা অত্যন্ত নিকট প্রতিবেশী। ভারতবর্ষের ঘারাই ও রাজ্যের



ৰামিয়ান পাহাড়ে বুজমূর্ত্তি

একটা সীমান্ত রচিত হরেছে। প্রতিবেশীর সঙ্গে যার ভাব নেই জীবন যে তার জনেক ব্যাপারেই ছঃসহ হ'রে ওঠে তা বলাই বাছলা।

কিছ এতো গেল বাইরের কথা। ভিতরের ব্যাপারটা

এর চাইতেও ঢের বেশী ঘোরালো। ভারতবর্ধকে নিরাপটে থাক্তে হ'লে আফগানিস্থানের সজে মিতালী প্রতিষ্ঠিই করা ভারতবর্ধের পক্ষে অপরিহার্য। কারণ এশিয়াই উপরের দিক থেকে যারা ভারতবর্ধে প্রবেশ কর্তে চাই ভাদের প্রবেশ কর্তে হয় আফগানিস্থানের পথেই। টে হিসেবে আফগানিস্থানকে ভারতবর্ধের ভোরণ-বার বল্লে

অত্যক্তি হর না। এই জনই ইংরেজদের প্রে যারা ভারত বর্ষে রাজত ক'রে গেছেন তাঁরা-আফগানিস্থানের সলে ঘনিষ্ঠ সম্বন্ধ প্রতিষ্ঠা কর বারই চেটা করেছিলেন, ইংরেজেরাও পে চেটাই ক'রে আস্ছেন।

কিন্ধ এ সব বড় বড় রাজনৈতিক ব্যাপার এ সব দিকে ঝোঁক না দিয়েও আফগানিস্থানে থবরটা মোটাম্টি ভাবে জেনে রাথা যায়। ে দেশটা ভার তের এত কাছে এবং যার স ভোরতের সম্বন্ধও এত ঘনিষ্ঠ, ভার ভৌগ লি অবস্থান, সামাজিক রীতিনীতি, জন- সাধারণে চাল-চলন—এগুলির সক্ষেপরিচিত হবার প্রয়োজ আছে আমাদের সক্লেরই।

আফগানিছানের একদিকে পারশ্য আর এব দিকে পাঞ্চাব। দক্ষিণে এর বেলুচিস্থান উত্তা তুর্কীস্থান। এর আরতন প্রায় ২,৫০,০০০ বর্গনিষ্টান। এর আরতনে এ ইউরোপের অনেক শক্তিশালী রাজ্যের চেন্নে ও বড়। প্রমাণ-স্বরূপ ফ্রান্সের নাম করা যায়। ফ্রান্সের আরত ন ২,১২,০০০ বর্গমাইল মাত্র। যেগব প্রেদেশ নিয়ে গ'ড়ে উঠেছে এই আফগানিস্থান ভাদের ভিতরে কাবুল, হিরাট, কালাহার, আফগান-তুর্কীস্থান,

বাদক্সান, কাক্রিছান, ওয়াকান প্রভৃতির নামই উল্লেখ-যোগ্য।

আফগানিস্বানের জনসংখ্যা ৬৩,৮০,৫০০। এই জন-সঙ্ঘ প্রধানত: গুটি ছয় জাতিতে বিভক্ত। তাদের নাম— ुतानी, चिनकार, शकाता, आदेशाक, उक्रत्वन धवः ⊛।**किक**।

আফগানিস্থানের নাম শুনে' অভাবতঃ এই কথাই মনে এ সম্বন্ধে অক্স রক্ষের


বাস ভূমি ব'লেই এই নামের তিলক জায় গাটার ললাটে পরিয়ে দেওয়া হয়েছে। কিন্তু প্রকৃতপক্ষে আফগান ব'লে কোনো জাতির হদিস আফগানি-ত্তানে পাওয়া যায় না। কথাটা সম্ভবতঃ এসেছে পাৰুণী ভাষা হ'তে এবং সেখানে তার অর্থ-পাহাড অঞ্চলের অধিবাদী। সময়ের স্রোভে এবং বাইরের ভাডনায় প্রাচীন আর্য্যেরা এবং ভাদেরি মতো খারো খনেকে ভেনে এসে খাফগানি-

স্থানে ডেরা বেঁখেছে। তারা এবং প্রাগঐতিহাসিক যুগের যারা এখনো রয়েছে সেখানে তারা ভিন্ন ভিন্ন সম্প্রদায়

এঁটে দেওয়া হ'য়েছে-এ কথা বল্লে তার ভিতরে যুক্তির কোর বিশেষ খুঁজে পাওয়া হার না। ভবে চয় বে, আফগান নামে কোনো একটা বিশেষ জাতির প্রচলিত আছে। সে মত হচ্ছে এই-আবদালীদের



আফগান সওলাগরগণ অর্থাৎ যে জাতিটি আফগানিস্থানের প্রধান জাভ ভাদের আদি পুরুষের নাম ছিল আফগানা। এবং এই আফগানা



বালা হিসার

ব'লে আয়গাটার গারে আফগানিছানের নামের ছাপ আফগানা ছিলেন সাউলের দৌহিত্র। স্বতরাং আফগানেরা

ং'রেই র'রে গেছে-এক সভে মিলে' মিলে' এক হ'রে থেকে এই আফগান জাতির উত্তব। জার আফগানদের গ'ড়ে উঠতে পারে নি। স্বতরাং আফগান ভাতির বাসভূমি বাসস্থান ব'লেই এ স্থানটার নাম হরেছে আফগানিস্থান। বংশ-গোরবে ইজরাইলদের সজে সংযুক্ত। কিছ ঐতিহাসিকদের অনেকে এ উক্তি বিচারসহ ব'লে মনে করেন না।

নামের আদি রহন্ত যাই হোক্ না কেন, আফ্ গানিস্থানের সম্প্রদারগুলির ভিতর নিজেদের বৈশিষ্ট্য বজার রেখে চল্বার দিকে এমন একটা ঝোঁক আছে যে, সহজ্ব সাধারণ ভাবে তাদের সংমিশ্রণ সম্ভবপর নয়। আর তার কল হ'রেছে এই যে, তাদের ভিতরে প্রতিনিয়ত চলেছে ঝগড়া-বিবাদ—এমন কি যথন কোনো বহিঃশক্রর



লালালাবাদ ও কাবুলের মধ্যপথে জাগদালক গিরিশকট

বিক্তমেও লড়াই কর্বার দরকার হয়—সমস্ত সম্প্রদাবের মিলিত শক্তি নিয়ে দাড়াবার প্রয়োজন হয়, তথনো তারা সহজ্ব-আতাবিক ভাবে মিল্ডে পারে না। তথন মিলনের জন্ম প্রয়োজন হয় তাদের উপর বল-প্রয়োগের। জাতির দ্বিক দিয়ে এই একত্বের জভাব রাষ্ট্রের সম্বন্ধেও তাদের মনকে সচেতন ক'রে তুল্তে পার্ছে না। আর সেই জন্মই রাষ্ট্র-ব্যাপারে প্রাধান্ত লাভের নিমিত্ত আফ্রাক্সানিস্থানের বিভিন্ন:সম্প্রদাবের স্কার্দের ভিতর

হানাহানি ও রেযারেষি সব সমন্ন লেগেই আছে এবং
সিংহাসনের সম্পর্কে বড়বন্ধ তাদের ভিতরে নিত্যনৈমিতিক
ব্যাপার হ'বে দাঁড়িরেছে। রাষ্ট্র-শক্তি লাভের কছ তারা
ক্ষনারাসে বিশাস্ঘাতকতা কর্ভে পারে, রাজার বিরুদ্ধে
ক্ষর ধর্তেও বিধা করে না। সাধারণ লোক ক্ষরভা রাষ্ট্রতন্তের ব্যাপার নিয়ে বিশেষ মাথা ঘামার না। কিছু
তারা ক্ষতিমাত্রার ক্ষর্কিশাসী। তাই মোলাদের প্রভাব
তাদের উপরে অসাধারণ। ক্ষার সেইক্ষরভ ক্ষেহাদ বা
ধর্মযুক্ক আফগানিস্থানে ক্ষতান্ত সাধারণ ব্যাপার। ধ্যের

> নামে অন্ধবিশ্বাসী আ ফ গান দের ক্ষেপিয়ে তোলা কিছুমাত্র কঠিন কাজ নয়।

পাহাড়ের কোলে যারা মানুষ, দেহের গড়নও হয় অনেক সময় তাদের পাহাড়ের মতোই দৃঢ়ও শক। আফগানদের দেহ দুঢ় বলিষ্ঠ ও শ্রমস্হিষ্ণ । সভাভার আন লোক এখনও আফগানিস্থানের ভিতর তেমন ভাবে প্রবেশ লাভ করতে পারে নি। তাই সাধারণ আফগানচরিতা বর্তমান সভ্যতার কতকগুলি খুণ হ'তে যেমন বঞ্চিত, কতকগুলি বড দোষ হ'তেও আবার তেমনি মৃক্ত। আফগানি-স্থানের লোকেরা স্বভাবত:ই নিভীক. **একগুঁরে। আলিতকে তারা জী**বন বিপন্ন ক'রে রক্ষা করতে চেষ্টা করে-কিন্ত অক্তদিকে আবার মাত্র যের প্রাণের মূল্য ভাদের কাছে নেই

বল্লেও অত্যক্তি হয় না। কথার কথার তাদের হাতে বল্ল গর্জার, ছুরি ঝক্ষক্ ক'রে ওঠে। যেমন অনারাসে তারা প্রাণ গ্রহণ ক'রে, তেমনি অনারাসে আবার তারা প্রাণ দেরও। নিষ্ঠুরতা ও প্রতিহিংসা-পরারণ্তার সঙ্গে পাশাপাশি জেগে রয়েছে তাদের ব্কে আজিতবাৎসল্য ও ধর্মজীকতা। ভালো-মন্দের পরিমাপ করে তারা সাধারণতঃ নিজেদের ধেয়ালের ঘারা—প্রত্যেক কাজে মনের মর্জিই তাদের প্রধানতঃ গতিপথের নিয়ম্রণ করে।

কাতির প্রকৃতি বা অভাবের পরিচয় পাওয়া যায়
আনেক সময় ভাদের রীতি-নীতির ভিতর দিয়ে। এমন
ছ' একটা রীতি এই আফগানদের ভিতরেও আছে যা
থেকে অভি সহকেই এদের অভাবের পরিচয় পাওয়া যায়।
এখানে এম্নি ধরণের একটা রীতির উল্লেখ কর্ছি।
এটি হচ্ছে আফগান শিশুর ক্লেম্র সময়ের চিরাচরিত

প্রথা। শিশুকে আফগানেরা আমাদের
মতো বাছ বাজিয়ে বা ছলুগনি দিয়ে
আহলান করে না, আহলান করে বন্দুকের
গর্জন দিয়ে। ধনীর ঘরেই হোক্, আর
দরিদ্রের ঘরেই হোক্, শিশুর জন্মের সময়
আ ফ গা নে র আহলান সঙ্গীত বন্দুকের
ম্বরে দিয়িদিকে ছড়িয়ে পড়ে। শিশু
বিদ পুত্র হয় তবে বন্দুক ছোড়া হয় ১৪
বার, আর ক ফা হ'লে তা কে তারা
অভিনন্দিত ক'রে ৭ বার বন্দুক আওয়াজ
ক'রে।

সস্তান-পালনের ব্যবস্থার ভিতরেও তাদের ছর্ম চরিত্রের এবং স্বাধীনতা-উন্ধ মনের পরিচয় পাওয়া যায়। এমন কোনো ধাত্রীকে ভারা সন্তান-পালনের জন্ম কথনো

নিযুক্ত করে না, যার স্থামীর ভিতরে কথনো কৈব্য বা হুর্কল তার পরিচয় পাওয়া গিয়াছে, অথবা যার স্থামীর জীবনে কথনো যুদ্ধ-পরাজ্ঞারের কলঙ্কের ছাপ পড়েছে।

আফগানদের সম্পর্কে আ মা দে র মনে সাধার ণ তঃ একটা ভূল ধারণা আছে। ভারতের উত্তর-পশ্চিম সীমান্তের লোককেট আমরা অনেক সময় আকগান

ব'লে মনে করি। কিন্তু বাশুবিক পক্ষে তা নয়। এ হ'টো আত রাষ্ট্রের দিক দিয়েও এক নয়, আতের দিক দিয়েও এক নয়, আতের দিক দিয়েও এক নয়। বর্তমান আক্ষানদের চেয়ে তারা তের পুরাণো আত, এবং তারা কথনো আক্ষানিস্থানের বস্থতাও খীকার ক'রেনি। বস্ততঃ তারা কথনো কারো বস্থতাই খীকার ক'রেনি। কোথা থেকে যে তাদের উত্তব

হ'লো পণ্ডিভেরা এধনো নির্ণয় কর্তে পারেন নি ভার ইতিহাস।

আফগানিস্থানের উপজাতিগুলির ভিতর প্রকৃতিগত সাম্য যতটা আছে, বৈষমাও তার চেয়ে কম নর এবং এই বৈষম্যের কারণ যে কেবলমাত্র সাম্প্রদায়িক পার্থক্য তা নয়, তাতে প্রকৃতির প্রভাবও প্রচুর। বিভিন্ন জল-বায়ুর



মোটর ও রেলপথ


প্রভাব তাদের চরিত্রের ভিতরে বিভিন্ন উপাদান এনে দিয়েছে। তাই আফগান উপজাতিগুলির চরিত্র একটির সঙ্গে আর একটি একেবারে উপ্টোধরণের হওরাও অসম্ভব হ'রে দাঁড়ার নি।



পেশোয়ারের মেল গাড়ী

এশিরার যে অংশটা আফগানিস্থান নামে পরিচিত তা একটা প্রকাণ্ড মাল-ভূমির মতো জারগা। উত্তরের দিকে তা উচ্চতার প্রার হিমালরের সলে তাল রেথে চলেছে। তার এই উচ্চতা দক্ষিণের দিকে আন্তে আন্তে ঢালু হ'রে নেমে এসেছে একেবারে বেলুচিস্থানের মরুভূমি পর্য্যন্ত। তার মাঝ দিরে নানা দিকে ডাল-পালা বিভার ক'রে

পাহাড়ের নতোলত তর্ভ। তারই মাঝে মাঝে গ'ড়ে উঠেছে সমতল ভূমি-নদীর জল-ধারার কোথাও বা উর্বার, কোথাও বা নদীর স্পর্শ না পাওয়ায় উষয়। আফগানিস্থানের কতটা স্থান ষে পর্বাত-বন্ধুর এবং কতটা স্থান অযোগ্য তা বলা কঠিন। ভবে এর নদীর উপত্যকা ভূমিগুলি অধিকাংশ স্থানেই বেশ বড় এবং প্রশন্ত। অক্সাস (আমুদরিয়া), কাবুল, হেলমান্দ, হার-ই-রাদ---এসব নদী অধিকাংশস্থানেই সমতল ভূমির উপর দিয়ে ব'য়ে চলেছে । এবং সেই সব স্থানেই গ'ড়ে উঠেছে শক্ত-ভার-সমৃদ কৃষিক্ষেত্র সমৃহ। নদীর জল-ধারা সমস্ত স্থানে পরিবেশনের জ্বন্ত আধুনিক কোনো বৈজ্ঞানিক পদ্ধতি এখনও অবলম্বিত হয়নি। কিন্তু এ অতৃপনীর। কাশীরকে আমরা প্রাক্তিক সৌন্দর্য্যের
অত ভূষর্গ ব'লে থাকি। আফগানিস্থানের প্রকৃতির
ভিতর বহু জারগার কাশীরের রূপের এই আভাস পাওরা
যার। হিন্দুক্শের গিরিশৃকগুলি মাথা উঁচিরে চল্তে
চল্তে হঠাৎ থেমে গিরে অনেক যারগার উপত্যকা-ভূমি
রচনা করেছে, সে সব স্থানের সৌন্দর্যাপ্ত অবর্ণনীর।
উচু পাহাড়ের কোলে কোলে যে সব গ্রাম গ'ড়ে উঠেছে
তালের রূপপ্ত চমংকার। কত স্থানে পাহাড়ের বুক বেরে
চল্তে চল্তে ঝরণার জল-ধারা উছ্লে উঠে' অপরূপ
সৌন্দর্য্যের স্থি করেছে। তা ছাড়া আফগানস্থানে মক্র-ভূমির পরিমাণ্ড অর নর। আর মক্ভ্মির বালুন্তরের
তরক্ষান্বিত ধৃ প্রান্তরের দৃশ্য, তা ভীষণ হ'লেও চমংকার।
প্রাকৃতিক সৌন্দর্য্যের অনুত বিকাশ আফগানিস্থানের



জামকদ তুৰ্গ

সন্তব্ধে আফগানদের উদ্ভাবিত অবৈজ্ঞানিক পদ্ধতিগুলিও উপেক্ষণীয় নয়। সেই সব পদ্ধতির সাহায্যে তারা নদীর জল-ধারাকে কর্ষণীয় ভূথণ্ডের উপরে ষেভাবে পরিবেশন করে তা প্রশংসা লাভের যোগ্য।

বসন্ত খতুতে উত্তর আফগানিস্থান পত্র-পল্লবের সব্জ আভার, পুলা গল্পে এবং ফল-ভারে ভরে ওঠে। লোজার-উপত্যকা, কোহিস্থানের উপত্যকা, চারদে-সমতলভূমি এ সমস্ত স্থানের শোভা হয় অপরপ। শীতের সমরেও আফগানিস্থানের নৈদ্যিক চেহারা যে খুব খারাপ হয় তা নয়। বরকে ঢাকা তার পাহাড়ের চুডোগুলো স্থ্যালোকে ভথন ঝল্মল্ কর্তে থাকে। তার সে শোভাও চারিদিকেই ছড়িরে প'ড়ে আছে। বস্ততঃ আফগানি-স্থানের প্রাকৃতিক বৈচিত্রা ভারি অরুত। এমন স্থানও দেখানে আছে থেখানে কোনো সময়েই বরফ পড়ে না, অথচ সেথান থেকে মাত্র ঘণ্টা ছ'রের পথ এগিয়ে গেলেই এমন স্থান এসে পড়ে যার বুকের উপরে চির-বরফের ন্তুপ বিরাজমান।

আফগানিস্থানের উল্লেখযোগ্য প্রদেশগুলির নাম
পূর্বেই করেছি। কাবুল আফগানিস্থানের রাজধানী।
স্থাতরাং কাবুল প্রদেশের কথাই সকলের আগে বলা বাক্।
উত্তর-পূর্ব থেকে দক্ষিণ-পশ্চিমে সমগ্র কাবুল প্রদেশের
দৈর্ঘ্য প্রার ৭০০ মাইল। কাবুলে শক্ত-ভামল উপত্যকাও

বেমন আছে, তেমনি অন্থর্মর বৃক্ষ-লজা-পরিশৃষ্ঠ স্থানেরও অভাব নেই। সমুদ্রপৃষ্ঠ হ'তে কাব্লের উচ্চতা প্রার ৫৬০০ ফিট। কাব্ল পাহাড় দিয়ে দেরা। স্থতরাং খুদী মতো বাড়িরে একে মনের মতো ক'রে গ'ড়ে নেবার

স্থানের কাছে খুব বেশী। সাধারণতঃ এমন সব স্থানে যারা বাস করে তারা ছুদ্ধর হ'রে থাকে। কিন্তু হিরাটের লোকেরা সাধারণতঃ শাস্ত প্রকৃতির। তারা তলোয়ার চালিরে উদরায়ের সংস্থান করে না,—তাদের জীবিকার্জনের



আফগান সমতলের একটা পল্লী

উপার নেই। তাই ঘর-বাড়ী রাস্তা-ঘাটের দিক দিয়ে আঞার হ'চ্ছে প্রধানতঃ কৃষি কাজ। ইতিহাসে হিরাট বে সব নতুন সংস্কার হ'রেছে তা একে বৈচিত্র্য দিয়েছে, চিরদিনই ভারতের তোরণ-দার রূপে পরিচিত।

কিছ এর শ্রী বা ড়িরেছে কিনা সন্দেহ।
কার্লের ফলের বাজার বিশেষভাবে প্রসিদ্ধ।
কারণ ভার এই সব বাজার থেকে বহ
ফল প্রভাহ দেশ-বিদেশে রপ্তানি হয়। জাধুনিক সভ্যভার ছাপ মোটাম্টি ভাবে কাব্লে
এনে পৌছে গেছে। সেখানে টেলিগ্রাফ,
টেলিফোন, বেভার টেশন প্রভৃতি গ'ড়ে
উঠেছে। রা ভা-ঘা টে রপ্ত বথেট উন্নতি
হরেছে।

আকগানিস্থান থেখানে এসে পারশ্রের সীমাক্তে শেব হ'বেছে তারি কাছাকাছি জারগাতে হিলাট। এই হিসেবে হিরাটের অবস্থানের দাম আফগানি-



একটা আফগান সহরের মৃগ্রহ প্রাকার
কান্দাহার ভারি কারবারি জারগা। এর রাভাঘাটভালো বেশ ভালো ও প্রশন্ত। এখানে বহু ভারতীর

লোক এসে ব্যবসার জন্ত আগ্রার নিয়েছে এবং তারা বথেই ধন-সম্পদও অর্জন করেছে। কান্দাহারের প্রধান বাসিন্দা প্রট উপজ্বাতি। তারাই চার ভাগে ভাগ ক'রে নিয়েছে এই প্রদেশটিকে। তা হ'লেও সিয়ু দেশের হিন্দু এবং বোখাইওয়ালারা এথানকার বড় লোক ও প্রতিপতিশালী লোক।

আফগানিস্থানের উত্তর সীমান্তে আমু দরিয়া। ওয়াকান প্রদেশে এনেই আমু দরিয়া প্রথম প্রবেশ করেছে আফগানি-স্থানে। জলের নাম আমাদের দেশে জীবন। আমু দরিয়ার

কান্দাহারের শিলী

এই জল আফগানিহানের বছ আংশে দীর্ঘকাল ধ'রে জীবন জুগিরে আগ্ছে। অর্থাৎ এর জল ক'রে তুলেছে আকগানিহানের একটা বড় অংশকে শস্ত-শ্রামল। ৩০০ মাইল ব্যেপে বিসপিত গতিতে আমু দরিয়া ব'রে চলেছে, আর চার দিক থেকে অজন্র ঝরণা এসে তার শ্রোভধারাকে পূই কর্ছে। শীতের সময় আমু দরিয়ার জল ক'মে বরক হ'রে যায়। তারপর গ্রীমের বাতাল বইতে

সুক হ'লেই গল্ভে সুক করে এই বরক। তথন
আমুদরিয়ায় দেখা দেয় বফার প্লাবন। আমুদরিয়া
ধবংসও করে, আবার শস্ত-সম্পদের প্লাচুর্ব্যে দেশকে জীও
দেয়—স্তরাং জীবনের চাঞ্ল্যেও ড'রে তোলে।

আফগানিস্থানের উত্তরের দিকে পূর্বপ্রান্ত জুড়ে' আছে বাদাক্সান প্রদেশ। পর্বত-মেথলার তার কটিতট ঘেরা। বৎসরের অধিকাংশ সময়েই তুবারস্তুপের অপরূপ সৌন্দর্য্যের দীপ্তি তার বৃক্তের উপরে ঝ'রে পড়ে। কিন্তু সে সৌন্দর্য্য বিলাসিনী নারীর সৌন্দর্যার মতো।

ভাতে ধ্বংসের ভীব্রভা আছে,

ফ ষ্টির মৃত্তা নেই। তবে

বা দা ক্ সা ন ধনিজ সম্পদে

বিশেষভাবে সমৃদ্ধ। এর মাটির
নীচে গদ্ধক, লোহ প্র ভ তি র

ধনি ভো আছেই, মণি-মাণিক্যেরও ধনি আছে। এই

ধনি ঘদি কথনো খুঁড়ে' কাজে

লাগাবার মতো করা যায় তবে

তা যে আ ফ গা নি হা ন কে

বিশেষভাবে সমৃদ্ধ ক'রে তুল্বে

ভাতে সম্পদ্ধ ক'রে তুল্বে

আ ফ গা ন-তু কী হা ন
আফগানিহানের আর একটা
প্রেদেশ এবং খুব বড় প্রদেশ।
অধিবাসীদের বেশী ভাগই তুর্কি
অথবা ভাতারদের বংশোন্তব।
আ ফ গানি হ্লানের সব চেপ্রে
সেরা লোক ব'লে এদের অভিহিত করা যার: কারণ এরা

ভলোষার চালাভেও বেষন দক্ষ, কোদাল চালাভেও ভেমনি
দক্ষ। একানটি বিশেষভাবে বাণিজ্যের জন্ধ প্রসিদ্ধ।
ভাসকুর্গান এরই একটা সহর। এই সহরটিভেও জ্বনেক
হিন্দু এসে ভাদের ভেরা গেড়েছে। জামাদের দেশে বেষন
কাবুলীরা এসে টাকা খাটিরে একটা প্রচণ্ড ব্যবসা গ'ড়ে
ভূলেছে, ওদেশেও ভেমনি হিন্দুরা টাকা হলে খাটাবার
একটা প্রকাণ্ড ব্যবসা গ'ড়ে ভূলেছে।

আফগানিস্থানের নদীগুলির ভিতরে কাবুলনদীই পাশে একটা বিস্তীৰ্মাণ্ডম গ'ড়ে डे के हि आफशानिशान। এই मान-ভূমিতে বে সব প্রাচীন জাতি তাদের বাসস্থান গ'ড়ে তুলেছিল কাফিররা তাদেরই অনুভ্রম। খুই-পূর্বে তৃতীয় শত-কের আগেও তারা ছিল এখানে এবং এখনও তারা জুড়ে' ব'লে আছে এই প্রদেশটা। প্রচলিত ধর্মমতের ধার ভারা धारत ना। मखरकः छारमत नाम रशरकहे অবিশাসীদের 'কাফের' নামটার উৎপত্তি হরেছে। হিন্দু কু শর ঘুইধারে ভিন্ন ভিন্ন সম্প্রদার গ'ড়ে তারা বাদ করে। সভ্য জগতের সাম্নে ভারা থুব কমই বার হয় এবং আফগানেরাও বনুব পার্বভ্য প্রদেশটা ভাদের হাতে ছেডে দিয়েই খুশী হ'রে আছে। কিছু তা হ'লেও এ কথা কিছুতেই অখীকার করা যায় না যে, কাফিরস্থান আফগানিস্থানেরই একটা वित्नव डेल्लबरपाशा बन्न ।

আফগানিস্থানের জা ত ওলির ভিতরে আবদালী, বি ল জাই ও পাঠান এই তিনটি জাতিই প্রধান, যদিও অপ্রধান জাত আরো অনেকগুলো আছে। এই প্রধান জাতি করটিই অধিকার ক'রে ব'সে আছে কাবুল, কালাহার এবং গজনী। আ ফ গা নি স্থানের প্রধান সহরও এই তিনটি। যদিও এই সঙ্গে সজে জালালাবাদ ও বাল্থের নামও করা সক্ষত। বাল্থ অত্যন্ত প্রাচীন সহরের মতো এ সহরটি এখনো একেবারে ধ্বংস হ'রে যায়নি সভ্য, কিছু ধবংসের চিছু আজু এর স্থানিক

আফগানিস্থানের নদীগুলির ভিতরে কাব্লনদীই এই তিনটি প্রধান জাতির ভিতরে আবদাণীরা নানা দিক দিয়ে সব চেয়ে উল্লেখযোগ্য। এরই পাশে ছুরাণী নামে পরিচিত এবং তাদের সম্প্রদারের ভিতর



আফগান কর্মকার



গুপ্তচর

স্পরিকৃট। এর জরা-জীর্ণ প্রাদাদ ও হর্ষ্যের ভিতর দিয়ে থেকেই বর্তমানে দিংহাসন অধিকার কর্বার রেওয়াজ আত্ত কেবল অতীত গৌরবের আভাসটুকুই পাওয়া যায়। চ'লে আস্ছে। তারা যে ভাষার কথা ঘলে তার নাম পোছ ভাষা, যদিও আফগানিস্থানের রাজভাষা পারশী। পোছ ভাষার উত্তব সংস্কৃত ভাষা হ'তে। পাঠানদের ভাষাও পোতঃ। সোলেমান পর্কত এবং শাকদ-কোর পূর্ক প্রান্তের পাহাড়গুলিতে এই পাঠানেরা ছড়িরে আছে। বস্ততঃ আফগানেরা যে পোস্তভাষার হবা বলে তার কারণ—ভারা এসে ডেরা বেঁধেছিল সেই

হিরাটের দুখ

প্ৰ জাতির ভিতরে যারা পোন্ধভাষার কথা বলে।
সূত্রাং ভাষার দিক দিরে দেখতে গেলে, পারক্ত এবং
ত্রক্তের সলে যাদের জন্মের যোগ নেই তারা ছাড়া আর
স্ব আফগানই পাঠান, যদিও নৃতত্ত্বের দিক থেকে সব
পাঠানকে আফগান বলা যার না। কিন্তু যে যাই

হোক, ছুরাণীরা বা আবদানীরাই আফগান জাতিগুলির ভিতরে বর্ত্তমানে শ্রেষ্ঠাজের আসন অধিকার ক'রে আছে এবং আছ্মদ শাহ্র পর হ'তে তারাই আফগানিস্থান শাসন ক'রে আস্ছে।

আফগানিস্থানের ছ'চারটি রান্তার উপরে এ যুগের সংস্থারের ছাপ যে পড়েছে তা অধীকার কর্বার যে

> নেই। কিন্তু অধিকাংশ রান্তাই তার এথনো প্রায় তেমনি অবস্থাতেই আছে বেমন, অব-স্থায় ছিল তারা আলেককান্দারের আক্রমণের সময়। গুটিকয়েক ভালো মোটর যাতায়াতের রান্তা সম্প্রতি দেখা নে তৈরী হয়েছে। তাছাড়া দৈপ্রবাহিনীর চলাচলের স্থবিধার জন্তও কয়েকটি রান্তার উন্নতি হয়েছে তের। আফগানিস্থান হ'তে মালের দেওয়া নেওয়া হ'য়ে থাকে ঘোড়ায় বা উটের পিঠে চড়িয়ে। স্মতরাং রান্ত। ভালো কর্বার দিকে খুর বেশী নক্ষরও দেওয়া হয় না। পায়ে-ইটি রান্তা দেখানে অসংখ্য, কিন্তু সারা বংসর জুড়ে' যে পথ দিয়ে যাতায়াত করা যায় দে রক্ষের রান্তা দেখানে খুব অল্লই আছে।

প্রেই বলেছি, আ ফ গা নি স্থান কে ভারতের ভোরণনার বল্লেও অত্যুক্তি হয় না। ভারতবর্ধের উপরে লোভ পৃথিবীর শক্তিশালী দে শ ও লি র চিরদিনই ছিল, এখনও আছে। এই ঘারপথে বহু শক্ত ভারতবর্ধে প্রবেশ করেছে এবং তাকে বিধান্ত করেছে। আফগানিস্থানের দিকে সতর্ক দৃষ্টি ভাই দ্র অভীতে ভারতে যারা রাজত্ব করেছেন তাদেরও ছিল, আজ যারা রাজত্ব কর্ছেন তাদেরও আছে। যে হিন্দুকুশের পর্বত মা লা আফগানিস্থানের

মেকদণ্ড, তারই প্রাচীর দিয়ে ভারতবর্ধও স্থাক্ষত। এশিরার উপরের দিক থেকে ভারতবর্ধে প্রবেশ ক'র্ভে হ'লে এই প্রাচীর বাধা দেয়। তাই সে সব দেশের পক্ষে ভারতবর্ধকে আক্রমণ করা থুব সহজ্ব নয়। কিছু তা হ'লেও এই প্রাচীরের ভিতরে বে হুর্বল স্থান আছে, অতীতের ইতিহাসে ভারও অজ্ঞ পরিচর ছড়িরে প'ড়ে আছে।
এই ত্র্বল স্থানগুলি দিরেই বহুবার বহিঃশফ্র ভারতবর্ষে
প্রবেশ করেছে এবং ভাদের বর্ষরভার ছাপ আজ্ঞও
ভারতবর্ষে বৃক হ'তে মুছে' বায়নি।

হিন্দুকুশের গিরি-সঙ্কট অনেকগুলি আছে। যারা ভারতকে আক্রমণ করতে চেরেছে তারা এই সব গিরি- এবং প্ৰামের নামই বিশেষভাবে প্রসিদ্ধ। এই সব
গিরিবঅ দিয়ে সীমান্ত প্রদেশ পেরিরে একেবারে
সোজা এসে পৌছানো যায় সিদ্ধুর উপত্যকা ভূমিতে।
সেইজন্ত এই সব গিরিবঅ রক্ষা কর্বার জন্ত অতীত ঘূগে
বহু তুর্গ গ'ড়ে উঠেছিল সভট স্থানগুলির শৈল-চূড়ার।
রাতার রাতার এই সব তুর্গের ভগ্নাবশের এখনো প'ড়ে

আছে। পরবর্তী সমরে প্রামী ধ্রথন আফগানিস্থানের রাজধানী হ'রে ছিল





গ্ৰুনীর রাজপুথ

নিংটের কেনো একটাকে বেছে নিরে প্রথমে এসে প্রথম করেছে কাব্লে; তারপর সেধান থেকে আবার একটা গিরি-সঙ্কট বেছে নিরে প্রবেশ করেছে ভারতে। ভারত-প্রবেশের এই সব গিরি-সঙ্কটের ভিতরে ধাইবার

কাব্লের সওদাগরগণ

তথন আক্রমণের জগু সাধারণত: ব্যবহার করা হ'তো আর একটা পথ। সে পথটা আফগানিস্থানের দক্ষিণ সীমান্তের মাঝামাঝি জারগার গোমালের ভিতর দিরে। হিরাট হ'তে কান্দাহার পেরিরে পারশু সীমান্ত ধ'রেও ভারতে প্রবেশর পথ আছে। কিছু সে পথ যোড়শ শতকের আগে আর বর্তমানে পারশ্যের পূর্বসীমান্ধ ঘেঁসে যে পথ, তাকেই কথনো ভারত-আক্রমণকারীদের হারা ব্যবহৃত হয়নি। সুক্ষিত কর্বার জন্ম প্রত্যেন্ত প্রদেশে বিশেষভাবে সৈভ



আফ্রিদ যোদ্ধা

সমাবেশ করা হয়েছে। কারণ উত্তরের পথগুলি অমর্থাং হিন্কুশের গিরি-সঙ্কটগুলি ভুরক্ষিত করা খুব কঠিন नम् । माट्यत পथछे। मिटम् ७ विश्वतम्ब আশক্ষা অপেক্ষাকৃত কম। কারণ কান্দাহার এবং কাবুলের উপর পুরো **ছা**ধিপত্য না থাক্লে সে পথ দিয়ে ভারতে প্রবেশ সম্ভব নয়! স্বাধীন আফগানিস্থান বা ই রের কোনো শক্রকে সে পথে ভারতে প্রবেশ কর্-বার স্থোগ দিতে পারে না। বিভ কান্দাহার এবং কোয়েটার ভিতর দিয়ে যে পথ ভা ঢের সহজ অধিগ্যা। আর সেইজন্স দক্ষিণের এই পথটার দিকেই নজর একটু অতিরিজ রকমেই ভীক্ষ করা হয়েছে।



বোলান গিরি-সঙ্কট

সর্বপ্রথমে পারশ্র-দস্ম নাদির শাই সম্ভবতঃ সে পথের আফগানিস্থান আজ পুরোপুরিভাবেই মুসলমান ব্যবহার করেছিলেন। রাজ্য। কিন্তু অনুর অতীতে এ রাজ্যটি ছিল হিন্দুদেরই অধিকারে। তথন বর্তমান আফগানিস্থানের বেশীর ভাগই ছিল ভারতবর্ষের অভভূজি। তখন এর নাম ছিল কারের লেখার ভিতর দিয়ে আজও সব হিন্দুর কাছে অমন্ত্র

অপরিচিত নর। কারণ গান্ধারের মেরে গান্ধারী মহাভারত-স্তবতঃ গান্ধার। আমাদের কাছে এই গান্ধার নামটি হ'রে আছেন। আলেক্জান্দার বধন আফগানিস্থান



বোলালে পণ্য-ক্রেভাগণ



কাব্লের দৃত্য

জন্ধ করেছিলেন তথনও সেথানকার বেশীর ভাগ লোকই ছিল হিন্দু। তারপর সমাট অশোকের সময় আফগানেরা গ্রহণ করে বৌহুধর্ম। সপ্তম শতান্ধীতে চীনা পরিবালক হিউল্লেন সঙ্খ্যন ভারত ভ্রমণে আসেন তথনও তিনি আফগানিস্থানে বৌহুধর্মের প্রতিষ্ঠাই বেথ্তে পান। তারপর এলো মুসলমান ধর্মের প্রাবন। সেই প্রাবন

আফগানিস্থানের দৃশ্র

আফগানিজ্বান হ'তে হিন্দুরা ভেনে গিরেছে এবং সেধানে প্রতিষ্ঠিত হরেছে মুসলমানদের রাজত্ব। কিছ মুসলমান হ'লেও, আফগানেরা যে হিন্দুদেরই সগোত্র ভাতে ভূল নেই।

বস্তুত: আফগানিস্থানকে ভারতবর্ধে প্রাচীন কীউতত্ত সমূহের একটা প্রকাণ্ড ভাণ্ডার বল্লেও অত্যক্তি হয় না। এর পাহাড়গুলোর গারে গারে ও সমতল ভূমিতে নানা স্থানে সেই সব হিছ ছড়িরে প'ড়ে আছে। পথের জুর্গমতা এবং স্থানীর লোকদের বর্ষর নৃশংসতা—এদিক দিরে ভথাবিকারের পথে বাধা দিরেছে ব'লেই বর্ত্তমান বৈজ্ঞা-

> নিক অমুসন্ধিৎসার আলো সেওলোর উপরে এতদিনও পড়তে পারে নি। যদি তা পাবত তবে এ কথা নিদংশয়েই প্রমাণ হ'রে বেত বে, সেখানে কেবল গ্রীসীয় শাসনের ও বৌদ্ধ্যপের সভা-তার ভগ্নাবশেষই লুকিয়ে নেই, বৌদ্ধ-পুৰ্ব হিন্দু-সভাতারও বহ নিদর্শন লুকিরে আছে। লাভিকোটালের কাছে বিরাট তুর্গ সমূহের ধ্বংস্তুপ এখনও দেখা যায়। আলেকজান্দার যথন ভারত আক্রমণ করেন তথনও সেগুলি যে সেইখানেই দাঁড়িয়ে ছিল ভাতে সন্দেহ নেই। আলেক্সান্দার সোয়াট এবং কুনার উপভাকার ভিতর দিয়ে তাঁর সৈত পরিচালনার পথ কেন বেছে নিয়েছিলেন, এ সম্বন্ধে আৰু ঐতিহাসিক দেব মনে প্ৰশ্ন কেগেছে। অনেকে মনে করেন যে. সম্ভবতঃ তার একটা কারণ ছিল এই তুৰ্গগুলিই। এই তুৰ্গের বাধা প্রতিহত ক'রে অগ্রসর হওয়া তু:সাধ্য ব'লেই তিনি ৩-পথ বর্জন করেছিলেনা প্রত্ন তাত্তিক পণ্ডিতেরা মনে করেন যে. আফগানিস্থানের ভিতরে বদি ভালো-ভাবে অস্থ্যমান করা যায় তবে এমন সৰ তথ্য আবিষ্ণত হ'বে যা সমস্ত

জগতকে বিশ্বিত ক'রে দেবে। এতদিন সভ্যজগতের ধারণা ছিল—বৌদ্ধুগ এবং ব্যাক্ট্রন মূপের সভ্যভার নিদর্শনগুলোই ভারতের শ্রেষ্ঠ সম্পদ। কিন্তু সম্রাতি বে সব প্রাত্তন্ত্ব আবিহার হ'রেছে, ভাতে শ্রুমে^ন সভ্যভার যে দীপ্তি ধয়া পড়েছে তা ও-ছটো সভ্যভার
দীপ্তিকেও য়ান ক'বে দিরেছে। তেমনি আফগানিস্থানেও
যদি প্রস্থভাত্তিক অস্থসন্ধান চলে তবে তার ফলেও হিন্দুসভ্যভার এমন সব নিদর্শন আবিষ্কৃত হবে বার জ্ঞা
ইতিহাস হরতো আবার নতুন ক'বে নিধ্বার প্রয়োজন
হ'রে পড়বে। এ কথাটা যে অত্যক্তি নয়, তার ইদ্বিতও
পাওয়া গিরেছে এর মধ্যেই। ফরাসী প্রস্থভাত্তিক বিভাগ
এর মধ্যেই আফগানিস্থানে হিন্দু ও বৌদ্ধ শিল্পকগার
যে সব সন্ধান পেরেছেন তার দাম প্রস্থভাত্তিক জগতের
কোনো আবিদ্ধারের চেয়েই কম নয়।

ভারতবর্ধের মভোই এ দেশটিকেও পুন: পুন: বহু বহি:শক্রর হাতে মার খেতে হ'রেছে। আগ্য, তুর্কি, তাতার, গ্রীক, মোগল প্রভৃতি যে জাতই ভারতবর্ধকে আক্রমণ করেছে তারা তাদের অভ্যাচারের নিশানা এঁকেরেথে গিরেছে এই আফগানিস্থানের বুকের উপরেও। এই ভাবেই খুষ্টির শতাকী স্বক্ষ হবার বহু বংসর পূর্বের্ধ আফগানিস্থানের থানিকটে পারস্ত সাম্রাজ্যের অহুর্ভুক্ত হ'রে পড়েছিল। পারস্তের সম্রাট দারাযুস হিরাট, কালাহার, কাবুল অধিকার করেছিলেন। তারপর খুই-পুর্ব ৩২০ সালে এলেন আলেক্জালার। তিনিও অন্ধিত কর্লন হিরাট ও কালাহারের উপরে তার বিরাট বাহিনীর জন্ম-গোরব। আলেক্জালারের পর সেথানে

প্রতিষ্ঠিত হ'লো তাঁর সেনাপতি সেলুকাসের জাধিপতা।
মৌর্যুবংশের রাজা চক্রগুপ্ত তাঁর হাত থেকে কাবুল
উপত্যকা ছিনিরে নিলেন। তার পর থেকে পার্থিয়ান,
সিথিয়ান, ইউ-চি প্রভৃতি নানা জাতির হাতে আফগানিহান মার পেরেছে! নানা হাত ঘুরে আফগানিস্থান এসে
পড়েছিল অবশেষে কুশান রাজাদের হাতে। এই কুশানেরা
দীর্ঘদিন আফগানিস্থানে রাজহু করেছিলেন। কেবল
তাই নয়,ভারতবর্ষের জনেকথানি জায়গাও তারা অধিকারভূক্ত ক'রে নিয়েছিলেন। তাঁরা বৌদ্ধর্ম গ্রহণ করেন।
বিদেশী পরিব্রাজক হিউয়েন সঙ্গ, আল বরুণী প্রভৃতির
গ্রহে এই কুশান রাজবংশের বহু উল্লেখ পাওয়া যায়।
কিন্তু নবম শতানীতে আবার আফগানিস্থানে প্রতিষ্ঠিত
হয় হিন্দুরাজ্য। দশম শতানী পর্যন্ত কাবুল এই হিন্দুরাজবংশের রাজদের ঘারাই শাসিত হয়েছে।

এর পরে আফগানিস্থানে আর কখনো হিন্দুবালার
শাসন প্রতিষ্ঠিত হয় নি। কিন্ধু তা না হ'লেও ভারতবর্ধের
সঙ্গে তার সম্বন্ধ এথানেই যে শেষ হ'য়েছে তাও নম।
সে সম্বন্ধের ভিতরে সময়ে সময়ে যেমন রক্তের কলজের
ছাপও এসে পড়েছে, তেমনি দৈন্তী, প্রীতি ও একত্বের
ছাপও পড়েছে। এর পরের প্রবন্ধে আফগানিস্থানের
এই পরবর্তী ইতিহাস নিয়েই আমি আলোচনা কর্তে
চেটা করব।

তুৰ্কু দ্বি

শ্রীবাম'দাস চট্টোপাধাায়

'ই। থতামার lecture দেবার ক্ষমতা আছে।'
'ঠাট্টা নয়। এটা খুব খাঁটি কথা যে, হুর তাল লয়ে
ভগবানকে পর্যন্ত আকর্ষণ ক'রতে পারা যায়। আজকাল
কতকগুলি অপরিণতবৃদ্ধি কলাবিৎ গান-বাজনাকে ছেলেথেলা মনে ক'রে, তার মধ্যেও fashion চুকিয়ে ফেলছে।'
'কতি কি ?'

থিখেট ক্ষতি আছে। এ'তে মহা অনর্থ হ'তে পারে। পুরাকালে মুনি-ঋবিরা বে মজোচারণ ক'রতেন, মেই ধ্বনির সংক্ষ পরত্রদ্ধের anatomyর অতি নিকট সহদ্ধ ছিল।'

'ওছে। উদরশকরের নাচ দেখতে যাবে।' 'নিশ্চর। তুমি যাবার সময় আমাকে ভেকে নিয়ে

ান-চর। তুম ধাবার সমর আমাকে ভেকে নিং বেও।

'কেমন লাগল' ?'

'মল নয়। তবে কি না---কাঞ্চট ভাল হয় নাই।' 'তা'র অর্থ'

এদেশে বিধুখগু-বিমপ্তিত, তুষারাজ্ঞন গিরিরাজ হিমালদের গঞ্জীর মৃর্জি হ'তেই মহাদেবের রূপের কল্পনা করা হ'রেছিল। এথানে গু-রকম ভাবে শিবতাগুব নৃত্যের অভিনর কর' যুক্তিসক্ষত হয় নাই।'

'প্তহে ! আজ এই পাড়ায় একটি সভা হবে। সেধানে আয়-বিন্তর গান-বাজনাও হ'তে পারে। যাবে ?' 'কোন আপত্তি নাই।'

'কি হে ! এখনি পালাচ্ছ' নাকি ? এই ভ' সবে একটি item হ'রেছে।'

'এদের কি মাথা খারাপ হ'রে গেছে ? ছোট মেরে ছটির এমন স্থলর গলা, এমন নাচ্বার ভণী—কিন্তু গান কি আর খুঁজে পেলে না ?' 'কেন! এগনে ত' আৰক্ষণ দৰ্বজনবিয়ে হ'য়ে গেছে।'

'নিশ্বর হরেছে। যেমন আজকালকার সর্বঞ্চন, আর তেমনি তা'দের প্রির গান। ব'লছি— এর পরিণাম বড়ই শোচনীয় হবে। এই সেদিন উদয়শক্ষরের শিবতাগুর নৃত্য— আজ আবার—

> "প্রকায় নাচন নাচ্কে যথন আমাপন ভূকে হে নটরাজ ! জটার বঁ.ধন প'ড়ল খুকে।"

'কি হে! থবরের কাগজ প'ড়েছ ?'
'এই দেখ !—বিহারে থও-প্রলম। প্রকৃতির তিন মিনিটের প্রলম নাচনে সংস্র সংস্র নর-নারীর জীবন নাশ।
অঞ্জতপুকা ধ্বংদলীলা। হ'ল ত'? ব'লেছিলাম—'

প্রত্যাবর্ত্তন

শ্রীজ্যোতিরিক্রনারায়ণ দিংহ চৌধুরী

গভীর রাতে হঠাৎ জেগে উঠে

দাড়াই যবে বাতায়নের কোণে,
তোমার কথা মনে প'ড়ে সথা

কি এক আবেশ ঘনার আপন মনে।

ম্থের ওপর ব্কের ওপর দিরে

রাতের বাতাস ল্টায় থাকি থাকি,

মনে হয় ঐ তুমিই বৃঝি এলে

মরম মাঝে চরণ-খানি রাখি।
বাতাস তথন কাপোর গাছের পাতা,

কালো আকাশ মাথার ওপর রাজে,
আঁধার কোণে হঠাৎ যেন শুনি

কোমল তোমার চরণধ্বনি বাজে।
রাতের আঁধার ম্থের 'পরে ভাসে,

দ্রের আকাশ তারায় তারায় ভরা,

হঠাৎ ভাবি তুমিই বৃঝি এপে

হারার মাঝে আমার দিলে ধরা।
সভিয় তুমি নেই ত কাছে জানি,

কিন্তু যথন তাকাই আকাশ পানে
দ্বের তারার তোমার চোথের আলো

সোনার মৃতি বহন করে আনে।
না জানি কোন্ ছারাপথের পারে

মিশেরে আছে ভোমার হংয-বাথা,
বোবা আকাশ আছে কেবল চেরে,

ভাষার এসে ঘনার চোথের পাতা।
বাদলরাতে যথন থেকে থেকে

ভোমার থোঁকে আকাশ পানে চাব,

বাদলধারার পরশ আবার পাব।।

নিঠুর মেঘে তোম য় ঢাকে যদি

কৃতিবাসী রামায়ণের সংস্করণ

অধ্যাপক শ্রীনলিনীকান্ত ভট্টশালী এম-এ

১। কৃতিবাসের আবির্ভাব-কাল
বালালা রামায়ণের আদি কবি কৃতিবাস কবে জন্মগ্রহণ
করিয়াছিলেন তাহা লইরা এতদিন নানারূপ বাদাস্থাদ
চলিতেছিল। বর্তমান সনের বলীর সাহিত্য-পরিষৎ
পত্রিকার প্রথম সংখ্যার জ্যোতির্কেন্ত। শ্রীস্ক্র যোগেশচন্দ্র
রার গণিয়া বলিয়াছেন ১০২০ শকে ১৬ই মাঘ তারিধে
(ইংরেকী ১০৯৯ সন—প্রাতন পাজির ১২ই জাহ্রারী)
রবিবার শ্রীপঞ্চমীতে তিনি জন্মগ্রহণ করিয়াছিলেন।
এই গণনার একটু ইতিহাস আছে।

১৮৯৬ প্রীপ্তাবের রায় শ্রীযুক্ত দীনেশচক্র সেন বাহাছর ডি-লিট্ মহাশরের 'বদভাষা ও সাহিত্য' প্রকাশিত হয়। এই গ্রন্থ বর্তমানে একেবারে কাল-বারিত হইয়া পড়িলেও তৎকালে উহার প্রচারে বন্ধীয় সাহিত্যিকগণের মধ্যে একটা প্রবল সাড়া পড়িয়া গিয়াছিল। কারণ রামগতি ফ্রায়রত্ম মহাশরের "বন্ধভাষা ও সাহিত্যে বিষয়ক প্রস্তাবন্ধ নামক গ্রন্থে বন্ধভাষা ও সাহিত্যের ইতিহাস যতথানি আগাইয়াছিল, ডাঃ সেন মহাশরের গ্রন্থ সৌমা পার হইয়া বহু দ্র চলিয়া আসিয়াছিল। সেন মহাশরের গ্রন্থেই বন্ধ সাহিত্যের প্রকৃত প্রাচীন ইতিহাসের স্বাদ বান্ধানী পাঠকগণ প্রথম প্রাপ্ত হয়। এক বছরের মধ্যেই দীনেশ বাব্র গ্রন্থের প্রথম সংস্করণ নিঃশেষ হয়। দীনেশবার্ এই সময় অসুস্থ হইয়া পড়েন বলিয়া বিতীয় সংকরণ প্রকাশে বিলম্ব হয়।

এই বিলম্ব কিন্তু অবিমিশ্র ক্ষতির কারণই হর নাই, নানা দিকে লাভজনকও হইরাছিল। বলীর সাহিত্যিকগণ দীনেশবাবুর পুতক প্রচারের ফলে প্রাচীন পুথির আবশুকতা সম্বন্ধে সতেতন হইরা উট্টিয়াছিলেন। অনেকে নিজ নিজ পরিবারত্ব প্রাচীন পুথি দিয়া অথবা প্রাচীন পুথি হৈতে অংশ বিশেষ উদ্ধৃত করিয়া পাঠাইরা দীনেশবাবুকে সহারতা করিতে আরম্ভ করিলেন। ইংকুছা ও গালি জেলার সীমানার বদনগঞ্জ বলিরা একথাবা প্রাম্মান্ত্র। এই গ্রামে এক নিঃসন্ধান বৃদ্ধ কথক ও গারক

ছিলেন। ইহার নিকটে হাতের লেখা অনেক প্রাচীন পুথি ছিল। ভিনি ঐ পুথিওলি ঐ বদনগঞ্জনিবাসী হারাধন দত্ত ভক্তিনিধি মহাশয়কে দান করেন। ভক্তিনিধি মহাশয় সাহিত্যরসিক ছিলেন, মধ্যে মধ্যে বৈক্ষর সাহিত্য বিষয়ে প্রবন্ধাদি লিখিতেন। বৃদ্ধ কথকের পুথির মধ্যে क्छितामी बाभाइरनत এकथाना পृथि छिन ;-- এই পृथि-থানি কি মাত্র আদিকাণ্ডের পুথি অথবা সপ্তকাঙাত্মক সমগ্র রামায়ণের পৃথি তাহা জানা যার নাই। এই পূথি-थानि ना कि->४२० मकाकाद (১৫०১ औहोत्सद) नकत ছিল। আমরা ঢাকা বিশ্ববিভালরের জ্বন্ত পুথি সংগ্রহের कार्या हां जिम्रा २०१२, २०५०, २०५४, २८२८ हेनामि শকান্দের সংস্কৃত পুথি পাইয়াছি। বনীয় সাহিত্য পরিষদের জন্য বাঁকুড়া হইতে সংগৃহীত শ্ৰীকৃষ্ণ কীৰ্ত্তনের পূথিতে তারিথ নাই সত্য, কিন্তু অক্ষর বিচার করিয়া ঐ পুথি বে অন্ততঃ ১৪০০ শকের কাছাকাছি বইরের নকল, ইহা মতি সহজেই দেখান যায়। হীরেক্রবারু যে পুথিখানা অবলম্বন করিয়া পরিষদের জন্য কৃত্তিবাসী উত্তরকাণ্ড সম্পাদন করিয়া প্রকাশিত করিয়াছিলেন, সেই পুথি-वानिও ১৫०२ मह्कद्र। काष्ट्रहे ১৪२० मकास्वद একখানা রামায়ণের পুথি পাওয়া যাইবে ভাহা কিছুমাত্র আশুর্যা নহে। ভক্তিনিধি মহাশর এই পুথিখানিতেই অধুনা সুপরিচিত ক্তিবাসের আছ্ম-বিৰুদ্ধ পাইয়া দীনেশবাবুকে উহা নকল করিয়া পাঠাইয়া দেন। এই আঅ-বিবরণ দীনেশবাবুর বজভাষা ও সাহিত্যের ছিতীর সংস্করণে ১৯০১ গ্রীষ্টাক্তে প্রথম প্রকাশিত হট্যা সাধারণ্যে পরিচিত হয়।

এই আগ্র-বিবরণেই আছে— আদিত্যবার শ্রীপঞ্চমী পূর্ণ মাঘ মাস।

তথি মধ্যে জন্ম লইলাম ক্ষতিবাস !!

ইং। অবলম্বন করিরা রার মহাশর গণনা আরম্ভ করেন। ১৩২০ সনের পরিষৎ পত্রিকার তিনি যে গণনার ফল প্রকাশিত করেন ভাহাতে দেখা যার, ১২৫৯ শকে ৩০শে মাধ রবিবার শ্রীপঞ্চমী তিথি হইরাছিল এবং ১০৫৪ শকে ২০ দিনে মাথ মাস পূর্ণ হইরাছিল এবং ঐদিনও রবিবার শ্রীপঞ্চমী ছিল। নানা প্রমাণে তখনকার মত ১০৫৪ শক্ষ (১৪০২ গ্রীটাকে) ক্তিবাসের জন্ম শক বলিয়া নিশিষ্ট হইল।

় কিন্তু এই নির্দারণে সমস্ত সন্দেহ মিটিল না। প্রধান আপত্তি, আহাবিবরণ পড়িয়া পরিছার ব্ঝা যায়, যে গৌডেখরের সভার বিলা সমাপনাস্তে কৃতিবাস উপস্থিত হইয়ছিলেন, ভাহা নিশ্চরই িন্দুরাজ-সভা। উহাতে একটিও মুদলমান ফর্ম্মারীর বা মুদলমানী আচার ব্যবহারের উল্লেখ নাই। ধাললায় একমাত্র হিন্দু গৌডেখর রাজা গণেশ ১৩১৯ ও ১০৪০ শকে সমগ্র বাললায় প্রবলছিলেন। কাজেই রাজা গণেশের সভায় ২০ হইতে ৩০ বছর বয়সে কৃতিবাস উপস্থিত হইয়া থাকিলে তাঁহার জন্ম শক ১৩০৯০১০ হইতে ১০১৯২০ শক হওয়া আবিশ্যক।

আর. এক আপত্তি 'পূর্ণ' শক্টিতে। প্রাচীন পূথি বাইরো বাঁটিরা থাকেন তাইরো জানেন, কোন কোন মাসকে 'পূণ্য' বিশেষণে বিশোষত কর। প্রাচীন সাহিত্যের প্রথা ছিল এবং 'পূণ্য' প্রাচীন পূথিতে সর্কাদা 'পূর্গ রূপে লিখিত হর। কাজেই গণনার সহল মাত্র আদিত্যবার এবং প্রীপঞ্চনী।

আমার এই সকল আপত্তি রায় মহাশয়কে জানাইলে তিনি আবার গণিতে বসিলেন। এইবার তিনি গণিয়া বাহির করিয়াছেন, ১০২০শকে রবিবার দিন শ্রীসঞ্চমী ও সরস্বতী পূজা চইয়াছিল। এই শকেই রুত্তিবাসের জন্ম হইয়াছিল বলিয়া তিনি শেষ সিজান্ত করিয়াছেন। কাজেই, বধন রুত্তিবাস ১৯৷২০ বছরের নব্যুবক, তখন তিনি বড় গলা অর্থাৎ মূল গলার (ভাগায়থীর নহে) তীরস্থ রাচ় দেশীয় শুরুগৃহে বিভা সমাপন করিয়া রাজ্যপণ্ডিত হইবার আশায় গৌড়েশরকে ভেটিতে চলিয়াছিলেন। রাজা গণেশ ১০০৯৷৪০ শকে (১৪১৮ খ্রীষ্টাবেণ) এই প্রতিভাশালী ফুলিয়ার মুখটিকে বালালা ভাবায় য়ুয়ায়ণ রচনা করিতে আদেশ করিলেন।

২। কৃত্তিবাদের বংশ-পরিচয়
আত্মবিবয়দে কৃত্তিবাদের নিয়য়প বংশ-পরিচয় পাওয়া
বায়। বলে অর্থাৎ পূর্ববলে দছক নামে এক মহারাজা

ছিলেন; মুখটি বংশের প্রপ্রথম নরসিংছ ওঝা মহারাজা দম্জের পাত্র ছিলেন। বলদেশে 'প্রমাদ' ছওরাতে অর্থাৎ পূর্বে বজে মুদলমান অংক্রমণ এবং দম্জ মহারাজের রাজ্য নই হওরাতে নরসিংহ পূর্ববজ পরিত্যাগ করিয়া গলাতীরে চলিয়া আদিলেন এবং শান্তিপুরের অদ্ববর্ত্তী ফুলিয়া গ্রামে বসতি স্থাপন করিলেন। এই গ্রামের দক্ষিণ এবং পশ্চিম ধার বেড়িয়া গলা প্রবাহিতা ছিল। নরসিংহের পুত্র গর্ভেশ্বরে পূত্র মুরারি, স্থ্য ও গোবিন্দ। মুরারির সাত পুত্র—বন্মালী তাহাদের অন্তব্য। এই বন্মালীর পুত্র ক্রাভ্রবাদ—

মাতার পতিব্রতা যশ জগতে বাখানি।
ছয় সংহালর হৈল এক বে ভগিনী॥
সংসারে সানল সতত ক্তিবাস।
ভাই মৃত্যুঞ্জয় করে বড় উপবাস॥
সংহালর শাস্তি মাধব সর্বলোকে ঘূর্ষ।
শ্রীধর ভাই তার নিত্য উপবাসী॥
বলভত্ত চতুভূক নামেতে ভাস্কর।
আার এক বহিন হৈল সভাই উলক॥
মালিনী নামেতে মাতা বাপ বনমালী।
ছয় ভাই উপজিলাম সংসারে গুণশানী।

কাজেই দেখা যাইভেছে, ক্তিবাদের ছব্ন সংহাদর ছিল—
ক্তিবাদকে ধরিরা সাত যথ:—মৃত্যের, শান্তি, মাধব,
প্রীধর, বলভন্ত, চতুভূজ। অধিকন্ত সংমাএর পর্তজাতা
এক ভগিনীও ছিল,—ভাহার নাম আত্মবিবরণীতে নাই।
গ্রুবানন্দ মিশ্রের মহাবংশে নামগুলি নিয়র্মণে পাওয়া
যার; বথা—

কৃতিবাসা কবিধীমান সামাৎ শান্তি জনপ্রিয়:॥ মাধব: সাধুরেবাসীৎ মৃত্যুঞ্জেরো জয়াশয়:। বলো শ্রীকণ্ঠক: শ্রীমান্ চতুত্ জ ইমে স্তা:॥

(শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্থ প্রাচ্যবিদ্যামহার্থর কর্ত্তক মৃদ্রিত মহাবংশ ৩৫ পৃঃ,—ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগ্রহের 452A, 449A, এবং 2398A নং মহাবংশের হন্তলিখিত পৃথি বারা মৃদ্রিত পাঠ সংশোধিত) উক্ত লোকার্ক ও প্রোক্টি বালালার নিম্নরেপ অনুনিক্তব্য—

"(বনমালীর) এই সকল পুত্র ছিল, বধা কৰি ও

ধীমান কৃত্তিবাস; শাস্ত শভাবের জন্ত জনপ্রির শাস্তি; সাধু প্রকৃতির মাধব, (ভর্কে) প্রতিপক্ষকে জন্মেচ্ছু মৃত্যুঞ্জর, এবং শ্রীমান বল (ভন্ত), শ্রীকণ্ঠ ও চতুর্জ।

আত্মবিবরণ ও মহাবংশ মিলাইলে দেখা যাইবে যে আত্মবিবরণে যাহাকে জীগর বলা হইরাছে—মহাবংশে ভাহাকেই জীকণ্ঠ বলা হইরাছে।

শ্রধানক মিশ্র ১৪০৭ শক্তে মহাবংশ রচনা করেন বলিয়া থ্যাত হয়। দেবীবর ঘটক ১৪০২ শকে রাটায় কুলীন সমাজে যথন মেলবন্ধনের স্ষ্টি করেন, তথন কৃত্তি-বাদের প্রতি। মৃত্যুক্সরের পুত্র মালাধরকে লইয়া মালাধর থানী মেল প্রবর্তিত হইয়াছিল—এই ব্যাপার হইতেও কৃত্তিবাদের সময়ের বেশ একটা ধারণা পাওয়া যায়।

মহাবংশের সহিত আহাবিবরণের কুফিবাস সহোলরগণের তালিকার এই চমৎকার ঐক্য দেখিয়া আহাবিবরণটি
যে অকৃত্তিম, এই ধারণাই হয় । হওাগাক্রমে আহাবিবরণ
যুক্ত এই স্প্রাচীন স্থামায়ণের পৃথিধানি ভক্তিনিষি মহাশয়
কোন দিন কাহাকেও দেখান নাই । তাই, এই
আহাবিবরণ এবং তাহার পৃথিধানি সম্বান্ধ অনেকে
সন্দিহান । শীঞ্ক হীরেন্দ্রনাথ দত্ত বেদান্ধরত্ব মহাশয়
এক পত্তে (তারিখ-৩১শে শ্রাবণ ১৩৩৯) আমাকে
লিধিয়াচেন—

শহারাধন দক্ত মহাশরের নিকট ক্রবিবাসী একথানি অতি জীর্ণ পূথি আছে শুনিরা আমরা পরিষদ হইতে ঐ পূথি সংগ্রহের বহুবিধ চেষ্টা করিয়াছিলাম, হারাধন বাবুর সহিত মৌথিক কথাও হইরাছিল। তিনি দিবেন দিবেন বলিতেন, কিন্তু কখনও (বহু অন্থ্রোধ সত্ত্বেও) ঐ পূথি আমাদিগকে দেখান নাই। তাঁহার আচরণে অবশেবে আমার এই ধারণা হইরাছিল যে পূথির সংবাদ আলীক।"

বহৰিভাবিৎ

এই পুথিধানির থেঁকে করিয়াছিলেন,—ফলাফল তাঁহার
ভাষাতেই বলি—

"বদনগঞ্জে (হারাধন দক্ত) ভক্তিবিনোদের (sic দংশোধ্য) বাড়ীতে পৃথিধানি দেখিতে এক বদ্ধুকে অহুরোধ করি। তিনি নিজে বদনগঞ্জ ঘাইতে পারেন নাই। অপর এক ব্যক্তি ধারা অহুসদ্ধান ক্রাইরা কানাইয়াছেন ···· ৺হারাধন দত্ত ঐ সকল পৃতকের গ্রন্থক শ্রীমতী নগেক্সবালা দাসীকে বিক্রর করেন। * * কিন্তু একপ্রস্থ করিয়া নকল তাঁহার বাটীতে আছি।" সাহিত্য-পরিষৎ পত্রিকা—১৩,৮, ২০ পঃ।

ফিরিয়া আর একবার যথন ভক্তিনিধি মহাশরের বাড়ীতে ঐ নকলের জন্ম অন্সন্ধান করা হয় তথন একটুকরা কাগজও জাহার বাড়ীতে পাওয়া বার নাই।

এই পৃথিধানির জয় আমি নিজে বছ অয়ুসদ্ধান করিয়ছি। ভজিনিধি মহাশয় যে নগেক্সবালা লাগীকে নিজের পৃথিগুলি বিক্রয় করিয়ছিলেন তিনি মুস্তফি পরিবারের বধু ছিলেন এবং নগেক্সবালা সরস্বতী নামে বলসাহিত্যে কিঞিও কবি-খ্যাভিও লাভ করিয়াছিলেন। ইহাঁর স্বামীর নাম ছিল নগেক্সনাথ মুস্তফি। যতদ্র জানিতে পারিয়াছি, ইনি সাবরেজিট্রারের কার্য্য ক্রিতেন। ইনি যখন ভায়মগু ভারবারে ছিলেন তখন ১০১০ সনের বৈশাথ মাসে নগেক্সবালা আত্মহত্যা করিয়া পরলোকগত হন। তাঁহার সংগৃহীত পৃথিগুলির কি হইল, তাহাঁর আত্মী, স্কজনগণের মধ্যে কেইই আমাকে সেই থোঁকা দিতে পারেন নাই।

এই অম্পা পুথিখানি স-নকল এইরূপ শোচনীর রূপে অদৃত্য হওয়ার আয়বিবরণাটি পরথ করিরা লইবার আর কোন উপার নাই। সোভাগ্যক্রমে মহাবংশের সমর্থন ছাড়াও অত্য প্রমাণও মিলিয়াছে, যাহার বলে আর্থাবিবরণটি অক্তন্তিম বলিয়া সিদ্ধান্ত করা যায়। বন্ধীর সাহিত্য-পরিষদের, কলিকাতা বিশ্ববিভালয়ের এবং ঢাকা বিশ্ববিভালয়ের সংগ্রহের কয়েকথানি রামায়ণের পুথিতে আয়বিবরণের অফুরুপ রচনা পাওয়া পিয়াছে, যথা—

১। পরিবদের ১২নং রামারণের আদিকাণ্ডের অসম্পূর্ণ পূথি। কুমার প্রীযুক্ত শরৎকুমার রার কর্তৃক দীঘাপতিয়ার নিকটবর্তী কোন গ্রাম হইতে সংগৃহীত এবং বন্ধীয় সাহিত্য পরিবদে উপহত্ত। আরত্তে বিবিধ বন্ধনার পরেই ক্রতিবাস বন্ধনা আছে—

পিতা বনমালি মাতা মেনকার উদরে।

কর্ম লভিলা কিভিবাদ ছয় সংহাদরে॥

বলভত্ত চতুত্ব অনস্ক ভাম্বর।

নিত্যানক কিভিবাদ ছয় সংহাদর॥

পঞ্চ ভাই পণ্ডিত কিন্তিবাদ গুণদালি।
ত্বানক শাস্ত্ৰ পড়া রচে শ্রীরাম পাঁচালি॥
অনিতে অমৃত ধার লোকেত প্রকাশ।
ক্বালয়াতে বৈদেন পণ্ডিত কিন্তিবাদ॥

২। পরিষদের ১২৪ নং উত্তরকাণ্ডের থণ্ডিত পুথি, প্রাপ্তিস্থান অজ্ঞাত—

কিন্তিবাস পশুত বন্দ্যো সুরারি ওঝার নাতি।

শার কঠে কেলি করেন দেবি সরস্থতী ॥

সুখ্টি বংষে জন্ম ওঝার জগত বিদিত।

ফুলিয়া সমাথে কির্ত্তিবাষ যে পণ্ডিত ॥

পিতা বনমালি মাতা মাণিকি উদরে।

জনম লভিলা ওঝা ছয় সংখাদরে॥

ছোট গলা বড় গলা বড় বলিলা পার।

জ্বথা তথা কর্রা বেড়ায় বিভার উদ্ধার॥

বালিকি হইতে হৈল রামায়ণ প্রকাশ।

লোক বুঝাইতে করিল পণ্ডিত কির্তিবায়॥

হলকাতা বিশ্ববিভালয়ের ১৭১৭নং অবোধ্যা
 কাঙের খণ্ডিত পুথি—

"রাড় দেশ স্থানী জার নাম।
মুখটি বংশেতে জর্ম অতি অস্থপাম।
বাপ বনমালি মা মানকির উদরে।
ছয় ভূজা জান্মিলেন ছয় সহোদরে।
ছোটর বন্দো বড়র বন্দো বড় গলার পার।
জথা তথা করিয়া বেড়ান বিদ্যার উদ্ধার।
রাড়া মধ্যৈ বন্দিপু আচার্য্য চূড়ামণি।
জার ঠাই কির্তিবাস পড়িলা আপুনি॥

৪। ঢাকা বিশ্ববিভালনের K 488নং পুথি। কৃতিবাদী লহাকাও। মন্তমনসিংহ জেলার সংগৃহীত।
মৃত্যাগাছার জমীদার শ্রীযুক্ত কৃষ্ণদাস আচার্য্য চৌধুরী
কর্তৃক অভাভ প্রায় গাঁচশত পুথির সহিত ঢাকা বিশ্ববিভালয়ে উপহত।

চতুর্দিগ ভাগ জানি তুনিয়া নগরী। উত্তর দক্ষিণ চাপি বহে ফুরেখরী॥ মুকুটী বংশে জন্ম সংসারে বিদীত। তথা এ উপজিল কির্তিবাস পতীত॥ বাগ বনমালী মাও মালীকা উদরে।
জন্ম লভিল পত্তীত ছয় সংহাদরে।
মাও মালিকা জার বাপ বনমালী।
সংহাদর ছয়জন সর্বাগুণে জানি॥
সরস কবিতা বাক্য লোকেত প্রকাশ।
ফুলি এল নগরে বাশ হেন কীর্ডিবাশ॥
কির্তিবাশ পণ্ডিতের কঠে অরম্বতী।
ধ্যান করি বলা দেখে শভার আবতি॥

পরিষদের প্রথম পুথিখানি ক্নন্তিবাদের ছয় সহোদরের নাম পর্যন্ত করিয়াছে—বদিও নামগুলিতে নানা বিক্রতি ও ভূল প্রবেশ করিয়াছে। এই পুথিগুলির একথানিও সওয়াশত দেড়শত বছরের বেশী পুরাতন নহে—তথাপি এইগুলিতে পর্যন্ত ক্রন্তিবাদের পিতামাতার নাম, সহোদরগণের নাম ও সংখ্যা মনে রাখিবার প্রয়াস দেখিয়া মনে হয়, বদনগঞ্জের পুথি ও উহার মধ্যে পাওয়া ক্রন্তিবাদের আত্মবিবরণ আলীক নহে। আবার হয় ত একথানি মুপ্রাচীন পুথি হইতে এই আত্মবিবরণটি সম্পূর্ণ পাওয়া বাইবে।

৩। কুত্তিবাসী রামায়ণের সংকরণ

১০৪০ শকান অথবা ১৪১৮ গ্রীগ্রানে ক্তিবাস রামায়ণ রচনা করেন। বাঙ্গালা ভাষায় রচিত অক্ত কোন পুথিই যে এই রামায়ণ অপেকা জনপ্রিয় হইতে পারে নাই, ইহা নি:দকোচেই বলা যায়। দেখিতে দেখিতে এই মনোহর রামকথার প্রতিলিপি অফুলিপি দারা দেশম্য ছডাইরা পডিল--আসামের সীমা হইতে উডিয়ার সীমা প্রাক্ত, চাটগাঁ হইতে রাজমহল প্রাক্ত কুজিযানের রামারণ পঠিত হটতে লাগিল। পাঁচালী গায়কগণ দেশৰয় ক্লুত্তিবাসের রামায়ণ গাইয়া বেডাইতে লাগিল। পুথি সংগ্রহে হাত দিয়া দেখা যার, ক্তিবাসী রামারণের পুথি সর্ববিত্রই প্রচর পরিমাণে পাওয়া বায়। কিছু ক্রভিবাসের পরে আরও করেকজন শক্তিশালী রামায়ণ রচরিতা বালালালেশে আবিভূতি হ'ন, তাঁহালের রামারণও বালালাদেশে চলিতে থাকে। গায়েনগণ গাহিৰার সময় কুলিবাসের ভণিতারই গাহিতেম বটে, কিছু মন্ত রচরিতার ब्रामाबर्गव बनाम ज्याम रहेर्ड ज्याम विस्मय गार्निका সভা ক্ষমাইতে চেটা করিছেন। ফলে, যতই দিন ষাইতে লাগিল, ততই কুদ্ধিবাদী পুথিগুলিতে মিশ্রণ প্রবেশ করিতে লাগিল।

এই প্রক্ষেপের প্রধান উপকরণ কোগাইরাছিলেন পাবনা কোনার অমৃতকুগুা নিবাসী নিভ্যানন। ইইার উপাধি ছিল অস্কুভাচার্যা। ইইার রচিত রামারণ অস্কুভাচার্য্যের রামারণ বলিয়া খ্যাত। বর্ত্তমান দিরাজগঞ্জ-ঈশ্বনি রেল লাইন এই অমৃতকুগুা গ্রামের উপর দিরা গিরাছে এবং উহার উপরস্থ চাটমোহর টেশনটি অমৃতকুগুা গ্রামেরই অন্তর্গত। প্রকৃত চাটমোহর এই স্থানের প্রায় ভিন মাইল উত্তরে।

অভ্তাচার্য্যের আবিভাবকাল আঞ্জিও হির হয় নাই।
রলপুর সাহিত্য-পরিষদে ১১৫১ সনের নকল অভ্তের
রামায়ণের একথানি পুথি আছে। অভ্ত নিশ্চয়ই ইহা
অপেক্ষাও প্রাচীন। তবে কত প্রাচীন, তাহা হির
করিতে হইলে আরও অনুসন্ধান দরকার। সন্তবতঃ
অভ্ত ক্রত্তিবাসের পরবর্তী কবি, কিছু এই বিষয়েও
জ্বোর করিয়া কিছু বলা চলে না। অভ্তের রামায়ণ
এমন কোন পরিচয় কোথাও নাই, যাহা হইতে সিদ্ধান্ত
করা যায় বে অভ্ত ক্রত্তিবাসের রচনার সহিত পরিচিত
ছিলেন। অভ্তের রামায়ণ হইতে বহু মনোরম উপাধ্যান
যে ক্রত্তিবাসে আসিয়া চুকিয়াছে, তাহা প্রমাণ কর।
কঠিন নহে।

১৮০০ এটাকে শ্রীরামপুরের মিশনরিগণ রামারণ মুদ্রিত করিলেন। বালালীরা এই মুদ্রিত রামারণ লৃফিয়া লইল। ঘরে ঘরে উহা পঠিত হইতে লাগিল—কর্মানের মধ্যেই উহা ফিরিয়া ফিরিয়া মুদ্রিত হইতে লাগিল। সেই ১৮০০ এটাকের মুদ্রিত রামারণ এবং বর্ত্তমানে কতিবাদী রামারণ বলিয়া পরিচিত শোভন সংস্করণগুলির যে কোন সংস্করণ মিলাইয়া দেখুন,—আজ সওয়া শত বৎসর ধরিয়া আমরা বালালাদেশে মূলতঃ সেই শ্রীরামপুরী সংস্করণের রামারণই পাঠ করিয়া আদিতেছি, এখানে সেখানে তই চারিটা শক্ষাত্র বললাইয়া লইয়াছি!

মিশনরীগণ যথন রামারণ ছাপিয়াছিলেন, তথন বিভিন্ন পৃথি মিলাইয়া গাঁটি কৃতিবাস উদ্ধারের চেষ্টা তাঁহারা নিশ্চয়ই করেন নাই। তাঁহারা কৃতিবাসী রামারণের যে পৃথি সমৃথে পাইরাছিলেন, ভাষা ও বর্ণবিক্রাস কিঞিৎ মাজিয়া ঘরিয়া অবিকল তাহাই ছাপিয়া দিয়াছিলেন। ১০০০ সনে বলীয় সাহিত্য পরিয়দের প্রতিষ্ঠার হাতের লেখা পৃথির দিকে লোকের নজর পড়িল। প্রথম বংসরের পরিষদ পত্রিকার "করিবাস" প্রবদ্ধে (১৩০১ সন, ৬৫ পৃঃ) শ্রীয়ুক্ত হীরেক্রনাথ দত্ত মহালয় শ্রীয়ামপুরী মৃজিত পুশুক এবং হাতের লেখা করিয়া পৃথি আলোচনা করিয়া দেখাইলেন যে উভয়ের মধ্যে গুরুতর প্রভেদ বর্ত্তমান। ১৩০২ সনে কৃত্তিবাসী য়ামায়ণ উদ্ধারের জন্ম পয়িবৎ "কৃত্তিবাদ রামায়ণ সমিতি" গঠিত করিলেন—হীরেক্রবার্ উহার সম্পাদক হইলেন। ১৩০৭ সনে ইহাদের চেটার এবং হীরেক্রবার্র সম্পাদনে কয়েকথানি পৃথি লইয়া কৃত্তিবাদী অবোধ্যাকাও প্রকাশিত হইল। ভূমিকায় হীরেক্রবারু মন্তব্য করিতে বাধ্য হইলেন—

"পৃথি ও মৃত্রিত পৃত্তকের পূনঃ পুনঃ আলোচনা করিয়া আমার এই ধারণা অনিরাছে বে, অধুনা প্রচলিত বটতলার রামারণের আদেশস্থানীর শ্রীরামপুরী রামারণ বিশ্বাসবাগ্য পৃথি হইতে সংগৃহীত নহে। অতএব প্রচলিত সংস্করণের গোড়ারই গলদ রহিয়াছে। অনেক প্রাচীন পৃথি ও পৃত্তকের মেলন করিয়া শ্রীযুক্ত প্রফুল্লচক্র বন্দ্যোপাধ্যার যে সিমান্তে উপনীত হইয়াছেন, ভাহা কিছুমাত্র অভিরঞ্জিত নহে।"—"এখন বটতলার বাহা কৃত্রিবাসী রামারণ বলিয়া বিক্রের হয়, মৃল কৃত্রিবাসী হইতে তাহাকে সম্পূর্ণ স্বতর গ্রন্থ বলিলে অত্যুক্তি হয় না।"

স্কৃতিবাসী থাঁটা রামায়ণে বছল পরিমাণে আধুনিকতার আবরণ, সংস্কৃতের প্রলেপ, প্রক্রিপ্তের উৎপাত, পাঠান্তরের সমাবেশ, অপ-পাঠের বাছল্য, এবং আদবৈকল্য ও অবরবহানির সংস্পর্শ ঘটিরাছে। পরে এই বিষয়ে আরও আলোচনার কলে আমার দৃঢ় প্রভীতি জন্মিরাছে যে প্রচলিত রামায়ণে এমন কোন এক পংক্তিবিরল, যাহাতে কিছু না কিছু রূপান্তর ঘটে নাই।

ইহার পরে হীরেজ্রবাব্র সম্পাদনে ১৩১০ সনে উত্তর কাপ্ত প্রকাশিত হয়। ভাহার পরে দীর্ঘ ৩০ বংসর চলিয়া গিয়াছে। কলিকাতা ও ঢাকা বিখবিভালরের এবং বন্ধীর সাহিত্য পরিষদের পুথিশালার সহস্র।ধিক ক্তিবাদী পুথি সংগৃহীত হইমাছে—কিন্তু এই বিষম পরিশ্রমদাধ্য কার্য্যে আর কেহ আত্মনিয়োগ করিতে আগ্রসর হ'ন নাই। বলীর সাহিত্য পরিষদের আঞ্জনের আকাজ্জা থাটী কৃতিবাসের উদ্ধারদাধন আকাজ্জাই বহিয়া গিরাছে।

হী রক্সবাব্ বাঞ্চার-চল্তি ক্তিবাসী রামায়ণ সহমে যে এত কড়া কড়া মন্তব্য লিপিবন্ধ করিলেন, ভাহার সত্যই কি কোন কারণ আছে ? বিস্তৃত উত্তর দিতে গেলে অনেক কথা বলিতে হয়। এখানে শুধু আদিকাও হইতে সামাক্ত কয়েকটা উদাহরণ দেখাইব।

কৃতিবাস মহা পণ্ডিত ব্যক্তি ছিলেন—রাজা যথন ভাইাকে বাজালা ভাষার রামারণ রচনা করিতে আদেশ দিলেন, তথন মূলত: তিনি বালীকিকে অসুসরণ করিয়াছিলেন, ইহা ধরিয়া লওয়াই যুক্তিসকত। বালীকির রামারণের আদিকাণ্ডের বিষর-বিস্তাস নিম্নরণ ।—

্ম সর্গ। বাত্মীকি মহামুনি নারদকে প্রশ্ন করিলেন

সংসারে সর্বপ্তিণশালী আদর্শ পুক্ষ কে আছে
উত্তরে নারদ রামের নাম বলিলেন এবং সংক্ষেপে ভাইার
ইতিহাস শুনাইলেন।

২য় সর্গ। বাক্সীকির তমপা তীরে গমন। ব্যাধ কর্তৃক ক্রোঞ্চ বধ। ক্রোঞ্গেশেকে বালীকির মুখে লোকের উৎপত্তি। ব্রহ্মার আগমন এবং ঐ শ্লোকচ্ছদে রামচ্যিক বর্ণনার আদেশ।

তন্ত্র সর্বা । বালাকির বোগাসনে বসিরা ধ্যানধাগে রামের সমস্ত ইতিহাস প্রত্যক্ষীকরণ এবং বর্ণনা। রামারণের অনুক্রমণি।

৪র্থ দর্গ। কুশীলবকে রামায়ণ শিক্ষা দান।
ভপোবনে কুশীলবের রামায়ণ গান ও ঐবণে মুনিগণের
লভোষ। অযোধ্যানগরে যাইয়া কুশীলবের রামায়ণ
গান। রামের আজার রামের সভার রামায়ণ গান—
ভাতাই পরবর্তী রাবণ বধ বা রামায়ণ কাধা।

eম সর্গ। কোশল রাজ্য ও রাজধানী অবোধ্যার বর্ণন।

৬ঠ সর্ব। অবোধ্যার রাজা দশরথের বর্ণন।

৭ম সর্ব। দশরথের অমাত্যবর্ণের বর্ণনা ইত্যাদি।

এই স্থানে বলিয়া রাখা দরকার, অন্তর্গ আরম্ভযুক্ত ক্তিবাদী রামায়ণের করেকথানি স্থাচীন আদিকাণ্ডই পাওয়া গিয়াছে। এখন তুলনায় স্থবিধার কন্ত বাজার-চল্তি ক্তিবাদী রামায়ণের বিষয়-বিস্থাপত জানা দরকার। উহা নিম্নুপ।

- >। नार्वात्रण्य ठावि चःत्म श्रकाम।
- ২। রাম নামে রতাকরের পাপকর।
- একা কর্ক রতাকরের বান্মীকি নামকরণ ও রামায়ণ রচনে বরদান।
- ৪। নারদ কর্তৃক বালীকিকে রামায়ণ রচনায়
 আভাদ প্রদান।
 - ে। চক্রবংশের উপাধ্যান।
 - ৬। মান্ধাতার উপাধ্যান।
- ৭। পুর্য্যবংশ ধ্বংস এবং হরিতের **জন্ম** ও রাজ্যাভিষেক।
 - ৮। রাজা হরিশ্চন্দ্রের উপাথান।

আন্তঃপর ১ হইতে ১৮ প্রসকে সগরবংশের কথাও গঞাবতরণ কাহিনী।

কৌতৃহলী পাঠক যদি একটু পরিশ্রম স্বীকার পুর্ব্ধক এই বিষয়-ভালিকার সহিত বাশীকির রামায়ণের বিষয়-ভালিকা মিলাইয়া দেখেন ভবে দেখিতে পাইবেন যে চন্দ্রবংশ সূর্য্যবংশের কাহিনী আছে আদিকাণ্ডের শেষের দিকে.--রামের বিবাহসভার যেখানে বরপক ক্রাপক পরস্পরকে নিজ নিজ কলের কাহিনী বলিরাছেন। আর. বিশ্বামিত্রের নিজের আপ্রমে বজ্ঞরকাও রাক্স-বধান্তে রামলক্ষণকে লইয়া যথন বিশামিতা মিথিলায় চলিয়াছেন তথন শোণনদ পার হইয়া গলাতীরে আসিয়া তিনি রামলভাকে গভাবতরণ কাহিনী ওনাইয়াছেন। বালীকি রামায়ণে রামের বিবাহসভায় মাতৃউদ্ধার প্রীত জনক পুরোহিত অহল্যাপুত্র শতামন্দ সমবেত জনমওলীকে বিখামিত্র-বশিষ্ঠের বিবাদমূলক করেকটি কাহিনী **खनारेबाट्डन—এरे मटनार्ब कारिनीश्रीम वाकाब-ठन्रि** द्राभावत्, তথা উহার মূল श्रीवामभूती द्राभावत् अटकवाद्यहे বাদ পড়িয়াছে। ক্বতিবাসী আদিকাণ্ডের স্থপ্রাচীন ও विश्वामत्वात्रा श्रृथिश्वनि श्रात्माहमा कत्रितन दम्या बात्र, ঐগুলির বিষয়-বিজ্ঞান বাল্মীকির অন্তর্গ : গলাবতরণ, হুৰ্যাবংশ, চক্ৰবংশ—বিখামিত্ৰ-বশিষ্টের বিবাদ ইত্যাদি কাহিনী উহাতে যথাস্থানেই প্রদন্ত হইরাছে। তথন এই সিদ্ধান্তই কি করিতে হর না—বে "বটতলার রামারণের আাদর্শস্থানীর শ্রীরামপুরী রামারণ বিখাসবোগ্য পুথি হইতে সংগৃহীত নহে। অতথ্য প্রচলিত সংস্করণের গোড়ারই গলদ রহিরাছে গ"

প্রতি সংস্করণের গোড়াতেই বে নারারণের চারি অংশে প্রকাশ শীর্ষক এক বালীকি বহিত্তি আকগুবী প্রদক্ষ রহিয়াছে, উহা কোন প্রচীন কতিবাসী পৃথিতে পাওয়া বাম না। পূর্ববঙ্গের কোন কৃতিবাসী পৃথিতে উহা নাই। এই প্রদক্ষ পশ্চিমবঙ্গীর কয়েকথানি আধুনিক পৃথিতে মাত্র পাওয়া যায়। উহা যে মূল কৃতিবাসে ছিল না, ইহা জোর করিয়াই বলাযায়।

রত্বাকরের কাহিনীটি সম্বন্ধেও গুরুতর সন্দেহ আছে। উহা বালীকিতে নাই, সকলেই জানেন। উহার মূল অধ্যাত্র রামারণের অবেধিয়াকাত্তের ষষ্ঠ অধ্যায়। রাম প্রবাগে ভরত্বাজ আতাম হটরা ভেলা-বোগে যমুনা পার হইয়া চিত্রকৃট পর্বতে বাল্মীকির আশ্রমে উপনীত বালীকি রামকে নানারপ দার্শনিক স্তৃতি হইলেন। করিলেন। পরে বলিলেন—"রামহে, ভোমার নাম-মাহাত্মা কোন ব্যক্তি কিরুপে বর্ণন করিবে ৷ আমি সেই নামের প্রভাবে ত্রন্ধবি হইয়াছি।" এই বলিয়া তিনি নিজের পূর্বে জীবনের কাহিনী বর্ণনা করিলেন। তিনি জনিয়াছিলেন বান্ধণকুলে, কিন্তু শূদ্রা বিবাহ করিয়া শূদ্রা-চারেই রত ছিলেন। ঐ শূদ্রার গর্ভে খনেকগুলি পুত্র জন্মিরাছিল, ভাহাদের ভরণপোষণের জন্ম মুনি দ্যাবৃত্তি আরম্ভ করিয়াছিলেন। (মূনির নাম যে এই সমরে রত্বাকর ছিল, এমন কথা অধ্যাত্ম রামায়ণে নাই। নামটি এক এক পুথিতে এক এক রকম পাওয়া যায়)। একদিন মুনিদত্ম সাতজন ঋষিকে আক্রমণ করার---পাপের ভাগী পরিজনবর্গ হইবে কিনা জানিতে ঋষিগণ ভাহাকে বাড়ীতে পাঠাইয়া দিলেন। কেহ হইবে না জানিয়া মনিদম্যার নির্বেদ উপস্থিত হইল। ঋষিগণ ভাহাকে রাম নাম উন্টাইয়া ম---রা মন্ত্র জপ করিতে বলিলেন। (কেন নাম উন্টান হইল, ভাহার কোন ব্যাখ্যা অর্থাৎ পাপে জিহবা জড হইবার কথা অধ্যাত্ম রামায়ণে নাই। ম--রা দেখিরা সন্দেহ হয়, গরটির উংপত্তি পূর্ব্ববন্ধে)। দ্যামূনি ম—রা জপিতে লাগিলেন -- বনীক ভূপে ভাহার দেহ ঢাকিয়া গেল। সহল যুগ পরে ঐ সপ্তঋষি মৃনিদস্মাকে বল্মীক ভূপ হইতে বাহির করিয়ানাম দিলেন বাল্মীকি।

বান্দীকি নামের এই সক্ষত ব্যাখ্যা দেখিরা মনে হর, গল্পতি একেবারে অসার নহে। কিন্তু রাম নাম উন্টাইরা মরা জপের বিধানে নানা সন্দেহ মনে জাগো। যাহা হউক গল্পতি অন্তুলাচার্য্যের রামারণ হইতে ক্বতিবাসী পুথি-গুলিতে গৃহীত হইয়াছে বলিয়া সন্দেহ ক্রিবার কারণ আছে। খাঁটি ক্রতিবাসী ক্রেক্থানি পুথিতে বান্দ্রীকর দম্যুব্তির কাহিনী মোটেই নাই।

বান্ধার-চলতি রামায়ণের যধন এইরূপ শোচনীয় অবস্থা, তথন খাঁটী কুতিবাস উদ্ধারের চেষ্টা করা যে একাস্ত আবশুক, তাহা আর বিশেষ করিয়ানা বলিলেও চলে। বিভিন্ন সংগ্রহে ক্রতিবাসী রামায়ণের পুথিগুলির এক বিশেষত্ব লক্ষ্যের যোগ্য। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সংগ্ৰহে ৪১৯খানা কুত্তিবাসী পুথি আছে-কিছ প্ৰায় সমন্তগুলিই বিভিন্ন কাণ্ডের পুথি। কচিৎ চুই তিন কাণ্ডে একত্ৰও আছে,—কিন্তু সমগ্ৰ সপ্তকাণ্ডের পুথি একখানাও নাই। বন্ধীর সাহিত্য পরিষদের সংগ্রহও (মোট ক্ষত্তিবাদী পুথির সংখ্যা ১৬২) তদ্মপ,—মাত্র কিছুদিন হয় ত্রিপুরা হইতে ১২১৮ সালের একথানা সপ্তকাণ্ডে সম্পূর্ণ পুথি উহাতে উপহার আসিয়াছে। ঢাকা বিশ-বিভালমের সংগ্রহেও সপ্তকাণ্ডে সম্পূর্ণ একথানিও কুত্তি-বার্সী রামায়ণের পুথি নাই। এই অবস্থায় একদিন देवदार এकशांनि मश्रकार्य मन्पूर्व ১৫१৫ भकांस = > ०৫৫ সনের নকল কুত্তিবাসী রামায়ণ আমার হস্তগত হইল। পরে বিশেষ পরীক্ষায় বৃঝিয়াছি,-এই স্প্রাচীন পুথি-থানিও দোষমুক্ত নহে.-কিন্তু এই পুথিখানি পাইয়াই থাটী ক্রতিবাদ উদ্ধার ক্রিতে পারিব বলিয়া আমার মনে ভরদা কালে। প্রথমে সর্ক্রসাধারণের জন্ম জনপ্রিয় সংস্করণ করিব বলিয়াই কাজে হাত দিয়াছিলাম-কিন্ত ডা: শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যার, শ্রীযুক্ত চারুচক্র বন্দ্যোপাধ্যার, ইত্যাদি বন্ধবর্গের পরামর্শে ও অস্থরোধে এবং বন্ধীয় সাহিত্য পরিষদের ভারার্পণ স্ত্রে বর্তমানে যথাসম্ভব মূল কৃত্তিবাসের উদ্ধারেই ছুই বছরের বেশী দিন ধরিয়া পরিভাম করিতেছি। আদিকাণ্ড সভূমিকা সম্পাদিত হইয়া প্রার বছরেক হয় পড়িয়া আছে,-পরিষদ উহা মৃত্রণর কোন উত্তম করিভেছেন না। স্থলরকাণ্ডও শেষ হুইয়াছে, বর্ত্তমানে উত্তরকাণ্ডের সম্পাদন চলিভেছে। কভদিনে যে এই বিষম পরিশ্রমদাধ্য কার্য্য শেষ করিতে পারিব, তাহার কিছুই নিশ্চরতা নাই।

রোগ-শ্য্যায়

শ্রীকুমুদরঞ্জন মল্লিক বি-এ

5

শ্বাকা ববির উদর দেখে

আনন্দে মোর মন মাতে,
ইচ্ছা করে নৃতন দেশে

নৃতন হয়ে জ্বাতে।

পৌবের নিশির শিশির চাপে

মুম্র্র এই কমল কাঁপে,

আবার যে চার হাদতে যে হার
প্রভাত-কিরণ-সম্পাতে।

₹

পীড়ার যথন অবশ তহু
ফুরার যথন আনন্দ,
মৃত্যু বে অমৃত বিশার

নর কো মোটেই তা মন্দ।
কগ্ন শরীর নরন নীরে
শাবক হতে চার রে ফিরে,
মারের আনন সে চার শুধ্
চারনা গোটা কানন তঃ

9

ঝঞাহত ভগ্নতক
যায় যে খেতে জাফ্রীতে,
শিথিল সুলের কোরক হবার
আকাজ্ঞা সব পাপড়িতে।
মুক্তা যে আর বারে বারে
তারের বাধন সইতে নারে,
সে চার যেতে শুক্তি-কোলে
সাগর-তলে ঝাঁপ দিতে।

8

প্রভিডের মাঝে হারার যে মুধ
পাই খুঁজে আর কৈ তারে,
মন-মাঝি আর বাইতে নারে,
বলে' নে এই বৈঠা রে।

তুকানের এই ভাগান্ হেলা, সাক করে জালোর থেলা জন্ধকারে ফিরছে খুঁজে বাধা ঘাটের পৈঠা রে।

æ

হেথার থাকুক ফুলের বাগান,
সাঞ্চানো এই ঘর বাড়ী,
চলুক ফুলের মরশুমে ভাই
নবীনভার দরবারই।
তুইরে প্রাচীন, তুই বে একা,
ভোর কি হেথায় মানায় থাকা,
নৃতন খেলা পাত্বি রে চল
নৃতন মায়ার কারবারী।

e.

পুরবীতে ললিত মিশে
বাজে যথন ভূল বীণা ;
বিশ্ব যথন নিঃম্ব লাগে
সেথার থাকা চলবেনা।
সাহসহারা তুর্বল ভাই
কোথার আবার নিলবে রে ঠাই ?
নৃতন দেশে নৃতন খরে
মারের স্লেহের কোল বিনা ?

9


বাপ্দা লাগা সজল আঁথি
নৃতন কাজল মাগ্ছে রে।
বৃত্ত্বিত তথা হিয়ার
তাজ ত্যা জাগ্ছে রে।
হতাদরের পরাণ যে ফের
চাইছে গোহাগ মা-মাসিদের;
অনাগতের অমৃত ঢেউ
অধ্ব-কোণার লাগছে রে।

বেলিন ও পট্সড্যাম্

শ্রীনিত্যনারায়ণ বন্দ্যোপাধ্যায়

নকাল ন'টার প্যারী ছেড়ে জার্মাণ রাজ্ধানী বের্লিনমূথো রওনা হোলাম। ট্রেণখানি ধুব জতগামী। প্রথম
এবং দিতীর শ্রেণী ছাড়া অক্ত কোন গাড়ী ছিল না।
ইরোরোপের দিতীর শ্রেণীতে আর আমাদের দিতীর
শ্রেণীতে অনেক্থানি পার্থক্য আছে। আমাদের দিতীর
শ্রেণীতে যাত্রীর স্ক্লভা হেতু হোক বা প্রাধীন মনোবৃত্তির
জল্ল হোক দিতীর শ্রেণীর আরোহীরা যাবতীর মালপত্র
নিজের কামরার মধ্যেই ঠেসে নিয়ে চলেন। এমন

লোকের সলে প্রায় হাঁটু ঠেকে। প্রতি বেঞ্চে চারজনের বোসবার জারগা। বোসবার জারগার মাথার ক্রমিক সংখ্যা দেওরা আছে; এবং জারগাগুলি এমন ভাবে নির্দিষ্ট করা আছে যাতে একজনের বেশী বসা চলে না। কাজেই আমাদের গাড়ীর মত "২৮ জন বসিবার" স্থলে ৬৮ জন বোসতে পার না,—পারেও না। আসনগুলির তলার শীতের জকু হীম হিটার (heater) বা ভাপদারক যন্ত্র আছে। তাপ বেশী, মাঝারী ও কম কোরবার জন্মে



টেম্পল্হফে বিমানপোতাশ্রয়—বের্লিন

ঘটনাও ত্লুভ নয় যে বাড়ীয় ছেলেমেয়ে ঝি চাকরদিগকে তৃতীয় শ্রেণিতে পূরে কঠা বাড়তী জিনিবপত্র নিয়ে বিতীয় শ্রেণিতে চুকলেন। এ ছাড়া সাধারণতঃ যাত্রীর স্কুতা ত্ত্ বিতীয় শ্রেণীর যাত্রীয়া জনেক হলে গোটা কামরাটী এবং প্রায়ই গোটা বেঞ্চী দখল কোরে হাত পা মেলে চলেন। ইন্মোরোপের বিতীয় শ্রেণী সেহিসাবে জনেক ধারাপ। এক একটা ছোট ছোট কামরায় সামনাসামনি তৃটী বেঞ্চ, বোসলে সামনের


একটা হাতল প্রত্যেক গাড়ীতে আছে। তাপ বেনী-কম
করা বা জানলা থোলা বন্ধ করা—সহযাত্রীদের অন্ধ্যন্তি
নিরে তবে করা উচিত। আমাদের এথানে রেগকোম্পানীর একটা আইন আছে বটে যে ধ্মপান কোরতে
গেলে সহযাত্রীদের অন্ধ্যতি নিতে হয়; কিন্তু আইন
অমান্ত আন্দোলন প্রবর্তনের বহু পূর্বেই যাত্রী দল সভ্যবদ্ধ
ভাবে এই আইনটা বরাবরই অমান্ত কোরে আসছে।
ইয়োরোপে অধিকাংশ ক্ষেত্রেই ধ্নপারীদের জন্তে আলাদা

কামরা আছে। সেগুলি ছাড়া অক্স কামরার ধ্মপান করা নিষিদ্ধ। গাড়ীগুলির গদি বনাতের। এ ছাড়া গাড়ীর বারান্দার (Corridors) দিকের কানলাগুলি আবিশ্রক মত পদ্দা দিয়ে বন্ধ করা চলে; এবং শোবার সময় আলো কমিরে দেওয়া যায়। প্রায় দারা ইয়োরোপেই



"ভিকটী কল্ম"— **নৈদুরা মার্চ্চ করিতেছে—বের্লিন**

দেখেছি ট্রে:নর বগাওলি অনেকওলি কামরার বিভক্ত; উঠবার নামবার জন্তে ত্র'প্রান্তে হুটি দরজা আছে। বগীটার আগাগোড়া একটা সরু ঢাকা বারানা। এই



মিউনিসিগাল অপেরা হাউস—বৈনিন বারান্দা থেকেই কামরাগুলিতে ঢোকবার দরজা। দীর্ঘ একটানা ভ্রমণে এই বারান্দার প্রয়োজনীয়তা বোঝা যায়। বোলে বোলে যথন ক্লান্তি ধরে তথন এই বারান্দায় এলে দাঁড়িয়ে বা বেড়িয়ে একটু আরাম গাওয়া যায়।

আমি যে কামরাটীতে এসে বোদলাম, সেটীতে একটা বৃদ্ধ ও বৃদ্ধা এবং একটা তরুণী ও প্রোঢ় চোলেছিলেন। অনেক দূর চুপ-চাপই চোল্লাম হাতের কাগকটার দিকে মুধ গুঁজে। অস্থাস্থ যাত্রীরাও দেই ভাবেই চোলেছিলেন। কিছুক্রণ পর প্রোট্টী আমার পাশের বৃদ্ধটার সঙ্গে অল্প

অন্ধ বাক্যালাপ স্থক কোরলেন। ক্রমে ক্রমে বৃদ্ধাও হাতের বই থেকে মুখ তুলে আলাপে যোগ দিতে লাগলেন। তার পর যোগ দিলেন তরুণীটা। বেশ স্পষ্টই বোঝা গেল এঁরা পরস্পর অং চে নাইছিলেন। যাত্রাপথে এঁদের আলাপ স্থক হোল। কিছুলণ পরে গাড়ীর বারান্দায় মধ্য'হু-ভোজনের ঘণ্টা বেজে উঠল। 'থানা কামরায়' (restaurant car) গিরে আহার পেরে এলাম। আরও কিছুল্প চলার পর বৃদ্ধ আমায় ভালাইরাজীতে কিজ্ঞানা কোরলেন আমি

—'স্পেন ?' ঘাড় নেড়ে বল্লাম "না"।

কোথা থেকে আস্ছি। আমি বল্পানাক করুন'।

'—हेटानि।'

হেলে বল্লাম 'এবারেও হোল না।'

'—ভবে মিশর ?'

বোল্লাম 'এবারেও আপনি ধোরতে পারলেন না। আমি ভারতবর্ধ থেকে আসছি।'

বৃদ্ধ স্বিশ্বরে বো লে ন 'ভারতবর্ষ? গান্ধী এখন কোথার ? তার খবর ত আমরা এখন কিছু পাই না। ভোমাদের আন্দোলন সহদ্বেও ত আর কিছু তনি না। ভোমরা কি হেরে গিরেছ ?'


বোল্লাম 'এখন দেশের বড় বড়

নেতারা সকলেই বন্দী; ভবে দেশের অবস্থা শাস্ত নয়। তোমরা কি ভারতবর্ধ সম্বন্ধে কোন সংবাদই পাও না ?'

তিনি বোল্লেন 'কাগে পেতাম। এখন ভ কিছু পাই না।' চূপ কোরে রইলাম। মনে হোল, আমাদের অভিশাপ এইধানেই;—নিজের দেশের সত্য সংবাদটুকুও বিশ্বজনের কাছে পাঠাবার ক্ষমতা ও উপার আমাদের নাই। কিছুক্ষণের মধ্যেই সহ্যাত্রিনীম্বর ও সহ্যাত্রীটী সেই রুক্ষের মারফতে আমার সচ্চে আলাপ কুরু কোরলেন।

জরুণীটী বৃদ্ধের মার্কতে বার্ত্তা পাঠালেন—আমার কোঁকড়ান চুলগুলি ও চোপ ছটা না কি ভারী স্থলর। ভরুণীর এই অ্যাচিত প্রশংসার একটু বিব্রত হোয়ে পোড়লাম। বৃদ্ধকে বোল্লাম, ওঁর সোনালী চেউ-থেলান চুলগুলি এবং নীল চক্ষু ছটীর কাছে আমাকে হার মানতেই হবে। বৃদ্ধ সে কথা তাঁকে ফ্রামী ভাষায় আর যদি একে (তরুণীকে দেখিয়ে) তুনি বল তবে "তু" বোলবে। বোলেই তিনি হো হো কোরে হেসে উঠলেন। তাঁর হাদিতে স্বাই ব্যাপারটা কি জিলাসা কোরলে: তিনিও সেটা আবার প্নকৃত্তি কোরতে সকলেই নায় তরুণীটাও একসঙ্গে উচ্চকণ্ঠে হেসে উঠলেন এবং ঘাড় নেড়ে জানালেন বুদ্ধ যা বোলেছেন ঠিক।

এর পর আকারে ইপিতে এবং মারফতে মাঝে মাঝে আনেক কথাই হোল। বৃদ্ধ এবং বৃদ্ধা ভূইআনেই ফরাদী। প্রোচ রাশিয়ান, কিন্তু বর্তমানে আর্থাণীরই অধিবাদী। তরুণী বের্লিনবাদিনী—কার্য্য ব্যপদেশে প্যারিশে এসেছিলেন। বৃদ্ধ ও বৃদ্ধা বয়সে বৃদ্ধ হোলেও মনে ভক্কণই



জার্মাণ টাডিয়ামের মধ্যে সাঁতারের পুরুর—বের্ণিন

জানালেন। তকণীটা সলজ্জ হাসি হেসে আমায় কি বোললেন বুঝ্লাম না। বৃদ্ধ বুঝিয়ে দিলেন "ও ভোমার প্রশংসার জন্ত ধভাবাদ জানাচ্ছে।"

আলাপ ক্রমশ: ঘনিষ্ঠতর হোমে এল। আমি কথার কথার জিল্ঞাসা কোরলাম "'তুমির' জার্মাণ প্রতিশব্দ কি ?"

যুদ্ধ বোলেন "সি"। তবে যদি আগ্রীর-বন্ধুদের দলে অর্থাৎ বাদের দলে থনিষ্ঠতা আছে তাদের সদে কথা কইতে হয় তবে "ডু" বলাই তাল। পরে রসিকপ্রবর উদাহরণ দিলেম—এই আমাকে যদি বল তবে "সি"; ছিলেন। এ দেশের একটা বিশেষত্ব চোঝে পড়ল যে, এদের মধ্যে কোন ঢাক ঢাক গুড় গুড় নাই। এরা অভ্যন্ত খোলা-প্রাণ। অপরিচরের সঙ্কোচ আলোচনার গণ্ডীকে সঙ্কীর্ণ কোরে রাথে না। নিজেরা বা ভাবে স্থান্দাইই বলে। এ দেশে সেক্স (sex) বা নীভির মাপমাটী আমাদের দেশ থেকে অনেক তফাং। ট্রেনেরই একটী ঘটনা বলি। কিছুল্লণ একত্র চলার পর রাশিয়ান যুবকটী (আমাদের দেশ হিসাবে প্রোচ্) জার্মাণ তর্জনীর ওপর যে বিশেষ রক্ষে আরুই হোয়ে পোড়লেন, ভাষা না জানণেও বুঝতে দেরী হল না; কারণ প্রেম ভাষার

গণ্ডীতে বন্ধ নয়। প্রথমে অর-খল আকার ইঞ্চিত চোল্লো। পরে ক্রমশঃ বেশ বাড়াবাড়িই স্বরু হোল। যুবকটো তরুণীর হাতে চুম্বন কোরতে বদ্ধপরিকর; কিন্তু তকণী কিছুতেই তা কোরতে দেবে না। অবশ্য এই না দেওয়ার মধ্যে কঠোর প্রতিবাদ ছিল না: আর একট



"ভিটেন্বুৰ্গগাজ"—বেলিন

থেলাবার প্রবৃত্তি ও প্রচ্ছর সমতি ছিল। কাজেই রাশিয়ান ভদ্রলোক একেবারে নাছোড্বানা হোয়ে পোড্লেন। ভক্ষণীটী বিশ্বজিক প্রকাশ কোরে উঠে যাবার জ্বল দাঁড়ালেন। ভদ্ৰলোক অমনি দরজা আগলিয়ে দাঁড়ালেন।



"নোলেনডর্কপ্লাঞ্জ"—পানে "ষ্টাডভান"—ষ্টেদনের মধ্যে ঢুকিডেইছি—বেলিন বোধ হয় বিশ্রী রকম কিছু একটা এতে তরুণী হেদে ফেলে আবার বোদলেন। ভদ্রলোকের বুকের পাটাও বাড়ল। তার পর খুঁটানাটা মান-অভিমানের অনেক পালাই চোলো। শেষে বোধ করি মেরেটার ঠিকানা জানবার জন্তে ভদ্রগোক ব্যস্ত হোরে

পোড়লেন। কিন্তু সে কিছুতেই বোললে না। তখন স্টুটকেসের ওপর ঝোলান কার্ড দেখবার ক্ষন্তে তিনি স্থাটকেশ নামাতে যাবেন: কিছ মেয়েটা তা দেবে না। কাল্ডেই একটা খণ্ড যুদ্ধাভিনয় চোলো। অবশেষে তুল্পনেই পরিপ্রান্ত হোরে বোদলেন। এই প্রেম-লীলার মাঝে

> বুদ্ধ ভদ্রবোকটা বেশ রসিকতা সহ-কারে মাঝে মাঝে কোড়ন দিচ্ছিলেন: এবং একবার এর, একবার ওর পক নিয়ে লডাই কোরছিলেন।

কিছুক্ষণ পরে মেংগ্রী হঠাৎ উঠে দরকার কাছে গিয়ে, ভদ্রােকের দিকে এমন ভাবে চেয়ে হেসে বেরিয়ে গেল, যাব অর্থ-কেমন, হারিয়ে দিলাম ত। ভদলোকও এ পরাজয় সহজে মেনে নিলেন না—ভিনিও উঠলেন। আমরা এ লীলা বেশ

উপভোগ কোরছিলাম। হঠাৎ একটা স্থউচ্চ নারী কর্পের চীৎকারে আমরা ত্রন্ত হোয়ে বেরিয়ে বারানায সে তীক্ষ চীৎকারে গাডীর অভান্ত কক্ষ (थरक अकरन इटि (वित्रिश अमिहन। (मथा शिन,

> রাশিয়ান ভদ্রলোক ও জার্মাণ ভরণীটী পাশাপাশি ছটী জানালার ফাঁকে মুখ লাগিয়ে নির্বিকার ভাবে দাঁডিয়ে। লেভঃ আচন কাৰ মাবেখ জনালেৰ এই নিলিপ্ততাই আদামী ধরিয়ে দিলে। কিছু কোন পক্ষই যথন কোনো অভি-যোগ তল্প না, তথন সকলেই একটু চাপা হাসি ও বিরুক্তি নিয়ে 'নিজের নিজের কামরার ফিরে গেলঃ আসামীধয়ও আমাদের কামরায় এগে বোদলো। ভদ্ৰৰোক ভাৰাভিশয্যে

বাধিয়ে বোদেছিলেন যা ও-দেশের মেয়েও বর্দান্ত ্কোরতে পারে নি ; ভাই চীৎকার কোরে উঠেছিল। এর পর প্রারই মাঝে মাঝে আমাদের কামরার বারালার मिटकत्र काननात्र कोजुरनी काथ मिथा यटक नागन। ভদ্রলোক বিরক্ত হোয়ে জ্ঞানলার পদ্দাটা তাদের চোথের সামনে টেনে দিতেই বাইরে ঘন ঘন দেশলাই জ্ঞালিরে তার প্রতিবাদ জ্ঞানান হোল। কিছুক্ষণ জ্ঞাবার বেশ নিরূপদ্রবেই কাটল। হঠাৎ দেখি বুড়োও বুড়ী (গুড়ীপ্রোটা) উঠে গেলেন। এর কিছুক্ষণ পরে আমিও বাথরুমে যাবার জ্ঞান্তে উঠে গেলাম। বাথরুমের সামনে যে একটু খ্রা-পরিসর জ্ঞারগা বারান্দা থেকে দৃষ্টির বাইরে পড়ে, সেখানে মোড় ফিরে ঘুরতেই দেখি, বুজ বুজা প্রেমসাগরে ভাসমান। বুঝলাম এ গোটা গোরান্দের দেশটাই প্রেমে ভাসছে— জ্ঞাবালব্রুবনিভার মজ্জার মজ্জার

রাত্রি বারটার বের্লিনে গাড়ী পৌছল। বের্লিন সহরে
চটী টেশন। এর মধ্যে 'ক্রেডেরিশ্ট্রাশে' (Freidrich strasse) টেশনটীই বড় এবং সহরের মাঝখানে।
বিভিন্ন দিক থেকে বিভিন্ন দেশের ট্রেন এসে আটটীটেশনের এক একটিতে থামে। কোন কোনটী সহরের
বিভিন্ন অংশে তিন চারটী টেশনেও থামে। প্যারিস থেকেই বের্লিনের ভারতীয় সভ্যের ঠিকানা সংগ্রহ কোরে এনেছিলাম; এবং সভব হোলে এই নবাগত অনাহতে
অতিথিকে অকানা দেশে পথ দেখিরে নিয়ে যাবার অস্তে




চিড়িয়াধানায় স্থীতমণ্ডপ—বেৰ্ণিন

প্রেম থৈ থৈ কোরছে। আমরা এথানে জগাই মাধাই— নেহাতই অনাহত আগন্তক। সসন্মানে সরে এলাম।

সামাস্ত ট্রেণের আলাপে যে জাতের নারী-পুরুষ এত সহজে পরস্পর বিলিরে দেল, সে জাতের নৈতিক মাপকাঠি যে আমাদের হিসাবে থ্বই নীচু, এ কথা মনে করা স্বাভাবিক। কিছু ওদের পক্ষে এটা পুব দোষের নয়,—বরং হামেসাই এই হোরে থাকে। আর পুরুষ ও নারীর সম্পর্কের মধ্যে আমরা ইতটা আবরণ টেনে রাধা প্রায়েজন মনে করি, ওরা ততটা করে না। কাজেই এ ছাপারে ওদের ঢাক ঢাক ওড় গুড় কম। কালো মুখই চোখে পোড়ল না। এর ভেতরে আবার একটা বিভ্রাট বেধেছিল। ফরাসী সীমানা থেকে ভার্মাণ সীমানার যেখানে গাড়ী প্রবেশ করে, সেখানে ভার্মাণ কর্ত্পক্ষ পাশপোর্ট দেখেন ও জিনিষপত্র খানাভল্লাসী করেন। এই সময়ে ভার্মাণীর বিশেষ আইনের জন্তে সীমান্ত প্রদেশেই বিদেশীরা কে কত টাকা নিয়ে দেশে চুকছে ভাও তদন্ত করা হোল এবং তারপর ছাড়পত্র দেওয়া হল। সেই টাকার বেশী কোন বিদেশী মুলা এবং ছুশো মার্কের বেশী জার্মাণ মুদ্রা নিয়ে কারো দেশ থেকে বেরোবার ছুকুম ছিল না। এই ভারগার আমার সজের জিনিষণতা রাজকর্মচারীরা দেখে গেলেন।
আমিও নিশ্চিন্ত হোরে বোসে রইলাম। তথন ধেরাল হর
নাই থেঁ লাগেজে আমার বড় স্টকেশটী দেওরা আছে।
পরীক্ষা হোরে যাবার পর যথন ট্রেণ জার্মাণ সাম্রাজ্যে
চোলেছে, তথন প্রদক্ষ জ্বমে সেটার কথা বোলতেই
সহ্যাত্রীরা বোল্লেন, তাহলে সেটা নিশ্চরই সেই সীমান্ত
টেশনে আটকে রেখেছে। ট্রেণর টিকিট পরিদর্শক
(checker)কে এই সম্বন্ধে বলায়, সে পরের টেশনে
টেলিগ্রাফ কোরে এই সম্বন্ধে থোঁজে ধ্বর কোরলে এবং
জানালে যে স্কটকেশটী সজেই চোলেছে—বেলিনে

তাদের বাছতে লাল ফিতার তারা যে ভাষার অভিজ্ঞ তার পরিচর থাকে। অনেক ট্যাক্সি ড্রাইভারেরও এই রকম তকমা আছে। গভর্ণমেন্টের এই সব লোক ছাড়াও কুক ও আমেরিকান এক্সপ্রেসের দোভাষী প্রায় প্রত্যেক দ্রাগত ট্রেণেই হান্সির থাকে। এথানকার সব ট্যাক্সিই এক রঙ্গের। ট্যাক্সির ভাড়া যাত্রীর সংখ্যা অনুসারে হিসাব যত্রে (meter) ওঠে; অর্থাৎ একই দ্রত্বে একজন গেলে যে ভাড়া উঠবে, ত্লন গেলে তার চেয়ে বেনী উঠবে; এ ছাড়া ভাইভারের পালে যে সব জিনির থাকে তার ভাড়া এবং "টিপ্স" বা বোধ্সিস



আকাশ হইতে বিমানপোত প্রদর্শনী—বের্ণিন

খানাতল্লাসী কোরে ছেড়ে দেওয়া হবে। বোলে রাথা ভাল যে, এই সব খোঁজ খবর কোরে দেওয়ার জজ্ঞ পরিদর্শক পারিশ্রমিক দাবী কোরেছিল ও দিতেও হোরেছিল।

টেশনে নেমে স্টকেশটা থোঁক কোরলাম। জনেক বোরাগুরি জার বোঝা না বোঝার পর এইটুকুই জানলাম যে সেটা এত রাত্তে পাওরার স্থবিধা হবে না। জগত্যা ট্যাক্সিতে জিনিবপত্র চড়িয়ে ঠিকানা বোলে চাপলাম। বিদেশীর জভ্যে বেলিনে বড় চমৎকার ব্যবস্থা জাছে। টেশনের কাছেই জনেকগুলি দোভাষী পুলিশ থাকে। আলাদা দিতে হয়। ট্যাক্সি অল্পকণের মধ্যেই "উলাওট্রাসে" রান্ডায় নির্দিষ্ট নম্বরে এনে হাজির কোরলে। দেখি দরজা বন্ধ এবং সে বাড়ীটের পরিবর্ত্তে পাশের বাড়ীতে লেখা Hindusthan House। ছটা বাড়ীর কোন্টার ছারে করাঘাত কোরব ভাবছি, এমন সময় ১৭৯নং বাড়ী থেকেই একজন কালা আদমী বেরিয়ে এলেন। সেই নির্জন ছিপ্রহের রাজে বন্ধুহীন অপরিচিত দেশে তাকে দেবতা-প্রেরিত দ্তের মতই মনে হোয়েছিল। ইংরাজিতে কিজানা কোরলাম "হিন্দুহান হাউদ কোন্টা বোলতে পারেন ?"

ইংরাজিতেই উত্তর দিলেন 'এইটাই' !

পরক্ষণেই হিন্দিতে বিজ্ঞাসা কোরলেন "কোথা থেকে আসছেন ? এত রাত কেন ?"

আমার সব পরিচয় দিতেই তিনি বোল্লেন "আপনার ভাগ্য ভাল। অফু দিন আমরা এতক্ষণ ভয়ে পড়ি—আজ বোধ হয় আপনার জড়েই জেগে আছি।" তিনি সক্ষে কোরে ওপরে নিয়ে গেলেন।

খরের মধ্যে জানচারেক ভারতীয় বোসে গল্প কোরছিলেন। এদের মধ্যে মি: গুপ্ত এখানকার মালিক। মণি সেনও (মি: সেন নামের বদলে তিনি এই নামেই করে। বিদেশে প্রায় সর্বব্রেই দেখেছি, দেশের লোকের সলে দেখা হোলেই, আলাপে-আলোচনার, কথাবার্ত্তার, ব্যবহারে সক্ষোচের মাত্রা অতি সহজেই কেটে যায়। মনে হয়, বৃঝি আমরা বহুদিনের বয়ু। অন্ততঃ এই আমার নিজের অভিত্তা। সেই রাত্রি থেকেই হিন্দুলান হাউসে থাকবার এবং থাবার বন্দোবন্ত হোরে গেল।

বেলিনে প্রায় নাদখানেক ছিলান। কাজেই দৈনন্দিন ডায়েরীর ফর্দ দিয়ে পাতা এবং পাঠকপাঠিকাদের মন— কাউকেই ভারাক্রাস্ত কোরতে চাই না। যা দেখেছি এবং যা মনে হোরেছে তা সংক্রেপে পর পর বোলে যাই।



পট্নড্যাম্ সহর

পরিচিত) বর্ত্বক্ষের একজন। মিঃ চক্রবর্তী আমেরিকা থেকে বিহাৎ-বিশেষজ্ঞ হোরে এখানকার ডিগ্রীর জন্ত একেছেন। এঁদের সঙ্গেই ভবিন্ততে বেশী মাধানাধি হোরেছিল বোলেই নাম উল্লেখ কোরলাম। এ ছাড়া বছ বিছার্থী, ডিগ্রীপ্রার্থী এবং প্রবাসীর সঙ্গে আলাপের মধােগ হোরেছিল—বাদের সকলের নামােলেখ করা এখানে সন্তব নর। তাঁরা আমাকে দেখবামাক্র অভিশরিচিতের মত বোলে উঠলেন জাারে আফ্রন। বিদেশের দূরত্ব দেশের লোককে অনেকথানি আপন

দর্কপ্রথম নহুরে পড়ে বেলিনের নির্থৃত পরিচ্ছরতা।
এমন ঝরঝরে পরিছার সহর খুব কমই চোখে পড়ে।
এর পরই দৃষ্টি আকর্ষণ করে স্থবিজ্ঞ রাস্তা-ঘাট, দর-বাড়ী,
কাফে, রেই,রাট। প্রশন্ত, পীচ-দেওয়া রাস্তাগুলির ছ্ধারে
রীতিমত চওড়া ফুটপাথ। তার পরে খেকে বাড়ীর
সীমানা। বাড়ীগুলো নিজের নিজের সীমানার শেব প্রাপ্ত
চেপে ওঠে নি। প্রার প্রভাত্যক বাড়ীর সামনেই খানিকটা
খোলা বাগান; তার পর বাড়ী। ব্যবসাকেন্দ্রে কেবল কিছু
ব্যতিক্রম চোখে পড়ে। বাড়ীগুলোর বারানার জানলার

বিভিন্ন ফ্লের গাছের টব সান্ধান থাকে। বাড়ীগুলির বাইরেও বেমন পরিদার ও সান্ধান, ভেতরও তেমনি। এখানকার সাধারণ গৃহস্থের বাড়ী আমাদের দেশের বিশিষ্ট ধনীদের বাড়ীর চেমেও পরিচ্ছন ও স্থবিস্তা। প্রত্যেক বাড়ীরই বাইরে আংটীর আকারে বা বোতামের মত সঙ্কেত-ধ্বনির স্থইচ আছে। সাধারণ বাড়ীতে ভেতর থেকে লোকে দর্জা খুলে দেয়; কিছু বড় বড় বাড়ীতে পাঁচ বা সাত্তলা উপর থেকেই বৈচ্যতিক বোতামের সাহায়ে খাপনা-আপনি দর্জা থোলা হয়।



একটা বিহ্যুৎকারখানার আধুনিক ভবন

এই সৰ বাড়ীর মধ্যে ৮।১০টা অংশ বা ফ্র্যাট (flate)
থাকে। কাজেই সদর দরজা বার বার থলতে আসা সম্ভব
হর না। তাই সেটা অন্তরীক্ষ থেকেই সমাধা হয়। পরে
প্রত্যেক ফ্র্যাটের দরজায় বোতাম টিপলে বা কড়া টান্লে
ভেতর থেকে ঝি এসে দরজা থোলে।

'উন্টারডেন লিন্ডেন' প্রভৃতি বড় রাতা এবং 'ভিটেন বুর্গ প্লাব্ধ' প্রভৃতি ভূগর্ডমানের (underground railway) টেশনগুলি এমন চমংকার গাছপালা দিরে

সাজান যে, রান্তা বা টেশনের বদলে এগুলিকে পার্ক বোলে এম হয়। 'উন্টারডেন্ লিন্ডেন্' বেলিনের একটা প্রধান রান্তা। এর প্রস্থ ১৯৭ ফিট। মাঝখান বরাবর একটা চমৎকার বাগান। তার পর ছই ফুটপাথ; ভার পর এক দিকে যাবার ও অন্ত দিকে আসবার রান্তা। তার পর আবার ফুটপাথ; তার পর বাড়ীঘর।

বেলিনের বুকের ওপর দিয়ে স্থী নদী ও 'ল্যাণ্ডভার ক্যানেল' সর্পাতিতে বোরে চোলেছে। সহরের বুকের ওপর বিন্তীর্ণ 'টিয়ার গাটেন'। পুর্কে বোধ হয় প্রকাণ্ড জ্বল ছিল। এখন গাছপালা পাত্রলা কোরে দেওয়া হোরেছে। ভেতর দিয়ে রান্ডা, ক্যানেল চোলেছে।



উইলহেলম মেমোরিয়াল গির্জা—বেলিন

প্রাতে ও সদ্ধ্যায় স্বাস্থ্যায়েয়ীর দল, স্থাবিভোর তরণ, তরুণীর দল এর শান্ত শীতল তার কোলে বেড়িয়ে বেড়ায়, বোদে গল্প করে। আত্মভোলা হোয়ে স্থা দেখে। এই বিস্তীণ পরিচ্ছয় উপবন পশ্চিমে 'জ্গার্ডেন' থেকে পূর্বের 'উন্টারডেন্ লিঙেন' পর্যান্ত বিস্তৃত। এটা ছাড়া হিণ্ডেনবূর্গ পার্ক, ক্রেন্তার্গ, ক্লিইপার্ক প্রভৃতি আরও করেকটী পার্ক সহরের ইট-পাধরের পাশে প্রকৃতির মৃথের ছাসি স্বরণ করিয়ে দেয়।

প্রত্যেকটা লোকই ব্যস্ত ও কর্মাঠ বলে মনে হয়। ট্রাম, বাস, ভূগর্ভস্থ বৈত্যতিক রেল (underground) ও 'রিংভান' বা 'ষ্ট্যাডভান' এই চার রক্ষের যান সহস্র সহস্র বাত্রী নিয়ে অবিশ্রাম ছুটে বেডাচ্ছে। ট্রাম বাস.


অধীনে পরিচালিত হয়। যেখানেই যাওয়া যাক ২৫ ফেনিস প্রায় চার আনা) ভাড়া। ৫০ ফেনিস দিয়ে টিকিট কিনলে টাম থেকে বদল কোরে ভুগর্ভ-যানে যাওয়া যায়। ানবাহনগুলির মালিক মিউনিসি-গাল্টী; কাজেই প্রতিযোগিতা নাই. অনাবশুক হুডোহুঙি নাই। প্রত্যেকটী বাদ প্রভ্যেক নির্দিষ্ট ক্ষেত্রে (stop এদে দাভার---মিদিট সংখ্যক যাত্রী ভত্তি হোরে গেলে আর যাত্রী নেয়না---চাপলেও নামিয়ে দেয়। প্রত্যেক ভাছে (post) লেখা আছে, **পেথানে কোন কোন বাস আগ**বে এবং কভ সংখ্যক বাস কোথায় যাবে। विनित्त २२६ महिन वाल ७३ है। वाम লাইন আছে। ৪০০০ ট্রাম ৭৪টা বিভিন্ন শাখার প্রায় ৪০২ মাইল इड़िटब **चाह्य। ज़**गर्ज-बात्मब त्रांठी দহরে ৯৪টা টেশন আছে এবং ১১৮৭টা গাড়ী আছে। এ ছাড়া টাভিভানের বা মাটার ওপরের বেলের 🗝 ীটেশন আনছে। প্রতিত মিনিট ম্স্তর এক-একটা টেণ যাওয়া-মানা কোরছে। জার্মানীর সরকারী

বিপোটে প্রকাশ, ১৯০০ সালে B. V. G. কোম্পানী ५२०-, ••• वांबी वहन (कांद्राहा । व शिक বাঝা যাবে সে সহরের লোকগুলো কত বাস্ত ও কাজের শিক। এ-সব ধান ছাড়াও বেলিনে প্রায় ৯০০০ ট্যাক্সি নিবরত রাখ্যা দিয়ে ছটছে। ট্যাডভানের লাইন 🎁 থেকে প্রার একতলা ওপরে সাঁকো ও বাঁধের ওপর

मिट्य शिट्यट्छ। टिम्प्टन्त्र नीट्ड मार्कान, प्राष्ट्र अफिन, লাগেল অফিন, প্রভৃতি; উপরে লাইন। এক লাইন থেকে षक्र गहित्न गांवाद बाला मांगेद नीटा खड़क निटव : पर्शाप "ওভার ব্রিক্লের" বদলে "আগুার ব্রিক্ল।" *টে*শনের 3 जुगर्ज-सान अरू विवाध अष्टिशाला (B. V. G.) छेशव आरहासिक विकित, थ्वरवा कांग्रंक, हरकारमहे,




প্যারিস-প্লাজ--বেলিন




বেভারবার্ত্তা গৃহের নিকট "লিটজেননি"হ্রদ---রের্লিন

निशादार्धेद कन: निर्मिष्ठ मूमा रक्तन मिरन्हे हेलिन জিনিষ আপনা-আপনি বেরিয়ে আসে।

বেলিনের কাফে, রেষ্ট্রেণ্ট, সিনেমা ও নাচ্বরগুলি বেলিনের অভ্তম সৌন্দর্যা ও আকর্ষণ। উইনটার গার্ডেন, রেসিডেন্স ক্যাসিলো, ক্রল গার্ডেন, ফেমিনা রায়োরিটা, ডেলফি প্রভৃতি প্রমোদ-ভবনগুলি প্যারিসের বিখ্যাত বিলাস-মন্দিরগুলির সলে রীতিমত পালা দিরে চোলেছে! ক্রল গার্ডেনে পাঁচ হালার লোকের বসবার লারগা আছে। রেসিডেন্স ক্যাসিনোতে ১০০টা টেবিল টেলিফোন আছে এবং প্রত্যেক টেবিল থেকে অন্ত



টেম্পলহকের উলষ্টিন হাউন—বের্ণিন টেবিলে নলবোগে চিটি পাঠাবার ব্যবস্থা (Pneumatic Mail Service) আছে। প্রত্যাহ চান্ত্য (Tea dance) ও নৈশ ভোকন-নৃত্য (dinner dance) এই ছবার করে



ব্যাণ্ডেনবুৰ্গ ভোড়ল—বেশিন

নাচ চলে। বিকালের চান্ত্যে সাধারণতঃ কেবল বল নাচই হয়। রাত্রে অনেক জায়গায় বল নাচের মাঝে মাঝে 'ক্যাবারে' নাচ ও অভাভ নাচ গান চলে। নাচ-

ঘরগুলি আগস্থকদের চমৎকার পরিচ্ছদ-পারিপাট্যে, আলোছারার মৃত্মুত্ পরিবর্জনের থেলার, বন্ধ-সমীতের নিপুণ সময়রে এক অপরূপ রূপ পরিগ্রাহ করে। কোথাও বলনাচের পর ক্যাবারে নাচের সময় নাচের মঞ্চী (plat-

form) বৈহ্যতিক শক্তিতে অনেকথানি উঠে আসে। স্বামান তকণীরা সজ্জার, ব্যবহারে, চলনে, ভলীতে প্যারিসিয়ান তকণীদিগকেও ছাড়িয়ে যাবার চেষ্টায় অন্ধ-গতিতে ছুটেছে—নাচঘরগুলিতে তার স্ম্পাই প্রমাণ পাওয়া যায়। সেদিন বোধ হয় ভেলফিতে আমি ও বয়ু মিঃ মুখাজি চা থেতে গিয়েছিলাম। বন্ধার নাচতে গেলেন; আমি বোদে বোমে চা ধ্বংস কোরতে লাগলাম। হঠাৎ দেখি, টেবিলের টেলিফোনটা একটা অম্পাই গুলান কোরছে এবং তার পায়ের লাল বাতিটা জোল্চে ও নিব্চে। ফোন্টা

তুলে ধোরলাম "হালো"। কামিনী কঠে উত্তর এলো
"ম্পিক ইংলিশ !" (ইংরাজী বলেন !) বোলাম "ইরেশ"।
বিশিত জাননে তন্লাম "নাচবে জামার সজে !" বোলাম

"কভ নম্বর ভোমার?" হঠাৎ সে কেটে
দিলে। বন্ধু নাচ শেব হোলে টেবিলে
এলেন। তাঁকে সব বোললাম। ভিনিভ
আপ্শোষ কোরে অন্থির; বোল্লেম "প্রথমেই
নম্বরটা জিভ্রেস কোরলেন না কেন?'
এর ঘণ্টা ত্রেক পরে হঠাৎ আবার
টেলিফোন সাড়া দিলে। তুলতেই শুনলার
"গুডনাইট, সুইটহাট"। কিছু বোলবার
আগেই যোগ-শুত্র ছিন্ন হোরে গেল। বুঝলাই
হন্ন ত কেউ ঠাট্টা কোরলে। মন্বে
সান্থনা দিলাম—কোনো অচেনা রুপনী আমা
রূপে, পাগল হোরেছে—বেচারা নিজেপ্রে

ব্যেমিক ! সন্ধ্যার পর নাচ্ছর ও কাফেগুলি লোকে ভর্তি ^{হো} ধার। কারণ সন্ধার এত ভূর্তি আর কিছু ভ হয় ^র পক्कित्मित अथेरे यमि तक रम धवः मित्रा अथ्ये मान-কাঠি হয়, তাহলে সে অধ এখানে মেলে. এ কথা বিনা খিধার বলা চলে। কোনো কোনো নাচখরে দর্শনী দিয়ে ঢুকতে হয়। কোথাও প্রবেশ-মূল্য কিছুই নাই; তবে

গিয়ে বোসলেই কিছু খেয়ে আসতে हरत। धरे मत (बहे ब्रांट है. कारकट छ ও নাচ্যরে সন্ধ্যায় চুকে এক কাপ চা বা এক গেলাস মদ নিয়ে রাত্তি বারটার वा अक्षेत्र ८ वदिस्त प्यांना हरता। রেইরাণ্টে ও কাফেতে নাচের ব্যবস্থা নাই: ভবে চমৎকার বাজনা আছে। এথানকার ছেলে-মেয়েদের এইগুলিই ঘটকের কাঞ্চ করে। ভারা পরস্পার নাচ্চরেই পরিচিত হয় ও পরে হয় ত বিবাহিত হয়। নৈতিক চরিত্রের ধারণা ক্রমশই আমেরিকা ও ইয়োরোপের অক্তান্ত দেলের মত এখানেও শিথিল হোয়ে

আগছে। স্থ্য বিবাহ (Companionate marriage) অনিবাৰ্য্য ফল অরপ তারা আৰু প্রানো স্মাঞ্চের বছ পর্থ্মিলন (trial mating) প্রভৃতির ভক্ত ক্রমশ:ই আইন-কাছন ভেলে নতুন কোরে গড়বার প্রয়োজনীয়তা বাড়ছে এবং বার্ট্র ত্ত রাদেল, লিওদে প্রভৃতির আধুনিক

মতবাদ থব জতগতি ছড়িয়ে পোড়ছে। বিবাহ-বন্ধমের বাইরে ভক্ষণ ভক্ণীরা সঙ্গ স্থা ভোগ কোরতে বিশেষ দ্বিধা বোধ করে না-জন্ম নিয়ন্ত্রণের নবাবিস্থত প্রাগুলি এ-সবের বিশেষ সহায়ক। আমার করেকজন বন্ধর নিজেদের কথায় জেনেছিলাম যে তাঁরা সেধানে অনেক পরিবারের মেরেদের সঙ্গে স্থ্য-স্থ্রে দৈহিক মিলন- সুথ পর্যান্ত নিয়মিত উপভোগ কোৱে থাকেন। অনেকের বান্ধবীর সলেও পরিচিত श्वादिक्षिनांश-- चार्कि वि भि है ঘরের মেরে। নাচ্চরের আলাপে সেই


যাত্রেই বাইরে এসে নির্জনে আমার এক বন্ধকে কোন क्रिगीटक हुचन टकांब्रटक ट्रिंग्टिश अपेह दम मांधांबर ব্যবসাদার প্রেমিকা নয়; কারণ, বাড়ীর অভিভাবকের

ভর তার চোথে মুথে সুস্পষ্ট ছিল। আমাদের পক্ষে এ ধবরটা হয় ত একটা প্রচণ্ড ছ:সংবাদ-অস্থ সুমাল-টোহিতা; কিন্তু ওদের স্মা**ল আ**মাদের স্মালের বর্ত্তমান ন্তর থেকে অনেক এগিয়ে গিয়েছে এবং সেই অগ্রগতির



"লিপজিগার প্লাত"—বেলিনের একটা রাস্তা

অহুভব কোরছে। এ পরিবর্ত্তন ভাল বা মন্দ, এ নিয়ে



कर्क ट्रान्टर मा। कांत्रन गाँर ट्रांक, नमांत्कत व्यवश्रखांदी অগ্রগতির ফলে এ পরিবর্তন অনিবার্য্য হোয়ে পোডেছে। বেলিনের পূলিশ ইয়োরোপের অস্ত দেশের পুলিশের মতই সভ্য ও শিক্ষিত। পথিক কোন কথা জিজ্ঞাসা কোরণেই সে আগো সেলাম বাজিয়ে তবে কথা বোলবে। এরা ভদ্রও খুব। বেলিনের রাস্তার বাজে কাগজপত্র বা ময়লা ফেলা বে-আইনী। থুথু পর্যান্ত কেউ রাস্তার ফেলে বোলে সর্ব্বএই জামরা একটু বিশেষ স্থবিধা পেয়ে থাকি।


বেণিন থেকে প্রায় ৩০ মাইল দ্রে ওরামিয়েনবুর্গ নামে একটা পলীগ্রামে দেখানকার সরকারী গোশালা

দেখতে গিরেছিলাম। বের্ণিনের সরকারী কৃষিবিভাগ থেকে দেখানকার অধ্যক্ষের নামে একটা চিঠি নিয়ে গিরেছিলাম। ট্রেণ থেকে নেমে বাসে অনেকথানি যেতে হয়। সেথানে গিয়ে ফার্ম্মের লোকদিগকে চিঠিট দেখালাম—কিন্তু তারা কি বোলে কিছুই ব্যুলাম না। জার্ম্মাণ ভাষায় মে অতি সীমারদ্ধ জ্ঞান ছিল, তার ঘারাই বোঝালাম 'ভোমাদের

কথা ব্যতে পারছি না, এখানে কি কেউ ইংরাজি বলে না?" সেথানকার সমস্ত লোক দেখলাম জ্মানার জন ছুটোছুটী কোরে বেড়াছে। পরে একজন এমে ইংরাজিতে বোলে "ইংরাজি জানা লোক আসছে।"

বোলাম "এই চিঠি যার নামে তিনি
কোথার? তিনি কি ইংরাজি
জানেন না?" মহিলাটী হেলে
জানাল ইংরাজিতে তার অধিকার
অত্যক্ত অব্ধ; মত কথা দে
বুঝতে বা বোলতে পারে না।
বুঝলাম মামারই জুড়ী। এর পর
ইংরেজী-জানা দেখানকার মধ্যক্লের স্থী এলেন এবং তাঁর স্থামী
অন্ত্রাবস্থার হাঁসপাতালে আছেন
জানালেন ও নিজেই অতি যত্ত সহকারে সব দেখিরে বেড়ালেন।
বের্গিনে কোথাও বিদেশীকে

ঠকাবার চেষ্টা চোধে পড়ে নাই;—দ্রীমে, বাসে,
সর্বত্রই সকলে বিদেশীকে ষথাসাধ্য সাহাব্য কোরে
থাকে। এখানে ভূগর্ভ-যানের শ্রেণীবিভাগ দিতীয়
ও তৃতীয়; প্রথম শ্রেণী নাই। ট্রামের গাড়ী যদিও



জার্মাণ ষ্ট্যাডিয়ান--বের্লিন

না। এ আইন আমি জান্তাম না। একদিন একটা হাণ্ডবিল বা অমনি কিছু বাজে কাগজ রাণ্ডায় পোড়তে-পোড়তে চোলেছিলাম। পড়া শেষে ফেলে দিয়ে এগিয়ে চোলেছি—হঠাং শুনি পেছন থেকে কে চীংকার কোরে



ক্যাণিড্ৰ্যাল—বেলিন

ডাকছে। থাম্লাম। দেখি, একটা পুলিসম্যান সেই হাও-বিলটা কুড়িয়ে এনে সেলাম কোরে হাতে দিয়ে আলোক-হুন্তে আট্কান কাগন্ধ ফেলবার বাক্স দেখিরে বোলে "এটা রাভান্ন ফেলো না, ঐথানে কেল।" বিদেশী জোড়া, কিন্তু শ্ৰেণীবিভাগ নাই। একটা ধুমপানের জন্ত, অপরটাতে ধৃমপান নিষেধ। ট্রেণেও ধৃমপায়ীদের "roucher" (রাউকার) চিহ্নিত আলাদা গাড়ী আছে। বাদের নীচের তলার কেউ দিগারেট

থেতে পার না--ধোঁরার আড্ডা ওপর তলার। সব যানেই প্রত্যেক আসনের নীচে বাষ্পনল (steam pipe) দিয়ে গ্রম রাথবার ব্যবস্থা আছে।

এইবার বেলিনের দুট্রাগুলির মোটাম্টী পরিচয় দিই।

বেলিনের ডাইবা কেন্দ্র বোলতে পারা যায় উটায়ডেন লিভেনের পর্ব প্রান্তকে—যেখানে এই বিখ্যাত বাড়াটী শুটী নদীর প্রথম শাখাটীর দেতৃ "ইলেকটার**দ্ ব্রিঞ্লে"** গিয়ে মিশেছে। এই সেতৃটী পার হোয়েই অনেকগুলি সৌধ চোখে পছে।

ভাইনে একটা বিশালপ্রাসাদ,—বিশ্বতাস ভৃতপূর্ব্ব জার্মাণ সমাট কাইজারের প্রাদাদ। কৌতৃহল হোল, এতবড় একটা সম্রাটের প্রাসাদ দেখবার লোভ দমন কোরতে পারলাম না। ফটকের কাছে গিয়ে দেখি, সিংহলার

উন্নক্ত-প্রহরী নাই। অতীত রা**জ**-বংশের রথচক্রের চরণচিহ্ন ফটকের পাষাণ-বকে এখনও গভীর ভাবে অন্ধিত হোৱে আছে। ভিতরে ছ'টী চহর। প্রথম চহরে চুকতে গেলে কোন দৰ্শনী দিতে হয় না: দিতীয় চত্তরে "প্রাসাদ-যাত্তবরের" (palace museum) প্রার্শ-পথ। তাই এথানে চুকতে গেলে পঞাশ ফেনিস দর্শনী দিতে হয়। এই যাত্রহরে অনেক-গুলি চারু শিল্পের সংগ্রহ আছে। তবে এই সবের


চেয়ে এখানকার দেখবার জিনিষ মদগর্কী শক্তিমান জার্মাণ কক" মাহুবের ছর্কনতার একটা উজ্জ্ব সাক্ষ্য। কাই-

জারকে আমরা হর্দাস্ত অমিততেজা যুদ্ধবিশারদ দেনাপতি বোলে জানি-কঠোর প্রতাপশালী একটা জাতির ভাগ্যনিয়ন্তা হিদাবে জানি-একটা থণ্ড প্রলম্বের স্মগ্রদূত এवः अधिनाग्रक (वाटन कानि। किन्र कानि ना दय अहे



ভারউইনের পূর্বাপুক্ষ—ক্রমণঃ সভ্য হইতেছে চিড়িয়াথানা—বেশিন

আল্লেম্নিরির এক পাশেই একটা প্রকাণ্ড পরকুণ্ড ছিল। এত্রত একটা দায়িত্বজ্ঞানসম্পন্ন অধিনায়ক যে এই বারবেরিণার অসামাক্ত রূপবহিতে পতকের মত ঝাঁপ দিয়েছিলেন দে কথা আমরা জানি না। সমাট কাইজার



বিমানপোত প্রদর্শনীর নিকট বেতারবার্তার বিরাট গৃহ—বের্ণিন

এই বারবেরিণার রূপে মৃগ্ধ- সন্ধ ছিলেন। এর জন্ম শ্রাটের ইতিহাস-অভিত বিভিন্ন কক্ষণ্ডলি। "বারবেরিনা দেশের লোকের বিরাগ, নিজের স্ত্রীপুত্রের অসভোষ সবই তিনি অসংকাচে সহু কোরেছিলেন! এই বিরাট

প্রাসাদের এক একটা কক্ষ জার্মাণ রাজপরিবারের ও গত মহাযুদ্ধের বছ শ্বতি ও ইতিহাসের সঙ্গে জড়িত। এই মৌন প্রাসাদটীতে ঘুরতে ঘুরতে মনে হয়, কর্মশক্তি, পুরুষকার সবই বুঝি মিছে, ভূরো; ভাগ্য ও নিম্নতিই

শক্তি, বর্ত্তমান জাবাসে নিরে মতিই জাসবাবপত্র, সেগুলো

চিড়িয়াথানায় পেসুইনের দল—বেলিন

বোধ হয় প্রবল। আজও কাইজার বেঁচে; তাঁর উপযুক্ত পুত্রেরা সশরীরে বর্ত্মান। সেই প্রাসাদ, সেই কক্ষ, সেই বেলিন স্বই আছে, তবু হতভাগ্য স্মাটের নিজের ভিটেতে ফিরে আস্বার অধিকারটকুও নাই।



थियि होत्र ७ किक्का विश्वान - दिर्निन

বাড়ীর গায়ে দেখবার মত কারুকার্য বিশেষ কিছু
নাই। প্রকাণ্ড পাথরের বাড়ী—বয়সের জভে কালো
হোরে আসছে। সোনালী বারানার বেলিংগুলো লখী-

হীন হোমে শ্লান হোমে আগছে। কাইজারের নিজের যে-সব আগবাবণত ছিল, সেগুলো তিনি তাঁর হল্যাণ্ডের বর্ত্তমান আবাসে নিয়ে গেছেন। কেবল যেগুলো সরকারী আসবাবণতা, সেগুলো এখানে আছে।

এর পাশেই রান্তার অপর
দিকে বিখ্যাত "ক্যাথিড্রাল"।
ক্যাথিড্রালটীর এক দিকে স্প্রী নদী
গা ঘেঁসে চোলেছে, অক্সদিকে
পাথর-বাধান প্রকাও উঠান। এই
বিরাট গীর্জাটী ছাদশ খৃঃ অকে
সেন্ট নিকোলাস তৈরী করেন।
সমস্ত বের্লিনে প্রায় ১০০টী চার্চচ
আছে। এখানে একটী বৌদ্ধ
বিহারও আছে। এইটীর পাশেই
পাশাপাশি Old and new
museums, Kaiser freidrich

museums, German Museum ও স্থবিধ্যাত National gallery। সোমবার ছাড়া অন্ত সব বারেই যাত্বর-গুলি বেলা ন'টা থেকে তিনটে পর্যান্ত খোলা থাকে। সাধারণত: দর্শনী ৫০ ফেনিস। শনি, রবি ও ব্ধবারে

দর্শনী লাগে না। এই বাছ্যরগুলিতে অনেক পুরোন ও নৃত্ন
ভাষর্গ্য, চিত্র ও শিল্পের সংগ্রহ আছে।
Kaiser freidrich museumলীতে
ভাচ এবং ইটালিয়ান চিত্রকরদের
বিভিন্ন যুগের ছবি এবং প্রথম
ক্রিশ্চিয়ান, ইটালীয়ান, জার্মাণ
ইসলামিক ও বাইজানটাইন যুগের
চিত্রকলা সংগৃহীত আছে। জার্মাণ
মিউজিয়মটীর বিভিন্ন অংশে বিভিন্ন
সমরের শিল্পকলার নিদর্শন রক্ষিত
হোরেছে।

ब्रांबाट्यांत्रांटमब्र वै। शांन मिरबरे

বেরিরে গেছে 'কনিগৃশ ট্রাশে'। এই জনবত্ত এবং অপেকারত সকীর্ণ রাভাটি দিরে কিছুদুর এগিরে গেতেই ডাইনে একটা প্রকাণ্ড প্রাসাদোপম লাল রংএর বাড়ী চোধে পড়ে। এটা বের্লিনের টাউন হল। এই বাড়ীটা প্রদক্ষিণ কোরছি, এমন সময় কিসের একটা আওরাজ পেরে মাথার উপর চেরে দেখি একটা ছোট্ট জেপ্লিন উড়ে চোলেছে। Museum-island বা প্রাসাদ ও যাত্তর দ্বীপ থেকে 'উন্টারডেন লিন্ডেন' খোরে কিছু দুর গেলেই ডাইনে


পড়ে বিশ্ববিভালর ও তার পরেই প্রাণিনান স র কারী গ্রহাগার। এথানকার বিশ্ববিভালরটা থেকে বিদেশী ছাত্রগণকে সব রকম সংবাদ সরবরাহ কোরবার জন্মে একটা বিশেষ বিভাগ আছে। এই বিভাগ থেকে করেকটা জিনিব জানবার জন্মে আমি বিশ্ববিভালরে বাই। সেথানে আমার সন্থ-মজ্জিত অন্ত জার্মাণ ভাষার হারা ছাত্রদিগকে আমার বক্তব্য জানানম্ন তারা সকলেই যথাসাধ্য আমার সাহায্য কোরেছিল। একজন তার পড়ার ক্ষতি কোরেও আমার সঙ্গেকে বৈদেশিক বিভাগ খুঁজে কাজ উদ্ধার কোরের দিয়ে-

ছিল। এই বিশ্ববিষ্ঠালয়টীতে ১৪৭৪০টী ছাত্র পড়ে (১৯৩০-৩১ সালের অঙ্ক)। এইটী ছাড়াও টেকনিক্যাল এয়াকাডেমীতে (Techn Hochschule) ৬১০০ জন,

প্রাকাডেমী অফ কমার্সে ১৮৪০ জন, প্রাকাডেমী অফ প্রপ্রিকালচারে ৪০২ জন ছাত্র পড়ে। এই সব প্রতিষ্ঠান ছাড়াও প্রাকাডেমী অফ মিউজিক, প্রকাডেমী অফ সে ক্রেড প্রাপ্ত স্কুল মিউ জি ক (sacred and school music), প্রাকাডেমী অফ আট, স্কুল অফ পলিটিক্যাল সাহেল প্রভৃতি উচ্চ শিক্ষার প্রতিষ্ঠান আছে। এ ছাড়া বের্লনে ১৬০টী সেকেগারী, ৫৮০টী প্রাইমারী ও ২৮টী ইটার মিডিরেট বিভালর আছে এবং বিশেষ বিষয় পড়বার জন্তে উন্যাটটী

মিউনিসিগ্যাল ও ৬০টা সাধারণ বিভালর আছে। বিশ্ববিভালরটাতে একটা ভোজনাগার আছে—বেথানে দরিত ছাত্ররা সন্তার ভাল থাবার পার। প্রাশিরান

গ্রন্থা বিষয় কাছেই বেলিনের অক্সতম প্রধান রান্তা 'ফ্রীড্রিশ ট্রাসে' 'উন্টারডেন্ লিণ্ডেনের' বুক চিরে সমকোণ ভাবে চোলে গ্যাছে। এরই আলে-পাশে অনেকগুলি ছোট বড় রক্ষমঞ্চ আছে। প্রকৃত পক্ষে এইটাই বেলিনের রক্ষালয়-পাড়া। বেলিনে প্রায় ৪৫টা নাট্যশালা ও অসংখ্য




আকাশ হইতে উইলহেলম গিজ্জা ও পার্যবতী বান্ধাসমূহ—বেলিন

নাচ্বর অপেরা প্রভৃতি আছে। সেপটেম্বর থেকে মে মাদ পর্য্যন্ত এইগুলি পুরো দমে চলে। এর পর উন্টারডেন লিঙেনের অপর মাথায় দাঁড়িয়ে আছে প্রকাণ্ড ব্রাণ্ডেন-



টাউনহল হইতে যাত্ত্বর বীপের দৃশ্য—বেলিন

বুর্গ' ভোরণ। এই সুউচ্চ ভোরণটা রান্ডার এক দিক থেকে অপর দিক পর্যান্ত বিস্তৃত এবং বিরাট গোল অন্তের উপর দাড়িরে আছে। এথেনের একটা বিধ্যাত স্থাপত্যের অন্ত্করণে এটা ১৭৮৮-৯১ সালে তৈরী হয়। দোতলা বাসগুলি অনায়াসে এর ভেতর দিয়ে পেরিরে যায়। এর উপরে একটা থাতুময় চার ঘোড়ার রথ G. Schadowর জয়চিহু স্বরূপ স্থাপিত আছে। এইটার কাছেই বিথ্যাত "প্যারিস প্লাজ" এবং এয়াকাডেমী অফ



পার্লামেন্ট-সামনে বিসমার্কের মৃর্ত্তি-বেলিন

শার্টদ। এইখান থেকেই "উইলহেল্ম ট্রালে' বা বের্ণিনের ডাউনিং ষ্ট্রীট বেরিয়েছে। উইলহেল্ম ট্রালের ওপরেই জার্মাণ প্রেসিডেণ্টের প্রাসাদ, চ্যানসেলারএর বাড়ী এবং



হার্ডেনবুর্গষ্ট্রানের সামনে উইলহোম গির্জা—বেলিন

চ্যানসারী ভবন। ব্রাণ্ডেনবূর্ণ তোরণ পার হোয়েই টিয়ার গার্ডেনের সীমানা। এরই এক অংশে "প্লাক্ষ্রভি-রিপাবলিক্ষ্রপার্ক।" এই স্থবিস্তৃত পার্কটার উপর জার্মাণ পার্লামেণ্ট বা রিশ্ট্যাগ' ও'কল্ম অফ ভিক্টী,' (Column of Victory)। পার্লামেণ্ট সৌধটা প্রকাণ্ড বড়—বয়সের জন্ম কালো হোরে এনেছে। সৌধের সামনে ত্রপ্রসিদ্ধ জার্মাণ রাজনীতিজ্ঞ বিশমার্কের একটা প্রন্তরমূর্ত্তি আছে। পার্লামেণ্টের ঠিক সামনেই "ভিক্টী, কল্ম" বা


বিজয়ন্তন্ত। একটা উঁচু বেদী থেকে জয়ন্তন্তী উঠেছে। জার্মাণীর বিভিন্ন যুদ্ধের ইতিহাস এর গায়ে উৎকীর্ণ আছে। কোন বিশেষ উৎস্বাদিতে জার্মাণ সৈক্ষরা এথানে এসে পূর্ব্ব বীরদের প্রতিস্মান দেখায়। "প্লাক্ষডি-রিপাব্লিক" থেকে রান্তা সোজা বেরিয়ে "টিয়ার-গর্টেন ট্রাশেতে" পোড়েছে। এই রান্তাটী প্রকাও চওড়া; পূর্ব্বে এখানকার বিশিষ্ট ব্যক্তিরা এখানে আহা রোহ ণে ভ্রমণ কোরতেন; কাজেই এখানে আহারোহী-দের ও পাদ চারী দের জ্বকে আলাদা

আনাদা রাভা আছে। দেশের অভীত রাজনৈতিক কবি, দার্শনিক প্রভৃতি বিশিষ্ট ব্যক্তিদের মর্মার মূর্ত্তি সমান্তর ভাবে এই রাভাটীর আগাগোড়া শোভা বর্দন কোরেছে। এর

পর পূর্বাঞ্চলে "বেলেভিউ প্যালেস" ছাড়া আর বিশেষ দ্রাইবা কিছু নাই। পশ্চিম অঞ্চলের (West end) দ্রাইবোর মধ্যে "জ্-গার্ডেন" "কাইজার উইলহেল্ল মেনোরিরেল চার্চ্চ" ও প্ল্যানেটেরিয়াম। হিন্দু-ছান হাউদ এই অঞ্চলেই। যারা এথানে আসতে চান তাঁ দের "বানহক্ষ্" বা সারলোটেনবুর্গ ষ্টেশনে নামাই স্থবিধা। যারা পূর্বাঞ্চলে নাম্যই ভ্লানহফ (ষ্টেশন) ক্রিভুল ট্রান্দেতে নামাই স্থবিধা। "বানহফ্স্র" কাছেই জ্-গার্ডেন। এর জার্মাণ উচ্চারণ শ্রুপাটেন। 'জ্বাটিও

প্রাকৃত পক্ষে টিয়ার গার্টেনেরই অন্তর্ভুক্ত। চিড়িয়াখানার মধ্যে একটা এগাকোয়ারিয়াম (Aquerium) আছে। এখানে দর্শনী পুথক দিতে হয়। জু-গার্টেনটা বেশ বড়; সংগ্রহণ্ড যথেষ্ট। হাতী, কিরাফ, বাদ প্রভৃতি গ্রীম-প্রধান দেশের জীব জানোরারও রেথেছে। জনেক জীবই জলের থাল থিরে ছীপ স্বাষ্ট কোরে ছেড়ে রাথা আছে। সন্ধার সমন্ত্র-সিংহ, পিলুইন এবং শীল মাছকে থাওয়ানর দৃশ্ম ভারী কৌতৃককর ও উপভোগ্য। শীলটী মাছের লোভে ল্যাজের উপর ভর দিয়ে প্রান্ত দোজা হোরে দাড়াছিল; আর পিঠের-দিকে স্থাজ্ঞটা নেড়ে রুভজ্ঞতা জানাছিল। পিলুইনেরা থাবারের লোভে রীতিমত মারামারি আরম্ভ কোরে দিছিলেন। এক জারগার কতকগুলো থাঁদা প্যাচা পর্যান্ত গরবাড়ী পেরেছে। হলুমান বাদরদিগকে একটা আলাদা

সেগুলোকে কৃড়িরে নিয়ে যাচেছ, আবার চিৎপটাং হোরে জরে গুঁক্ছে। বোঝা গেল ইয়োরোপে গেলেও ভালুকের লাইফ ইনসিওরের প্রিমিয়াম কমবে না। জনেক মৃৎশিলী ও চিত্রকর এক একটা বিশেষ ক্ষন্তর জ্ববোধের সামনে দাড়িরে তাদের প্রতিমৃত্তি তৈরী কোরছে বা আঁকছে। পশুশালার একটা দিক বেশ সাক্ষান-গোছান এবং আলোয় ভরা। বিকাল থেকেই বাছামঞ্চে একাতান বাছ ফরু হয়। জার দর্শকের দল ক্লান্ত হোরে এসে এখানে বোদে বোদে তাই শোনে। এর ভিতর ছেলেদের বেশবার একটা মাঠ ও ভোক্ষন-মন্দির আছে। পশুশালার কাছেই প্রানেটেরিয়াম (Planetarium)। এর



নিউপণলেস-পট্সভ্যাম্

গরে বন্ধ কোরে রাখা হোরেছে। এখানে একটা আট বংসরের খোক। গরিকার তার পরিচারকের গানে ঠেস দিরে আরাম কোরে বসার ভক্ষী দেখে হাসতে হাসতে পেট ফাটবার কোগাড় হোরেছিল। আর এক জারগার ধেঝি, একটা শিশ্পাঞ্জি দিব্যি টেবিলের উপর বোসে প্রোদন্তর সভ্য সাহেবী কারদার ভিস থেকে চামচ দিরে "মুপ" খালেছ। অভ্য এক জারগার একটা ভালুককে কুত্রিম পাহাড় বানিয়ে বভ দ্র সম্ভব ভার আভাবিক আবহাওরার মধ্যে রাখা হোরেছে। বাইরে থেকে ছেলেরা কুটীর টকরো কেলে দিছে; সে মাঝে মাঝে এসে

দর্শনী সত্তর কেনিস। একটা প্রকাণ্ড গোল কক্ষ, ছাদটা একটা বিরাট খিলান-করা গল্প। ভেতরের আলো খীরে ধীরে সক্ষ্যা ঘনিরে আসার মত কমে আসে এবং সক্ষে মাধার ওপর গল্পত্তর গারে অস্পষ্ট তারার মালা ফুটে ওঠে। ক্রমশ: যতই অক্ষার হোরে আসে ততই তারাগুলো স্পাইতর হয়। ক্রমে ক্রমে মনে হর বুঝি কোন্ এক অস্তবীন বিরাট প্রাস্তবের মাথে অমাবজা রাত্রে দাঁড়িরে। আকাশে চাঁদ নাই; কিন্ত প্রত্যেকটা তারা নিজের নিজের ক্ষেত্রে দাঁড়িরে; এমন কি, ছারাগধ্টী পর্যান্ত স্ক্রান্ত ভাবে ফুটে উঠেছে। এর পর আকাশের গারে দেখা যার একটা উজ্জ্ব তীর এবং ক্ষরুংরের মন্দেই শুনতে পাওয়া যার অধ্যাপকের বক্তৃতা। থবিছা-বিশারদ বক্তা বক্তৃতা এবং তীরের সাহায্যে আকাশের গারে প্রধান প্রধান গ্রহ-নক্ষত্রের নাম, ক্ষেত্র, অবস্থান-ভঙ্গী ও পরিবর্তন বৃথিরে দেন। যা আমরা এখানে পৃথির

পতশালার কাছাকাছি। পৃথিবীর মধ্যে বৃহত্তম ছারাচিত্রশালার অধিকারী বেলিন। আর্মাণীর বিখ্যাত ছারা
ও কথক-বহু-শিল্পা (talkie) উদার (Ufa) নাম
চিত্রামোদী মাত্রেই জানেন। উদার অনেকগুলি নিজস্ব
চিত্রশালা এই অঞ্চলে আছে। এইথানেই প্রবাহ

চৌমাথার উপর দাঁড়িরে স্মাট উইল্হেলােহ স্থতি বৃংক নিম্ন একটা গির্জা।
এটা ১৮৯৫ খৃঃ অবল তৈরী। এখানকার অনেকগুলি বড রান্তা থেকে
এই বিথাতি ধর্মনিদিরটীর স্থটচে চ্ডাগুলি দেখা যার; কারণ, অনেকগুলি
বড় রান্তা এর পারে এসে মাথা
ঠেকিয়েছে। একদিন এইটার কাছ
থেকে একটা রান্তা ধোরে সোলা
হেটে চোলেছি,—রাত্তি তখন প্রায়
ন'টা। প্রবাসে এটা আমার একটা

আকাশ হইতে প্রারিশপ্পান্ধ ও বাতে শর্কা ভোরণ — বেলিন ্রিছে ব থেয়াল ছিল। আজানা অচেনা রাভা পাতার বছরের পর বছর পোরে পোড়েও সঠিক আর্ভ দিরে ঘণ্টার পর ঘণ্টা চোলে যেতাম। তার পর কোনতে পারি না, এখানে মাত্র ঘণ্টা দেড়েকে সে সম্বন্ধ কোনো চেনা রাভা শেতাম ভালোই; নইলে ভূগভ্যান



ক্রি'ছ ক বাহবর—বেলিন

বেশ একটা স্পষ্ট ধারণা হয়। অ'ধীন দেশের শিক্ষা-প্রণাশীই আলাদা,--বিশেষ কোরে জনশিকা।

পশ্চিমের অঞ্লের চিত্রপালা, নাচ্যর, রলমঞ্ পানীয়শালা (cafe) প্রভৃতি বিলাসমন্দিরগুলি সুবই

বা বাদের সাহাযো যথাস্থানে ফিরে আস্ভান। সেদিনও এমনি এঁকে বেঁকে রান্ডার পর রান্ডা পার হোরে চোলেছি.—হঠাৎ একটা মেয়ে এসে আমায় কি বোলে। ঠিক ভার ভাষাটা বুঝলাম না। তবে ভঙ্গীটা বিছু যেন ব্যলাম। তবু আন বুষের ছল কোরেই জামাণ ভাষার বোলাম "ইংরাজি বলি, জাশাণ বুঝি না।" সে ভালা ভালা আধা ইংরালী ও জার্মাণীতে যা বোল্লে তাতে সন্দেহের লেশমাত্র কেটে গেল। হন্হন কোরে এগিয়ে চেলান। রান্তার লোক খুব জন্নই। কয়েক মিনিটের মধ্যে আবার পাশের একটা বাড়ীর দরকা থেকে আর একটা মেয়ে কুন্সী ভঙ্গীসহ অশ্লীল ইন্ধিত জানাল। তাড়াভাডি এগিয়ে কিছুদ্র ষেতেই সামনে চোখে পোড়গ "উইनरश्या स्मातियान ठाउँ। है।क (ছড়ে वैछिनाम —বা'হোক নিরাপদ জারগার এসে পৌছেছি। পরে হিন্দ-স্থান হাউদে বন্ধুদের কাছে যথন গল করি বে আজ খুরতে

গুরতে এক অকানা রাস্তার গিরে পডেছিলাম,—ভার নাম
"ক্লিই ট্রানে," ভার পর হঠাৎ দেখি সামনে চার্চটী, তখন
বন্ধুদের মধ্যে অনেকেই বোলেন "সে কি মশাই, ঐ রাস্তার
একলাই বেড়িরে এলেন—সকী ক্লোটে নি গু" ব্রুলাম ঐ
পাড়াটারই ক্নাম আছে।

টেলিফোনের ঘর আছে। সাধারণ ভাকের ব্যবস্থা ছাড়াও "রুড়পোষ্তু" অর্থাৎ টিউব পোষ্ট বা নদভাক আছে। এর ক্ষতে দক্ষিণা আলাদা। মোটর বা ফ্রেণেনা দিরে এই সব চিঠি নলের মধ্যে পুরে ছাওয়ার জোরে মথান্তানে পৌছে দেয়— ১তে থুব ভাড়াভাভি চিঠি যার।



ওরানজেরী উতান-পট্নভ্যাম্

জু-গার্ডে নর কাছেই "বানহফ জু-টী" (জু-টেশন)ও मृह्छ पृष्टि आदिश्व करत्। नीरहत्र छलात्र धरस्तत्र काशक, বইএর দোকান, গহন', সুটকেশ, ফুলর বড় বড় দোকান, ডাক ও তার্ঘর মুদ্র-বিনিময় বিপণি, মালকামরা (luggage room), পুলিদের আডে — উপরত্তলা দিয়ে রিং ভান বা ট্যাড্ডান চোলেছে। রিংভান ট্রেণ্টা বের্লিনকে গোল কোরে ঘিরে আছে এবং প্রায় বরাবরই মাটার উপরে সহরের রান্ডাথাটের উপর সাঁকো দিয়ে চোলেছে। বড় বড় জংসনগুলিতে উপরে উঠবার সিঁড়িগুলি বৈহাতিক শক্তিতে চোলেছে। সিঁড়ির উপর তথু দাড়ানেই নামিয়ে বা তুলে দেবে। আমাবার ইচ্ছা কোরলে চলা সি ভির উপর পারে চোলেও তাড়াতাড়ি যাওয়া চোলবে। টিকিট অধিকাংশ জায়গাভেই "অটো-मांिक" अर्थाए करन शां अत्रा बात्र। उत्त यनि २६ ফেনিসের ভাশানী না থাকে তাহলে টিকিট-ঘরেও विकिष्ठ (कमा करना।

স্হরের নানা ভারগার ভ্রংক্রের (automatic)

বাইরে থেকে কোনো টেলিগ্রাম এলে, টেলিগ্রাম পাঠাবার আগেই সঙ্গে সংস্ক টেলিফোনে সে সংবাদ দিরে ছার। পরে কাগজে লেখা সংবাদি আসে। ডাক্তরপুরি



সারলোটেনবুর্গ কবরস্থান

সাধারণত: দকাল ৮টা থেকে রাজি ৭টা পর্যান্ত খোলা থাকে, এবং রবিবার দিন সকাল বেলা ৮টা থেকে ৯টা পর্যান্ত এক ঘণ্টা থোলা থাকে। নল-ডাকে রাজি দশ্টা পর্যান্ত চিঠি দেওরা চলে। রেলওরে টেশনগুলিতে সারা দিনরাত্রি টেলিগ্রাম করা চলে। কার্মাণীর বাইরে থামের ডাকমান্তল সাধারণতঃ (২০ গ্রামে) ২৫ ফেনিস এবং পোইকার্ডে ১৫ ফেনিস। আর বেলিনের মধ্যে চিঠিপত্র ৮ ফেনিস। টেলিফোন মান্তল ১০ ফেনিস। অর্থাৎ ভারতবর্ষের চেয়ে এই সবের দক্ষিণা কমই।


আনি যখন বেলিনে ছিলাম, তথন সেখানে একটা প্রকাণ্ড LUFT DELA অর্থাৎ বিমানপোত-প্রদর্শনী চোল্ছিল। রিংভানে চোড়ে কয়েক জায়গার গাড়ী বদল কোরে দেখতে গেলাম। এক মার্ক দর্শনী। আমি



ফ্রিডিক দি গ্রেটের তৈল্চিত্র

না জানার ছ' মার্ক দিয়েছিলাম; এক মার্ক ফেরং দিলে।
প্রকাণ্ড জারগা জ্ডে প্রদর্শনীটা বোদেছে। এর বৈশিষ্ট্য
এই বে, এক বড় প্রদর্শনীটা কেবল বায়্যান সম্বন্ধেই।
আমাদের মতন "কচ্বাদা" অর্থাৎ জগা-থিচ্ডী নর; বা
আনন্দচক্র (Joy wheel), জ্য়া ও হয়েক রকম প্রলোভন
দিরে দর্শক আকর্ষণের ব্যবস্থা নেই। তব্ ভিড় বথেইই।
প্রদর্শনীর প্রথম কক্ষ্টীর মাঝ্যানে নানা রক্ষের বিভিন্ন
আকারের ও শক্তির ব্যাম্যান রাধা আছে। চার্থাবের

অনিল (gallery) গুলিতে প্রাচীন পুঁথি, বই, ছবি ও নমুনা (model) দিরে পূর্বেকার লোকদের ওড়ার কয়না এবং পরে মান্ন্র যে যে ভাবে উড়তে চেটা কোরেছে এই সবের ধারাবাহিক ইতিহাস আছে। এই প্রদর্শনীতে যতগুলি বিমানপোত রাধা ছিল, তার সবগুলিরই অবয়ব (body) ও যন্ত্রাদি (engine) যে-কোন দর্শক নেড়েচেড়ে দেখতে পেত। বিভিন্ন কোম্পানী তাদের বিভিন্ন রকমের ব্যোম্বানের যন্ত্রাদি বেচবার জন্ত দোকান




ইতিহাদ বিশ্বজ়িত জীণ "উইওমিল"—পট্দড্যাম্

ভাড়া নিয়েছে। কেউ কুয়াসার মধ্যে বায়্যান-চালকের চশমার যাতে বালবিন্দু জোমে দৃষ্টি অবরোধ না করে, ভারই পেটণ্ট ঔষধ বেচ্ছে। কোধাও য়াইডার অর্থাৎ যত্রশক্তিবিহীন আকাশ্যান বিক্রী হোছে। এগুলিকে অন্ত কোন যত্রযুক্ত ব্যোম্যানের বা মটরের পিছনে দড়ি দিয়ে বেঁধে দিভে হয়; এবং ব্যোম্পথ-বিহায়েছে ব্যক্তি ভার মধ্যে চালন-চক্র হাতে নিয়ে বোসে খাকে। পরে যথন বেশ গতি লাভ করে, তখন সামনের হুক্টীর মুখ খ্লে

্দিলেই অপর বানটীর সক্ষে সম্পর্ক ছিল্ল হোয়ে যায়। তথন স্বস্থা কিছুর দোকান ছিল না। আন্তর্জাতিক ব্যোমপথের "aাইডারের" গতি, চালকের কৌশল ও বাযুহুরের নক্সার ও ভাড়া বলবার জল্পে একটা সরকারী দপ্তর

ভকত্বের ওপর নির্ভর কোরে এগুলি আকাশে উড়তে ছিল। একটা প্রকাণ্ড হলে কি ভাবে এরোপ্লেনের




আকাশ হইতে নিউপ্যালেস—পট্সড্যাম্

খাকে। সাধারণতঃ ৪:৫ ঘটা অনায়াসে ওড়ে। এই প্রত্যেকটা অংশ তৈরী হয় তা হাতে-কলমে তৈরী কোরে গ্রাইডারে ওড়ার সর্ব্বাপেকা অধিক "রেকর্ড" বোধ হয় ৪৫ দেখাছিল। এরোপ্নে-গুলির শরীর অভ্যন্ত পাতলা। গটার ওপর। এখানে তুই-মাসন-বিশিষ্ট একটা "এরো- যথাসম্ভব পাতলা কাঠের কাঠাম এবং পাথাওলো


প্রেনের" দাম কিজাদা কোরলাম: ভনলাম ৫৯০০ মার্ক (প্রায় অত টাকা)। মাইডারের ধাম প্রায় ৫০০ মার্ক। এইগুলি লম্বা-চওড়ায় ও আকারে সভ্যকার এরোপ্লের মতই। "সিল্লেন," "মোনোপ্লেন" প্রভৃতি এবং মাথার উপর প্রপেলারওয়ালা ট্যাকের (Tank) আকার বিশিষ্ট, স্থান্ধ হীন প্রভৃতি নানা রকমের এরোপ্লেনে প্রদর্শনীটা ভর্তি। কি ভাবে ভুগ নামার ফলে এরোপ্লেন ধ্বংস হয়, কি ভাবে প্যারাস্থটে নামতে হয়, রাত্রে चात्नां क्यांनां श्र कि छोत्व मत्व ह इ.-- ध ^{স্মত্ত} সভাকার জিনিস দিয়ে বোঝান **আছে**।

এখানে বে ক্ষেক্টী দোকান বোসেছিল, স্বগুলিই



রান্তার উপর তোরণ—পট্নড্যাম্

ক্যান্থিশের মত এক রকম কাপড় দারা নির্মিত : অর্থাৎ यथामञ्चय रामका। धरे अर्फेट त्यांथ रम थाका नागरनहें আনরোপ্রেনে এত শীগ্গির আনগুল ধরে যায়। বিজ্ঞানের আন্নোরভির যুগে অবেখা এখন ৪০ ৫০ জান যাত্রীবাহী বড় বড় বেয়ামযানও তৈরী হোছে। প্রদর্শনীর মধ্যেই একটী ছিল প্রকাণ্ড উচু বেভারবার্তা সরবরাহকারক গৌহতত।
এই শুভূটীর উপর তুলার ইফেল টাওয়ারের মৃত মাটা
থেকে ১৭৭ ফিট উ দ্ধি একটা 'রেই,রাণ্ট' আছে। এর



উন্টারডেনলিওেনে ফিছিক দি গ্রেটের প্রতিমৃতি ভোজনাগারে মধ্যাহ্নভোজন সার্লাম। এই প্রদর্শনী-ক্ষেত্রীর আয়তন ছিল १৫০,০০০, বর্গফুট। এর বুকেই

কাছেই জগতের বৃহত্তম
বেতারবার্তাসরবরাহ কেন্দ্র।
এখানে হিন্টী টুডিও
আছে। বাড়ীটার সামনের
নৈর্ঘা ৪৯২ ফিট। প্রদেশনীটা
দেখবার পর এরো প্লেন
সক্ষেরে মোটামুটি বেশ একটা
জ্ঞান হয়। এই রকম সব
প্রদর্শনীর সাহাযো ওরা
বিজ্ঞান কে জনসাধারণের
মাঝে এমন কোরে ছড়িয়ে
দিতে পেরেছে। এই সং


সরকারী প্রচেষ্টার ফলেই ওদের সারা দেশ এত বৈজ্ঞানিক হোরে উঠেছে। এর পর একদিন বেলিনের স্বচেয়ে বছ বিমান-পোতাশ্রম "টেম্পলহফ" (Templehof) দেখতে গিয়েছিলাম। প্রবেশ-মূল্য ২০ ফেনিদ। প্রকাণ্ড বছ ম্মদানের এক দিকে কার্যালয়, ভোকনাগার, বিমান-পোতাশ্রম, আলোক-সঙ্কেতের শুন্ত, ঘর-বাড়ী। অসূ তিন দিক খোলা। মাঠর মাঝখানে প্রকাণ্ড বড বড জগরে লেখা BERLIN! মাঝে মাঝে মাঠের মাঝথানে এক একটা বোমের আওয়াজ হোচ্ছিল:--বোধ হয় সংস্কৃত-ধ্বনি। অনেক এরোপ্রেন যাওয়'-আসা কোরছিল। কোনো কোনোটা মাত্র কয়েক মিনিটের জ্বন্থে ^{থেমে} চিঠিপত্র দিয়ে বা নিষে পেট্রল ভরে আবার চোলে যান্তিল। একটা এরোপ্রেন কংনও সোজা হোয়ে মাটীর সঙ্গে সমকোণ কোরে, কথনও সম্পূর্ণ পাশ ফিরে, কখনও হিৎ হোরে উভ্ছিল। আবার কথনও অনেক উঁচু থেকে মাটার দিকে নাক ঠুকে, পোড়তে-পোড়তে, ওলট-পালট থেতে-থেতে, দর্শকদের মধ্যে আতত্ব জাগিয়ে তু^{লে,} পরক্ষণেই আবার সোজা হোরে উঠে যাচ্ছিল। এথানকার সমস্ত এরোপ্রেনের সামনে একটা কোরে পাথা দেওলাম। মাঠটার চারি দিকে অনেকগুলি উচ্চভাবী বঙ্গের (loud speaker) সাহাব্যে ব্যাতের বাজনা মাঠ্মর ছণান হোজিল। এথানকার পারিপার্থিক আবহাওয়ার ফলিজ বুর্জোয়ার, কেউ রক্মঞ্চে বা চিত্রশালার, কেউ-ভোজনশালার দোভলার খোলা ছাদের উপর বোসে চা বা বেভালরে। আদলে স্বার মনের প্রবৃত্তির কেজ্র পান স্ভাই উপভোগ্য। তবে তার মৃক্যও উল্লেখযোগ্য। একই—কাল প্রকট, কাল বা প্রছেন। এখানে

চা-কটা ও মাধনের দাম দিতে
হয়েছিল দেড়মার্ক। এখানকার
কাগাভবনে ব্যোমপথ-যাত্রা ও
বিমান-ডাক সম্বন্ধে সকল থবর
পাওয়া যায়। এখান থেকে
জগতের বিভিন্ন দিকে ২:টা
পথে নিয়মিত ভাবে বিমানপোত যাতায়াত করে। এই
বিরাট মাঠটা ছাড়াও Staakenএ জেপিলিনের আর একটা
মাঠ আছে। রিংভান ও UBhan (ভূগর্ভবান) উভন্ন পথেই
এখানে যাওয়া যায়।

মূলগ গাটেন (Zoolog garten) টেশনের কাছেই এবটা বেদরকারী দিনেম:-


প্রাধনী বোসেছিল। সামাক্ত কিছু দর্শনী দিয়ে চুকলাম। নানা বিখ্যাত অভিনেতা-অভিনেতীদের চিত্রে কক ঘূটী

পূর্বা এক দিকে অনেকগুলি অলীল চিত্রের টিনের বাক্স রাথা আছে। একথানি কোরে ছবি দেখা যাছে। যন্ত্র গুলি অরংক্রির সামনের গর্তে (slot) পরসাদিলে হাতল ঘূরিয়ে বাকী ছবি দেখতে পাওয়া বাবে। ছবি-গুলির সামনের কাচের কাম্মার ছবিগুলিকে প্রায় সন্ধীব দেখায়,—আপেক্ষিক দূর্জাদিক্রির স্থানা নিয়ে অগতের স্থাতির স্থানা নিয়ে অগতের স্থাতা ক্রিমান ভাগার স্থাতা ভ্রমান ভাগার স্থাতা ভ্রমান ভাগার স্থাতা ভ্রমান ভ্রম



भारमामिश्रामान-१ हे र छा। ग्


কি ভাবে trick film অর্থ,ৎ মিকি মাউদ প্রভৃতি নিজ্জীব জীবের নড়াচড়া দেখান ফিল্ল তৈরী হয়,



"কার্ফিঃ টান্ডাম" রান্তা--ছিন্দুখান হাউদের কাছেই

চোলেছে। কেউ এই সব ছবি দেখে আকাজ্জা তা দেখান আছে। কি ভাবে স্তিট্য বরফের বদলে মেটার; কেউ ছোটে নাচবরে, কেউ ম্লাফজে, কেউ থেলনার বরফ, বরবাড়ী তৈরী কোরে ধিবা ভোলা হর

ইত্যাদিও দেখান আছে। সাতাশ বছর আগে যখন সার্মাণীতে ফিল্ম জন্ম গ্রহণ করে, তথন কি ভাবে তা প্রদশিত হোত, তা একজন লোক ঠিক আগেকার সিনে-মার মত একটা অপরিসর চুন-বালি থসা, বিজ্ঞাপনের-কাগৰ-আঁটা ঘরে পুরানো ফিলা ঘুরিয়ে দেখার। সে



সারলোটেনবুর্গ প্রাসাদ

আমলে একজন লোক পর্দার পালে দাড়িয়ে চীৎকার কোরে ঘটনাবলী বোলে যেত। এই লোকটা বড রুদিক-সে-আমলের ফিল্মের দোষ-ক্রটী বেশ রসিকতা সহকারে



"ইলেকটারস ব্রিজ" প্রাসাদ ও ক্যাথিড্রাল

বেষন, অদুখ হাত দেখিয়ে বাপ বোলে যাজিলে ৷ মেরেকে বোল্লেন 'বাও'; অর্থাৎ বাপ ক্যানেরার দিকে পেছন ফিরে হাত দেখানর হাতটা ফিল্লে উঠে নাই। মাত্র

সাতাশ বংসর আগে জার্মাণীর মেয়েদের পোষাক ছিল ঠিক পেরাজের খোলার মত.-একটার পর একটা ছেডেই চোলেছে, তবু আনের পোষাক পরবার অবস্থা আসছে না। **আর আঞ্জেকর মেয়েদের পুরো পোষাক প**রা সংস্বও সম্পানিবারণ হুদর। তবে কি না শজ্জাটাই গ্যাছে

> কমে: কাজেই নিবারণের ভত প্রয়ো क्रम इत्र ना।

> বেলিনের বানবাহন-নিংল্লণ প্যারী অপেকাভাল বোলে মনে হোল। স্বট শ্বরংক্রিয় আলোক-চিহ্ন দারা নিয়ন্ত্রিত হোকে। মোটরগুলি হড়ো-হড়ি কোরে चार्ण यावाद (ठहें। करत ना,--- धकते নিৰ্দ্ধিট গতিতে সকলেই চোলেছে। ভবে ভূগভ্যানের নির্দ্দেশাদি (direction) প্যারীতে ভাল মনে হোল। এখানে অপরিচিত টেশন খুঁজে বার কোরতে भा दिन (थटक कहे इहा दिनि न

করেকটা 'অটোম্যাট' দোকান আছে। সেগুলি অনের রাত্রি পর্যান্ত থোলা থাকে। অন্তান্ত ধাবারের দোকান वार्षि न'ममेहोत शत वस दशाद मात्र । काटहत वांक्र

> খাবার ডিসে কোরে সাজান আছে ও দাম উপরে লেখা আছে। যেটাতে খুদী প্রসা দিলেই ডিস-শুদ্ধ থাবার বেড়িয়ে আন্দে। কাজেই বিক্রী কোরবার দোকানী নাই। কেবল ডিদগুলি ধোবার ও কাঁটা-চাম চ দেবার ক্ষে লোক আছে। বেলিনের সব অটোম্যাটেই किनिय ना थाकरन भन्नमा द्वितिय जारमा কতকগুলিতে ভাষানীও পাওয়া যায়। এখানে রাত্রি এগারটা পর্যান্ত রাভার থবরের কাগজ বিক্রী হয়।

বে লি নের অস্থান্ত ডাইব্যের মধ্যে প্ৰকাণ্ড টাডিয়ামটা (stadium) উল্লেখযোগ্য। এখানে

त्रोड़वांत्र ७ माहेटकरमद अन्न आमामा १४ आह्र । এवनी প্রকাও পুকুর, ধেলবার মাঠ ও ব্যারামের আখড়া আছে;

প্রার পঞ্চাশ হাজার দর্শকের আসনের ব্যবস্থা আছে। এ ছাড়া সারলোটেনবুর্গ প্রাসাদ (Charlotenburg

মাইল দ্রেই 'পট্নডাাম্' তার প্রাকৃতিক ও প্রাসাদ-শোভার জন্মে বিখ্যাত। বেলিন থেকে মোটরে, ই্যাড্palace) বোট্যানিকেল গার্ডেন, আর্থাণ স্পোর্টদ ফোরাম ভানে এবং হীমারেও এখানে যাওয়া চলে। হীমারে

(German Sports Forum), বিভিন্ন (थलांब मार्ठ, विविध যাত্থর প্রভৃতি বছ জিনিষ এথানে দেখ-বার আছে। তবে সে গুলো ভত উল্লেখ-যোগা নয়।

বেলিন আৰু পৃথি-বীর বৃহত্ম নগরী গম্ভের মধ্যে ত্তীয় অধি কার छ। न (कांद्रब्रह् । किंद्र (य জত গতিতে সে ভার প্রতিযোগী লওন ও



গাঁদোসি প্রামাদের ঐকাতান কক

নিউইয়র্কের সঙ্গে পালা দিলেটোলেছে, তাতে মনে रत्र रुक्ष छ त्म क्लान मिन धिशरक्ष भाष्ट्रय--- विम ना स्य-क्लारना इन मिरक्ष धिथान स्याष्ट्रिकारक यां अका करणा। ইতিমধ্যে বিধাতার কোনো অলক্ষিত ক্রু রোধে

দে ভশীভূত হয়। ইয়োয়োপ এখন যে সঙ্গটের মধ্যে দিয়ে চোলেছে, তাতে বে-कारना मिन अकठा श्रनग्रकती पूर्विना रव ঘোটতে পারে, সকলেই এ আ শ হা কোরছেন। কাজেই সে अश्रात य কোন দেশের কভটুকু অবশিষ্ট থাকবে তা বলা শক্ত। তবে বার অলক্ষিত **ইছি**তে ১৩•৭ শালের কোলন (Kolln) ও বেলিন নামে হটী অতি কন্ত্ৰ জেলেদের গ্রাম আৰু পৃথি-বীর তৃতীয় সহর বোলে পরিগণিত হোয়েছে, কে জানে সেই খামখেয়ালীর থেয়াল ভবিষ্যতে তাকে কি রূপ দেবে !

বেলিনের নগরশোভা ছাড়াও সহরের উপকটে প্রাকৃতিক সৌন্দর্যাপ্ত চমৎকার। বের্লিন থেকে করেক



যাওয়াই উপভোগ্য। 'গ্ৰোসার ভানজি' বা 'গ্ৰিবনিজজি'


ছটী হদেরই পারিপার্ষিক প্রাকৃতিক সৌন্দর্য্য চমৎকার।

বেলিনের একটা প্রকাও বাড়ী

কাইজার উইলিরাম সেতৃটাকে পটুসভাষের প্রবেশ-পথ ৰলা যেতে পারে। এইটা পার হোরেই বাঁরে চমৎকার লাই গার্টেন (Lust garten) উতান একেবারে শাস্ত-সলিলা লোভবতীর ধারেই। আরো কিছু দূর এগিরে পোলে করেকটা চার্চ্চ ও বড় বড় অট্টালিকা চোথে পড়ে। মহরটা খুব জনবহল মনে হোল না। বেশ পরিকার পরিছেল। এধানকার বর্তমান বাসিন্দার সংখ্যা ৭২৪০০



থোকা গরিলার আয়েষ চিড়িরাথানা— বের্নিন জন। এটা হিসাব-পরীকা (audit) প্রভৃতি কয়েকটা সরকারী বিভাগের প্রধান কার্যসীঠ। সহয়টা পাহাড় ও জলের কোলে চমৎকার ছবির মত দেখায়। ফ্রিডারিক



ি হিন্দুছান হাউদে একটা গ্রীতিভোল ছবির বামদিকের শ্রেণীর দিতীর চেরারে লেথক

দি গ্রেট এই সহরটী নির্শাণ কোরেছিলেন এবং এথানকার বা কিছু বর্তমান স্রষ্টব্য সব তাঁরই আমলের। এথানকার বিখ্যাত সাঁসোঁসি (Sanssonci) প্রাসাদ ক্রিভারিক দি এেট ১৭৪৫-৪৭ খুঃ অতল নিজের পছলমত তৈরী করান। এই প্রাসাদটা অহুপম না হোলেও পৃথিবীর অতি অৱসংখ্যক প্রাসাদের সঙ্গেই এর উপমা দেওয়া চলে। প্রকাণ্ড ২১০০ বিঘা বিশ্বত উত্থানের উপর এই রাভপ্রাসাল। এর ফোরারা থেকে ৯৮ ফিট উংছ জলধারা উৎক্ষিপ্ত হয়। চত্বরে-চত্বরে সি^{*}ভির থাক উঠে গেছে। প্রত্যেকটা চত্তরই স্থবিষ্ণুত ভাবে গাছপালা দিয়ে সাকান। এই প্রাসাদের মর্মর-কক (marble hall). স্থী চ-কক (concert hall), গ্রন্থাগার এবং যে ককে সম্রাট ফ্রিডারিক চল্লিশ বৎসর এই প্রাসাদে বাস করার পর দেহত্যাগ করেন সেইটা সহজেই দৃষ্টি আকর্ষণ করে: এই সমাটের কাছে পটদভায়ও বেমন ভার সৌলগা ও প্রতিষ্ঠার জন্ম খাণী, তেমনি বেলিনও বছ বিষয়ে তার কাছে কৃতজ্ঞ। সেই কুতজ্ঞতার বের্গিন স্বীকার কোরেছে 'উন্টারডেন্ লিওেনের' বুকে তার মৃতি প্রতিষ্ঠা কোরে ও বিখ্যাত রাজা "ফ্রিছেন্ট্রাসে" তাঁর নামে উৎদর্গ কোরে।

পটদ্ভামের অপর একটা জইব্য "নিউ প্যালেদ্"। এই প্রাসাদটাতে ২০০টা কল আছে। এর মধ্যে মর্থর-কদ্ম (marble hall) ও গোটোহল (Grotto hall) উল্লেখযোগ্য। এটাও ১৭৬০-৬৯ সালে নির্দ্ধিত হর। এর পরই উল্লেখযোগ্য ওরানজেরিদ প্রাসাদ (Orangeries

Schoess)। এটার একটা কক্ষের নাম বিখ্যাত চিত্রকর র্যাফেলের নামে উৎসর্গীকৃত করা আছে। এটার সংদগ্র একটা বেশ বড় শীতোছান (winter garden) আছে। পটস্ভ্যামে একটা কীর্ণ উইগুমিল আছে। সেটা সম্বন্ধে প্রবাদ যে ক্রিভারিক তার শব্দে বিরক্ত হোরে সেটা ভেলে কেলতে বলেন; কিছ তার দরিদ্র মালিক তার সম্পত্তি রাজাদেশে ছেড়ে দিতে অসম্বত হর এবং সম্রাটের আদেশ, অভ্রোধ ও অর্থ উপেক্ষা করে। সম্রাট সেটা নাই কোরতে গারেন নি। এই কীর্ণ কাঠামোটা আলও

ক্তারপরারণ সম্রাটের মহত্ত্বের ও দরিস্ত প্রকার নির্ভীক্তার সাক্ষীস্থরণ দণ্ডারমান।

এখানে রান্তার ওপরে তুখারে তুটা প্রকাণ্ড মিনার-

ওয়ালা তোরণ দেখেছিলায—এর নাম বা ঐতিহাসিক ভথ্য সংগ্রহ কোরতে পারি নি। এসব ছাড়াও এখানকার দুইব্য 'রয়্যাল টাউন রেসিডেন্স', 'সারলোটেন হফ', 'গার্চ-মফ দেও নিকোলাস' ইত্যাদি। কিছু সময় সংক্ষিপ্ত হওয়ায় এগুলি দেখবার অবকাশ পাই নাই। ফিরবার পথে ইয়াডভানেই ফিরলাম।

অবশেষে যে সব বঙ্গুদের সাহচর্য্যে ও সাহায্যে এই বিদেশে আমি নিরাপদে বেড়িয়েছি, পথের সন্ধান নিয়েছি, তাঁদের কাছে আমার আন্তরিক রুভজ্ঞতা না জানালে এ কাহিনী অপূর্ণাক হোরে থাকবে। প্রায় এক মাস যাঁরা আমার বন্ধুর সন্মানে, ভারের আদরে রেখে দেশের অভাব ভূলিয়েছিলেন, আমার সেই সমন্ত সুদ্রপ্রামী বন্ধুদিগকে আজ রুভজ্ঞতায় নতি জানাজিঃ। জানি

না আৰু হিটলারের রাজ্বে অনার্যার দলে পোড়ে তাঁরা কি অবহার বাস কোরছেন। মনে আছে, আমি বধন বেলিনে ছিলাম, তথন এই নাজিরাই বেআইনী ঘোষিত হোরে জিক্ষাপাত্র হাতে কোরে আমাদের কাছে ভিক্ষা চেরে গেছে, আর আজ সেই ভিধারীর দল সমাট। তাদের চোথে আমরা অনার্য্য—বেহেতু আমাদের ভার প্রতিবাদ কোরবার শক্তি ও সাহস নাই। অথচ জাপান অনার্য্য ঘোষিত হোরেও চোথ রালিয়ে আর্য্যের আসন ফিরে পেরেছে। জগং-সভার প্রথম আর্য্য ক. ও যারা সভ্যতা ও জ্ঞানের বাণী ভনিয়েছিল, শিথিয়েছিল—জামন্চর্চা, খাধীনতা ও শক্তির অভাবে আজ্ব তাদের মৃত্যু হোরেছে—তাদের করাল কাপুরুরের দল আজ্ব আবার বিশ্ব-সভার অনার্য্য বোলে ঘোষিত হোল।

অস্পৃষ্য আভাষ্য নম্পদোয়ান্ ও তিরুপ্সনালোয়ার শামী সুদ্যানদ

পত তামিল কার্থিকাই (Karılikai) মাদে দক্ষিণ ভারতের হবিখ্যাত ফল্পু চণ্ডাল সাধক—নম্পদেরান্ (Nampaduran) ও পঞ্চা তিক্লনালোরার (Tiruppanalwar) এর জন্মতিথি উৎসব ভামিল দেশের সক্রে বিশেষ সমারোহে সম্পাদিত হইচাছে। দক্ষিণ দেশের উচ্চ শেলার গোঁড়া সম্প্রী ব্রাহ্মণ কর্তৃক এই অম্প্রত্থা মহাপুরুষদ্বের উৎসব প্রধানতঃ অমুন্তিত হইচাছে। দাক্ষিণাত্যের তথাকবিত ম্প্র্যা কম্প্রত গ্রহিত প্রমাণ বাধা সত্ত্বেও এই অম্প্রত্থা আচার্যাদ্বরের প্রতি প্রক্রিক্র্যাণ্য আছাপ্রদ্বনির ব্যতি প্রক্রিক্র্যাণ্য আছাপ্রদ্বনির হিন্দু ধর্মের আভান্তরীণ উলার্য্য ঘোষণা করে।

নহাস্থা নস্পদোষানের ইতিবৃত্ত "বরাহ পুরাণ"এ উল্লিখিত আছে।
শীবিজ্ বরাহ-অবতারে তৎপত্নী ভূ-দেবীর নিকট ইহা বর্ণনা করিরাছিলেন
গলিরা প্রসিদ্ধ । মহাবৈরাগ্যবান নস্পদোয়ান জাতিতে 'চঙাল' ছিলেন
এবং ভগবানে তাঁহার অনক্তসাধারণ ভক্তি ছিল । সাধক রামপ্রসাদের মত
সঙ্গীত তাঁহার উপাসনার প্রধান অঙ্গ ছিল । রাত্রিকালে যথন সকলে
গভীর নিস্তামগ্র থাকিতেন, তথন তিনি 'বীণা' লইলা প্রত্যহ জনপ্রাণীশৃত্ত
এক স্থপ্ত প্রান্তরে ঘাইরা দেব বিনিন্দিত কঠে আত্মহারা হইলা দীর্থকাল
শীভগবানের গুণগাল করিতেন। কথিত আছে, একদিন যথন তিনি
নিশাথে এই সপ্তাবে গস্তব্য স্থানে ঘাইতেছিলেন, তথন এক ব্রক্ষ-রাক্ষস
রাজার তাঁহাকে গৃত্ত করেন। এই রাক্ষ্য পূর্ব্ব জীবনে ব্যাহ্মণ ছিলেন; কিন্তু
িনি নামাভাবে জীয়ণ অপুকর্ষ্ব করার ফলে দেহান্তে প্রত্বোলি প্রাপ্ত

হন ৷ জীতিপূর্ণ বিকটাকৃতি এক-রাক্ষ্ম তাহার কুন্নিবৃত্তির জন্ম সাধু নম্প্রান্তানকে ভাষার দেহ দান করিতে অমুরোধ করেন, তিনি ইহাতে কিছুমাত্র বিচলিত না হইয়া বলেন, "যদি আমার এই নম্ম দেহদানে ভোমার কিছুমাত্র উপকার হয়, তাহা হইলে আমি দানকে উহা দান করিতে প্রস্তত। যদি আমার ভৌতিক দেহের বিনিময়ে একটা জীবেরও কল্যাণ হয়, দে তো আমার পরম দৌভাগা। প্রতয়াং আমি হাই চিত্তে ভোমাকে উহা নিক্য দান করিব। কিন্তু আমার নিতাকর্ম আজ এ পর্যান্ত শেষ হয় নাই। আমাকে কিছু সময় দাও। আমি কওঁবা সমাপনাত্তে এথানে আদিয়া তোমাকে নিশ্চরই আক্সমর্পণ করিব।" ব্রহ্মরাক্ষ্ম এ প্রস্তাবে সম্মত হইলে তিনি তাঁহার নিষ্কারিত স্থানে বাইয়া, বীণা বাদা সহযোগে কুল্লিত কঠে ভল্ল-সঙ্গীত আরম্ভ করিলেন। আজ তাঁহার লাঞ্চিত. অবজ্ঞাত ও মুলাহীৰ অম্প. গু জীবন পরার্থে দান করিবার স্থযোগ উপস্থিত, এ আনন্দ ভাঁহার আর ধরে না ৷ এই ভাাগের—এই আছ্মোৎসর্গের ধ্যেরণার উদ্বন্ধ হইরা মানুষ অকুঠিত হৃদরে উন্মাদের মন্ত সর্কম্ব মিলাইরা দের। কি অংশ।র্থিব, কি অলৌকিক এই উন্মাদনা! ভাবের আতিশ্যো তিমি অমেককণ ঐকান্তিক অনুরাগের সহিত ভল্লন করিয়া নিষ্কারিত স্থানে ত্রহাক্ষনের নিকট আসিরা প্রতিশ্রতি মত দেহলানের সংকর জানাইলেন। একারাক্ষ্য এই নিরক্ষর অস্পুত চঙাল সাধকের অপূর্ব ভাবভক্তি এবং অঞ্তপূর্ব আরত্যাগে মোহিত হইয়া বলিলেন, "খদি আপনার অভ রাত্রির সাধন ফল আমাকে অর্পণ করেন ভাচা চইলে


আগমাকে আমি ছাড়িরা দিতে পারি ." মহান্ধা নম্পদোয়ান তাঁহার পাঞ্জোতিক দেহ-দান করিতে প্রস্তুত থাকিলেও তদীয় সাধন ফল দান **করিতে সন্মত** ছিলেন না। পরে একরাক্ষস আবেগভরে সাধক<u>রে</u>ই নম্পদোরানের শ্রীপাদপদ্মে আপনার উদ্ধারের জন্ত সম্পূর্ণ আত্মসমর্পণ করেন। এইরূপে অতি নীচ জাতীয় অস্পু ছঙাল নম্পদোয়ান করুণা-পরবল হইয়া তাঁহার মাত্র এক রাত্রির সাধন-ফল দান করত: অভি উচ্চ জাতীর একজন প্রাক্ষণকে রাক্ষস-দেহ হইতে মুক্তিদান করেন। যে ভজন সঙ্গীতের ফল তিনি এক্ষ-রাক্ষমকে দান করিয়াছিলেন, উহা ভাষিল দেশে "কৈশিক" বলিয়া আজও অসিদ্ধ। চণ্ডাল কর্ত্তক ব্রাক্ষণের এইরূপ উদ্ধার সাধনের ইতিবৃত্ত ভাষিক 'কার্থিকাই' মাসের শুকুা দ্বাদশী বা "কৈশিকছাদশী" ডিখি (২-শে মবেছর, ৩০)তে দক্ষিণ দেশের সকল বৈশ্বৰ-মন্দিরে পঠিত হইয়াছে। কথিত আছে যে আচাৰ্য্য রামাকুজের ঠিক পরবর্ত্তী বৈঞ্চবাচার্য্য পরাশর ভটুর জীরক্ষমের বিখ্যাত বিষ্ণু-মন্দিরে বিশেষ ভজ্জি সহকারে একবার ইহার পাঠ সমাপন করিলে মন্দিরাখিটিত বিগ্ৰহ "বঙ্গনাধ" (Ranganadha) এত সন্তই হইবাছিলেন যে উক্ত ভক্তরাজ 'ভট্র'কে মিছিল করতঃ তাহার বাড়ীতে লইয়া যাইতে আজা প্রদান করিয়াছিলেন। আচার্বা পরাশর 'ভট্টর' বংশধরগণ ভদর্বিধ এই বিখ্যাত মন্দিরে প্রতি বংসর 'কৈশিক দ্বাদন্ম' তিথিতে এই অপুনর পুরাণ পাঠ করেন এবং পাঠকের সম্মানার্থ অতান্ত ক্র'কেজমকের সহিত 'মিছিল' বাহির করা হইয়া থাকে:

তামিল দেশের যে দশজন পালোরার বা নহান নাগু প্রত্যেক বিশ্বমন্দিরের প্রধান বিগ্রাহের নক্ষে পুজিত হইয়া থাকেন, তাহাদের মধ্যে
তথাক্ষিত অপ্য্ ভিজ্ঞপ্ননালোয়ার অস্ততম। কাবেরী নদীর তীরস্থিত
শীরক্ষম হিন্দুদের পরম পবিত্র তীর্থন্তান, যোগী তিরুপ্ননালোয়ার ইহার
অপর তীরে "উরাইউর্" (Oraiyur) নামক পলীতে বাস করিতেন।
তিনি অপ্য পঞ্চমা জাতিভুক্ত বলিয়া তাহার এই তীর্থক্ষেত্রে পদবিক্ষেপের
অধিকার চিল না। 'শীরক্ষনাধকে' দর্শনের অধিকার না পাইলেও
তাহার উপর এই অপ্যু ভাষাক্ষমবিরের অসাধারণ শ্রন্ধা ভিল। তিনি
প্রত্যেহ পুণাতোয়া কাবেরী নদীর তীরে উপবেশন করতঃ অপর পার্যন্তিত
মন্দিরের দিকে লক্ষ্য করিয়া 'শীরক্ষনাধ' এর শীমুর্জি হৃদরে ধ্যান করিতেন।
ক্ষিত আছে বে একদিন উক্ত মন্দিরের পুঞারী বাক্ষণ লোক্ষড্ক্স মৃনি

(Loke Saranga Muni) কোন কার্য্য বাপদেশে অপর ভীরে যাইগ্র 'পানার' (Panar) বা পঞ্মা জাতির তিক্লগ্লকে খ্যান করিতে দেখিয়া উাহাকে উঠিয়া ঘাইতে বলেন, কারণ, ত্রাহ্মণদেব বিধান মতে তাঁহার খান করিবার অধিকার নাই। কিন্তু তিনি তৎকালে ধানে এক্লপ সমাধিমন ছিলেন যে ব্রাহ্মণের কথা তাঁহার কর্ণগোচর হয় নাই। ইহাতে ব্রাহ্মণ প্রবন্ধ ক্রোধান্ধ হইরা ভাহার প্রতি একটা প্রস্তরথও নিকেপ করেন। লোইট্র তাঁহার মুখে লাগিয়া রক্তপাত হইতে লাগিল। অতঃপর তিনি বভাবসিদ দীনভাবণে রক্তধারা প্রকালন করিতে করিতে নিভাস্ত অপরাধীর ছাত্র প্রাহ্মণপুরুবের নিকট ক্ষমা প্রার্থনা করেন। পুরুবী বড়ক মুনি ভণীঃ কঠবা দ্যাপনাতে নদী পার হইয়া মন্দিরে এবেশ করা মাত্র বৃথিতে পারিলেন যে বিগ্রহ শীরঙ্গনাধ কোন অজ্ঞেয় কারণে তাঁহার প্রতি বিশে অসম্ভাই হট্যাছেন। সেই দিনই তিনি অস্পুঞ্চ সাধক তিক্লানএর বাট যাইয়া ক্ষমাভিকা করতঃ ভাছাকে ক্ষেত্র করিয়া বীরক্ষমাধের সন্মুগে আন্তঃ করিবার জন্ম 'আকাশ-বাণী' প্রাপ্ত হন। এই রাক্ষণেরও যথে ভাব-ভক্তি ছিল। তিনি এই দেবাদেশে নিজকে কৃতার্থ মনে করতঃ প্রুল সাধু তিরাধনের পদপ্রান্তে উপস্থিত হইয়া, ঠাহার নিকট ক্ষমান্তিকা করিয়া, াহাকে ক্ষান্ধ বহনপূৰ্বক বিগ্ৰহের সমূথে আনিয়া উপস্থিত করেন। যোগীরাজ ভিরাপ্পন 'শীরক্ষনাথের' শীনুর্ত্তি দর্শনে একার ভাব বিস্ক অন্তকরণে তাঁহার উদ্দেশে যে সকল স্তব-স্থতি ও প্রার্থনা করিয়াছিলেন উহা তামিল-সাহিত্যের অম্বর্য সম্পদ শ্বরূপে পরিগণিত। আছাবদি উহা সার্বশ্রেণীর শুক্তগণ কর্ত্তক শ্রহ্মাসহকারে শুরুন-মুদ্ধপে গীত: পূজারী ব্রাহ্মণ লোকষড়ক মূনির ক্ষকে চড়িয়া মন্দিরে আদিয়াছিলেন বলিয়া--- যোগী তিরুপ্তনালোয়ার "মূনি-বাহন" বা "যোগী-বাহন" বলিয়া সাধারণে সম্মানিত। এই তথাক্থিত অংশ্ঞ সাধক্ষেট তিক্সনালোয়ায়ের জনতিখি উৎসৰ গত ২রা ডিসেখর দক্ষিণ দেশের সকল বিঞ্মলিয়ে বিশেষ আড়ম্বরের সহিত অনুষ্ঠিত এবং এতমুপলকে তাহার অমুলা উপ্দেশ পঠিত হইয়াছে।

হিন্দু জাতির মধ্যে এবন্ধিধজাবে কত অব্পাঞ্চ নম্পদোরান ও তিরুপ্লনালোরার যে উচ্চ বর্ণের লাঞ্চনা-গঞ্জনা ও অত্যাচারের অসম্মন চক্ষের জলে বক্ষে ধারণ করিয়া লোকচকুর অন্তর্গালে অবস্থান করত: অদুখ হইমাছেন তাঁহাদের সংখ্যা কে গণনা করিবে ?





কথা—শ্রীনির্মালচন্দ্র সর্বাধিকারী

স্বরলিপি—কুমারী ভৃপ্তিস্থধা (গৌরী) সর্ব্বাধিকারী "তুয়ারে"

(र्वःत्री)

মিল ভিলক-কামোদ-একভালা

দেহথে আর স্থি, দেথে আর ওরে, ভুরারে এল কি কালিরা ?

ত্মাশা পথ চাহি নিতি দিন গেছে, ক্ষায়নের জল নয়নে মিশেছে ; ক্ষায়ন বাসর বিফল হয়েছে, ক্ষাত রাতি গেছে জাগিয়া। তবুও আসেনি কালিয়া!

সাতনে সেঁথেছি গুঞা মালা,
সান্ধায়েছি স্থি বরণ ডালা;
বিবহু তাপিত মরন মাঝারে,
ব্রেখেছি আসন পাতিয়া।
ক্রথন আসিবে কালিয়া ?

বছ দিন পরে এসেছে বঁধুমা,

কনইব সঞ্জনি বরণ করিয়া;

চরণে ভাহার নিজেরে সঁপিয়া,

সন্ব ছুধ যাব ভূলিয়া॥

হুধারে আমার ভামলিয়া!

স্থায়ী

[গা	গা	গরা	1	রা	সা	ন া]						ý			
1	না	প্র	না	1	সা	রা	র্	1	রগা	রগা	মা	-	গরা	গা	द्रभा	1
	CF.	থে	~		Ŋ	স্	খি		८म	ধে	আয়		. 8	1	ব্যে	
-	রা	মা	রা	-	মা	পা	পা	ĺ	রমা	রমা	পধা	1	পা	ম্গ	া র	١
	ছ	হ্ব1	বে		গ্ৰ	লো	কি		কা	1	1		िंग	ম্ব	1 1	
								442								

শক্রা ও শাভেগি																
T.	• মা	পা	^প না	ļ	3	574	না	t	স্থ	3m2	ww/s		= 1	স 1	স্য	i
1	ৰ। আন	न्। मा	'শ। 'প	1	না থ	না চা	न। हि	I	ু ব। নি	^ন স1 ভি	म ी कि	1	স1 ন	শ। গে	শ। হে	'
	ন। ব	ह	ि मि		न न	প	।ৼ ব্ৰে		ାମ ଏହା		IT CE		₹	<u>د</u> م لا	য়া য়া	
	٦	*	17		~1	-1	GN		4	শে	C.		1	X.	-11	
1	পা	না	না	l	না	স না	সা	1	পনা	পনা	স রি1	1	পা	4 1	পা	1
	=	য়	নে		র	জ	न		न	য়	নে		যি	শে	CE	
	ল	₹	ব		শ		নি		₹	द्र	9		*	রি	য়া	
١	পা	র	রা	ı	র্ম	র্বা	র্	1	রা	ৰ্গার	ৰ্গম 1	i	র্গর র্গ	র্স	i ন দ া	1
	क्	স্থ	শ		বা	স	র		বি	ফ	ল		হ	CĦ	ছে	
	Б	র	C9		তা	হা	র		नि	কে	নে		में	পি	শ্ব1	
1	পা	প্ৰা	না		না	স1	স1	ı	an :	দ1 ন	সূৰি 1	1	সণা	ধপা	মগরা	ı
1	3		ন। রা	•	তি	গে	ছে	ı		গি	1	'	শ্বা	1	1	'
					-	य1			-	_	' 1		31	1	1	
	प्रवद्ध श्रेषा व छू नि । क्री ।															
1	রা	মা	রা	1	মা	পা	পা	1	রমা	রমা	পধা		পা	মগা	রা	-
	•	বু	ত		অ	শে	नि		কা	1	1		नि	41	1	
	ছ	শ্ব1	বে		আ	মা	র		শ্র	1	ম্		नि	রা	1	
								স্	ঞারী							
	•				>				+				9			
1	সা	রা	3 60		জ্ঞা	জ্ঞা	9 81	ı	রা	সা	রা	-	ন্	ন্	ন্	١
	य	ত	নে		গেঁ	থে	ছि		49	न्	ক া		মা	1	লা	
-	সা	রা স	রগমা	1	মা	মা	মা	1	গা	রা	গা	1	^স ন্1	1	সা	
	স্	জা	স্থে		ছি	স	খি		ব	র	9		ডা	1	লা	
1	মর্	মা	পা	1	পা	পা	পা	1	রা	মা	পণা	1	পা	মগা্	রা	-
	বি	র	হ		ভা	পি	ত		ম্	র	ষ্		মা	ঝ	রে	
1	রা	পা	মা	ı	রা	রা	রা	1	ন্	1	রা	1	সা	1	1	1
ı	ন। ক্রে	ং	TE	1	আৰু	Pf.	기 취	'	পা	1	তি	'	ू इन	1	1	•
		• 1									·					ı
	রা	মা	রা	I	মা	পা	পা	1	ণা	91	পা	ı	ধা	পা	1	1
	季	শ্ব	ন		ব্দা	সি	বে		কা	1	1		गि	ग्र!	1	

উজ্জ্বল

শ্রীপ্রবোধকুমার সান্যাল

मुक्न (कानाइन अटक अटक ट्रम इट्स यात्र अमन अक्टो সময় আহে মাছবের জীবনে, তাকে বলি বাৰ্দ্ধকা। লগ্নে नहां छथन आत मजून क'रत दीनी वांस्क ना, इटि इटि আদে না নব নব তরক, ওক ছিলপত্তের দল ধুলোয় লুটোর,—উড়ে উড়ে বেড়ার হাওয়ার হাওয়ার।

आमारमञ्ज त्मारमञ्ज अहे वज्रतम अतम माफिरग्रहमः। যদিচ দোনেশবের চেরে বয়দে আমি কিছু ছোট, তবু আমাদের মধ্যে বন্ধুত্ব স্থাপনের বাধা ঘটেনি। ঘটবার কথাও নয়। যে জাতীয় আলাপ আমাদের উভয়ের মধ্যে সাধারণত চলে তা শিক্ষক ও ছাত্রের মধ্যেও চলবার উপবোগী। যৌবনে আমরা পরস্পরের সহিত পরিচিত ছিলাম না, পথ ছিল ত্'লনের বিভিন্ন, চিস্তা-ধারাও হয়ত ছিল বিভিন্নমূখী। কিন্তু বার্দ্ধকা স্বাই এकर कात्रभात्र अटन माँछात्र, दमशात्म माँछित्य दमशा यात्र একটিমাত্র পরিণাম: দোমেশ্বর আর আমি-আসরা উভয়েই সেই পরিণাম প্রত্যক্ষ করছি।

সোমেখরের পরিচয়টা আমার জানা আছে। পূর্ব-বক্ষের একটি কোলায় এঁদের ছিল প্রচ্র জমিদারি। আশ্চর্য্যের বিষয় এই অর্থনৈতিক তুদ্দিনেও তার আয় বেশ সচ্চল। পুরুষামূক্রমে দোমেশ্বরদের 'রাজা' উপাধি। এই পর্যান্ত জানি, এর বেশি জানার ব্যগ্রতা আমার নেই। জমিলারের ছেলের ব্যক্তিগত জীবন সম্বন্ধে লানবার বিশেষ কিছু থাকেও না। হাতে প্রচুর কর্থ ও প্রচুরতর অবকাশ—মতএব সেই একই গল্লের পুনরাবৃত্তি।

আমরা—অর্থাৎ বৃদ্ধরা চঞ্চল নই। সব কারু প্রায় বুরিরেছে, সময়ও সংক্ষিপ্ত। বেটুকু সময় হাতে আছে সেটুকু গীতা আর গড়গড়াতেই যাবে কেটে। কাটেও তাই। কুরুক্কেত্র বুদ্ধের গোড়াকার কারণটা ভাবি, ভাবি শীঘ্ৰ জীৰ্ণ বন্ত্ৰের মতো এই দেহটা ত্যাগ ক'রে আবার নব কলেবর ধারণ পূর্বক কর্মকেত্তে অবতীর্থ আজকেই পড়ছিলুম একথানা মাসিকপত্ত। একজন

হতে হবে। মা ফলেঘু কদাচন। যাকৃ অনেক কঙে যৌবন বয়সটাকে অভিক্রম ক'রে এসেছি, ওই বয়সে কোথা দিয়ে যে এক একটা সমস্তা এসে কোটে ভেবে পাইনে, অনেক তুঃধ দিয়েছে যা হোক,-এখন নদী ন্তিমিত, তরক্ষীন। চোধ বুজে অতীত কালটাকে দেখি। সোমেশ্বর সেদিন বলছিলেন, অভিজ্ঞতার ইতিহাদ হচ্ছে বোকামির ইতিবৃত্ত।

সমস্ত দিন কাটে। কাটে না বিকাল, কাটে না পদ্ধা। কেন কাটে না বলা কঠিন। তথন ভাবি দোমেশ্বর ছাড়া আমার আর মনের মাহুষ নেই। ছোকরাদের সঙ্গে কথা বলবার ধৈর্য্য থাকে না। ভারা প্রাচীন উপক্রাদের আধুনিক পুনমুদ্রণ। পুরোনো কথাট। ঘুরিয়ে বলতে গিয়ে তারা নিজেদের জটিল ক'রে ভোলে।

ভালে লাগে। তাই গিয়ে বসি সোমেখরের কাছে। প্রাচীন বনেদী আস্বাবে তার বৈঠকথানাট দক্ষিত, অনেকটা নবাবী আমলের সাক্ষ্য দেয়। খরের মেথেটা কার্পেট করা। সেদিন গিয়ে বসতেই ভিনি বললেন, আৰু এত সকাল সকাল যে ?

চুল পাকা ইন্তক স্পষ্ট কথা বলভে শিংধছি। বলগাম, ভাল লাগল না বাডীতে।

(कन ?

ভোমার ওই গড়গড়াটার মোহ। গীতায় ভগবান বলেছেন, আনস্তিক থেকে বন্ধন। আবার তাছাড়াকি জানো, ভোমার মুখে গল শোনবার একটা চাপা লোভ রমেছে।

দোমেশ্র বললেন, ভালো কথা, ভোমার জন্মে একধানা বাংলা গল্পের বই সংগ্রহ ক'রে রেখেছি—

বল্লাম, ক্ষমা করো সোমেশ্বর, মহাভারত পড়ার পর থেকে আমি গল্প পড়া ত্যাগ করেছি। এই নামজাদা লেথক একটা প্রেমের গল্প লিখে থাছেন। হিসেব ক'রে দেখলুম তাঁর কথাবার্তার মধ্যে সাতচল্লিনবার পিছত শক্ষার ব্যবহার—থাক্ বাংলা আর পড়ব না সোমেশ্বর। প্রেমের গল্প বলতে এত 'কিছু' অস্ত্।

না সোমেশ্বর। প্রেমের গর বলতে এত 'কিন্ত' অস্থ।

আমার উত্তেজনার কোনো সাড়া পাওয়া গেল না
সোমেশ্বরের কাছে। কোনোদিনই সাড়া পাইনে।

উার প্রশান্ত মূপের প্রসমতা কোনো উদ্বেগেই বিচলিত
হয় না। ঘরের মাঝথানে ল্যাম্প-ট্যাঙে জল্ছে মোমবাতি। ভার মৃত্ আলোর দেখলাম তিনি চোখ বুজে
আছেন। এটি ভার অভ্যাস; অভ্যন্ত প্রেম্বাকনীর
আলোচনার তিনি চোখ খুলে থাকেন না, চোখে ভার
নিদ্রা আসে। আমাকেও চোখ বুজতে হোলো।

তার গলার স্বর শুনে পুনরার চোধ থ্ললাম। দেখি ইতিমধ্যে চাকর এনে তাঁর স্থাধের টেব্লে প্রায় আধ মাস হইন্ধি রেথে গেছে, পালে একটা সোভার বোতল। সোমের্বর বধারীতি মাসে সোভার জল ঢাললেন এবং বধারীতি শতকরা নব্বইজন জমিদারপুত্রের স্থার সেবন করলেন। তাঁর ধারণা আমি ওসব স্পর্শ করিনে। আমার সম্বন্ধ অনেক ধারণা আছে লোকের মনে।

মন্থপানের পর সোমেশরের প্রত্যত্ই ঘটে ভাবস্থিতি। বাস্তবিক, এমন স্থণীর ব্যক্তি আমি আর দেখিনি। তিনি মৃত্কর্ষে বললেন, সভিত্তি বলেছ তুমি, প্রেমের চিত্র আঁকা বড় কঠিন। এই ব'লে তিনি চুপ করলেন।

আর বেশিদ্র অগ্রসর না হলেই ভাল হয়। প্রেম কথাটা তুলতে বুদ্ধবয়দে মনে লজা আলে। ও বস্তু আমাদের দারা ইতিমধ্যেই চর্বিত, অতথ্য ওটা চর্বণের ভার এখন ছেলে-ছোক্রাদের উপর। কথাটা আৰু না তুলনেই ভাল হোতো। ছেলেমাম্মীটা ছেলেদের পক্ষেই শোভা পায়। আমি ভরণ নই।

প্রাচীন কাল থেকে, ব্রেছ—সোমেরর চোথ খুলে বলতে লাগলেন, প্রাচীন কাল থেকে ভালবাসার করেকটা বহু পরীক্ষিত প্রিন্সিপল্ মান্ত্রের মনের ভিতর দিরে চলে এসেছে। সকল প্রেমের বাচাই হর সেই কৃষ্টিপাথরে।

সোমেশ্বরের ভূমিকার অভ্যন্ত কুটিত ও এন্ড হরে উঠলান। এদৰ আমি বে পছক্ষ করিনে ভা তিনিও শানেন। মনের মধ্যে আমার ভূমিকপা হতে লাগল।
প্রবের শেষ বয়স কাটে অর্থনীতি ও সমালব্যবহা
নিরে, মেয়েদের শেষ বয়স কাটে ধর্মচর্চা ও পরনিন্দার।
জীবনের সকল গুরগুলি আমি ও সোমেশ্র একে একে
উত্তীর্ণ হয়ে এসেছি, প্রাতনের পুনরাবৃত্তি আর সফ্ হবে
না। এখন বৃষতে শিখেছি মৃত্যুই হচ্ছে জীবনের পক্ষে
সর্বপ্রেষ্ঠ আশির্কাদ, তার কারণ, আমরা ফুরিরে গেছি।

সোমেশ্বর বললেন, আজ ভোমাকে একটা গল্প শোনাবো।

কী গল্প ?

গলট' আমার যৌবন-কালের। ব'লে ভিনি পুনরায় চকু মুদ্রিত করলেন।

যা ভেবেছিলুম তাই। কেঁচে। খুঁড়তে গিয়ে আঞ্জ্ঞাপ বেরুল। প্রেমের গল্ল ছাড়া যৌবনে আর গল্ল নেই। মনে হচ্ছে ভবিদ্বং কালে আমাদের দেশে প্রেমের গল্ল ও উপস্থাস খানিকটা পাঠবোগ্য হবে, অন্ত এখনকার মতো মাসিকপত্রের পাতা উল্টাতে তখন আর ভয় করবে না। তার কারণ, দেশের বিভালয়ণ্ডলিতে ছেলেমেয়ের সহশিক্ষা প্রবর্তন করার চেটা চলছে। স্ত্রীপুরুষের মন খানিকটা বিশুদ্ধ হবে, আ্মাল্লান আগবে। সেদিন সোমের বলছিলেন, অদ্র কালে বিভালয়ণ্ডলির বহিম্পী রূপটা হবে প্রজাপতি-স্ক্রা। তরুণ গল্প লিথ্রেদের সেদিন বিশেষ স্থানিন।

প্রশান্ত দৃষ্টিতে চেয়ে সোমেশর বললেন, প্রাম ছেড়ে আমি তথন প্রথম শহরে এসেছি। এক দরিত্র গৃহত্তর একটি মেরের সঙ্গে আমার পরিচর ঘটল। কেমন ক'রে ঘটল তার খুঁটিনাটি জানতে চেরো না, ভিতরের তাগিদ থাকলে পথটা সহজ হয়ে যায়। তা ছাড়া কি জানো, অর্থশাসী যুবকের সঙ্গে দরিত্র গৃহত্তরা সোজা পথেই আলাপ ক'রে থাকে।

আবার আমি সঙ্চিত হরে উঠলাম। এর পরে তরণ অমিদারের যৌবনকালের গল্প কোন্ পথে বাবে তার কিরলংশ আমি এখনই উপলব্ধি করতে পারি। অদারমহলের দিকে লক্ষ্য করলাম, এখনই কেউ হরত এসে পড়বে। বৃদ্ধবয়সে আত্মসম্মান ছাড়া আর আমাদের কোনো সম্ব নেই। তাড়াতাড়ি বল্লাম, থাক্ গোমেশ্বর, আজ থাক্ —ও আমি ব্যুতে পেরেছি। আনেকেরই আনেক কাহিনী চাপা থাকে, সব কথা প্রকাশ করতে নেই। ছেলেপুলেরা রয়েছে ভেতরে।

সোমেশ্বর হাসলেন, অর্থাৎ কিছু প্রকাশ করতে তিনি তর পান্না। কিন্তু তর আমি পাই। প্রেমের গল্প বলতে বা বৃঝি, তা প্রেমও নয়, গল্প নয়, কতকগুলি অপ্রকাশ ইলিত-ইদারা মাতা। প্রেম সম্বন্ধে নিরাগজিই বার্গত্যের বিশিষ্ট চেহারা। আমি এখন দেই তার। গীতার ভগবান বলেছেন, মাহুংবর প্রেম দৈহিক আসজিতে আছেল, প্রকৃতির প্রোজন দিদ্ধ কথার ছলনামাত্র। আমি আশ্চর্গ্য হবে তাবি, গীতাপাঠের প্রেই গীতার অনেক তর আমার কানা ছিল।

সোমেশ্বর বললেন, ভোমার কি শোনবার ইচ্ছে নেই ? বললাম, আল্লবঞ্জনা করব না, শোনবার খুবই ইচ্ছে। ভবে কি জানে, আজ একজন নামজাদা লেখকের একখানা বই পছছিলাম। একটি ছেলে একটি মেরেকে ভালবাসল এই কথাটা বলতে গিয়ে ভতলোক একশো পৃষ্ঠা বার করেছেন। বিভাল ইত্র ধরতে কভক্ষণ সমর নেয় সোমেশ্বর ?

ওই সমষ্টুক্ নিয়েই বোধকরি সাহিত্যের কারবার।
আমার গল্লটা শোনো, এতে সময়ের অপব্যয় নেই।
এাং পুর সম্ভব এটা সাহিত্যের বিষয়ংস্থ সময়।

চনক লাগল তাঁর কথার। সাহিত্যের বিষয়বস্তু যা নয় ভাই নিরে গল্প বলাটা এই প্রীণ বয়সে সোমেশ্বরকেও পেয়ে বদল কেন? এ কি হইস্কির তান? কিন্তু নেশা ভ তাঁর হয়নি?

চাকর একবার এসে গড়গড়াটা দিয়ে গেল, আমি নদটা ধরলাম।

সোমেশ্বর বলতে লাগলেন, ভর পেরো না, শোনো।
যদি কোথাও অল্লীলতার গন্ধ থাকে জেনের জোরে
তামাক টেনো কিন্তু প্রকাশ করতে বাধা দিরো না।
গীতার বলেছেন, নিগ্রহের ছারা চিত্তভান্ধি হর না, বৃদ্ধি ও
ভানের পথে বিচারের ছারা সংযম লাভ হর।

মাছংবর চরিত্তের নিয়ন্তরে কতকপ্তাল প্রবৃত্তি জমা থাকে আমি তথন তাদেরই ভাড়নার ঘুরছি। এমন দিনে আমার মুখোম্থি এসে দাঁড়াল ওই দরিত্র গৃহস্থ-কল্পা, নাম তার মুখাল। প্রচুর ঐথর্য্যে ভরা তার দেহ, কিন্ত কুরপা মেরে। তৃঃখের জীবন, বিবাহের সম্প্রদানের পর বাসর-বর থেকে স্বামীটা নিরুদ্দেশ হয়ে যার, আর ফেরেনি। কুশগুকার সিঁত্র ওঠেনি মাথার, বিবাহিত মেরে কুমারীই রয়ে গেল। একদিন মুগাল বললে, তিনি পালিরে গেলেন কেন জানো?

কেন গ

আমার কদাকার চেহারা দেখে। ভদ্রঘরের শিক্ষিত্ত সস্তান তিনি, তাঁর কচি আছে, সৌন্ধ্যাবোধ আছে। তাঁকে আমি এখনো শ্রদ্ধা করি।

আমি চুণ ক'রে যেতুম। এখনকার মতো তথন স্থীপুরুষের এতটা খাধীনতা ছিল না, আমার পাল্কি
গাড়ীতে মুণালকে নিরে শহরের প্রাস্তে চলে যেতুম।
একা ছটি তরুণ তরুণী, কিছু আশুর্যা, প্রকৃতির খেলা
ছিলনা আমাদের মধ্যে। আমি অর্থশালী মুবক,
পুরুষান্তরুমে একটু উচ্চু আল, অথচ এই মেটেটির কাছে
এলে আমার পরিবর্তন ঘটত। পুরুষের দেহ-লালসার
যে যে লক্ষণ তোমার জানা আছে তা আমার প্রকাশ
পেত না। সে কুরুপা কদাকার, কিছু তার স্থান্থ সবল
দেহের এমন অসামান্ত ঐগ্রাছল যে, আমার প্রগ্তিত
কিছুতেই আটকাতো না। একদা সে বললে, তুমি
রাত ক'রে বাডী কেরো কেন ?

কোনো অধিকার তার নেই তবু এই গ্রন্থ। বলনুম, অনেক কাজ থাকে বাইরে।

কী কাল এত ?

এই ধরো বন্ধু-বান্ধব, বেড়ানো, গান বান্ধনা---

রাতে কি করো ?

পড়ান্ত:না করি।

মুণাল করণ কঠে বললে, বেলি রাত জেলো না, দরা ক'রে আমার অহ্রোগটা মনে রেখো। অনেক রাতে খেরো না।

এমন কথা শুনিনি কোনোদিন। আমার চারি-পাশের পতিচিত বারা আমার এদিকটার ভারা জক্তেপ করেনা, আমার মনের নিভূত অলার মহলে তাদের প্রবেশ নেই, তারা সদর মহলের অতিথি অভ্যাগত; কিছু এ মেরেটি সোজা চলে আগে আমার অন্তরের মণি কোঠার, আমার উচ্চ্ আল প্রকৃতি কৃতিত হরে মাথা নত করে। তথন বুঝি আমার শরীরের দাম আছে, আমার বাঁচার অর্থ আছে, এমন কি স্বচেরে বেটা বিল্লয়কর, আমি ভাবি মুণালের কাছে বলে মনের কথা বলার প্রয়োজন আছে আমার।

একদিন বলনুম, তোমাকে আমি ভালবাসি মুণাল।
মুণাল শরাহত পাণীর মতো শক্তিত চোথে আমার
প্রতি তাকাল। বললে, ক'দিন থেকে ভাবছিল্ম এই
কথাটাই তুমি আমাকে শোনাবে। নিজের কাছে তুমি
সতিয় হও লোমেশ্র।

আমি কি ভালোবাসিনে ?

অত্যন্ত বিপদগ্রপ্ত হরে মূণাল চারিদিকে চোথ ফিরিরে দেখলে, তারপর বললে, এসব ছাড়ো, অন্ত কথা হোক। বলে সে একটু সরে বসলে। আমাকে ত.র দেহের কাছ থেকে সরিরে রাধাই তার সকলের চেয়ে বড় কাজ।

কিন্নৎক্ষণ পরে মৃণাল বললে, আমি কি ভাবি আননো, আমার ইচ্ছে করে সারাদিন ধরে দেখি কেমন ক'রে ভোমার দিন কাটে। রাত্রে ভূমি খোলা জারগার শোও না ত । ঠাণ্ডা লেগে যদি ভোমার অস্থ করে ভাহলে আমি দেখতে যেতে পারব না, জানো ত । লোকে ভোমার মন্দ বলবে।

অত্যন্ত প্রাম্য ভালবাসা। এ ভালবাসা বৃদ্ধিতে উজ্জন নয়, পাণ্ডিত্যে গভীয় নয়, কবিছে হ্রদয়প্রাহী করায় চেটা নেই। যে সমাজটার আমার আনাগোনা সেটার নাম শিকিত সমাজ, পালিশ করা সভ্যতার সেটা চক্চকে। সেখানে বহু স্থলরী রমণী, তাদের চোথে আমি আদর্শ যুবক, আমি তাদের গোভের বস্তু এও জানি। তাদের যথাযোগ্য মূল্যও দিয়ে থাকি। কিছ মুণালের আবহাওয়ায় এমন একটি অত্যাক্টর্য প্রশান্তি যে আমি এক অনির্বাচনীয় আধ্যাত্মিকতার গভীয়ে তলিয়ে যাই, সেটি আমায় সভ্য পরিচর। কী আছে তলিয়ে যাই, সেটি আমায় সভ্য পরিচর। কী আছে

ক্ষর দেহ অনেকগুলি ররেছে। পুরুষের কামনা অনেক বড়, তারা রূপের ভিতর দিরে চার রূপাতীতকে, দেহের ভিতর দিরে দেহাতীতকে।—বংশ' সোমেশ্বর চোখ বুজলেন।

আমি বললাম, বেশ ত, এ নিয়ে মাথা ঘামাচ্চ কেন, সংসারে এমন উচ্চত্তরের ভালোবাসা আছে বৈকি। কুরুপা মেরেরা সাধারণত সচেতন, তীলোকের অভাবিক গোপন দস্ত তাদের মধ্যে কিছু পরিমাণে কম

কম ?—সোমেশর চোপ চেয়ে বললেন, একদিন মৃণালকে কিছু গহনা উপহার দিতে গেলুম, অভাক্ত কঠিন হরে উঠল ভার মুখ। স্পাই বললে, আমাকে অপমান ক'রো না সোমেশর, তুমি কিছু দেবার চেটা করলেই আমার আজহতা করবার ইচ্ছে হয়, ওসব তুমি ফিরিয়ে নিয়ে যাও। তুমি ভালোও বেসো না, দিতেও কিছু এসো না, এই অফ্রোধটা রেখো। তুম কিছু দিতে এলেই ভাবি সেই সংক্ষ আমাকেও তুমি ফিরিয়ে দিলে।—সোমেশর নীরব হয়ে গেলেন।

বলদাম, অনেক কুমারী মেরে আছে যারা হেঁরালী পছল করে বেলি। পুরুষের সংস্থা না পেয়ে ভারা নিজেদের কাছে অস্প্রতিরে থাকে। এই সব মেরেরাই এক্দিন প্রবেন ভেসে যার।

সোমেশ্বর বললেন, বলো, যা কিছু ভোমার সভিবিশৈল মনে হয় তাই বলো, কিছু বাদ দিয়ো না। আমিও একদিন তোমার মতো নানা দিক দিয়ে বিলেষণ করেছি মৃণালকে, অনেক দিক দিয়ে আকর্ষণ করেছি তাকে, কিন্তু কোনো বন্ধন সে মানেনি। এতথান কুরুপ। বদেই ভার এত বড় অহলার, এতথানি উপেক্ষিত বলেই এত বড় তার পরিচয়। একদিন বৃষ্টিতে ভিজে ভিজে গেছি তার কাছে, সে ত রেগেই আগুন! কাছে বিগ্রে আঁচল দিয়ে মাথা মৃছিয়ে সে বললে, এমন ছ্রম্ভ তুমা? এই ছ্যোগে কেউ বাইরে বেরোয়? কী ক্ষতি হোতো না এলে?

বলন্ম, কী বলচ মৃণাল, বধা-বাদলে যে মনে পড়ে তোমাকে ! মিটার ভাটের বাড়ীর মেরেরা নেমভ্র করেছিলেন জলবৃত্তি দেখে, তারা চেয়েছিলেন আমাকে ব্ধার পান শোনাতে, সেধানে না গিলে এল্য ভোমার এখানে, ভূমি বলচ এই কথা ?

বাইরের বৃষ্টিধারার দিকে চেরে মুণাল বললে, ভোমার দিন এমনি ক'রে নই হর, ভোমাকে বোঝে না কেউ, ভোমার যে ওসব ভালো লাগে না তা ভারা বৃঝতে পারে না — ভারপর চট ক'রে কথা ঘুরিয়ে সেবলতে লাগল, গেলেই ভাল করতে সোমেখর, ভোমাকে যারা কাছে চার ভারাও আমার প্রিয়, সভিত্য বলছি ভোমাকে, ভোমার প্রশংসা যারা করে ভারা আমার বড় আপন।

সলেহে ভার গায়ে হাত দিতে গেল্ম, সে সরে দাছাল। বললে, ছুঁরো না, তুমি হাত বাছালেই ভর করে; ছুঁলে তুমি ছোট হয়ে যাবে, তুমি সাধারণ মাছ্য হয়ে পেলেই আমার কামা পার।—হাত বাছিয়ে তইজির াদটার সোমেশার শেব চুমুক দিলেন।

আমি বললাম, বুড়ে। হয়েছি কিন্তু যুবককালে এমন ভালোবাসার গল্প কাব্যে সাহিত্যে পড়েছি বৈকি। সেদিন এসব ভালোও লাগত। আশ্চর্যা!—গড়গড়ার পাইপটা টানতে লাগলাম।

সোমেশ্বর বলতে লাগলেন, ত্রোগের দিনে দেখা হলেই ধমক থেতুম। প্রকৃতির চেহারা ঘনিরে এলে শনছি নারী তার প্রিয়তমকে কাছে পাবার ব্যাক্লতায় ।লে, হরি বিনে কেমন ক'বে কাটবে আনার এমন দিন; মতিগারিকার বেশে সেই চিরস্কনী নারী ছুটে যায় পথে ।ঘার নিশীথ রাত্রে, কিন্তু এখানে সেই লোকোত্তর প্রেমের মাক্লতা নেই! অত্যন্ত স্পাই কর্পে ম্ণাল বললে, বেরিয়ো না তুমি এমন দিনে, ফল পড়বে ম থায়, ঝড় গাগবে গায়ে—ভোমার ড'টি পায় পড়ি সোমেশ্বর, মামাব কথা শোনে, ভোমার ভালো হবে।

তার কথা শুনলে আমার ভালো হবে এই ছিল তার গারণা, একটি গভীর কলাাণ্ট্ছ ছিল তার আমার দ্বান্ধ ; শুধু আমার শরীর নর, আমার মনকে নির্মাণ গাথাও ছিল তার বড় কাজ।

আমার সহয়ে মনে মনে বিশ্রী কিছু ভাবো না ত ?—

মূগালের এই কথাটা শুনে আমি অবাক হতুম। বলতুম,
কা ভাববো বল ত ?

মাহুদেরা যা ভাবে। দোহাই ভোমার, আমার কাছ থেকে গিয়েই আমার কথা তুমি ভূলে যেয়ে।!.

এমন কথা কেন বলচ মুণাল ?

কিছু মনে করো না, তোমার যে শরীর খারাপ হবে, তোমার মন যে ঘূলিয়ে উঠবে।

একদিন বললে, এই যে তুমি চলে যাও আমার কাছ থেকে, আমার মন যার তোমার পিছু পিছু; সারাদিন তোমার সব কাজ কর্মের পাশে থাকি, সব দেখতে পাই তোমার। ঘুমিয়ে পড়লে নিশ্চিস্ত হয়ে ফিরে আসি।

অব্যক্ত হয়ে যেতুম তার সরল স্বীকারোক্তিতে। একি
সত্তা, একি সন্তব? তালবাসা কি একেই বলে? কোনো
চাঞ্চল্য নেই, প্রত্যাশা নেই, দান-প্রতিদানের হিসেবনিকেশ নেই, এমন কি তাবলে অবাক হই, একটু
কোধাও উচ্চাুদ পর্যান্ত খুঁজে পাইনে, এমন প্রশাস্ত
চেহারা এর? আমাদের কাছে জ্যোৎসা রাত অর্থনীন,
দক্ষিণ বাতাস বার্থ, ফুলের গন্ধ, প্রকৃতির শোভা মেঘমেত্র আকাশ—এরা নিতান্তই হাস্তকর, এমন স্থাপান্ত
ভালোবাসার চেহারা আমি আর কোথাও দেখিনি।
এই কুরপা কদাকার মেণ্ডোর জন্তে আমি ছাডলুম বন্ধ্ববান্ধব, সামাজিকতা, আমোদ আফ্লাদ, অথচ আমার
চারিদিকে এরা প্রচুর ছিল। আমি বিলাদী ধনাত্য
বুবক, পর্য্যাপ্র পরিনাণ ভোগের সামগ্রী ছিল আমার
সকলের দেকে। আস্তিকে নই ক্রাই কি ভালোবাসার
সকলের সেনে বড কাজ?

একদিন বলনুম, তুমি এই যে আমার সলে বেড়াও মুণাল, লোকে ত তোমার নানা কথা বলতে পারে।

মূণাল হাসলে। বললে, পারে কিছ বলেনা। বলেনা, তুমি জানো ?
ভানি।

ভাহলে ভোমাকে ভারা এইদিকে প্রশ্নর দের বলো ?

মুণাল আবার হাসলে,—যারা প্রশ্নর দিতে পারে
কলছও রটাতে পারে ভারা। কিন্তু স্বাই জানে, খুব
ভালো করেই জানে, আমার ধারা কলছের কাজ হরে
উঠবে না।

তবু তারা ত আর খাদ থার না মুণাল। ব্রতে পারে সব। ঘাস বারা খার না ভারা আমাকে বিখাস করে সোম্মের। আমার কিন্ত বিখাসের মূল্য দেবার চেটা নেই। মান্তবকে আমি ভর করিনে।

্ আমি বলল্ড, তৃমি জানো আমার চরিত্র কেমন ? জানো আমি তোমার এই ভালোবাদার যোগ্য নই ?

(कन १-मृगान मूथ जनतन।

সেদিন আমি প্রস্তুত ছিল্ম। বলন্ম, তুমি কি জানতে পেরেছ আমি সচেবিত্ত নই ?

ভানতে চাইনে।

ভব্ আনতে ভোষাকে হবে।—আমি চেপে বসন্ম ভার কাছে। আমি বলতে আরম্ভ করন্ম, সে নিঃশব্দে তিন্তিত মুখে ভানে বেতে লাগল। সমন্ত সন্ধাটা ধরে? বলন্য আমার দীর্ঘ লালের খালন-পতনের কাহিনী। এমন অকপটে কথা আমি আর কাউকে বলিনি। আমার নিকটতম বন্ধুর কাছেও যে সব কথা বলতে বাধতে, ভাও আমি অসল্লোচে প্রকাশ ক'রে দিল্য। মুগাল কঁলেতে লাগল ফ্লিরে ফ্লিরে। আমি যেন ভাকে শরবিদ্ধ করেছি, ভার পাঁজর ভোত দিয়েছি, ভাকে সর্ম্মবান্ত করে দিয়েছি। সেলিন ফেরবার পথে আসতে আসতে ভাবল্য, যাক্ বাঁচা পেল, আমি মৃক্ত দিত্তে পেছে। ভূমিকম্পে ভার প্রাসাদ চ্পিবিচ্পি হয়ে গেল, এবার বাক্ সে নিজের পথে। বাঁচল্য।

করেকদিন পরে আবার দেখি সে খবর পাঠাল। গোলাম। আমাকে দেখেই যেন ভার মুখের উপরে আলো অনে উঠল।

শ্রীর ভাল ছিল ত ? রাত জেগে পড়াশুনো বন্ধ করেছ ?

বল্লুত, আবার বে ডাকলে ?

ওম', ডাকব নাকেন ? এলো। শীতের দিন গ্রম জ্বামাপরোনিকেন ?

ভোমাকে আমি চুম্বন করব মুণাল।

মৃণাল গন্তীর হরে গেল। বললে, অমন করে? চেরো না লোমেশ্বর, নির্ভরে আমাকে কাছে বলতে দাও।— কাছে বলে? লে বললে, মাঝে মাঝে ভোমাকে দেখলে আমার ভর করে। তুমি কথনো দফ্য, কথনো বন্ধু। দেহ নিয়ে টানাটানির যানে কী জানো, নিভেদের ধাংস করা। যারা সংযত তারাই বুরিমান।—সোমেখর আবার চোথ বুজনেন।

চাকর এনে গড়গড়ার কল্কেটা বদলে দিরে গেল। রাভ ঘনিয়ে এদেছে। নতুন করে' তামাক টানতে টানতে বল্লাম, কোনো কোনো মেয়ে কোনো কোনো ছেলে এমন হয় দেখেছি। মেয়েরা ভাত্তিক হয় পুরুষ-সংসর্গের ঠিক আগে, পুরুষরা ভাত্তিক হয় স্ত্রী-দংসর্গের ঠিক পরে। মেরেদের চরিত্রের মাধুর্য্য পাওয়া যায় কুমারী অবস্থায়, পুক্ষের চরিত্রের ঐশ্বর্য্য পাই ভাদের বিবাহের পরে। ভোমার মৃণালের ধরণ একটু আলাদা। মনে পড়ে, চুল পাকবার ঠিকু আগে একটি স্থীলোককে দেখেছিলাম। স্থন্দরী এবং চবিত্রবভী। কিন্তু ভার কাজ ছিল, আমাপন রূপ এবং স্ক্রেরিত্র প্রকাশ ক'রে ছেলেদের কাছে স্বার্থ ও স্থবিধা নেওয়া—সে স্বার্থ সময় সময় অনুভাস্ত ভূল এবং সঙ্কীৰ্ণ হয়ে উঠত। যৌন-বিজ্ঞানে আছে, সেক্দ্-এর য়্যাপীল দিয়ে মেটিরিয়ল য়্যাডভাণ্টে**জ**্ আদায় করা। ভোষার মৃণাল অবভা একটু স্পীরিমর এলিমেন্ট্। কিছু তুমি মনে করোনা তোমার এ ভালোবাসা দেহহীন: দেহ আছে, কিছু এ প্রেম থানিকটা যৌন-রছিত। বস্তুর চেয়ে গঙ্গে বেশি নেশা হয়। ইংরেজিতে বলে, নন্-নরম্যাল্।

সোমেখার হেসে চোথ খ্ললেন। বললেন, ভোষার মতো একদিন আমিও বৃদ্ধি ও বিজ্ঞান দিয়ে মূণালকে বিচার করেছি। কিন্তু ভার প্রাণের দিকে নিয়ত আমার দৃষ্টি জেগে থাকত, তার লীলা আছে, ধর্ম আছে। বৃদ্ধি দিয়ে তাকে মাপা বার না, বিজ্ঞান দিয়ে বিশ্লেষণ করা বায় না। কথার জয়ম ওঠে কথা, প্রাণ ওঠে হাঁপিয়ে, যুক্তির ভারে হ্লস্থাবেপের হয় কঠরোধ। বৃদ্ধিতর্কের রাক্ষমীবৃত্তিতে রসতত্ত্বের যজ্ঞ পণ্ড হয়।

একদিন মৃণাল বললে, তোমার ভালে তেই আমার ভালো এট ভূলো না সোমেশার। আমি যভদিন বাঁচবো, যেন দেখি তৃমি হছে আছো। আর যদি কোনে। মেরে ভোমাকে আনন্দ দেয়, ভালোবাসে, আনবে সে আনন্দ আমার!

সোমেশ্র উত্তেজিত হয়ে বললেন, কোন্ মিথ্যাবানী

প্রার করে, মেরেরা মরে ত জারগা ছেড়ে দের না,—
এত বড় অক্সার ধারণা আর নেই। আজ তুমি বে
জনপ্রির ঔপস্থানিকের গরটা পড়ছিলে নেটাও ওই পাঠকভোলানো দন্তা রঙীন প্রেম, চুড়ির আওরাক্ষ আর
আঁচলের খুঁট নিমে চিত্তবিলাদ, মনন্তন্তের কটিল গ্রন্থি
নিমে টানাটানি, অধন্তন প্রবৃত্তির গায়ে কলম ছুঁয়ে
মড়েম্বাড় দেওরা। কথন-ড্লীকে হুদরগ্রাহী ক'রে
বক্তবোর দৈশ্রকে চাপা দিলেই ক্লাপ্রির ঔপস্থানিক হুৎয়া
সহল হয়।

উত্তক হার বললাম, যাক, গল্পের মাঝপথে তর্কের ঝুলি এলিয়ে বদো না, বলো।

সোমেশ্বর বলতে লাগলেন, ভালোবাসার কতকগুলি
মহস্ব নীতি আছে, সর্বজ্ঞানীদের বিচার-বৃদ্ধিতে সেই
নীতিগুলি চিরকালের জন্ম প্রতিষ্ঠিত। মৃণালের প্রাণের
ভিতরেও সেই নীতিবোধ; এ তার সহজাত। সে
আমাকে গুঞ্জিত ক'রে দিয়ে একদিন বলেছিল, আমাকে
পেয়ে তার প্রম আহ্যোপল্লি ঘটেছে,—ধেমন অপ্রিচিত
ভ্রমরের পদরেপুত নিভ্ত নীলপদ্মের আশ্বাধানা।

বুড়ো হয়েছি, কাব্য আর সহা হর না। চোক্রা বরস হলে' দোমেশবের উচ্চুাসটা বির্ফ্তিকর হতো না। কিন্তু কী করা যাবে, রূপার গড়গডার অস্থাী ভামাক সে থেতে দিরেছে। বেঁধে মাবে, সর ভালো। বৃদ্ধ বহুসে সেলল প্রেমই এক সমরে শেষ হয় স্টেডিছে, প্রকৃতির নানা ছলনা, নীলপদ্ম অথবা রক্তজ্ঞবার উপমার ভাকে ভোলানো কঠিন। ও বল্প নির্কোধ নরনাবীর মনে মারা বিস্তার ক'রে আপন থেয়ালে ভাদের চালিত করছে।

সোমেশ্ব বললেন, একবাৰ ভাকে না বলে' এক বন্ধুব সজে বিদেশে বওনা হয়ছিল্ম। পথের নানা কটে বাল নিবে কিবল্ম দেশে। দেখেই ত মুণালেব চক্ছ ন্তির। বললে, উন্মাদিনীর মতো উচ্চকাঠ বললে, আমি ভানি যে ভোমাব এমন হবে, আমি যে সেদিন স্বপ্প দেশ্য! মানহ ক'রে রেখেছি মহাকালীর কাছে। আমার অবাধ্য হলে' বিপদে তুমি পডবেই সোমেশ্ব, ভোমার সেকল বিপদ আমি আভাল ক'রে থাকি। নিশ্বর ভোমার সেই বন্ধু পথে ভোমাকে কট দিয়েছিল!

किছू मिरबहिन वर्षे मुगान।

তাত দেবেই; আমার কাছ থেকে বে ড়োমাকে ছিনিরে নিরে যার সে কথনো তোমার বন্ধ নর। জীবনে তুমি ফুনীতির রসন যুগিরেছ যাদের, তারাই কট দেবে তোমাকে, তাদের কাছ থেকেই আসবে শক্ষতা। পাপকে বাঁচিরে রাখনে সেই পাপই একদিন হুংখ দের। আমার কি হুরেছিল জানো সোমেখন ?

কি হয়েছিল মৃণাল ?— আমি অবাক হঙ্গে চেয়েছিলুম ভার দিকে।

তৃমি—তৃমি চলে' গেলেই আমি ভাবি অন্ত কথা।
তুমি দৃরে গেলেই পুতৃবের মভো চোট হরে যাও
এত চোট যে একটি শিশুর মতন, সন্ধানের মতন—ইছে
করে আঁচলের আড়ালে চেকে পথটা ভোমার পার
ক'রে দিরে আদি, জোমার গারে যেন বিপদের আঁচড়টি
না লাগে।—চেরে দেখল্ম এক প্রকার অভাভাবিক
আবেগে মুণালের সর্বাশরীর ঠক ঠক ক'রে কাঁপছে।
এমন জ্যোভিশ্বী মাতৃমূর্জি, সভ্যিই ভোমার বলছি,
আমি আর দেখিনি।

ভূতে পেলে এমন হয়।

দোমেখন হেদে বললেন, সেদিনের কথাটাও ভোষার বলন। বিলাস-বাসনের জীবন হলেও জামার মধ্যে কোথার একটা ত্রংসহ দাবিদ্রা ছিল। একদিন কি কারণে কোথার বেন অত্যক্ত জপমানিত হরেছিল্ম। কোথার ছুটন সাস্থনার জক্ত! গেল্ম মুণালের ওবানে। চোথ দিয়ে জামার ঝর ঝর ক'রে কল পড়ছিল। সেইদিন—কেবল সেইদিনটির কন্ত মুণাল ভূলে সিমেছিল ভার চারণালের জনসমাক, ভূলে গেল ভার আত্মীরক্ষন, শুক্লমানের কথা। সকলের মাঝখান দিয়ে ছুটে অনে সে আমার হাত ধরে' বললে, কি হয়েছে সোমেখার হ

একলা বরের মধ্যে নিরে গেল। কাছে বসিরে মাথাটা টেনে নিয়ে চোথের অল মৃছিরে বললে, কোখার লাগল ?

ভা বলতে পাজিনে মৃণাল !

বলতে পারছ না, তবে বৃঝি বৃকের ভেডরে লেগেছে? বড পরিশ্রম করেছ, নর ? আৰু আর ভোষার ছেড়ে দেবো না, এমনি ক'রে তরে থাকে। সারারাত ! গৰার আওয়াজ তার কাঁপছে। কায়ায় কাঁপছে তার মূন, তার প্রাণ। একে বলব ভালোবাসা। মাছুবের ভিতর দিরে ভালবাসছে সে মানবাতীত দেবজকে। ছর্লভকে চাওয়াটাই প্রেম। সেদিন একবারটি চঞ্চল হরে উঠেছিল তার গলার আওয়াজ। বললে, না, তুমি থেকো না, তুমি বাও। কোথায় এখানে নিশ্চন্ত হয়ে রাধব তোমায় পু বৃকের মধ্যে কোথায় তোমার কাঁটা ফুটেছে, কেমন করে খুঁজবো। তুমি ঝড়, ওলট-পালোট করতে এসছিলে, এবার যাও, যাও।

ছি সোমেশ্বর।—স্থির কর্গে মুণাল বললে, এমন কথা আবার বোলোনা। যারা কুরূপ তারা কমে যাক্ সংসার

থেকে ভাদের সংখ্যা আর বাড়িয়ো না। তারা পাপ।

की वलक मृनाल ?

বলছি বিয়ে আমি করব না। পারব না আমি কুখী সন্তানদের লালন করতে। আমার কচি আছে, আমি রূপের ভক্ত। তুমি রূপবান, তোমার বংশধারাকে মলিন করবার অধিকার আমার নেই সোমেশ্বর।

বৃদ্ধি আব জ্ঞানে উজ্জ্ঞাল যে ভালোবাসা—
সোমেখার বলতে লাগলেন, ত ই আমি পেরেছিল্ম
মৃণালের কাছে। তত্ত্ব নয়, মনন্তব্ধ নয়—তার বিচারের
রীতি ভরবারির মতো উজ্জ্ব। নাটক-নভেলের প্রেম
হচ্ছে আত্মবঞ্চনার বিশ্লেষণ। মৃণালের হৃদ্ধের প্রথম
ন্তব্ধে ছিল নারীমূর্জি, নিচের ন্তবে ছিল মান্তমূর্জি, প্রশান্ত
ভূটি রূপ। একটিব সলে আরেকটির অপূর্ব সামঞ্জ্য। যা
সে দিলে তা সর্ব্বক্র্যানী, রিক্ত ক'রে দিলে; প্রেতিদানে
নেবার কিছু ছিল না ভাব, যা দেবে। তাই তার কাছে
সামস্ত্র, অকিঞ্জিৎকর। এই চেনারা ভালোবাসার।
আশ্রুব বিলাদ নয়, সমাজ্যের কচকটি নয়, কোনো উচ্ছুাসআবেগ নেই, মান-অভিমানের লোভনীর অভিনর
করেনি, আলোছারার লীলা ক্রিক্রা, তার ভিতর দিয়ে

আমি আমার সর্কোত্তম মহুশুর্কে অন্নুত্তর করেছি।—
সোমেশ্ব চোধ বৃজ্জনে।

কতকাল গেল তার পরে।—চোথ ব্রেই তিনি পুনরার সুক করলেন, ক' বছর তা আর মনে নেই। স্ত্রী পুত্র নিয়ে সংসারে মন দিয়েছি, টাক্ পভেছে মাথায়। আমার স্ত্রী ছিলেন মৃণালের বড প্রিয়, বড় আয়ীয়। কিছু আমার বিয়ের পর থেকেই মৃণাল দেশ ছেড়েছিল, স্ত্রীর হাতে আমাকে সপে দিয়ে। মানা করেছিল, তাকে যেন না খুঁজি। খুঁজিয়োনি তাকে।

আমি এইবার বললাম, থোঁজনি কেন ?

কেন १— সোমেশার বললেন, খুঁজবো ভাজে মনে, খুঁজবো প্রাণ দিয়ে। ভগবং গীতার মতো সে মধ্র। যথনই ভাবি ভখনই নতুন অবর্থ পাই, নতুন ক'রে চোখ খুলে যায় দিকে দিকে।

ভারপর গ

ভারপর এই জীবনে কেবলমাত্র আর পাঁচ মিলিটের क्रज जांत (पथा (প্रायक्तिया। (पथा मां (भरत । এসে ষেত্ত না। কমকেশ্বর তীর্থের পথে দেখা ভার সকে, চম্প'রণের এক রেলওয়ে ষ্টেশনের ধারে। বাউলের বেশে গান গেরে গেরে ভিকা ক'রে ফিরছে। জী মলিন বেশ, বিগভাষীবনা, ভার কুরূপ আরও কিছু কলাকার হয়ে উঠেছে,—ধনাত্য এবং স্থপুক্ষ 'রাজপুত্র' আমি সুম্ধে গিয়ে দাঁডালুম। কেমন একটা অন্তত ইছো হোলো দেদিন ভার পায়ের ধূলো নিভে। বেশি কথা হবার অবকাশ ছিল না। ড'জনের মাঝখানে ধেন একটা প্রকাণ্ড ফাঁক, কাল-কালান্ত ধ'রে ছুটলেও তাকে ধরা কটিন। আশ্চর্যা, আমার কুশল সে আর ভিজাসা করলে না, আমার সহধ্যে আর তার উদ্বেগ নেই, ভাল ক'রে লক্ষ্যও করলে না আমাকে। আমার কাছ থেকে চলে' যেতে পারলেট দে যেন খুদি হয়। ভার ^{পরে} বাধা দিয়ে বৰলুম, কি জন্তে তুমি এমন ক'রে দর্বছান্ত कर्ताल निरक्तक युगान 🤊

আমাৰ কম্পিত উৰ্বেশিত কঠে তার মুখে তাসি মুটল, তপোবনের ঋষিতস্থার মতো জ্যোতিয়ান হাসি তার। সোহাগের সুরে আমার কাঁণে হাত রেখে বললে, সর্কাযান্ত হরে সর্কায়ক পেরেছি সোমেখন।

চমকে উঠলুম। বললুম, কে দে? তুমি আমাকে আর ভালোবাদোনা মুণাল ?

ना ।

ভবে ?

যাঁকে ভালোবাসি তিনি আছেন আমার মনে।---বুকে হাত রেখে মুগলে বললে, তার পথ আমার মহা-প্রাণের মহাবুলাবনে। आমি কোনোদিন কার্তেই ভালোৰাসিনি সোমেশর।

দে কি, বঞ্চনা ক'রে এদেছ আমাকে এডকাল ?

না, আগাদের মিলনের তুমিই ছিলে দৃত !-- হেসে म्यामात शास्त्रत धृत्वा माथात्र नित्व । जात्रशत व्याप्त, ঠাকুর, কিছু ভিক্ষা দেবে গরীবকে ?

मिनूम ना ভिक्त, दनवांत्र भाषा हिन ना. मिक्कि ছিল না; কেবল আমার শুস্তিত দৃষ্টির স্থাধ फि:म (क्थन्य, यूनान ben' त्शन (क्टन (क्टन, वाडे-লের একট। গানের ধুয়ো ধরে' হেলে ছলে। সে বেন পরম প্রেমিককে পেরে গেছে স্থ্যভাবের মাধুর্য্য क्तिरस ।

আচার্য্য জগদীশচন্দ্র বস্থ ও বস্থ-বিজ্ঞান-মন্দির

শ্রীসভোক্তনাথ সেনগুপ্ত

দেশ-বিদেশের বছ মনীণী তাঁহার নব নব উল্মোল্গালিনী জীবনবিৎ কৃষিয়ানিবাসী অধ্যাপক

আচাৰ্যা অগদীশচন্দ্ৰ বন্ধ বিশ্বি ক কীৰ্ত্তিনান বৈজ্ঞানিক। কীৰ্ত্তিত করিয়াছেন। পৃথিবীর অন্তত্ম লোচ উদ্ভিদ্-বৃদ্ধির মুক্তকঠে মশোগান করিতেছেন। উদ্ভিন্তত্ত্বিৎ বলিয়াছেন—His work must at once be acknow-



काहारी जात कगरी नहस শণ্ডিতপ্ৰবন্ধ লোডাট আচাৰ্য্য জগদীশের পরীকাপ্রণালীকে marvellous methods of experimentation विका



আচার্যা বসুর সহধর্মিনী প্রীযুক্তা অবলা বসু ledged as a classic in the field of physiological research. হাবারল্যাও কিবিয়াছেন যে আচার্য্য বস্থ

মহাশর ছারা অদৃষ্টপূর্ক জীবনের বিবিধ তত্ব উদ্যাটিত হই-ভেছে। লোকোন্তর প্রতি ভাশালী ত্বগছিপাতে আইনটাইন্ বলিরাছেন—A monument should be erected in recognition of human achievement so great as that of Bose. মনীয়া বাণার্ড শ' তাহাকে the greatest biologist বলিরা শ্রদ্ধাঞ্জাপন করিয়াছেন। কিন্তু আচার্য্য জগদীশের এই সকল কীর্ত্তি অপেকা বছগুণে মহন্তর যে তাহার অপুর্ব্ধ ভেজোদাপ্ত জীবন অস্তঃগলিলা ফল্পর মত চিরদিন বিশ্বব্যাপী কার্ত্তিকে পশ্চাতে ফেলিরা গোপনে প্রবাহিত হইতেছে তাহার সন্ধান খুব কম লোকে জানে। সে বিবরে ত'একটি কথা এই প্রবক্তে আমি বলিব।

করিরাছিল আচাথ্যের পর জৌ ঐবনে তাহা সমগ্র রপে ও রসে পরিপূর্ণরপে ফুটিরা উঠিরাছে। বন্ধতঃ কর্ণের চরিত্র আচার্য্য কাগদীশচক্রের ক্ষীবনে আশ্চর্যারপে প্রতিবিদ্মিত হইরাছে। ব্যর্থতার সক্ষে নিয়ত ঘন্দ করিয়া আপন পৌরুষ মাত্র সমল করিয়া কর্ণ অলৃত্রর পরিহাস সফ্ষ করিয়াছেন কিন্তু জীবনের প্রজ্ঞালর পরম সত্যকে কখনও পরিত্যাগ করেন নাই, আচার্য্য কাগদীশও তেমনি সকল লোভ, সকল মুখ, আপাত শান্ধি, করতলগত যশঃ তুছে করিয়া সভ্যের মহিমা প্রচারে নিত্যব্রতী আছেন, কর্ণেরই মত জীবনে কথনও বীরের সদ্গতি হইতে তিনি ত্রই হন নাই। আথোবন আমবা তাহার



বস্থ-বিজ্ঞান-মন্দির

জীবন নিরবছির সংগ্রামের নামান্তর মাত্র। বাঁহার।
এই সংগ্রামের সপুথীন হইতে ভীত হল না, বিজয়ী হইবার
ফুর্মননীর আকাজ্ঞা বাঁহাদের মনে নিত্য জাগ্রত থাকে
উহোরাই বিশে প্রতিষ্ঠালাত করেন এবং অসাধারণ
প্রতিভাশালী ব্যক্তি বলিয়া বলিত হইরা থাকেন।
আচার্যা ভগদীশের জীবনে আমরা এই সংগ্রামশ্রুগা—
এই বিজিপ্রিয়া মূর্ড দেখিতে পাই। বাল্যে মহাভারতের
কর্প-চরিত্র ভাহার সর্ব্বাপেকা প্রির ছিল; পৌক্রবসর্বাপ্
এই বীর ভাহার শিশু মনে যে স্থায়ী প্রভাব বিভার

কীবনে পত্য-প্রতিষ্ঠার জন্ত এই বীরত্বের নিদর্শন খুঁলিয়া পাই।

১৮৮৪ ঝ্রীবৈৰ জগদীশংক্র কলিকাতা প্রেসিডেলি কলেজে প্রাথবিদ্যার অন্থারী অধ্যাপকের পদে নিযুক্ত হন ৷ তথনকার দিনে Imperial Service-এ অধিটিড থাকিরাও ভারতবাসিগণ ইউবোপীরদিগের *য়াংল বেতন মাত্র পাইবার অধিকারী ছিলেন ৷ বিভাবভার, অধ্যাপন-কুললভার, চরিত্রবলে শ্রেষ্ঠভর হইলেও ভারভবাসীর পর্কে এই নিয়মের ব্যতিক্রম ঘটিত না ৷ এইরপ ব্যবহার অন্তর্গালে ভারতীয়ের প্রতি যে এক নিদারণ অবজ্ঞা ও
রচ অবিচার পুশে কীট সম পুরু।রিত থাকিয়া বিশ্বের
দ্ববারে ভারতবাসীকে হীন প্রতিপন্ন করিতেছিল,
পরিপূর্ণ প্রাণশক্তিতে বলীয়ান জগদীশচল্লের নিকট তাহা
মন্থাবের গভীর অপমান বলিয়া মনে হইল। তিনি
সভীর প্রতিবাদ দারা এই অপমান, এই অভার, এই
লক্ষাকর অসকতি দ্বীকরণে বর্ধপরিকর হইলেন। তিনি
ন্তির করিলেন যতদিন এই অন্ততি অসামঞ্জ্ঞ বিদ্রিত
না হইবে প্রতিবাদস্কর্প তিনি তাঁগার প্রাণ্য বেতন গ্রহণ
না করিয়া যথাগীতি কর্ত্বাসম্পাদন করিয়া যাইবেন।
তথন তাঁহার পারিবারিক অবস্থা তেমন স্ক্রল ছিল না.

বছবায়সাধ্য শিক্ষা সমাপন করিয়া সহ্য ভিনি তথন বিলাত হইতে ফিরিয়া আসিয়াছেন, অপরিশোধিত পিতৃ লগ হর্পাই বোঝার মত স্কম্মে চাপিয়া আছে. বেতনগ্রহণে অত্মীক্তত হওয়ায় নানা অ তা বে র মধ্য দিয়া কটে তাঁহার দিনাতিপাত হইতে লাগিল, তথাপি তিনি তাঁহার সকল হইতে তিলমাত্র বিচলিত হইলেন না। দীর্ঘ তিন বৎসম্ম ধরিয়া এই সংগ্রাম চলিল। অবশেষে সভ্যের অন্ত হইলে, গ্রহণ্মেট অগদীশ-চন্দ্রকে স্থায়ী অধ্যাপকের পদে অধিটিত করিয়া তাঁহার তিন বৎসরের পূর্ণ বেতন এক সক্ষে ভিনি বৎসরের পূর্ণ

এই সংগ্রামের ফলে জগদীশচন্দ্র ব্ঝিতে পারিলেন যে খাধীনতা না থাকিলে কেবল পরদেশবাসীদিপের ম্থাপেকী চইলে বিজ্ঞানচচ্চার বা বৈজ্ঞানিক গবেষণার ভারতীরগণের কথনও দফলতালাভ হইবে না। এই উদ্দেশ্তে তিনি তাঁহার পূর্বে বেতন ও পরবর্তী জীবনের কই-সঞ্চিত দম্প্র অর্থ বিজ্ঞান-মন্দিরের প্রতিষ্ঠার জন্ত নিয়োজিত ব্যিলেন।

বস্তত: ভারতবাদী কর্তৃক বিজ্ঞানে নৃত্ন আবিজিয়া বাতীত জগৎসমাজে ভারত কথনও সম্মানিত স্থান মদিকার করিতে পারে না। ঐ সময় বিচ্যুৎতর্ম সংক্ষীয় গ্রেষ্ণায় আচার্য্য এতগুলি নৃত্ন তথ্য আবিছার

করিতে সমর্থ ইইলেন বে জগদিখ্যাত গর্ড কেল্ডিন লিখিলেন—I am literally filled with wonder and admiration. বর্ত্তমান যুগের অক্তমে শ্রেষ্ঠ বৈজ্ঞানিক সার জে, জে টমসনও লিখিয়াছেন বে এই সমন্ত আবিছার mark the dawn of the revival in India of interest in researches in Physical Science; this which has been so marked a feature of the last thirty years is very largely due to the work and influence of Sir Jagadis Bose. এইরপে আতনব গবেষণা ছারা জগৎসভার প্রতিষ্ঠার আসন অর্জন করিয়া আপন প্রতিভাবলে অবশেষে তিনি ভারতীয় ও ইউরোপীয় অধ্যাপকদিগের



গ্ৰেষণা-নিরত আচার্য্য বস্থ

মধ্যে অসকত পার্থক্য তুলিরা দিতে গবর্ণমেন্টকৈ বাধ্য করিলেন। বিজ্ঞার সম্পূর্ণ হইল। বালালীর মনে এ ঘটনা চিরন্দ্রবীয় হইয়া থাকিবে, কারণ এই জয় শুধু ব্যক্তিগত গৌরবের বিষয় নহে, ইহা ভারতবাসীর জাতীয় গর্ম্ম ও জাতীয় সম্মানকে জগতের সমক্ষে প্রতিষ্ঠিত করিয়াছে; ভারতবাসীর প্রতি বে মানিকর অবিচার ও অপমান বিনাপ্রতিবাদে এতদিন অফ্টিত হইয়া আসিতেছিল একজন বালালীর তেজ্বিতার ভাহা চিরতরে অপনোদিত হইয়াছে।

সভ্যপ্রতিষ্ঠা ও স্থারের মর্য্যাদারকার জন্ত এইরূপ নিত্রীক তেজবিতা জগদীশচন্তের স্বীবনে উত্তরোজর

শক্তি সঞ্চয় করিয়াছে। তুরতিক্রম্য বাধা-বিদ্ন কথনও তাঁহাকে হীনবল করিতে পারে নাই, পরত্ত দিওণিত বিক্রমে ভাহাদিগকে পরাভূত করিয়া অগ্রদর হইবার জোগাইরাছে। পদার্থবিজ্ঞানে জগদীশচন্দ্র উনবিংশ শতান্দীর শেষভাগে তাঁহার পরি-কল্লিড কুদ্রভরকোৎপাদক বেতার-যত্ত্রের বার্তাগ্রাহক অংশটি লইয়া কার্য্য করিতে করিতে একদিন লক্ষ্য করিলেন যে উহা ক্রমশঃ নিজেজ হইয়া পড়িতেছে। অভৈব পদাৰ্থনিশিত গ্রাহকষল্পের এইরূপ ক্লান্তির নবোদ্ঘাটিত ধারাবাহিক ইতিহাস আলোচনা করিয়া তিনি দেখিলেন উহার প্রণালী প্রাণিপেশীর অফুরপ। উদ্ভিদ্দীবনে এই অনুরপতা আরও স্পষ্টরূপে প্রতিভাত হইল। তথন হইতে তাঁহার মানসনয়নে জৈব-অজিবের সীমারেশা ক্রমশ: লুপ্ত হইরা আসিতে লাগিল এবং উভরের মিলনক্ষেত্র সমুত্তাদিত হইয়া উঠিল। ১৯০১ এটিাবের ১০মে ভারিখে ভিনি তাঁহার আবিষ্ণত জীববিজ্ঞানের এই অভিনৰ তথা বয়াল দোসাইটিতে পরীকা হারা প্রমাণিত করিলেন। এই তথা প্রচলিত মতবিক্তম বলিয়া প্রাণ-তত্ত্বিভার দু' একজন অগ্রণী ইহার বিরোধিতা করিলেন। তাঁহাদের মতে জগদীশচন্দ্র প্রধানতঃ পদার্থতত্ত্বিৎ, স্বীয় গণ্ডি অতিক্রম করিয়া জীবত ব্বিদ্গণের সমাজভুক হইবার চেষ্টা তাঁহার পক্ষে অনধিকার-চর্চা ও রীতিবিক্ষ হইয়াছে। এ সম্পর্কে আরও ছু'একটি অশোভন ঘটনা ঘটিয়াছিল। বাঁহারা তাঁহার বিরুদ্ধপক ছিলেন, তাঁহাদেরই মধ্যে একজন জগদীশচন্তের আবিষারগুলিকে পরে তাঁচার নিজের বলিয়া প্রকাশ করিতে চেষ্টা করিয়া-ছিলেন। এইরূপে বছকাল ধরিয়া বহুপ্রকারে তাঁহার সমুদ্য কাৰ্য্য পণ্ড করিবার চেষ্টা চলিয়াছিল। কিছ জগদীশচন্ত্ৰ ইহাতে বিন্দুমাত্ৰ বিচলিত হন নাই। আলৈশৰ কৰ্ণচরিত্র হাঁহার জীবনের আদর্শ, প্রতিকৃল অবস্থার তাড়নায় তিনি নিরুৎসাহ হইবেন কেন ?— নিক্ষপতার বিরুদ্ধে, ঘনায়মান বার্থতার দকে সংগ্রাম করাই যে তাঁহার আবাল্য আদর্শের বিশেষত। সমবেত প্রাণ-ভত্তবিদ্যাণের প্রতিবাদকে তিনি সত্যনিষ্কারণের সংগ্রামে প্রতিদ্বদীর স্পর্দ্ধিত আহ্বান বলিয়া গ্রহণ করিলেন। অভ্যাপর বছরথীবেষ্টিত এই কঠোর সংগ্রামে জরলাভ

ক্রিয়া সভার প্রতিষ্ঠাই তাঁহার জীবনের একমাত্র ব্ৰত হইল। তিনি একক, কিছু প্ৰতিপক্ষ দলবদ্ধ ভবিষ্যৎ অন্ধকারময়, জয়-পরাজয় অনিশিচ্ছ। এদিকে পদার্থবিজ্ঞানে তাঁহার থ্যাতি তথন অুদুরবিস্তৃত হইয়াছে, লর্ড কেলভিন প্রমুখ দিকপালগণ সসম্ভ্রম বিশায়ে উাহার গবেষণার মৌলিকতা স্বীকার করিয়াছেন, পদার্থ-বিজ্ঞার যশোলক্ষী বছদাধনায় অভিছত তাঁহার করে দোলায়মান বিজয়মালোর প্রতি অস্থলী নিদেশ করিয়া ঞৰ প্ৰতিষ্ঠাৰ ক্ষেত্ৰ ছাড়িয়া অজ্ঞাত অন্ধকাৰে ঝাঁপাইয়া পড়িতে তাঁহাকে নিষেধ করিতেছেন, কিন্তু সভামুম্ম চিত্ত তাঁহার অবিচলিত নিষ্ঠায় আপনার সক্ষয়দাধনে বন্ধপারকর হইল। পদাৰ্থভত্তবিদ্যাণ তাঁহাকে অভপথে যাইতে দেখিয়া ক্ষুক্ত হইলেন, প্রাণভত্তবিদগণের মধ্যে অনেকে সভ্যবন্ধ হইয়া সর্বতোভাবে তাঁহার বিরুদ্ধাচরণ করিতে লাগিলেন, কিন্তু বীরের হাদয় তাহাতে কম্পিত হইল না, সকলের সহামুভৃতি এবং সাহচ্যা হইতে বঞ্চি হইয়া তাঁহার সকল আরও দৃঢ়ীভূত হইল মাত। তিনি আপনার পুরুবকারের উপর নির্ভর করিয়া ঘোষণা कतिरामन,- "यमि त्कर त्कान तुरु कार्या कीवन छेपमः করিতে উন্মধ হন, তিনি যেন ফলাফলনিরপেক ২ইয়া थात्कन। यनि अभीय देश्या थात्क, त्कवन छाहा इहेतनहे বিশাসনয়নে কোনদিন দেখিতে পাইবেন, বার বার পরাঞ্জিত হইয়াও যে পরাখ্য হয় নাই সেই একদিন विक्रश्री श्हेशाटक ।"

(?)

বিজ্ঞান বস্ততঃপক্ষে সার্ব্যক্তামিক। কিন্তু বিজ্ঞানের
মহাক্ষেত্রে এমন কি কোনও স্থান নাই যাহা ভারতীঃ
সাধক ব্যতীত অনধিকৃত বা অসম্পূর্ণ থাকিবে? এ সম্বন্ধে
আচার্য্য জগদীশ বস্থ বিজ্ঞান-মন্দিরের প্রতিষ্ঠা দিবদে
যাহা বলিয়াছিকেন তাহা নিয়ে উদ্ধৃত করিয়া দিতেছি—

"বর্ত্তমান কালে বিজ্ঞানের প্রমার বছবিস্থৃত হইরাছে এবং প্রতীচ দেশে কার্য্যের হবিধার জন্ম তাহা বছধা বিভক্ত হইরাছে এবং বিভিন্ন নাথার মধ্যে অভেন্ধ প্রাচীর উথিত হইরাছে। দৃশ্ম জ্বগৎ আতি বিচিন্ন এবং বছরাপী। এত বিভিন্নতার মধ্যে যে কিছু সাম্য আছে, তাহা কোন ক্লপেই বোধগম্য হয় না। এই সতত চঞ্চল প্রাণী আর চির মৌন অবিচলিত উত্তিদ, ইহাদের মধ্যে কোন সাদৃশ্য কেধা বার না। আর এই

্রত্রের মধ্যে একট কারণে বিভিন্নরূপে সাড়া দেখা যায়। কিন্তু এত ্ৰিম্ম্যের মধ্যেও ভারতীয় চিন্তাঞ্চণালী একতার সন্ধানে ছটিয়া জড় উদ্ভিদ ্রবং জীবের মধ্যে দেত বাধিয়াছে। এতদর্বে ভারতীয় সাধক কথনও ুছার চিন্তা কল্পনার উন্মুক্ত রাজ্যে অবাধে প্রেরণ করিয়াছে এবং পর-ুহার্ম্বই তাহাকে শাসনের **অধীনে আনিয়াছে।** যে তলে নামুনের ইন্দ্রিয় গরান্ত হইয়াছে তথার অতীন্ত্রিয় দেজন করিয়াছে। বাহা চকুর অগোচর ভিল ভা**হা দৃষ্টি**গোচর করিরাছে। কুলিম চকু পরীকা করিয়া মন্ত্রদৃষ্টির গুভাবনীয় এক নৃতন রহস্ত আবিদার করিয়াছে যে, ভাহার ছুইটি চকু একসময়ে জাগরিত থাকে না, পর্বান্ত্রমে একটি গুমায়, আর একট ্রাগ্রিরা খাকে। ধাতুপত্তে পুকায়িত স্মৃতির অদৃগ্র ছাপ প্রকাশিত করিয়া ্রেথা**ইরাছে। অম্বর্গ আলোক সা**হায়ো কুক্ষ**প্রস্তারের ভি**তরের নির্দ্ধাণ-ক্রীশল বাহির করিয়াছে। আগবিক কারুকার্যা গুণামান বিভাৎ-্র্মির দ্বারা দেথাইয়াছে। বৃক্ষজীবনে মানবজীবনের প্রতিকৃতি দেখাইয়া িক্রি**ক জীবনের উত্তেজনা মানবের অমুভতির অমুর্গত করি**য়াছে। ব্যক্ষর অন্তর্গ বৃদ্ধি মাপিয়া লইয়াছে এবং বিভিন্ন আহার বিহার ও বাবহারে দেই বিদ্ধার মাত্রার পরিবর্ত্তন মূহুর্তে ধরিয়াছে। হত্তের আগাতে যে বৃক্ত সংচিত হয় ভাহা প্রমাণ করিয়াছে। যে উত্তেজক মাকুষকে উৎকুল করে, যে মাদক ভাহাকে অবসর করে, যে বিষ ভাহার প্রাণনাশ করে. ্দ্রিদেও তাহাদের একই রকম ক্রিয়া প্রমাণিত করিতে সমর্থ হইয়াছে। টুছিদের পেশীক্ষ্মন লিপিবদ্ধ করিয়া ভাষাতে জনমক্ষ্মনের প্রতিচ্ছায়া নেথাইয়াছে। বৃক্ষ**ারীরে** স্নায়**গ্র**বাহ আবিধার করিয়া ভাহার বেগ নির্ণয় করিয়াছে। প্রমাণ করিয়াছে যে, যে সকল কারণে মানুষের স্নায়ুর উত্তেজনা বৰ্দ্ধিত বা মন্দীভূত হয় সেই একই কারণে উদ্ভিদলায়ৰ আবেগ উত্তেজিত **অথবা প্রশমিত হর**।"

উচ্তাংশে আচার্য্য যে সকল তথোর উল্লেখ করিয়া-ছেন তাহা প্রমাণিত করিবার জক্ত অভিনব যন্ত্রসম্হের পরিকল্পনা ও নির্মাণ সম্পূর্ণরূপে বস্তু-বিজ্ঞান-মন্দিরে সম্পান করিতে হইরাছে। এই যন্ত্রপাল ছারা জীবকোষের স্কোচন অথবা প্রসারণ কোটিগুণ বর্দ্ধিত হইয়া লিপিবদ্ধ হইরাছে। এই সকল কুলা পরীকাসিদ্ধ তথ্যের আবিদ্ধারে এইরূপ অপূর্ব্ব সফলতা পূর্বের কথনও সম্ভবপর বলিয়া মনে হয় নাই। সেই হেতু বিজ্ঞান-মন্দিরে নিখিত ব্রুদমূহের কার্য্যকারিতা নিরূপণকলে রয়াল সোসাইটির এক কমিটি নিযুক্ত হয়। কমিটির সকল uकवारका श्रीकांत्र करतन रच-We are satisfied that the growth of plant tissues is correctly recorded by Sir J. C. Bose's Crescograph, and at a magnification of from one বস্ত্র-বিজ্ঞান-মন্দিরে million to ten million times. উড়াবিত ও ভাহার কার্থানার নির্মিত অতাল যত্র

সম্বন্ধেও সমান খ্যাতি বিস্তৃত ইইয়াছে। এই সকল
যন্ত্ৰ ও তল্লন্ধ পত্ৰীক্ষার ফল চাকুষ দেখিয়া পূৰ্বে বাঁহারা
অগদীশচন্ত্রের প্রতিষ্দ্দী ছিলেন এখন তাঁহাদের অনেকৈই
তাঁহার গুণগ্রাহী ইইয়াছেন। বিরুদ্ধ পক্ষের সেই জীবভব্ববিদ্যাণই জাচার্য্য বস্তুকে রয়াল সোসাইটির সদ্স্থ মনোনীত
করিয়া স্থান প্রদর্শন করিয়াছেন। ভিয়েনা একাডেমি
অব সারেস তাঁহাকে বিশেষ স্থানিত সভ্য নিয়োগ করিয়া
ভাহার গবেষণাসমূহকে সম্বন্ধিত করিয়াছেন।

বস্ত-বিজ্ঞান-মন্দিরের প্রতিষ্ঠা ও উচ্চ লক্ষ্য সক্ষরে ইংলণ্ডের জ্ঞানীশ্রেষ্ঠ সম্প্রদায় ভারত গবর্ণমেণ্টকে জানাইয়াছেন যে—We recognise the position in the scientific world which has been attained by the Bose Institute for the advancement of science, and to add the expression of our high appreciation of the work achieved and the new methods devised there, to the universal interest which they have excited. *** We welcome the co-operation of the East with the West in the advancement of knowledge, and believe that a further expansion of the activities of the institute will lead, as they have in its short past, to results both scientific and material, which will redound to the credit of India and her Government. ইংলভের প্রধান মন্ত্রী আচার্য্য জগদীশচন্ত্রের বহুমুখী প্রতিভার প্রশংসা করিয়া তাঁহার প্রতিষ্ঠিত বস্থ-বিজ্ঞান-মন্দির সম্পর্কে বলিয়াছেন—Growth of the Bose Institute proves also that India possesses men of great public spirit. Action similar to that of Sir Jagadis Bose might well be imitated in Great Britain which is greatly in need of such manifestations of genuine patriotism.

বস্থ বিজ্ঞান-সন্দিরের বিভিন্নমুখী নানাবিধ গবেষণার ফলে পদার্থবিতা, উদ্ভিদ্বিতা, প্রাণিবিতা, এমন কি মনন্তব্যবিতাও এক কেন্দ্রে আসিয়া মিলিভ হইরাছে। যথার্থ উক্ত হইরাছে যে "বিধাতা যদি কোন বিশেষ তীর্থ ভারতীয় বিজ্ঞানসাধকের জন্ম নির্দেশ করিয়া থাকেন, তবে এই চতুর্বেণী-সন্দমেই সেই মহাতীর্থ।" এই মহাতীর্থের প্রভিষ্ঠাতা পরম সাধক আচার্য্য জ্ঞাদীশচাল্লের প্রভিক্ল অবস্থার সহিত নিরবচ্ছিন্ন সংগ্রামের ফলেই আজ বিজ্ঞানের অনভিক্রমণীয় সন্ধীর্ণ কক্ষবিভাগ বিদ্বিত্ত ইরা তীক্ত হইরাছে— A physiologist must to a certain extent be at once a physicist, a chemist and a morphologist.

পণ্ডিত জগন্মোহন তর্কালম্বার

এবীরেন্দ্রনাথ ঘোষ

দারিজ্যের সহিত সংগ্রাম করিয়া নি:সহায় অবস্থার প্রতিভা কিরপে আপনার পথ করিয়া লয়—কুলাবধ্তাচার্য্য পণ্ডিত জগদ্মাহন তর্কালকার মহালয় তাহার দৃষ্টাভ্যুল। বলদেশে ইংরা পাণ্ডিত্যথ্যাতি জর্জন করিয়াছেন, তাঁহারা প্রায়ই দরিজের সন্তান। বন্ধীয় পণ্ডিত্সমাজ জর্বকে কোন দিনই প্রায়ান্ত দেন নাই—দারিজ্যই ছিল তাঁহাদের অলকার ও অহকার। চিরদিন তাঁহারা অর্থকে অবহেলা করিয়া জ্ঞানাফ্শীলনেই জীবন যাপন করিয়া গিয়াছেন। চবিবশপরগণার অন্তর্গত ইড়িশা:-বেহালার নিক্টবর্জী ম্বাদিপুর গ্রামে এইরপ এক দহিত্র ব্যাহ্মণ-পণ্ডিতের গৃহে সন ১২৩৫ সালে জগল্মাহন জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা রাঘবেক্স স্থায়বাচম্পতি মহাশয় বিধ্যাত নৈষারিক পণ্ডিত ছিলেন।

বালক অগন্যোহনের প্রথম বিভারত্ত হয় গ্রামন্থ এক পাঠশালায়। কিন্তু বাল্যকালে তিনি এত ত্রন্ত ছিলেন বে, গুরুমহাশর কিছুতেই তাঁহাকে আয়ত করিতে পারেন নাই। অবশেবে তিনি হতাশ হইয়া বালককে ভারবাচস্পতি মহাশরের নিকট আনিয়া বলিলেন বে, এই অনাবিউ বালককে লেখাপড়া শিখাইবার চেটা পণ্ডশ্রম মাত্র—ইহার লেখাপড়া শিখাবার কোনই আশা নাই।

শুক্রমহাশয় যথন হাল ছাড়িয়া দিলেন, তথন স্থারবাচম্পতি মহাশয়েকেই হাল ধরিতে হইল—পিতা প্রঃ
পুরের শিক্ষাভার গ্রহণ করিলেন। কিন্তু তিনিও
গুকুমহাশয়ের অপেকা অধিক কুতকার্য্য হইতে পারিলেন
না। স্থারবাচম্পতি মহাশয় দেশমাস্থ্য পণ্ডিত, অথচ
নিজের প্রুকেই ব্যাকরণ শিক্ষা দিতে অকুতকার্য্য
হইলেন। অগত্যা বিরক্ত হইয়া ভিনি সে চেটা ভ্যাগ
করিয়া পূঁথি পুশুক কাড়িয়া লইলেন। বালকের লেখাপড়া শিবিবার বালাই দ্র হইল। ভিনি সানন্দ চিত্তে
কেবল খেলাখুলা করিয়া দিন কাটাইতে লাগিলেন।
প্রভিভার ইহা ক্রিটি অপ্রান্থ লক্ষণ। বহু প্রতিভাবান
ব্যক্তির বাল্য জীবনে পাঠে অমনোবাগে লক্ষিত হয়:

অথচ, উত্তরকালে তাঁহানের পাণ্ডিভ্যের আলোকে জগং উত্তাদিত হয়।

জগন্মোহনের বে**লাও** ভাহাই হইয়াছিল। গুরুমহালর এবং পণ্ডিত পিভা-উভয়ের চেঙা বার্থ চইতে দেখিয়া জগন্মোরনের অননীর সদয় বাথিত হইল। তিনি ৰাপাকুল নয়নে পুত্ৰকে বুঝাইতে লাগিলেন যে, তুমি এত বড় পণ্ডিভের পুত্র হইয়াও মুর্থ হইয়া থাকিলে বংশে কলক স্পর্শ করিবে। মাতার চক্ষে অঞ্চ দেখিয়া বালকের প্রাণ গলিল। তিনি জননীর কাছে প্রতিশ্রত হইলেন, শেখাপড়া শিক্ষা করিয়া বংশগৌরব অক্ষ্ম রাখিবেন। কিন্ত গুরুমহাশয় বা পিতার নিকট পড়িবেন না। তখন মাতাপুত্র পরামর্শের পর স্থির হইল স্কান্মোহন কলিকাডায় আসিয়া সংস্কৃত কলেজে অধ্যয়ন করিবেন। ইহাতেও এক বিষম বাধা উপস্থিত হইল। জায়বাচস্পতি মহাশরের অবস্থা এরপ নহে যে তিনি পুত্রকে কলিকাডায় রাখিয়া সংস্কৃত কলেজে পড়াইবার ব্যয় নির্কাষ করিতে পারেন। অনেক পরামর্শ ও চেষ্টার পর কলিকাতান্তিত তাঁহার এক স্বান্ধীয়ের গৃহে আশ্রয় মিলিল।

কিছ আত্মীরের সহিত তাঁহার বনিবনাও হইল না— করেক দিনের মধ্যেই তিনি এই আপ্রার ত্যাগ করির একদিন সকাল বেলা বাড়ী হইতে বাহির হইলেন, এব বর্থাসমরে বিভাগরে গমন করিলেন। তাঁহার তথ চিছাকুল বিষয় বদন দেখিরা কলেন্সের অধ্যাপব গোবিলচন্দ্র গোলামী তাঁহাকে নিকটে ডাকিয়া সহাসভৃথি ও লেহপূর্ণ মিইবাকেয় প্রার করিয়া তাঁহার হংথে বুজ্ঞান্ত সকলই অবগত হইলেন, এবং আরপ্ত জানিবে পারিলেন যে সেদিন বালকের আদি। আহার হয় নাই পোলামী মহালয় প্রতাব করিলেন যে, জগল্মাহন য তাঁহার বাড়ীতে রক্ষন করিতে পারে, ভাহা হইলে তাহা আহারের চিছা করিতে হইবে না, গোলামী মহাল ভাহার লেখাপড়া শিক্ষার ভারও গ্রহণ করিতে পারিবেন জগল্মাহন সানন্দে ভ সাগ্রহে তৎকণাৎ সম্মত হইলেন

-

ঠাহার একটা আঞ্চর মিলিল। জগন্মোহনের পূর্বে এবং পরে দেশে-বিদেশে তাঁহার ফার আরও কত-শত বালককে এই ভাবে তর্ভাগ্যের সহিত সংগ্রাম করিয়া জীবনে প্রতিষ্ঠা লাভ করিতে হইবাছে।

কিছ জগমোহন বালক মাত্র—ভ্রমণোছ শিশু বলিলেই হয়। গৃহে তাঁহার পিতা-মাতা এবং অস্থান্ত আবীর-স্বন্ধন বর্ত্তবান। তাঁহাকে কথনও গৃহে বা অস্তর্ত্র হাঁটা ঠেলিতে হয় নাই। তিনি রক্ষনের কি জানেন? কাজেই, গোলামী মহাশরের সংসারে জগমোহনের ছারা হেন্ধনের কাজ যে কিরুপ সুশৃষ্ণলে চলিতে লাগিল ভাহা অসুমান করা কঠিন নহে। ভাত কোন দিন অর্ক্তিম অবস্থায় নামানো হয়; কোন দিন অভিসিদ্ধ হইয়া গলিয়া যায়, কোন দিন বা পুড়িয়া যায়। ভরকারীতে কোন দিন লবণ ও অস্থান্ত মালা পড়ে, কোন দিন পড়ে না, আবার কোন দিন লবণ মশলা এত বেশী পড়ে যে, ভাহা মুখে করিতে পারা যায় না।

গতিক দেখিয়া জগন্ম হনকে রন্ধনের দার হইতে
নিল্পতি দিয়া গোস্থামী মহাশয়কে রন্ধনের দার হইতে
নিল্পতি দিয়া গোস্থামী মহাশয়কে রন্ধনের জন্ম অন্তর্গ
ব্যবহা করিতে হইল। জগন্মোহন ভাবিলেন, তাঁহার
এ আশ্রষটিও গেল। তিনি অন্তর্গ আশ্রষামূলকানে
গাইবার উন্থোগ করিতে লাগিলেন। কিন্ধু বিধাতা আর
তাঁহাকে বিপদে কেলিলেন না। গোস্থামী মহাশয়
জগন্মোহনকে বলিলেন, তোমাকে রাখিতেও হইবে না,
অন্ত কোথাও যাইতেও হইবে না। আমি তোমার ভার
লইয়াছি। তুমি এইখানে থাকিয়াই নিশ্চিস্ত মনে
পড়াভনা কর। জগন্মোহনের পক্ষে ইগার অপেকা
আনন্দ ও আশ্বাসের কথা আর কি হইতে পারে। তিনি
এইবার নিশ্চিক্ক হইলেন এবং অথও মনোযোগ সহকারে
পড়াভনা করিতে লাগিলেন।

ষ্কাগ্রসাল্বের ফগও অভিবের ফলিল—প্রতিভা ক্রযুক্ত ইল। বাৎসরিক পরীকার ক্রগন্মাহন নিক্স শ্রেণীর ও তাহার উপরের শ্রেণীর এফকালে পরীকা দিয়া প্রথম ইইয়া বুভি লাভ করিলেন। তাঁহার তৃঃধ-চুর্দ্দশার আপাততঃ অবসান হউল।

শৃগ নাহন নিভান্ত নিকপার হইরাই গোষামী মহাশবের আখার গ্রহণ করিয়াছিলেন। নচেৎ, তাঁহার

আবাদমান-জানের অভাব ছিল না--পরবরী ও পরভাতী रहेश थाक। य व्यक्खेंग, এ বোধ छाँशंद महे वानक বয়দেই যথেষ্ট পরিমাণে ছিল। তিনি বৃত্তি পাইয়া একৰে আস্ত্রনির্ভরশীল হইরাছেন—তিনি আর গোস্থামী মহাশয়ের গ্ৰগ্ৰহ ইইয়া থাকিতে চাহিলেন না। গোৰামী মহাশ্ৰ তাঁহাকে বহু উপরোধ অন্মরোধ করিলেন যে তুমি বেমন আছ তেমনি থাকিয়া ষেমন পড়াওনা করিতেছিলে তেমনি কবিতে থাক। জগুল্মাহন ভাষা শুনিলেন না। কিন্তু তাঁহাকে বৃত্তির টাকা হইতে কিছুই ধরচ করিতে হইত না। তিনি প্রতাহ দিখা পাইতেন, বাঞার হইতে তোলা পাইতেন। কেবল তাঁচাকে নিজের রন্ধনটা নিজেই করিয়া লইতে হইত ; বুত্তির টাকা প্রতি মাদেই পুরাপুরি সঞ্জিত হইত। ক্ষেক মাদে কিছু সঞ্য হইলে সমস্ত টাকা লইয়া তিনি নিজাগুলে গমন করিয়া পিতাকে প্রদান করেন। ইহাতে তাঁহার পিতা ষে কতদূর সন্তুই হইয়াছিলেন তাহা বলা বাহলা। পুত্ৰ-গৌরবে পিতা প্রম গৌরবান্বিভ বোধ করিতে লাগিলেন। সেই অনাবিষ্ট বালক, যাহাকে ভিনি শভ চেষ্টাতেও ব্যাকরণ শিখাইতে না পারিয়া হাল ছাডিয়া দিয়াছিলেন, সে এখন সংস্কৃত কলেজের কৃতী ছ'ত্র, বুত্তিধারী, আজুনির্ভঃশীল। ইহাতে কোন পিভার জ্বৰ আনন্দে উদ্বেশ হইয়া না উঠে? দ্বিজ্ৰ ব্ৰাহ্মণ একদকে অনেকগুলি টাকা পাইয়া কুতাৰ্থ হইয়া গেলেন।

কলিকাভার ফিরিরা জগন্মোহন আবার যথানীতি আধ্যরনে মনোনিবেশ করিলেন। পড়া যত আগ্রসর হইছে লাগিল, বৃত্তির পরিমাণও তত বাড়িতে লাগিল। বধন উলোর বন্ধন বেলড়শ বংসক, তথন তাঁহার বৃত্তির পরিমাণও বেল টাকা। এই সমরে তাঁহার পিডার মৃত্যু হর, সংসারের গুরু ভার তাঁহার ক্ষমে পতিত হয়। এরুপ ক্ষেত্রে তাঁহার অধ্যরন বন্ধ ইইবার কথা। কিছু ভাহা হর নাই। বৃত্তির টাকার তাঁহার কথা। কিছু ভাহা হর নাই। বৃত্তির টাকার তাঁহার সংসার ও অধ্যয়ন সমান ভাবে চলিতে লাগিল। এইরুপে ক্রমে তিনি সাহিত্য, স্থার, অলকার, জ্যোভিষ প্রভৃতি শাল্পের অধ্যয়ন শেষ করিলেন। এবং ত্র্কাণ্ডার উপাধি লাভ করিলেন।

এই সময়ে সৃংস্কৃত কলেজের গ্রন্থশালাধ্যক্ষের পদ শৃষ্ট হইরাছিল। অধ্যয়ন শেষ করিয়াই তিনি এই পদে নিযুক্ত হইলেন। এখন তাঁহার অর্থাভাব ঘূচিল, সংসারের অবস্থা সক্ষল হইল; এবং অর্থোপার্জনের সঙ্গে সঞ্চেত রাশি রাশি শাস্ত্র গ্রন্থ তিনি অধ্যয়ন করিতে লাগিলেন। মধ্যে মধ্যে কলেজের কোন অধ্যাপক অবসর গ্রহণ করিলে তিনি অস্থায়ী ভাবে সেই পদে নিযুক্ত হইয়া অধ্যাপনাপ্ত করিতে লাগিলেন। তাঁহার অধ্যাপনার ছাত্রগণ্ড প্রীতি লাভ করিতেন। কলেজের অধ্যক্ষ মহাশয়প তাঁহার অধ্যাপনায় সন্তোগ প্রকাশ পূর্কক তাঁহার প্রশংসা করিতেন।

গ্রন্থাক্ষতা করিতে করিকে তর্কালকার মহাশয় চণ্ড-কৌশিকী গ্রন্থের একথানি টীকারচনা করেন। ভাহা এত সুন্দর হইয়াছিল যে, কলিকাতা বিশ্ববিভালয়ের কর্ত্তপক্ষ তাহা এম-এ পরীক্ষার্থীদিগের পাঠ্যরূপে নির্ব্বাচন করেন। জগ্নোহন সঞ্যী ছিলেন। তিনি ক্রমে ক্রমে "ভাবপ্রকাশ যন্ত্রালয়" ও "পুরাণ প্রকাশ যন্ত্রালয়" নামে ত্ইটি মূদ্রাযন্ত্র জাপন করেন এবং বহু সংস্কৃত প্রস্থ প্রণয়ন ও অন্নর্যাদ করিয়া প্রকোশ করেন। "পরি-দৰ্শক" নামে একখানি বাৰুলা দৈনিক এবং একখানি বাঞ্চলা মাসিকও তিনি কিছু দিন প্রকাশ করিয়াছিলেন। পূর্বোক্ত গ্রন্থভূলির মধ্যে করেকথানি ভদ্ধশাস্ত্র সংক্রান্ত গ্রন্থও ছিল। সদাশিবোক্ত তন্ত্রদার তিনি বিশেষ ভাবে আংলোচনা করেন। মহানির্বাণ ভল্লের অভুবাদ করিয়া জিনি প্রচার করিলে তাহার অতাধিক আদর হইয়াছিল -- জনৈকে তান্ত্রের আলোচনায় প্রবৃত্ত হইয়াছিলেন এবং সকলেই তাঁহার অভুবাদের ভূষণী প্রশংদা করিয়াছিলেন। যে সকল প্রসিদ্ধ পণ্ডিত বর্দ্ধমানের রাজবাটীর মহাভারত অভবাদে সহায়তা কবিয়াছিলেন, জগনোহন তাঁহাদিগের অক্তম ছিলেন এবং প্রথম পুরস্কার তিনিই প্রাপ্ত হইয়াছিলেন।

ক্রমে ক্রমে ছাপাথানা তুইটি হস্তাস্তরিত হইল। এথন তিনি সাধন-মার্গের পথিক হইলেন। তল্পাস্ত্রের আলোচনার তিনি তল্লের সার মর্ম অবগত হইরাছিলেন। এক্ষণে সংসার-চিস্তা হইতে অবসর লইরা তল্পমতে শিব- মাধনার প্রবৃত্ত হইলেন। ক্রমে সাধন-মার্গে তিনি এতদ্র আগ্রসর হইলেন যে, লোকে জাঁহাকে সিদ্ধ পুরুষ বিবেচনা করিতে লাগিল, এবং বহু ব্যক্তি জাঁহার শিক্ষর গ্রহণের জন্ম ব্যাকুল হইরা উঠিল। যোগ্য পাত্র বিবেচনার আনেককে শিক্ষাত্র গ্রহণ করিয়া তিনি ধক্ত করিলেন। কেবল ভর্কালকার রূপে তিনি যে মহানির্বাণ ভত্তের আন্থবাদের প্রথম সংস্করণ প্রকাশ করিয়াছিলেন, একণে ভর্কালকার ও সাধক রূপে ভাহার দিতীয় সংস্করণ প্রকাশ করিলেন। এই সংস্করণে তাঁহার সাধনলক জ্ঞান সমিবেশিত হওরায় গ্রন্থখানির প্রভৃত উম্নতি হইল। ইহার পর ভিনি শিবসংহিতা মূল ও ভাহার উৎকৃষ্ট আন্থবাদ প্রকাশ করেন। এথানি যোগশাস্ত্র সম্বন্ধ অন্তর্ভম প্রেষ্ঠ গ্রন্থ।

তর্কালকার মহাশয় যে সকল গ্রন্থ রচনা ও যে সকল সংস্কৃত গ্রন্থের অফুবাদ করিয়াছিলেন, তাহাদের সম্পূর্ণ তালিকা পাওয়া যায় না। এখানে কেবল কয়েকখানির মাত্র নামোলেথ করা নাইতেছে। (১) সাফুবাদ মহানির্বাণ-ভল্ত; (২) নিত্য পূজা পদ্ধতি; (৩) দ্বাশবিধ সংস্কার পদ্ধতি। (৪) আদি পদ্ধতি; (৫) গুরুতজ্ঞম্; (৬) সংশয় নিরাস; (৭) রহক্ত পূজা পদ্ধতি; (৮) সাফুবাদ শিব সংহিতা ইত্যাদি।

তর্কালকার মহাশ্রের প্রতিভা ছিল হৈছেন অনস্পাধারণ, তদ্রপ আদম্য অধ্যবদারও ছিল। সর্ব্ধ বিষয়ে শ্রেষ্ঠত্ব লাভ ছিল ভাষার বিশিষ্টতা। বাল্যকালে তিনি ত্রক্তের শিরোমণি ছিলেন—এত ত্রস্ত ছিলেন যে তাঁহার গুরু মহাশর ও পিতা কেইই তাঁহাকে লেখাপড়া শিশাইতে পারেন নাই। আবার যথন অধ্যয়ন করিতে আরম্ভ করিলেন, তথন প্রথম বংস্বই নিজের শ্রেণী ও তাহার উপরের শ্রেণীর পাঠ একসলে শেষ করিয়া পরীক্ষার প্রথম ইইলেন। যথন তিনি জ্যোভিবের শ্রেণীতে পড়িতেছিলেন তথন অধ্যাপক মহাশর জ্যোভিবের কোন পাঠ্য গ্রেহ্র একটি স্থান নির্দেশ করিয়া ছাত্রদিগকে বলিলেন, এই অংশ অতি ত্রহ; ইহা ব্রিতে এবং ব্যাইতে পারেন, এমন পণ্ডিত বলদেশে নাই। আমি নিজেও ইহা ব্রিতে পারি নাই, তা তোমাদিগকে ব্রাইব কি প অস্তান্থ ছাত্র অধ্যাপকের উত্তি শিরোধার্য্য করিয়া ভাহাতেই সার দিয়া

পেলেন। কিন্তু তর্কালন্ধার মহাশ্রের কথা শুভন্ত। অধ্যবসাধী তর্কালন্ধার মহাশ্র শ্বন্ধং যত্ন সহকারে ঐ তুরাহ অংশ অধ্যয়ন করিয়া উহার মর্ম অবগত হইলেন এবং সতীর্থদিগকে অক্রেশে তাহা বুঝাইয়া দিলেন। আবার সাধন-মার্গেও দেখি, তিনি শ্রেষ্ঠ আসন অধিকার করিয়াছেন এবং দলে দলে লোক তাঁহার শিশ্বত্ব গ্রহণের কন্তুলালামিত হইয়৷ উঠিয়াছে।

শেষ জীবনে তন্ত্রজগতের ভাস্কর স্বরূপ জগল্মাহন তর্কালক্কার মহাশন্ত কুলাবধূতাচার্য্য এবং সাধকবর্গের মধ্যে পূর্ণানন্দ তীর্থনাথ নামে প্রসিদ্ধি লাভ করেন। তিনি কেবল গ্রন্থ প্রচার দ্বারা শৈব মার্গ প্রদর্শন করেন নাই,
স্বরং সাধক রূপেও আদৃশ স্থাপন করিয়া গিয়াছেন।

মৃত্যুর কিছু দিন পূর্ব হইতে ভিনি গলাবাসী হন এবং বাগবাজারের জমিদার নন্দলাল বস্থ মহাশয়ের খড়দহস্থ বাগানবাটাতে বাস করিতে খাকেন। সেইখানে ১০০৬ দালের ১১ই চৈত্র ভারিখে (২৪ মার্চ ১৯০০) শনিবার শীতলাইমী তিথিতে এই প্রশন্ত-ললাট, উজ্জল-নেত্র, শান্তমূর্তি, প্রতিভামন্তিত-গজীর-প্রকৃল-বদন, তম্মজ-প্রধান সাধকপ্রবর মহান্যা জগন্যাহন তর্কালক্ষার মহাশার দেহত্যাগ করিয়া শিবলোক প্রাপ্ত হন।

সীমাহীন ব্যবধান

শ্রীশশাঙ্কমোহন চৌধুরী বি-এ

সেদিন বৃঝি বা শরৎকালের শুকা চতু দুনী,
ক্রপালি আলোকে ভেদে গেল ধরা—উঠেছিল নভে শ্নী।
গৃহ-তক্তলে কি যেন কি ছলে গিয়েছিলে, পড়ে মনে;
অপরাজিতার ঘুম ভেডেছিল কক্ষণ-নিক্রণে।
মোর চোথে বৃঝি ছিল বিস্মা—যুগান্তরের আশা;
ভোমারো চোথের তারায় ছিল যে তারে যুঁজিবার ভাষা।
বাছর পেষণে দেহ হতে তব অঞ্চল গেল থসি।
সেদিন বৃঝিবা শরৎকালের শুকা চতু দুনী।

এলো ফাল্কন, সেদিন সমীরে কেগেছিল ফুলদল।
তোমার দেহের কানায় কানায় যৌবন উচ্চল।
বইচি-বনের ও-ধারে নিরালা মাধবী-লতার তলে
বাকা গ্রীবাধানি হেলায়ে সহসা চেয়েছিলে কুত্হলে।
ছিল কটাতটে মুণালী মেধলা, অলকে ঝুম্কো ফুল;
ওই তু'টি ঠোঁট হলো উন্মুধ চুখন-বেয়াকুল।
ফ্লার হলো পদতলে তুণ, ফুদ্রের নীলাচল।
এলো ফাল্কন, দেদিন সমীরে কেগেছিল ফুলদল।

আকাশে দেদিন ঘন মেঘ-ভার, কটিকার বিজ্ঞাহ;
তোমার হিয়ার অতলে কি জানি কেন জেগেছিল মোহ।
তমাল ভকর কম্পিত শাথে বিহন্দ ব্যাকুলতা
তোমার নয়নে এনেছিল দেকি অনুরাগ-মদিরতা।
গৃহদীপশিথা আঁধারে মিলালো, তুমি তারি সমতুল
নিমেছিলে আদি আমার বুকের আশ্রম অনুক্ল।
বাহিরে নিমেধে মুছে গেল সব—দে কি স্থথ-সমারোহ!
আকাশে দেদিন ঘন মেঘ-ভার ঝটিকার বিজ্ঞোহ।

বাহতে তোমার ছিল যে জড়ারে স্থান সন্তাবনা,
তোমার হাসির বাশীতে বেজেছে ফল্ল কলম্বনা;
তোমার দিঠির আলোক ছুঁরেছে আকাশের পরিসীমা,
দেখেছি তোমার হৃদরের পাশে জীবনের মাধুরিমা;
কপোলে তোমার ছিল লাল হয়ে কল্পলাকের আশা
পেয়েছিয় বেন তোমার ব্কের কম্পন-পরিভাষা!
আজ সবি কি গো রুখা হয়ে যাবে—সে দিনের অবদান ?
তোমার আমার মাঝারে বহিবে সীমাহীন বাবধান ?

অনুরাধা

শ্রীশরংচন্দ্র চট্টোপাধ্যায়

()

কন্তার বিবাহ-বোগ্য বয়সের সম্বন্ধ যত মিথা। চালানো যার চালাইয়াও সামানা ডিঙাইয়াছে। বিবাহের আশাও শেষ হইলাছে।—'ওমা, দে কি কথা।' হইতে আরম্ভ করিয়া চোথ টিপিয়া কন্তার ছেলে-মেয়ের সংখ্যা জিজ্ঞানা করিয়াও এখন আর কেহ রদ পার না, সমাজে এ রিসকভাও বাহুলা হইয়াছে। এম্নি দশা অমুরাধার। অথচ, ঘটনা দে-মুগের নয়, নিতান্তই আধ্নিক কালের। এমন দিনেও যে কেবল মাত্র গণ-পণ, ঠিকুজি-কেন্টা ও ক্শ-শীলের যাচাই বাছাই করিতে এমনটা ঘটিল—অমুরাধার বয়স তেইশ পার হইয়া গেল, বর জুটিল না,— একথা সহজে বিখাদ হয়না। তর্ঘটনা সত্যা সকালে এই গল্পট চলিতেছিল আজ্ব জমিনারের কাছারিতে। নুতন জমিনারের নাম হরিহর ঘোষলে,—কলিকাতা বাদী—তাঁর ছোট ছেলে বিজয় আদিয়াছে গ্রামে।

বিজয় মুখের চুকটটা নামাইয়া রাখিয়া জিজ্ঞাসা করিল, কি বল্লে গগন চাটুয়েয়ের বোন্ ? বাড়ী ছাড়বেনা ?

্ধে-লোকট। খবর আনিয়াছিল সে কহিল, বল্লে যা' বল্বার ছোটবাবু এলে তাঁকেই বলবো।

বিজ্ঞ কুক হইয়া কহিল, তার বল্বার আছে কি ! এর মানে তাদের বার করে দিতে আমাকে বেতে হবে নিজে। লোক দিরে হবেনা ?

লোকটা চুপ করিয়া রহিল, বিজয় পুনশ্চ কহিল, বলবার ভার কিছুই নেই বিনোদ,—কিছুই আমি শুনবোনা। তবু ভারি জল্মে আমাকেই যেতে হবে তাঁর কাছে—ভিনি নিজে এদে হঃখ জানাতে পারবেননা ?

বিনোদ কহিল, আমি তাও বলেছিলাম। অফুরাধা বললে আমিও জন্ত্র-গেরস্ত-ঘরের মেরে বিনোদদা, বাড়ী ছেডে যদি বার হতেই হয় তাঁকে জানিয়ে একেবারেই বার হয়ে যাবো, বার বার বাইরে আদতে পারবোনা।

— কি নাম বললে হে অনুরাধা ? নামের ত দেখি ভারি চটক,—ভাই বুঝি এখনো অহলার যুচ্লোনা ?

-- আতে না।

বিনোদ গ্রামের লোক, অফুরাধাদের তুর্দশার ইতিহাস দে-ই বালতেছিল। কিন্তু অনতিপূর্ব ইতিহাসেরও একটা অভিপূর্ব ইতিহাস থাকে,— শেইটা বলি।

এই গ্রামখানির নাম গণেশপুর, একদিন ইহা অমুরাধা-**(मब्रेटे हिन, वहुब भारितक इटेन शह-वमन इट्डाइह)** সম্পত্তির মুনাফ। হাজার ভূইয়ের বেশি নয় কিন্তু অন্তরাধার পিতা অমর চাট্যোর চাল-চলন ছিল বিশ হাজারের মতো। অতএব ঋণের দায়ে ভলাসন পর্যায় গেল ডিকি हहेगा। ডिकि इटेन, किंड काति इटेन ना,-महाबन ভৱে থামিলা রহিল। চট্টোপাধ্যার মহাশ্য ছিলেন বেমন বড় কুণীন ভেমনি ছিল প্রচণ্ড তাঁর হুপ-তপ ক্রিয়া-কর্মের খ্যাতি। তলা-ফুটা সংসার-তরণী অপব্যয়ের লোনা-জলে কানায়-কানায় পুৰ্ণ হইল কিন্তু ডুবিল না। হিন্দ-গোঁড়ামির পরিক্ষীত পালে সর্বসাধারণের ভক্তি শ্রদার কোড়ো হাওয়া এই নিমজ্জিত-প্রায় নৌকাথানিকে ঠেলিতে ঠেলিতে দিল অমর চাট্যোর আযুদ্ধালের भीमान। উত্তীর্ণ করিয়া। অতএবু, চাটুষ্যের জীবদশাটা একপ্রকার ভালই কাটিল। তিনি মরিলেনও ঘটা করিয়া. আদ্বান্তিও নির্কাহিত হইল ঘটা করিয়া, কিন্তু সম্পত্তির পরিসমাপ্তি ঘটিলও এইথানে। এতদিন নাকটুকু মাত্র ভাদাইয়া বে-ভরণী কোনমতে নিখাদ টানিভেছিল এইবার 'বাবুদের-বাড়ীর' সমস্ত মর্য্যাদা লইয়া অভলে তলাইতে আর কাল-বিশ্ব করিলনা।

পিতার মৃত্যতে পুত্র গগন পাইল এক জরা-জীর্ণ ডিক্রি-করা পৈতৃক বাস্তভিটা, আকঠ ঋণ-ভার-এন্ত গ্রাম্য সম্পত্তি, গোটা কয়েক গরু-ছাগল-কুকুর-বিড়াল এবং ঘাড়ে পড়িল পিতার দিতীর পক্ষের অন্তা কক্সা অনুরাধা।

এইবার পাত্র জৃটিল গ্রামেরই এক ভদ্র ব্যক্তি। গোটা পাঁচ ছর ছেলে-মেরে ও নাতী-পৃতী রাখিরা বছর ঘুই হইল ভাহার স্ত্রী মরিয়াছে, সে বিবাহ করিতে চার।

এম নি সি ভারতবর্বে এনে যভোগুলি ম্যাচ খেলেছে তার ফলাফলের তালিকা দিছি:---

- (১) ध्वम् मि मि—२৯२ ७ १० (हात्र डेंटेटक है, जिटङ ब्रार्ड) ; क्रविष् हेटल छन—৯৯ ७ ५०० (हत्र डेंटेटक है)। कन छ।
- (২) এন্ সি সি-- ৩৬২ (৮ উইকেট, ডিক্লেরার্ড); করাচী--৮৯ ও ১১২ (৪ উইকেট)। ফল ছ ।
- (৩) এম্ সি সি—৩০৭ (৫ উইকেট, ডিক্লেরার্ড) ও ১৪০ (৮ উইকেট, ডিক্লোর্ড); সিন্ধ্—১৮৯ ও ১৬৭। এম সি সি ৯১ রানে কেতে।
- (৪) এন্সি সি—৩৫ (৭ উইকেট, ডিজেরার্ড); উত্তর সীমান্ত প্রদেশ—৯৪ ও ১২১। এম সি সি জেতে এক ইনিংস্ ও ১৯৫ রালে।
- (e) अम् त्रि त्रि--8 २ (१ উই दक्ते, ভিক্লেরার্ড); পাঞ্জাব গভণারদ্ ইলেভন্-- २৫৩ (৮ উই दक्ते) ফল ছু।
- (৬) এম্সি সি—২৪৬ (৭ উইকেট, ডিক্লেয়ার্ড); উত্তর ভারত—৫০ আর ৫৮। এম্সি সি এক ইনিংস্ ও ১০৫ রানে জেতে।
- (१) এম্ নি নি—৪৫ (৮ উইকেট, ডিক্লেরার্ড); দক্ষিণ পাঞ্জাব—২৬৪ আর ১০০ (এক উইকেট)। ফল জ।
- (৮) এম্সি সি--০০ ; পাতিয়ালা--০০৫ (৬ উইকেট)। ফল ছ।
- (৯) এম্সি সি--০০০; দিল্লী ও ডিস্টি কটস্--৯৮ আর ১০২। এম সি সি কেন্ডে এক ইনিংশ ও ১০০ রানে।
- (১০) এম সি সি—৪৩১ (৮ উইকেট, ডিক্লেরার্ড); ভাইস্রয়েস্ ইলেজন্—১৬০ ও ৬০। এম্ সি সি এক ইনিংস্ও ২০৮ রানে জেতে।
- (১১) এম্ সি সি—২১০; রাজপুছানা—২২ ও ৭৪। এম্ সি সি জেভে এক ইনিংদ্ ও ১০৭ রানে।
- (১২) এন্দি দি—২৫৪ (৬ উইকেট, ডিক্লেরার্ড) ও ৬০ (৬ উইকেট); পশ্চিম ভারতীয় করদ রাজ্য—৬৪ ও ২৪৯। এন্দি দি চার উইকেটে কেতে।
- (১০) এম্ সি সি--১৫১ (৯ উইকেট, ডিক্লেগার্ড); জামনগর--৯০ ও ৪৫ (৬ উইকেট)। থেলা হয়েছিলো অনেকটা ফুর্টি করবার জয়ে। ফল অবিভি বলতে গেলে ছুই বলতে হ'বে।
- (১৪) এম্ দি সি--৪৮১ (৮ উইকেট, ডিক্লেরার্ড); বোষাই প্রেসিডেন্সি--৮৭ ও ১৯১ (৫ উইকেট)। ফল ড্র।
- (১৫) धम् नि भि—७১৯ (৮ উইকেট, ডিক্লেরার্ড); বোমাই নিটি—১৪০ ও ৫৬ (২ উইকেট)। ফল ছ।
- (১৬) প্রথম টেস্ট: ভারতবর্ধ—২১৯ ও ২৫৮; ইংশও—৪০৮ ও ৪০ (১ উইকেট)। ইংশণ্ডের ১ উইকেটে জিত।
- (১৭) এম্ সি সি—১৬১ (৫ উইকেট; ডিক্লেয়ার্ড); পুনা—৮০ ও ৩৯ (২ উইকেট)। একদিন থেলা হ'তে পারে না বৃষ্টির কল্পে। ফল দ্র।
- (১৮) এম্ দি দ্য-১৮৭ (৫ উইকেট, ডিক্লেরার্ড); বন্ধ ও আসামের ব্রিটিশ দ্য-১২১ (৮ উইকেট)। ফল জু।
- (১৯) এম্ দি দি—১৭৯ (৬ উইকেট—২ উইকেটেই ডিক্লেরার্ড); বল-ফেরল দল—১২০। এম্ দি দি
 আনট উইকেটে জেতে।
- (২০) এম্ দি দি—৩০১ ও ২৭৯ (৫ উইকেট, ডিক্লেরার্ড); আল ইণ্ডিরা—১৬৮ ও ১৫২ (১ উইকেট)। ফল ছু।
- (২১) বিভীয় টেপ্ত: ইংল্ড-৪০০ ও १ (२ উইকেট); ভারতবর্ধ-২৪৭ ও ২০৭। ফল ছ।
- (২২) এম দি সি—১১১ ও ১৩৯; ভিজিয়ানাগ্রাম ইলেজন্—১২৪ ও ১৪০। এম্ দি দির ১৪ রানে হার। একমাত্র হার এ দেশে। প্রভ্যেক ইনিংদেই কম।
- (२०)ः व्यम् नि मि-->१९:४ १२ (उँदेरकरे); मधाणांत्रण-->१९ । कन्नुः ।
- (२४) अम् त्रि नि—२७५ ७ ३२৯ (८ উहेट कि); मधाक्षरमण ७ दिशांत्र—১৯৫ ७ ১৮৮। अम् ति निकित्क इस উहेटकरि ।

- (२०) अम् नि नि—>>२ ७ ०.०; बहेक्टलीक्षा हैटन छन् (८नटकसावान) -->৯৪ ७ ১৮৮ (৯ छहेटकर्छ)। कन छ।
- (২৬) এম সি সি---৪৫১ (৭ উইকেট, ডিক্লেরার্ড) ও ৭২ (০ উইকেট, ডিক্লেরার্ড); মহীশুর ইলেডন---১০৭ ও ৫৫। এম সি সির ৩৬১ রানে জিতে।
- (२१) अम नि नि—७००; माजाब हैलिछन—३०७ ७ ১৪৫। अम नि नि अक हैनिश्न ७ ०१२ तात स्वर्छ।
- (২৮) এম সি সি—২৬৮ (৬ উইকেট, ডিল্লেরার্ড); ইণ্ডিয়ান ক্রিকেট ফেডারেশন (মান্রাঞ্চ)—৮১। এম সি সির ১৮৭ রানে ক্রিত।
- (২৯) ক্রজীয় টেপ্ত: ইংলগু--৩০৫ ও ২৬১ (৭ উইকেট, ডিক্লেরার্ড); ভারতবর্ধ--১৪৫ ও ২৪৯। ইংলগুর ২০২ রানে ভিত।
- (৩০) এম দি দি—২৭২ ও ২৫ (০ উইকেট); আন দিলোন ইলেজন—১০৩ ও ১৮৯। এম দি দি ১০ উইকেটে জেভে।
- (৩১) এম দি দি—৫৯ (২ উইকেট); গ্যালে ইলেডন—৭৯ (৭ উইকেট ডিক্লেরার্ড)। বৃষ্টির জান্ত খেলা বন্ধ হ'রে বার: প্রার তিন ঘটা খেলা হয়। ফাল জ্ঞা
- (৩২) এম দি দি--> ১০৪ ও ৭৮; ইত্তো-দিলোন--> ১০৪ ও ১২১। এম দি দি মাত্র ৮ রানে ক্লেতে।
- (৩০) এম সি সি—২২৮ (২ উইকেট, ডিক্লেয়ার্ড) ও ৫০ (১ উইকেট, ডিক্লেয়ার্ড); স্পাপ্কান্টি নিলোন— ৭২ ও ১০০ (২ উইকেট)। এম সি সি ১০৯ বানে জ্বেড। ইহা পিকনিক ম্যাচের মতন থেলা হয়।
- (৩৪) এম সি সি—২২৪ ও ২১৫; এল ইণ্ডিয়া—২০৮ ও ১১২ (৪ উইকেট)। ফল ছা। ভূমিকম্পা-বিপান্ত বিহারের তুর্গভদের সাহায্যার্থে এই ম্যাচ খেলা হয়। খরচধরচা বাদে প্রার বার হাজার টাকা উঠেছে।

১৯২৬-২৭ সালে এম সি সি এদেশে এসে গিলিগানের নেতৃত্বে যে এগারটা ম্যাচ জিতেছিলো তার ফলাফল: এম সি সি—করাচিতে, অল করাচি ইলেভনকে হারার এক ইনিংস ও ১৪৮ রানে।

- ু -- লাহোরে, উত্তর ভারতকে, এক ইংনিদ ও ১০২ রানে।
- " নালমীরে, রালপুতানা ও মধ্যভারত ইলেভনকে, এক ইনিংদ ও ১৬৭ রানে।
- ু —বোখাই-এ, বোখাই প্রেসিডেন্সীকে এক ইনিংদ ও ১১৭ রানে।
- ু —কলিকাভার, ইতিয়ান ও এ আই ইলেভনকে ১১৯ রানে।
- ্র —কলিকাতার, ভারতের ইরোরোপীয়ান ইলেভনকে এক ইনিংস ও ৫৫ রানে।
- ু -- কলিকাভার, এল ইপ্রিয়া ইলেভনকে ৪ উইকেটে।
- ্ল —রেঙ্গুনে, অলবর্ম। ইলেভনকে > ও উইকেটে।
- " মাজাজে, অল মাজাজ ইলেভনকে ২১১ রানে।
- " কলম্বোর, দিলোন ইলেডনকে এক ইনিংস ও ২১ রানে।
- 🎍 আলিগড়ে, আলিগড় ইউনিভারদিটি অতীত ও বর্ত্তমান ইলেভনকে এক ইনিংস ও ১৪ রানে।

अम नि नित अवीरतंत्र नम्ख (थनात्र नःरकर्ण कनांकनः				थम नि नित्र ১৯২৬-২१ नांदनत्र नःदक्ति कनांकन :			
থেলা	জি ত	8	হার	ধেলা	ৰি ত	y	হার
ಳು≋	>>	39	>	•8	>>	30	•
	মোট রান	উ हेटक छे	এ चादिस		্ মোট রান	छेहे (कंग्रे	এভারেক
এম সি সি	35556	P 50	97,96	এম সি সি	75287	૭ ૨૧	64,75
বিপক্ষণ	9585	81+ -	79.91	বিপক্ষদল	3406	81+	79.94

পদীগ্রামের পুনর্গঠন

শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ

()

ইতঃপূর্ব্বে আময়া পল্লীগ্রামের পুনর্গঠনকলে বাকলা সরকার যে চেটা করিতেছেন, তাহার আলোচনা করিরাছি। বাজলার গতর্পর সারজন এগুর্শন এই প্রদক্ষে বলিয়াছেন—প্রথমেই কৃষি বিষয়ে মনোবোগ দিতে হইবে। কৃষি ও কৃষক অভিন্ন; এবং এ দেশকে যে কৃষকের সাম্রাজ্য বলা হইয়াছে, তাহাও অসকত নহে। সার জন এগ্রাশন আজ যাহা বলিতেছেন "আইবিশ এগ্রিকাল্চারাল অর্গানাইজেশন সোসাইটী" নামক বিশ্ব-বিধ্যাত প্রতিষ্ঠান প্রতিষ্ঠাকালে সার হোরেল গ্লাকেট তাহাই বলিয়াছিলেন। ১৮৯৪ খুটাকে যথন প্র্রোক্ত প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়, তথন সার হোরেল সর্বপ্রথম যে পৃত্তিকা প্রচার করেন, তাহাতে লিখিত হয়:—

"আধার ওকে সমুদ্ধিসম্পন্ন করিতে হইলে নানা কাষ করিতে হইবে, নানা শিল্প প্রতিষ্ঠিত করিতে হইবে; কিন্তু সর্ব্বাগ্রে ক্লবকের আধিক অবস্থার উন্নতি সাধন করিতে হইবে।"

আৰু বাল্লার গভর্গ তাহাই বলিয়াছেন। তিনি
আরার্লণ্ডের অবস্থা লক্ষা করিরা আসিয়াছেন; হয়ত সেই
দেশের ব্যবহাই এ দেশের উপযোগী করিতে চাহিতেছেন।
এ বিষয়ে আয়র্লণ্ডের সহিত ভারতের সাদৃশু অসাধারণ।
কেন না আয়ার্লণ্ডের এই দেশের মত ক্র্যিপ্রধান এবং
সম্ভবতঃ এখনও বহুকাল ক্র্যিপ্রধান থাকিবে অর্থাৎ এই
দেশহরে সকল শ্রেণীর লোকের কল্যাণ, প্রত্যক্ষ বা
পরোক্ষভাবে, তিনটি বিষয়ের উপর নির্ভর করে—

- (১) ভূমি হইতে উৎপন্ন ধনের পরিমাণ
- (২) এই ধনোৎপাদনের দক্ষতা
- (৩) ভল্ল ব্যয়ে পণ্য বিক্রয়ের ব্যবস্থা।

ভারভবর্বও আহর্ল:গুরই মত কেবল খদেশে ব্যবহার জন্ত নহে, পরস্ত বিদেশে রপ্তানী করিবার জন্তও, কৃষিজ পণ্য উৎপন্ন করে।

বে সমর আহলতে পুর্বোজ প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়, দে সময় সে দেশের কৃষির যে অবস্থা—হে তুর্বস্থা ঘটিয়াছিল, আজ এ দেশে ক্রবির সেই হরবস্থা পরিলক্ষিত হইতেছে। আমরা ক্রবিল পণ্যেও বিদেশের প্রতিযোগিতা প্রহত করিতে পারিতেছি না। সমগ্র ভারতবর্ষে ৮ কোটি একর ক্ষমীতে ধাক্তের ও ২ কোটি ৩৯ লক্ষ একর ক্ষমীতে श्रस्त्र ठांव रहा। यथन कृषि क्रिमन এ मिट्न कृषिद অবস্থা পরীকা করিয়া তাহার উন্নতিসাধনোপার নিষ্কারণের কার্য্য আরম্ভ করেন, তথন ভারতবর্য হইতে গম রপ্তানী করিবার জন্ম করাচী বন্দরের বিস্তার ব্যবস্থা হইতেছিল। পঞাবে সেচের থালে বছ জমীতে গমের চাব হইতেছিল। তখনই অবস্থা পরীকা করিরা কমিশন মত প্রকাশ করেন, অল্পকাল মধ্যেই ভারতবর্ষ বিদেশে গম রপ্তানী না করিয়া বিদেশ হইতে গম আমদানী করিবে। অর্থাৎ ভারতবর্ষে উৎপন্ন গম বে মৃশ্যে বিক্রন্ত না করিলে मां हरेरव नां, जनरायका खन्न मृत्ना व त्नरम विसन হটতে আমদানী গম বিক্রীত হটবে। এখন ভাহাই হইরাছে এবং পঞ্চাবের ক্রকরা রেলের ভাড়া হ্রাস প্রভৃতি নানা স্থবিধা লাভ করিয়াও বিদেশী গ্মের সমান মূল্যে কলিকাতার গম বিক্রম করিতে পারিতেছে না। ধান্ত বে বালালার তুলনায় কোন মুরোপীয় দেশ আর ব্যয়ে উৎপন্ন করিতে পারে, দশ বংসর পূর্ব্বে কেহ তাহা কল্পনাও করিতে পারেন নাই। কিন্তু ইহার মধ্যেই বিলাতের বাজারে বাদলার ও ভারতের চাউল হস্তচ্যুত হইবার উপক্রম হইয়াছে।

এইরূপ অবস্থা উপলব্ধি করিয়াই আরার্লণ্ডে কর জন দেশসেবক সভাবদ্ধ হইয়া—সরকারের সাহায়ের অপেকা না রাধিয়া—কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন। সার হোরেস প্রাংকেট তাঁহানিসের নেতা ও অগ্রনী। ১৮৮৯ খুটাকে নার হোরেস প্রমুধ কর জনলোক এই উদ্দেশ্যে এক সমিত্তি গঠিত করেন। ডেনমার্কেও স্থাইডেনে কি উপারে কুর্রি উরতি সাধিত হল, তাহা দেখিরা আসিবার জন্ত তীহারা স্মিতির এক জন সদস্তকে ঐ দেশদ্বে প্রেরণ করেন। তাঁহারা অর্থ সংগ্রহ করিয়া কার্য্যারম্ভ করেন এবং প্রচার কার্য্যে প্রবৃত্ত হরেন।

একান্ত পরিতাপের বিষয়, বাদালায় এ পর্য্যন্ত কেইই এইরূপ কার্য্যে প্রবৃত্ত হরেন নাই। বাহারা সরকারী সাহায্যে বৃত্তি লাভ করিরা বিদেশে কৃষিবিছা শিক্ষা করিতে সিয়াছিলেন, তাঁহাদিপের আনেকেই স্বদেশে প্রত্যাবৃত্ত হইরা ডেপ্টা ম্যাজিট্রেটের চাকরী লইরাছিলেন! সে দেশে ক্ষীরা সরকারী সাহায্য গ্রহণ করেন নাই; এ দেশে আমরা সরকারের উপরই নির্ভর করিয়া নিশ্চিত্ত হইয়া আছি।

সরকারের সাহায্যের মৃশ্য যে আরল তের দেশপ্রেমিকরা উপলব্ধি করিতেন না, তাহা নহে। আমরা
পূর্ব্বে সার হোরেস প্লাধেকটের যে পৃত্তিকার উল্লেখ
করিরাছি, তাহাতে লিখিত ছিল:—অক্লাক্ত দেশে
কৃষির যে উন্নতি সাধিত হইরাছে, তাহা কতকাংশে
সরকারী সাহায্যহেতু। কিন্তু তাহাদিগের বিশ্বাস ছিল,
আত্মনির্ভরশীল ক্ষকরা এক্যোগে কাষ করিলে যে
সাক্ষণ্য লাভ করিতে পারে, সরকারী সাহায্যে তাহা
পারে না। সেই জক্ত তাহারা ক্ষক-সমিতি গঠিত করিরা
সে সকল সমবার নীতিতে পরিচালিত করিতে থাকেন।

তাঁহারা বে বলিরাছিলেন, ক্রবির উন্নতি সাধন ব্যতীত আরও নানা কাষ করিয়া দেশের সমৃদ্ধি সাধন করিতে হইবে, তাহা আনরাও অন্তত্ত করি এবং সেই জন্ত ননে করি, পলীগ্রাম পুনরায় গঠিত করিতে হইলে, তথার নানা শিল্প প্রতিষ্ঠিত করিতে হইবে। কৃষক-দিগকে শিক্ষা প্রধানও প্রয়োজন।

সংপ্রতি বরোদা দরবারের দাওয়ান এক বিবৃতিতে
কোসামার পল্লীর পুনর্গঠন কার্য্যের জন্ম কেন্দ্র স্থাপনের
কারণ ও উদ্দেশ্য ব্যক্ত করিয়াছেন। তাহাতে তিনি
বিলিয়াতেন:—

"ভারতবর্বে ক্রমিকার্য্যের বৈশিষ্ট্য এই যে, ঋতুগত ও অক্টান্ড কীর্বণৈ বংসরের কর মাসমাত্র জ্ঞমীতে চাবের কাষ করা নার। সেই জন্ম লক্ষ লক্ষ লোক বংসরের ক্যকালে

কার্য্যের অভাবে অলস ভাবে যাপন করে। যে সব ভানে নেচের স্থব্যবস্থা থাকার কৃষিকার্য্যের স্থবিধা আছে. সে সং ্স্থানে ক্লয়ক্ত্রা বংসরে ছই তিন মাস নিক্সা হইয়া থাকে: আবি যে অঞ্লে জমীর আর্দ্রিটা আর সে অঞ্লে ভাহার বংসরে আট হইতে নয় মাস পর্যান্ত কাব পায় না এইরপে লোককে যে দীর্ঘকাল বাধ্য হইরা অলম থাকিতে হয়, ভাহার ফলে আর্থিক ও মৈতিক নান উৎপাতের আবিভাব অনিবার্যা হয়.—লোক অপরিচয় হয়, স্ব্যাপরায়ণ হয়, দ্বাদলিতে মত্ত হয় এবং যে মোকৰ্দমা দেশে দিতীয় প্ৰধান ব্যবসা হইয়া দীড়াইয়াছে ভাঁহার অফুনীলন করে। স্তরাং ক্রফদিগের জ্ঞু অবদরকালে কায় যোগাইবার ব্যবস্থা করা প্রয়োজন। সর্বতে যে একই শিল্প প্রতিষ্ঠা করা চলে অর্থাৎ ভাহাতে লাভ হয়, এমন নহে। পুতরাং গ্রামের বা অঞ্চলের অবস্থা পরীক্ষা করিয়া কোথায় কোন শিল্প প্রতিষ্ঠিত করিলে নরনারী কৃষির অবসরকালে তাহাতে আয় নিয়োগ করিয়া লাভবান হইতে পারে, ভাহা স্থির করিতে হইবে। তদ্বির উৎপর পণ্য বিক্রবের উপযুক্ত ব্যবস্থা করা প্রয়োজন এবং ব্যবস্থা স্থির করিরা ধীরভাবে কায সম্পন্ন করিতে হইবে।"

বালালারও অবন্ধা এইরপ। দার জন এণ্ডার্শন সে দিন বলিয়াছেন:—

"বালালার প্রাকৃতিক সম্পাদ অর নহে—বালালায় লোকেরও অভাব নাই। কিন্তু যে ব্যবহার এই অবহার বালালার বিরাট ক্রকসম্প্রানার রণভারে পীড়িত হইয় কোনরপে দিনপাত করে এবং ছাদশ মাসের মধ্যে নয় মাস কাযের অভাব অফুভব করে, সে ব্যবহার কোখার কোন ক্রটি আছে।"

কটি বে আছে, তাহাতে সন্দেহ কি ? পূর্বে ধখন সত্য সতাই বচ্চন্দবনজাত লাকে লোকের উদর পূর্ণ হইত—যখন বহুদ্ধরা শশুপূর্ণা ছিল—নদীনালা বর্ষাকালে কূল ছাপাইরা জমীতে যে পলি দিরা ঘাইত, তাহার ফলে বরু চেটার প্রত্ত শশু উৎপর হইত—লোকসংখ্যা অর খাকার জীবন-সংগ্রামের কঠোরতা অহুভূত হইত না—গোচরের প্রাচুর্য্যে বিনা ব্যয়ে পর্যামিনী গ্রী পালনি করিয়া হয় ও মদীনালার বাহলো মংশু লাভ করা বাইত,

বৰ্ষমান জীবনধানাৰ আদৰ্শ প্ৰতিষ্ঠিত না হওয়াৰ জীবন-যাতার ব্যয় শল ছিল এবং অনাড্যর জীবনগাপন হেত বায় অল হইত-তথনও বালালা শিল্পান ছিল্না-বালালা ক্ষিপ্রধান হইলেও ক্ষিপ্রাণ ছিল না ৷ বালালায় ক্ষিল পণা হইতে চিনি, নীল, পাটের চট ও থলিয়া প্রস্তুত হইত। বাদালায় যে কাপ্সি বস্তু বয়ন করা হইত, তাহা দেশে ও বিদেশে আদত ছিল। বান্ধালার কতকগুলি ন্তান রেশমী কাপড়ের জন্ত প্রসিদ্ধি লাভ করিয়াছিল। আৰু আম্বা যথন কলিকাতাৰ উপকৰ্তে গৰাৰ উভয় কলে পাটকলগুলি দেখি, তথন কয় জন মনে করি, ১৮৫৫ প্টাব্দে ডাক্তার রয়েল তাঁহার ভারতের আঁশপূর্ণ উদ্ভিদ সম্বন্ধীয় পুত্তকে হেনলী নামক কলিকাতার কোন ব্যবসায়ীর পাট শিল্প সহকে যে বিবরণ উদ্ধৃত করিয়া-ছিলেন, ভাছাতে দেখা যায়, তথন বালালার নরনারী পাটের কাপড বরন করিয়া লাভবান হইত। হেনলী যাহা বলিয়াছিলেন, তাহার মশানুবাদ নিমে প্রদত্ত হইল :--

"থলিয়া প্রান্তত করিবার জন্ত চট বয়ন করাতেই পাট
অধিক প্রযুক্ত হয়। নিম বলের পূর্বাঞ্চলে এই চট বয়ন
শিল্প গৃহস্থের অক্সতম প্রধান শিল্প বলা যায়। সকল
শ্রেণীর লোক—গৃহে গৃহে এই শিল্পের অক্সনীলন করিয়া
থাকে। ইহাতে পুরুষ, দ্বীলোক, বালক—সকলেরই
কাষের অভাব দূর হয়। অবসরকালে নৌকার মাঝি,
চাষী, পালীর বাহক, বাড়ীর চাকর—সকলেই পাট হইতে
স্তা প্রস্তুত করে। এই স্তা প্রস্তুত করিয়া চট বয়ন
করার অর্থাৎ অর্থার্জন করার হিন্দু বিধবা তাঁহার
অক্সনগণের নিকট ভার বলিয়া গণ্য হয়েন না। এইরপে
যল্প ব্যার চট ও থলিয়া প্রস্তুত হয় বলিয়া সমগ্র ব্যবসার
জগতে বালালার চট ও থলিয়া প্রস্তুত হয় বলিয়া সমগ্র ব্যবসার

ভাহার পর বাদালার স্থানে স্থানে নানার্রপ শিল্প বিশেষ সমৃদ্ধি লাভ করিয়াছিল। সাধারণতঃ গ্রামের ক্ষমক ও অক্তাফ্য অধিবাসীর নিত্যব্যবহার্য্য দ্রব্য গ্রামেই প্রস্তুত হইত। কর্মকার, কুন্তকার, ভদ্ধবার, গোপ, ভৈলিক প্রভৃতি গ্রামেই বাস করিত। ভাহারা গ্রামের লোকের অভাব পূর্ণ করিয়া গ্রামের বাহিরেও পণ্য বিক্রেয় করিত। কোন কোন স্থানের মৃতিকার বা মুৎপাত্র পুরুপইবার প্রচিত্র উৎকর্ষ হৈতু সেই সব স্থানের

মুৎপাত্র বিশেষ আদৃত ছিল। এখনও কলিকাতার পাঁইতালের হাঁড়ী আদৃত। যে সব স্থানে গোচর অধিক, দে সব স্থান হইতে মাধন, মত প্রভৃতি রপ্তানী ইইত। ঢাকা, শান্তিপুর প্রভৃতি স্থানের মিহি এবং যশোহর, কুষ্টিয়া প্রভৃতি স্থানের মোটা কাপড় যেমন, ময়নামতীর ও কুষ্টিয়ার ছিট তেমনই প্রচলিত ছিল। মূর্নিদাবাদে রেশম শিল্প বছ গৃহত্ত্বের সমৃদ্ধির সোপান ছিল এবং বিষ্ণুপুর, মাৰদহ, বীরভূম প্রভৃতি স্থানেও রেশমী কাপড় প্রস্তৃত হইত। থাগভার কাঁসার বাসন সর্বত্ত সাদরে ব্যবজ্ত হইত। জনীপুরে ও বাঁকড়ার কমল প্রস্তুত হইত। এখনও অনেক স্থানে এই সব শিল্পের অবশেষ দেখিতে পাওয়া যায়। "বিশ্বভারতীর" চেষ্টায় বীরভূমের গালার কায মৃত্যু হইতে নব-জীবন লাভ করিতেছে বলিলেও অত্যক্তি হয় না। অভাব চেষ্টার। চেষ্টা করিয়াছিলেন বলিয়াই নৃত্যগোপাল মুখোপাধ্যায় কিছু দিন পুর্বে বাঙ্গালার রেশম শিল্পে নবজীবন সঞ্চার করিয়া বিদেশে তাহার এত আদর করাইতে পারিয়াছিলেন যে, ফ্রান্স আপনার রেশম শিল্প রক্ষার জন্ত আমদানী শুল অত্যন্ত বহিত করিয়া বহরমপুরের (মুর্শিদাবাদ) রেশমী কাপড়ের আমদানী বন্ধ করিতে বাধা হইয়াছিল। কাঞ্চননগরের (বৰ্দ্ধমান) কৰ্মকাররা যে ছুরি, কাঁচী প্রস্তুত করিত ভাহার উৎকর্ষ অসাধারণ।

সরকার মধ্যে মধ্যে বালালার যে সব শিল্প-বিবরণ প্রকাশিত করিরাছেন, সে সকল পাঠ করিলেই বালালার বছ শিল্পের সন্ধান পাওয়া যায়। তন্তির বালালার পুরাতন সাহিত্যের সাহায়ে সে সকলের তালিকা প্রস্তুত করাও অসাধ্য নহে।

সেই জন্মই আমরা বলিরাছি, বালালা ক্রমিপ্রধান হইলেও পূর্বে ক্রমিপ্রাণ ছিল না। আজ সে অবস্থা পরিবর্তিত হইরাছে বলিরাই ক্রমকরা বৎসরে আট নর মাস কোন কায পার না—মধ্যবিত্ত সম্প্রদারের মধ্যে বেকার-সমস্থার তীব্রতা আজ দেশে সম্ভাসবাদ বিস্তারের অন্তথ্য কারণ বলিরা বিবেচিত হইতেছে। কথা ছিল—

"বাণিজ্যে লক্ষীর বাস তাহার অর্জেক চাষ,

রাজনেবা কত থচমচ।"

অৰ্থচ আৰু রাজনেরা অৰ্থাৎ চাক্ষরীই বালালীর কাম্য

হইয়াছে—ভাহাতেই দেশের এত ছুদ্দশা। কৃষক ও শিলীর পণ্য লইরা বণিকরা বাণিক্য করিতেন—বালাগার বণিকরা বালাগীর নৌকায় পণ্য লইয়া বিদেশে পণ্য বিক্রম করিয়া বিনিময়ে ধন আনিতেন—বিনিময়ে যে পণ্য শানিতেন, ভাহা বিক্রম করিয়াও লাভবান হইতেন।

আজ রুবকের কাম বোগাইবার জন্ম ও মধ্যবিত্ত সম্প্রকারের পক্ষে পলীগ্রামে বাস সম্ভব করিবার জন্ম পলীগ্রামে শিল্প প্রতিষ্ঠার প্রয়োজন বিশেষভাবেই অন্তন্ত্ হইতেছে।

বাদাবার শিশ্ধ বিভাগ যে ভাবে দে চেটা করিতে-ছেন, তাহাতে উন্নতির উপান্ন নির্দিষ্ট হইরাছে। তাঁহাদিগের পরীক্ষিত পদ্ধতিতে যে সব পণ্য উৎপন্ন হইবে, সে সকলে স্থানীয় প্রয়োজন পূর্ণ করিয়া পণ্য স্থানাস্তরেও বিক্রের করা যাইবে। সে জ্বস্থ বাজার-বিশেষজ্ঞের প্রয়োজন। সেদিন শিল্প বিভাগের কর্তা ক্লফনগরে বজুভাপ্রসকে জিলাবোর্ডগুলিকে এই কার্য্যে মবহিত হইতে পরামর্শ দিয়া আসিরাছেন।

যত দিন পদ্ধীগ্রামে শিল্প প্রতিষ্ঠা না হইবে ও শিল্প দ্বা গণ্য বিক্রমের ব্যবস্থা করা না থাইবে, তত দিন পদ্ধীগ্রামের ধুনর্গঠনকার্য্য স্থাশাস্ত্রপ স্থগ্রমের হইবে না।

বাদালার পলীগ্রামে পুর্বেষ যে সব শিল্প ছিল সে দকলের কথা আমরা বলিয়াছি। সে সকল শিল্লের মবনতির নানা কারণের মধ্যে উৎপাদনোপায়ের উন্নতির মভাবে উৎপাদন-বারের বাছলা অক্তম। কিরুপে হাহা নিবারণ করা যায় ও সঙ্গে সঙ্গে নৃতন নৃত**ন** প্রোংপাদনের ব্যবস্থা করা যায়, তাহা দেখিতে হইবে। বান্ধালার শির্বিভাগ যে সেই কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন, ইহা স্থাধের বিষয়। পণ্যোৎপাদন জ্ঞসূত্য সকল ব্রাদি ব্যবহাত হয়, সে সকলের উন্নতি সাধন যে সম্ভব, তাহা বলাই বাহল্য। একটি অতি সাধারণ উদাহরণ দিয়া কথাটি বুঝান যায়। অনেকেই লক্ষ্য করিয়াছেন, দাধারণ ছাতীর বাটে ও ছড়িতে দাগ বা নক্সা করা হয়। দুর্বে প্রদীপের শিখা ফুৎকারে নিয়ন্ত্রিত করিয়া সে সব করা হইত। বদ্ধ ঘরে অবাস্থাকর অবস্থার দে কায **হুরা হইত ব্লিয়া বাহ্নালী যুবকরা সে কান্ধ করিতে** শাবিভ না। কিছু স্বকাবের শিল্প বিভাগের ছারা দে ন্তন উপায় উভাবিত হইরাছে, ভাহাতে ফুৎকার প্রয়োগের প্রয়োজন না হওয়ায় এখন বহু ৰালাণী যুবক এই বাবসা ক্রিতেছে।

শিল্প বিভাগ কতকগুলি শিল্পে উন্নত প্রেণ্যাৎপাদন-পদ্ধতি আবিহার করিয়াছেন। সে সকলের প্রয়োগপদ্ধতি ব্যবহারের উপায়ও লোককে শিক্ষা দেওয়া হইভেছে।

এখন পল্লীগ্রামে এই সব শিল্প প্রতিষ্ঠিত করিতে ইইবে। বাঁহারা পল্লীগ্রামের সংস্কার-কার্য্যে আত্মনিয়োগ করিয়াছেন, তাঁহারা অবশুই এই স্থযোগের সম্যক সম্বাবহার করিবেন।

ভাষার পর শিক্ষার কথা। শিক্ষা বলিতে কেবল কিতাবতি শিক্ষাই ব্যায় না। বরোদা দরবারের বিবৃতিতে লিখিত ইইগাছে:—

"এই প্রাসক্তে কর্মকরা যে অন্ত্রপাদক ঋণ গ্রহণ করে, তাহারও উল্লেখ করিতে হয়। দরবার হইতে যে অন্ত্রপদ্ধান হয়, তাহাতে দেখা পিয়াছিল, কুবকরা যে ঋণভারে পীড়িত ভাহার অন্ধাংশেরও অধিক বিবাহ বা আদাদাদির জন্ম। কাযেই যত দিন ক্ষকরা পূর্বপ্রথার প্রভাবমূক্ত না হয়, তত দিন তাহাদিগের অবস্থার উন্ধতি-সাধন সম্ভব হইবে না। এ বিবরে বহু ক্মানি অবহিত হওয়া প্রয়োজন।"

এ কথা কেবল বরোদা দরবারই বলেন নাই। যিনি পঞাবের ক্রকের অবস্থা বিশেষভাবে ও সহাত্বভূতি সহকারে লক্ষ্য ও পরীক্ষা করিয়াছেন এবং পঞাবের ক্রমকের সহক্ষে বাহার পুত্তক প্রামাণ্য বলিয়া বিবেচিত, দেই ডালিং বলিয়াছেন :—

"বাহারা বিশেষ ঋণশালী নহে ভাহাদিগের ছয় মাদের বা ভাহারও অধিককালের আর বিবাহেই ব্যর ছইরা যায়। আবার জমীর বিভাগহেতু কৃষির উরতিসাধন অসম্ভব হয়। ফলে এই হর যে, জাপানে যে সম্পদ
জাতীর উয়তির ভিত্তি ২ইয়াছে, এ দেশে ভাহা সরকারের
পক্ষে বিব্রতকারী অনর্থের নামান্তর হইয়া দাঁড়াইয়াছে।"

তৃঃথের বিষয় এ দেশে ক্লয়ককে অর্থনীতি সম্বন্ধে আবিশুক শিকা প্রদানের কোনরণ স্বাবহু। হয় নাই। সরকার যথন সমবায় ঝাদান সমিতি প্রকিষ্ঠার দারা ক্লয়ককে মহাজনের থণের নাগপাশ হইতে মুক্ত ক্রিবার

চেই। আরক্ত করিবাছিলেন, তথন সক্ষে সক্ষে তাহাকে বিত্রায়িতার ও অপব্যর বর্জনের শিক্ষা প্রদান করা হর নাই। পঞ্জাবে ক্ষমী হতান্তর করা যাহাতে সহজ্ঞসাধ্য না থাকে. সে ক্ষম্ত আইন করা হইয়চে। তাহাতে কেবল স্কলই কলে নাই। বাকালার ভূমিবনোবভা ভিরন্ধ, স্তরাং বাকালার ব্যবস্থা করিতে হইলে ভাহাও ভিরন্ধ ইবৈ।

কৃষককে ঋণের বিষম ভার হইতে মুক্ত করিতে হইবে।
কিন্তু ঋণ অত্থীকার করিলে সমাজে অর্থনীতিক বিপ্লব
হয়। কাথেই ঋণ কি ভাবে শোধ করা হইবে, তাহা
ভাবিবার বিষয়। সে কথা আমরা পূর্ব্বে বলিয়াছি।
কিন্তু কৃষক যে ঋণ করে—অসকত ভাবে ঋণগ্রন্ত হয়—
তাহার অজ্ঞতাই কি ভাহার কারণ নহে
প্রালালা
সরকার আজকাল চলচ্চিত্রের সাহায্যে কৃষককে শিকা
দিবার ব্যবস্থা করিভেছেন; প্রাবে বেভারের ব্যবস্থাও
করিত হইতেছে। এই সব উপারে কি কৃষককে মিতব্যমিতার স্বিধা ও প্রয়েজন বুঝান যায় না
প্

ৰাকালা সরকারের প্রচার বিভাগ আছে। আমরা প্রচার বিভাগের প্রয়োজন বিশেবভাবে অক্তর করি। প্রচার বিভাগে যদি কেবল রাজনীতিক কার্য্যেই অবহিত না থাকিয়া গঠনকার্য্যে অধিক মনোযোগ দেন, তবে ভাল হয়। কারণ, গঠনকার্য্যের প্রয়োজন যত অধিক, তত আর কিছুরই নহে। প্রচার বিভাগের সাহায়ের ক্রিও শিল্পের নানারূপ উন্নতির উপার করা বায়। সে বিষয়ে বিশেষ আবহিত হইতে হইবে। বাকালা সরকার প্রচারকার্যালারা যে এই সব বিষয়ে লোককে বিশেষ সাহায্য করিতে পারেন, এ বিষয়ে সন্দেহ নাই। অভাস্থ দেশে ইহা হইতেছে, এবং যুক্ত প্রদেশেও ব্লন্দসহরের ম্যাজিট্রেই অভ্যপ্রর হইয়। এই কার্যা প্রবৃত্ত হইয়াছেন।

অজ্ঞতা দ্ব হইলে ক্লমক আবে অমিতব্যনী হইল। কাৰ্য ক্রিৰে না, এমন আশা অব্ভাই করা যায়।

আমরা বলোলা দরবারের বিবৃতির শেবাংশের আলোচনা করিব। তাহাতে বিশিত আছে:—

"পল্লী-দ্দীবনের সকল বিভাগে একদলে কাব আরম্ভ না করিলে—(অর্থাৎ সকল দিকে ফ্রটি সংশোধনের ও গঠনের উপার না করিলে)—ছালী সুফল লাভের আশা থাকিতে পারে না। পল্লী-জীবনের নানা বিভাগ ধে পরস্পারের সহিত অবিচ্ছিল্ল ভাবে অড়িত ও পরস্পার-সাপেক এবং উন্নতির জন্ত সকল বিভাগে কাম করিলা লোকের উন্নতিলাহস্পৃহা বলবতী করিতে হইবে, ইহা বৃদ্ধিতে না পারিলে কোন ফল হইবে না। জীবন-যাত্রার আদর্শ উন্নত করিবার জন্ত যে বাসনা, ভাহাই এই সমস্তার কেজ— অর্থাৎ মনের ভাব পরিবর্ত্তন প্রার্থনের উৎস্থাহ ভাবে জীবন যাপন করিব, এই সঙ্কলের উৎস্থাহ ইতেই উন্নতি সাধনের উৎসাহ উদ্যাত হইবে।

পলী-দীবনের সকল অংশ যে অচ্ছেতভাবে জড়িত, তাহাতে সন্দেহ নাই। আমরা তাহা বিশেষভাবে বুঝিতে পারিতেছি এবং বাললার পলীগ্রামের ছর্দশার তাহাই প্রত্যক্ষ করিতেছি। আজ সেই ছর্দশা এত বহুদুরগত হইরাছে যে, তাহা দ্র করা সত্য সত্যই কইসাধ্য হইরাছে। সেই জন্ম আমরা সর্বাতোভাবে সার জন এতার্শনের উক্তির সমর্থন করি—এই সমস্থার স্মাধানতেটা করিতে হইলে সকলকে একবোগে কাষ করিতে হইবে।

আয়র্গণ্ডে যাহা হইয়াছে, এ দেশে তাহা হইতে দেখিলে আমরা আনন্দিত হইতাম। দেশের শিক্ষিত ব্যক্তিরা বদি অগ্রনী হইরা পলীগ্রামের পুনর্গঠনে প্রবৃত্ত হইতেন, তবে তাঁহারা স্বাবলম্বনের যে আদর্শ প্রতিষ্টিত করিতেন, তাহা জাতির জয়মান্তায় সহায় হইত। তাহা হয় নাই। এখন বালালা সরকার—পঞ্জাবের সরকারের মত এই কার্য্যে অগ্রনী হইয়া দেশের লোকের সাহায়া চাহিতেছেন।

আমরা জানি, এ কাষ দেশের লোকের। বিশেষ এই কার্য্যের কতকগুলি অংশ দেশের লোকের চেটা ব্যতীত সম্পন্ন হইতে পারে না। বাদলা সরকার প্রস্তাব করিয়াছেন, যে সব উপার অবলম্বন করিতেই হইবে, সে সকলের মধ্যে নিয়লিধিত কয়টি বিশেষ উল্লেখযোগ্য:—

- (১ অমীবন্ধকীব্যাক প্রতিষ্ঠা
- (২) ঝাকতকটা কমাইয়া লওয়া
- (०) शामा (मडेनिया चारेत्न वावश महस्क क्या
- (৪) সমবার সমিতির হারা কাষ করা

কিন্ত বদি ব্যাক প্রতিষ্ঠিত হয়, ঋণ মিটাইয়া সইবার ব্যবস্থা হয়, সমবার সমিতির স্ব্যবস্থা হয়—তথাপি লোককে এই সব অযোগের সম্যক সন্বাবহার করিতে শিক্ষা দিতে হইবে। আয়ার্লণ্ডে দেখা গিয়াছিল, অজ আইরিশ কুষ্করা সরকারের সহিত সংশ্রব থাকিলে প্রতিষ্ঠান সন্দেহের দষ্টিতে দেখিত। এই বালালায় আমরা मिथ्राष्ट्रि. एव महाकनता श्रकारक बार्गत्र नांगभागवद्ध করিয়া রাখিয়াছে, তাহারাই রটাইয়াছে, সমবার ঋণ দান সমিভির উদ্দেশ্য-প্রজার জমা সরকারের খাস করিয়া দেওয়া। আর অজ কৃষকরা যে এ কথা একেবারে ব্যবিখাস করিয়াছে, ভাহাও নহে। যে দেশে অজ্ঞ জনগণ বিশ্বাস করে- সরকারের লোক কুপে রোগবীজ ফেলিয়া ব্যাধি বিস্তার করার, সে দেশে জনগণের অজ্ঞতার সুযোগ লইয়া কার্যাসিত্বি করা চুত্তর নহে। বাহাতে স্বার্থসিদ্ধিরত লোকরা তাহা করিতে না পারে, সে জ্বল **म्हिन विकार का किला किला कर का अनुब इहेगा का करक** শিকা দিতে হইবে। অজ্ঞ লোক কুসংস্থার হেতু কিরূপ কাৰ করিতে পারে, তাহা বুঝাইবার অন্স সার আলফেড লায়াল তাঁহার কল্লিভ পিণ্ডাগ্রীকে বলাইয়াছেন---জ্বীপের হাকিম তাহাকে বে (উৎকুট নুভন) বীজ্ব বপন জন্ম দিয়াছিলেন, সে তাহা সিদ্ধ করিয়া লইয়া তবে বপন করিয়াছিল-পাছে তাহা অকুরিত হয়-

"I sowed the cotton he gave me, but first

I boiled the seed."

সরকারী কর্মচারী অপেকা দেশের লোকই এই সব কুসংস্থার প্রহত করিতে লোককে অধিক সাহায্য প্রদান করিতে পারেন। ব্যাহ্ব প্রভৃতি যে সব প্রতিষ্ঠানের দারা পলীগ্রামের অধিবাসী ক্রমক ও শিল্পীদিগকে অর্থ প্রদানের ব্যবস্থা করা হইবে, সে সব গ্রামের লোককেই পরিচালিত করিতে হইবে--নহিলে ভাহার ব্যয়ই ভাহার উন্নতির অস্করায় হইরা দাঁড়াইবে। সার জন এখার্শন বলিয়াছেন, এই সব প্রতিষ্ঠান সরকারের নিয়ন্ত্রনে পরি-চালিত হইবে বটে, কিন্তু সরকারের দারা পরিচালিত হইবে না। তাহার পর পলীগ্রামের লোককে শিক্ষা দিতে হইবে-ভাহাদিগকে স্বাস্থ্যোরতি করিতে উপদেশ मिट्छ **हरे**दि । ध नद कांग्ड कि आंगामिरशंत महि ? সে কালে কি গ্রামের শিক্ষিত ব্যক্তিরা, ভ্রমীরা, এই সৰ কাষ করিতেন না ? তাঁহারাই কি টোলে ও বিভালত্ত্ব অর্থনাহায্য করিতেন নাণ তাঁহাদিগের চেষ্টাতেই কি গ্রামের পুছরিণী সংস্কৃত হইত না ?

ষে সব প্রতিষ্ঠান ইইতে পদ্ধীবাসীরা কাষের জন্ম আবশ্রক অর্থ ঋণ হিসাবে পাইবে, সে সকলের সহদ্ধে লার জন এগুলান বলিয়াছেন—সে সকলের লাভের কতৃকাংশ পদ্ধীগ্রামের উন্নতি সাধনের জন্ম পাওরা বাইবে।

ang ang paggang panggang panggang panggang

আমরা সর্বতোভাবে এই ব্যবস্থার সমর্থন করি।

যদি পল্লীগ্রামে ক্রমির উন্নতি ও শিল্প-প্রতিষ্ঠা হয়, তবে তথার ক্রমক ও শিল্পীর অবস্থার উন্নতি অনিবার্য্য হইবে। তাহাদিগের আমুবৃদ্ধি তাহাদিগের ব্যব্ত করিবার ক্রমতা বৃদ্ধিত করিবে—গ্রামে অধিক টাকার লেন-দেন হইবে —জীবন্যাত্রার আদর্শ উচ্চ হইমা উঠিবে।

পল্লীগ্রামে যদি স্বাবলম্বনের শিক্ষা ফলবভী হয়, ভবে ভাহাই প্রকৃত স্বায়ত্ত-শাসনের আরম্ভ হইবে। বাঁহার। রাজনীতির দিক হইতেই এই প্রভাব বিচার করিবেন. তাঁহারাও ইহার অনাদর করিতে পারিবেন না। ভাহার সর্বপ্রধান কারণ এই যে, যে সাম্প্রদায়িকতা ও ভেদবৃদ্ধি আমাদিগের রাজনীতিক উন্নতির দারুণ অস্তরায়, ইহাতে टम्हे छुटेछि एव हरेट्य। (मृत्युव क्ष्युक्ट नियावत्य. দেশের স্বাস্থ্যোরভিতে, দেশে শিল্পপ্রভিষ্ঠার, শিল্পীর পণ্য বিক্রমের স্থব্যবস্থায়, দেশে শিক্ষার বিস্তারে—সম্প্রদায় विल्यासबर डेंभकांत इस ना। तम डेंभकांत मकल्वरें সম্ভোগ করিয়া থাকেন। কাযেই এই দব বিষয়ে সকলে একবোগে কায় করিবেন---সাম্প্রদায়িকতা আপনা আপনি দুর হইয়া যাইবে। এই সব জনহিতকর কার্য্যে গ্রামের শিক্ষিতে ও অশিক্ষিতে—ধনীতে ও দরিদ্রে যে ঘনিষ্ঠ যোগ সাধিত হইবে, তাহা অমূল্য। দেশের দরিদ্র ব্যক্তিরা যথন বুঝিবে, শিক্ষিত ব্যক্তিরা ও ধনীরা তাহা-দিগের অবস্থার উন্নতি সাধনে সচেই, তখন ভাহারা তাঁহাদিগের নেত্ত মানিয়া লইয়া তাঁহাদিগের অহুসরণ করিবে—ভাহার পূর্বে নছে।

পলীগ্রামের পুনর্গঠন-প্রয়োজন সম্বন্ধে মতভেদ নাই।
বাঁহারা মনে করেন, পলীগ্রামের শ্রীনাশ অবশুস্তাবী,
তাঁহারা লাস্ক। শতবর্ধের অভিজ্ঞতায় আজ ইংরাজ
তাহা ব্ঝিতে পারিতেছে;—ব্ঝিতেছে—পলীগ্রামের
শ্রীনাশে সমগ্রজাতির অনিষ্ট ঘটে। তাই আজ বিলাতে
পলীগ্রামের পুনর্গঠনচেটা হইতেছে। বিলাত ধনশালী,
এ দেশ দরিদ্র; বিলাতে পলীগ্রামের পুনর্গঠনের অস্তু যে
পরিমাণ অর্থবায় করা সম্ভব, এ দেশে তাহা সম্ভব হইতে
পারে না। স্তরাং আমাদিগকে বিশেব সম্ভর্কতা
সহকারে—মিতবায়ী হইরা অগ্রদর হইতে হইবে। সে
কার্য্যে দেশের বোককে অগ্রণী হইতে হইবে—সর্কারকে
উপদেশ দিতে হইবে, সরকারের সাহাব্যের সন্থাবহার
করিতে হইবে।

আৰু সেই ক্ষরোগ আসিয়াছে—ইহা যেন বাৰ মা হয়। আমরা যেন ইহা না হারাই। বে জাতি আপনাকে আপনি রক্ষা করিতে না পারে, পৃথিবীতে অন্ত কোন জাতি ভাহাকে রক্ষা করিতে—ধ্বংস, হইতে মৃতি দিতে পারে না। পরবভাতাই ত্ংধ—আত্মবশ হওরাতে—বাবলবী হওরাতেই সুধ।



সাময়িকা

বাঙ্গালার বাজেউ-

বাৰালার অর্থ-সচিব বাৰালা সরকারের আগামী বর্ষের আর-বারের যে আঞ্চমানিক হিসাব রচনা করিয়াছেন, সে জব্য তাঁহাকে বা বালালা প্রদেশকে অভিনন্দিত করা যার না। মণ্টেগু-চেমদকোর্ড শাসন-সংস্কার প্রবর্তনাবধি বাঙ্গালা সরকারের আর্থিক অবস্থা শোচনীয় হইয়াই আছে-আয়ে ব্যয়সম্বলান করা সম্ভব হয় নাই। শাদন-সংস্থার প্রবর্ত্তি হইলেই বালালার অর্থ-সচিবকে ভিক্ষাভাও লইয়া ভারতসরকারের দারত হটতে হইয়াছিল। সঙ্গে সঙ্গে বান্ধালা নরকার ব্যয়-স্কোচ ও আর্বুদ্ধির ব্যবস্থাও করিয়াছিলেন। আর-বৃদ্ধির স্বরূপ কতকগুলি নৃতন করে সপ্রকাশ। বাঙ্গালার গভর্ণর লর্ড লিটন এক বার বলিয়াছিলেন, তিনি যে ভানেই গমন করেন, সেই ভানেই লোক জনহিতকর কার্য্যের জন্ম অর্থ প্রদান করিতে অন্পরোধ জ্ঞাপন করে-কিন্তু বাঙ্গালা সরকারের টাকা নাই। টাকার অভাবে বাঙ্গালা সরকার প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধাতা-মূলক করিতে পারেন নাই; টাকার অভাবে বাদালার থানায় থানায় দাত্বা চিকিংদালয় প্রতিষ্ঠা ত পরের কথা দাতব্য চিকিৎসালয়ে সমাগত রোগীদিগের চিকিৎসার্থ আবশ্যক পরিমাণ ঔষধ প্রদান করাও সম্ভব হর নাই; টাকার অভাবে সরকার এথনও পলীগ্রামে পানীয় জলের সুবাবস্থা করিতে পারেন নাই; টাকার অভাবে শিল্পে সরকারী সাহায্য প্রদানজন্ত আইন বিধিবদ্ধ করিত্বাও ভাচার নির্দারণ কার্য্যে পরিণত করা যায় নাই।

বাদালার অর্থ-সচিব মুক্তকঠে বলিয়াছেন, বাদালার ছর্দলা অক্সায় আর্থিক বন্দোবন্তের ফল। এই বন্দোবন্তের ফলে বাদলা ভাহার ছুইটি প্রধান আরে বঞ্চিত:—

- (১) পাটের রপ্তানী শুরু
- (২) আরকর পঞাব হইতে গম, মাদ্রাজ হইতে নারিকেলের শভ্যু,

যুক্তপ্রদেশ হইতে নানা শশু রপ্তানী হয়; সে সকলের উপর রপ্তানী শুল্ক আদার করা হয় না। রপ্তানী শুল্ক কেবল বান্ধালার পাটের উপর আদায় হয় এবং সে টাকা ভারত সরকারই গ্রহণ করেন। আয়কর সম্বন্ধেও দেইরূপ ব্যবস্থা **আছে। তবে পাটের ও**ৰ স্থকে বান্ধালার প্রতি যে ব্যবহার করা হয়, তাহা অন্ত কোন প্রদেশে প্রয়োগ করা হয় না। সেই জন্মই বালালার লোকমত ও বাঙ্গালা সরকার একযোগে আন্দোলন করিয়া আসিতেছেন-পাটের উপর রপ্তানী শুক্তের আয় বালালার প্রাপ্য, তাহা বালালাকে প্রদান করা হউক। এতদিনে त्म आत्मानाम फननाएउत आना व्हेग्नाइ। कार्य. বিলাভের পার্লামেন্ট "শ্রেভপত্তে" ভারতে শাসন-সংস্কারের যে পদ্ধতি নিৰ্দ্দেশ করিয়াছেন, ভাষাতে বলা হইয়াছে, এই আরের অনান অদ্ধাংশ পাটপ্রত প্রদেশকে প্রদান করা হইবে। দেই ব্যবস্থা বিবেচনা করিয়াই পার্লামেণ্ট ভির করিয়াছেন, বাঞ্চালায় আরে বায়নির্বাহের বাধা হটবে না।

কিন্ত তাহাই কি যথেই? পাটের উপর রপ্তানী শুরুজ আয় সম্পূর্ণরূপে না পাইলে বালালার সাধারণ শাসনকার্য্য চলিতে পারে বটে, কিন্তু তাহাতে মতি প্রয়োজনীয় জনহিতকর কার্য্য সম্পন্ন হইবে না। শিক্ষা, চিকিৎসা, শিল্পপ্রতিষ্ঠা প্রভৃতির কথা আমরা উপরে উল্লেখ করিয়াছি। সলে সলে এই নদীমাতৃক প্রদেশে জলপথের তুর্দ্দশার উল্লেখ করিতে হয়। বালালার জলপথ নই হইতেছে—তাহাই বালালার শ্রীনাশের অক্সতম প্রধান কারণ। যে নানা কারণে এই অবস্থার উত্তর হইয়াছে, সে সকলের আলোচনার স্থান আমাদিসের নাই। কিন্তু সেই সব কারণের নিবারণ ও তুর্দ্দশা অপসারণ ব্যতীত বাললার শ্রী ফিরিবে না।

সেজস্থ আরও অর্থের প্রায়েজন। আজ কেবল অর্থ-সচিব ঋণ করিবার সময় আশা করিতেছেন—ন্তন শাসন-ব্যবহা প্রবর্জনকালে ভারত সরকার এই ঋণ হইতে বাকালাকে অব্যাহতি দিবেন এবং তাহার পর বাকালা আর তাহার ক্যায্য প্রাপ্যে বঞ্চিত হইবে না।

ইহা ভবিশ্বতের কথা। কিছু আশা মরীচিকাও বে না হইতে পারে এমন নহে। বর্ত্তমানের অবস্থা শোচনীর। বালালার সহিত তুলনা করিলে আমরা দেখিতে পাই, এ বার বোমাইরে বার অপেকা আয় অধিক দেখাইয়া বালেট রচিত হইয়াছে। ভূমিকম্পে বিহার বিধ্বস্ত হইবার মাত্র আড়াই ঘটা পূর্ব্বে বিহারের সরকার যে বালেট রচনা করিয়া আল্পপ্রসাদ লাভ করিয়াছিলেন, ভাহাতেও বায় অপেকা আয় অধিক দেখান সন্তব হইয়াছিল! বালালার তাহা করনাতীত। সেই জন্মই হিসাবে দেখা গিয়াছে,—বর্ত্তমান ব্যবসা মলা আরস্ত হইবার অব্যবহিত পূর্বে বালালা সরকার জনপ্রতি যে টাকা বায় করিতে পারিয়াছেন, কেবল বিহার ও উড়িয়া তদপেকা অলব্যয় করিতে বাধ্য হইয়াছিল। ঐবংসরের জনপ্রতি বায়ের হিসাব এইরপ:—

মাজান্ধ ··· ৪ টাকার অধিক বোৰাই ··· ৮ টাকা ৪ আনা বাদালা ··· ২ টাকা ৮ আনা

ইহার পর ছই কারণে বাসালার আর্থিক ছ্র্দশা বর্দিত হইরাছে—ব্যবসা মন্দা ও সন্ত্রাস্বাদ। ব্যবসা মন্দাজনিত ছ্র্দ্দশা হইতে কেবল ভারতবর্ষের অক্সান্ত প্রদেশই নহে, কোন দেশই অব্যাহতি লাভ করিতে পারে নাই। সন্ত্রাস্বাদে বাদালার অবস্থাই শোচনীয় হইরাছে। সন্ত্রাস্বাদ দমন অর্থাৎ আইন ও শৃভ্থলা রক্ষা করিবার লক্ষ্ক বাদলা সরকারকে যে অভিরিক্ত ব্যয় করিতে হইরাছে, তাহার হিসাব এইরুপ—

মোট ৪ বংসরে > কোটি ৭০ লক্ষ্ ৭৫ হাজার টাকা।

এ বার বে বাজেট হইয়াছে, তাহার সূল কথা এই বে, আগামী বর্বে বালালার আর্থিক অবস্থা বর্ত্তমান বংসরের অবস্থা অপেক্ষাও শোচনীর হইবে। কারণ, আগায়ী বর্ষে:—

অর্থাৎ ফাজিলের পরিমাণ মোট আধ্যের প্রায় এক চতুর্থাংশ!

আর এক দিক হইতে কথাটা বুঝিলে দেখা বায়—
আগামী বংসরের জন্ত শিক্ষা, চিকিৎসা, স্বান্ত্য, কৃষি ৪
শিল্প—এই সকল বিভাগের জন্ত যে টাকা ব্যন্ন ব্রাদ্
করা হইয়াছে, ফাজিলের পরিমাণ প্রান্ন ভাহাই। কারণ,
এই সব বিভাগের ব্রাদ্দ ব্যন্ন—২ কোটি ৫১ লক্ষ্ণ ৫
হাজার টাকা। আর ফাজিলের পরিমাণ—২ কোটি
২১ লক্ষ্প • হাজার টাকা।

সেই জন্ম অর্থ-সচিব বলিয়াছেন, যদি বালালার আর্থিক বলোবন্তের পরিবর্তন না হয়, তবে অবজা যে অভি শোচনীয়, ভাষা বলাই বাহুলা। ভাষা হইলে সে ভাবে বাবস্থা না করিলে চলে না, ভাষাতে বালালার সর্বনাশ হয়।

কেহ কেহ মনে করেন, ব্যয়সকোচের ছারা এই ফাজিল পূরণ করা যায়। তাঁহারা ভ্রান্ত। বাজালায় ব্যয়সকোচের উপায় যে নাই ভাহা নহে। কিন্তু তাহাতে এত টাকা পাওরা যায় না এবং ব্যয়সকোচ বিষয়ে বাজালা সরকারও অনবহিত নহেন। বাজালা সরকার ইত্তোমধ্যে ছই বার ব্যয়সকোচের পন্থা নির্দেশ জন্ম সমিতি গঠিত করিয়াছেন। উভয় সমিতির উপদেশ আংশিকরপে গৃহীতও হইয়াছে। এ বারও অর্থ-সচিব সে বিষয়ের সম্যক আলোচনা করিয়া দেখাইয়াছেন, ৯৪ লক্ষ টাকারও অধিক ব্যয়সকোচ হইয়াছে।

অর্থ-সচিব দেখাইয়াছেন, ১৯২৯ খৃষ্টান্স হইতে যে ব্যবসা মন্দা চলিয়া আসিতেছে, অক্সান্ত দেশে ভাষার কিছু পরিবর্ত্তন পরিলক্ষিত হইয়াছে। বিলাতে ব্যবসার কিছু উন্নতির লক্ষণ দেখা গিয়াছে এবং ভথার শিলে, রেলের আয়-বৃদ্ধিতে ও মাল রপ্তানী বৃদ্ধিতে উন্নতির পরিচয় পাওয়া গিয়াছে। কিছু কি কি কারণে ইহা হইয়াছে এবং বিলাত ও মার্কিণ অর্ণমান ভ্যাগ করার

দ্ভিত্ত এই পরিবর্তনের সম্বন্ধ কি, তাহা তিনি মালোচনা ক্রবন নাই। ভবে তিনি স্বীকার করিয়াছেন, এই হলতি এমন নতে যে, ভাহার ভরস্থাত বালালাভেও অফ্রত হইতে পারে এবং বাকালার পাটের ও ধানের _{प्रता} वाट्ड नाहै। ১৯৩० शृष्टीत्म शांठे कांठीव मनव লাবেৰ দাম বত কম হইয়াছিল, তত কম আৰু কথন হয় নাই। ১৯০১ গৃষ্টান্দে ইংলগু স্বৰ্ণমান ভ্যাগ করায় লাটের দাম সেই সময় কিছু বাডিয়াছিল, আর পর-বংসর ঐ সময় বাজার কিছু চডিয়া গিয়াছিল। গভ বংসর কিন্তু পাটের দর প্রথমে কিছু চডিলেও যথন পাট রাজারে নীত হয় তথন অতাত কমিয়া গিয়াছিল। ধানের লামও অত্যক্ত কমিয়া যায়--প্রায় ১ টাকা ৭ আনা ণ পাট মণ দরে বিক্রেম হয়। গত বংসরই দেখা গিয়াছিল, পাটে ও ধানে বান্ধালার ক্লাক ব্যবসা মন্ধার দ্ময়ের পূর্ববস্তু কালের তলনায় পণ্যমূল্যে ১ কোট ্ন লক্ষ টাকাক্ষ পাইরাছিল। সেই জন্ম গত বংসর মোট ২ কোটি ১ লক্ষ্ড ছাজার টাকা ক্য প্ডিবে মনে করা হইমাছিল। ভবে এখন দেখা যাইতেছে, আন্ন অপেকা ব্যয় মোট ১ কোটি ৮০ লক ৭ হাজার টাকা অধিক হটয়াছে।

পর পর কয় বৎসর তর্দ্ধশা হেতু রুমক যে অবস্থায় উপনীত হইয়াছে, তাহাতে সে সর্ক্ষান্ত হইয়াছে বলিলেও অত্যুক্তি হয় না। সেই জয় যে সব বিভাগ হইতে সরকারের আয় প্রধানতঃ হয়, সেই ভূমিরাজন্ম, একসাইস, ই্যাম্প, রেজেইারী ও বন—এই বিভাগগুলিতে মোট ৭ কোটি ৬০ লক্ষ ৫০ হাজার টাকা আয় হইয়াছে। ১৯২৯-৩০ খ্রীকের আবের তুলনায় ইহা ২ কোটি ৪১ লক্ষ ৭৫ হাজার টাকা কয়!

এই অবস্থার বে বালালা সরকারকে সন্ত্রাসবাদ দমন করিবার জন্ম ৫০ লক্ষেরও অধিক টাকা ব্যয় করিতে ইউবে, এই অপব্যয়ের জন্ম অর্থ-সচিব হুঃথ প্রকাশ করিরাছিলেন। গত বৎসর তিনি তাঁহার বক্তৃতার বলিয়াছিলেন—যে সময় বালালার রাজত্ব যেরপ দাড়াইয়াছে, তাহাতে সর্বপ্রথতে ব্যয়সকোচ করা প্রয়োজন, সেই সমন্ন যে এই ব্যাপারে বালালাকে এত টাকা অতিরিক্ত ব্যয় করিতে হইতেছে, ইহা একান্ধ

পরিতাপের বিষয়। এ বারও তিনি সেইরূপ আক্রেপোক্তি ক্রিয়াছেন এবং ব্লিয়াছেন, অল্লকাল মধ্যে যে এই অভিবিক্ষ বায় হটতে অবাহিতি লাভ করা বাইবে, এমনও মনে হয় না। চারি বংসরে ১ কোটি ৭৩ লক ৭৫ হাজার টাকা অভিরিক্ত ব্যয় যে বালালার স্কর্জে তুর্মহ ভার লপ্ত করিতেছে, তাহাতে সন্দেহ নাই। ইহাতে লোকের যে হুর্গতি ঘটিতেছে, তাহা সহজেই বুঝিতে পারা যার। এই টাকার বালালার প্রাথমিক শিক্ষা বিস্তারের কার্য্য অগ্রসর হইলে ও দেশে শিল্প-প্রতিষ্ঠার বাবস্থা হইলে থেমন দেশের স্থায়ী কল্যাণ ও সমৃদ্ধি বৃদ্ধির উপায় হইতে পারিত, তেমনই ইহার কতকাংশ পাইলেই বালালার মফ:খলে পানীয় জল সংস্থানের স্থব্যবস্থা হইতে পারিত। যে শিল্প-প্রতিষ্ঠা বাতীত দেশের আথিক অবস্থার উন্নতি সাধিত হইতে পারে না, সেই শিল্প প্রতিষ্ঠার কার্যো সরকার অর্থ দিতে পারিতেছেন না. আর এই বার্থ ব্যয়ের পরিমাণ শহাজনক হইয়া উঠিতেছে ৷ ইহা যে বাশালীর ছর্জাগ্যের প্রিচায়ক ভাহাতে সন্দেহ থাকিতে পারে না।

এখন জিজ্ঞান্ত-উপায় কি ?

আমরা এ কথার উত্তর অনেক বার দিয়াছি। আর্থসচিবও বালালা সরকারের পক্ষ ইইতে তাহাই
বলিয়াছেন—বালালকে তাহার ক্রায্য প্রাপ্য টাকা
দিতে হইবে। বালালার রুষক রৌছে পুড়িয়া ও জলে
ভিজিয়া যে পাট উৎপন্ন করে—যে পাটের চাষ বহু
পরিমাণে বালালার আখায়াকর অবস্থার জন্ম দায়ী—সেই
পাটের উপর যে রপ্তানী শুদ্ধ আছে তাহার সম্পূর্ণ আয়
বালালাকে দিতে হইবে। এই আরের পরিমাণ জন্ম
নহে এবং বিলাতের পালামেন্ট হিসাব করিয়া
দেখিয়াছেন, ইহার আর্ধাংশ পাইলেই বালালা তাহার
বাজেট হইতে "ফাজিল" মৃছিয়া ফেলিতে পারিবে।
আর বালালান্ন সংগৃহীত আয়করের কতকাংশও
বালালাকে প্রদান করিতে হইবে।

বালালাকে অর্থ প্রদানে ভারত সরকার বহু দিন হইতেই কার্পণ্য প্রকাশ করিয়া আসিয়াছেন। মাল্রান্তে, যুক্তপ্রদেশে, পঞ্জাবে দেচের থালে জমীতে ফ্লল বাড়িয়াছে—কোটি কোটি টাকা বার করিয়া সে সব সেচের থাল খনন করা হইয়াছে; আর বালালায় নদীনালা মজিয়া ঘাইতেছে—সে সকলেরও সংস্থারের কোন ব্যবস্থা হয় না ৷ মাদ্রাজে-এমন কি বিহার ও উডিয়া প্রদেশেও শিলে সরকারী সাহাযা প্রদানের জন্ম আইন বিধিবদ্ধ হইবার অনেক দিন পরে, বালালায় দে আইন হইয়াছে বটে, কিছু অৰ্থাভাৱে কোন কাল इटेंख्ट ना। कान कान धामा विजाद खेरलज করিয়া শিল্পের উন্নতিসাধনোপায় করা হইতেছে— বালালায় সেরপ কোন চেষ্টা নাই। কলিকাতা বিরাট वन्तर--वावमात (कलः, शांह वाकालात मन्नान, वाकालात চা ও ধান যথেষ্ট উৎপন্ন হয়--- অর্থাৎ প্রাকৃতিক সম্পদে বালালা দরিত্র নহে। আথচ সেই বালালা সরকারের আরে ব্যন্ত সক্ষান হয় না-সরকার জনপ্রতি বাধিক ২ টাকা ৮ আনার অধিক ব্যয় করিতে পারেন না। এই অবস্থাকে অম্বাভাবিক বলিলেও অত্যক্তি হয় না। বালালা কেবল অর্থাভাবেই অক্তান্ত প্রদেশের মত আর্থিক উন্নতি লাভ করিতে পারিতেছে না। এ বিষয়ে বালালার লোক ও বাকলা সরকার একমত।

মুকুরে যেমন আকৃতির স্বরূপ প্রতিবিধিত হয়. সরকারের বাজেটে তেমনই প্রদেশের আর্থিক অবস্থা প্রতিবিখিত হয় ৷ বংসরের পর বংসর বাজালা সরকারের বাজেটে বাদালার যে আর্থিক অবস্থা প্রতিবিশ্বিত হইতেছে, তাহা শোচনীয়। তাহা দেখিয়া বালালার আর্থ-সচিবও শকায় শিহরিয়া উঠিতেছেন। তাঁহারও একমাত্র আশা---নূতন শাসন-ব্যবস্থায় বালালার প্রতি অবিচারের **च्यतमान इटेरव--- श्रविठाव इटेरव। रागानरहेरिक रेवर्ठरक** সার প্রভাসচক্র মিত্র ও সার নৃপেক্রনাথ সরকার প্রমুথ বালালীরা সে জন্ত যেমন চেটা করিয়াছেন, বালালা সরকারও তাঁহাদিগের বিবৃত্তিতে তেমনই চেটা করিয়াছেন। বালালার গভর্ণর সে কথা অকুণ্ঠ কণ্ঠে বলিয়াছেন এবং যে সব বাকালী সে চেটা করিয়াছেন সরকারের পক হইতে তাঁহাদিগের কার্য্যের প্রশংসা-জ্ঞাপনও করিয়াছেন। বাদালার আর্থিক গুরুবস্থার সহিত সন্ত্রাসবাদের ঘনিষ্ঠ সম্বন্ধও তিনি স্বীকার করিয়াছেন। সেই জন্য তিনি বাদলার এই আর্থিক ছর্দ্দা দুর করিবার ক্ষন্ত উপায় উদ্ভাবনেও ব্যক্ত হইয়াছেন। এ সব স্থলকণ।

কিন্তু ও সকলের সাফল্য নৃত্তন শাসন-ব্যবস্থার বাঞ্জার প্রতি কিন্তুপ ব্যবহার করা হটবে, তাহারই উপর নির্ভ্র করিবে। প্রাদেশিক স্থায়ন্ত-শাসন বলি নামশেষ না হয়, তবে সে শাসনের জন্ম আবিশ্রক অর্থের ব্যবস্থা না করিলে চলিবে না।

বাক্ষার বাজেট তুর্গতের বাজেট—দরিত্রের বাজেট।
এই বাজেট থাছাতে সমুদ্ধ প্রদেশের বাজেটে পরিণত
হয়, সেই জান্ত সকলকে সমবেত চেটার ব্যাপৃত হইতে
হইবে। অক্সপথ নাই।

জমী বন্ধকী ব্যাঞ্জ-

কয়মাস পূর্বে বাহুলার পুনর্গঠন প্রসঞ্চে বাহুলার গভর্ণর সার জন এণ্ডার্শন যে সব উপায়ের উল্লেখ করিয়া-ছিলেন-জ্মী বন্ধকী বাহি সে সকলের **অ**ক্তম: বালালার ক্রমকের আর্থিক অবস্থা শোচনীয়। সে ঋণ ভারে এমনই পিষ্ট যে, তাহার কার্য্যে উৎসাহ ও জীবনে আনন্দ নাই: সে যে তাহার জ্মীর ও ফশলের ফলনের উন্নতির জন্য আবিশ্রক অর্থ সংগ্রহ ও উন্নয় প্রব্যোগ করিবে এমন আশাই করা যায় না। তাহাকে এই অবস্থার চুগতি হুইতে উদ্ধার করিতে না পারিলে এ প্রাদেশের উন্নতির রথচক্র যে পঙ্কে বদ্ধ হইয়া ষাইবে, তাহাতে সন্দেহ নাই। কিছুদিন পূর্বে সরকার এ দেশে কৃষির ও কৃষকের উন্নতি সাধন জক্ত যে কমিশন নিযুক্ত করিয়াছিলেন, তাহার সদস্তরা বলিয়াছিলেন--থণ অবজ্ঞা করা পরিচায়ক। অর্থাৎ ভাহা পরিশোধের ব্যবস্থা করিতে হইবে। তাহারই জন্ম জমী বন্ধকী ব্যাহ অন্তম উপায় রূপে কল্লিত। বলা বাল্লা, কুষকের ঋণ যদি তাহার পরিশোধ ক্ষমতার অতীত হয়, তবে কোন উপায়ই ঈপিত ফল প্রসব করে না। সেই জন্ত সজে সংগ ঋণের পরিমাণ বিবেচনা করিয়া প্রয়োজনাল্লসারে তাহ মিটাইরা দিবার ব্যবস্থা করিতেই হইবে। সে **জন্ম ব**তঃ আইন করিতে হইবে এবং সেই কার্যোর জন্ম খতঃ ব্যবস্থাও অবশ্রই করিতে হইবে। হয়ত দে ব্যবস্থা পুনর্গঠন ভার ক্ষিশনারের উপর ক্রন্ত হইবে।

জমী বন্ধকী ব্যাকের করনা নৃতন নহে। আৰু কতৰ

্রতিন দেশে ইহা প্রতিষ্ঠিতও হইয়াছে। সে সকল দেশের স্থা জার্শানী বিশেষ উল্লেখযোগ্য।

সংপ্রতি বালালায় এইরূপ প্রতিষ্ঠান প্রবর্ত্তন আরম্ভ হুইয়াছে গত ১৫ই ফেবরারী তারিখে ময়মনসিংহে কুযি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী নবাব কে, জি, এম ফরোকী এইরূপ একটি ব্যাকের উদ্বোধন কার্য্য সম্পন্ন করিয়াছেন।

তিনি সেই উপলক্ষে যে বক্ত করিয়াছিলেন, তাহাতে এই নৃতন প্রতিষ্ঠানের প্রকৃতির পরিচয় পাওয়া নায়। তিনি যাহা বলিয়াছিলেন, নিমে তাহার মর্মাছ্বাদ প্রদত্ত হঠন—

সমবার পদ্ধতিতে পরিচালিত জনী বন্ধকী ব্যাহ্দ সমবার অষ্ট্রানের বিশেষ উল্লেখযোগ্য পরিণতি। যাহাতে কৃষক তাহার পুরাতন ঋণ পরিশোধ করিতে এবং জমীর ও চাষের পদ্ধতির উন্নতি সাধন করিতে পারে, সেই জন্ম কিছুদিন হইতেই এইরপ প্রতিগানের প্রয়োজন অন্তত্ত হইতেছে।

বাকালায় বর্ত্তমানে যে সব কেন্দ্রী ব্যাক্ষ আছে, সে-গুলি তাহাদিগের সহিত সম্বন্ধ সমিতির মধ্যবর্ত্তিতায় এক হইতে পাঁচ বৎসরে পরিশোধ্য ঋণ দিয়া থাকে। এরূপ ঋণের ছারা ক্রয়কের সাধারণ বার্ষিক প্রয়োজন সিদ্ধ হইতে পারে বটে, কিন্ধ ভাহার পুরাতন ঋণ পরিশোধ্যে, ও নৃতন সম্পত্তি ক্রয় বা বর্ত্তমান জমীর উল্লেখযোগ্য উন্নতি সাধন সম্ভব হয় না।

সেই জন্ম তাহাদিগের মধ্যে যাহারা উপযুক্ত জামিন দিতে পারে, তাহাদিগকে ঋণ পরিশোধ ও জমীর উনতি সাধনোদেশ্যে দীর্ঘকালে পরিশোধ্য ঋণ দানের ব্যবস্থা করা প্রয়োজন।

কেবল ইহাই নহে—যে সকল স্বান্ধল অবস্থাপন কৃষক বা ভূমানী এতদিন সনবার নীতিতে পরিচালিত প্রতিষ্ঠানে যোগ দেন নাই, তাঁহারাই বিস্তুত জ্বনীর অধিকারী ও বালালার কৃষির মেরুদও। আর্থিক অবস্থার উরতি সাধন জ্বন্থ তাঁহাদিগের ঋণ গ্রহণ প্রয়োজন। জ্বনী বস্ধকী ব্যাক্ষে তাঁহারা যেমন দীর্ঘকালের জ্বন্থ পাইবেন, ভেমনই যাঁহারা উপযুক্ত জামীন দিতে পারে সেই শ্রেণীর লোক—সমবার সমিতির সদস্থাণও আবশ্যক অর্থ

এই ব্যাহ্ন প্রথম পাওনাদার

মন্ত্র পাজনাভোগীদিগকে দীর্ঘকালের

দিবে, তাহা ছয় মাস অস্তর বা বার্ষিকার

ব্যবস্থা হউবে।

বর্তমানে ফল কিরূপ হয় তাহা পরীক্ষার্থ বাছিয়া বাছিয়া কতকগুলি স্থানে ব্যাক প্রতিষ্ঠা করা হইবে এবং "ডিবেঞার" বাহির করিয়া মূলধন সংগ্রহ করা হইবে। যত দিনের ক্ষম্ভ ঐরূপে টাকা সংগৃহীত হটবে, সরকার তত দিনের ক্ষম্ভ উহার হাদ দিতে দায়ী থাকিবেন।

এই ব্যাক্ষ ে টাকা ঋণ দিবে তাহা এখন কিছু দিন পূর্বের বন্ধক খালাল করিতে ও অক্তরপ ঋণ পরিশোধ করিতেই প্রযুক্ত হইবে। জনীর উন্নতি সাধন, কৃষির উন্নত পদ্ধতি প্রবর্তন, জনী ক্রয়—এ সকল পরে ইইবে।

বেরূপ কার্য্যে ব্যাঙ্কের সদস্যদিগের আর্থিক উপকার হইবে না, ব্যারু সেরূপ কোন কার্য্যে প্রবৃত্ত হইবেন না।

সরকার ব্যাঙ্কে এক জন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন বটে, কিন্তু ভাহাতে ডিরেক্টারদিগের দারিত্বের অবসান হটবে না।

মন্ত্ৰীর এই উক্তিতে ব্যাঙ্কের কাঠাম কিরূপ হইবে, তাহার পরিচয় ব্যতীত আর কিছই নাই। আর সে দিন বাঙ্গলা সরকারের আগামী বংসরের আয়-ব্যয়ের যে আফুমানিক হিসাব বা বাজেট পেশ হইয়াছে, তাহা বিল্লেখণ করিলে আমরা দেখিতে পাই যে. পাঁচটি জমী বন্ধকী ব্যাক্ষের জন্ম আগামী বর্ষে চল্লিশ হাজার টাকা বায় বরান হইয়াছে। মন্ত্রীর বক্তৃতায় উক্ত হইয়াছে---সরকার ইহার মূলধন দিবেন না, কেবল মূলধনের জ্ঞ যে টাকা সংগ্রহ করা হটবে, তাহার সুদ দিতে বাধা থাকিবেন। এই চল্লিশ হাজার টাকা সেই বাবদে বরাদ নহে-ব্যয়ের জন্ত। সরকার হদের জন্ত জামিন থাকিলেও আসল সম্বন্ধে নিশ্চয়তা কিরূপ থাকিবে---মূলধন সংগ্রহ চেষ্টার সাফল্য তাহার উপর নির্ভর করিবে। সরকার সে সম্বন্ধে কতটা দায়িত গ্রহণ করিবেন, বলিভে পারি না। তবে বাদাশার গভর্ণর যে বক্তায় বালালার ক্যকের উন্নতি সাধনের সকল ব্যক্ত করিয়াছিলেন, তাহাতে তিনি স্পাইই বলিয়াছিলেন-আবিশ্রক অর্থ দিতেই হইবে। সরকারের সহায়তার বিষয় আনিতে পারিলে যে লোক ব্যাক্ষের অস্থ টাকা দিতে প্রস্তুত হইবে, এমন আলা অবভাই করা যার। কারণ, বালগোর বার্ষিক শাসন বিবরণে দেখা গিয়াছে, নানা কারণে প্রাদেশিক কেন্দ্রী সমবার ব্যাক্ষের অবস্থাশকা-জনক হইতেও পারে ব্রিয়া সরকার তাঁহাদিগের জামীনীতে ইম্পিরিয়াল ব্যাক্ষ হইতে উহার ত্রিশ লক্ষ্ণ টাকা পর্যাক্ষ ঋণ পাইবার ব্যবস্থা ক্রিয়াছিলেন; কিন্তু সে ঋণ গ্রহণ করা প্রয়োজন হয় নাই—অর্থাৎ লোক জমা টাকা তুলিয়া না লইশা নৃত্রন টাকা জমা দিয়াছে।

ष्मामता शृद्स्य दिलशाष्ट्रि, जभी वसकी वाहि नुवन নহে এবং অন্ত অনেক দেশে তাহাতে সুফল ফলিয়াছে। তবে সঙ্গে দক্ষে এ কথাও বলিতে হয় যে, সকল দেশের অর্থনীতিক অবস্থা একরপ নতে; বিশেষ বাঙ্গালায় জমীর অধিকার-ব্যবস্থাও অন্যান্ত দেশের ব্যবস্থা হইতে ভিন্ন প্রকারের। কাজেই বাঙ্গলায় যে ব্যবস্থা করিতে হইবে তাহা সাফল্যমণ্ডিত করিতে হইলে অবস্থামূরণ করিতে হইবে। বাঙ্গালার কুমকের ঋণের পরিমাণও অল্ল নতে। কাজেই যে মূলবন সংগ্রহ করিতে হইবে তাহা অল হইবে না। সে টাকা যদি বাললায় সংগৃহীত হয়, ভবে বড়ই সুখের বিষয় হইবে। কারণ, তাহা হইলে সে টাকাও বাকালায় থাকিবে। আর পুর্বে আমরা বাঙ্গালার গভর্ণরের যে বক্তভার উল্লেখ করিয়াছি, তাহাতে তিনি বলিয়াছিলেন, এইরূপ প্রতিষ্ঠানে যে টাকা লাভ হইবে, তাহার কতকাংশ পল্লীজীবনের উন্নতিসাধক কার্য্যে ব্যন্ন করা সম্ভব হইবে। তিনিই বলিয়াছেন, এই সব প্রতিষ্ঠান সরকারের नियक्तनाधीन इटेटल नत्रकाती क्षित्रिक्षांन इटेटर ना। কাজেই ইহা বাঙ্গালার লোকের স্বাবলয়ন শিক্ষার কেন্দ্রও হইতে পারিবে। এই প্রতিষ্ঠানের কলের উপর বাঙ্গালার উন্নতি যে বহু পরিমাণে নির্ভর করিতেছে, তাহাতে অবশ্ৰই সন্দেহের অবকাশ নাই।

পাটের কথা-

পূর্ণ ছই বংসর পূর্বে বলীয় ব্যবস্থাপক সভায় বালালায় আর্থিক ছরবস্থা সম্বন্ধে অন্ন্যনান জয় এক সমিতি নিয়োগের যে প্রতাব গৃহীত হইয়াছিল, ভাহার আলোচনা প্রদক্ষে সরকারের কৃষি বিভাগ এই সিদ্ধান্তে উপনীত হয়েন যে, একপ সমিতি নিরোগে কোনকণ স্ফল লাভের সম্ভাবনা না থাকিলেও বাদালার সর্বপ্রধান অর্থপ্রদ উৎপন্ন জব্য পাটের মূল্য হাস সম্বন্ধে অন্তুসদ্ধান করিলে কিছু উপকার হইতে পারে। সেই-জন্ম তাঁহারা এক সমিতি গঠিত করেন। সমিতির কার্য্যের নিম্নলিখিত বিবৃত্তি প্রদত্ত হয়—

- (১) পাটের মূল্য নিয়ন্ত্রন।
- (২) পাট বিক্রমের ব্যবস্থা ও সঙ্গে সজে—নিয়ন্ত্রিক বাজার প্রতিষ্ঠা ও পাটোৎপাদকদিগকে পাটের বাজার সম্বন্ধে সংবাদ সরবরাহ করা।
- (৩) বাহ্বালায় পাট সমিতি প্রতিষ্ঠা ও তাহার আংলুমানিক বায়।
- (৪) পাটের পরিবত্তে কি পরিমাণে অন্যান্ত তব্য ব্যবহৃত হইতেছে এবং অদ্র ভবিষ্যতে সেইরূপ ব্যবহার্য্য অন্যান্ত দ্রব্যের আধিকার-সন্তাবনা।
- (৫) বর্ত্তমান অবস্থার উন্নতি সাধিত হইতে পারে
 এমন ভাবে অক্যাক কার্য্যে পাট ব্যবহারের উপায়।

বান্ধালার পাটের দামের উন্নতি ও অবনতি যে বালালার আথিক অবস্থার উন্নতি ও অবনতির কারণ ভাহা বলাই বাহলা। পাট ও ধানই বালালার সম্পদ। এই ছুই ফশলের মূল্যের হ্রাসবৃদ্ধি লোকের আর্থিক অবস্থার উন্নতি ও অবনতির কারণ। পাটের মূল্য ১৯২৯ খুষ্টান্দের হিদাবে অর্দ্ধেক হইয়াছে। ১৯২৯ খুষ্টাব্দে বাঞ্চালার উৎপন্ন পাটের পরিমাণ ছিল ৮৭ লক ২৯ হাজার ৫ শত ৭০ গাঁইট. আবে দর-মণকরা ১১ টাকা ২ আনা ৭ পাই; আর ১৯৩২ গুটান্দের হিসাবে---পাটের পরিমাণ--৫১ লক্ষ ২৭ হাজার ৫ শত গাঁইট. আর দর—৫ টাকা ০ আনা ১১ পাই মণ। স্বতরাং ১৯২৯ খুটান্দে বেস্থানে পাট বিক্রন্ন করিয়া পাওয়া গিয়াছিল-প্রায় ৮ কোটি টাকা, ১৯৩২ খুষ্টান্তে সেন্থানে পাওয়া যায়, সাড়ে ১৩ কোটি টাকা। এই বিষম অবস্থার কি করা কর্ত্তব্য তাহা স্থির করিবার জন্ম সমিতি গঠিত হইয়াছিল। তাহার নির্দারণ প্রকাশিত হইয়াছে— দীর্ঘ ছুই বংসর পরে। এত দিনে অবস্থা আরও শোচনীয় হইয়াছে। স্বতরাং চারি শত পূচারও অধিক ব্যাপী বে রিপোর্ট প্রচারিত হইরাছে, ভাহার মূল্য অন্ত হিসাবে যাহাই কেন হউক না—প্রকৃত উদ্দেশ্ত-গিদ্ধি বিষয়ে কিছুই নাই। এই ব্যর্থ রিপোর্ট রচনার বাঙ্গালার লোকের কত টাকা থরচ হইরাছে, তাহাই ভানিবার বিষয়।

কমিটীর সদস্তরা যে যাহার মত ব্যক্ত করিয়াছেন এবং তাঁহাদিগের মতভেদ এমনই প্রবল যে, এই রিপোটে নির্ভর করিয়া বাদালা সরকার পাটচাষীর ও বাদালার উন্নতি সাধনের কোন উপায় করিতে পারিতেছেন না। আমাদিগের মনে হয়, এইরপ অবস্থায়, সরকারের পক্ষে স্বভন্ধভাবে বিচার বিবেচনা করিয়া কাজ করাই কর্ত্তর। আমাদিগের বিশ্বাস, এই স্মিতি গঠিত না হইলে সরকার এ বিষ্যে কোন কার্য্য-পদ্ধতি হির করিয়া ফোলতেন।

পাট বান্ধালার সম্পদ বলিয়া ইহার উন্নতি সাধন জন্ত সরকার বিশেষ ও প্রশংসনীয় চেষ্টা করিয়া আসিয়া-ছেন-ইহা অবশ্ৰ শীকাৰ্য্য। কিসে অধিক ফলনের পাটের চাষ বাডে এবং পাটের ফলন বাড়ে সে জন্ম সরকারের চেষ্টার পরিচয় লর্ড জেটল্যাও (বান্ধালার গভর্ণর-লর্ড রোগল্ডনে) দিয়াছেন। তিনি বলিয়াছেন, "কাকিয়া বোদ্বাই "নামক যে পাটের বীক্ত পূর্ব্ববেদ কুষকদিগকে প্রদান করা হইয়াছে, তাহাতে প্রতি একর জমীতে সাধারণ পাট অপেকা ফলন অর্থাৎ আঁশ २ मण व्यक्षिक इस । ১৯১১ थृष्टोक भर्यास्त २ नक धक्र জমীতে এই পাটের চাষ হয়। ইহার চাযে এত माफना नाज रम (य. मत्न रहेमाहिन, वानानात (य समीएक भारतेव हाव इब काशास्त्र এই वीस वावशाब করিলে ৫০ লক্ষ মণ অধিক পাট উংপর হইতে এবং তাহার মূল্য অল নহে। ইহার পর বে পাট আমবিকৃত হইরাছে, ভাহার ফলন আরও অধিক।

ফলন বদি অধিক হয়, তবে অল্ল জ্বমীতেই চাহিদার
অন্থ্যুপ পাট উৎপল্ল করা সম্ভৱ হইবে এবং অবশিপ্ত
জ্বমীতে অল্ল কোন ফললের চাষ করিলে লাভ হইবে।
পাটের প্রয়োজনের সীমা আছে। কেবল তাহাই
নহে—পাট যদি পাটের পরিবর্ত্তে ব্যবহার্য্য প্রব্যের
তুলনার অল্লমূল্য না হয়, তবে লোক পাটই ব্যবহার

করিবে কেন ? ইভোমধ্যেই গ্রোপের নানা দেশে পাটের পরিবর্তে ব্যবহার্য জব্যের সন্ধান চলিতেছে। জার্মাণ ফুদ্দের সময় পাটের অভাবে জার্মানী কাগুলের থলিয়াও ব্যবহার করিয়াছিল। মার্কিণ তুলার স্ভায় থলিয়া করিবার চেষ্টা করিতেছে।

স্তরাং কিসে পাটের চাব নিয়ন্ত্রিত করিয়া ক্রবক ভাষ্য মূল্য পায়—অথচ পাটের মূল্য পাটের পরিবর্ত্তে ব্যবহার্য্য দ্রব্যের মূল্য অপেকা অধিক না হয়—সরকার ভাষা বিবেচনা করিভেছেন।

আমাদিগের মনে হয়, সেই অসুসন্ধানে সাহায্য হইবে মনে করিয়াই সরকার পাট কমিটা নিযুক্ত করিয়া-ছিলেন। কিন্তু তাঁহাদিগের আশা ফলবতী হয় নাই। কমিটার সভ্যরা নানা জন নানা মত প্রকাশ করিয়াছেন। যাহারা সংখ্যায় অল্প তাঁহাদিগের রিপোর্টে কভক-গুলি কথা সমর্থনযোগ্য নহে। যথা—

- (১) অসম্ভব স্বীকার করিয়াও তাঁহারা বেক্সল লাশনাল চেঘার অব কমার্শ নামক সভার প্রস্তাবের উল্লেখ করিয়া বলিয়াছেন, সে প্রস্তাব মন্দ নহে ! প্রস্তাব এই যে, একটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত করিয়া ভাষাকেই বাঙ্গালায় উৎপন্ন সব পাটের বিক্রমভার প্রদান করা হউক। সদস্তরা স্বীকার করিয়াছেন—অদুর ভবিষ্যতে এইরূপ প্রতিষ্ঠান প্রতিষ্ঠার সন্তাবনা নাই। অথচ তাঁহারা এই অসম্ভব প্রস্থাবটির আলোচনায় রিপোর্টের অনেকটা স্থানের অপব্যয় করিতে দ্বিধাসূভ্য করেন নাই! বাদালার সমবায় বিভাগ স্বল্লায়তনে এইরূপ একটি ক্রিয়াছিলেন-ভাহার পরিণতি প্রতিষ্ঠান প্রতিষ্ঠা হইয়াছে-বহু সংলগ্ন প্রতিষ্ঠানের সর্কনাশে ও বছ টাকার ক্ষতিতে। গাঁহারা অসম্ভব প্রস্তাবের আলোচনা করিবার প্রলোভন সম্বরণ করিতে পারেন না. তাঁহা-দিগের নিকট কার্য্যোপযোগী প্রস্তাব করিবার আশা তরাশা মাতা।
- (২) ইহারা প্রস্তাব করিয়াছেন—আইনের বলে পাটের চাব নিয়ন্ত্রিত করা হউক। এই প্রস্তাব গণতান্ত্রিক ব্যবস্থার বিরোধী; কারণ ইহাতে কেবল বে রুধকের বিচারবৃদ্ধিতে দোবারোপ করা হয়, তাহাই নহুহ; পরস্ক তাহাকে স্বৈর ক্ষমতার অধীন করা হয়। আমাদিগের

মতে প্রচার-কার্য্যের দ্বারা—সংক্ সংক্ষ পৃথিবীর নানা-দেশে পাটের চাহিদার সন্তাবনার হিসাব দিয়া— কৃষক্লকে পাটচাষ নিয়ন্ত্রিত করিতে শিধানই সকত। তাহাতে যেমন পাটচাষ নিয়ন্ত্রিত হইবে, তেমনই কৃষকও স্বাবলমী হইবে।

আমর। কমিটার অধিকাংশ সদক্ষের রিপোর্টই সমীচীন বলিয়া বিবেচন। করি। নিমে সেই রিপোর্টের নির্দারণের সার সংগ্রহ করিয়া দেওয়া হইল—

- (>) পাটচাষ নিয়ন্ত্রন।—ক্ষাইনের বলে পাটচাষ নিয়ন্ত্রিত করা সমর্থনঘোগ্য নহে। সে কার্য্য প্রচারের ছারা—সংবাদ সরবরাহের হারা করাই সম্ভত। জিলার কালেকার প্রচার-কার্য্যের ভার পাইবেন।
- (২) পাটচাষ কমাইলে বে জমী পাওরা যাইবে, ভাহাতে ধান্ত ব্যতীত জার কি কি লাভজনক ফশল উৎপন্ন করা যান্ত, ভাহা দেখিতে হইবে। ভামাকের চাষ বাঙান যান্ত; ইকুর চাষও বাড়াইয়া সঙ্গে সঙ্গে চিনির কারখানা প্রভিষ্ঠা করা যান্ত।
- (৩) সপ্তাহে সপ্তাহে পাট সম্বন্ধে সংবাদ প্রকাশের ব্যবস্থা করিতে হইবে এবং পাটের আছুমানিক হিসাব ইংরাজীতে ও দেশীর ভাষার প্রচার করিতে হইবে !
- (৪) নির্দিষ্ট ওজন ব্যবহার করিবার ব্যবস্থা ও পাটের সমর মফ: বলে পাটের দর প্রচার স্বদ্ধে আমাবশুক ব্যবস্থা করিতে হইবে।
- (৫) পাটের রক্ম বাছিয়া সে সকলের জাদর্শ স্থির করিতে হইবে।
- (৬) বর্ত্তমানে ভারতীর ও মূরোপীর ব্যবদায়ীরা যে ভাবে পাটের ব্যবসা—বিদেশে পাট রপ্তানী করেন, ভাহার বিশেষ পরিবর্ত্তনের প্রয়োজন নাই। যাহাতে নিক্ট পাট রপ্তানী না হয়, সে দিকে দৃষ্টি রাখা
- (१) পাট বিক্রন্ন সমিতির অনাফল্যেই প্রতিপর হন না বে, সমবার নীতিতে পাট বিক্রন্নের ব্যবস্থা হইতে পারে না। কতকগুলি গ্রামে সমবার বিভাগের উপদেশ অস্পারে কাল করিবার কর এইরপ সমিতি প্রতিষ্ঠিত করিরা ফল পরীকা করিলে ভাল হয়। প্রথমে সমিতি-ভাল—পাট ক্রের করিয়া লোকশানের সন্তাবনা রাখিয়া

কাজ না করিয়া কেবল সভাদিগের পাট বিক্রমের ভার গ্রহণ করিবে। ক্রমে গ্রাম্য বিক্রম সমিতিগুলি সরাসরি ব্যবসামীদিগের কাছে মাল বিক্রম করিতে পারিবে।

- (৮) বেরারে ও বোখাইরে যেরপ নিয়ন্তিত তুলার বাজার আছে, বালালায় যেইরপ গুটিকতক পাটের বাজার প্রতিষ্ঠার আজার প্রতিষ্ঠার আন নির্বাচনে ও বাজার পরিচালনে বিশেষ যত্ন ও সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। প্রথমে অর্থাং পরীক্ষাকালে ক্রেতা বা বিক্রেতাকে ইহার ব্যয়ভার প্রদান করা সত্তত হইবে না। পরে বর্ণিত পাট ক্ষিট্র ইহার ব্যয় নির্বাহ করিবে।
- (৯) সকলকেই একরূপ ওঞ্চন ব্যবহারে আইনতঃ বাধ্য করিতে হইবে।
- (১•) ভবিয়তে বিক্রয়ের বাজার সম্বন্ধে মতভেদ মাছে।
- (১১) পাট বুনানের সময়ের পূর্ব্বে প্রচারকার্য্যে নিযুক্ত ব্যক্তির। গ্রামে গ্রামে ঘাইর। ভারতবর্ষে ও অন্তাস-দেশে মজুদ পাটের হিদাব ও পূর্ববর্তী ছুই তিন বংসরে পাটের গড় দর লোককে জ্ঞানাইরা দিবেন। স্থানে স্থানে বেতার বার্তার দারা কাল্ল চালান যায়। আর সব স্থানে স্থাহে ছুই বা তিন দিন সংবাদ ডাকে পাঠান হুইবে। এ বিষয়ে চলচ্চিত্র ও ম্যাজিক লঠনের দারা কাল্ল করা বার।
- (১২) আইনের বলে পাট কমিটা গঠিত করিতে হইবে। ইহা উপদেষ্টা প্রতিষ্ঠানরূপে কাজ করিবে এবং কশলের অবস্থাও পাট সম্বন্ধে অক্যান্ত সংবাদ প্রদানের ব্যবস্থার উন্নতি সাধন, উৎকৃষ্ট বীজের পরীক্ষাও প্রচার, পাট বিক্রন্ধের ব্যবস্থা প্রভৃতি বিষয়ে অবহিত থাকিবে। ইহার অধীনে রাসায়নিক, অর্থনীতিক ও অক্যান্ত ব্যবস্থা থাকিবে। শিল্প বিভাগের সহিত একথোগে এই কমিটা কিরপে উটজ শিল্পে পাটের ব্যবহার বাড়ান বাইতে পারে, সে বিষয়ে চেষ্টা করিবে। পাটচাব নিয়ন্তনের কার্য্যে কালেন্তারের অধীনে যে সব লোক নিযুক্ত করিতে হইবে এই কমিটা তাঁহাদিগের ব্যরন্থার বহন করিবে। বর্ত্তমানে ভূট মিল্স এসোসিরেশন যে বৈজ্ঞানিক গবেষণা প্রতিষ্ঠান স্থাপনের করনা করিয়াছেন,

ভাষা যদি কার্য্যে পরিণত হয়, তবে কমিটা ভাষার সহিত্য এক্যোগে কাল করিবেন। কোন কোন সভ্য বাগালায় একটি স্বতন্ত্র পাট কমিটা প্রতিষ্ঠার পক্ষপাতী; জাবার কেহ কেহ মনে করেন—কেন্দ্রী কমিটা স্থাপনই অভিপ্রেত। পাটের রপ্তানী শুভ হইতে এই কমিটার বাগ নির্মাহ হইবে (এই কমিটার জন্ত বংগরে ৫ লক্ষ্য নির্মাহ ব্যাদ করিতে হইবে।)

- (১০) হুই নিকে পাটের প্রতিযোগিতা প্রবল হুইংহছ:—
- (ক) বর্জনানে পণ্য অধিক পরিমাণে একসংক্ষ প্রেরিত হওয়ায় পাটের থলিয়ার ব্যবহার ক্ষিতেছে।
- (খ) থলিয়া প্রস্তুত করিবার জন্ম পাটের পরিবর্তে কাগজ ও কোথাও কোথাও তুলা ব্যবস্তু ংইতেছে।

যাহাতে এই প্রতিযোগিতা প্রহত করিয়া পাট কলা পরিমাণে ব্যবহারের স্থবিধা হয়, তাহা করিতে ংইবে। যাহাতে জ্ঞাল দেশেও পাট বিক্রম হয় এবং ন্তন ন্তন কার্যো পাট ব্যবহৃত হয়, সে বিষয়ে গ্রেষণা কয়া প্রায়েজন। যাহাতে জ্ঞাবিক ফ্লনের উৎকুইতর লাতীর পাট উৎপন্ন হয়, সে বিষয়ে জ্ঞাবশুক পরীকণ করিতে হইবে।

উপরে আমরা কমিটার অধিকাংশু সভ্যের নির্নারণের সার সংগ্রহ করিয়া দিলাম। ইহাতেই কার্য্যের গুরুত্ব উপলক হইবে। ইহা বিবেচনা করিলে মনে হয়, এতদিন বে এ বিবরে কোন কাজ হয় নাই, ইহাই বিশ্ময়ের বিষর। পাটের সহিত বালালার আধিক অবহার সম্বন্ধ কত বনিষ্ঠ ভাহা কাহারও অবিদিত নাই। এক সময়ে বালালা চিনি উংপন্ন করিয়া যথেই অর্থ পাইত। পর্যাটক বার্ণিরায় বলিয়ছেন, বালালা হইতে কেবল ভারতবর্ষের অভান্ত প্রবিশ্লেই নহে, পরস্ক আরবে, পারত্যে ও ইরাকেও চিনি রপ্তানী হইত। আল বালালা অভান্ত দেশ হইতেও ভারতের অভান্ত প্রদেশ হইতে নিজ ব্যবহার্য চিনি আমদানী করিতেছে। এক দিন বালালা হইতে কার্পান ব্র বিদেশে রপ্তানী হইত। যথন ঢাকার মশলিন রোমক সামালোর ভাগ্যবিধাত্যনের অভাবরণ হইত,

তথন তাহাতে বাকলার অর্থাগম হইত—মিশরে রক্ষিত শবের আবরণ বস্ত্রও এ দেশের। তাহার পর দেখা বার, খৃষ্টীর ১৫৭৭ সালেও মালদহের ব্যবসামী শেক ভিক পারস্থোপসাগরের পথে ক্ষিয়ার তিন জাহাজ মালদহী কাণড় পাঠাইয়াছিলেন। আজ বাকালা বিদেশের ও অন্ত প্রদেশের বস্ত্র ব্যবহার ক্রিতেছে। অর্ধ শতাকী পূর্কে কবি নবীনচক্র ভারতবর্ষের কথার বলিয়াছিলেন—

"ভারতের তস্ক্ত নীরৰ সকল, ছঃখিনীর লজ্জা রক্ষে ম্যাঞ্টোর।"

আৰু বিদেশী বস্ত্ৰের আমদানী কিছু কমিলেও বোষাই সে হান অবাধে অধিকার করিয়াছে। ইহার পর ছিল নীলের চাষ ও নীল উৎপন্ন করা। ভাহাও আর নাই। কাজেই বালালাতে যদি আর্থিক অবস্থার উন্নতি সাধন করিতে হয়, তবে কাপড়ের ও চিনির কল প্রভৃতি প্রতিষ্ঠার সঙ্গে সংলের উন্নতি বিধান করিতে হইবে। পাট সে সকলের অন্ততম এবং পাটে বালালার আয়ে অন্তর্ন নাই। বিশেষ বালালারে বাজেটে যদি বায় অপেকা আয় অধিক করিতে হয়, তবে এই পাটের উপর আমদানী শুল্ল স্বটা বাল্লাকে প্রদান করা ব্যতীত গত্যন্তর নাই। স্তরাং পাটের বিক্রের যত বাড়িবে, তেই প্রয়োজন দির ইবব।

আমরা বলিয়াছি, পাট কমিটার সদক্ষদিগের মধ্যে

মতান্তর এত প্রবল যে, কমিটার সিদ্ধান্তের উপর নির্ভর
করিয়া কাজ করা সরকারের পক্ষে অসন্তব হইয়া
দাড়াইয়াছে। কিন্তু সরকার অবশ্রই অবস্থার শুরুত্ব
উপলব্ধি করিয়াছেন। স্মতরাং কমিটার নির্দারণে যত
মতভেদই কেন থাকুক না, সরকারকে এ বিষয়ে কার্য্য
প্রবৃত্ত হইবে। কারণ, যত দিন ঘাইবে, ততই
প্রতিযোগিতা প্রবল হইয়া দাড়াইবে, প্রতিযোগিতা প্রহত
করা ত্রুর হইবে।

আমাদিগের মনে হয়, সরকার যদি পাট কমিটীর অধিকাংশ সদক্ষের মতই গ্রহণযোগ্য বিবেচনা করিয়া ভদপুসারে কার্য্যে প্রবৃত্ত হয়েন এবং তাঁহাদিগের নির্দ্ধারণ আপনাদিগের বিবেচনাস্থ্যারে পরিবর্জিত, পরিবর্জিত ও পরিবর্জিত করেন, তবে তাঁহারা যে কার্য্যে প্রবৃত্ত হইবেন, তাহাতে ইপিত ফললাভ হইবে। যে পণ্য উৎপন্ন করিয়া বালালা বংসরে ৬০ কোটি টাকা পর্যন্ত পাইতে পারে, তাহার প্রয়োজন ও ওক্ত সম্বন্ধে সন্দেহের অবকাশ থাকিতে পারে না। তাহা রক্ষা করাও যে তেমনই প্রয়োজন, তাহা আর কাহাকেও বলিয়া দিতে হইবেনা।

পাট কমিটীর নিকট বাদাদার লোক ও সরকার যে আশা করিয়াছিলেন, তাহা ব্যর্থ হইয়াছে। এখন আশা —সরকার নিশ্চিন্ত না থাকিয়া বাদলার পাট ও পাঠ-শিল্পের সংরক্ষণ ও উয়ভি সাধনে অধিক মনোযোগী হইবেন।

বাকলার শাসন পরিষদে—

বাঙ্গালার শাসন পরিষদে পরিবর্ত্তন ইইরাছে। সার প্রভাসচন্দ্র মিত্রের মৃত্যুতে তাঁহার স্থানে সার চাকচন্দ্র খোষ সদক্ষ নিযুক্ত ইইয়াছে।

শার প্রভাসচন্দ্রের মৃত্যু যেমন অত্রক্তি, তেমনই অপ্রত্যাশিত। গত ১ই ফেব্রুগারী তারিখে তিনি লাট श्रामारम भागन श्रीवर्षात्र अधिरवनगरस रवना श्राव ১২টার সময় গুহে প্রত্যাবর্ত্তন করিয়া আন করিতে স্থানাগারে প্রবেশ করেন এবং স্থান শেষ করিয়াই অজ্ঞান হইয়া পড়েন—দেখিতে দেখিতে তাঁহার প্রাণবিয়োগ হয়। ভারতে হাইকোর্টের প্রথম প্রধান বিচারক সার রমেশচন্দ্র মিত্রের তৃতীয় পুত্র সার প্রভাসচন্দ্র ১৮৭৫ पृष्ठीत्म काष्ट्रवादी मात्म क्या शहन कत्त्रन । जिनि यथन প্রেসিডেন্সি কলেজের ছাত্র তথন বাহারা তাঁহার সতীর্থ ছিলেন, তাঁহারা অনেকেই প্রসিদ্ধি লাভ করিয়াছেন। তাঁহাদিগের মধ্যে দার নুপেক্রনাথ সরকার, সার ভূপেজনাথ মিত্র, সার চাকচজ ঘোষ, সার অঞ্চেলাল মিত্র, পরলোকগত দেওয়ান বাহাত্র জ্ঞানশরণ চক্রবর্তী. হাইকোটের বিচারক শ্রীযুক্ত দারকানাথ যিতা প্রভৃতির नाम উল্লেখযোগ্য। ১৮৯৭ थुडोट्स তিনি हाइटकाटर्ड ওকালতী করিতে আরম্ভ করেন এবং অর্লাদনের মধ্যেই প্রসিদ্ধি লাভ করেন। তিনি জটিল প্রশ্নের মীমাংসার অসাধারণ পারদর্শিতা লাভ করিয়াছিলেন। বোধ হয়, তাঁহার স্বভাবসিদ্ধ ও অন্ধ্রশালনতীক্ষ শ্রমশালতা ও প্রভান্তপুঞ্ভাবে সকল বিষয়ের আলোচনার প্রবৃত্তি তাহার প্রধান কারণ।

যৌবনেই তিনি রাজনীতি চর্চার আরু ইইয়াছিলেন এবং সার সুরেজনাথ বন্দ্যোপাধ্যার ও ভূপেক্সনাথ বহু মহাশরের সহিত একযোগে কাজ করিতেন। নেতারা বুবক প্রভাসচন্দ্রের মেধার ও অজ্জিত সংবাদ-সংগ্রহের জন্দ ভাঁহাকে বিশেষ আদর করিতেন।

যথন লিয়োনেল কার্টিস এ দেশে শাসন-সংস্কারের শুরুপ নির্দ্ধারণ জ্বন্য ভারতে আগমন করেন, তথন সার



স্বৰ্গীয় সার প্রভাসচক্র মিত্র

প্রজাসচন্দ্র শাসন-সংস্কারের যে প্রস্তাব করেন, তাহা তৎপূর্কে বড়লাটের ব্যবস্থাপক সভার বে-সরকারী সদশ্য-দিগের প্রস্তাবের তুলনার বহু অগ্রগামী এবং তাহাতে ভাঁহার শাসন-পদ্ধতি পর্য্যালোচনার পরিচর প্রকট। এ দেশে সন্ত্রাসবাদ দমন সম্বন্ধে আবোচনার জন্ম যে কমিটা সরকার গঠিত করেন, তাহাতে তাঁহাকে সদস্য নিযুক্ত করা হইমাছিল। মন্টেও-চেমদফোর্ড শাসন-সংস্কার প্রবর্তনের পর বালালার প্রথম মন্ত্রিমণ্ডলে তিনি মন্ত্রিমন্তরের এক জন ছিলেন। দিতীয় পর্বের তিনি মন্ত্রী হইবার চেটা করেন নাই বটে, কিন্তু স্বরাজ্যদল গ্রম পূন: মন্ত্রিমণ্ডল ভালিতে থাকেন, তথন গ্রহার সার ই্যানলী জ্যাকশন তাঁহাকে মন্ত্রী করিলে মন্ত্রিমণ্ডল স্থায়ী হয়। মহারাজ্যা কোণীশচন্দ্র রাম্বের মৃত্যুতে বাঙ্গালার শাসন পরিষদে যে সদস্তপদ শক্ত হয়, তিনি তাহাতে নিযুক্ত হয়েন এবং তাঁহার কাগ্যকাল শেষ হইলে তাহা বৃদ্ধিত করা হয়—
মাগানী জন মাস পর্যান্ত তাঁহার কাজ করিবার কথা ছিল।

তিনি এ দেশে লিবারল রাজনীতিক দলের শক্তিশালী নেতা ছিলেন এবং বাঙ্গালার জ্ঞমীদাররা তাঁহাকে নেতা বলিয়া বিবেহনা করিতেন।

বাকালা হইতে যে পাট রপ্তানী হয়, তাহার উপর রপ্রানী শুল্ক হিসাবে যে কোটি কোটি টাকা বার্ষিক আয় ংয়, তাহা যে বাঙ্গালার প্রাপ্য, তাহা তিনি যুক্তির ঘারা প্রতিপন্ন করিয়া শাসন-সংস্থার প্রবর্তনাবধি সে বিষয়ে चारमान्म कतिरङ थाटकम धनः शानरहेविन देवर्ठटक বালালার অক্তম প্রতিনিধি মনোনীত হইয়া যাইয়া তিনি এই বিষয়ে বিশেষ আন্দোলন করেন। ভারেন ভার-তের সেনাবল সামাজ্যের প্রয়োজনে ব্যবহারযোগ্য করিয়া রক্ষা করায় ভাহার ব্যয়-বৃদ্ধি হয় বলিয়া সে ব্যয়ের কতকাংশ বুটিশ সরকারের তহবিল হইতে দিবার জন্তও তিনি আন্দোলন করেন। এই উভয় বিষয়ে তাঁহার চেষ্টা কতকাংশে ফলবতী হইরাছে, ইহা তিনি দেখিয়া গিয়াছেন। কারণ-পার্লামেণ্ট প্রস্তাব করিয়াছেন, পাটের রপ্তানী ভরের অন্যন अकारम পাটোৎপাদনকারী প্রদেশের প্রাপ্য হইবে এবং "ক্যাপিটেশন ট্রাইবিউনাল"-এ দেশের সেনা-বলের ব্যন্ন নির্বাহার্থ বার্ষিক প্রান্ন ২ কোটি টাকা দিবার বে প্রস্তাব করিয়াছিলেন, ভাহাও গৃহীত र**हेग्राट** ।

বাললার আর্থিক উন্নতি সাধন সম্বন্ধ তিনি বিশেষ অবহিত ছিলেন এবং সংপ্রতি যে পুনর্গঠন প্রস্তাব সরকার কার্য্যে পরিণত করিতে প্রবৃত্ত হইরাছেন, তাহাও তাঁহার নিয়ন্তনাধীন হইবার কথা ছিল। কিন্তু তাহা আর হইল না।

আমরা সার প্রভাসচন্দ্রের মৃত্যুতে একজন বিজ্ঞা ও অভিজ্ঞ বাঙ্গালী—সামাজিক গুণসম্পন্ন ব্যক্তি হারাইলাম। আমরা তাঁহার পুত্র কলাদিগকে এই দারুণ শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।



সার চারুচন্দ্র ঘোষ

খিনি তাঁহার স্থানে শাসন পরিষদের সদক্ত হইয়াছেন ভিনি তাঁহার সহপাঠী। সার চাক্ষচক্রের পিতা রায় দেবেক্সচক্র ঘোষ বাহাড্র কলিকাভার প্রসিদ্ধ ব্যবহারাক্ষীব বলিয়া প্রসিদ্ধ ছিলেন। ভিনি বলীয় ব্যবস্থাপক সভার ও কলিকাভা কর্পোরেশনের সদক্ষরপে অনেক কাল করিয়াছিলেন। কলিকাভা প্রেসিডেন্সি কলেজে পঠি শেষ করিয়া সার চারুচক্র ১৮৯৮ খুঠাজে হাইকোটে ওকাল্ডী আরক্ত করেন এবং কর বংসর পরে বিলাভে যাইয়া ব্যারিষ্টার হইয়া ফিরিয়া আইসেন। ১৯১৯ খুঁইাজে তিনি হাইকোটের জজ্ঞ নিযুক্ত হরেন এবং তদবধি ঐ কার্য্যে নিযুক্ত থাকিয়া প্রধান বিচার-পতির পদ হইতে অভি অল্ল দিন পূর্কে অবসর গ্রহণ করেন।

সার চারুচক্ত যৌগনাবধি রাজনীতি চচ্চায় অবহিত ছিলেন এবং সংবাদপত্তের সহিত্তও তাঁহার সম্বন্ধ ছিল।

হাইকোটে তাঁহার কোন কোন রায় বন্ধীয় ব্যবস্থাপক সভার ও জনসাধারণের অধিকার রক্ষার তাঁহার মনো-যোগের পরিচায়ক।

তিনি পরিণত বরসে—অজ্জিত অভিজ্ঞতা লইয়া যে কার্য্যে প্রবৃত্ত হইলেন, তাহাতে আমরা তাঁহার সাফল্য কামনা করি। তিনি দার প্রভাসচন্দ্রের স্থানে বাল্লার রাজ্ব বিভাগের ভার গ্রহণ করিয়াছেন। দার প্রভাসচন্দ্র যে এই প্রদেশের অর্থনীতিক পুনর্গঠন কার্য্যে বিশেষ মনোযোগী ছিলেন, তাহা আমরা পুর্ব্বে বলিয়াছি। এই কার্য্যের সাফল্যের উপর বাল্লার প্রী নির্ভর করিভেছে। আমরা আশা করি, সার চার্কচন্দ্র ঘোষ এই কার্য্যে বিশেষ মনোযোগী হইয়া তাঁহার দেশবাসীর ক্রভক্ততা অর্জন করিবেন এবং ক্রয়ং যশবী হইয়া আত্মপ্রসাদ লাভ করিবেন। তিনি দীর্ঘকাল বাল্লার প্রধান বিচারালয়ে বিচারকের কার্য্যে যে বিপুল অভিজ্ঞতা অর্জন করিমানছেন, তাহা স্প্রযুক্ত হইলে তাহাতে যে বাল্লার ও বাল্লার কল্যাণ সাধিত হইবে, এ বিশ্বাস আমাদিগের আছে।

দেশ আজ কথাঁর অভাব অহতেব করিতেছে এবং কথাঁবাও যে কাজ করিবার আশাহরেপ প্রযোগ পাইতেছেন না, তাহাও অত্বীকার করা যার না। সার চারুচন্ত্র সেই সব প্রোগ পাইয়াছেন—ভিনি সে সকলের সম্যক সন্থাবহার কর্মন—ইহাই আ্যাদিগের কামনা ও অন্থাবাধ।

স্থামী শিবানক-

গত ৮ই ফান্তন বেলুড় মঠে মঠের প্রধান খানী
শিবানন্দের দেহাবসান হইরাছে। সংসারাখ্যে ইংগ্র
নাম—ভারকনাথ ছিল। ইংগর পিতা রামকানাই ঘোষার
"রাণী" রাসমণির সম্পত্তির উকীল ছিলেন এবং সেই
ফ্রে তাঁহার সহিত দক্ষিণেখর কালীবাড়ীতে রামক্র
পরমহংদের পরিচয় হয়। ভারকনাথ প্রথম ঘৌবনে
কেশবংক্র দেন মহাশ্রের উপদেশে আরুত্ত হইয়া ব্রাস্থসমাজে বোগ দেন; কিছু পরে ইনি রামক্রফ দেবের শিয়ত্ব



স্বৰ্গীয় স্বামী শিবানন্দ

খীকার করেন। তদবধি তিনি রামকৃষ্ণ শিশ্বসম্প্রদারের কাজে আত্মনিয়োগ করেন। স্থাবিয়োগের পর তিনি সংসার ভাগা করিয়া ধর্মালোচনার প্রযুত্ত হরেন এবং কোন আফিসে বে চাকরী করিভেন, ভাহা ভাগা করেন। এই সমন্ন তিনি স্মযোগ পাইলেই ভারতের নানা ভীর্থস্থানে গমন করিভেন। রামকৃষ্ণের মৃত্যুর পর বয়াহনগরে বে মঠ প্রভিত্তিত হয়, তিনি ভাহাতে যোগ দেন।

১৮৯৩ থুইাকে স্বামী বিবেকানন্দ ধর্মসভার জ্ঞ যথন আমেরিকার গমন করেন, শিবানন্দ তথন ভারতের নানা প্রান পরিভ্রমণ করিতেছিলেন। এই সমর আলমোরার ভাঁহার সহিত থিয়জ্ঞফিট টার্ডির আলোচনার ফলে তিনি বিলাতে যাইয়া স্বামী বিবেকানন্দকে বিলাতে ঘটবার জ্ঞানমন্ত্রণ করেন।

১৯১৪ খুরীক্ষে প্রধানতঃ জীহারই চেষ্টার আলমোরার মঠ প্রতিষ্ঠার কার্গ্য আরম্ভ হয়।

তিনি প্রচারকার্য্যে আয়েনিয়োগ করেন এবং কিছুদিন দক্ষিণ ভারতে প্রচারকার্য্য পরিচালিত করিয়া ১৮৯৭ গৃষ্টাকে সেই উদ্দেশ্যে সিংহলে গমন করেন।

কাশীতে তিনিই অধৈতাশ্রম প্রতিষ্ঠিত করেন। এই আশ্রেমের কার্য্যে তাঁহাকে যে অসাধারণ শ্রম করিতে হইরাছিল, ভাহা মনে করিলে বিশ্বিত হইতে হয়।

বারাণদীতে অবস্থিতিকালে স্বামী শিবানন্দ স্বামী বিবেকানন্দের সিকাগোয় প্রাদত্ত বক্তৃতার হিন্দী অন্ধুবাদ প্রচার করেন।

তিনি প্রথমাবধি বেলুছ মঠের অক্তর টাষ্টা ছিলেন।
স্থামী প্রেমানন্দের শরীর অপটু হইলে তিনিই কার্য্যতঃ
মঠের কার্য্যভার গ্রহণ করেন। ১৯২২ পৃষ্টান্দে স্থামী
ব্রহ্মানন্দের মৃত্যুর পর তিনিই রামক্রফ মিশনের সভাপতি
পদে ব্রক্ত হয়েন।

১৯২৭ খুটালে হইতেই তাঁহার খাস্থা ক্রা হয়। জরা-জনিত নৌর্বল্যের সহিত সংগ্রাম করিয়াও তিনি বেতাবে মঠের বিপুল কাজ করিতেন, তাহা বিশেষ প্রশংসনীয় এবং অসাধারণ মানসিক শক্তির পরিচায়ক।

প্রার ১ বংশর পুর্বের তাঁহার শরীর ভালিয়া যায় এবং তিনি মন্তিভের আংশিক পকাঘাতে কাতর হইয়া প্রভেন।

মৃত্যুকালে শিবানন্দের বয়স ৮০ বংসর হইয়াছিল। তিনি মঠবাসী সন্ধ্যাসী, ভক্ত ও কন্মীদিগকে উপদেশ দিতেন—

"ভগবানের যোগে মানুষের সেবা হয়। আগে সভ্য অস্তবে অনুভব কর, তাহা হ**ইলে অভ্যের সে**বা করিতে পারিবে।" বাঁহাদিগের ঐকান্তিক চেটায়—সাধনা বলিলেও
অত্যক্তি হর না—আজ রামক্ত মিশন ভারতের
জনহিতকর প্রতিষ্ঠানসমূহের মধ্যে প্রধানদকভ্কে
হইরাছে—বাঁহারা মান্তবের সেবাই জীবনে আধ্যাত্মিক
সাধনার সহগামী করিয়া দেশবাসীকে নৃতন আদর্শে
আক্রট করিবার প্রয়াস করিয়াছিলেন—স্বামী
শিবানন্দের মৃত্যুতে তাঁহাদিগেরই এক জনের তিরোভাব
হইল।

ভারত সরকারের বাজেউ–

ভারত সরকারের যে বাজেট এখন ব্যবস্থা পরিষদে আলোচিত হইতেছে, তাহার বিস্তৃত আলোচন। আমরা পরবর্তী সংখ্যার করিব। বাজেটের মূল কথা—

এ বার আমুমানিক আয় ১১৬ কোটি ৩৯ লক্ষ টাকা ও ব্যয় ১১৫ কোটি ১০ লক্ষ টাকা।

ভারত সরকার বাঙ্গালার আর্থিক চুর্গভিতে শব্বিত হইয়া বলিয়াছেন, এ অবস্থার পরিবর্তন করিতেই হইবে। সেই জন্ম তাঁহারা পার্লামেন্টের প্রস্থাবাছ্সারে স্থির করিয়াছেন—

পাটের উপর রপ্তানী শুবের অর্কেক টাকা পাটপ্রত্থ প্রদেশসমূহকে দেওয়া হইবে। এই অর্কেক টাকার মোট পরিমাণ হইবে—> কোটি ৮৯ লক্ষ টাকা। তাহা হইতে বাজালা পাইবে—> কোটি ৬৭ লক্ষ টাকা।

আমরা ইহাতে সস্কৃষ্ট হইতে পারিলাম না। কারণ, আমরা জানি:—

- (১) ইহাতেও বালালা সরকারের ব্যর আর অপেকা ৫০ লক টাকারও অধিক, থাকিবে।
- (২) পাটের রপ্তানী ভব্বের সমগ্র অংশ বাকালা সরকারের প্রাপ্য।
- (৩) আয়করের কতকাংশও না পাইলে বাদালার প্রকৃত উন্নতিসাধন সম্ভব হুইবে না।

ভারতে বে চিনি প্রস্তুত হইবে, তাহার উপর হন্দর

প্রতি ১ টাকা ৫ আনা শুল্পাদার হইবে এবং উহা হইতেই ১ আনা হিসাবে লইরা ইফ্ চাবীদিগকে সমবার সমিতিতে সজ্ববদ্ধ করিবার চেটা হইবে।

নিম্নিথিত পণ্যের উপর আমদানী শুলে কিছু কিছু পরিবর্ত্তন হইবে:—

- (১) ভাষাক
- (২) সিগারেট
- (৩) রৌপ্য

গোমহিষের চামড়ার উপর রপ্তানী শুক রদ করা হইবে:

অর্কতোলা পর্য্যন্ত ওজনের চিঠির মাশুল ৫ পয়সার পরিবর্ত্তে ৪ পয়সা করা হইবে। খামের মূল্য ১ পাই কমিবে। ৫ তোলা পর্যান্ত বৃক্পোটের মাশুল ২ পয়সার পরিবর্ত্তে ৩ পয়সা হইবে।

সাধারণ টেলিগ্রাম ৮ কথা পর্যস্ত ৯ আনার যাইবে। জরুরী টেলিগ্রামের জন্ম > টাকা ১০ আনার স্থানে ১ টাকা ২ আনা গুহীত হইবে।

ভারত সরকারের ব্যয় অপেকা আয় যে ১ কোটি ২৯ লক্ষ টাকা অধিক হইবে—সেই টাকা ভূমিকস্প-বিধ্বস্ত বিহার পাইবে।

বাঙ্গালা প্রভৃতি পাটপ্রস্ প্রদেশকে তাহাদিগের প্রাপ্যের অর্দ্ধাংশ দিবার জন্য এ দেশে উৎপন্ন দেশালাইদ্বের উপর প্রতি গ্রোমে ২ টাকা ৪ আনা শুরু ধরিয়া ২ কোটি ৩০ লক্ষ টাকা আদায় করা হইবে।

পরলোকে যোগেশচক্র ঘোষ—

বিগত ৩০শে জাফুরারী যোগেশচন্দ্র ঘোষ পরলোকগত হইরাছেন। তিনি জলপাইগুড়ীর একজন বিশিষ্ট
অধিবাসী ছিলেন। তাঁহার পিতা ৺গোলোকচন্দ্র ঘোষ
মহাশয় চায়ের ব্যবসায়ে যথেই খ্যাতি অর্জ্জন করিয়াছিলেন। যোগেশবাবু কিছুদিন ওকালতী ব্যবসা করিয়া
পরে পিতার কার্য্যে আত্মবিনিয়াগ করেন এবং নানা
প্রতিকৃল অবস্থার মধ্যেও প্রতিভা, কর্মশীলভা ও

অধ্যবসায়ের ছারা নিজকে ব্যবসাক্ষেত্রে স্থপ্রতিষ্ঠিত্ত করেন। প্রধানত: তাঁহারই চেষ্টার জলপাইগুড়ীতে ভারতীয় চা-কর সমিতি স্থাপিত হয়: তিনি আমরণ এই দমিতির সহ-সভাপতি ছিলেন। তাঁহারই যথে ও চেষ্টাত ১৯৩২ খ্রীঃ অটাওয়াতে ইম্পিরিয়াল ইকনমিক কন্ফারেন্দে উক্ত সমিতিকে নিমন্ত্রণ করা হয়। ভারতীয় চা-কর সমিতির ভারতীয় প্রতিনিধিরূপে তিনি ভারতীয় চা-সেস কমিটিরও সভ্য ছিলেন ;—এক কথায়, তিনি বাশালীকে চায়ের ব্যবসায়কে প্রধান স্থাসনে বসাইয়াছিলেন। যে সমস্ত ইংরেজ ব্যবসায়ী বাণিজাসতে তাঁহার সংস্পর্শে আদিয়াছিলেন তাঁহারা সকলেই মুক্তকঠে তাঁহার কর্মপটুতার ও সভতার প্রশংসা করেন। ইহা ভির জলপাইগুড়ীর মিউনিসিপ্যালিন, ডিষ্টার্ক বোর্ড ও হিতকর অন্তর্গানের সহিত তিনি ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন। ঢাকা জেলার তাঁহার নিজ্ঞামে তিনি ছেলেদের জন্ একটী উচ্চ ইংরাজী বিভালয়, মেয়েদের জক্ত প্রাথমিক শিক্ষালয় ও জাতিধর্ম নির্বিশেষে চিকিৎসার জন্স লাতবা চিকিৎসালয় স্থাপিত করেন। বলদেশের বহু প্রতিষ্ঠান. বিশেষ করিয়া অভয়াশ্রম, তাঁহার দানশীলতার পরিচয় বছবার পাইয়াছেন।

কলিকাতা সাহিত্য সন্মিলন—

আগামী গুড্ফাইডের অবকাশে (২৯শে মার্চ বৃহস্পতিবার সন্ধা হইতে) তালতলা পাব্লিক্ লাইবেরীর উত্যোগে কলিকাতা সাহিত্য স্থিলনের দিতীয় অধিবেশন অন্ত্র্প্তিত হইবে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নৃতব্বের অধ্যাপক আচার্য্য শ্রীযুক্ত বিষয়চক্ত্র মন্ত্রমদার মহাশয় এই স্থিলনের মূল সভাপতি হইতে স্বীক্তত হইয়াছেন। শাধা সভাপতিগণের নাম নিম্নে বিজ্ঞাপিত হইল।

- ক) সাহিত্য-শাধা—সভাপতি ডাঃ শ্রীযুক্ত
 স্থানকুমার দে।
- (থ) বিজ্ঞান-শাধা " ডা: ঐীযুক্ত শিশিয়কুমায় মিতা।

- (গ) বৃহত্ত**র বন্ধ শাধা " ডাঃ শ্রী**যুক্ত পুনীতিকুমার চট্টোপাধ্যার।
- (च) ইতিহাস শাথা— "ডাঃ শ্রীমৃক প্রৱেশ্রনাথ সেন।
- (3) বাংলা ভাষা ও মুসলিম সাহিত্য-শাখা— শীগুক হুমায়ুন ক্রীর।
- (5) ধনবিজ্ঞান শাখা---শ্রীগুক্ত বিনয়কুমার সরকার।
- (ছ) চাকৃকলা ও লোকগাহিত্য শাথা—শ্রীযুক্ত যামিনীকান্ত দেন।
- (अ) শিশু সাহিত্য ও মহিলা শাথা— সভানেত্রী
 শ্রীযুক্তা পূর্ণিমা বদাক।
- (ঝ) গ্রন্থার আন্দোলন শাধা—সভাপতি শীনুক্ত কে, এম, আশাদুলা।

সকল সাহিত্যিক মহোদয়গণের উৎসাহ ও সাহায্য বাতিরেকে সম্পিলনের কার্যা স্থচাকরূপে সম্পান হওয়া সম্ভবপর নয়। আমরা সকল সাহিত্যিককেই এই স্থিলনে যোগদান করিবার জন্ম সাদরে আহ্লান করিতেছি। আশা করি, স্থীবৃন্দ বিভিন্ন শাথায় প্রবন্ধাদি পাঠ করিয়া স্থিলনের পূর্ণতা সাধনে আমাদের সাহায্য করিবেন।

প্রবন্ধাদি ভালতলা পাব্লিক্ লাইত্রেরীর সম্পাদকের নামে ১২ নং নিমোগী পুকুর লেনে ২০শে মার্চ্চ ভারিখের মধ্যে পাঠাইতে হইবে।

ভালতলা পাব্লিক্ লাইবেরী মন্দিরে সন্ধাণ ঘটিকা হইতে ৮॥ গটিকার মধ্যে শুভাগমন করিলে, সাহিত্য সম্মিলনের সকল তথ্য অবগত হইতে পারিবেন। অভ্যর্থনা স্মিতির সভ্যগণেব নানপক্ষে ছই টাকা টাদা ধার্য হইরাছে। ধাহারা অভ্যর্থনা স্মিতির সভ্য হইতে ইচ্ছুক তাঁহারা ছই টাকা টাদা ভালতলা পাব্লিক্ লাইবেরীর সম্পাদকের নিকট ১৫ই মার্চ ভারিধের মধ্যে কেরণ করিবেন।

দেশের ভবিস্তাৎ—

.

এবারকার কলিকাতা বিশ্ববিভালয়ের সকল বিভাগের পরীক্ষার্থীদের সংখ্যার হিদাবে দেখা যায়, য়্যাটি ক পরীক্ষার্থীর সংখ্যা এবার ২০০৭৭; ইন্টার-মিডিয়েট আর্ট ও সায়েল পরীক্ষার্থীর সংখ্যা ৮১৭৯ এবং ব্যাচেলার অব আর্ট এও সায়েলের পরীক্ষার্থীর সংখ্যা ৬৮১৬; অর্থাৎ কিঞ্চিদ্ধিক ৩৫০০০। ইন্টারা পুরুষ। ভার পর মেনেরা আছেন। এবার মহিলা পরিক্ষার্থিনীর সংখ্যা ম্যাটিকে ১০০০; ইন্টার-মিডিয়েট আর্ট এও সায়েলে ৫০০র অধিক ; এবং বি-এ'তে ২০০। বিশ্ববিভালয়ের প্রতিষ্ঠা অবধি আর কোনবারই এবারকার মত এত অধিক সংখ্যক পরীক্ষার্থী উপস্থিত হয় নাই। অতপের, প্রতি বৎসরই পরীক্ষার্থী ও পরীক্ষার্থিনীর সংখ্যা যে ক্রমশংই বাড়িয়া যাইবে, ভাহা সহজেই বুঝা যায়।

এখন কথা হইতেছে, এই সকল পরীক্ষার্থীর ভবিষ্যতে গতি কি হইবে। এ কথা সর্কবাদিসন্মত সভা যে দেশের যুবক সম্প্রকার (এবং যুবতীরাও) বিশেষতঃ, শিক্ষিত যুবক-যুবতীরা দেশের ভাবী নাগরিক, নাগরিকা—দেশের ভবিষ্যৎ আশা-ভরসা—assets of the Nation! ইংগ্রই জাতি গঠন করিবেন! শিক্ষার বিস্তার অবশুই বাহ্নীর; এবং এই সকল শিক্ষা-প্রাপ্ত তরুণ তরুণীরা যে ভাবী বাঙ্গালী জাতিকে স্থগঠিত করিয়া তুলিবেন, দেশের লোকে ইংাই আশা করিয়া থাকে। দেশবাসীর সে আশার কভদ্র প্রণ হইবে, তাহাই বিবেচনার হল। জাতি গঠন করিতে হইকে প্রথমে ত বাঁচিতে হইবে! জীবন-সংগ্রাম দিন দিন কিরপ কঠোর হইতেছে, তাহা ত সকলেই দেখিতে পাইতেছেন।

এই যে সাঁইত্রিশ হাজার ছাত্র-ছাত্রী পরীক্ষার্থীরপে বিশ্ব-বিভালন্ত্রের ছারদেশে উপস্থিত হইরাছে, ইহারা সকলেই কেতাবী শিক্ষা লাভ করিরাছে। ইহাদের মধ্যে অধিকাংশই মধ্যবিত্ত গৃহস্থের সন্তান, ধনশালী ব্যক্তিগণের সন্তানের সংখ্যা অতি অজ্ঞ। এই মধ্যবিত্ত গৃহস্থ সন্তানগণ বিশ-বিভালরের পরীক্ষায় উত্তীর্ণ ও অক্সতীর্ণ হইয়া পরে কি করিবে ? ইহাদের মধ্যে কতজন জীবিকা উপার্জনের উপযুক্ত কার্যাকরী শিক্ষা লাভ করিয়াছে ? ইহারা বিশ-বিভালরের সনন্দ লাভ করিয়া দেশে বেকারের সংখ্যাই বৃদ্ধি করিরে। এই পরীকার্যাদিগের অর্দ্ধেক সংখ্যাও যদি কার্যাকরী শিক্ষা লাভ করিত, ভাহা হইলে দেশের অনেক উন্নতি হইত, তাহাদেরও সামান্ত গ্রাসাচ্ছাদনের জন্ত ছারে ঘারে খুরিয়া বেড়াইতে হইত লা। শিক্ষালাভ করা সকলেরই কর্তব্য, সে বিষয়ে উপেক্ষা করা কিছুতেই বাখনীয় নহে; কিন্তু দেশের বে আব্রা ইইয়াছে, জীবন-সংগ্রাম ক্রমে ক্রমে বে প্রকার কঠোর ইইতেছে, তাহাতে গ্রাসাচ্ছাদন সংগ্রহের দিকেই

চিন্ধাশীর ব্যক্তি মাত্রের দৃষ্টি আরুট হওরা করিব। রুথের বিষর মেরেদের কার্যকরী শিক্ষা দানের জক্ত কলিকাতা ও মফরলের জনেক স্থানে নানা সমিতি, সজ্ঞ, আশ্রম প্রতিষ্ঠিত হইরাছে। সে সকল স্থানে দর্মীর কাজ ও জক্তান্ত শিল্প শিক্ষা করিরা গ্রীলোকেরা স্বানীনভাবে জীবিকা-উপার্জনের স্থবিধা পাইভেছে। এবার সাইত্রিশ হাজার পরীক্ষার্থীর মধ্যে যে প্রতিশ হাজার ছাত্র আছে, তাহাদের কিয়দংশও যদি এই প্রকার শিল্প-শিক্ষা করিয়া দ্বিপ্র পরিবারের প্রাসাজ্যাদনের ব্যবহা করিত, তাহা হইলে দেশের এই দারুণ জীবন-সংগ্রামের সামান্ত একটুও ত উপশ্ম হইত। এত পরীকার্থীর সংখ্যা দেখিয়া আম্রারা সেই কথাই চিন্ধা করিতেছি।

সাহিত্য-সংবাদ

মবপ্রকাশিত পুস্তকাবলী

শ্বশরৎট্রন্কু চটোপাধ্যার প্রণীত "অসুরাধা, সভী ও পরেল"—-> শ্বিমোরীপ্রমেটিন মুগোপাধ্যার প্রণীত উপস্থাস "কুঞ্চততে অক বালিকা"—->১

মহামহোপাধ্যাদ শ্রীফণিভূষণ তর্কবাগীশ প্রণীত "ক্সার-পরিচয়"—-২৪০

ৰীঅৰুস)চরণ বিভাভূবণ সন্ধলিত "সরপতী" প্রথম থও—৩্

ৰী অজিতকুমার চক্রবর্তী একীত "রাজা রামমোহন"—14. মহামার আজহার উদীন প্রদীত "হানীছের আলো"—১1.

শীহনিৰ্মন বহু এপিড "দিনীকা লাডডু—1•

শিরীক্রমোহন মুখোপাধার সম্পাদিত খোড়শজন লেখক-লেখিকার

शरक्रत वह "भूम्भाक्षति"—'२

ৰীৰীশচন্দ্ৰ দেন প্ৰণীত সামাজিক নাটক "গ্ৰহৰ্ণ্ডি"—৮০ ৰীবিপিনবিহারী জ্যোতিঃ শান্ধী প্ৰণীত "হাতের ভাষা"—১ঃ০

ৰীহ্যাংশুকুমার সাভাল এপিড চিত্রনাট্য "কো-এডুকেশন"—।•

ৰী ৰাশুতোৰ (বাগচি) চক্ৰবৰ্তী প্ৰণীত উপস্থাস "নিৰ্ম্কাণ পথে"— s• বীনৌৱীক্ৰমোহন মুগোপাধ্যায় প্ৰণীত "চালিয়াৎ চাদয়"— s• বীহেমেক্ৰমাথ চটোপাধ্যায় প্ৰণীত কাৰা "ভাষা ও কুল"— > ্

্রী এচিন্তাকুমার দেনগুপ্ত প্রণীত উপস্থাস "তুমি আর আমি"— ১10

ৰীবিষমচন্দ্র দাশগুপ্ত অনীত "ছোটদের পরমহংস"—I•

্রীবিনয়কুমার গঙ্গোপাধ্যার বি-এ এণীত "আবৃহোদেন"—।√•

্রীদীনেশ্রকুমার রার সম্পাদিত রহত লহরী উপজাদ মালার অস্তর্ভুক্ত "ছারার কাল" ও "এছের আততারী"—এতোক্থানি ৪০

শ্বীমনোরম শুহ ঠাকুরতা প্রণীত শিকারের কাহিনী "বনে জঙ্গলে"— দ্রুল শ্বীস্তামধন বন্দ্যোগাধ্যার প্রণীত "চসতি ছুনিয়া"— ২

Publisher—SUDHANSHUSEKHAR CHATTERJEA of Messes. GURUDAS CHATTERJEA & SONS 201. Cornwallis Street, Calcutts Printer-NABENDRA NATH KUNAR THE BHARATVARSHA PRINTING WORKS 203-1-1, Cornwallis Street, Cal,



বৈশাখ-১৩৪১

দ্বিতীয় খণ্ড

वकिरिश्म वर्ष

পঞ্চম সংখ্যা

সাহিত্যে ভোগাসক্তি

শ্রীবসন্তকুমার চট্টোপাধ্যায় এম-এ

বৃহদারণাক উপনিষদে একটি গল্প আছে। দেবভাগণ এবং অস্ত্রগণ উভয়েই প্রকাপতির সন্থান। তন্মধ্যে দেশগণ কনিষ্ঠ, অস্তরগণই জোষ্ঠ। উভয়ের মধ্যে প্রতি-ৰন্দ্ৰিতা হইয়াছিল ৷ দেবগণ মনে ক্রিয়াছিলেন যজে উদ্যীথকৰ্ম অন্মুষ্ঠান করিয়া আমরা অসুরদিগকে অতিক্রম করিব। এইরপ সংকল্প করিয়া দেবগণ বাক্ইন্সিয়কে বলিলেন "তুমি আমাদের হইয়া উদ্গীথ গান কর।" বাক ইন্দ্রির উদ্গীথ গান আরম্ভ করিলে অসুরগণ বাক্-ইন্দ্রিয়কে আক্রমণ কবিল এবং জোগাস্তিক-রূপ পাপ দ্বারা তাঁহাকে বিদ্ধ করিল। লোকে যে অমুচিত বাক্য বলিয়া থাকে তাহাই সেই পাপ। অতঃপর দেবগণ ছাণ-ইন্দ্রিয়কে উদগীথ গান করিতে বলিলেন। অসুরগণ তাঁহাকেও আক্রমণ করিয়া ভোগাসজি-রূপ পাপ দারা বিদ্ধ করিল। লোকে যে নিন্দিত ভ্রাণ করে, তাহাই সেই পাপ। অতঃপর প্রবণেস্তিরও পাপ ছারা বিদ্ধ হটল। লোকে যে অপ্ৰিয় বাকা শুনিয়া থাকে তাহাই

এই পাপ। এই ভাবে মনও পাপ দারা বিদ্ধ হইল। লোকে যে অফ্চিত সংকল করে তাহাই এই পাপ। ইত্যাদি।

ইহার ভায়ে শব্দরাচার্য্য বলিয়াছেন যে এথানে বাক্
প্রভৃতি ইন্দ্রিয়গণকেই দেবতা এবং অন্তর বলা হইরাছে।
ইন্দ্রিয়গণ যথন শারোপদিই জ্ঞান এবং কর্মায়ন্তানে
অভিবত থাকে, তথন তাহারা দীপ্তিমান হয়, একল্প দেব
শব্দ বাচ্য হয়। ইন্দ্রিয়গণ যথন কেবল ভোগাসক্তি ছারা
পরিচালিত হইয়া কর্ম করে, তথন তাহারা কেবলমাত্র প্রাণ বা "অন্ত"র পরিতৃপ্তিতে নিরত থাকে, একল্প
অন্তর শব্দ বাচ্য হয়। শান্ধোপদিই জ্ঞান ও কর্মে প্রবৃত্তি
বহু আয়াসদাধ্য, একল্প অয়। ভোগাসক্তিহেতু কর্মে
প্রবৃত্তিই ছাভাবিক, একল্প বহুসংখ্যক। এই কারণে
শ্রুতি বলিয়াছেন যে, দেবগণ কনিষ্ঠ, এবং অন্তর্যগ জার্চ।

যক্তে অর্থাৎ দিখরপুলনে নিযুক্ত করাই বাক্ প্রভৃতি ইন্দ্রিরগণের সার্থকতা। দেবগণ এইভাবে অস্করগণকে অতিক্রম করিবার চেষ্টা করিয়াছিলেন। কিছ ভোগাসজি হেতু ইন্দ্রিরগণ ঈশরারাধনারপ সাধনা হইতে লক্ষ্যভ্রী ইইরাছিলেন। এই ভোগাসজিই পাপ। পাপের স্পর্কনিমিত্ত ইন্দ্রিরগণ অন্তুচিত কর্মই নিশার করে।

উপনিষত্ক আখ্যাষিকার অস্থারণ করিয়া ইহা বলা যাইতে পারে যে সাহিত্যও অস্থরগণ কর্তৃক আক্রান্ত হইনা ভোগাদক্তি-রূপ পাপ দারা স্পৃ ইইনাছে এবং তাহার ফলে অসংসাহিত্যের আবির্ভাব ইইনাছে। পৃথিবীর যাবতীয় পদার্থ যেরপ ঈশ্বরের উদ্দেশে নিযুক্ত ইলৈই সার্থক হয়, ভোগের জন্থ নিযুক্ত ইলৈ তাহার অপব্যবহার হয়, –সেইরপ সাহিত্যেরও সার্থকতা প্রজ্ঞাবনের প্রীত্যর্থ তাহাকে নিযুক্ত করা, এবং সাহিত্যের অপব্যবহার হইতেছে ঘুনীতিপ্র সাহিত্যু স্পষ্ট করা। এইভাবে ঘুই শ্রেণীর সাহিত্যের স্পষ্ট হয়,—সৎসাহিত্য এবং অসৎসাহিত্য। সৎসাহিত্য মানবকে ভগবদভিমুবী করে; অসৎসাহিত্য মানবকে ভগবদভিমুবী করে, এবং ইন্দ্রির পরিত্তির জন্ম ব্যাকুল করে।

আজকাল সাহিত্যে আর্টের (Art) কথা প্রার শোনা যায়। স্বাধুনিক সাহিত্যিকগণ বলিয়া থাকেন বে Artই সাহিত্যের প্রাণ। বাহাতে Art আছে তাহাই ভাল সাহিত্য। যাহাতে Art নাই, তাহা সাহিত্য নামের যোগা নহে। সাহিত্যের উৎকর্ম অপকর্ম বিচার করিবার জন্ত সাহিত্যের স্থনীতি-ত্নীতির কথা অপ্রাদিক। এই Art কি বস্তু, তাহার আলোচনা করিলে দেখা যায় ৰে. যাহা চিত্ৰাকৰ্ষক তাহাই Art। বলা বাহন্য ভাল ও মন্দ উভর বস্তুই চিত্তাকর্ষকভাবে কথিত হইতে পারে। স্তরাং আধুনিক সাহিত্যিকগণ যাহাকে উৎকৃষ্ট সাহিত্য বলিবেন তাহা ভাল ও মল ঘুই প্রকারই হইতে পারে। যাঁচারা অর্কাচীন, তাঁহারা ভাল ও মন্দ উভয় প্রকারের সাহিত্যই আদর করিবেন,--যদি সে সাহিত্য চিতাকর্ষক অর্থাৎ ইন্দ্রিত্তি কর * হয়। বাঁহারা জ্ঞানী তাঁহারা मन माहिका है सिय ज़िश्च कहें राज काहा वर्जन करतन। ইন্দ্রিয় ভারা বিষয়ভোগজনিত যে স্থপ তাহা ক্ষণভায়ী।

এই স্থাপে আদক্তি থাকিলে পরিণামে,—এই সুপের অবসানে,—তঃথডোগ অবশুস্তাবী। একস্তু গীতায শ্রী ভগবান বলিয়াছেন,—

মাত্রাম্পর্নান্ত কৌন্তের শীতোফ স্থধতঃখদাঃ। আগমাপারিনো ছনিত্যান্তাং তিতিক্ষর ভারত॥

গীতা ২৷১৪

"বাফ বিষয়ের সহিত ইন্দ্রিগণের সংবদ্ধ হইলে কথনও
শীত কথনও উফ, কথনও সুথ, কথনও তু:ধ,—নানাবিদ
ভাবের উদয় হয়। এই সকল ভাব অনিভা আনিয়া
জ্ঞানী ব্যক্তি সুথ পাইলে হ্যায়িত হন না, তু:থ পাইলে
বিষয় হন না।"

গীতার ত্রোদশ অধ্যায়ে ভগবান জ্ঞানের লগণ নির্দেশ করিবার সময় বলিয়াছেন "ইন্দ্রিয়ার্থের্ বৈরাগান্" — যে সকল দ্রবা চক্ষ্রাদি ইন্দ্রিয়ের প্রীতিকর ভাহাতে আসক্তি বর্জন করিতে হইবে। অষ্টাদশ অধ্যায়ে ভগবান পুনরায় বলিয়াছেন,

বিষয়ে সিংযোগাৎ যন্তদগ্রেছমূলোপমন্।

পরিণামে বিষমিব তৎস্থং রাজসং স্মৃতং ॥ ১৮।৩৮ বিষয়ের সহিত সংযোগ হইলে ইন্তিয়ের যে স্থপ হয় তাহা প্রথমে অমৃতের স্থায় বোধ হর, কিন্তু পরিণামে বিষের স্থায়। এই স্থেষর নাম রাজস স্থা।

জ্ঞানী "আত্মনোবাত্মনা তুটা" (২ ৫৫) নিজের মধোই তুটি অন্থভব করেন, বাহ বস্তার সংযোগের অপেকা করেন না, এবং কুর্ম যেরূপ খীর অল-প্রভাল নিজ দেহের মধ্যে সঙ্কৃতিত করে, জ্ঞানী সেইরূপ বাহ বিষয় হইতে ইক্রিয়গুলি সংহরণ করিয়া রাধেন (২ ৫৮)।

জ্ঞানী স্থলর দৃষ্ঠ দেখিলে চক্রিল্রিরের তৃপ্তির কথা ভাবেন না। তিনি ভাবেন এই স্থলর দৃষ্ঠ হারর মধ্য হইতে আবিভূতি হইয়াছে, তিনি নিজে কি অনস্ত সৌন্দর্য্যের আকর। এইরপ ভাব হইতে যে সাহিত্যের আবিভাব হয়, ভাহা সৎসাহিত্য।

মনে হইতে পারে জীবনের সকল বিষয়ে এরপ অধ্যাত্ম চর্চা করিতে গেলে প্রাণ অতিষ্ঠ হইরা উঠিবে। ত্বন্দর দৃশ্য দেখিরা যদি বলা যায় "আহা চক্ষ্ জুচাইল", ত্বন্দর গান শুনিরা যদি বলা যার "কর্ণ পরিতৃপ্ত হইল" তাহা হইলে ক্ষতি কি ? ক্ষতি এই যে মনকে ভোগোমুধ

চিত্ত বা মনও একটি ইন্সিয়। ইন্সিয় একাদশটি,—পাঁচটি
 কানেন্সিয়, পাঁচটি কর্মেন্সিয়, এবং মন (উভয়েন্সিয়)।

করা হয়; যাহা কল্যাণকর তাহার ক্ষপ্ত আগগ্রহ বৃদ্ধি হয়
না: যাহা আপাতমধ্ব তাহার ক্ষপ্ত অভিফচি বর্ধিত হয়;
শ্রেরর পরিবর্ধ্বে প্রেরকে বরণ করা হয়। যাহা ভাল
লাগে তাহার ক্ষপ্ত আকাজ্জা বাডিয়া গেলে স্থনীতিতুনীতির পার্থকা বিশুপ্ত হয়। "আমরা একটা মহৎ
বিল্পের চর্চো করিতেছি" এইরপ মিথ্যা ভাবের আভারে
ইন্দ্রিন-পরিক্পির আব্যোজন প্রবনভাবে চলিতে থাকে।
তুনীতি ললিভকলার মুখোস পরিয়া সমাজে সমালর
লাভ করে।

সাহিত্যের ক্ষমতা আছে মানবচিত্তকে আরুই করা।
এই ক্ষমতার উচিত মত ব্যবহার হইলে সমাজের মঙ্গল
সাধিত হয়। তাহার উৎকৃই উদাহরণ,—রামায়ণ ও
মহাভাবত। এই হই গ্রন্থ বেমন প্রবলভাবে মানব-মন
আকর্ষণ করে সেইরূপ গতীবভাবে মানব-মনের উপর
দর্ম-অদর্ম, পাপ-পুণার সংস্কার অভিত করিয়া দেয়।
সহস্র সহস্র বৎসর ধরিয়া ভারতের জনসাধারণ এই তৃই
প্রত্তিত স্থানিকা লাভ করিয়া আসিতেছে। ইহাই
সাহিত্যের সম্বাবহার। অসৎ সাহিত্যে তুর্নীতিকে

চিত্তাকৰ্ষকভাবে অঙ্কিত করা হয় এবং ধর্মকে হেয় বলিয়া প্রতিপর করা হয়। তঃথের বিষয় আঞ্জকাল কয়েকজন শক্তিশালী লেখক এরপ অসৎ সাহিত্য স্ষ্টিতে তাঁহানের প্রতিভা নিযুক্ত করিয়াছেন। বলা বাহল্য, ঈশ্বর তাঁহাদিগকে যে কমতা দিয়াছেন, তাঁহারা তাহার অপব্যবহার করিতেছেন। এ বিষয়ে সাহিত্যশ্রষ্টাদের যেরপ দায়িত আছে, সাহিত্য-প্রচারক এবং সাহিত্য-পাঠকদেরও দেইরূপ দায়িত্ত আছে। অসৎ সাহিত্য লোকে না পাঠ করিলে লেখকগণ সেরপ সাহিত্যরচনা হইতে বিরত হইবেন। সাহিত্যিকের দায়িত অতি গুরুতর। এই দারিত্বজান বর্জন করিলে সমাজ ক্রতগতিতে ধ্বংসের পথে অগ্রসর হইবে। আফকাল সমাজ-ধ্বংসকর অসৎ সাহিত্য অবাধে অন্ত:পুরে প্রবেশ করে এবং অপরিণত বয়স্ক যুবক যুবতী আগতের সহিত দে সকল সাহিত্য পাঠ করিয়া ছর্নীতিরূপ বিবে চিত্ত কলুখিত করে। আমাদের সমাজের নেতাদের এ বিষয়ে কত দিন পদ্নে চেতনা হইবে বলিতে পারি না।

মানুষ কর

শেখ মোহাম্মদ ইদ্রিদ আলী

গন্তবা কোথায় তা'ত জানিনাক আমি পথহারা, নিথিল স্জন-দৃশ্য ধাঁধে মোর জ্ঞান-আঁথি-ভারা। লক্ষ্যহীন তরী সম ভেদে যাই কামনা-সাগরে, দিশেহারা ঘুরিতেছি মক্ত্যা সদা বুকে ধরে।

কোথা তৃপ্তি, কোথা শান্তি অহর্নিশ যন্ত্রণা কেবল; পলে পলে বাড়ে হলে ধুমায়িত বাসনা-অনল। জীবনের পথ হতে বহু দূরে আসিরাছি স'রে; রতন-কাঞ্চন কোল কাচ থতে নিছি হেসে ধ'রে। আপাত শান্তির মোহে রচি সদা ছথের সাহারা, প্রবৃত্তির বদে গড়ি নিজ হাতে নিজ গোহ-কারা। স্বৰ্ণ-পাত্তে হলাহল স্থা সম করি স্থাধে পান; রিপুর ছলনা-স্রোতে ভেসে যার সদা নীতি-জ্ঞান।

পাপ-পদ্ধ জ্বদের মুছে দাও বিখের মালিক, দেবতা না হতে সাধ---কর মোরে মামুষ সঠিক।



শেষ পথ

ডাক্তার শ্রীনরেশচন্দ্র সেনগুপ্ত এম-এ, ডি-এল

(20)

মধুস্দন ঠাকুরের বিশেষ কোনও ভাড়া নাই। সে আনে যার, ধর্মালাপ করে, ধর্মোপদেশ দের, ক্রমে ক্রমে সে শারদার সলে ঘনিষ্ঠতা বাড়াইরা চলে।

শারদা তাকে দেবতার মত ভক্তি করিতে আরস্ত করিল। মধুস্দনের নিষ্ঠা, সদাচার, তার দেবভক্তি, আর তার মুথে নিয়ত স্মধ্র হরিনাম, এ সকলই শারদাকে অভিভূত করিল।

শারদা রোঞ্জ গলালান করিয়া মধ্যদনের দলে গিয়া তুই তিন বাড়ীতে তার পূজার জোগান দেয়। দিপ্রহরে আথড়ার প্রদাদ পায়, কীর্ত্তন শোনে, পাঠ শোনে; আর দিপ্রহরে, সক্ষায়, বখন মধ্যদেনের অবসর হয় তথনই তার কাছে ধর্মোপদেশ নেয়। মধ্যদেন উপদেশ দেয় অনেক প্রকার। ভাগবত হইতে নানা উপাথ্যান সে কথকদের কাছে শুনিয়াছিল। তার সেই শোনা কথা ও উপদেশ সে বেশ নিপুণ্তার সলে শারদার কাছে পুনরার্ভি করিয়া ঘাইত। গীতা হইতে তুই একটা শোক মাঝে আর্ভি করিয়া ব্যাইত। সে বলিত শীরুষ্ণ গীতায় বিলিয়াচেন—

সর্বাধর্মান পরিত্যকা মামেকং শরণং ব্রঞ্জ।

আহং ছাং সর্ব্ধ পাণেভ্যো মোক্ষমিয়ামি মা শুচ॥
আর্থাং ধর্ম-কর্ম সব পরিজ্যাগ করিয়। প্রীক্তফের শরণ লইতে
হইবে। পাপ পৃণোর হিসাব করিলে চলিবে না। পাপ
ভাতে হয় হউক ভাহাতে কোনও চিন্তা নাই। কৃষ্ণপ্রেম
বে করিয়াছে ভার সব পাপ ভগবান মোচন করিবেন।

সতীধর্ম সাধারণের অস্থ । তাহা ত্যাগ করিলে যে পাপ, তাতে কৃষ্ণপ্রেমীকে স্পর্ল করে না, কেন না প্রীকৃষ্ণ স্বয়ং বলিয়াছেন তিনি ভার সকল পাপ মোচন করিবেন। এমনি করিয়া ঘূরিয়া ফিরিয়া প্রত্যহই সে মধুরভাবে ভগবৎসাধনার ব্যাথ্যাছেলে এ কথাটা শারদাকে বৃথাইতে ভূলিত না যে সতীত্ব বস্তটাই কৃষ্ণপ্রেম লাভের প্রধান স্করায়।

ক্রমে ক্রমে মধুস্বন তার মধুররস ব্যাখ্যানের মধ্যে আদিরসাস্ত বহু বিবরণ সন্নিবিষ্ট করিতে আরম্ভ করিল, রাধারুফের প্রেমলীলার অপেক্ষারুত বিশদ বিবরণ দিতে লাগিল। লজ্ঞার অধোবদন হইয়া শারদা শুনিত—লজ্জা হইত তার, কিন্তু বিদ্যোহ হইত না।

শারদা ভাগবতপাঠ শুনিত, কীর্ত্তন শুনিত। দেখানে দে যাহা শুনিত ভাহা মধুস্বনের রসব্যাখ্যানের সদে মিলিয়া যাইত। ইহাতে মধুস্বনের প্রতি ভার শ্রদা ভক্তি বাড়িয়া যাইত।

মধুস্দন শারদাকে যে উপদেশ দের শারদার প্রতিবেশী প্রতিবেশিনীগণ দিনরাত সেই ধর্মেরই ব্যাথ্যা করে—বাক্যে ও কর্মে। শারদা যে বাড়ীতে থাকে সেই বাড়ীতে আরও অনেকগুলি বৈষ্ণবী বাস করে—এবং ভাহারা প্রত্যেকেই মধুরভাবে ভগবানের আরাধনা করিবার জন্ম কোনও না কোনও বৈষ্ণবের সেবাদাসী হইয়া আছে। ইহাদের সঙ্গে নিত্য সাহচর্য্যে ও আলাপ আলোচনার ক্রমে ক্রমে শারদার চিত্ত হইতে ভার

পূর্ব্ধ ধারণাগুলি একে একে ঝরিয়া পড়িতে লাগিল এবং সভীত্যশর্মের অভ্যন্তাভা সহক্ষে ভার যে ভীত্র ধারণা, ভাহা অনেক দুর্বাল হইয়া গেল।

শারদা ভেক লইল।

শেবে একদিন, অতি উগ্ন প্রেমের কাছে যে সম্পদ সে বিসর্জন করিতে অখীকার করিয়াছিল, হৃদয়কে নির্মায়ভাবে নিম্পেষিত করিয়া যে সম্পদ সে রক্ষা করিয়া-ছিল, ভালবাসার আবেদনে সে যাহা দেয় নাই, ধর্মের নাম করিয়া মধুস্থন ভার সে সম্পদ হবণ করিয়া লইল।

কিছুদিন আত্মগানির তার সীমারহিল না। কিন্তু ক্রমে সহিয়া গেল।

কিন্ধ মধুক্দনকে সে বেশী দিন সহিতে পারিল না।
নিবিড পরিচয়ে যে দিন শারদা বৃথিতে পারিল যে
ধর্মটা মধুক্দনের স্বধু একটা ভান—আগলে সে স্বধ্
লম্পটি ও বঞ্চক, ধর্মের নাম করিয়া সে ঠকাইয়া লইয়াছে
ভার যথাসক্ষে, সেই দিন শারদা মধুক্দনকে ঝাঁটাপেটা করিয়া বিদায় করিল।

তাহার পর মধুস্দন আর শারদার শত হত্তের ভিতর আসিতে সাহসী হয় নাই।

মধুস্থদনকে তাড়াইয়া শারদার অস্তরের মানি মিটিল না। মধুস্পন তার যে সর্কনাশ করিয়া রাথিয়া গিয়াছে, তাহা তো সহত্র শতমুখী দিয়া বিদার করিবার নয়। তার সেই সর্কনাশের কথা তাবিয়া শারদার দিবদে শান্তি চিল না, রাত্রে নিজা ছিল না।

মন শাস্ত করিবার জন্ম সে ঠ'কুবঘরে বসিয়া নামজপ করিত। কিন্তু তাহাতে সে শাস্তি পাইত না। এই ঠাকুবের নাম করিয়া ইহারই দোহাই দিয়া মধুসদন শারদার সর্কানাশ করিয়াছে। দেবতার নামে ছলনা করিয়া এত বড় পাপাচার করিয়াছে। তাই দেবমন্দিরে বসিয়া তার প্রাণ হাহাকার করিয়া কাঁদিয়া উঠিত।

সে মাথা কুটিয়া ঠাকুরকে বলিত, "তুমি তো জান ঠাকুর, আমার কোনও দোষ নাই। আমি মূর্থ, বৃদ্ধিংশীন নারী, আমাকে তোমার নাম করিয়া এ সর্কানাশ করিয়াছে —তুমি আমার ক্ষমা করিবে না কি ?"

দিনের পর দিন সে এমনি করিয়া ঠাকুর্থরে নাথা থঁডিয়া আপনার চিত্তে শান্তি আদিবার চেটা করিল। (\$8)

কিছু দিন তার এমনি কাটিল। দেবসেবার রাম কীর্ত্তনে তন্মর হুটয়া সে জীবন কাটাইতে লাগিল। তার উপর উৎপাতের অস্ত ছিল না। মধুস্দন যথন পথ হুটতে সরিয়া দাঁডাইল, তথন মোহাস্ক স্বয়ং জাসিয়া তার উপর কুপাদৃষ্টি দিবাল চেটা করিলেন। তার রূপ যৌবন এবং তার বৈফ্বীর বেশ দেখিয়া লম্পটের দল তাকে তুলাইবার কত না চেটা করিল, কত না বৈরাগী আসিয়া তাকে সেবাদাসী করিবার প্রতাব করিল। পথে ঘাটে চলিতে, গলালানের সময়, এমন কি নিজের গৃহহ ও দেবমন্দিরেও কাম্কের লোল্প দৃষ্টি ও অসংযত জিহন। তাকে অসুসরণ করিতে লাগিল।

শারদা অন্থির হইয়া উঠিল। ভরে তার প্রাণ কাঁপিয়া উঠিল। শেষে সে স্থির করিল এই অভ্যাচার হইতে মুক্তি পাইবার একমাত্র উপায় কোনও প্রতিষ্ঠাবান ব্যক্তির আশ্রয় গ্রহণ করা।

যখন সে এমনি অভিচ হইরা উঠিয়াছে, তথন একদিন নবদীপের একটি বৃহৎ আথড়ার অধিকারী মহাশম ভার উপর কপাদৃষ্টি নিক্ষেপ করিলেন। অধিকারীর বয়স প্রায় পর্যটি বৎসর। শরীর নীর্ণ ও অসুস্থ; কিছু সুন্দরী যুবভীর সঙ্গ-কামনা তাঁর খুচে নাই। অধিকারীর কথা শুনিয়া শারদার হাসি পাইল। তার মত জীর্ণ-নীর্ণ বৃদ্ধ যে কল্পনা করে যে কোনও স্থান্দরী যুবভী তার প্রতি অনুরাগিণী হইতে পারে ইহা ভাবিয়া সে হাসিল।

অধিকারী অনেক দিন আনাগোনা করিতে লাগিলেন। সম্প্রতি তাঁহার বৈফবী বিয়োগ হইয়াছে, স্বতরাং তাঁর হৃদয়ের সিংহাসন একেবারে শৃন্ধ। শারদা — ওরফে গৌরদাসী কেবল একটা হাঁ বলিলেই অধিকারীর সমগ্র জীবনের এবং আধড়ার বিপুল বিত্তের একেখরী হইতে পারে, এই কথা তিনি বার বার ডাকে শুনাইলেন। শারদা তাঁকে "হাঁ"ও বলিল না, "না" ও বলিল না।

ক্ষেক দিন পর শারদ। ভাবিল দূর হোক ছাই, অধিকারীর আশ্রামে গেলে দে পথে ঘাটে প্রেমিকের হা হতাশের হাত হইতে মৃক্তি পাইবে! সে সমত হইল। অধিকারীর সহিত রীতিমত ক্তীঞ্চল করিয়া আখ্ডার অধীশ্বরী হইয়া বসিল।

সে দেখিতে পাইল অধিকারী লোকটি বিনয়ী নম্র এবং ধর্মপরারণ। বৈফবের ধর্ম সে জ্ঞান বিখাস অমুসারে যথাসাধ্য পালন করে এবং ভার ভগবন্তজ্ঞি মধুস্বন ঠাকুরের মত সম্পূর্ণ মেকী জ্ঞানিয় নম।

অধিকারী সকলের সক্ষেই বিনীত ও নত্র ব্যবহার করেন, কিন্ধ গৌরদাসীর কাছে তাঁর নত্রভার আর সীমা নাই। শারদা যে তাঁহার জীবন-সন্ধিনী হুইতে স্বীকার করিয়া তাঁর উপর কত বড় অফুগ্রহ, কত প্রকাও পুরস্বার করিয়া তাঁর উপর কত বড় অফুগ্রহ, কত প্রকাও পুরস্বার করিয়াছে, তিনি তাং মুখে বেশী বলিতে পারিতেন না; কিন্ধ শারদাকে যত্র ও সেবা করিয়া এবং নিরস্তর অফুগত ভূত্যের মত তার আদেশ পালন করিয়া তিনি তাহা ভূরোভ্রম: প্রমাণ করিতেন।

বৃদ্ধের এই দেবা ও অহুরাগে শারদার প্রথম হাসি
পাইত। কিন্তু ক্রমে তার চিন্তু করণা ও সহদরতার
ভরিয়া গেল। অধিকারী তার কাছে সাহস করিয়া কিছু
চায় না। কিন্তু একটু মিষ্টি কথা, একটু সমাদর পাইলে
আনন্দে গলিয়া বায়! দেখিয়া শারদার বড় মায়া হয়।
ভাল সে ইহাকে বাসিতে পারে না, তবুসে বৃদ্ধকে আনন্দ
দিবার জন্ত সর্বদাই চেটা করিয়া তাকে ভালবাসা
দেখায়।

বড় জালা বড় মানি লইয়া শারদা অতিষ্ঠ হইয়া অধিকারীর আশ্রয় স্বীকার করিয়া লইয়াছিল। পাঁচ সাত দিনের মধ্যে তার মনের গ্রানি কাটিয়া গেল, অধিকারীর গৃহিণী হইয়া ভাহার সেবা মন্ত্র করিয়াসে সত্য সভাই ডুপ্তিলাভ করিতে লাগিল।

তা ছাড়া তার সাধন-ভঙ্গনে সে অধিকারীর কাছে সহারতা পার, উৎদাহ পার, আধড়ার ধর্মের একটা আবহাওয়া সে অফুভব করিতে পার। ইহাতে তার অস্তর শান্তিলাভ করিল।

এক মাসের মধ্যে শারদা তার নৃতন আবেইনের ভিতর পরিপূর্ণ তৃপ্তির সহিত আপনাকে মানাইয়া দইল। তার অতীত জীবনের সকল তৃঃধ গ্লানি সম্পূর্ণরূপে ঝাড়িয়া ফেলিয়া সে আনন্দের সহিত ধর্ম সাধনা ও অধিকারীর সেবা করিতে লাগিল। কিছু এক মাস পর ভার এই পরিপূর্ণ তৃপ্তি ও আনন্দ হঠাৎ একদিন নির্মাল হটয়া বিলুপ হটয়া গেল।

তার ছেলেটি ছিল তার নয়নের মণি! সেই ছেলে একদিন হঠাৎ গলায় পড়িয়া মারা গেল।

একটা প্রচণ্ড দাবানলে নিমেষের মধ্যে তার সমন্ত অন্তর যেন পুড়িয়া ছারখার হইয়া গেল। তার জীবন অর্থশূল, অন্তর মরুভূমির মত উদাস হইয়া উঠিল।

স্বচেয়ে বেশী মনংপীড়া তার হইল এই ভাবিয়া যে তার ছেলের মৃত্যু তার পাপের শান্তি। স্বামীর প্রতি অবিস্থাসিনী হইয়া সতীধর্মে জলাঞ্জলি দিয়া সে বে ভীষণ পাপ করিয়াছে তারই ফলে ভগবান তাকে এই মন্মান্তিক শান্তি দিলেন।

ইহা তো ভার জানাই ছিল: ভগবান তো তাকে এ বিষয়ে সুস্পাই ইপিত দিতে ক্রটি করেন নাই। যেদিন গোপালের কাছে সে আত্মসমর্পণ করিতে প্রস্তুত হইয়াছিল সেই দিনই শিশুকে নিদারণ আঘাত দিয়া
ভগবান তাকে জানাইয়া দিয়াছিলেন যে সে সভীধর্ম
হইতে অলিত হইলে তার শিশু বাঁচিবে না। হায় রে,
জানিয়া শুনিয়া সে ভগবানের এ সুস্পাই আদেশ অবহেলা
করিতে সাহদী হইয়াছিল—ভগবান তার উচিত শাস্তি
দিয়াছেম!

জীবনের সব সুথ ভাব ফুরাইয়া গেল। যে তৃপ্তি ও শাস্তি সে এখানে আসিয়া পাইয়াছিল তাহা মিলাইরা গেল। একটা নিদারুণ হাহাকার সুধু তার চিত্তে অনির্বাণ অগ্রির মত দাউ দাউ করিয়া জলিতে লাগিল।

সে হাত পা নাড়া ছাড়িয়া দিল। সুধু জড়পিণ্ডের
মত সে বসিয়া থাকে আর কাঁলে। বেশীর ভাগ সময়
ঠাকুর-খরে দেয়ালে ঠেস দিয়া বসিয়া সে অপলক দৃষ্টিতে
চাহিয়া থাকে বিগ্রহের মুখের দিকে, আর দরদর ধারে
তার চুই গণ্ড বাহিয়া অঞা প্রবাহিত হইয়া য়য়। কত
যে অভিযোগ, কত যে আবেদন সে নীরবে বসিয়া
দেবতার কাছে করে, কত তিরস্কার সে নির্ভূর দেবতাকে
করে, তাহা সুধু সে-ই জানে, আর জানেন তার অস্তর্যামী।

অধিকারী বেচারা সর্কৃত্রণ তার চারিপাশে ঘূর ঘূর করিয়া ঘোরে, তার সাধ্যমত তাকে সাভ্নার কথা বলে, ধর্মের কথা, ঠাকুরের কফণার কথা কত করিয়া তাকে বৃঝাইতে চাম। শারদা অধু নীরবে ওনিয়া যায়।
অধিকারী খুব যথন কথা বলিবার জন্ম পীড়া-পীড়ি করে
তথন সে অধু সংক্ষেপে উত্তব দেয় 'ই।' কি 'না'।

অধিকারী আকুল হইয়া উঠিল। সে কি করিবে ভাবিয়া পাইল না। সে ভাগবত পাঠের ব্যবস্থা করিল, শারদা যত্ত্ব-চালিতের মত গিয়া পাঠ শোনে—ভানিতে ভানিতে ভার তুই চক্ষু দিয়া জল ঝরিতে থাকে। অধিকারী বিশেষ করিয়া কীর্ত্তনের আয়েয় করিলেন, মহোৎসব করিলেন, বড় বড় পণ্ডিত গোস্থামীদেব আনিয়া শারদাকে উপদেশ দেওয়াইলেন। কিছুতেই কিছু হইল না। শারদাকে যাহা বলা হয় ভাই সে করে—আসাড় যয়ের মত, কোনও কিছুতেই ভার মনের ভিতর সাডা দেয় না।

থাননি করিয়া অনেক দিন কাটিয়া গেল। সাহ্নায় যাহা সম্ভব হইল না, সময়ে ভাহা সহনীয় হইয়া গেল। শারদার এত বড় শোক ভাও ভার শাস্ত হইল। শারদা আবার পূর্কের মত আবড়ার কাজকর্ম করে, অধিকারীর গৃহকর্ম করে, ভার সেবা করে—সবই করে। কিন্তু ভার কর্মে যে তৃপ্তি ও আনন্দের স্থাদ সে একদিন পাইয়া-ছিল, ভাহা সে অব্যের মত হারাইল।

(२৫)

অনেক দিন পর একদিন একদল যাত্রী ভাষ্মস্কর অধিকারীর আথড়ায় আদিল। তাদের অধিকাংশই শ্বীলোক, সঙ্গে তুই চারিটি পুক্ষ আছে।

শারদা তথন মহাপ্রভুর মন্দিরে শীতল ভোগের জোগাড় করিতেছিল। যাতীদল আসিয়া প্রণাম করিতে তাদের কথাবার্তা শুনিয়া দে ব্ঝিল ইহারা টাঙ্গাইল অঞ্চলের লোক।

শারদা তাদের সলে আলাপ করিয়া জানিল যে তারা অধিকাংশই ভগীরথপুরের সলিকটবর্তী সব গ্রাম হইতে আদিয়াছে। আরও জানিল যে ইহারা আসিয়াছে রামক্ষল চক্রবর্তীর সলে।

রামকমল চক্রবর্তীকে শারদা চিনিত। ইনি চট্টগ্রামের আহ্মণ, পৃজারী হইয়া শারদার গ্রামে প্রথম আসেন। ভার পর পাঠশালার পণ্ডিত ও কিছুকাল জমীদারের গোমন্তা হইরাছিলেন। জমীদার-গৃহিণীর সকে তিনি ভারতবর্ষের অধিকাংশ তীর্থ ভ্রমণ করিয়া তীর্থের সক্ষমে

বথেই অভিজ্ঞান্তা করিয়াছিলেন। তার পর হইতে তিনি এই ন্তন ব্যবসার অবল্যন করিলেন। বড় কোনও একটা যোগ বা ধর্মোৎসবের সময় তিনি দেশ হইতে যাত্রী সংগ্রহ করিয়া ভাহাদিগকে তীর্থ জমণ করান। যাত্রীরা তার পারিখ্যাকি দেয়। এই ব্যবসায়ে তাঁর দক্ষতা বিষয়ে এই অঞ্লের লোকের একটা দৃঢ় বিশাস ছিল, তাই তাঁর সক্ষ লইবার জন্ম এ অঞ্লের বহু গ্রাম হইতে যাত্রীর অভাব হইত না।

রামকমল চক্রবতীর নাম শুনিয়া শারদা তাঁর সংশ সাক্ষাৎ করিবার আগ্রহ প্রকাশ করিল। রামকমল বাহিরে ছিলেন, তাঁহাকে যাত্রীরা ডাকিয়া আনিল।

শারদারামকমলকে বাড়ীর ভিতর লইয়া অংশেষ যত্ন করিয়া তাঁকে প্রদাদ ভোজন করাইয়া তাঁর কাছে দেশের সংবাদ জিজাসা করিল।

রামকমল শারদাকে প্রথমে চিনিতে পারিলেন না।
শারদা জিজ্ঞাদা কবিল, ভট্টাচার্য্য গৃহিণীর কথা,
নীয়োগী পরিবারের কথা। চক্রবর্তী মহাশয় উাঁদের
সকল সংবাদ জানাইলেন। তার পর গোপালের কথা
জিজ্ঞাদা করিতে চক্রবর্তী মহাশয় বিশ্বিত হইয়া বলিলেন,
"আপনি ইয়াগো চিনলেন কেমনে ?"

এখন শারদার ভাষা এতটা মার্জিত হইয়া গিয়াছিল যে, হঠাৎ ভাকে পূর্ব-বদের লোক বলিয়া মনে হয় না।

শারদা হাসিয়া বলিল, "আমি যে ঐ দেশেরই মেয়ে
ঠাকুর। আপনাকে ছেলেবেলায় দেখেছি যে আমি।"
অবাক হইয়া চক্রবর্তী তার মৃথের দিকে চাহিয়া
জিজ্ঞাসা করিল, "আপনার পিতার নিবাস?"

শারদা একটু হাসিয়া বলিল, "আপনাদের গ্রামেই।" "কি নাম ভান ?"

"তাঁর নাম ব'ল্লে চিনবেন না, আপনি তাঁকে দেখেনই নি। বরং আমার নাম ব'ল্লে চিনবেন—আমি শারদা।" চমকাইয়া উঠিয়া চক্রবর্তী বলিলেন, "শারদা! ছুর্গা তাইত্যানীর মেধা?"

শারদা বলিল "হাঁ ঠাকুর।"

চক্রবর্ত্তী বলিলেন, "তুমি এখানে—কি ?"

একটু লজ্জিতভাবে শারদা বলিল, "অধিকারী ঠাকুর
আমাকে অমুগ্রহ করেন, তাঁর আশ্রের আছি।"

"তুমি তান সেবাদাসী ?"

শারদা বলিল, "চুপ! হাঁ ভাই, কিছ দয়া ক'রে দেশে কথাটা প্রকাশ ক'রবেন না।"

চক্রবর্তী বলিলেন, "ঝারে নাং—আমি অমন ছেবলা না।" কিন্তু মনে মনে ভাবিলেন যে দেশে ঘাইরা এই কথা বলিয়া তিনি অনেক স্থলে আসের জমাইতে পারিবেন। শারদা যে কুলত্যাগ করিয়া আসিয়া অবলেষে এত বড় একটা আথড়ার অধিষ্ঠাত্তী হইয়াছে, এটা একটা সংবাদের মত সংবাদ!

ক্রমে চক্রবর্তী শারদাকে গোপালের সংবাদ আনাইলেন। গোপালের সর্ব্বনাশ হইয়াছে। তাহার অত্যাচারে প্রামের লোক অতিষ্ঠ হইয়া উঠিয়াছিল। অনেক লোককে সে ঠকাইয়াছিল। সেই আক্রোশেকে একজন রাত্রে তার ঘর জালাইয়া দিয়াছিল। সেই গৃহদাহে তার যথাসর্ব্বর পুড়িয়া ছাই হইয়া গিয়াছে। তার প্রী ও সে নিজে ভয়ানক ভাবে দয় হইয়াছিল। গোপাল রক্ষা পাইয়াছে, কিছ তার প্রীট মারা পিয়াছে।

এ দিকে গোপালের মনিব নয়-মানির জমীদার তাহার উপর কট হইরা তাহাকে বরপান্ত করিয়া তার উপর অনেকগুলি মোকদমা ডিক্রী করিয়া তার জমীজমার অধিকাংশ বিক্রম ও জবর-দথল করিয়া লইয়াছেন।
গোপাল এখন দেই সব মামলা মোকদমা লড়িতেছে,
কিছু তার সহায়ও নাই, সয়লও নাই। সে একেবারে
সর্মবান্ত হইয়া পড়িয়াছে!

গোপালের তুর্দ্দশার বিস্তীর্ণ বিবরণ শুনিয়া শারদার চক্ষে জল আসিল। সে চক্ষ্ মৃছিয়া জিজ্ঞানা করিল "ঠাকুর-মশার কি আমার সোয়ামীর কোনও থবর জানেন?"

हक्दर्श विल्ला, "साधव १ ह' स्नानि छात्र कथा।"

বলিলেন, এক মাদ পূর্বে চক্রবর্তী মহাশয় যাত্রী সংগ্রহ করিতে মাধবের প্রামে গিয়াছিলেন। তিনি দেখিতে পাইলেন মাধব ভয়ানক অসুস্থ। প্রীহাজরে সেভুগিরা ভূগিয়া ভয়ানক শীর্ণ হইয়া গিয়াছে, বাঁচিবার স্ঞাবনা অক্স! এতদিন আছে কি নাই বলা বার না।

হঠাৎ শারদা এমন একটা আর্গুনাদ করিয়া উঠিল যে চক্রবর্তী মহাশন ভ্যাবাচ্যাকা থাইরা গেলেন।

চীৎকার ভরিয়া শারলা বলিল, "হায়, হায়, হার,

হার, কি সর্কনাশ ক'রলাম আমি ?—সব থেলাম, সব থেলাম ! পুত্র থেলাম, আমী থেলাম, সব থেলাম ! হার রে পোড়া কপাল আমার !" বলিরা সে মেরের উপর দমাদম মাথা খডিতে লাগিল।

চক্রবর্তী "হা হা" করিয়া অগ্রসর হইয়া তাকে ধরিলেন।

ক্রমে অপেকাকৃত শাস্ত হইয়া শারদা বলিল, "ঠাকুর, আমাকে আকই দেশে নিয়ে যেতে পারবেন ?"

চক্রবন্তী বলিল, তার দেশে ফিরিতে এথনও আট দশ দিন বিলম্ব আছে।

শারদা ক।তরভাবে তাঁকে অস্থনর করিল, প। অড়াইয়া ধরিয়া কাঁদিল—তাঁকে একশত টাকা পারি-শ্রমিক দিতে চাহিল।

চক্রবর্ত্তী ভাবিষা চিন্তিষা দেখিবার জ্ঞান্ত একটু সময় লইয়া বাহিরে গেলেন।

শারদা উঠিয়া অধিকারীর কাছে গিয়া ভার পা জড়াইয়া ধরিয়া বলিল, "প্রভূ, আপনি অনেক দয়া ক'রেছেন, আমায় একটা ভিক্ষা আজ দেবেন।"

ব্যন্ত সমন্ত হইরা অধিকারী শারণাকে তুই হাত ধরির। তুলিরা বলিল, "ঝারে, কি ? কি ? কি হ'রেছে ?"

শারদা ভিক্না করিল সে চক্র-ভৌর সক্ষে দেশে যাইবে। স্বীকার করা ছাড়া অধিকারীর আর উপায় ছিল না।

চক্রবর্ত্তী ফিরিয়া জ্ঞাসিয়া বলিলেন তিনি যাইতে প্রস্তুত জ্ঞাছেন। যাত্রীদল এথানে সাত দিন থাকিবে। ইতিমধ্যে তিনি শারদাকে পৌছাইয়া ফিরিবেন, এই বন্দোবস্ত তিনি করিয়াছেন।

শারদা তার সঞ্চিত টাকা লইয়া অবিলয়ে যাত্রার উত্তোগ করিল : একটি দাসী সঙ্গে লইবার ক্ষন্ত অধিকারী অনেক অমুনর কার্যাছিল, শারদা শীকৃত হইল না।

যাইবার পূর্বে সে চক্রবন্তীকে দিয়া গোপনে বাজার হইতে ছইজোড়া পেড়ে শাড়ী, শাঁথা ও এককৌটা সিন্দর কিনিয়া লইল।

নৌকায় উঠিয়াই শারদা তার বৈরাগিনী বেশ ত্যাগ করিয়া শাড়ী শাঁথা পরিল, সিঁথিতে খুব মোটা করিয়া দিলুর পরিল, মনে মনে বলিল "ঠাকুর, আমার এ দিলুর যেন অক্ষর হয়—স্বামীকে যেন বাঁচাইতে পারি!"

চক্র-বর্তীর পায়ের কাছে এক শত টাকা রাখিয়া সে বলিল "ঠাকুর, আমার যে দশ। দেখলেন আপেনি দয়া ক'রে দেশে প্রকাশ ক'রবেন না।"

চক্রবর্তী স্বীকার করিলেন। মনে মনে ভাবিলেন, প্রকাশ তিনি করিবেন না, কিন্তু তাঁর বন্ধু নীলমাধব ও গোকুল—ও রমেশ—এবং সভীশ—আর, গোবিন্দ, আর হরেক্ষ—এদের কাছে গোপনে না বলিলে চলিবেনা। (আগামী সংখ্যার সমাপ্য)

অতীতের এশ্বর্য্য

শ্রীনরেন্দ্র দেব

(মিশরের 'ম্যমি')

মৃত ব্যক্তির শবদেহ দাহ না ক'রে প্রাচীন মিশরবাসীরা স্বত্নে উহা রক্ষা ক'রত। কালের সর্ব্ধ-বিধ্বংদী প্রভাবকে তুক্ত ক'রে ঐ মৃতদেহগুলি কি ক'রে যে শত শত বংসর আবিকৃত থাকত এটা কাকর না জানা থাকাঁর মিশবের শব চিরদিন বিশের বিশার উৎপাদন ক'রেছে।

যুরোপ হ'তে যে প্রথম যাত্রী মিশরে পদার্পণ করেছিলেন তিনি দেই ইতিহাস-বিশ্রুত হেলোডোটাস।


তিনিই পৃথিবীর লোককে প্রথম জানিয়েছিলেন যে জগতে এমন একটি দেশ আছে
যেথানে মাছ্ন্যের জীবনাস্ত হ'লেও তার
দেহের বিনাশ ঘটে না! মিশরের এই শব
রক্ষার ব্যাপারে হেরোডোটাস্ এত বেশী
চমৎকৃত হয়েছিলেন যে তিনি এই 'ম্যমি'
স্থান্ধে বিশেষভাবে জামুসন্ধান ক'রে এ
বিষয়ে বিশাদ ভাবে লিখে রেখে গেছেন।

যে দেশের প্রতিভাশালী মাছ্যেরা জীবনকে জয় ক'রতে না পারলেও তার প্রাণহীন দেহটাকে জনস্ককাল ধ'রে রাধতে সক্ষম হ'রেছিলেন, তাঁদের এই কীর্তির সম্বন্ধ জালোচনা করবার সময় কেবলমাত্র জলস কৌতুহলের বলবর্তী না হ'রে একটু শ্রুলাও সম্লামার সক্ষোবন করা উচিত; কাবণ, শিল্প বিজ্ঞানে বাঁদের অস্থানির দক্ষতার গুণেই আমরা আজ এমন সব মাছ্যের মুখ দর্শনের সৌভাগ্য লাভ

ক'রতে পেরেছি হারা তিন চার সহস্র বংসর পূর্বের জগতে প্রাচীন সভ্যতার বিস্তার ও বিশাল সাম্রাজ্ঞা স্থাপন ক'রে গেছলেন, তাঁদের সহত্বে লঘুচিত্তে আলোচনা করা কোনোদিনই কর্তব্য নর।

मृत्राम् त्रकात अहे त्य विकायकत वावका श्रीति

মিশরে প্রচলিত ছিল এ বিবরে বতই অনুস্কান করা বার ততই নান। দিক দিরে বহু আক্র্য্য ব্যাপার অবগত হ'তে পারা বার । কেবল বে তিন হাজার বছর আগের প্রবলপ্রতাপারিত সমাটেরা দেখতে কেমন ছিলেন এইটুকু কোতৃচল চরিতার্থ হওরা এবং প্রাচীন ইতিহাস সম্বন্ধে বংকিঞ্চং অভাস্ত সত্য পরিচয় আগত হওরাই এর চরম শিক্ষা—তা' নর।




আইযুথার শ্বাধার (আইযুজা রাণী তাইথীর পিতা। তাইরী
ফ্যারো তৃতীয় আমেনহোটেপের পদ্মী। এই শ্বাধারটি
মূল্যবান কাষ্ঠনির্মিত। কাঠের উপর গালার কারুকার্য্য কয়া ও মিশ্রীর চিত্রবর্গে মৃত্তের
পরিচয় লিপিবদ্ধ আছে।)

শবদেহ সংবক্ষণের যে উপার মিশর শিল্পীর। আবিষ্কার করেছিলেন তার পশ্চাতে ছিল প্রাচীন সভ্যভার উন্নত আন্দর্শ বুগোপবোগী শিল্প-বিজ্ঞানের অশেষ অভিজ্ঞতা; মিশরীর কারুকলার চরমোৎক্ব, এবং মাছবের অস্তরের গভীর ধর্ম বিশ্বাস। মিশরের যে শান্তবাক্য সেদিন এই




ম্যামির সুবঞ্জিত বহিরাবংণ (মিশর দেবতা ক্রামন-রা'র ভনৈক মহিলা পূলারিণীর শংকের এর মধ্যে রক্ষিত আছে —থ্য প্য ১৬০০ শতামীর শবপেটিকা)



মৃতদেহের স্থচিত্রিত আচ্চাদন (আঁথে-ফেন থেনস্থর শবাচ্চাদন, খঃপুঃ ১২০০ শতাক্ষীর শবপেটিকা)

বাণী নি:রূপ করেছিল বে"—মালিক মৃক হরে নির্মল অবিনয়াও হও"—এরও উদ্ভব হরেছে ঐ একই উৎস হ'তে। তব ; মৃত্যুকে জন করে অনুভ লঙা !" "অফর হও প্রাচীন মিশর মাজুবের অমৃতত্ত্বের সন্ধান পেরেছিল এই



বিচিত্র শ্বাধার (হুংগন-আমেনের শ্বাধার খৃঃ পৃঃ ৮০০ শৃতাকার মাম)



গ্রীকের মামি (জার্টেমিডোরাস্ নামক জনৈক গ্রাকের মৃতদেহ রক্ষিত হরেছে এর মধ্যে। খুরীর দ্বিতীর লকাঝীতে কেয়ুমে এই মৃতদেহ সমাহিত হব।)

দেহের অবিনশ্বরতার ভিতর দিয়েই। খুটান শবদেহ সমাহিত করবার সময় অধুনা সমাধিকেত্রে যে অস্থ্যেষ্টি উপাসনা হয় তাতে ধর্মবাজকেরা বাচনিক যে কথা বলেন মিশরবাসীরা তিন চার সহস্রান্ধ আগে সেটা কার্য্যতঃ করবার প্রচেট দেখিরেছেন।



মৃতের প্রতিমূর্তি (এই ভগ্ন প্রতিমূর্তিটি কোনো সম্লান্ত মিশর-বংশীরা তরুণীর। এঁর শ্বাধারের সঙ্গে সমাধিমন্দিরে প্রতিমূর্তি নির্মাণ করে রাখা হয়েছিল।)

কারুশিরের সজে এর খনিষ্ঠ সহর প্রথমেই শ্বাধার সম্পর্কে। মৃতদেহ রক্ষাকরে যে প্রভার মৃতিকা বা কার্চ নির্মিত ক্রিম্ম নির্মাণ ক'রতে হয়, দাকু শিরের উরতির বীক সেইখানেই প্রথম উপ্ত হরেছিল। ভারণর সেই
শবাধার সমাহিত করবার ক্ষন্ত পাবাণ ভেদ করে যে
সমাধিকক প্রস্তুত করা হ'ত মিশরের স্থাপত্য ও ভাত্তর্য্য
শিক্ষ তারই অবশুভাবী ক্রমিক গরিণতি। ক্ষারণ সমাধিকক কেবেলমাত্র শবাধারই রাখা হতনা, মৃতব্যক্তির প্রস্তুত্ব


নির্মিত একটি প্রতিমৃতিও স্বর্জ স্থাপিত করা হত। স্বতরাং সে সমাধিকক কেবল শবরক্ষার একটি গহবরমাত্র নয়, সে একটি প্রশন্ত মন্দির।

অতএব দেখা যাচেছ যে মিশরের এই মৃতদেহকে 'মামি' ক'রে স্থতু বুকা করার মধ্যে কেবলমাত বে মাকুষের দেহের প্রতি সহতু মনত্-বোধের পরিচয়ই ফুটে উঠেছে ভাই নয়-সভাতার সর্বালের দান যে শিল্প কলা—ভাপতা ভাস্কর্য এবং জাতিঃ উচ্চতর ধর্মজ্ঞান—এ সমতা বিষয়ঙ এট 'মামি'র সঙ্গে অবিচিচরভাবে æডিত রয়েছে। যাই হোক. ঐতিহাসিকদের চক্ষে একটা প্রাচীন ক্লাভির ধর্ম্ম-বিশ্বাস ও ভাদের শিল্প কলার পরিচয় ইভ্যাদির দিক থেকে 'ম্যমি'র যভই সার্থকতা থাকুক, তথাগি এটা স্বীকার করতেই হবে যে এই মৃতদেহ রক্ষা করার মত একটা অন্তঃ ও ভয়াবহ ব্যাপার সেখানে কেন ফে প্রচলিত ছিল এটা জানবার কৌতুহল হওরা এ কুগের মাহুবের পক্ষে খুবই ষাভাবিক।

মৃতদেহ রক্ষা করবার অস্তু মৃত্তের পেট থেকে বুক পর্যান্ত চিরে তার সমস্ত নাড়ীভূঁড়ি যকুৎ কুসকুস ক্রদ্পিঙ


প্রভৃতি টেনে বার ক'রে রাখা হ'ত। ঠিক্ বে উপারে আজকাল যাত্বরে মৃত লিংহ ব্যাঘ্র ভল্ক প্রভৃতি জীবলন্তঃ প্রাণহীন দেহটাকে স্বন্ধে ক্লা করা হর; ঠিক তেমনি করেই একসময়ে মিশরে মাছ্যের দেহটাকে রাথবার জল্প ভার পেট চিরে সমস্ত নাড়ীভূঁড়ি বার ক'রে রাথা হ'ত, কিন্তু ফেলে দেওরা হ'তনা। মৃত প্রিঃজনের দেহকে এমন ভাবে ছিল-বিছিল করা এ যুগের কোনো মালুষেরই

শেংখনি। দীর্ঘকাল ধরে নানাপ্রকারে চেটা ক'রতে ক'রতে তবে তাঁরা এ কাজে সিদ্ধিলাভ ক'রতে পেরেছিলেন। মৃতের দেহকে তাঁরা চিরদিনই সম্মান ও প্রদার বস্তু বলে মনে ক'রতেন। তাঁদের এই মনোভাব



শবপেটিকা (প্রথম) আইবুধার শবাধারের মধ্যে এই কারুকার্য্য-প্রচিত
শবপেটিকা ছিল। পর পর তিনটি
শবপেটিকা পাওয়া গেছে। শেষ
পেটিকার মধ্যে শবশেই রক্ষিত
ছিল। প্রত্যেক শবপেটিকার গঠন ম্যামির
আকার।

ভাল লাগবেনা হয়ত', কিন্তু, এই বিশ্ৰী ব্যাপার কেন বৈ ভারা ক'রভো এটা বুঝতে হ'লে মিশরীদের এ সংস্কে কি মনোভাব সেটা সম্যক হাদরক্ম করা প্ররোজন। এই দেহধকা করবার কৌশল মিশরীরা এক দিনে



ম্যামি-আকারে শ্বাধার (এই গুপ্তর নির্দ্মিত শ্বাং**ার-**গুলিও ম্যামির আকারে তৈরি করা হত। এর মধ্যে বে_নরশীন ও চিত্রিত শ্বণেটিকা দেখা যাচ্ছে তার ভিতর মৃতের দেহ রক্ষিত আছে।)



পুকারিত শ্বাধার (কবর-চোরেদের উৎপাতের ভবে এই শ্বাধারগুলি শৈল গুহার অভ্যন্তরে লুকিরে রাখা হরেছিল। ছ'হাজার বছর পরে এর সন্ধান পাওয়া গেছে।)

ক্রমে শবদেহকে দেববিপ্রাংত্কা পূজা ক'রে তুলেছিল।
তাদের ধর্মবিধাস বে, দেহ যতদিন থাকবে—জীবনও
তত্দিন নিঃশেষ হবেনা। সেই জন্ম তাদের মধ্যে
মুহদেহরকার এই বিপুল প্রয়াস দেখা দিরেছিল এবং
শেষ পর্যান্ত তারা এ চেটার সফলকাম হ'তে পেরেছিলেন।
উদ্দেশ্ত-সিদ্ধির জন্ম যে কাজা করা অংশ্রভাবী প্রারাজন
ব'লে তারা মনে ক'রেছিলেন সে কাজা বীভংস হ'লেও

মিশরীদের অছকরণে এট শবদেহ রক্ষার প্রথা জ্বেম্ব পৃথিবীর অক্সান্ত দেশেও প্রচলিত হরেছিল দেখা যার। কিন্তু মিশরীদের ক্লার এ কাজে আর কোনো দেশ সম্পূর্ণ সাফল্য অর্জন ক'রতে পারেনি। যুরোপ, আফ্রিকা, এলিরা, ওলেনীরা, আমেরিকা প্রভৃতি সকল দেশেরই কোনো না কোনা অংশে এই শবদেহ রক্ষার প্রচেটা প্রচলিত হয়েছিল দেখে এটা বেশ বোঝা বার বে প্রাচীন

মিশরীর সভাভার প্রভাব একদিন সমত পৃথিবীদেই বিজ্ঞত হ'ছেছিল।

মিশরবাসীরা কবে এবং কেমন ক'রে এই **भ**वस्मिर क्रकात खेलाव चाविकात क'रत-ছিল সে সহান্ধ জানতে হ'লে আমাদের চার পাঁচ হাঞার বংসক পুর্বেষ ফিরে বেতে হবে, অর্থাৎ রামায়ণ মহাভারতের যুগেরও আগে। প্রাচীন িশরের সভ্যতার আলোক তথন সবেমাত্র জগতের অন্ধকার দূর করবার জক্য পৃথিবীতে প্রসারিত হ'ছে। মিশর সেদিন কেত্র হর্ষণ ক'রে শশু উৎপাদন ক'রতে শিথেছে: পর:প্রণালী নির্মাণ ক'রে জলাভাব দূর ক'রতে পেরেছে। গৃহপালিত পশুর ব্যবহার কেনেছে; মৃৎপাত্র ও প্রস্তর শিল্পে অভিজ্ঞ হ'লে উঠেছে। বস্ত্রগণ ও রঞ্জন কার্য্যে নৈপুণা লাভ করেছে। ধাতুর সন্ধান পেয়েছে ও ভার মৃল্য নির্দ্ধারণ ক'রেছে। অৰ্ণকে আৰু সমন্ত পুণিবী যে মৰ্য্যাদার সঙ্গে গ্ৰহণ ক'রেছে মিশরই প্রথম এ ধাতুকে সেই মর্যাদা দিয়েছিল। মিশরের সভ্যতা সেদিন বিষের আদর্শ হ'রে উঠেছিল।





শবপেটিকা (ছিতীয়)


শ্বপেটিকা (ভূতীয়)

তাঁরা তা' করতে কুঠিত হতেন না। যেমন চিকিৎসা-বিভা শিক্ষার জন্ম ও আপঘাত মৃত্যুর কাবণ নির্ণরের জন্ম শবব্যবচ্চেদ আজকাল অবশু প্রয়োজনীয় ব'লে মনে হওরার সেটা ক'রতে মান্ন্র্যের আর কোনো কুঠা বা সজোচ-বোধ হর না, মিশরীরাও তেমনি দেহরকার প্রয়োজনে শবদেহকে ব্যবচ্ছিদ করার জন্মে অভ্যন্ত হ'রে পড়েছিল। সেই পুৱাকাল থেকেই শণলেহ সমাহিত

করবার জন্ত মিশরে সমাধি-গুছা থানন ও ছল্লখো শব-স্থাপনের শাল্পত্ব মাদিত বিধি-বাবস্থা প্রচলিত ছিল। সমাধিককে শবদেহের সঙ্গে মুডের বা কিছু পাথিব প্রির বস্তু সমস্ত সংগ্রহ ক'রে দেওরা হ'ত এবং পরলোকে বাল্লা-পথে তার বা বিছু প্রয়োজন হ'তে পারে সেগুলিও সবত্বে সংরক্ষিত হ'ত। মুখের সক্ষে এই বে সব ম্লাবান জ্বা-লামগ্রী দেওরা হ'ত এইঙলি অপহরণ ক'রবার লোভে মিশরে কবর থনন ক'রে জিনিসপত্র আগহরণ ক'রতে পিরে সমাহিত ব্যক্তির মৃতদেহ ভূগর্জে অবিকৃত রয়েছে দেখতে পার। মিশরের প্রথম রোজ্তর বানুভামর লোনা মৃতিকার প্রোথিত থাকার মৃতদেহগুলি পচিরা বিকৃত হয় না, মাংল চর্ম নথ চুল এমন কি চক্ চুটি পর্যান্ত সম্পূর্ণ অবিকৃত থাকে।

এই সন্ধান অবগত হবার পর থেকেই সম্ভবতঃ মিশরীদের মাথার মৃতদেহ রক্ষা করবার কল্পনা উদর হল। আনমে সমাধিগর্জ সমাধি মন্দিরে পরিণক্ত হ'ল এবং সে মন্দির উচ্চ হ'তে উচ্চ হর হ'তে হ'তে শেষে পীরা-মিডের আমাকার ধারণ করলে!

কিন্ধ, ভৃগর্ভ হ'তে শবদের বধন কার্চ, মৃত্তিকা বা প্রস্তান-নিন্দিত শবাধারে রাধা স্থ্যক হ'ল তখন দেখা পেল শবদের আর অবিকৃত থাকচে না, পচতে ও পলে বেভে স্ফ হরেছে। সাধারণ কবরের মধ্যে তপ্ত বালুকামর লোনা মৃত্তিকার সংস্পর্লে বি মৃত্তিমর একট্রও নই হতনা, মৃল্যবান আধারে বায়বহল সমাধি-কক্ষের মধ্যে বহুবড়ে



শ্বপেটিকা ও তন্মধান্থ শ্বদেহ (বস্তাবৃত)

হরেছিল এবং তাদের মনে এই ধারণাও বন্ধুল হ'য়েছিল যে মাজুষর প্রাণালীন দেহটিকে ধ'রে রাখতে পারলে মৃতের লাগতিক অভিত্রও দীর্ঘতর ক'রে তোলা যার। এই ধারণার বলবভী হ'য়েই তারা লবদেহ রক্ষা করবার অস্ত বিবিধ আরোজন ফুরু করেছিল। প্রথমে শব্ রক্ষার জন্ত লবাধার প্রস্তুত হল; তারপর লবাধার রাখবার অস্ত ভূগতে কক্ষ নির্দাণ করা হ'ল। লবের সলে প্রদত্ত ফুবাসস্ভারের সংখ্যা ক্রমে যতই বাড়তে লাগল সমাধি-ছক্ষের আয়তন ও সংখ্যাও সলে বলে বড়তে আরম্ভ




শিশুদের মামি (এ ডটি ফোয়ুমে প্রাপ্ত গ্রীকৃ-শিশুও মা'ম)

তা' রাথা সংগ্র শবদেহ বিগ লত হ'রে পড়েছে। তথন
নানা ক'ত্রম উপারে সেই শবদেহ অবিকৃত রাথবার চেটা
চলতে লাগ্ল। কারমাটি, লবণ, ধূনা বা রক্ষন প্রভৃতি
নানা দ্রব্য শবদেহে লেপন ক'রে পরীক্ষা আরম্ভ হ'ল।
রক্ষনের বা ধূনার সংস্পর্শে শবদেহ অবিকৃত থাকে কেনে
রক্ষন বা ধূনার ভক্ত হরে উঠলো মিশরীরা। আযুদেবতা
আশিহিসের জ্ঞার—বে গাছের আটা থেকে বক্ষন বা ধূনা
পাওরা মান, সে গাছের প্রাও স্কুক্ হ'রে গেল। সে গাছ
জীবনদারক ও আয়ুবুদ্ধিকারক বলে পরিগণিত হ'ল।


আয়ুদেবতা অসিরিদের ক্লার মান্ত্রও বাতে অমর হতে পারে অর্থাৎ চিরঞ্জীব হ'তে পারে এই উদ্দেশ্য থেকেই মিশরে 'মানি'র উৎপত্তি হরেছে এবং তিন হাজার বছর ধরে এই লক্ষ্য নিরেই তারা মৃতদেহ রক্ষা করে এসেছে। লিন্কন্টন্ ও লগুনের ররেল কলেজ অফ সার্জন্সের যাত্থরে তুটি খুব প্রাচীন মামি রক্ষিত

মাথা এবং মুখটি রক্ষা করবার জন্ত বিশেষ যত্ন নেওরা হরেছিল বলে বোঝা যার। কিন্তু এত যত্ন সন্থেও এ মূতদেহটি অবিকৃত নেই। ব্যাপ্তেক্সের কন্তকাংশ খুলে দেখা গেছে ভিতরে শুধু অস্থি কন্ধাল! স্মৃতরাং এটিকে ঠিক আসল 'ম্যমি' বলা চলে না। ভবে ব্যাপ্তেক্সের একেবারে শেষ প্রদা অর্থাৎ যে শুরের ফিতে একেবারে



মামির বাঁধন (শবদেহ ফিতের মত কাপড়ে আপাদমন্তক ব্যাত্তেজ বেঁধে রাখা হয়।)

আছে। একটি ১৮৯২ সালে মেত্ম পীরামিডের নিকট থেকে অধ্যাপক ফ্রিণ্ডার্গ পেটী, সংগ্রহ করে এনেছিলেন এবং অপরটি শাকারা থেকে শ্রীযুক্ত কে. ই, কুইবেল সংগ্রহ করেছিলেন। এই ওটি মামি পরীকা ক'বে দেখা গেছে, সাকারার প্রাপ্ত মামিটি খৃঃ পূর্ব তিন হাকার বংসর আগের এবং মেতুমের মামিটি খৃঃ পূর্ব ২৭৫০ থেকে ২৬২৫ বংগরের মধ্যে প্রস্তুত হয়েছে। শাকানার মামিটির আপাদ-শক্তক এমন ভাবে ডাক্ডারী ব্যাপ্তক্তের মতে কিতে কড়িয়েই বাতে মৃত্তের আকৃতি একেবারে অটুট থাকে।



ম্যমির বাধন (ভিন্ন প্রকার) (এ তৃটি জ্বাগের
মক একেবারে বুলেট বাধন নর। বাদামী
খন্ন ছেড়ে বাধন দেওরা হরেছে। একটির
প্রত্যেক বাদামী খরের মাঝথানে
সোণালী ভবক মারা জ্বাছে—জ্বপরটিতে গিল্টির বোভাম জাঁটো।)

মৃত ব্যক্তির গ'তে চর্মের উপর ছিল ভাতে বে-ছোপ্ ধরেছে সেই কিভে পরীকা ক'রে জানা গেছে বে অগন্ধি দ্বা লেপন ক'রে দেহ রক্ষা করবার চেষ্টা করা। হ'রেছিল, কিছ, সে চেষ্টা সফল হয়নি। অথচ, মেছুমের ে 'ন্যামিটি' সেটি কিছুমাত বিক্ত হয়নি। সমস্ত মাহ্মটি
একেবারে অফুলভাবে বজার আছে। এই মৃতদেহটি
রক্ষা করবার প্রধান সম্পূর্ণ সার্থক হয়েছে। স্বভরাং এই
ছটি 'ন্যামি' থেকে আমরা এই কথাটা জানতে পারছি
যে থং পূর্ব্ব তিন হাজার বংসর পূর্ব্বেও শবদেহ রক্ষার
চেষ্টার মিশরীরা সম্পূর্ণ ক্বতকার্য্য হ'তে পারেনি, কির
ভার তিন চার শত বংসর পরেই ভারা এ বিশ্বে অদ্ভূত
দক্ষতা লাভ কারতে পেরেছিল।

রঞ্জনের আঠা-মাথা আবরণের নীচের মৃতের দেহ একেবারে অক্ষত অবিনশ্বর হরে বিশ্বমান রয়েছে এবং বর্তমান জগতের বিশ্বর উৎপাদন ক'রছে।

এই দে মৃত-দেহ রশ্বনের আটা-মাধানো ব্যাণ্ডেলে বেঁদে রাথা হ'ত এর তৃটি উদ্দেশ্ত ব্যুতে পারা যায়। প্রথম—শব অবিকৃত থাকবে বলে, বিতীয়—মৃতের শরীরের একটি অন্তিম প্রতিছেবি রাথা। গোড়ার চেঠা হয়েছিল বাতে এই 'ম্যামিটকেই' মৃতের প্রতিমৃতি ক'রে



মিশরের অস্ক্রোষ্ট (মৃতদেহকে ৭০ দিন স্থরভি আরকে ভিন্ধিয়ে রাধবার পর তুলে স্থান্ধী আঠার সিক্ত দিভের মত কাপড়ে ব্যাণ্ডেন্ধ বেধে 'ম্যমি'তে পরিণত করা হচ্ছে।)

মেত্যের 'ম্যামিতে যে ব্যাণ্ডেজ জড়ানো আছে
সেগুলি কজনের আঠার ভিজিয়ে আঁটা এবং এমন
স্কোশলে জড়ানো যে উপর থেকে মৃত ব্যক্তির আকৃতি
অবিকল চেনা যায়। মুখখানি এত যত্নে আবৃত করা হ'য়েছে
বাতে জীবস্ত মুখের সজে তার কোনো পার্থকা না থাকে।
গোঁক চুল সমন্ত হবছ বোঝাবার জন্ত সবৃজ্ঞ ও মেটে রং
মিশিয়ে এঁকে দেওয়া হয়েছে, এমন কি চোবের পাতা
পল্লব মণি ও ক্র চুটি পর্যান্ত জীবস্তের মত ক'রে রেখেছে।

ভোলা যায়। কিন্ধ, যথন দেখা গেল যে সেটা সন্তব নয়, তথন কাঠের পাথরের কিন্বা চুণের একটি প্রতিমূর্ত্তি নির্মাণ করে সেটি আবার ঠিক মৃত ব্যক্তির চেহারার মত রং ক'রে এবং তার বন্ধ ও অস্তাদিতে সজ্জিত ক'রে সমাধিককে শবের সক্ষে তাপিত করা হ'ত। এই মূর্ত্তি গড়ার পশ্চাতে ছিল মিশরীদের নব জ্বম বা জ্বমান্তরে নবজীবনের উপর বিশাদ। কারণ এই মূর্ত্তি যারা নির্মাণ করে দিত মিশরীরা তাদের নাম দিয়েছিল 'পুন্জীবক'

ভাস্কগ্যকে তারা বলত 'নবস্টি' ! মূর্জি নির্মাণকে তারা মনে করত' "নবজীবন দান !"

মিশরপতি মেনটুহোটেপ্ যে পীরামিড নির্মাণ করিয়েছিলেন তারই ধ্বংসাবশেষের ভিতর হ'তে ফ্যারো-য়ার যে ছয় রাণী ও এক রাজপুত্রের 'ম্যমি' পাওয়া গেছে সেগুলি পরীকা ক'রে জানা গেছে যে এ পর্যান্ত যে উপায়ে মিশরে শ্বদেহ রক্ষিত হচ্ছিল এগুলি সে উপায় রক্ষা করা হয়নি। এই ছয় রাণী ও কুমারের **হেরোডোটাস্ মিশরে যাবার বোলো শ° বৎসর পু**র্ফের

শবদেহ সম্পূর্ণ অবিকৃত রাখবার কৌশল মিশর সর্বাপেক্ষা অধিকতর উন্নত রূপে আন্তর্ভ করতে পেরে-ছিল খৃঃ পূর্ব দেড় সহত্র বংসর পূর্বে। এই সমর মিশরের অধিকারে এসেছিল প্যালেষ্টাইন, সিরীয়া, পূর্বে আফ্রিকা, আরব প্রভৃতি দেশ, যেখান থেকে প্রচুর ধূনা গুগ্তুল্ রক্তন, সুগন্ধি নির্যাস, আবলুশ্ কাষ্ট্র ইত্যাদি পাওলা



মিশরাধিপতি ফ্যারো প্রথম শেটীর মৃতদেহ



মামিরথ ও মৃতদেহ (প্রথম শেটা)



टिंगटिंगटम मिनादेव ठठूर्थ कार्राद्या अवः अक बानीब मृज्यास्त्र मामि


মৃত-দেহ সম্পূর্ণ এক বিভিন্ন প্রথার অবিকৃত রাথা হয়েছে।
ভাছাডা এই মৃত-দেহগুলির আর একটি বিশেষত্ব হ'ছে
এর মধ্যে ছটি রাণীর অকে উদ্ধী চিহ্ন দেখতে পাওয়া
গোছে। মিশরে ইতিপূর্বে আর কোনো শবের দেহে
উদ্ধী চিহ্ন দেখতে পাওয়া যায়নি; স্তরাং, অমুমান
করা বেতে পারে যে উদ্ধী-প্রসাধন-প্রথা এই সময়
থেকেই প্রথম মিশরে প্রচাশত হয়েছিল। এ প্রার

বেতো। শবদেহ রক্ষার জক্ত এ সকল একান্ত প্রয়োজনীয় ছিল তাদের। কাজেই শবদেহকে স্থান্তি নির্যাদের প্রলিপ্ত ক'রে কাষ্টাধারের মধ্যে রক্ষণ করার প্রণালীটা বিজ্ঞান ও কলা হিসাবে এ সময় প্রভৃত উরতি লাভে সমর্থ করেছিল। এর পরও এ ব্যাপারের জারও বেশী ক্রমোরতির পরিচর পাওরা গেছে চারজন টোটেম্সের, দিতীয় আমেনহোটেপ, জাযুআ, তুারা,—রাজ্ঞী ভাইনীর পিতামাতা প্রভৃতির

মামিতে। **আবার, আরও উৎকৃণ্ডর** মামি পাওয়া গেছে ফ্যা**রো প্রথম শেচী ও** দিতীর রামাদেশ্ প্রভৃতির

শ্বাধারে। এ প্রায় খৃ: পৃ: সহস্র ব ৎ স রে র কিঞ্চিদধিক পূর্বে।

এরপর মিশরে কিছু-দিন ভীষণ অরাজকতা চলেছিল। অৰ্থাভাব, অন্নভাব এবং বেকার সংখ্যা বেড়ে ওঠার চারি-দিকে চুরি ডাকাতি লুঠ ও রাহাজানি অুক হয়ে-ছিল। এই সময় অধিকাংশ ভারোদের সমাধি মন্দির ও শবা**ধার লুঠ হয়েছিল।** কারণ পুর্বেই বলেছি যে ম্ল্যবান শ্বাধাবের সঞ্ বল্যুল্য আসবাব্পত্ৰ মণি দাণিক্য স্বৰ্ণাল কার প্রভৃতি দেও য়া হত। সম্প্রতি টুটেনখামেনের



ম্যমি আকারে শ্বপেটীকা

যে সমাধি আবিষ্ণার হরেছে তার মধো এই ঐখর্যোর কতক নিদর্শন পাঞ্জা যার। কারণ টুটেনথামেনের সময়



আইয়ুআৰ মূত-দেহের মুখ


মিশর নপতিদের ভগ্গদশা উপস্থিত হয়েছে। সেই অবস্থাতেও দি তার সমাধি-কক্ষে এত ঐশব্যার সমাবেশ

হ'তে পেরে থাকে ভাহ'লে প্রবল পরাক্রান্ত ফারো তৃতীর টোটমেশ, তৃতীর আমেন হোটেপ্, প্রথম শেটী, এবং মহাবল র্যামাশেসের কবর—যাদের পদতলে ত্রা-নীন্তন সমস্ত সভ্য জগতের সকল সম্পদ লুটরে পড়েছিল,



ম্যমির চরণ-যুগল (জনৈক মৃতা মিশর তরণীর সাল্ভারা পাদপদা)

তাদের সমাধি ককে না জানি আরও কত মহাম্ল্য জ্বসম্ভারই না ছিল। যাইহোক্ এই লুঠ তরাজ ও অবাজকতা বন্ধ হয়ে যথন মিশরে আবার শাস্তি স্থাপিত




দেহাংশের মামি (সভবত: মৃতের দেহ পাওয়া যায় নি, বকা পভর আক্রমণে মৃত্যু হয়েছিল। যেটুকু দেহাংশ পাওয়া গেছল তাই-ই মামি করে রাধা হরেছে।)

হ'ল তথন এই সব অপস্তত রাজশবের অমুসন্ধান চলতে লাগলো এবং বছ চেষ্টার কতক কডক উদ্ধারও হ'ল; কিছ শবের গাত্র হ'তে মূল্যবান আছোদন খুলে নেওয়ার ফলে এবং শবদেহ অষত্ত্বে কেলে রাথার জ্বন্ত ফ্যারোদের ম্যামি-গুলির অধিকাংশই তথন আর অক্ষত অবস্থায় ছিলনা, কাজেই সেগুলি আবার পুনর্গঠনের প্রচেষ্টা হয়েছিল; এবং আর যাতে চুরি না হয় এজন্ত স্মৃঢ় শবাধারে রাথা হয়েছিল।

. এই সব বিনষ্ট 'মামি'গুলিকে পুনর্গঠিত করবার সময় যে প্রথা অবলম্বন করা হয়েছিল তা' মিশরে শবদেহ রক্ষার জন্ম প্রচলিত কোনো ব্যবস্থার সঙ্গেই মেলেনা। সভামতের দেহ ে সুরভি নির্ধানে বা সুগন্ধ আরকে অভিষিক্ত করে নিয়ে চিরস্থায়ী করবার চেষ্টা করা হ'ত, বরং তাদের প্রতিমৃতি বলা যার। শেমের দিকে মিশরে আনেক সভামৃতের দেহও এইভাবে সংস্কৃত ক'রে রাখ। হত।

পূর্বেই ব'লেছি মৃতদেহ রক্ষা করবার পূর্বে ভার পেট থেকে বৃক পর্যান্ত চিরে নাড়ী ভূঁড়ি প্রভৃতি বাব ক'রে কেলা হ'ত; কিন্তু, দেগুলি নাই করা হতনা। পূথক পূথক কড়ির জারের মধ্যে স্থান্তি আরকে ভিজিয়ে মৃতের শবের সক্ষে সমাধি-কক্ষে রাখা হ'ত। পরে পূই পূর্বে সহস্রাধিক বৎসর পূর্বে শবদেহ রক্ষার স্থানীয় সাধনার নিশর বধন পূর্ব সিদ্ধিলাভ ক'রেছিল তথন এই কুসকুস্ যুক্ত পাকস্থলি জন্ম মুত্রাশর প্রভৃতি শবদেহ চিরে



রাজ শবাধার (মিশরের ফ্যারো নূপতি বিতীয় আমেনহোটেপের শবাধার ও তন্মধ্যস্থ শবদেহ)

এই ক্লন্ত-বিক্ষত ও ধবংসোন্থ পুরাতন ম্যমিগুলিকে আর দে উপারে উদ্ধার করা সম্ভব নয় বুঝেই অন্ত্যেষ্টিকার পুরোহিতেরা শবদেহগুলির বিনট অংশ পুনর্গঠনের জন্ম ছিলবস্ত্রপণ্ড ও কাদামাটি ব্যবহার করতে বাধ্য হ'রে-ছিলেন। নট চক্ষ্ পুনরুদ্ধারের আর কোনো উপার না দেখে নকল চোথ বসিরে দিয়েছিলেন। নাক কান ঠোঁট প্রভৃতির জন্ম মোমের ছাঁচ ব্যবহার ক'রেছিলেন। এবং শেষে মৃতের বশীল্পারে শবদেহে রং দিয়ে গাত্রচর্ম সজীবের স্থার ক'রে তুলেছিলেন। স্তরাং এই সব পুনর্গান্তিত 'ম্যামি'গুলিকে' আর মৃত্তের শবদেহ বলা চলেনা,

বার ক'রে পরে প্রন্তি আরকে সেগুলিকে অবিনখর ক'রে নিয়ে পুনরায় মৃতের শরীরের মধ্যে ভরে দেওয়া হ'ত; প্রত্যেকটিকে অবশ্য স্যত্ত্বে প্যাক করে করাতের গুঁড়োর সঙ্গে মৃতের দেহাভাস্তরে তুলে রাধা হ'ত।

কিন্ত, এই দেহরক্ষার ব্যাপারে এত বেশী হারামা বা ক্সাটা অর্থাৎ এতরকম খুটিনাটি ও কুটকচালে কালের ঝঞাট, আর এত সময় নই ও অর্থবায় হয় যে ক্রমে লোকে আর অতটা পেরে উঠছিল না। কাজেই মিশরের এই বিশায়কর শ্ব-সংরক্ষণ-শিল্পেরও ক্রমশঃ অবনতি ব্টভে হার হল। তথন দেহরক্ষার প্রতি তত্ত চন্দাবাগ না দিরে 'ম্যামির' বহিরাবরণ বা আচ্ছোদন-বন্তের কার্ক্র-কার্য্যের দিকেই অধিক লক্ষ্য পড়েছিল তাদের। গ্রীক্
ও রোমান অভিযানের সময় মিশরে এইরকম নানা
বিচিত্র কার্ক্রার্য্য-থচিত শ্বাধারে সুরঞ্জিত ও সুচিত্রিত
বহিরাবরণে আচ্ছোদিত 'ম্যাম' একাধিক দেখা যেত।
গৃষ্টান পাত্রীরা অনেক চেষ্টা করেছিল মিশরের এই দেহব্যা করবার বর্ষর প্রথা বন্ধ ক'রতে। নিশর সেদিন

খৃষ্টধর্ম গ্রহণ করেছিল তবু পাজীদের আদেশ মানেনি। তাদের পৌরাণিক শবরকার প্রথা তারা খৃষ্টান হরেও পরিত্যাগ করেনি। তারপর যথন আম্বর আক্রমণে বিদ্দেন্ত হ'রে সমন্ত মিশর ইস্লাম ধর্ম গ্রহণ ক'রলে সেদিন কঠোর মুসলমান শাসনের প্রচণ্ড পীড়নে মিশরের দীর্ঘনার এই পৌরাণিক আন্ত্যেষ্টি প্রথা—মিশর সন্ত্যতার এই বিশিষ্ট দান—'শবদেহ রক্ষা' একেবারে বন্ধ হ'রে গেছল।

নষ্ট-নীভূ

শ্রীসতোন্তনাথ ঘোষাল

আমারই জাঠতুতো বোন্। বয়দ হয়েচে, কিছ বিখাদ হয় না, অর্থাৎ বয়দের চপলতা কিছুমাত্র নেই। ন্যাট্রক লাসে পড়ে, তবুও শিশু। জন্মতারিথ খতিয়ে দেগুতে গোলে দেখা যায়, ম্যাট্রক পড়ার অঞ্পাতে বয়দ কিছুমাত্র কম নয়, বয়ং বেশীই। দেহের অঞ্পাতেও বয়দ অল ৮খায় না। সমশু অলে প্রথম-যৌবনের চমক-লাগা চেউ। খুঁত যা আছে তা চোথেই পড়ে না। সমশু মুথে যে লাবণা, তা সচরাচর দেখা যায় না। বোন্ ব'লে বল্চি তা' নয়, বয়ং খাটো করেই বলচি। যাই হোক, বোনের রূপবর্ণনা করা যখন নীভিবিক্ছ, তখন সংক্ষেপে বলে রাখি, অ্যমা অল্মনী। রূপ, যৌবন, শিক্ষা, জন্মতারিথ—কোনোটাই তার শিশু-বয়দের অপক্ষে নয়, তবু বল্লাম শিশু। কেন. সেই কথাই বলব।

স্থমার বয়স হয়েচে, কিন্ত বিবাহের বয়স নয়।
জাঠামশায়ের মত পোঁড়া হিন্দুর সমাজেও কেন যে
বল্লাম স্থমার বিয়ের বয়স হয় নাই, সে কথা বৃঝিয়ে
বলা লরকার। স্থমা বিবাহ-শিশু। বাল্যবয়সে বিয়েটা
জামাদের দেশে নতুন নয়—হামেসাই ঘট্চে, সংসারও
তাদের নিয়ে চল্চে। তার কারণ, জামাদের দেশে
মেয়েদের বিবাহসংস্কার যেন জন্মগত। এইথানেই স্থমার
সলে সাধারণের প্রভেদ, এইথানেই সে শিশু।
জ্যাঠামশার নির্ধন, কিন্তু জ্বসামাক্ত পণ্ডিত। ইংরেজি
সাহিত্য, সংস্কৃত ও দর্শনে তার জারণ তিনি সে বিষয়ে
বাইরে সে সংবাদ যার না—তার কারণ তিনি সে বিষয়ে

উদাসীন। মেরেকে বাড়ীতে পড়িরেচেন, ম্যাট্রিক দেবে-দেবে। জ্যাঠানশারকে গোঁড়া হিন্দু বলেচি, কিন্তু তিনি ঠিক্ তা' ন'ন্। তিনি গোঁড়া সমাজের পতাহগতিক হিন্দু। হিন্দুর গোঁড়ামি তাঁর ছিল না, অথচ সমাজের গোঁড়ামিকে মনে মনে ভয় করতেন। সমাজধর্ম সবই মানতেন, কিন্তু ছেলে-মেরেদের ভ্লেও কোন দিন, কথনো ও-স্থরে কোনো কথা বল্তেন না। ফলে, ভা'রা এ স্থন্ধে কিছু ভাব্ত না। এম্নি সব কারণে স্থমার পরিগঠন হয়েছিল যে উপাদানে তা দেশী নেরেদের থেকে পৃথক্। বালালী মেরেদের বৌ-বৌ, পুত্ল-থেলা প্রভৃতি থেকে স্ক করে কোনো সংকারই সে পার নাই।

খভাবত ই স্থমা অখাভাবিক গন্তীর ও ধীর, অত্যন্ত চুপ্চাপ্, বিনয়ী, অসাধারণ সংযত, ভায়ী সাদাসিধে ও প্রথম বৃদ্ধিতী। সংলাচ, জড়তা একেবারেই নেই। এক কথার, সে যেন অখাভাবিক। স্থমাকে কথনো সশকে হাস্তে শুনেচি ব'লে মনে হয় না। তার খাভাবিক বিষল্প মুখে সামাস্ত হাসি ধরা পড়ে না। সে ভাল কি মন্দ, এ কথা মনেই হয় না,—শুধু মনে হয় সে আনস্তসাধারণ। হয় ত কোনো কাজে 'লাজিনিকেতনে' বেড়াতে গেছি। ভাবলুম, কল্কাতা ফিরবার আগে একবার দেশের বাড়ীটা ঘুরে আসি, অস্ততঃ ঘণ্টাখানেকের জন্তা। গ্রামের প্রান্তে স্থানের সাম্নে বড় মাঠ, চারি দিকে ধানের ক্রেত, পাশে আমবাগান, পরিপূর্ণ সৌল্বাঃ। পৌছে

দেখি, অ্ষমা একা নির্ভন্নে পারচারি কর্ছে। খোলা मार्ठ, এक लाट्न (कांकड़ - ह्व मांअठानामत्र (हत्न वांनी বাজ্বাচ্ছে, স্থালর ক'ট। ছরস্ত ছেলে দৌড়ে বেড়াচেচ, আর গ্রামের ফকড় ছেলেরা সিগারেট-মূথে বসে গর করচে। অ্যমার দৃক্পাত নেই। মনে হল যেন, যতদুর मिथा योग क्वतन त्म—हे এका—এই ভাব। আমাকে দেখে যে আনন্দের কণপ্রভা খেলে গেল তা বুঝতে পারলুম, কিছু ভাবে বা ভাষার তা প্রকাশ পেল না। পা ছুঁরে আমার সেই মাঠের মধ্যে প্রণাম করে দাঁড়াল। একবার জিজেদ্ কর্লেনা, আমি কোথা থেকে আর কী জন্তই বা অকমাৎ এখানে এলাম। বিম্মন্ত প্রকাশ করলে না। বল্লাম, "সুবি, তুই বুঝি প্রভাহ বিকেলে **এখানে বেড়াস্?" বললে, "ই্যা দাদা"—বলে এমন** ভাবে মুখের দিকে তাকালে যে সেখানে দাঁড়িয়ে গোবর্দ্ধন স্থায়রত্বমশাষ্ট্রের মুখেও নিষেধের কোনো ভাষা উচ্চারিত হ'তে পারে না। তাকে দেখলে, তার কোনো কিছুতেই নিষেধের কথা মনেও হয় না।

কিন্ত এই সুষ্মার বিষের জন্মই কিছু দিন যাবং জ্যোঠামশার ব্যস্ত হয়ে পড়েচেন; বলেন, বরুদ হ'রেচে। আমার বন্ধবান্ধবদের মধ্যে যদি পাত্র মেলে এই মর্মে একদিন জ্যেঠামশায়ের পত্র পেলাম। আমি লিখলাম, স্থাধির বিষের বয়স হ'তে এখনো দশ বৎসর। জ্যোঠামশায় চটে গেলেন, লিথ্লেন, ভোকে লেখাই আমার অকার হয়েছিল,—তুই হলি 'বেম'। তিনি আমার মতামতের জন্ম আমায় কথনো সায়েব, কথনো 'বেম' বলে পরিহাস করতেন। যাই হোক, এবার উত্তরে দীর্ঘ চিঠি লিখে বস্লাম। লিখলাম্, ভধু যে অ্ষর বিয়ে বছ দেরীতে দেওয়া যায় তাই নয়, তার বিষে না দিলেও কোন ক্ষতি নেই। তাকে বতদ্র জানি, তার মধ্যে সংযমের একটা অদীম শক্তি আছে। অকাল-বিবাহের পরিহাসের মধ্য দিলে দেটাকে ব্যর্থ হতে দেওয়া ওধু অবাহ্নীয় নয়, নিছক্ মূর্থতা। অনেক এ'কথা দে'কথা লেখার পর, টল্টর উদ্ধৃত করে লিখলাম, নারীত্ব একটা বিরাট किनिव; माज्यक मरक अब विद्याध विष्टे वा ना वार्ष, অন্ততঃ তাতেই যে এর একমাত্র বিক্লাপ নর, সে কথা জোর গলার বলা বার। নারীকে পূর্ণা মহীয়দী তথনি বল্ব, যথন "·· she regards virginity as the highest state, and does not, as at present, consider the highest state of a human being a shame and a disgrace." সব শেবে লিখুলাম; আমি বিবাহ উঠিয়ে দিয়ে পৃথিবীটাকে moral gymnasium বানাতে আসি নাই। আমি তর্ব বল্তে চাই, বিয়ে লাও ক্ষতি নাই, কিন্তু বিয়ে দিতেই হবে, এর কোন মানে হয় না। বিয়ে দেওয়ার ক্ষম্ম এই হাজোদীপক উন্নত্ত ভারতবর্ষ ছাড়া পৃথিবীতে আর কোধাও আছে কি না সন্দেহ। অন্ততঃ স্থির মত মেয়ের ক্ষম্ম যে এ উন্মত্ত শোভা পায় না, সে কথা নিঃসকোচে বলা যায়।

উত্তরে জ্যোঠামশার শিথলেন, বাবা, তোমার যুক্তির বিক্লকে ঠিক যে কি বলা উচিত তা আমি ভেবে পাছি না। সবই বৃঝি, তবু সমাজে যথন আছি তথন সমাজকে আমি ঠেকাতে পারব না, সত্যকে ঠেকালেও। তার ম্যাট্রক দেওরার কথা শিথেচ; দেখি ক্তদ্র কী হর !—এ চিঠির আর আমি জ্বাব দিলাম না।

()

স্বমার বিরের জন্ত আমার মতের প্রয়োজন ছিল না।
স্তরাং আমি বথন জ্যোঠানশারের চিঠি পেলাম যে ভার
বিবাহের দিন স্থির হরে গেছে, এমন জি, নিমন্ত্র-পত্র
ছাপানোও হ'রেছে এবং আমি যেন ৭ই অদ্রাণ অবশ্র
অবশ্র যাই, তথন বিন্দুমাত্র আশ্চর্যা হই নাই। স্থবিকে
অত্যন্ত ক্ষেহ করভাম বলেই বেতে হল। অধ্যাপনার
কাজ হ'দিনের জন্ত মুক্ত্বি রেথে ছুটি নিলাম।

ভনলাম, পাত্রটি বি-এ পাস ক'রে ডেপুটি হরেচে এবং দেপতেও সুঞ্জী। কতকটা নিশ্চিন্ত হলাম। যাক্, মেরেটা সুখী হতে পারবে। এমন কি পড়ান্তনোও আরো কিছুদ্র চল্ডে পারে এমন আশাও হ'ল।

প্রমার সংগ দেখা হ'ল। বাইরে থেকে ভার কোনো পরিবর্ত্তন চোধে পড়ে না। কিছু আমার বেন মনে হ'ল, সে বলতে চার, এ'র কোনো দরকার ছিল না। বাই হোক, ঠাট্টা করে বল্লাম, কি রে পাগ্লি। এবার ত ডেপুট-গিরি; আমাদের সংগ কি আর কথা বল্বি? সে বিষয় ভাবে হাস্লে। একবার চার দিকে চেয়ে বল্লে, দাদা, বছ দিনের অপ্ন ছিল, ইংরেজি, বাংলা, সংস্কৃত-সাহিত্য; অপ্ন ছিল, তোমার মতে। জীবন—কলেজের অধ্যাপক। তোমার বড় সেহের দান, John Masefield' এর কাব্যগ্রন্থ,—কত সাধ ক'রে কিনে দিয়েছিলে। কালও রাভিরে চোধের জল ফেলেচি, আর পড়েচি.

I must go down to the seas again, to the lonely sea and the sky, And all I ask is a tall ship, and a star to steer her by.

কিন্তু আজে সে বৰ জন্মের মত বাজ-বন্দী করে রাথলাম।

এ জীবনে তাদের সক্ষে আর কথনো সাক্ষাৎ হবে না।

সাহনার হ্বরে বল্লাম, সে কিরে! বিয়ের পরও ত
কত মেরে বি-এ, এম-এ পাশ করচে। তুই ঘাব্ডাস্
কেন? সে এবার অত্যক্ত কঁ,ল্তে লাগ্ল। থানিক
পরে কিছু শান্ত হ'রে বল্লে, সে হবার জো নেই, দাদা!

Matric দেব বলে বাবা মত চেয়ে পাঠিয়ছিলেন, মত

দিলেন না। হ্বর হ'রে চুপ্ করলাম। কিছু পরে
বললাম, আরে তুই ভাবিস্ কেন? হারং ভেপ্টি সায়েব
ভোর সহার।—আমার ধাবণা ছিল, একটা আধুনিক

শিক্ষিত ব্বকের কাছে অন্তঃ এটুকু আশা করা যায়।

স্বি কিন্তু ঘাড় নেড়ে বল্লে—ভারই অমত। এর পরে
আর সায়নার ভাষাও বুঁজে পেলাম না। কাজেই ধীরে

ধীরে হান ত্যাগ করলাম।

বরের আসনে ধীরেনকে দেখে ধেমন বিশ্বিত তেয়ি প্রকিত হলাম। চার বছর একসকে সাহেবী কলেজে পড়েছি। মাত্র আজ বছর তিনেক ছাড়াছাড়ি। অনেক কথাই মনে পড়তে লাগ্ল। ধীরেন ও আমার বরুর খুবই নিবিড় ছিল। ছজনে কী না করেছি। কেমন করে সমাজ-সংস্কার করব, দেশের কাজ করব, অবিবাহিত-জীবন মহাত্মা গান্ধীর মত নৈতিকভাবে যাপন করব, এই সব রাত্রি জেগে চিন্তা করেচি। ছজনে মিলে টলাইরকে গিলে খেরেছি, আবার স্থীশিক্ষার সম্বন্ধে কত বড় বড় 'শ্বীম্' তৈরি করেচি। সেই ধীরেন দেখি দিব্যি ডেপ্টিবাব্ হরে বিয়ে করতে এসেচে। ধীরেন ও আমি হটেলের মধ্যে নামকরা কালাণাহাড় ছিলাম,—কিছুই মান্তাম না, কোন নিষেধই না। ছইজনে

'বাৰ্ণাড ্ৰ' আওড়াতাম আর বল্ডাম,—"Construction cumbers the ground with institutions made by busy bodies. Destruction clears it and gives us breathing space and liberty." ভাঙবার म छनात, निरंवध अपवट्टना कंद्रवाद मक्दल, यि हो কোথাও বাধ-বাধ ঠেক্ভ, ভাবাবেগে সংস্কারাতিশয়ে ধীরেন তা গ্রাছের মধ্যেই আন্তনা। মেরেদের কর্মকেতা নিয়ে আমি যদি কথনো বলতে रगडांग, रमथ धीरवन, ववील्यनाथ वरनरहन, "रबरववा किएम পাগলের মত টেচিমে উঠ্ত, Hang त्रवीसनाथ, তোমার মাথা,—জগতের দিকে ভাকিরে দেখ-এটা suffragism এর যুগ, ইত্যাদি। পরে Amy Johnson ও Ibsen এর Nora প্রভৃতিকে এনে এক কাও বাধিয়ে তুল্ত। আমি যদি বল্তাম,---"পুরাণমিত্যের ন দাধু দর্বাণ্" দে একটু বদলে বলত,-পুরাণমিত্যেব অসাধু স্কাম্।"

সেই ধীরেন বিদ্নে করতে এসেচে। আফুক ক্ষতি নেই। কিন্তু ধীরেন ধীরেনই আছে ত ? যৌবনের কল্পনাটা না হয় নিছক কল্পনাই, কিন্তু মতটাত হঠাৎ বদলানোর জিনিষ নয়। সহসা পরিবর্ত্তমান মতিকে ত সত্যকার মতি কোনমতেই বলা ষায় না। চপলমতি কপটাচাগীতেই শোভা পাগ়। যে মতিকে লক্ষ্য করে উপনিষৎ বলেছেন,—"নৈষা তর্কেন মতিরপনের।"—সেই মতিই ত সত্যকার মতি—তাতেই ত দেশের কল্যাণ সাধিত হয়। এই সমন্ত তেবেই ধীরেনকে দেখে আমি বিশ্বিত হলেও পুলকিতও হয়েছিলাম। আর বোনের ভবিশ্বৎ সম্বন্ধে একটু আশার আলোও বেন দেখলাম। এমন কি স্থিব যে বলেছিল—"তাঁরই অমত"—সে কথা আমার অবিশ্বাস্থ বলে মনে হল।

আমি বেশ উৎক্র হরে ধীরেনকে সংখাধন করলাম
— "আরে ধীরেন বে! Gracious Goodness!— এত
নিকট সম্বন্ধের মধ্যে যে কোনে। দিন ভোকে পাব তা
ভাবি নি! আমার ভাগনীপতি হচ্ছিন, ব্যুলি রে?"
বেশ লক্ষ্য করলাম ধীরেন আমার দেশে একটু অপ্রতিভ
হরেছে,— এমন কি সে যেন অত্যন্ত শুক্ষ হরে উঠল। তব্

জোর করে বল্লে,---"আরে নিখিল-দা যে !" ভার পর হঠাৎ রসিকতা করে বলতে গেল. "শেষে বেমার বাড়ীতে বিশ্বে করতে এসে পড়লাম দেখ্চি যে। এখন উপায়।" হেদে বল্লাম, "উপায় ত দামনেই। ঐ ফুলেঢাকা মোটর দাঁড়িয়ে আছে-speed off back! কিন্তু আমি না হয় বেম, তুই এত হিঁত হলি কবে থেকে বল দেখি।" বৈশ দেখলাম, ধীরেন আপাদ-মন্তক চম্কে উঠ্ল। তার পর लब्छात्र लाल रुप्त रहत, "ब्यात मामा, हित्रकाल कि তোমার মতো Bohemian হয়ে বেডালে **চলে ?"—वरल গল্পপ্রা**দ্দি 'কোট' করে বল্লে--"Everybody who is anybody has got to buckle to." আমাকে 'বহীনিয়ান' বলার কোনো সম্ভ কারণ দেখতে পেলাম না, কিন্তু সে সম্বন্ধে চুপু ক'রে থাক্লাম। বল্লাম, "ধীরেন, সুষি আমার কাঠতুতো বোন্। কিন্তু ভাইবোন্ বলতে আমার ঐ একটিই পুঁজি। সে বে এখন ভোর হাতে পড়চে, এই আমার বড় সান্ত্রা। স্থাকে বতদিন পেরেচি পড়িয়েটি; কিছ তার ওপর আমার বিশেষ জোর খাটল না বলেই তার অকালে বিয়ে দেওয়া হচ্ছে, এটা তোকে না জানিয়েই পারলাম না। সুষিও একাল দেকালের মধ্যে মামুষ हासाह, किंद रम ठिक "कुमातमञ्जलवत" रगोती । इस नाहे, "বোগাবোগের" 'কুমু'ও হয় নাই। বিপ্রদাসের মত দাদা সে পার নাই সভা, কিন্তু বরের আসনে যে মধুসুদন ষোষাল আনে নাই দে বিখাস আমার আছে।" দেখলাম ধীরেন বোকার মত আমার দিকে তাকিয়ে আছে। আমিও কিছুক্তবের জন্য চুপ করে গেলাম। থানিক পরে মুকু করলাম, "দেখু ধীরেন, কাল সকালেই আমার বেডে হবে। আবার কথন তোকে পাব জানি না। এই रवना **ए**टी कथा व'रन नि—कि**इ** मरन कवित्र ना छाहे !" সে যেন একটু সম্ভত্ত হ'ৱেই তাকালো। বল্লাম, "বিশেষ কিছুই নয়। সুষি একটু পড়া-পাগল; তাকে তুই বিখ-विकामग्र (थरक मरक मरक (करफ निम्ना। शरत वरम ভাল ভাল বই পড়বার freedomটুকু অন্ততঃ তোর মত ছেলের কাছে আশা করা বায়। তুই তাকে সেটুক্ স্থযোগ থেকে বঞ্চিত করিদ্না।" এইটুকু ব'লেই আমি भीरत्रान्द्र मिर्क ठारेनामे। देन थक्ट्रे श्रेष्ठीत रुख किङ्क्ल

की रयन एडरव निरम, भरत छेखन कन्नरम, "रमथ निथिनम्। তুমি ভাই রাগ ক'রো না। একটা কথা বলি-কলেজের নে দৰ তরল-যৌজিক কথাগুলো ভূলে বাও। আদলে আমার বর্ত্তমান মত হচ্ছে যে মেরেদের বি-এ, এম-এ পাশ করানোর কোনো প্রয়োজন নাই: বিশেষ ক'বে বিষের পর পড়াশুনো মানে, domestic duty অব্রেলা করা৷ তবে আমি ঘরে ভাল ভাল বই পড়ার যদ্ধ সম্ভব liberty দেবো।" ধীরেনের বক্তৃতার অবাক হ'য়ে গিয়েছিলাম। দে থান্লে পর সামি তার দিকে বিষধ-কঠিন দৃ**ষ্টিভে** ভাকালাম। সে কিছুক্ষণের জ্ঞান্ত ভার দৃষ্টি নত কর্ল: পরে ঠিক যেন সাহ্নার স্থ্রে বল্লে, "নিধিলদা, ওঁর কোন subject a বেশী taste वन छ, आभि अंदर दन विषया वहे-हेहे पिटम श्राम श्रामा দেৰো!" আমার কাছে কোন কবাব না পেছে আবার वरहा, "Literature a taste (वनी (वांध इब-की वल ?" একটা দীর্ঘনি:খাদ ফেলে বল্লাম. "বই ওকে ভোমার কিনে দিতে হবে না,—দে ওর বথেট আছে। তবে taste এর কথা যা বশছ, সেটা ঐ अन्न तम्रत्नद स्थापन সম্বন্ধে ঠিক করা কঠিন। আমি ত কলেজে পর্যন্ত সাহিত্যেরই ভাল ছাত্র ছিলাম : অথচ শেষ্টা specialise করলাম অঙ্কে। এমন কী আজ অবধি সাহিত্যকে ছাড়তে পারলাম না। স্থবির ঝোঁক সাহিত্যে সত্য, কিছু আন বা অর্থনীতি তার পকে স্থবিধা হত না, দে কথা নিশ্চিন্ত-ভাবে বলা যায় না।" ধীরেন কোনো উত্তর করল না। বোধ হল যেন সে বিরক্তিভরে চুপ করে আছে। বল্লাম, "যাক্ ভাই, তোকে অনর্থক কট দিলাম। সব ভূলে যা। আমি প্রার্থনা করি, তোরা শান্তিতে থাক।" একটা নি:খাদ ছেড়ে আমি ধীরে ধীরে উঠে গেলাম।

কল্কাতা রওনা হওয়ার আবাগে স্বির সংক একবার দেখা করে গেলাম। মনে মনে বল্লাম,—"স নো ব্ছ্যা শুক্তরা সংযুনকে।"

9

স্বমার ওপর আমার অনেকথানি আশাই ছিল। তার বুদ্ধির তীক্ষতার, ও নামা বিবরের মেধার আমার বিশেষ আহা ছিল। কল্পনা ছিল, সাধারণের একটু প্রপরের ধাপের মন-গুরালা সামার বাঙালী মেরের হারা, গৃহের অবরোধের মধােও যে কতথানি শুভ দৃশন্ত শিক্ষার দীকার দেখানো সম্ভব, তা গুর মধ্য দিরে আমি সফল ক'রে তুল্ব। কল্পনার বাধা যে ছিল না, তা নয়, কিছু দে'টা তত বড় হরে চোখে পড়ে নাই; কারণ, আমার ধারণা ছিল, বাড়ীর মধ্যে ঐ একটি মেরে—ভাকে পড়ানোর বা মাহ্ময করবার স্রযোগ কিছু দিন অস্ততঃ মিল্বেই। অবশেষ ভা কিন্তু হ'ল না।

শ্বন্তর-বাড়ী থেকে স্থ্যার চিঠি পেতাম, ধীরেনের কৰ্মন্তল থেকেও। প্ৰথম প্ৰথম ছোট্ৰ চিঠি জুড়ে একটা বিধাদময় হতাশার সূর অফুভব করতাম। উত্তরে 'গীতার' কোটেশন পাঠাতাম: কিন্ধু আমার আশা হ'ত। সুধির হতাশার আমার আশা হ'ত এই জন্ম যে আমি মানভাম -- ঘতদিন সুধি জানবে সে একটা আনন্দ থেকে বঞ্চিত হতে চলেছে তভদিন সংসারের মধ্যে থেকেও এই আনন্দের টান সে প্রতিপলে উপলব্ধি করবে। তাই তার ভগ্নশার সক্তে আমারও হতাশার যে অন্ধকার যিশেছিল, ভা'তে আমি কীণ আলোও একটু দেখতাম। ক্রমে সুবির চিঠি দীর্ঘ হ'তে লাগ্ল। স্থ্যদেব মাথার দিকে থবোর সভে সভে ছারা যেমন ছোট হয়ে আসে, স্বির নৈরাশ্যের ছায়াও ভেমি তার চিঠির দৈর্ঘার সঙ্গে দ্ৰে কৃদ্ ও কৃদ্ৰ হৈ বি বাগ্ল । ··· "The call of the running tide, is a wild and a clear call that may not be denied"-এ-দৰ কবিতা আৰু তার চিঠিতে পাই না: 'গীতা' বা 'গীতাঞ্লি'র প্রয়োজন আর আছে ব'লে মনে হল না। আমার দেওরা 'পঞ্দশী'-বেদাস্ত পঞ্জু:তর সামগ্রী হরেচে, তা'ও মনে হ'তে লাগ্ল। তার চিঠিতে এখন থেকে জল্গ আশার चारमा, आमात्र मरन প्एम नित्रारणत भीर्य छात्रा। ভাব্লাম, আমার আর প্রয়োজন নাই, সুষি এবার मःमात-कीवत्मत छः आधाम (भरत्रतः। शीरत्रत्मत्र विधि পেলাম। तम निरथरह, "निश्चिल-मा, विरयद मिन, चार्यि যথন ভোমার বলি যে, বেদাক্ত-ফেদাক্ত রাধ, ফ্রায়েড্ প'ড়, বিয়ে-থা করে।, তখন তুমি হেসেছিলে; বলেছিলে, আর বাই করিন, সুবির মাথার ক্রেড ঢোকান্নে। বিবাহের উপহারে তুমি দিয়েছিলে 'উপনিবং', আমি

पिरविक्रगांम Havelock Elis. आंत्र चाक की क्रवहरू. জানো নিখিল-দা ? তোমার বোনের মাথা থেকে উপনিষদের খুঁরো একদম কেটে গিয়ে, ফ্লেডের আগুন জল্চে। তোমার পঞ্দশী পঞ্চ হাজার গ্রন্থের মধ্যে নির্বাসিত, আর দেকগীয়র মোক্ষ্লারের পাশে অনাদৃত।" ধীরেনের চিটি পেয়ে হাসি এল: ছঃখিতও रनाम ; आवात आनम्छ र'न। निध्नाम, "धौत्रम, তোদের শ্বথেই আমার আনন্দ; শ্ববি প্রথে শান্তিতে পাকে, এ' কী আমি চাই নারে ! এই আমার সব চেত্রে वफ़ काम्छ । উপনিষদের অনাদরের কথা যে লিখেছিল. ভাতেও আমার ছ:থের কিছু নেই। আমাদের শাস্ত্রে অধিকার-ভেদকে একটা মন্ত জিনিষ বলা হয়েচে। আমার जून र'रबाह्न धरेशात्महै। किस तम जून श्रायात्मक अ হতে পারত। তাই সে জয় আমি বিশেষ ছঃখিত নই। वतः এ थूव ভानहे हरवरह । कातन धहेि ना ह'रन हत्र छ বছ অঘটন ঘট্ত :—উপনিষদের ধূঁরো হয় ত সুবির মাথার ওপর দিয়ে না গিয়ে তোমার খরের মেঞ্চে থেকে উঠ্ভ, ক্রন্তের আগুন হয় ত সুষির নিজের হাত দিয়ে তার কাপড়ে গিয়ে লাগ্তঃ তাই বলি ভাই, এ খুব ভালই হয়েচে। এই সলে একটা শুভ খবর দিছিত সরকারের সাগর পার হওয়ার বুতিটা এবার আমার ভাগ্যেই পড়ল। শীঘ্রই বছর তিনেকের হ্বন্স এবার আমি-ওদ্ধ নির্বাসিত হচ্ছি, 'উপনিষ্ণ' ত দুরের কথা। দেখ্চি, তোর পুণোর জোর আছে। আমি সর্বান্ত:-করণে ভোদের মঙ্গল প্রার্থনা করি।" উত্তরে ধীরেন ও সুষি তু'জনেই নানারকমে ক্ষমান্তিকা ক'রে, আমার কল্যাণকামনা ক'রে চিটি দিয়েচে। আমি লিখ্লাম, "আমার কোন হুঃথ নেই। তোরা ভাল থাক্। আর ঈশ্বর আমাদের শুভ-বৃদ্ধির দারা সংযুক্ত রাখুন-- এ ছাড়া আমার বলবার কিছু নেই।"

তিন বংসর পর দেশে ফিরে কান্ধ পেলাম ববৈতে।
কাতেই বাংলা দেশের মৃথ দেখতে বিলম্ব হ'ল। কিন্তু
চতুর্থ বংসরের শেবে বাড়ী থেকে ক্যোঠামশায়ের চিঠিতে
বধন জান্লাম অনেক দিন পর হযি তার ছেলেমেয়েদের নিয়ে এসেছে, তখন আমি আর থাক্তে
পারলাম না। কলেক থেকে মুটি নিরে ভামল বাংলার

শৈবালভাষল পুকুরের ভর কাটিরে জন্মভূমিতে পা দিতেই হ'ল।

স্বি এখন চুই পুত্র ও এক কন্তার অননী। মেরেটি কোলের,---তুবির শৈশব-মূর্ত্তি মনে করিরে দের। তুবিকে চিত্তে বে আমার কোনো কট পেতে হ'ল তা নয়! তা'র খুব এমন-কিছু পরিবর্ত্তন টেরই পেলুম না। কিছু তার সে দেহশ্ৰী আর নাই, সুলভাক্লিট ভনিমা ভা'কে কতকটা বেন কুৎশিভই করে তুলেছে। ইয়োরোপের নানান দেশের অবাধ-গতি, অনারাস-ভদী ঝণার মত চঞ্ল, হাক্তমুখর জরুণীদের দেখে এসে, ববেতেও নিরবরোধ সক্ষাণতি মেরেদের দেখে, সুষিকে সহসা আমার আর এক জগতের জীব ব'লে মনে হ'ল। মনে হ'ল বেণী ছলিয়ে, সাবলীল পভিতে সংযত-গান্তীৰ্য্যের गरिक करन करन अरम आसारतत स्रात त्य स्रवि वनक. नाना, धानकारिवात धार्लम मिनट ना, व्यथता जिन्नामित फिलाक्यन राष्ट्र ना. किश्वा वल् होन्ट्सनन कब्दब्र के क'रत्र माध'--- थ त्म श्रृषि नत्र। थ त्यन त्रक्र-মাংলে নিক্সিড, স্থানত্বত-দেহ মেদবছল কোন ডেপুট-পৃহিণী। ভবুদে অ্বি'ই। তার ছেলেমেরেদের আদর क्त्रमाम। वन्नाम, "स्वि, ছেলেমেরেদের নাম কী দিলি ?" সে বলে, "সে'ত ভোমার লিখেই ছিলাম। বড় খোকার নাম স্থলনিভ, ছোট'র নাম অরুণ; মেরের নাম দেওরা হর নি, তোমার দিতে হবে।" কিছুক্রণ **एकरव वन्नाम, "रमरबंद्र माम बाथ, ज्याना।"** श्रृषि वरह. "ও মা, ও কি নাম! ওর অর্থ কী ?" বল্লাম, "অর্থ বাই ट्रांक. (वनत्रविधी श्वी-क्ष्टांत यनि ७-नाम त्रांशा व्रात्र. তবে তোর মেয়ের নাম রাখ্লেও অর্থ'র অস্ত কিছু আটকাৰে না।" ও বল্লে. "তা বেশ। নামটিও মিটি। ভবে ওঁর আবার গছক হ'লে হয়!" এর পর আর কথা চলে না। স্তরাং চুপ করে থাক্লাম। পরে কথা খুরোবার জন্ত প্রশ্ন কর্মনীম, ধীরেন আঞ্চকাল কোথা ब्राह्मति ? तम बर्राह्म, देवीश्रीकाच । फांब शब बरण दगरफ লাগুল, "চল দাদা, ভোমার একবার ওথানে যেতেই হবে। বেশ আমিগা। আমার বড়ভাল লাগে। ছোট্ট খাই সহর, কেমল পরিকার পরিজ্ঞা! বেড়ানো'ও বেশ হয়। সুস্তর একটি পার্ক আছে। রাভাঘাটও বেশ।

মেশ্বার মত ছ'চার হর গভ্মে⁴ট অফীসিয়াল্ন'ও क्यांमिनि नित्र थारकन। भूत वाश्रवा व्यांमा चारह।"-ব'লে হঠাৎ একটু থেমে, মুখ টিপে হেদে বললে, "ভোমার ব্দপ্ত একটি মেরে দেখে রেখেচি। এবার আর 'না' वरत अन्हिना। हित्रकान मन्नामी इस्त पूरत त्वकारक তোমার আমি দেব না।" তথু তা'র সাহদ দেখে অবাক হ'লাম তাই নয়, ব্যথিত বিশ্বয়ে শুক্ক হ'লে ভাব্লাম "এই সুষি' আর সেই সুষি! এ'ই একদিন বিবাহের নিপ্ররোজনীয়তা, আয়ৃত্যু সংযম, শুধু বিভাশিকা নয় বিভারাধনা সহয়ে, আমার কাছে ভজ-শিয়ার মত আছার সঙ্গে সমস্ত বজুতা ভামেটে, আফুর কাছে বলেছে, এমন কী কোঠামলায়ের সঙ্গে তর্ক করেছে। সু'ব ব'লে राट नाग्न, "श्व जान स्मात नाना। आहे-श अव्हि পডেছে, গান-বাজ্না জানে, খুব হুলরী। উনি' ভ আমায় বলেন, ভীম্মদেবকে টলাতে পার, ভোমার দাদাকে নয়।" আমিও ব'লেচি, "এবার ভোমায় দেখাব। শুন্চ, দাদা, তুমি---," সে হঠাৎ আমার মুখের দিকে তাকিয়ে থেমে গেল। আমার মুখে দে किरमत हिरू एमरथिएन, रम'हे कारन। নিশ্চরই নর, হয় ত বা ভারের। আমি কিন্ত বিষয় বিরস মুখে ভগু তা'র দিকে স্থির হ'লে চেয়েছিলাম, যেন তা'র ভাষা আমার কাছে তুর্কোধ্য। স্ত্যই: ভাষা না হ'লেও অভতঃ ভাবটা। বে জন্মই থেমে বাক্, আমি অমুভব কর্লাম, সে সঙ্চিত হরে পড়েচে এবং আমার উচিত কিছু বলা। কিছ ठिक रव की बना मक्क का यथन ठिक क'रत केंद्र क পার্চি না, সেই সময় যাঁরো সুষিকে সংখাধন ক'রে ঢুক্লেন, তাঁরা একটা নাতিবৃহৎ দল। তাকিয়েই **क्तिनाम—प्रवृष्टि आमारमद्र প্রতিবেশী উকিন-গৃ**≩ণী, বোধ হয় তার ছোট ছেলেমেরে, জ্যোষ্ঠা কলা ও তার এক পাল ছেলে মেধেদের নিরে। হুৰি অভ্যাগতদের নিয়ে পাশের বড় খরে গেল। আমি हैकि ट्राइ वीवनाम ।

একা একা আরাম-কেদারার ব'সে চিস্তা করতে লাগ্লাম। কী বে চিস্তা করছিলাম ভা'ও ঠিক্ জানি না। তথু পাঁচ বছর আবেকার ঘটনাগুলো চোথের দান্নে ভাস্তে লাগ্ল। ভাব্ছিলাম, বোন এমন্ হর !
এই সুধি আজ বদি কলেজ লাইফে থাক্ত! তা হ'লে
কী হত! কে ভা'র উত্তর দেবে। একবার মনে হ'ল,
হয় ত এ'ই ভাল হয়েছে। কিন্তু মন বল্তে লাগ্ল—না,
না, না। সেই মৃক্ত পবিত্র জীবনই সুধিকে সত্য জীবন
দিয়ে মহীয়সী ক'রে তুল্ত। আজ সে বহু ধাপ
নেমে গেছে।

সুষির গলা কানে এল, "এইটি বৃঝি আপনার প্রথম মেয়ে ? পরের তিনটি'ও মেয়ে ! আর ছেলে মেয়ে এখনো হর নি ? · · · · ছোটটির বয়স বৃঝি ছই ? · · · ভা এবার নিশ্চয় বেটাছেলে হবে। তা ছেলে না হওয়ার থোঁটা খেতে হয় নাত ? বাবা! আমাদের বাডীতে---- " আমি আর ওন্তে পার্লাম না। সুবির 'হাই টপিক্' বড় পীড়া দিতে লাগ্ল। টেডিরে বন্লাম, "স্থি, এবার রমণ নোবেল্প্রাইজ্পেলেন, জানিদ্?" সে "ও:!" ব'লে চুপ করলে। আমি'ও চুপ করলাম, কারণ, আর কিছু করবার খুঁজে পেলাম না। একটু পরে ফের বল্লাম, "প্রবি, প্রবেদাকে মনে পড়ে ?" এবার মনে হ'ল, সুধির বক্তৃতা থমকে থেমে গেল। সে জিড্ডেদ কর্লে, অমুচ্চ কর্পে, "মুবেদা মিত্র, —দাদা ?" বল্লাম, "হাঁরে। সে যে এবার বি-এতে ইংরাজী অনার্সে ফাষ্ট ক্লাস ফাষ্ট হরেছে।" কিছুক্ষণ সব শুরু। থানিক পরে দেখি, সুযি আমার বরে ধীরে নিঃশব্দ পদস্কারে প্রবেশ করচে। সে অভ্যন্ত ককণ-খ্রে আমান প্রশ্ন করলে, "মুবেদা'র থবর কোথার পেলে, দাদা ?" মনে হ'ল, এই একটি কথা, ভাকে বছদূরে নিয়ে গেছে,—আমারই মত তা'কেও পাঁচ বছর আগেকার স্বপ্লের মধ্যে নিরে গিরে ফেলেছে। বল্লাম, "এই 'ত আমার কাছে ক্যাল্কাটা গেকেট্ রয়েচে; বি-এ রেক্সাণ্ট্ বেরিয়েচে। ভোদের অসিতা 'ত কিলস্ফিতে ফা'ষ্ট হয়েচে। লভিকা ভিস্টিছ শূন, বেলা হিষ্ট্রেড সে'ক্ণু ক্লাস পেয়েচে। তোর পরিচিত অনেককে এখানে পাবি।" পরে একটা নি:খাস ফেলে বিল্ল্ম, "আৰু হয়ত তোৱই result দেখুবার অসু এই গেঞেট্ আমান কিন্তে হ'ত। সত্যি বোন, ভা'র থেকে আনক আমার আর কিছুতে হ'ত না।" অত্যন্ত করণ দৃষ্টি দিয়ে আমার দিকে সে তাকিরে ছিল। একটু পরে বিষয়তাবে বলে, "সতিয় দাদা, আমার আর সিক্তা'র কিছু হ'ল না। আছে, সিক্তা'র হ'ল না কীরে! সে 'ভ বিষয়ে পর কোন দিনই লেখাপড়া ছাড়ে নি। এই দেখ না গেছেট, সিক্তা পাস্কোসে উৎরে গেছে।' এবার অহুতব করলাম, আমি ভা'কে "Unkindest cut of all" দিয়েছি।

ক্রমনে বখন ভাব্চি, এ-সব কথা না তুলেই হ'ত, স্বি বল্লে,—তা'র গলা কেঁপে উঠ্ল, "আমিই ওধু একা পড়লাম।" মনে ভাব্লাম, তা নর, তোমার দলই ভারী, কিন্তু প্রকাশ্তে কী সান্থনা দেব বুঝতে পারলাম না, বল্লাম, "তুই এক কাম তবু, সুবি,———কেবৃ পড়ান্ডনো খুঁচিয়ে জাগা। সংস্কৃততে ও তুই বেশ ভালই ছিলি --- এবার কাব্যের উপাধির অন্ত প্রস্তুত হ, আছ-মধ্যটা দিয়ে ফেল্।" সে ঘাড় নেড়ে বল্লে, "না:, সে हरत ना। একে 'छ वह शफ़्लहे बलन, 'छाहेम अप्रहे'; তা'র ওপর আবার কাব্য পড়লে আর রক্ষা মেই। বলেন, কাব্যি কাব্যি ক'রে দেশটা উচ্ছন্ন গেল। মেরেদের 'ত কাব্য পডতে দেওয়াই উচিত নয়, মতি তরল করে त्तत्र । मः इंड कांवा मद्दक्त की वर्णन कारना ? वर्णन, ও'টা মেয়েদের কাছে একেবারেই চল্ভে পারে না, Vulgar। आंत्र आमारिक त्करन ठीहा करत्रन, त्रवि-ঠাকুর আর ইয়েট্সু করেই ভাইবোনে গেলেন।" হতবাক হয়ে গেলাম, তথু বিশ্বয়ে ছ:খে নয়, জোখে। কালিদাসের কাব্য হ'ল Vulgar, আর সুষিয় 'ছাই টপিক', ফ্রেড্হ'ল moral!" কিছ আত্মদমন 'করে स्मिन थाक्लाम। **এই সমন্ন স্থবি'র মেনে কেনে ওঠার** সে তাড়াতাড়ি চ'লে গেল। গুন্লাম উকিল-গৃহিন্ধীয় कर्श- "बाक चानि, मा। चारात नमग्र (शर्मे चान्त। তুমিও যেও খেন, মা।"

কিছুক্তণ পর স্থবিকে ডাক নিলাম। বণ্লাম, "চল্, শান্তিনিকেতনে যাওয়া যাক। রবীক্রনাথ বক্তৃতা দেবেন, 'আমাদের জাতীয়তা' সম্বন্ধে।" সে বেন বিধাতরে থানিক মৌন থাক্ল, পরে বল্লে, "না, দাদা। ও-সব কতকটা Political meeting। আমি বাব না। ওঁর

আবার ধা চাক্রী—ভন্লেই রাগ করবেন।" আপন নিবুঁজিতার অস্ত আপনাকে শত ধিক্ দিলাম। একটি কী জানি কেন, নম্র কঠে বল্লে, "চলো দাদা, আনিও ক্থাও বৰ্লাম না। ওধু দাঁতে দাঁত চেপে চুপ ক'রে শান্তি নিকেতনে যাব। তুমি গাড়ী ঠিক্ করো।" বিষাদ থেকে ভাব লাম, কেন এমন্ হয়! সুষি আতে আতে তীক্ষ কঠিন কঠে সহসা হবাব দিলাম, "না থাক।"

ঘর থেকে বেরিয়ে গেল। একটুপরে ফিরে এদে,

• ভারতে শর্করা-শিপ্প

শ্রীহ্ণরেশচন্দ্র চৌধুরী

(পৃক্ষামুবৃদ্ধি)

(¢)

শর্করার সর্ব্বপ্রধান উপকরণ ইকুর কথা এখন আলোচনা	ঘু সিয়ানা এবং ফ্লোবিডা	প্রায়	३ ऽ० ह	াজ ার	টন
করা যাক্। ইক্র আ দি জ ন্মভূমি ভারতং র্ব ;	পোটোরিকো		900		
ভারত হইতেই পৃথিবীর সর্কল ইক্র চাষ বিস্তুত এবং	হ† ওয়াই	20	৮৩০	20	1:
প্রচারিত হইরাছে, তাহা প্রেই বলিয়াছি। বর্তমান	ভাৰিন দীপ	,,	8	n	107
সময়ে ভারতবর্ণ ব্যতীত ইউরোপের স্পেনে, উত্তর ও	কি উবা		••••	,,	и
দক্ষিণ আমেরিকায়, এদিয়ার ব্বদীপ (জ্বাভা)প্রভৃতি	ট্রিনদাদ	,,	۶.	g)	27
ভাচ্ইট ইণ্ডিলে, জাপান এবং ফরমোদায়, চীন ও ইণ্ডো-	বাৰ্কাডো	,,	65	11	P
চীনে, ফিলিপাইন শীপপুঞ্জে, এবং আফ্রিকার স্থানে	জামেইক	N	¢ ¢	10	19
স্থানে ও অস্ট্রেলিয়াতে ইক্র চাব হয়। কোন্দেশ	ব্রিটিশ ওয়েষ্ট ইণ্ডিস্	и	8 ¢	ы	*
ইকুর চাবে কভদ্র অগ্রসর হইলাছে, তাহা নীচের	মাৰ্টিনিক ও গুইদালোপ		90	N	99
তা লিকা দেখিলে ই অন্থ্যান করা যাইবে। নীচে	স্থাণ্টো ডোমিকো ও হায়তী	2)	ು ೭ ೨	"	31
প্রত্যেক দেশের ইক্ হইতে উৎপন্ন চিনির পরিমাণ	মে'ক্সকে	29	२१७	ы	*
দেওয়া হইল। বীট হইতে উৎপন্ন চিনির পরিমাণ	মধ্য আমেরিকা, গোয়াতিমালা, প	†নাম া,	, নিকার	[1-	
পূর্বে দেওরা হইয়াছে।	গোয়া, হণুরাস প্রভৃতি	н	282	20	и
ইং ১৯৩০-০১ সালে বিভিন্ন দেশের ইফু হইতে উৎপন্ন	(৩) দক্ষিণ আমেরিকা—				
চিনির পরিমাণ :	ব্রিটিশ গুইয়ানা		228		p†
(১) ইউরোপ—	ভা চ		۵۵		и
স্পেন—প্রায় ২৮ ছালায় টন। ইউরোপের অন্ত কোন	আৰ্জেণ্টাইন	n	8>•		эř
स्थात हेक् उर्वा हत्रमा।	ব্ৰে ^{জি} ল	 zi	900		33
(২) উত্তর আমেরিকা—	পেক	*	8 • •	,	gg

ভারতের জিনি[®] নামে এই প্রবন্ধ গত বৈশাও, ভাষার ও ভারসাদের ভারতবর্ধে প্রকাশিক হইরাছে। এইবার নাম পরিবর্তন করিয়া 'ভারতে শর্করা-শিল্প' এই নাম করা হইল।

ভেনিজুয়েলা, কলাম্বিয়া, বলিভিয়া	,			
প্যারাগোয়া শ্রভৃতি	25	92	n	w
(৪) এদিয়া—				
জাতা	প্রায় -	১১৭৩ ই	াজর	টন
জাপান) ফ্রমোদা)		22.		
ফ্রমোদা 🕽	**	>5.	97	39
কিলিপাইন খীপ	**	99+	Ħ	,,
চীন ও ইত্যো-চীন	,,,	99+ 22+	"	2)
(৫) আফ্রিকা				
हे बि ° रे	æ,	> 0	n	
মরি শদ	н	२ २०	n	20
রিইউনিয়ন	21	t •	ę	**
দাউথ আফ্রিকান ইউনিয়ন	,,	೨₹ 0	22	19
মোকাধিক	9)	9 @	ao	31
মাডাগান্ধর, কেনিয়া, সোমালিল্য	ઉ,			
থ্যালোলা প্রভৃতি	*	8 •	**	19
(७) चा हु निम्रा				
कूरेन्म् नारिष }				
बिडे प्रा डेथ अ रबल्म् }	27	(20	27	10
ফিজি দ্বীপ	b7	>+5	37	10

পূর্বেই বলা হইরাছে যে, মোটাম্টি বলিতে গেলে, পৃথিবীতে যত চিনি উৎপন্ন হয় তাহার ই তুই তৃতীয়াংশ ইক্-শর্করা (আকের চিনি) এবং ই এক তৃতীয়াংশ বীট। ইউরোপে যেমন ইক্ (আক) হয় না, এসিখাতেও তেমনি বীট হয় না। জাভা এবং কিউবাতে আকের চাষ সর্ব্বাপেক্ষা বেশী। যদিও জার্মাণী ও অন্তিরার বীট চিনি ভারতের চিনি ধবংল করিয়াছে, তথাপি এখন জাভা হইতেই ভারতে চিনি আমদানী হইরা থাকে প্রধানতঃ। দেইএক ভারতে লকরা-শিল্প রক্ষার জাইন পাশ হওয়ার জাভাই আঘাত পাইরাছে খুব বেশী। দেদিন হল্যাত্তের মন্ত্রী M. Van wirderen (Dutch Minister), লগুনের ইই ইণ্ডিরা এসোদিরেশনের সভার এক বক্তুতা করিয়াছিলেন। রয়টার তাঁহার বক্তৃতার রিপোট দিয়াছে—

"The possibility of Holland being compelled to reconsider the "open door" policy in the Dutch East Indies in consequence of the Indian Sugar Tariffs, was mentioned by the Dutch Minister, M. Van Winderen, at a meeting of the East Indian Association to-day at which an address on Dutch Policy in the East Indies was given by an official of the Dutch Colonial office. M. Van winderen said that the Indian Tariff walls against sugar were so high that any one who tried to jump them, would jump to death. He dwelt on the projudicial effect of these on the East Indian Sugar Industry and appealed for the mutual benefits of trade between India and the Dutch East Indies." * ডাচ্ মন্ত্রী মহাশয় বলিতেছেন যে, "ভারতের এই শর্করা-শিল্প রক্ষার আইন অত্যন্ত অসাম হইয়াছে: ত:বর প্রাচীর এত উচ্চ হইয়াছে যে তাহা ডিঙ্গাইতে চেষ্টা করিলে গভীর খাদে পড়িয়া মৃত্যু অনিবার্যা; ইহা জাভা প্রভৃতি দেশের শর্কবা-শিল্পের যথেষ্ট ক্ষতি করিবে: অভএব ভারতবর্ষ এবং ডাচ ইটু ইভিদের মধ্যে পরস্পরের ব্যবসা সম্বন্ধে দেই পুরাতন মধুর সম্পর্ক পুনরার স্থাপিত হউক :"

টাকার আঘাত বড় আঘাত। এ আঘাতে লোক
আন্ধ হইরা যায়; তাহা না হইলে মন্ত্রী মহাশন্ধ দেখিতে
পাইতেন যে, তাঁহার নিজের দেশেই, ইউরোপেই,
ভারতের শর্করা-শুল্প অপেকাও উচ্চ শুল্বর প্রাচীর গাঁথা
রহিরাছে, যাহাতে অক্ত দেশের চিনি প্রবেশ করিতে
না পারে কোনও রকমে। জার্মাণীতেই প্রতিমণ চিনির
উপর শুল্প (protective duty) আছে ৭৮/০ সাত
টাকা তের আনা; ভারতের শুল্প হইরাছে প্রতিমণের
উপর পাঁচ টাকা সাড়ে সাত আনা। ইউরোপ,
আমেরিকার ভিন্ন ভিন্ন দেশের শুল্কের হার পূর্কের দিয়াছি।

সেদিনের ঐ সভায় ভারতের টেট্ দেকেটারী সার ভাগ্রেল হোর মহাশয় ভ্রম: উপস্থিত ছিলেন এবং সভাপতিত্ব করিয়াছিলেন। বিখদ্ত রয়টার তাঁহার বক্তভার সার মর্গ্রও দিয়াছে—

^{*} The Statesman, Feb, 1., 1934

"Sir Samuel Hoare, Secretary of State for India presiding, pointed out that the Netherlands Government in the East Indies and the British Government in India were faced with similar problems; for instance, mastering the problem of relations between the East and West and the problem of the economic depression. He hoped that the Dutch would succeed in keeping the East Indies happy and prosperous and "play the part in our common endeavour to neconcile the aspirations of East and west." *"

সার ভামুদ্রেল হে'র শুরু সম্বন্ধে পুনর্বিবেচনা করার আশা ভরদা দেননি। একন্ত আমরা উহাকে আন্তরিক ধন্তবাদ দিতেছি। জাভার ব্যবসায়ীরা এবং ডাচ্ গতর্গমেন্ট ভারতের শর্করা-শুরু কম করার জক্ত স্থর্গ মন্ত আন্দোলিত করিতে চেষ্টা করিবেন, ভাহা আমরা বেশ ব্রিতে পারি; কিন্তু আমরা এ আশ্রুল কবি না যে তাঁহারা সফল-কাম হইবেন। আমাদিগকেও অবশুই স্কার্গ থাকিতে হইবে। নৃতন শাসন-সংশ্বার আসিতেছে; ভারতের এই সব স্বার্থরক্ষার চেষ্টা হয়তো তথন ফলবতী হওয়ার সন্তাবনাই বেশী হইবে, এ আশা আমরা করিতে পারি।

(.)

ভারতবর্ষে আকের চাষের অবস্থা এখন কি রকম,
দেখা যাক্। গোড়াতেই একটা কথা বলিয়া রাখা ভাল
যে, ভারতবর্ষের বিভিন্ন প্রাদেশিক গভর্গনেন্ট সমূহ যে
প্রথার আবাদী ক্ষমির পরিমাণ বা অক্সান্ত তথ্য
(statistics) সংগ্রহ করেন, ভাহাতে এই সব পরিমাণ
বা আকের উপর বেশী আহা স্থাপন করা উচিত নয়। কিছ
অন্ত কোন প্রকৃত্ত পছা না থাকার, এই সব পরিমাণ বা
আকেকেই আমাদের অক্সানের একটা মূল-ভিত্তি-স্করণ
গ্রহণ করিতে হইবে। ইহাতে প্রকৃত অবস্থা আক্সান্ত
অন্থায়ী বিশুদ্ধ না হইলেও, প্রকৃত্ত তথ্যের কাছাকাছি
একটা অনুযান করার বাধা হইবে না।

টেরিফ বোর্ড ইং ১৯৩० সালে ভারভবর্ষে আব্দের

আবাদী ক্ষমির পরিমাণ গড়ে প্রায় ২৮ লক্ষ একর (প্রায় ৮৪ লক্ষ বিঘা) নির্দ্ধারিত করিয়াছিলেন। সরকারী রিপোর্ট অক্যায়ী গত ইং ১৯৩২—৩০ লালে ভারতে মোট ২৯ লক্ষ ৯৮ হাজার একর জমিতে আকের আবাদ হইরাছিল। ইং ১৯৩৩—৩৪ সালের প্রাথমিক রিপোর্টে প্রকাশ যে, ভারতে মোট ৩০ লক্ষ ৪৯ হাজার একর আর্থাং এক কোটী ৪৭ হাজার বিঘা জ্মিতে আকের চাষ হইরাছে। ভারতে শর্করা-শুরের আইন পাশ ছয়েরার পর হইতেই ক্রেমে আকের আবাদ বাভিতেছে।

ইং ১৯০৩—০৪ সালের প্রাথমিক রিপোর্ট অছ্যাথী ভারতের বিভিন্ন প্রদেশে কি পরিমাণ জমিতে আাকের চাব হইয়াছে, তাহা নিচে দেওরা হইন :—

अ टमम	একর	Ī		বিখা	
যুক্তপ্রদেশ (ইউ, পি)	११,७५ इ	গ ল ার	-প্রার	e0,90 \$	াজা র
পাঞ্চাব	٤,১۰	10		>4,00	*
বিহার উভিস্থা	8,56	*	*	\$2,18	20
वाःमा	₹,∉8	10	*	٩,৬২	M
মান্তাৰ	5,50	20	at	೨,೨৯	M
বোম্বাই	26	24	**	*,b¢	*
আসাম	٥)	Þf	,	ರಿಡ	pt
মধ্যপ্রদেশ (দি, পি,)	42	*		৮৭	pf
मिल्ली	8	107		>5	r
হায়দরাবাদ	869	20	20	১,৩৮	W
ববোদা	ર	20	fe	৬	99
উ: প: সীমাস্থ	¢ ર	98	n	5,65	w
ভূপাল বাজ্য	8	**	**	25	st
Z 11-1 =1-52			_		

মোট একর ৩৩, ৪৯০০০—বিঘা ২,০০, ৪৭০০০ মোট এক কোটা সাভচল্লিশ হাজার বিঘা

উপরোক্ত হিদাব হইতে দেখা বাইবে বে, ভারতবর্ষে মোট বে ইক্ষ্ উৎপন্ন হর, তাহার শতকরা হার গড়ে প্রত্যেক প্রদেশের এইরপ:—

যুক্ত প্রদেশ	শতকরা	প্রায়	43	ভাগ
পাঞ্জাব	20'		>8	**
বিহার উড়িয়া	10	*	۵	M
বাংশা	29	39	٩	и
শা ডা জ	20	*	9	. 39

^{*} The Stateman, Feb. 1., 1934.

বোষাই " " ৩ "
আসাম " " > "
মধ্যপ্রদেশ " " > "
উ: প: সীমান্ত
ভারদরাবাদ

**ভকরা > ভাগের কিছু বেশী

ভূপাল, বরোদা, দিল্লী প্রভৃতি স্থানে শতকরা এক ভাগেরও অনেক কম আক আবাদ হয়; মহীশ্ব রাজ্যে প্রায় আসামের সমান আবাদ হয়। যুক্তপ্রদেশেই অর্দ্ধেকের বেশী এবং বাংলার শতকরা ৭ ভাগ মাত্র আক আবাদ হয়। কিন্তু সমন্ত ভারতে যে বিদেশী চিনি আমদানী হয়, তাহার আড়াই ভাগের এক ভাগ চিনি বাংলা দেশেই ব্যবহৃত হয় অর্থাৎ প্রায় ১৫ পনর কোটীটাকার বিদেশী চিনির মধ্যে প্রায় ৬ কোটীটাকার চিনি বাংলা ব্যবহার করে। বালালীর সংখ্যা প্রায় ৫ কোটীটা

পাঞ্চাব

পাঞ্জাবের দক্ষিণাংশের জমি কতকটা যুক্তপ্রদেশের জমির মত। এই দিকে আকের আবাদ বেনী হইতে গারে। পাঞ্জাবের উত্তরাংশে প্রচণ্ড নীতে আকের আবাদ নই ভইরা যায়। আকের আবাদ ৮১০ মাস জমির উপরে থাকে। ধরচ মণ-প্রতি প্রায় সাড়ে পাঁচ আনা। চেটা করিলে দক্ষিণ-পাঞ্জাবে উন্নত প্রকারের আকের আবাদ যথেই চইতে পারে।

যুক্তপ্রদেশ (ইউ. পি.)

সমস্ত ভারতবংশীর উৎপন্ন মোট ইন্দ্র শতকরা ৫০ ভাগের বেশী অর্থাৎ অর্থেকের বেশী আবাদ হয় এই যুক্ত প্রদেশেই। আবাদ ৯ মাস হইতে ১১ মাস ক্রমির উপর থাকে। পোষ মাস হইতে আক কাটা আবস্ত হয়, চৈত্র মাসে শেষ হয়। দেশী আক সাগারণতঃ একার-প্রতি ৩৫০/০ মণ (বিঘা-প্রতি প্রায় ১১৬/০ মণ) জয়ে। কইমাটোর আক (Co. 213) যতু সহকারে আবাদ করিলে গড়ে এক হাজার মণ (বিঘা-প্রতি ৩৩০/০ মণ) জয়ে; কোনও কোনও জমিতে বেশীও জমিরাছে। এই প্রদেশে ফ্যাক্টরীতে আক বিক্রের করার প্রথা এত বেশী প্রচিলিত হইতেছে বে, গুড় প্রস্তুত করা ক্রমেই কমিয়া আসিতেছে। আক আবাদের ধরচ মণ-প্রতি চারি

আনা হইতে পাঁচ আনা। এই প্রদেশে আকের আবাদ ক্রেমই বাড়িয়া যাইতেছে।

বিহার-উড়িয়া

এই প্রদেশের জমিও জনেকটা বৃক্ত প্রদেশের জমির মত। কইবাটোর জাক সাধারণতঃ বিঘা-প্রতি ১৫০২০০/০ মণ উৎপন্ন হয়। দক্ষিণ বিহারে জল সেচনের স্বিধা থাকার কইবাটোর আক একর-প্রতি হাজার মণ্ড (বিঘা প্রতি ৩৩৩/০ মণ) উৎপন্ন হইতে দেখা গিরাছে।

মাড়াজ

মাজাৰ প্ৰেদিডেনি গ্ৰীমপ্ৰধান (tropical)। টেরিফ বোর্ড মস্কব্য করিয়াছেন, ভারতবর্ণের মধ্যে মাত্রাজ প্রদেশই ইকু চাবের পকে সর্বাপেকা অধিক উপযে।গী। মাদ্রাক্ষে একর-প্রতি ৭৭৫/• মণ (বিঘ:-প্রতি ২৫৮/ মণ) ইকু সাধারণতঃ জন্মিয়া থাকে । এই প্রদেশে কোন কোন স্থানে ১০ মাস হইতে ১২ মাস. কোন কোন স্থানে ১৫ মাস পর্যান্ত ইকুর আবাদ জমিতে থাকে। জমি ইকু চাবের উপযোগী হইলেও মাদ্রাজে ইকুর চাব বেশী নয়। যত্ত-সভকারে উন্নত প্রণালীতে আবাদ করিলে এই প্রদেশে বিঘা-প্রতি অনেক অধিক ইক্ষু উৎপন্ন হইতে পারে। গোদাবরী এবং ভিজাগাপটম্ জেলার ধুব ঝড় হয় বলিয়া বাশের খুঁটী দিয়া ইক্রকা করিতে হয় ; এই-জন্ত থরচ বেশী পড়ে। এমন কি গড়েমণ-প্রতি ইক্ আবাদের থরচ ৭ আনা হইতে ১২ আনা পর্যান্ত পড়ে। মান্তাজে জমি কৃত কৃত্ৰ থাও বিভক্ত হওয়ার উরহ প্রণালীতে ইকু চাষের আর এক অন্থবিধা।

বোম্বাই

সিন্ধু ছাড়িয়া দিলে, এই প্রদেশণ tropical. গ্রীম-প্রধান; এখানেও যথেই পরিমাণে ইক্ উৎপর হইতে পারে। বেলাপুর এইটের কোন কোন কমিতে বিঘা-প্রতি ৩৫০/০ মণেরও কিছু বেশী ইক্ষু উৎপর হইয়াছিল, প্রায় জাভার সমান সমান। উক্ত এটেটে গভ ১৯৩০ সালে গড়ে বিঘা-প্রতি ২২৫/০ মণ ইক্ষু উৎপর হইয়াছিল। বেলাপুরে কইমাটোর আক আবাদ করিয়া খুব ভাল কল পাওরা গিরাছে। বোমাই প্রদেশে ইক্ষু আবাদের খরচ কিছু বেশী। দাকিণাতো

গভর্ণমেন্টের সেচ-বিভাগ (Deccan Irrigation Department) আছে। সেচের খাল কাটিতে গভর্ণমেন্টের আনেক টাকা ব্যর হইয়াছিল; স্মৃতরাং জমিতে জল সেচন করার জন্ম যে ট্যাক্স দিতে হয়, ভাহার পরিমাণ বা হার বেশী। আবাদের খরচও সেইজন্ম বেশী পড়ে। গভর্ণমেন্টের সদয় দৃষ্টি এই দিকে পড়িলে ক্রমকদের সুবিধা হইতে পারে।

(1)

বাংলা

টেরিফ বোর্ডের রিপোর্টে বাংলাদেশ, বোদাই এবং মাদ্রাক্তের মত ইক্ আবাদের পক্ষে সর্বতোভাবে উপরে গীবলিয়া বর্ণিত না হইলেও. ইহা অধীকার কবিবার উপায় নাই যে, পূর্বে বাংলায় যথেই পরিমাণে ইক্র আবাদ ইইত এবং বাংলাদেশ হইতেই অনেক দেশে ইক্র আবাদ বিস্তৃত বা প্রাচলিত হইয়াছে। ব্রেজিলে মূথে থাওয়ার জন্ত এক রকম আক্রের আবাদ এখনও হয়; বিশেবজ্ঞেরা বলেন যে তাহা বাংলা দেশেরই আক। মূসলমান লেথকগণের বর্ণনায় আছে যে, ইংরেজদের আগমনের আনেক পূর্বের, বাংলার বর্জমান ম্বিদাবাদ হইতে আরম্ভ করিয়া অযোধ্যা পর্যান্ত এই সমন্ত প্রদেশে গুড় হইতে প্রাকৃর পরিমাণে সাদা চিনি প্রস্তুত হইত। সুপ্রসিদ্ধ পর্যান্তক বার্ণিয়ার (Bernier) সপ্তদশ শতাকীতে লিখিতেছেন—

"Bengal abounds in sugar with which it supplies the Kingdoms of Golkonda and the Karnatiek, where very little is grown. Arabia and Mesopotamia, through the towns of Moka, and Bassora, and even Persia by way of Bandar-Abbosi." সপ্তৰুশ শতাকাতেও বাংলা দেশ হইতে গোলকতা, কণ্টি-রাজ্য, আরব এবং পারত্তে চিনি রপ্তানী ইইত। এ কথা আৰু কে বিখাদ করিবে ? কে বিখাদ করিবে যে, বাণিয়ারের বর্ণিত সেই বাংলা দেশই এই বাংলা দেশ, যেখান হইতে এক ছটাক চিনিও আৰু আর বাহিরে রাপ্তানী হয় না। কে বিখাদ করিবে যে, দেই বাখালী জাতিই এই বাখাণী জাতি বাহারা আৰু শর্করা প্রশ্নতের প্রণালীই ভূলিয়া গিয়াছে, বাহারা

নিজেদের নিত্যব্যবহার্য চিনি যাহা দরকার হয় ভাহার সহস্রাংশের একাংশও নিজেরা প্রস্তুত করিতে পারেনা? বালালীরাই হয়ভো আজ এ কথা বিখাস করিবার হেডু খুঁজিয়া পাইবেনা। কিন্তু তথাপি ইহা সভ্য। সেই বুংগর শিল্প-নিপুণ বালালী জাতির শিল্প-মৃদ্ধির অতীত গৌরব-কাহিনী, আজ এই মুগের শিল্প বাশিল্পাইন, দুর্দ্দশার্পাই, নিংসহার বালালী জাতির দারিন্দ্রের করণ ইতিহাস, এ উভয়ই সভ্য। বালালীর সেই বহু-বিস্কৃত এবং স্প্রপ্রতিষ্ঠিত শর্করা-শিল্পের অভ্যেষ্টিকিয়া কেমন করিয়া সম্পান হইয়াছে ভাহা পুর্বেষ্ট বলিয়াছি।

বাংলা দেশের জমি ইক্ষুচাবের উপযোগী কিনা, সে সম্বন্ধে বাংলা গভর্গমেণ্টের কু'ব-বিভাগের মন্তব্য হইতে উজ্ত করিতেছি—

"It may be safely stated that the climatic conditions of Bengal are generally more favourable than up-country. This means a longer and heavier rain-fall, with a corresponding longer period of growth. The grev silt areas, too, usually consist of fairly rich soil, so that these two factors should and do produce a heavier-yielding crop than in most other provinces, provided ordinary care taken with cultivation. Irrigation too, u-ually a fairly expensive business, is generally not required over the major part of the province, as the rain-fall, both in incidence and amount is suficient for the needs of the crop." অর্থাৎ উত্তর পাশ্চম ভারতের জাম অংপেকা বাংকার জমি আক চাষের পক্ষে অধিকতর উপযোগী। বাংলায় বৃষ্টি বেশী; জমি ভাল; বাংলার আকের জমিতে জল সেচনের व्यक्ताकन नाहे; উद्धद-शन्तिम वा युक-श्रामान कन-**(महत्नत थूव ध्यासम्म इत्र ; वाश्मात्र (म এक्টा वर्ड ध्रा**ह নাই : ফল কথা বাংলা দেশের অনেক জমিতে, বিশেষতঃ উত্তর-বলে এবং মধ্য-বলে, যথেষ্ট পরিমাণে উৎকৃষ্ট ইশু ক্সনিজে পারে এবং বড়ের সহিত আবাদ করিলে ভারতের কোন প্রদেশ অপেকা বাংলার অমিতে কম ইকু উৎপর হইবে না, বাংলার মাটীতে সোণাই ফলিবে।

কৃষি বিভাগের বিভীয় রিপোর্টে দেখা যায় যে, বাংলা দেশে বর্ত্তমান ইং ১৯৩৩-৩৪ সালে (বাং সন ১৩৪০ সালে)

মোট ২৫০৬০০ একর (প্রায় ৭ লক্ষ ৩০ হাজার বিদা)					
জ্মিতে আকের আবাদ হইয়াছে। প্রতি জেলার হিসাব					
এই:—					
(ক্লা	একর	বিঘা			
চবিব শপরগণা	2000	1,000			
নদীয়া	>> • •	૨ ૧,৬••			
মূৰিদাবাদ	\$300	b,900			
ষ্ শোহর	৩২ • •	৯,৬••			
থূ লনা	£ • •	>, (• •			
বৰ্দমান	9200	২ ১,৬••			
বীর ভূম	p % • •	21,500			
বাকু ড়া	2)••	5,200			
মেদিনীপুর	€8••	76,200			
হগ লী	2700	۵,٥٠٠			
হাওড়া	8000	>>, • • •			
রাজসাধী	>5000	৩৬,•••			
দিনাঞপুর	3 ()00	5,00,000			
ৰ লপাইগুড়ী	@ • • •	>4,000			
मार्डिन:	J	> • •			
রং পু র	20000	95,000			
বগুড়া	9000	25,000			
পাবনা	8500	25,900			
মালদহ	24.00	@.8·•			
ঢ়াকা	₹8७•०	90,500			
ময়মনসিং	₹8%••	৭৩,৮০০			
ফরিদপুর	>> 0 0 0	৩৬,৯••			
বাধরগঞ্জ		3 3 5 4 4 4			
(বরিশাল)	82000	2,26,000			
চট্টগ্রাম	6000	۶ ۶, ۰۰۰			
ত্তিপুরা	>>	٥,۵۰۰			
নোহাখালী	>% • •	8,500			
পাৰ্কাত্য চট্ট গ্ৰাম	3500	٠,٥٠٠			
মোট একর—	২,৫৩,৬٠٠				
বিখা—	9,50,500				
		^ / !-			

বিধরণঞ্জ, ঢাকা, মহমনসিং, ফরিলপুর, নদীরা, বর্জমান, পরিপ্রমের দামও পোধার না বলিয়া আকের আবাদ বীরভূম, রাজসাহী, দিনাজপুর, রংপুর মোটাম্টি এই কিছু কিছু বাড়িতেছেও। কিছু এই বৃত্তির ক্রম রক্ষা

করেকটা জেলার আকের আবাদ বেশী হয়। বাধর-সঞ্চ বরিশাল, জেলার সর্বাপেকা বেশী; ভারপরে দিনাঞ্চপুর, ভারপরে রংপুর।

যুক্তপ্রদেশ, পাঞ্চাব ও বিহার হইতে এখন বাংলার আকের আবাদ কম। ভারতবর্ধের অস্থান্ত প্রদেশে যেমন, বাংলারও তেমনি, আকের আবাদ কম হওরার কারণ চিনির ব্যবসাধ্বংস হইরা যাওরা। পাটের চায প্রবর্তিত হওরার পরে, আকের আবাদ অস্থান্ত প্রদেশ অপেকা বাংলা দেশে আরও কম হইরা গিরাছে। আকের জমিতে পাট হয়; ধানের জমিতেও হয়। শর্করা-শিল্প রক্ষার জন্তু নৃত্তন আইন পাশ হওরার এবং পাটের মূল্য বর্তমানে অভ্যন্ত কমিরা যাওরার আবার বাংলার আকের আবাদ একটু করিয়া বাড়িরা উঠিতেছে।

বাঙ্গালী চিনি প্রস্তুত করে না. কিন্তু বৎসরে প্রায় ৫ ७ (काठी छाकात्र हिनि व्यवहात्र करत्। धहे छाकाछ। বাংলার বাহিরে চলিয়া ধার। এ ক্ষতি সহজ নয়: অথচ এ ক্ষতি নিবারণের উপায় আছে। বাংলায় আৰু চাধের উপযোগী যথেষ্ট জমি আছে; কোনও প্রদেশ অপেকা বাংলা দেশের জমিতে আক কম উৎপন্ন হওয়ার আশকা নাই; খরচও অক্ত প্রদেশ অপেকা বেশী পড়িবেনা: শর্করা-শিল্প রক্ষার নুতন আইন হওয়ার চিনি প্রস্তুত করার यरथष्टे अत्याग्र श्रेशाहा हेश मत्व योन वाकानीता ঘুমাইয়াই থাকে, নিতান্ত অবহেলা করিয়া বদি তাহারা এ স্থবিধা গ্রহণ নাকরে এবং প্রতি বংসর এমনি করিয়া কোটা কোটা টাকা ঘর হইতে বাহির করিয়া অক্সের পকেটে ঢালিভেই থাকে, ভাহা হইলে বুঝিভে হইবে যে বাঙ্গাণীর ভুর্তাগ্যের শেষ সীমা-রেখা এখনও অনেক मृत्तः। वाःनात व्यर्थमानी मध्यनात्त्रत्त त्यम्न এ स्र्राग ছাড়িয়ানা দিয়া, আগ্রহের সহিত এ দিকে দৃষ্টিপাত कत्रा উচিত, তেমনি বাংলা গভর্ণমেন্টেরও এদিকে সভাকার আগ্রহের সহিত মনোধোগী হওয়া উচিত। বাংলার কৃষি-বিভাগ কিছু কিছু চেষ্টা করিতেছেন, যাহাতে আকের আবাদ বাড়ে; পাটের বর্তমান মূল্যে পরিপ্রমের দামও পোষার না বলিয়া আকের আবাদ করিতে হইলে এবং বাংলার শর্করা-শিল্পকে মুপ্রতিষ্ঠিত করিতে হইলে, পার্টের চাব নিমন্ত্রিত করা একান্ত করিব। পাট বাংলার একচেটিয়া সম্পত্তি; কিন্তু বাংলার কৃষক তাহার এই অপ্রতিদ্বন্দী আবাদের সম্পূর্ণ স্থােগ গ্রহণ করিতে পারিতেছে না। অধিক লোভে কৃষকেরা প্রয়ােজনের অতিরিক্ত আবাদ করিয়া সর্কষান্ত হইতেছে। পৃথিবীর প্রয়ােজন কত মণ পাট, তাহার অম্পান করা কঠিন নয়; সেই হিসাবে পার্টের চাব নিয়ন্তিক করিতে পারিলে, কৃষকদের আর্থ রক্ষিত হয়, আক্রের আবাদও বেশী হয়। আক্রের আবাদ বেশী হইলেই কালোয় শর্কয়া-শিল্প মুপ্রতিষ্ঠিত হওয়ার সম্পূর্ণ সভাবনা হয়। তাহা না হইলে, স্প্রত্রের ব্যবসায়ীয়া নিজেদের প্রয়ােজন মত যথনই বাংলার কৃষক

আকের আবাদ ছাড়িয়া দিয়া নিজের উঠান চিন্ত্রি পাট আবাদ করা আরম্ভ করিবে। উপদেশে লোভ সহজে থাটো হয় না, ভাহা দেখা গিয়াছে; কাহারঃ হয় না, রুষকেরও হয় না। উপদেশের ছারা পাটের আবাদ কম করার জক্ত অনেকেই যথেষ্ট চেষ্টা করিয়াছিলেন; ফল হয় নাই। বিগত বৎসর এরোগ্রেনের সাহাযের উপদেশের ইন্ডাহার পূল্প-বৃষ্টির মত নিবিভারে এবং অকুঠ-হন্তে রুষকদের শিরে বর্ষিত হইয়াছিল। এবং অকুঠ-হন্তে রুষকদের শিরে বর্ষিত হইয়াছিল। কোন ফল তো হয়ই নি, বয়ং গত বৎসর পাটের আবাদ আরও বেশীই হইয়াছিল। পাট-চাম নিয়য়নের জক্ত যে কমিটা হইয়াছিল, তাহাতে নানা মুনির নান মত হওয়ায় ফল কিছুই হয় নাই। স্তরাং, আর কমিটা না করিয়া গভর্গনেন্ট সরাসরি এই কার্য্যে অগ্রম্য হইলেই সুফলের আশা করা যাইতে পারে।

নববর্ষ

শ্রীবিজয়কুমার চট্টোপাধ্যায় এম-এ, বি-এল

এদ নববর্ষ ! ভূলাইয়া অতীতের স্বতি, মুছাইয়া বেদনার তপ্ত অঞা-জল।

এস, নব বেশে, নব সাজে সাজি, আন, আশাহীন বুকে নব নব বল।

আৰু সাত্ম বিশ্ব নব পত্তে নব পুপ্পে ভরা ঝরিয়াছে অতীতের শুহ্ব পত্ত ফুল, মর্ম্মর ধ্বনিতে আজ নব গান উঠে তুর্বল মানব তবু, কাঁদিয়া আকুল।

চাহিয়া বিশ্বের দিকে প্রকৃতির পানে, ভূলে যাও **অ**তীতের সব ত্বওার।

যে বরষ চলে গেছে ছথ দিয়া প্রাণে রথা তারে টানি কেন কর হাহাকার।

আদিয়াছে নববর্য পরি ফুলহার— এদ, নব প্রাণে তাঁরে করি নমস্বার।



আই-হাজ (I has)

শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়

20

বেলা তিনটের পর তুর্গানাম করতে করতে বেরুলুম।
নীচে নাবতে ত্' তিনজন দাঁড়িয়ে উঠে সেলাম করলে।
জামি সোজা এগিয়ে পড়লুম, কেউ একটি কথাও কইলেনা,
বাধাও দিলেনা। থানিক এগিয়ে গিয়ে পেছনে ফিয়ে
দেখলুম—না কেউ আসেনি।

মৃকুলবাব বাইরের রোয়াকটার গুণপেতে বসে ছিলেন।
চোথে পেতলের ফ্রেমের চলমা, পশ্চাতে দড়ি বেঁধে
control করেছেন। সামনে জীর্ণ একথানা 'যোগবালিঠ'
খোলা রয়েছে। এক মাগী ঘুঁটে গুণে গুপাকার করছে,
বাজরা প্রায় থালি। তার সদে গুণ্ তির ভূল ধরে তকরার
করছেন। সে প্রত্যেকবার পাঁচথানা করে তুলছিল,—
'এক-পাচ' নাকি ফাঁকি দিয়েছে। সে বলছে, "না বাব্
ঠিক্ আছে";—বাব্ বলছেন "না ভূল করেছিদ"। সেই
গ্রাহার নার মধ্যে আমি উপস্থিত।

আমাকে দেখেই শশব্যত্তে যেন সভয়ে বললেন—

"ওই ঘরটায় গিয়ে বস্থন—জানলাটা ভেজিয়ে দেবেন।

— ঘুঁটেগুনো পাল্টে গুণিয়ে আসছি।"

বললুম,—"পাঁচখানার মামলা বইতো নয়, আর পাল্টে গোণানো কেনো ?"

"ওই ব্জিতেই তো,…যান বস্ত্ৰ গো₁" ভাবটা— বাইরে আর দাঁডাবেন না।

প্রকৃতিটে জানাই ছিলো,—'কেমন আছি কথন এলুম' জিজ্ঞাদার ভদ্রতা না পেলেও, ক্ষ্ম বা বিরক্ত হবার কারণ ছিলনা। পুরোনো লোক,—মান্থ্য ভালো।

খুঁটেউলি বেচারিকে পালটে আবার গুণতেই হল এবং ভ্লটা মুকুল বাবুরই প্রমাণ হল। তার পর্মা চুকিরে, যোগবাশিষ্ঠ আর গুণথানা হাতে করে ঘরে চুকলেন। চুকেই—

—"কেমন তথুনি বলেছিল্ম—ওই কেলে ছোঁড়াকে
ভাগল দেবেন না। আপনি বললেন—আনন্দ মঠের

শেষ পরিণাম ব্রতে চার,—ভাই…।—এথন পরিণামটা সে বুরবে, না আপনি ?"

তার মৃথের ভাব দেখে, ছেলে ফেলনুম,—বলনুম "মাইকেল লিখেছেন—"গ্রহ দোবে দোবী জনে"…

তিনি জলে-উঠে বললেন---

"রাধুন আপনার সাহিত্য, আমাকে ওসব শোনাবেন না। আমার গ্রহ তু'বেটাও বাড়িতেই বদে' থাকে, আবার ভবানীরাও আছেন। তাঁরা আসার ব্নেছি— ও-জিনিধের একটা পেল্লেরে মোহ আছে।—সাড়ে তিন বছরে বাড়ী যেন মেট্কাফ-হল বানিরে বসেছে। তাতে না আছেন দাশুরার, না আছেন অরদা মলল, আছেন— 'থিড়কি দোর', 'গবাক-মলল'—নমস্বার আপনাদের সাহিত্যে…"

বলপুম "বউমা'রা কেমন ?"

বললেন "তা বেশ, একদম মিলিটারী—দিশি মার্কা বিলিভি, এসেই সব ছেলে কোলে করেছেন—মাবার হাতের পাঁচ! কাশীর জল-হাওয়া স্থার বিশ্বনাথের কুপা।"

বলল্ম "তথন তো সাদ্ধা বিল পাশ হয়নি—তবে…" বললেন—"লোকটা থুব বৃদ্ধিমান গো—নিশ্চরই তাঁর ছেলে-পুলে অনেক; ধাড়ি না হলে বেটাদের সামলাবে কে গ ছেলেদের জেলের বাইরে রাথবার—নান্ত পঞ্চা। সে কি সাধে বয়েল বাড়িয়েছে। লোকটা চতুর বটে। মহাশয়ারা কি দয়াই করেছেন, তু' বেটাই বাড়ী থেকে আর নড়েনা, বাজার আমাকেই করতে হয়। বেটারা বিলিতির বাতাদ সইতে পারতোনা,—পুটুর অলটার বানালে, গারে দিলেনা—বললে বিলিতি স্থভার সেলাই! শেষ দিশি টাটু, ঘোড়ার বালামতি চিঁড়ে তাই দিয়ে শেলাই করিরে গারে দিলে। বাড়াবাড়ি কি কম্! মগন্ লালের ঘোড়াটা বেঁড়ে হয়ে গেল,—তাকে দশটাকা দিয়ে মেটাই।

বললুম--- 'এথন' ?

"এখন ওদের ঘরে যদি এক পরসার দিশি জিনিষ পান আমার কাণ মলে দেবেন, অবশ্য গৈত্রিক রংটা ছাড়া। এখন সব ম্যাকেসর্ মাখেন, ছোয়াইট রোজ শোকেন, ওভালটিন্ খান, টমেটো না হলে চলেনা। তবে আপনাদের সাহিত্যের আর কবিছের বলিহারি,—দেশকে এতো মিথোও শেখান্! ওই নামগুলো আমার পছল হরনা। একজন বেণুকা আর একটি লভিকা, অর্থ বোধে অনর্থ ঘটায়, সামজস্ম পাইনা। যাক্—ভাতে ভালই হয়েছে; Law of Gravitation এ ছেলে বেটাদের লক্ষেটানা মুচেছে—ঘখন তখন বাড়ি ছেড়ে লখা হওয়া আর নেই। এখন তারা 'চরণ ছাড়িদের কথা কও' বললেও,—বেটারা নড়েনা।"

এসব শুনে কেউ চন্ত বা অভদ্র মনে করবেন না, সে-কালের লোকের কথা-বার্তাই ছিল এই রক্ম।

বললুম, "তা হলে আছেন ভালো ১"

বললেন, "হ্যা—গেলেই বাচি। অনতুপায়ে উপাৰ্জনের টাকা,—ভাই আলো দাঁড়িয়ে আছি। কুচো বংশধরেরা ভূমিষ্ঠ হওয়া থেকে ফি মাসে—all-wool সোয়েটার, মোজা আর ক্যাপ্ কিনতেই ফতুর করলে। হঠাং দেখলে সেগুলোকে ভেড়ার বাচা বলেই মনে হয়। আবার নাকি আসছেন,—Welcome,—কাশীবাদ সার্থিক হক্।"

হঠাৎ চম্কে উঠে বাইরে বেড়িয়ে দেখে এলেন।
বললেন "ওসব কথা চুলোর যাক্, আপনার ধবর বলুন।
আর বলবেনই বা কি—ওতো আনাই ছিলো। তবে
ফুকু হয়, আপনার মত নিরীহ সহদয় লোক কোনো
কিছুতে না থেকেও…আমি তো সব জানি, কিছু ওনবে
কে
দেখুন-দিকি—মিছিমিছি এই ফুর্ডোগ কেনো
ডেকে আনা। ডেকে-আনা বোলবো না তো কি
কাশীবাস করতে এসে গরীবদের ছেলে পড়াবার মাথা
ব্যধাই বা কেনো
শানার দরকারই বা কি
কাশীতে পয়সা
দিছে একটা মজ্র মেলেনা। ভিক্ষে করবে তব্ কাজ
করবেনা, এ আমার দেখা। কোথেকে যে আপনাদের
উল্টো বুছি আনে! ভাই না 'কেলে' সুযোগ পেলে।

বয়সই হয়েছে—দেশটাকে জাে ব্যলেননা। বৈঠকে বৈঠকে শুনতে পাবেন—"আমার জন্মভূমি"—দলে দলে দিগাবেটের শ্রাদ্ধ, চপ আর চা। নির্মাজ ! বলে দিদি দিগাবেট উঠেছে। উঠকে বইকি; না উঠলে যে রাধা বাঁচেনা। বৃদ্ধিমানেরা প্রযোগ ছাড়বে কেনো ? এই তাে সাধুদের কারবারের সময়। এই আমার দেশ।…"

স্মাবার বাইরে গিয়ে দেখে এলেন।

বলসুম "ও-সব আর কেনো শোনাচ্ছেন। আমি ছ
ও-সব কোনো দিনই seriously ভাবিনি,—আপনি ভা
দেণ্ছি অনেক ভেবেচেন। ইয়া—কেউ কিছু জিজাদা
করলে ভার উত্তর দিতে হর বটে। জানেন ভো—
ছেলেদের ভালোবাসি, ভাদের কুর করতে পারিনা; আর
ভালোবাসি—সাহিত্য নিয়ে নাড়াচাড়া। এ যদি অপরাধ
হর, নিশ্চরই অপরাধী—সেটা অধীকার করছিনা। ভবে
একটা কথা ব্রেছি,—আপনারা খদেশী বলতে যা
বোঝেন, সে সব ছেলেরা ভার দিক দিরেও যারনা;
মান্থবের একটা নেশাই যথেই, কারণ নেশা মানে প্রেম।
ভার ছটোর অবকাশ নেই। যে সাহিত্য-পাগল ভাবে
সন্দেহ করবার চেরে ভুল আর নেই।"

বললেন,—"আমি আপনাকে শ্রন্ধা কবি, আমি ফেবুঝলুম। রস তো একটা নয়, যাদের অক্ষ রসের কারবার বেশ-রদ তাদের রস যোগায়—ভাষা ব্যবে কেনে। ?"

বলসুম "দেখানে ভাগ্যকে স্বীকার করে নেওরা ছাড় আর কোনো উপার স্বাহে কি ?"

একটু নীরব থেকে বললেন—"এ বয়সে যে…

বলপুম "কি হয়েছে যে আপনি এত ভাবছেন সকলেই মাহুষ, মাহুষকে আমি শ্রদা করি!"

বললেন,—"তবে যাক ও-কথা—অত শ্রদার প্রাদ্ধ ন গড়ালেই হল। চিটিতো পেরেইছেন। বাসার শৃত্ততা মূল্য হিসেবে ভাড়া গুণে আর কি হবে,ভাই ছেড়ে দেওঃ হরেছে।"

"ভাগই করেছেন। এখন কাশীবাদ বদি করতে হয়নিথর্চায় চলবে। বইগুলোও কি…"

"না চোরে নেয়নি, গোরে গেছে—পাঁচ না ছ' সিশ্ মাটি আৰ উই পেনুষ।"

বললুম,- "বাক্ কাশী পেলেছে তো-বাঁচিলেছে, শে

পর্যান্ত কেলতে পারত্ম না। (ব্ক-ভাঙা খাস্টা কিন্ত লাপতে পারল্মনা) স্থেপ হথে সক ভাড়েনি। বাক্, ওদের মারে কে, অগৎ জুড়ে আছে, থাকবেও।"

সংস্ক্য হয়ে গেল, কথা কইবার মত মনোভাব উভয়েরি কমে গেল। বিদারের কথা কইতে মৃকুলবাব্ কথা খুঁজে না পেরে বললেন—"আমার দারা যদি কিছু—আমি হলফ করতে প্রস্তুত আছি।"

বললুয—"আমাকে ঐ যা দিলেন ওর চেরে বেলা কিছু আমি চাইনা, ওর চেরে বড় কিছু নেইও।— আপনাদের মলল হোক্।"

প্রধাম করলেন। বেরিয়ে পড়লুম। হেঁকে বললেন "নলক্ষার খানা।" বললুম—"ফিরে এসে।" দেখি চোথ মুছচেন!

স্বার চেল্নে মাক্স্য বড, সে দেখা না দিয়ে পারেনা। প্রায়ই সন্ধিকণে সে বেরিয়ে পড়ে।

৩৬

ত্যাগ করেছি বললেই ত্যাগ হয়না—প্রিয় যে, সে অলক্ষ্যে অন্তরের কোন্ নিভূতে যে বাসা বেঁধে অবসরের অপেকায় থাকে কেউ বলতে পারেনা। ফউই থানা ফুট কাটলে! গোটেও যাবেনা, ফউইও যাবেনা, কিন্তু Note ওলো?—যাক্—পেন্সিলের তুটো আঁচড়ের ওপরও মান্ত্রেষ এত মমতা-বৃদ্ধি!—পৃথিবীতে এসে, দেখছি, কোনো জন্মেই, কাকর মৃক্তি নেই,—মোহন্মতাই বারবার ফেরাবে?

গকগুলো সারাদিন এ-মাঠ ও-মাঠ ঘুর সংকার সময়
ঠিক গোরালে গিরে চোকে। আমিও দেখি, কোনো
দিকে না চেরেও এবং অন্ত চিস্তার অন্তমনত্ব থেকেও—
ওক্ষগৃহে ঠিক্ পৌছে গেছি। ত্'চার জন দাঁডিরে উঠে
দেলাম করলে,—কি নির্মম পরিহাদ! মাত্রুবকে আঘাত
করবার কত রকম অত্মই আছে! সন্মান দেখানোটাও
অবস্থান্তরে প্রারোজনে অন্তর্গেছনে অসীম শাক্ত ধরে।
এতবড় বুদ্ধির পরিচন্ত্র এক মাত্রুইই দিতে পারে!

ধীরে ধীরে ঘরে উপস্থিত হবে দেখি, প্রভূ একাই রয়েছেন। সামনে একথানি দোহারা গোছের বই থোলা, দৃষ্টি তাতেই আবদ্ধ। আমি চুকভেই 'আম্ন'

বলে দাঁভিয়ে উঠলেন। ছাদি পেলে,—বলনুম—"উত্তর-মীমাংসা বৃঝি ?"

—উত্তৰ-মীমাংসা ১

হাসতে হাসতেই বলসুম—"পেনাল-কোডের রাশ্নাম না ?" কথাটা মুথ থেকে বেরুতেই, ভার রুচ্তার
নিজের অন্তরটা ছি ছি করে উঠলো। বাকে শ্বরণ
হলেট শিউরেছি, আজ এতটা বিশ্বতি—যা সহজ ভল্তার
সীমা লজন করে,—কে এনে দিলে ?

তাঁকে নীরবে একটু স্লান হাসির চেটা করতে দেখে, বললুম—"নাপ করবেন,—যাদের সন্ধ, এক দুঃখ-কটেও আনন্দে রেখেছিল, সেই ১৮৬ সিন্দুক বইও আমাকে অসহায় করে চ'লে গিয়েছে শুনে মনটা বেদনা-বিক্থিপ্ত ছিল, কিছু মনে করবেন না। অভিষ্ঠ ও উত্তাক্ত অবস্থায় দিনগুলো বুথা কাট্ছে—তাতেও অমাস্থ করে দেলেছে।"

বললেন,—"আপনার অন্ত কৃষ্টিত হবার কোনো কারণ ঘটেনি,—বেম্বো কথাও কননি। তবে সত্যটা অপরাধীদের লজ্জাও দেয়; আঘাতও করে। পিনাল-কোড (Penal code) ভাবা তো আপনার তর্ম থেকে ভূল হয়নি।"

দেখি—এইথানা শ্রীরুফানন্দ স্বামীরুত গীতার ব্যাখ্যা। বললেন—"আশ্চর্য্য হচ্ছেন বোধহয় ?" বললুম—"হণ্ডয়া তো উচিত ছিলনা।"

একটু চূপ করে থেকে বলবেন—"আহারাদির পর কথা হবে—অনেক কথা আছে।"

বললুম, "বৃথা বস্তু পাবেননা, আমার বলবার কিছু নেই,—স্বপক্ষেও না।"

হাত্মমূথে বললেন—"বেশ,—শুনতে **আ**পছি নেই তো।"

বলনুম— "আমি চিরদিনই সহিষ্ শোতা। কেহ নাকুল হন— সাধামত সেই চেপ্তাই পেয়ে এসেছি।"

বললেন—"আৰু ভার পরীক্ষা দিভে হবে।"

আহারাত্তে চাকর (যে সব মৃর্তির সলে শেষ-মৃহুর্তে দেখা হয় শুনেছি, যেন তাদেরি মডেল্) তামাক দিয়ে গেল। কণ্ডা উঠে ধরের দোর-জানালা বন্ধ করলেন। হাসতে হাসতে বললেন—"এইবার আপনার সহিষ্ণুতার পরিচয় পাবো…"

বলনুম,—"বেশ, আরম্ভ করুন।"

বললেন—"আমাকে বন্ধু ভাবতে আপনার আপত্তি আছে কি ?"

আশর্য্য হরে বলসুম—"ও সম্বন্ধটা তো এক-তর্মণা হয়না, ভাষার ওপরও দাঁড়ায়না,—অন্তরের অন্থ্যোদন-সাপেক। আমি এখন resigned man (বাতিল-দাবী-শৃষ্ণ লোক) আপত্তি বা সম্মতির অর্থ আর আমার কাছে নেই,—এখন ও তুই-ই সমান। এই পর্যন্ত বলতে পারি—আমি আপনার শক্ত নই,—আপনার বিপক্ষে আমার কোনো নালিদ্নেই…"

আশ্চর্য্য হয়ে বললেন----"এটা আপনি স্ভ্য বলছেন না…"

বলনুম — যে "বে-কাজের জন্ম নিযুক্ত, সে তার নির্দিষ্ট ধারা বা আদেশ মত কর্ত্তব্য করতে বাধ্য ;—জীবনোপায় বা প্রতিষ্ঠা যে তার তাতেই রয়েছে,—জন্মায়টা কোথায় ?"

একটু হাসি টেনে বললেন—"সবটা বললেন না।"
বলনুম—"মনের অংগাচরই যদি নেই,—থাকবার
কথাও নম্ন,—'ইন্দ্রিয়ানাম মন শ্চাম্মি যে'…ভবে বৃথা
আমাকে দিয়ে বলানো কেনো ?"

বললেন--"তবু ওনতে ইচ্ছে হয়--"

বললুম,—"বেশ, কিন্তু অপ্রিয় সত্য বলতে পণ্ডিতের। নিষেধ করেছেন। কেন যে করে গেছেন—এ জীবনে তার পরীক্ষাও অনেক হরে গেছে। নাই বা শুনলেন।"

জেদ করায় বললুম,—"মায়্র্য জ্ঞানে কি বৃদ্ধিতে
নিজে ছোট হতে চায়না বা নিজেকে ছোট স্বীকার
করতে চায়না। চাইবে কেনো গাইতে সে যে
পারেনা;—সভ্যিই যিনি বড়, তিনি যে স্বার মধ্যে
রয়েছেন। তাই এটা অস্বাভাবিক নয়। ভূলের
বেলাও তাই। সেটা স্বীকার করতেও সহজে কেউ
চায়না। ভূল যিনি স্বীকার করেন, তিনি মহৎ। যিনি
তা করতে চান্না, তিনি স্বাত্মপ্রতিষ্ঠা রক্ষার্থে ভূল
বক্ষায়ের জেদ ধরেন, তাতে ক্রমেই স্কারণ আক্রোশ

বাড়ে। বৃদ্ধি তখন বিপথে গিয়ে পড়ে অনিষ্টই করায় ;—
এটা আর মনেই আসেনা, নির্দ্ধোধীর ভাতে যে কি
সর্বনাশটা করা হচ্ছে। আহং সেটা বৃষ্ধতে দেয়না।—
ভূল দিয়ে ভূল শোধরানোও যায়না। ক্ষমতার জোরে,
জেল্ মিটিয়ে আত্মপ্রসাদ লাভ করা চলে বোধ হয়।
ঠিক বলতে পারিনা, সেটা শেষ পর্যান্ত ট্যাকে কি না,
প্রাণ সমর্থন করে কি না।—যাক্ আমার তো কথা
করার কথা নয়, শোনবার কথা। বলুন কি বলবেন"…

সহাস নেত্রে চেয়ে বললেন—"বেশ লাগছিলো,— —বডেডা হাতে রেথে বলছিলেন কিছ…"

(মুথের দিকে চাইলুম) বললুম— "আমার হাতে থাকলেও, আপনার মন তো ফতুর হয়নি, সেথানে জম। ঠিকই পাবেন।"

বললেন-"আর বলবেন না ?"

বলল্ম—"না, বেহেতু সে সব আপনার অঞ্চানা নয়। মান্ত্য সকল জীবের সমষ্টি হলেও—মান্ত্য মান্ত্যই,— কেবল সামঞ্জ বোধেই এই ভারতম্য।"

করেক সেকেও আমার দিকে চেয়ে, শেষ বললেন, "তবে শুমুন—সংক্ষেপেই বলবে!—"

—"বাবা ছিলেন ফৌজদারী আদালতের নামজাদা উকীল—সঙ্কট-তারণ। হয় কে নয়—নয় কে হয় করা ছিল তাঁর বিলাসের মধ্যে। আমি তাঁর মধ্যাহ-প্রাথর্যের শুভক্ষণে জন্মাই,—প্রথম সস্থান। কি পড়া-শোনার, কি মার-পিটে, কি সাহসে, কি শক্তিতে, কি কৃট বৃদ্ধিতে—সহপাঠিদের সন্ধার দাঁড়িয়ে ঘাই। বাবার বলা ছিল—আমার ছেলে হয়ে হেরে এসেছে—এটা না আমাকে শুনতে হয়।—তা হয়নি।

— "Boisgoby, Gaborioর বই খুঁজে খুঁজে আনতুম। ডিটেকটিভ নভেল ছিল আমার প্রির-পাঠ্য। লিকো, সারলক হোম্দ্ আমার উপাক্ত ছিল। তাদের বৃদ্ধির কসরৎ আমাকে লুর ও মুগ্ধ করতো। যথন Ist Yearএ পড়ি, তথন থেকে ওই বিভাগে ঢোকবার জন্তে চেটা পাই, কিন্তু বরেস কম বলে কমিশনার সামেব অপেক্ষা করতে বলেন। বাবা আখাস দিয়ে বললেন— Scotland Yardএ পাঠাবার স্বযোগ খুলছি,—ও-একটা মন্ত বাব, হাতে-কল্মে শেখা দরকার। কিন্তু চাকরি

নিওনা, ইচ্ছা হয়—প্রাইভেট এমেচার থেকে কাজ কোরো,—ভাও হয়। আমার ইচ্ছাও ছিল ভাই।

বাবা একদিন হঠাৎ কোটেই in harness, heartfail হাট ফেল্ করে মারা গেলেন,—হাজার চল্লিশ টাকা রেখে।

Scotland Yardএর কথাও থেমে গেল। ক্মিশনার সায়েব আমাকে ছেলের মত ভালবাসতে লাগলেন। তাঁর উপদেশ ও পরামর্শ মত প্রাইভেট্ (Private) থেকেই কাল আরম্ভ করল্ম। তাঁর ছাড়-পত্র আমাকে সর্কত্তেই সকল প্রকার সাহায্যের অধিকারী করে দিলে। সাত মাসের চিন্তা-চেষ্টার একটা ভরকর জটিল রহস্তোদনাটন করে' দেওরার, আমার প্রভাব-প্রতিপত্তি খ্ব বেড়ে গেল। Private হলেও, বিশিষ্টদের মধ্যে স্থান পেল্ম,—গতি অবাধ হল', মতের মূল্য বাড়লো।—

"ভার পর অনেক কাজই করেছি—যার ভাল-মন্দের জন্মে আমিই দারী, কারণ আমি Private। উচ্চ পদে পাকা চাকরি নেবার জ্ঞান্তে করেকবার প্রভাব এলেও আমি বাবার ইচ্ছামত privateই আছি,—বেতন-বদ্ধ হইনি। কমিশনার সামেব—ভালোবাসতেন, তাঁদের নির্লিপ্তই রেখেছি। যা করি নিজেই। দায়িত্ব আমার।—

"ভগবান এভটা ভীক্ষ বৃদ্ধি দিয়েছেন—জগৎকে একটা কিছু দিয়ে যাবই। অভিজ্ঞতা আর চিস্তা মিশিয়ে এ কাজের five vital principles—পঞ্চ মোক্ষম নীভি আবিদ্ধার করে ফেলনুম,— যা ধরে' চললে মোটাম্টি অনেক কিছু সমাধান হয়,—বেরিয়ে পড়ে। যথা—

- (১) সবাই মিথ্যা কথা কয়,—সাধুতা একটা ভান মাত্র।—ঠকাতে পারলে কেউ ছাড়ে না, কারুর কিছু হাত লাগলে, স্বইচ্ছায় কেউ ফিরিয়ে দিতে আনে না বা দেয় না।
 - (२) ञ्चित्थ (शत्न नवारे চुद्रि करत्र। कांकि (मम।
- (৩) **টাকার** চেয়ে ধর্ম বড়নর, লোকের প্রাণও বড়নর।
 - (৪) মারের চেম্বে অস্থ নেই। ভূত পালায়-
- (৫) নিজের সম্মানকে ছোট হ'তে দিতে কেউ চারনা। অপরকে প্রশংসা করতেই যদি হয় তো

জনেকথানি হাতে রেখে করা, নিজেকে খাটো কোরে না ফ্যালা হয়...."

প্রভুর সকল ইন্দ্রিয়ই খুরধার। আমি অভিষ্ঠ হয়েছি লক্ষ্য করে বললেন—

"আপনি নিজেই বলেছেন—সহিফু ভোতা।"

বললুম—"আমি অতি তৃর্মল-চিত্ত,—নতুন করে কিছু শেখবার আগ্রহও নেই, বয়সও নেই; শিথে আর এখন ফলও নেই। আপনার মন্তিছ শক্তিশালী, তাই তয় হয়—পূর্বে ধারণাগুলো যদি ওলট্-পালট্ হয়ে য়ায়,— আমার তৃত্লই নট হবে। আপনি জীবনের শ্রেষ্ঠ আংশ দিয়েছেন যে সব চরিত্র আফ্সরণে, অথবা যে সব চিন্তায় বা কার্য্যে কাটিয়েছেন যে পারিপার্থিকের মধ্যে, তা নিয়ে বিখের বিচার চলে কি? সেটা মানব-সমাজের একটা রোগভৃষ্ঠ বা ব্যাধিগ্রস্ত অংশ নয় কি?"

বললেন—"আপনার নিজের সম্বন্ধে ভম্নটা আমি
মেনে নিলুম। কিন্তু আমার সম্পর্কে যা বললেন তা
মানতে পারিনা,—প্রত্যক্ষকে অবিধাস করতে পারিনা।
আপনি যাদের কথা বললেন—তাদের নিয়ে থাকে
সাধারণ প্লিস বিভাগ,—ন্তন ব্রতিদের হাতেখড়ি
তাদের নিয়েই বটে,—চোর জোচোর চুনো-প্রটিদের
নিয়েই তাদের কাজ। বড়দের কাতলা নিয়ে কাজ—যা
বড় বড় পদ্ম-ঢাকা ঝিলে বেড়ায়। দেশ বোঝে না যে
তাদের জাতেই…(হঠাৎ থেমে)—তাদের নিয়েই বড়দের
প্রধান কাজ। তাদেরই রহস্তোদঘাটনে আনন্দ আছে,
risk ও বিপদও কম নেই। শিক্ষিতদের সজে

মৃথ থেকে বেরিয়ে গেল,—পেতৃম ?

অন্তমনস্ক ভাবে বললেন—"বোধ হয় তাই।—

দেখুন ছোটর প্রভাবই দেখছি এখন বেশি, তারা
মোড় ফেরায় সহজে,—চৌঘুড়িতে সে স্থবিধে নেই।

একটু উদাস দৃষ্টিতে নীরব থেকে বললেন—জগতের সকল কাজের মৃলেই নেশা। নেশার না পেলে— 'বেতার'ও বেকত না, 'উড়ো জাহাজ'ও পেতেন না। কিন্তু ছোটগুলো নজরের বাইরে পড়ে' বায়—তুছ্ হয়ে বায়। বড়র যে বৃদ্ধির ওপর সনাতন দাবী র'য়েছে। ভাই বড় নিয়ে থাকতেই ভারা ভালোবাসে। —"নেশার অজ্ঞানও আনে, স্করাং ভূলও করার। ছোট ছোট বিষরে তা কত করে থাকবো জানিনা। নিজের কাছে ধরা পড়লেও exceptionএর কোটার ফেলে দিতুম,—সে চিস্তার সময় নই করতুম না। ও দৌকল্য রাখলে চলেনা—set principle ধরে—নীতি মেনে কাজ করা হলেই হ'ল।"—

থেমে জিজাসা করলেন — "বুম পাতে ?"

বললুম—"বলেছি তোসেটা সাত বচর নেই, এই-বার গ্যালও বোধ হয় জ্বনের মত। স্থারো আছে নাকি ।"

বললেন—"১৮ বছরে থাকাই তো সম্ভব, ভবে সথের কাজে discount থাকে। সাফল্যের গৌরব আর আত্মপ্রসাদ ছাড়া লাভ বা লোভের ভ' কিছু ছিল না। যাকৃ সে কথা।"

— "কানেন তো জগতে নিজের মাথাই ধরে, আব কারুর ধরে না,—তারা সব মিছে কথা কয়। না?"

हुপ करद्र बहेनूम।

-- "आमात छारेशा माष्ट्रिक (मत्त्,-- रत्त्रन वत्त्र একটি ছেলে ভাকে পড়াতো। সে মায়ের একমাত্র ছেলে. বড় গরীব, B. A. Englisha Honour. ছেলে পড়িয়ে নিজে এম-এ পড়ছিল। ভাইপোর পড়বার ঘরেই আমার পোষাক পরিচ্ছদ থাকতো। কোটের বুক্-পকেটে আমার সোনার ফাউণ্টেন-পেনটাও clip লাগানো থাকভো---কমিশনার সাহেব প্রেক্টে কোরে-ছিলেন! একদিন সেটা দেখতে না পেয়ে পাতি পাতি করে থোঁজা হল, কোথাও দেখতে পাওয়া গেল না।--এ হরেন ছাড়া আর কারুর কাজ নয়। কিন্তু সে কিছুতেই স্বীকার করলেনা, বললে—"আমি তো (एड वहद जामहि—याहि, जामाटक जाननात गत्नव করবার কারণ কি ?" আমি ও-বিষয়ের ওতাদ -- expert, আমাকে কারণ জিজাস। করে । চেনে না । আছো চেনাচ্ছ।--তৃতীয় দিনে ১২ বেত খাইয়ে দিলুম। প্রদিন সক্ষালে শুনলুম এসিড (acid) থেয়ে আত্মহত্যা করেছে। যাক—চোর কমাই ভালো। তবু—তার মাকে আমার বাড়ীতে এসে থাকতে বলনুম। এলো না, পাগল হয়ে গেল, রাস্তায় রাস্তায় ঘোরে। আমার দোষ কি,—কর্ত্তব্যে দৌর্কাল্য—কাজের কথা নয়। ও-সং তুক্ত কথা ভাষাই বা কেনো।

আমার ভাররাভাই বীমা কোম্পানীর একেট, দেড় মাস পরে রাজপ্তানা মুরে এসে—কলমটা ফিরিয়ে দিলে !---"

ভনে চম্কে উঠলুম,—আমাকে বিচলিত হতে দেখে বললেন,—

বলেছেন—"ঝামি সহিষ্ণু খোতা।"

বললুম—কথাটা ঠিক হলেও শরীর আমার শক্ত নয়, নার্ভ (Nerve) বড় ত্র্বল,—ভাঙন ধরেছে—

বললেন—"বেশ, গল্প মনে করেই আমার বিষয়টা শুফুন না।"

চুপ করে রইলুম,—ভিনি আরম্ভ করলেন—

—"পথে সাইকেল্টা একদিন বিগড়ে যাওয়ায়, নিকটে যে দোকানটা পেলুম, সেইথানেই সেটা ঠিন্
করতে দিলুম। কার দোকান বোঝবার জো নেই,—
করেকটি লক্ষীছাড়া—বাঙালীর ছেলে, বসে বসে বিড়ি
টোকে, আড্ডা মারে, হোটেলে থায়, সকলেই ওন্তাদ।
তাদের ওপরেও নজর রাথতে হয়,—কারণ সলেহ
জাগায়। আমি যে পোষাকে ছিলুম তাতে আমাকে
চেনবার কোনো উপায়ই ছিলনা। এদিক উদিক
ঘুরে, মিনিট পনেরো পরে—তাদের ছ'আনা মজুরি
দিয়ে সাইকেলে চড়ে আরো পাঁচ জায়গা ঘুরে, চলে
এলুম। কথনো কথনো আবশ্যক মত দিনে-রাতে
সাতবার পোষাক বদলাতে হয়়। তিনদিন পরে মনিব্যাগটার থোঁজে পড়লো। কোথাও পেলুমনা। ইতিমধ্যে
পঞ্চাশ জায়গায় গিয়েছি, বসেছি—কোথায় ফেলেছি
বা পড়ে গিয়েছে, ঠিক নেই।—

— "আমাদের দৃষ্টি দব দিকে, বিশেষ যেখানে সন্দেহ থাকে। দেখি সেই দাইকেলের দোকানে বড় বড় বাংলা ও হিন্দি হরপে লেখা একখানা বোর্ড ঝুলছে। এটা ভো ছিলনা! লেখা— "কারো কিছু খোয়া গিয়ে থাকে ভো, সে দহস্কে ঠিক্ ঠিক্ বর্ণনা দিলে, এখানে পাবেন"। সেদিন আমি ছিল্ম মান্তানী, আন্ধ কাশ্মীরি শাল বিক্রেভা। গিয়ে বলশুম, আমার একটা চামডার কেদ্ খোয়া গিরেছে, ভাতে ছিল আটখানা দশটাকার নটে ভ টাকা নগদ জার ইংরেজি লেখা জাধ sheet ৳টির কাগজ।

ময়লা কাপড় আর ছেঁড়া গেঞ্জি পরা একটি ১৮।১৯
চরের ছেলে একথানা সাইকেলের অংশ খুলে পরিজার
চরছিল। দিক্তি না করে, কাজ ফেলে, কালি-মূলি মাথা
াতেই, দোকানে রাথা মাটির গণেশের পেছন থেকে
নাগটি এনে আমার হাতে দিয়ে,—নাত্র বললে 'দেথে
নন'। পরেই নির্লিপ্টের মত কাজে মন দিলে। আমি
ঠিক্ ঠিক্ পেয়ে নির্মাক বিশ্বরে শুন্তিত! যারা আড্ডা
দিচ্ছিলো তাদের একজন হাসতে হাসতে বললে—'সবই
নিমে যাবেন' ?—"এ থেকে যা ইচ্ছা নাও" বলে ব্যাগটা
এগিরে ধরতে প্রথম ছেলেটি কাইভাবে বলে'—উঠলো
'কি ছোটেলোকমি করচো,—আপনি যান মশাই।"
আমার ক্রভক্তা প্রকাশের কথাও যোগালোনা। চলে
এল্য। কিন্তু মন্ড চাবুক থেয়ে।—

"ভগবানকে স্মরণ করে আমার একটা খণ্ডির নিশ্বাদ পড়লো।—এই ছেলেরাই আমার দেশের মূলধন,—

"কথা কইলেন না, আমার দিকে চাইলেন মাত্র। শেষ বললেন—"বিশুরা তিন ভাই, বাপ সাড়ে ছ'লাক টাকারেখে মারা গেলেন। বিশু চরিত্রবান, ধর্মপ্রাণ, মাড়ভক্ত। 3rd year এ বি-এ পড়ছিল। বিবাহ করেনি। অন্ত ভাষেদের সব দোষই ছিল—মাকে নিয়ে এক সংসারে থাকা তাদের পোষাবেনা। বিশু ভাতে রাজি হলনা—শেষে জাল উইলের সাহায্যে বিশুকে বঞ্চিত করে তারা এখন বালিগঞ্জে বড়-লোক।

— "বিশু একবার যদি বলে—'সইটে বাবার নয়' সহজেই সব উলটে যায়, কারণ সকলেই এবং সবই ছিল তার স্বপক্ষে,—হাকিম পর্য্যন্ত। সে বললে অত টাকা নিয়ে কি হবে—পশু হয়েও ষেতে পারি। আর বড় জোর ২৫।৩০ বচর থাকা,—মরে যেতে হবেই, টাকাতে তা ফকবেনা, দাদাদের বিপন্ন করি কেনো।—

—"সে এখন ছেলে পড়িরে ২০।২৫ টাকা পার, তাতে
মার কানীবাস চলে, নিজের—তাঁর প্রসাদ পাওয়াও
চলে। সদাই প্রফুল্ল মুথ; জিজ্ঞাসা করলে বলে "মারের
ফুপায় বেচে গেছি কাকাবাব্,—কোনো চিস্তাই নেই—

বেশ আছি—কি হতুম তা কে জানে"!—পড়া-শোনা নিমেই থাকে।

বলল্ম—"বিশ্ব-সভার এরাই ভারতের পরিচয়।"
বললেন—"বেশ লাগছে বোধ হয়,—ভবে বলি,—"
"দেখছেন, আমি আমার পুর্ফোক্ত পাঁচটী basic
principle (মূল নীতি) ধরেই চলেছি, তা লভ্যন করে
অবাস্তর কথা শুনিয়ে আপনাকে বিরক্ত করবনা, আমার
ভা উদ্দেশ্যও নয়। ১৮ বচরের অভিজ্ঞতা, সবশুলিই বারবার পরীকা কয়া ছিল।—

-- "একটা ভারি interesting ব্যাপার মাথার ঘুরছিল,—তার রহস্ত ভেদ করার মধ্যে আমার স্থের এবং জীবনেরও যেন চরম সার্থকতা অপেকা করছিল। দেই তন্ম অবস্থায় বাড়ী চুকতেই—ছেলেটার কালার শকে চিন্তাধার। ছিন্ন ভিন্ন হয়ে গেল।--কবচ ধারণ, প্রসা, মানত, দৈব ক্রিয়াদির পর ছেলেটি হয়, স্কুতরাং আদ্রের সীমা ছিলনা। তথন মাত্র ২৭ মাদে পড়েছে। তার কারায় স্বীর ওপর ভয়ত্বর চটে গেলুম-"একটা ছেলে থামাতে পারনা—আদরে আদরে সর্বনাশ করতে বদেছ ?" পত্নী বললেন—"কি করবো--কিছুতে থামচেনা, বোধ হয় পেট কামড়াচ্ছে, কি কাণ কট কট করছে।" —"বছ-বছরা থামে আর ও থামবেনা—লাভ" বলে টেনে নিয়ে এক চড় লাগালুম। তবু কালা-স্মার এক চড়। —"কি করচো গো—ছধের বাছা, মেরে ফেলবে নাকি" বলে ছুটে নিতে এলেন।—"দের কারা, থাম বলছি" বলে চড় পড়তেই তার মা চেঁচিয়ে কেঁদে উঠে তাকে টেনে নিলে। ছেলে চুপ করলো। ভার পরই—"ওগো কি দৰ্কনাশ করলে গো "বলে স্ত্ৰী আছডে পডলেন।--

শুনে আমার তথন নার্ভাস tremor (কম্পন)
আরম্ভ হয়ে গেছে,—কাণের ছ পাশ দে যেন ট্রেণ চলছে।
বসে বসে বারাপ্তায় গিয়ে, মাথায় মূথে চোথে জল দিয়ে,
ঘরে ঢুকেই ফরাশের ওপরই শুয়ে পড়লুম।

— নীত ধরতে উঠে বসলুম। দেখি গোলাপের গদে ঘর ভরে গেছে, পাশে গোলাপ জলের বোতল। মাথা ব্য়ে গোলাপ জল ঝরছে!

— "উ: তাই মা-লন্ত্রী কাঁদতে মানা করেছিলেন। পাগলিনী হয়েও সন্তানদের ভোলেননি, ছুটে

জনেছিলেন। জগৎজননী শান্ত হও! (মাথার হাত ঠেকিরে নমন্তার করবুম)—মারবেন বলে মারেন নি,—
principle রক্ষা করেছেন! মহস্বত্বের অপমান!
মারের চোটে ভূত পালার, কথাটার ভূল নেই—দেহটা
পঞ্জুভের।

"তু ফোটা গোলাপ জল নাকের ছ'ধার দিয়ে গড়িয়ে
এনে গোঁফ ভিজিরে দেওয়ায়—(এবার ও অপরাধটা
রয়ে গেছে—গোঁফ ওঠার আগেই বাপ্ মা মারা গেছেন,
—ফেলবার কারণ ঘটেনি)—গন্ধটা ঘোরালো হয়েই
নাকে চুকলো।—ছঃখের মধ্যে একটু হাসি ফুটলো।—
চোখের জলও আগেকা করছে…

"হাসছেন যে ?"

চমকে দিলে। তিনি যে একথানা চেয়ারে নীরবে আপেকা করছিলেন, সেটা ভাবতেই পারিনি ট্রাজিডির শেষেই দ্রুপ পডে'—চলে গিয়ে থাকবেন,—এই ভেবে নিশ্চিস্ত হরে ছিলুম।

বল্লুম—চার্জটা আঞ্চকেই শুনিয়ে দিন, আমি প্রস্তত। আশা করি এর ওপর আর কিছু নেই—

মৃথমন্ব বিশ্রী হাসি টেনে বললেন,—"বলেছেন না মান্থবের চেরে বড় কিছু নেই।—সে নির্চুরভাতেও বড়, —পশুকেও পরান্ত করেছে—যমের চেরেও নির্মা। মাপনি বড় weak nerve এর (চ্র্কাল্ স্নায়্র) লোক,— দেশব শুনতে পারবেন না।

অন্তর্টা শিউরে উঠলো। বলন্ম, "শুনতে না পারণেও আপনাদের কর্ত্তব্য জো রেহাই দেবেনা।"

বললেন—ভবে ওনে রাধাই ভালো…

বল্লুম—সহিষ্ণু শ্রোতার গর্ক আমার আর নেই— বললেন—"কলাচ ছ্'একজনকে বলতে শুনেছি—যা ছর এথনি হোক। তারা দলা চারনা—"

মরিয়ার মত হাসতে হাসতেই বলসুম—"দরাও আছে নাকি ?—সে দরা আমিও চাইনা।"

বৰ্ণনে—"আপনি তা চাননা—আমি জানি।— ভছন—

বিপক্ষের একটা কোনো ভীষণ উদ্দেশ্যের পশ্চাতে ভাদের একটা ভয়বর ষড়যন্ত্র চলছিল,—দেটা বোঝা ক্টিন ছিলনা, কিন্তু ভাদের আড্ডার ফ্রন্ত পরিবর্ত্তন

এপক্ষকে বোকা বানিয়ে দেয়। কথাটা আমার कানে আদার—আমার স্থ তার প্রিয় বস্তুই পেলে,— উৎসার উন্নয়, আনন্দ ও ঘশোলিপা। (শেষেরটা সাধুদেরও ভাগ হয়না) একসঙ্গেই জেগে উঠলো। আমার নিজের ব্যবস্থায়-জপর-নির্ণিপ্ত ভাবে [অর্থাৎ ক্সয়ের প্রশংসার অংশীদার না রেখে] অফু পছার কার আরুছ করেছিলুম - ব্যাপারটার পশ্চাতে একজন মাথাওলা director আছেই, ভাকে পেলেই দ্ব পাওৱা হবে। আপনার ওপর নজর পোডলো,—কেনো (য,— সে সব খুঁটি-নাটি শোনাবার প্রয়োজন নেই। ভার মধ্যে একটা হচ্ছে—তরুণেরা আপনার প্রির, প্রীভি ভাজন,—কোনদিন একটি সমবয়সী বয়ন্ত বা বুদ্ধের স্কে আপনাকে কথনো দেখিনি। আপনার পূর্কালাপি পরিচিতদের মধ্যে—বেকার আর অবস্থাপীডিতদের সন্ধান নিয়ে, নিজ ব্যয়ে তাদের নিয়ক্ত করল্ম।--**क्लांना कांक फिल्मा। शूर्व श्रीवरुष या (श्रम्म-)** আমাকে দাহায্য করেনা। কাদীবাদ করে কাদীগণ্ড পড়েননা. শাহিত্যচর্চা করেন,-থবই অস্বাভাবিক নয় কি ?"

সহাত্যে বলসুম-এবং লজ্জার কথাও-

বললন—"তা বলতে পারিনা…তবে ওটাকে আন্তঃ
ভয়ের বা সন্দেহের কারণ বলে ধরিনা। কারণ—
সাহিত্যিকদের যা কিছু দৌড় তা প্রায়ই লেখার মধ্যে
সীমাবদ্ধ। কান্ধের 'ক'-এর সন্দেও তাদের পরিচয়
নেই। তাই সাহিত্যিকদের আমরা অপকারী জীব বলে গণ্য করিনা—অকেজো বলেই ধরি। ক্রান্থে ভান্টেরার বা মার্ক্সের মত লেখক এ দেশে জ্ন্যাতে পায় না। যাক্—

— "ইতিমধ্যে ছেলেটা গেল। যাকে খুঁজছিল্য তাকেও অপর পক বার করলে। নিজের বছ টাক ধরচ হরে বাবার পর সেটা কি সাংঘাতিক আঘাত!— কিপ্ত করে দিলে। তথন জেদ্ হ'ল—আপনার সং ওর একটা কিছু যোগস্ত্র স্বাষ্টি করতেই হ'বে,— আত্মসম্মানে আঘাত যে বড়ই নিশ্ম! আপনি কলকেতার গেলেন। খোঁজ নিয়ে আপনার পূর্বপরিচিঃ ধার্মিকদের ধরল্ম,—স্টি-কার্য্যে যারা পিতামহের ওপর। বলবৃদ,--"তা দেখে এদেছি ।"...

সহাক্ষে বললেন,—"তথনো আপনাকে তুণ্লিকেট্ (duplicate) হিসেবে রেখেছি, সকল বড় অভিনেতাদের (actorদের) duplicate (পরিবর্ত্ত) রাথতে হয়,—কাজ লাগে। কিন্তু কোনো যোগততে পাচ্ছি না,—
১জপরের মত expert (ওতাদ) চক্রীও কাজে আসছে
ন—জেদ বেড়েই চলেছে…

"তথনো আমার ধারণা—লোক পাকড়েছি ঠিক,— বেমনি থলিফা তেমনি চতুর—ধরা ছোঁয়া দেয়না,— হাকে বলে dangerous type—ভীষণ। এরাই হয় পাকা কর্ণধার—born-helmsman—জন্ম-নেতা—"

বলসুম,—খুব বাহ্বা (Compliment) দিচ্ছেন যে— বললেন—আপনি ওদবেরও ওপোর…

নির্ভয়েই বলনুম,—তাহলে বুঝেছি—বাপের কটাজ্জিত অর্থ নষ্ট করবার জন্তেই স্থ চেপেছিল, অর্থাৎ আপনাকে প্রতে টেনেছিল,—

বললেন—"এখন এক একবার সেই সন্দেহই উকি মারে,—তথুনি সেটা দ্র করেছি,—আত্মপ্রসাদ নষ্ট করি কেনো। যাক—

একটা কথা বলতে ভুলেছি,—বিশ বচর আগে একবার থিয়েটারের সথও চেগেছিল। তার নাটকও লিখি আমি। তার ভালোমন্দ বিচারের অবকাশ কারুর ছিলনা,—কারণ প্রসাপ্তলো ছিল আমারি বাপের—কারেন আমি।—

— "ছেলেটা যাওয়ায় বাড়ীর শাস্তিও চলে গেল।

শেই বিশ বছর আগের আনন্দের দিন মনে পড়তে
লাগলো। সে কি আর ফেরেনা? না—ফেরেনা।
বাইরের বাইরেই কাটাই, বাড়ী চুকলেই আশাস্তি।
বাইরের হরেই থাকি—সময় কাটেনা।—কি নিয়ে
থাকি? বিশ বছর আগে তো লিখেছিল্ম, এখন
লিখতে পারি না? কি লিখি?—

—"এই সময় নিজেদের মধ্যেই একটা নাটকীয় বিবাহ ব্যাপার ঘটে গেল,— আমাকেই যার শেষ রক্ষায় সাহায্য করতে হ'ল। তাতে অভিনবত্ত থাকার—সেই হয় আমার লেথার বিষয় (subject)। লেথা, কাপিকরা, প্রফ্ দেখা, আর ছাপানোতে ক্রেক মাস বেশ

কাটলো।—অবশু তার মাঝে আপনাকে ভুলিনি, সেটা
ঠিকই ছিল। বইথানা যে পড়ে সেই প্রশংসা করে।
ভয়ে ভক্তি নয় তো? বলে, কলকেতার কোনো
থিয়েটারে দিন—এখন নাট্যকার বড় নেই,—লুফে
নেবে।—আছা আগে শ্রেষ্ঠ মাসিকথানার সমালোচনা
দেখি,—তার পর সে চেটা।—

— "নিত্য কেরবার মুথে ডাক্থর হয়ে আদি।
দেখি— মুগনাভী মাসিকথানি এসেছে কিনা। একদিন
পেয়ে দাগ্রহে দেইখানেই খুলে ফেললুম,—এই যে
বেরিয়েছে। তুরুতুরু বক্ষে যত পড়ি—বিশাস হয়না।
আবার বইখানার নাম দেখি,—অন্ত কারো নয়তো।
কিন্তু এ কি, এ যে আশাতীত।—

উ: কি করি, আননেদ অধীর করে দিলে। বছ চিন্তা, বহু চেষ্টার পর সমূহ বিপদ উত্তীর্ণ হয়ে, বড় বড় মহার্থিদের অন্ধকার থেকে আলোকে এনেও আনন্দ অক্তব করেছি বছৎ—কিছ সে এমন অচ্ছ নয়, এ একেবারে স্বভন্ত। ভারা ছ্নিয়ায় ছিল,—এ যে নিজের স্প্রির!—

—"কার অভিমত, সমালোচক কে? এমন লোক আছেন যিনি অপরিচিত লেথককে এত বড় উচ্চাসন দেন। লোক সব পাবে, কিন্তু—আমার 5 principle (পঞ্চন্ত্র) ফুরিয়ে গেল,—ফেল (fail) করলে।—কি প্রীতিমাধা উৎসাহ দান। দেখি নিচে কুটাক্ষরে লেখা নবীন বন্দ্যো। চম্কে গেলুম,—আপনিই নাকি? তথুনি জরুরি ভার পাঠিয়ে সংবাদ পেলুম—'ভিনিই'!

— "প্রাণটা ছিছি করে উঠলো! এই লোককে
মিছে ডুপ্লিকেট করে' হাতে রেখে অশান্তি ভোগ
করাচ্ছি? তৎক্ষণাং অন্তরদের আপনার জ্ঞাত ও অজ্ঞাত
টেলিগ্রাফ করে—অনুসন্ধান, অনুসরণ নিষেধ করে দিলুম।
— সংবাদও পেলুম—তিনি কাশী বাত্রা করলেন,—সঙ্গে
আছে একমোট জুতো"!

বাধা দিয়ে বললুম—"দেখুন—সভ্যের অপমান করা লেথকদের কাজ নয়। তাঁরা স্থলরের পূজারী—ভাল কিছু পেলে কেবল নিজেরাই উপভোগ করে' স্থধ পাননা, সেটা পাঁচ জনের মধ্যে পৌছে দেওয়াভেই তাঁদের তৃথি।" বললেন— "পূর্বের বলেছেন—মাস্থ্যেই ভূল করে।—
এখন আমারও দখ মিটেছে। ঠিকই বলেছেন—গ্রহে
টেনেছিল—দকল শান্তিই খুইয়েছি—এখন এই নির্বিরোধ
বন্ধ নিরেই থাকবো—বে শুধু আনন্দই দের।" উদাদ
ভাবে আপনা আপনিই আওড়ালেন—"ভূল আর হুঃখ
কষ্টই মান্থয়কে দভ্যের সন্ধান দেয়— হৈতন্ত ক্লাগায়…"

এতদিনে মোড় ফির্ছেন। টে°ক্লে হয়— বললেন—"ভিনটে বাঞ্লো, ভয়ে পড়ুন—"

বলসুম—"শেব কথাটা শুনিরে গেলেই আমার প্রতি দল্পা করা হয়, নিশ্চিন্ত হয়ে শুই…"

হাত জ্বোড় করে বললেন—"আর লজ্জা দেবেননা— কিন্তু একটা Condition (সর্ত্ত) আছে—আমাকে অন্তরের সহিত ক্ষমা করতে হবে।"

বলস্ম—"সেটা কি এখনো বাকি আছে, আমি আগনার জন্ত সভ্যই হৃ:খিত, আগনাবা শান্তি গান এই প্রার্থনা করি।"

স্থান্ত পা ক্রমের জন হওরার কথা বেধে গেল,— ভাড়াভাড়ি পা ছুঁমেই ফ্রভ চলে গেলেন।

বিশাদ-শুস্তিত বদে রইলুম।—নিজের লেখার প্রতি
মান্থবের মোহ কি অপরিসীম!—দেখ্ছি ব্যাল্ল প্রকৃতিও
ভা'তে বদ্ধ!—সাহিত্যের নেশা শাস্তি দেয় কিনা
জানিনা,—দে ভ্লিয়ে রাথে বটে।—সংসারের লোকদেনে
আাদ্বাব বানিমেও দেয়;—আবার জগতের দরকারী
জীব তাদের মধ্যেই পাই।—সমালোচনা যেন আঘাত
বাঁচিয়ে, পথ দেখিয়ে, করতে পারি।

ন্তৰতার ফাঁকে এই সব এলো-মেলো চিন্তা এলো-গ্যালো।

ভগবানকে শারণ করে শায়া নিলুম। কেবলই মনে হতে লাগলো—"লটকি সেঁইয়া" এঁরই লেখা, আশ্চর্য ! কি বিরুদ্ধ সমাবেশ ! পরুম্ লঙ্কয়তে গিরিম্—যৎ রূপা। তুমি সবই পারো……

সক্ষালে যথন দেখা হল,—পূর্বের সে লোকই নন। বাঁকে মনে পড়লে শিউরে উঠতুম, যার মুখের দিকে চাইতে পারতুমনা,—কতকগুলো ভীতিপ্রদ রেথার দমষ্টি বলে মনে হ'ত—মুখে ভীষণতা মাথিরে রাথতো, কথা নীরদ কর্কণ ছিল, আজ দে-সব মুছে কি সহৰ হয়েছে।

এখন কি করবো, কোথার থাকবো, জীবনে প্রোগ্রাম কি, প্রভৃতি সহজ স্বাভাবিক কথাই ২নে লাগলো।

সেই সময়—"আদতে পারি কি ভৈরব বাবু?" বলে
অপেকা না করেই একটি অতিকার প্রোঢ় প্রবে
করলেন। সিঁড়ি ভেঙে উঠে সশকে হাপাছিলেন।

"আসুন আসুন, কবে এলেন ? কোনো থবর দেন তো? কেমন আছেন বলুন?"

ভৈরববাবু এক নিখাসে প্রশ্নের এই চৌতাল চাপান আমি ভাববার সময় পেলুম।—

লোকটি শ্রীমন্ত এবং শৃশীমন্তও, অর্থ নৈতিক সমস্যা মৃর্ত্ত সমাধান। কলকেতার আধুনিক কারবারিই হবেন লুচি আর বেণ্ডন ভাজার সমাবেশে শ্রীঘৃতের কুপো বড়-ব্কের-পাটা না থাকলে সিংহের গুহার এ-ভাবে মাণ গলাতে কেউ সাহস করেনা।

তৈরববাব পরিচয় দিলেন,—"নাম শুনলে আগা নিশ্চয়ই চিনবেন— শ্রীযুক্ত বিসর্জন কুণ্ড্—স্প্রপ্রফি পাবলিসার—"

না জ্বানলেও ভদ্রলোকদের অনেক কথা বলং তথ—

বললুম—"মার বলতে হবেনা ওঁদের পরিচয় কে জানে। ভবে নামটি সম্বন্ধে একটু কৌতূহল⋯

আগিস্তুক থল-থল হাস্ত্রে বললেন—"ও রহন্ত আমাংব বহন করতে হয়·····"

মৃধ থেকে সহজেই বেরিরে গেল—"এবং আশা বোধ করি ভা অনায়াসে পারেনও……"

তিনি হেসেই বললেন,—"ঠিকই বলেছেন,—ভনে আমার সাতটি ভাই ভূমিষ্ঠ হবার পরই মারা যায়, ত আমি হতেই বাবা আমাকে দেবতাদের অপণি ক' ওই নাম রেখেছিলেন…"

— "অর্থাৎ—এথনি তো মরবে তাই যথান হিসেবে বোধহর তাড়াতাড়ি ঠাকুরদের দিরে ফ্যানে বাঃ থব ব্যবসা-বৃদ্ধি ধরতেন তো! উদ্ভরাধিকা আপনাকে এতো উন্নতি আর প্রসিদ্ধি দিয়েছে। ঠাকু

নবীন যুবক

প্রবোধকুমার সাক্তাল

>

গাঁতের শেবে প্রথম বসন্তকালে আমার পৈতৃক গ্রাম ভালোই লাগল। বাবার জমিদারিটা বেশ শাঁদালো। তিনি পুরাতন কালের মান্ত্র। তিনি জানেন গ্রাম আমার ভালো লাগে না, আমার জন্ম এবং কর্মকেত্র কলিকাতার। মা জীবিত নেই অনেক দিন। ছু বছর আগে পর্যান্ত এই গ্রামে নিয়মিত আসতাম; মাসে একবার একদিনের জন্ত। সম্প্রতি পড়াভানো এবং নানা কাজে আর আসতে পারিনে।

ছু দিনের জস্ম গ্রামে এসেছি, আদর-আভ্যর্থনার ক্রটি হচ্ছে না। যে লোকটা বিশ্ববিদ্যালয়ের ছাপ মারা, দেশের সম্বন্ধে নানা সংবাদ যে রাথে, থবরের কাগজে যার নাম ওঠে—গ্রামের চোথে সে-লোকটা সর্কাশেরে সুপ্তিত, সর্বজ্ঞ, কল্লালেকর বিচিত্র মান্ত্র্য ইতিমধ্যেই গ্রামের চণ্ডীমণ্ডপ ও যুবক-স্তেয্র উল্ভোগে গোটা ছুই প্রস্থানী হব্ধে গেছে। সুক্ত সুখ্যাতিতে এখনকার ছিলেরা আনর লজ্জিত হ্য় না।

ছু দিন ধরে নিষাস নেবার সময় ছিল না। গ্রামের ফ্রাঝ্ডা, লাইরেরী এবং পলীসংস্কার সমিতির টানাটানিতে প্রাণ কঠাগত হছিল, এমন সময় বাবা এদে বললেন, কাল ভোর রাতের গাড়ী ধরবে ত ?

चारक है।।

তাহলে এখানকার পাল্কি বলে' রাখি। টাকাকড়ি সংল থাকবে, আনকারে এবারে আর হেঁটে গিরে কাজ নেই। ইাা, আমি শীঘ্রই কল্কাতার বাবে।। টেলিগ্রাম করলেই একটা বাড়ী দেখে রেখো। ও বাড়ীটার ভাড়া এসেছে, নর ?

व्याटक है।।

বাবা অংগাং জীযুক্ত দীননাথ চৌধুরী মহাশয় প্রায়ান করলেন। আমামি একটা দিগারেট ধরিষে স্থায়ির হঙ্গে বসলাম। আজ অপরাছে আর পথে বা'র হবো না,
গ্রজনতা কর্তৃক আক্রান্থ হতে আর সাধ নেই। গ্রামের
আগ্রীর স্কল, বন্ধু বান্ধব, হিতিষী ও শুভানুধ্যান্ধীগণের
সহিত দেখা করার পালা সাক করেছি। আর একটিমাত্র জারগা বাকি। সকলের আগে যেখানে যাবার
কথা, সকলের পরে সেখানে গেলেও চলবে। গ্রামে
এবার পদার্পণ করার গোপন কারণ স্থক্তে 'সচেভন হরে
উঠলাম:

সন্ধার অন্ধকার নাম্ল। চা থাওয়া শেষ ক'রে পথে নেমে এলাম। বে পথটা দিয়ে চললাম ই পথে আজ ছ দিন নানা কাজে ঘুবেছি, নানা অকুরোধ এবং উপলক্ষা নিয়ে। কিন্তু আজ সন্ধার লক্ষ্য বথন একান্ত হোলো, পথের চেহারা গেল বদলে। চলতে চলতে ছই পাশে ভাল-থেজুরের বনে একটি অশ্রুত ভাষা মর্মারিত হতে লাগল, আকাশের ভারা পরস্পার কথা করে উঠল। আমার মন অত্যক্ত স্পর্শিত্ব বাসের ডগা কাপলে আমার প্রাণ ওঠে কেঁপে, মেঘের সহিত মেঘের কোলাকুলিতে আমার মাথার রক্তে দোলালাগে।

কা'র। যেন দ্রে কথা কইতে কইতে আসছিল,
আমি ক্রন্সান্ত পথ থেকে নেমে অন্ধলারে আত্মগোপন করলাম। কাছে এসে বধন ভারা পার হরে
চলে' গেল, বুঝলাম আমারই আলোচনা ভাদের মূথে
মূথে। নিজের চৌর্ভিভে প্রথমটা লজ্জিভ হলাম।
অথচ লজ্জিভ হবার কারণ নেই। প্রপরিচিত ব্যক্তিগণের
স্বদ্ধে আমরা একটি আজ্ঞ্ডবী করনা ক'রে রাখি,
সেখান থেকে ভাদের বিচাতি ঘটলেই আমাদের মনে
আনে অপ্রবা। অনুসাধারণের বিচাত-বুজির পরিমাণে
যে উপরে উঠতে পেরেছে, সে যে প্রয়োজন হোলে
নিচেও নামতে পারে এমন কথা জানবার সময় এসেছে।
গ্রামের এক প্রাক্ষে একথানা বাড়ীর উঠোনে এসে

একেবারে থামলাম। এদিকটার বড় একটা চেনা-পরিচিত কেউ নেই, চেনা ও জানা কেউ না থাকলেই খুদি হই।

মৃত্কঠে ভাকলাম, পিদিমা কোথায় ? পিদিমা ?
এই যে আহ্ন। ব'লে যে বেরিয়ে এল তার জলই
আমার এখানে আসা। হেদে দালানের উপরে উঠলাম।
বল্লাম, কেমন আছি ভগবতী ?

যদিচ বয়দে আমরা প্রায় সমবয়দী তব্ও ভগবতী আমার পায়ের ধ্লো নিয়ে বললে, ভালো আছি। আপনার আসতে এত দেরি হোলো কেন? মনে বৃঝি পড়তেই চায় না :—চকিত ও ত্রস্ত চক্ষে সে একবার এদিক ওদিক তাকাল।

বললাম, তোমরা আত্মীয় স্বন্ধনের মধ্যে হোলে অনেক আগেই মনে পড়ত।

তা বৃথতে পেরেছি। আফুন বরের ভেতরে। ব'লে ডগ্রতী অগ্নর হোলো।

পিসিমা কোথায় ?

সমুস্ত ও জ্বস্পেষ্টকর্মে সে বলকো, তিনি আছিকে বসেছেন।

তার নিজের খবে এনে আমাকে বদালো। নতুন একটা টেব্ল্ল্যাম্প একধারে জল্ছে। বড় ঘরখানার প্রকাণ্ড একধানা পার্শিয়ান্ কার্পেট্ পাতা। অতিথি সংগ্রনার একটা আয়োজনের চিহ্ন সর্বতেই পরিকৃট। অবস্থা এদের এধনো ভালোই আছে।

আলোর এসে ভার দিকে ফিরে বলগান, ছ বছরে ভূমি কিছু অনেক বদলে গেছ মিছু।

ভগবতী হেদে বললে, তবু ভালো। ভাবছিলুন ডাকনামটা আমার বৃঝি ভূলেই গেলেন। বদ্লাব না কেন বলুন, বরস ত বাড়ছে দিন দিন। আবার সে একবার এদিক ওদিক তাকাল, তারপর চুপি চুপি বললে, শুহুন, চিঠি পেয়েছিলেন আমার প

আমাদের মধ্যে আপনি এবং তুমিটা বরাবরই চ'লে আসছে, সেটার আর পরিবর্তন ঘটেনি। আমিও প্রতিবাদ করিনি, সেও দাবি জানায়নি। আমার কাছে কোনো দাবি জানানো তার পক্ষে অনেক দিন থেকেই কঠিন। আমরা ধ্ব স্পষ্ট করেই জানি, আমাদের মধ্যে

যে .বস্তুটা আছে দেটা প্রেম নয়, খ্রীতি। কিছু প্রাণ্রে উত্তাপে জড়ানো একটা হালকা বস্তুত্ব।

বললাম, চিঠি পেয়েছি বলেই ত এলাম। তুমি কি সভিাই চলে' বেভে চাও? গ্রামে কি ভোমার ঠাই হোলো না?

একটু আতে বলুন। ঠাঁই যদি হবে তবে এতকাল পরে আপনাকে চিঠি লিথব কেন সোমনাথবাবৃ? বলুন আপনি, আমার কোনো ব্যবস্থা ক'রে এসেছেন কিনা।

করেছি ৷

দরজাটা আতে আতে ভগবতী ভেজিরে দিল, তারপর মৃত্কর্চে বললে, পিসিমা যেন কিছু ব্রুতে না পারেন। উনি বলছিলেন আমাকে ওঁর খণ্ডর বাড়ীর দেশে নিয়ে যাবার কথা। যেতে আমার কোনে। আপতি ছিল না। কিছ দেও যে গ্রাম। এথানেও যে জালা সেধানেও দেই যত্নগা। আপনার কাছে কেবল আমার এই মিনতি, আমাকে শুধু ভালো একটা জারগার থাকবার ব্যবস্থা ক'রে দিন্, টাকাকড়ির ব্যবস্থা আমার পব ঠিক আছে।

আমার কঠেও এবার জতভা এল। বললাম, কার ভোর রাত্রেই যাবার ঠিক হয়েছে, রাভ সাড়ে চারটের গাড়ী।

ভগবতী বললে, আমারও সব গোছানো আছে। কল্কাতার গিরে বড়দাদাকে চিঠি দেবো, তিনি এখান-কার জিনিসপত্তের ব্যবস্থা করবেন।

তিনি এখন আছেন কোথার ? রংপুরে।

তোমাকে তিনি কাছে রাখলেন না কেন

সেকথাও আপনাকে ব্যিয়ে বল্তে হবে সোমনাথদা?
বল্লাম, তোমার টাকাকড়ি কার কাছে
?

ভগবতী বললে, আমার নামে টাকাকড়ি মা সমন্তই ব্যাক্তে রেথে গেছেন। তিনি বেশ দেখতে পেরেছিলেন আমার ভবিশ্বতের চেহারাটা। মা'র কথা ওনেই বে মাথা ইেট করলেন ?

না, স্থামি ভাবছি অফু কথা, কৃদ্কাভার ভো^{মার} থাকার স্বল্ধে—

ভগৰতী এবার চিস্তিত মূখে বললে, ভাবছি আপনার

সক্ষে গেলে এ গ্রামে আপনার স্থান কোপার নির্দিষ্ট হবে। লোকে যে-ভাবার আলোচনা করবে সে ভাষা আপনি আনেন না, আমার কিছু কিছু জানা আছে। আমাকে বিপদ থেকে তুলতে গিরে আপনি পড়বেন নানা বিপদে।

ভূল ব্ঝবে তা'রা আমাকে।— আমি বললাম, একজন মেয়েকে সাহায্য করাটা ত আর অপরাধ নয়, কলম্পু নয়।

এতক্ষণ পিসিমার আবির্ভাবের কল্পনা করছিলাম। এবার বল্লাম, আমি এদেছি পিসিমা জানতে পেরেছেন ?

ভগবতী ব্যস্ত হয়ে গিয়ে দরফাটা খুললে। বাইরে
ুবরিয়ে একবারটি খুরে এল। তারপর হাত নেড়ে
ুুুুুরুক বললে, জানতে বোধ হয় পারেননি, ভালোই
হয়েছে, জানবার আগগেই আপনি চলে' যান্। ওই
সময় যাবার ঠিক ত ?

इंग ।

হেঁটে যাবেন, না পাল্কিতে ? পাল্কিভেই যাবার ব্যবসা হয়েছে।

বেশ, আমি যাবো আপনার পাল্কির পেছনে পেছনে।

ভীতকটে বললাম, যদি বেহারারা টের পার ?

সে ভাবনা আমার। আপনি তবে এখন আন্তন।
পিসিমার অলক্ষ্টে আমি জতপদে বেরিয়ে গেলাম।
পথের কিছুদ্র গিয়েও দেখা গেল, পাথরের মৃর্তির মতো
ভগবতী নিশ্চল হয়ে দাঁড়িয়ে রয়েছে।

গাট্চরমের উপরে উঠে বেহারারা পাল্কি নামাল।

তি তথনো গোর অন্ধকার। স্থাট্কেস ও বিছানা

ডিচা সকে আর কিছু নেই। ট্রেণ আসবার দেরি ছিল

চিন্তাগটা নামানো হরেছে। আমি সোকা ছুথানা

ক্কিতার টিকেট কেটে আনলাম। এদিক ওদিক

চাকাবার প্রয়োজন ছিল না, আমি জানি ভগবতী হাতে

একটা ভোট ছাওবাগে নিয়ে কাছাকাছিই আছে।

অভ্যন্ত সাধারণ ঘটনা। দৈনিক সংবাদপত্র ধূললেই এমন ঘটনা অংসংখ্য চোচখ পড়ে। একটি ছেলের সঙ্গে

একটি নেরে পথে বেরিরে পড়েছে। তবু এইবার রাজ্যের তয় এবং লজ্জা তুই পারে এসে জড়াছে। অক্সার উদ্দেশ্য নেই, বিপথের দিকে লক্ষ্য নেই কিন্তু এমন ত্ঃসাহদিক কাল জীবনে আমার এই প্রথম। গ্রীলোকের সহিত আমরা কথা কই, গল্প করি, হাসি, ভালোবাসি, ভাদের নির্দেশ মেনে চলতে খুসি হই, কিন্তু সময় বিশেষে তাদের গুরুতার আকণ্ঠ হয়ে ওঠে, নিশ্বাস রুদ্ধ হয়ে আসে, কাঁধ থেকে তাদের নামিয়ে পালাতে পারলে বাঁচি। এই জনকার রাজে ইেশনে দাড়িয়ে মনে হতে লাগল, জগতম্ব স্বাই তীর ও তীক্ষ দৃষ্টিতে আমাদের দিকে তাকিয়ে ছি ছি করছে। মাথা উচু করে' দাড়িয়ে কথা বলবার আর মুখ রইল না।

এমন সময় বালীর আওয়াক করে' ট্রেণ এসে দাড়াল। আধ মিনিট মাত্র থামবে। কিনিসপত্র নিয়ে তাড়াতাড়ি উঠে বেহারাদের কিছু বকশিস দিয়ে বিদায় কর্লাম। তাদের চলে যাবার পর্মৃত্র্রেই আপাদ মন্তক চাদরে আবৃত্ত করে' ভগবতী যথন ক্রতপদে গাড়ীতে এসে উঠল, বালী বাজিয়ে ট্রেণ তথনি ছেড়ে দিল। আমার ক্র নিখাস এতক্ষণে ধীরে ধীরে পড়তে লাগল। যেন মান-সম্থমের অগ্রি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি।

এতক্ষণে ভিতরে চেয়ে দেখলাম। এত বড় গাড়ী-খানার আমরা ছাড়া আর তিনটিমাত্র প্রাণী। ছটি পুরুষ ও একটি স্তীলোক একধারে নিজিত। আমরা এধারে জারগা নিলাম। জারগা নিয়ে যথন নিশ্চিন্ত ২য়ে বগেছি, পৃথ্বাকাশে তথন ঈনং আলো দেখা দিছে। ভগবতী নীরবে বদেছিল।

বললাম, ঘুমোবার চেটা করা আর বোধ হয় চলবে না, কি বল মিছু ?

মিছ প্রথমটা কথা বললে না। দেখলাম আমার অলক্ষ্যে সে চৌথ মূছল। এতক্ষণে আমার ব্যা উচিত ছিল তার পথখ্যমের কথাটা, সন্ধকারে তিন মাইল মাঠের পথ তাকে খালি পায়ে ছুটে আসতে হয়েছে। তুই পা তার ধূলোর ভরে গেছে।

এবারে ভার মুখের দিকে চেয়ে বললাম, ছেড়ে যথন আসতেই হবে ভার জভে কারা কেন মিছু?

ভগ্ৰতী এবারে কথা বললে, মাথার ঘোমটা মাথার

বেখেই বলতে লাগল, ছেডে আসবার ইচ্ছে আমার কোনোদিনই ছিল না, এলাম কেবল প্রাণের দায়ে।
আপনি জানেন না, কবেকার একটা পারিবারিক কলক্ষের জল্প কি নিদারুণ অপমানই আমাকে মইতে হয়েছে। ভারণর এই বয়সটাই হয়েছে আমার পক্ষে জয়ানক বিপদ।—এই বলে সে ভার হাওব্যাগটা থুলতে লাগল।

রপের প্রশংসা তার না ক'রে পারিনে। গ্রামের মেরে হলেও তার শরীরের কোথাও অপরিচ্ছর গ্রাম্যতা নেই। যৌবনে: এশ্ব্য তার অপরিমিত। বললাম, বর্দ তা হোলো বৈ কি। আমারই যথন তেইশ, তোমার অস্তত বাইশ নিশ্চ।ই হয়েছে। আচ্ছা, এতদিনেও ভোমার বিষের চেটা হর্নি ?

ভগবতী বললে, চেটা হৈছেছিল কিন্তু গ্রামের লোক বিয়ে হতে দেবে কেন ? প্রকাপ্তে এই, গোপনে গ্রামের কোনো কোনো ছেলে চিঠি লিখে জানালে, আমাকে কুকিয়ে ভারা বিয়ে করতে চায়।

তুমি রাজি হলে না কেন ?

কেন হলুম না সে কথা আপনাকে কেমন ক'রে বোঝাবো p

মনের মধ্যে স্থার একটা প্রশ্ন উঠে দাঁড়াল। বললাম, কলকাতার যাচ্ছ কিন্তু কি নিয়ে দেখানে থাকবে ?

আপাতত পড়ান্ডনো করব।

ভারপর ?

মাথা হেঁট ক'রে ভগবতী বললে, তারপরের কথা তারপরে! কল্কাতার এমন জনেক মেরে জাছে যাদের কিছুই নেই! আর তা ছাড়া যে-মেরে জন্মকার রাতে গ্রাম ছেড়ে পালিয়ে যায়, সে কি কথনো তার ভবিশ্বং ভাবে ৪ জামি ত ভেসে চললাম!

গাড়ী পুনগন্ক'রে ছুটছে। আকাশ অর অর পরিস্থার হয়ে এসেছে। ইতিমধ্যে কোন্ দেশীন গাড়ী কত্রণ থেমে আবার কথন্ছটেছে আমরা কেউই লক্ষ্য করিনি। সেনিকে লক্ষ্য করিনি বটে কিন্তু আমার চোগ ছিল ভগবতীক মনের দিকে। এই মেগ্নেটি কবে এবং কেমন ক'বে যে এমন কল্পাপ্রবণ ও স্বপ্রবাদিনী হয়ে উঠেছে ভা আমি জানভেও পারিনি। ছাথ হোলোঁ.

সহামুভূতি হোলো। জগবতী বই পডেছে বটে কিন্ত অভিজ্ঞতা সংগ্রহ করেনি ৷ তার কল্পনা অহুযায়ী পৃথিৱী ঘোরে না, সংসার চলে না। অংগতের নিষ্ঠুর সভ্যের সজে যেদিন ভার হাতে-কলমে পরিচয় ঘটাবে, দেদিন चरश्रत श्रामान हुन दिहुन इरम ८७८७ পডरन। छात्र ७३ তুঃসাহদিক যাত্রা এবং ভেদে যাওয়ার রূপটা মন মেনে নিতে চাইল না। অথচ আমি অবাক হয়ে যাই ভগবতীর নির্ভঽশীল মনের দিকে চেয়ে। আমাকে সে বিশাস করেছে। পৃথিবীতে এত লোক থাকতে আমাকেই সে চিঠি লিখে কল্কাতা থেকে আনিয়ে আাত্মসমর্পণ করেছে। নিজের মান সম্ভম, দায়িত, र्योदनकात्मद्र विभन जाशन-मन्छ रम निर्किशान আমার হাতে ছেডে দিয়েছে। কী-ই বা ভার সংগ আমার পরিচয়, কজটুকুট বা; কদাচিৎ গ্রামে আদি, সকলের অনলক্ষ্যে চলে' যাই ; ভার সভে আখার প্রাণের সম্পর্কও নেই, পরিচয়ের ঘনিষ্ঠতাও নেই। যারা দলা রঙীন কাচ চোথে লাগিয়ে এই ঘটনার গায়ে রঙ ধরিয়ে বলবে প্রেম, মোহ, আস্তিক, তাদের অকিঞ্জিৎকর কল্লনাও বৃঝি। কিন্তু আমরা হু জনেই জানি আমরা পরস্পরের কাছ থেকে কতদ্রে। আমাদের জ্বনের পথ বিপরীভম্থী।

কল্কাতার ভাড়া কত লাগল সোমনাথ বাবু ? ু বল্লাম, এক একজনের ছু' টাকা বারো আনা।

মণিব্যাগ থেকে একথানা দশটাকার নোট বা'র করে' সে বললে, এই টাকা ক'টা রাথুন আপেনার আছে।

বিস্মিত হলে বল্লাম, দে কি, কেন ? আপনি কেন থরচ করবেন আমার জভে ?

অভ্যন্ত শেষ্ট কথা। কিছুমাত চক্ষ্ণজ্ঞা, কিছুমাত সংক্ষাচ নেই। থাকবার কথাও নয়। এক য়ুহর্তও যদি টাকা নিতে বিশা করি তবে চ্জানের পক্ষেই অবান্ত লজ্জার কারণ হবে। আমি এসেছি পাল্কিতে, দে এসেছে হেঁটে, কিছুমাত্র বিবেচনা করিনি; তাকে প্র দেশিয়ে এনেছি মাত্র, এভটুকু আগ্রীয়ভা প্রকাশ করিনি মুক্তরাং টাকা না নিয়ে অসঙ্গত যনিষ্ঠতা প্রকাশ বিশ্ বিশ্বয়াঞ্জে অবসর নেই। ভার মুখের দিকে তাকিটে বল্লাম, কল্কাতার ধরচ অনেক, টাকা হাতছাড়। করা কি সঙ্গত হবে ?

ভা হোক, নিজের থরচ আমি চালাতে পারধ।
বেশ, এখন বেথে দাও সবশুর কত খনত হয়
সেবেথ এক সময় হিসেব ক'রে নেওয়া যাবে পূ

কল্কাতার গিয়ে যদি আপনার সঙ্গে আর দেখা না হয় ? এখনি নিন্না ?

দেখা হয়ত হতেও পারে। যদি না হয় ঠিকানা দেবো, সেইথানেই পাঠিয়ে দিয়ো। তোমার স্থবিধের জনুই বলছি নৈলে টাকা নিতে আমার সঙ্গোচ হবে না।

ভগবতী স্নিশ্ব হেদে আবার টাকা তুলে রাখল। জান্লার বাইরে চেরে দেখলাম, আকাশে সোনার লিখন ক্ষ্টে উঠেছে। প্রাক্তরের ভামলতা, দূর দিগস্থের বনপ্রেমী, খালবিলের জল এবং গ্রামাস্থের কোনো কোনো পথ ক্রমে ক্রমে স্পাই হরে দেখা দিল। জান্লায় একটা হাতের উপর মাথার ভর দিয়ে ভগবতী নীরবে বসেরইল। যাক্ নিশ্চিন্ত জানা গেল, আমার সহিত সেকোনা জটিল সম্পর্ক রাধতে চার না।

কলিকাতার টেশনে যথন নামলাম তথন বেলা ন'টা বাজে। আমাদের কথাবার্ত্তা বন্ধ হরে গেল। কথা বলবার কথা নয়, পথ দেখিয়ে নিয়ে যাবার কথা। জিনিসপতা কুলির মাথায় চাপিয়ে আমরা পথে বেরিয়ে এলাম।

কাছেই একথানা ট্যান্ত্রি পাওয়া গেল। ব্যাগ ও বিছানাগুলি তার উপরে তুলে কুলির ভাড়া চুকিয়ে দিয়ে বসতেই ভগবতী জিজ্ঞাসা করলে, স্মামাকে কি কোনো বোর্ডিংমে রাধার ব্যবস্থা করেছেন ?

তুমি কি বোর্ডিংয়ে থাকতে চাও ?

ভগবতী বললে, আমি নির্কিন্নে থাকতে চাই। এক বিপদ থেকে বেরিয়ে আর এক বিপদে না পড়ি।

বিপদে পড়া না পড়া ভোমাব ওপর নির্ভর করে ভগবতী।—ব'লে জ্বাই নারকে ভামবাজারের দিকে
থাবার নির্দেশ ক'রে দিলাম।

গাড়ী যথন চলল, তথন সে জিজ্ঞাসা করলে, আপনি এখন কলকাতায় কি করেন? পড়েন?

বললাম, পড়া ছেড়ে দিয়েছি।

তবু ভাকে মুখের দিকে চেরে থাকতে দেখে পুনরার বললাম, ঠিক যে কি করি ভা বলতেও পারিনে। এম্নি দিন কাটে।

থাকেন কোথায় ?

সেটাও নিদিষ্ট ক'রে বলা কঠিন। এক স্থায়গায় থাকাটা ঠিক হয়ে ওঠেনা।

ভগবতী বললে, কিছু কাজ নিয়ে থাকা ত দরকার।
হেসে বললাম, বাবা জানেন পড়াওনো নিয়েই থাকি।
আর বেশি কিছু জানবার অধিকার ওগবতীর
ছিল না. সে চুপ ক'রে রইল। সে আরো কিছু
জানবার চেটা করে এমন ইচ্ছাও আমার নয়। কি
নিয়ে আমার দিন কাটে এমন প্রশ্ন গুনলেই আমার মন
বিজোহে বিম্থ হয়ে ওঠে। কাজের কথা বললেই
কাজের প্রতি আসে অনাস্তিন। অনেক আত্মীয়র
অনেক আত্মীয়পনা দেখেছি, তাদের মৌথিক সহায়ুভ্তি
ও কৌতুগলে অপ্রসন্ন তরুণ মন উত্তক্ত হয়ে ওঠে। আজ্
ভগবতীর সেই চেহারা দেখলে ভাকে ভিরস্কারই কয়ব,
স্বীলোক ব'লে ক্ষমা করব না।

খ্যামবাজারের একথানা বড় বাড়ীর ধারে এসে গাড়ী দাড়াল। আমি আগে নামলাম। বললাম, তুমি ভেতরে চল, লোক আছে জিনিসপত্র নিরে ধাবে।— ব'লে গাড়ীর ভাড়া চকিয়ে দিলাম।

গাড়ীর শক্টা সপ্তবত ভিতরে পৌছেছিল। দরজা পার হরে আমরা ভিতরে চুকতেই যিনি এসে হাসিম্থে গাড়ালেন তাঁর দিকে চেয়ে বললাম, ভগবতী, ইনি আমার মা। এঁরই কাছে তুমি—

ভগবভী জান্ত মা আমার জীবিত নেই। আমার ম্থের দিকে তাকাতেই অধিকতর স্প্রকঠে পুনরায বললাম, ইনিই আমার মা! মায়ের অভাব এদেশে হলনামিত।

ভগবতী হেঁট হয়ে মা'র পায়ের ধ্লো মাথায় নিমে উঠে দাড়াতেই মা তার হাত ধ'রে বললেন, এসো, মা এসো, যর সাজিয়ে রেথেছি তোমার জল্মে। ভয় কি, আমার পাশে তুমি থাকবে চিরদিন। চলো।

অপ্রত্যাশিত নিরাপদ আত্রর পেয়ে ভগবতীর গলা অপরিদীম ক্লভ্জভার কেঁপে উঠল, কি যেন বলতে গেল আওয়াল ফুটল না, কেবল নীরবে মারের হাত ধ'রে অন্যুমহলের দিকে অগ্রসর হোলো।

আমার কাজ ফুরিরেছে জানি। জানি কাজ আসে, কাল ফুরোর, আমি কেবল অগ্রগামী পৃথিক। মা আহার করবার জন্ত অফুরোধ করলেন, কথা রাধতে পারলাম না, প্রথম রোজেই পথে বেরিয়ে পড়লাম। আমি তাঁর বাধ্য নর বলেই তিনি আমার প্রতি স্লেহাম।

পরোপকারী নই, নিছক স্বার্থভ্যাগ করতেও বিশেষ কুঠিত হই, কিন্তু একজনের কিছু কাজে আসতে পেরেছি এইটি অস্থভর ক'র গভীর আগ্রপ্রসাদ লাভ করি। সেই আগ্রপ্রসাদের চেহারা আপন অহমিকার গায়ে স্থড্সড়ি লাগা নয়, কিন্তু নিজের প্রকৃত মূল্য জানা, মূল্য ফিরে পাওরা। আমরা কাল করি, কোথাও সিদ্ধ হই কোথাও হই অকুভকার্যা, কিন্তু সেইটি আসল কথা নয়, কাল করি আগ্রপ্রকাশের জন্ত, আগ্রার প্রকৃতিগভ বিকাশের ডাডনার।

তিন চারদিন বন্ধ্বান্ধবদের দেখিনি, ভিতরটা তৃষ্ণার টা টা করছিল। স্থীলোকের চেয়ে পুরুষের সাহচর্য্য জামার প্রিয়। পুরুষের তৃঃখ-সুথের আন্থরিক জংলাদার স্থীলোক নয়, পুরুষ। প্রথমেই গিয়ে উচলাম গণপতির ওখানে। রান্ডার উপরেই একতলা পুরোনো বাড়ীর প্রথম ঘরখানায় গণপতি থাকে। সোজা ভিতরে গিয়ে চুকলাম। দেখি সে নেই, তার পরিবর্ত্তে বসে রয়েছে জগলীশ। আদর অভ্যর্থনার প্রয়োজন হয় না, আমরা স্বাই স্বাইয়ের প্রমান্তীয়।

জগদীশ বললে, বসো। কোথায় ছিলে এ ক'দিন ? দেশে। গণপতি কই ?

ভেতরে গেছে। ভারি বিপদে পড়েছে গণপতি হে। এক পাল ছেলেপুলে নিয়ে তার বোন আবদ এসে হাজির। বোনের হতিকার ব্যায়রাম।

ভরে কেঁপে উঠলান। আমরা স্বাই জানি গণপতির জার্থিক অবস্থার কথা। কোন্ এক বাঙালী কোম্পানীতে সামাজ চাকরি করে, নির্মিত বেভন পার না। দোকানে একথানা ছবি বাঁধাতে দিয়েছে আজ দেড় মাস, সাত জানা প্রসার জন্ত সেখানা এখনো জানা

হয়নি। কথাটা ব'লে জগদীশ ঘরের চারিদিকে তাকাতে লাগল। চরম দারিদ্রা চারিদিক থেকে এই ঘরখানার কঠরোধ করেছে, সেইদিকে তাকিয়ে জগদীশ পুনরায় বললে, মাসে চার পাঁচদিন ভাতের সঙ্গে তরকারি জুট্ত ভাও এবার বন্ধ হোলো। উপায় কিছু নেই, ছোট ভাইটা বনে রয়েছে। ধবরের কাগজে বিজ্ঞাপন দেখে দেখে দরখান্ত পাঠায়, আজ অবধি একটা চাকরি জুট্লনা।

এমন সময় গণপতি খরের ভিতরে একে দাঁড়াল! আমরা কোনো প্রান্ধ করবার আগেই সে বললে, ঝগড়া বেধেছে ভানতে পাছিছে ৮

জগদীশ বললে, তোমার বউয়ের গলাই ত শুনছি।

বরাবর তাই শুনবে।— শুন্ধ উপবাসী মূথে গণপতি বলতে লাগল, বোনটা আসতেই মা'র সলে বাধিয়েছে বাগড়া। রার। নিরে গোলনাল। অভাব অনটনের সংসারে ঝগড়া বাধলে আর,— একেই ত আমার ১উ একটুরগচটা, ধিটথিটে।

দেয়ালে মাথ। হেলান দিয়ে চৌকির উপরে দে বদে' পড়ল। বেলা তথন তুপুর বেজে গেছে।

জগদীশ উত্তেজিত হয়ে ফদ ক'রে বললে, কিঙ তোমার ভগ্নিপতির এমন ব্যবহার করা উচিত হয়নি। তোমার এই অবস্থা দেখেও স্ত্রীকে দে পাঠাল কেন ?

গণপতি চুপ ক'রে রইল। ভেবেছিলাম ছুটির দিনে তাকে নিয়ে এদিক ওদিক একটু যুরতে বেরুনো যাবে কিছুতা আর সম্ভব হোলো না। জগদীশ কুরু করে বললে, জেল্ থেকে বেরিয়ে পর্যান্ত ভালো লাগছে না, ভাবছি আবার না হয় ফ্ল্যাণ্ উভিয়ে সরকারি হোটেলে চুকে পড়ি। চলো হে সোমনাথ, ওঠা যাক।

গণপতি মানমূথে বললে, একটু পরে ভাক্তারধানার বাবো, ওষ্ধের টাকা ধার করতে পাঠিয়েছি, নৈলে যেতৃম তোমাদের সলে।

চুলোয় যাও তুমি। ব'লে জগদীশ আমার হাত ধ'রে টেনে পথে বেরিরে পড়ল। আজকের দিনটাই আমাদের মাটি।

পথে চলতে চলতে জগদীশ বললে, টাকা এনেছিদ বাড়ী থেকে? বল্লাম, এনেছি।

ভবে দিলিনে কেন গণপতিকে ? হতভাগা যে ভারি কট পাছে।

দিতে সাহস হোলো না যে। কী ভাববে।

জগদীশ আমার মৃথের দিকে তাকাল, তাকিয়ে গ্রাল। বললে, পাছে অন্থগ্রহ ব'লে ভাবে এই ভর করছিদ ত ? পাগল আর কি, বন্ধুত্ব নেথানে প্রকৃত, আগ্রদমানজ্ঞান দেখানে বড় নয়।

তবে তুমি রাখো অপদীশ, তুমিই দিয়ে।—ব'লে প্রেট থেকে টাকাগুলো বা'র ক'রে তার হাতে দিয়ে থতি পেলাম। সে বললে, দিলি বটে আমার হাতে, আনি কিন্তু পাচটা টাকা এর থেকে অন্তত ভড়াবো। রাজি ত?

সে ভোমার থুসি।

ভগদীশ অত্যন্ত স্পটবকা, তার মন্তব্যগুলো অত্যন্ত কর ব'লে কন্থেস কমিটিতে তার জায়গা হয়নি। শক্ এবং নিত্র—ছই পক্ষই তার উপর বিশেষ চটা। তার ভিতরে দলাদলির মনোভাব নেই বলেই তার বিকদ্দে বৃহত্তর ক'রে তাকে তাড়ানো হয়েছে। কিয়ৎক্ষণ পরে দে বললে, জমিদারের ছেলে তুই, যে ক'টা দিন পারি ভোকেই শোষণ করা যাক্। আমার আর কারো ওপর নায়া দ্যা নেই, চক্ষুলজ্জাও নেই, বুঝলি সৌমনাগ ?

বললাম, তোমার মা কোথায় ?

লানিসনে ? বৃড়িকে এবার গলা ধাকা দিয়ে কানী পাঠিয়েছি। পাচ টাকা বরাদ্দ, যেমন করেই হোক দেবো মাসে মাসে। মরলে পরে হাড়খানা পাধর হয়ে থাকবে বাঙালীটোলার পথে। ছেলে থাকতে বউটা মরেছে, ছেলেটাকে নিয়ে গেছে তার মামারা। বেঁচে গেছি ভাই এযাত্রা, এবার শালা ঝাড়া হাত-পা।

আর বিয়ে করবে না ?

আবার)— চোধ পাকিয়ে জগদীশ বললে, দেবো
মাথার তোর তিন ঠোকর। ও জাতকে আবার ঘরে
আনে! দেখছিদনে গণপতি শালার অবস্থা?

শার ঘাঁটিয়ে কাজ নেই, এর পরে দেখতে দেখতে দিবতে বাকরে, তার মুখে হরিজন-সম্প্রদায়ের ভাষা ভূটে উঠতে থাকরে, অভএব এইথানেই কাল্প হলাম। রাজপথের বহদ্র

পর্যান্ত এসে ছন্ধনেই আমরা পরিপ্রান্ত। মাথার উপরে চৈত্রের রোদ, প্রাসাদময় মহানগর কলিকাতার পথে কোথাও ছায়া নেই, মায়া নেই। চারিদিকের ঐশুর্য্য আপন নিষ্ঠর ঔদ্ধতো উন্নতদির, প্রাণসম্পর্কহীন।

পথের উপর আমাদের পরিচিত একটি চায়ের দোকান পড়ে। শহরের অনেকগুলি বিশেষ পাড়ার বিশেষ কতকগুলি হোটেলে আমরা নিয়মিত বাতারাত ক'রে থাকি। এক একটি দোকান আমাদের এক একটি নিলন-কেন্দ্র। জগদীশ এক জারগার থেমে বললে, আর কিছু থাওয়া যাক্।

দোকানে গিয়ে উঠে জগদীশ বললে, বিপিনবার, থান আটেক টোট ক'রে দাও জ,— আরে লোকনাথ বে, ল্কিয়ে ল্কিয়ে এখানে একেবারে গ্রোগ্রাসে গিল্ছে দেখছি।

লোকনাথ মূথে একটা কি দিয়ে চিবোচ্ছিল। বললে, বড় অপেরাধ করেছি ! ভোমারো ত অমিদারি আন্তে, থেতে পারো না পেট ভ'রে ?

জগদীশ হেদে বললে, স্থামার জমিদারি ? সোনার পাথরবাটি।

জমিদারি নয়ত কি। প্রচার কার্য্যের নাম ক'রে দেশের টাকা নিয়ে অস্কৃত ঘরের চালাটাও ড ছেরে নিতে পারো ?

চাল ছেয়ে না নিলেও পেট ভ'রে থেয়ে নিয়েছি
ক'দিন।

ছজনে ভার পাশে এসে বসলাম। বিবাদ রেখে আদল কথাটা লোকনাথ এবার বললে, ভোমাকেই খুঁজছিলাম সোমনাথ। জাবার ওথানকার চিঠি পেরেছি হে।

কি চিঠি তা আমিও জানি লোকনাথও জানে।
কিন্তু জগণীশ কৌত্হলবশত একটু ঝুঁকে পড়তেই
লোকনাথ ব্যস্ত হয়ে বললে, তুমি কেন আমাদের
কথায় ? এসব গোপনীয় ব্যাপারে সোমনাথ ছাড়া
আয় কেউ—

জগদীশ হেদে বললে, তোর গ্রীর চিঠি বৃঝি ? আমরা ত্জনেই হেদে উঠলাম। লোকনাথ বিশ্বর প্রকাশ ক'রে বললে, তুই জান্লি কি ক'রে ? এইবার জগণীশ মূখ খুললে, হতভাগা, গাধা, বাদর
—তোর স্ত্রীর চিঠির সম্বন্ধে টালা থেকে টালিগঞ্জ পর্যান্ত
জানেনা কে? ভদ্রবরের মেরে বিরে ক'রে কুৎসিত
ভাষার চিঠি লেখালেথি করিস, তোলের চিঠি ফুঁড়ে
বেরোয় দেহের ক্লেন, রক্ত মাংসের ছুর্গন্ধ। ওই চিঠির
কথা আবার রাস্তা ঘাটে ব'লে বেড়াস?

লোকনাথ অত্যন্ত আহত হয়েছে বুঝা গেল।
অত্যন্ত উদ্দ্রল মূথ অতিরিক্ত দ্লান হয়ে গেল। কিন্তু
আমরা কেউ কারো বিরুদ্ধে সহজে উত্তেজিত হইনে।
অথচ সবাই স্বাইকে তিরস্কার এবং কট্ ক্তি করার
প্রাথমিক অবিকায় বজায় রাখি। তবু লোকনাথ তার
কথার প্রতিবাদ ক'রে বললে, ভালোবাসার চিঠির ওপর
এমন মন্তব্য ক'রো না জগদীশ।

ভালোবাদা ?—জগদীশ উত্তেজিত হয়ে উঠল, এবং তার আগুল একবার জ'লে উঠলে অক্টের পক্ষে নেবানো কঠিন; বললে. কেরাণির প্রেম ? কাঁঠালের আমহন্ত্ যৌনপ্রকু তর গা চাটাচাটির নাম ভালোবাদা ? ভোমার প্রেমণত্ত্রে চেরে বটতলার বইখানার দাম বেশি। আমি মুখন্থ ব'লে দিতে পারি ভোমার চিঠিতে কি কি আছে। বাংলা দেশের মেরে পতিদেবতার মনন্তঃ করতে বাধ্য, ভোমার মতো কেরাণির কুপ্রবৃত্তিকে খুলি ক'রে রাখাই তার স্ত্রীদর্ম! লোকনাথ, প্রেমের সত্যরূপ বুমতে গেলে সংশিক্ষার দরকার, ধ্যান ও সাধনার দরকার, আমাদের তা নেই।

আছে কিনা একদিন দেখিরে দেবো—লোকনাথ অভিমানাহত কঠে বলতে লাগল, তোমাদের ব'লে রেখেছি এবার চাকরি হলে বউকে কল্কাতায় এনে বাদা ভাড়া করব, একদিন নেমস্তর ক'রে তার হাতের রালা ভোমাদের খাওয়াবো! দেখবে তথন!

জ্বগদীশ ততক্ষণে জুড়িরে গেছে। এবার হাসতে হাসতে বললে, সেই আশার আমাদের তিন বছর কাটুল, নারে সোমনাথ ?

হোটেল থেকে তিনজনে বেরিয়ে প্ডলাম। থেতে পেলেই আমাদের মন প্রকুল হরে ওঠে। ভালো থেতে পাওয়া আর ভালো ক'রে বঁচিতে পাওয়া, এই হলেই আমাদের উত্তেজনা কমে যার। আমাদের যা কিছু খালন পতন, যা কিছু বিদ্যোহ এবং আফোশ—ভার গোড়াতে রয়েছে স্কর জীবন যাপনের অনস্ত ভ্_{ষা।} অন্তত সোল্লা কথাটা এই।

পথে নেমে লোকনাথ বলতে লাগল, দেখা হয়ে গেল ভোমাদের সঙ্গে, চলো স্বামীজীর ওধানেই যাওয়া বাক্, আজ কি যেন একটা বক্তৃতা হবে। বৌদিদিও ওধানে আসবেন।

বৌদিদি মানে প্রিয়ন। ভত্রমহিলার নাম ধ'রে ডাকা চলে না ভাই সবাই আমরা বৌদিদি ব'লে থাকি। একহারা গড়নের গৌরবর্ণ একটি স্থালোক, পরণে চওড়া লালপেড়ে থদরের সাড়ী, মাথায় ডগডগে এডখানি সিঁদ্র। রাঙাপাড় সাড়ী ছাড়া তিনি আর কোনে। পাড়ের সাড়ী পরেন না। হাতে ক্ষেকগাছি মিটি সোনার চুড়ি। স্বডোল হাত ছ্থানা নেড়ে তাঁকে মাঝে মাঝে চুড়ির শক্ষ করতে আমর। শুনেছি।

खगभीन वनत्न, जुमि (वोनिभित थूर ७४०, नम् १

লোকনাথ বিক্ষারিত নেত্রে চেয়ে বল্ল, আমি কি একা

একা

কৃত ছেলে ওঁকে দেবীর মতন প্রেল করে।

আমীর সলে বিবাদ ক'রে বেদিন দেশের জল ভেলে

যান্, ছেলেরা সেদিন 'বলে মাতরম্' বলতে বলতে মৃথ

দিয়ে কেনা বা'র করেছিল। ওঃ বেদিন থালাস পেলেন,

·· সেদিন পথ লোকে লোকারণ্য এমন মহীয়সী,

এত বড় দেশপ্রেমিকা—

লোকনাথের উজ্জ্ব চকু উচ্চু সিত হয়ে উঠ্ব।

জগদীশ তার মুথের দিকে তাকিরে হাসিমুথে বললে, বৌদিদিকে চোথেই দেখি মাত্র, আলাপ নেই, নৈলে তাঁর বয়সটা কত জিজেলা করতুম, জানতে পারতুম কত বয়স ব'লে তিনি নিজেকে চালান—

এ কি তোমার কথা জগদীশ, ভদ্রমহিলার স্থকে… ছি!

ভদ্রমহিলা বলেই ত ভদ্রভাবে জান্ব। বরুণ্টাই হচ্ছে মেয়েদের বড় মূলধন, এ তাঁরা জানেন। অনেক কুরূপা এবং বৃদ্ধা স্থালোক নিঃপার্যভাবে এবং নিঃশ্রে দেশের কাজে নেমেছেন এ আমি জানি, কিন্তু ভোষার ওই প্রিরম্বন। বৌদিদি বুবসম্প্রনারের হাততালি পান কেন জানো স্বগৌর বর্ণ, সুপৃষ্ট নিটোল দেহ, হাসিমারা মূখ, হাঁসের মতো চলন আমার ডবল্-ঘের-দিয়ে-পরা রাঙাদাড়ীর জেলা! ভোমার মতো আমার ক'জন ভক্ত তার হাতের নাগালে আছে লোকনাথ ?

কী যে বলো তৃমি অপগদীশ! বৌদিদির সম্বত্তে এত কটু-কাটব্য---

ভূগ করছ। তাঁকে কটু কথা বলিনে, কায়ণ প্রীলোকের রসবোধ নেই। বলছি তাদের গারা বৌদিদির রদের পরিমণ্ডলে মধু-মহ্মিকার মতো বিচরণ করে। ভিকার হাত পেতে থাকে তাঁর থেয়াল-থুসির ছিটে-ফোটার আশায়।

লোকনাথ ভিতরে ভিতরে সম্ভবক জুদ্দ হয়ে উঠেছিল। জগদীশের কথার উত্তর না দিয়ে আমার দিকে ফিরে সেবলনে, হাতে পাজি মঙ্গলবার, এই ত স্বাই যাছিছ সেখানে, গিয়ে শুনলেই হয় তাঁর কথাবাত্তা। কি বলো সোমনাথ ?

জগদীশ হাসতে লাগল।

গল্প করতে করতে শহরের একপ্রান্তে এসে পড়েছি।
পশ্চিম-মুখো একটা পথের মোড়ে ঘুরে আমাদের গল্প
থাম্ল, লক্ষাস্থল এসে পড়েছে। লোকনাথ আমাদের
আগে আগে এসে এক জালগার দাঁড়াল। সন্মুখে
রাণীগল্পের টালি-ছাওয়া একখানা আধপাকা বাড়ী,
তারই দালানে একজন অল্লবয়স্ত গেরুয়াগারী সন্নামী
বসেরলেছেন। আমরা দ্বাই তাঁর বিশেষ পরিচিত।
তাঁর সন্মুখে আারো কয়েকজন স্বী ও পুরুষ উপবিষ্টা
বৌদিলিও আছেন।

লোকনাথ দালানে উঠে বললে, এদের ধরে এনেছি
স্বামীনী। এই যে, বৌদিদিও আছেন দেখছি, নমস্কার।

যদিও স্বামীকী বন্ধসে জগদীশের প্রায় সমবয়সী।
তব্ও একটি বিশেষ গান্তীর্য্য সহকারে আমাদের স্মভার্থনা
করলেন। বৌদিদি প্রোত্তীমগুলের ভিতর থেকে
লোকনাথের দিকে চেন্নে হেসে বললেন, এসো ভাই,
আন্যোনি যে তুটনিন প

এই আব্যীয়তাটুকুতেই লোকনাথের গলার আওয়াজ গদগদ হয়ে উঠল। গর্বভরে আমাদের দিকে একবার তাকিষে একটি বিশেষ ঘনিষ্ঠতার অধিকার প্রকাশ ক'রে সে বৌদিদির কাছাকাছি গিয়ে দাড়াল। বললে, এই ত এদেছি বৌদি, আপনি না দেখলে ব্যন্ত হন্ তাই যেখানেই থাকি একবার ক'রে—আপনার শরীর ভালো আছে ত প

বৌদিদি বললেন, আমার শরীর ত বরাবরই তালো থাকে প

ঠাা, ভাই বলছি। যে পরিশ্রম **আপনাকে কর**তে চয়—

আজকাল ত আমার বিশেষ পরিশ্রম নেই!

নেই ? এর নাম নেই ?—চক্ষু বিক্ষারিত ক'রে লোকনাথ বললে, সেই চেহারা আপনার কি আর দেখব কোনোদিন ? এ ত' কেবল অমান্থ্যিক পরিশ্রমের জন্তই। আমার টাকাথাকলে এখনি আপনাকে চেঞে নিয়ে যেতুম বৌদিদি।

বৌদিদি হেনে বললেন, নেই যথন চুপটি ক'রে বোদো।

জগদীশ হেদে পাশের ঘরে গিলে চুকল, আমি ভার অন্থারণ করলাম। থান চারেক ঘরের মধ্যে এইথানা আমাদের জন্য হেড়ে দেওরা আছে; যে যথনই আন্থক এই ঘরে সে আশ্রম পায়। কেবল আশ্রমই নয়, আমরা এই আশ্রমের প্রচার-কার্য্য করি ব'লে নিয়মিত আহার্য্য পাবারো অধিকার রাখি। বিছানা ও প্রয়োজনীয় যংসামান্য হাত্ত-থরচ এবং খুটিনাটি জিনিসপত্রও আমাদের জন্থ বরাদ্দ আছে! আমবা চুজনেই ক্লান্ত, একথানা মাত্র ছডিয়ে গা এলিয়ে দিলাম।

বাইরের কথাবাস্তার দিকে আমাদের কান ছিল। আমীজী, যিনি জীবনকৃষ্ণ ভারতী ব'লে লোকসমাজে প্রচলিত, তিনি সাধুভাষায় রমের ঘোঁচ দিয়ে বজ্ঞতা করছিলেন: বজ্ঞতা শুনে জগদীশ ত জেসেই খুন।

'এই নতুন জগৎটার সজে আজো আপনাদের পরিচয় ঘটেনি, এখানকার ছেলে আর মেয়ে সবাই নতুন, নতুন সমাজ আর নতুন মন—'

জীবনক্ষ্যর কথাগুলো অনেকটা এই ধরণের:

'এই যে এদের দেখছেন, এদের সঙ্গে জনসাধারণের রুচি আর নীতি মিলবেনা, বিচিত্র স্বপ্ন আর অভিনব আদর্শ নিয়ে নতুন কালে এরা এদে অসমগ্রহণ করেছে এক রপকথার দেশে। সেই চির্মক্রারের দেশ, চির-প্রত্যাশার অলকাপুরীর নাম কি জানেন ?

কলিকাত। মহানগ্রী !--প্রিয়ম্বদ। বললেন।

আংফুট একটা হাসির গুঞ্জন উঠল তাঁর রসিকভায়। উচ্চকঠে যে হাসল সে লোকনাথ। অংগদীশ চুপি চুপি বললে, উদ্ধবুক।

স্থামী জী বলভে লাগলেন, প্রিরন্ধা সভাই বলেছেন, এই যন্ত্রন্ধর্জর মহানগরীর চারিদিকে চেয়ে দেখুন, সমগ্র বাংলার সঙ্গে এই স্ফীভকার দান্তিক শহরের কোথাও ক্ষম্বরের যোগ নেই। বস্ত্রপুঞ্জর চাপে হৃদরাবেগ গেল শুকিরে, প্রাণ হোলো কঠাগত; এই স্লেহলেশহীন মঙ্গভূমির একপ্রান্তে একটি প্রাণরসের স্থ্যামল ক্ষেত্র স্থাতে, ক্রলোকের নরনারীর দারা সেই স্থান সঞ্জীবিত, এখানে জীবন-সংগ্রামের বিন্দুমাত্রও হানাহানি নেই—

জগণীশ পুলকিত কঠে চুলি চুলি বললে, লোকটা ভাবের কুয়াসায় পথ দেখতে পাছেন।। একদিন দেশ-নেতাদের মুখে এমনি বক্ত ভা ভলে জেলে গিয়েছিলুম।

আমার মন ছিল খামীজীর কথার দিকে। তিনি বলছিলেন: এই আশ্রম দেখাতে চার আবার দেই প্রাচীন বেদান্ত ভারতের পথ। অমৃতের পুত্র আমরা, আমরা আর্য্য-সভ্যভার প্রদীপ-বাহক, পশ্চিমের বস্তু-ভান্তিক শিক্ষা ও সভ্যভার অম্করণ ক'রে আমরা আাত্মযাভন্তা হারিয়েছি, বর্ণশক্তর স্ঠি করেছি…ফিরে বেতে হবে সেই চিরনবীন পুরাতনের হাওয়ায়, দেখাতে হবে জীবনের নীতির পথ, প্রাণধর্মের সহজ ও স্নাতন প্রবাহ।

বাইরে হাততালির শব্দ শুনে জগদীশ হেদে উঠল। স্থামীজীর পরে স্ত্রীতঠের আওয়াজ শুনা গেল। প্রিয়ম্বদা এবার দাঁড়িয়ে উঠেছেন। জগদীশ উঠে বদলো।

দেখতে দেখতে বৌদিদি বক্তৃতা আরম্ভ করলেন।
বললেন: স্বামীনীর সকল মতের সঙ্গে আমার মিল নেই
তা বোধহর আপনারা জানেন। পুরুষের নাগপাশ
থেকে আজ নারীশক্তিকে মৃক্তি দিতে হবে। নারীর
অবাধ স্বাধীনতাই দেশের কল্যাণের পথ। পারিবারিক
জীবনের সহস্র বন্ধনের ভিতরে নারীর স্বাতন্ত্য ও
স্বাধীনভার কণ্ঠরোধ করা হরেছে। আমরা পুরুষের

দানী, তাদের থেরালের থেলা, আমরা তাদের পাশবিকতার ইন্ধন মাত্র। আমাদের স্বাবলহনের উপায় নেই, অবাধ গতিবিধির স্বাধীনতা নেই, স্বতম ধান-ধারণার স্থবিধা নেই। আমরা প্রবের ক্রীতদানী—

এমন সময় উন্মাদের মতো লোকনাথ আমাদের ঘরে এসে চুক্ল। বললে, দেখলে জগদীশ, শুনলে ভ সব ?—ভার কণ্ঠ আবেগে রুজ হয়ে আসছিল, গলা কাঁপছে। বললে, মহীয়নী, আদর্শ হানীয়া কত বড় সৌভাগো আমবা ওঁকে লাভ করেছি দেশের এই ফ্রিনে ওঁর মতন সব টুকে রাথছি, সাপ্তাহিক পত্রে কটোমুজ পাঠিরে দেবো,—এই ব'লে সে হাঁপাতে লাগল,—আমাদের মতন পুক্ষ ওঁর পায়ে মাথা রাথবার যোগ্য নয়!

হঠাৎ জাগদীশের মৃথের চেহারা দেখে সে নিরুৎসাহ হয়ে পড়ল, আমার দিকে ফিরে বললে, সোমনাথ, তুইও আজ শুন্লি, ভোরও কতবড় সৌভাগ্য—বলতে বলতে অঞ্পূর্ণ চক্ষে সে আবার ক্রতপদে উঠে বেরিয়ে গেল।

জগদীশ নিশাস ফেলে চিৎপাত হয়ে শুরে পড়ল, ভারপর হতাশ কঠে বললে, আচ্ছা, লোকনাথের কোনে রোগ নেই ত ?

উফকর্থে বললাম, ঠাট্টা ক'রো না জগদীশ, মাত্র্যের আছেরিক শ্রেদার মূল্য হিসাবে—

জগদীশ আমার কথায় কান দিল না। শুক্তঠে বললে, ওই স্থীলোকটার থেয়াল একদিন হয়ত শেষ হয়ে যাবে, কিন্তু ছঃখ এই, বোকা লোকনাথটা চিরদিন তার সভাবরোগে ভূগে মরবে।

সন্ধ্যা হয়ে এসেছে। আলো অ'লে উঠল কোথাও কোথাও। বাইরের বক্তৃতাগুলো থাম্ল। বলা বাহলা, থামলেই ভালো শোনার। কিন্তৃৎকল পরে ফিরে দেখি, জগদীশের চোথে তন্ত্রা এসেছে। কিছুকাল থেকে লক্ষ্য করছি, জায়গা পেলেই সে যথন তথন ঘুমোবার চেটা করে। লোকনাথের আর সাড়াশস্ব পাওয়া বাচ্ছেনা; সম্ভবত সে প্রিয়ন্দাকে বাড়ী পৌছে দিতে গেছে,— পিছনে পিছনে যেমন রোজই যার। এই অবসরে আতে আতে উঠে আমি চায়ের সন্ধানে পথে বেরিরে পড়লাম।

দিন চারেক পরে একদিন রাত্তে বাসার দরজার পা দিতেই মেদের ঠাকুর বললে, আপনার জ্ঞে একটি বাব্ অনেকক্ষণ থেকে অপেকা করছেন।

কোথার ?—বিজ্ঞাসা করলাম। ওপরে, আপনার ঘরে।

দোতলায় দক্ষিণ দিকে আনার বর। মেসে
সাধারণত একটি নিজ্ঞ বর পাওয়া কঠিন। আমি
পেরেছি, তার কারণ শাঁসালো জমিদারের ছেলে আমি,
কিছু মূল্য বেশি দিতে পারি। নিজ্ঞ ঘর নাহলে
থাকতে পারিনে। সমন্ত দিন সকলের সজে অবাধে
মিশে বাই, কিছু রাত্রিকালে বিশেষ একটি সময়ে নিভূত
অবকাশের প্রয়োজন হয়, তখন আর কোনো মান্থবকই
ভালো লাগে না। তখন আমি একা, প্রাণের মধ্যে
আনন্ত একাকীত্ব নিয়ে নীরবে বাত্রির প্রহরগুলি অণ্তে
থাকি। সোজা দোতলায় এসে উঠলায়। বারালা
পার হতে গিয়ে কানে এল, আমারই পুরনো ভাঙা
হারমোনিয়মটার আওয়াজ! ব্যুতে আর বাকি রইল
না এ কাজ বিহিমের। হাসিমুখে ঘরে এসে তুকলাম।

বিষম গান না থামিরেই হাত নেড়ে আমাকে বসতে বললে। গান-বাজনার সে পাগল। একই কুলে পডেছি বরাবর, কলেজে এসে ছাড়াছাড়ি। চিরদিন রোম্যান্টিক ব'লে এই ছেলেটির একটি প্রসিদ্ধি ছিল। চেহারা কুলর, এবং আমার বিশ্বাস বহু যুবকের ভিতরেও সে কুলর। সোনার চলমাব ভিতর দিয়ে তার চোথ হটো দেখতে খুব ভালো লাগে। বাড়ীর অবস্থা খছল, সেই জল্প তার কোনো কাজকর্ম না করলেও চলে। ইংরেজি নভেল, লেনী ও রবিঠাকুরের কবিতা, বাউলের গান, এরা তার বড প্রিষ্ক। একটি বিলেষ রসের জগতে সে বিচরণ করে, আমাদের মতো ভঙ্ক কাঠের সঙ্গে সোনটিতে পা গুণে চলে না। এমন ভাবের স্রোভে গা-এলানো, এমন বেপরোয়া ও বেহিসেবী, এমন আম্বনিষ্ক ধ্রোলী অন্ধন্ত আমাদের মধ্যে আর কেউ নেই।

গান থান্দ। আলোটা জালতে গেলাম, সে বাধা

দিরে বললে, 'থাক্, এমন চমৎকার চাঁদের আলোর আর ববে আলো জালিসনে।—ব'লে সে সটান চৌকীর উপর ববে পড়ল।

বললাম, খুঁজছিলে কেন আমাকে ?
ভাবছিলুম ভোকে নিয়ে আজ বেড়াতে বাবো।
চল, নৌকো ক'রে গঙ্গায় বেড়িয়ে আসি।

এই রাতে ? যদি ঝড় ওঠে ?

বিল্লিম উঠে বদে বললে, তুই কি সতি চুই বুড়ো হয়ে গেছিল ? এমন ত ছিলি নে!

তার মৃথের দিকে চেরে কি যেন একটা সন্দেহ হোলো। কাছে সরে' গিয়ে বললাম, পেটে কিছু পড়েছে নাকি আজ ?

বিষ্ণম হাসল। হেসে বললে, ধরা যায় না, একটু-থানি খেয়েছি, এক পেগ্ মাত্র !— এই বলেই সে গুন্ গুন্ ক'বে ওমর থৈয়াম আবৃত্তি ক'বে উঠল :

> 'ফগনে নিশিভোরে কে ব'লে গেল মোরে, কাটাবি কওকাল, রে মূচ ঘুমঘোরে ? শুকালো আয়ু-ফ্যা নিটাবি কবে ফুধা ? সিরাজি এই বেলা পেয়ালা নেরে ভ'রে!

কবিত। আর্ত্তি ক'রে বেড়ানোটা তার নেশা। তার উপরে স্থরার স্পর্ল পেরে তাকে সামলে রাখা আব্দ হয়ত কঠিন হবে। এই ক্রটির জন্ম আমরা কেউই তার উপরে কই হইনে। বরং এমন দেখেছি, বঙ্গুবাহ্মবদের খুব একটা চিন্তাক্লিই ও শোকাচ্চন্ন অবস্থাকে সেসময়োচিত কোনো কবিতার অংশ আর্তি ক'রে হাল্কা ক'রে দিয়েছে, স্কুর্ডি ও আনন্দ বহন ক'রে এনেছে।

আবৃত্তির কিয়ৎক্ষণ পরে সে বললে, ভোর সঞ্চেকথা আছে সোমনাথ। আমি আজ মা'র ওথানে গিয়েছিলুম।

তারপর গ

কাছে মৃথখানা সরিয়ে এনে বৃদ্ধিম বৃদ্ধান, একটি মেয়েকে তুই সেদিন ওখানে রেখে এসেছিদ, নাম শুনসুম ভগবতী, কে রে সে মেয়েটি । ভোর কেউ হয় ?

বলগাম, আমার কেউ হয় না। তবে ভোর সন্ধে পরিচয় হোলো কেমন ক'রে ? আমাদের গ্রামের মেয়ে। দেদিন এসেছে আমার সঙ্গে। কল্কাভায় থেকে পড়ান্তনো করবে।

ভালবাসা আছে বুঝি তোদের মধ্যে ?

हि हि. এমন क्था तत्ना ना विक्रम।

বিজ্ঞ সহসা উচ্ছু সিত হয়ে উঠুল। বললে, নেই ? ধকুবাদ। Oh, she is an angel! ক্লপ দেখেছি আনেক, এমন অপক্রপ আর দেখিনি। বান্তবিক, divine beauty! ভোর জক্ম ওকে দেখতে পেল্ম, চিরদিন ভোর কাছে ক্তক্ত থাকব সোমনাথ।

বললাম, ব্যাপাৰ কি হেণু

এইবার বৃদ্ধিম আসল কথাটা বললে, মা'র ওথানে গিয়েছিলুম, মা দিলেন পরিচয় করিয়ে। হাসিম্থে ভগবতী এমন ক'রে নমস্কার করলে, ah, it was a sight for the gods to see. সোমনাথ, এতদিন যাকে অপ্রেই কেবল দেখতুম আজ দেখলুম দেও মর্ভ্যের মানবী হতে পারে। যখন জল-থাবার দিলে এসে, তথন তার আঙ্গে আমার হাত ঠেকে গেল। চিরদিন—চিরদিন আমার মনে থাকবে এই স্পর্শ টুকু, আমার সমন্ত রক্তের চলাচলের মধ্যে ঝন্ঝন্ ক'রে যেন একটা মহাযুদ্ধের বাজনা বাজতে লাগল।

अरक्ताद भूभ श्रम श्रम दाम १

শুধু মৃষ্ণ ? I am dead and gone! পদাপলাশের মতো চোধ, প্রাবণের মেঘের মতো চূল--শরৎ পুণিমার জ্যোৎসা দেখেছিস গলার বৃকে ? তেমনি তার দেহ! আমি জানাবো গোমনাথ, আমি জানাবো তাঁকে আমার হৃদরের ভাষা।

হেদে বললাম, দেবারেও ত তোমার এমনি অবস্থা হয়েছিল থিয়েটারের সেই অভিনেত্রীটির সম্বন্ধে—?

সে ? damned hell ! পতিতা স্থীলোকর।
কি জানে ভালোবাসার মর্ম ? বেখার ধেয়ালকে প্রেম
বল্ব ? সেটা সাহিত্যে মানায়, জীবনে দাঁড়ায় না।
আমার মনের স্থাধ গভীরতার সে মূল্য দিতে পারে
কতটুকু? আজ ভগবতীর কাছে গিয়ে নিজের সত্য
পরিচয় আমি জানতে পেরেছি সোমনাথ।

তার কঠের আস্তরিকতা আমার মনকে স্পর্শ করল। তবুবললাম, আজ্ঞাধরো তোমার দলে ভগবতীর ঘনিষ্ঠ আলাপই হোলো। কিছ পরে তিনি যদি জানতে পারেন তুমি মদ খাও, তুমি একজন পতিতা স্থীলোকেঃ প্রতি আসক্ত ছিলে, তাহ'লে—

বৃদ্ধম উঠে এনে আমার হাত ধরলে। করুণ করে বললে, মাহুবের চরিত্র কি একদিন বদলাতে পারে না সোমনাথ ? করে আমি আমার কুপ্রবৃত্তিকে কিছু প্রশ্রেষ দিয়ে ফেলেছিলুম সেইটেই কি আমার মহন্তর সাধনার পথে বাধা হরে দাঁড়াবে ? আমি ত সামার, কিছু খে-কোনো জগৎ-বরণ্যে লোকের কথা ভাবো, যারা নিয়ে গেছে মাহুবকে মৃগে যুগে সং ও সভ্যের পথে, তাদের জীবনেও কি যৌনপ্রকৃতির সাময়িক তাড়না ছিল না ? ধার্মিক ও নীতিবিদরা কি জৈবিক ধর্ম পালন করেন নি ?

ভালো হোক বৈ মন্দ হোক, নিজের কোনো একটা বিশেষ মতকে নানা সম্ভব ও অসম্ভব যুক্তির দ্বারা প্রতিষ্ঠিত করার চেষ্টা বন্ধিমের চিরকাল। আমি জানি ভার এই সমন্ড বক্তৃতা ও পরিশুদ্ধ বাংলা ভাষার পিছনে ছিল ভগবতীর প্রতি আসক্তি। স্থন্দরী নারীর মোহ মাস্থ্যকে এক আশ্চর্য্য পথে নিয়ে যায়। আসক্তির সঞ্চার হয় যে-পাত্রে, সেই পাত্র থেকে একই কালে উচ্ছুদিত হয়ে উঠতে থাকে নীতি ও নীচতা, ধর্মবৃদ্ধি ও ঈর্ষা, উদারতা ও প্রলোভন, উদাসীক্ত ও দীনতা। নারীর সংস্পর্শে পুরুষের প্রকৃত চেহারা ধীরে ধীরে প্রকাশ পায়।

হেদে বললাম, ভোমার কথা বলছিনে কিন্তু ভগবতী যদি ভোমার সহজে কিছু জান্তে পারেন ?

জানতে না পারেন সেই ভারটাই তোমাকে নিতে হবে সোমনাথ। তিনি আমাকে দ্বুণা করকে আমি— আমি আত্মহত্যা করব। আশা করছি আমার হত কিছু লজ্জা তাঁর স্পর্শে সোনা হয়ে যাবে। ই্যা, আমি যদি তাঁকে ভালোবাসি তোমার কোনো আপত্তি নেই ত ?

এইবার হেসে উঠলাম, আপত্তি ? কি আশুর্ফা! একটি ছেলে একটি মেরেকে ভালোবাসবে, আমার আপত্তি ?

বৃদ্ধিম বৃদ্ধান, তোমার মনের কোনে তাঁর স্থানে কোনোরপ কিছু—? কিছুমাত্র না, তৃমি নিশ্চিক্ত হও :—ব'লে সুইচ্ টিপে আলোটা কেলে দিলাম।

বিশ্বম উঠে গাঁড়িয়ে হেসে আমাকে জড়িয়ে ধরলে। বললে, আমি যদি আজ জগতের শ্রেষ্ঠ সম্পদ্লাভ করি ভবে—তবে সে কেবল তোরই দয়ায় সোমনাথ। আজ আসি ভাই।—বলেই সে একটি কবিতার চরণ ধরলে:

> 'দে দোস্ দোস্। দে দোস্ দোস্। এ মহাসাগরে তুফান তোস্। বধুরে আনার পেয়েছি আবার শুরেছে কোল।'

বলতে বলতে উল্লাসে ছুটে সে ঘর থেকে বেরিয়ে
চলে গেল ৷

আলোটা জেলেছিলাম কিন্তু জেলে রাথার জার কিছু প্রয়োজন রইল না, স্থইচ্ বন্ধ ক'রে বাইরে গেলাম। মেদের নানা লোকের নানা কণ্ঠের মাঝখানে দাছিরে যতদ্র দৃষ্টি যায় একবার চেয়ে দেখলাম, আপন আ্যার অন্ত নৈঃশব্দ নিয়ে আমি একান্তই একা। দিছি বেয়ে বীরে বীরে ছাদে উঠে এলাম। শুকুপক্ষের জোগোয়ার দিগদিগন্ত প্লাবিত হয়ে গেছে।

কিছুকাল আগে পর্যান্ত একটা নূতন কর্ম্মপথ আমার চোথের সমুখে ছিল। গ্রামে ফিরে গিরে নৃতন গ্রাম গঢ়ব। স্বাস্থ্যে, শিক্ষায়, সভ্যতায় সেই গ্রাম হবে দেশের আদর্শ স্থানীয়। দেবভার মন্দির দাঁড়িয়ে উঠবে গ্রামের চারিদিকে, তঃথী-দরিদ্রের অভাব-অভিযোগ কোথাও শোনা যাবে না. প্রভোক মামুষ আপন আপন অধিকার স্থানভাবে বণ্টন ক'রে নেবে, দিবিদ্র ও ধনাচ্যের ভিতরে পার্থক্য যাবে মুচে। কি**ন্ত** অঙ্গে অল্লে জানতে পেরেছি তা হবার যো নেই। মদীয় পিতদের অভান্ত রক্ষণশীল। একদিন আমার কর্মপন্ধতির একটা খদড়া তাঁর কাছে ধরতেই তিনি হাসিমূখে এমন একটি বক্তৃতা দিলেন যে, আমার আইডিয়াগুলো স্ব গোঁয়ার মতো উড়ে গেল। বক্তভাটার মর্ম এই, পৈতৃক শম্পত্তিকে বারা সূত্রভ সামাবাদের আওতার ফেলে ইণাকাতর অকর্ম্মণ্য সাধারণের লুঠনের সামগ্রী ক'রে ভোলে তারা আর্য্য সভ্যতার ঘোরতর শত্রু। পশ্চিমের ধারকরা মতবাদ ও আদর্শ আমাদের দেশের মাটিতে শিক্ত পান্ধনা। **এই সকল উপদেশের পর পিতৃদে**ব

আমাকে অন্ধরোধ করেছেন, এবার থেকে সংস্থে মেশবার চেটা ক'রো সোমনাথ। তোমাকে কল্কাভার আর একলা রাথা চলছেনা, তুমি ভূল পথে যাছে।

হয়ত তাই হবে, হয়ত তুল পথেই চলেছি। পথ
নেই, নবীনের চলবার পথ বড় জটিল, তুল পথে গিয়ে
গিয়েই তাকে জীবনের চেহারা দেখে নিতে হবে।
আনি জানি, আমার চারিদিকে সে-সমাজ আজ
প্রদারিত, তার ভিতরে কেবলই দিশা আর হল, কেবলই
সংশয় আর জিজাসা। কোথাও সমস্যা জেগে উঠছে
বিজ্যোটকের মতো, কোথাও প্রতিবাদ জ্লেণ উঠছে
দাবানলের মতো। কোন্ জ্লেল ছিদ্রপথ দিয়ে এসেছে
জীবনের প্রতি এই বৈরাগা, এই জ্যুন্তি পথে
সে আ্প্রকাশ করতে চাইছে ?

জ্যোৎস্নার দিকে চেয়ে আমার চোখে নাম্ল ভস্তা।

সকাল বেলা উঠে সবেমাত্র চা থেমে স্থান্থির হয়ে বিসেছি এমন সময় নিচে থেকে ডাক পড়ল। সম্ভবত জগদীশ কি লোকনাথ কেউ হবে। কিন্তু স্থোদর হতে না-হতেই তারা যে শ্যাত্যাগ ক'রে আসবে এমন কথা ত তাদের শাস্তে লেখা নেই। স্থোদের ভারা কোনোদিন দেখেছে কিনা সন্দেহ।

ভাক ভনে নিচে নেমে বৈতে খোলো। সদর
দরজায় পা দিয়েই দেখি আমাদের বাড়ীর পুরোনো
বুড়ো চাকর দাঁড়িয়ে। খুসি হয়ে হেসে গিয়ে ভার
হাত ধরলাম,—কিরে ছ্যীরাম, কবে এলি ভোরা?
বাবা খবর না দিয়েই এসে পড়লেন যে?

ছুখীরাম হাতটা ছাড়িয়ে নিল। বললে, আমি তোমার মুখ দেখতে চাইনে।

তার মুখের চেহারা দেখে এন্ত হলাম। ছথীরাম আমার মৃতা মাতা ও জীবিত পিতার পরম বিশাসী ভূতা। আমাদের পরিবারের তিন পুরুষের ইতিহাসের সঙ্গে এই লোকটা বিশেষভাবে জড়িত। লোকটার বাড়ী বিহারের চম্পারণ জেলায়, কিছু বাঙালী ব'লে তাকে খীকার না করলে সে অতাস্ত ক্রুছ হয়। সে যেন আমার পিতা ও মাতার সংমিশ্রিত বাৎসল্যের প্রতিমূর্তি।

ट्टिंग वननाम, मूथ दिवशंवित किन, नां कि कांमाहैनि व'तन ?

 আমার হাসির উত্তরে সে চোথ পাকিয়ে বললে, বাবু এসেছেন, তা জানো ?

সে ভ' ভোকে দেখেই ব্রতে পাচ্ছি, তুই ভ তাঁর গাধাবোট।

সন্তবত ত্থীরাম এতক্ষণ পর্যান্ধ আত্মসম্বরণ ক'রেছিল, এইবার সে হঠাৎ বিদীর্ণকণ্ঠে কেঁলে উঠল এবং আমাকে একেবারে তার বুকেব মধ্যে টেনে নিম্নে বললে, দাদা গো, আমরা ভেবেছিল্ম পুলিশে আর তোমাকে ছাড়বে না… বাবু এথানে এসেই উকীলের বাড়ী হাঁটাহাঁটি করছেন—

বিশ্বিত হয়ে বললাম, পুলিশ ? উকীলের বাড়ী হাঁটাহাঁটি ? ব্যাপারটা কি বল দিকি ?

ত্থীরাম আমাকে টান্তে টান্তে কিছুদ্র নিয়ে গিয়ে বললে, আবার ধরবে, আবার ধরবে, এথুনি চলো আমার সকে তেমাকে এমন লুকিয়ে রাধবো বে ধিলি রাকুসির পালায় প'ড়ে তোমার এই আবস্ত —

আঃ ছাড় ত্থীরাম, রান্ডার মাঝখানে মেয়েলিপনা করিদনে।

একটা হাত ত্থীরাম কিছুতেই ছাড়তে চাইল না।

চোথ মুছে বললে, শিগগির চলো আমার সজে নৈলে

চেঁচিয়ে আমি হাট বাধাবো। আৰু পাঁচ দিন ধ'রে

আমার উপবাস—বলতে বলতে আবার তার গলা বন্ধ

হয়ে এল।

হথীরামের চোথের জল আমি জীবনে দেখিনি।
একজন কাঁদে আর একজনের জলু, এই দৃশু দেখলে
আমি যেন কোথার ভেঙে পড়ি। মূথে কেবল বললাম,
কি আশ্চয্যি, এই ভ যাচ্ছি ভোর সঙ্গে, অমন করিস
ক্ষেন হথীরাম ? এইবার বল কি হয়েছে।

পথের মোডে এসে সে একখানা গাড়ী ডেকে আমাকে ভোলবার চেটা করলে। বিরক্ত হরে বললাম, অমিলারের ছেলে আমি, থার্ড ক্লাস ছাাক্ডার চড়িনে। হাতী যথন এখানে পাওয়া যাবে না তখন তোরই কাঁধে চড়ে' যাই চল।

অগত্যা একথানা ট্যাক্সি ভেকে ছ'লনে উঠলাম। উঠেই স্মানার মূথে হাসি। কিছু ছংথ দিতে পেরেছি ছ্পীরামকে, এই আনন্দে মন খুসিতে ভরে উঠেছে।
এটা বেশ জানিয়ে দিলাম আমি আজকাল নিতার
সামান্ত লোক নয়, আমার বহুদর্শন হরেছে। এর
ভাকে জানাতে ভূললাম না, যেমন বরাবর তারে
জানিয়ে এগেছি, পিতৃবিয়োগের পর যেদিন জমিদারি
আমার হাতে আসবে, একদিন আসবেই, সেদিন ভারে
গ্যানেজার' ক'রে দেবো।

গাড়ী থানলে ভাড়া চুকিয়ে দিয়ে ছথীরাম আমা হাত ধ'রে নাম্ল। নতুন একধানা বাড়ী ভাড়া নেজা হয়েছে। প্রথমেই করেকজ্ঞন চোগা চাপকান পর্ অপরিচিত লোকের ভিতর থেকে আমাদের গ্রামে চক্রবর্তী মশাইকে দেখা গেল। ছথীরাম বিজ্ঞাগর্মে আমাকে গ্রেপ্তার ক'রে সকলের মাঝখানে এনে দিছ করিয়ে দিল। সকলের মুখে চোথে কৌতুহল দেখে বিবক্তিও হোলো, একটু ভীতও হলাম। আমি সেন একটা অভ্ত জীব।

কবে এলেন ন-কাকা ?

চক্রবর্তী মাথা হেঁট ক'রে সরে গেলেন। আনি অবাক হয়ে সকলের মূখ চাওয়াচারি করতে লাগলান। কিন্তু সে কয়েক মূহ্র্ত মাত্র, তারপরই ছুখীরামের অফুসরণ করে' সোজা ভিতরে গেলাম। সুমূধে চিস্ত'কুল চোখে চেয়ে বাবা ব'সে রয়েছেন।

হঠাৎ একটা অজ্ঞানা আশক্ষা ও লজ্ঞার সম্ভন্ত হলাফ কিন্ধ সেও মৃহূর্ত মাত্র, পরক্ষণেই সাহসের সক্ষে জিঞ্জাদ করলাম, টেলিগাম না করেই এখানে এলেন যে?

জানিয়ে এলে কি ভোমার কোনো স্থবিধে হোজে। পুরর বাবা ! চাঁচাছোলা গলার আওয়াজ, রনের আন্মেজটুকু পর্যস্ক নেই। বেশ অস্তব করছি দর্জার বাইরে অনভিপ্রেত জনতা দাঁড়িয়ে কান পেতে আমাদের অর্থাৎ পিতা ও পুত্রের আলোচনা শুন্ছে।

নিজের কুঠার কারণ নিজেই বুঝতে পাচ্চিনে, তবুও
অভ্যন্ত সংস্কাতের সংস্ক একথানা চৌকির উপর মাধা
ক্রেট ক'রে বসলাম। বাবা সোজা আমার মুথের দিকে
ভাকালেন। বললেন, এভটা ভোমার কাছে আমি আশা
করিনি সোমনাথ।

মুখ তুলে তাঁর দিকে ভাকালাম, তাঁর চোধের উ^{পর}

মার চোথ স্থির হবে রইল। দরজার কাছে আড়ালে ডিয়ে ত্থারাম আমাকে পিতার পারে ধরবার জন্ত কিল ভাবে ইজিত করছে।

দ্বিনরে বলগাম, আপনি কি বলতে চাইছেন বাবা ?
বলতে চাইছি তৃমি আমার বংশকে কলঙ্কিত
বেছ,—জ্রীর্ক দীননাথ চৌধুরীর কণ্ঠ বিদীর্ণ হয়ে
১ল,—তুমি আমার পিতৃপিতামতের নরকবাদের ব্যবস্থা
বেছ !

মাথা হেঁট ক'রে বলগাম, আপানার কথা আমি কছুই ব্যুহত পাহ্ছিনে।

বুঝবে কেমন ক'রে? স্ষ্টি করবার শক্তি নিয়ে ভামরা আসোনি, সমাজকে সংভাবে লালন করবার শক্ষা ভোমাদের নেই, ভোমরা এসেছ ধব স করতে। মি এমন কাজ ক'রে এসেছ সোমনাথ যে, আমাদের মিন্ত গ্রাম শুন্তিভ হয়ে গেছে। মান্ত্রের মনে এই চমকাগাবার বাহাছ্রির ভলার ভোমার কি ছিল জানো,—
যাবনকালের কুংসিত কুপ্রবৃত্তি!

মাথা আমার হেঁট হরেই রইল, বাবা বলতে গাগলেন, এটা ভোমার কল্কাভার শিক্ষা কিন্তু দেশের শিক্ষা নয়। ভোমার সম্বন্ধে আমাদের অন্ত ধারণা ছিল। ভেবেছিলুম তুমি বৃঝি নিজের চরিত্রকে বড়ো ক'রে চুলতে পেরেছ, বুঝি মান্থ্য হরে উঠেছ,—আমি নিশ্চিন্ত ছিলাম। কিন্তু আজ—আজ আমি চেয়ে দেখি, গোপনে গোপনে ভোমার চরিত্রে সর্ধনাশের বারুদ জমে উঠেছে, ভোমার মধ্যে আমাদের কল্যাণ চিন্তা নেই, সমাজের শুভচিছ্ নেই। এর চেয়ে—এর চেয়ে ভোমার মরণ ভালো ছিল সোমনাথ।—তার কর্পন্বর কেপে উঠ্ল।

প্রতিবাদ কিছু করবার আগেই তিনি বললেন,
আমার সন্তান ব'লে তুমি আর পরিচিত হবার চেটা
ক'রো না। আমার বংশের স্বভাবকে তুমি কলুবিত
করবার জন্ম দাড়িয়ে উঠেছ, তোমার প্রকৃতির মধ্যে
পাপ বাদা বেঁধেছে। আমি ক্ষমা করব না তোমাকে।

আমার মৃথ লাল হয়ে উঠেছিল। বললাম, কিন্তু—
না, কিন্তু নয়। তোমার পকে অক্স বিচার আমার
আর নেই। তোমাকে স্বীকার করব না এই তোমার
শান্তি। তুমি বাও সোমনাথ, দেশ থেকে দ্র হয়ে

যাও, সমাজের প্রাণধর্মকে বিষাক্ত করেছ, তুমি আমাদের সকলের শক্তা

ছ্থীরাম ওদিকে কালাকাটি মুক্ত করেছে। তার দিকে একবার তাকিরে বললাম, আমার কথাট। শুম্ন —? উচ্চ কর্প্তে বাবা বললেন, আপোষ কিছু নেই, তোমার ঘটনা নিয়ে মজলিশ বদাতেও চাইনে।

কিছ আমি কি করেছি বললেন না ত ?

হঠাৎ চক্রবর্ত্তী এদে ঘরে চুক্লেন। বললেন, এমন প্রবৃত্তি কি ভালো সোমনাথ? তুমি ক্ষামাদের গ্রামের দর্কপ্রেষ্ঠ রত্ব, সমাজের মুখোজ্জ্ল করেছিলে, এক্ষেণের সন্ধংশের সন্ধান! তোমার কি উচিত হয়েছে ভগবতীর হাত ধ'রে চলে' আসা? সেই মেরে, যার মা সন্তান ঘরে রেথে নিরুদ্দেশ হয়ে যায়? স্বাইকে ভাগে ক'রে নিজের লজ্জা নিয়ে তুমি কি স্থে থাকরে সোমনাথ?—বলতে বলতে তিনি বাইরে বেরিরে গেলেন।

আমার নিশাস কর হয়ে এসেছিল। এ যেন একটা ভয়ানক বড়বন্ধ, একটা চক্রাস্ত! কিন্তু আমার কৈফিরৎ শোনবার ধৈর্যা পর্যাস্ত যাদের নেই, ভয় তাদের আমি করব না। ভয় ক'রে এসেছি আনীবন, ভয়ের মধ্যে আমরা মান্থ্য, ভয় আর অপনান আর অধীনতায় আমরা পৃছালিত, জ্জুরিত!

উঠে দাড়ালাম। দাড়িয়ে বললাম, কিন্তু আমি জানি আমি কোনো অভায় করিনি।

বাবা বললেন, ভোমার ব্যক্তিগত বিচারবৃদ্ধি শোনবার সময় আমার নেই। আমি জানতে চাই এখন থেকে ভূমি কি করবে।

সে স্থামি নিজেই জানিনে।

তিনি বললেন, আজ তোমাকে আনার সলে গ্রামে ফিরে বেতে হবে এবং চিরদিনের মতো কল্ফাতার আসা বন্ধ করতে হবে। দেখানে সকলের কাছে ক্মা ভিক্ষা করবে এবং প্রারশ্চিত্ত করবে। এখন থেকে আমার ব্যবহা অনুযারী তোমাকে চলতে হবে।

স্পষ্টকণ্ঠে তাঁর মূথের উপর ব'লে দিলাম, যদি পারেন আপনি আমাকে ক্ষমা করবেন কিন্তু আপনার এই ব্যবস্থা আমি মেনে নিতে পারব না। তিনি উঠে দাড়িয়ে ডাকলেন, চক্রবর্তী ?

চক্রবর্তী মশাই এসে দাঁড়াতেই তিনি পুনরায় বললেন, ত্থীরামকে ব'লে দাও আজু জামানের যাওয়া হবে না।—জামার দিকে ফিরে বললেন, আজ থেকে আমি জন্বীকার করব যে তুমি জামার সন্তান, এবং তুমিও যদি পারো তবে সমস্ত সম্পর্ক মুছে দিরো।

সর্বশরীর আমার কাঁপছিল। আমার ছুরস্ত প্রাণ-ধারা থর থর করছে, প্রায়মগুলীর প্রতি গ্রন্থিতে, জীবন-চেতনার উদ্দাম ব্যাকুলতা। সংযত কর্পে বল্লাম, আমাকে তবে বিদায় দিন্?

তিনি ক'শ্তকণ্ঠে বললেন, তুর্বল পিতার ক্ষন্ধ বাৎসল্য আমার কাছে আশা ক'রো না। বিদার আমি তোমাকে দিছিলে, বিদার তুমি নিজেই নিলে। কিন্তু তোমাকে মেনে নিয়ে আমি দেশের নীতিকে আঘাত করব না, বিষাক্ত করতে পারব না সমাজের মনকে, তুমি যাও। আমার রক্ত আছে তোমার মধ্যে এক্স আমি লজ্জিত। তুমি চ'লে যাও।—থাক্, পাছুঁয়ো না আমার, আশীর্বাদ তোমাকে করতে পারব না এই মুখে। কেবল বলি, বে-আঘাত তুমি দিয়ে গেলে, এর প্রতিফল যেন তোমার সমস্ত জীবনকে ধ্বংস করে। যতদিন বাঁচবে, তুংখ যেন ভোমার আকঠ হয়ে ওঠে. বিপদের আঘাতে প্রতিদিন ভিন্ন ভিন্ন হেংগো—

চক্রবর্ত্তী তাঁকে থামাতে এলেন, আর সবাই ছুটে এসে

বারের ভিতরে দাঁড়াল। কিন্তু পিতৃদের নিরস্ত হলেন ন অগ্ন-সংযুক্ত বারুদের আর রক্তাক্ত চক্ষে মূর্ত্তিমান অভি শাপের মতো তিনি আবেগভরে বলতে লাগলেন, অপমারে বেন তোমার মাথা হেঁট হয় চিরদিন, অভাবে-দারিত্রে নিকের ব্কের রক্ত যেন তোমার থেতে হয়,—জালা আর যন্ত্রণার সংসারের সকল দরকায় মাথা ঠুকে ঠুকে তোমার প্রাণ যেন মক্ত্মি হয়ে ওঠে অয়াও, এই আর বিলি নিয়ে তুমি চলে যাও।

কালার আমার চোথ কাঁপছে, কালার কাঁপছে আনা সর্বশরীর, কাঁপছে আমার প্রাণের মর্ম্মৃল পর্যন্ত। ক্ষম চাইব না, দেবো না কৈফিয়ৎ, চূরমার হয়ে ভেঙে পঢ় না আজ তাঁর পায়ে। কেবল একটা চাপা নিখা ফেলে ধীরে ধীরে ঘর থেকে বেরিয়ে এলাম। খুলে খুঁজে বা'র করলাম সদর দরজাটা, পথের দিশা আমা হারিয়ে গেছে.—হাতড়ে হাতড়ে রৌড্রিফ্ট পথে নে এলাম, চোথ ঘুটো তথন আমার উত্তপ্ত অঞ্চতে আপ্সহরে গেছে।

কোথার ছিল হথীরাম, ছুটে এসে পথ আগতে দাড়াল। ফিরে দেখি ভার হাতে হুটো মিষ্টি আর এব ঘটি জল। বললে, রোদ্ধুরের দমন দাদাভাই, এ জলখাবাইকুন

না, না, জল নয়, সান্তনা নয়; বুক জামার চেটা যাক, তৃষ্ণায় বিদীও হোক্! কোনো দিকে জায়ন চেরে জামি জ্তপদে রাজপথের উপর দিয়ে ছুট চললাম।
—ক্রমশঃ



বুক ও উপনিষদ

ষামী জগদীখরানন

রজার মিদেশ রাইজ ডেভিড্শ সমগ্র পাশ্চাতা জগতের শ্রেষ্ঠ্য পালি-দালাও শাল্পবিৎ বিছ্যী ইংরাজ-মহিলা। তিনি লওন বিশ্ববিদ্যালয়ের সালির অধ্যাপক ও ইংলওের পালি টেকদুট সোদাইটীর গ্রেসিডেন্ট। প্রায় ন্দাশ বংদর পূর্বেই ভাইার স্বামী পালি-পণ্ডিত টি, ভবলিউ রাইজ ্রভিড্স এই সমিতি স্থাপন করিয়া আজীবন ইহার সম্ভাপতি রূপে স্ক্রিমে পালি-আহার ক্রিয়াছেন। সিংহলে সিভিলিয়ান রূপে অবস্তান কালীন তিনি পালিভাষা ও সাহিত্যের শুতি আকৃষ্ট হন এবং তাহাঁর জ্মতী ও বিছ**ণী স্ত্রীকে পরে পা**লি শাস্ত্রের সহিত পরিচয় করাইয়া দেন। হুগাং বিখ্যাত এই দম্পতী-যুগলের প্রত্যেকেই প্রায় অর্দ্ধ শতাব্দী ধরিয়া দ্মানভাবে পালি সাহিত্য গভীর ভাবে অধ্যয়ন, অনুবাদ, সমালোচনা ও প্রচার করিয়াছেন। মিনেন রাইজ ডেভিড স্বর্তনানে ভাইরে বৃদ্ধ-বয়ন সত্ত্বেও পালি-ত্রিপিটকের একটা Concordance প্রণয়নে নিযুক্তা আছেন। পালি ভাষার হীন্যান বা থেরাবাদ বৌদ্ধ ধর্মের সমস্ত শাস্ত বঙ্গান: তিনি তাঠার মলাবান জীবনের প্রায় সমগ্র সময়ই পালিশার সম্বন্ধে যে সমস্ত চিন্তা, গবেষণা ও অধারন করিয়াছেন, তাহা তিনগানি পত্তকে লিপিবন্ধ করিয়াছেন। তিনি জীবনবাাপী সাধনার ফল স্বরূপ পালি বৌদ্ধ ধর্ম সম্বন্ধে যে সিদ্ধান্ত-গুলিতে উপনীত হইয়াছেন, তাহা যে কেবল নিঃসন্দেহে নিভূল ও পাটি সভা, ভাছা বলা বাছলা ; এবং ভাছার এই সিদ্ধান্ত-গুলির অভিবাদ করিতে বিভীয় কোন পণ্ডিতের সাধা ও যোগাড়া নাই।

মিদেশ রাইজ ্ ে ভিড শ তাহার "Gotama, the man." "Sakya origins" এবং "Manual of Buddhism" এই তিনবানি এবে বিশেষতঃ শেষণানিতে হীনবানের মূল সত্যগুলি ইতিহাসের আলোকে ও ভারতীর চিন্তার সম্পর্কে আলোচনা করিয়া এমন ফুলর ভাবে সমাবেশ করিয়াছেন যে, পালি-দর্শন অধ্যয়নার্থীর পক্ষে তাহা অত্যাবভাক। পালি-সাহিত্যরূপ অসীম সাগরের মধ্যে তাহার এই পুশুক্রবানি দিও নিবর ব্যের মত সহারক হইবে। কারশ অধিকাংশ লোকেই স্বাধীন ভাবে অধ্যয়ন করিতে হাইরা হীন্যান সম্বন্ধে একটা ভূল ধারণা করিয়া বিস্থাবন। ভারতীয় চিন্তা অপতের এক অবিছেদ্য অপ্ররূপ পালি চিন্তা অধ্যয়ন না করিলে বিকৃত সিদ্ধান্তে উপনীত হওয়া বাভাবিক। পালি তিলিক খুঠীয় প্রথম শতাকীতে বুদ্ধ ঘোষ কর্ত্তক সিংহলন্ত মাতালের আনু বিহারে লিখিত হয়।

বৌদ্ধপদ্ধ ভাষত হইতে সিংহলে আসিয়াছে—সিংহল হইতে গ্রাবে ও বক্ষদেশে গিয়াছে। কিন্তু উহা সিংহল হইতে ভারতে বায় নাই। কাজেই ভাষভীয় দর্শনের আলোকে, বৌদ্ধপদ্ম আলোচনা না করিলে পূর্ব অবহেল। করিয়া অংশ গ্রহণের ভাষ দে প্রচেষ্টা পশু হইবে। বৌদ্ধপদ্ম বহিভারতে

ৰুল উৎস হইতে বিচ্ছিন্ন হইয়া ভিন্ন কাৰ্মণ করিয়াছে। ডাঃ রাইজ্ ডেভিড্স্ পালি ত্রিপিটকের ২৮থানি প্রধান গ্রন্থ টাকা, টিয়নী ও চূর্ণ সহ আলোচনা করিয়া দেখিয়াছেন নে, বৃদ্ধবাণী এন্ত বিকৃত, বিমিশ্রিভ বিক্লন্ধ ভাষাপর হইয়াছে বে, বৃদ্ধবাণীর ঐতিহাসিক মূল ভিন্তি গুলিয়া পাওয়া সাধারণ শিক্ষাবার পক্ষে এখন কষ্টকর। ভারতীর ভিন্তিতেই বৌদ্ধদর্শন গড়িয়া উঠিয়াছে—আর বৃদ্ধদেব নিজেই ছিলেন ভারতের সাধনার প্রতিন্তির। কাজেই তাহাকে বৃথিতে হইলে ভারতের আলোকেই বৃথিতে

বুদ্ধদেব বেদ-বিজোহী বা আক্ষণৰেধী ছিলেন নাঃ তিনি বেদের কর্ম-কাণ্ডের তীব্র প্রতিবাদ করিয়াছিলেন—কিন্তু তিনি বৈদিক জ্ঞান-মার্গ বীর জীবনে পালন করিয়া জনসাধারণের উপধোগী করিয়া প্রচার ক্রিয়াছিলেন। নিজের শ্রমণ শিলাদের সহিত তিনি ব্রাহ্মণদের সমান চক্ষে দেখিতেন। আর তিনি এাক্ষণদের পদতলে বসিয়াই ত বাল্যকালে ভারতীয় শাস্ত্র অধায়ন করিয়াছিলেন। শারীপুত্র, মোগ্যালান ও কাঞ্স প্রভৃতি তাইার ধ্রধান শিক্তগুলি ছিলেন শিক্ষিত সন্নান্ত বাক্ষণ। তিনি হিন্দু ভাবেই ভূমিষ্ঠ, প্রতিপালিত হন, এবং দেহত্যাগ করেন। বৃদ্ধ ত আর বৌদ্ধ ছিলেন না। তিনি সর্বতোভাবে হিন্দু সন্ন্যাসীর জাদর্শ নিজ জীবনে প্রতিপালন করিয়াছিলেন। বৌর্দ্ধর্ম্ম প্রথমে হিন্দুধর্ম হইতে পৃথক ভাবে ভারতে ছিল না। যত দিন উহা ভারতে ছিল জত দিন উল ভারতীর ধর্মের এক অংশ রূপেই ছিল। কিন্তু যথন হিন্দ ভারত ধর্মে ও দর্শনে প্রসার লাভ করিয়া বুদ্ধদেবের নববাণী অঙ্গীভূত করিয়া লইল---এবং বুন্ধ-বাণী বহির্ভারতে অচারিত হইল, তথনই ভারতেতর প্রদেশেই বৌদ্ধর্ম নামে একটী পৃথক ধর্মের সৃষ্টি হইল। ভারতের উদার ও বিশাল বক্ষে সর্বপ্রকার ধর্মমতেরই স্থান আছে: বর্ত্তমান ভারকেই যুখন তাহা সম্ভব প্রাচীন ভারতে তাহা আরেও অধিকভাবে সম্ভবপর চিল। ইত্দীধর্ম ও প্রীপ্রান ধর্মের মধ্যে যে পার্থকাবাস্থক, হিনদ ও বৌদ্ধ ধর্ম্মের মধ্যে ঠিক ভাই। তবে ইছদীগণ ভগবান ঈশাকে ক্রশবিদ্ধ ও ত্যাগ করিলেন; আর হিন্দুগণ বুদ্ধদেবকে দেবমানব জ্ঞানে পূঞা করিরা গ্রহণ করিলেন। হিন্দুধর্ম যদি মুল ও কাও হর বৃদ্ধবাণী তাহার শাধা প্রশাথা মাত্র। বৌদ্ধর্ম্মকে তাই জনৈক মহাপুরুষ ভারতীয় ধর্মের 'বিজ্ঞোহী-শিশু' বলিয়াছেন।

পালিগ্রন্থ বৌদ্ধ ধর্মের সমগ্র শাস্ত্র নহে; স্বতরাং পালি-সিদ্ধান্ত-গুলিও বৌদ্ধর্মের সার বি শেষ কথা নহে। মহাযান বৌদ্ধর্মের-অধিকাংশ পৃত্তকই সংস্কৃতে বর্তমান। আর মহাবানের সহিত হিন্দ্-বেদান্তের অভূত সাদৃষ্ঠ। ধেরাবাদীগণ মুথে যতই বলুন না কেন বে ভারা নান্তিক—সিংহল, ব্রহ্মদেশ বা খ্যামে গিল্লা প্রত্যক্ষ দেখিলে দেখা

যায় জনসাধারণ বুজদেবকে ঈশ্বরবৎ পূজাই করে হিল্পুদের মত। ফুলচন্দন, ধুপধূনা, ফল ও অক্সাক্ত আহার্থ্য দিয়া পূজা ও ভোগ দেয়। তবে তকাৎ এই—হিন্দুগণ নিবেদিত নৈবেদের বা অসাদের সবই নিজেরা গ্রহণ করে; কিন্তু বৌজগণ ঐ পিল পশু-পন্দীদের মধ্যে বিতরণ করিয়া দেয়। পালিতে বুজদেবের একটা নাম দেবাদিদেব। আর মহাবানীগণ ত বুজকে অতিমানব অবতার জ্ঞানেই পূজা-আরাধনা করিয়া থাকে। বুজদেব উপনিয়দোক্ত মূল সক্তাগুলি জনসাধারণের উপযোগী করিয়া প্রচার করিয়াছিলেন মাত্র। বুজের মত মহামানবগণের লোকসংগ্রহার্থ আগমন; কাজেই তারা কোন কিছু ভালেন না। উহাদের জীবনের মিশন হছেছ গঠনমূলক কার্যা। বুজদেব ধর্মকে দৈনন্দিন কর্মান্তীবনে আনিয়া দিলেন। তাই তিনি ধর্মসংক্রান্ত করিতে হইবে তাহা পালন ও প্রচার করিয়া গেলেন। অর্থং তথাগত, সমাক সমূক্ত বৃজ্বেব ধর্ম মন্দিরে বা পুশুকে নিবন্ধ না রাথিয়া জীবনে জীবন্ত করিয়া তুলিলেন।

উপনিষ্ মন্ত্ৰই বৃদ্ধ-মন্ত্ৰ। হিন্দুৰ প্রমাৰ্থ, অবিজ্ঞা প্রভৃতি শন্ধণুলিই হবহু বৌদ্ধ শাস্ত্রে দেগিতলপ কর্ত্বক গৃহীত হইয়াছে। উপনিষ্টে মানুবের নিশুণ সংস্কলপের উপর বেশী জোর দেওয়া ইইয়াছে—আর বৃদ্ধদেব মানুবের সপ্তপ জাব-স্বরূপের—বর্জমান জায়ার উপর জোর দিলেন। তিনি অনাল্পা বলিতে এই প্রকাশ করিতেন যে, রূপ, নাম, ও জগতের প্রবারাজ অনাল্পাও অনীশ্বর—কিন্তু তাই বলিয়া তিনি প্রমান্ত্রার অধীকার কোথাও করেন নাই। হিন্দু শাস্ত্রে বেমন জীবাল্পাকে প্রমান্ত্রার প্রতিবিশ্বরূপে বলা হইয়াছে—জীবাল্লার অনত্ত অতিম্ব শীকার না করিয়া সান্ত অত্তিম্ব শীকার করিয়াছে—তেমনি বৃদ্ধদেব মানবাল্লার জীবছ অপীকার করিয়াই ইমার করিয়াছে—তেমনি বৃদ্ধদেব মানবাল্লার জীবছ অপীকার করিয়া ঈশ্বরম্বই আরোপ করিয়াছেন। তিনি আল্লা ও ঈশ্বর সম্বন্ধে নীরব থাকিতেন—এই জন্তে নয় যে, নাত্তিক, অনাল্ল্যাণী বা সন্দেহ-বাদী ছিলেন—পরস্ক এই সকল পারমার্থিক বস্তার উপলন্ধি ব্যতীত প্রকাশ করা সন্তব্য নম্ব—তাই তিনি মৌন থাকিতেন। তাহাঁর তৃক্ষীভাব অক্তৃতিলক ভাবপূর্ণতার জন্ত্র।

উদানে আছে একবার বুদ্ধদেবের শুনৈক শিশ্ব তাহাঁকে ধরিরা বিদিনেন সম্বোধি বা নির্কাশের অসুভূতির বিবর পাইভাবে ভাইাকে বলিরা দিতে হইবে। তথাগতকে ঈশর বা আত্মা সম্বন্ধ কেহ কোন এশ্ব জিজ্ঞাসা করিলে—তিনি কোন উত্তর দিতেন না। বদি কোন শিশ্ব বলিতেন—তবে কি ঈশর বা আত্মা নাই—বৃদ্ধদেব উত্তর দিতেন বে, আমি কি বলিয়াছি—নাই? আবার যদি কেহ'মোনং সন্মতি লক্ষণং' মনে করিরা বলিতেন 'তবে কি ঈশর ও আল্লি আছে, বৃদ্ধদেব বলিতেন, আমি কি বলিরাছি—আছে গ্রুণ বাই হোক উপরিউক্ত উদান-কথিত শিবাটী 'নাছোড্বান্দা' হইয়া উন্ধাণতকে সনির্কল্ধ অস্বোধ করিলে তিনি বলিলেন "ভিন্দু, যদি অস্তে, অজ্ঞাত, অধিকৃত ও অসংস্কৃত বন্ধ কিছু না থাকে—তবে স্তে, জাত, বিকৃত ও সংস্কৃত সংসার হইতে মৃক্তিলাভের বে কোন উপার থাকিব মা"। স্বানীন ভারতে হীন্যান বৌদ্ধ ধর্ম্মের অমান্ধবাদ ও বিরীত্রবাদ আবার স্বাধা ভূলিবার চেষ্টা করিতেছে। দিংহলী বৌদ্ধগণ

আবার ভারতে নির্বাসিত ধর্মের পুন: প্রতিষ্ঠা করিছা বৌদ্ধরাছ স্থাপনে
যথনীল। এই সময়ে হিন্দুদের বৌদ্ধ ধর্মের সারতত্ত্তি জানিয়া রাধ্য
আবগ্রক। হিন্দুভারত পৃদ্ধকে এইণ করিবে; কিন্তু থেবাবাদের বিসূত্র
পৃদ্ধ-বাণী অর্থাৎ অনাস্থাদ ও নাজিকবাদ আদে। প্রহণ করিবে নার্
বৌদ্ধ ভিশ্বণ যেন ভূলিয়া না যান যে, হিন্দু-ধর্মা বিরোধী এই ছুইটী বাদা
প্রচার করার জল্প বৌদ্ধর্ম ভারত হউতে নির্বাসিত হউগাছিল।

নাটেলাই রকোটক সাহেব ভাহার "Foundations Buddhism" নামক গ্রন্থে বলেন যে, বুদ্ধ বাণী বৌদ্ধ ধর্মে নিঙদ্ধ নহে। ধর্মের গভীর অনুভূতিসমূহ সাধ্রিণে প্রকাশ করিলে ভাহা বিকৃত হইবে--ভাই তথাগত আধ্যান্ত্রিকতত্ত বিষয়ে মৌনভাব অবলখন করিতেন। একদা কৌলাম্বির শিংশপাবনে তথাগত উপরিম্ব বুজ হইতে কয়েকটী পাতা আনিয়া সমাগত শিশুদের বলিলেন"বুক্ষোপরিস্থ পাতাদমূচের তলনার যেমন আমার হাতের পাভাগুলি অভি সামাঞ,তেমনি হে ভিক্তং আমি যাহা তোমাদের নিকট বলিয়াছি উহা যাহা নিজে অমুভৃতি করিয়াছি ভাহার তুলনায় যৎকিঞ্চিৎ মাত্র।" ভাইার তিন প্রকারের শিশ্ব ছিল। এক দল অন্তর্ম, অপর দল সজ্যের সমস্ত চিশু এবং ভৃতীয় দল সজ্যের বাহিরের ভক্তগণ। বৃদ্ধদেব 'প্রতীতাসমূৎপদে' বা কণিকবাদকে একটা চক্রের সঙ্গে তুলনা করিয়াছিলেন। বৃহদারণ্যকেও এইরূপ ভাবটী পাওয়া যার। শ্বেতাশ্বতর উপনিষ্দে 'ব্রহ্ম-চক্র' শব্দটী পাওয়া যায়। যৌদ্ধরণের প্রথমেও 'ভাব-চক্র' 'ধর্ম্ম-চক্র' শব্দগুলি ব্যবহৃত হইত। হাভোল সংহেব ভাষার "Ideals of Indian Art" পুস্তকে বলেন যে, বৈদিক আক্ষণগৰ যজ্ঞের সহিত সামগান করিবার সময় একটা চক্র ডান দিকে খুরাইভেন। তাহা হইতেই বৌদ্ধ ধর্মে 'ধর্মচক্রপ্রবর্তন' শব্দটী আসিয়াছে ও বেদান্তের মধ্যে আশতর্বা সাদ্ধা । পরিভাষার পার্থকা বাদ দিলে উভয় দর্শনই এক। বেদান্তে যেমন বলে যে, এক পরমান্ত্রার প্রতিবিশ্ব হচ্ছে ব জীবাস্ত্রা— তেমনি বাসুবন্ধ ও অখ্যোধ বলেন যে, এক বিখমনের বছ অংশ এই ব্যষ্টি মানব-মন। শান্তিদেব "বোধিচর্য্যাবভারে" বলেন যে, বুদ্ধদেবের ত্রিকার আছে, যথা ধর্মকার, সম্ভোগকার ও নির্মাণকার। এই ধর্মকার বেদান্তের প্রক্ষের স্থায় নিশুণি ও নির্বিশেষ, সম্বোগকার ঠিক ঈশবের সূচি সগুণ ও সবিশেষ এবং নির্দ্ধাণকায় মানবশরীরধারী বৃদ্ধ অর্থাৎ অবভার। শান্তিদেব তাঁহার শিক্ষাসমূচের' গ্রন্থে বলেন যে, সভ্য দুই প্রকার,— পারমার্থিক ও সমূত্তি সত্য। সত্যের এই তুই বিভাগ উপনিদ্দোজ পারমার্থিক ও ব্যবহারিক সভোর স্থায়।

সার এদ, রাধাকুকান্ বলেন যে, বৌদ্ধর্ম্মাক্ত চারিটা প্রধান সংগ্রের সহিত সাংখ্যএবচন ভাল্পের থুব সাদৃত্য আছে। বৌদ্ধ ধর্মের অনিভা, সংকার, অবিজ্ঞান, নামরূপ, সদায়তন, প্রতীত্য সমূৎপাদ প্রভৃতি সাংখ্যের প্রধান বৃদ্ধি, অহন্ধার, তর্মাঞা, ইন্দ্রির ও প্রত্যার সক্ষেবর ক্ষার। বৌদ্ধ ধর্মের জেন শাধাটা পাতঞ্জল যোগের ভিন্ন নামমাঞা। যোগের ধানি শক্টীকে পালিত 'ঝান' চীনে 'চান' এবং জাপানে 'জেন' বলে। কার্পেন্টার সাহেব ভাষার "Buddhism and Christianity" কার্মক গ্রন্থে বলেন যে বৌদ্ধ ধর্মের ধ্যানগুলি রাজ্যোগ হইতে গুঠান।

প্তেঞ্জলীয় আণায়ামকে পালিতে আনা পান মতী বলে। দার এইচ, এদ, ার ভারার "Spirit of Buddhism" নামক গ্রন্থে বলেন যে সাংখ্য বৌদ্ধ দর্শন যেন ছটা আভেপতীর মত বেদান্ত-নদীতে মিলিয়া পরে তীর ্ডলিয়া থানিক দুর গিয়া আবার একই নদীতে পতিত হইয়াছে। এফার ্ৰেমন শক্তি সরম্বতী তেমনি আদিবৃদ্ধ ও এবলোকিতেমরের শক্তি যথাক্রমে এজাপারমিতা ও মঞ্🏝। একা, বিষ্ণু ও শিব হিন্দুর এই ত্রিড্বাদ ৴ন্ধ ধর্মের বৃদ্ধ, ধর্ম ও সজ্বে পরিণত হইরাছে। বৌদ্ধ ধর্মের উভয় শাগা এই বিষয়ে একমত যে, মানব মাজেই অব্যক্ত বৃদ্ধ। আর উপনিয়দে আছে—'ব্ৰহ্মবিৎ ব্ৰথৈনৰ ভবতি'—ব্ৰহ্মক্ত ব্ৰহ্মই হইয়া যান। আত্ৰা মাতেই অবাজ এক। বুদ্ধ ও এক আয়ে সমানার্থবাচক। জাপানের বিখ্যাত পণ্ডিত ভাজার হুজুকি বলেন যে, জাপানের অধান ৮টা শাখার অক্তডম শিংগন (যাহা মহাবৈরোচন স্থ্য এবং ব্রুশেগর স্ত্রের উপর খাপিত এবং কোবো দৈশি নামক ভিক্ষ কৰ্ত্তক প্ৰতিষ্ঠিত)—তাহায় মতে ফ্লিশেনই সতা। অব্যাৎ একই সতা বহু নহে। ইহা ঠিক ক্ষেদের 'একং স্থিত্ৰা বছধা বদন্তি'র জ্ঞায়। এই শিংগন মত ঠিক বেদান্তের অনুরূপ। বেদাতে যেমন আন্তে গে, 'সর্বর পথিদং এক'-তেমনি শিংগনের মত দর্ব্দ প্রাণী, মানব ও জন্তর অন্তরে এই এক ধর্মকায় বৃদ্ধ বিরাজ্মান। নিকাণ লাভ করার অর্থ এই যে বুদ্ধার লাভ করা---সম্বন্ধ হওয়া। বন্ধ ধর্মের বোধি এবং বেদান্তের চিৎ একার্যবাচক। একটা পালি পুত্র আছে যে, 'নিকাণে প্রমং সুগং'-- গাবার বেদান্তেও বলেও 'আনলং রক্ষ'— ভুমানৰ লাভই একাতুভূতি। বস্তুতঃ উপনি-ধনিক সমাধি –এবং বৌদ্ধ নিকাণে একই ভুরীয় অবস্থার বিভিন্ন নামম(এ।

ভিন্ম সাইকো প্রভিত্তিত এবং সন্ধর্ম পুওরিকের উপর স্থাপিত লাপানের টেণ্ডাই শাখার মতে বছর পশ্যতে একাল্লাফুভূতিই নির্বাণ। দেই প্রমার্থ সং এক-কখনও বহু নছে। ইঞ্জিয়-দৃষ্টিতে তাং। বছ প্রতিভাত হয়। জাকোবি সাহেব বলেন যে, গৃহহীন সন্নাসের আদর্শ ুদ্ধদেবের নবাবিষ্ণার নহে-উহা খুষ্টপুক্র অন্তম শতাক্ষীতে ভগবান প্রদেশের অনেক পূর্বেও ভারতে স্থগতিষ্ঠিত ছিল। হাভেল সাংহ্ব বলেন যে, বুদ্ধ প্রচারিত আধা অষ্ট মার্গ বুদ্ধের পুক্রেও ভারতে ছিল। 'গ্রহমার' কথাটাও হুরক্ষিত আধ্য উপনিবেশের আটটী ফটক হইতে গুণীত। বৌদ্দদভেবর নিরমগুলিও ব্রাহ্মণশান্ত হইতে আনীত। বৌদ্ধ ন্তুপবাদ—নাহা ছইতে বৌদ্ধলগতে অসংখ্য ডাগোবা ও পাগোডার সৃষ্টি ষ্ট্য়াছে ভাষা বৈদিক যজবেদি হইতে গৃহীত হইয়াছে। মৃত আগা অধিপতিগ**ণের মনুমেন্ট এই স্ত**ুপ। ডাগোবা অর্থে ধাতৃগর্ভ। াদি তুপ আরাধনা আয়া বৈদিক গ্রাহের ভিন্ন সংকরণ মাত্র। আর বৌদ্ধ ও বৈদিক যুগেও সন্মানীরাই সমাজের গুরু ও নেতা ছিলেন। ডাঃ মাইজ্ ডেভিডদ্ ও জাকোৰী দাহেব উভয়ে একমত যে, বৌদ্ধাৰ্ম দাংখ্যের টীকাও টিপ্লনি মাতে।

অথবোধ তাইার 'বুজ-চরিতে' বলেন যে, বুজদেবের জন্মস্থান কপিলাবাস্ত শহরটী সাংখা দশনের প্রতিষ্ঠাতা কপিল মুনির অরণার্থে স্থাপিত

হইয়াছে। ওয়েবার সাহেব বলেন যে কপিল মূনি ও গৌতম বুদ্ধ সম্ভবতঃ একই বাক্তি ছিলেন। উইলদন দাহেবের মতে বৌদ্ধদর্শনের অনেকগুলি মত সাংখ্য ২ইতে গৃহীত। এমন কি বৃদ্ধদেব নিজে পুর্বাচরিত বৈদিক কর্মামুষ্ঠানগুলিতে হস্তক্ষেপ করেন নাই। একদা শুগাল নামক জনৈক ব্যক্তি গৃহরক্ষার্থ পিতৃ-অনুশাদনে হয় দিকে মন্ত্রপুত কোন অমুষ্ঠান করিভেছিল। বৃদ্ধদেব তাহা দেখিয়া তাহাকে ভং সনা না করিয়াবা তাহার অফুঠানগুলির সমালোচনা না করিয়া এইগুলির গুলার্থ বলিয়া দিলেন। তিনি ভাষাকে বলিলেন যে, দৎ কর্ম এবং সং চিন্তাই উহার ভাগার্থ। বৌদ্ধ ধর্মের কর্মবাদ ও পুনর্জনাবাদ উপনিষদ হইতে গৃহীত। পুনর্জনাবাদ খীকার করিলেই জন্মসর্গণীল একটা মানবালা স্বীকার করিতে হয়। বৃদ্ধদেব নিজে ভাহাঁর বহু পুরুষ জন্ম স্মরণ করিতে পারিয়াছিলেন। যদি সংমরণনীল আছা এক না হয়-কর্মদণ ভোক্তা জীবারার অন্তিত্ব থীকার না করা হয়-ভবে পুন-ভূমবাদ যে, ভ্যায়-সঙ্গত হয় না। বেদান্তে যেমন জীবগুক্তি ও বিদেহ মুক্তির কথা আছে—বৌদ্ধ**র্মেও নির্বা**ণ ও পরিনির্বাণের উল্লেখ আছে। দনতঃ মৃক্তি ও নিৰ্কাণ একই।

নাগার্জন 'মাধ্যমিক কারিক।'তে নির্কাণ ও পরিনির্কাণকে জনশৃষ্ঠ গ্রাম ও জ্মীভৃত গ্রামের সহিত তুলনা করিরাছেন। নির্কাণে সক্ষ্ বাসনা-মৃতি লাভ হয়। :দিদ্ধ শতের যেমন আর অঙ্কুরোলসম হয় না—তেমনি বাসনাংখীন নির্কাণপাপ্ত ব্যক্তি আর জন্ম-মৃত্যুর অধীন হয় না। তার সংখ্যারের 'পুটুলিটী' জ্মীভৃত হয়। নির্কাণ-সমাধির জ্ঞান্থ বাওমনসোগোচরম' অবস্থা। উপনিগণেও আছে 'মৌন মেব জ্ঞান্ধ অনির্কাচনীয়।

শক্ষর ভাগার ভাগ্যে একটা বৈদিক আখ্যায়িকা বলিয়াছেন। একদা কোন শিখা গুরুকে জিজ্ঞানা করিল—"এখা কি ?" গুরু মৌন রহিলেন। শিশ্ব ২৩ বার এখটা করিলে গুরু বলিলেন— আমি তোমাকে বলিয়াছি—এক কি—তুমি বুঝিতে পার নাই। ত্রন্ধ বাক্যমনাতীত।" বৌদ্ধ শাস্ত্রেও ঠিক এইরূপ একটী গল্প আছে। একবার মঞ্দ্রী বিমল কীৰ্ত্তিকে জিজ্ঞাসা করিলেন--- নিৰ্কাণ কি ?' তিনি কিছু না বলিয়া তৃফীভাব অবলম্বন করিলেন। তথন মগুলী আননে বলিয়া উঠিলেন— বিমলকীর্ত্তি, তুমিই নির্বাণানুভূতি লাভ করিয়াছ। নির্বাণ প্রকাশ করা যায় না। জীরামকৃষ্ণ একবার বলিয়াছিলেন যে, ব্রহ্ম ব্যতীত ছুনিয়ার দব বস্তুই মানব মূথে উচ্ছিষ্ট হইয়াছে—এঞ্চকে কেছ প্রকাশ করিতে পারে নাই। উহা মুকের আনন্দ প্রকাশের মত অসম্ভব। মোকমুলার ও চাইল্ডার্স সাহেব পালিশাস্ত্র তর করিয়া খুঁজিয়া দেখিয়াচেন যে, কে।খায়ও নির্কাণকে শৃষ্ঠ রূপে ব্যাখ্যা করা হয় নাই। মহাপরি-নির্বাণপুত্রে আছে যে, পরিনির্বাণ লাভের প্রাকালে ভগবান বৃদ্ধ যে সকল ফুলার স্থান নিজে ভ্রমণ করিয়াছিলেন—সেই সব স্মরণ করিতে-ছিলেন। তিনি বলিতেছিলেম 'আহা, রাজগৃহ কি ফুলর, বৈশালী কি সুন্দর!' ইত্যাদি। আনন্দ একবার তথাগতকে বলেন যে, "ভগবান, ফুল্বের চিন্তা, ফুল্বের সংদর্গ, এবং ফুল্বের (lovely) র স্মৃতি ধর্ম্ম- ভাবনের অর্জেক।" ভগবান তাহাকে তৎকণাৎ বাধা দিয়া বলিলেন, 'আনন্দ, উহা ধর্ম-ভাবনের অর্জেক—এ কথা বলিও না—উছা ধর্মজীবনের সম্পূর্ণ। ত্র. ওস্লে (Worsley) সাহেব তাহার "Concepts of morism" পুত্তকে সভাই বলিয়াছেন যে, বৃদ্ধনেব যদি যৌবনে মুইজন বেদক্ত প্রক্ষজানীর সঙ্গ লাভ করিতেন তবে আচ্যের পুরাবৃত্ত নৃতন আকার ধারণ করিত।

আমরা উপরে বাহার বর্ণনা করিলাম-তাহা অকপোলক্ষিত বা

শনগড়া নহে। ডাঃ রাইজ ডেভিড্,ন্, ও হোম্ন্ প্রভৃতি বিগার বৌদ-শান্তবিৎগণ যাহা যাহা সমস্ত জীবন অধ্যয়ন ও চিন্তা দারা সিদ্ধার করিয়াছেন — তাহারই সংক্ষেপ বর্ণনা করিলাম। বৃদ্ধদেব অনাগ্রাম বা নিরীবরবাদ প্রচার করেন নাই—তিনি উপনিদদোন্ত ধর্মই জনসাধারণে নিকট প্রাঞ্জল ভাষার বলিগাছেন। আমার মনে হর ডাঃ রাইজ ডেভিড্, বৌদ্দরগৎকে এই গ্রেশণা প্রকাশের দারা অনাস্থবাদ ও নাতিকাবাদরুল নর্ম হইতে রক্ষা করিয়াছেন।

বৈশাখ বিদায়

শ্রীহাসিরাশি দেবী

विनाम देवनाथ !

শুভ—নব বরষের বিত্যুজ্জ্গ-নম্ন-নির্ম্বাক
তৃলিয়া ইপিত করি অনাগত সময়ের পানে
ছুটে চল প্রালম্ভাখনে
অখধর পথ-ধূলি গগনের গায়ে—
সদর্পে মিলায়ে,—
বৈজয়ন্তী তৃলি রথ-পরে;
আঁকিয়া অধরে
তৃর্মাসার জ্রোধ-রক্ত জুর পরিহাস,
বক্ষে লয়ে উন্মতের আকুল উচ্চাুাস,

সাক করি তাওবের নটরাজ-সীলা

সপরিলা

ম্ক্তকেশ পাশ,—
তপঃক্ষীণ কটিভটে বাধিলা অসংযত বাস।
দিগক্তের সীমা হ'তে ঐ স'রে যার
তোমার গৈরিক উত্তরীর; তেসে ওঠে ধুসর ছারার
শাক,—স্লান বিষাদ গঞ্জীর
ক্লান্ত প্রকৃতির মুধ; উত্তল—আখর
বাতাস হইল শান্ত,—ভীক্তকত্মমান,—
নবোঢ়া কিশোরী সমা;

ভগ্নশাথে তবু কাঁপে বিহগীর নই নীড়খান—, ভবু কাঁদে পক্ষীমাতা শাবকে ঢালিয়া ভগ্ন পক্ষপুটে; ফিরিছে মাগিয়া গৃহ,—গৃহহারা চির পথি-বেশে ! বঞ্চিতের দীর্ঘধাস তবু ধীরে নভোতলে মেশে। তব পদ স্পর্শ করি ধুমুন্ধালাচ্ছন্ন অন্ধকার,— নতনের তোরণ-ছ্যার।

> তবু জানি আছে,--তারই পাছে

আলোকের উৎসব প্রভাত, জ্যোৎসামন্ত্রী রাত,— আছে হাসি, ফুল, পাথী, আছে স্থর গান,— আছে নব প্রাণ!

তুমি শুধু এসেছিলে হে নব উদাদী,—
বাজাইয়া মন্ত্ৰপুত বাদী
স্প্তিরে তেয়াগি পুন ক্রিবারে ন্তনে স্জন,
এনেছিলে নব আকিঞ্চন।

আজি লহ গুটায়ে অঞ্চল,— হে চির চঞ্চন।

একে একে সাল করি ধেলা,— আজি ভব যাইবার বেলা,—

লহ মোর শ্রন্ধা নমস্কার !—
ক্ষাক্ষত পরাণের কম্প্রহারে শেষ উপহার,
বিদায় নিশীথে
ভূলে দিয়ু কঠে তব শোক-

শাস্ত চিতে 🎚

Keats এর কবিভায় উপনিষদের ব্রহ্ম ও পুরাপের শ্রীকৃষ্ণ ভত্ত্ব শ্রীজ্যোতিশুর চট্টোপাগ্যায় ভাগবভড়বণ

;প্রিবদ ব**লেন**—

(ः) गङाः छानमनसः खन्नः।

তৈজিৱীয় ২০১০১

ত্রণ হইতেছেন সত্য, জ্ঞান, অনন্ত। (যাহার নাশ নাই তাহাই বিং সত্য সকল সময়েই একজাব, অপ্রিচিছ্ন।)

(২) বিজ্ঞানমানলং এক।

नुरुषात्रगाक अभारक

_{বসং} হইতেছেন বিজ্ঞান ও আনন্দ ।

(৩) বৃদ্ধে!নাম স্তাম ৷

চাব্দোগ্য ৮।৪ ৪

ব্ৰগ্ৰন্থ, সভা ।

(৪) **আনন্দো**হ জ্যোমুতঃ ৷

কৌধীতকী এ৮

ব্দা আ**নিল, অসর, অমৃত**।

(a) আনন্দং ব্ৰহ্মণো বিশ্বান্ন বিভেতি কলাচন। ৈততিয়ীয় বাঙ

এলানন্দে কদাচ ভয় আদেনা।

(৮) লদা পছাঃ প্রত্তে কায়নর্বাঃ
কার্ত্তারমীশং পুরুষং ব্রহ্মগোনিষ্
তদা বিশ্বান্ পুরাপাপে বিধ্য়
নির্জনঃ প্রম সামামুপৈতি ঃ

भेदक गोभाग

্ পুরুষ হ্বর্ণবর্ণ অথবা জ্যোতিখান্ভাবে প্নার, যিনি করী, ঈশ, ক্ষার জ্যালাতা, সে পুরুষকে যিনি দেখেন, তিনি পাপ পুণ্যাতীত নির্মাণ হাব প্রাপ্ত হইয়া পরম সামাজাব লাভ করেন। ইত্যাদি।

বিতে হইবেনা যে, এ সকল কথা নির্কিশেষ এক্ষের সম্বন্ধ ঠিক
াটেনা। কারণ তিনি অনির্কেগ—বিশেষিত ইইবার নহেন। উপরে
াং ছদ্বত ইইল, তাংগ সবিশেষ এক্ষকে নির্কেশ করে, বলা যাইতে পারে।
ল কথায়, সবিশেষ এক্ষ ইতৈছেন পৌরাশিকের ভগবান বা ভগবতী।
থাবার সেই পৌরাশিকের কথায় জীকুঞাই ইইতেছেন নির্কিশেষ ও সবিশেষ
রক্ষ উভয়ই। তিনি সাক্ষাৎ পূর্ণপ্রক্ষ (নির্কিশেষ) এবং পূর্ণ যটের্ম্মাণালী
ভগবান, (সবিশেষ)। অবশ্রু তাহার বিচার এ সন্মর্ভের উপ্দেশ্ত নহে।

উপরে উপনিগদের গে সকল প্রোকাংশ আনরা উঠাইয়াছি, তাহাতে প্রনির পাইয়াছি যে এপ্র হইতেছেন সত্য, জ্ঞান অনন্ত, আনন্দ, অজ্ঞর, প্র্যুত, স্পুত, স্পুত, স্পুত, বুলর। এই সকলের মধ্যে সত্য, সৌন্দর্যাও আনন্দ আমাদের বহুবা-বিগরে প্রয়োজন; কারণ এ তিনটা কথারই উল্লেখ Keats উঠোর বচনার করিয়াচেন।

খাইদিশ শতকের শেষজ্ঞানে Keatsএয় জন্ম; উনবিংশ শতাকীর বিলি লি বি একজন বিজ্ঞান কৰি ছিলেন, এমত নছে। তথাপি সেই আছা ব্যাদের মধ্যেই, ভাষার রচনা ভিত্তাকর্মক হইয়াছিল। একস্থানে তিনি লিখিয়াছেন—

Beauty is truth, truth beauty—that is all
Ye know on earth, and all we need to know. *
ইহাৰ অৰ্থ, সৌন্দৰ্যাই সভ্য আৰু সভাই সৌন্দৰ্যা; ইহাই পৃথিবীৰ সাৰ;
বা কিছু জ্ঞান্তব্য, সে সৰ ইহাতেই।

ব্নিলাম যে, সহাই ফুক্ষর আর সত্যে ও ফুক্ষরে কোন প্রজেদ নাই। বক্ষই সহা, বক্ষই ফ্ক্ষর, বক্ষই আনন্দ, ইহা আমরা দেগিয়াছি। অভএব কবি উপনিগদের কথাই বলিয়াছেন। তিনি আবার স্থানাস্তরে বিশিষ্টেন—

A thing of beauty is a joy for ever †
থগাঁথ যাহা ফুলর তাহা চিরানন্দকর। পাঠক দেখিবেন, ইহা উপনিবদের
রক্ষানন্দের কথা; 'বিশেষস্ভাবে ঐ দব হইতেছে বৈক্ষব তব্তের মূল কথা।
বৈক্ষবদের প্রেমস্কান্তবাদের যাহা মূল—সচিচদানন্দ তত্ত্ব—Keatsএর ঐ দব
কথা তাহারই অন্তগত। বৈক্ষবদের ঐ তত্ত্ব কথা-সম্বন্ধে সামান্ত কিছু
বলিব। সে কথাও উপনিবদ হইতে আমাদের প্রের্মর তিনটি বাছা কথা
অর্থাৎ "সভা," "সৌন্দর্যা" এবং "আনন্দ" অবলম্বন করিয়াই বলিব।
Keats ঐ কথাগুলিকে ক্রমান্তরে truth, beauty, joy যলিয়াছেন, এবং
ঐ তিনই যে এক তাহাও তিনি বলিয়াছেন।

শীকৃক্ষ ইইতেজেন পৌরাণিকের "স্চিদানন্দ"। তিনি প্রস্ক্র সভা (Truth) অনন্ত স্থান্দর (Beauty) এবং প্রমানন্দ (Joy)।—তিনি যে প্রম্ন সঙ্গ, এ কথা হিন্দুকে নৃতন করিয়া বুঝাইবার আবশুক নাই; তিনি যে অনন্ত-স্থান্দর ইহাও হিন্দুর কাছে নৃতন কথা নহে। দেহে রূপের "হুঢ়াহুড়ি" বলিয়া যদি কোন-কিছুর কল্পনা করা যায়, তবে তাহা তাহারই অঙ্গ-প্রতাঙ্গে যেন প্রতি প্রকে যটিত, বৈক্ষর-পদাবলী সেন্দর কথায় উচ্চুদিত—"জনন অবধি হান রূপে নেহারিম্থ নয়ন না তির্মপিত ভেল"—ইত্যাদি; আর পুরাণ রূপ গভীর সাগর সেন্দ্র কথায় চিন্ন-তরকায়িত। তাই "লীলা-শুক" বিজ-মক্ষ্ম বুক ফাটাইয়া সে দিন সেরপের গান গাইয়াছিলেন হ—

অধরং মধ্রং বদনং মধ্রং
নয়নং মধ্রং ইসিতং মধ্রম্।
কলয়ং মধ্রং গমনং মধ্রং
মধ্রাধিপতেরখিলং মধ্রম্।
বচনং মধ্রং বসিতং মধ্রম্।
চলিতং মধ্রং বসিতং মধ্রম্।
চলিতং মধ্রং অমিতং মধ্রম্
মধ্রাধিপতেরখিলং মধ্রম্।

ইত্যাদি।

^{*} Ode on a Grecian urn.

⁺ Endymion.

জ্ঞিতাবানের এই রূপ অনম্ভ:মৌন্দর্ব্যে বৃন্দাবনের গোপ-গোপীগণ পরানন্দে একেবারে উদ্ত্রান্তের মত হইয়া পডিয়াছিলেন : অর্থাৎ এ দেই কথা —A thing of beauty is a joy for ever । গোপীগণের দশা তথন --

> মুক্তাহারলসং পীনতঙ্গতনভারানতা: স্তর্ধর্শিলবদনা মদখলিতভাষণাঃ।

এইরপ হইরাছিল। সকলেই আত্মহারা—আলু ধালু; কুল, শীল, অপমান, কুৎসা প্রভৃতি কিছুরই জ্ঞান তথন তাহাদের ছিল না : কারণ দেই আর এক কথা—আনন্দং ব্রহ্মণো বিশ্বান ন বিভেতি কদাচন। ষাসমগুলে গোপিকাগণের উন্নাদনাময় দুত্যগীত দেই অন্ত-ক্লবেরই দর্শনের আনন্দ-জনিত আমি দেই পরম এক্ষকে কোটা কোটা প্রণাম করি।

বর্হাপীডাভিরামং মুগমদতিলকং কন্তল্যক্রান্ত গঙ্

কঞাক্ষং কন্মুকণ্ঠং স্মিত হস্তপমূখং স্বাধ্যে গুলুবেণুম্ খ্যামং শ'ন্তং ত্রিভঙ্গং রবিকরবদনং ভূষিতং বৈজয়ন্ত্যা বন্দে বৃন্ানত্তং যুবভিশতবৃতং ব্ৰহ্ম গোপালবেশমু॥ Keats এর জানেক স্বদেশীয় জীবনী-লেথক লিপিয়াছেন---

One line in Endymion has become familiar as a

"house-hold word" wherever the English language a spoken.

অর্থাৎ Endymion এর একটা লাইন যেন "ঘোরো" কগার ফ হইয়া পড়িয়াছে; যে যে পরিবারে ইংরেজী হইতেছে কণোল্ডখন ভাষা, সে সৰ স্থানেই সে কথাটা খুব প্রচলিত। সে লাইনটা হটাডেড্র (উক্ত লেখক বলেন) A thing of beauty is a joy for ever-বান্তবিক Keatsএর ঐ কথাটা থব বড় দৰে।

আমরা Keats এর তিনটি কথাই (truth, beauty, joy) দীক্ত সথকো বুঝাইয়া বলিয়াছি। এক্ষসংহিতা বলেন--

ঈশবঃ পরমঃ কৃষ্ণঃ সচিচদানন্দ বিগ্রহঃ। সৎ, চিৎ, জাননাঞ্জ ভিনের মধ্যে Keats কেবল সৎ ও আনন্দ-সম্বন্ধে বলিয়াছেন : ভদ্িতি মাধ্য্য সম্বন্ধে ও ভিনি বলিয়াছেন: কিন্তু চিৎ সম্বন্ধে তিনি কোন কল বলেন নাই । নিপ্রয়োজন বোধে আমরাও তৎসথধ্যে কোন কথা বলিলাম হা

এথন পঠেক, এই ব্যাপার আপনি আন্চর্যা বলিবেন কি না ? তেন এই গুহাতন্ত্ৰ—বৈঞ্চৰ ধর্মের যাহা প্রাণ—"দাত সমৃদ্র তের নদী পালে একজন ইংরেজের মানস চক্ষতে কেমন ফটিয়া উঠিয়াছে দেখন! Kea-থীপ্তান হইলেও হিন্দু।

মান সন্ধা

শ্রীস্থকুমার দে সরকার

বাড়ীর সামনে গরুর গাড়ীটা এসে থামতেই এক मुद्रार्ख (रुमाकिनीत वृदकत बक्त-हलाहल (वर्ष (गल। স্থান কাল ভূলিয়ে, বহু প্রার্থিত কিন্তু প্রায় অসম্ভব আশার সাফলো তাঁর মন ধেন বলে উঠল-গিরি এলি মা ? কতকটা আছেলের মত। কিন্তু মুখে তিনি কিছু না বলে উৎস্থক ভাবে দোরের দিকে চাইলেন। গাড়ীর লঠনটা নিবৃতে নিবৃতে শিবু সাড়া দিলে-মা-ঠাকরণ, বাব বলে দিলেন বেতে হরিদাসীকে এনে রাখতে।

হেমাক্রিনীর চমক ভাকল: উনিত সবে আজ গেলেন, এরি মধ্যে গিরি আসবে কি করে ? যেন ভীমরতি হচ্চে দিন দিন। আতে আতে বললেন-जूरे रुद्रिमांनीटक ८७८क मिट्स यो ना वांवा।

निव हल शिल पत्रकात एएटकांहै। टिंग्स पिट्स पटम হেমাজিনী দাওরায় বদলেন। এখনি হরিদাসী এলে খুলে দিতে হবে। আৰু আর রালা নেই, একা মামুষ, চিঁভে মুড়ি ত আছেই। আৰু রাতটা সম্পূর্ণ ফাঁকা; কিন্তু কাল গিরি আদবে—তথন কত কাজ। কয়ার কচি অনুষায়ী রান্নার তালিকা হেমান্দিনী ঠিক করতে বসলেন।

বারাঘরের দাওয়াটার গা খেঁদে ওঠা ঝাঁকড়া-মাথা কাঠাল গাছটার পাতার ভিতর দিয়ে টাদ উঠছে ;

কাল পূর্ণিমা হয়ে গেছে, আজ তাই বছ মান। সেদিকে চেয়ে হেমাঞ্চিনীর মনে হ'ল সেই কবে গিরি এমেছিল গেল বছর পুর্কোর সময়, আর একটা পুর্কো ঘুরে গিড় এখন অদ্রাণ মাস। প্রায় দেড বছর হতে চলব। আড়াই বছর মেয়েটার বিয়ে হয়েছে; এর মধ্যে ভার পাঠিমেছিল মোটে একবার: মেয়েটার কপাল: এ দিকে খণ্ডর খাশুড়ী ত মন্দ নয়, কিন্তু এক দোধ-পাঠাতে চায় না। গিরির সেই প্রথম চিঠিওলির কর্ণাঃ এখনও হেমান্সিনীর কালা পায়।—মা ভোমরা আমা নিয়ে যাচ্ছ না কেন ? আমার এথানে ভাল লাগছে না পেদা কেমন আছে, আমার কল্যে কাঁদে নাত? ইত্যাদি। প্রসাদ ওরফে পেসা গিরির ছোট ভা^ই দিদির কোলেপিঠে মাত্র্য হয়েছে।

কড়াটানডে উঠল। দরজাটা বন্ধ করতে ^{কর্তে} हित्रमांशी किर्णम कर्त्रल-कान निनिमित चामरवन मां?

- -- বাবা, ক'দিন পরে! তুমি কেমন করে থাক মা? হেমাদিনীর মনে হ'ল যেন পেসা কেঁদে উঠল।
 - —একটু বদ্ মা, থোকাটাকে একটু চাপড়ে আগি। জানলার ভিতর দিয়ে ওধারের পোড়ো জ্^{মীটার}

ক্ষা ঝোপে জোনাকীর মেলা বংসছে। দীঘির জ্বনে চুল করে একটা পাতা পড়ল বোধ হয়। গ্রাম নিজক, প্রায় দুম্স,—ভুগু অনেক দুরে রেল লাইনের ওপর ক্ষিয়ালের বাতি রক্তচোথে গাঁরের নিকে চেয়ে আছে। ভুডাণের কুয়ানা মাঠের ওপর নামতে ফুরু করেছে। ব্লাহনার আলো—কুয়ানা আর অস্ককার, তিনে বিলে ফৃষ্টি করছে মায়া।

হেমাঙ্গিনীর ডান চোথ নাচল।

- হরিলাদী বরে তুকতে তুকতে বললে—ধোকা ঘুমোল ?
 --গা।
- --- আৰু কি রাঁধলে মাণ
- এবেলা স্থার হাঁড়ী চড়ালাম না, একটা ত পেট।
 আছা হরিদাসী, কাল ভোঁদার মাকে চারটি কলমি
 শাক তুলে দিতে বলিস্ক, স্থার পুঁটি মাছ কেউ ধরে ভ
 দিয়ে যেতে বলিস। গিরি বড় ভালবাসে।
- -- निनिम्नित श्री ७ ही -- मठ निटल ८४, श्रीमां नी बिटलम करत ।
- —ঠিক করাই ছিল, পূজোর সময় আদতে পারল না, অগ্লাণ মাদে নিয়ে আদব।
 - —জামাইবাবুর কথা কিছু লেখেন দিদিমণি <u>?</u>

নি:খাদ ফেলে হেমাজিনী জবাব দেন—চিঠিই বেশী দেল না এমন মেলে, বলে কাজ—সমন্ন পাই না। মেলেটাকে থাটিলে মারলে, খেমন কপাল নিয়ে এসেছিল।

রাতের নিরবিচ্ছিন্ন অন্ধকার, কথাভাব, সুদ্র প্রবাধী কন্তার চিন্তা, সব মিলে হেমান্সিনীর মনে বালছিল একটা নিরাশ করণ রাগিনীর মত।

আবার হেমাদিনীর ডান চোথ নাচল।— সাঁঝ থেকে কেবল ডান চোথ নাচছে, ঠাকুর কপালে কি ছংখ লিখেছেন কি জানি। তারে পড় হরিদাসী, রাত হল।

ঘুম আর আদে না। বুকের কাছে পেনা অংথারে ঘুম্ছে। ও পাশটিতে গিরি শুরে থাকত এই ত সেদিন! বাবা মেরের কি শোরা। শীতের রাতে লেপ কছল কোথার চলে থেত ঘুমের ঘোরে। কত দিন উঠে আবার তিনি সেওলো গারে চাপিরে দিয়েছেন। ঠাগু লাগবে বলে আতে আতে আতে পাশতলার জানলা বন্ধ করে দিরেছেন। মেরের আবার একটা জানলা না ধোলা থাকলে মুম হর না।

হেমানিনীর তন্ত্রা ভেলে গেল। গোয়ালে যেন একটা কি শব্দ হচ্ছে না ? উঠে কেরোসীনের ল্যাম্পটা জালালেন। বাইরে চাঁদের আলোয় সব হাসছে। উঠানের কোণে হাসুহানা গাছটা সাদা হয়ে গেছে।

নাঃ গোয়ালে সব ঠিক আছে। বোধ হয় পাথাটাথী কিছু ঝটপট করেছে কোথাও। শেকলটা তুলে দিয়ে এনে তিনি শুয়ে পড়লেন।

বাইরে অগাধ গুরুতা। মাঝে মাঝে একসংক ক্ষেক্টা শেয়াল ভেকে ওঠে। গাছের পাড়া থেকে শিশির ঝরে পড়ার টুপটাপ শব্দ শোনা যায়। সমস্তই হেমান্দিনীর জীবনে ওতপ্রোত ভাবে জড়িত। নিজের বধুজীবন মনে পড়ে যায়। সেই কবে স্বামীর সঙ্গে नोरकात्र উट्ठिहिलन। তथन श्रामी कि, श्रञ्जरवाड़ी कि, কিছুই জ্ঞান ছিল না। মা ঘাটে তুলে দিতে এসে কি রকম কাঁদছিলেন মনে পড়ে। ঠাকুরমার পলা জড়েয়ে ट्यांचे-दर्शन देनलंड दकेंद्रम एकटल्डिन। व्याश द्वारात्रीत সঙ্গে পুতৃণ নিমে কত ঝগড়াই হয়েছে। নিজের কঞার কথার সঙ্গে বিশ্বতপ্রায় বিগত ধুসর জীবন পরিশুট হয়ে ওঠে। প্রথম শব্দুরবাড়ী এদে কি রক্ম মন কেমন করত यारमञ्जू करल, देनित करल। दनई स्थापना इरहे । इही, ক্ষীরথেজুর গাছতলায় শিব গড়া, এখানে কিছুই ছিল না; কিন্ত কেমন করে জড়িয়ে পড়লেন আন্তে আন্তে। সামনের ভবিশ্বতের কত স্বপ্ন ভূলিয়ে দিল বালাঞীবন।

সেবারে যখন গিয়েছিলেন বাপের বাড়ী—মনে পড়ে বাবার সেই পরিচিত শ্বর—ও মুকুলো দেখতো কার পাল্কী নামল বাইরে।

মারের কত আদর-যত্ত, কিন্তু সেবারে খণ্ডরবাড়ীর কথাই বেশী করে মনে পড়েছিল। আসবার আগের রাতে রমানাথের কথাগুলি কানে লেগেছিল—সেথানে গিরে আমায় ভূলে যাবে ত। ••••

হেমালিনীর ব্কের ভিতরটা মোচড় দিয়ে উঠল— গিরিও তেমনি হয়ে গেছে বোধ হয়।

গিরিজারাই তাঁর প্রথম সন্থান, কত আদরের। কত কটে তিনি তাকে পেরেছিলেন, বহু মানত করে, সাপুরের বুড়ো শিবের বিষপত্র ধারণ করে। না হলে স্বাই ত তাঁকে বাজাই বলে দিয়েছিল। গিরি তাঁদের কত আদরের সন্থান।

দেবারের কথা মনে আছে, বোশেথ মাস, সন্ধার দিকে পশ্চিমে কালো করে মেঘ উঠল, গাঢ়, আল্থালু! থানিক বাদে গর্জন করে নেমে এল বাভাস, উচুমাথা গাছগুলোর ওপরই যেন যত আজোশ! ফোটা ফোটা বিষ্টিও পড়ত ক্ষক হল। আঁচলে ঢাকা দিয়ে কোন রকমে পিদিমট। তুলসীতলার দেখিয়ে এসে খাভড়ী বল্লন—বৌমা, গিরি কোথায় গেল ৪

বৃক্টা তথন ছাৎ করে উঠেছিল। খুঁজে কোথাও
পাওয়া যায় না, কালবোশেখীর ঝড় বেড়েই চলেছে।
একটা বাস্তচা পড়ে গেল। খান্ডড়ী নিজেই বেরিয়ে
পড়লেন, রমানাথ ঘরে ছিল না। কিছুক্লণ পরে,—
বেটুকু সময় তাঁর বর আর দোর করে কেটেছে,—জলে
ভিজে ভ্রতী হয়ে ছজনে হাজিয়। খান্ডড়ী আর মেয়ে।

— কি দক্তি মেয়ে বাবা রায়েদের কাঁচামিঠের তলার আমা কুড়জিল। যদি একটা ডাল ভেলে পড়ত।

হেমান্সিনী মেয়েকে চিপিয়ে দিয়েছিলেন। এমন করে তাকে পরের হাতে তুলে দিতে হবে জানলে কি আর তিনি তথন তার গায়ে হাত তুলতেন ?

দিনগুলি কেমন করে এগিরে চলে! কত আগমনী, বিজয়ার গান একে একে পেছিয়ে পড়ে গেল। কত নহবতে তৈরবীর করে দিন আরম্ভ হল, পূরবীতে শেব! খাশুড়ী গত হলেন! হেমাদিনী গৃহের সর্বময়ী কর্ত্রী হয়ে উঠলেন। কত বছর পরে কোলজুড়ে আবার পেদা এল। গিরির বিয়ে হয়ে গেল ভিনগায়ে। নিজের সংসার ছেলেমেয়ে হাতে তুলে নিয়ে বাপের বাড়ীর কথা, শুধু ছবি হয়ে রইল জীবনের পূর্ণশ্র মাঝে।

সকালবেলা উঠে হেমালিনী বললেন—ছলো বেরালটা কাল দারারাত কেঁলেছে, শুনেছিলি হরিদাদী ? —না মা, আ'ম খুমিয়েছি মডার মত—

- -- क्लोटन कि चाहि कि कानि, कन इड़ा निट्छ निट्ड दश्यांकिनी वनत्नन।
- ভোঁদার মাকে শাগের কথা বলতে ভূলিস নি মা, আর তুই আঞ্চ এথানে থাবি, গরে যেতে হবে না।

প্রভাতের রোজে আগমনীর নির্মাণতা, বাতাদে শীতল শান্তি—হেমালিনী কাজে ডুবে গেলেন। আজ গিরি আসবে কত কাজ পড়ে রয়েছে। ছোট ঘরটা আজাড় করতে হবে—জামাই মাঝে মাঝে এসে থাকবে। বিছানা বালিস ভোষক রোগে দিরে ঠিক করে রাখতে হবে।

ছুপুরে কেবল কর্মহীন, অক্লান্ত অবসর।—ব্নো পেসা আর জালাস নি, এখন একটু ঘ্মিরে নে, রাভিরে দিদি আসবে দেখবি না?

পেদা বলে—দিদি চলে গেছে কেন মা ?
-- বা রে, খণ্ডরবাড়ী থাবে না ? তুই বড় হলে
ভোরত বৌ সাদবে, দোনার বৌ।

- সেই যক্ষিবুড়ির দেশ থেকে মা? সেই গ্রচ। বলনামা।
 - --- আর জালাস নি খোকা---
 - —হাামাবল, নাহলে ঘুমোব নাভ!

হেমাদিনী সেই বহুবার শ্রুত গলটো বলতে বদেন—
দেই যক্ষিবৃতি রাজকল্যেকে কোথার দীঘির তলার
রাজবাড়ীতে বলী করে রেখেছে,—রাজকল্যের একা একা
দিন কাটে। কবে এল হংসপুরের রাজপুতুর হাদের
পিঠে চড়ে, হুধে আলতার মত রং, চাদের মত মৃথ।
আর রাজকল্যে আমাদের ত চাদ টেচে গড়া। ছুজনের
হজনকে দেখে চোথের পলক পড়েনা। তার পরে ক্র
পরাম্শ—কেমন করে পালান যার।

রাজকলে আখীর্ডীর উকুন বাছতে বাছতে তার প্রাণের থবর কেমন করে জেনে নিলে। রাজপুত্র ফটিক গুড়ের ওপর রেথে এক কোপে বোয়াল মাছটার মু্ভু কাটভেই যক্ষিব্ডীর দফা শেষ। তার পরে কি ধুম ধাম করে বিয়ে!

হুপুরের রোদ তথন মাঠের ওপর ঝাঁঝাঁ করছে,
দূরে কতকগুলি চালদ্ভ বর, ভাঙ্গা মাটির দেয়াল।
একটা ছোট পড়ের স্তুপ, ধানের মরাইটার পাশে তিনটে
ছাগল চরছে। গোটাকতক উলক ছেলেমেরের থেলা
এখনও শেষ হয়নি। পুকুরের ঢ লুপাড়ে বদে বুঝি গাইটা
জাবির কাটছে, শুক্ত প্রস্কি সামনে পড়ে ধুধু করছে।

সন্ধাবেলা তুলসীতলায় পিদিন দিয়ে হেমাদিনী প্রণান করছিলেন—বাইরে গরুর গাড়ী এনে থামল। ব্যস্ত হয়ে এসে দরকা খুলে দিতে রমানাথ এসে বাড়ীতে চুকলেন, পিছনেকেউনেই। গরুরগাড়ীর ছৈটাসামনের আকাশকে আটকে দাঁড়িয়ে আছে। কিক্তান্ত দৃষ্টিতে খামীর দিকে চাইতে রমানাথ বললেন—তার খণ্ডরের শরীর খারাণ, বললে এখন কি করে বাই বাবা ? দিন কতক পরে যাব।

হেমাদিনী একটু চুপ করে থেকে বললেন—পথে কোন কট্ট হয়নি ত ?

- —না, কষ্ট মার কি ?
- —গিরি ভাল আছে ? কেমন দেখলে—
- —হাঁ ভালই আছে, খুব গিন্ধি-বান্ধি হয়েছে। বললে, মান্তের জ্ঞোমন কেমন করে, কিছু এখন গেলে এঁরা কি ভাববেন বাবা। হেমান্ধিনী কিছু বললেন না।

রাতে হরিদাসী বধন বললে—তুদিনের জ্বন্তেও ত এলে পারত মা, একবার ভোমাদের দেখে যেত।

তখন হেমাজিনী উত্তর দিলেন—না মা, নিজের ঘর-দোর চিনে নিক। স্বামীর ঘরে গিল্লি হল্পে বসবে এর চেয়ে বড় স্থার মেয়েমাসুষেত্র কি হতে পারে।

বানাঘরের মাথার কাঁঠাল পাতার ফাঁক দিরে মানতর চাঁদ তথন উকি দিকে সুক্ত করেছে, বিশ্বকর্মার কামার-শালা থেকে, পোড়া একতাল লোহার মত।


দক্ষিণাপথের যাত্রী

শ্রীনিধিরাজ হালদার

(পূর্কামুরুত্তি)

নিদ্রাদেরী আমাদের উভয়কেই পাইয়া বদিয়াছিল মুভরাং কি ভাবে যে উহা ছোট্ট একটা অপের ইতি-হান রাথিয়া রাত্রি প্রভাত হইল আজ সেই কথাই বলিব। জীবনের ইতিহাসে অনেক অথটন ঘটিয়াছে। বৈচিত্রাময় পৃথিবীর বুকে মান্তবের কলরব যথন দিগস্ত মুথ্বিত, এমনি একদিনে, সন্ধ্যা হয় হয়, পশ্চিম গগনে অস্থ্যিত সুর্যোর শেষ রেখাটা তথনও মিশাইয়া যায়

আবো-অন্ধারের মাঝে দৃষ্টি প্রদারিত করিয়া রহিলাম।
প্রতীক্ষার সমন্ন অতিবাহিত হইরা গেল। নির্জনবাল্মর মরুভূমির প্রতি ভরে তরে অন্ধকারের কালো
রঙ অনভিদ্রে ভাসমান স্থরের সহিত মিশিয়া নির্জনভাকে আরও গভীর করিয়া তুলিতেছিল। ভর হইল
বৃঝিবা বহু সহস্র বংসর পূর্কের কোন মৃত পথহারা
পথিকের প্রত-আবালা আমাকে ছলনা করিতেছে।



রামেশ্রম্ মনিবের পূর্ব তোরণ

নাই। লোকালয়ের বাহিরে বিস্তীর্ণ মরুভূমির এক প্রান্তে একাকী শুইরা শুইরা ভাবিতেছি, দিনের আলো ত নিভিন্না গেল, এখন কেমন করিয়া অন্ধকারে অঞ্জানাপথে বাড়ী ফিরিব। দেখিতে দেখিতে কোথা হুইতে যেন এক অতি পরিচিত সন্ধীতের স্থমিষ্ট বর আমার কানে আদিরা বাজিল। আথো-আলো

কিছুক্ষণ এইভাবে কাটিয়া গেল। তাহার পর
আকাশের গারে পুঞ্জীভূত তারার আলোকে বুঝিতে
পারিলাম কোনও এক নারীমৃত্তি সম্থে ঘুরিয়া
বেড়াইতেছে। মনে করিলাম আমারই মত সে-ও ব্ঝি
পথহারা, প্রান্ত—আব্দর ঘুঁজিতেছে। শুইয়া শুইয়া
জিক্তাসা করিলাম, 'কে?' উত্তর আসিল, 'কে'।

মনে করিলাম আমার নিম্বর অবগুটিত। নারীর কর্ণে গিরা পশে নাই। আবার জিজ্ঞানা করিলাম, "কে তুমি এমনি করে একাকী ঘূরে বেড়াছে?"

ু প্রতিধ্বনি হইল বটে কিন্তু উত্তর আসিল, "আপনার নতুন যায়গায় কট হচ্ছে না ?"

কষ্ট—কেন কিনের কট, বেশ আরাম করিরা রাত্রিতে তই, দিনের বেলার পথে পথে ঘ্রিরা বেড়াই; কৈ আমার ত কোনও কট হয় না। হঠাৎ পিছন হইতে অট্টহাসির শক্ষে চাহিরা দেখি রার মহাশরের কলা স্থা থিল থিল করিরা হাসিত্তেছে। ভোর হইবা গিয়াছিল, ছড়িদারের



রামেখরের মন্দির (মেরামত হইতেছে)

ভাকে যুম ভাভিয়া যাইতে চাহিয়া দেখি, ধর্মশালার একটা ঘরে বিনোদ-দা তথনও খুমাইতেছেন। বিনোদদাকে ভাকিয়া তৃলিয়া বলিলাম,—'এইবার উঠুন, ভোর হয়েছে।' গত রাজের জলখাবার দেওয়া হইতে বিছানার চাদর পাতা পর্যন্ত সব কথাই আবার নৃতন করিয়া মনে পড়িয়া গেল। উপরক্ত অপের কথা মনটাকে আর এক বোঝা চিন্তার খোরাক জোগাড় করিয়া দিয়া গেল।

कृष्ठि मूर्थ शूरेया विश्वा चाहि, वित्नात-मा किकाना

করিলেন,—"কিছে ওঠ এইবার, সহরটা একটু ঘুরে দেখে আসা যাক।"

বলিলাম,—"চলুন না, রায় মশাইকেও সজে নেওয়া যাক। ওঁরাও ত রামেশ্বর যাবেন, এক সজেই যাওয়া যাবে।"

বিনোদ-দা বলিলেন,—"মেরেছেলে নিয়ে এঃ ভাড়াভাড়ি উনি কি আমাদের সভে গিয়ে উঠিঃ পারবেন।"

কি একটা বলিতে যাইতেছিলান, ছড়িদার ঘ্রি।
আসিয়া বলিল, "চলুন বাবু, মন্দির যে দর্শন করবেন,
আজ বদি রামেশ্বর বেতে হয় তাহলে আর দেরী
করবেন না, তাছাড়া ঘুরে ফিরে দেখতে বেলাও হয়
যাবে অনেক।"

বলিলাম, "না-হয় একদিন দেৱীই হবে, সকালবেল এক কাপ চানা খেলে যে একপাও নড়তে ইচ্ছে করে ল ছডিদার।"

এমন সময় রায় মহাশয় আমসিয়া জিজাসা করিলেন, "কি, কাল রাত্তে ঘুম হঙেছিল ত গু"

বলিলাম, "রার মশাই, নিউাবনার আমারা ঘুমিয়েছ। আননি যে ক'লিন এই দেশে থাকা যাবে সে ক'দিন আমাদের বেশ স্থেই কাটবে।"

রার মহাশর হাসিতে হাসিতে বলিলেন, "কেন এই দেশটা আপনাদের বুঝি ভারি ভাল লেগেছে ?"

বলিলাম, "দেশ যত ভাল লাগুক আর নাই লাগুক, সবচেরে ভাল লেগেছে এই সুদ্র দক্ষিণাপথে আপনাদের সন্ধ লাভ করে।"

"দেটা আমার পরম সৌভাগ্য।"

সেই সময় সুধা তৃইটী এ্যানামেলের গ্লাসে চা লইয়া আসিয়া বলিল, "নিন এই গ্লাসেই আপনাদের খেতে হবে, কারণ ব্যতেই পারছেন।"

মৃত্ হাসিয়া **জিজ্ঞা**সা করিলাম, "তুমি কেমন করে জানলে আমরা চা খাই, আমরা যে চা খাইনা।"

স্থা অবাক হইরা বলিল, "আপনারা কলকাতার লোক, বাড়ীতে চা আর পান দিরে লোক-লোকিবর্তা করেন। আপনি বলেন কি না, চা খান না, এটা আ^{মার} কাছে ভারি আশ্চর্য্য বলে মনে হছে।" হাসিতে হাসিতে বলিলাম, "আর যদি থাই ভাহলে বোধ হয় আরও আশ্চর্যা হবে, কেমন।"

জার কোনও কথা না বলিয়া একটা সেলাম বিনোদদাকে আগাইয়া দিয়া বলিলাম, "ঘখন এত কট করে তৈয়ারী করে আনেলে, তখন কি না খেয়ে দারি মধা।"

সুধা বলিল, "না না, আপনাদের যদি থাওয়া অভ্যাস নাথাকে তবে থেয়ে আমাকে খুদী করতে গিলে অনর্থক দ্রীর ধারাপ করে লাভ কি বলুন।"

চা খাওয়া শেষ করিয়া বিনোদদা বলিলেন, "য়দীরা,

"আমাদের সঙ্গে না হয় নাই যাবেন, কিছু এতদ্র এসে রামেশ্র না গিয়ে নিশ্চর থাকতে পারবেন না।"

হুধার কথা ত্রনিয়া কিছুক্রণ নীরব হইয়া থাকিলাম; রায় মহাশয় বলিলেন, "কি, আজ ত আমাদের বেতে হবে, তাহলে আর দেরী করে লাভ কি, চলুন বেকনো যাক।"

আর বাক্যব্যর না করিয়া সকলে মিলিয়া ছড়ি-লাবের সহিত আর একবার ভাল করিয়া মাতুরা সহরের যাহা কিছু দেখা বাকী আছে তাহা দেখিতে বাহির হইয়া পড়িলাম। মাতুরা সম্বন্ধে যাহা বলিবার তাহা



রামেশ্রম্মন্দিরের মধ্যভাগের একটা দৃখ্য

ভামার কোনও চিন্তা নেই, চা না থেলে বরঞ্
মানাদের শরীর থারাপ হবে, চা'র অপেকায় আমরা
াবে বসেছিলুম কারণ জানি ভোমাদের সলে যথন
ফটলি এসেছে তথন অস্ততঃ এক চোকও আমরা
চাগ পা'ব।"

্মধা মাস লইয়া আমাকে বলিল, "আছে। আমাকে ব্যন ঠকালেন আমি কিছু এর প্রতিশোধ নো'ব।"

হাসিতে হাসিতে বলিলাম, "বদি ভোমাদের সক্ষেমানের রামেশার লা বাই ;"


আগেই বলিয়াছি। মন্দির দর্শন করিয়া ফিরিবার পথে রার মহাশয় একটি কাপড়ের দোকানে সঙলা করিবার জন্ম চুকিতেই বলিলাম, "আমি আর যাবোনা, যা নেবার কিনে আছুন, আমি ভতকণ রাস্তার একটু পায়চারি করি।"

রার মহাশর জিজ্ঞাসা করিলেন, "কেন, আপনার বুঝি কিছু কেনার বরাভ নেই ?"

ব্ৰগচারী বিনোদদা বলিলেন, "ও অবোধ, মাছ্বায় এসেছিস, বাহোক একটা কিছু কিনে নিয়ে বা, ভব্ও একটা চিহু থাক্বে।" হাসিতে হাসিতে বলিলাম,—"হাঁন যাবার সময় এক টিন নক্তি আমি নোব' আপনারও হবে আমারও হবে।"

বাহিরে দাড়াইয়া আমি আর বিনোদদা কথাবাতা বলিতেছি, এমন সময় সুধা আসিয়া তাড়াতাড়ি একথানা প্রকাণ্ড রঙচঙে শাড়ী আমার হাতে দিয়া বলিল,— "সুবোধদা, দেখুন ত কাপড়থানা কেমন, আপনার পছন্দ হয় ?"

বলিলাম.—"স্থধা, ভোমার চেহারা যেমন স্থলর,



রামেশ্বর মন্দিরের পশ্চিম গোপুরম্

কাপড়থানাও তেমনি স্থলর, তোমাকে চমৎকার মানাবে।"

"আমাকে ঠাটা করছেন বুঝি স্থোধ দা ৷" স্থার মৃথের দিকে একদৃটে চাহিয়া বলিলাম, "যে সুন্দর তাকে স্থার বলতেও কি দোষ স্থা !"

সুধা মুখটা একটু ভারি করিয়া বলিল, "আমাকে দেখতে সুন্দর কিনা তাত আমি আপনাকে জিজ্ঞাসা করিনি।"

"মুধা তাকি কেউ কখনও জিঞাসা করে,—বারা বৃদ্ধিনান লোক তারা আপনিই তা বৃত্ততে পারে কাপড়খানা যে তোমার নিজের জন্তে পছল করতে চাও একথাটা ত আর মিখা নয়, মুতরাং তোমারে চেহারার অন্থপাতে এটা যে মানানসই, আমি তোমারে ঐকথাটাই বলেছি—এতে কেমন করে তৃমি বৃত্তা তোমাকে ঠাটা করছি ?"

স্থা আর কোনও কথা না বলিয়া যেয় আসিয়াছিল তেমনি দোকানে ফিরিয়া যাইতে রা মহাশয় জিজ্ঞাসা করিলেন,—"সুবোধ বাবু কি বললেন,

স্থধা বলিল,—"স্থবোধদার কাপড়টা ভারি পছা হয়েছে বাবা, আমি ত ভোমাকে তথনি বলেছি কাপড়ী ভাল।"

কাপড়ের দাম নগদ চুকাইয়া দিয়া সকলে ধর্মানার ফিরিয়া আসিতেই রায় মহাশয় বলিলেন, "আমারে কটায় ট্রেণ শ"

টাইম-টেবলথানা ভাল করিয়া উন্টাইয়া পানীয় বলিলাম, "এখন অনেক সময় আছে—বেলা দেড়টা পরে, আমরা ঠিক সম্ব্যের আগেই রামেশর পৌছাব।"

ব্রস্কারী বিনোদদা সাংসারিক কোনও কথা।
থাকিতেন না, কিন্তু তিনি তব্ও রসিকতা করি।
জিজ্ঞাসা করিলেন, "রার মহাশয়, কাল রাত্তি থেকে।
স্থীরা আমাদের কিন্তু ভাতে-ভাতের নিমন্ত্রণ করে।
রেথেছে, তার কতদ্র বলুন ত।"

রায়মহাশয় হাসিতে হাসিতে বলিলেন,—"ভাই দর্শনের পর ব্রাহ্মণ সাধু ভোজন করান' ভীর্থ-দর্শনে আর ত্রিকটা অহ—অসম্পূর্ণ যাতে না থাকে মা আমা ভাই দেখছি আগে থেকেই আপনাদের নিমন্ত্রণ করে রেখেছে। সভিয় কথা বলতে কি—এমনি ভাবে পর্যে মাঝে আপনাদের পা'ব ভা আমি কোনও দিনও ভাবতে পারিনি। সলী অবশু অনেক পাওয়া যায় বিষ্
আপনাদের মত এত আপনার হয়ে জোটা, সেটাই পূণ্যকল।"

বলিলাম, "একা একাই সবচুকু পুণ্য আপনাৰ ভোগ করবেন, যদিও আমরা তীর্থবাত্তী নই, কিছ ^{তী} হানে মন্দির ত আমরা দর্শন করেছি—কিছ ^{এম্বি} ব্রাত, কোথায় আমরা ব্রাহ্মণ-ভোজন করাব' না ভোজন করেই যাচ্ছি।"

ন্থা আসিয়া বলিল, "ভোক্তন করবার প্রয়োজন আছে বলেই বাধ্য হয়ে করতে হবে।"

বলিলাম, "মুধা, এ জগতে মাহুষের অনেক কিছুই প্রয়োজন আছে, মুতরাং তাদের অনেক কিছুই ভেবে কাজ করতে হয়।"

স্থা বলিল, "বেশ আমি গাঁড়িয়ে রইল্ম—ভাব্ন এবার, ভেবেই আমাকে বলুন।"

ব্ৰহ্মচারী বিনোদদা বলিলেন,—"স্থীরা, ভোমার স্বোধদার কথা বাদ দাত,—ভোমার এখন কি বক্তব্য ভাইবল শুনি।" বলিলাম, "বেশ, এখন থেকে যে কদিন ভোমাদের সক্ষে আমাদের ঘোরবার মেয়াদ আছে অন্ততঃ সে কদিন আমি মুখটি বৃজে থাকং'—এখন চল ভোমাদের ভীর্থ-দর্শনের শেষ পুণাটুকু সঞ্চয় করিয়ে দিয়ে আসি।"

কম্বল বিছাইয়া ধর্মণালার একটা হরে রায় মহাশয়, আমি ও ব্রস্কারী বিনোদদা থাইতে বসিয়াছি; সমুখে রায় মহাশয়ের বৃদ্ধা মাতা বসিয়া রহিয়াছেন। সুধা আসিয়া কলাপাতা বিছাইয়া ভাত, ঘি, মুগের ভাল, আলুভাতেও একটা নিরামিষ আলুর তরকারী পরিবেশন করিল। সেগুলি থাওয়ার পর, বৃদ্ধা বলিলেন,—"যাও মা এইবার— ভূধ, কলা আর চিনি এনে দাও; বিদেশে ধর্মণালার থাবার কত কট হ'ল।"



লক্ষাতীর্থ—রামেশ্রম্

স্থা বলিল, "বেশ ব্রহ্মচারী মশাই, আপনিই তবে একাই আস্ন, সুবোধদাকে জগতের প্রয়োজন চিন্তা করতে দিন।"

হাসিতে হাসিতে জিজাসা করিলাম, "সুধা এরই মধ্যে জামাদের ভাতে-ভাত প্রস্তুত, ভা বলতে হয়।"


সুধা জবাব দিল, 'সোজা কথায় আপনাকে জবাব দিলে ত চলবে না সুবোধদা, একটা কথা বলে বারোবার তার মানে না করলে আপনার কাছে নিস্তার পাওয়াই দায়।" বৃদ্ধা আপনার মনে শেষ কথা করটা বলিয়া ধাই বার পর—বলিলাম,—"আছা ঠাকুরমা, আপনি বি বলতে চান আমরা বাড়ীতে রোজই মোণ্ডা মেঠাই থেরে থাকি? আজ যে রকম আপনার আশীর্কানে থাওয়া হ'ল—এরকম যদি রোজ জোটে তাহতে আমি আপনার সঙ্গে সমন্ত তীর্ধ দর্শন করতে প্রস্তুত আছি।"

अक्षातंत्री विरामाना विनातन,---"এও किन्न स्थापारन दकारहेना मा ठीकक्म।" "তা যাই হোক বাবা—তোমানের তৃপ্তি হলেই হোল" বলিয়া বৃদ্ধা উঠিয়া গেলেন।

স্থা ত্থের বাটী হাতে করিয়া তথনও দাঁড়াইয়া ছিল, জিজাদা করিলাম, 'কি স্থা দাঁড়িয়ে আছে যে; আবার কি মুগের ডাল থেকে থাওয়াতে চাও নাকি ?"

সুধা বলিল, "আপনি যদি থেতে চান ভা আবার খাওয়াতে পারি বৈকি:"

"না আধ্যেপটাই ভাল—লেষে ভোমার ভাতে কম পড়লে মনে মনে গালাগালি দেবে ত, দরকার নেই।" বলিয়া উঠিয়া পড়িতেই ব্লচারী বিনোদনা বলিলেন,



রামেশর শিবমূর্ত্তি

"তিলের তেলের চোটে এতদিন আমার প্রাণ অস্থির হয়ে উঠেছিল, আজ তবু মুখটা বদলান' গেল, রান্নাগুলি চমৎকার হয়েছে।"

শুধাকে শুনাইয়া শুনাইয়া বিনোদদাকে বলিলাম, শুধার রামা ভারি চমৎকার—সব চেরে আমার কিছ ভাল লেগেছে আলু-ভাডেটা "

বিনোদদা হো হো করিয়া হাদিয়া উঠিলেন, সুধা মুথ ভার করিয়া চলিয়া গেল। আর থটাথানেক বাদেই আমাদের মাত্রার মারা কাটাইরা রামেশর রওনা হইতে হইবে—ছড়িদার আমাদের সকেই ঘাইবে, পুর্কেই তাহা ঠিক হইয়া গিয়াছিল।

সামান্ত বিছানা গুটাইয়া লইতে বদিলাম। স্থার ঠাকুরমা আসিয়া আমাদের মুখণ্ডজি দিয়া গেলেন। জিজ্ঞাসা করিলাম, "আপনাদের সকলের খাওয়া হোল' ত ঠাকুরমা "

বৃদ্ধা বলিলেন,—"ইয়া বাবা, **আল্পকের মন্ত একরক্**ষ চুকে গেল, দেড়টায় গাড়ী বৃদ্ধি ?"

বলিলাম, "প্রায় দেড্টা, বিছানাপত্ত সব গুছিয়ে নিন, ছডিদার এলেই আমরা বেরিয়ে পড়ব।"

বুদ্ধা চলিয়া যাইবার সময় বলিলাম,—"ঠাকুরমা সুধাকে এক গ্লাস জল দিয়ে যেতে বলুন না।"

সুধা জল লইষা আসিয়া আমার সন্থা মাস নামাইয়া রাথিয়া নারব হটয়া দাডাইয়া রহিল। এক নিঃখাদে এক মাস জল পান করিয়া বলিলাম, "সুধা আমার ওপর তুমি রাগ করেছ, না ?"

স্থা ভতাপি নীরব।

বিনোদদা বলিলেন, "না না, রাগ করবে কেন, যদি রাগ্ই করবে তা হলে বলবামাএই জল এনে দিত না।"

জ্বলের গ্লাদটা তুলিয়া লইরা তথা বলিল,—"মুবোধদা আপনি মনে করবেন না যে আমি রাঁধতে পারিনা,— আমি যা জ্ঞানি আপনার কলকাতার অনেক বড় বড় উড়ে বাম্নের চেয়ে তা ভাল। তা ছাড়া আলু-ভাতের কথা যদি বলেন,—তাহলে ঐ স্থেটুরেন্টের চপ, ডিম-সেদ্ধ আর মাংসের কারীর চেয়ে আলুভাতে চের ভাল তা আমি একশোবার বলব। মনে করবেন না যে আলুভাতে রাল্লাকরা যার না।"

"বেশ, মৃথে বলে' সে কথা ত লাভ নেই—কাজে দেখিয়ে দিলেই হয়। তুমি লেখাপড়া শিখেছ, নতুন ধরণের কত রালা তুমি ত জানবেই, রালার কত বড় বড় ইংরিজী বই ভোমাদের পড়তে হয়েছে।"

স্থা বলিল,—"আছে। এই কিস্কিদ্ধার দেশে আমাকে বলে নিন, কলকাতার ফিরে গিরে বই-পড়া বিভেরই কিছু পরিচয় আপনাকে দেব।"

এমন সময় ছড়িদার আমসিয়া বলিল, 'চলুন,— আপনারাসব গুছিয়ে নিয়েছেন ত)'

আমরা সকলে প্রস্তত হইরাই ছিলাম—বলিবামাত্র বাহির হইরা পড়িলাম। যাইবার পথে পিছন হটতে মন্দিরগুলিকে আর একবার প্রণাম করিয়া মাত্রা সহর হুইতে বিদায় লুইলাম।

রামেশ্বরগামী ট্রেণ যাত্রী লইবার জন্ম টেশনে অপেক্ষা করিতেছিল, আমরা একটা ছোট্ট কামরার সকলে মিলিয়া উঠিরা বদিলাম। ছড়িদাব বলিল, "আপনাদের সকলকে রামেশরে আমি নাবিরে নোব,—আর একবার গাড়ী বদল করতে হবে। আমি পেছনের গাড়ীতেই ভনেছি রামেখরের পাণ্ডারা নাকি ভাল লোক—বেশ যত্ন করে।"

স্থা ভিজ্ঞাসা করিল,—"স্থবোধদা, এই ত সেই সেতৃবন্ধ রামেশ্বর, এই সম্দ্রইত পাধ্ব দিয়ে বৈধে রামচন্দ্র লক্ষার রাবণকে বধ করে সীতা উদ্ধার করেছিলেন ?"

বলিলাম, "যদিও সে রাম নাই, লঙ্কাও নাই—তবুও সেই ত্রেভার একপাল বাঁদর মিলে সমুদ্রের জ্বলে পাথর ভাসিরে কি যে এক অঘটন ঘটিয়েছিল তার কিছু কিছু নিদর্শন অস্ততঃ আমরা পাব। ভগবান রামচল্লের পাদস্পর্শে এই রামেশ্বর হিন্দুনাত্রেরই পরম পবিত্র ভীর্থহান।"



রামেশ্রন্ মন্দিবের সম্বভাবে রামেশবের ছইটা কাঠ রথ ও একটা রোপ্য রথ রহিলাছে

রইলুম। পথে ধদি কেউ এসে অক্ত কোনও পাওার কথা বলে, আপনারা গোবর্দন পাওার নাম করলে কেউ আর কিছু বলবে না।"

ছড়িদার চলিয়া গেলে ট্রেণ ছাড়িয়া দিল, বলিলাম 'যত বেটা এদে জুটেছে কেবল পয়দা মারবার ফিকির।"

বৃদ্ধা বলিলেন, "না বাবা, এ ছড়িদার লোকটা ভাল।" বলিলান, "প্রথম প্রথম ওরকম সবাই ভাল থাকে— ভারপর তীর্থগুরুর প্রথামী নিমেই গওগোল বাধে। তা যাই হোক দে ভাবনা আপনাদের পোয়াতে হবে না গাড়ী মেঠে। পথ ধরে ছুটে চলেছে,— পছনে পড়ে থাকছে কত অসংখ্য তাল, নারকেলের বাগান, মাঠ আর মাঠ। কত ছোট ছোট এটেদনে গাড়ী থামতে থামতে পেবে একটা এটেদনে এদে গাড়ী প্রায় আধল্টা থেমে রইল;—ছড়িদার এদে বল্লে, "বারা কলছে। বাবেন ডাক্তার এখানে তাদের পরীক্ষা করবে।" বুঝলুম কোয়ারেণ-টাইন একলামিনেদন। ছড়িদারকে জিজ্ঞানা করলুম, "এর পরেই তাহলে আমাদের আবার গাড়ী বদলাতে হবে ত ?"

ছড়িদার বল্লে, "হাা বাবু, ছোট লাইন মাত্র আট ন

মাইল পথ। রামেখনে পৌছাবার আর বেশী দেরী নেই, আপনারা কলকাতার লোক—এতদ্রে একটু কট হবে কিন্তু মন্দির দর্শন করলে সতাই আনন্দ পাবেন।"

কোয়ারেণটাইন পরীক্ষা শেষ হবার পর গাড়ী ছেড়ে যথন পামবন টেশনে এসে উপস্থিত হল আমরা সবাই ভাড়াতাড়ি নেমে পড়লুম। স্থা জিজ্ঞাসা করলে "এ গাড়ীটা কোথায় যাবে স্থবোধদা।"

বললুম, "এটা এদেশের চলতি কথার হচ্ছে বোট মেল, একটু পরেই ধহুজোটি প্রেদনে গিরে থামলে যারা কলকো যাবেন সমুদ্রের ধারেই নাগোরা ফেশনে তাঁরা



রামেশ্বের রৌপ্য-রথ

ষ্টীমার পাবেন ওপারে যাবার ক্সক্তে, যাকে চলতি কথার এখনও আমরা লক্ষা বলে থাকি।"

আমরা গাড়ী বদল করে পামবন ব্রীক্ষের উপর এবে উপস্থিত হলুম। দেড়মাইল লখা ব্রীক্ষ, সম্ক্রের উপর বে পূল সম্ভব হতে পারে, তা এই প্রথম দেখে যতথানি না আক্র্যান্থিত হ'লুম তার শতগুণ বেশী আনন্দিত হরে-ছিলুম; তার কারণ সম্ক্রের উপর দিয়ে রেল গাড়ী ছুটে চলেছে,—তলার প্রকাণ্ড প্রকাণ্ড পাথরের ভূপ কলে ভেদে রয়েছে—আর তারই উপর সমুদ্রের অল আছডে আছড়ে পড়ছে। এই পাথরের উপর রেল কোম্পানী প্রকাণ্ড প্রকাণ্ড বীম বরগার সাহায্যে এমনি ভাবে পুল নির্মাণ করেছেন যে ইচ্ছে করলে মাঝথান দিয়ে পুলটাকে ষ্টিমার যাবার জন্মে **খোলাও** যেতে পারে। সভাই এখানকার দৃশ্য এতই ফুলর যে যুগ-যুগান্তর ধরে বদে वरम दमथरलाख दयन च्यांन दमरहेना । नीटह ममुख्यत्र खन्त्र পাথবের আনে পালে কতকটা যায়গা চড়া বলে মনে হ'ল: দেখানে জলের গভীরতা খুব অলল, চেউলের জোরও তেমন নেই। কিছু একটা কথা এখনও আমার খনে হয় যে, এই বিশাল সমুদ্রের ধারে এত বড় বড় পাথর কেমন করে এসে হাজির হল। পাথরের চেহারা দেখে অবশ্য মনে হয় যেন তারা কত যুগ-যুগাকর ধরে সমুদ্রের নোনা জলে মিশে ঝেঁপরা হয়ে পড়ে রয়েছে . কত কালো কালো শেওলা তাদের ওপর এনে জ্যা হয়েছে। তাই আঞ্জ ভাবি, পৃথিবীতে কিছুই অসম্ভব नम्र ।

আমরা পুল পার হয়ে ডাঙার এসে পড়তেই বেলের জানালা দিয়ে তুপাশে চেয়ে দেখি কেবলই বালি আর বালি, যেন আমরা মরুভূমির রাজো এসে পৌচেছি। রেলের লাইনের ধারে ধারে পনর বিশ হাত অক্তর অন্তর কুলিরা লাইনের ওপর থেকে কেবলই বালি পরিকার করে দিছে।

রামেশ্রটা একটা ছোট্ট দ্বীপ, চারি পালেই তার সমুদ্র থিরে রয়েছে, তাই তার চারিদিকে বালির আর অভাব নেই। চারি দিকে এত বালি হলেও পথের মাঝে মাঝে তাল নারকেলের প্রকাণ্ড প্রকাণ্ড বাগান দেখতে পাওয়া গেল। আমাদের রেল বালির ওপর দিয়ে উর্দ্ধানে ছুটে চলেছে, মাঝে মাঝে প্রকাণ্ড প্রকাণ্ড বালির পাহাড় এমনি ভাবে মাথা চাড়া দিয়ে দাড়িয়ে আছে যে, তাদের ফাঁক দিয়ে দ্রে সীমাহীন সমুদ্র আমাদের নজরে পড়ছিল। তথনও চারিদিকে রোজের বেশ জোর ছিল, তাই দ্র থেকে সমুদ্রের জলগুলোকে মনে হচ্ছিল যেন গলান রূপো চারিদিকে টলমল করছে।

সংস্ক্য হবার তথনও কিছু বাকী আছে, আমরা

রামেশ্রম্ ইটেপনে এদে নামসুম। ছড়িদার বল্লে, "বাব্— এথান থেকে মন্দির খুব কাছে, আরও কাছে আপনাদের থাকবার নতুন ধর্মালা।"

বর্ম, "বেশ, চল আগে ধর্মশালায় গিয়ে ওঠা বাক,—" স্থা বল্লে, 'এধানে গাড়ী পাওয়া যায় না ?"


ছড়িদার বল্লে,—"ন' এখানে যেতে হলে এক গরুর গাড়ী ছাড়া মস্ত কোন গাড়ী পাওয়া যার না।"

নুধাকে বল্লুম,—"ভোমরা ভাহলে গরুর গাড়ীতেই এন, সামান্ত একটুথানি পথ আমি হেঁটে মেরে দোব।" নুধা বল্লে,—"তবে চলুন আমিও ভাহলে আপনাদের দক্ষে বাই।"

রায় মহাশয় তাঁর মার জ্ঞে একটা গোষান ঠিক

ছড়িদারকে জিজ্ঞাসা করনুম, "এখানকার লোকে কি
তিলের তেল থার।" আমাদের মনের কথা ব্রতে
পেরে ছড়িদার বল্লে, "না বাব্ এখানে আপনি পশ্চিমা হিলুস্থানির খাবারের দোকান পাবেন, সেখানে থিরের প্রি, ভরকারী, রাবড়ী, পেড়া ভাগই কিনতে পাবেন। রাল্লা না করলেও আজকের রাতে আপনাদের খাওরার কোনও বই হবে না।"

ছড়িদারের সংশ কথা কচ্ছি, এক পাল পাণ্ডা এসে থোঁজ-থবর নিতে লাগল',—আমরা কোথা থেকে আসছি—আমাদের আগে এখানে আমাদের পূর্ব্বপূক্ষ কেউ এসেছিল কিনা, বড় বড় লম্বা লম্বা আবা থাতা নিয়ে তারা হিসেব দেখার মত আমাদের পূর্বপূক্ষের নাম



ধকুজোটীর পুল-এইখান হইতে কলখোর পথে ঘাইতে হয়

করলেন, কিন্তু কিছুতেই তিনি গৰুর গাড়ীতে চড়তে রাজী হলেন না। বৃদ্ধা বল্লেন, "তীর্থ করতে এসে গরুর গাড়ীতে আমি চড়তে পারব না।"

অগত্যা সমস্ত মালপত্ত গরুর গাড়ীতে তুলে আমরা পদবজেই ধর্মালার হাজির হলুম। ধর্মালা এমন সম্পর স্থানে তৈরারী হরেছে যে, ঘরে বলে বলে সম্প্রকে প্রাণ 'ভরে দেখা চলে। সামনেই বেশ পরিষার রাস্তা, একেবারে মন্দির পর্যান্ত চলে পোছে। রাস্তায় জলের কলও দেখতে পেলুম; আবার ধর্মালার ভেভরেও বেশ গাধান' ইন্দারা ররেছে। কাছেই সামান্ত একটু বানার। ধাম খুঁজতে লাগল, কারণ বদি কারুর থাতার আমাদের প্রপুক্ষের নাম পায়—তাহ'লে বার থাতার তা পাওরা বাবে তাকেই আমাদের পাঙা বলে মেনে নিতেহেবে, অস্তঃ তাই নেওয়াই উচিত। শেষ পর্যান্ত আমাদের ছভিদারের পাঙাই ঠিক রয়ে গেল।

পাণ্ডার গোলমাল মিটবার পর ছড়িদারকে বর্ম,
"আচ্ছা তৃমি তাহলে এবার এন, আমরা সদ্ধ্যের পর
মন্দিরে আরতিটা দেখে আসবো, তার পর কাল সব
কিছু যুরে ফিরে সারা যাবে।" ছড়িদার চলে গেল।

সেদিন সভাই আমরা অভ্যস্ত ক্লান্ত হরে পড়েছিলুম;

হয় না।"

তব্ও আমি মুথ হাত পা ধুরে ছড়িদারের আপেকার না থেকে কাঁকা পথে একটু বেরিরে পড়নুম। থানিকদূরে এনে পেছন ফিরে চেরে দেখি স্থা আমার পেছু নিরেছে। বল্পম, "কি সুধা তুমি যে এলে?"

মুধা হাসতে হাসতে বলে, "বা, আপনি ভ বেশ মন্ধার লোক, আমাকে একলাটী ফেলে চলে এলেন।"

বল্লাম, "ভোমাকে একলা ফেলে এল্ম কি রকম।"
"তা হোক, চলুন না একটু খুরে আসি; ওদের সঙ্গে
চুপটি করে বসে থাকতে আমার মোটেই ভাল লাগেনা,
আপনার মধ্যে প্রাণ আছে—তাই আপনার সভ আমার
যত ভাল লাগে, শক্ত কাউকে আমার ভতটা পছল

রামদারকা বা গন্ধমাদন পর্বত-রামেখরম্

মুখে সুধাকে কিছু না বলিলেও মনে মনে বলিলাম জানি না এ পছলের পরিণতি কোথায়।

এদিক-সেদিক একটু ঘুরিয়া ধর্মশালার ফিরিরা আসিয়া দেখি ছড়িদার আমাদের ছুইঞ্নের জন্ম অপেকা করিতেছে; আমরা সকলে ছড়িদারের সহিত মন্দির দর্শনে বাহির হইয়া পড়িলাম।

মন্দিরে চুকিয়াই মনে হইল বুঝি আমর। আবার মাত্রায় ফিরিয়া আসিয়াছি। দক্ষিণ ভারতের মন্দির যে এত প্রকাণ্ড প্রকাণ্ড, তাহা আমি আগে জানিতাম না। অবাক বিশ্বরে চাহিয়া থাকি—আরু ভাবি নিশ্চর এ বোধ হয় মাছ্যের তৈরারী নর। মনিরের মধ্যে প্রকাণ্ড প্রথগুলি বিজ্ঞার আলোকে মনে হর যেন উহা মানবশৃষ্ঠ মধ্যরাজে কোনও এক নীরব নগরীর রাজপ্রথ। রামেশ্বর ও মাত্রার মন্দির যেন অবিকল একই ছাঁচে ঢালা—তবে কেহ কেহ বলেন, মাত্রার মন্দির রামেশ্রের মন্দির হইতে কিছু বড়। সে যাহাই হউক না কেন, দক্ষিণ ভারতের এই মন্দিরগুলি যদি একবার প্রদক্ষিণ করিতে হয় ভাহা হইলে কয়েক মাইল হাঁটার কাজ হয়।

রাত্রে আর কি দেখিব, স্থাকে বলিলাম, "চল এইবার বাড়ী ফেরা যাক, কাল দিনের আলোর এখান কার যা কিছু সবই দেখে নেওয়া যাবে।"

> সুধা জিজাসা করিল, "আপনার। কালই ফিরে বেতে চান নাকি ?"

> বলিলাম,—'মুণা, সব কিছু যদি দেখাই হরে যার ভাহলে মিছামিছি ধর্মশালার পড়ে থেকে লাভ কি, বরঞ্চ কলকাতার ফিরে ভোমাদের বাড়ী গিরে রোজ ভোমার নতুন নতুন রারা খেরে আসব', তথন হয়ত ভূমি চিনতে পারবে না কি বল ?"

স্থা বলিল,—"যান আপনি ভারি ছাই—আপনার সজে আর কথা কইব' না।"

' তাড়াতাড়ি তাহার পিঠটা চাপড়াইয়া বলিলাম, "হুংগ তুমি রাগ

করলে, আমাকে ভাহলে তুমি দেখতে পা'রনা বল।"

স্থার গন্তীর মুখ অমনি হাসিতে ভরিয়া উঠিন, সমূথে চাহিয়া দেখি আর সকলেই অনেকটা আগাইয়া গিয়াছে।


পরদিন প্রাতঃকালে স্নান সারিয়া রামেশরের ^{যাহা}
কিছু দেখিবার—লক্ষণ-তীর্থ হইতে আরম্ভ করিয়া স^{বই}
দেখিরা শুনিয়া ধর্মশালার ফিরিয়া আসিয়াছি।

তীর্থ করিতে না আদিলেও পাণ্ডাকে দক্ষিণা দিরা তীর্থগুরু বীকার করিয়া তাহাদের জাবদা থাতার নাম ঠিকানা লিখিলা দিলাম। সঙ্গে সজে রার মহাশরকেও ভাহাই করিতে হইল। রামেখরে আদিয়া কি দেখিয়াছি আমার কি ভাল লাগিল না লাগিল মুধা আমাকে ভাহাই জিজ্ঞানা করিয়া বসিল।


বলিশাম, "এই দেতৃবন্ধ রামেখর নিয়ে প্রকাণ্ড ইতিহাস লেখা আছে, রামায়ণ পড়লে অনেক কিছুই জানতে পারবে, মিছামিছি আবার রামায়ণের আদি কাণ্ড থেকে লকা কাণ্ড পৰ্যান্ত বলে কোনও লাভ ছবে না। তবে যদি বল অনেকেই আংসে, মন্দির দেখে চলে যায়, আমি কিন্তু আমার বাহ্যিক চোপ দিয়ে মন্দির দর্শন করিনি সুধা, আমার মনের চোথ ছুটো দেখার স্বটুকু রস নিভড়ে বার করে নিয়েছে। আজে এই বিংশ শতাব্দির যুগে মানব-সভ্যতার ইতিহাসের কথা বতই ভাবি, তত্ত আমার মনে হয় যাহারা বিভার বডাই করে ভাহারা কি পাগৰ হইলা গিলাছে। পুরাকালের ইতিহাস ভাহারা कি একবারও পড়িয়া দেখে নাই। কিন্তু কি বলিব লিখিতেও লজ্জা হয়, খাঁহারা পরের ধার-করা বিজা লইয়া সুখ পান তাঁহারা কেমন করিয়া আমাদের এই অসভ্য নগণ্য ভারতের পুরাতন সভ্যতার নিদর্শন চোথে চদমা আঁটিয়াও দেখিতে পাইবেন।"

স্থা জিজ্ঞাসা করিল, "ভাহলে আপনি বর্তনান সভ্যতাকে নিন্দা করেন।"

'নিলা আমি করিনা, তবে এইটুকু বলিতে চাই, আমাদের দেশে বড় বড় আফিটেক্ট ও ইনজিনিয়ারের মাথা ঘুরিয়া উঠিবে এই সব মন্দিরের নির্মাণ-নৈপুণ্য চিন্তা করিতে, কারণ তাঁহার। শক্তিশালী বিদেশী ডিগ্রিগারী পণ্ডিত।" সুধা আর কোনও কথা বলিল না। আমাদের ট্রেণের সময় হইয়া আদিয়াছিল, প্রায় তিন দিন ট্রেণে কর্ম-




রামেশ্বর মন্দিরে পার্বাকী ও শিবমৃত্তি ভোগের পর হাওড়ার পৌছিয়াছি। রাম মহাশয়কে বিদায় দিবার সময় তাঁহার বাসার ঠিকানা লইয়া এবং



রামেশ্বরের পূল বা সেতৃবন্ধ রামেশ্বর শামাদের ঠিকানা দিয়া বাড়ী ফিরিবার পথে ভাবিতে লাগিলাম স্থার কথা।





কথা—শ্রীজ্রজমোহন দাশ

হুর—শ্রীবিনয়কুমার গঙ্গোপাধ্যায়

স্বরলিপি-কুমারী বেলা রায়

মিশ্র ভীমপলশ্রী-দাদরা

দিলি কার গলে আঞ্চ কুন্দমালা কার পায়ে আজ্ব শেফালী: আনমর্বন-ত্লালী!

কেতকীর গফ-আঁধা, টগর ফুলে নাগর বাঁধা; মন সরে না পা ওঠে না তবু তোর আনাগোনা লোক-হাসালি!

কমল তোর রূপসায়রে তেউ লেগেছে যে—
তা কি তৃই জানিয়ে দিবি জেগে ঘুমোয় যে
।
মহরায় দোহল মজুল ঝুল ঝুল লাপু বুল্ব্ল্;
নীল্-পাথী তোর এ কি রে ভুল
আবাধ-ফোটাতে ঘুম ভাঙালি!

III সাসা| সারাসাণ্ধ্ণ্| সা-ান সা-া| সারাসাণ্ধ্ণ্| সাতর মাপা-া| দিলি কার গ শেকাজ কুলমালা - কার পারে আনজ শেফা - লী-

পাপা-া-|মাদপামাজ্ঞ-া | আমাম ব্ন ব ন ছ লালী-

ণ ণ ণ ন । ধাণ ন | ধাণ ন - া - া - া | ণ ণ ণ ন - া | ধাণ ন - । ধাপা - া - 1 - 1 - 1 | কে ভ কীর গ ক - আঁধা - - - টগরফ্লে নাগ র বাধা - - -

সানিরাসান | গন্গ ধাণ নানা | গণণ না | ধাণ নাধাণ নানা | ম নস রেনা পা-ও ঠেনা--- তবুভোর আমান-গোলা-- মাণামাণামাপানানানা | পাপানা | মাদপামাজ্ঞনানা |
লোক হা সালি - - - - আম ব্বন ছলালী - -
নননা | নননা | নননানানা | ধাননাসারা | স্মানানানা
ক মল - ভোর কি প্যায়রে - - চেউলেগেছে যে - - -
ণণ পনা | ধাণনা | ধাণনানা | রাজ্ঞনা মাপানা | ণধাপামানানা
ভাকিত্ই জানিয়ে দিবি - - জেগে - ঘুমোয় যে - - -
পাপাপানা | দপানা মাপানানা | ণণনা মাপানানা |
ম ভ য়া র দোছ ল্ম জ ল্ - - ঝূল্ঝ ল্লাখ্রুল্রুল্ -
সানি রাসিনা | ণণনা গাণামামানা | জ্ঞ মাজ্ঞ মাপানানা |
নীল পাধী হোর একিরে ছল - আমা দদোটাতে ঘুম ভাঙালি - -
পাপানা | জ্ঞ মানানা | দপানা জ্ঞানানানা |
আম ব্বন - - তলালীনা - - - -

উত্তরবঙ্গে শিম্পাদর্শের ও কৃষ্টির বৈশিষ্ট্যের আভাস

শ্রীক্ষতীশচন্দ্র সরকার এম-এ, বি-এল্

(2)

একদা বাঙ্গালী যে প্রশুর-শিল্পেও কুভিত্বের পরিচয় প্রদান করিয়া অক্ষর কীর্ত্তি লাভ করিয়াছিল, এ যুগের অনেক বাঙ্গালী ভাষা খীকার করিতে ইতস্ততঃ করেন। বাঙ্গালী ভাষা খীকার করিতে ইতস্ততঃ করেন। বাঙ্গালী ভাষা খীকার অস্থালনের কৃতিত্বের প্রকৃত পরিচয়, বাঙ্গলাদেশে প্রাপ্ত প্রাতন ভাস্কর্য্য-নিদর্শন। ইহার বিশিষ্টভাও ইহাকে ভারতবর্ধের অভাভ স্থানের ভাস্থ্য-নিদর্শন হইতে পৃথক্ করিয়া রাখিয়াছে। বাঙ্গলার আচার-ব্যবহার, ধ্যান-ধারণা বাঙ্গালাকে যেরূপ এক অতুলনীয় বিশিষ্টভা ছাল করিয়াছে, সেরূপ বাঙ্গার শিল্পেও ভাহার অভিব্যক্তি দেদীপ্যমান। নানা দেশের ও নানা যুগের শিক্ষবিদর্শনের তুলনামূলক সমালোচনা

করিতে যাঁথাদের চকু অভ্যস্ত, সেরপ পরিদর্শক মাত্রেই রাজসাথীর বরেক্ত-অন্স্পর্কান-সমিতির সংগ্রহালয়ে আসিরা সংগৃহীত শিল্পনিদর্শনগুলিকে বান্ধালীর নিজ্ঞ সম্পদ বলিয়াই অভিমত লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

লামা ভারানাথের তিববতীর ভাষার লিখিত বৌদ্ধ ধর্মের ইতিহাসে প্রসক্তমে যে সংক্ষিপ্ত বিবরণ উল্লিখিত আছে, ভাহা ক্রমে সুধীসমাজের দৃষ্টি আকর্ষণ করিতেছে। তাহাতে লিখিত আছে—ভারতবর্ষে প্রণাতীত প্রাকাল হইতে পর্য্যায়ক্রমে দেব-যক্তনাগ নামক তিনটি শিল্পদ্ধতি উদ্ধাবিত হইয়াছিল। তাহার প্র কিয়ৎকাল শিল্পচ্চি আধোগতি লাভ করে। প্রবার

তুই স্থানে শিল্পের পুনকজ্জীবন সাধিত হইয়াছিল। মগ্থে বিষিদার নামক শিল্পীর প্রতিভাগ দেব-শিল্পরীতির এবং বর্ত্তেরে (উত্তরবক্ষে) ধর্মপাল ও দেবপাল নামক নরপতি-ছরের শাসন সময়ে ধীমানের প্রতিভার ফক্ষ-শিল্পরীতির পুনকজ্জীবন সাধিত হইয়াছিল। ধীমান্ও তাহার পুত বীতপাল বরেন্দ্রে (উত্তরবঙ্গে) ও মগধে এই রীতি প্রচলিত করিবার পর ইহার প্রভাব নেপালাদি দেশের ভিতর দিয়া দূর দূরান্তরে ব্যাপ্তি লাভ করিয়াছিল। এই শিল্লরীভির প্রকৃতি কিরপ ছিল ক্রমশং তাহার নিদর্শন আবিজ্ত হইতেছে। নাল-দার বিশ্ববিথাতে বৌদ বিশ্ববিভালয়ের প্রংসাবশেষের মধ্য হইতে লিপি সংযুক্ত বে সমুদ্য শিল্পনিদর্শন বাহির হইয়াছে ও (সম্প্রতি) ১৯০- থঃ অ: গয়ার সলিকটে কুকিহার (কুরুটপাদ বিহার) নামক স্থান হইতে যে সকল অসংখ্য গাতু নিৰ্মিত ও (অষ্টধাতু) শ্রীনৃর্ত্তি প্রায় একই যুগের যাহা আবিষ্কৃত হইয়াছে, তাহা প্রকৃত সমালোচকের দৃষ্টিতে পরীকা করিলে এই পর্যান্ত বলা যাইতে পারে, উত্তরবদে আবিষ্ঠ ভাস্কর্যা-কীর্তির সহিত নালনার ও কুর্কিহারে আবিষ্ণত এই সকল ভাস্বৰ্যা-কীতির কুলপ্রথাত্বগত সাদৃষ্ দেদীপামান।

লামা তারানাথের সমস্ত উক্তি লৌকিক উপকথার কায় স্ক্পথ্যে ঐতিহাসিক ঘটনা বলিয়া স্থীস্মাক গ্রহণ করিতে পারে নাই। কিন্তু গোপালদেবের পুত্র ধর্মপালদেবের থালিমপুর তায়শাসন আবিয়ত হটবার পর প্রকাশক্তির সাহায্যে বঙ্গে পাল রাজবংশের উদ্ৰবের কাহিনী স্পষ্টাক্ষরে উল্লিখিত থাকায় তারানাথের উক্তির সহিত সামঞ্জু পরিল্ফিত হয়। তামশাসনের সহিত তাহার সামগ্রক্ত রক্ষিত হওয়ায় এক্ষণে তারানাথের উक्তि हेलिहारम भग्रामा मास्त्र छे अबुक विमा विरविध्य হইতে পারে: বরেজনিবাসা ধীমান ও বীতপালের উদ্রাবিত বারেন্দ্র শিল্পকলার অন্তিত্যের বিষয়ে কোন কোন প্রাতত্বিৎ এখনও সংশয় প্রকাশ করিয়া থাকেন এবং লামা ভারানাথের প্রায় এক শভ বংসর পরবর্ত্তী আর একখানি "প্যাগ্দাম বোনজাং" নামক তিবেতীয় এছে ঐ সম্পর্কে 'বাবেক্স' স্থানে 'নালেক্র' পাঠ উল্লিখিত . থাকার নালেক্ত ও নলিকা অভিন্ন জ্ঞানে ধীমান ও বীত-

ানে শিল্পের পুনক্ষজীবন সাধিত হইয়াছিল। মগধে পালকে মগধের শিল্পী বলিয়া অভিহিত্ত করিয়া থাকেন।
নার নামক শিল্পীর প্রতিভাগ দেব-শিল্পীতির এবং প্যাগসামে উল্লিখিত 'বারেক্স' স্থলে 'নালেক্স' লিপি
ক্র (উত্তরবক্ষে) ধর্মপাল ও দেবপাল নামক নরপতি- প্রমাদ বলিয়া গণ্য না হইলেও, একটি মাত্র গ্রন্থের উজির
শাসন সময়ে ধীমানের প্রতিভাগ যক্ষ-শিল্পীতির উপর নির্ভর করিয়া বারেক্স শিল্পীর অভিজে সংশয়
জীবন সাধিত হইগাছিল। ধীমান্ও ভাহার পুত্র প্রকাশ করিলে প্রকৃত ঐতিহাসিক সভ্য নির্পনের
নাল বরেক্সে (উত্তরবক্ষে) ও মগধে এই রীতি মর্যাদা রক্ষিত হয় না।

রাজসাহী সহরের অনতিদুরে গোদাগাড়ীর নিকট দেওপাড়া নামক গ্রামে একটি শিলালিপি প্রাপ্ত হওয়া যায়। এই শিলালিপি হইতে সেন রাজবংশের স্থবিখাত নুপতি বল্লালদেনের পিতা নুগতি বিক্লয়দেন কর্ত্ত প্রতায়েশ্ব নামক মহাদের মন্দির প্রতিষ্ঠার কথা লিপিবছ ব্দাছে। এই মন্দিরের পুরোভাগে এক সরোবর থনিত হয়। এখন মন্দির নাই, সরোবর আছে। ঐ প্রস্তুর-ফলকে প্রশন্তিকর্তা কবি উমাপতি ধর এবং প্রশন্তি উৎকীর্ণকারী রাণক শূলপাণির পরিচয় প্রাপ্ত হওয়া যায়। কবি রাণক শ্লপাণির পরিচয় দিতে গিয়া---"(চথান) বারেন্দ্রক শিল্পীগোটা চূড়ামণী" রাণক শূলপাণিঃ" অর্থাৎ লিপি উৎকীর্ণকারী রাণক শুল্পাণিকে বরেন্দ্র দেশে তৎকালীন শিল্পী সম্প্রদায়ের শিরোমণি বলিয়া অভিচিত্র করিয়াছেন। বরেন্দ্র দেশে শিল্পী সম্প্রদায়ের একেবারে অসদ্রাব থাকিলে "বারেন্দ্রক শিল্পী গোষ্ঠা" কথার আর কোন তাৎপ্রা পরিল্ফিত হয় না।

অভডিন্ন রাজকবি কলিকাল বাল্লীকি উপাধিধারী
সন্ধ্যাকর নন্দী "রামচরিত" কাব্যে মদনপালদেবের
রাজস্কালে স্থানের সংক্রেপে পবিচন্ন দিতে গিয়া
একটি মাত্র স্লোকে এই বরেন্দ্র মণ্ডলের শিল্পকিরি
উল্লেখ করিয়া বলিয়া গিয়াছেন—"মুকলাপারিত কুওল
কচি মাবিল লাট কান্তি মবনমদলাং "অর্থাৎ বরেল্প
দেশের শিল্পকি কুণ্ডল বা জন্ধদেশের (দাক্ষিণাত্যের)
প্রসিদ্ধ শিল্পকিচিক প্রাভৃত করিয়াছিল, কান্তিতে
লাট বা গুজরাট রাজ্যের কান্তি বা শোভা সম্পদকে
আবিল করিয়া দিয়াছিল এবং অন্ত্রাদেশক অবনত
করিয়া রাখিয়াছিল। ইহা কবির উক্তি, স্থদেশ-প্রেমিক
বারেন্দ্র কবির উক্তি এবং অভিশরোক্তি বলিয়া কথিত
ছইতে পারে; কিন্তু ইহাতে সে সকল ঐতিহানিক
বৃত্তাক্ত কানিতে পারা বার, বহু তাত্রশাসনে ও

শিল্য লিপিতে ভাহার প্রমাণ প্রাপ্ত হওয়। যায়। এডড়িয় বরেক্স অহুদন্ধান সমিতি কর্ত্ত সংগৃহীত অসংখ্য অনিক্যাস্থকর শ্রীমৃর্তির সমাবেশ ও তাহার রচনা-প্রতিভার বৈশিষ্ট্যই লামা তারানাথের উক্তির সার্থকতা দান করিতে পারে। প্যাগসাম্যোনজ্যাং নামক গ্রন্থক উপজীব্য করিয়া বারেন্দ্র শিল্পের অন্তিত্তে সল্লেছ প্রকাশ করিলে ইতিহাদের কটি পাথরে পরীক্ষিত চর্ম সভ্যকে উপেকা করা ভিন্ন ঐতিহাদিক তথ্যের মর্য্যাদা রক্ষিত হটবে না। প্রাচ্য ভারতের স্থাপত্যের ও ভাষ্ণগ্রে প্রভাব অনুধ যবদীপ, কাম্বোডিয়া, বলি প্রভৃতি দীপপুঞ্জের শিল্পকলাকে অনুপ্রাণিত করিয়াছিল, তাহার প্রমাণ ক্রমে **আ**বিজ্বত হইবার **অ**বকাশ লাভ করিতেছে। ব্রেক্স-মণ্ডলে অবস্থিত পাহাচ্পুর মন্দিরের গঠন-প্রণালী ও যবদীপের বরোবছর মন্দিরের গঠন-প্রণালীর সাদৃত্য সুধীবর্গের প্রাণে এক নৃতন উন্মাদনার সৃষ্টি করিবে। প্রস্তরশৃক্ষ বাঙ্গণার সমতলক্ষেত্রে প্রস্তরশিরের অভাদর বালালীর পক্ষে বিশায়জনক বলিয়াই প্রতিভাত হইবার কথা। কতকগুলি কারণে এই অসম্ভব ব্যাপারও খাভাবিক হইয়া দাঁডাইয়াছিল। শিল্পতিভার সঙ্গে উপাদানের সম্বন্ধ আছে। অনেক সময় প্রতিভা উপযক্ত উপাদান নির্বাচন করিয়া লয়, কখনও বা উপাদানই প্রতিভার বিকাশ সাধনের সহায় হইয়া থাকে। ভারতবর্ষের অকান্য প্রদেশে বালুকা-প্রস্তরই উপাদানরূপে নির্বাচিত (sand stone) প্রধান হইয়াছিল। বাদালার ভাস্কর্য্যের উপাদান পৃথক,— ভাহা কষ্টিপাথর (Black chlorite stone) নামে পরিচিত। প্রস্তরহীন বাজলা দেশে বর্তমান যুগের স্থায় শিল্পীর পকে শ্রীমৃর্ত্তি গঠনে মৃত্তিকাই সম্ভবতঃ সর্কপ্রথম উপাদান **ছিল বলিয়া অন্ত্**মিত হয়। বরেক্রে আবিষ্কৃত ক্টিনপ্রস্তরীভূত শিল্পনির মধ্যেও কর্দ্মমূলক কমনীর-তার অভাব নাই। প্রস্তুরীভত কর্ম্ম বলিয়া কঠিন কোম-লের মিল্রপোৎপর শিল্প ধেন অনক্ত সাধারণ সমাবেশ !

ক্রষ্টির বৈশিষ্ট্য

শৌগ্যবীর্য্যের দিক দিয়াও এ প্রদেশের জনসমাজ হীন ছিল না। কাশ্মীররাজ ললিতাদিতা কর্তৃক গৌড়-

রাজের বিশাদ্যাতকতা-পূর্ণ হত্যার কাহিনী উল্লেখনালালাল করের গণের দ্বারা কাশ্মীর রাজ্য আক্রমণ ও তাহাদের প্রতিহিংদার কথা উল্লেখ করিতে গিয়া কবি কংলন মিশ্র গৌড়-অধিবাদীগণের যে সাহসিকতার বিবরণ সঙ্কলিত করিয়া গিয়াছেন তাহাতে পুরাকালে বরেঞ্জবাদীগণের শৌর্থাবীর্থ্যের পরিচয় পাওয়া যায়।

সাহিত্যক্ষেত্রেও বরেন্দ্রবাদীর কুতি থের ও মৌলিকথের প্রমাণাভাব নাই। সাহিত্যে একটি বিশিষ্ট রীভি— গৌড়ি রীভি নামে অভিহিত হইরা আসিতেছে। তাহা ওক্ষোগুণান্তি, সমাদবহুল, মাংদল এবং পদ্ভদ্ব-যুক্ত। ১

এ প্রদেশের কৃষ্টি ও সভ্যতার আদর্শ অভিনৱ ছিল। দেখা যায় যে গৌরবের মূল—ভান নছে—যোগ্যভাই সকল পদম্য্যাদার সকল মূল। দেখিতে পাওয়া যায় যে বরেক্রভূমিতে মহাযান বৌদ্ধ মতের প্রভাবে অস্পুশ্ [হাড়ি ডোম চণ্ডালাদি] জাতি পর্যান্ত সাধন বলে গুরুর পদে আরোহণ করিয়াছিল। পাহাড়পুরে প্রাপ্ত একটি ব্যাধের মৃত্তি অম্পুণা হইলেও ধর্ম ব্যাখ্যা করিতেছে। ইহাতেও আধ্যাত্মিক যোগ্যতা জম্পুশুতা দুর করিয়া ইঞ্চিত প্রকাশ করিতেছে। चार्मारतत्र (नर्म "छनाः भूका छानः" हेशहे वित्रतिन লাভ করিয়াছে। যায় রাজা নিৰ্ব্বাচনে মিলিয়া সকলে যাহাকে রাজা করিয়াছিলেন তিনি ছিলেন বৌদ-मञ्जीशन हिल्लन देवितक चाठांत मन्नम बांचन, मिस-বিগ্রহিকেরা ছিলেন কায়ন্ত, নৌসেনাপতিরা ছিলেন কৈবৰ্ত্ত। বাজভাষা ছিল সংস্কৃত—উচ্চশিক্ষা ছিল সংস্কৃত সাহিত্যের পরিচায়ক।

ধাতৃপট লিপি হইতে জানিতে পারা যায়— "অগাধ জলধিমূল গভীর গর্ভ সরোবর" এবং "কুলাচল ভ্ধর তৃল্য কক্ষ দেবমন্দির" বুপ্রতিষ্ঠার কল্পনাই যেন তৎকালীন অর্থবান জনসমাজের বড় আদর্শ ছিল।

এই কারিকা অনুসারে গৌড়ীরীতি ওলোগুণায়িত। তাহার লক্ষণ "ওলঃ যমানভূমন্ত্র মাংসলং পদভ্যয়ং"।

 ⁽১) ওজঃ প্রদাদমাধুর্যাগুণ্ডিতয় ভেদতঃ।
 গৌড়বৈদর্ভপাঞ্চালরীতয়ঃ পরিকীর্বিতাঃ ।

⁽२) বাণগড়লিপি।

রাজ্বানীর বর্ণনার দেখিতে পাওরা যার—"অগণিত হন্তী অখ পদাতি সৈয় ও নৌবলের পরিচর প্রদান করিতেছে। রাজা কিরপ লোকপ্রির ছিলেন তাহা অভাবিধ "মহীপালের গীত" এই প্রবাদ বাক্যেই—প্রাচীন লিপির সাক্ষ্য ব্যতীত ভাহার শ্বৃতি অভাবিধ বিজ্ঞান্ত রহিয়াছে। রাজকোষ প্রজাবর্ণের জন্ম উন্তল—"ম্বয়ন্ অপহত বিত্তানার্থিনো বো অস্থমেনে ড; অর্থাৎ তথন রাজমন্ত্রী বাচকগণকে বাচক মনে করিতেন না—পরভ্ত মনে করিতেন তাহার হারা অপহতবিত্ত হইয়াই তাহারা বাচক হইয়া পড়িয়াছে। এই সকল পরিচয়ই দেশের লোকের সভ্যতা ও কৃষ্টির অল্যান্ত পরিচয়।

বরেন্দ্রভূমির দুংঃ গরিমা উদ্ধার করিতে ও বরেন্দ্র

(৩) গ**রু**ডস্তম্ভলিপি।

ভূমির বিলুপ কাহিনী সকলিত করিরা প্রকৃত ইতিহাস প্রণারন করিতে হইলে এই সকল স্থৃতি-নিদর্শনের আশ্রুত লইতে হইবে। বালালার তথা বরেক্ত্রের পুরাকীন্তি-নিদর্শন এখন ও মৃত্তিকার অন্তরালে নানা স্থানে বিক্লিপ্র ভাবে পড়িরা রহিরাছে। বরেক্ত দেশের কথা বরেক্ত্র-বাসীর নিকট এখনও তাহার সত্য মৃত্তিতে আবিভূতি হয় নাই। এখনও বরেক্রবাসিগণ তাহার প্রক্তর আত্মশক্তিতে আহা স্থাপন করিতে পারে নাই। এখনও এ দেশের কথা সভ্য জনসমাজের নিকট উপেক্ষিত বা অবক্সাত।

বরেক্রভ্মির পুরাকীর্তি—বাণগড়, মহাস্থান জগদল, বিহারেল, বামাবভিনগর প্রভৃতি অসংখ্য প্রাচীন কীর্তি উদ্যাটিত হইলে এ প্রদেশের অতীত গৌরব পুনকজীবিত হইতে পারিবে।

প্রতিশোধ

শ্রীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় এম্-এ, বি-এল্

বেহারের এক বড় সহরে শান্ত শীতল পৃথিবীর বুকে
নবোদিত সুর্ব্যের কনক কিরণ ছড়িরে পড়েছিল।
চুর্দ্ধান্ত শীতের সকালে সে বতথানি আলো দিয়েছিল,
ততথানি তাপ দিতে পারে নি। শিশিরে ভেজা গাছের
মাধা থেকে টপ্টপ্করে শিশিরবিন্দু পডছিল,—মাঠের
ওপর সব্জ খাস আগাগোড়া ভেজা। নিজা-ক্লান্ত নগরী
সবেমাত্র জাগতে সুক্করেছে—পরম নিশ্চিন্তের জাগরণ,
ধীর, মহর। আচলা ধরিত্রীর আচরণে কোনও দিন
সল্লেহ হ্বার অবকাশ হয়নি তার অগাধ ধৈর্য্য সম্বন্ধে,
—কালও যেমন তার কঠিন বক্ষের ওপর মাত্র্য
নিঃসন্দেহে ঘর বেঁধে ভার দৈনন্দিন জীবন-যাত্রা
চালিরেছে, আজও ভেমনি নিঃশঙ্ক জীবন-যাত্রার পথে
নির্ভির জাগরণ!

শিষ্টশরণ, কনেইবলদের সন্ধার। তার পাহার। গেছে রাভ একট। অবধি, তার পর ঘুমিরে এই মাত্র উঠেছে। পুর-মুখো কলেইবলদের ব্যারাকে বসে সে প্রাতঃস্থ্যকে ফুই-হাত বোড় করে প্রথাম করে, একটা মোটা দীতন নিষে লোটা হাতে ক'রে, প্রাতঃক্তা সমাপ্ত করবার জক বেরোজিল,—ইজ্বা একেবারে গদাসান করে ফিরবে। মূথে "রাম-রাম দিয়া-রাম, ভকত-বৎদল সিয়া রাম",— থড়ম পরা একটা পা বারান্দায়, অমপর পা দিঁড়িতে, এমন সময় দে কার অবে চমকে দাঁড়াল।

রাম-ভজন সিং ভালের গাঁরের ! এ সময় এখানে ! রাম-ভজন বলে বলে-গা।

শিউশরণ মাধার হাত ঠেকিরে প্রত্যক্তিবালন করলে, রাম রাম ভাইরা, কুশল-মকল। রাম-ভঞ্জন ছিপ্ছিপে সুগঠিত স্কর-দর্শন যুবক। বল্লে, হ্যা কুশল।

শিউ-শরণ লোটা রেথে রাম-ভন্সনের হাত ধরলে। বল্লে, এসো, ওপরে এসো। কিন্তু হঠাৎ এত-দূরে এখানে বে ! গড়বড় কিছু নম ত।

রাম-ভজন মিষ্টি হেদে বল্লে, না, গড়বড় কিছু নয়। শিউ-শরণ বল্লে, ভবে হঠাৎ ভাইয়ার আগমন হ'ল যে! একটা খবর পর্যাস্ত নেই—

রাম-ভন্তন হাদলে, বলে, কেন আসতে নেই বি?

ভোমরা স্বাই রয়েছ আপনার লোক, একবার যদি আসি-ই ভাতে দোষটা কি ?

শিউ-শরণও খুব হাসলে, বল্লে, দোষ! না দোষ জিদের ?— জনাভ্মি থেকে এত দ্বে পড়ে আছি আমরা, মানে মাঝে ভাই ভাইয়ারা যদি আমাদের এমনি করে লারণ করে দেবা দেন ভ' দে ত' আমাদের প্রম আনন্দের কথা।

ব'লে একটা কম্বল টেনে নিয়ে শিউ শর্থ ব্যল, রাম-ভন্তনকেও বসালে।

রাম-ভঞ্জন বল্লে, তুমি যাচ্ছিলে বোধ করি আলান করতে, দেরী হয়ে যাবে না ?

শিউ-শরণ বল্লে, তা হ'ক। রোজ ত' রাম-ভজন ভাইরা আসহে না। আছে, ভজন, আমাদের জ্ঞানিবের ছেলে সেই যে ভ্গছিল, অনেক ধরচ-পত্র করে পাহাড়ে গেল. তার ধবর ?

ভব্দন বল্লে, সে ত' মারা গেছে আৰু তিন মাস '

শুনে শিউ-শরণ তালু আর জিহনায় একটা শদ করে
শোক প্রকাশ করলে। বল্লে, তগদিরে না থাকলে কেউ
কিছু করতে পারে না। আহা স্থানর ছেলেটি, যেমন
দেখতে তেমনি লেখা-পড়ার। ভগবানের মজ্জি।
আর গোবিন্দ চাচার খবর ?

ভঞ্জন বল্পে, চাচা চারোধাম তীরথ করে ফিরেছেন, কিন্তু তাঁর আরু সংসারে থাকবার ইচ্ছে নেই, বোধ হয় শাঘ্রই পাহাড-টাহাড়ে চলে যাবেন।

শিউ-শরণ বল্লে, আর সব ধবর ভাল গাঁও-বরের ?
ভক্ষন বল্লে, ভাল—সব ভাল ৷ আরও একটা মস্ত
ধবর ভাইয়া ৷ পার্বতীর দেখা পেয়েছি !

শিউশরণ চমকে উঠল, বল্লে, পার্ব্বভীর ? কোথায়, কেমন আছে সে ?

রাম-ভন্ধন চূপ্করে বসে রইল থানিকটা,—মুথ দিরে কথা বেরোতে চার না। তার চোথ দিরে যেন আরি-কৃলিক বেরোতে লাগল। আকাশের দিকে থানিকটা তাক্ষিরে থেকে বলে, আক্ষীরে, ক্বন্থ

শিউশ্বণ তার দিকে একদৃষ্টে চেরে রৈল। রাম-ভঞ্জন বল্লে, সারা ছনিরা তাকে থুঁজে ফিরেছি, কোণাও দন্ধান পাওয়া যায়না, এমনি করে লুকিয়ে রেথেছিল।

এ একটা মন্ত বেদনার কাহিনী। রামভন্ধন, ও
শিউপরণ উত্তর-পশ্চিমের এক গ্রামের লোক। শিউশরণ বেহারে পুলিশের চাকুরী নিয়েছে কয়েক বৎসর
আগে; রাম-ভল্পনের আবল। ভাল,—চাব-বাস কেতথামার প্রচুর। রাম-ভল্পনের বাপ মা মারা যাবার সময়,
ভার হাতে ভার বিদ্বা বোন পার্বাভীকে দিয়ে যান,
তাঁদের পা ছুঁয়ে সে প্রতিজ্ঞা করে যে নিজের জী—
জানের সমান করে সে বহিনকে মায়্র করবে।
করছিলও ভাই। পার্বাভীরই মত দেখতে এবং স্বভাবে
ফুলর এই বোনটির জ্জ সে ছ্নিয়ায় না করতে পারত
এমন কায় নেই। স্লেহের স্থকোমল নীড়ে ছুই ভাই
বোন বেড়ে উঠছিল, পরম নিশ্চিক্তে—কোথাও বাধা
নেই, বিয় নেই।

এমন সময় বিনা মেণে বজ্ঞাবাত। একদিন সকালে উঠে পার্কানীকে খুঁজে পাওয়া গেল না। সমস্ত দিন আতি-পাতি করে খুঁজেও যথন তাকে পাওয়া গেল না, তথন রাম-ভজন ব্রতে পারলে যে, তার আশ্রণ্য রূপ হয়েছে তার কাল। সে নিশ্বরুই কোন নরপশুর কবলে পড়েছে। তার সরলতা, তার কোমল স্থভাবের স্বযোগ নিয়ে কোন পিশাচ তার সর্কাশ করেছে। তা নইলে পার্কানী তার স্বথের গৃহ-কোন থেকে, তার ভাইয়ের স্লেহ-বন্ধনের মধ্য থেকে কিছুতেই যেতে পারে না। এ নিশ্বয়ই একটা মন্ত বড় চক্রে, প্রকাণ্ড প্রলোভন।

পরের দিন সকালে রাম-ভব্দন তার ভাইকে ডাকলে। বল্লে, ক্ষেত্ত-থামার টাকা-কড়ি রইল ডোমার জিলায়। আমি চল্লাম পার্কভীকে খুঁজে বার করতে। যতদিন না পাই ফিরবো না।

ভাই চুপ করে রইল।

রাম-ভন্ধন বলে, সে যদি বেঁচে থাকে ত' আমি তাকে বার করবই, যেথানেই থাকুক না সে।

এইবার ভাই কথা কইলে। বলে, খুঁজেও বলি পাও তাকে, ত' কি হবে ? তাকে ত' আর নেওরা চলবে না। রাম-ভন্তন চোথ ব্ঝে থানিকটা ভাবলে। তার বোজা ছই চোথের পাশ দিয়ে জল গড়িয়ে পড়ল। বয়ে,
চলবে। ছনিয়া যদি না নিতে চায়—তব্ও আমি
নোবো। তাতে একা থাকতে হয়, সেও ভাল।
আমার সেই ছোট বোনটি, মা-বাবার নিজের হাতে
গড়ে দেওয়া বোন। তুই ব্যবি না,—চলবে, আলবৎ
চলবে।

ৰলে' সে বৃক্ষের নিভৃত স্থানে একটা ধারালো ছোরা নিয়ে বেরিয়ে পড়ল, বল্লে, আমার জক্তে ভাবিদ নে তুই।

আট মাস ঘূরে ঘূরে দেখা মিল্লো আঞ্মীরে।
ক্রপোপজীবিনীদের পলীতে একটা ছোট মাটির ঘরে
থাকে, দাসী-বৃত্তি করে দিন কাটার। ভদ্র-বরে কায
দের না, ভাই এদেরই দাসীর কাম করে। প্রারশ্চিন্তের
আগতনে পুড়ে দেহ হয়েছে কালো, সেরপ ছাই হয়ে
গেছে। চিনিরে দের আগতোকার সেই চোধ ঘূটি।

সন্ধান পেরে রাম-ভজন যথন পৌছল তথন স্ক্যা-বেলা। দেখলে মাটির ঢাবার একটা কেরোসিনের ডিবে নিরে তন্মর হয়ে পার্বতী পড়ছে তুলসী-দাসের রামারণ। পিঠের ওপর কালো এলো চুল—ছই চোখে স্ক্রা

রাম-ভঞ্জন যথন বলে, পার্কানী এসেছি, তথন চমকে উঠে পার্কানী ভার দিকে চেয়ে রৈল একদৃষ্টে, যেন ভৃষ্ণার্ভ দেখতে পেয়েছে শীতল জলের অগাধ সরোবর। হাসলে না, কাঁদলে না, কোনও কথা কইলে না। দ্র থেকে গড় করে প্রণাম ক'রে, ভাকে বসতে দিলে।

রাম-ভক্ষন বল্লে, তুনিয়ায় এমন জায়গা নেই, দেখানে তোকে খুঁ জি নি। একটা চিঠি দিতে পারিস নি বোকা।

পাৰ্বভী খাড় নেড়ে জানালে-না।

রামভন্ধন বল্লে, আনাকে দেখে আক্র্য্য হয়েছিদ্ ধ্ব, না ?

পাৰ্ক্ষতী বলে, না। আমি জানতাম তুমি আসবেই। তারই প্রতীকার কাটিয়েছি রোজ।

রামভজন কথাটা **উ**ল্টে নিলে। বল্লে, কিছু খেভে দে বহিন। কিদে পেয়েছে।

পাৰ্ব্বতী কাঠের মত বলে রইল। বল্লে, রাতে আমি কিছু থাইলে দাদা। তুমি বরং বাজার থেকে খেরে এসো।

ভদনের করে কারা ঠেলে উঠতে লাগল—কটে দ্মন করলে। নিজেকে একেবারে বিচ্ছিল করে কেলতে চাল এই হতভাগিনী। গলা উঁচু করে দেখে বলে, ওই ভ রলেছে মুড়ি, বাং— এইতেই আমার চের হবে।

বলে মৃড়ির পাত্রট। আনতে যাই রামভজন উঠল, অমনি পার্বতী ছিন্ন-লতার মত তার ছই পা জড়িয়ে কেঁদে উঠল বল্লে, ও তুমি ছুঁতে পাবে না দাদা, আমার টোওয়া থাবার কিছুতেই চলবে না, আমি কুন্তা, কুন্তা!

রামভলনের ছই চোপ ফেটে জ্বল এলো, সে বদে পড়ে পার্কতীর মাথার হাত ব্লাতে লাগল, বলতে লাগল, তুই আমার সেই বছিন পার্কতী, আর কেউ নোদ্, কেউ নোদ্।

তুই ভাই বোনে অনেক রাত্রি অবধি কথা হ'ল।
কেমন করে সে পিশাচের কবলে পড়ল, কি প্রবঞ্চনা,
কি শঠতার ফেরে, তার পর কি করে এথানে এলো,
কেমন করে দিবরোত্র সে ভাই-এর সঙ্গে দেখা হবার
একমাত্র কামনা নিয়ে বেঁচে আছে, এই সব কথা। সে
পিশাত তাদেরই গ্রামের লোক এবং তারই পরিচিত বন্ধু।
শুনে ভল্পনের সমস্ত দেহের রক্ত যেন উপবগ করে ফুটতে
লাগল, বুকের মধ্যে রক্ষিত সেই ছোরার ওপর একটা
কঠিন চাপ দিয়ে সে নিজেকে সংযত করলে।

शार्क्क वे वरहा, अब 'वनना' त्नरव ना नाना ?

রামভঞ্জন হো—হো করে হেসে উঠল। সে হাসি বেন থামতে চার না,—দীর্ঘ দীর্ঘ হাসি, উচ্চ উচ্চতর। ঘরের সীমা ছাড়িরে আকাশে তার কঠিন ধ্বনি বেজে উঠতে লাগল।

বলে, তা আবার বলতে হবে পার্কতি। সেই ত' আমার জীবনের প্রত। দেখতে পাঞ্চিল না, বলে বুকের আড়াল থেকে সেই ঝুক্-ঝুকে ছোরার অগ্রভাগ-টুকু দেখালে।

পার্বিতীর মৃথ উজ্জ্ব হ'ল। নিজের শাড়ীর রাখা-পাড় ছিঁড়ে ভাই-এর দক্ষিণ-হল্তে বেঁধে দিরে বল্লে, এই নাও আমার রাখী, আমার সমন্ত কামনা, সমন্ত জীবন রৈল ওতে।

রাম-ভজন হাসলে, বল্লে, বেশ, ওবে চলো আমার সংক্ কাল। আমরা তুজনে থাকুব, সেই আংগেকার মত, নিশ্চিন্তে, পরম আনন্দে। আর বদি কেউ থাকতে না চার, ত না থাকুক,--আমরা ছই ভাই-বহিনে মিলে আমাদের পূথক অর্গ গড়ব তলে।

পার্ব্যতীও হাসলে, বল্লে, ভাই হবে দাদা, ভোমার ইক্ষা যথন।

সকালবেলা উ:ঠ পার্বতী নিজের হাতে রেঁধে ভাইকে গাওয়ালে পরিতপ্ত ক'রে। রাত্রে ভাল থাওয়া হয় নি।

রাম-ভন্ধন বল্লে, আমি ছু'ঘণ্টার মধ্যে ফিরে আগব;
—তুই তোমের হয়ে নে, আজ বিকালের গাড়ীতেই
র ওনা হব, বুঝলি পার্কতি ?

পাৰ্শ্বতী থ্ৰ হাসতে লাগল টেনে টেনে—বংল, রওনা ১তে হবে, তা আর ব্ঝিনি? কিন্তু তৃমি তার পরের কথাটা ভুলোনা ধেন।

রামভব্দন বল্লে, কিছুতেই না।

তিন ঘণ্টা পরে ফিরে এবে রাম-ভন্ধন ডাকলে, পার্মতি, পার্মবিতি!

দাড়া নেই।

धक् करत्र डिठेन दुक्छ।।

বারান্দার পাশে ছোট কুটুরীটা বন্ধ-ঠেল্লে গোলেনা। অবশেষে দরজা ভাকতে হ'ল।

রাম-ভঙ্কন দেখে শিউরে উঠল। পার্কাতী নিংশক, নিম্পান ভয়ে আনছে। কপালে হাত দিয়ে অঞ্ভব হ'ল মত্য-শীতল।

পালে নিংশেষিত বিষেৱ কোটা।

রামভজন আনেককণ ঝুঁকে দেখলে, যেন উপলন্ধি করতে পারছে না। তার পর সোজা হরে দাড়িয়ে একটা দীগনিংখাস নিতে নিতে হাহাকার করে উঠল।

د

শিউশরণ জিজাদা করলে, আজমীরে ? আজমীরে দেকি করছিল ?

রাম-ভন্ধন থানিকটা আকাশের দিকে চেরে চুপ্ করে রইল। তার পর বলে, আমার প্রতীক্ষার আজমীরে সে কোনও রকম করে দিন কাটাচ্ছিল—কটা দিন মাএ। দাসীবৃত্তি করত। যে ক্তাটা তার এই হাল করেছিল, সে ভাকে আজমীরে ফেলে পালিয়েছিল—

শিউ-শরণ রাম-ভব্দনের দিকে সুঁকে পড়ে জিজ্ঞানা করলে, কে সে গু

রাম-ভজন হেসে উঠল, কিন্তু তার সে হাসি ঠিক যেন কারার মত বোধ হতে লাগল। বল্লে, সে কুন্তা আমাদের গাঁদেররই ভাইরা। এখন ভল্লে পালিরে চলে এসেছে গাঁ ছেড়ে। আছে ধুব কাছাকাছি—এমন কি খবর পেলাম এইখানে!

শিউ-শরণ বিম্মিত হয়ে বল্লে, এই-খানে ? কে সে রাম-ভজন ?

রাম-ভজন তেমনি করে হাসতে লাগল। বল্লে, তার সন্ধান মিলবেই। কিন্তু পার্বাতী আর নেই ভাইরা। সে টক্টকে এই রাখী বেঁধে দিলে আমার হাতে। তার পর বিষ থেষে চলে গেছে রাম-জীর চরণ-প্রাক্তে।

বলে' সে তার হাতের বাজুখুলে দেখালে সেই রালা রাখী!

শিউ-শ্রণ চমকে উঠে দেখলে সকালে নবীন স্থায়ের আলোকে সেই রাখী যেন জলছে—ভাঙ্গা রক্তের মন্ত লাল:

শিউশরণ থানিকক্ষণ নিজের কাঁচা-পাকা চুলের মধ্যে আসুল চালিয়ে চালিয়ে ভাবতে লাগল। ভার পর বল্লে, ভাল কর নি ভক্ষন এই সময়ে ঘর ছেড়ে এসে। মনটা এখন রয়েছে চঞ্চল। মনকে শাস্ত করা ত উচিত।

ভঞ্জন হাদলে, বল্লে, মন আমার কিছুমাত্র চঞ্চল নেই ভাইয়া, একে বাবের দৃঢ়, হির-নিশ্চয়। এই রাধী না খুলে ঘরে ফিরছি না।

বলে দে যাই উঠে দাড়াতে যাবে, অমনি পাশ থেকে কার ছায়া দেখা গেল।

ছু'ব্রুনেই চেরে দেখলে ইউনিফর্ম পরা মোহন। সে প্যারেড থেকে ফিরছে।

ওদেরই গাঁরের লোক! মাসকতক ভর্তি হয়েছে পুলিলে, এখনও ঘাস-বিছালির' পালা চলছে।

রাম-ভক্তনকে দেখে মোহন দাঁড়িয়ে রইণ একেবারে পাথরের মতন, মুথ থেকে সমল্ভ সন্ধীবতা চ'লে গিরে দেখাতে লাগল ঠিক যেন মড়ার মত পাঁশুটে!

বাঘ বেমন শীকার দেখলে লাফিয়ে ওঠে—তেমনি কিপ্র লক্ষে গাঁড়িয়ে উঠে রামভঙ্গন হঠাৎ আপনাকে সংযত করে, শিউপরণকে নিঃশব্ধ অভিবাদন ক'রে, সি^{*}ড়ি বেয়ে জুছগভিতে নীচে নেমে গেল।

, থানিক পরে চমক ভেজে শিউশরণ ডাকলে, ভঙ্কন— রামভঙ্কন। কিন্তু রামভঙ্কন তথন আরু নেই।

শিষ্টশরণ চূপ্করে বাইরের দিকে চেয়ে বংস রইল এবং মোহন কাঠের মত সেইখানেই দাঁডিয়ে রৈল।

অনেকজণ কেটে গেল। মোহন কথা কইলে। বল্লে হঠাৎ ভজন এদেচে যে।

শিউশরণ ভার লোটাটা ধরবার চেটা করছিল, পারছিল না এম'ন ধর-থর করে কাঁপছিল ভার হাত। জবাবে বল্লে, ঠিক জানি না, জিজ্ঞাসা করেছিলাম, বলে এর কারণ জানভে পারবে মোহনের কাছে। বলে, সেউঠে দাঁড়িয়ে কথা-মাত্তর অপেকানা করে চলে গেল। মোহন দাঁড়িয়ে বৈল কাঠের পুতুলের মত।

S

সহরের এক প্রাক্তে এক দেশী হোটেল! সামনে প্রাকার্ডে বড় বড় দেবনাগরী অক্ষরে লেখা পবিত্র হোটেল'। বাড়ীখানি পঞ্চাশ বৎসরের কম নয়; ভেডরের ঘর পাকা; বারান্দা খাপড়ার। বাইরের রং শেওলা পড়ে কালো; কিন্তু তাতে কারুরই আটকার না,—না হোটেলওরালার, না যারা খেতে আবে তাদের। হোটেলে থাওরা ত' চলেই,—পরসা দিলে থাকতেও পাওয়া যার।

রামভজন হোটেলওয়ালার কাছ থেকে একটা ঘর ভাড়া নিলে, আপাতত: তিন দিনের জয়। ছোট অফুকার ঘর.—কিজুকাজ চলে যায়।

খাওয়া-দাওয়া করে উঠতে বেলা একটা বেজে গেল। রাত্রে গাড়ীতে ছিল বেজার ভীড়, একটুও ঘুম হয় নি, স্তরাং আপেনার দরে গিয়ে শুতেই রামভজন ঘুমিয়ে পড়ল অগাধে।

খড়িতে সওয়া তৃটো; রামভন্সন গভীর মিন্তিত। ছুনিরা চলছে নিধ্নমিত; ব্যবসাদার ব্যবসায়ে লিগু, উকীল করছে ওকালতি, হাকিম হাকিমি, মজুর মজুরী, নিঃশন্ম নিশ্চিন্ত চিন্তে,—কোথাও বে কোনও প্রকারে বাধা ঘটতে পারে তার সন্দেহ মাত্রর কারণ নেই। এমন সময় ধরিতীর কোন্ অভয়তম প্রেদেশ থেকে গভীর ভাক-ভক ধনি উঠল জেগে!

তার সঙ্গে সঙ্গে, ভীত্র কম্পন,—ভূমি-কম্প !

CHIO (पान-CH-CHIO) मत्न इ'एक जांशन মাটির পাংলা শুরটুকুমাত্র অবলিষ্টরয়েছে; ঠিক ভার নীচেই ধরিত্রীর আংশ্চর্য্য রহক্ষমর অভ্যক্তর সমুদ্রের ঢেউএর মত তলে ছলে ফুঁকে ফুঁকে উঠছে—কথনও পূর্বে, কথনও পশ্চিমে, কখনও উত্তরে, কখনও দক্ষিণ্ কথনও ওপরে, কখনও নীচে, কখনও বৃত্তে, কখনও लारकः। ८म-८माल, ८म-८माल,-- महस्र नीर्व वास्त्रकि (यन আর হুর্তর পৃথিবীর বোঝা বইতে পারচে না, তাই আঞ হঠাৎ তার ফণা উঠল ছলে—আৰু নটবাজের প্রভন্ত ভাওৰ জাগল কোন কৈলাস-ভমে, কোন মন্দাকিনীর পারে: আর দেই তীত্র তাওবের চেউ এদে পৃথিবীর বুকে লেগে ভাকে নাচিয়ে তুল্লে। এমন নাচলে, সূৰ্য্য-কিরণ-থচিত বিরাট নীল আকাশের তলে, যে-মনে হ'তে লাগল এ নাচন আর থামবে না, এ চলবে যুগ-যুগান্তর ধরে, সময়ের সীমার পার পর্যান্ত, যতদিন পর্যান্ত না সমস্ত স্বাষ্টি নট-রাজের উল্লপ্ত চরণ-ক্ষেপে চূর্ণ-বিচূর্ণ হয়ে ধুলার মত উড়ে প্রলয়-লুপ্ত হয়ে যায়।

একটা বিরাট সময়ের আর্থ্ড ক্রন্দন উঠল জেগে নিঃসহায় নর-নারীর অস্তত্তল ভেদ করে উ:জ আকাশের পানে। চারিদিকে হাহাকার, কিপ্তের মত স্বাই বেরিয়ে এল মুক্ত আকাশের তলে,—;চাথে উদ্ভ্রাস্ত ভীতির দৃষ্টি। তাদের ঘরের মত পড়তে লাগল বংসরের পর বংসর ধরে স্বত্বে প্রভে-ভোলা ঘর-বাড়ী, তাদের ঠোকা-ঠকি আর পড়ার শব্দ বিরাট দৈত্যের কঠিন শুদ্ধ উপহাদের মত খটু খটু ক'রে বাজতে লাগল চারিদিকময়, চুণীকুড গৃহ থেকে উৎক্ষিপ্ত ধুলাবালি মুহূর্ত্তে আকাশকে করে দিলে বোলাটে। সমকটো মিলে এমন একটা অবস্থা হয়ে দাঁড়াল যাতে প্রত্যেকেরই মনে হতে লাগল যে স্প্রি শেষের পতনশীল কালো ভারী ধবনিকার প্রান্ত**ট্**র চোধের সামলে নেষে এসেছে, আর বোধ হয় এক-আধ মুহুর্তেই কুর্যা, চন্দ্র, গ্রহ, ভারকারা ছিভে পড়ে পৃথিবীকে দেবে দারুণ সংঘর্ষের আঘাত এবং তার পর সবগুলো মিলে তাল পাকিয়ে চলতে উভাগতিতে কোন্ মহা-প্রালয়ের তৃদিন্তি অস্কাকারের কাসীম ভয়গ্ধর প্রংস-

বছ লোক পড়ল পতনশীল বাড়ীর নীচে চাপা।
সাহাব্যের অক্ত ভাদের আঠ হাহাকারে এবং আঘাতের
চীংকারে ভ'রে উঠল দিখিদিক। যারা বেরিয়ে এদেছিল,
ভাদের মধ্যে কেউ কেউ কাতর খরে ডাকতে লাগল
আঞ্জ এই ছাদিনে মনে-পড়া দিন-ছনিয়ার মালিককে।
কেউ কাঁদতে লাগল বালকের মত করুণ ক্রদনে।

রামভন্ধনের গভীর নিজা ভাকতে দেরী হ'ল।

থখন সে উঠল তথন এই অভ্ত-পূর্ব্ব ব্যাপারে কিংকর্ত্ব্য
বিন্তৃ হয়ে গেল। তার পর যথন এর গুরুত্ব ভ্রন্থক্ষম

করলে তথন আর উপার নেই। সেই জীর্ণ গৃহ ভেকে

চরমার হ'রে গেছে। দেওরাল পড়ে ত্য়ার রুদ্ধ। ওপরের

দিকে চেরে দেখলে ছাভ ভেকে পড়ছে। সে হাঁটু

থেড়ে বসে তুই হাভ দিরে পতনশীল ছাত আটকাবার

ভলে প্রস্তুত হয়ে চীংকার করে উঠল, ভগবান, এতেও

আমার হৃঃথ নেই,—শুরু একটা দিন বাচতে দেও, একটা

দিন, এমন করে আবদ্ধ হ'রে—ভার পরই মাথার ওপর

থেকে ছাত এবং পাশের থেকে দেওয়াল প'ড়ে ভাকে

মুগুর্জে চুর্ণ করে দিলে।

ধীরে ধীরে কম্পন গেল থেমে। দাবানলে সমন্ত জন্ম পুড়ে গেলে জানোয়ারদের যেমন ভাব হয়, ভেমনি উদ্দান্ত উন্মত্তের মত জীবিত বা পরস্পরের দিকে চাওয়া-চাওয়ি করতে লাগল।

8

কোন্ উদ্লাক্ত নৃত্যশীল নটরাজের মিনিট করেকের থেয়ালে তুর্বল মাত্রের শতাকীর স্যত্র রচনা হয়ে গেল শেষ, পাঁচ মিনিট আবেগকার সমূদ্ধ নগরী হয়ে গেল শুশান।

এক দিক থেকে আর এক দিক পর্যন্ত যতদ্র চোথ বার,—ভর্মন্ত পের পর ভর্মন্ত প; ইট, কাঠ, বালি, স্থরকি, চ্পের সম্ত্র। ধনীর বিলাস-মন্দির ধ্লার গড়াগড়ি,—পরিবারের হয় ৬' সকলেই, নয় ভ অধিকাংশ ন্থের নীচে সমাহিত। সমাধির নীচে ধারা এথনও বিচে আছে ভারা চীৎকার করছে সাহাধ্যের জয়,

উদারের জন্ত,—কিন্তু কে করে সাহায্য, কে করে উদার;—বিপদের ভীব্রতা, মাধ্বকে করে দিয়েছে উদ্যান্ত, উন্মাদ।

হই তিন ঘণ্টা এমনি চলে গেল। ধ্বংস্প্রাপ্ত নগরীর বৃক থেকে উঠতে লাগল আর্ত ক্রন্ন, হা-হতাল, এবং মুম্থ্রি গোঙানি। সমস্তটা পরিণত হ'রেছে যেন একটা মহাশালানে।

আজ হয় ত' বেনী কিছু হওয়া সপ্তব নয়, কিন্তু সন্ধ্যা হয়ে আসছে, রাত্রে রক্ষা করতে হবে এই নগরীকে, যার ভন্মত্পের মধ্যে কোটি কোটি টাকা সমাহিত হয়ে পড়েছে। যারা আহত হয়ে বেঁচে আছে ভূপের বাইরে, তাদের চিকিৎসার ব্যবস্থা করতে হবে, যে জীবিতরা আশ্রহীন হল আজ এই অভি শীতল মাবের রাত্রে, তাদের বাঁচবার উপার করতে হবে।

ম্যাজিট্রেট সাহেব, যে কয়জন কর্মক্ষম ছিল, তাদের ডেকে কাজ ভাগ করে দিলেন। সমস্ত সহরে হতটুকু সাধ্য পাহারার বন্দোবস্ত হ'ল—সেই সঙ্গে সঙ্গে সম্ভব হলে সমাহিতের উদ্ধার।

সহরের আলোর ব্যবস্থা হয়ে গেছে ধবংস। সন্ধ্যার পর গভীর জমাট অন্ধকার নেমে এল এই মহাশ্মশানের ওপর একটা প্রকাণ্ড কালো দৈভ্যের মত! বেত্তাহত বালকের মত এই নগরী রইল পড়ে মৌন মৃক হয়ে, শুধু মাঝে মাঝে জেগে উঠতে লাগল মর্ঘডেদী গোডানির মত আহতের ক্রন্দন, মুমুর্র চীৎকার!

যে জারগাটা ছিল বাজার, সেইথানে পড়েছে মোহনের পাহারা। একটা বুল্দ-আই লঠন সম্বল, হাতে একটা লাঠি। চারিদিক অন্ধকার, মাহ্ম লক্ষ্য হয় না। অন্ধকারের এই প্রেতপুরীর মধ্যে একা প্রেতের মত দাড়িরে থাকা। কঠে গান আসে না, শুধু মাঝে মাঝে রামজীর নাম বুকের মধ্য থেকে কোনও রক্ষ করে কোন কৈপে কেলৈও বেরাছে।

কত রাত্রি হয়েছে তারও আন্দার্জ্ব পাওয়া কঠিন, দেশের পেটা ঘড়ি বাজে মা।

প্রতিও শীতের কমকনে হাওয়ায় বুক উঠছে ওরু ওরু করে। মোটা ওভার-কোটেও শীত নিবারণ হয় না। বাইরের শীতের চেয়ে ভেতরের শীতলতা স্থারও বেশী। কাঁপুনি যথন আংদে তথন কিছুতেই থামতে চায় না--- নারা দেহ কাঁপতে থাকে ঠক্ ঠক্ ক'রে আনবরত।

মনে হচ্ছে যেন মাছবের বাস গিয়েছে উঠে—ভার জারগার স্থক হয়েছে প্রেতের জাসর। বিরাট কামনা, প্রেচণ্ড বাসনা নিয়ে যারা সহসা গেল দিনের জালোয় ভয়-য়ৢপের নীচে, ভাদের বিদায় নেওয়া যেন এখনও শেষ হয় নি, ভারা যেন বেরোলো জাবার এই স্চিভেছ জ্বকারের মাঝ-খানে, ভাদের জ্বরীরী জীবন-প্রোভ যেন স্থক হয়ে গেল, ভাকে ঘিরে ভারি য়ব কাছে, জ্বাশে—পাশে, এমন কি ভার গায়ে যেঁদ দিয়ে!

মনে হ'ল কার পদশক। চমকে উঠে মোহন তার ন্তিমিত লগ্ন ভয়ে ভয়ে ফেললে দেই দিকে। দেই আলোয় একটা ভালা দেওয়ালের চুণ-কাম করা অংশ যেন বিল্লি পাটি দাঁত বার করে নিঃশকে উপহাস করলে তাকে।

ভন্ন পেয়ে ফিরিয়ে নিলে লর্গন আর এক দিকে।

মনে হ'ল কারা যেন সব চুপি-চুপি কথা করে ফিরছে,—ভার দেহের ঠিক পাশ থেকে হুক করে দ্র—
দ্র পর্যান্ত, সেই যেথানে আকাশের কোলে গিয়ে মিশেছে ধরিত্রী। ফিস্ ফিস্ ফিস্,—চাপা ফিস্ফিসানীর শব্দ যেন একটা অবিচ্ছিল সেতু বানিয়ে দিয়েছে এ পার থেকে পরপারে!

কাদের যেন আর্থ্য দীর্ঘাদের শব্দ শোনা যেতে লাগল ঠিক কাণের কাছে, তার হাওয়ার স্পর্শ লাগতে লাগল ছই কাণে! মোহন জোর করে ছই কাণ চেপেধরলে তার ছই হাতে! কিছে তবু বিরাম নেই, তবু দেই তথা দীর্ঘাদ।

বহু দ্র হতে, হাজার ঝাউ-গাছের মধ্যে দিয়ে বওরা ঠাণ্ডা বাতাস যেন লক্ষ কর্ণের গোঙানীর মত শোনাতে লাগল, যেন পৃথিবীর বৃকের সকল অশরীরীরা আজ এক-জোটে কাদতে বদেছে।

হঠাৎ কুকুরের ডাকে মনে হয় ও থেন কুকুর নয়। দ্রে কেউ এর ডাক শুনে মনে হয় বিখের রক্ত-লাল্সা আঞ্চ মুঠ্ড হয়ে এসেছে শোণিতের সন্ধানে!

বেড়াতে ভর করে, গাড়িয়ে থাকলে কাঁপুনি আসে,

রাস্তায় পড়া একটা ভগ্নস্তুপের ওপর মোহন ব'সে পড়ন চোথ বুলে,—মোটা লাঠির ওপর ভার মাথা রেখে।

¢

হঠাৎ শ্বীণ কঠের আর্ত্ত আওয়াজ, বাঁচাও ভাই বাঁচাও।

চমকে উঠল মোহন। ডাক ত' বেশী দ্রে নয়।
কিন্তু ভয় করে;—কে না কে ডাকে। কত সহস্র লোক
ত' সমাহিত হয়ে রয়েছে এই শ্মশান-নগরীতে, নাই
বা বাচল আর একটা লোক;—গেলই বা। ভাই বলে
কি সে তার প্রাণটা দেবে বিস্ক্রন গুদেখা যাবে কাল
সকাল হলে।

মোহন মোটা লাঠিটার উপর তার মাথা রেং বসল গোঁজ হলে। মনে মনে বলতে লাগল "চিত্ত তুলালা সিয়া-রাম, সব-ভন্ত-হারী সিয়া-রাম।"

মোহন, মোহন!

নাম ধরে ডাকে ! মোহন শিউরে দীড়িরে উঠং, ভবে ত চেনা পোক ! শিউ-শরণ ত'নর ! সে এগানে থাকতে, দশ হাতের মধ্যে মর্বে তার সেই পরিচিত, ফে মর্বার সময় চাইলে তার কাছে শেব প্রাণভিক্ষা ? তরু মে ভর করবে ?—তবু সে জানোরারের মত দাঁড়িয়ে থাকবে ?

মোহন গাড়িয়ে উঠল; ভয় করে সভ্য, তবু ভাকে যেতে হবে। সেই করুণ আহ্লান যেন ভাকে টানছে। বাধা দেবার শক্তি যেন নেই।

সেই দিকে চল্লো মোহন। খুব কাছে থেকেই আওয়াজ এসেছে—ভার লগনটার আলো ফেলে মোহন নিরীক্ষণ করতে লাগল। শুধু ভগ্নত্প, কিছুই দেখতে পাওয়া যায় না।

হঠাৎ সেই স্থূপের মধ্য থেকে মনে হ'ল বেন একটা হাত বেরিয়ে রয়েছে। ভাল করে দেখলে, ছাত-ই ত'। যেন নড়ছে, যেন ডাকছে।

মোহন তার লাঠি সেই স্তুপের মধ্যে চালিরে দিয়ে ভালা ইট-পাটকেলগুলো সরাতে লাগল; কে খেন তাকে এ কাষে বাধ্য করেছে, বেন না করে উপার নেই। যথন থানিকটা সরিবে একটু ফাঁক করেছে, তথন সে সেই হাত ধ'রে টানতে লাগল, যদি বার করা যার। কিছ গেল না বার করা। তথন সে খুব ক'রে আর একবার চেটা করবার জালে ঝুঁকে পড়ল। পড়তেই মনে লল কে যেন তার গলা জ ড়িরে ধ'রে টানছে সেই ভূপের লগে—সে কি প্রবল টান!

মোহন থতমত পেরে পেল, কিছুই যেন ব্যতে পারে
না, মাথা যায় গোলমাল হয়ে। কে টানছে তা দেখা
নায় না, অথচ দে কি ছদ্দান্ত আকর্ষণ! তার গা গামে
ভিজে গেল, মুখের শিরা গেল ফুলে। সে প্রাণপণে চেন্তা
করতে লাগল, সেই ছজের, ছজির আকর্ষণ থেকে উদ্ধার
পতে; কিন্তু উপায় নেই! তার গলায় যেন কে প্রকাণ্ড
নিক্রপায় হ'য়ে দে চলেছে জলের নীচে! তার হাত
থেকে লাঠি গেল খলে, ঝন্ঝন্ করে লওন গেল পছে।

ভথন সে টেচাতে চেষ্টা করলে, বাঁচাও বাঁচাও আমাকে কে কোথায় আছি, কি**ন্ধ** গলার আপ্রয়াঞ্জ হয়ে গেছে বন্ধ !

মনে হ'তে লাগল সে চলেছে কোন অককার থেকে অককারতম দেশে, যেখানে আলো নেই, হাওয়া নেই, শুজ নেই।

মনে হ'ল কে যেন তাকে দৃঢ়বলে জড়িয়ে ধরছে,—
যেন দেহের সমস্ত অস্থি চূর্ব-বিচ্ব হয়ে যাবে। বুকের
ভেতর দম বন্ধ হয়ে এলো,—-চোথের সামনে নামল
একটা কালো ভারী পদা!

Ġ

সকালে দেখা গেল মোহন পাহারা থেকে ফেরে নি, ভার কোনও সন্ধানও নেই।

পুলিশ সাহেব শিউ-শরণকে তেকে বল্লেন, তোমার দেশের লোক, খবর নেও দিকিনি কি হ'ল। পালাল নাকি! নতুন লোক,—এই প্রকাণ্ড বিপদের সময় ভয় পেয়ে পালাতেও পারে।

শিউ-শরণ বলে, তা করবে না হজ্র, আথের বালপুত্ই ত'়

সাহেব বল্লেন, তা বলি হয় ত' এর কঠিন শান্তি দোবো আমি, খবর নেও তার।

चत्रकर्तात्र मर्द्याहे निष्ठ-भंत्रत थवत्र निष्य किरत धन,

বলে, ভাজ্জব ব্যাপার, হজুর গিয়ে দেখেন এই প্রার্থনা, পরে গোল না হয়।

সাহেব গিয়ে দেপে গুস্তিত হয়ে গেলেন। একনৈ বাড়ীর ত্পুপ সরিয়ে বে দৃষ্ঠ দেখা যায় তা রোমাঞ্জর। একটা পৃতিগদ্ধময় শবের দৃচ্ আলিছনে বদ্ধ মোহন, এবং তার ব্কের কাছ থেকে বেরোনো রজ্ঞে সমস্ত ইউনিফর্ম রঞ্জিত।

সাহেব বিশিত হয়ে বলেন, এ কি ! ও-লোকটার দেহ দেখে মনে হয়, সে কাল ভূমিকশের সময় মরেছে এবং মোহন মরেছে বোধ করি রাত্তি-শেষে! অথচ মোহনের মৃত্যুর কারণ ওই! এ কেমন করে হয় ?

পরীক্ষা করে দেখা গেল, মোহনের বুকে গভীর কত, যা দিয়ে রক্ত বেরিয়ে ভার সমত দেহ দিয়েছে ভিজিয়ে; এবং অপর লোকটার বৃকের মাঝথানে ছোরায় তথনও জ্মাট-বাঁধা রক্ত!

সাহেব অনেককণ ধরে নিরীক্ষণ করে বল্লেন, কিছুই ত বোঝা যায় না। মৃতের হাতে জীবস্ত পড়ল মারা! এর ভেতর অন্য কোনও গভীর ক্রাইম আছে, এ হতেই পারে না!

শিন্ত-শরণ থানিকটা চুপ করে থেকে বল্লে, শুনেছি সাহেব এমনও নাঝে মাঝে হয়।

সাহেব বল্লেন, হয়! কি রকম ? তুমি চেনো এ লোকটাকে ?

শিউ-শরণ বল্লে, চিনি। এও আমাদেরই সাঁরের।
মোহন এর ওপর করেছিল অতি বড় অন্থার। এত
কঠিন অন্থার যে, এই লোকটা ছনিরাময় ঘ্রে বেড়িয়েছে
প্রতিহিংসার বশে। জীবস্ত প্রতিশোধ নিতে পারে
নি; অসময়ে আচ্মিতে হারালে প্রাণ প্রচণ্ড ভূমিকম্পে
কাল, কিন্তু তার লাকণ প্রতিহিংসা-প্রবৃত্তি গেল না।
এত ছুজ্র প্রতিহিংসা যে মৃত্যুর পরেও সে বদলা
নিরেছে। আমার ত' এমনি সন্দেহ হয়, হজ্র!

मारहद ब्राह्मन, ध मद विश्वाम कत्र मिष्ठ-मत्रव ?

শিউ-শরণ বিনীত ভাবে বলে, বিশাস অবিখাসের ত' অবসর নেই হজুর,—ঘটনা যে প্রত্যক্ষ,—চোথের সামনে এথনও!

মা

শ্রীপ্যারীমোহন দেনগুপ্ত

অন্ধকার গলিপথে চলেছি একেলা অফ মনে;
সহসা শুনিছ স্বর—

"মা, দরজা খুলে দাও।"—

কোন এক ঘারপ্রাস্তে শিশুকর্চ হ'তে।
তথনও অলেনি আলো;
কুদ্র সক গলিপতে অন্ধকার অতীব নিবিড;
কোলের মাহ্য চেনা ভার।
ভারি মাঝে "মা, দরজা খুলে দাও"—উঠিল এ ধ্বনি!
চমক ভাঙিল মোর।
অন্ধকারে আঁখি মেলি' দেখি চারিধার,
কিছু নাহি দেখা যায়।
কেবল সে ধ্বনি
কান দিয়ে মনে প্রাণে পশিয়া আমারে
ক'রে দিল উতল ব্যাকুল।

শহ্মকারে শ্বাব উঠিল রণি' মাতৃকণ্ঠ হ'তে—
"কে এলি, পটল ? দিড়া খুলে দিই।"
কেবল ডাকিল ছেলে অন্ধকারে আশ্রা-আকুল,
শ্বনী আখাস দিল।
এই কাতরতা আর এই এ আখাস
চিত্তে মোর দিল দোল।

ওরে শিশু ভয়য়ৄঢ়, ওরে অন্ধকারে অসহার,
ওরে ও আশ্রয়হীন,
এক ডাকে লভিলি জবাব জননীর ক্রেহার্যাসভরা।
অসীম দৌভাগ্য ভোর।
আর আমি ?
আর্ভ পিট ব্যথাতুর দৈছজীণ চিস্তান্তান আশ্রয়বিহীন
পথে পথে ঘূরি আর মনে মনে ডাকি
পরম শরণ মোর মৃত্যুলীনা বিগতা মাতারে;
দেখা নাহি পাই,
না শুনি আশাসবাণী।

নাহি স্নেহ্মর কোল, নাহি আলিখন, নাহি সে উবিগ্ন যত্ন, নাহি সে আদর।

মা আমার স্লেহমরী করণা-মাধার, স্লেহের পুতলী তব যত্ত্বে-গড়া ছেলে

आंकि (य मिन इ'ल, क'ल्प्'एं राजन मःमात-८**वन्न-मा**ट्ट। দেখা দাও, ডাকো আরবার--"কে এলি ? আমারে ঘরে । খুলেছি দরজা।" এমনি ফিরেছি কত দিন-সাক করি' সকী সাথে কত ছেলেখেলা; সন্ধ্যা কেটে রাত্রি হ'য়ে গেছে কত-ভারপ্রান্তে এসে দেখেছি জননী মোর বাতায়নে ব'সে উদ্বেগ-আশকা-ভরা, দৃষ্টি-শিথা মেলি' অন্ধকারে খুঁজিছে কাহারে! ষেমনি ডেকেছি—"মা গো,"— "আয়, আয়" ব'লে দরজা খুলেছে মাতা। মিষ্ট ভিরস্কার---"छुष्टु, शाकी, फित्रिवांत्र थाटक ना तथग्राम तकारना पिन? থেতে তোরে নাহি দিব।" কে ভার জবাব দের ? नक त्नात्व मां ज़ारेश थाकि किहूकान त्रीन मृत्थ। না কাটিতে পাচটি মিনিট স্পাসন কঠে ক'ন মাতা— "ধাও, ক'রো না এমন কান্ধ আর কোনোদিন; ঘরে গিয়ে খেয়ে নাও।" পাঁচ মিনিটের রোধ কাটিল জাঁচার। সে রোষ যে কত মিছে. সে শাসন কত ভাগকর!.

চোৰে তা' উঠিত ফুটে : কেনে নিত শিশু-হিয়া মোর।

আজ ও চলি অন্ধকার পথে: সংসারের কর্তব্য সমাপি' রাত্রিও হরেছে আৰু। আজ সাথে নাই সেই আনন্দের সাথী. चाक्षिकांत्र (थेवा मानल नफन नह ; बाक्तिकात (थमा--कीवन-मद्रव-एनाना। *সৈৰের* ভাডন **আর জীবিকার কঠোর** সন্ধান এই জীবনেরে অবিরাম এক প্রান্ত হ'তে ধাকা দিয়ে ফেলি' দের আর প্রাক্তে। এ চন্দ্ৰন প্ৰবল ভাডনে সাথে সাথী নাই যার কাঁধে করি ভর---গুলার নাট অন্যাবকা স্বাচ্চ স্থাবিমল মাত-ক্ষেত্-রস-ধারা, ভুৱাইতে জিয়াইতে জাগাইতে এ পিটু পরাণ। ভাই আৰু গলিপথে বালকের কঠম্বর শুনি শ্লি' জননীৰ স্বেভোজৰ. বালোর সে পিয়াসা আমার. দেই মেহমুধা তরে দেই মুধ্য কুধা জাগিল প্রবল হ'লে। কোথায় জননী মোর গ धम ला कलानी. এদ করণার মৃতি. কোমলা নিশালা অয়ি আদর-উচ্চলা. ে সভত কমানীলা, সুমিষ্ট-শাসনা, খানকদায়িনী শুভা সর্ব্ব-ভয়-হরা। দাও তব স্পর্ল দাও. ম্পূৰ্ম দাও দেই ভব কোমল করের। ^{৩টে} আর শিরে মোর বুলাইরা কর, ভুগাইয়া দাও এই জগতের সর্ব্ব গানি, ^{দর্ম} ভাপ, দর্ম কঠোরতা। ^{ন্ত্ৰ} শিবে তব বক্ষে রাখি' মাথা দাডাইয়া থাকি : ^{গুলাও} বুলাও কর শিরে পুঠে মোর। ^{চকু} মৃদি' নিমেষে ডুবিয়া যাই ^{অগাধ অপার তব স্নেহসিকু মাঝে।}

মা আমার বেদনানাশিনী, সকল সস্তাপ হ'তে উদ্ধারকারিণী, অস্তরের অস্ততেলে লুকায়িত যত ক্লেশ মোর তোমার পরশে সব হোক্ বিদ্রিত।

সক্ষকার, অস্ককার, বোরতর গাঢ় অক্ষকার
থিরে মোরে রচে ভীতি।
গৃহ নাই, নাহিক আশ্রম।
আর্ত্রকণ্ঠ ডাকি পুন: আজ—
"মা আমার, মা আমার, কোথা কোথা তুমি ?
থোল গো দরজা থোল,
কোলে তুলে নাও।"
দিবে না জবাব, মা গো ?
কোলে তুলে গৃহ মাঝে দিবে না আশ্রম ?
এই যে আধার-বেরা এ বিশ্ব-ভবন,
এরি কোনো গুলু ককে মৃত্যুপারে তুমি আছে ব'লে;
সেথা মোর অর্ত্রের পশিবে নিশ্চর,
করিবে উতল তোমা'।

ঐ ঐ কাঁপে যেন অন্ধকার. আঁধার কপাট খুলি' ঐ যেন আসে ত্রেপ্তপদে মা আমার: আঁথি হু'টি সেই, আশকা-উদ্বেগ-ভরা সেই জ্যোতির্শার। कूटि याहे, कूटि याहे, कूटि याहे आमि,---कननौ निख्याह (नथा.--লেহম্মী কুপাম্যী সদা যতুম্যী জননী আমার। বিস্তৃত তু' বাহু তাঁর প্রসারিত মোর পানে। ভর নাই, আর কোণা ভর ? নাহি ছু:খ, নাহি ভাপ। याहे याहे, अननी आमात्र, কোলে নাও. বকে রাথ একবারে চিরদিন ভরে। শাস্ত-স্মিগ্ধ বক্ষতলে দাও বাস, চিরস্তন বাস। যাই যাই আমি, জাধারে পেয়েছি দেখা আধারহারিণী জননীরে।

সঙ্গীত-পরিচয়

ডাঃ শ্রীরমাপ্রসাদ রায়

বছ পুরাকাল হইতেই আমাদের দেশ বিজ্ঞান-সম্মত সঙ্গীতের আলোচনায় শ্রেষ্ঠ স্থান অধিকার করিয়া আছে। কিন্তু বড়ই দ্র:থের বিষয় আমাদের অবহেলায় ভারতের এই অমুলা সম্পদ এখন প্রায় লোপ পাইতে বসিলাছে : পূর্বের যে ভাবে ঘরে ঘরে সঙ্গীতের আলোচনা হইত, এখন আর তাহার সহস্রাংশের একাংশও নাই। এক সমরে বেদবিৎ ক্ষিগণের উদাত্ত সামগানে ভারতের আকাশ বাতাস মুধ্রিত হইত, দেবায়তনে স্থমধুর তাবগানে সমাজের কল্বরাশি মৃছিয়া ঘাইত, স্থাসিদ্ধ কলাবৎগণের অপরণ দলীতর্সে দেশের এক প্রান্ত হইতে অপর প্রান্ত নিতা মধমর হইরাছিল। কিন্তু এখন আর সে দিন নাই। এখন আর সে সামগান ভারতাকাশ তেমন মুখরিত করে না। ভক্তির অভাবে দেব-মন্দিরের সে শ্ববগান এখন আগেহীন হইরা পডিরাছে। আর যথার্থ অনুশীলনের অভাবে পুর্বের দে সঙ্গীত-গঙ্গা আরু কীণা গ্রোভহীনা কুল জলরেখার পরিণত ছইরাছে। এপন আল করেকজন মাত্র প্রকৃত সাধক ব্যতীত দেশ প্রার অশিক্ষিত বা শ্বরণিক্ষিত বরংসিছ গারকে ভরিয়া পিলছে। হার ও বরের লঘুতার এখন গান শুনিলে আনন্দের পরিবর্জে লক্ষার উদ্রেক হর মাত্র। অনেক রাগ রাগিনী লোপ পাইরাছে। বাহা আছে তাহারও অধিকাংশ আর বিশুদ্ধ অবস্থার পাওরা যার না। এই সকল কারণে কিছ দিন পর্বেং শিক্ষিত সম্প্রদারের নিকট সঙ্গীতের আদর একেবারেই ছিল না বলিলেই হর।

স্থাবর বিষয়, এখন যেন স্রোভ একটু ফিরিয়াছে বলিয়া মনে হর।
শিক্ষিত সম্প্রদারের মধ্যে অন্ধ অন্ধ করিয়া পূর্বের সে উদাসীপ্ত যেন দূর
হইতেহে বলিয়া বোধ হইতেহে। কিন্তু তাহা হইলেও ভারতের সে লুগু
সঙ্গীত-সম্পদ আবার যে কথন ফিরিয়া পাওয়া বাইবে, সে আশা
দ্রবাশা মাত্র।

সঙ্গীত আমাদের দেশে বৈধিক যুগের সম্পদ। "উদাত, অমুণান্ত ও বরিত" ইহা বৈধিক বুগেরই পরিকল্পনা। শ্বর ও বর্ণহীন মন্ত্র কার্য্যেগ করিলে বিকল হয়। উপাসনা-প্রধান বিতীয় বেদের নাম সামবেদ। ইহা মন্ত্র ও গান তেদে ছুই ভাগে বিভক্ত। মন্ত্রভাগকে আর্চ্চিক বলে। আর্চিক প্রস্থ ৪টী—পূর্ব্য, আরণ্যক, মহাজায়ি ও উন্থ। কর্ অর্থাৎ পভান্তক প্রস্থ ই সামের মূলমন্ত্র স্বরূপ। আর্চিক প্রস্থ বে প্রকার সামের মূলমন্ত্রপ, অকের সঙ্গে সেই প্রকার যজুর অর্থাৎ পভান্তক প্রস্থের সঙ্গেই গোভগুরুক প্রান লেশগান এবং অব্হীন গান ভ্রমান। বেদগানে ও সকল পানের মূল স্বরূপ এবং বিমাত্রক দীর্য এবং ত্রিমাত্রা, ও—ক্ষ. উ, ম।

সঙ্গীতের প্ররোজনীরতা শুধু মাধুর্ব্বে নহে, ইহা বাছে। সম্পান ও ভোগ এবং মোকের সমন্বর। চিত্ত-বিনোলনকারী মধুরিমামর সঙ্গীত জগতে সকল সমরে সকল জাতির মধ্যেই প্রকৃত জান, শাস্তি ও শক্তি দান করিয়াছে। হ্রের মোহজাল ভারতকে চিরদিনই আচ্ছেন করিয় রাধিরাছে। সঙ্গীত ভারতের প্রাণ। অক্সান্ত দেশীয় সঙ্গীত প্রায়ই জাতীর সঙ্গীত ভিন্ন আব কিছুই নহে; কিন্তু তথাত তাহা জাতির হলঃ কন্দরে প্রবেশ করিয়াছে। কেহ হুর ও উন্মন্তপ্রায় হইমা সঙ্গীতঃ বলিরাছে—

Away! Away! thou speakest to me of things which in all my endless life I have not found, and shall not find!

(Jean Paul Richter)

ৰাত্যবিকই Emerson এর কথাকুগারে সকলকেই মানিয়া লইতে গ্ৰA wonderful expression through musical sound, is
the deepest and simplest attribute of our nature,
and therefore most intelligible at least to those souls
which have this attribute.

আর আমাদের ভারতে সঙ্গীতই জীবন। তাই ভারতে বলে---

সঙ্গীত সাহিত্য রসানভিজ্ঞ:। প্রায় পশু: পুচ্ছবিধানহীন:॥

অর্থাৎ—যে সঙ্গীতের রসাধাদ করিতে না পারে ভাহাকে গগ বলিলেও অত্যক্তি হয় না। প্রাকৃতই সঙ্গীতের প্রভাব অপরিদীন— তাই কবি বলিয়াছেন—

> অজ্ঞাত বিষয়াথাগো বালক: পর্ব্যক্ষণায়নে। ক্লদন্ গীতামূভং ভাছ হর্গোৎকর্ষং প্রপক্ততে।

অর্থাৎ—রোকস্থমান শিশু যাহার ইন্দ্রির শক্তির ক্ঠি হয় নাই—দেই বালকও সঙ্গীত ভাবণে আনন্দ প্রকাশ করে। এতত্তির স্থাত সাধনার অঙ্গ এবং স্বাস্থ্যসম্পদকেও অনেকাংশে অনুধ রাণে। চিকিৎসক্গণ বলেন—

মানবের কঠখনের চালনার তালু, জিহ্বা, আলজিহবা, কুন্দুন্ত্রী গলনালী প্রভৃতি বিশেষভাবে পরিচালিত হব এবং তাহার ফলে এই দকল বত্রের দৃত্তা উৎপাদিত হওয়ার সহজে কোন প্রকার জার্কমণ করিতে পারে না। বস্তুত: গায়কের কুন্কুন্ প্রভৃতি বে ব্লাক্তিমণ করিতে পারে না। বস্তুত: দেখা যায়। এমন কি সঙ্গীতিচ্চা

_{ছবিন} অনেক সমলে কঠিন ব্যাধির হত হইতে মৃক্ত হওলা বায়—ইহাও _{অনে}কে লক্ষ্য করিয়াছেন।

গায়কের অণাবখণ

শারেক্তি নীতি অসুসারে গাঁরকদিগের সাধনা করা উচিত। শক্ষবিজ্ঞান চর্চচা করিলে বুঝা যার যে সাধনার অভাবে আমাদের গান হুমধুর
সঙ্গীত (Musical sound) না হইয়া কেবল কোলাহল (noise)
হয় মারা। সঙ্গীতের বিলেবছ ইহার "ওক্ষন" (Periodicity) রক্ষা
করা। এতত্তির শক্ষের উচ্চ নীচাদি প্রকৃতি ভেদ যেন স্থামন্ত
(of the same intensity, pitch, quality) ও স্থমিপ্ত
(Harmonious) হয়। এহ, জংশ, ক্সাস, বাদী, সধাদী, বিবাদী,
প্রমক, মৃক্তনা ইত্যাদির সমবারে যে শ্বর উৎপন্ন হয় তাহা সঙ্গত ভাবে
হইলেই সঙ্গীত হইল। উপরিউক্ত সহাদী প্রভৃতির সঙ্গত যোজনা বড়ই
কঠন। ইহা বিজ্ঞানসম্মতভাবে করিতে হইলে শরের মিশ্রণ (Resultant)
স্থাপ্তে বিলেব জ্ঞান থাকা আবগ্রুক। ভাই শাস্তকার বলিয়াতেন—
সঙ্গীত-মাধনাকে অপরোক্ষ ভাবে নাদ-মাধনা বলা যায়। এই "নাদ"
সম্প্রের অস্ত নাই।

যথা---

"নাদ সমুদ্র অপরাম্পর কোহি নেহি রাগওয়াক ভেদ" ভাই নাকি শাল্ত বলিতেকেন---

> "নাদাকেন্ত প্রপারং ন জানাতি সরবতী। ভজাপি মজুন জন্নাং তুলং বহুতি বক্ষসি।"

এই সকল জ্ঞান ছাড়া গায়ক দেখিবেন যেন গানটা জাতিমধুর হয় ও শাস্ত্র-গলত হয় । যথা—-

> "সঙ্গীতং মোহিনীরূপমিতাাই সত্যমেবতং। যোগা রস ভাব ভাবা রাগ প্রভৃতি সাধনৈ:। গায়ক শ্রোত্মনসি নিয়ত জনরেৎ ফলং।"

লক্ষ্মগীত শাস্ত্ৰম্

ঋ্সুজ্---

"হুজ্বণন্ধ সুবারিরোগ্রহ মোক্ষ বিচক্ষণ।
রাগ রাগান্ধ ভাবান্ধ ক্রিরালোপালো কোবিদ:।
প্রবন্ধ গান নিরোভো বিবিধা লোপ্তি-তন্ধবিদ্।
সর্ব্বে ছানোচ্চ গৰকৈ: অনাগাসো অলসনগতি।
আরম্ভ কঠ জালন্ধ সাবধানোজিত প্রবেশ।
ভক্তভারালগাভিত্ত সর্ব্বনাক বিশেব: বিদ্।
অপার ছার সন্ধায় সর্ব্বদোব বিবর্জিত।
ক্রিয়া পরোহন্ধত্র লর সুবটো ধারণাহিত।
ক্রুব্বে নির্ধান্ধনা হারিরহ: ক্রিদভ্জননা দুর।
সুপাস প্রবাল্যে গীতলৈ শীর্মতে গারক ক্রেণি।

সঙ্গীত রক্তাকর

ৰিতীয়তঃ, গায়ক যেন কোনশ্লপ মুখবিকৃতি বা ভীতি-প্ৰদ শলাদি বা

শ্রোতার ভীতিবাঞ্জক অঞ্চপ্রতাঙ্গাদির চালনা না করেন-পরস্তু সৌম্য শাস্তভাবে শ্রোতৃগণের মনোরঞ্জন করেন : বর্ধা---

> "ভাষাত্যকাহাবভাষা: প্রতিরক্তে বিষয়তা:। ততা শ্রেটাতথা২ফ্রোশা কেলেম্ কর্কশামতা:। এতাদৃগ্,গায়নায়তাৎ পরিণাম হি অভীপিত:।

ন্ত রসকৈব কেবলমন্তাদ সমৃত্ব । সলীত শাব্রদ প্রত্যুতঃ, অনেক হলে গারক নিজেও অঙ্গঞ্জতালাদির চালনায় ও অতুত চীংকারে প্রান্ত ও ফান্ত হইরা পড়েন।

শক্তম "গংগই উগুই স্থকারী ভীত শক্তি কল্পিডাঃ।
করালী বিকল কাকো বিতা লোকর কোদুড়া।
সোষক ভাষকো বকো প্রসারো বিনি মোলকঃ।
বিরমাপধরাতাত স্থানন্ত্রী অব্যবস্থিতাঃ।
মিত্রকোহনবধানক তথাসুরামানুনাসিকঃ।
পথবংশতিবিত্যতে গায়নানিকিতা সতাঃ ।

গান্তৰ এই সকল দোবের প্রতি বিশেষ লক্ষ্য রাথিয়া চলিবেন। বস্তুত: এই সমন্ত দোবসুক্ত গান্তক, গান্তক আধ্যাধারী হইতে পান্তেন না। আর একটা কথা—ইদানীং রাগ রাগিনীকে অনেকে নৃতন নৃতন রূপ প্রদান করিতে চান—ইহাতে রাগ রাগিনীর প্রকৃত রূপ ও গঠন বিকৃতই হয়।
English notation অনুসারে তদ্দেশীয় সকীতজ্ঞারা চলিয়া থাকেন—
একট্র এদিক ওদিক করেন না। বিদ্বী মিদ্ বলিংব্রোক বলিয়াছেন,

"The great secret of the singer's power over the hearts of her hearers, lies in her total forgetfulness of self and surroundings and in entering heart and soul into the conceptions of the composer"

সভ্য সভাই ভারতের শ্রেষ্ঠ সঙ্গীত নায়ক তান্সেন, নায়ক গোণাল প্রমুথ গায়কগণ, থাঁহারা রাগ রাগিণীর নৃতন রূপ দিতে পারিতেন, তাঁহারা থাহা দেখাইরা গিরাছেন ভাহার লজ্মন করা ধৃষ্টতা নাত্র। আজ আমরা বিনা সাধনার সাধক। অথ্যে যথার্থ সাধক হইরা ভাহার পর রাগের উৎকর্ম ও অপাকর্ষাদির ভোগাভেদ বিচার করিতে বাওয়াই ভাল। বাঁহারা আজীবন সঙ্গীত চর্চচা করিয়া গিরাছেন ভাহারা থেরপ উপ্দেশ বিয়াছেন প্রথমতঃ সেই পথেই সাধনার সিদ্ধ হইতে হইবে।

পুরাবৃত্ত

ভারতীর স্কীত যে ঠিক কবে ও কোখার প্রথম প্রতিভাত হর, তাহা

ঠিক জানা বার না। তবে শাল্লে বলে শ্বরং মহাদেবই ইহার উদ্ভাবন-কর্তা।
মহাদেব তাহার পরম প্রিয় শিল্প ব্রজাকে ইহা শিল্পা দেন। একা আবার
তাহার পঞ্চ শিল্প ও নারদকে শিল্পা দেন। নারদই সর্কাপেকা অধিক
স্বীতবিশারদ হইরা বীণা সংঘোগে সর্ক্তির ইহার প্রচার করেন। তবে
সে সন্ধীত বোধ হয়—আধুনিক প্রচলিত সঙ্গীত অপেকা অন্ত কোন উচ্চ
ভরের ভাব-সাধনা হইবে। ইহার পর ভারত বিবি নাটকের উদ্ভাবন করেন
প্রবং ক্রম (Hoohm) ও তবু (Tambhoo) গ্রন্থসালীতে সকলকে
অতিক্রম করেন। এই তবুই (Tambhoo) গ্রন্থসালীতে সকলকে

সুর-বরের আবিছর্তা। এই "তলুরা" বা তানপুরা সপ্ত স্থরের ও উনপ্ঞাণ কুটভানের আধার। "রাজু" নামক জনৈক নৃত্যকলাবিৎ তথন দেবত:দিগের সভার খ্যাত ছিলেন। শুনা বার দশানন রাবণও বেহালা-কাতীর বাভবরের আবিভার করিয়া অসিদ্ধি লাভ করিয়াছিলেন। ইহা গেল পৌরাণিক বৃত্তান্ত।

ভারতীয় সঙ্গীতবিভা মুসলমানদিগের সময়েই বিশেষ উন্নতি ও প্রসিদ্ধি লাভ করিয়াছিল। তথন গোয়ালিয়র প্রভৃতি স্থানে অনেক সঙ্গীতঞ্জ জন্মগ্রহণ করিয়াছিলেন। মানসিংহের রাজত্কালে (১৪৮৬-১০১০) ভারতীয় প্রপদ জাতীয় গানের বিশেষ চর্চা ও আদর হইয়াছিল। ভবন "বল্প নামক" অবিতীয় গ্ৰুপদী হইয়া উঠিয়াছিলেন। গুমায়ন যথন **অতুল বিক্রমে রাজ্ত করিভেছিলেন তথন "নারক** গোপাল" ও "বৈজুবাওরা" নামে ছু^{ত্ত}জন বিখ্যাত গায়ক ভারতবর্ষকে ধল্প করিয়াছিলেন। ইঁহাদের মত পারক বোধ হয় ভারতে আর জ্বাবি না। ইঁহারা বনের পশুকেও সঙ্গীতে আকর্ষণ করিয়া আনিতেন। ইহার পরবর্তী বাদশাহ আক্বরের সভার ক্রাধান গায়ক নবরত্বের অক্তর্জম রতু ভান্সেনের নাম আঞ্জ লোকের মূপে মূথে কীর্ত্তিত হইতেছে। তানসেন বা তফুমিত্র (১৫৫৮-১৬-৫) সঙ্গীত-শুরু হরিদাস স্বামীর শিক্ত ছিলেন: তান্দেনের পুত্ৰ "তন্তরক" (Tantaranga) ও বিলাপ খাঁ (Bilas Khan) **উপবৃক্ত পিভার সন্তান ছিলেন।** আজও বিলাস গাঁ-কৃত "বিলাসী টোড়ী" ভারতে বিখ্যাত। পরে জাহাকীর ও শাহজাহানের রাজত্কালে খুরান্দাদ, জগরাখ, হরিভান অভৃতি গাচকদিশের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। জাহালীরের রাজত্বকালে সলীত-চর্চচা কিছু কালের জল্প কমিণা গিরাছিল, কারণ জাহান্সীর গোঁড়া প্রকৃতির লোক ছিলেন। তিনি সঙ্গীতজ্ঞাদের উপর থড়গহন্ত ছিলেন। জাহাঙ্গীরের পরবর্তী বাদশাহেরা আবার সঙ্গীতের আদর করায় তথন হইতে ভারতীয় সঙ্গীত পুনক্ষজীবিত হয়। আহাঙ্গীরের পর দশম সম্রাট মহক্ষণ শাহের রাজভকালে পুনরার দলীত পূর্ণ কলেবর ধারণ করে। সেই সমরে জপদ অপেকা ধেরাল বা অলভারপূর্ণ পানের বিশেষ প্রচুলন হয়। সেই সময়ে সদারক নামক অসিদ পারক "থেরাল" জাতীর গানের প্রচলন করেন এবং সঙ্গীতও এই সময়ে উন্নতির প্রাক্টা লাভ করিরা ভারতকে নৃতন আনন্দরণে আগুড করে। প্রায় এই সমরেই (১৭৫৯-১৮০৯) "গোলামনবী" নামক এক বিখ্যাত গায়ক "টঞ্না" জাতীয় গালে সকলকে মোহিত করেন। এই "টলা" জাতীর গানের সহিত শোরী মিঞার নাম সংলিট। ঠুংরীও গলল টলার অন্তর্গত-কেবল হিন্দস্থানী শোরী-কৃত ও হ্যুণম্-কৃত টলা ভিন্ন অস্তু টগাকে ঠুংরী বলে। মানলাদাদ, মহারাজ নওলকিশোর প্রভৃতি প্রসিদ্ধ গারকের নাম আরও সকলে স্বরণ করে।

জপদে (জবপদ) চারিটা তুক্ আছে, যথা;—আছারী, অনুরা স্কারী ও আভোগ। কোন কোন শ্রুপদে কেবল আছারী ও কারো থাকে। থেরাল, গ্রুপদ, টপ্লা ইহাদের আবার অনেক প্রকার তেল দুর হর। ছন্দ, প্রবন্ধ, যুগলবন্ধ, ধারু, বাগনালা, জাত বা জ্ঞাটি, চনুর্ব্বর্গ, ওলনকন্, রালবানা, তেলেনা, বাভিয়ালা, ঠুংরী ও গজল। এই সকলের মধ্যে ছন্দ, প্রবন্ধ, যুগলবন্ধ ও ধারু প্রপদের অন্তর্গতা গ্রেক্তর মধ্যে ছন্দ, প্রবন্ধ, যুগলবন্ধ ও ধারু প্রপদের অন্তর্গতা গ্রেক্তর মধ্যে ছন্দ, প্রবন্ধ, যুগলবন্ধ ও ধারু প্রপদের অন্তর্গতা হিছে ভাহাকে ছন্দুজণদ কছে। যে প্রপদে "বারুক"—এই কথাটার ছিল্লং থাকে ভাহাকে ধারুক্রপদ কছে। ধারুক্রপদ নামক গোপালের প্রত্তির বিবটি, ওলনকন্, চতুরঞ্জ, কলবানা—ইহারা এতত্ত্ত্তারের অন্তর্গতা, সদারক্রক্ত থেয়ালে সদারক্রের নাম আছে।

দাধারণতঃ সংগ্রহ আকৃতিক ও গ্রাম্য বলিয়া অভিচিত ইইং থাকে, অর্থাৎ আকৃতিক কতকণ্ডলি শব্দের অফুকরণে দাতটি হরেং পরিকল্পনা করা হইছাছে। আমরা "বড়ল" ফ্রকে মযুরের কেকারং ইইতে গ্রহণ করিছাছি। যাঁড়ের ডাক হইতে "কবক," চাগলের ডাক হইতে "গান্ধার," শুগালের ডাক হইতে "মধ্যম," কোকিলের ডাক হইতে "পঞ্চম," অবের হেলারব হইতে "ধৈবত" ও হল্পীর সংহন হইতে "নিহাং" হরের উৎপত্তি ইইয়াছে। Sir William Jones বলেন বিড়াগ্রাচ্ছিত্র আনাহারচ্ছনিত কটের শব্দ (Moaning) হইতে কোমল গান্ধারের স্থিতি ইইয়াছে।

একংগ দেখা যাউক এই সদত্ত হ্বের রূপথসাদি কিরূপ ? "বহুত" হার বিশ্রামদারক (Rest), অর্থাৎ মনের মধ্যে একটা শান্তি বানান করে। ঐ প্রকার "ক্ষত" হার মানুবের মনে উৎসাহ ও "গান্ধার" তর পূর্ব শান্তি (Peace) আনমন করে। "মধ্যম" হার নিরাশ (Despondency), "পঞ্চম" হার আনমন (Gorgeousness), "বৈষত" হার হুংখ (Grief) ও "নিয়াদ" হার তীব্রতা (Sharpness) প্রকাশ করে। এই সপ্তাহ্বের আবার সপ্তদেবতা আছে, ঘণা—"গ্রহণ বা "ষ্ড্রুক" হ্বের দেখতা অন্তি, "বধ্যম" হ্বের দেখতা—বহুলা, "গাঞ্জার" হ্বের দেখতা—স্বাথতী, "মধ্যম" হ্বের দেখতা—নহাদেব, "পঞ্ম" হ্বের দেখতা—বহুলা, 'বিষ্ণাদ" হ্বের দেখতা—সংশ্ল, "নিষ্ণাদ" হ্বের দেখতা—সংশ্ল, "বিষ্ণাদ" হ্বের দেখতা—সংশ্ল, "হিষ্ণাদ হ্বের দেখতা—সংশ্ল, "হিষ্ণাদ হ্বের দেখতা—সংশ্ল, "হিষ্ণাদ হ্বের দেখতা—সংশ্ল, "হিষ্ণাদ হ্বের দেখতা—সংশ্ল, "নিষ্ণাদ" হ্বের দেখতা—সংশ্ল, "হিষ্ণাদ্ধান হ্বের দেখতা—সংশ্ল, "নিষ্ণাদ" হ্বের

সপ্তস্ত্র যে ৰেদনিহিত বা বেদ ছইতে জন্মগ্রহণ করিয়াহে ^{ইহাও} পৌরাণিক মক্তসম্মত। "বড়ল" ও "কব**ভ" হার কংবদ** হইতে, "মধাম" ও "ধৈবত" যজুর্কোদ হইতে, "গান্ধার" ও "পঞ্চম" সামবেদ হইতে এবং "নিবাদ" সুরু অধ্বর্কবেদ হইতে জন্ম গ্রহণ করিয়াছে।



ব্যাঙ্ক ও ব্যাঙ্কিং

শ্রীরামেন্দ্রনাথ রায

খামী বিবেকানন্দ বলিয়াছিলেন যে, ইয়োরোপ ও আমেরিকা হইতে ফিরিয়া ভারতে প্রথম পদার্পণ করিয়া আহার দারিতা চোথের দামনে জল জল করিয়া উঠে। ঠিক কথা। এ দেশে জনপ্রতি বার্ষিক আরু গড়ে প্রায় ে, টাকা মাত্র। প্রান্তরে, আমেরিকার যক্ত রাজ্যের (I. S. A.) অধিবাদীদের মাথা পিছু গড়ে আর প্রায় ১৯२४८ होका धवः हेन्तरखत श्रीय ১००० होका। ভবেই দেখুন, আমাদের এ ভীষণ দারিন্দ্রের তলনা বোধ করি আর নাই। লোক-বৃদ্ধির সঙ্গে এবং উপযুক্ত শিল্প-বাণিকোর অভাবে দারিলা ক্রমেই ভীষণভর হইতেছে। আমেরিকা এবং ইয়োরোপের যে-কোন দেশে অর্থাগমের পরিমাণে একট ভাটা পড়িলেই সে দেশের গভর্ণমেন্ট ব্যক্তিব্যক্ত হইয়া উঠেন, দেশে হৈ হৈ বৈ বৈ পডিয়া যায়। বেকার অবস্থা এবং আমের অল্পভাহেত Standard of life এর ধর্মতা—এই উভয় সমস্তাই যে কোন সভ্য দেশের পক্ষে (ভারতবর্ষ বাতীত) মন্ত বড সম্ভা। আমাদের এই হতভাগা দেশে কভ কোটি লোক যে অনশনে অৰ্দ্ধাশনে থাকে, পরিধানে বস্তু পায় না, রোগে ্ষ্ধ পথ্য পায় না, হয় ত মাথা গুঁজিবার জায়গা নাই, কে তাহার খোঁজ রাখে ? সে মাথা ব্যথাই বা কর-জনের আছে १

বিগত আমদস্মারীর রিপোর্ট হইতে দেখা যায়, যে আমাদের দেশে শৃতকরা ৭১ জন লোক কৃষির উপর নির্ভর করে এবং ১১জন শিল্পবাণিজ্যের দ্বারা জীবিকার্জন করে। অনুষ্ঠানভা এবং আথিক ব্যাপারে উন্নত দেশের অবহা প্রায় উন্টো। ভার পব, ভারতে যে পরিমাণ জমির উপর যত লোক জীবিকার জন্ম নির্ভর করে, ইংলতে ইহার চতুর্থাংশ লোক ভত পরিমাণ অমির উপর নির্ভর করে। ইলতেই আমাদের দারিদ্রের মূল হেতু এবং ভীষণতা উপল্কি করিতে পারা যায়। স্মৃতরাং দেখা যাইডেছে

প্রসার ভিন্ন আখাদের দেশের দারিত্রা দূরীকরণের অফ উপায় নাই।

কোন বিরাট শিল্পপ্রভিষ্ঠান পরিচালনা এবং স্ফুট্ডাবে তৈয়ারী মাল অথবা কাঁচা মালের ব্যবসা দেশ বিদেশে করিতে হইলে প্রভৃত অর্থ আবিশাক। হাজার হাজার শিলপ্রতিষ্ঠান এবং আমদানী র্পানী ব্যবসা-প্রতিষ্ঠানকে টাকা যোগান দেওয়া ব্যাঙ্গ ভিন্ন অপর কাহারও পক্ষে সম্ভৱ নতে। প্রত্যেক সভা দেশকেই আমুর্বাণিকা ও বহির্বাণিকা উভয়বিধ বাণিকোর প্রতি নির্ভর করিতে হয়; এবং এই উভয়বিধ বাণিজ্যের প্রসার এবং স্থায়িত্ব বাাল্লের সাহায়্য-সাপেল। বিশেষত: জগতে আজ এমন কোন দেশ নাই, যাহা একেবারে আগ্রনির্ভরশীল এবং আন্তর্জাতিক সম্বন্ধক। এই আন্তর্জাতিক বাণিজ্ঞা-বাবদায়ের চাবি বাাহের হাতে। স্থভরাং ব্যাঙ্কিং এবং ব্যাত্ত্বের কর্ত্তব্য সম্বন্ধে আমাদের সমাক অবহিত হইতে হইবে। এ বিষয়ে আমরা একেবারে জঞ্জ বলিলেও চলে। চারিদিকে নানাবিধ শিল্পপ্রিষ্ঠান গভিয়া উঠিভেছে এবং সাধারণের এদিকে যথেষ্ট আগ্রহ পরি-লক্ষিত চইতেছে, কিছু এগুলিকে খাল যোগাইবার জঙ্গ বড বড় ব্যাক স্থাপনের চেটা বা আমাগ্রহ দেখা যাইতেছে না।

ওই রকমই বাড়ীর কতকগুলি দাঁড়িয়ে আছে, আর Newly built Re-inforced concrete এর গোটা-কয়েক। সমল্ভ মজাফরপুর সংরের ওইটুকুই শেষ চিহ্ন।

বে রান্তা দিরে গেলাম, যে দিকেই তাকালাম, বিপ্রস্ত নগরের উলদ মৃত্তির ভরাবহ বিক্বত অবস্থা ছাড়া আর কিছুই চোঝে পড়লো না। রান্তার ছই ধারের প্রাত্যকটা বাড়ী—গরীবের কুটার থেকে রাজার প্রানাদ পর্যান্ত ভাদের সমস্ত ইট পাথর চুণ বালি নিয়ে মাটির উপর নেমে এসেছে; দেখলেই মনে হয়, য়েন প্রত্যেকটা বাড়ী পাশেরটার সজে কোমর বেঁংধ, ধ্বংসের দিকে কে কভদ্র অগ্রসর হতে পারে ভার প্রতিযোগিতা চালিয়েছে।

জারগার-জারগার রাতাগুলি এমন ভাবে কেবল ফেটেছে নর—ফেটে নীচে নেমে গেছে, যে, একেবারে ফতভম্ম হরে বেতে হর, যে বিরাট শক্তি এটা করতে পারলে, তার অসীম বিশালতা ভেবে। ফাটলের প্রশন্ততা এবং গভীরতা এখনও বিশেষ বিশেষ স্থানে এমন ভরাবহ, যে, তার পাশে যেতেই বৃক হর্ হর্ করে গুঠে। এই সব ফাটল দিরেই বালি ও গরম কল

বেরিরের, জীবিত তথনও যারা ছিল, তাদের নিদারুণ শক্তি করে অবর্ণনীয় কটের মধ্যে ফেলে দিয়েছিল।

পার্থিব উন্নতির সমন্ত নিদর্শন, সভ্যতার চরম বিকাশ, সব আদিম যুগের প্রাথমিক অবস্থার সক্ষে একাকার হরে গেছে। বৃদ্ধি দিরে, পরিশ্রম করে, মাহ্ন্য নিজের স্থবিধার জন্ত, শতাকী ধরে বা কিছু করেছিল,—বাড়ী ও রাতা, তার চিহ্নমাত্র নেই। এ যেন তাসের ঘর, ফুৎকার সইতে পারলে না। এ যেন কাচের বাসন, অসাবধানতার একটুণানি স্পর্শতেই চুরমার হরে গেল। ছু'মিনিট আগেও মাহ্ন্য ক্ষ্মতার গর্ফে, বৃদ্ধির অহকারে ফীত ছিল। প্রকৃতি তথন মূখ টিপে একটু হেসেছিল হন্ন ত।

অনেকগুলি দৃষ্টান্তের কয়েকটা বলি এবার।

একজন ভদ্রগোক তাদের বাড়ীর অবস্থা দেখাতে নিয়ে গেলেন। দোতলা বাড়ীর প্রায় অর্থ্যেকটা কোন রকম করে দাঁড়িয়ে আছে তখনও। দেখুলেই মনে হয় এই বৃঝি বা ধ্বসে পড়লো। বিয়াট ধ্বংসভূপের মধ্যে ওটার স্থিতিটাও তখন যেন একটা বিশ্বয়। বৃক বেঁধে ভেতরে প্রবেশ কয়া গেল। প্রভ্যেকটা ঘরের কোমর পর্যান্ত বালিতে ভরে গিয়েছে। সমন্ত জিনিব, খাট, বিছানা, এবং আরো যা কিছু ছিল, সব ভারই নীচে চাপা পড়ে গেছে। উঠোনে গিয়ে দেখলাম গলা পর্যান্ত বালি, তখনও ভেজা, যেন চেপে বসে আছে সমন্ত জারগাটা। তারই উপরে ভালা বাড়ীর চাল ও ইটের নানা রকমের টুকরো ভূপাকার হয়ে, অভি বীভৎস মূর্ত্তি ধারণ করেছে। থানিকটা দ্রে রায়াঘর যেটা ভাদের ছিল, ভার একদিকের অর্থ্যেকটা মাটির মধ্যে চুকে, দেখবার জিনিব হয়ে আছে।

কি জানি কেন, এগুলি সব দেখতে বিশায় জাগছিল

কারণ এরকম কথন দেখিনি বলে বোধ হয়! বিশারের

বোবা হয়ে গিয়েছিলুম। এ কী হয়েছে! কী আমি
দেখছি! কিদের গর্ম আমরা করতাম বা করে থাকি।
এত ভয়য়র অসহায়তার এতটুকুও জ্ঞান মায়্রের ত্মিনিট
আগেও ছিল না হয় ত। ভলুর সবই, কিছাসে যে এক
লহমার এদিক আরু ওদিক, তা আজ ভ্মিকম্পজনিত
বিধ্বন্ত নগরীর বেঁচে যারা গেছে, তারা অতি নিদায়ণ
কপে সেই অপ্রির সত্যের উপলব্ধি মর্থে করছে।

একটা ছোট পাঁচ ফিট উঁচু হবে, খড়ের ঘরের সামনে একটা প্রোচ গোছের ভদ্রশোক বসে ভামাক টান্ছিলেন —নির্বিকার হয়ে। বদ্ধু আমার বল্লে "এর অবস্থা একটু দেখে আসবি চল।"

"সামনে গিলে বলা হলো "এই যে নমস্কার, ভাল আছেন ত ?"

"এসো এসো, ভাল আছি বৈ কি। ভগবানের রাজ্যে ভাল না থাকবার উপার আছে। তা ও-বাডীর দিকে তাকাচ্ছ কেন ? ওটা গেছে বলেই তুমি ভগবানের অসীম দয়াকে সন্দেহ করতে পার না " (তামাকে টান দিলেন) "বড জোর আমার হাজার চল্লিশ টাকার বাডীটা গেছে। তা একদিন ত ওটা পড়েই যেত। অত বড মোগল রাজাদের বড বড প্রাসাদই রইলো না-তো আমারটা কোনু ছার। ওতে আমার কিছু ছঃখ নেই।" (এখানে আবার তামাকে টান দিলেন) "ছেলে-মেরেগুলো চাপা পড়ে মারা গেছে—তা যাক ;—ওরা একদিন ত মারা পড়তোই--বেঁচে থাকবার জন্ত তো আর কেউ জন্ম নের না। কাজেই ভগবানের নিরপেক বিচারে সন্দিহান হবার কোনই কারণ নেই:" (খন ঘন চুইবার ভাষাকে টান দিলেন) "নখর জীবন. এ তোজানা কথা। জানীরা তোতাই বলে থাকেন। অতি মামূলী কথা এটা। অ-তি মামূলী।" (এই সময়ে দীর্ঘব্যাপী একটা তামাকে টান দিয়ে এমন ধুঁয়ে ছাড়লেন যে তাঁর চেহারা আমাদের কাছে আব্ছা হরে উঠলো) একটু পরে "কিন্তু ভগবানের অপার দয়া (मथह। धरे (मथ (भारत वांगान निष्य (भारत),

ভা--থ, জমিটা এথানে ফেটেছে; ফেটে বাড়ীর তলা দিরে গিরে বাড়ীটাকে হুফাক করে দিরেছে। কিছ এই যে গোলাপস্থানর গাছগুলো দেশ্ছ, তার পাশ কাটিয়ে কেমন চমৎকার চলে গেছে। এইটুকুও
নই হয়নি। ভগবানের দয়া কি না। সোনপ্রের মেলা
থেকে অনেকগুলো পয়না ধরচ করে এনে, ওদের
এখানে অতি যত্ত্বে প্তৈছিলাম। ভগবানই এখন
ভাদের বাঁচিয়ে রেখেছে! রাখে কেই মারে কে।
(এখানে বেশ একটু হেসে নিলেন—কিছ্ক ভামাক
একবারও টানতে দেখলাম না। গাছ দেখাতে এতই
ব্যক্ত ছিলেন) "অসীম্লয়া কি না ভগবানের" (হাসতে
হাসতেই বল্লেন) ভার পর "এ গাছের ফুল হলে দেবা
একটা ভোমাকে। খু—ব মিটি গদ্ধ ভনেছি।" বলেই
এমন গন্তীরভাবে ভামাকে টান দিলেন, যেন এর আগে
একটাও কথা বলেন নি আমাদের কাছে।

রান্তার এদে বন্ধকে বন্ধাম "এ কি ?"

"অতি বাভাবিক। ভদ্রনোক ভূমিকম্পের আন্দান্ত আগণখন্টা পরে, বাজারে গিয়েছিলেন, খুব ভাল ভামাকের থোঁজে। বাড়ীর সবশুদ্ধ ১ জনের মধ্যে এই বৃদ্ধই এখন বংশের শেষ। মনের যে এটা কী ভীষণ অবস্থা……" বংলই সে একটা দীর্ঘনিখাস ফেলে।

আমি তথন আতে আতে নিজেকেই হয় ত ব্রাম
"এদের অবস্থা চোথে না দেখলে, আমি কি ব্রতে
পারতাম যে এদের ব্কেও যে "ফাটল" হয়েছে তা
অসহ্য ব্যথায় ভরা তলগীন রক্তের পাগলা স্রোতে
প্রবহমান, এবং মন যে ধাকা খেরেছে তা অতি ভীষণরপে
প্রচণ্ড। এরা বেঁচেও মরে আছে—কারার এদের
ভাষা নেই। নির্বিকার, নির্বিপ্ত এদের অবস্থান এখন।"

শামার এক আত্মীয়া সেথানে ছিলেন। তাঁর সন্ধানে (আগেই শুনেছিলাম তিনি আহতা এবং ধড়ের চালা করে আছেন।) যথন আমরা, ব্যস্ত তথন সন্ধাহরে গেছে। Electric Light এর আলোর উদ্ধানিত, সমৃদ্ধিশালী মলংফরপুর, জনবিরল ছংহু পল্লীগ্রামের সন্ধার সাঁগতেসঁতে অন্ধকার নিয়ে চোথের উপর কুটে উঠলো। গ্রামেরই নীরবতা, সেথানকারই প্রাণমন্ধী নিজনতা একসলে মিশে গিয়ে চারি দিকে ছেয়েছিল—সব আরগার, একদা ম্থরিত, উচ্ছলিত জনবহল, কলাগী, সরাইয়াগঞ্জ, পুরাণী বাজার, চালওয়ারা, এবং আরো অনেক স্থানে।

কোথাও কোন আলো নেই। থড়ের ঘরের ভিতর দিয়ে, আবছা আলো যা চোথে লাগছিল, তাই লক্ষ্য করে আমরা এগিরে চলাম, সেই সব ভগ্নন্থ পের মধ্য দিয়ে। অকলারেরও একটা আলো আছে। সেই আলোতে দাঁড়িরে যখন চারি দিকে তাকিয়ে দেখছিলাম, তথন সামান্ত একট্ শব্দ, বরুর একট্থানি কথা, বুকের মধ্যে এসে ছাঁতি করে লাগছিল। সেই অকলারের মধ্যে ধবংসের বিরাট প্রসারতা, গভীরতম ভাবে উপলব্ধি করছিলাম। তার বীভৎসতা সজীব হয়ে চলে বেড়াচ্ছিলো তথন। অশরীরী আলার আব্ছা উপস্থিতি যেন সব দিকে অস্কুত্ব করছিলাম।

প্রায় অনেক কুটীরেই (খড়ের চালা, এত ছোট যে মাথা নীচু করে প্রবেশ করতে হয়), কেউ না কেউ, বিশেষ করে মা, বোন এবং ছোট ছোট ছোট ছেলে মেয়েরাই, শরীরের কোথাও না কোথাও, আঘাত নিয়ে শুলে আছে দেখলাম। আমাদের প্রশ্নের সব কটা উত্তরেই তাদের কথার হতাশার চিহ্ন চোঝে নিলিপ্তেব ভাব স্কম্পষ্ট ফটে উঠছিলো। অসহায়তার ব্যথা, অসহনীয় তৃঃথ ও ক্টের ভবিশ্বং উপস্থিতি, যেন তাদের স্ক্রাণা শক্ষিত করে রেখেছে।

পাশের বন্ধুকে বল্লাম "জান কেন, মেয়েরাই বেনী মারা পড়েছে, কিছা আঘাত পেয়েছে ? স্থার্থপ্রবল, কঠিনপ্রাণ পুরুষ যথন বিপদের আবিভাবেই প্রাণ নিয়ে পালিয়েছে, তথন সেহপ্রবণ মায়ের জাত, নিজের সভানদের ফেলে পালাতে গিয়ে, বিধার পড়ে, মৃহর্ত্তের এদিকে ওদিকে প্রাণ হারিয়েছে, কিম্বা তাদের নিয়ে পালাতে গিয়ে, যে আঘাত নিজের সন্তানদের পক্ষেপ্রাণঘাতী হতো, তা মাথায় পেতে নিয়ে নিজেদের জ্থম করেছে।"

"হাঁ— অনেক case বোধ হয় ভাই।"

চুপ করে গেলাম। উত্তর আবে দেবার ইচ্ছা

ংলোনা।

আনেকগুলি থড়ের ঘর পার হরে, সন্ধানে ঘেটা জানতে পারলাম আমার আগুমীয়ার বাড়ী, দেখানে এদে উপস্থিত হলাম। মাথাটাকে বেশ নীচু করে দে ঘরের মধ্যে যাওয়া গেল। একটা খাটে ভিনি শুরেছিলেন চিং হয়ে। কোমরে একটা Beam পড়ে ভীষন চোট পেরে একেবারে চলংশক্তি রহিত হয়ে আছেন। বাইশ দিন হয়ে গেছে তব্ও এপাশ-ওপাশ করা সম্ভবের বাইরে। পাশেই একটা Kerosine Box টেনে নিয়ে বসলাম। ঘরের মিট্মিটে Kerosine Lampর আলোম ভার এবং ঘরের অনেকের মুখই অস্পষ্ট ছিল।

মনে আছে একদিন এঁদেরই বাড়ীতে Drawing Roomএর যে Couch এ বদেছিলাম, সে রকম আমার ভাগো প্রথম হরে উঠেছিল। Couch এর মধ্যে প্রায় ডুবে গিয়ে, মাথার উপর Electric fan ও Light এর ঝলমলানিতে বসে, একটু একটু করে কথা বলা, অনেক দিন পর্যান্ত আমার কাছে একটা লোভনীর আকর্ষণ ছিল। সেই দিনের সেই উজ্জ্ব আলো, হঠাৎ সেই মুহুর্জে অভি নিঠুররুবে মান হয়ে এলো।

আন্তে আতে জিজাদা করলাম "কেমন আছেন ?" অতি মামূলী প্রথম কথা, নিজেকে অস্তিকর আবহাওরা থেকে উদ্ধার করবার জন্ম।

শ্লান একটু হাসি ফুটেই মিলিয়ে গেল। তার পর
"ভালই আছি" বলে' বুকের উপর ল্টিয়ে পড়ে যে
থোকাটী থিল্ থিল্ করে হাসছিল, তার মাথায়, তার
চুলের ভেতর হাত বোলাতে লাগলেন। স্থান ফুট্ফুটে,
নাগুসহত্ব ছেলে।

তার কোলা ফোলা গালে, ছুটো আধুল দিয়ে চাপ দিয়ে বল্লাম "ভয়ানক হাসি হচ্ছে যে"—

তাকে একটা ছোট্ট চুমো দিয়ে আত্মীয়াটা বল্লেন
"একে বাচাতে গিয়েই তো আমার চোট লাগলো।
সকলে যথন পালালো, তথন একে আনতে গিয়েই
আমার পালাতে একটু দেরী হয়ে গেল। ভাগ্যিস ও
আমার বুকের নীচে ছিল, তাই Beamটা কোমরে
পড়াতে থোকা বেঁচে গেল। তা না হলে আৰু আমার
এ বেঁচে থাকার কোনই হথ ছিল না—বেঁচে আমি
থাক্তামও না হয় ত।" বলেই অতি নিবিড় ভাবে

খোকার পারে ও মাথার হাত ব্লোতে লাগলেন। খোকা তথন তার মাথের আঁচিলের অনেকটা মৃথের মহধ্য দিরে আমাদের দিকে ভাসা ভাসা চোথ নিরে ভাকিরে ছিল।

এই সময়ে আমি আমার বন্ধুর দিকে তাকিরে দেখি, সেও আমার মুখের দিকে তাকিরে আছে। তার পর এ কথা সে কথার পর উঠে চলে এলাম। সমস্ত রাস্তাটা যেন বিবাট নিস্তর্কা ও বীভংদ অন্ধকার নিম্নে আমাদেরই জন্ম অপেকা কর্ডিল। বন্ধুব বাড়ীতে যথন আসা গেল তথন রাজি দশ্টা।

ছাপরাতে এসে Diaryতে প্রথমেই লিখলাম—
জীবনের তৃত্ততাকে, বাস্তব যা কিছু তার অসারতাকে,
অতি উৎকটরূপে চোধের সামনে ধরে দিয়েভিলোঁ, এই
সেইদিনকার অতি ভয়াবহ ১লা মায়। কিছু আশ্চর্য্য
এই—বেঁচে যারা আছে, তাদের বেঁচে থাকবার চেষ্টার
কোন শিথিলতা হয়নি। বেঁচে থাকতে হলে, মান্তুষের
যা যা দরকার, তার এতটুকুও ক্রটী লক্ষ্য করবার উপায়
নেই। সেই কেনা-বেচা, বাজারের হট্রগোল, কথার
মার শ্যাচ, স্বার্থের ছল্, ব্যস্ততার চিহ্ন, হীনতা, শঠতা,

সাবেক ভাবেই চলেছে। আর এইগুলো চলেছে ঠিক সেইখানে না হলেও, তার পাশেই হয় ত, যেখানে অগণিত লোক একম্হুর্ত্তির মধ্যে অপমৃত্রে করাল করলে নিম্পেষিত হয়েছে—এবং চালাচ্ছে তারাই, বাদের যে কোন কেউ, এক, তুই বা ভল্ডোধিক আয়ীয়-সঞ্জন— কিছা ভাই বলু প্রাণ হারিয়েছে অকালে এবং অস্থ্য

Struggle for existence যে কী জিনিব, তা বে কেউ বেঁচে আছে ভূমিকম্প বিধ্বস্ত যে কোন স্থানে, তারা মর্মে মর্মে উপল্লি কবছে। তোখের জল তাদের শুকিরে গেছে—জঃথে ভেজা চোথ আর বাগ-ভরা বৃত্ন নিরেই, তারা সেই ভালা বাড়ী জোড়া দিয়ে, ফাটা জ্মি ভর্তিকরে, আবার বাসোপযোগী করে তুলছে।

বেঁচে ত থাকতে হবে। এ জগং যে মায়া, জীবন যে তুদ্ধ, বান্তব যা কিছু দব ভঙ্গুর,—এ কথা জ্ঞানীদের দ্যায় আনেকেই তাদের মধ্যে জ্ঞানে। কিন্তু তবুও এই যে বেঁচে থাকবার জন্ম থাটি পরিশ্রম উন্নয় ও উল্ডোগ দেটা কী । কেন লোকে এ-দব করে দব কেনে শুনেও ।

"ফুট্লো মউল দূর বনে, আর বাতাস বাউল গন্ধে তা'রি" শ্রীরামেন্দু দত্ত

ফুট্লো মউল; বনের হাওয়া বাউল হ'ল গল্প ডা'রি! সহর কোঠার কোটত-কোণে বিরস ননে রইতে নাবি! আকাশ-মুখী আঁথির ভারা হায়, অসহায়, পাখীর পারা!

বাহির পানে সদাই টানে; কে-ই বাতারে দেয় গো ছাড়ি'! ফুটুলো মউল দূর বনে, আর বাতাস বাউল গল্পে তা'রি!

এই ফাগুনের পূর্ণিমা চাঁদ আজ ফাগুয়ার

জ্যো'ন্সা ঢেলে ;

পাতার ফাঁকে তরুর শাথে আলোর হোলী

যাডেছ থেলে!

ধেল্ছে হাওয়া বনের বুকে গায় কোয়েলা মনের স্থে

পাহাড় বেরে ঝণা মেরে নাম্ছে জ্বীর আঁচল মেলে! পুর্ণিমা চাঁদ চুম থেরে ভার দিনান করার জ্বো'লা চেলে! শৈশবে আর কৈশোরে যার রূপ দেখেছি

এন্নি ধারা

সেই পহেলী বন-সচেলী বল্ছে আমার

ভাঙরে কারা !*

বল্ছে, "ওরে আর ছুটে আর! ফুট্লো মউল শাখার শাখার.—

সহর কোঠার কোটর ছেড়ে আর রে হেথার আত্মহারা ! দ্ধিন হাওয়ার ফ্**ল** ফুটেছে। পিচ্কারীতে জ্যোত্ম ধারা!"

বনের হরিণ শিকল বাঁদা; বনের পাখী

थैं। ठांग्र कैं। देन !

সোনার শিকল, সোনার থাচার মনকে ভাদের কেউ কি বাঁধে গ

> নীল আকাশের বিশাল দিঠি, লক্ষ ভারায় লিথ্লো চিঠি,

হাতছানি দের দ্ব বনানী, দখিন হাওয়া, নানান হালে! আকাশ-মুখী আঁথির তারা পাখীর পারা থাঁচার কাঁলে!

মহামহোপাধ্যায় রাজকৃষ্ণ তর্কপঞ্চানন

শ্ৰীবীরেন্দ্রনাথ ঘোষ

নৈরাধিকপ্রধান নবছাপের বছ প্রাচীন অধ্যাপকবংশ বঙ্গদেশে থ্যান্তি লাভ করিয়া গিয়াছেন। এইরপ এক বিথান ভার-অধ্যাপকবংশ মহামহোপাধ্যায় রাজরুঞ্চর্ক-পঞ্চানন মহাশয় ঠিক শত বর্ষ পূর্বে ১৭৫৫ শকালের (সন ১০৪০ শালের) ২৯এ পৌষ ভারিথে জন্ম গ্রহণ করেন। এই বংশ পুক্ষান্তক্রমে পাণ্ডিভারে জন্ম বিথান্ত ছিলেন। এই বংশ পুক্ষান্তক্রমে পাণ্ডিভারে জন্ম বিথান্ত ছিলেন। এই বংশ পুক্ষান্তক্রমে পাণ্ডিভার জন্ম বিথান্ত ছিলেন। ক্রমান্তলী করা আছেব রামভালী করি। এবং পোলম্মহালার করিছেব রামভালী করা এবং পোলম্মহালার করিছেব। তর্কপঞ্চানন মহাশয়ের পিতামহ গোপীনাথ লায়পঞ্চানন এবং পিতা ফ্যাকান্থ বিভালকারে মহাশয়ন্তম্ব দেশবিশত পণ্ডিত ছিলেন।

विशादक कतिया त्रांककृषः अथास मुखावां वा कदन, অভিধান এবং कावा ও অলঙ্কার অধ্যয়ন করেন। এই অধ্যাপকবংশের পূর্বাপুরুষগণ সকলেই ছায়শান্ত্রে পণ্ডিত ছিলেন—বলিতে গেলে এই বংশ নৈয়াগ্রিকের বংশ। প্রাথমিক শিক্ষা শেষ করিয়া রাজক্ষ পিতামহের চতুম্পা**ঠিতে ভাষশান্ত অ**ধ্যয়নে প্রবৃত হইলেন। তায়শাল্পে বংশগত অভুরাগবশতঃ তিনিও যে পূর্বপুরুষ-গণের প্রাক্রমরণ করিবেন ইহা কিছুমাত্র অস্বাভাবিক নহে। ফলত: ক্রায়শাস্ত্র অধ্যয়ন করিতে আরম্ভ করিয়াই তিনি এই শাস্ত্রের প্রতি যেরূপ অসাধারণ অনুৱাগ প্রদর্শন করিতে লাগিলেন, ভাহা দেখিয়া ন্বলীপের প্রক্রিপ্রধান্ত্রণ জাঁহাকে নিয়ত উৎসাহিত করিতে লাগিলেন যে, কালে তিনি অদিতীয় নৈয়ায়িক পণ্ডিত হইয়া পৃর্বাপুরুষগণের যশঃ অকুল রাখিবেন। তাঁহাদের এই আশা সম্পূর্ণরূপে সফল হইয়াছিল। এই দকল পণ্ডিভগণের মধ্যে তৎকালে মাধ্যচন্দ্র তর্কসিদ্ধান্ত মহাশর অব্যত্তী ছিলেন। তিনি তরণ বিভার্থীর স্থায়-भाषानाभ धार्व कतिया त्करन भूत्य छे । भार पियारे

নিরস্ত থাকেন নাই—রাভকুক্তকে নিজের টোলে লইয়া গিরা যত্ন সংকারে তাঁহাকে ভারশাস্ত্র অধ্যাপনা করিছে লাগিলেন।

বর্ধাসময়ে স্থায়শাস্ত্র অধ্যয়ন সমাপ্ত করিয়া রাজকৃষ্ণ 'তর্কপঞ্চানন' উপাধি লাভ করিলেন। ছাত্রের কৃতিত্বে অধ্যাপক মহাশম এতাদৃনী প্রীতি লাভ করেন যে, তিনি প্রিয় ছাত্রকে তাঁহার চতুজাঠীর অধ্যাপনার ভার অর্পন করিয়া স্বয়ং অবসর গ্রহণ করিবার প্রস্তাব করিলেন। ইহাতে তর্কপঞ্চানন মহাশয়ের কোন আপত্তি ছিল না; কিন্তু নৈব বিভ্রনার ওৎকালে গুরুর টোলের ভার গ্রহণ করা হইয়া উঠিল না। কারণ, অধ্যয়ন শেষ হইবার পরই তর্কপঞ্চানন মহাশয় অব্সন্থ হইয়া প্রতিলেন।

তুই বৎসর কাল নানাবিধ পীড়ার আক্রান্ত হইয়া থাকায় তর্কপঞ্চানন মহাশয় এই চুই বৎসর কাল গুরুর অভিপ্রায়াস্থায়ী তাঁহার চতুপ্রাচীর ভার গ্রহণ করিতে পারেন নাই। ১২৭১ সালের ঝটিকাবর্তে তর্কপঞ্চানন মহাশয়ের চতুপ্রাচী ভূমিসাৎ হয়। তথন তর্কপঞ্চানন মহাশয় য়য় হইয়া উঠিয়াছেন। এইবার তিনি গুরুবদেবের ভয় চতুপ্রাচীর জিনিসপত্র লইয়া পিয়া য়য়ং চতুপ্রাচী স্থাপন করিয়া অধ্যাপনায় প্রবৃত্ত ইইলেন। উপয়ুক্ত শিক্ষকে টোলের ভার লইতে দেখিয়া তর্কসিদ্ধান্ত মহাশয় তৃয়া চিত্তে ছয় মাদ পরে অর্গারোহণ করেন।

মহামহোপাধ্যায় ভ্বনমোহন বিভারত মহাশ্র তৎকালে নব্দীপের প্রধান নৈয়ায়িক ছিলেন। ১০০৬ সালে তাঁহার য়ৢত্য হইলে নদীয়ার মহারাজা বাহাছর রাজর্প্ত তর্কপ্রধানন মাহশ্রকেই নব্দীপের প্রধান নৈয়ায়িকের পদে বরণ করেন। ইহার কয়েক বৎসর পরের গ্রণ্মেন্ট তর্কপ্রধানন মহাশ্রকে মহামহোপাধ্যায় উপাধি প্রধান প্রকিক স্থানিত করেন এবং ভায়শাল্র

চর্চনার উৎসাহদানার্থ মাসিক পঞ্চাশ টাকার একটা বৃত্তি প্রদান করেন। ভর্কপঞ্চানন মহাশর মৃত্যুকাল পর্যান্ত চতুস্পাসীতে অধ্যাপনা এবং বহুকাল গ্রগ্মেন্টের বৃত্তি ভোগ করেন।

সন ১০১৯ সালের ৯ই বৈশাথ মহামহোপাধ্যায় কাজকৃষ্ণ তর্কপঞ্চানন বিস্চিকা রোগাক্রান্ত হইয়া ৺গদালাভ করেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৯ বংস হইয়াছিল।

তর্কপঞ্চানন মহাশর সেকালের আফাণপণ্ডিতগণে ক্যার সরলতার আধার ছিলেন। আনাড্যর জীবন বাপ করিরা জীবনের শেব দিন পর্যন্ত তিনি ক্যারশাতে অধ্যাপনা করিরা গিরাছেন।

হাসপাতালে

এবিমল সেন বি-এস্সি

'ওরার্ডে দৌড়ধুশ পড়িরা গেল। একটা 'শরজ্নিং কেস' আসিলাভে।

८ एक पटि। धतिता द्या स्थान स्थान

ইমাক্ ওয়াশিং, এ্যাট্রোপীন্ ইনজেক্শন্, ষ্ট্রক্নীন্ ইন্-জেক্শন্, আর্টিফিশিয়াল রেস্পিরেশন—সবই করা হইল। কিন্তু রোগীর আর জ্ঞান ফিরিল না। ধীরে ধীরে তাহার হার্টের গতি বন্ধ হইয়া গেল।

ভাক্তার পুণীর দত্র নিঃখাস ফেলিবার সমর ছিল না। এতকণে মাথা তুলিরা বলিল—হি ইজ্ডেড্, লিষ্টার—মার কোন লাভ নেই। ইমাক্ ওরাশিংটা রেখো। ওপিরম্পরজ্নিং বলে মনে হচছে।

বেড-এর চারি দিক ঘিরিয়া সিটার, তুইজন নার্স, এবং ঐ হাসপাতালের জনতুই ছাত্র দাঁড়াইরা।

একটি ছেলে তৎক্ষণাৎ সাম্নে ঝুঁকিয়া পড়িয়া,
মৃত ব্যক্তির চোধের পাতা ত্ইটা মেলিয়া ধরিল। সহপাঠা
বন্ধুকে বলিল—পিন্-প্রেণ্ট পিউপিল্ দেখেছিল।
ভাটটা এগ্জামিন্ করনা। রেস্পিরেশন্ বন্ধ হরেছে,
কিছ হাট হয়ত এখনও গুয়ার্ক করছে…দেখ্ শীগৃণীর।

আন্ত তেকেটি তেওস্কোপু কানে ওঁজিয়া হাট 'এগ্জামিন' ক্ষিতে লাগিল। রোগী তথম অনেকদ্র অঞ্জাম হইয়াজেঃ

নাৰ্স কৰাৰ ক্ৰিয়া বৃতদেহ ঢাকিয়া অন্ত কাৰে চলিয়া

গেল। সিষ্টার 'ওয়ার্ড বয়'কে বলিয়া গেল---বেড-এ চাবয়টা বদলে দিস্।

দ্বিতীয় ছেলেটি তথনও ্রিন' করিতেছে।

এখানে এদ্নিই হইয়া থাকে।

হাদপাতাৰ ছাড়িলা গৃহে ফিরিলা যাওলা, এবং পৃথি ছাড়িলা প্রপারে পাড়ী দেওলা ছই-ই বেন সমান।

ডাহিনে, বামে নিত্য কত লোক মরিং কাহারও বৃকে তাহাতে সামাল রেখাপাতও হর না তেম্নি ভাবেই নার্স আসিরা কমল-চাপা দিরা যা ডোমেরা ট্রেচারে করিরা স্বতদেহ 'কোত্-কমে' লই যার; নিটার আসিলা বলে,—চাদরটা বদ্লে দিস।

আবার হয়ত তথনই সেই বেড-এ অক্ত রোগী আগে

বাংলা দেশ হইতে প্রায় দেড় হাজার মাইল দ্রে এক ধ্ব বড় শহরের হাসপাতালে ডাক্টার স্থীর দ 'হাউস-ফিজিসিরানে'র কাজ করে। হাসপাতালে সহিত কলেজও থাকে। স্থীর সেই কলেজ হইডে সম্প্রতি পাস্করিয়া বাহির হইরাছে।

এই ওরার্ডের একদিক কার পঁচিশটা রোক্টার চিকিৎন এবং তত্থাবধান তাহাতেকই করিতে হর। 'কিনেল ওরার্ড এবং ছেলেদের ওরার্ডেও ভাহার রোক্টা আছে। সর্বদ্দে প্রায় ত্রিশটি রোক্টা। সকাল-সন্ধ্যা 'রাউও' লাগাইতে ইর 'পর**ক্**নিং কেস্'ট। সারিয়া, সে ভাহার 'রাউওে' বাহির হ**ইল**।

সারি সারি পঁচিশটা বেড্। একটাও খালি পড়িয়া নাই।

'বেড্ নং ওয়ান্— রোগীর মাধার কাছে টেম্পারেচার
চার্ট এবং অক্স দিকে তাক্তালর ব্যবস্থাপতাদি দেরালে
চারান। টেম্পারেচার চার্টের এক পার্যে ডারগ্নোসিদ্ লেথা
—'হেমিপ্লেজা'। পক্ষাঘাত-এ এক অঙ্গ পড়িয়া গিয়াছে।
অসহার শিশুর মত রোগী বিছানায় শুইয়া থাকে।

বেড নং সিক্স্— 'টাইফরেড্' ক্ষীণ দেহ বিছানার গহিত প্রায় মিশিরা গিরাছে। জরের ঘোরে সর্বাদা বকর্ বকর্ করিয়া কি সব বলে; না হয়, বিছানার চাদর ধরিয়া মৃচ্ডাইতে থাকে।

বেড নং টেন্—'থাইসিস।' ইহাকেও জীবন্ধ মানুব বলিরা মনে হর না। বিভিন্তান্তা আর হাড়। কোটরগত চকু ছটি সর্বাদাই জল জল করিতেছে। এতদিন বাঁচিয়া থাকিবার কথা নহে।

স্থীর কাছে আসিয়া কুশল প্রশ্ন করিতে, দে ভঙ্ হাসিলা বলে—আজ অনেক ভাল আছি, ডাকারবাব্ ! কাণ্ডি কম, রক্তও আর ওঠেনি। একটু থামিয়া বলে— দেরে উঠৰ, কি বল, ডাজোরবাবু ? মরব না। এমন বিশেষ কিছু ত হয়নি!…ভূমি একটু ভরসা দাও, ডাজারবাবু!

স্থীর জানে, জার বড় জোর তিনটা দিন রোগীর
জীবনের মেরাদ। আজও হরত মরিতে পারে। কিন্তু সে
এখনও পাকা ডাজার হইতে পারে নাই। তাই চোধ তুইটা
জ্ঞাসিক্ত হইরা ওঠে। মাথার হাত বুলাইরা বলে—সেরে
উঠবে বৈ কি ! কি-ই বা হরেছে। শীগ্সিরই সব সেরে
যাবে।

এখনও বাহার বাঁচিরা থাকিবার বোল আনা সাধ, ঐ সামাক্ত আখাদ-বাণীটুকু ভাহার পক্ষে কভ মূল্যবান!

বেড নং থাবৃটিন্—'ডায়বিটিদ্।' রোগী বাঙালী।
শ্বা-চৰড়া, মোটা-সোটা চেহারা।

স্থীরকে দেখিরাই একেবারে তিরিকি হইরা উঠেন।
হাত মূথ নাড়িরা বলেন—আপনাদের এ কেমনতর
হস্পিটাল, মশাই ? কাল রাত্তির থেকে এ অবধি

বিচ্চু খেতে দেরনি । এ কি না খাইরে মেরে ফেলবে না কি, বাবা ? ওযুধ-পতরের বেলারও ত চু চু।

সব বাঙালীর ঐ ধরণ। দাভব্য চিকিৎসালরে আসিয়া উঁহোরা মনে করেন, বুঝি সবাইকে রুভার্থ করিতেই আসিয়াছেন। উাহারা চান বে, ডাজার হইতে আরম্ভ করিয়া সিষ্টার, নার্স, মার "ওয়ার্ড বর' পর্যান্ত সবাই আজ্ঞাবাহী ভৃত্যের মত সর্বনা তাঁহার ত্যাবধানেই ব্যন্ত থাকিবে। বিশেষ করিয়া, সে ওয়ার্ডের ডাজার যদি বাঙালী হয়, তাহা হইলে ত রক্ষাই নাই। শুধু তাহাই নহে; অত দিন বিনা ব্যন্তে হাসপাতালে থাকিয়া, সম্পূর্ণ নিরাময় হইয়া গৃহে ফিরিয়া বান, এবং স্ব্যোগ পাইলেই মুথ বিরুত করিয়া বলেন—আরে মলাই, যাস্সে তাই—একেবারে বাস্সে তাই। চিকিচ্ছে হয় না, এ আবার কেমনতর—ইত্যাদি।

সতের নম্বর রোগীর হার্টের অস্থা। খুর ভাল
'কেস্'—সহসা ও-সব 'কেস্' চোথে পড়ে না। ভাই,
দিনের ভিতর পঞ্চাশবার ডাক্তার হইতে আরম্ভ করিরা
ছেলেরা সবাই পরীকা করিয়া থাকে।

হ্ণান হাল হাল কাৰ্যা কোণীকে একই প্ৰশ্ন করে— কি কট । কেমন করিয়া আরভ হইল । কড দিন হইতে ভূগিতেছে !

তাহার পর, একই তাবে খুরাইয়া-ফিরাইয়া, উঠাইয়াল বদাইয়া, ভন্ লাগাইয়া পরীকা চলে।

ছেলেদেরও দোষ নাই। তাহারা জ্ঞানার্জন করিতে
আসিরাছে। দেখিতে ত হইবেই। কিন্তু রোগীর প্রাণ ওঠাগত। নিকপার হইরা সে স্বার হকুম তামিত ক্রিরা যার। আজও তাহার বুকের উপর, চারিটা টেথস্কোপ্লাগাইরা চারিজন প্রীক্ষা ক্রিতেছে।

একুশ নখর রোগীর 'নিউমোনিরা' হইরাছে। অবস্থা ভাল নহে। চলিশ বংসর বয়স। শৃটান।

স্থীরের সব প্রশ্নের জবাব দিয়া, ক্ষীণকঠে জিজাস করিল-ক্রী আজ কেমন আছে, ডাক্তার ?

ক্ষবী রোগীর স্ত্রী। সেও 'নিউমোনিরা' রোগাক্রাই ইইরা 'ক্ষিন ওরার্ডে' পড়িরা আছে। ফুইলনে একসংগ আসিরাহিক। কোনে তাহার এক বংসরের এক ছেলে। আত্মীয়-খজন আর কেহ নাই বলিয়া শিশুটিকেও 'চিল্ড্রেফা' ওরার্ডে' রাখা হইয়াছে। তাহারও শরীর ভাল নহে। পেটের অসুথে ভোগে।

পুথীর আখাদ দিয়া কানাইল—আপনার স্ত্রী ভালই
 আছেন—আর ভয়ের কারণ নেই।

জন জিজাসা করিল-আর, বাজাটা 📍

— ওঃ, সে ভ চমৎকার আছে। সিষ্টারের কোলে কোলেই থাকে।

স্বভিন্ন নিঃখাস ছাড়িয়া জন্ বলিল—বাক্, ওরা ভাল থাকলেই হল। জানেন ডাজার দত্ত, কবীর ভাবনার মনে আমার একটুও শান্তি নেই। অল বরস, সমস্ত জীবন ওর সামনে পড়ে আছে। আমার ঘরে এসে একলিও প্রথে কাটাতে পারেনি। অভাব, অনটন চারিদিকে। বিদের আগে, কত করে বলেছি, কবী, আমি গরীব, ভোমাকে ত প্রথে রাথতে পারব না। কেন তুমি ভোমার উজ্জল ভবিস্তং নষ্ট করছ ? কিছ, কোন কথাই ভনলে না।

একটু দম্ দইরা, আবার বলিতে লাগিল—আমার দিন ত ফুরিরে এলেছে জানি। বে তার ত্রী-পুত্রকে ছবেলা ছটি খেতে দিতে পারে না, তার মত লোকের মরাই ভাল। কবী ছেলেমাত্য—আবার বিরে করে স্থী হোক; বাজোটাও স্থে থাকবে।

স্থীর তাহার মাধার হাত রাখিয়া বলিল—ও-স্ব কথা ভাববেন না! দেরেই ত উঠছেন আপনার।।

কিছ, এ আধাসবাণীতে সে আর ভোলে না। সে ুঝিতে পারিরাছে, তাহার জীবনের মেয়াদ ফ্রাইয়াছে।

একটু তথ হাসিয়া অন্ বলিল---ধন্তবাদ, ডাজার দত্ত। দ্বা করে একবার সিটারকে বলে বাবেন, আন যেন ছেলেটাকে একটু দেখিরে নিয়ে যায়।

'ফিমেল ওরার্ডে' কবী বেশ সারিয়া উঠিতেছে।
চারিদিন হইল 'ক্রাইসিন্' কাটিয়া গিরাছে—খার ভরের
কোন কারণ নাই। বয়স পটিশ। দেখিতে স্ঞী। বিশ্ব,
অস্ত্রের ভূগিয়া দেহ হাডিডসার হইরাছে।

্ৰশ্বীর কাছে গিয়া দাঁড়াইতেই বলিল—দেখুন ডাজ্ঞার দক্ষ_তকাল রাজিরে জনেক কারাকাটি করনুম। সিটারের পায়ে ধরে বল্লুম—সিষ্টার ছেলেটাকে একবারটি এখানে নিয়ে এসো; আমার কেবলি মনে হচ্ছে—ভার বেন শরীর ভাল নেই।

দিষ্টার চুপি চুপি গিয়ে নিয়ে এল। তেঠিক তাই,
শরীরটে তার ভাল ছিল না। একা একা ওথানে নাকি
কাল্ছিল। আমাকে দেখে, কোলে আসবার লছে কী
যে আঁকুপাকু করতে লাগল। সিষ্টার এইখানে শুইয়ে
দিলে। ছোট্ট একটু, ভূলোর প্যাট্রার মত অম্নি চুপ্টি
করে সে শুরে রইল। বলিরা ধীরে ধীরে, তাহার পার্থে,
বিছানার সেই অংশটুকুতে হাত বুলাইতে লাগিল।

শিশুটিকে ভাহার মাতা-পিতার কাছে আনিতে তথনও ডাক্তারের নিষেধ ছিল। তাই, স্থীর বিশ্বিত হইরা বলিল —েসে কি, ছেলেটিকে সিটার খাটে শুইয়েছিল।

ক্ষবী কাতরকঠে বলিল—সিটারের কোন দোষ নেই।
আমার কাছে আসবার জন্মে তার সে ছট্ফটানি দেখে,
কোন মেরেমাহ্য হির থাকতে পারে না, ডাজার দত্ত।
আমিতাকে কিছুথাওয়াইনি ত—শুধু কিছুক্ষণ শুরে ছিল।
আহা ঐকুটু শিশু সারাদিন একলাটি পড়ে থাকে…

সুধীর কঠিন হইয়া বলিল—না, এখনও তাকে আপনার কাছে এনে শোয়ান উচিত নয়। তা' হতে পারবে না। সিষ্টারকে এত করে বারণ ··

ক্ষবী সহসা কাঁদিয়া ফেলিল। বলিল—কিন্ত, ডাজার, আপনি কথনও বোধ ছব ঐটুকু বাচ্চাকে কোলে নেন নি—নিলে ব্যতেন। সনমরা হরে গেছে। বেন ব্যতে পেরেছে, তার ছবিনী মারের শ্বৰ অসুধ।

— কিছ, অমন করলে, তারও বে ছে ায়াচ লাগতে পারে, তা বুঝছেন না কেন ?

এ কথা তনিয়া তৎক্ষণাৎ ক্ষবীর কারা বন্ধ হইবা গেল। ভয়াউকঠে জিজ্ঞালা করিল—এখনও টোয়াচ লাগবার ভর আছে ?…তা'হলে আর আনতে বলব না, ঐথানেই থাক। একদিনে কিছু হবে না ত, ডাক্তার ?

ভার পর, স্থীরকে সে বিশদ্ভাবে বৃশ্লাইতে বসিল—
শিশুটিকে কি ভাবে ত্থ থাওরাইলে চূপ্ করিরা থার,
কেমন করিয়া খুম পাড়াইতে হয়, কাঁদিলে কি ভাবে
চূপ্ করাইতে হয়।

স্থীর বলিল--- আছো, সে ওরার্ডের সিষ্টারকে স্ব বৃঝিরে দেব'ধন--- আপনি চিন্তিত হবেন না।

--- धक्रवान, ভाक्तांत्र मख, वित्नव धक्रवान ।

শেষে আরম্ভ হইল, জন্-এর কথা। ক্রবী দিন গুণিতেছে—কবে উঠিতে পারিবে, কবে ছেলেটাকে কোলে লইয়া, জন্-এর হাত ধরিয়া, আবার তাহাদের ভালা ঘরে ফিরিয়া যাইবে। এমন অবস্থার জন-এর একট্ও সেবা করিতে পারিতেছে না বলিয়া দে কাদিয়া ভাদাইল।

এই অবস্থার লোকেদের ভিতর, এমন একটি স্নেহ্ময়ী মাতা এবং প্রেমময়ী স্ত্রী সুধীর পূর্বের দেখে নাই।

নিজের অসুথে পাশ ফিরিয়া শুইতে কট হয়! তব্, খামী-পুত্রের চিন্তায়ই দে বিকল হইয়াছে বেনী। ত্শ্চিস্তার তাহার যেন সীমা নাই। সে ওরার্ড হইতে বাহিরে আসিরাই স্থীর দেখিল, চিল্ফ্রেল ওরার্ডের 'বর' ছুটিরা আসিতেছে, হাতের চিরক্টটা আগাইরা দিরা বলিল—শীগ্ণীর চলুন, ডাক্রার সাহেব।

সিটার ডাকিয়া পাঠাইরাছে—শীদ্র আফন। ৪নং বেড-এর রোগী হঠাৎ কেমন হইরা পড়িরাছে। 'কোল্যাপ্স' করিভেছে।

ক্ৰীয় ছেলে ? · · কি হইল তাহার আবার ? ক'দিন হইতে তাহার পেটের গোলমাল চলিতেছিল, তাহা স্থীর জানে। কিন্তু, হঠাৎ কোল্যাপ্য ?

ওয়ার্ডে আসিয়া দেখিল, খাটের চারিদিকে পর্দ। দেওয়া হইয়াছে। শিশুট নির্দীবের মত পড়িয়া।

কোটরগত চক্ষু, সমস্ত দেহ কালিবর্ণ, পেট ফ্লিয়া উঠিয়াছে। এক রাত্রে এত পরিবর্ত্তন !

নিবেদন

জীকুমুদরঞ্জন মল্লিক বি-এ

খ্যাতির আমি নই ক মালিক

যশে আমার দাবী নাই।

আমার কথা ভাববে যে কেউ

সে কথাও ভাবি নাই।

ভর করেছি পদে পদে,

धनी यांनीत পরিবদে,

ছুরাশারি মন্দিরেতে

একটী রাতও যাপি' নাই।

₹

মিঠা মেঠো পল্লী-পথে

আনন্দে গান গেমেছি,

অকুল নদীর বিজন বুকে

জীবন-তরী বেরেছি।

সরল বুকের ভালবাসা

ভক্তি প্রীতি ভর্দা আশা.

কতই সোহাগ, কতই আদর

ব্যথার সাথে পেয়েছি।

•

কুজ হিয়ায় ছুখের স্থাধর

ষ্পন যে ডেউ লেগেছে.

ভাওন ধরা ব্যাকুল বুকে,

কলধ্বনি জেগেছে।

কাঁদিয়াছে কান্না হেরি। উৎপীড়িত লাম্বিতেরি

বিরাম বিহীন ব্যাহন ঘরে

হরির কুপা মেগেছে।

পদারা যে হচ্ছে ভারী

দিবস আদে ভাটালে.

চিন ঘুড়িতে টান বাঞিছে

ফুরায় খুতা লাটায়ে।

আস্ছে আঁধার ভুবছে চাকি,

সকল কাজই রইল বাকি,

ভূৰ্জ পাতায় আঁখর এঁকে

हितम हिलाम कांग्रेटिय ।

Œ

এসেছিলাম ক্ষণের পথিক,

হোলির দিনে একা ভাই.

পাছশালার আবীর রাঙা

গানের খাতা রেখে যাই।

মাথা অনুবাগের ফাগে,

পুত রাঙা পারের দাগে,

हेका हरन हिन्न करता

কিখা তুলে দেখে। ভাই।

1



সাময়িকা

শিক্ষার বাহন-

সংপ্রতি সংবাদ প্রকাশিত হইয়াছে,---

কলিকাতা বিশ্ববিভাগর যে ছাত্রের মাতৃভাষাকে তাহার অন্ত নিকার বাহন করিবার প্রভাব করিরাছেন, বালালা সরকার তাহাতে সম্মতি নিমাছেন। কলিকাতা বিশ্ববিভালরের কার্য্যকরী সমিতি বর্ধাধিক কাল পূর্বে এই প্রভাব বালালা সরকারের নিকট প্রেরণ করিয়াছেন, সরকারের ও বিশ্ববিভালরের প্রতিনিধিরা সমবেত হইয়া নিরম নির্মান করিবেন।

এই সংবাদে আমরা আনন্দ লাভ করিয়াছি। বাদালা সরকার এ বিষরে সিদ্ধান্তে উপনীত হইতে যেরপ বিলয় করিয়াছেন এবং এই সংবাদ প্রকাশের প্রায় পক্ষকাল পূর্বে দিল্লীতে বিশ্ববিভালয় সন্মিলনে যে সিদ্ধান্ত হইয়াছিল, তাহাতে অনেকে আশক্ষা করিতেছিলেন, এই প্রভাব সরকার কর্তৃক গৃহীত হইবে না।

দিলীর সন্মিলনে মান্তাজের শ্রীযুক্ত সত্যমূর্ত্তি ছাত্রের মাতৃভাবাকে ভাহার শিক্ষার বাহন করিবার বে প্রস্তাব করেন, ভাহা পণ্ডিত শ্রীযুক্ত মদনমোহন মালব্য কর্তৃক সমর্থিত হয়। মালব্যক্তী বারাণদী বিশ্ববিভালরের কথার উল্লেখ করিয়া বলেন, ভথার ছাত্রের মাতৃভাবার সাহাব্যে শিক্ষাদান-ব্যবস্থা সাফল্য লাভ করিয়াছে। সার আকবর হারদারী বলেন, ভারতবর্ষে বহু ভাষা প্রচলিভ থাকিলেও ভাহার জন্ত ছাত্রের মাতৃভাবার তাহাকে শিক্ষাদানে বাধা দূর করা অসম্ভব নহে; কারণ, অনেক ভাষার জক্তর হইলেও ভাবার ধাতৃ বা প্রকৃতিতে বিশেষ সাদৃত্য বিভ্যমান। যে জাতি বিদেশী ভাষাকে শিক্ষার বাহনরপে ব্যবহার করে, যে জাতি কথন পৃথিবীর জ্ঞানভাঙারে সম্পদ দান করিতে পারে না।

ুক্তি বিশ্বরের বিষয় এই যে, সার আকবরের এই যুক্তি ও আসবাজীয় উক্তি সংস্থেও এই প্রভাব পরিত্যক্ত হইরাছিল। সার কে, আর, মেনন—ভারতবর্বে ভাষাবাহল্যই এই প্রস্তাবের বিরুদ্ধ যুক্তি বলিরা মত প্রকাশ করেন এবং বলেন, বে ভাষা (অর্থাৎ ইংরাজী) কেবল ভারতের সর্ব্বত্র নহে, পরস্ক সমগ্র সভ্য জগতে প্রচলিত ভাহা শিক্ষা করিবার অ্বোগ ত্যাগ করিয়া ভারতীর ছাত্ররা কি জন্ত ভারতের আর একটি ভাষা অর্থাৎ মাতৃভাষাতিরিক্ত ভাষা শিক্ষা করিতে বাধ্য হইবে ? আমরা তাহার মাতৃভাষাতেই শিক্ষালাভ করিবে—বাদালা-ভাষাভাষী বা ভামিল-ভাষাভাষীকে বাধ্য হইরা হিন্দী শিক্ষা করিতে হইবে না। মাতৃভাষার শিক্ষার্থীকে শিক্ষাদান বলিতে ভারতের আর একটি ভাষা শিক্ষার্থ তাহাকে বাধ্য করা ব্রায় না।

ডাক্তার হারদাবের বৃক্তি আরও বিশারকর। তিনি কেবল চাকরীর হিসাবে এই গুরুত্বপূর্ণ প্রস্তাবটি বিবেচনা করিয়া দারুণ সন্ধীর্ণতার পরিচয় প্রদান করিয়াছিলেন। তিনি বলেন, পঞ্জাবে চাকরী কমিশনের পরীক্ষা বধন ইংরাজীতে হয়, তথন তিনি ছাত্রের মাতৃভাষাকে তাহার শিক্ষার বাহন করিবার প্রস্তাবের বিরোধিতা করিবেনই।

এ দেশে যথন এমন মনোবৃত্তির অধিকারী শিকিত লোকও বিভ্যমান তথন কলিকাতা বিশ্ববিভালরের প্রভাব গৃহীত হওরা সহকে বাঁহারা মনে সন্দেহ পোষণ করিয়াছিলেন, ভাঁহাদিগকে দোষ দেওয়া যার না।

আমরা দিল্লী স্মিলন সম্পর্কে বারাণদী বিশ্ববিদ্যালয়ের পণ্ডিত শ্রীযুক্ত মদনমোহন মালব্যের উক্তির উল্লেখ করিয়াছি। ইহার মাসাধিককাল পূর্ব্বে (৮ই কেবরারী ১৯০৪) হায়ন্তাবাদে উপমানিয়া বিশ্ববিদ্যালয়ের বার্ষিক উৎসবে নবাব মেহদী ইয়ারজ্ঞ বাহাছর যাহা বলিয়াছিলেন, ভাহাও বিশেষ আলোচ্য। তিনি বলেন, উপমানিয়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাবিধি হায়ন্তাবাদে হিলুত্থানী ভাষাই বিদ্যালয়ের শিক্ষা প্রদানার্থ বাবস্তুত হইরা

আসিতেছে। অনুবাদক সমিতির পরিপ্রায়ের এবং শিক্ষকদিগের উৎসাহের ফলে ইহাতে বিশেষ সাফলালাভ করা সম্ভব হইয়াছে। নবাব বাহাতুর বলেন, লও মেকলে এ দেশে শিক্ষা-বিস্তার বিবরে বে বিবৃতি লিপিবছ করিরাছিলেন, ভাহার প্রচারাবধি আমাদিগের মাত্ভাষার দৈয় ও হীনতা সম্বন্ধে যে বিশ্বাস আমরা মনে পুট করিরা আসিতেছি, তাহার অক্তই অক্তান্ত বিশ্ববিভালয় এই বাবস্থার প্রবর্ত্তন করিতে পারিতেছেন না। যতদিন লোকের মনে এই বিখাস থাকিবে যে, যে ভাষা পারিবারিক বাবহারের উপযুক্ত তাহা জ্ঞান-বিজ্ঞানের প্রচার-বাহন হইতে পারে না, ততদিন লোক সে বিখাস স্ত্য কি না এবং স্ত্য হইলেও মাতৃভাষা ব্যবহারের বিদ্র দুর করা যায় কি না, ভাহা বিচার করিভেও নিস্পৃহ থাকিবে। আমাদিগের মনে এই লাভ ধারণা বর্তমান থাকাতেই আমাদিগের মধ্যে মৌলিক চিন্তার বেমন অভাব প্রবল, পাঠ্য পুস্তক কর্মন্থ করিবার প্রবৃত্তি তেমনই উগ্র,--আর সেই জন্তই আমরা পৃথিবীর জানভাগ্তারে সম্পদ প্রদান করিতে পারিতেছি না।

আমরা সর্ব্যজোভাবে নবাব বাহাতবের উচ্ছির সমর্থন করি। তিনি মেকলের যে বিবৃতির উল্লেখ করিয়াছেন, ভাষা অনেকেই জানেন। মেকলে প্রাচীর কোন সাহিত্যের সহিত প্রতাক্ষ বা পরোক্ষভাবে পরিচিত ছিলেন না। তাঁহাতে ইংরাভের বৈণায়ন সঙ্গীর্গভারও অভাব ছিল না। তাই তিনি প্রাচীর সাহিত্যকে নগণ্য ব্লিয়া মত প্রকাশ করিয়াছিলেন। কিন্তু তিনি ইহাও यत्न कवित्राहित्मन दयः थ प्रतम देश्तांकी भिकात প্রচলনফলে অল্পলাল মধ্যেই এ দেশে প্রতীচ্য বিজ্ঞান-कानगण्नत त्रानाकृतम् वह मारकृत भाविष्ठां रहेरव। স্তরাং বলা ঘাইতে পারে, এ দেশে দেশীর ভাষার বিনাশ সাধন মেকলে প্রমুখ ইংরাজী শিক্ষাছরাগীদিগের উদ্দেশ্য ছিল না। অর্থাৎ কোন কোন ইংরাজ জাতীয়ভার বিনাশ-সাধনোদ্ধেও বেষন আয়ৰ্গণ্ডে আইরিশ ভাষার ্বিলোপদাধন প্রচেটা করিয়াছিল—ডাঁহারা ভেষন कान छेएए अथा शाहिक हरें इंग कांव करतन नारे। चाइतिमता विस्कृत्रात्व क्रिकेत यथन छांशवित्मत खांशीन সামাজিক সংস্থান হারাইতে থাকেন, তথন সলে সলে

আইরিশ নেভারা ভাবপ্রকাশের উপার মাতৃভাষাও ত্যাগ করিতে থাকেন।

অংশের বিষয় এ দেশে ভাহা হর নাই। মেকলের বিবৃতি প্রচারের পরই এ দেশে বে সকল শিক্ষিত-ইংরাজীতে কুতবিশ্ব ব্যক্তির আবিষ্ঠাব হয়, তাঁহারা মাতৃভাষার প্রয়োজন উপলব্ধি করিয়াছিলেন। পূর্বে এ বেশে ইংরাজ-দেশশাসনকার্য্য স্থ্যপার করিবার জন্ত বেমন দেশীর ভাষার অধ্যয়ন-ব্যবস্থা করিয়াছিলেন. তেমনই-এ কার্য্যের জন্মই-এ দেশের লোককে ইংরাজী শিক্ষা দিয়া বিরাট চাকরীরা সম্প্রদারের স্ঠে করিয়া-ছিলেন। কিন্তু দেশে শান্তি স্থাপিত হইলে ও স্থাপন প্রবর্ত্তিত হইলে বাঁহারা এ দেশে—বিশেষ বাললাক্স-নৃতন সাহিত্যের প্রবর্তন করেন, তাঁহারা দেশের লোকের क्नानक्राहर दन कार्या आंश्वित्यांत्र क्रियांक्रिक्ता। দ্বরচক্র বিভাসাগর, প্রসন্নকুমার সর্বাধিকারী, রাজেজ্ঞলাল মিত্র, ব্রহ্মমোহন মল্লিক, ছুর্গাদাস কর প্রভৃতির চেষ্টার-নানা বিভাগে নুভন সাহিত্যের ভিত্তিপ্রতিষ্ঠা হইয়াছিল। ১৮৭০ খুটাবে ডাকার গুডিত চক্রবর্ত্তী চিকিৎসা निकार्वीमिश्राक मार्चाधन कविदा विविधानित-

"এ দেশের ভাষাই তোমাদিগের মাতৃভাষা। তাহা
আরত করিতে তোমাদিগকে অধিক প্রম বা অর্থ ব্যব
করিতে হর না। স্তরাং স্বরব্যর ও সহজ্ঞাবোধ্যতা মাতৃভাষার অঞ্নীলনের বিশেব কারণ। বর্ত্তমানে সম্প্রবিধ্
থই বে, চিকিৎসাবিভার বহু গ্রন্থ (দেশীর ভাষার) নাই।

ইহার পূর্বে ১৮৫৪ ও ১৮৫৯ খুটাবে এ দেশের সরকারও বিলাণে লিখিয়াছেন—"ভারতবর্ধের লোকের যাতভাবাই ভাহাহিতোর শিক্ষার বাহন হইবে।"

কিন্ত উপমানিরা বিশ্ববিদ্যালরে নবাব বাহাত্তর বাহা বলিয়াছিলেন, তাহাই আমাদিগের মাতৃভাবাকে শিক্ষার বাহন করিবার পক্ষে বিদ্য হইরা দাঁড়ার। আমাদিগের মধ্যে বাহারা ইংরাজীতে স্থানিকত তাহা-দিগের অনেকে দেশীর ভাবাকে পৃষ্ঠ করিবার চেটা না করিয়া তাহা দীন মনে করিয়া অবজ্ঞা করিতে থাকেন। ১২৭৯ বলাকে বছিমচন্দ্র বর্ণন বর্লদর্শন প্রচার করেন, তথন তিনি মাতৃভাবার উপবোগিতা সক্ষম বিশ্ববিদ্যালয়ানো করিয়া আপনার সক্ষম সমর্থন প্রবোজন মনে

করিরাছিলেন। তাঁহার উক্তি সর্বতোভাবে তাঁহারই উপযুক্ত।

় ৰ্ডিমচন্দ্ৰ ইংরাজী শিক্ষার বিরোধী ছিলেন না। কারণ—

"এমন অনেক কথা আছে বে, তাহা কেবল বাদালীর জন্ত নহে; সমন্ত তারতবর্ব তাহার শ্রোতা ছওরা উচিত। বে সকল কথা ইংরাজীতে না বলিলে সমগ্র তারতবর্ব বুনিবে কেন? তারতবর্ষীর নানা লাতি একমত, এক-পরামর্শী, একোডাগী না হইলে, ভারতবর্বর উরতি নাই। এই মতৈক্য, একপরাম্পিড, একোডম, কেবল ইংরাজীর ছারা সাধনীয়; কেন না এখন সংস্কৃত লুগু হইরাছে। নাদালী, মহারাষ্ট্রী, তৈললী, পঞ্জাবী, ইহাদিগের সাধারণ মিলন-ভূমি ইংরাজী ভাষা। এই রজ্জুতে ভারতীর ঐক্যের গ্রন্থিতে হইবে। অতএব বতদ্র ইংরাজী চলা আবশ্রক, ততদ্ব চলুক।"

মনে রাখিতে হইবে কংগ্রেস কয়িত হইবারও বছ
পূর্কে বিষয়চন্দ্র এই কথা লিপিবদ্ধ করিয়াছিলেন। সদে
সদ্ধে তিনি লিখিয়াছেনঃ

"কিন্তু একেবারে ইংরাজ হইনা বসিলে চলিবে না।
বালালী কথন ইংরাজ হইতে পারিবে না। * * *
পাঁচ সাত হাজার নকল ইংরাজ ভিন্ন ভিন কোটি সাহেব
কথনই ্রা উঠিবে না। গিল্টী পিতল হইতে খাঁটি
রুশ্তাল। * * নকল ইংরাজ অপেক্ষা খাঁটি বালালী
পূহনীর। ইংরাজী লেখক, ইংরাজীবাচক সম্প্রার
হইতে নকল ইংরাজ ভিন্ন কথন খাঁটি বালালীর সম্ভবের
সম্ভাবনা নাই। যতদিন না স্থাকিত জ্ঞানবস্তু বালালীরা
বালালা ভাষার আপন উক্তি সকল বিস্তুত্ত করিবেন, ততদিন বালালীর উন্নতির কোন স্ভাবনা নাই। এ কথা
কৃত্তবিভ্ত বালালীরা কেন যে ব্বেন না, তাহা বলিতে
পারি না।"

আৰু বাকালা ভাষা সৰ্বভাৰপ্ৰকাশক্ষম এবং বাজালা সাহিত্য পরিপুই। কিন্তু সে সরকারের বা বিশ্ববিদ্যালয়ের চেষ্ট্রার নহে—ভাঁহাদিপের অবজ্ঞা ও উপেক্ষা সন্থেও। বাজালা ভাষা বৈ আৰু বিশ্ববিদ্যালয়ে স্থানলাভ করিবাছে, সে কেবল বিশ্ববিদ্যালয় আরু ইহাতে অবজ্ঞা করিছে পারেম না বলিবা।

এখনও বালালা ভাষা শিক্ষার বাহন হইবাল গথে বে সব বাধা বিভ্যমান, সে সকলের মধ্যে তিনটি বিশেষ উল্লেখযোগ্য—(১) ইংরাজীর জ্বথা ও জ্বসাস আদর; (২) বালালী মুসলমানদিগের বালালাকে মাড়ভাষা বলিতে লক্ষাবোধ; (৩) হিন্দীকে রাষ্ট্রীয় ভাষা করিবাল স্থ এক দল রাজনীতিকের চেটা।

আমরা পূর্বেই বলিয়াছি, ১৮৭০ খুটাকে ডাক্তার গুডিভ চক্রবর্তী ছাত্রের মাতভাষার চিক্তিংগাবিছা শিক্ষা-দানের অবিধা প্রতিপন্ন করিয়াছিলেন। তিনি যে বলিয়াছিলেন, এ দেশের ভাষার বহু চিকিৎসা গ্রন্থের অভাব, বালালার সে অভাবও পূর্ণ হইয়াছে। তথাপি -কলিকাভার ক্যাম্পবেল স্থলে বাললার পরিবর্ত্তে ইংরাজীতে শিক্ষা প্রদানের ব্যবস্থা হইয়াছে এবং ভাষার পর যে সব ডাক্তারী স্থল প্রতিষ্ঠিত হইয়াছে, সে সকলেত ইংরাজী ব্যবহাত হয়। ইহার ফলে শিক্ষা সময়সাপেক ও বারসাধ্য হইরাছে। বাজালী চিকিৎসক চিকিৎস্থিত শিক্ষা করেন-রোগের নিদান নির্ণর ও ঔষধের বিধান করিবার অন্ত, ইংরাজীতে বাৎপত্তি দেখাইবার জন্ম নছে। সে অবস্থার শিক্ষাদান বালালায় না হইয়া কি জন্ত ইংরাজীতে হইবে ? বরং দেখা বাইতেছে, পুর্বব্যবস্থার পরিবর্ত্তনফলে বাঙ্গালায় চিকিৎসা বিভাবিষয়ক সাহিত্যের পুষ্টি নিবারিত হইয়াছে। আমাদিগের মনে হয়, আচার্য্য প্রফুল্লচন্ত্র রায় ও জগদীশচন্ত্র বস্থ প্রমুখ বৈজ্ঞানিকরা যদি তাঁহাদিগের গবেষাফল বাদালার লিপিবন্ধ করিতেন, তবে रव टकरन डाँशांकिरशत नक नक एमनशामी रम मकरनत আখাদ পাইতে পারিতেন তাহাই নহে, পর্ম্ব বিদেশী বৈজ্ঞানিকরাও বাঙ্গালা লিখিতে বাধা চইতেন। বাঙ্গালীরা বাদালাতেই অপনাদিগের বন্ধব্য লিপিবন্ধ করিবেন, এমন আশা কেন গুৱাশা হইবে, ভাহা আমনা বুঝিতে পারি না। ইংরাজীর এই অকারণ আদরের কোন সমত कांत्रभ चार्छ विनयां मरन इयं ना।

বাখালার মৃদলমানরা বাখালার পরিবর্থে উর্কুভাবা ব্যবহারই বেন আভিজাভ্যের পরিচারক বলিয়া মর্কে; করেন!

বালালার মুসলমানরা একটু শিক্ষিত হইলেই উর্ক্ শিবিতে চেটা করেন। ফলে মুসলমান বালককে মাতৃভাবা বিদ্ধান, রাকভাষা ইংরাকী ও আভিজাত্যের পরিচার দু উর্দ্ধ ভাষা শিথিতে চেটা করিতে হর — প্রারই
কোন টুড়ে অধিকার ভাল হর না। অথচ মৃদলমানের
ধর্মগ্রহ ভ বিথিত নহে—ভাহা আরবীতে লিথিত।
সোলি ব্লুলালার আলা থাকে মৃদলমানরা অভিনন্দিত
করিলে তিনি মৃদলমানদিগকে বাকালার অফুশীলন করিতে
পরামর্শ দিয়াছিলেন। তিনি মৃদলমানদিগকে সংখাধন
করিয়া বলেন—

"বাঙ্গালা অভি ফুলর ভাষা। সেই ভাষার মাছবের সর্বোচ্চ আদর্শ ও আকাজ্জা ব্যক্ত করা যায়। বাঙ্গালার উপযুক্ত ইসলামিক পুশুকের একান্ত অভাব।"

তিনি বালাণী মুগলমানদিগের অস্থ মুগলমানের গ্রন্থ বালালায় অন্থবাদের ব্যবস্থা করিতে পরামর্শ দেন। প্রের মুগলমানরা বালালায় উপাদের গ্রন্থ রচনা করিতেন নিয়ের প্রাণ্ড তাঁহারা কবিতার রূপান্তরিত কি গ্রাছেন। আগা থা মুগলমানদিগের নেতা এবং বিলাতেই বাস করেন। তিনি বালালার মুগলমানদিগকে মাত্ভাবার অনুস্লীলন করে যে উপদেশ দিয়াছেন, তাহা বালালার মুগলমানরা পালন করিবেন কি ?

(चित्र विश्रम--- किसीत आक्रमण। वर्षमात्म वाकाला সাহিত্য যে হিন্দী সাহিত্যকে পরাভৃত করিয়াছে, তাহাতে সন্দেহের অবকাশ নাই। কিন্তু এক দল বালালী ভারতের রাজনীতিক নেতার দণ্ড অন্ত প্রদেশের লোককে প্রদান করার এখন হিন্দীকে রাষ্ট্রীয় ভাষা করিবার চেষ্টা করিতে তাঁহারা সাহস পাইয়াছেন। বা**লাগীকে** "নিজ বাসভূমে পরবাসী" করিবার যে চেষ্টা চলিতেছে, ইহা ভাহারই এক রূপ। বাজালী বালকবালিকা সাধারণতঃ জ্ঞানার্জনের ও সংসার্যাতা নির্কাহের জন্ম বাদালা ভাষারই অফুশীলন করিবে। তাহার পর রাষ্ট্রীয় প্রয়োজনে বা একুপ অস্ত কারণে তাহারা ইচ্ছা করিলে ইংরাজী ি । ববে। ভাহারা হিন্দী শিথিবে কেন? ভারতবর্বের মতীত ও গৌরবমর যুগের অফুনীলনের সহিত বদি ভাহাদিগের পরিচর করিতে হয়, ভবে ভাহারা সংস্কৃত 'শিথিবে। তাহাদিগের পক্ষে হিন্দীভাষা শিথিবার কোন গ্রলোভন থাকিতে পারে না। বাদালীর বৈশিষ্ট্য ক্র ক্রিবার-বাদাশা সাহিত্যের পুটিপথ ক্লম করিবার-

বালালীকে রাজনীতিক হিনাবে নিজ প্রভাবাধীৰ করিবার জন্ত অন্ত প্রদেশের লোকের এই যে চেটা, ইহা বালালীকে প্রহত করিতে হইবে।

কলিকাতা বিশ্ববিভালর বে এতদিনে শিকারীর মাতৃভাষাকেই তাহার শিকার বাহন করা সকত বলিরা বিবেচনা করিয়াছেন এবং বালালা সরকার বিশ্ববিভালরের প্রভাবে সম্মত হইয়াছেন, ইহা আমরা স্থলক্ষণ বলিরাই বিবেচনা করি। বালালী ছাত্রের মাতৃভাষা বালালা। বিহার স্বত্র বিশ্ববিভালর প্রতিষ্ঠিত করিয়াছে—উড়িয়াও তাহাই করিতেছে। স্ক্তরাং বালালার বিশ্ববিভালর-ব্রের পক্ষে আর অভ্য প্রদেশের মুথের দিকে চাহিবার কোন প্রয়োজন নাই।

আমর। আশা করি, অতঃপর বালালী শিকার্থীর পক্ষে শিকা স্বরপ্রধানতা ও স্বরবার্থার হইবে—তাহা সহজে পরিপাক হইবে এবং ফলে বালালী মৌলিক চিন্তার দারা ভারতবর্বের ও বিশের জ্ঞানভাঙারের সমৃদ্ধি বৃদ্ধি করিতে পারিবে।

সার আশুতোমের মৃক্তি-প্রতিষ্ঠা—

বিগত ২৫শে মার্চ্চ রবিবার পূর্বাছে কলিকাতা চিত্তরঞ্জন এভিনিউ ও চৌরকী রোডের ক্রিনাগফলে বাঞ্চালার পুরুষ-সিংহ পরলোকগত সার ভাতিতোৰ মুখোপাধ্যায় মহাশয়ের ত্রোঞ্জ ধাতু নির্শিত একটা প্রতিমূর্ত্তি মহা সমারোহে উন্মোচিত হইরাছে। সম্ভোবের রাজা মাননীয় সার মর্থনাথ রায়চৌধুরী মহাশ্রের চেটা ও ঘড়ে এই প্রতিমূর্ত্তি নিশ্মিত হইয়াছিল এবং ভিনিই সেদিন এই মূর্ত্তির উন্মোচন অন্তর্ভানে সভাপতিত করেন। প্রথমে মাল্রাজ আর্ট কলেজের অধ্যক্ষ, প্রথিতনামা বালালী ভাত্তর প্রীযুক্ত দেবীপ্রদাদ রারচৌধুরী মহাশর প্যারিদ প্লাষ্টারের ছারা এই মূর্জ্তি নিশাণ করেন। **এখানে সেই মৃত্তিরই আলোকচিত্র দেওয়া হইল। সার** चाक्टारावत मृतित भाषिर विश्वक दिनीधनान बीबुर मूर्छ बहिबादम् । अधूक त्मरीथनाम बार् वर्गमार्वे পারিঅমিক, সাড়ে চারি হাজার টাকা সইরা এই সুর্গ নির্মাণ করেন। তাহার পর সেই মূর্তি ইটালীতে প্রেরি । দেখানকার প্রসিদ্ধ ভাত্তরেরা মৃতিটি ত্রোজের পারিপ্রমিক গ্রহণ করেন। এতদিন পরে দেই মৃতি রা গঠিত করেন এবং দেজত দশহাজার টাকা প্রতিষ্ঠিত হইল। এই উপলক্ষে খ্যাতনামা বাগ্যা

বাৰ শালভোৰ মুৰোপাধাাৰেৰ বোলধাতু নিশিত প্ৰতিষ্ঠি

সভাপতি মাননীর রাজা সার মক্সথনাথ বৈ ক্ষর বক্তৃতা করিরাছিলেন, তাহা সকলেরই হলরগ্রাহী হইরাছিল। এই মূর্তি প্রতিষ্ঠার জন্ত আমরা রাজা বাহাছর ও তাঁহার সহস্বাদিগকে আমাদের ধক্তবাল জ্ঞাপন করিতেছি।

ভাক্তার প্রমথমাথ

=्रक्री-

মাত্র ৫৫ বৎসর বয়সে কলিকাভার ও বাছালার অন্তত্ত্ব প্রসিদ্ধ চিকিৎসক ডাক্তার পি, নন্দী নামে অধিক পরি-চিভ প্রমথনাথ ননী পরলোকগত रहेबाएकन। ১৮१৮ थुडोटक ध्याप 🧈 ্র অসম হর এবং মৃত্যুর ছই দিন মাত্র পূর্বে ভাঁহার বরস ৫৫ বৎসর পূর্ব হইরাছিল। বাল্যকাল হইতেই তিনি অসাধারণ মেধার পরিচয় দিরাছিলেন। ছাদশবর্ষ বয়সে তিনি বিশ্ববিভালরের ্প্রবেশিকা পরীকার উত্তীর্ণ হটয়া-ছিলেন এবং মেডিক্যাল কলেকে প্ৰজিভাৰান ছাত্ৰ বলিছা বিৰেচিত हिरममः। ১৯-১ शृहोत्स किनि धन, এম, এস, পরীকার উত্তীর্ণ হট্যা **ठिकिश्ना वार्यमा अरमधन कर्यन अ** ১৯১৮ খুটাৰে "ডাক্ডার" (এম, ডি) উপাধি লাভ করেন। পরবৎসর হইতে মৃত্যকাল পৰ্যান্ত ভিনি কাৰ্মাইকেল মে একাল্ল কলেকে অধ্যাপক ও **ठिकिश्मक हिरमन। अहे करणावन** প্রতি ভাঁহার অসাধারণ প্রেহ ছিল ! ব্ধন হাওডার নির্বাচ্ছরা ভাঁহাজে বিনা প্ৰতিভবিতার বদীৰ ব্যবস্থাপৰ

সভার সদত্ত নির্বাচিত করিতে চাহেন, তথন তিনি—উহাতে তাহার কলেজের কাব ক্র হইবে বলিরা—সে অন্নরোধ বকা করেন নাই।

প্রমথনাথ ১৯২১ খুটাবে ক্লিকাতা বিশ্ববিভাল নির্ব কেনো ও চিকিৎসা বিভাগে সদত নিযুক্ত হটয়াছিলেন এবং তিনি ক্রমান্বরে সাত বৎসর বাল্লার কাউলিল অব মেডিক্যাল এসোসিয়েশনের সভ্য ছিলেন।

কর মাস পূর্বে ভিনি বেরিবেরি রোগে আক্রান্ত হটরাছিলেন। অস্থ্য অবস্থাতেই।



ডাকার প্রমণনাথ নদী

কোন পীড়িত আত্মীরকে ব্রি ক্রিটা করেন। তরা লাহরারী তিনি তথার গমন করেন ব্রিটা কৃতীর সপ্তাহির শেবে তাঁহার রোগ বৃদ্ধি পার। কিছ কেবরারী মাসের মধ্যতাগে তাঁহার অক্ষতা দ্ব হর বলিরা বনে হর। তথন কে আনিত, তিনি মৃত্যুপথের বাব্রী । ১১ই নার্চ বৃদ্ধপের সহিতে ভিনি মুখ

প্রকালনের জভ জল চাহেন। তাহার পর জলের প্রাসটি টেবলের উপর রাখিয়া তুইবার "হরিবোল" বলিয়া শ্যার শয়ন করেন—প্রায় সজে সজেই উাহার জীবনাস্ত হর।


প্রমথনাথ চিকিৎসাশিকার্থীদিগকে বিশেষ ছেহ করিতেন। কলিকাতার কোন ছাত্রাবাদে কোন শিকার্থী অস্থ হইলে বরং যেনন তাহার চিকিৎসা করিতেন, তেমনই নিজ গৃহ হইতে তাহার পথ্য পর্যন্ত প্রস্তুত করাইরা লইরা বাইতেন—এমন দুষ্টান্ত অনেক আছে।

আমরা তাঁহার বিধবাকে ও পুত্রকভাদিগকে তাঁহা-দিগের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

যামিনীভূষণ আয়ুর্বেদীর যক্ষা-চিকিৎসাগার—

মল্লময় ভগবানের কুপায় স্থৰ্গত ভ্যাগী মহাপুক্ষ ক্বিরাজ ধামিনীভূষণ রায়ের পুণ্যক্লে—এই ক্লিকাভা মহানগরীর এক প্রান্তে, পাতিপুকুর শৈলেক্সফ রোডের উপর তাঁহারই উভানে, তাঁহার সহকলীগণের অক্লান্ত চেষ্টার "যামিনীভূষণ আয়ুর্কেদীয় বন্ধা-চিকিৎসাগার" প্রভিত হইয়াছে। আযুর্বেদ শিক্ষাদান এবং ভাহার প্রচারের জন্ত কলিকাভায় একটি কলেজ ও হাসপাভাল প্রতিষ্ঠা বামিনীভূষণের শেষ জীবনের একমাত্র খ্যান জ্ঞান ও লক্ষ্য হইয়াছিল। তিনি প্রথমে স্ভিয়াপুরুরে একথানি বাড়ী ভাড়া করিরা এইরূপ কলেজ ও হাদপাভাবের মাত্র বহিবিভাগ (out-door dispensary) স্থাপিত করেন এবং এতত্তমের সমস্ত ব্যর্তার স্বরং বছন ক্রিতে থাকেন। ইহার ক্ষেক বৎসর পরে ভাঁছার সে কল্পনার কলেজ ও হাসপাতালগৃহের ভিত্তিভাপন মহাত্মা গান্ধীর পুণ্য হন্ত হারা সম্পন্ন হন। আৰু তাহা "বামিনী-ভূষণ অষ্টাৰ আয়ুৰ্কোদ কলেব ও হাসপাতাল নামে बाजा मीरनव्य द्वीरहेत छेलत छेत्रजनीर्द अवः नाकना-लोतरद বিরাজ করিতেছে। মাননীয় অটিস্ মন্ত্রধনাথ মুখোপাধ্যায়, প্রহামহোপাধ্যায় কবিরাক গণনাথ সেন সর্বতী. লোকহিতাপুরাণী আযুক্ত মনোমোহন পাড়ে, আযুক্ত कुमात्रकृष मिळ, जीपूक कृषकांत्र बत्नांशाधात्र, जीवृक ডাক্তার বতীক্রমাথ নৈত্র প্রমূপ বে মহোদরস্থ বামিনী-ভূষণের সহিত তাঁহার ব্রতসাধনে আপ্রাদিগকে নিয়োজিত করিরাছিলেন, তাঁহার পরলোকগমনের পর উাহাদেরই মিলিভ চেটার ফলে "অটাঙ্গ আয়ুর্কোদ কলেজ ও হাসপাতাল" আজ সমগ্র ভারতবর্ধের এক পৌরবময় প্রতিষ্ঠান বলিয়া সাধারণ সমক্ষে পরিগণিত। এখন সেকলেজের ছাত্রসংখ্যা প্রায় আড়াইশভ। হাসপাতালের অন্থবিভাগে (In-door) প্রায় একশভ রোগীর থাকিবার স্বন্দোবন্ত রহিয়াছে, এবং প্রতিদিন আড়াইশত হইতে তিনশত রোগী বহিবিভাগে চিকিৎসিত হইতেছে। প্রায় তিন বৎসর পূর্বের এই হাসপাতালের কার্য্যনির্বাহক সভা স্থির করেন হে আয়ুর্বেদ মতে যক্ষা রোগীগণের বিশিষ্ট ভাবে চিকিৎসার জন্ত ইহারই শাধারণে একটি যক্ষা-

মহাশগ্ধকে এই গৃহনির্মাণ সম্বন্ধ সমস্ত বন্দোবন্ত দ্ব ভবাবধানের ভার দেওয়া হয়। তাঁহার অভ্রোধে বিখ্যাত কন্টান্তর শ্রীযুদ্ধে পি, সি, কুমার মহাশ্য বিনা লাভে এই সুন্দর হাসপাতাল-গৃহ নির্মিত করিয় দিয়াছেন। পাঁড়ে মহাশর ময় উপস্থিত থাকিয়া নিয়্র পরিদর্শন করার হাসপাতালের সকল বিষয়ে স্বন্দাবন্ত হইয়াছে। অষ্টাল আয়ুর্কেদে কলেজের অধ্যক্ষ দ্ হাসপাতালের স্পারিন্টেণ্ডেন্ট্ কবিরাজ শ্রীযুক্ত শিবনাথ সেন ও যাধ্যা-হাসপাতাল সাব-কমিটির প্রত্যেক সদস্কর্থ এই মহাসাধনে বিশেষ পরিশ্রম ও কার্যকুশলতার পরিচা



যামিনীভূষণ আযুর্কেদীর যক্ষাচিকিৎসাগার

হাসপাতাল নিতাক প্রায়েজন। কলিকাতা করপোরেশন্কে আবেদন করার তাঁহারা গৃহনির্মাণে সাহায্যের
লক্ষ এক কালীন পঁচিশ হাজার জাকা দান করেন।
তাঁহাদের আহক্ল্য ব্যতীত কর্তৃপক্ষগণের এই কার্য্যে
হস্তক্ষেপ করা কিছুতেই সম্ভবপর হইত না। ইংরাজী
১৯৩২ সালে কলিকাতা কর্পোরেশনের তৎকালীন মেরর
ক্প্রসিদ্ধ ভাক্তার বিধানচক্র রাম এই ফ্রা হাসপাতালের
ভিত্তিপ্রস্তর স্থাপিত করেন। শ্রীযুক্ত মনোমোহন পাড়ে

দিরাছেন। বিগত ২৫শে মার্চ তারিখে কলিকাত প্রধান নাগরিক শ্রীস্কুল সংস্কাবকুমার বস্থ এই হাসপাতাবে হারোদঘটিন করিয়াছেন। ঐ উপলক্ষে আহত সভ কলিকাতার বছ চিকিৎসক ও আর্ত্তনেবারত জ্বলা আনেক ভদ্রবোক উপস্থিত হইয়াছিলেন। সক্ষ একবাক্যে শ্রীকার করিয়াছেন যে হাসপাতালগৃহ গঠি আালোকে, মুক্ত বাতানে ও স্থ্যকিরণস্পাতে আশাতী নির্দাণ-কৌশনের পরিচর দিতেছে। বছবারসাধ্য এ চিকিৎসাগার পরিচালনের জন্ত কর্তৃপক্ষ সাধারণের সাহায্য প্রার্থনি করিয়াছেন। আশা করা যার এ প্রার্থনা বার্থ হইবে না। সভাপতি মহাশর সকলের সমক্ষেদেদিন বিজ্ঞাপিত করিলেন, যে চীৎপূর রোভ নিবাসী ক্রিক্ত দেবেজ্ঞনাথ পাল মহাশর চারি সহপ্র টাকা এই



স্বৰ্গত কৰিৱাক যামিনীভূষণ রায়

পোতালে দান করিতে প্রতিশ্রত হইরাছেন, হিরীটোলার প্রীযুক্ত কীরোদগোপাল মিত্র মহালর হাজার টাকার প্রথম চেক এই প্রতিষ্ঠানের সাহায্যার্থ টাইরাছেন। সাউথ দ্যদ্য মিউনিসিগালিটির সহাস্থৃতি বিশেষ উল্লেখযোগ্য। বাহাতে হাসপাতালে
যাইবার রান্ডাটি বর্ধাকালে জলে না ডুবিলা যায়, তাহার
প্রতিকারের জন্ত তথাকার চেলারম্যান ও ক্ষিশনার
মহোদ্যগণ প্রতিশ্রতি দিয়াছেন।

এই হাসপাতালে চল্লিশজন রোগীর স্থান আছে, তন্মধ্যে আটাশজনের চিকিৎসা বিনামূল্যে করিবার ব্যবস্থা আছে। অপর ১২জনকে হাসপাতালে বাস এবং চিকিৎসার নানাবিধ ব্যয়ের জন্ত দৈনিক ২্ হারে দিতে হইবে।

আয়ুর্বেদে কথিত আছে,—
অজাগরিষ্টঃ সুঠব্রবিপি শোষলিকৈ রূপজ্রত সাধ্যোজেরঃ।
—চরুক, নিদানস্থান

যদিও কোন রোগীর যক্ষাস্চক সমস্ত লক্ষণ বিশ্বমান থাকে, তথাপি তাহার রোগী চিকিৎসাসাধ্য বলিয়া জানিতে হইবে—কেবলমাত্র যদি তথনও মৃত্যুর নিশ্চিত লক্ষণ সকল প্রকাশ না পাইয়া থাকে।

হতাশের বৃকে আশার দীপশিথাসম ঋষি-কথিত এই অভয়বাণী ভারতের দিকে দিকে আশার সঞ্চার করুক, রোগবিতীয়িকায় পবিয়ান কুটারে, সৌধে, নগরে, পল্লীতে আবার মৃক্তির আনন্দরশ্ম ফুটিয়া উঠুক, অমৃত দার্শনিক-কঠে আয়ুর্কেদের জয়গাথা নানা হানে গীত হউক, আর ভগবৎকুপাবর্গণে ভাহারই স্থমিট স্থশীতল ফলে পৃথিবীর অজ্ঞ কল্যাণ সাধিত হউক,—এই আমাদের একান্ত প্রার্থনা।

পরলোকে নফরচক্র পালচৌধুরী-

নদীয়া নাটুদহের দেশহিতৈথী জমিদার নফরচন্দ্র
পালচৌধুরী মহাশয় বিগত ২৬:শ মার্চ তাঁহার
কলিকাতার প্রবাস-ভবনে বসস্ত রোগে দেহত্যাগ
করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮৫ বৎসর
হইয়াছিল। নফরবাব নদীয়া জেলার সকল দেশহিতকর
কার্য্যের জগ্রণী ছিলেন; রাণাঘাট হইতে রুফানগর
পর্যান্ত যে রেলপথ আছে, তাহা প্রধানত; নফরবাব্র
উভোগেই নির্মিত হয়। তিনি রুটীশ ইপ্রিয়ান এসোসিয়েসনের একজন বিশিষ্ট সম্ভ ছিলেন। নদীয়া

জেলার নীলকরদিগের সহিত বহুদিন সংগ্রাম করিয়া তিনি তাঁহার জমিদারীর এক বিশিষ্ট জংশ উদ্ধার করেন। কলিকাতা প্রেদিডেন্সি কলেজের শীর্ষে ধ্য ঘড়ি আছে, তাঁহা নকরবাব্র অর্থেই নির্মিত হয়। তাঁহার স্কাতি তাম্বী সমাজের সর্ববিধ উরতির জন্ত তিনি চেটা বত্ন ও অর্থব্যরে কথন কুটিত হল নাই। জামরা তাঁহার শোকসক্তপ্ত পরিজনবর্গের শোকে সহাত্ত্তিত প্রকাশ করিতেচি।

শরলোকে সুরেক্রলাল রাক্স-

দেওয়ান কার্ভিকেয়চন্দ্র রায় এবং তাঁহার পুত্র কবি विक्कितान बारवर कन्यात कथानगरवर बावरानर कथा বাঙলায় অবিদিত নয়। এই পরিবারের সহিত নদীয়া রাজপরিবাবের বংশপরস্পরায় সম্বন্ধ। এই স্বনামখ্যাত वर्तन सम्बर्धन कविया श्रुदब्दनान सासीवन हेराव शांकि অকুল রাখিয়াছিলেন। ইনি দেওয়ানজীর অইমপুত্র এবং বিজেক্তলালের জ্যেষ্ঠ ভ্রাতা। তিনি বহুকাল নদীয়ার মহারাক বাহাতর কিতীশচল্ডের ম্যানেজার ছিলেন এবং চিরকাল ক্রভিত্তের সহিত এই কার্য্য প্রচারুরূপে সম্পন্ন করিয়া আসিরাছেন-এতদাতীত তিনি সানীয় কলেজ. ত্বল, সরকারী হাসপাতাল ইত্যাদি বহু জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। মিউনিসিপ্যালিটীর সভ্য হিসাবে তিনি বাইশ বংগর সেবা করিয়া আসিয়া-ছিলেন। তাঁহার অমায়িক ব্যবহারে সকলেই মুগ্ধ ছিলেন। তাঁহাকে কেহ কথনও বাগিতে দেখে নাই। সুরেক্সলালের ক্রন্ত্মি-প্রীতি অনক্রসাধারণ। তাঁহার পুত্রেরা সকলেই কার্য্যোপলকে বিদেশে থাকিতে বাধ্য; -তিনি ইচ্ছা ক্রিলেই কাহারও নিকট অধিকতর অথে বিদেশে থাকিতে পারিতেন, কিছু তাহা না করিয়া চিরকান ভিনি কৃষ্ণনগরে একেবারে একলা নিঃসঙ্গ অবস্থার অসুস্থ শ্রীর দইরা পড়িয়া থাকিতেন। অমুভূমিপ্রীতির অভুরোধে তিনি নিজের দৈহিক সুধ্যাঞ্জা সানলে বর্জন ক্ষরাভিত্তেন। শেব জীবনে সকল সময়ই ভিনি গীতা ও জ্ঞান্ত ধর্মপুত্তক সইয়া অতিবাহিত করিরাছিলেন। গভ ১৪ই চৈত্ৰ ভরণকে অবোদশী তিথিতে ছুই পুত্ৰ,

পুত্রবধু, পৌত্র পৌত্রীদের মারখানে অথে অর্গারোহণ করিবাছেন। তাঁহার এই মৃত্যুকে ইজ্বামৃত্যু বলা চলে, কারণ বহুদিন হইতেই তিনি নিজের মৃত্যুদিন স্থয়ে ভবিস্থবাণী করিরা আসিরাছিলেন এবং আশ্চর্যের বিষয় বে তিনি সেই নিজের নির্মণিত সময়েই দেহত্যাগ করিলেন। তাঁহার জােষ্ঠ পুত্র সব-রেজিটার এবং কনিষ্ঠ বর্জমান-রাজের দেবোত্তর এটেটের ম্যানেজার এবং ভারতবর্ষের দেশক।

পরলোকে কুমুদনাথ চৌধুরী—

আমরা গভীর শোক্ষম্বপ্ত চিছে প্রকাশ করিভেচি. আমাদের পরম বন্ধু, প্রবীণ সাহিত্যিক, স্থপ্রসিদ্ধ শিকারী ব্যারিষ্টার-প্রবর কুমুদনাথ চৌধুরী বিগত ১লা এপ্রিল त्रविवादत वााञ्चकवत्म व्याग्रहांश कत्रिवात्स्व। किनि চিরজীবন কার্যা হইতে সামাক্ত অবসর লাভ করিলেট ভারতবর্ষের নানা স্থানে শিকার করিতে ঘাইতেন: ভারতবর্ষে তাঁহার ক্রায় শিকারী আর অধিক নাই বলিলেও হয়। এবারও ইষ্টারের অবকাশ সময়ে তিনি মধ্য-প্রদেশের গডকাত-মহলের অন্তর্গত কালাছাত্তি করা-রাজ্যের অরণ্যে শিকার করিতে গিয়াছিলেন। ১লা এপ্রিল শিকারমঞ্চের উপর হইতে ভিনি একটা বিপুলকায় ব্যাদ্র দেখিতে পাইরা তৎকণাৎ 'নাচান' হইতে লাফাইয়া পড়িয়া বাড়িটীর দিকে অগ্রসর হন: বাড়েটি তথনই তাঁহাকে আক্রমণ করে এবং ভাঁহার দেহ ক্ষত্তবিক্ত করিয়া দের এবং অল্পকণ পরেই তাঁহার প্রাণবায় বহির্গত হয়। বিনি **এই ৭১ বংসর বরস পর্যান্ত কত** ব্যাহ্র ও অক্সান্ত হিংল্ৰ ঋষ্ক শিকার করিয়াছেন, বিধাতার আমোদ বিধানে কালাহাণ্ডির অরণো সেই জীবনের এমন শোচনীয় অবসান হইল। কুমুদনাথ অধু প্রাসিদ্ধ শিকারীই ছিলেন না. ভিনি প্রগাচ পণ্ডিত ছিলেন; ইংরাজী ভাষার তাঁহার অসামার দখল ছিল। তিনি শিকার বিষয়ে ইরোজীতে অনেক পুঞ্চক লিধিরাছেন; বাদালা ভাষার লিখিত তাঁহার 'ঝিলে ও জদলে শিকার' বিশেষ জনাদর লাভ করিয়াছিল। তিনি পরলোকগত বিচারপতি খ্যাতনামা আশুডোৰ চৌধুরী নহাশ্রের ক্রিষ্ঠ-প্রাতা। আমরা তাঁহার পুত্রমর কালীপ্রদাদ ও কল্যাণকুমার এবং তাঁহার ভাত্চতুইর ও অগণিত বন্ধু-বান্ধবের গভীর শোকে সহায়ভূতি প্রকাশ করিভেছি।

লাভ করিয়াছেন। "খান্তা ও ব্যায়াম" শীর্ষক একথানি গ্রন্থও তিনি রচনা করিয়াছেন। তাহাতে তিনি বাল্লার ভরণ সমাজকে, কি প্রকারে ব্যারামচর্চার বারা শরীরকে



৺কুমুদনাথ চৌধুরী

৩রা এপ্রিল তাঁহার শবদেহ কলিকাতার আনীত इरेबा यथावी**णि (अवकार्या मन्भन क्या रहेबाट्छ**।



ব্যায়ামকুশল খ্রীমান্ বিধুভূষণ জানা

তুত্ত, দৃঢ় ও কর্মক্ষম রাখিতে পারা যায়, সে সম্বন্ধে উপদেশ দিয়াছেন। তিনি স্বয়ং সকল প্রকার ব্যাহাম-চর্চা করিয়া বে অভিজ্ঞতা লাভ করিয়াছেন-বইথানি সেই অভিজ্ঞতার ফল। এই তরুণ যুবকটি অজীর্ণ, অম, বাত, ক্ষীণতা, মূলত্ব, অকাল-বাৰ্ত্মক্য প্ৰভৃতি শানীবিক বিকৃত অবস্থাগুলি বিভিন্ন প্রকার ব্যানামচর্চার স্বারা আরোগা করাইয়া দিতে সমর্থ। বিলাসিতা বর্জন করিয়া, নিয়মিতভাবে ব্যাহামচর্চো করিয়া, সরলভাবে कीवनशंखा निर्सार कतिया, यह त्मार मीर्चनीवी रखना वाय हेराहे छारांत मछ। जामबा श्रीमानटक जानीस्वाप করিভেছি।

ব্যায়ামকুশল শ্রীমান বিধৃভূষণ জানা-

আঞ্জাল পরীরচর্চার দিকে বাললার তরুণ সমাজের অমূক্ল দৃষ্টি পতিত হইয়াছে, ইহা স্থের বিষয়—আশার क्था। मान इस, धारेखार कार्का कतिएक शांकितन, কালে, বাৰণার ভক্ল-ভক্ষীর ত্র্কলভার কলকমোচন হইতে পারে। আভ আমরা আর একটি ভরণ ব্যারাম-বীরের সৃহিত পাঠক-পাঠিকার পরিচর করাইয়া विटिक्ट । **द्यामान विश्व क्यामा निश्चित वकी** से वार्माम-চ্চি সমিতির (All Bengal Physical Culture Are diation) अवर ८वकांत्र ट्रांट्डेटनंत्र व्याहामनिकक । বাৰলার ছাত্র-সমাজের নিকট ইনি সুপরিচিত। ভারতে এবং ভারতের বাহিরেও ইনি ব্যারামবীর বলিরা খ্যাভি

ভারত সরকারের বাজেট-

গতবার আমরা ভারত সরকারের বাজেটের সামান্ত পরিচর দিয়াই নিরন্ত হইরাছিলাম। আমরা বলিছে বাধ্য, এই বাজেট পরীকা করিয়া আমরা সম্ভই হইছে গারিলাম না। বর্ত্তমান অর্থ-সচিব সার জর্জ স্থভারের কার্য্যকাল শেষ হইরা আসিতেছে। তিনি যদি মনে করিয়া থাকেন, "বেন তেন প্রকারেণ" ব্যয় অপেকা আর অধিক দেখাইয়া তিনি সানন্দে বিদার লইবেন, ভবে তিনি প্রান্ত। কেন না, তিনি যে উপারে > কোটি ২৯ লক্ষ টাকা "হয়েন্তিভ" দেখাইয়াছেন, তাহা, হিসাবে যেমনই কেন দেখা বাউক না, প্রকৃত প্রভাবে অম্লক। বরং দেখা যাইতেছে, তিনি নৃত্তন শুভ স্থাপিত না করিয়া আরে ব্যয় সক্ষান করিছে পারেন নাই। কারণ, তিনি বীকার করিয়াছেন—

বর্তমান ব্যবস্থার ঋণ হইতে অব্যাহতি লাভের ও ঋণের পরিমাণ হ্রাদের জক্ত যে টাকা রাখিতে হর, ভাহা রাখা হইবে না।

ইহা কথনই অর্থনীতিকোচিত নহে। কারণ, এই বে সঞ্চলভাগ্তার ইহার উপবোগিতা ও প্রয়োজন অত্যন্ত অধিক এবং সেই জন্মই ভাগোরে সঞ্চর রাথা হয়। তিনি ইহাও বলিয়াতেন বে.—

্সরকারের মোট ঋণের পরিমাণ বাড়িয়াছে।

্ষদিও অর্থ-সচিব বলিয়াছেন, ঋণ যে পরিমাণ বাড়িয়াছে, উৎপাদক সম্পত্তির মৃল্য তদপেকা অধিক বাড়িয়াছে, তথাপি ঋণবুদ্ধি সমর্থনবোগ্য নহে।

কেবল তাহাই নহে—ভারতবর্ষ হইতে বে প্র্ব বিলেশে রপ্তানী হইতেছে, তাহাও চিস্তার বিষয়।

এই ব্যবসা মন্দার সময় অর্থ-সচিব শুরুতার হ্রাস করা ত সরের কথা, শুরুবৃদ্ধি করিতে বাধ্য হইয়াছেন—

(১) এ বেশে যে দেশলাই উৎপন্ন হয়, তাহাতে গ্রোস প্রতি ২ টাকা ৪ আনা হিসাবে শুরু দ্বাণিত করিয়া সরকার ২ কোটি ৩৫ লক্ষ টাকা আরের আশা করেন।

10 TES-

(২) এ নেশে বে চিনি উৎপন্ন হর, ভাহার উপরও হলর প্রতি > টাকা ৫ মানা হিসাবে শুরু স্থাপিত হইবে। ইহার ১ মানা ইক্ষ্ উৎপাদক্ষিগকে সম্বার সমিতিতে সভ্যবদ্ধ করিবার অস্থ্য প্রাদেশিক সরকারগুলিকে দেওয়া হইবে বটে, কিছু অবশিষ্ট ১ টাকা ৪ আন। ভারত সরকারের তহবিলে অস্ব হইবে।

এ দেশে চিনির শিল্প এককালে সমৃদ্ধ ছিল বটে, কিছু ভাষার পর তাহার ছুর্দ্ধণার বিষয় সকলেই অবগত আছেন। শর্করাশিল্লের পুন:প্রতিষ্ঠাকল্লেই আমদানী শুদ্ধ প্রতিষ্ঠিত হইরাছে। অথচ দেশে এই শিল্প প্রতিষ্ঠিত হটতেই এই নৃতন শুদ্ধ প্রতিষ্ঠিত হটল। ইহার ফলে শর্করাশিল্লের অনিষ্ঠ হইবে এবং চিনি ব্যবহারকারী দেশের লোককে অধিক মূল্যে চিনি ক্রের করিতে হুইবে।

দেশলাই সম্বন্ধেও কতকটা এই কথা বলা মায় 🖡

নিত্যব্যবহার্য্য ও অপরিহার্য্য পণ্যের উপর শুল প্রতিষ্ঠা করায় ভাহার মৃগ্যবৃদ্ধি অনিবার্য্য হয়—অর্থাৎ তাহাতে দেশের জনদাধারণের ব্যয় বাড়িয়া বায়। লও কার্জ্জন যথন বিদেশী চিনির উপর আমদানী শুল প্রতিষ্ঠা করিয়াছিলেন, তথন তাহাতে চিনির মৃশ্য বাড়িবে বলিয়া কেহ কেহ আপত্তি করিয়াছিলেন। ভারতবর্ধের মত দেশের লোক কথন অবাধ বাণিজ্ঞানীতির সমর্থক হইতে পারে না। কারণ, তাহাদিগকে শিল্পপ্রতিষ্ঠা করিয়া বিদেশের সহিত প্রতিযোগিতা করিতে হইবে। কিছে শুল্ক যদি শুল্বিকের করাতের মত "আসিতে বাইতে কাটে"—তবে তাহা কটকর হইয়া উঠে।

দেশলাইরের উপর যে শুল প্রতিষ্ঠিত হইবে, ভাহাতে সরকার ২ কোটি ৩০ লক্ষ টাকা আদার করিবার আশা করেন। ভাহা হইতে পাটপ্রস্থ প্রদেশত্রমকে আর্থাৎ বাদালা, বিহার ও উড়িষ্যা এবং আসামকে ষ্ণাক্রমে ১ কোটি ৬৭ লক্ষ টাকা, ১২ লক্ষ ৫০ হাজার টাকা ও ৯ লক্ষ ৫০ হাজার টাকা ও ৯ লক্ষ ৫০ হাজার টাকা প্রকাশ প্রদান করা হইবে। একুনে এই ১ কোটি ৮৯ লক্ষ টাকা দিয়াও ভারত সরকার অবশিষ্ট প্রায় ৪০ লক্ষ টাকা আজ্মনাৎ করিবেন। ভদ্তির চিনির উপর হন্দর প্রতি ১ টাকা ৪ আনাভ্রেও আর লাভ হুইবেনা।

পাটের উপর বে রপ্তানী শুক আদার হর, তাহার আর্থাংশে বাদালা ১ কোটি ৩৭ লক টাকা পাইবে বটে, কিন্তু দেশলাইরের জন্ত বাদালাকেও আপন অংশে অনেক টাকা দিতে হইবে—স্তরাং ১ কোটি ৩৭ লক টাকা পাইবার ক্ষান্ত বালালাকে কতক টাকা দিতে হইবে। তদ্ভির চিনির উপর যে শুদ্ধ প্রতিষ্ঠিত হইবে, তাহার ফলে বালালার শর্করাশিল্পের সমৃদ্ধির পথ বিদ্বাস্কৃত হুইবে।

সত্য বটে বালালা ১ কোটি ৬৭ লক টাকা পাইবে, কিছ ভাহাতে বালালা স্থবিচার পাইবে না। ভাহার কারণ—

- (১) বাকালা পাটের রপ্তানী ভঙ্গের সর্বাংশ পাইবে না; এবং
- (२) বাহা দেওয়া হইবে, তাহাও বান্ধালার অবভ্র-প্রাপ্য হিলাবে দেওয়া হইবে না।

এই টাকা বালালাকে যেন দলা পরবশ হইয়াই ভারত সরকার দিভেছেন ! অর্থ-সচিব বলিয়াছেন—

"খত অসুসন্ধান হইয়াছে, সবগুলিতেই দেখা গিয়াছে, বালালাকে বিশেষভাবে সাহায্য করা প্রয়োজন। নৃতন শাসন-সংস্থার-প্রস্তাবেও বালালাকে সাহায্য প্রদানের প্রয়োজন উল্লেখ করা হইয়াছে এবং ভারত সরকারও সেই মত গ্রহণ করিয়াছেন। আবার, যদি এ সম্বন্ধে কিছু করিতে হয়, তবে অবিলম্বে করাই সলত। কারণ, ১৯০০ খৃটাল হইতে বালালার ঋণ বাধিক প্রায় তই কোটি টাকা হিসাবে পুঞ্জীভূত হইতেছে এবং ইহার পরে ঋণভার চর্ম্বর হইয়া উঠিবার সম্ভাবনা।"

এই প্ৰয়ন্ত ব্লিয়াও অর্থ-সচিব নিরন্ত হয়েন নাই।
তিনি বলিয়াছেন:—

"यहि এ বিষয়ে কিছু করিতে হয় অর্থাৎ ভারত
সরকারকে যদি বাজালাকে অর্থ সাহায্য করিতে হয়,
তবে প্রথমে দেখিতে হইবে—বাজালা সরকার ও
বাজালার ব্যবস্থা-পরিষদ আপনাদিগের সাহায্যার্থ
যথাসম্ভব চেটা করিয়াছেন। আমরা বাহা করিব, তাহা
এই সর্ব্ধে।"

এ কথা বিষ্কিট বোষাইরের মুথে শোভা পার বটে, কিন্তু ভারত সরকারের অর্থ-সচিবের মুথে নহে। ভারত সরকারের অর্থ-সচিব শীকার করেন না, পাটের উপর রধানী শুক্রের স্ব টাকা বালালার ছায় প্রাণ্য; সে টাকা ভারত সরকার আত্মসাং করিলে বালালার প্রতি শ্বিচারই করা হয়। মুটেঞ-চেম্সকোর্ড শাসন-সংকারে

বে আর্থিক বন্দোবন্ত হইয়াছে, ভাহাতে বালালার প্রতি কিরপ অবিচার করা হটয়াছে, তাহা সর্বজন-বিদিত। তুলা, নারিকেলের শশু, গম, প্রভৃতি কৃষিল পণ্যের উপর রপ্তানী ওল্প নাই; আছে কেবল বালালার পাটের উপর। আর দেই শুদ্ধের আয় বাঞ্চলা পার না। ফলে বাদালা জনহিতকর কার্য্যে হন্তক্ষেপ করিতে পারে না। ১৯২১-२२ थुष्टोच इहेट्छ ১৯৩৩-৩৪ थुष्टोच धरे खरमामन-বর্ষের হিসাবে দেখা বায়, দ্বিতীয় তৃতীয়, চতুর্ব ও পঞ্চম-বর্ষচত্ট্র বাদ দিলে কেবল আর ছই বংসর ব্যতীত বালালা সরকারের ফাজিল কখন এক কোটি টাকার ক্য হয় নাই-প্রায়ই তুই কোটি হইয়াছে। প্রথমে যে বর্ষচতুইয়ের কথা বলা হইয়াছে, সে কয় বৎসর বাদালা সরকার নানার্রপে ব্যয়-সংস্কাচ করিয়াও কুলাইতে না পারায় নৃত্ন কর সংস্থাপনে বাধ্য হইয়াছিলেন। आंत्र যে তুই বংসর আর ব্যয় অপেকা অধিক হইয়াছিল, সে তুই বংদরে এই আধিক্য মাত্র ৮ লক্ষ ও ২ লক্ষ টাকা।

বাষের হিসাব হইতে বাদালার শোচনীয় অবহা ভালরণ বুঝা যায়। ১৯২৯ ৩০ খুটান্দে ভিন্ন ভিন্ন প্রদেশে শিক্ষার জন্ম লোক-প্রতি বার দেখিলে দেখা যার, কেবল বিহারে বার বাদালা অপেক্ষা অল্ল হইয়াছে। বোমাই বাদালার পাঁচগুণ বার করিতে পারিয়াছে। আহা সহক্ষেপ্ত বাদালার বার বোমাইদের অক্টেক—অবচ বাদালার স্বাস্থ্যমোভির যত প্রয়োজন, তত্ত আর কোন প্রদেশে নহে।

বাজালাকে ভারত সরকার তাহার জাব্য প্রাণেশ বঞ্চিত করিয়াছেন, তব্ও বাজালাকে এবার "দয়াদত্ত দান হিসাবে" পাটের রপ্তানী ওকের অর্দ্ধাংশ প্রদানের প্রভাবে বোলাই নির্গজ্জভাবে প্রতিবাদ করিয়াছে। আর বাজালায়ও বোলাই তাহার সমর্থক পাইয়াছে! বোলাইয়ের এই ব্যবহারের প্রতিবাদে কলিকাতায় আচার্য্য ভার প্রস্কলচন্দ্র রায় মহাশরের সভাপতিত্বে যে সভা হইয়াছিল, তাহাতে কোন বজা বলিয়াছিলেন—বোলাই বলি তাহার উক্তি প্রত্যাহার না করে, তবে বাজালার পক্ষে বোলাইয়ের কলওয়ালারা আলও বাজালার কর্লা ব্যবহারে বিরত। যথন তাহারা প্রশেকাকত অরম্লাল

বলিয়া দক্ষিণ আফ্রিকার করলা ব্যবহার করিতেন, তথন পরলোকগত গোধলে মহাশর বলিয়াছিলেন, দক্ষিণ আফ্রিকার বে সব থনি হইতে সেই কয়লা আইলে সে সকলেই ভারতবানীর উপর অকথ্য অভ্যাচার হয়।

বালালা অন্ত হিনাবেও ভারত সরকারকে অন্তান্ত প্রদেশ অপেকা অধিক অর্থ প্রদান করে। আর করে বালালা হইতে বোহাইরের দিগুণ টাকা আদার হর। সে টাকা সুবই ভারত সরকার পাইরা থাকেন।

বাদালার সেচের অন্ত এ পর্যান্ত উল্লেখযোগ্য অর্থ-ব্যর হয় নাই। অথচ বাদালার সেচের ব্যবস্থার প্রয়োজন সামান্ত নতে।

বালালা দীর্ঘকাল হইতে উপেক্ষিত হইরা আসিতেছে। আর সেই অন্তই বালালার শিকা, খাস্থা, শিল, সেচ----এ সকলে বিশেব মনোযোগদান প্রয়োজন।

ভারত সরকার বে বাদালার ঝা বাড়িতেছে বলিরা দেশলাইবের উপর শুদ্ধ স্থাপিত করিরা বাদালাকে পাটের রপ্তানী শুদ্ধের অর্দ্ধাংশ প্রদান করিবেন—ইহাতে বাদালা কথনই সন্তট্ট হইতে পারে না। বাদালাকে ভাহার স্থাপ্য বলিরা এই শুদ্ধের সর্কাংশ এবং আরক্রের কডকাংশ দিতে হইবে।

সাধারণ হিসাবে আমরা ভারত সরকারের বাজেটে ফেটির উল্লেখ করিয়াছি। আজ আমরা একটি বিশেষ ফেটির উল্লেখ করিয়াছ। আজ আমরা একটি বিশেষ ফেটির উল্লেখ করিয়। সামরিক ব্যরে ভারতের রাজ্বরের আনেক অংশ নিংশেব হইরা বাইতেছে। সামরিক বিভাগের ব্যর ১৯২৯-৩০ খুটান্তে ৫৫ কোটি ১০ লক্ষ টাকা ছিল এবং এ বার ৪৪ কোটি ৬৮ লক্ষ টাকা হইবে বলিয়া অর্থ-সচিব মনে করিয়াছেন, তিনি অসাধ্য সাধন করিয়াছেন। কিন্তু বদি ১৯২৯-৩০ খুটান্তের আরের সহিত বর্জনান সমরের আরের তুলনা করা বার, তবে আমরা কি দেখিতে পাই ? ভত্তির "ক্যাপিটেশন" খরচ হিসাবে বিলাতের সরকার বার্ষিক ছই কোটি টাকা দিবেন—ভাহাও হিসাবে ধরিতে হয়।

সামরিক বিভাগে ভারত সরকার সে বার করেন, ভাহা সঙ্কোচ করা সম্ভব নহে এবং ভাহা প্রয়োজনীরও অনিবার্য প্রতিপন্ন করিবার জন্ত সমর বিভাগ নরটি প্রবন্ধ বিভাগ নরটি প্রবন্ধ বিভাগ করিবা সংবাদপত্তে প্রকাশার্থ প্রেরণ করিবা

আপনাদিগের ওকাণতী করিয়াছেন। আমরা কিছু প্রবন্ধগুলি পাঠ করিয়া সামরিক বিজাগের ব্যয়ের আধিক্য সহক্ষে মতপরিবর্ত্তন করিতে পারি নাই। আমাদিগের বিশাস:—

- (>) ভারতে যে সেনাদল রক্ষিত হয়, ভাহা ভারতের প্রয়োজনাভিরিক ;
- (২) ভারতের পকে বছব্যরদাপেক ইংরাজ দেনাবল রকার প্রয়োজন অর।

আমাদিগের এই বিশাস যে যুক্তিবুক্ত ভাহা প্রতিপর করা "পামরিকীর" শ্বর পরিসরে সস্তব নছে; সেজ্জ খতর প্রবন্ধের অবভাবণা করা প্রয়োজন হর। কিঙ দেখা গিয়াছে, ভারতবর্ষ হইতে দেনাবল চীলে, মিলরে, দক্ষিণ আফ্রিকার, ফ্রান্সেও ইরাকে প্রেরিত হইরাছে। বিশেষ জার্মাণ যুদ্ধের সময় বড়লাট লও হাডিং যে ভারতবর্ণ হইতে প্রায় সব দৈনিক বিদেশে পাঠাইয়া-ছিলেন, কিন্তু ভাহাতে ভারতে কোন বিপদ ঘটে নাই. ভাহা সকলেই জানেন। এ কথা সামরিক বিশেষজ্ঞরা খীকার করিয়াছেন যে, ভবিদ্বৎ সংগ্রামের ভারকের প্রাচীতে আদিয়াছে এবং মধ্য এসিয়ার যুদ্ধের সময় ইংরাজকে কতকটা ভারতের উপর নির্ভর করিতেই हहेत्व। धहे ज़कन हहेत्छहे तुवा यात्र, छात्रत्छ व **मिनावन बक्किल इब, लाहा लाबलवर्याक विराम हरे**रिक আক্রমণসন্তাবনার স্থরক্ষিত রাখিবার অন্তর্বিপ্রবাদি দলনের জন্ত প্রয়োজনের অভিরিক। সমগ্র সামাজ্যের প্রয়োজনে যে সেনাবল রফিড হয়, ভাহার ব্যয়ভার সমগ্র সামাজ্যের বহন করাই সঙ্গত ৷

তাহার পর ইংরাজ সৈনিক রক্ষার কথা। ইংরাজ সৈনিকরা ভারতীর সেনাবলের অংশ নহে—বিলাডের সেনাবল হইতে অল্ল দিনের মেরাদে নীত হয়। তাহাদিগকে এ দেশে রক্ষা করিতে অত্যন্ত অধিক ব্যর
হয়। বে আতি খদেশরক্ষার ভার না পার, তাহার পকে
খারভ-শাসন লাভ সভ্তব নহে। আর এ দেশে বিপ্ল বিদেশী সেনাবল রক্ষার মূলে এ দেশের লোভের সহতে
অবিখাসই পরিলক্ষিত হয়। বধন ইংরাজ বলেন,
এ দেশে দারিজ্নীল শাসন প্রভিটাই ইংরাজ শাসনের উদ্দেশ্য, তথন এ দেশের সোককে দেশরকার ভার প্রদানের পথে অগ্রসর হওয়াই সমত।

ভারতবর্ষে বিপ্র সেনাবল রক্ষিত হওয়ার ও বিদেশী সেনাবলের ব্যরাধিক্যহেত্ যে অবহা উৎপত্ন হইয়াছে, ভাহাতে এ দেশে সামরিক ব্যয় অস্ত যে কোন দেশের তুলনার অধিক হইয়া দাঁড়াইয়াছে এবং দরিত্র দেশের পক্ষে সেই ব্যয়ভার বহন করা অসম্ভব বলিলেও অত্যক্তি হয় না। স্তরাং সামরিক বিভাগের ব্যয়সকোচ করা সর্মপ্রথমে কর্তব্য।

এ দেশে শাদন বিভাগে ব্যরস্কোচেরও অনেক উপায় আছে। এ দেশে বড়লাট হইতে সিভিলিয়ান ম্যাজিট্রেট পর্যন্ত যে হারে বেতন পাইয়া থাকেন, তাহা অক যে কোন স্বায়ত্ত-শাদননীল দেশের তুলনার অভাধিক। বেতনের এই হারের আমৃল সংশোধন হওয়া প্রোজন। যতদিন তাহা না হইবে, ততদিন ভারতবাসীর করভার লঘু করা সন্তব হইবে না এবং ততদিন দেশের উন্নতিকর কার্য্যে অধিক অর্থপ্রয়োগও অসন্তব মাকিবে। অথচ বর্তমানে ভারতবর্ষে পাঁচ বা দশ গংসরের মধ্যে অর্থনীতিক হিসাবে পুনর্গঠনের প্রয়োজন মন্তব্যক্ষিক হারতবর্ষে স্থানী হইয়াছে—দে সকলের উচ্ছেদ সাধন প্রয়োজন।

দেশের শাসন-পদ্ধতি যাহাই কেন হউক না এবং যেননই কেন হউক না, যদি দেশের আবশুক কার্য্যের মৃত্যু তাহাকে প্রয়োজনাত্মরূপ অর্থের ব্যবস্থা না থাকে, ভবে তাহা কথনই স্ফল প্রসাব করিতে পারে না। ফলে দেশে অসন্তোবে বাজালা দেশ বে বিত্রত, তাহা বাজালার গবর্ণর খীকায় করিরাছেন। কিন্তু অর্থাতাবে তাঁহার সরকার শিল্পে সরকারী সাহাব্য প্রদান বিষয়ক আইনের বিধানও কার্যে পরিণত করিতে পারিতেছেন না।

আবিশ্বক অর্থের অভাবে দেশে কত কল্যাণকর কার্য্যে হন্তকেপ করা অসম্ভব হইরা আছে, ভাহা আমরা সকলেই স্থানি।

ভারত সরকারের বাজেটের প্রভাব বে সকল

প্রাদেশিক সরকারের বাক্ষেট প্রভাবিত করিবে, তাছা বলাই বাহল্য। কারণ কেন্দ্রী-সরকার কেবল যে প্রথমে আপনার পরিচালনবারের উপায় করিবেন, তাহাই নহে; পরস্ক উড়িয়া, সিদ্ধু প্রভৃতি যে সব প্রদেশের সৃষ্টি হইতেছে, সে সব প্রদেশের ব্যয়সন্থলানও করিতে বাধ্য হইবেন।

এই সকল বিবেচনা করিলে বলিতে হয়, বত দিন ভারত সরকারের বাজেট সমৃদ্ধির পরিচায়ক না হইবে, তত দিন প্রদেশসমূহের পক্ষে সমৃদ্ধিলাভের আশা ছরাশা মাত্র থাকিবে; তত দিন প্রাদেশিক স্বায়ন্ত-শাসন নাম-শেষ হইবে এবং প্রাদেশিক সরকারকে কেবল কলমভাগী হইতে হইবে।

এ বার ঋণ পরিশোধ তহবিলে ব্যবস্থাস্থরপ সঞ্চ না রাখিরা ভারত সরকারের অর্থ-সচিব যে সমৃদ্ধির পরিচায়ক বাজেট পাশ করিয়াছেন, ভাহা প্রকৃত সমৃদ্ধির পরিচায়ক নহে এবং উাহাতে কেহ ভারত সরকারের প্রকৃত আর্থিক অবস্থা সম্বন্ধে ভাক্ত ধারণা মনে পোষণ্ড করিবে না।

বর্ত্তমান আর্থিক ব্যবস্থার আযুগ পরিবর্তন আমর। প্রয়োজন বলিয়া বিবেচনা করি। নৃতন শাসন-পদ্ধতি প্রবর্ত্তনের সময় তাহা করা হইবে কি ?

রেলপথে ক্ষতি-

এ-বার রেলের যে আস্মানিক আয়বায় হিসাব প্রস্তুত হইয়াছে, তাহাতে, পূর্বের কর বংসরেরই মত, লোকশান দেখা ঘাইতেছে। ১৯৩০—৩১ খুটাকে বে লোকশান আরম্ভ হইয়াছিল, তাহার কের মিটিতেছে না। ঐ বংসর লোকশানের পরিমাণ ছিল—৫ কোটি টাকা। পরবংসর লোকশানের পরিমাণ বাড়িয়া ৯ কোটি ২৫ লক্ষ টাকায় দাঁড়ায় এবং তাহার পরের বংসরে লোকশান আরও ১ কোটি টাকা অধিক হয়। যে বংসর শেষ হইল, তাহাতে লোকশানের পরিমাণ—৭ কোটি ৭৫ লক্ষ টাকা দাঁড়াইবার সন্তাবনা। এ বংসরের আহ্মানিক হিসাব এইরপ ধরা হইতেছে:—

ष्यात ... ৯১,२१,००,००० छोका

ব্যন্ন ··· ৬৪,৫•,••,•• " স্থদ বাবদ ব্যন্ন·· ৩২,••,••• "

" মোট লোকশান--- ধেকাটি ২৫ লক্ষ টাক। রেলের পরিচালকদিগের আশা—-এ বংসর মালের ভাড়ার আর গত বংসর অপেক্ষা ও কোটি ৫০ লক্ষ টাকা অধিক হইবে। এই আশার উৎস-সন্ধান কিন্তু আমরা পাই নাই। তবে তাঁহারাও মনে করেন, এ-বার বাত্রীর ভাড়ার আর গত বংসর অপেক্ষাও অল্ল হইবে। বোধ হর, লোকের আর্থিক ত্রবস্থাই এইরপ অন্থ্যানের কারণ।

এখন কথা—এই যে ৫ কোটি ২৫ শক্ষ টাকা লোকশান, ইহা আসিবে কোথা হইতে ? রেলে অবনতিজ্ঞানিত কতি-পূরণ জন্ম যে টাকা রাখা হয়, ভাহা হইতেই এই টাকা লগ হিসাবে গৃহীত হইবে। এই ভাণ্ডার বর্গশেষে ১১ কোটি ৫০ লক্ষ টাকায় দাঁডাইবে।

ব্যবসা-মলাই যে রেলপথে এই ক্ষতির জন্ম প্রধানতঃ দায়ী, তাহাতে অবশ্য সন্দেহ নাই। কিছু রেলপথের উপযোগিতা ও প্রয়োজন অস্বীকার না করিয়াও বলা বার, অস্থান্ত দেশে যে উদ্দেশ্য ও যেভাবে রেলপথ-বিন্তার হয়, এ দেশে ভাহা হয় নাই। অক্টাক্ত দেশে অন্ত-বাণিজ্যের স্থবিধার প্রতি লক্ষ্য রাথিয়াই রেলপথ রচনা করা হয়। এ দেশে বহিবাণিজ্যের স্থবিধাই রেলপথ রচনানীতি নিয়ন্ত্রিত করে। সেই জ্ঞাই একবার ভারত লরকারের অর্থ-সচিব বলিয়াছিলেন—ইংরাজ বণিকরা ক্রমাগত রেলপথ বিস্তারের জন্ত যে জিদ করেন, তাহাতে সরকার বিত্রত হইয়া উঠিতেছেন। সেই অসূই বছ দিন বেলপথে দেশের লোক লাভবান না হইয়া ক্ষতিগ্রন্থ হটয়া আসিয়াছে। বথন পর্লোকগত গোপালকঞ शांधल यहांभव विविधिहित्त्र, द्वनश्रंथ दि होका লোকশান হইয়াছে, তাহা বলি দেশে স্বাস্থ্যোরতির ও শিক্ষাবিভারের জন্ম বায়িত হইত, তবে দেশের অশেষ कन्यान रहेच-- छथनरे रिमांत कतिया ताथा निवाहिन, সেচের খালে সরকারের লাভ হর-অথচ সরকার রেল-পথের ব্যক্ত অবাধে অর্থব্যর করিলেও সেচের থাল খননে সেক্তপ মনোযোগ দেন না।

্রেলণ্থ নির্দ্বাণকালে সময় সময় কিরূপ ভূল করা

হয়, ভাহার ছইটি মাত্র দৃষ্টান্ত আৰু আমরা দিব—(১)
নৈহাটীর নিয়ে গন্ধার উপর যে সেতু নিম্মিত হইরাছে,
ভাহা আশান্তরূপ কার্য্যোপযোগী হয় নাই, (২) সারায়
কোটি কোটি টাকা ব্যরে পল্লার উপর যে সেতু নির্মিত
হইরাছে, ভাহার নিকট হইভে পল্লা সরিয়া যাইভেছে
এবং পল্লার প্রবাহ বর্ত্তমান খাতে প্রবাহিত রাখিবার
কক্ত আবার প্রায় দেড় কোটি টাকা ব্যর ক্রিতে হইভেছে
—ফল কি হইবে, বলা যায় না।

যাহাতে ভবিশ্বতে রেলপথ রচনার অধিক সতর্কতা অবলম্বিত হর এবং ব্যবসার দিকে দৃষ্টি রাখিরা রেলপথ রচিত হর, সে জন্ম ভারতবর্ষের করদাভারা অবশুই জিদ করিতে পারেন। লোকসান দিবার জন্ম কথন এরণ কাজ করা সভত হইতে পারে না। রেলপথ রচনা-নীতির বিশেষ পরীকা প্রয়োজন।

মৃতন আইন--

সন্ত্রাস্বাদ দমনকল্পে বাঞ্চালা সরকার বন্ধীর ব্যবস্থাপক সভার যে ব্যাপক আইনের পাণ্ডলিপি উপস্থাপিত ক্রিয়া-ছিলেন এবং বাহা অধিকাংশ সদক্ষের মতে গৃহীত হইয়া-ছিল, তাহা বড়লাটের সম্বতিলাভ ক্রিয়া আইনে প্রিণত হইল।

ইহাতে বাদাবার শান্তিপ্রিয় জনগণের অধিকার সঙ্কৃতিত হইল। এই অধিকার সঙ্গোতের গণ্ডীতে সংবাদ-পত্রকেও পড়িতে হইয়াছে।

যদি এমন মনে করিবার কারণ থাকে যে, আগেরগর হত্যার জন্ত ব্যবহৃত হইবে ইহা জানিরা কেই আগেরগর লইরা কোথাও যাতারাত করিরাছে বা আগেরগর বা বিজ্ঞোরক পদার্থ রাখিয়াছে, তবে তাহার প্রাণদও হইতে পারিবে। বে সমর পৃথিবীর নানা দেশে প্রাণদও বর্ষর মুগের ব্যবহা বলিয়া ভ্যক্ত হইভেছে, সেই সমর বে এ দেশে কয়টি নৃতন অপরাধের জন্ত প্রাণদওেরই ব্যবহা হইল, ইহা ছঃথের বিষয়।

প্রাদেশিক সরকারের মতে বে জাতীর সংবাদ প্রচারের কলে সন্ধাসবাদের সহিত সহাক্ত্তির উত্তব বা সন্ধাসবাদীদিগের দশপ্টি হইতে পারে, সরকার ^{সেই} লাতীর সংবাদ প্রচার নিষিদ্ধ করিতে পারিবেন। পূর্বে সরকার আপত্তিজনক বলিরা বিবেচিত কোন সংবাদ প্রকাশের জন্ত কোন সংবাদপত্রকে দণ্ড দিলে সংবাদ-পত্তের পক্ষে হাইকোর্টে আপীল করিবার অধিকার ছিল। এখন সে অধিকার আর রহিল না।

এত দিন নিয়ম ছিল, সহকার কাহাকেও প্রকাশ্ত-ভাবে আদালতে বিচার ব্যতীত আটক করিলে তাহার পোশ্যদিগকে মাসিক বৃত্তি দিতে বাধ্য থাকিতেন। এখন হির হইল, সেরপ বৃত্তি প্রদান করা না করা সরকারের ইচ্ছার উপর নির্ভির করিবে।

আমরা নৃতন আইনের তিনটিশাত্র ব্যবস্থার উল্লেখ করিলাম। ইংতেই আইনের প্রকৃতির পরিচয় পাওরা যাইবে।

আইনের বিধান যে উগ্র, ভাহা সরকারও স্বীকার করিয়াছেন। কিন্তু জাঁহারা ভাহা স্বীকার করিয়া আপনাদিগের পক্ষ সমর্থনার্থ বলিয়াছেন—বর্ত্তমানে যে অস্বাভাবিক অবস্থার (অর্থাৎ সম্লাসবাদের) উত্তব হইয়াছে, ভাহাতে সাধারণ আইনের স্থানে অসাধারণ বাবস্থা করা প্রয়োজন। অস্বাভাবিক অবস্থার উত্তব সম্বন্ধে অবস্থা মতভেদ নাই। কিন্তু যে ব্যবস্থা হইল ভাহাতেই সে অবস্থা পরিবর্ত্তিত হইবে কি না ভাহাই বিবেচ্য। ইভঃপুর্বের এই উদ্দেশ্য সাধন জন্মই নানা ন্তন ব্যবস্থা প্রবিত্তিত হইয়াছে। কিন্তু সে সকলে ইলিত ফল লাভ হয় নাই। এবার যে সব ব্যবস্থা হইল সে সকলের ফল কি হইবে, ভাহা কে বলিতে পারে ?

কেহই সন্ত্রাসবাদের পক্ষপাতী নহে—বিশেষ সন্ত্রাসবাদে দেশের লোকের যত ক্ষতি তত আর কাহারও নহে। সে কথা ব্যবস্থাপক সভার এই আইনের নানা বিধানের বিরোধীরাও বলিয়াছেন। কিছু বিধান নিদানোপযোগী হইল কি না, সে বিষয়ে মতভেদ লক্ষিত হইয়াছে।

বালালার গভর্ণর রাজনীতিকোচিত দ্রদর্শিতার পরিচর দিয়া বলিরাছেন—দেশবাদীর মতই হিংসানীতি-ধ্বংসকারী পরিবেষ্টনের স্ঠি করিতে পারে। স্করাং যাহাতে—বে ব্যবস্থার দেশের লোকের সম্থতি ও সহযোগ লাভ করা যার, সেই ব্যবস্থা অবলম্বন করাই কর্তব্য।

আইনের বিধান প্রয়োগে বে ক্রটি বিচ্যুতি হইতে পারে, তাহাও সরকার স্বীকার করিয়াছেন; কিন্তু বলিয়াছেন, যাহাতে তাহা না হয়, সে জন্ত সতর্কতা অবলম্বন করা হইবে।

পুনর্গ ঐনের আরম্ভ –

বাঙ্গালা সরকার বাঙ্গালার অর্থনীতিক অন্থসদ্ধান জন্তু যে বোর্ড বা সমিতি গঠিত করিয়াছেন, তাহার কার্য্য আরম্ভ হইয়াছে। উদ্বোধনে বাঙ্গালার গভর্ণর সমিতির সদস্যদিগকে সম্বোধন করিয়া বলিয়াছেন, বাঙ্গালার অনেক আশা এই বোর্ডে কেন্দ্রীভূত হইয়া আছে। অর্থাৎ বোর্ডের কাষের উপর বাঙ্গালার অনেক আশার সাফল্য নির্ভর করিবে।

বোর্ড যে ভাবে গঠিত তাহাতে তাঁহার আশা কতদ্র ফলবতী হইবে, তাহা দেখিবার জন্ম দেশবাসী উদ্গ্রীব হইরা থাকিবে। বোর্ডের কার্যাফল যাহাই কেন হউক না—দার জন এগুর্গনের যে চেষ্টার ফ্রটি নাই, আন্তরিকতার অভাব নাই, তাহা সকলেই খীকার করিবেন।

সার জ্বন বলিয়াছেন, এইরূপ প্রতিষ্ঠান গঠন বঙ্গ-দেশেই প্রথম হইল।

বাদালার পূর্ব্বে পঞ্চাবে পুনর্গঠন কার্য্যে সরকার অবহিত হইরাছেন বটে, কিন্তু সে কার্য্যে জনসাধারণের সহযোগ লইয়া কোন প্রতিষ্ঠান গঠিত হর নাই। বাদালার বেমন ডেভেলপমেন্ট কমিশনার নিযুক্ত করা হইরাছে, তথার সেইরূপ একজন কর্মচারী কায করিতে-ছেন। বাদালার সরকারের ভিন্ন ভিন্ন বিভাগের সহিত একবোগে কমিশনার কায করিবেন—বোর্ড তাঁহার কার্য্যে হন্তক্ষেপ করিবেন না। শাসন-পরিষদের সদক্ষ ও মন্ত্রীদিগকে লইয়া গভর্গরের পরিষদ গঠিত,—সেই পরিষদের শাধা পরিষদ আছে;—অর্থনীতিক শাধা পরিষদ আছে;—অর্থনীতিক শাধা পরিষদ আছে;—অর্থনীতিক শাধা পরিষদ আছে;—ব্যাকার্যার প্রভাসচক্র মিত্ত এই

শাখা পরিষদের সভাপতি এবং অর্থসচিব মিটার উভহেড ও মন্ত্রী নবাব কে, জি, এম, ফরোজী ইহার সদস্ত ছিলেন। প্রভাসচন্দ্রের মৃত্যুর পর তাঁহার স্থান কে গ্রহণ করিবেন, এখনও জানা যায় নাই। তবে তাঁহার মৃত্যুতে যে পুনর্গঠন কার্য্যের বিশেষ ক্ষতি, হইরাছে, তাহাতে সন্দেহ নাই। কারণ, তিনি এ বিষয়ে বিশেষক্ষ ছিলেন বলিলেও অত্যুক্তি হয় না। কমিশনার এই শাখা-পরিষদের অধীনে কায় করিবেন। তবে তাঁহার সহিত বোর্ডের ঘনিষ্ঠ যোগ থাকিবে।

বালালার সর্ব্যথম বোর্ড গঠিত হইল বটে, কিছ
বালালার মত জ্ঞান্ত স্থানেও—সামস্ত রাজ্যগুলিতেও
পুনর্গঠনের প্রয়োজন বিশেষভাবে জ্মুভূত হইরাছে।
বোষাইয়ের ভূতপূর্ব গভর্ণর সার ক্রেডরিক সাইক্স
কার্য্যকাল শেষ হইবার কিয়দিন পূর্বে এ বিষয়ে বিশেষ
উৎসাহ দেখাইয়াছিলেন। বরোদা দরবার পুনর্গঠনকেন্দ্র স্থাপিত করিয়া সেই সব কেন্দ্র হইতে কাম করিতেভেন। তথার অর্থনীতিক জ্মুসন্ধানও হইয়াছে।

সংপ্রতি মিটার জি, ক্রাপ্লা মহীশ্রের ও বৃটিশ শাসিত ভারতে পল্লীর পূন্গঠন সম্বন্ধ বালালোরে এক বক্তৃতা করিয়ছিলেন। আমরা ভাষা পাইয়াছি। ভাষাতে দেখা যার, ভথায়ও পল্লীগ্রামের পূন্গঠনের প্রয়েজন অমুভ্ত হইয়াছে। কয় বৎসর পূর্ব্বে মহীশ্র দরবার আদর্শ পল্লীগ্রাম প্রতিষ্ঠার পরীক্ষার প্রায়ুত্ত হইয়া-ছিলেন। এবার মিটার ক্রাপ্পা পল্লীসংস্কারের আলোচনা করিয়াছেন। তিনি বর্তমান পল্লীজীবনের নানা ক্রাটির উল্লেখ করিয়াছেন বটে, কিছু সে সকল ক্রাট সংশোধনের উপার কি ভাষা বলেন নাই।

তবে তাঁহার বক্তৃতার মনে হর, তিনি মনন্তব্যের দিক হইতে কাষটি বিশেষভাবে লক্ষ্য করিয়াছেন। তিনি তাঁহার বক্তৃতার এক স্থানে বলিয়াছেন—

"জনসাধারণের ও বাঁহারা সহরে বাস করেন তাঁহাদিগের মনোভাব সহত্র সহত্র বংসর পূর্ব্বে বেমন ছিল,
এখনও তেমনই আছে। এদেশকে বদি অক্সান্ত উরতিশীল
দেশের সম ভারে উরীত করিতে হয়, তবে অবিলয়ে
তাঁহাদিগের মনোভাবের পরিবর্ত্তন করিতে হইবে।
জনগণের মনে নৃতন আকাজ্ঞা, নৃতন ভাব, নৃতন

শাশা উদ্রিক্ত ও স্ট করিছে হইবে। সার ক্লেডরিক সাইক্স যথার্থই বলিরাছেন, এই সকল লোকের মৃক্তিমত্রে দীকার ও উরত জীবন-যাত্রার উপকরণ লাভের দাবী করিবার ব্যবস্থা করিতে হইবে। দেশের লোককে বিশেষ ভাবে পল্লীর ও পল্লীবাসীর দিকে দৃষ্টি দিতে হইবে। যাহাতে পল্লীসমাজ সর্বতোভাবে স্বায়স্ত-শাসনশীল হর, এবং পল্লীবাসীদিগের উপার্জ্জন, স্বাস্থ্য ও সুথের মাত্রা বর্দ্ধিত হর, জ্বাভিকে সে বিষয়ে অবহিত হইতে হইবে। বদি সে কাব হয়, তবে ভারতের সমস্থার সমাধান হইয়া যাইবে।" সার ক্লেডরিক যে তাঁহার পল্লীর সংস্কার-পদ্ধতি পুতকের মুধ্বকে বলিরাছেন— মনে ও করনার আবার জ্বনীতে ফিরিয়া যাইতে হইবে— ইহাই ভাহার অর্থ।

আমাদিগের মনে হয়, ভারতবাসীর মনোভাব সহজে তিনি যাহা বলিয়াছেন, ভাহা অতিরঞ্জিত বা ভাল ধারণাপ্রস্ত। তিনি সামাজিক প্রথার "দৌরাত্ম" সহকে যে মত প্রকাশ করিয়াছেন, ভাহাও সমর্থনযোগ্য নহে। সভ্য বটে, ভারভবর্ষের জনসাধারণ রক্ষণশীল; কিন্তু সার ফ্রেডরিক নিকল্শন বলিয়াছেন, খুষ্টীর উনবিংশ শতাব্দীর প্রথমাংশ পর্য্যন্ত মুরোপের কুষক ভারতীয় ক্রুকেরই মত অতিমাত্রায় রক্ষণশীল ছিল: রক্ষণশীলতা সভর্কভার পরিচায়ক এবং তাহার সহিত উন্নতির কোন বিরোধ নাই। পরস্ক সার কর্জ বার্ডউডের মত ইংরাজও বলিয়াছেন-ভারতের সামাজিক সংস্থান এদেশে শিল্পীর শিক্ষোরতির অসতম কারণ। তিনি বর্ণ-ভেদকে উন্নতির অস্তরায় মনে করিয়াছেন, কিছু যে মধুস্দন দাস উড়িয়ার শিল্পোল্লভির অগ্রণী ছিলেন, তিনি বর্ণবিভাগকে ভারতের শিল্পজীবনের ভিত্তি বলিয়া বর্ণনা করিয়াছেন। পুরুষামুক্তমে একই শিল্পের অমুশীলনে বে পটুত্ব অজ্জিত হয়, তাহা উপেকা করা যার না।

সে যাহাই হউক, দেশের লোকের মনোভাব পরিবর্তনের প্রয়োজন সম্বন্ধে উাহার সহিত সকলেই এক্ষত। কিছু তাহার উপার কি ? জাদর্শ ও শিক্ষা ব্যতীত এই কার্য্য সম্পন্ন হইতে পারে না। তাহাই করিতে হইবে।

এত দিন দেশের শিক্ষিত লোকরা আদর্শ প্রতি^{ঠিত}

করেন নাই। দেখা গিয়াছে, বাঁহারা তাহা করিতে পারিতেন, তাঁহারাই পরীগ্রাম ত্যাগ করিয়া আসিয়াছেন। কিরপে এ কাষ করিছে হয়, সে শিক্ষাও অশিক্ষিত পল্লীগ্রামবাদীদিগকে প্রদানের ব্যবস্থা হয় নাই। কেন ট্টা হয় নাই, তাহার আলোচনার অধিক সময়কেপ করিলে কোন উপকার হইবে না বটে, কিন্তু সেই কার্ণ-নির্ণয় চেষ্টায় ভবিষ্ণতের পথিনির্দেশ হইতে পারে। ইংরাজীতে শিক্ষালাভ করিলে চাকরী পাওয়া ও ওকালতী ডাঙ্কারী প্রভৃতিতে অধিক অর্থার্জন বতদিন সম্ভব ছিল. ততদিন ইংরাজী-শিকিত বালালীরা চাকরী ও ঐসব বাৰদা বাপদেশে সহত্ত্বে আসিয়া বাস করিভেন-পরাভন দামাজিক ব্যবস্থা নট হইয়া যাইত-পল্লীগ্রামের দহিত তাঁহাদিগের সম্বর বিলুপ্ত হইত। আজ আর ইংরাজী শিক্ষালাভ করিলেই সহরে অর্থার্জন হয় না। এই ব্যবস্থা-পরিবর্ত্তনের সহিত পল্লীসংস্কার স্পৃহার স্থন্ধ **चरीकांत कतिरम "ভाবের ঘরে** চুরী" कता इहेरत।

সহর এদেশে পূর্ব্বে যে ছিল না, তাহা নহে—কিন্তু সহর তথন সমৃদ্ধ পল্লীগ্রাম হইতে উদ্ধৃত হইত। বে হানে শাসক বাস করিতেন তথার বেমন—শিল্ল ও ব্যবসার কেন্দ্রে তেমনই সহরের উত্তব হইত। এখন অবহা অক্সরুপ। অনেক সহর শিল্ল ও ব্যবসার সম্পর্কশৃক্ত।

শিক্ষিত ব্যক্তিরা ও ধনীরা পল্লীগ্রাম ত্যাগ করার বাদালীর জাতীর জীবনে যে হুগতি হইরাছে, তাহা আমরা প্রত্যক্ষ করিতেছি বটে, কিন্তু ভাহার প্রতীকার করিতে পারিতেছি না। কৃষি ও শিল্প অশিক্ষিতের অবলম্বন ইরাছে বলিয়াই দে সকলের কোনরূপ উরতি নাই; পরস্তু সে ককল অবনত। আরু সেই জন্তই পল্লীগ্রামের অধিবাসীদিগের মধ্যে নৃতন আকাজ্জার, নৃতন আশার ও নৃতন আনন্দের সঞ্চার সম্ভব হয় না। নৃতন ভাব শিক্ষিত ব্যক্তিদিগের আরাই প্রচারিত হইতে পারে, নৃতন আশা তাঁহাদিগের মনেই প্রথম আবিভূতি হয়, নৃতন আনন্দ তাঁহালিগের মনেই প্রথম আবিভূতি হয়, নৃতন আনন্দ তাঁহারাই লোককে দিবার ব্যবস্থা করিতে পারেন। বাক্লার সেকালের পার্লীলীবনের আলোচনা করিলে ইহাই দেখিতে পাওয়া যায়। তথন গ্রামের জ্মীদারের গুহেই পূজা-পার্কণে আনন্দের আয়োজন

হইত—অথচ সে কেবল ভাঁহার বা তাঁহার গৃহবাসীদিগের জন্ম নহে, সকল গ্রামবাসীর জন্ম। তথন গ্রামের ধনশালী ব্যবসায়ীদিগের উচ্চোগে "বারোরারী" অর্থাৎ সমবার পদ্ধতিতে উৎসবের আরোজন হইত—তাহা সর্ক্রসাধারণের জন্ম। আবার এই সব উৎসবে যে অর্থ ব্যর হইত, তাহার অনেকাংশ গ্রামবাসীদিগের মধ্যেই ছড়াইয়া পড়িত। ধনীরা পুদ্রিরী প্রতিষ্ঠা করিতেন; ধনীরা গ্রাদি গশুর উন্নতি সাধনের আদর্শ প্রতিষ্ঠিত করিতেন—তাঁহাদিগের আদর্শ উপদেশ অপেকা অধিক ফলোপধারী হইত। সহর তথন অর্থার্জনের স্থান ছিল—কিন্ধ সেপল্লীগ্রামকে সমুদ্ধ করিত।

পলীগ্রামের অধিবাসীদিগের সম্বন্ধে দেশের শিক্ষিত ও ধনবান অধিবাসীদিগের কর্ত্তব্য তথন সামাজিক নিরমে বদ্ধ ছিল—সরকারের কর্ম্যারীদিগকে তাহা অরণ করাইয়া দিতে হইত না। আজ যথন বাজালা সরকার অবস্থার গুরুত্ব দেখিয়া প্রতীকার প্রয়োজনে সংশ্বরের কার্য্যে প্রবৃত্ত হইতেছেন, তথন কমিশনার দেখিতে পাইতেছেন, অনেক পল্লীগ্রামে শিক্ষিত লোক নাই;—
যাহার সাহায্যে লোককে নৃতন আশার ও আকাজ্জার কথা জানান হয়—য়্বর্ষর উন্নতির ও শিল্প প্রতিষ্ঠার প্রয়োজন ব্যান যায়, সেরপ লোক গ্রামে নাই।
বিদেশের অর্করণে যথন এদেশে বেতারের সাহায্যে লোককে শিক্ষাদানের ও আনন্দ প্রদানের কয়না হইতেছে, তথন বিবেচনার বিষয়—লোক কয়না হইতেছে, তথন বিবেচনার বিষয়—লোক কেথায়ায় সমবেত হইবে ও একযোগে কায় করিবার প্রয়োজন ও উপযোগিতা লোককে কে ব্রুয়াইবে ও

এই যে "মান্ত্রের" অভাব—ইহা দ্র করা কিরপে সন্তব হইবে ? প্রতি পলীগ্রামে সরকারী কর্মচারী রাথিবার কল্পনা কর্মনা ক্মনা কর্মনা ক্মনারী বা সরকারী সাহাম্যপৃষ্ট বিভালর বর্জন, ইংরাজের আদালত ভ্যাগ্র্মন ব্যাবিশ্বনের ভিত্তি হিসাবে করিতে হয়, ভার্মনা করি

দেশের জনগণের সাহায্য প্রয়োজন। সে সাহায্যলাভ সহরে বক্তৃভামঞে বক্তৃভার ছারা হইতে পারে না—দে জন্ম গ্রামে কামির কার্য্যের প্রয়োজন। ত্যাগী ও আ্তরিকতার জন্মপ্রাণিত কর্মীর ছারা সে কার্য্য সম্পন্ন হইতে পারে—আর কাহারও ছারা নহে। কংগ্রেসের কর্মীরা সে কাষ্য করিতে পারেন নাই। ছঃখের বিষর হইলেও ইহা খীকার করিতে হয়।

এ কার্য্য যে দেশের লোকের সহযোগ ও সাহায্য ব্যতীত সম্পন্ন হইতে পারে না, তাহা বাদালার গভর্ণর সার অসন এণ্ডার্সন ব্ঝিয়াছেন। সেই জ্ফুই তিনি বলিয়াছেন-এই কার্য্যে যদি সাফল্য লাভ করিতে হয় ভবে সমাজের সকল উৎকৃষ্ট অংশকে অর্থাৎ ক্সীদিগকে এই কার্য্যে আরুট্ট করিতে হইবে। সেই জয়ই তিনি বোর্ড গঠিত করিয়াছেন। অফুসন্ধান কার্য্যের উপদেশ প্রেদান সরকারের অভিজ্ঞ বা বিশেষজ্ঞ কর্মচারীদিগের ছারা যে হইতে পারে না বা হয় না ভাহা নহে। ক্ষিশনারকেই প্রধানতঃ কাষ করিতে হইবে। কিছ বোর্ড গঠনের সার্থকতা--দেশের লোককে এই কার্য্যে আরুষ্ট করার। নহিলে ধে সব বাণিজ্য প্রতিষ্ঠান পল্লী-গ্রামের অবস্থা সম্বদ্ধে অনভিজ্ঞ, যাহাদিগের অধিকাংশ সদত্য অক প্রদেশের লোক--বান্ধালা কেবল তাঁহাদিগের অর্থার্জনের ক্ষেত্র: যে সব প্রতিষ্ঠান "one man show" --সে সব প্রতিষ্ঠানকেও প্রতিনিধি পাঠাইবার অধিকার প্রদানের কোন সার্থকতা থাকিত না। সেই জন্মই পাট সমিতির রিপোর্টের ব্যর্থতার পরও সার জন এগুার্সন ্ব এই বোর্ড গঠিত করিয়াছেন এবং মাশা প্রকাশ 🖁 করিয়াছেন, ইহার ফলে বাঙ্গালার কল্যাণ সাধিত হইবে।

প্রাকৃতিক উপদ্রবে ও বিপদে কি ভাবে সকলকে একযোগে কাম করিতে হয়, তাহা বিপয় বিহারে প্রতিপয়

ইইয়াছে। অসহবোগ নীতির প্রবর্তক গামীজীও সেজস্থ

শ্রম নীতি বর্জন করিয়াছেন।

বালালার পল্লীর পুনর্গঠন কার্য্যে আরও একরপ সহবোগের প্রয়োজন। সাম্প্রদায়িক বিরোধ বর্জন করিয়া সকল সম্প্রদায়কে একবোগে কায় করিতে হইবে। ছজিক, জলপ্রাবন, বোগ, জলকই, এই সকলের সহিত সংগ্রাম কেবল সকলের সমবেত চেটায় জয়যুক্ত হয়। বালালার পল্লীগ্রাম—পল্লীপ্রাণ বাদালার কেন্দ্র পল্লীগ্রাম আত্ম রোগের, অজ্ঞতার, দারিদ্রের লীলাভূমি। তাহাকে এই তুর্দ্দশা-ছংখমুক্ত করিতে হইবে। এ কায় আমাদিগের। যদি দেশের লোক উত্যোগী হইয়া এই কার্য্যে সরকারের সহযোগ চাহিতেন, তবে আমরা বিশেষ আনন্দ লাভ করিতাম। এখন সরকার উত্যোগী হইয়া দেশের লোকের দেশবাসীর ভাগই সাফল্যের উপচয়নে অধিক হয়, ভাছাই করা আমাদিগের কর্ত্তব্য বলিয়া বিবেচনা করি।

সার জন এণ্ডাসন বলিয়াছেন, পলীপ্রামের পুনর্গঠন কার্য্যে অর্থর প্রয়োজন, তাহা দিতেই হইবে। এই কার্য্য বালালার অল্ল রাজত্ব হইতে সম্পন্ন হইতে পারে কি না, সন্দেহ। অতরাং এই কার্য্যের জন্ম, প্রয়োজন হইলে, ভারত সরকারের নিকট হইতে বা সাধারণ ভাবে, ঝা গ্রহণ করিতে হইবে। অর্থ পাইলে বাহাতে ভারার অপবায় না হয়, এবং তাহা স্প্রগুক্ত হয়, সে ব্যবস্থা করিতে হইবে। সেজন্ম কেবল ব্যাহ্ম প্রত্যুতি প্রতিষ্ঠানের সাহায্যে অর্থপ্রয়োগ ব্যবস্থা করিলেই হইবে না—সেজন্ম আবিশ্যক আইন করিতে হইবে, ব্যবস্থাপক সভার সাহায্য প্রয়োজন হইবে।

সমস্থার গুরুত্ব যে অসাধারণ এবং জটিলত্ব অধিক, তাহা আমরা বিশেষভাবে অফুডব করিরা থাকি।
ইহার এক এক ভাগের সমাধান করিতেই যথেই পরিশ্রম
ও অর্থবার প্রয়োজন। অথচ এক সলে ইহাকে সকল
দিক হইতে আক্রমণ না করিলে সমস্থার সমাধান অকারণ
বিক্ষিত হইবে।

সরকার ইহা বিবেচনা করিয়া দেখিয়াছেন বলিয়া মনে হয়। সেইজস্থই কমিশনার নিয়োগ করিয়া উাহারা নিরত হয়েন নাই, সঙ্গে সঙ্গে বোর্ড গঠিত করিয়া ব্যাপকভাবে কাব্যারজ্যের পদ্ধতি নির্দাবণ চেটা করিয়াছেন।

সার জন এতার্স নের মত আমরাও এই উন্থম হইতে জনেক ইফল লাভের আশা করি। আমরা আশা করি, দেশের লোকরা এই কার্য্যে যিনি যেরপে পারেন, সাহায়া করিবেন এবং সকলের সমবেত চেটা বালালার নব্যুগের প্রবর্তন করিবে। সমৃদ্ধি, রোগের স্থানে সাহায় ও অজ্ঞতার স্থানে শিক্ষা প্রতিষ্ঠিত করিবে।

কলিকাভা মিউনিসিশাল গেজেটের

আস্থ্য-সংখ্যা–

শ্রীমান অমল হোম সম্পাদিত কলিকাতা মিউনিসিগাল গেলেটের স্বাস্থ্য-সংখ্যার ষষ্ঠ খণ্ড প্রকাশিত হইরাছে। প্রতি বংসর এই সময়ে একথানি করিয়া স্বাস্থ্য-সংখ্যা প্রকাশিত হয়; এথানি ষষ্ঠ বংসরের সংখ্যা। প্রতি বংসর যেমন হয় এবারও এই সংখ্যার স্বাস্থ্য সম্বদ্ধে বিবিধ তথ্য প্রকাশিত হইরাছে এবং সম্পাদকের অতুলনীয় সম্পাদন-কুশলতার পরিচয় প্রদান করিয়াছে। এই সংখ্যার বাফ্সৌন্ধ্যা যেমন মনোহর হইরাছে, আভ্যন্তরিক সৌন্ধ্যাও তদক্ষরণ হইরাছে। আমরা সম্পাদক শ্রীমান সমল হোমের চেটা, যম্ব ও কার্য্য-কুশলতার ভূরসী প্রশাশা করিছেছি।

খেলা-ধূলা

বালালী ছেলেদের কিছুদিন থেকে স্পোর্টসের দিকে দেহ সৃষ্ট, স্বাস্থ্য সবল হয়, সেদিকে সতর্ক দৃষ্টি রাখা প্রথম বোঁক দেখা বাচেছ। ইহাবে জাতির মুলকণ, তাতে কোন সন্দেহ নেই। মেয়েরাও আজকাল খেলা ধূলায়

७ প্রধান কর্ত্তরঃ। কর্বপোরেশনের প্রাথমিক বিভালয়-সমূহেও ব্যায়াম সহল্পে যত্ন লওয়া হ'ছে। কলিকাভার এখন



দিটি এথেলেটিক্ স্পোর্টন্। ৮৬ গজ নীচু হার্ডল রেম। প্রথম-কুমারী বেটি এড ওয়ার্ডন্

শারীরিক সৌন্দর্য্য রক্ষা করতে ব্যায়াম নানা স্থানে নানা স্পোর্টন্ প্রতিযোগিতা হ'চ্ছে। এরপ অভ্যাবশুক। শরীর গঠনের জন্ত শারীরিক ব্যায়ামের প্রতিযোগিতার অমূষ্ঠান এদেশে আরো বেশীহওয়া আবশুক।

ছোটবেলা থেকেই বিশেষ । দরকার। থেলা-ধূলার ভেতর দিয়ে ব্যায়াম বিশেষ উপ-কারী, ইহাতে শরীর ও মন উভয়েরই পরিপুষ্টি হয়।


অধুনা সুল-কলেকে পড়া-ভনার সঙ্গে ব্যায়াম করার वावश इ'त्याक्-त्यावानव क्राल ७ र'श्राह्य । अधु वरेरव्र পাতা মৃথস্ করে পুঁথিগত বিভা আয়ত্ত করেই সভিা-কারের মাতুষ হওয়া যায় না। ছেলে-মেয়েরা জাতির ভবিশ্বৎ জীবন। ষাতে ভাদের



আনল মেলা স্পোটন্। একশত গৰু দৌছ। প্রথম-কুমারী রমা চক্রবর্তী (বেগুন)



নিধিল ভারত ভারোভোলন প্রতিযোগিতা। প্রথম—মিঃ ভরতন্ (কানানোর—মাজার)। ইনি এক হাতে ভারোভোলন করিতেছেন। —কাঞ্চন—



কানীখাট শোটন। এক ছাইল কোট। সময়—৪ মিনিট, ৪০ই বৈকেও। কাৰ-ছাৰ, গাৰ (ধানবাৰ)। —কাঞ্ন—

বালালীর ছেলেদের বাকে
বলে 'ভান-পিঠে', ভাই হ'তে
হবে। শুগু পড়াশুনার 'ভাল'
ছেলে হলে হ'বে না। খেলার,
কুন্তিতে, সঁভারে, দৌড়ে, বাচ-খেলার (rowing), ঘুষো-ঘুষিতে
(boxing), অস্থান্ত আভিদের
সক্ষে প্রভিষোগিভার পারা দিতে
হবে।

বাচ-থেলার ব্যবস্থা কলিকাভার বিশেষ নেই। দক্ষিণ কলিকাভার লেকে মাত্র একটা ভারতীর ক্লাব হ'রেছে। তাতে কেবলমাত্র বিশিষ্ট ভারতীয়রাই প্রবেশ করতে পারেন। সাধারণ লোকের উপ-যোগী আরো প্রতিষ্ঠান হওয়া আবশুক। কলিকাভা কর্পো-রেশনের এ বিষয়ে সহায়ভা করা উচিত।

বিলাতে কেন্ত্রিক ক্ষার অন্তর-কোর্ড বিশ্ববিদ্যালয়ের ছাত্রনের মধ্যে পাস্তা দিরা বাচ-খেলা বিশ্ববিধ্যাত ব্যাপার। এই প্রতি-যোগিতা সেথানে ক্ষাতীয় উৎসবে পরিগণিত হ'রেছে।

বাদলাদেশেও ঢাকা আর
কলিকাতার ছ'টে বিশ্ববিভালর
রয়েছে—বড় বড় নদ-নদীরও
এখানে অভাব নেই। অভাব
কেবল উত্তম ও উৎসাহের। উভর
বিশ্ববিভালরের কর্তারা এ বিষরে
উত্তোগী হ'লে আর ছেলেদের
উৎসাহ থাক্লে এদেশে ঐ ধরণের
বাচ-খেলার অন্তান আরম্ভ করা
কঠিন হর না, ধনে করি।



জ্যৈষ্ঠ—১৩৪১

দ্বিতীয় খণ্ড

वकविश्म वर्ष

ষষ্ঠ সংখ্যা

বাঙ্গলার জমিদারবর্গ

আচার্য্য দার প্রফুল্লচন্দ্র রায়

(()

আমি 'ভারতবর্ধে'র মারফতে বাদলার জমিদারদিগের বিষয় কিছু আলোচনা করিতেছি,—জমিদারগণের বর্তমান অবস্থার সহিত্ত তাঁহাদের পূর্বকার অবস্থার তুলনামূলক সমালোচনাই আমার প্রবন্ধের উদ্দেশ্য। আজ দিন দিন একটা সম্প্রদার উৎসাহহীন ও কর্মশক্তিতে জরাগ্রন্থ ইইয়া পড়িতেছে—ইহা যে দেশের পক্ষে অশেষ ক্ষতিকারক, ভাহাতে অগুমাত্র সন্দেহ নাই।

বাজনা দেশ খভাবতই কৃষিপ্রধান। সকলের জীবনযাত্রা নির্বাহ করিতেছে আমাদের দেশের তৃত্ব কৃষকরা।
উকিল মোক্তার ডাক্তার রাজকর্মানারী সকলেই পরগাছা
(Parasite),—ইংলারা কেইই অর্থ উৎপাদন করিতে
পারেন না। কৃষকর্মের পরিপ্রামন্ত্র শক্তের।
তাহাদের আর্থিক উরতি নির্ভর করিতেছে। মুভরাং
ভাহাদের অ্থ-ম্বিধার দিকে দৃষ্টি রাথা, নিরক্ষরতা দূর
করিয়া তাহাদের জীবন-ধারণের পথকে সহজ ও মুগ্ম

করিয়া তোলা প্রত্যেক সহৃদয় দেশবাসীর কর্তব্য।
অক্তান্ত দেশের ক্যায় বাজলাদেশে শিল্প বাণিজ্যের সমৃদ্ধি
নাই। ব্যবসা-বাণিজ্য যাহা কিছু আজ্পও বর্তমান
আছে, সবই পরের হাতে সঁপিয়া আজ আমরা অর্থহারা
হইয়া চাকরীর মোহাবিষ্ট। এই তৃদ্দিনে জমিদারগণ
একেবারে নিস্তেজ ও অবসম হইয়া পড়িলে দেশের অবস্থা
আরও ভীষণ হইয়া উঠিবে।

পূর্বেই জমিদারগণের বর্তমান ত্র্দ্ধশার কারণ কিছু বিদ্যাটিত করিয়াছি। অলসতা, কর্মবিম্ধতা, সর্বোপরি বিলাস-ব্যসনই উাহাদের এই অন্থোগতির কারণ। আজ দেশের মধ্যে জাতীয় আন্দোলন তেমন ভাবে আত্মপ্রকাশ করিতে পারে নাই; ভাহার একটী প্রধান কারণ—জমিদার সম্প্রদারের মধ্যে ইহার প্রসার হয় নাই, বরং পদে পদে বাধাগ্রন্থ হইয়া আসিতেছে। ইহারাই সব চেয়ে বেশী দাসভাবাপর। বাদলা দেশে

আঞ্জ অনিদারগণের প্রভাব ক্রিয়ালা। তাঁহারা আঞ্জ দেশের একটা বিশিষ্ট স্থান অধিকার করিয়া বিসিরা আছেন। কিন্তু যে দায়িত্ব ও ক্ষমতা তাঁহাদের উপর অপিত হইয়াছে, তাহার কিছুই কার্য্যকরী হয় নাই। কর্মশক্তিহীন হইয়া তাঁহারো সমাজ্যের উন্নতির পথে বিল্ল হইয়া আছেন এবং তাঁহাদের জীবনের গতিও নিস্তর্ধ হইয়া ঘাইতেছে। পৃথিবীর অভাক্ত দেশের জ্ঞান্তর ইতিহাস তাঁহাদিগকে কোন মতেই অভ্নপ্রাণিত করিতে পারে নাই:

আমি গত তিন-চার বংশরের কথা বাদ দিতেছি।
এখন না হয় বিশ্বব্যাপী আর্থিক অন্টন, ও ব্যবদাবাণিজ্য সবই মন্দা। এই তুর্দিনে খাজনা আদায় একেবারে
বয়,—সম্পত্তি সব নিলামে উঠিতেছে। কিন্তু ইহার পূর্বে
যখন দেশের অবস্থা অধিকতর সঙ্গতিসম্পন্ন ছিল, পাটের
দর যখন মণকরা ১৫।২০।২৫ টাকা পর্যন্ত হইয়াছিল,
তখনও অনেক জমিণারি কোর্ট্ অব্ ওয়ার্ডদ্ (Court of
Wards) এর হত্তে ক্তন্ত হইয়াছে। বাকলা দেশে বর্তমানে
প্রায় এক শত কুড়িটা এটেট গভর্ণমেন্টের ভবাবধানে।
ইহারা এমনই অসহায় যে বয়:প্রাপ্ত ইইয়াও তাঁহাদের
নাবালকত্ব ঘুচাইতে পারিলেন না। এই সব লক্ষ লক্ষ
টাকার সম্পত্তি তাঁহারা নিজেরা রক্ষা করিতে পারিলেন
না, ইহা কি তাঁহাদের অপনার্থতার পরিচায়ক নহে ?

চিরস্থায়ী বন্দোবন্তের দক্ষণ আমাদের ক্ষমিদারবর্গ অনেকটা নিশ্চিন্ত ছিলেন। তাঁহারা ক্ষানিতেন যে কোন রক্ষে গভর্গমেন্টের রাজ্য দিয়া ঘাইতে পারিলে ক্ষমিদারি অটুট ও অক্ষুণ্ন থাকিবে। কিন্তু এই স্থবিধা তাঁহাদিগকে অধিকতর নির্ভর্গীল করিয়া ফেলিল। তাহার ফলে হইল এই যে, তাঁহারা সহরে বসিয়া নির্বিত্তে দিনাতিপাত করিতে লাগিলেন; এবং ক্ষমিদারি পরিচালনের তার পড়িল অল্প বেতনভোগ্য ক্ষশিক্ষিত নায়ের গোমন্তার হতে। প্রকাদিগের অভাব অভিযোগ কদাচিৎ ক্ষমিদারের কর্ণকৃহরে আসিয়া প্রবেশ করে। পূর্বেই বলিয়াছি যে ক্লকট, ছভিক্ষ, মহামারী ইহাদের ক্ষীবন্ধাঞাপথের ক্ষ্মিন প্রকাশ অভাবে কুসংস্থারাক্ষের হইয়া এবং অবিমৃত্ব ক্ষারিতার কলে ভাহারা চিরদিনই দারিন্দ্রের স্পৃহিত সংগ্রাম করিলা আসিতেছে। ক্ষমিদারগণ এইক্ষণ

উদাসীন হওয়ার ফলেই তাহাদের এই নির্যাতন। খাজন বাতীত নায়েব গোমগুাদিগকেও সম্ভুট রাখা ভাহাদের একটা প্রধান সমস্থা। এইখানে Resolution on the Land Revenue Policy of the Indian Government, 1902 হইতে কিছু উদ্ধৃত করিতেছি.—"While the Government of India are proud of the fact that there are many worthy and liberalminded landlords in Bengal-as there are also in other parts of India-they know that the evils of absenteesm, of management of state by unsympathetic agents, of unhappy relations between landlords and tenants, and the multiplication of the tenure-holders or middle-men, between the Zemindar and the cultivator in many and various degrees are at least as marked and as much on the increase there as elsewhere" প্রায় ৩২ বংসর পূর্বে গভর্ণমেণ্ট এই মন্তব্য প্রকাশ করিয়াছেন। এই সময়ের মধ্যে দেশের অবস্থা আরও শোচনীয় হইয়াছে। আৰু যদি গভর্ণমেণ্টকে কোন বিবৃত্তি প্রদান করিতে হয়, তাহা হইলে—'There are many' স্থান An insignificant few' ব্যবহার করিতে হইবে, অর্থাৎ সংখ্যা অতি মৃষ্টিমেয় হইবে।

পূর্বেব বলিয়াছি যে কুষির উন্নতির ও গোপালনের मिटक आयारमञ्जलमाञ्चरर्शन आरमी यत्नार्याश नाहे। আৰও দেই পুরাতন মামূলী প্রথার দেশের চাষকার্য্য নিৰ্মাহ হইতেছে! এবং এক একটা গো-মড়কে লফ লক বলদ গাভী মৃত্যুমুখে পতিত হইতেছে। আৰু ইংলও আমেরিকা জাপান প্রভৃতি দেশের ক্ষির উৎপাদিকা শক্তির কথা শুনিলে বিশ্বিত হইতে হয়। কিছু দিন আগে ভাগানীরা এক, খাম, বাদানা দেশ হইতে প্রচর পরিমাণে চাউল গম প্রভৃতি রপ্তানী করিত; কিছ উন্নত কৃষি-প্রণালী অবলম্বন করিয়া ভাহারা আৰ ভারতবর্বেও জাহাল বোঝাই করিয়া চাউল আমদানী ক্রিতেছে। সার ও জলসেচন ছারা তাহারা জ্^{মির} উৎপাদিকা শক্তি বৰ্দ্ধিত করে। "বুখলা কুফলা" দেশে কৃষিপ্ৰণালী **আ**ৰহমান কাল ধরিরা সেই এক পর্য্যারে চলিরা আসিতেছে। আব জমিদারবর্গ ঘোর মোহনিত্রার অভিত্ত হইরা আছে!

যুক্ত প্রদেশের বর্ত্তমান গভর্ণর Sir Malcolm Hailey, Royal Empire Societyর সম্পুথে বথার্থ-ই বলিরাছেন

 বে জমিদার সম্প্রদার প্রজাদিগের সংরক্ষণের জন্ম কিছুই করেন না। কৃষির উরতির প্রতি তাঁহারা একে-বারেই উদাসীন। জনেকে হয় ভ ভাবিতে পারেন যে, আমি জমিদারদিগের প্রতি বিরুদ্ধভাবাপর; কিছু Hailey জমিদারদিগের হিতাকাজ্জীভাবে যে সকল উপদেশ দিয়াছেন ভাহা হইতে বিবৃত করিলাম। কৃষির উরতি বিধান না করিলে তাঁহারাই যে পরিণামে বিপদগ্রম্ভ ভাবনে, ভাহা ভাঁহারা উপলব্ধি করিতে পারেন না।

অপরিণামদর্শিতার ফলে জমিদারদিগের আরু এট তর্দ্ধণা। লক্ষ লক্ষ টাকা আরের সম্পতির মালিক হট্যা হাহারা ডু'তিন বৎসরের লাটের টাকা সঞ্চিত রাখিতে পারেন না, তাঁহাদের এই ছদিনের অজুহাত একেবারেই অয়েকিক। এই সকল বিষয় চিন্তা করিয়া দেখিলে বোধ হয় চিরস্থায়ী বন্দোবত্ত আমাদের দেশের উন্নতির পক্ষে তেমন অন্ধুকুল নহে। অক্সার পরিবর্তনের সঙ্গে ইহারও পরিবর্ত্তন আবেশুক। যাহা এক কালে আমাদের পক্ষে স্থবিধাজনক ছিল, আজ তাহা উন্নতির পরিপন্থী হইরা উঠিরাছে। প্রশিদ্ধ রাজনীতিজ Herald Laski যথাৰ্থ ই বলিয়াছেন—"The existing rights of property represent after all, but a moment in historic time. They are not to-day what they were yester-day, and to-morrow they will again be different. It cannot be affirmed that whatever the changes in social institutions, the rights of property are to remain permanent. Property is a social fact like any other, and it is the character of social facts to alter. It has assumed the most varied aspects and it is capable of yet further changes." স্বৰ্ণাৎ সমাজের অক্তাক্ত বিবর্তনের সংক অমিদারিরও পরিবর্তন অনিবার্য্য।

আমি বাদলার অমিদারবর্গের পূর্বপুরুষগণের ইতিহাস ও বর্ত্তমান জমিদারদিগের কার্য্যাবলী কতকটা আলোচনা করিলাম। অনেকে হয় ত ভাবিবেন বে জমিদার-দিগের প্রতি প্রজাবুদের বিদ্বেদ-বহি ইহাতে আরও প্রজ্ঞানত হইরা উঠিবে। কিন্তু আমি কখনও ভাহাদের উচ্ছেদ সাধ্যের মত পরিপোষণ করি না৷ জ্ঞামিদার সম্প্রদায় দেশের সর্ব্ব কার্য্যে মুখপাত স্বরূপ হোন ইহাই আমার মনোগত ইচ্ছা। আমি অত্যস্ত হুংখের সহিত্ই অমিদারগণের উপর দোষারোপ করিতে বাধ্য হইয়াছি। তাঁহাদের হতশ্রীর কথা বছবার বলিয়াছি। তাঁহাদের পুর্বের মত শ্রীবৃদ্ধি আরু নাই। পুরাতন মামূলী প্রথায় আৰও অমিদারের গৃহাকনে কীণ উৎসব-কলাপ বর্ত্তমান আছে, কিছু ভিত্যকার সে আনন্সপ্রোত নাই: কারণ, অনেক স্থলে দেখা যায় যে, জমিদারদিগের বংশধরগণ তাঁহাদের পুর্বাপুরুষগণের প্রদত্ত দেবোত্তর সম্পত্তির উপর নির্ভর করিয়া বসিয়া আছেন,—তাহাও আবার শতধা বিভক্ত। যাঁহারা এখনও লক্ষীল্র হন নাই. তাঁহাদের চিত্তধারাও পল্লীমাভার ক্রোড ২ইতে বিচ্ছিন্ন হইয়া পডিয়াছে। পাশ্চাভ্যভাবাপন হইয়া তাঁহারা কেবল পশ্চিমদেশীয়দের বাহ্যিক অফুকরণে ব্যস্ত; বাঙ্গালী চরিত্রের যে তুর্বলতা ও অন্ধতা, তাহা হইতে কোনক্রমেই বিমক্ত হইতে পারেন নাই। তাঁহারা এখনও সংস্থারে বিজ্ঞভিত। ভগবান তাঁহাদিগকে অর্থ দিয়া পৃথিবীতে পাঠাইয়াছিলেন: কিছ তাঁহাদের ধন-সম্পত্তি অধিকাংশ ভলেই অনর্থ হইতেছে। মানব-জীবনের সভ্যকার সার্থকভা কোঁচারা উপলব্ধি করিতে পারিতেছেন না। বাজালীর অর-সমস্তার সজে জমিদারদিগের সমস্তা সম্পূর্ণ বিহৃত্তি। আবল যদি বাক্ষণার জমিদারবর্গের এইরপ চুর্গতি না হইড, তাহা হইলে দেশ এতদুর হত্তী হটত না, এবং দেশের শিল্প, ব্যবসা, বাণিজ্যও এমন ভাবে তিরোহিত হইত না। *

^{*} The landlord class has lost much of its economic value in that it does not make a contribution to the soil or to the protection of the cultivator proportionate to the share of produce represented by the rentals; and there is likely to be increasing pressure

on the part of the vast cultivating population for state assistance in adjustment of the relations of landlord and tenants to correspond with economic fact.

শ্রীমান অরবিক্ষ সরদার কর্তৃক অনুদিত।



শেষ পথ

ডাক্তার শ্রীনরেশচন্দ্র সেনগুপ্ত এম-এ, ডি-এল

(2¢)

শারদাকে মাধবের বাড়ীর কাছে পৌচাইয়া দিডাই অতি সম্বর্ণনে, কম্পিত বক্ষে শারদা ধরের দিকে পা রামক্ষল চক্রবর্তী বিদায় হইলেন।

বাড়ীর আঞ্চিনার আসিয়া শারদার পা উঠিল না।

ভার এতদিনকার আশ্ররের তুর্দশা দেখিয়া তার চকু ফাটিরা জল আসিল। দৈল যেন তার বিকট দংগ্রা বিস্তার করিরা চারি দিক ছাইরা রহিরাছে। সমস্ত বাড়ী জনলে ছাইয়া গিয়াছে, আদিনা প্রাস্ত ঘান ও জনলে ছাইরা গিরাছে। যে গুহের সৌষ্ঠব সম্পাদনে সে ভার জীবনের এতগুলি দিন বায় করিয়াছে, সে গৃহের না আছে এ. না আছে সৌঠব।

বিন্দুর অক্ত মাধ্ব যে ঘরখানা তুলিয়াছিল, তার ভিটার চিহ্নাত্র আছে, তার উপর আগাছার ভূপ ভেদ কবিষা একটা সঞ্জিনা গাছ লখা হইয়া উঠিয়াছে। বালাব যে একথানা চালা ছিল তার চিহুমাত্র নাই।

জার শুইবার যে ঘরখানি ছিল ভাহাও নাই। ভার বড ভিটার মাঝথানে ছোট একথানা চালা ভালাচোরা কতকগুলি বেডা দিয়া ঘেরা আছে। ইহাই মাধবের বৰ্তমান আবাস !

ভার এত যত্নের, এত স্বেহপ্রীভিভরা গ্রের এই लाहनीत चवडा दम्यता नांत्रमात थांग कांमिता छेठिन। ভার চকু দ্বিয়া ঝর ঝর করিয়া জল পড়িতে লাগিল, ওঠাধর কম্পিত হইল।

শারদার সভে যে লোক ভার একটা ভোরজ বহিয়া আনিরাছিল সে ভার বোঝা উঠানের মাঝধানে নামাইয়া দিয়া পারিশ্রমিক লইয়া বিদার হইল। তার পর ধীরে. বাডাইতে লাগিল।

তথন সবে প্রভাত হইয়াছে। গ্রামবাসীয়া কেহ বড বাহির হয় নাই। গ্রামের নীরবভা যেন আরও নিবিড হইয়া এই গুহের উপর একটা ভিজা কম্বলের মত চাপিয়া বসিয়াছে।

ঘরের যে জীর্ণ অবশেষের ভিতর মাধ্য বিশ্রাম করিভেছিল, ভাহার কপাট ছিল না। একটা ঝাঁপ দিয়া আলগা করিয়া ভয়ারটা বন্ধ করা ছিল।

শারদা ঝাঁপের উপর কাণ রাখিরা শুনিবার চেটা করিল। দে শুনিল কে যেন বিড বিড করিয়া কি বলিতেছে। ভার পর হঠাৎ একটা বিষ্ট চীৎকার! শারদার বক যেন সে চীৎকারে বিদীর্ণ হট্যা গেল।

সবলে ঝাঁপ ঠেলিয়া ফেলিয়া শার্দা সবেগে গুরুর ভিতর প্রবেশ করিল।

সে দেখিতে পাইল মেঝের উপর একখানা মাছরে মাধবের রোগঞীর্ণ উলছ দেহ পডিয়া আছে। মাধব প্রলাপ বৃক্তিছে, মাথে মাথে চীৎকার করিতেছে, হাত পাছু ড়িভেছে।

धकि। लाक शांत्म छहेश हिन : तम छेठिश विनन, "লালার আলাইরা ধাইলো-মরেও না, তরেও না। हुल (म !" विषयां छेडिया (म ध्यवनद्वरण दर्शनीत्व চাপিয়া ধরিল। লোকটি মাধবের এক প্রতিবেশীর ছেলে।

লারদা ছটিয়া গিয়া মাধ্বের শ্যাপার্থে বসিল। খামীর রোগজীর্ণ বিক্লুত মুখ দেখিরা সে চীৎকার করিয়া একবার কাঁদিয়া উঠিল। ভার পর দে ওদাবাকারীর হাত চাপিয়া ধরিয়া আকুল কঠে বলিল, "রাঘব, তুই যা একবার—ডাক্তারবাবকে ডেকে আন।"

রাঘৰ বলিল, ডাক্ডারবাব্ আদিবেন না। সাত দিন আগে একবার তাঁকে আনিয়া দেখান হইয়াছিল, তিনি কবাব দিয়া গিয়াছেন।

শারদা বলিল, "তবু একবার যা—এই টাকা ছুটো নিয়ে তাঁকে বল একবার আসতে।" বলিয়া আঁচল ছুইতে টাকা খুলিয়া রাব্বের হাতে দিল।

রাঘব দেথিয়া অবাক হইয়া গেল। এতক্ষণে ভাল করিয়া চাহিয়া সে কতকটা অহুমানে বৃথিল আগস্তুক শারদা। টাকা হাতে করিয়া অবাক বিস্তুরে সে কিছুক্ষণ চাহিয়া রহিল।

তার পর সে টাকা ছুইটি হাতে করিয়া ছুটিয়া ভাক্তারবাবুর কাছে গেল এবং পথে যাইতে সাইতে সে গ্রামবাসী সকলের কাছে কথাটা প্রচার করিয়া গেল যে শারদা ফিরিয়া আসিয়াছে।

শারদা মাধবের গারের উপর পড়িয়া কাঁদিতে লাগিল, এবং যথাসাধ্য ভার বিকারের চাঞ্চল্য প্রশমিত করিতে চেটা করিল।

নগদ গুইটা টাকা ছাতে পাইয়া ডাক্তারবাবু রাঘবের সঙ্গে আসিয়া উপস্থিত হইলেন। তাক্তারবাবু বাক্ষা-নবীশ এবং সেকালের ঢাকার বাক্ষণ স্থূলের পাশ। তাহা হইলেও, তিনি বিচক্ষণ ও বৃদ্ধিয়ান। রোগ নির্ণর ও চিকিৎসার তাঁর অস্থারণ স্বাভাবিক ক্ষ্মতা ছিল। এই জন্ম তাঁর এ অঞ্চলে পশার প্রতিপত্তি যথেই ছিল।

কিছ বেশী পশ্বসা খরচ করিয়া ডাক্তারী ঔষধ থার এমন সঙ্গতি বেশী লোকের ছিল না। তাই ডাক্তারবার্র ঔষধের প্রীক্ষ ছিল অতি সামাক্ত। সাধারণ অস্ত্থ বিস্থাধের সাধারণ ঔষধ তাঁর কাছে থাকিত, কিছ একটু বেয়াড়া রক্ষমের কিছু হইলেই তাঁর সন্থলে কুলাইত না।

মাধবের চিকিৎসা তিনি কিছুদিন করিয়াছিলেন।

যথন দেখিলেন বে রোগীর অবস্থার উপযুক্ত ঔষধ ব্যবহার

করিবার শক্তি তাঁর নাই, এবং মাধবেরও ঔষধের
ম্লা দিবার সামর্থ্য হইবে না, তথন তিনি ছাড়িয়া

দিয়াছিলেন। আজ টাকার সন্ধান পাইয়া তিনি জাবার আসিলেন।

কিন্ত এখন মাধবের অবস্থা আয়তের বাহিরে গিয়াছে। এখন তিনি রোগীকে দেখিয়া বলিলেন, আর কিছুই করিবার নাই।

শারদা কাঁদিয়া বলিল, কিছুই কি করা যায় না ? টালাইল হইতে বড় ডাব্ডার আনিলে কোনও উপায় হয় না ।

ডাক্তারবাবু বলিলেন, সে চেষ্টা ফ'রে দেখতে পার।
শারদা টাকা বাহির করিয়া দিল। ডাক্তারবাবু
টাকাইলে লোক পাঠাইলেন। বড় ডাক্তার আসিলেন;
কিছু কিছুই হইল না।

সেদিন রাত্তে মাধবের বিকার অনেকটা প্রশান্ত হইল।
শেষ রাত্তে সে চকু মেলিয়া খাভাবিক ভাবে চাহিয়া
শারদাকে দেখিল। কি যেন বলিল, শারদা ব্যগ্র হইয়া
মুখের কাছে কাণ লইয়া গেল। কিছু শোনা গেল না!

তার পর মাধবের চক্ষু চিরনিদ্রায় অভিভৃত হইল।

লাবদা চীৎকার করিয়া কাঁদিয়া উঠিল। তুই হাতে কপাল ঠুকিয়া সে কেবলি বলিতে লাগিল, রাক্ষ্সী সে, সর্বনাশী সে, পুত্র থাইল, স্থামী থাইল সে!

রাঘবের মুখে সংবাদ শুনিয়া পৃর্কের দিনই গ্রামশুদ্ধ লোক ছুটিয়া আসিয়াছিল শারদাকে দেখিতে। তুই মাস কাল মাধব শ্যাগত। এত দিন রাঘব ও তার পিতামাতা ছাড়া কেহ ভাকে দেখিতে আসে নাই। রাঘবেরা একেবারে ফেলিতে পারে না বলিয়া নিতান্ত ঘাহা না করিলে নয় সেই শুশ্রমাটুকু করিত। কিছু আছু মাধবের আজিনায় লোক ধরে না।

মাধবের মৃত্যশব্যার শারদার সেবা এবং মৃত্যুর পর তার হাহাকার শুনিরা ছই একজন প্রতিবেশিনী জগ্রসর হইয়া তাকে সাভ্না দিতে চেতা করিল। কিছু মনে মনে স্বাই তার শোকোচ্ছােদ দেখিয়া হাদিল। কেউ আই শুক কর্পে বলিয়া গেল, "মা লাে মা! কত ঢং ভানে মাগী!"

শারদা এই সব সমালোচনা শুনিতে পাইল না। এ সব কথা শুনিবার শক্তি ভার ছিল না। সে কেবল লুটোপুটি খাইমা কাঁদিতে লাগিল। বরের দাওয়ায় পড়িরা অনেককণ চীৎকার করিয়া সে ঘরের ভিতর ছুটিয়া গেল।

তথন গ্রামবাসী তাঁতিরা আসিরা মাধবের দেহ সংকারের জন্ত লইবার ব্যবস্থা করিতেছে। খরের ভিতর চার পাঁচজন যুবকের সহিত গোবিন্দ তাঁতি বসিরা কথা বলিতেছিল। আলোচনাটা হইতেছিল মুখাগ্রিকে করিবে, তাহা লইরা।

শারদা ছুটিয়া আমসিতেই গোবিন্দ তার সামনে দাঁড়াইয়া বলিল, "বউ, তুমি মড়া ছুঁইও না।"

শারদা বিশ্বনে শুর হইয়া একবার ভার দিকে চাহিল।

গোবিন্দ বলিল, শারদা দেহ স্পর্শ করিলে কেছ সংক'র করিবে না।

শারদা ধপ করিয়া বসিয়া পড়িল। তার পর নিতান্ত ব্যাকুল হইয়া সে বলিল, "একবার—আর একবার— একটাবার আমারে ঘাইবার দেন।"

গোৰিন্দ থাড় নাড়িল। যুবক চতুইয় ভার পথ আগোলাইয়া দাঁড়াইল। হতাশ হইয়া শারদা ভাদের মুথের দিকে চাহিল।

(२७)

মাধবের অক্টোটি হইয়া গেলে শারদা গেল ভার পিত্রালয়ে। যাইবার সময় ভার সধবার বেশ ঘূচাইয়া সে বৈরাগিনীর বেশ ধারণ করিল।

সে প্রথমে গিরা উঠিল তার নিজের ভিটার। সেধানে গিরা সে দেখিতে পাইল তার ভিটা দখল করিয়া বসিরা আছে অন্ত লোক। এ ভিটা তার মারের চাকরাণ ছিল। শারদা গ্রাম ত্যাগ করিবার পর ভট্টাচার্য্য মহাশর ইহা অন্ত লোকের সঙ্গে বন্দোবন্ত করিবারছেন।

যে ভিটার ভার জন্ম, যেখানে সে নীর্মুকাল সুখে ছঃথে কাটাইরাছে, সেখানে ভার স্থান লাই দেখিরা শারদা মনে একটা প্রবেশ ধাকা খাইল। স্থামীর মৃত্যুতে ব্যথাতুর হইরা ছিল ভার অন্তর, সে এই আহাতে কাঁদিরা কেলিল।

অনেককণ পর সেধান হইতে উঠিয়া সে তার প্রতিবেশিনা স্থামার বাড়ীতে গেল। স্থামাও তার মত দাসীবৃত্তি করিয়া ছঃখে কটে বাস করে। তার সংক্র্ণারদার আশৈশব হয়তা ছিল।

ভাষা শারদাকে বৈফ্রীবেশে দেখিরা চমকাইর।
উঠিল। সে বলিল, সর্বনাশ! শারদাকে দেখিলে
গ্রামের লোক তাকে আন্ত রাখিবে না। একে সে
কুলত্যাগিনী, তা ছাড়া গোপালের বিরুদ্ধে সাক্ষ্য না
দিয়া পলায়ন করিয়া সে গ্রামবাদীদের বিশেষ বিরাগের
ভাজন হইয়াছে। তাহাকে এ গ্রামের কেহ আ্লার
দিবে না, বরং বিধিমতে নির্যাতন করিবে।

খ্যামা শারদাকে তৃ'হাতে ঠেলিয়া বিদার করিল এবং অবিলয়ে গ্রামান্তরে যাইবার উপদেশ দিল।

তৃ: পে কটে শারদা জীর্ণ চইয়াছিল; তার উপর পথতানে সে রাস্ত। ক্লিষ্ট কঠে সে সুধূ এক বেলার জন্ত ভাষার কাছে আত্রার চাহিল। ভাষা ঝাড়িয়া অস্বীকার করিল।

ভার পর শারদা একে একে ভার একাধিক বাল্য বন্ধুর কাছে গেল,—সবাই ভাকে বিদায় করিয়া দিল। কেহ বা সুধু সভরে, কেহ বা অত্যন্ত রচ্তার সহিত।

শেষে ঘূরিয়া ফিরিয়া সে ক্লাস্ত চরণে গোপালের বাডীতে গিয়া উপস্থিত হইল।

সে বাড়ীর দশা দেখিরা ভার কারা পাইল। ইহার পূর্বে যথন সে আসিরাছিল, তথন সৌভাগ্য ও সম্পদে এই গৃহ উজ্জল হইরাছিল। সে গৃহের কিছুই অবশিষ্ট নাই—আছে স্থ্ শৃক্ত ভিটার উপর করেকটি কাঠের খুঁটির দন্ধাবশেষ। একথানি ভিটার ছোট্ট একথানি বর আছে।

বাড়ীতে লোকজনের সাড়া নাই। তার একমাত্র ঘরের ত্রারে তালাবক। গোপাল বাড়ী নাই। কোথার সে গিরাছে তাহার সন্ধান দিবারও কেং নাই। শারদা বসিরা পড়িল।

ভার পা আর চলে না। শরীর ভার ক্লান্ত, চিড শোকদীর্ণ। ভার উপর সমস্ত লোকের অবজ্ঞা ও অনাদরে ভার হৃদর একেবারে ছিন্ন-ভিন্ন হ্রীর গিরাছে। গোপালের গৃহের এই হৃদ্দশা দেখিরা ভার মন একেবারে বিসরা গেল,—হাভ পা অচল হইরা পড়িল।

এক্ষাত্র অবশিষ্ট কুটারখানির এক পাশে আপনাকে

কোনও মতে টানিয়া আনিয়া শারদা তার ছায়ায় ওইয়া পড়িল এবং ক্রমে খুমাইয়া পড়িল।

ঘুম ভালিলে শারদা দেখিল তার সামনে বদিয়া আছে গোপাল!

গোপাল সবিস্থরে শারদাকে বলিল, "ভোর এ দশাকেন?"

শারদা গোপালকে বলিল, সে ভেক লইরাছে। বলিল তার পুত্র সে হারাইরাছে, স্বামী নার বাঁচিয়া নাই। তার জুংপের অনেক কথাই দে অঞ্জলে ভাসাইরা এক মুহুর্তের মধ্যে গোপালকে জানাইল।

তার তৃঃখের কথা ত্নিয়া গোপাল স্লানমূথে অংশেষ সফলয়তার সহিত তাকে সাক্ষনা দিল।

অনেককণ কান্নাকাটির পর গোপাল জ্বিজ্ঞানা করিল শার্নার আহার হইয়াছে কি না।

শারদা থাড় নাড়িল । এই কথায় ক্রমে ভার ছ্:থের কাহিনীর আব এক পরিজেদের উপরকার পরদা উঠিয়া গেল। এত ছ্:থ কট পাইয়া সে গ্রামবাসীদের ছারে ছারে ঘ্রিয়া কোথাও আভার পাইল না, এই কথা বলিতে শারদা আবার ভাকিয়া পড়িল।

গোপালের ছই চক্ষু জলে ভরিয়া উঠিল। সে বলিল,

"কি কমু ভগবান আমারে মারছে—নাইলে ইয়ার শান্তি

ওয়াগো দিতাম।" দীর্ঘনিঃখাস ফেলিয়া সে বলিল, "নে
এখন ওঠ, ছইডা মুখে দে, তার পর সব কথা কমু।"

মক্ত্মির পথে চলিতে চলিতে এক ফোঁটা জলের সন্ধান পাইলে তাপদম্ব পথিকের যে আনন্দ হয়, তেমনি আনন্দ হইল শারদার। দেশে ফিরিয়া অবধি সকলের কাছে বে পাইরাছে অধু আনাদর, অবহেলা, অবজ্ঞা। গোপালের সহ্বয়তায় তার ক্রমন্ত উচ্চুসিত হইয়া উঠিল।

কৃপ হইতে জল তুলিয়া শারদা আন করিল। তার পর গোপাল তাকে তার কুটারের ভিতর লইয়া গেল।

খাখ্যদ্রব্য তার বড় বেনী কিছু ছিল না। চিঁড়া ভিজাইরা তেঁডুল ও বাতাসা দিয়া শারদা থাইল এবং পরিত্থির সহিত নীতল জল একঘট ভরিয়া পান করিল। তার পর ভুজনে ব্সিয়া কথা বলিতে আরম্ভ করিল। গোপাল বলিল, সে বাড়ী ছিল না। তাহার মোকদমার জভু ময়মনসিংহ গিয়াছিল, এইমাত্র ফিরিয়াছে।

শারদা বলিল, মোকজনার কথা সে ওনিয়াছে। মোকজনা কি হইয়া গিয়াছে ?

গোপাল বিষয়ভাবে ঘাড় নাড়িয়া বলিল, হইয়া গিয়াছে; গোপাল পরাজিত হইয়াছে।

এত পরিপূর্ণ অবসম্রতার সহিত গোপাল কথাগুলি বলিল যে শারদার অন্তর সহাস্কৃতিতে ভরিয়া গেল।

ক্রমে শারদা জানিতে পারিল এই মোকদমায় পরাক্রের ফলে গোপালকে একেবারে পথের ভিথারী হইতে হইবে। ভাহার যথাসর্কাশ্ব ব্যর করিয়া গোপাল এ মোকদমা লড়িতেছিল। সকলেই আশা দিয়াছিল সে জায়ী হইবে। কিন্ধু নি:শেষে সে পরাজিত হইল। এখন ভার কপর্দক মাত্র সম্বলনাই.—কি থাইবে ভার উপায় নাই। ময়মনসিংহের উকীল বাব্রা পরামর্শ দিলেন হাইকোটে আপীল করিতে। হিসাব করিয়া দেখা গেল ভাতে ভিন চার শো টাকা খরচ। ভাই মামলা মোকদমায় ইভি দিয়া একেবারে নি:শ্ব হইয়া গোপাল গ্রামে ফিরিয়া আসিয়াছে।

আর তু'দিন বাদে ডিক্রীদার ডিক্রীজারী করিয়। তাহাকে এ ভিটেথানি হইতে গলার হাত দিয়া বাহির করিয়া দিবে। তথন গোপালের মাথা রাধিবার ঠাইটুকুও থাকিবে না,—উদরায় ভো দ্রের কথা।

এমন সর্বনাশ তাহার হইয়া গেঁল, তবু প্রামের ভিতর এমন কেউ নাই যে তার ছঃথে একবার আহা বলিবে। ভিটে ছাড়া হইয়া এক মাত্রের জন্ম আশ্রম খুঁজিতে গেলে, শারদার যে দশা হইয়াছে সেই দশা হইবে গোপালের। হয় তো ভার চেয়ে বেলী হইবে। সকলে আনন্দের সহিত ভার গায় পুথু দিবে, টাদা করিয়া টাটি মারিয়া ভাহাকে বিদায় করিবে।

এত বড় সংসারের মধ্যে গোপালের আপনার বলিতে কেহু নাই, তু:সময়ে তাকে একটু সাহায্য করিবে এমন একটি লোক নাই। তার তুর্দশার সকলে উন্নসিত, তার লাস্থনা করিতে পারিলে সকলে আনন্দিত হইবে।

গোপালও শারদার মত, একটু সহাস্থভূতি, একটু দরদ, একটু করণার অন্ত ডুকাইরা মরিতেছিল। ভার

অভগুলি ছ:খ, এত চ্র্দ্নার ভিতর, চারিদিক চাহিয়া কারও কাছে সে একটু মিটি কথা পর্যান্ত তানিতে পার নাই। তাহারই উকীল, তার নিকট পারিশ্রমিক লইয়া তার মোকদমা করিয়াছেন—তিনিও তাকে বলিয়াছেন, "বাপধন, চিরদিন লোকের গলায় ছুরী মেরে এসেছো, এখন তোমার গলায় ছুরী ব'সছে তাতে চেঁচালে চ'লবে কেন ?" চারিদিকে তার ক্রুর রুষ্ট দৃষ্টি,—একটু করুণা, একটু সহুদয়তা সে কারও চোথে চাহিয়া পার নাই।

সন্তাপে তার ্ক পুড়িরা যাইতেছিল। সে হুঃথ যার কাছে ঝাড়িরা ফোলবে এমন লোক সে কোথাও খুঁজিরা পার নাই। এমন একটি বন্ধু তার নাই, যার কাছে হুঃধের কথা খুলিয়া বলিলে, সে একটা কুলু দীর্ঘনি:খাস কেলিবে।

তিক্ত বিষাক্ত হইয়া উঠিয়াছিল তার চিত্ত! ত্যিত হইয়া দে খুঁজিতেছিল এক ফোঁটা কঞ্ণা, একবিন্দু শান্তিবারি। শারদাকে পাইয়া সে তার বুকের সব ছঃখ উলাড় করিয়া তার কাছে ঢালিয়া দিল। শারদা পরম সক্ষমতার সহিত সব কথা শুনিল। শুনিতে শুনিতে ছুই চক্ষ্ তার জলে ভ্রিয়া উঠিল।

সকল কথা শুনিয়া শারদা বলিল, "তুমি কর আপীল, আমি টাকা দিব। পাঁচল' টাকা আমার আছে।"

গোপাল বিশ্বিত হইরা একবার তার দিকে চাহিল। সে বলিল, "তুই দিবি আঁমারে টাকা ? কিনের সাহনে? আর তো পাবি না তা।"

শারদা বলিল, "না পেলাম। আমার টাকার আর কি দরকার। বৈরাগিনী আমি, ভিক্ষা ক'রে থাব। ভগবানের দেবা ক'রবো। তুই নে টাকা।"

বলিয়া দে তার কোমরের বাঁধন খুলিয়া একটা নোটের তাড়া বাহির করিয়া গোপালের সামনে ফেলিয়া দিল। গোপাল মাথা নীচু করিয়া ঘাড় নাড়িল।

শারদা বলিল, "কেন নিবি না তুই ? তুই যথন আমার অভাবের দিনে আমাকে টাকা দিয়েছিলি তথন আমি নিই নি ? তথন কি তুই ফেরত পাবি ব'লে দিয়েছিলি ?"

গোপাল গভীরভাবে নোটগুলি তুলিয়া শার্নার

হাতে দিয়া বলিল, "না শারদা, আমার টাকার কাম নাই। কোনও কিছুরই কাম নাই! পৃথিবীতে এমন কিছু নাই যাতে আর লালচ আছে। আমি ঠিক করছি—সব ছাইড়া দিয়!"

শারদা বলিল, "পাগলের কথা। মোকদমা না করিস না করলি। টাকা তুই নে। এই টাকা নিয়ে আবার ব্যবসা কর, আবার বড্লোক হবি।"

বিষয়ভাবে ঘাড় নাড়িয়া গোপাল বলিল, "বড়লোক হওনের সাধ আর আমার নাই। টাকা পয়স। তুচ্ছ সব। আগে ভাবতাম টাকাই বুঝি সব—কিন্তু দেখছি আমি টাকায় মাইনসের মন কিনা যায় না। আর টাক। চাই না।"

উদাসভাবে গোপাল বলিয়া গেল যে, ভৃত্যের ঘরে জামিয়া তার নীচ কুলের জাজ চিত্তে বড় মানি ছিল। তাই যথন সম্পাদের মুখ দেখিল তখন তার একমাত্র সাধনা হইয়াছিল আভিজাত্যের সম্মান পাইবার। সেই প্রবল আকাজ্যার তাড়িত হইয়া সে না করিয়াছে এমন ক্মানাই। জীবনের প্রতি মুহুতে সে মিথ্যা কহিয়াছে, প্রবঞ্চনা করিয়াছে।

সে ভাবিদ্বাছিল অর্থ হইলে লোকে আপনি তার সম্মান করিবে, তাই অর্থ সংগ্রহ করিবার জক্ত কোনও ফুলার্য করিতে সে কুন্তিত হয় নাই। অর্থ তার হইয়ছিল, অর্থের বলে সে অনেক কিছুই পাইয়ছিল। অর্থের বিনিময়ে সে সেবা পাইয়াছে, প্রজার দল তার দারত্ব হইয়া হজুর করিয়াছে, গ্রামবাদীরা অনেকেই তার কাছে হাত জোড় করিয়া থাকিয়াছে। অর্থ ছিল তার। তার চেয়ে বেশী প্রতিপত্তির জক্ত সে নয়-আনির গোমডাগিরী সংগ্রহ করিয়াছিল। তার ফলে তার প্রতাপে সমস্ত গ্রামবাদী কম্পিত হইয়াছে।

কি একটা মোহ তার হইয়ছিল, যে তার প্রতাপ দেখাইতে পারিলেই সে লোকের কাছে সম্মান পাইবে। তাই সে বেখানে অবসর পাইয়াছে লোককে তার প্রতাপ দেখাইরাছে,—তার প্রতাপ দেখাইবার নিত্য নৃতন পর্থ স্থাষ্ট করিয়াছে। তার ক্ষমতার বলে শক্তিমানকে অভিত্ত পীড়িত করিয়াই ছিল তার আনন্দ—কেন না, তাহা হইলেই সে পাইবে সম্মান।

এত দিনে সে ব্ৰিষাছে কত বড় ভূল ছিল তার ধারণা। সম্মান সে পার নাই। লোকের উপর অত্যাচার করিয়া সে তাহাদিগকে ভীত ও বনীভূত করিয়াছে, কিন্তু অন্তরের শ্রহা সে ভো কারও কাছে পায় নাই। এখন সে ব্রিয়াছে এই আন্তরিক শ্রহা ও সমানের মুল্য কত বেলী!

দেখিতে দেখিতে একদিন যথন ভার শক্তি ও প্রতাপ দহদা দুধ হইরা গেল, ভার সম্পদ তার হাত হইতে ধদিয়া পড়িল, তথন দে ব্ঝিতে পারিল কত তৃহ্ছ ছিল ভার এই মেকী সম্মান। যথন অর্থ গেল, শক্তি গেল, তথন দে একেবারে নিঃম হইয়া গেল। কোনও লোকের মনে তার প্রতি এক ফোঁটা শ্রহা, একটু প্রীতি অবশিষ্ট বহিল না।

এখন তার চোপ ফুটিরাছে। সে ব্ঝিরাছে ধনজনের গর্ম কিছুই নর—তৃত্ত এ-সব—থাটি জিনিব সুধ্ ভালবাসা। সেই ভালবাসা সে জীবনে একটি দিন পায় নাই কারও কাছে, পাইবার চেষ্টা করে নাই। এখন ভার প্রাণ হাহাকার করিতেছে সুধু এক ফোটা ভালবাসার জন্ত।

হতাশভাবে দীর্ঘনি:খাস ফেলিয়া গোপাল এ কথা বলিল,—ভার ছই চক্ষ্ বাহিয়া জ্ঞ ঝরিয়া পড়িতে লাগিল।

শারদার হাদয় এ কথা ওনিয়। বেদনায় কত-বিকত

হইয়া গেল। সে কোনও কথা বলিল না।

অনেকক্ষণ পর সে সক্ষেত্তে গোপালকে বেইন করিয়া ধরিয়া নীরবে ভার চক্ষের জল মুছাইয়া দিল। ভার এই সমাদরে গোপালের অস্তর স্লিগ্ধ হইয়া গেল।

তার পর গোপাল অনেকক্ষণ শারদার মৃথের দিকে
চাহিয়া থাকিয়া লেবে বলিল, "ভাইব্যা দেইথলাম
শারদা—তৃই বে পথ ধ'রেছিল সেই আমারও পথ।"
বলিল, সংসাবের সঙ্গে কারবার তার মিটিয়াছে—এথন
অবশিষ্ট জীবন সে ভগবানের পায় সমর্পণ করিয়া দিবে।
ভগবান যদি দেন, তবে সে আজ বেমন লোকের কাছে
পাইরাছে সুধু অপমান ও নির্যাভন, হর ভো একদিন
পাইতে পারে তাদের কাছে এমন সন্মান, এমন ভালবাসা,
বাহা জন্ম জন্ম ভার থাকিবে,—একটা ছুর্ভাগ্যের বাগিটা

হাওয়ার ভাসের বাড়ীর মত হঠাৎ উড়িয়া বাইবে না।
আকুলভাবে সে শারদাকে বলিল, "সেই পথ তুই আমার
দেখা, আমাকে হাতে ধরিয়া সেই পথে তুলিয়া দে,
বাতে ভগবানকে পাওয়া যায়।"

শারদার ঘূই চকু বাহিয়া অঞ্ ঝরিয়া পড়িভেছিল।
সে গোপালের উত্তপ্ত মাথাটা তার বুকের ভিতর সাপটিয়া
ধরিয়া বলিল, "চল গোপাল, তাই চল। তোর বে
এমন মতি হ'রেছে তাতে আমার কি আনক্ষ যে হ'ছে
তা' কি ব'লবো। তোর এই মতি হবে আর তোর হাত
ধ'রে আমি তাঁর পাদপলে তোকে নিয়ে যাব ব'লেই বুঝি
গোবিন্দ এমনি ক'রে আমার সর্বস্ব কেড়ে নিয়ে তোর
কাছে এনে কেলেছেন। আর আমার কোনও ছৃঃথ
নেই। এখন মনে হ'ছে, গোবিন্দ যে আমার ছেলে
নিয়েছেন, আমী নিয়েছেন, আমাকে সর্বহারা ক'রে
দিয়েছেন—সে কেবল তাঁর দয়া।

"ভালবাসার কালাল তুই ? আমার বুকে যে ভালবাসা আছে তাই দিরে আমি তোকে স্নান করিয়ে দেব। কোনও দিনই আমি তোর চেয়ে কাউকে বেশী ভালবাসি নি—কিন্ধ গোবিন্দের এমনি লীলা, তবু আমি তোকে কত না তৃঃথ দিয়েছি। আজ গোবিন্দের আদেশ এসেছে—আর আমি তোকে ছাড়বো না, রুফ-ক্রেমে আমরা আমাদের তৃজনের আ্থাকে এক ক'রে দিয়ে তাঁর পায় আপনাদের নিবেদন ক'রে দেব ! আর আমাদের তৃঃথ কি ?"

বলিয়া শারদা ছ'হাতে গোপালের মৃথখানা চাপিয়া ধরিয়া গোবিনের নাম করিয়া তার জ্ঞাতরা মৃথ চুছন করিল। গোপাল শারদাকে বক্ষে চাপিয়া ধরিয়া চুছন করিল।

স্থির হইল তাহার। শান্তিপুরে যাইবে। গোপাল ভেক লইলে তাহার। ক্টীবদল করিরা ছ'জনে বৃন্ধাবনে গিয়া ভগবানের নামে ভিকা করিয়া জীবন-বাপন করিবে।

ছঃথ আর রহিল না। আননেদ উদ্ভাসিত হইর। উঠিল তাদের ছন্ধনার মুধ।

আনন্দে তারা হাতে হাত ধরিরা গৃহত্যাগ করিয়া পথে গিয়া দাঁড়াইল।

নদীর খারের লখা পথ দিয়া ভারা চলিল। সারদ-

সন্ধ্যার তথন সে পথের চারিধার অপরূপ শোভার ভরিরা উঠিমাছিল।

্ শীবনের প্রারম্ভে তারা একদিন এই পথ দিয়া হাতে হাত ধরিয়া চলিয়াছিল। সেদিনও শরতের শোন্ডায় ভরিয়াছিল এই পথ।

সেদিন **ছিল প্ৰ**ভাত—আৰু সন্ধা!

সেদিন প্রকৃতি তাহাদিগকে এক স্ত্রে গাঁথিয়া দিয়াছিল, তাই তারা এক সাথে চলিয়াছিল।

বৌবনে স্থাঞ্জ আসিয়া ভাহাদিগকে পৃথক করিয়া দিয়াছিল। আজ সমাজের সব দেনা চুকাইরা আবার ভারা এই সাথে মিলিয়া চলিয়াছে—ভাদের শৈশবের আর্র্র সেই পথে।

সেদিন তারা ছিল জীবনের রসে ভরপুর। আন্ত্র তাদের জীবন পড়িয়া আছে পশ্চাতে,—অস্তর তাদের ভরিয়া আছে পরপারের রসে।

সেদিন তার। ছিল উৎসাহতরা হ'টি শিশু। আর তারা জীবনের পথে পরিশ্রান্ত হ'টি যাত্রী—ধরিয়াছে তাহাদের শেষ পথ।

শেষ

আফগানিস্থান

ঐহেমেন্দ্রলাল রায়

আফগানিস্থানের সহিত হিল্দের সত্যিকারের বিচ্ছেদ স্থাক হর মুসলমান ধর্মের বিন্তারের সজে সজে। এই বিচ্ছেদের ইতিহাসটা আগাগোড়াই অফুদার ধর্মান্ধতার কলকে পরিপূর্ণ। অতি প্রচীন্দ্রের আর্য্যেরা যেমন নিচুর পাশবিক্তার হারা তাদের জন-যাত্রার পথকে স্থাম ক'রে তুলেছিল, মুসলমান দিখিজায়ী বীর

विक्ष-गृष्ठं उद्वे

ব'লে বারা পরিচিত, তাঁকের ভিতরেও তেমনি শক্তির সেই চেহারাটাই সব চেরে বড় হ'রে ধরা পড়ে।

আফগানিস্থান, পারত, তুরস্ব প্রভৃতি দেশ হ'তে বে সব মুসলমান অভিবান এসেছে ভারতবর্ধে, ছুই একটি ছাড়া তাদের প্রত্যেকটিতেই এই কলকের কাহিনী রক্তের লেখার রূপ নিরে ফুটে' উঠেছে। আর এ ব্যাপারে দব চেরে বিশ্বরের বিষয় এই যে, এই অত্যাচার দক্তটিত হ'রেছে কেবলমাত্র তাদের দ্বারা নয় যারা অসভ্য ও বর্কার, সমান ভাবে তাদের দ্বারাও যাদের মন সভ্যতার আলোর স্পর্শ-শৃক্ত ছিল না। গজনীর স্লতান


> মামৃদ যে ভাবে ছিলুদের মন্দিরগুলো প্রংস করেছেন তার ইতিহাস আমরা জানি। এই দেবমৃত্তি ধ্বংস করার ভিতরে বে কোনো রকমের অগৌরব থাক্তে পারে সে ক্থাটাত তাঁর মনে হয় নি। কেবল তাই নয়, মন্দির ও দেবমৃত্তির ধ্বংস-কারী ব'লে তাঁকে গর্মই অম্ভব কর্তে দেখা গিরেছে। অথচ এই ম্লতান মামৃদের মন যে সভ্যতার আলো-বর্জিত ছিল ভাও মনে করবার কোনো

কারণ নেই। মান্থবের জীবনের উপরে সে যুগের শক্তিমান মৃসলমান সেনা-নারকেরা বে কোনো মৃল্য দেন নি ভার পরিচর এত স্ক্রুট বে, ভার উদাহরণ উচ্ভ করাও জনেকের কাছে হয় ভো বাহল্য ব'লে মনে হ'বে। তৈমুরলং, নাদির শা প্রভৃতির অভিযান ভারতের কারে এখনও বিভীষিকার বস্ত হ'রেই আছে। ১০৯৮ খৃষ্টাবে তৈম্বলং ভারতবর্ষ আক্রমণ ক'রেছিলেন। প্রার একলক ভিন্নকে হত্যা ক'রে তিনি মিটিরেছিলেন ভার রজ-


পিপাসা। নাদিরশার দিল্লী জয়ের পাশবিকভাও এর চেম্বে কম ভীবৎস ছিল না।
ছোট বড় এমনি ধরণের অক্সম্র উদাহরণ
উদ্ভ করা যায়। তবে সেই সক্ষে সক্ষে
এ কথাটাও বলা দরকার যে, তাঁরা কেবল
যে হিলুদের উপরেই এই সব অত্যাচারের
অন্টান ক'রেছেন তা নয়, তাঁদের পেয়াল
মুসলমানের রক্ত দিয়ে হোলী খেল্ভেও দিধা
কবেনি।

ভারতবর্ষের দিকে আফগানিস্তানের প্রথম চোথ পড়ে সাবক্তজিনের সময়। আলপতে জ্বিন গজনীতে যে রাজ্য প্রতিষ্ঠিত করেছিলেন, তাঁর মৃত্যুর পর সেই রাজ্য অধিকার করেন সাবক্তজিন। তাঁর লোলুপ দৃষ্টি এনে পড়াল **জয়পালের রাজ্যের উ**পরে। ভয়পালের রাজত্ব কাবুল পর্যান্ত বিস্তৃত ছিল। সাবক্তজিন তাঁর রাজ্য আক্রমণ কর্লেন। যে যুদ্ধ হয় তাতে জয়-লক্ষী তাঁর জয়মালা দান করেছিলেন সাবক্ত**জিনকেই।** সাবক্ত-জিনের পর রাজা হ'ন স্থলতান মামুদ। তার রাজ্বের ইতিহাস ভারত আক্রমণের ইতিহাস বললেও অত্যক্তি হয় না। ভারত-বর্ষের বহু প্রদেশ তাঁর সেনাদলের পায়ের চাপে বহুবার কেঁপে উঠ্ব। মাটি রাঙা ই^{'ট্রে} গেল রক্ষের ধারার। ভারতের **অনেক**-খানি আহগা জুড়ে' উড়ল তার বিজয়-প্ৰাকা। কিছু তা হ'লেও তাঁকে ভারত-^{বংগ} মুদ্ৰমান সামাজ্যের প্রতিষ্ঠাতা ব'লে ^{নেনে} নেওয়া যায় না। ভারতের **অক্**স ^{ধন-রত্ব}, মণি-মাণিক্য লুষ্ঠিত হ'রেছে তাঁর

অকারণ বৃদ্ধের বোঝা নিরীহ প্রজার মাথার উপরে তিনি চাপিয়েছেন। কিছু তা হ'লেও ইতিহাস তাঁকে ভারতে মুসলমান রাজ্য প্রতিষ্ঠার গৌরব কথনো দান




তৈমুরলংএর সমাধি---সমরকল



তৈমুরলংএর স্বৃতিশুল্প-সমরকল

^{যারা}, অনর্থক দেবতার লাজনার যারা ভারতের মন করে নি—ইতিহাস জেনেছে তাঁকে দুঠনকারী হিন্দুমূর্ত্তি তিনি বিবাক্ত ক'রে তুলেছেন মুদলমানদের বিরুদ্ধে, ও মন্দির-ধ্বংস্কারী হিসাবেই। ভারতে মুসলমান রাজ্য প্রতিষ্ঠার সভিজ্ঞারের যুদ্ধের পর। পৃথীরাজকে পরাজিত ক'রে মুসলমানদের হে গোডাপ্তন পুরু হর ১১৯২ খুটাজে ভারাইন বা তালাওরারী জন্ত্বস্কাকা সাহাব-উদ্-দিন মহম্মদ থোরী ভারতের বুকের



অক্সাস নদীর উপরিস্থ সেতৃ



यश अभिवाब दिन्श्य

উপরে প্রতিষ্ঠিত করেছিলেন, তাই পরিগামে বিরাট মূদপমান সাম্রাজ্যে পরিণ্ড
হ'রেছিল। এই সাহাব-উদ্-দিনও ছিলেন
আফগানিস্থানেরই লোক। হিরাটের
প্রদিকে ধোর নামে একটা পার্বভা
প্রদেশ আছে। রাজাটিকে গজনীর মামুদ
নিজের রাজ্যভুক্ত করে নিয়েছিলেন।
কিছ হাদশ খুষ্টানের মাঝামাঝি সময়ে
এই ধোরের রাজার শক্তিই হ'রে উঠ্ল
বড়। স্বতরাং স্বলতান মামুদের বংশধরদের পরাজিত ক'রে তারাই গজনী অদিকার ক'রে বস্লেন। এবং কেবল তাই
নম, ভারতবর্ষেও প্রতিষ্ঠিত কর্লেন তারা
আফগানিস্থানের আধিপত্য।

ভারতবর্বে মুসলমান রাজত্বে অনেকগুলো ভুর चारकः। अकहे वश्यभंत त्राकाता (य मिश्राम त्राक्षः क'त्र গেছেন তা নয়। গল্পীর পরে এসেছেন ঘোররং খোরদের পর এসেছেন দাসবংশের রাজারা, ভারণর থিলিজি বংশ, ভারপর ভোগলক বংশ, ভারপর লোদিবংশ। এমনি ক'রে বছ মুদলমান বংশ ভারতবর্বে রাজত ক'রে গেছেন। মুসলমান সামাঞ্চা ভারতবর্ষে তার সমুদ্ধির চরম সীমার উঠেছিল মোগল বাদ্শাদের রাজ্বকালে। কির ভিন্ন ভিন্ন মুদলমান বংশের আধিপত্য ভারতবর্ষে চল্লেও একটা ব্যাপার বিশেষ ভাবে লক্ষ্য করার যোগ্য এবং নে ব্যাপারটি হচ্চে এই যে, এই সব রাজবংশের প্রায় স্ব-গুলিরই উন্তর আফগানিস্থানের বিভিন্ন লাভি হ'তে। এমন কি বারা আকম্মিক আক্রমণের ছারা উত্তার মতো ভারজ্যে বুকের উপরে নেমে এদে ধ্বংসের আগুন ছড়িয়ে গেছেন তার চারদিকে, ছু'একজন ছাড়া তাঁদেরও প্রায় সকলেই ছিলেন আফগানিস্থানেরই লোক।

মৃসলমান ধর্মের অভ্যুদ্ধের পর থেকে আফগানি স্থান হ'তে হিন্দু-রাজত্ব নুপ্ত হ'রে গিরেছিল সত্য, কিছ আফগানিস্থানের সলে ভারতের বোগ সেইখানেই ^{শের} হর নি। বরং ভার পর থেকে উভয় দেশের ভেতর সম্বন্ধ আবো দৃঢ় হ'মে উঠেছিল। আফগানিস্থানের মনেও তা তেমনি ধীরে ধীরে ছড়িয়ে পড়েছে। মুসলমানেরা ভারতবর্ধেই তাঁদের সামাজ্য প্রতিষ্ঠিত এই বিভার লাভের কাজ এখনও শেষ হ'রেছে ব'লে

ক'রেছিলেন, কিন্তু আফগানিস্থানের মারাও তারা পরিহার কর্তে পারেন নি। তাই একা-দশ থুটান্দ হ'তে সপ্তদশ খুটান্দ পর্যান্ত প্রায় সব সময়েই দেখা যায় কাবুল কান্দাহার প্রভৃতি আফগানিস্থানের বড় বড় প্রদেশগুলি শাসিত হ'য়েছে এই ভারতবর্ষ থেকেই। অবশু মাঝে মাঝে যে এর ব্যতিক্রম না ঘটেছে তা নয়।

ভারতবর্ধ থেকে আফগানিস্থান পুরোপুরি ভাবে শাসিত হ'তে থাকে মোগলদের অভ্যাথানের সময় হ'তে। আকবরের সময় আফগানি-থান একেবারে দিল্লীর সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হ'য়েই পড়েছিল। তারপর থেকে উত্তর্জবের রাজ্যকাল পর্যান্ত আফগানিস্থানের অধিকাংশ

ভাগই ছিল মোগল বাদশাদের হাতে। বস্ত্রতঃ ঔরক্ষজ্বের শাসনকাল পর্যক্ত ভারতের শক্তি রীতিমত ভাবেই অমুভূত হরেছে আফগানিস্থানে। মাঝখানে কেবলমাত্র কালাহার তাঁদের হস্তচ্যত হ'য়ে গিয়েছিল। পারস্ত ভাকে দখল ক'রে নের। এই বেদখলী অংশটাকে উদ্ধার কর্বার অনেক চেটাও হয়েছে মোগল সম্রাটদের তরক থেকে। কিন্তু সে চেটা তাঁদের কলপ্রস্থ হয় নি।

উরদ্ধেবের সঙ্গে সজে মোগল সামাজ্যের ধ্বংসের স্টনা যেমন দেখা দেয়, তেমনি আফগানিস্থানেও দেখা দেয় সতন্ত্র রাজ্য-প্রতিষ্ঠার পূর্ব্বাভাগ। আফগানিস্থান যে একটা আলাদা দেশ, আফগানেরা যে একটা আলাদা জাতি, দিল্লীর সামাজ্য ও দিল্লীর লোকদের থেকে যে তারা স্বতন্ত্র—এই মনোভাব ধীরে ধীরে সেই সময় থেকেই পরিক্ট হ'রে উঠ্তে থাকে তাদের মনে। আর সেই জন্মই এ-কথা বল্লে কিছুমাত্র অত্যক্তি হয় না যে, আফগানিস্থান অত্যন্ত আধুনিক দেশ এবং বর্তমান আফগান ভাতিও অত্যন্ত আধুনিক জাতি।

নিজেদের এই জাতীয়তার বোধ একেবারেই অকস্থাৎ পরিপূর্ণ রূপ নিয়েও দেখা দেয়নি আফগানদের মনে। পৃথিবীর আর সমস্ত জাতির মনেও জাতীয়তার বোধ বেমন ধীরে আন্তে বিস্তার লাভ করে, আফগানদের



ঞ্জল-বিক্রেভা

মনে হর না। কারণ জাতীয়তার অক্পপ্রেরণায় থে জাতি পরিপূর্ণভাবে অক্পপ্রাণিত হ'য়ে ওঠে, নানা



মুরখাৰ উপভ্যকার রেলপথ


খরোয়া এবং ব্যক্তিগত ব্যাপার ভার রাজনৈতিক আকাশকে কথনো এমনভাবে খোরালো ক'রে রাধ্বার অবকাশ পার না।

কিছ সে যাই হোক্, পারক্ষের অধিকার থেকে আফগানিস্থানের প্রদেশগুলি ছিনিয়ে আন্বার চেষ্টার



ক্ষ-আফগান সীমা

ভিতর দিরেই আফগান অভ্যদয়ের স্ফনার প্রথম পরিচর পরিস্ট হ'রে ওঠে। ভারতবর্ষের মোগল স্ফাটেরা ব্যমন আফগানিস্থানের কতকগুলো দেশ নিকেদের



ইরাকের ভোরণ

অধিকারভূক ক'রে নিয়েছিলেন, তেমনি নিয়েছিল পারত। এই পারস্যের হাত থেকে কালাহার কেড়ে নেওরাই বর্তনান আফগান লাভির অভ্যাদয়ের প্রথম স্চনা। ১৫৪৫ খৃটাব্দে হমায়ন কান্দাহার মোগল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন। কিছ ১৬২১ খৃটাব্দে পারস্য তাকে অধিকার ক'রে নের। তার পর থেকে এই প্রদেশটির অধিকার নিরে তলোয়ারের মূথে বোঝাপড়া চল্তে থাকে ভারতীয় ও পারস্য সৈক্যদের ভিতরে। একবার

যশোবন্ত দিংহও তাঁর রাজপুত সৈম্পদল
নিম্নে অভিযান ক'রেছিলেন আফগানিস্থানে। ফলে কিছুদিনের জন্ত কান্দাহার
আবার এলো মোগল বাদ্শাহের অধিকারে। কিন্তু এ অধিকার তাঁরা বন্ধার
রাথতে পার্লেন না। ১৬৬৮ খুটানে
কান্দাহার আবার পারস্যের অন্তর্ভুক্ত
হ'রে পড়্ল। তার পর থেকে ঔরক্তের
বত্বার চেটা করেছেন এই কান্দাহারকে
আবার মোগল সাঞ্জাক্রেডিতরে ফ্রিয়া
আন্বার ক্লেল। কিন্তু সে চেটা ক্লে

হ'লো না সতা, কিন্তু পারসাও তার অধিকার বজায় রাথ্তে পার্লে না কালাহারের উপরে। মির ওয়াইজ নামে একজন বিল্লাই স্থার কতকগুলি সৈল সংগ্রহ ক'রে

> নিয়ে কালাহার আক্রমণ কর্লেন। ভার পারসিক শাসনকর্তা যুবরাক গুরগিন পরাকিত হ'লেন এই ঘিলকাই সর্দারের হাতে। এইরূপে প্রতিষ্ঠিত হ'লো কালা-হারে একটি স্বাধীন রাজ্য। নতুন আফ-গান রাজ্য প্রতিষ্ঠার বনিয়াল তৈরী হ'লো এই কালাহার জয়ের ভিতর দিয়েই।

> খাধীনতার উন্মাদনা বধন জাগে কোনো জাতির কোনো এক সম্প্রদায়ের ভিতরে, তথন তা' তার অক্সান্ত সম্প্র-দায়কেও চঞ্চল ও অস্হিষ্ণু ক'রে ভোলে।

ভাই কালাহারে বা স্থক্ত হ'লো হীরাটেও ছড়িরে পড়্ব ভার ঢেউ। সেধানে আবদানী-সন্ধার আসাহলা ধা সাহজাই দাঁড়ালেন পারভের শক্তির বিক্লমে। আক- গানদেরই জন হ'লো। হিরাট হ'তেও পারস্তকে পান্তারি ওটাতে হ'লো।

কিন্তু নব-জাগ্রত জাতির রাজ্য-জরের স্পৃহা মাতালের মদের নেশার মতো বেড়েই চলে। তাই নিজেদের

দেশকে খাধীন ক'রেই আফগানদের ফুণা
মিট্ল না, ভারা চঞ্চল হ'রে উঠল পারস্তকেও
জয় কর্বার জক্ত। থির ওয়াইজের মৃত্যুর পর
তার পুত্র মাম্দ রাজা হ'লেন। পারস্তকে
জয় কর্বার নেশায় তিনি উঠলেন মাতাল
হ'রে। ১৭২০ খুইাকে তার দৈলদের দারা
পারস্ত আক্রান্ত হ'লো। ভারা পারদিকদের
হাত হ'তে ছিনিয়ে নিলে কিরমান। ঘিলজাইদের এই দৃষ্টান্ত আবদালীরাও অস্থ্যরণ কর্লে।
পরের বৎসর তারা মেসাদ আক্রমণ ক'রে জয়
ক'রে নিলে।

১৯২২ খৃষ্টাব্দে মামুদ আবার তাঁর দৈর-দামস্ত নিয়ে তৈরী হ'লেন। এবার তাঁর তর্মম আকাজ্ঞা

সমগ্র পারজ্ঞকে জায় কর্বার হ্রাশায় মেতে উঠ্ল। পাহাড় **অঞ্লের** বুনো আফগানীদের সংগ্রহ করা

হ'লো সৈত্য-বাহিনী তৈরী কর্বার জন্ত।
বিশ হাজার লোক তাঁর পতাকার তলে
সমবেত হ'লো। হাতিয়ার নিয়ে এই
অলিকিত সৈন্তবাহিনী বেরিয়ে পড়্ল
পারতা জয়ের উদ্দেশ্যে। হাতিয়ার তাদের
সেই সেকালের তলোয়ার আর গালা
বন্দুর। এই সম্পদ নিয়ে তারা এসে
দাড়ালো পারত্যের চল্লিশ হাজার সৈত্যের
সম্প্রে—যাদের রণসজ্জার তথনকার দিনের
সেঠতম উন্নতির ছাপ পড়েছে। ইম্পাহান
থেকে এগার মাইল দ্রে ছই সৈত্যের
সিলে সংঘর্ষ হ'রে গেল। চল্লিশ হাজারের
ভিতরে ছ' হাজাবের মৃতদেহ পালাতে

মুক ক'রে মাটিতে সূটিরে পড়তে না-পড়তেই পারস্তের দৈলুগণ দিলে ছুট। আফগান সৈঞ্জেরা এনে ইম্পাহান অধিকার ক'রে বস্ল। শাহ হনেন ছিলেন তথন পারস্তের

সিংহাসনে। তিনি ভাব্লেন—এত অল্প সৈক নিমে তাঁর অত বড় বিরাট বাহিনীকে যারা পরাজিত কর্তে পারে* তারা খোদার আখিত লোক। স্মৃতরাং খোদার বিকুদ্ধে লড়াই করা অনর্থক মনে ক'রেই তিনি আফগানদের



হেলমন্দ নদী পার হইতেছে
হাতে আত্ম-সমর্পণ ক্র্লেন। এর কিছুদিন পরেই মামুদ
সিরাজ্ব জয় করেন।




উষ্ট-বিপণি-নাসরভাবাদ

ক্ষরের পরে ক্ষর হ'লো তাঁর হত্যা উৎসব। ছ' হাজার পারত্য সৈনিক তাঁর ধেয়ালের মূথে জীবন বলি দিলে। বহু সন্নান্ত পারসিক হারালেন তাঁদের জীবন। রাজপরিবারের বে সমন্ত লোককে হাতের কাছে পাওরা পোল তাঁদের প্রায় সকলকেই কোতল করা হ'লো। এমন কি সিরা সম্প্রদারের সব মুসলমানকে উচ্ছেদ করার সহরেও হত্যা স্থক হ'রে গেল।



বেলুচিস্থানের উট্টসাদী সৈত্র

১৭২৫ থৃষ্টাব্দে মাম্দের মৃত্যু হয়। তাঁর মৃত্যুর বিভীষিকা বস্তু হ'রে আছে। নয়ঘণ্টা ধ'রে দাঁড়িয়ে পর তাঁর ছেলে আস্রফ থাঁ তাঁর সিংহাসন অধিকার নাদির-শানিকে দিল্লাতে তাঁর এই হত্যা-উৎসব পর্যবেকণ



নাসবভাবাদের ভোরণ

করেন। পিতার নর-হত্যার জের তিনিও পুরোপুরি-ভাবে বজার রেপেছিলেন। তাঁর রাজস্বালেও পারভের বহু সন্নান্ত লোক প্রাণ হারিয়েছিল। কিন্তু এত অত্যাচারের উপরে প্রতিষ্ঠিত বে রাজ্বত তা টেঁকে না। তাই দশ বৎসরের ভিতরেই পারত আফগানদের হন্তচ্যত হ'রে গেল। শাহ হসেনের প্র শাহ তহ্মস্ প্রতিশোধ গ্রহণের জন্ত সৈত্য সংগ্রহ করতে

লাগ্লেন। অবশিষ্ট পারস্থ সৈক্ত এবং
বহু তুর্কী এসে যোগদান কর্ল তাঁর পতাকার তলে। বিখ্যাত নাদির শাহ গ্রহণ
কর্লেন তাঁর সৈক্ষচালনার ভার। পর
পর তিনটি মৃদ্ধে পরাজিত হ'য়ে মাস্বফ
খা ১৭৩০ খুটাজে পলায়ন কর্লেন এবং
পথেই একজন বাহ্লুলি-সর্দারের অস্থাঘাতে নিহত হ'লেন। ১৭৩৭ খুটাজে
নাদির শাহ কালাহার জয় করেন। তার
পরেই স্কুক হয় তাঁর ভারতবর্ষ জয়ের
অভিযান। এই নাদির শার অভ্যাচারের
কাহিনীই ভারতবর্ষের ইতিহাসে আজও

করেছিলেন। কিন্ত হাজার হাজার লোকের এই হত্যাও তাঁর নিজেকে হত্যার হাত থেকে রক্ষা কর্তে পার্লে না। ১৭৪৭ খৃষ্টাবে নাদির-শা সলাহ্ বেগ নামে তাঁর নিজের একজন দৈনাধাক্ষের ছারাই নিহত হ'ন।

নাদির শার হাতে আফগানিস্থানের বে পরাজয় তা অত্যন্ত সাম বিক ব্যাপার। জাতীয়ত:-বোধের বিকাশের যে স্ত্রপাত হয়ে-ছিল এর আগেই আফগানদের মনে, তার প্রসারকেও এ পরাজয় ধরংল কর্তে পারেন। তাই নাদির শার মৃত্যুর পরেই আহমদ শাহ আবদালী এলেন আফগানিস্থানের রুলমঞ্চে নতুন শক্তি নতুন অন্তপ্রেরণা নিয়ে। বস্ততঃ আ ফ গা নি স্থানের সানচিত্রের যে রূপ

আৰু আমরা দেখতে পাই সে রপের কাঠামটা এই সমরেরই তৈরী। তাঁর অভ্যদরের আগে আফগানি-হানের প্রদেশগুলি ভিন্ন ভিন্ন যতন রাজ্যেই বিভক্ত ছিল। বর্জনান আফগানিস্থানের রাজ্যগুলোকে এক সঙ্গে বেঁধে একটা অভন্ত আধীন রাজ্য এবং জাতি রূপে গ'ড়ে ভোল্বার যে যোগস্তা, তা রচিত হয় এই আহ্মদ-দাহ আবদালীর সময়েই।

নাদির শার সেনা-নায়কদেরই একজন ছিলেন এট कार मन भा। व्यवनानीत्मत नाक्कारे वर्तन कांत्र अगा। भारतीर वटनिक् अरे व्यवनागीता निरक्रतात रेक्टतारेन्यत বংশোন্তৰ ৰলে মনে করে। নাদিরশার মৃত্যুর সময় আহ্মদ শার বর্গ ছিল মাজ ২৪ বংগর। স্করাং পরিপূর্ণ বেষবনের তুর্দম ত্রাশা তাঁর বুকে। এই তুরাশাই রচনা কর্ণে তাঁর মনে স্বাধীন আফগান সাম্রাক্তা প্রতিষ্ঠার কলনা। অধীনে ছিল তাঁর ১০,০০০ বাছাই-করা সাহদী অখারোহী। তা ছাড়া নাদির লার মুতার পর তাঁরই হাতে এসে পড়ল তাঁর সম্ভ ধন-র্ত্র, এমন কি ভারত হ'তে অপ্রত্ত কহিনুর মণিটি পর্যান্ত। এত বড় তিনটি সম্পদ যার সহায় হয়, ভাগ্য যে তার প্রতি প্রদল্প, তা বলাই বাছণ্য। স্বতরাং অনতি-বিলম্বেই নাদির শার আফগান প্রদেশগুলি তাঁর অধিকার-ভুক হ'লে পড়ল। তিনি হুরাণী সামাজ্যের প্রতিষ্ঠা কর্লেন।

উঠেছে। তাদের এই শক্তিকে ধ্বংস কর্বার আচ্চ রোহিলা-দের বারা নিমন্তিত হ'রে এলেন আহ্মদ শাহ। ভারতের ইতিহাসের কোনো ধ্বর বারা রাধেন তারাই আনেন,




বাল্চি,মেষপালক রাখাল

এর পর আরম্ভ হ'লো তাঁরও ভারত-অভিযান। পাণিপথের এই যুদ্ধে মারাঠাশক্তি বে থা থেমেছিল সে মোগল বাদ্শাদের আধিপত্য তথন প্রায় লুপ্ত হওয়ার আঘাতের চোট্জীবনে আর ভারা সাম্লিয়ে উঠ্ভে পারেলি।

অবস্থার এসে দাঁড়িরেছে। কোনো
আক্রমণকেই বাধা দেবার শক্তি তাঁদের
আর নেই। স্করাং স্থাোগ বুঝে'ই
আহ্মদ শাহ দাবি ক'রে বস্লেন নাদির
শার অধিকৃত মোগল শা স না ধী নে র
প্রদেশগুলি এবং স্কে স্কেই আক্রমণপ্র
মক্র হ'লো। ১৭৪৮ খুটাল হ'তে ১৭৫৬
খুটালের ভিতর আহ্মদ শাহ ৪ বার
ভারত আক্রমণ করেন। সলে সলে চল্তে
থাকে লুট্-তরাল, অ রি দা হ, হত্যা
ইত্যাদি। ভারতে ভাঁর সব চেরে বড় যুজ

হয় মারাঠাদের সভে পাণিপথে ১৭৩০ খুঁটাজে ৷ মারাঠা শক্তি তথন ভারভবর্বে সাম্রাজ্য প্রতিষ্ঠার স্পর্কার মেতে



কার্লের সমিহিত সম্রাট বারবারের সমাধি

এর পরেও আবো করেকবার আহ্মদ শাহ আবদালি
ভারতবর্ব আক্রমণ করেছিলেন। তাঁর পরবর্তী



একটি আফগান ছুৰ্গ



আফগানিস্থানের আমীরের শীতাবাস



খাইবার গিরিস্ফট-লাভিথানা যাইবার পথ

গুলি সবই হয় প্রায় শিপদের সংক।

এ সব সংবর্ধর ইতিহাস জ্বর-পরাজ্য

মিশ্রিত। আহ্মদ শা আবদালীর জীবনে

জ্বলাভ বহুবার বটেছে। কিন্তু সে জ্বর

স্থানী সামাজ্যে কপনো পরিণতি লাভ

কর্তে পারে নি। তার জীবনে এই

ট্রাজেডির' রূপ কানিংহামের একটি

কথার ভিতর দিয়ে চমৎকার ভাবে


ফুটে উঠেছে। আহ্মদ শা আবদালীর
সম্পর্কেই তিনি লিধেছেন—

"The Prince, the very ideal of the Afgan genius, hardy and enterprising, fitted for conquest, yet incapable of empire, seemed but to exist for the sake of losing and recovering provinces."

১৭৭০ **পুটাকে আহ্মদ শাহ আ**ক দালীর অভিযান-অভিশপ্ত জীবনের শেষ হয়। প্রাক্তাকটি অভিযানের জিত্রর দিয়ে বিজয়-লন্দ্রীর যে প্রসাদ তিনি লাভ করে-ছিলেন, তা যদি অকুৱ থাকত তাহ'লে একদিকে ভারতবর্গও অস্ত দিকে পারস্তের উপরেও তাঁর সাম্রাজ্যের বিপুল প্রাসাদ গ'ড়ে উঠত। কিছুতা হয় নি। তাঁর রাজত বিস্তার লাভ করেছিল 💖 পেশোরার থেকে হিরাট পর্যাস্ক এক কাশ্মীর থেকে সিদ্ধদেশ পর্যান্ত। অর্থাং কে বল সমস্ত উত্তর পশ্চিম ভারতই আফগানিস্থানের অধিকারের আওতার ভিতরে এসে পড়ে। তাঁর মৃত্যুর ^{পর} সিংহাসনে আরোহণ করেন ভার পুত্র তৈমুর। ১৭৯৩ খুটাবে তাঁর মৃত্যু হয়। তৈমুর আফগানিস্থানের সিংহাসন নিয়ে মারামারি ও হানাহানি কর্বার ^{কর} রেখে যান অনেকগুলি পুত্র-ক্ষা। এক **अकि मध्यमाद्यत म का द्य म माध्य** এঁরা পেশ কর্তে তাফ কর্ সেন

দিংহাসনের উপরে এঁদের দাবি। স্বতরাং গুপ্ত-হত্যা ও লাত্-রজে কলকিত হ'রে উঠ্ল আফগানিস্থানের দিংহাসন। এই রজ-কলকিত ইতিহাসের জের আফগানিস্থান এখনও টেনে চলেছে প্রতিপদে তার দিংহাসন অধিকারের ব্যাপার নিয়ে।

তৈমুরের ছেলেদের ভিতরে সিংহাদন অধিকার করেন প্রথম সাহজ্ঞেমান। তিনি তৈমুরের দিতীয় পুত্র। তবু উলির পেইন্দাহ থার চেটার রাজদণ্ড জারই করতলগত হ'লো। বড় ভাই বাধা দিয়েছিলেন। ফলে তিনি যথন পরাজিত হ'লেন তাঁর চোখ ছ'টো উপড়িয়ে নিম্নে তাঁকে দে ওয়া হ'লো তাঁর অবমূখকারিতার পরস্কার । এই চোখ খদিয়ে নেওয়ার বর্ষর লাভিতর সজে পরিচয় আফগানিসানে রাজ-পদ-মর্য্যাদাভিলাষীদের ভাগ্যে কত বার যে ঘটেছে তার ইয়ত্বা নেই। সাহজেমান ছিলেন তার পিতামহের মতোই ত্র:দাহদী ও তুরাকাজ্ঞী লোক। স্নতরাং তাঁর সময়ে আবার ভারত-আক্রমণের অধ্যায় সুক হ'লো। কিছ দূরদেশ ক্ষয়ের উন্মাদনায় তিনি ভূলে' পেলেন তাঁর নিজের সিংহাসনের বিপদ-সঙ্গল অবস্থার কথা। ফলে, বা হবার ভাই হ'লো। তিনি গিংহাসনচ্যক্ত হ'লেন এবং ছ'টো চোধও হারালেন। তারপর এলেন তাঁরই আর এক ভ্রাতা-মামুদশা। মামুদ শাহের রাজ্যও স্থায়ী হ'লো না। ছদিন যেতে না যেতেই তাঁর স্থান অধিকার ক'রে বস্লেন তৈম্র শারই আর এক পুত্র শাহ স্কা। শাহ স্কার মন ছিল তাঁর ভাইদের চেরে চের উদার। তাই ভাইকে রাজ্যচ্যুত করেই তিরি খুসি হ'লেন, তাঁর চোধ হুটো আর উপ্তিরে নিলেন না। এই শাহ স্কার সমরেই আফগানিস্থানে বার মিঃ মাউণ্ট্রাট এক্ফিন্টোনের অধীনে বিটিশ মিশন।



একজন পীরের কবর

ভারতবর্ধে এবং আফগানিস্থানে আর এক নতুন অধ্যায়
স্থক হ'রেছিল তার কিছুদিন আগে থেকেই। এবং সেই
অধ্যায়ই বর্তমান আফগানিস্থানের ইতিহাসে সব চেয়ে বড়
অধ্যায়। ডু'কথায় তাকে শেষ করা সম্ভব নয়। স্থতরাং এর
পরের বার আমরা তা নিয়ে আলোচনা কর্তে চেটা কর্ব।

বাংলার মা

শ্রীপ্রফুলকুমার দাশগুপ্ত, এম্-এ

মেদিন ছিল রবিবার। স্টেকর্তা না কি ছয় দিনে বিরাট স্টেকার্যা শেষ করিয়া ঐ দিনটি বিশ্রাম করিয়াছিলেন। তা স্টেকর্তা বিশ্রাম করেন আর নাই করুন, হতভাগ্য চাকুরীজীবীর দল বে সারা সপ্তাহের হাড়ভালা খাটুনির মধ্যে ব্যাকুল আগ্রহে শুধু ঐ দিনটিরই প্রতীক্ষা করে, এ সভ্যটি ভূকভোগী মাত্রকেই খীকার করিতে হইবে। রবিবার চাকুরীগত প্রাণ বালানীর অভি পবিত্র দিন!

প্রতি রবিবার সন্ধার বিভৃতিভ্বণের বৈঠকথানার
ই'চারজন বন্ধুর সমাগম হয়। অক্ত দিন সকলেই অনবসর
কাহারও ছেলেপড়ানো আছে, কাহারও আফিন

হইতে ফিরিভেই সন্ধ্যা উত্তীর্ণ হইরা যার,—বাসার ফিরিয়া কোথাও বাহির হইবার শক্তি বা আগ্রহ থাকে না। ঐ দিনটি তাঁহারা তাই সান্ধ্য-সম্মিলনের অন্ত নির্দিষ্ট করিয়া রাখিয়াছেন,—রবিবার তাঁহাদের our day—সম্পূর্ণ নিজস্ব।

বিভ্তিভ্বণ সন্ধার প্রাকাশে বৈঠকথানার বসিরা বন্ধাণের আগমনের প্রতীকা করিছেছেন, তুই বংসরের শিশু পুত্র অমলকান্তি তাঁহার কাথে বুঁকিয়া হেলিয়া ফ্লিয়া অর্জোচ্চারিত কঠে বলিতেছে, 'মাঘ মন্দর মাঘ মন্দর, খোনার কুন্দর।' পার্থে-ই বিভ্তিভ্যণের পঞ্ম- বর্ষীয়া বালিকা কল্পা বীণা পুত্ল লইয়া খেলা করিতেছিল; বিজ্ঞের প্রের বলিয়া উঠিল, 'থোনার কুন্দর কিরে; সোণার কুওল, সোণার কুওল।' অমলকান্তি বলিল, 'থোনানর কুন্দর ন' বীণা হাসিল, বিভৃতিভ্যণ হাসিয়া খোকাকে বৃক্তে ভূলিয়া ভাহার মুখ্চুখন করিলেন। গ্রমন সমর জ্যোৎস্লাপ্রমুখ বর্ষুবর্গ আসিয়া জ্টিলেন। জ্যোৎস্লা বলিলেন, 'কি হচ্ছে মাসি গু'—বীণাকে ভাহারা কেহ মা, কেহ মাসি বলিয়া সংঘাধন করিতেন। বীণা বলিল, 'আমি মাঘমগুল করি কি না, খোকা ভাই বলে মাঘ মন্দর খোনায় কুন্দর। খোকা ভাল করে কথা বলতে শেখে নি কি না।' অমল এইবার দিলিয় ভূল সংশোধন করিয়া বলিল, 'থোনায় কুন্দয় কিরে খোনায় কুন্দয়।'

পরিমল বলিলেন, 'মেরেকে বৃঝি এই সব রাবিশ্ শেখানো হচ্ছে?'

বিভ্তিভ্যণ হাসিরা বলিলেন, 'রাবিস্ কেন, ভাই, ব্রহক্ষার ভিতর দিরে বাংলার মেরেরা অনেক জিনিব শিক্ষা করে। এই ধর শীতের. রাত, হেলেমেরেরা একবার লেপ জড়িবে গুলো ত' উঠবে পরদিন বেলা দশটার! কিন্তু ব্রভার তাগিদ রয়েছে, কাউকে কিছু বলতে হ'ল না, ভোর হ'তে না হ'তেই ঐ একরন্তি মেরেরা সব উঠে পড়ল যে যার ব্রহ্ণ করবার জল। তাদের উৎসাহ কত! ফুর্ডি কত! তার পর ঐ ছড়াগুলির ভিতরেই কি কম শিথবার জিনিব রয়েছে! গুরুই ভিতর দিয়ে মেরেরা প্রথম শিথে নের খতর, খাড়ড়ী, স্বামী, দেওর, ননদ নিয়েই তাদের ভবিছৎ সংসার,—শিথে নের পরেপ্র সেবের সেবার নিজকে তেলে দেওরাই নারীত্বের পরিপূর্ণ সার্বক্তা। তাই পরাধীনতার সহস্ত্র দৈক্তের মানেও বালালীর যা কিছু গর্কের তা' ঐ বালালীর মেরে ও বালালীর মা।'

জ্যোৎসা বলিলেন, 'এ-গব, দাদা, বক্তৃতার শোনার ভাল। কিছু সত্যই কি তাই ? সত্যই কি বাদালীর মেশ্রের ভিতর গর্কের, কিছু জাছে ? অনিক্ষিতা, নতীর্ণচেতা, কলহপ্রিয়া—'

বাধা দিরা বিভৃতিভূষণ বলিলেন, 'না, ভাই, সে ওধুই বাজানী মেয়ের একটা বিকৃত সংস্করণ মাত্র। কবির ভাষার বাজারীর মেয়ে— শপতি প্রিয়া, পতি-ভক্তা, স্থী পতিসহ পরিহানে, ছু:খে দীনা দাসী প্রেমিকা, নীরবা নিঠুর ভাবে, পীড়নে প্রিয়ভাবিণী সহিষ্ণু সম এ ধরারে; দেবী গৃহলন্দ্রী, বল-গরিমা, পুণ্যবতীরে, সাবিত্রী সীভাছখ্যায়িনী, বিশপুজ্যা সভীরে,

মর্মার দৃঢ়চরিতা, অলকোমলাক ধরা রে।"
এইটি বাকালী মেয়ের অরপ মৃষ্ঠি, আর বাকালীর দরে
থরে এমন গৃহলন্দ্রী বিরাজ করেন বলেই আজও আমরা
বৈচি আছি। ছঃখ-দৈক্ত-অভাব-অনটনের বেইনের মধ্য
দিয়ে কল্যাণমরী দেবীরা কেমন করে এক-একখানি
কূল সংসারকে গুছিরে রাখেন ভাবলে আক্ষর্য্য হতে হ্য।
ছঃখে সাল্বনা দিতে, রোগশবাধি লেবা করতে এমন নারী
কি জগতে কোথাও আছে ? নিজের যা কিছু ছুঁহাতে
উজাড় করে নিংশেষে বিলিয়ে দেবে, প্রতিদানে কিছু
চাইবে না, কিছুরই প্রত্যাশা রাখবে না—ধীরা, ছিরা,
সেবাব্রতা, একান্ত কর্ত্তব্যনিষ্ঠাবতী বাংলার মেয়ে মর্চে
বিশ্বজননীর প্রতিচ্ছবি।

বিভৃতিভূষণ কণকাল নীরব রহিলেন; বন্ধুরাও নীরব। কণপরে তিনি আবার বলিতে আরম্ভ করিলেন, 'বহ বৎসরের পুরোনো একখানা ছবি আর্ক হঠাৎ আমার চোখের সামনে ভেসে উঠছে। সেই গর্মই আরু ভোমাদের বশ্ব—

ভখনও আমি বাঁকুছার মাটারী করি, ছেলেমেরের ভিতর চ্'বংসরের মেরে পুতৃন। প্রতুলকে ভোমরা দেখেছ ত'

—আমার ছোট ভাই প্রতুল, আজকাল মেদিনীপুরে প্রফেসর—সে তখন বাঁকুড়া কলেকে পড়ত। পঞ্চাশ টাকা মাইনে পেতাম। বাসাভাড়া দিতে হত দশ টাকা,বাকী চল্লিশ টাকার কোন রক্ষে সংসার চালাভাম।

আমাদের হেড্মান্টার বিনি ছিলেন, ইন্দিরার ভাষার তিনি একটি "কানির বোতন", আর ঠিক "গলার গলার কানি"। কেউ এক মুহুর্চ শুদ্হ হরে বলে আছে এটা তাঁর কিছুতেই সইত না। কোন কাল বদি না রইল ও' বলতেন, এ-জিনিবটা এ-খাতা খেকে ও-খাতার তুল্ন, ও-খাতা থেকে সে-খাতার তুল্ন। এমনি করে রবিবার দিনটিও আমাদের বাদ বেত না। ভা'ছাড়া ক্থার, ক্থার কৈকিরতের পালা। বাক্, 'লোরে নোরে কালানী, কলমপেশা বাজালী'—- দৈজ লাখনা তার নিত্য সহচর। নীরবে কাজ করে যেতাম।

একদিন,—তারিপটি স্বামার আজও স্পাষ্ট মনে আছে,
—ভালে মানের স্বামারর রাত্রে মেরেটার জর হ'ল।
এমন জর—গা যেন পুড়ে যার। সারাটা রাত বেহঁদের
মত পড়ে রইল। ভোর হতেই ছুট্লাম ডাক্টারের বাড়ী।
মেরেকে দেখিয়ে, ব্যবস্থাপত্র করিয়ে, ঔষধ নিয়ে যথন
বাড়ী ফিরলাম, তখন দশটা বাজে। সাড়ে দশটার স্কুল।
ভাড়াভাড়ি মাথায় এক ঘড়া জল দিয়ে, হু'ম্ঠো ভাত
মূপে গুঁলে প্রভুলকে বল্লাম, 'আজ আর কলেজে
যাস নে, খুকীর কাছে থাকিস।' ভার পর ছুটলাম
স্লের দিকে, ভয়—পাছে এক মিনিট দেরী হ'য়ে যায়!

দেদিন একটু সকাল করেই ছুটা পেলাম। বাড়ী দিবে দেখি বিরাট ব্যাপার—মেয়ে প্রায় অচেতন। ভোমাদের বৌদি শিষ্তর বদে হাওয়া করছে. প্রতল शास्त्र शत्रम करनत (मक मिल्क्) জিজাদা ক'ৱে জানলাম, আমি চলে বাবার খানিক বাদেই থকী একবার ব্যি করে অভ্যান হ'রে পড়ে। অমন স্থলর ছধে-আলভায় वतन-(मरथह छ' १-- अटकवादत नील इ'रत्र यात्र, मूथ দিয়ের ফেনা উঠতে থাকে। ভার পর ডাজারের ব্যবস্থামত এই সব সেক্ চলছে। চা'র দিন চা'র রাত কি ক'রে কাটালেম সে আর আৰু তোমাদের কি করে ব্যাব! ঘু'বছরের কচি মেয়ে অব্যক্ত যাতনার ছটফট করত, কখন বা অসাড় হ'য়ে পড়ে' থাকত। নিস্তাভ, রোগ-পাণুর মুথখানির দিকে চাইতাম, মনে হত,-এই মুখ প্রণয়ের প্রথম দান.—কতকণ আর এ ছবিধানি দেখতে পাব! কল্পার দেহখানিকে লড়িয়ে ধরতাম। মনে হ'ত, কতক্ষণ-মুহূর্ত্ত পরেই হয় ত এই ভরা বুক শৃভ করে, সকল বিশ্ব আঁধার ক'রে মা আমার বিজয়ার বিদায় নেবে। পড়ে রইবে শৃক্ত শব্যা, শৃক্ত বর, আর ছই আর্ত্ত নরনারী।

ভোমাদের বৌদির মনেও একই আশক্ষা, একই ব্যাকুলতা। কিছু যে ভরের করনামাত্রে বুক কেঁপে উঠত, কেউ কাউকে মুখ কুটে সে সর্বনেশে আশকার কথা ব্যক্ত করতে পারি নি। চা'র দিন চা'র রাভ ভোমাদের বৌদি সমানভাবে মেহের শির্রে ব্যে,—আহার নাই, নিজা নাই। আমি শুধু ভাবতেম ঠাকুর,

কীবনে এমন কোন পুণ্য করি নি, যার বলে আজ জোর করে মেরের প্রাণ ভিক্লা চাইব, কিন্তু এমন আপনভোলা সেবাকে ব্যর্থ কোরো না। প্রার্থনা করতেম, সভাকুল-রাণী শিবানী বিশ্বস্থননী মাগো. মানের মর্যাদা রেখো ।


অবশেষে মারেরই জন হ'ল। পঞ্চম দিন ভোরে জর বিরাম হ'ল। সকালে ডাক্তার এসে বলে গেলেন, আর আশহা নাই। একটা পর্বভপ্রমাণ বোঝা বুকের উপর থেকে নেমে গেল।

পরদিন সকালে খুম থেকে উঠেছি। অনেক দিন পর
নিশ্চিন্তে খুমিয়েছি,—উঠতে একটু বেলাই হয়েছিল।
চেরে দেখি, সজ্মাতা তোমাদের বৌদি গরদের কাপড়
পরে দাড়িয়ে। ভারই পিছনে বাসার ঠিকা ঝি। হাতে
তার একথানি সালিতে নানাবিধ প্লোপকরণ। জিজাসা
করলেম 'ব্যাপার কি গু' তোমাদের বৌদি হেসে
বললে, 'মা'র বাড়ী যাছিছ।' ঝি বললে, 'আন ভ, বারু,
এ ক'দিন মা এক মুঠো ভাত গেলে নি। আজ মা'র
প্লো সেরে ভবে মুখে অর দেবে।' মনে মনে ভাবলেম,
বে ধর্মের আবেইনের ভিতর দিয়ে বাংলার ঘরে ঘরে
এমন মা জালেছে এ জগতে বুঝি ভার তুলনা নাই।

থানিক বাদে ফিরে এসে ভোমাদের বৌদি বধন
মেরের মাথার মারের আনীর্বাদী ফুল দিলে—মনে হল,
বৃঝি বা দেবী ভগবতী আপনার শুভল্পর্দে সন্তানের সকল
আকল্যাণ দূর করে দিলেন। আমার হাতে একটি ফুল
দিরে বললে, মারের আনীর্বাদ। আমি ভক্তিমান হৃদরে
ফুলটি মাথার তুলে নিলাম। শুরু দেবতার নির্দ্ধান্য
বলে নর; আমি তা ভক্তিভরে গ্রহণ করলেম, কারণ এ
ফুল বাল্লার মাতৃ-হৃদরের ঐকান্তিকী প্রার্থনার পূতপবিত্র। ভোমাদের বৌদি এই যে পুতুলের কথা বলতে
বলতে পুতুল এসে হাজির! কি মা ?'

দশ বৎসরের ফুটফুটে মেরে, পুতৃলেরই মত দিব্য-কাস্তি। পুতৃল পিতার সম্মূথে আসিরা বলিল, 'তোমাদের গল্প আর ফ্রাবে না, বাবা ? মা বে সেই কংন থেকে আসন পেতে বদে রয়েছে ! কাকাবাবুদের নিলে চল।'

বিভূতিভূষণ হাসিয়া বলিলেন, 'ঐ ষা, আসল কথাটাই ভূলেছিলাম। তোমাদের বৌদি বে আৰু সারাদিন বলে বসে ভোমাদের ব্যুগ্ত পিটে তৈয়ার করেছেন। বাবে চল।'



কথা ও হার: --কাজী নজরুল ইস্লাম

স্বরলিপি :—জগৎ ঘটক

ভজন

লাভাশাধ— ত্রিভালী
শুক্র সমুজ্জ্ব হে চির-নির্মাল
শাস্ত অচঞ্চল ক্রব-জ্যোতি!
অশাস্ত এ চিত কর হে সমাহিত
সলা আনন্দিত রাখ মতি॥
হঃখ শোক সহি অসীম সাহসে
অটল রহি যেন সন্মানে যশে,
তোমার ধ্যানের আনন্দ-রসে
নিমল্ল রহি হে বিশ্ব-পতি॥
মন যেন না টলে থল কোলাহলে

(र द्रांक-द्रांक!

অন্তরে তুমি নাথ সতত বিরাজ,

হে রাজ-রাজ !

বহে তব ত্রিলোক ব্যাপিয়া, হে গুণী, গুঁহ্বার-সঙ্গীত-সুর-সুরধুমী! হে মহামৌনী, যেন সদা গুনি সে সুরে তোমার নীরব আরতি॥

-] সা^সরা-ারা | ^রন্। সাধা-ন্। সাপাপাপা | ধপা -মগা-রসা-ধ্ন্∏ স লা॰ আমা ন ন্দিত রা৽ খ ম তি৽ ৽৽ ৽৽
- I গারিগি মা। রগা-রাসা সা। পদা-স সাসা। না-ধানা-। } I অট বর হি৽ ংগন স ন্মানে গ ে শে ॰
- I {স্থা -পা -পা | শধা -া -মা-া | গা সা-রা গমা | রগা-রা সা -া } I তোমা • র ধ্যা • নের আমান নূদ৹ র • সে •
- I পা ^{পদাি} নাসা | পধা পদাি নাপা | ধপা নগগা -রারা | পমা -গরা -সন্ধ্না নি ম গুন র৹ হি∙ ∙ হে বি৽ ∘• খ প ভি∘ ∘• •• ••
- I পা গা-া মা | রা -া -সা-া | ^সগা -া গা গমা | ^রগা রা সা -সা I হে রা • জা • জা • জা • তার • তুমি না ধ
- I পা পা ধা না । খনা -ধা পা -া | পা গা -া মা | রা -া সা -া } I সূত্ত বি রা ৷ জ ৷ হে রা ৷ জ রা ৷ জ .
- I {পা পা শর্মা | র্মা -া র্মা -মা | র্মা সা র্মা নিমা | ধা -মা সা -1 II ব হে ত ব তি • লোক ব্যাপি য়া হে∙ ৩ • ণী •
- I গা-র গি-মা | বর্গা-র সি সি । পদা সি সি সি । না-ধানা-) I ও ডুকার সুড়গীত সুর সুর ধুণ্নী ০
- l পা পর্নার্মা | পধা পর্মানাপা | ধপা-মগারারা | পমা-গরা-সন্া-ধ্ন্∏ll সে হু ∙ রে তো∘ মা• র্নি র∘ ব্∘ আমার তি• ∘• •• ∘∘

বরোদা প্রাচ্যবিদ্যা সম্মিলনে

পথের কথা

শ্রীনলিনীকান্ত ভট্টশালী এম-এ

বহু বৎসর ধরিগাই শুনিলা আদিতেছি, বরোধা রাজ্য সর্ব্ব বিষয়েই দেশীর রাজ্যক লির মধ্যে উরত তম। মহারাজা সমাজি রাও গাইকোবাড় সদাজাগ্রত দৃষ্টিতে প্রায় অর্দ্ধ শতামী কাল ধরিয়া রাজ্যের উন্নতির জন্ম অক্লান্ত চেটা করিয়া আসিতেছেন। তাহারই ফলে আজ অনতিবৃহৎ বরোদা রাজ্য ভারতবর্ষের মধ্যে শিক্ষিততম ভৃথও,— দ্রী-শিক্ষার, স্ত্রী-সাধীনতার, স্ত্রীলোকের অধিকার প্রতিষ্ঠার সর্বাপেকা অগ্রসর। প্রাচ্য-বিদ্যা-সন্মিলন এবার বরোদায় হইবে, আনেক দিন হইতেই শুনিয়া আসিতেছিলাম। বরোদার না হইরা হনলুলুতে হইলেও আমার পকে সমান কথাই হইত, - তুই-ই আমার নিকট সমান তুর্ধিগমা। পকেটের পরসা থরচ করিয়া অত দরে যাইবার ক্ষমতা नारे: (य প্রতিষ্ঠানে কাল করিয়া জীবিকানির্বাহ করি, রিট্রেঞ্চ মেণ্টের ফলে তাহারও আর্থিক অবস্থা শোচনীর। **धहे अमाञ्चलाद मित्न कर्ज़**शक रव बरद्रामा बाहेबात श्वह বহন করিবেন বা বাইবার অনুমতি দিবেন এমন ভরসা कतिएक शांत्रिमाम ना। मःशांत कारन चानिएक नाशिम. প্রতিবাসী ঢাকা বিশ্ববিভালয় প্রাচ্যবিভা সন্মিলনে পাঁচজন মহা মহা রথী প্রতিনিধি পাঠাইতেছে.—তাইারা প্রবন্ধান্ত শানাইতে আরম্ভ করিরাছেন। ব্রোদা স্মিল্নের সম্পাদক পরম জেহভাজন শ্রীমান ডাক্তার বিনয়তোয ভট্রাচার্য্য (মহামহোপাধ্যার ৺হরপ্রসাদ শাস্ত্রী মহাশ্রের পুত্র) ঘন ঘন বুলেটিন নিক্ষেপ করিতে লাগিলেন। উহাদের প্রথমটা পড়িয়া জানিলাম, অমৃক অমৃক মহারথী অমৃক অমৃক শাখায় সভাপতি হইবেন। পডিয়া জানিলাম-সন্মিলনে যে সকল প্রতিনিধি त्यांश्रमान कंतिरवन, छांशांतात्र अन्न अछार्थनात्र कि कि বিপুল আরোজন হইতেছে ৷ তৃতীয়টা পড়িয়া জানিলাম, -প্রতিনিধিগণের বারকা, আবু পাহাড়, অকলা ইত্যাদি স্থানে বাইবার বন্দোবস্কও প্রার সম্পূর্ণ ৷ ইহার উপরে

সৌরাষ্ট্রের বৈবতক পর্কতিশিধরে বসিয়া কে যেন জ্ঞান্ত রাগিণীতে বাণীর স্থারে আকর্ষণ করিতে লাগিল,—"ওরে আয়, জীবনে এমন স্থোগ হয় ত আরু আসিবে না !"

মন চঞ্চল হইয়া উঠিল, ঘরে থাকা দায় হইল,— সঞ্জীবব্লিত বধ্র মত কেবলি মনে হইতে লাগিল—হায় আমি বড়ই অভাগিনী, জলে যাইতে পারিলাম না।

বেপরোয়া হইয়া আমার উপর-ওয়ালা কমিটির সম্পাদকের নিকট একদিন কথাটা পাতিলাম। তথাত কিঞ্চিৎ আঞ্চুক্ল্য পাইয়া প্রেসিডেক্টের নিকট এক দর্থান্ত প্রেরণ ক্রিলাম। যথাসময়ে উহা মঞ্র হইয়া আসিল। তথন প্রতিনিধির দের চাঁদা পাঠাইবার সময় প্রায় অতিক্রান্ত হইয়া গিয়াছে। তথাপি বিনয়ভোষের ভরসায় চাঁদা পাঠাইয়া দিলাম। একটা প্রবন্ধ পড়া দরকার, অথচ তথন পর্যাস্ত কিছুই লেখা নাই। প্রবন্ধের সংক্রিপ্রসারও টাদার সহিত্**ই পাঠান দরকার। 'ভার**ভবা' পত্রিকার ১৩৩৮ সনের ফাল্পন সংখ্যার "ভারতে যাদববংশ" নামক একটি গবেষণাত্মক প্রবন্ধ প্রকাশিত করিয়াছিলাম। উহার প্রধান এক সিদ্ধান্ত ছিল এই বে ক্লফের নায়কতে यान्दर्गण सथुता इहेटल याहेबा यथन (मीतारहे उपनिविधे হয়, তখন তাঁহাদের রাজধানী দারবতী নগরী রৈবতক পর্বতের অনতিদ্রে প্রতিষ্ঠিত হইয়াছিল। মৌগা চক্রগুপ্তের আমল হইতে ভাহাই গিরিনগর নামে বিখ্যাত হইয়া উঠিয়াছিল এবং উহা বর্তমানকাল পর্যান্ত অভিত্রান জুনাগড় সহর হইতে অভিন্ন। এই রচনাটি বাকালা পত্ৰিকায় প্ৰকাশিত হইয়াছে ব্লিয়াই তেম্ন দৃষ্টি আক্ৰণ করিতে পারে নাই। ক্ষের আমলের মধুরা আজিও আছে, গোকুলও মথুরার বিপরীত পারে নিতান্তই পরিচিত স্থান। কিন্তু কুঞ্চের আমলের কোন প্রা^{সাদ} বা তুৰ্গ এই তুই স্থানে বৰ্ত্তমান কাল পৰ্য্যস্ত আছে বলিয়া किहूमाख अमान शांक्ता यात्र ना। फेंक अवस्त भागात

বক্তব্য ছিল বে জ্নাগড়ে বে ভীমকান্তি উপর-কোট তুর্গ জ্ঞাবধি বর্তমান আছে, তাহা বে মৌর্যা আমল হইতে আছে, তাহা তো সহজেই প্রমাণ করা যার। অধিক্ত এই সেই রৈবতক রকিত ছারবতী নগরীর তুর্গ, যাহার গর্ম কৃষ্ণ সন্তা-পর্বে যুখিন্তিরের নিক্ট করিয়াছিলেন (সভা-পর্বে, ১৪শ অধ্যার)। কাজেই এই তুর্গ ক্ষেত্র আমলের ইমারং,—এবং ভারতবর্ধে অভাপি বর্তমান ঐ আমলের আর দিতীর ইমারতের কথা আমরা অবগত নিহ। 'ভারতবর্ধে প্রভাশিত প্রবন্ধটির এই অংশ বিস্তৃত্তর প্রমাণ-প্রয়োগদহকারে স্থিলনে পাঠ ক্রিব, এই রক্মই হির করিলাম— এবং প্রবন্ধ লিখিত না হইতেই জাহার সংক্ষিপ্রার পাঠাইরা দিলাম।

তাহার পরে প্রবন্ধ লেখা, প্রবন্ধ মুদ্রণ,--যাতার উপযোগী কাপড-চোপড, বিছানাপত সংগ্ৰহ ইত্যাদি হলমূল ব্যাপার! ডিসেম্বরের (১৯৩৩) ২৭-২৮-২৯ তারিথে সন্মিলনের অধিবেশন হইবে। তথন ঢাকায়ই বেজার শীত.-পশ্চিমাঞ্চলের তো কথাই নাই। পশ্চিমাঞ্চলের অভিক্রভাদম্পন্ন বন্ধুবর্গ মুর্ববিধানা সহকারে ভয় দেখাইতে লাগিলেন--"জমে যাবে হে, জমে যাবে ! ভালমত গ্রম কাপড়-চোপড় নিও।" ওদিকে বিনয়তোষ ভাঠার বুলেটিন মারফৎ থবর দিয়াছেন যে, এই সময় ना कि वरतालात आवश्यका धूव bracing, (वाकाना কি?) এবং প্রভালিশ ডিগ্রির নীচে বড় নামে না! ঢাকার আৰহাওয়ার উদ্ধাপ প্রতাল্লিশ ডিগ্রিতেও নামিতে কোন দিন্ট গুলি নাই। তাই অভ্যান করিলাম. -bracing এর অর্থ অভিধানে যে লেখে embracing, তাহাই সম্ভবত: এই কেত্রে উদিষ্ট.— খ্রীমান বিনয় যুবক-মূলভ লজ্জাবশতঃ কথাটা স্পষ্ট করিয়া লিখিতে পারে নাই। এই আলিখনপ্রবণ আবহাওয়ার হাত হইতে শাগ্রকা করিবার উপযোগী বস্তাদি সভে লইতে তাটি করিলাম না।

ইহার উপর সহসা জ্টিল রবিবাব যে বিপদকে classical করিষা রাখিরাছেন—সেই শাখত সনাতন বিপদ—"পরিবার ভার সাথে বেভে চার!" একটা আপোষ বন্দোবত হইল যে তিনি তাইার দল্লসহ ক্লিকাতা প্রাক্ত সক্ষে মাইবেন, এবং আমার প্রভ্যাগমন

পর্যান্ত কালীঘাট, দলি ণেখর, বেলুড়, চিড়িরাথানা, বাত্বর, পরেশনাথের মন্দির করিয়া বেড়াইবেন—আর আমি স্কুক্ত করিয়া বরোলা হইরা ফিরিয়া আসিব ;— এইরূপে 'সভীর পুণাে পভির পুণা' হইবে—এবং ভাহারই বলে বিহারে বিঘারে এক। চড়িয়াও আন্ত হাত পা লইরাই ঘরের ছেলে ঘরে ফিরিভে পারিব।

এইরপ নানাবিধ বাধাবিছ ঠেলিয়া ২৪শে ডিসেম্বর রাত্রি দশটার যথন হাওড়ার দেরাদৃন একাপ্রেসে চড়িয়া বিশিলাম তথন গাড়ীতে যাত্ৰীর ক্ষরতা দেখিয়া বিশিক হইরা গেলাম। বডদিনের বদ্ধে ভীষণ ভীড হটবার কথা। আমি মধ্যবিত্ত ভদ্রবোক, মধ্যম শ্রেণীর যাত্রী, একটা গোটা কামরাই থালি পাইলাম ৷ টীকেট করিবার সময় একটি সুদর্শন যুবককে হাটুরাসের টীকেট করিছে দেখিরাছিলাম। অল পরেই তিনি কক্ষরারে দেখা দিলে আগ্রহসহকারে তাহাঁকে ককে তুলিনাম। সঙ্গে তাহাঁর বুদ্ধা বিধবা জননী এবং একটি ভগী ভক্নী.--উজ্জ্ল গৌরবর্ণ। সহজ অকুষ্ঠিত চালচলনে কথাবার্ত্তায় যুবকের সহিত তরুণীর সম্পর্ক নির্ণয়ে কিঞ্চিৎ বিলম্ব ঘটিরাছিল। পরদিন প্রায় সন্ধ্যায় উহারা মথুরা বুন্দাবন যাইবার জ্বল হাটরাসে নামিয়া গেলেন। ইহার মধ্যে অন্ত লোক আরু কেহ স্বাধীভাবে আমাদের কামরায় উঠে নাই ৷ কাজেই এই প্রায় ২০ ঘটার একত বাস ফলে আমি এই ভীর্থবাতী পরিবারের একজনের মত হইয়া গেলাম ৷ ঘনিষ্ঠতর পরিচয়ে কানিলাম, মুবক আমাদের অপ্রেণীর ত্রাহ্মণ, মাতা ও পত্নীকে লইয়া মথুরা ও বৃন্দাবন দেখাইতে চলিয়াছেন। যুবক বেনারস বিশ্ববিভালরের পুর্ভকলেজের পাশ করা ইঞ্জিনিয়ার, চাকরীও ভালই করেন। তীক্ষনাসিক, তীক্ষবৃদ্ধি, অতি মিইভাষী ও সদালাপী। মাতৃদেবী রাশভারী—অন্ধভাষিণী, পর্ম জেহপ্রার্ণা, স্দাব্দাগ্রত চক্। টেশনের পান किनिएक वाइएकि, - किनि व्यष्टे बरायम कतिरमन-"ध शान किटना ना, मिन कान जान नम् ।" वश्षे मकातिनी দীপ্ৰিধার মত। এমন তাহার সহজ, অনাড্ছর, মিখ্যা কুঠামুক্ত সরস ব্যবহার যে বছক্ষণ পর্যান্ত মাতৃদেবীর क्या विनित्राहे शांत्रभा कतित्राहिनाम,--পूखदध् धदः সহযাত্রী পুত্রেরই রে বধু তাহা ব্ঝিতে দেরী লাগিয়া- ছিল। বরস ২৪ ২৫ বলিয়া অনুমান হইল, — এত বরসেও ছেলেপিলে হয় নাই দেখিয়া একটু হঃধ অনুভব করিলাম এবং ইঞ্জিনিয়ার মহাশারকে নেপথ্যে অনুযোগ দিলাম। তিনি অনুষ্টের উপর সমস্ত দোষ চাপাইয়া দিলেন।

অল্পত্ন আলাপের পরেই ইঞ্জিনিয়ার সহসা বিক্ষাসা ক্রিলেন—"আপনি কি মিষ্টার ভট্টশালী ?"

চমকিলা উটিলাম! বলিলাম—"ইয়া, কি ক্রিয়া ব্ঝিলেন, বলুন্তো ?"

ইঞ্জিনিয়র বলিলেন—"ঢাকা হইতে আসিতেছেন, চলিয়াছেন—প্রাচ্য-বিছা-স্মিলনে,—ব্ঝা আর বিশেষ কঠিন কি ?"

সহক্ষেই উত্তর দিতে পারিতাম—ঢাকার আমি ছাড়া আরও ছই চারিজন কাতী মনখী প্রাচারিতার আলোচনা করিয়া থাকেন এবং সর্ব্যরক্ষেই তাইারা আমার অপেকা শ্রেষ্ঠ। তাইাদের ছুইজনের বরোদা বাইবার কথাও আছে। তবে তাইারা মধ্যশ্রেণীতে কথনই ভ্রমণ করিতেন না, ইহাতেই সন্তব্তঃ সর্ব্যক্ষমে মধ্য ও মলভাগ্য ভট্টশালীকে ধরাইয়। দিয়াছে। বাহা ছউক, ভদ্রণোকের তীক্ষ অম্থান-শক্তি তাইার নাসিকার অম্পাতেই তীক্ষ (এমন তীক্ষ নাসিকা একমাত্র সম্ভাট হর্বহ্বনের ছিল বিলিয়া জানি) ইহা মনে মনে খীকার করিতে বাধ্য হইলাম।

দ্রেন যথন শোণ নদ পার হইতেছিল তথনও ভাল করিরা কর্না হর নাই। জানালা দিরা মুখ বাড়াইরা এই বিশ্রুতথ্যতি নদের শোল দেখিতে চেটা করিলাম। বি-এ ক্লাশে বিশাখদতের মুদ্যরাক্ষস আমাদের পাঠ্যছিল;—তাহাতে চাণকোর মুখে প্রদন্ত একটি তেজীয়ান্ লোকে লোণ নদের শোভা সম্বন্ধে বেশ করেকটি জারদার কথা আছে। ঠিক কথা কর্মটি ভূলিয়া গিয়াছি, কিন্তু এ ক্লোকটি হইতে ধারণা হইয়া রহিয়াছে বে শোণ প্রকটা বড় জবর নদী,—মেবনা ত্রহ্মপুলের সগোলা ক্রিয়াছেন বে ইনিই সেই কালিলী কি না, যাহার বিশাল তটে কৃষ্ণ বালী বাজাইতেন। কিন্তু পুরুষ জাতি বিলার শোণনদ কোন কবির এ পরিমাণ দর্মণ উল্লেক্ষ্রিতে পারে নাই। নচেৎ প্রা মেবনার বিশাল

বিন্তার ও অনন্ত কলরাশি দেখিরা অভ্যন্ত আমার নরন্দর দিরা শোণের যে তুর্দ্দশা দেখিলাম ভালা কবিভার শোচনীরই বটে। বিশাল-বিন্তার নদ,—এক কালে ইহার আভিজাত্য ছিল, ইহার বর্জমান শীর্ণ মূর্দ্ধি দেখিগাও ভাহা বেশ বুঝা যার। কিন্তু নদের গভীরভা নিভান্তই নগণ্য, জল ভো একরকম নাই বলিলেই চলে। শোণ বর্তমানে কন্তু নদীর সংগাত্ত,—কন্তুর বিশাল বক্ষের মধ্য দিরা কীণধারা বহিষা চলিয়াছে, শোণেরও ভাহাই। অথচ প্রশন্তভার শোণ বে-কোন বড় নদ-নদীর সহিত তুলনীয়। এখন ইহার সমন্তটাই কেবল উমর ধ্যর বালুকাক্ষেত্র। হর্মার যথন ইহার সমন্ত বুক ভ্রিয়া জলপ্রোত প্রবাহিত হর, তথন নিশ্চরই ইহা ইহার প্রাচীন আভিফাত্য ফিরিয়া পার।

ট্রেন ষখন মোগলসরাই পৌছিল ভখন বেশ বেলা হইগ্লছে। যোগলস্বাইতে কল্যোগ সারিয়া লইলাম। **ट्वेंन कारोब हिनन-ह्नाब, फिर्काशूब, दिक्ताहब,** নাইনী ইত্যাদি বিখ্যাত স্থান আতিক্রম করিয়া প্রায় ১১টার এলাহাবাদ যাইর। পৌছিলাম। টেশনের সংলগ্ন বৰুৱী হোটেলে ডাল ভাভ ভরুকারী ইভাদি সমস্তই পাওয়া যায়। অভার দিনেই গাড়ীতে সুম্প তুলিয়া দিয়া যায়, পরের ষ্টেশনে বাসনপত্র নামাইয়া লইয়া যায়। একবেলার আহারের মূল্য ১। মাঞ্ এইবারের পরে আরও তুই একবার এই পথে যাভায়াত कतिया (मियाकि, बाठांत नुिंटिक गाँशांति कर्कि ना থাকে, তাইাদের পকে মাত্র ছই আনা বারে উদরণ্[§] করিয়া উৎকুট আহারের অক্স ব্যবস্থাও আছে। প্রভোর বড় টেশনেই ট্রেন থামিবামাত্র খাবারওয়ালা "পুরীগর্ম" ভাকিতে থাকে তই আনা মূল্যে উহার নিকট একবেলা খাওয়ার পক্ষে যথেষ্ট পুরী এবং ভরকারী পাওয়া যার। পুরী মহিষের খতে তৈরাতী, অতি স্থাতঃ ভ্রকারী প্রায়ই ওধু আলুব;—সময় সময় কলি :বং কড়াইসুটি সংযুক্তও পাওরা যার। ইহা ছাড়া প্রা^র अटिंड क ट्रेन्टमरे छे९कुरे (भवादा, माजा वा कमनारम् কুলের দিনে কুল, বেদানা, ডালিম, নেলপাভি, আপেন, আকুর, কলা ইত্যাদি পাওয়া বার। "মুদ্*ফাল ব* हीनावानामक अहुत। नाना अकात मिठीहे, ^{दावही}

ারম হাধ, চা ইত্যাদি তো আছেই । ই--আই--আর এ দুমণ করিতে গাইবার কট মোটেই নাই।

এলাহাবাদে প্রবেশ করিতে যম্নার পুল পার হইতে
ইল। পূর্ব্ব দিকে চাহিরা মাইলথানিক দ্রে এলাহাবাদের
ফোর্ট (ছুর্গ) এবং আরও কিছু দ্রে গলাযম্না-দলম
দেখা গেল। যম্না এলাহাবাদে মোটেই শোচনীরা
নহেন; বরং ভাহার শুদ্ধ শীতল স্থনীল বারিরাশি দেখিরা
চোধ যেন জুড়াইরা বাইতে লাগিল। বিক্রমপ্রের
ছেলে আমরা, আর্ধ-জলচর। সেই ভরল লরকতরাশি
দেখিরা ইচ্ছা হইতে লাগিল যে লাফাইরা পড়িয়া একবার
প্রাণ ভরিয়া সাঁভার কাটিয়া স্থান করিয়া লই।
প্রভাবিশ্বন-পথে এই ইচ্ছা মিটাইবার স্থ্যোগ যথেইই
পাইয়াছিলাম। পূর্ববন্ধে সার্থকনামী শীতল লক্ষার
ভলে এইরকম মরকত-স্বচ্ছতা দেখিরাছি।

এলাহাবাদ টেশনের জনভার লক্ষ্য করিতে লাগিলাম ভল্লবের মেরেদের গারের চমৎকার রং। ত্থে-লালভা রং প্রবেদের ভো তুর্গভিই, কলিকাভা অঞ্চলেও প্রচুর নহে। কিন্তু এ দেশে আধাকাধি মেরের গারের রং অমনি উজ্জ্বল ও স্থানর বলিয়া মনে হইল। শারীরিক গঠনেও বাকালী মেরেদের সহিত ইহাদের প্রভেদ আছে।

श्लाहावाम इटेंट्ड गांडी व्यावाद डेक्सारम हुटिन। দতেপুর, কানপুর, এটাওয়া, লিকোহাবাদ একে একে পার হইয়া টুণ্ডলা স্কাসিল। এক একবারে ৩০.৭০ মাইল দৌড়িয়া **গাড়ী আসিতেছিল। আগ্রা** বাইতে টুণুলায় গাড়ী বদলাইতে হয়,—আগ্রা টুড়লা হইতে ১০৷১১ মাইল মাত্র দর। সন্ধান্ত গাড়ী হাটরালে পৌছিল। ইঞ্জিনিয়র াবক মাতা ও পত্নীকে লইয়া হাটুৱাসে নামিয়া গেলেন। লামি মাতৃদেবীকে পান্তের ধুলা লইয়া প্রণাম করিলাম। তিনি মাথার হাত দিয়া আশীকাদ করিলেন। ইহাঁরা শনিয়া গেলেন পরে শৃঞ্চ ককে যে কয়েক ঘণ্টা আষার ক্ষন করিয়া কাটিল, ভাষা ভুক্তভোগী ভিন্ন অন্ত শ্হাকেও বুঝাইতে পারিব না। ইহাদের সহিত শাশার মাত্র ২০ ঘণ্টার পরিচয় ও সাহচর্য্য। হয় ত বাকী ^{বিনে} আর কোন দিন দেখাও ইইবে না। ভব্ সেই ^{নার্মান} সন্ধ্যার আধারে মাত্রদেবীকে প্রণাম করিয়া খন গাড়ীতে উঠিয়া পড়িলাম, তখন বিশ বৎসর পূর্বে যে মাকে হারাইয়াছি সেই মারের কথা উছলিয়া উছলিয়া যেন বুকের মধ্যে আলোড়ন উপস্থিত করিতে লাগিল। অবাক্ হইরা চিন্তা করিতে লাগিল। অবাক্ হইরা চিন্তা করিতে লাগিল। ব্যু, এই অল্পপ্রবাতা কি বালালীর আতিগত তুর্বেলতা, না আমারই ব্যক্তিগত হলর-দৌর্বলা ? কাহারও সঙ্গে বে কাহারও কোনই সম্পর্ক নাই, সংসারবাত্তার মান্ত্র্য যে ভয়বর একা—এই তত্ত্ব সহত্র সহত্র লোক সহত্র সহত্র বার উপলব্ধি করিয়া থাকিবেন। কিন্তু এ কি করুছ রহত্য মানব স্বল্পের পিনেকের পরিচরে অপরিচিতকে দে ভাই বলিয়া বুকে জড়াইয়া ধরিতে চাহে,—মা বলিয়া ডাকিয়া গর্ভজাত সন্তানেরই অপরিচিতার উপর লেহের জুলুম আরম্ভ করিয়া দেয়!

व्यानिगढ़, गांकिशांचान शांत इहेशा तांकि आंत्र अहांत्र গাড়ী ঘাইয়া দিল্লী পৌছিল। থোঁজ লইরা জানিলাম বোষেগামী এলপ্রেদ্ গাড়ী ষ্টেশনে আদিয়া দাড়াইয়াছে, —উহাতেই বরোদা বাইতে হইবে। এইবার ততীয় শ্রেণীতে ঘাইতে হইবে, কারণ এই গাড়ীতে মধ্যশ্রেণী নাই: গাড়ী বদলাইয়া বোষাইগামী গাড়ীতে ততীয় শ্রেণীর একথানি বেঞ্চ দথল করিয়া, বিছানা করিয়া, ঐ বিছানা ও মালপত্রের পাহারার এক কুলিকে বদাইয়া, কিছু ভোন্ম্যের সন্ধানে চলিলাম। তৃপ্ত হইয়া ফিরিয়া আসিয়া কুলিকে বকণীসু দিয়া বিদায় করিলাম এবং বিছানা দখল করিয়া বদিলাম। অল্লক্ষণ পরেই বন্দুক-হস্ত এক রাজপুত যুবক আদিয়া আমার বিপরীত বেঞে আংশ্রে কইলেন। কিজাদায় জানিলাম তিনি কোটা যাইবেন। ইংরেকী জানেন, কাজেই জোরে আলাপ চলিতে লাগিল। যুবক এক ঝুড়ি প্রাকাণ্ড **আকারের** সাল্লা বা কমলালের লইয়া চলিয়াছিলেন।

বলিলেন—"থাবে বাবু !"

আমি বলিলাম—"আমাদের ছিলেটের কমলা লেবু খাইলা অভ্যান, ভোমাদের দেশের এই টক সাল্লা আমরা খাইতে পারি না।"

উত্তরে ধুবক ছুইটি সালা হাতে ওঁজিরা দিলেন। বলিলেন--- "পাইলা দেখ, -- বেশী টক নহে।"

রাতার সাজার অভিজ্ঞতা হইতে মনে বড় ভরসাত্ত পাইলাম না। তবু ভদ্রবোকের অভ্রোব রক্ষা করিতে সালা ভোকনে রত হইতে হইল। এগুলি প্রকৃতই রাপ্তারগুলির মত টক ছিল না, তবে ছিলেটের লেব্র তুলনায় রদহীন ও পালা। আকারে কিন্তু এগুলি দিলেটের বৃহত্তম লেবুর বিগুণ।

রাজির মত শরন করিলাম। এ পর্যন্ত শীত কিছ
দেশের শীতের মতই; বরুষা বে রকম ভর দেখাইয়াছিলেন, তেমন কিছুই নয়। দিল্লীর পরে নয়া দিল্লী।
তাহার পরেই একদোড়ে গাড়ী ৯০ মাইল ছুটিয়া মথুরার
আাদিয়া থামিল। অর্দ্ব্যে জাগরণে শুনিতে লাগিলাম
—ফেরিওয়ালা ডাকিতেছে—"মথুরাজীকা প্যাড়ে"।
কোটায় ঘাইয়া ভোর হইল, রাজপুত ব্বক করমর্দন
করিয়া প্রপ্তাত জানাইয়া নামিয়া গেলেন।

এই রেলওয়ে লাইনটির নাম বোদ্ধে-বরোদ। এবং সেণ্ট্রাল ইণ্ডিয়ান রেলওয়ে,—সংক্ষেপে বি-বি-সি-আই। হাওজা হইতে সমগ্র ভারত রেলওয়ে গাইড কিনিয়াছিলাম। এই গাইডের মানচিত্র হইতে দেখিলাম, কোটার ১৫ মাইল উত্তর-পশ্চিমে বুঁদি,—

"জলম্পর্শ করব না জ্বার"
চিতোর রাজার পণ,—

"বুঁদির কেল্লা মাটির পরে
ধাকবে বতক্ষণ।"

त्महे वूँ मि ।---

চিতোরগড় কোটা হইডে সোজা পশ্চিমে বাট মাইল।
উদরপুর আবার চিতোরগড় হইতে সোজা পশ্চিমে
পরতাল্লিশ মাইল। খোদ রাজপুতানার মধ্য দিয়া
চলিয়াছি বুঝিয়া বীররসে হদর ভরিয়া উঠিতে লাগিল।
অনভ্যন্ত রসের আবির্ভাবে ক্ষ্মা বোধ হইতে লাগিল
বিষম রকমের, কিছু রাজপুতানার টেশনগুলিতে থাতের
চেহারা দেখিয়া কিছুই খাইতে প্রবৃত্তি হইল না। অবশেষে
বৈলা প্রার দেড়টার সমর নাগ্লা টেশনে গাড়ী থামিলে
খাছা অংশ্বংগ বহির্গত হইয়াছি, এমন সময় একেবারে
খোদ বালালাভাষায় পিছন হইতে ডাক গুনিলাম—
"আরে, নলিনীবার্ বে! এতক্ষণ কোথায় ছিলেন গ্"

রাজপুতানার মরুভ্মিতে বালালাভাষার আহ্বান ভনিয়া কুথা-তৃফা কণেকের তরে ভূলিয়া গেলাম। দেখিলাম ময়মনসিংহ আনন্দমোহন কলেজের অধ্যাপক ডা: শ্রীযুক্ত সুরেন্দ্রকিশোর চক্রবর্তী এক বিতীয় চ্ছেণীর কক্ষে তুঃখানীন হইয়া এই বাকাণভাষা-স্থা বৰ্ষ করিয়াছেন। কক্ষথানিতে উহার আয়তনের অতিরিক আরোহী বোঝাই.—আমাকে দেখিরা স্থরেন্দ্র বাবু তড়াক কৰিয়া প্ৰাটফৰ্মে নামিয়া পডিলেন এবং ৰাস্তায় পাছাভাবে কি বৰুষ কট পাইয়াছেন, ভাহারই করণ কাহিনী ভনাইতে লাগিলেন। তিনিও ব্রোদা যাত্রী। উভয়ে मिनिया कि कि ' ' भूबी- ग्रम' अवः वी सवस्न दिश्यान्त ভরকারী সংগ্রহ করিয়া যে যাহার ককে উঠিয়া পড়িলাম। मिल्ली एक एक मण्यूर्व दिक्कशानाम मधन नहेमाहिनाम. उथा इहेट्ड ट्रिक्ट बामाटक ट्रायम कटत नारे। काल्कर সিনক্রেরার শুইর বেবিট পাঠ করিতে করিতে দারা রান্তা আরামেই চলিয়াছিলাম। জুপাল হইতে যে গাড়ীখানা আদে, এই সময়ে তাহা আসিয়া টেশনে থামিল। তুইখন ভদ্রলোক আমার ককে উঠিলেন। ভাহাদের মধ্যে একজন কলিকাতা বিশ্ববিভালয়ের হিন্দি ভাষার অধ্যাপক। ভাইার নিকট সংবাদ পাইলাম কলিকাতা বিশ্ববিভালধের প্রতিনিধিগণ, যথা,—ডাঃ শীযুক্ত হেমচক্র রায় চৌধুরী, ডা: শীযুক্ত হেমচক্র রায়, ডাঃ শ্রীঘৃক্ত প্রবোধচন্দ্র বাগ্চী, শ্রীঘৃক্ত প্রিমরঞ্জন সেন,--এই গাড়ীতেই চলিয়াছেন। সংবাদ পাইয়া अমনি ছুটিলাম তাঁহাদের ককে, —দেখিলাম চারিকনে মিলিয়া দিব্যি তাদের আড্ডা গড়িয়া তুলিয়াছেন। কিঞ্চি আলাপ করিয়া নিজের ককে ফিরিয়া আসিলাম--গাড়ী আবার দৌভিল।

কোটা হইতেই লক্ষ্য করিতেছিলাম, ভূমি প্রভাগ বহল। বেথানে সেথানে মাটির নীত হইতে প্রভাগ বহল। বেথানে সেথানে মাটির নীত হইতে প্রভাগ গোণা উচাইরাছে। এখন রেল লাইনের ছবারেই পাহায় লেখা যাইতে লাগিল। অধিকাংশ ছানেই উবর মৃতিক্টি চাববাসের চিক্ষমাত্র নাই। দূরে দূরে দলে দলে দলে বহিব চরিতেছে। পাহাড়গুলি প্রকাশু প্রকাশু বাধের মত, মাটি হইতে কভক দূর প্রয়ন্ত উঠিয়া ঐ উচ্চতা বলাগ রাখিয়া গড়াইয়া চলিরাছে। এই শিথর বিরহিত পুরুষ লাভীর নিভান্ত একথের একাহারা চেহারার গণ্ড পাহাড় দেখিতে দেখিতে বিরক্তি ধরিরা গেল। নদীগুলির চেহারা আরও শোচনীয়। সারা বৃক্ত ভরিয়া নীর্ণ

প্ররের মত পাথর জাগিয়া জাছে। মধ্য দিয়া আঁকিয়া বাকিয়া অতি কীণপ্রাণ স্রোভ বহিয়া জানাইতেছে যে উহায়া বাঁচিয়াই আছে, মরে নাই। টেশনে টেশনে যে সকল পুরুষ উঠা-নামা করিল তাহাদের কাহাকেও বড় প্রতাপদিংছ ছুর্গাদাদের জাতি বলিয়া মনে হইল না। তবে স্থানী কাপড়ের পাগড়ী একটা সকলের মাথায়ই আছে বটে। এলাহাবাদ অঞ্চলের নারীগণের গঠন-পারিপাট্য এবং গোলাপা রং দেখিয়া মুম্ম হইয়াছিলাম। রাজপুতানার রমণীগণের মধ্যে পর্জার বড় কড়াকড়ি দেখিলাম,—বল্লার্ভ সচল মৃত্তিগুলির মধ্যে প্রশংসার বোগ্য বিশেষ কছু লক্ষ্য করিলাম না। তবে ভদ্রথরের মহিলাগণের গায়ের রং বেশীর ভাগই গৌর। ইহা ছাড়া পাহাড়, নদী, পুরুষ, নারী, সকলেরই রচনা যেন একই ছলো।

এই সমস্ত দার্শনিক তত্ত্ব চিস্তা করিতেছি এবং ওচতার প্রতিষেধক স্বরূপ মধ্যে মধ্যে বাঙ্গালা দেশের চিরপ্রচর-তোয়া নদী থালের হুই ধারের গ্রামগুলির খ্রামল শোভা ধানি করিয়া মধ্যে মধ্যে মনে স্লিগ্নতার প্রলেপ দিতেছি. এমন সময় সহসা টেশন হইতে দূরে একটা রাভা পার হইয়াই গাড়ী থামিয়া গেল। থোঁজ করিয়া জানা গেল. এ রাস্তার লেভেল ক্রসিংএর পাহারাদার কাটা পড়িয়াছে। গাড়ীওছ লোক দৌড়িল ঐ বীভৎস দৃত্য দেখিতে। আমাদের প্রকোঠে করেকটি নারী ছিল-ভাহারা প্রাক্ত বেলের কাটা মানুষ কি রক্ম দেখা যায় তাহা দেখিবার অস্ত দৌডিল। আমি নির্বিকার চিত্তে বিছানায় ভইয়া ভইয়া সিন্কেয়ার লুইর বেবিট্ পড়িতে শাগিলাম। এই রক্ষের বীভৎস মৃতদেহ দেখার ফল কি তাহা আমার বিলক্ষণ জানা আছে। অনভ্যাদের ফলেই হউক অথবা বালালী মন্তিভের অঞ্ভৃতির স্ক্রতা ও তীবতার অনুষ্ট হউক,—এই অপ্রীতিকর দৃশগুলি মন্তিকে স্থায়ী ভাবে মুদ্রিত হইয়া যায়, এবং আমরণ স্তিতে উজ্জ্ব থাকে। আমি বান্যকালে পাড়ায় এক ফানীর মড়া গাছে ঝুলা অবস্থায় দেখিয়াছিলাম ৷ আবিও সেই বীভংস দৃশ্য স্পষ্ট মনে করিছে পারি। স্থলর, প্রিষ্ক, মুণ্ডিত দুশ্চ বেমন মন্তিকে স্থায়ী ছাপ বাধিয়া বার, এবং অভুকৃল কাল্পে মানস-নত্তনে ভাসিয়া উঠিয়া জানন্দের কারণ হয়,—কুঞ্জী, বীভংগ, স্থঞ্জারজনক দৃশুগুলিও তেমনি প্রবলভাবে মন্তিছ অধিকার করিয়া বর্তমান থাকিয়া নিরানন্দের কারণ হইরা দাড়ায়। বেমুরা গান তুনার ফল দলীত সাধনার পক্ষে কি রক্ম মারাত্মক তাছা দলীতবিং মাতেই অবগত আছেন।

ইট পাথর লইয়া যাহাঁদের কারবার, তাহাঁরা উপস্থাস পড়েন কি না জানি না। আমার কিন্তু এ চুর্বালতা যথেষ্ট পরিমাণে আছে.--মাসিক পত্রিকার ক্রমশঃ প্রকাশ্ত-গুলিও বড় বাদ দিই না। রেল ষ্টামারে ভ্রমণের সঙ্গী স্ক্রপ প্রায়ই ছই একখানা ভাল উপ্রাস সভে লইয়া পাকি। এবারে লইয়াছিলাম বেবিট ও ফরসাইট সাগার এক জংশ ;--ইহা হইতেই পাঠকগণ বৃথিতে পারিবেন ষে উপস্থাদের পাঠক হিদাবে আপ-টু-ভেঁটত্ব (আধুনিক্ত্ৰ) রকা করা আমার পক্ষে সম্ভব হয় নাই। সিন্দ্রেয়ার লুই नारवल-श्राहेक अप्रांला, शनम् अप्रार्क्ति अ मुख्यकः छाहाहै। দিনক্ষেগ্রের ফ্রি এয়ার, মেইন ব্রীট এবং বেবিট এই তিন্থানা বই প্ডিলাম। মতামত লিপিবছ করিতে বড়ই সংলাচ বোধ হইতেছে; কারণ, আমার মতামতে नूरेव त्नार्वन श्राहेको चात्र छेड़िवा बाहेरव ना। किन्ड এ কথা নি:সঙ্কোচে বলিতে চাই বেবিট বা মেইনষ্টাট. এই তুইখানা প্রকাণ্ড বইএর একখানাও আমি ফিরিয়া পডিবার পরিশ্রম স্বীকার করিতে রাজি নই.--ফিরিয়া পড়িবার জক্ত মনে বিন্দুমাত আগ্রহও নাই। অথচ শতবার-পঠিত দেবী চৌধুরাণী বা শ্রীকান্ত যে-কোন পুষ্ঠা হইতে আবার শেষ পর্যান্ত পড়িয়া ফেলিতে विक्रमाञ्च कहे इस ना। (विविध्वे धवः (सहन द्वीदि कि প্রশংসার যোগ্য জিনিস নাই ? নিশ্চ এই আছে। কিছ আমার সনেত হইতেছে, অন্ত্কি বাজে কথা লিখিয়া. বাজে জিনিসের খুটিনাটি বর্ণনা দিয়া পুঁথি বাড়াইবার প্রলোভন হইতে লুই মৃক্ত নহেন। ছোট মৃথে বড় কথার মত অনাইবে,--কিছ আমার মত নিতাভ সাধারণ वाकिए এই भूषि छ्रेथानि हांगिया कांगिया, ठातिमात्कव অনাবশ্যক আবর্জনারাশি হইতে মুক্ত করিয়া, ইহাদের প্রত্যেকের মধ্যে টিকিয়া থাকিবার মত বে সার পদাৰ্থ-টুকু আছে তাহা বাহির স্থানংক্ষ সৌন্দর্য্যার ক্ষত্তর আর্ভনের উপকাস গড়িয়া দিছে পারে। লুইর বইগুলি পাড়য়া কেবলি মনে হইতে থাকে,—থাটি জিনিদের সংল লেখক বেকার ভেজাল চালাইয়াছেন—ফুলরের সহিত থিড়ের অফুলর, অনাবশুক, সৌল্ব্যবিজ্ঞিত অভি সাধারণ জিনিস চালাইয়া দিয়াছেন। ফরাসী লেখক হিউগোপ্ত এই দোষ হইতে মুক্ত নহেন। তাঁহার লা মিজারেবল, নটারডেইম ইত্যাদি বিখ্যাত গ্রহেও বহু বিরক্তিজনক অবাস্তরের অবতারণা আছে। কিন্তু কাব্যের উৎকর্বে এই সমন্ত প্রায় ঢাকা পড়িয়া গ্রিয়াছে। লুইর কাব্যের উৎকর্ব অবাস্তরে চাপা পড়িয়াছে। লুইর বইগুলি বেন নিভান্ত প্রকাশ সদর রাভার ফটোগ্রাফ, চিত্রের সৌল্ব্যা ক্লাচিৎই তাহাতে আত্মপ্রকাশ করিবার স্থ্বোগ পাইয়াছে।

তবে সুইর সাহসের প্রশংসা করিতে হয়। বেবিট বাড়ী বিক্রয়ের লালাল, বয়স পরতালিশ, নিতান্ত গছসর জীবন। এমন লোককে নায়ক করিয়া,—এমন নিতান্ত সাধারণ লোকের নিতান্ত জাটপোরে জীবনযাত্রার বছবিধ চিত্র দেখাইরা বে একখানা উপস্থান থাড়া করিতে পারিয়াছেন এবং তাহান্ত লোকে পয়সা দিয়া কিনিয়া পড়িতেছে, ইহাতে লেথকের ক্ষমতার পরিচর পাওয়া বার বই কি ৪ শ্রামবালার হইতে কালীবাট জয়ণের চিত্রও বাহার হাতে জ্বপাঠ্য হইয়া দাঁড়ায় না,

তাঁহার ক্ষমতা আছে খীকার করিতেই হইবে। সুইর ক্রি এয়ার বইথানা মনে নধুমর ছাপ রাখিয়া গিয়াছে,— উহা, ফিরিয়া ফিরিয়া পড়া কঠিন হইবে না।

সাহিত্য রস পানে বছকণই কাটিয়া পোল—বোধ হয় দেড় ঘণ্টা থামিয়া থাকিয়া গাড়ী আবার চলিল এবং রাত্রি প্রায় ৯০টার বরোলা বাইয়া দাড়াইল। টেশনে ভলাতিগারগণ ছিল—এবং কোন্ প্রতিনিধির কোন্ ক্যাম্পর স্থান হইরাছে, তালিকা পড়িয়া তাহাই বলিয়া দিতেছিল। পেখিলাম বিনরতোব আমাকে নিজের বাড়ীতে স্থান দিয়াছে। একথানা টালা করিয়া বিনরের বাগার যাইয়া উপস্থিত হইলাম। বিনর তখন পর্যায় সম্মিলনের কাজেই চরকীর মত পুরিতেছে। বিনরের ভাগিনের শ্রীমান নীলক্ঠ প্রদার বদনে অভ্যর্থনা করিল। নীলক্ঠকে বলিলাম—"নিজের নামের অর্থটা জানা আছে তো হে।" নীলক্ঠ হাসিয়া বলিল—"কেন, বলুন ভো।" আমি বলিলাম,—"আমার জল্ল এই ক্য়দিনে অনেক বিষ ভোষাকে প্রতাহ হজম করিয়া ভোমার নামের সার্থকতার প্রমাণ দিতে হইবে।"

কতকণ পরে, দরবার-পাগড়ী মন্তকে, পামস্থু পাছে, চাপকান গারে জ্রীমান বিনয়ভোষ ঝড়ের মত আসিলা ঘরে চুকিলেন,—আর সেই সুপরিচিত প্রাণপোলা হাসি হাসিয়া অভ্যাগতকে বুকে জড়াইরা ধরিলেন।

আই-হাজ (I has)

শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়

(৩৭)

দশাব্যেশে গ্লাফান করে, বিখনাথ অরপ্ণা দর্শনাছে ফিরে এসে, মা কালীকে মনের কথা জানিরে মাথা তুলতেই দেখি—শিবুদা ব্যস্ত হরে চলেছেন—ছ'হাতই জোড়া,—কাপড়েও কি সব···

ডাকতেই বিষক্ত ভাবে পেছন কিরে চাইলেন। পরেই প্রসন্ন মৃথে—"এথানে রয়েছিস আর দেখাটাও করিসনা ?"

বলসুৰ---"এথানে রয়েছি কে বললে ৷"

বললেন—"হবে যে আছো বেচে?—কি ভর্কর কারগা রে ভাই,—মরণ বাঁগশেলা!—

বলগ্ম,—"গব চুল যে পাকিয়ে ফেলেছেন দেখছি—"
বলগেন—"চূল পেকে আর কোলো কি, বালার
করাটাও তো বদ্ধ হ'লনা।—জুর না পাকলে কি
নেবেনা? কাশীবতে তো ও-সহদ্ধে কিছু খুঁজে পাইনা!
২৭ বছর কাশীবাসই করছি দেশে কেরবার দক্ষাও
রকা—দরামরেরা,—বুঝতে পারলিনি? জাভিরা রে,—

ভিটেটুকু ও ভাগা ভাগি করে নিরেছেন—তা নিন — তার পর তারা নিজেরা দব সাবাড়ও হরে গেছেন,—তা যান -—এখন দেশে গেলে আর চিনবে কে ? কি বিপদ বল্ দিকি!"

বলসুম--- তা বটে, -- কি করবেন, হাত তো নেই--- " বললেন--- থাকবেনা কেনো, -- এই ভো বাজার করার ভরে ভো বেশ ররেছে-- "

কথা না ৰাড়িয়ে বলনুম—"এডো বেলায়, এদব কি '' ছ'ংগত কোড়া,—কপালে ডান হাতের উলটো পিঠঠ। ঠেকিয়ে বললেন—

— "ভাই, কে জানে কে তু'জন আমার সাভপুক্ষের আগ্রীয় এসে হাজির হয়েছেন। নিজের থাবার তাঁদের থেড়ে দিয়ে, মুড়ি কিনতে এদেছি। এখন আবার বাঁধে কে? বিকেলে একজন চায়ের সজে দেনাটোজেন খান, — ভাই এই ছ্ধ।— আমার ভো কাপু নেই— ভাড়েই বানাবেন, ভাই ভাড়টা নিল্ম। দেনাটোজেন-ভোজীর এ অনাটনের আন্তানায় কট পেতেই আসা—"

ছ'তিন সেকেও নীবৰ থেকে বললেন — "ভূলের সাজা রে ভাই — ভূলের সাজা! কালীবাস করেও ভূগ করেছি। (দীর্ঘনিশাস কেলে বললেন) সারা জীবনটাই 'I has' হয়ে সেল! কা'কেও মুখী করতে পারলুম না—"

আমি সোৎসাংহ বলে উঠলুম--- "বড় কথা মনে করে দিয়েছেন দালা। ইচ্ছে করে I has বলেন কেনো, ওর গৃঢ় অর্থ-টা কি ।"

ভিনি অংশ্চণ্য হয়ে আমার দিকে বিশার-নেত্রে চেয়ে বললেন—"ওটা সন্ডিট্ট আজো ভোর আক্রেলে আসেনি নাকি? বলিদ্ কি! এতে৷ ঘ্রলি, এতো দেখলি, এতো দিন রইলি, তবু আঁয়াঃ!"

আমি অপ্রতিভ ভাবেই শীকার করন্য-সভিত্ই বৃথিনি দাদা,-বরং ভনলে খট্ করে কানে বেমুরো লাগে।

—"লাগ্বে, লাগ্বে, ভোরা গ্রামার-ত্বস্ত ছেলে,—
লাগবে বইকি ৷ আর বিখটা বে সক্ষানে ভূলের ওপর দে
বুক ফুলিয়ে চলেছে পেটা লাগেনা ৷ কি অমৃতই
গিলেচিন্ ৷ আমাদের I বলে কিছু নেই রে—নব 'it',
—third person Singular ! এতদিন ভবে দেখলি
কি ৷ টা আমাদের মুটো অভিনয়ের মুখোন !—অর্জুন

ক্লীব হয়ে বিরাটের রাজ্যে বেশ নিরাপদে ছিলেন, তাঁর Iটি রেখে এসেছিলেন শনীবৃক্ষের চুড়োর। আমাদের আছে খুরোয়—বাক—ভাবিস্নি—শলৈ: পছা। It এখন বিশেষণে উঠেছে—গুণবাচক দাড়িরেছে—খবর রাখিস প বড় বড় নামা অভিনেত্রীরা নাকি It girl—ভোদের গ্রামারকে নমস্বার।"

— 'দেখে তনে তাই অসবর্গ-ই মঞ্ব করেছি । কেনো জানিস্ । তোদের একবার যেন বলেছি বোধ হর । একজন up to date হালী বাবুর বাড়ী যেতে হবে, কিছ জুতো জোড়াটা কিনে পর্যান্ত ব্রকো দেখেনি । কাজেই পা আর এগোরনা !—হাসিসনি—Cultural Sway—ফুটির কুপা—কোবরার ফেটেছে ! বাক্—কালী এসে বিশ্বনাথে নাম পর্যান্ত ভূলে গিরেছিনুম,—সে দিন তাঁকে ডাকতেই হ'ল—ব্রেছার ব্যবস্থা করে দাও বাবা ।—

—"এক তেমাথার ফুটপাথে দেখি, এক চামার তোড় জ্বোড় নিম্নে বদে'—"পার করে। মেরি নেইয়া" বলে গান ধরেছে। ভাকে বলন্ম—"বাবা আমাকে ভো আগে পার করো—ভদ্রমাজে বেভে পারছিনা…"

"দিজিয়ে বাবৃজি" বলে, পা থেকে এক পাটি খুলে
নিয়ে ঝাড়তে বোদলো। তখন বিশ্বনাথে প্রগাঢ় বিশাদ
এলো,—ভাক শোনেন বটে! সেই সময় এক কুদৃশ্চ একা
এসে উপস্থিত, তার হতভাগা গাড়োয়ানটা কভকগুলো
ছেড়া-থোঁড়া চামড়া এনে সকাতরে বললে,—"ছ'টো
ফোঁড় লাগিয়ে দে ভাই, সওয়ারী বদে,—বিশ্বনাথের
কুপায় মিলেছে ভাই—নেবে গেলে ছেলেপুলেয়া খেতে
পাবেনা—এই তিনটি পয়সা আছে।"

মুচি আমার জুতো হাত থেকে নাবিয়ে রেখে আমাকে বললে—"বারু পাঁচ মিনিট্ মেহেরবানি কি-জিয়ে, আপকো, তো সওক্ (সখ্),—ইস্কা বড়া জকরৎ,—লেডকা-বালা ভুখা হার" বলে তাড়াভাড়ি তার কার আরম্ভ করে দিলে।

স্কাদ অলে গেল, ব্যাটা ছোটলোকের আকেল ভাবে। ও পরে এলো, আবার ওর কালই জন্দরি হল। ছেডে বেতেও পারিনা—গুদ্ হ'রে রইল্ম। গু-বেটা যেন চামার,—বিখনাথের ব্যবহারটা কি । এতে আর ঠাকুর দেবতা লানতে ইচ্ছে হর ?—

-- "একাওলার কাজ হরে গেল, লে তিন্টি প্রসা

ৰার করতেই মৃচি বেটা বললে—"ও রাকো ভেইরা, লেডকা বালাকো থিলাও বাকে, হান্কো রামজি দেই দুগা।" তার কাতর মূথে চামার বোধ হয় তার হলরের সত্য ছবিটা দেখতে পেরেছিল,—গরিব গরিবকৈ চেনে।—আমার কাছে হাত জোড় করে মাপ চেয়ে বললে—"ওর সওয়ারিটি ছিলেন 'বাবু'—তাঁর অপেকা সইতোনা, অনারাসে নেবে বেতেন, বেচারার অবস্থা ভাবতেননা,—তাই আপনাকে কট দিরেছি।"

যাক্—ভার পর আমার ভুতো থক্ থক্ করে উঠলো বটে—মনটা কিছুমাণ্ড্রমাণ্ডেইরে গেল। চামারের গ্রামারই প্রাণটা দখল করে রইলো। সে কেবলই বলতে লাগলো— "কপালে লখা লখা I (আই) টেনে আর লজ্জা বাড়িওনা, টানতে হয় তো বরং এদের ভাই বলে' কোলে টেনে নাও, এরাই সভিয়কারের ভারতবর্ধ।"—শিবুদা নীরব হলেন—

বলন্ম—"ৰীকার করি সব দিকেই ভূলের আফালন, সেইটাই সর্বাত্ত সহল সত্য হরে নৃত্য করছে,—জগংমর ! সত্যের শবের ওপর নব নব মিথ্যার সাধনাও চলছে— তবু I has বলতে...বেন—"

বলনেন,—"ঠিক বলেছ ভাষা, শিক্ষিত যে—লক্ষা করে—না ? ওইটাই ভো বুঝতে পারল্মনা। কিছু আর দক তো বেশ জেনে ভনে, ভেবে চিল্কে দিবিয় চলছে।—I has ও চলে রে—। শোন্—

- —"হরগোবিন্দ বাবু বিচক্ষণ Sub-Judge (সব-জজু) ছিলেন—রায় বাহাত্র । ছেনে ননীগোপাল English এ (ইংব্রিজিতে) এম-এ—Class First—
- —"ছোট লাটনাহেব আদার, ছেলেকে দলে করে interview এ (দেখা করতে) গোলেন। প্রথমে নিজে চুকে ভূমি স্পর্শ করে সেলামান্তে জানালেন— আপনাদের ক্লণার ছেলে এবার এম- এ পরীক্ষার ইংরিজিতে Ist class ist হরেছে। সে সলে এসেছে,—হজুরের কাছে Deputy mountain লাটি এর জন্তে ভিকাপ্রার্থী। (অর্থাৎ ডেপ্টিগিরির জন্তে)। লাটদাহেব ছেলেকে দেখতে চাইলেন। —সে দোর-গোড়াতেই ছিল। বাপের কথা ভার কালে বাছিল, আর জ্ঞানাক মুখ বিবম কোঁচ্কাছিল।

ছরপোবিন্দ বাব্ ভাকে ডেকে এনে বললেন—It is I son sir—

লাটদাহেৰ বনলেন—It is you son Haragobind—very very glad—I shall see—he gets Deputy mountainship—

হরগোবিন্দ সেলাম করে বললেন—"Your 'sec' and our 'done' same thing my Lord— (আপনাদের 'দেখবেন বলা' আর আমাদের 'কাজ হওরা' একই কথা) ইত্যাদি।

ছেলে লজ্জার মাথা কেঁট করে লাল মারছিল আর বামছিল। বেরিরে এসে বাঁচলো। তার কট বিরক্ত মুখ দেখে বাপ বললেন—

- "যদি হয় তে ওই I son এই হবে। তুই ভোর ছেলের বেলায় my son বলিস। ভাতে চাপরাসিগিরিও জুটবে না;"
- —"মাথার চুকলো | '-- 'I has'ই কাজ দের। -পালের পরীক্ষা-পত্রে ছাড়া।"

আমি পারের ধূলো নিলুম।

শিব্দার হঁদ হল,—"বাঃ আমার ছুগটো এতগণ বেড়ালে মেরে দিলে।" ছুটলেন।

আমি নির্কাক নিম্পদ শিব্দার দিকে চেরে রইল্ম।
তিনি মান্নরের মধ্যে মিশিরে কথন্ যে মহামান্নই হরে
গেছেন, সে হঁল নেই। আমার দৃষ্টি তার গমন-পথেই
আবদ্ধ, আমার চোথে শিব্দাই বর্তমান—তার সেই
graduates gown পরে সহাস মুখে গ্রামে প্রথম চোকা
থেকে আক্ষকের গামছা কাঁখে আটহাতি পরা শিব্দা,
এক এক করে প্যানোরামা পিক্চারের মন্ত দেখা
দিচ্ছিলো,—পুরাতনের মধ্যে কেবল হাসির সঙ্গে তাঁর
বিচ্ছেদ ঘটেনি। গাউন্-গর্বিত সেই শিব্দা—থ্যন
গ্রামার ভূলে—চামারের গ্রামারই শীকার করেছেন।

একজন একাওলা, ধইনি খাচ্ছিলো, লোড়াটা মুখ হেঁট করে—কাশীর মাটি সোনা কিনা তাই বোধ্যয় দেখছিলো।—অভাবের উপভোগ্য বিলাস!

त्नांकोटक वनन्म,-वावि ? "बाहेरव वावृत्ति-काहा ?"

বলসুম—"কাঁহা আবার জিজেন্ করতা হার ? সোলা শহুট মোচনুরে বাবা !"

নে একগাল হালি গিলতে গিলতে হাঁকিরে দিলে, এবং কোরলে গান হেঁকেও দিলে — তুঁহি দীন কাঙারী হামারি—

শমাথ

শিবপুরীর যাত্রী

बी हूगीनान मूरशांशांग वि-धन

নারনীয়া শুক্লা চতুর্থীর কৌম্দী-স্রাক্তা তাজ দেখে শাজাই।
বানশার কোমের প্রজার হৃঃস্থ মনটাকে ভরিয়ে নিয়ে—
কোজাগর প্রিমার দিন বেলা নয়টার সময় গোয়ালিয়রে
ফিরে এলাম। নিজের খয়টিতে বসে পশ্চিম দিকে
চাইতেই আবার সেই গোয়ালিয়র ছুর্গটা চোখে পড়ল;
সে তার নিঠুর শ্বতির বোঝা মাথায় নিয়ে য়ুর্গের কালিমা
আকাশ-পটে লেপে দিয়ে দাঁডিয়ে আছে। অম্নি
অস্বের সেই মহাপ্রেমিকের মহান্ ছবিটাকে নিমেষে
ধান্ থান্ ক'রে দিয়ে ভেতর থেকে কুল স্বর গর্জে

উঠ্লো, এ কি ভোমার লীলা দরামর!
পিতার বক্ষের এ অত্রস্ক প্রেম-নিক্রের
মাগ্য এ পীযুবের ধারা বহাইরা ভোমার
প্রি-ত তের ক কোন্ উদ্দেশ্য সিদ্ধি
হ'লো? সম্দ-মন্থনের যদি আবার
আবশ্যক হয়েছিল, তবে গরল পান
ক'বে প্রি রক্ষা কর্মার উপায় কেন
কর্মান মন্তন্ময় ৪

যাক্, স্মার আয়হারা হবোনা।

-এই রকম যথন মনের অবস্থা, তথন

থা মার ভারে শ্রীমান রমাপতি—
গোরণিরর জীয়াজিরাও কটন মিলের

যানে জার—এদে বল্লে "মামা!
বৈকাল পাঁচটার সমন্ন 'নিপ্রী' (শিবপ্রী) বেতে হবে, ভৈরী থেকো।"

আনি উৎসাহের প্রথম ধারুটো সামলে নিয়ে বরুম
"বাাপার ?" সে বরে, "ব্যাপার আবার কি ? কোল্কাতা
থেকে প্রভূদরাল এসেছে; চল সকলে ঘুরে আসা যাক,
একটা বেশ Excursion হবে। আর আজ সারদ পূর্ণিমা
শ্রাজ ত প্রকৃতি তার সৌন্দর্য্যের হাট বসাবে।" আমি
ংগে বরুম "ম্যানেজার মশারের কবিত্ব জেগেছে দেশ্ছি
বি। আছে। আমি ত পা বাডিয়েই আছি। তারপর এপন

একটু প্রভাবনা কর তো গুনি।" শ্রীমান্ ত হেসেই
আকুল "ভোমার সব ভাতেই হেঁরালী। প্রভাবনা আবার"
কি ? এখান খেকে মটরে বাওয়া হবে—দূরত্ব ৭৫ মাইল।
রাত্তা ভাল, যেতে প্রার্গ তিন ঘণ্টা লাগবে। আর
আমাদের দল হবে—তুমি, আমি, শ্রীমৃক্ত প্রভুদয়াল
হিম্মৎসিংকা, শ্রীমৃক্ত রাধাকিবণ বিরলা, একজন পরিরাজক সম্যামী, মিটার বেজামিন, আর লিখ সিপাহী
ফের লিং ও একজন চাকর ও তুইজন মটর-চালক।
থাকবো সেধানে গিয়ে গ্রাণ্ড হোটেলে"। আমি



(১) প্রভ্নরাল হিম্মতসিংকা, (২) পরিবাজক, (০) লেখক (এচুণীলাল ম্বোপাধ্যায়), (৪) রমাপতি ব্যানাজ্ঞি, (৫) মি: বিরলা

বল্ন "তা বা হোক মন্দ হবে না। দলটি ত Cosmopolitan গোছেরই হয়েছে। সময়টা তা হলে কাটবে মন্দ নয়।"

আমাদের দলের লোকগুলির কতকটা পরিচর দিরে নিলে পাঠক-পাঠিকাদিগের স্থবিধা হবে। আমার পরিচর কলে;—আমার ভারে শ্রীমান রন্থতি বল্যোপাধ্যার—তিনি গোয়ালিররের সর্বজনবিদিত মিষ্টার

ব্যানাজি, ভারত-বিখ্যাত Manufacturer Prince विश्वाना जामार्ट्स कियाकीयां करेनियानव मार्ट्सकात. আৰু নর বংগর এথানে আছেন। জীবুক্ত প্রভুদরাল 'হিল্পানিকা কলিকাভাউচ্চ-মাদানতের Attorney ও ্র কলিকাতা কর্পোরেশনের প্রবোগ্য কাউন্সিলার ও শ্রীমানু রমাপতির বাল্যবন্ধ। শ্রীমুক্ত রাধাকিষণ বিরলা উक कर्षेनियान्त्र Assistant Secretary : পরিবাদক সর্যাসীর আর পরিচর কি-ভিনি ভবছরে। মিঃ বেঞ্জামিন্- একজন জুইদ ধর্মাবলমী। গোয়ালিয়র मिर्लंब weaving master । पृष्टेकन महेत्र होन्टकं मरश्र একজন-মভি, স্থানীয় লোক, সব জানে শোনে, আর দিপাহী ফের দিং যুদ্ধ-প্রত্যাগত, ভাল রাইফেল চালাতে কানে এবং দাউথ আফ্রিকার একটা বাঘও মেরেছিল। আর একটা মোটরচালক ও চাকরের পরিচর অনাবশ্রক। গাড়ী ছইখানির একথানি "বুইক", আর একথানি জগরিখাত "মাষ্টার Ford."

যাহা হউক দিনের বাকী সময়টা ত আগ্রহ উপেক্ষায় কাটিরে দেওরা গেল। বেলা চারটা বাক্তেই বাত্রার আন্মোক্ষনের ধ্ম প'ড়ে গেল। গাড়ী বাড়ীর গেটে আদিরা "দিলা" ফুঁকিরা তা'র আগমন-বার্তা শুনিরে দিলে। শ্রীমান্ তাড়া দিরে বল্লে "কি কর্চ্ছ মামা! এখনও হ'লো না। তা'রা কতক্ষণ বেরিরে গেছে।" আমি বল্ল্ম 'কারা'!…"কেন, বৃইক গাড়ীর বাত্রীরা—প্রস্কুদরাল, রাক্ষিক্ষণ, বাবান্ধী ইত্যাদি।"

আমি বধাসম্ভব তাড়াতাড়ি ছ্'-একটা অত্যাবশুক জিনিবপত্র একটা স্টেকেনে ভরে নিরে এবং নিজে সমরোপবোগী পরিজ্ঞদাদি পরে ছুর্গা নাম শ্বরণ করে বেরিরে পড়্লুম। তথন বেলা প্রান্ন পাঁচটা। আমাদের পশ্চাতে স্বর্গাদেব সমন্তদিনের অবিশ্রাম্ভ পরিশ্রমের পর সেই নির্দ্ধর গোরালিয়র ছ্র্গাটার কাছে গিয়ে বেন ভার নির্দ্ধরতার ক্লাহিনী মনে ক'রে তার উপরে অগ্নি

আমাদের ষ্টর কোর্ড, চালক ষতি—তার পাশে
নির্মান, নির্তীক শিধ কের সিং, হাতে আর্থাণ
রাইকেল। পেছনে বসিবার জারগার শ্রীমান্ আমি ও
মি: ক্রেমাজিন। গাড়ী ছেড়ে দিল। গোরালিরর টেশন

পশ্চাতে রেখে আমাদের গাড়ী দক্ষিণ দিকে প্রবন বেনে ছুট্ল: ক্রমে সহরতলি পার হয়ে আমরা পর্বত্যত शांत धरम भ'क्नूम। धर्शात भाराक्शिन कि पूर्व দূরে। প্রার তুদিকেই পাহাড় এবং কতক-কতক গাছে छाका। आधारमञ्जू महेन चर्हात २०।७० माहेन तिला চলেছে। किन्नरमृत काशनत हतन कामना छुहेि द्राश्वाद সংবোগন্তলে এসে পৌছিলাম-একটা আগ্রা-বছে বোচ ও অপরটা ঝাঁসি রোড। আমরা ঝাঁসি রোড কাছে **८त्रर्थ व्याशी-तर्थ ८**त्रां धत्रमाम। अवः मरक मरक পর্বতভোগী ঘনস্রিবিষ্ট ও নিকটবর্তী হতে লাগ্ল মালার দারা বেষ্টিত হয়ে পড়ছি। এ-সকল স্থানের দ্রভা দেখে মনে যুগপৎ আনন্দ ও বিশ্বরের ভাব জেগে উঠে। প্রকৃতির নগ্ন সৌন্দর্য্য কত গভীর ও রহক্ষভর। মনে হয় জননী যেন সন্তানকে ভার সৌন্র্যসভার সাজিমে নিয়ে ডাকছে-বলছে, আর আর তোরা আমার কাছে আর--সেই মহাশ্রষ্টার স্ষ্টি-তত্ত্বে গুড় রহন্ত তোদের বলে দিই। কিন্তু মানুষ ত' তা যাবে ন। সে বে ভার নিজের স্টির রাজ্য নিষেই ব্যস্ত। ভারা বে চার ভারই মধ্যে দিয়ে সেই অপংশ্রহার স্থ্র মাহাত্মকে হীন করে দিতে। এই সংগ্রাম-লিলাট ভাদের আত্মহারা ফুকরে তুলেছে। ভারা সঞ্চানের মতই আবার ভগবানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে मिरबटक। अटब পাগলেরা, ভোদের যে **অনিবার্য্য---বন্ধ, ভূমিকম্প, আগ্নেরগিরি, ঝঞ্চা,** মহামারী ইত্যাদির একটারও আক্রমণ থেকে আত্মরকার উপায় উদ্ভাবন কর্ত্তে পেরেছিদ কি? তারপর তাঁকে আক্রমণের কথা ৷ কেবল কতকগুলো ধেলনার স্ট করে উত্তাবনী শক্তির বাহাত্রী নিলে ত' আর চলে না যাক, কথার কথার অনেক অর্থহীন অবাস্থর কথার অবভারণা করে ফেল্বুম। এখনি হয়ত ^{বিরাট} বিজ্ঞান-জগতের ধুর্ম্মরগণ তাঁদের ভাল বেভালকে নিবে যুদ্ধখোষণা করে দেবেন। (আর আমার যত না

কোনও কোনও স্থানে রান্তার ছ্থারে পাহাড়, আবার কোথাও এক্দিকে পাহাড় ও অপর্দিকে সমত্লকের

হোক হুর্ভাগ্যগ্রন্থ প্রকাশকের শীবন বিপন্ন হয়ে উঠ্বে।)

রা গভীর খাদ। এখানে রান্ডার প্রশন্তভা প্রায় ৪০' কট চবে,—রান্তা পাকা এবং স্থার ; রান্তা প্রস্তুত করবার মধ্যে নিশ্বাণকণ্ঠার বেশ বাহাছরি আছে। এই পর্বভ্রমর _{প্রের}শর এই রান্তাগুলি দেখলে মনে হয় যেন এগুলি প্রকৃতির রহক্সরাব্যের মধ্যে চুকে তার সৌন্দর্য্য উপভোগ ক্রার প্রবেশ্যার। আমরা যতই অগ্রসর হতে লাগলাম পর্বতভোগী ততই আমাদের নিক্টবর্তী হতে লাগল এবং কোথাও আমাদের রান্ডা প্রতিবক্ষ विभीर्ग करत करन वांटक वंदन मत्न इन। দূরে বুহত্তর পর্বাভগুলি বিভিন্ন রূপ ধারণ করে দাঁড়িরে আছে। কোনটি খন বনাচ্ছাদিত। এইপ্ৰকার দুখাদি দেখতে দেখতে এবং পাহাড়ের আড়ালে প্র্যাদেবকে হারিরে ফেলে ক্রমে আমরা সন্ধার রাজতে এসে পড়লুম। কিন্তু ভাতে আমাদের দৃষ্টির আনন্দ উপভোগ কর্মার অস্থবিধা হবার সম্ভাবনা ছিল না-কারণ সেদিন পূর্ণিমা।

আমরা প্রায় ৩০ মাইল এসে গাড়ী দাঁড করালাম। সে জারগাটি একটি রেল্ডরে টেশন —নাম "মোহনা"। স্মার বলতে ভূলে গিয়েছি যে মামাদের দক্ষিণে গোয়ালিয়র টেট রেলওয়ে লাইন শিবপুরী পর্যান্ত গিয়াছে। এবং তাহারই এক একটি টেশনের নিকট এসে আমাহাপলীর সন্ধান পাঞ্চিলাম। দরে দরে পাহাড়ের কোলে ছই একথানি গওগ্রাম দুই এখানে এদে আমরা গাড়ী থেকে নেমে একটু পারচারী করে নিলাম এবং চাঁদিনীখাতা প্রকৃতির হাস্তমন্ত্ৰী শোভা প্ৰাণ ভ'ৱে পান করবার লোভে মটরের 'হড' ফেলে দেওৱা হল। ভারপর আবার গাড়ী ছড়িল। ক্রমেই রাস্তা ভরানক হতে লাগল। পাহাড়, ঘন জলল, আর গভীর খাদের মধ্য দিরে রাস্তা। য়ান্তা পূৰ্ব্বাপেকা অল্ল পরিদর এবং তাহা কোণাও কোধাও সম্পূর্ণ বেঁকেছে এবং স্থানে স্থানে ভাষা শতাধিক পরিমাণ উর্ব্ধে গিয়া আবার ঐ পরিমাণ নিমগামী হরেছে। ক্রেমে ক্রমে পূর্ণিমার চক্র ভার স্মিধ-শ্ব চল্রমার সমস্ত প্রকৃতিকে অপূর্ব প্রভার উত্তাসিত ^{করে তুলা।} সে যে প্রকৃতিদেবীর কি প্রাণমাভান শিল্মন্ত্ৰী বেশ, ভা উপলব্ধি করা সহল, কিন্তু তহুপযুক্ত ^{ছাবা দিয়ে} সা**জিয়ে ভা অপরকে বোঝান শক্ত**। বিরাট

भर्व छमकन है। निया-८थी छ इत्य वृक कृतिहत्र नी फ़िरत दिवन আমাদের ভালের রূপ দেখতে আহ্বান করছে; আবার কোণাও সেই পর্বতের ছারা পড়ে সে আলোর সৌন্দর্য্য বেন আরও বাড়িরে তুলেছে। এইরকম আলো ও ছায়ার ধেলা দেখতে দেখতে আমি মিঃ খেলামিনের नत्क नाना विषय कथा वनएड वनएड हरनहि । वामान বেশ মনে পড়ে তাঁকে আমি বলেছিলুম "দেখ ছা मार्टर! श्रव्यक्ति-रमरी अमन विक इट्छ मोन्सरी विनिद्य कीवटक कि कांत्र कांशांख वक्त करत ?" जांदहव আমার কথা ভনে বলেছিল ভিংলতে আমরা এমন কথনও দেখি নাই"। হঠাৎ আমার বামদিকে কে বলে উঠলো "ব্যাত্রাৎ বিভেতি"। আমি চম্কে উঠলুম। চারিদিকে চেয়ে দেখলুয-জনল বেশ ঘন, আর চতুর্দিক নিন্তর; তবে জ্যোৎসায় সমন্ত আলোকিত। আমি বুঝতে পারশুম যে শ্রীমান উক্ত কথা কয়টি উচ্চারণ করে নিস্তৰ ভাবে একদিকে আছে। তা দেখে প্ৰথমে মনে হ'ল সেগুলি অর্থহীন উক্তি। তাই আবার আমরা গল্প নারভ করলুম। কিন্তু আবার শ্রীমানের গন্তীর বাণী "চূপ"। এবার আর তা অগ্রাহ্ত কর্তে পারলুম না। ভার দিকে ফিরে চাইলাম এবং ভার উৎকণ্ঠাপূর্ণ দৃষ্টি অনুসরণ ক'রে সমুধে চাইতেই আমার অন্তরাল্যা ভরে আলোড়িত হরে উঠ্ল। দেখি শের নয় বটে, তবে 'শেরহাতী' শিখ ফের সিং তার জার্মাণ রাইফেল নিবে সাম্নের 'সিটে' বেশ উঁচু হ'রে বসে ভীক্ষণৃষ্টিভে স্মুখের দিকে চেরে আছে। হাতে বন্দুক দৃঢ়-মৃষ্টিবঙ্ক — হুড়লেই হয়। তথন আর অবন্থা বৃঞ্তে বাকী बहेनना। आंत्रश्र महा विश्वम धारे त्य, ब्राच्यांत वक्तगंकि ও অসমতল অবস্থার জন্ম মতি মটরের পতি হ্রাস করতে বাধ্য হরেছিল। তারপর কিছুক্ষণ পূর্বে মহা উৎসাহের স্কে মাধার উপরের যে আচ্ছাদনটা ফেলে দিয়েছিলুম জ্যোৎক্ষা উপভোগ কর্মার জন্ত, এখন সেইটাই হলো महाविशामत ७ चानकात कात्रण। चात्र, केशांत्र७ त्नहे বে, গাড়ী থামিরে সেটা ভূলে দেওরা বার। জীমান র্মাপতি বল্পে "এখানে কথা করে। না। অভ্যন্ত বাবের ভয়:" আমি বহাম "রয়াল বেদল আছে নাকি !" সে বাড় নেড়ে সার দিলে। আমি বাড় নেড়ে মাথাটার

একবার থোঁজ নিয়ে দেখলুম দেটা তখনও ঠিক জানগার আছে কিনা। আমার আরও একটা মুখিল হ'লো, ্করেকদিন পূর্বের একটা ছোট্ট ঘটনা মনে ক'রে। विश्वत्रा-मण्यीत्रं निम धरमर्थ "मण्डता" উৎসব হয়। ক্র স্পিটা গোয়ালিয়রে এক বিরাট ব্যাপার। মহাস্থা বাহাছর ঐদিন খুব আড়খর করে তাঁর লক্ত বাহিনী আর সভাগদ্গণকে নিরে রাজপথ দিরে তাঁর প্রজাদের সম্মুখে বাহির হন। ঐদিন আমিও সেই উৎসব দেখতে বাই। জনৈক বাছালী ঘুৰক আমার বিশেষ পরিচিত এবং পোরালিয়র টেটের একজন উচ্চপদত্ত রাক্তর্মচারীর পুত্র গল্প করেন যে, এবারে শিবপুরীর ব্দৰণে বাবের উৎপাত বড় বেশী হরেছে। এখন সেই व्ययक्रानं कथों हो । अर्थां अर्थां अर्थां वर्ष वर्ष वर्ष वर्ष হ'বে ভেসে উঠ্লো। এই রকম কত কুল কুল বটনা আমাদের জীবনে ঘটে, আবার আপনা আপনিই ভা বিশ্বতির গর্ভে বিশীন হয়ে যায়, আবার কথনও বা ভার কোনওটি অবস্থার অফুকুল বাভাগ পেরে খুব বড় হ'ছে দেখা দেয়। সমস্তশুলো মিলে অন্তরটাকে বেশ সশ্হিত করে তুলো। তার পর রাভার অবহা এমন ভীষণ হরে উঠতে লাগলো বে তা মহাপ্রভূদের আক্র-मर्पत्रहे रिनी कश्कृत । प्रशास्त्रहे यम अक्त व्यवः त्राचात्र ঠিক পরেই খুব বড় বড় গাস। তার ভিতরে বাগ কেন এক আঘটা হাতীও আত্মগোপন করে থাকতে পারে। ভবে ভরদা এক্ষাত্র যে আমাদের গাড়ীতে ধুব উজ্জল head-light ছিল এবং তার সাহাব্যে অনেকদ্র অবধি দেখা বাচ্চিল। আর জানা ছিল বে উচ্চল আলো দেখনে তাঁৱা নাকি সহজে সেথানে আত্মপ্রকাশ করেন নাব কিছু আবার ভাবনা, পেছন থেকেও ত যা হর একটা কিছু কর্ত্তে পারেন ;—ভবে ভরসা এই বে তারা 'রয়েল বেলল'---কাপুরুক ন্র--আক্রমণ করেন ভ সাম্নে (थरकरे क्रार्यन। बाहा रुडेक नकरमरे नागरन धरः আশে-পাশে সভর্ক দৃষ্টি শ্বেখে দিনুম। ক্রমে ক্রমে কডক मार्ग र'ला-मधेत हनत्ह, नामत्म निथवीत क्तर्नानः-শমন-দণ্ড সদৃশ জার্দ্বাণ রাইফেল তৈরী, জার স্থানিও তৃত্বনের যারখানে বলে। আবার এক একবার সভ্য ক্ৰা ক্ৰতে হয় সেই অসুরস্ত ক্লোৎলায় আলোকে

প্রীমৃতি দেখতে ইচ্ছা হতে লাগ্লো। হাতে-হাতে ফল। ভগবান কি রসিক, ভাল কিনিয চাইলে কই তা দিতে ত এত ব্যাকুলতা দেখি না সাম্নেই কিছুদুরে দেখি যে ঠিক সেই-পিল্লাভ গুট **टार्थ भागात्मत्र गठेटत्रत्र উड्डन भारतारक धक धक क**'ति জগছে। পাকা শিকারী ফেরসিংএরও সতর্ক দৃষ্টি 🔊 এড়ায়নি। দেও তার রাইফেল উচু করে ধরেছে। শ্রীমান আদেশ দিলে "ম্যত মারো, উও আপনানে ভাগ बादब्रशा।" आमि बटन बटन बहुम, এ आवाद कि ? आह चारि मुथ पिटब दिविदेव शिल "मार्टन १" श्रीमान वरह "মহারাজার চকম না হ'লে বাঘ শিকার কর্তে পার্বে না ভবে আত্মিকা করার জন্ম মারতে পারা যায় :" আমাদের গাড়ী আরও নিকটবন্ত্রী হতে সেই উচ্ছল নয়ন-মগল সমেত তার বপুথানি হঠাৎ পালের অঙ্গলের ভিতর অনুত্র হ'ল। অভুমানে যভদুর বোঝা গেল জীবটি যিনিই হোন, चाकारक राजी दृहर नाह अवः वाच ना हजकार मध्यः ভবে সাবধানের মার নেই।


ক্রমে আমরা danger zone পার হয়ে এলুফা রান্তার আর কোনও উল্লেখ-বোগ্য ঘটনা ঘটেন। ভবে আগাগোড়া আমরা একটা জিনিয করছিলাম। আমরা ভ আত সতর্কতা অবলয়ন করেও হৃদকন্দের বেগ সামলাতে পারছিল্ম না, কিছ এ ষে মাছবগুলো—ছেলে, বুড়ো, আধাবয়সী, স্থীলোক, সকলেই কাহারও হাতে বা একগাছা লাঠি, কেহবা ভা না নিয়েও রাভার দিবিব নিশ্চিক চিতে ঠেট बाटक ; अरमब वुक्कला कि भाषात्र श्रष्ठा, नां तर ইম্পাতের বর্শ্বে আবৃত ? বোধ হর ব্যাস্ত্র বা अखदा मन अस्तद मरण अस्तकतिन अकल वाम करा শৈলচারী, মহাপুরুষ শিবানী-দীক্ষিত মারাঠা বীরে শক্তির পরীক্ষা ক'রে এদের সঙ্গে সন্ধি স্তাপন করেছে। ঐ ত পর্বতের পাদদেশে, প্রান্তরের ভিতর-এ^{থানে} সেখানে সামাজ কুটার মাত্র নির্মাণ করে ওরা রয়েছে 🗀 না আছে ওদের বৈত্যতিক আলো—না আছে ^{আগু} রক্ষার নানাপ্রকার বৈজ্ঞানিক উপার! তবে কি ^{ভা} त्वाकरे मरत-ना **उता मुठाक्षत्री!** अतारे आंगारण म्हिन्द नक्षेत्र वास्त--- ध्वांके हावा,--- हाव क'रत मांशी

ক'রে এনে দের সহরের বৃহৎ জ্ঞান্তালিকার অধিষ্ঠিত গ্রবী ধনীর পারের তলার— প্রকৃতি-জননীর স্বত্ব-স্ক্তিত উপহারের ডালি। এরা স্থে তৃঃধে, বিপদে সম্পদে, আলোকে ও আধারে জননীর ভাষল কোলেই আলার নিবে আছে। এরা সভ্যভার মারাজালে আ্বক হয়ে ধরার তৃঃধভার বাড়িরে ভোলেনি; বরং ভাদের অভাব-ফুলভ সরলতা দিরে সে ভার কতকটা লাঘ্য করেই

দিয়েছে। আর হীন সভাতার উপাদক আমরা এদের রক্ত নিভড়ে নিয়ে নিজেরা পৈশাচিক উল্লাচন ন্তা করছি: আবার এদের মাথার রোগ, চলিক্ষ ইত্যাদির বোঝা চাপিরে দিচ্ছি ,--আবার তাদেরট मिर पिथिए गांन पिष्ठि -- "এরা বৈজ্ঞানিক টুপায় অবলম্বন কর্কেনা, ভা হবে কি 🖓 বিজ্ঞান। বিজ্ঞান । বলি বিজ্ঞান এদের করেছে কি ১ পৃথিবীর ক্রমন বৈজ্ঞানিক এদের তঃখ ঘোচাবার জন্মাণা ঘামায় ? এরা রোগে ভোগে-ভ্ষদ পার না. এদের ছেলে-মেয়েয়া একটা উপভোগের জিনিস প্রার জক্ত আকার কর্লে ভারা ভাদের ধ্মকে যেরে ভয় দেখিয়ে থামিয়ে দেয়:--জার নির্মায়ভার আঘাত যখন নিজের বুকে খুব জোরে বাজে, তথন নীরবে জাশবর্ষণ করে। কোন বৈজ্ঞানিক ক্রযক জাভিকে উত্তমর্ণের কঠোর শোষণ থেকে বাঁচাবার উপায় উদ্ভাবন করেছে? কেবল শোন, ওরা ব্ড व्यवित्वहकः। अदा शिथाः। व्यत्नक वांत्क-श्रवह कत्त्र —हारावा विषय मिटल-शृक्षा शार्कन कर्छ। অপওনীর যুক্তি-নিরপেক বিচার। বলি ওরা কি ? মাজৰ না ভারবাহী বলদ। না-না--বা--ওয়া মান্ত্র--ওরা তাদেরই মত মনোবৃত্তির অধিকারী যারা ভগবানের শ্রেষ্ঠ জীব বলে আত্মাভিমানে অন্ধ ংয়ে পৃথিবীর সমস্ত স্থুখ শাস্তি হরণ কর্তে চার। वांक्रेनिकिक बाटकाब विट्छावा क चानिक वर्ष वर्ष कर्था বলেন। সেগুলি কি ভারাই সৃষ্টি করেছেন রাজনীতিকে সরগরম রাধবার ছকু. না ভগবানের রাজ্বেও তার একটা সার্থকতা আছে?

এই স্কল কথা ভাবতে ভাবতে কতকণ যে বিমনা ইয়ে ছিলাম জানি না, হঠাং 'এই শিপ্রী' শ্রীমানের এই কথা কয়টিতে আমি সমূধে চেরেই দেখি চতুর্দিকে বিকিপ্ত বৈছাতিক আলো, সুন্দর স্থানর লাল মাটির রাস্তা, দূরে দূরে এক একথানি বাড়ী।

শিপ্রী অথবা শিবপুরী অভিশর পুরাতন স্থান। বর্জমানে এটি গোরালিরর মহারাজার টেটভুক্ত এবং তাঁহার গ্রীমাবাদ। শিপ্রী মহারাজার টেটভুক্ত একটি ম্বা এবং উহা একজন ম্বাদারের শাসনাধীন। স্থানটির



শিবপুরীর জলটুলী

বিশেষত্ এই যে খুব স্বাস্থ্যকর এবং এখানে চির-বসন্ত বিরাজমান—খুব গ্রীমণ্ড নর—খুব শীত্ত নর। চতুর্দিকে পাহাড় আর নানাপ্রকার বৃক্ষাদি শোভিত। রাভাও অনেকগুলি; এবং সমন্তই বৈত্যতিক আলোকে আলোকিত। শিপ্রীতে প্রবেশ-মুখে সবচেরে আমাদের ভাল লাগল—সেধানকার মধুর হাওরা এখং স্বার আগে চোৰে পড়লো আলোক-মালা-বিভূবিত একটি मिल्पादात हुए। अहे मिल्पादात वर्गना व्यामि वर्शात्रमात ক'ৰ্কো। তারপর এ-রান্তা সে-রান্তা পার হরে व्यामात्मव "कुर्गमनथव्यमे" क्लार्ड ह्राटित्मव क्ष्णांडेरछव মধ্যে প্রবেশ ক'র্লো। তথন রাজ ৭-- ৫০ মিঃ। তখন চাঁদের স্থি আলোকে চারিদিক হাসছে। আমাদের বন্ধুবরগণ বৃইক পাড়ীর আরোহীরা আমাদের কিছু আগেই পৌছেছেন জানা গেল: আমাদের তাঁরা উৎসাহের সভে অভ্যর্থনা হোটেলের করলেন। বাড়ীটি বেশ বড়--বিতল-লাল রং এবং উত্তর-দক্ষিণে লখা এবং পূর্বাদিকেও একতলায় কয়েকথানি বাড়ীটির সামনে অর্থাৎ পশ্চিমদিকে যর আছে। গাড়ীবারাতা এবং উপরে উঠিবার সিঁছি। আমাদের থাকবার অস্ত্র ছিডলে দক্ষিণদিকের কয়েকখানি ঘর নির্দিষ্ট ছিল। আমরা একট পারচারী করে উপরে গেলাম এবং একটু বিলাম করে হাত মুধ ধুরে থেছে গেলাম। প্রকৃতির সৌন্দর্য্য দেখতে দেখতে আহারাদি শেষ ক'রে তথানা গাড়ী নিষে বে'র হওয়া গেল। ইতিমধ্যে মটরচালক ও দিপাহী ও চাকর ভাদের আহার সেরে নিরেছিল। তথন রাত্র প্রায় ৯-৩- মি: I

চাঁদপাটা—প্রথমেই আমরা মহারাজার জলবিহার দেখতে গেলাম। মটরে বেতে আমাদের প্রার ১০ মিনিট লেগেছিল। একটি বিত্তীর্ণ ব্রদ এবং তারই উপরে জলের ভিতর থেকে নির্দাণ-করা পাশাপাশি ছটি ছোট বাঙ্লো। বাঁরা কলিকাতার দক্ষিণে ঢাকুরিরান্থিত নৃতন Bompas লেক দেখেছেন তাঁদের বোঝবার স্মবিধা হবে। এ জলাশরটি উক্ত Bompas লেক অপেকা দৈর্ঘ্যে ও প্রন্থে অনেক বড়। জলাশরবক্ষে অনেকগুলি নানা বর্ণের নৌকা ও প্রমলাঞ্জ ভাস্ছে। বাড়ী-ছটি ব্রদের পশ্চিমদিকেই ক্ষর্থিত এবং ব্রদটি উত্তর-দক্ষিণে লখা। বাড়ী-ছটির পশিচ্ছে, খানিকটা খোলা জারগা, তারপরই পাহাড় আরম্ভ হরেছে এবং একটি পথও পাহাড়ে উঠবার ররেছে। বাং পাহাড়ের উপর একটি বছকালের শিক্ষদ্ধিক, আছে; সেখানে নির্মিত পূজা হয়। এই ব্রদটির নাম চাঁদপ্রীয়া। চাঁদগোটার সেদিন চাঁদের হাট—আর

আমরা এভগুলি সোনার চাঁদ গিয়ে হাজির,—আগর সরগরম হ'বে উঠলো। উক্ত বাঙ্লো ছটির অভিভাবক শ্রীমান্ বাহাছর সিং তাঁর স্থপনিদ্রা ত্যাগ ক'রে তাড়াতাড়ি বেরিরে এলেন এবং এতগুলো লোককে এত রাত্রে তাঁর রাজ্যের শান্তিভক করতে দেখে তরে ও বিশ্বরে নির্বাক হয়ে দাঁড়িরে রইলেন। শ্রীমান ত আমাদের ম্থপাত্র; সেই ঐ দেশীর ভাষার তাঁকে আমাদের আগমনের উদ্দেশ্য ব্ঝিয়ে দিলে। তিনি তাড়াতাড়ি তাঁর লঠনের সাহাব্যে আমাদের একটি বাঙ্লোর ভেতর নিয়ে গেলেন। এখানে বলা প্রয়োজন, উক্ত বাড়ীটিতে বৈছাতিক আলোর ব্যবস্থা আছে বটে, কিন্তু অভিথিনা এলে ব্যবহার হয় না। বাঁরা বহপুর্বে ভ্রানীপুরের 'জলটুলী' দেখেছেন ভাঁরা কতকটা এ বাড়ীটির ধারণা কর্ত্বে পার্বেন।

যাক, ভিতরে প্রবেশ ক'রে আমরা একটি সেতৃর মত রাভা পার হরে একটি হল**বরে গেলাম**। নে বরটি বেশ বড়--ভার উত্তর-দক্ষিণে চুইটি ছোট ঘর : তার পূর্বাদিকে একটি খোলা বারাগুা : ভারপরই ব্দলে নামবার ছটি সিঁড়ি। বারাগু থেকে সমন্ত इपि (पथा योष। इति उथन वन ध्र (येनी तनहें, 8:4 ফিট গভীর হবে, কারণ জল বাহির করে দেওয়া ঘরের ভিতরে চতুর্দিক স্থন্দর **(मारु। (कोठ मिट्स माझान अवः मधायटन अक्यानि थ्**य वफ टिविन, जांत कांत्रहे किছू मृदत अक्शांनि 'िपारत' উপরে একথানি বড় ছবির 'Album' দেখলাম: শ্রীযুক্ত প্রভুদয়াল আমাদের দেখালেন ভারত-সমাট পঞ্চম জ্বৰ্জ যথন দত্তবারের সময় মহারাজ্ঞার অতিথি হ'ছে গোরালিররকে সম্মানিত করেন, সেই সমরের বিভিন্ন অবস্থার ছবি ভা'তে আছে। ইতিমধ্যে বড় আনন্দকর এক ঘটনা আমাদের দৃষ্টি আকর্ষণ করল। রমাপতি উক্ত বাহাত্র সিংকে নিয়ে সেধানকার বাংঘর কথা, ভাদের ডাক কখন শোনা বার, তারা আক্রমণ করে না কেন ইত্যাদি নানা কথার তাঁকে বিব্রত করে তুলেছে। তিনিও তাঁর ক্ষতাস্থারী উত্তর দিরে ^{বত} আমাদের কৌতুহল দমন কর্তে চেটা করেন, ত^{ত্ট} আমাদের ঔৎস্কা আরও বেডে একান্তিক চেষ্ট্ৰা, বাবুদের সন্তুট ক'লে বাহবা নেন-

আমাদের ইচ্ছা নির্দ্ধেষ আনল উপভোগ করা। এই বাড়ীটির উত্তর্গিকস্থ অত্বরূপ বাড়ীটি স্থীলোকদিগের অস্তর্গ বাড়ীটের উত্তর্গিকস্থ অত্বরূপ বাড়ীটি স্থীলোকদিগের অস্তর্গ ভাগ আর আনাদের দেখার আবশুক হ'ল না। ভারপর বিদাদের পূর্বকলে আর একবার হুদের দিকে চোথ ক্ষেরাসুম। চাঁদের কিরণ-মাথা অচ্ছ শান্ত বারিরাশি তারকাচক্রথচিত আকাশের স্থলর ছবি বুকে ক'রে কি অপূর্ব শোভাই মেলিয়ে দিয়েছে। বার বার সেই সর্ব্ব সৌলব্যের আধার মহাস্থলরকে প্রণাম ক'রে দেখান থেকে বিদার নিলাম। আনবার সময়ে অবশু বাহাত্র সিং তাঁর প্রাপ্য ধক্রবাদ থেকে বঞ্চিত হননি; আর আর্থিক প্রস্থার দিজে গেলে তিনি তা' তাঁর স্থলবাচিত সরলতা দিয়ে প্রভাবান কর্লেন।

ছত্রী-ওথান থেকে বেরিয়ে আমরা নানা রাস্তা ঘুরে সেই পুর্বক্ষিত আলোক্যালা-বিভূষিত মন্দির লক্ষ্য ক'বে চলুম। কখনও কখনও দেই মন্দিরটি দূর থেকে বেশ স্থানর দেথাছিল-যেন একটি আলোর রাজ্য। আবার সেটি কথনও পাহাড়ের অন্তরালে অদুখ্য হচ্ছিল। এইটি হচ্ছে পর্বতময় স্তানের বিশেষত। এয়ি করে সেই মন্দিরটি আমাদের দৃষ্টির অস্তরালে চলে গেল। ভারপর কিছক্ষণ বাদে আমাদের গাড়ী একটা মোড় ফিরতেই একেবারে সেই **আলোর রাজ্যের মধ্যে এ**দে প'ড়লো। আমাদের দৃষ্টি ক্লেকের জন্ত দেই অপূর্ব আলোকমালার ঝলসে গেল। সে কি আলোর থেলা! গাছে, মন্দিরে, পাহাড়ে, ফটকে সর্ব্বেই উচ্ছাণ বৈচাতিক আলোর সাঞ্চ। প্রকৃতির 'আলো'-কে আৰু মাত্র যেন ভার আলোর অর্ঘ্য দেবার জন্ত প্রস্ত হয়েছে। এ যেন গলাললে গলার পূলা। এ মন্দিরটিকে দেবীয় ভাষার 'ছত্রী' বলা হর। আমরা ব্যলাম সেটি গোরা-লিয়রের মহারাজবংশের একটি স্বভিমন্দির বা সৌধ। খার দেদিন শ্রৎ-পূর্ণিমার উৎসব; তাই অত খালোর সজা, আর **অনেক লোক-স্মাগ্য হয়েছিল।** সেই স্বৃতি-নিকটেই একটি বড় পাহাড়। আনেপালে অনেকগুলি ঘর আছে; ভাতে মহারাকার লোকজন এবং প্রারী থাকেন। মধ্যস্থলে খুব বড় একটা চত্তর খেত পাধরে रीशन। त्नहे केंग्रात्नत अकतित्क अकि खुन्तत मर्भन- প্রস্তব্র-বাঁধান সরোবর এবং তার মধ্যস্থল ও চতুম্পার্য नित्य अश्रत नित्क शंभनांशमदनत त्रांचा । এই চত্তরর ষ্পর দিকে কিছু উর্চ্ছে স্থতি-সৌধ। যাক্, আমরা ভ গাড়ী থেকে নেমে একবার চারিদিকে চেরে স্ব बिनियहे। দেখে নিৰুদ। অনেক লোকজন খোৱাখুরি করছে। কিছুকণ পরে একটি ক্ষীণকার ভদ্রবেশী मात्राठी तुक व्यामाटनत काटक अटनन अवः व्यामाटनत পরিচয় ও অভিপ্রায় ভনে আমাদের সাদরে অভ্যর্থনা কর্লেন। তারপর আমরা সকলে পাছকা খুলে মন্দির-व्यक्ति व्यत्न कर्छ गांकि, अमन नमरत्र वांधा। कि ব্যাপার? দকলের মাধার কোন না কোন একটা আবরণ থাকা চাই! প্রকৃদরালজীর মাথার গান্ধী 'ক্যাপ', বাবাজীর মাথার পাগড়ী, আরু মি: বেঞ্চামিনের মাথার 'হাট' ছিল; কিন্তু আমরা মাথার কি দেবো ? अप्ति উद्धावनी भक्ति मव विश्वासत भीमाःमा करत पिता। সকলের পকেটেই কুমাল ছিল এবং ভাই বের করে বিভিন্ন উপারে যে বার মাথার বেঁধে ফেল্লম। আরি আমাদের অভ্যর্থনাকারী দেই ভদ্রলোকটি একটু হেদে বল্লেন 'আইরে'। ভাবলুম এ মন্দ নয়। সন্মান প্রদর্শনের প্রচলিত প্রতি অনুধারে মন্তকাবরণ উন্মোচন করাই ত নির্ম জানতুম,—এ দেখলুম বিপরীত। যাকৃ, এ তত্ত্বর মীমাংসা কর্বার আর তথন অবসর হ'লো না। আমরা একেবারে এক অপুর্ব্ব সৌন্দর্য্যের মাঝখানে এনে পড়পুম। সিম্ব চক্রমা আর বৈহ্যতিক আলো এই হুটি মিলে মর্ম্মর-গাত্রে প্রতিফ্লিত হ'রে এমন মনোমুগ্ধকর শোভার স্ষ্টি করেছে যে তা দেখে আত্মহারা না হ'লে থাকতে পরি বড় শক্ত। যাহা হউক, সেই বৃদ্ধ অভি বত্তে আমাদের मत घूरत फिरत रमशासन। रनहे मरतायत, अकि ঠাকুরের মন্দির, তারপর অর্গত মহারাজার অভিমন্দির এবং ভাহারই পালে আর একটি মর্মর-সৌধ বার এখনও শেষ হয় নি। শ্বর্গত মহারাজার বর্তমান শ্বতিমন্দিরের পরিবর্তে নুতন মৰ্শ্বর-সৌধ দশ লক্ষ টাকা ব্যবে নিৰ্মিত হচ্ছে। অর্গত মহারাজা প্যারিদে প্রলোকে গমন করেন। অতঃপর সেধান থেকে তাঁর অস্থি এনে এখানে পুনরার দাহ করা হয়; এবং ভার উপর এই কুন্ত

মন্দিরটি নির্মাণ করা হর। এখন এই স্থন্দর মর্মার-সৌধের নিশাণ-কার্যা শেষ হ'লে সেধানেই তাঁর চিতাভন্ম রক্ষিত হবে। ভারপর আমরা সেধান থেকে ফিরে এসে এইবার প্রধান স্থাতি-মন্দিরের দিকে অগ্রসর হলাম। এটি স্বৰ্গপত মহাৰাকার জননীয় অৰ্থাৎ বৰ্তমান মহারাকার পিতামনীর অতি-মন্দির। আমরা মর্থর-প্রন্তর নির্মিত সি^{*}ডি দিয়ে উপরে উঠলাম। মন্দিরটি চত্তর থেকে প্রার ১৫:২০ ফিট উচ। সামনেই দালান। ভার ষেকে ও প্রাচীরগাত্র শুভ মর্মার-প্রস্তর নির্মিত। ভারপর একটি কাককার্যাখচিত ছার পার হয়ে আমরা আর একটি চত্তরে প্রবেশ কর্লাম। এর তিন দিকেই জল্প উচ্চ দালান: আৰু মধ্যস্থলে তদপেকা কিছু নিয় একটি বড় হল এবং তিন দিকেই খিতল গুগ। আর সামনেই মহারাণীর আদল স্বৃতিমন্দির। আমরা পূর্কোক্ত দালান দিয়ে দেখানে গেলাম এবং করেকটি দোপান জডিক্রম করে উপরে উঠলাম। প্রথমে একটি ভারপরই কক্ষের মধ্যে দেবীর ত্যারভন্ত মর্ম্বরমূর্তি। বেন কাঞ্চনজভ্যার অভ্যানি করে শিল্পী তাতে শিল্প-চাতৃৰ্ব্যের পরাকাঠা দেখিয়েছেন। উজ্জ্বল বৈত্যতিক चालाक त्महे मुर्छि-भारत, मर्चन প্রাচীবে ও চত্তবে প্রতি-ফলিত হ'রে এক অপূর্ব উজ্জ্বল শোভার সৃষ্টি করেছে। মনে হয় যেন ত্বারধবল হিমাদ্রিণীর্বে প্রভাতস্থাের কিরণদম্পাত। মহারাণীর মৃর্ত্তিতে সধ্বার বেশ পরিহিত। রাজঐর্বগ্রালনী দেবী রাজরাজেররীর বেল পরে মর্ম্মর-সিংহাসনে স্মাসীনা। শিল্পী। ধরু তোমার স্ষ্টি! মূর্ত্তিকে জীবস্ত ক'রে ভোলবার কল্পনা ও দক্ষতার এমন সহজ্ব ও স্থানর সংমিশ্রণ শিল্পরাজ্যে তুর্গ ও। এ গৌরবের অধিকারী বোদাটারের এক বিখ্যাত শিল্পী। এই অপরণ শোভা দেখে বাহবার মাতৃভক্তির সেই अपूर्व निपर्नत्व शामगृत्व अशाय कत्यः; आंत्र मत्न मत्न স্বৰ্গত মহারাজা ও গোৱালিরর রাজ্যের প্রজাবুন্দকে তাঁদের জননীর স্বতি-পূজার মহানু আড়ম্বর দেখে উৎকুল্ল হ'লে অন্তরের ব্রুবাদ জাগন কর্ম। মনে হ'লো হিন্দুরা পদ্মীপ্রেষের গৌরব-স্থৃতি অগতের বক্ষে অমর করে রাথতে 'তাজের' নত স্বতিতীর্থ কিছু গড়েনি বটে, কিছ তারা অর্গাদশি গরীরদী জননীর বক্ষ:নি:হত পীব্ৰ-

ধারার চরণে ভক্তির অর্ঘ্য ঢেলে দিতে হানরের ভক্তির পবিত্র উৎস নিঃসারিত কোরে জগতের বক্ষে স্বর্গীয় कांतरमंद वानी मानांत काकरत निरंथ द्वरथ शिरहा আমরা মাতৃভক্তির এই অফ্রম্ভ ভাণ্ডার থেকে অঞ্জ ভবে স্থাপান ক'রে বাইরে বেরিয়ে এলাম। সেট মধ্যস্থিত প্রশাস্ত চত্ত্রে দেই দেবীর সন্মুখে শরৎ পূর্ণিমার উংসব উপলক্ষে গীতবাত হচ্ছিল। বাঙ্লায় কোলাগর পূর্ণিমার লক্ষীর পূঞা হর ; बँরাও ঐ দিনে এই রাজলক্ষীর পূঞা কর্তিবেন। আমরা বেরিরে আস্ছি, এমন স্মর নেই বৃদ্ধতি আমাদের মহা সমাদরে গান শুন্তে অন্তরোগ কলেন। আমরা সকলে বদে গেলুম। আরও আনেক শ্রোতা ছিলেন। গান চলছিল। গায়ক বৃদ্ধ গোয়ালিয়র-বাদী। একজন দারেকী ও তবল্চি তাঁকে দাহাযা করছিলেন। বৃদ্ধ গান্তক অনেক চেষ্টা করে গান কর্জিলেন বটে, আর হয়ত কালোয়াতীর দিক থেকে 😙 ধুবই উচ্চবের হচ্ছিল-অর্থাৎ ভাতে হয় ভ গমক, মীছ, হলতাতান ইত্যাদি নানাপ্রকার সদীত-বিজ্ঞানের উপকরণও ছিল; কিন্তু হুর্ভাগ্যক্রমে আমি আঞ্চ সে সবের মধ্যে প্রবেশ কর্তে পারি নি.-- ইদিও ভার ष्यत्नकश्चिन श्रादण-वर्ष षामात मगूरथ नगाई उत्तृतः। আমি গানের মধ্যে খুঁজি কঠের মধুরতা আর ভাবের স্পূৰ্ম। প্ৰাণ্ডীন স্কীত আমরা ভাল লাগেনা। যে গানে প্রাণ স্পর্ন কর্ত্তে পারে না, অন্তরে ভাবের অফুড্ডি জাগিয়ে দেয় না, দে সজীত হ'তে পারে খুব বিজ্ঞান-দলত, কিন্তু আমি তাকে বড় স্থান দিতে পারি না: শুধু গায়ের জোরে ভর্কের ধাঁধা সৃষ্টি ক'রে বারা পারক হ'তে চান, তারা সন্ধাত-বিশ্ববিদ্যালয়ের বছ বছ উপাধি নিয়ে व्यर्थाभार्कत्नत ८० है। ८ तथुन-वामता अक्ट्रे भारि भारे। সঙ্গীত যদি ভাববজ্জিত হবে, ভবে ভার বিভিন্ন আকার **क्यां (थटक धटना, ज्यांत्र टकान कालनिक टकरन** কলনার সাহায্যে ছন্ত রাগ ছত্তিশ রাগিনীর শ্রেণী-বিভাগ ক'রে ভার নাম করণ কলে ? এক কথার, আমার মনে হয়, সেই গায়কই রাগরাগিনীর মর্যাদা বক্ষা তত কর্তে পারেন, যার ছর যত বেশী বিভিন্ন গুণ-বিশিষ্ট এবং মিটা (वांध एवं चारनक चनिवांब-ठार्क) करव किनिहि। विव অনক্রোপার। অমন মধুর মনের ভাবটা আমাদের, ^{দেই}

্ গারকের ভাবস্পদিহীন গানে একেবারে গ্রহময় হ'রে উঠলো। ভাড়াভাড়ি আমরা উঠে পড়বুম। বাহিরে এলে দেখি সে এক আশ্চর্যা পরিবর্ত্তন! ইতিমধ্যে সেই বিন্তীৰ্ণ উঠানটি বহু সংখ্যক কাৰ্চাসনে পূৰ্ব। ব্যাপার ব্ৰতে বাকী বইল না। আমরা ত আতে আতে পাল কাটিয়ে চলে আস্ছি; কারণ, কিছু পুর্বেই রাত্তের काशंत त्यं करत त्यं करत त्वत इत्रिक्तांम। ছরি। হরি!! আশাদের মনোযোগী অভ্যর্থনাকারী আমাদের ভোবেন নি। এদে ধরবেন--থেয়ে বেভে হবে। আমি বলুম, "থাওয়ার আর বাকী কি আছে? আর থাবার স্থানই বা কোথায় ?"--কে কার কথা भारत। दमराउँ हरत। श्राप्तकानकी वरहान "हनून, দার তর্ক বাড়িয়ে কাজ নাই-এঁরা ছাড়বেন না।" ফরল্ম--দেখি আশ্চর্যা ব্যাপার-প্রায় স্ব কাষ্টাদ্ন-ট্রলিই এরই নধ্যে অধিকৃত। জাতিভেদ নাই, হিন্দু মূলমান সকলেই পাশাপাশি বদে গেছেন। একদিকে ক্তক গুলি **আসন থালি ছিল**—আমরা তাইতে বসে গেলুম। সকে সকে এক একটি রুপার বাটী এসে সামনে প'চল-কলাপাতা নয়। আমি ত অবাক-এ কি! বাটা কেন ? রাত্রে কি সরবৎ খাওয়াবে না কি ?" শ্রীমান পাশেই ছিল, বল্লে 'ছুধভোগ্য'। ভাবলাম "হাভে लोको मजनवाद।" दमिश र-१२६ छन लोक এक এकि বড় বড় কমগুলুর মত রূপার পাত্র ক'রে দেই পেয়ালা ভরে সবুজ্ঞা রংশ্বের ভরল পদার্থ ঢেলে দিচ্ছে। ভার রং দেখেই আমার মুখ দিয়ে অজ্ঞাতদারে বেরিয়ে গেল 'এ যে ভাঙ্'! সেই বৃদ্ধটি সামনে দাঁড়িয়ে—আধ হাত জিভ বার করে বল্লেন, 'আপ পিজিয়ে বাব্দাব-ইয়ে কই খারাপ চিজ নেহি হায়।' সজে সজে বাটী মুখে উঠ্লো, আর নিজের মৃঢ়তাকে ধিকার দিতে হ'লো। সত্যই অমন স্থাত এবং নিৰ্দোধ ছণ্ডের জিনিস পূৰ্বে কখনও থাই নাই। আমার পাশেই তখনও মি: বেঞ্জামিন বঙ্গে ইতস্ততঃ করছেন খাবেন কি না। আমি বলাম 'সাহেব থাও, নম্ন তো এঁরা অসম্ভুট হবেন।' আমি সাহেব আত্তে আত্তেপান কৰেন। ভারপর সকলেই আর এক এক বাটী পান করে উঠে পড়পুম। ভারপর সেই বৃদ্ধটির কাছ থেকে বিদার নিয়ে আরু একবার সেই আলোকমালার অপরূপ

শোভা দেখে মটরে এসে উঠলুম এবং মি: বেঞ্চামিনকে
সভীদেবীর খামী-নিন্দা শুবণে পিত্রালরে দেহত্যাগ—
দেবাদিদেব মহাদেবের মন্তাবস্থার প্রিম্ন স্থীর মৃতদেহ
স্বন্ধে ক'রে সারা পৃথিবীমর 'প্রলম নাচন', তারপর স্টীধ্বংস ভরে বিফুলোকে সমন্ত দেবতার 'Round Table
Conference' এবং বিফুদেব কর্তৃক স্থদর্শন চক্রাথাতে
সভীর ক্ষরছেদন ও ভারতের বিভিন্ন অংশে মহাদেবীর
দেহাংশ পতন ও ভজ্জনিত এক একটি পীঠস্থানের উৎপদ্ধি
এই সব কাহিনী শোনাতে শোনাতে হোটেলে পৌছে



মিঃ বেঞ্চামিন

নিক শ্যার শয়ন ক'রে অবিলম্বে সুধ্**থির কোমল** ক্রোড়ে আশ্রের নিলুম।

পরদিন প্রত্যুবে উঠে কিরে আসবার এবং আরও করেকটি স্থান দেখতে বাবার আরোজনের ধুম পড়ে গেল। তাড়াতাড়ি প্রাতঃক্রত্যাদি ও চা পান শেষ ক'রে বেরিরে পড়া পেল। এবারে আমরা প্রথমে গেলাম জৈন ধর্মের একটি স্বৃতিতীর্থ কেখতে। সেধানে গিরে কতকগুলি করানার জিনিব চোধের সামনে

দেশলুম। এই শিবপুরীতে এই স্থানেই গত ইংরাজী ১৯২২ সালে জৈনধর্ণের এক মহাত্মা প্রচারক সল্লাসী श्रीत्री• विकास प्राप्ती (सरुवका करवन। छौरांबरे শ্বভিরক্ষা-করে শ্রীবৃক্ত বিজয় ইন্দ্র প্রবিজী প্রায়ুখ তাঁহার ভক্ত শিব্যগণের চেষ্টার ও মহামাক্ত ধর্মপ্রাণ গোরালিরবের মহারাজার প্রগোবকতার সেই মহাপুরুবের স্বতিমন্দির নিৰ্দিত হরেছে এবং তশ্মধ্যে সেই মহাত্মার মৰ্থরমূর্তি স্থাপিত হরেছে। এখানে সেই মহাপুরুষের একটু পরিচর দেওরা আবভাক। এইী⊌বিজরধর্ম সুরীর পূর্ব নাম 'মুলাচক্ৰ'। ভিনি ইংরাজী ১৮**६**৮ थुष्टीरस কাটিহারের অন্তর্গত মহয়া গ্রামে এক বৈশ্য পরিবারে ধর্মপ্রাণ বণিক রামচন্দ্রের ওরদে ও অলেয গুণবতী শ্রীবৃক্তা কমলাদেবীর গর্জে জন্মগ্রহণ করেন। বাল্যকালে মূলাচক্র অভ্যন্ত গুর্দান্ত প্রকৃতির ছিলেন এবং বিভাশিকার তাঁহার ভাদশ আস্ত্রি ছিল না। যৌবনে তিনি উচ্ছুখন প্রকৃতি ও জুয়াখেলার অত্যস্ত অহুরক্ত হয়ে পিভার কটোপার্ক্তিত অর্থের অপবার আরম্ভ করেন। একদিন ক্ষাখেলার বহু অর্থ নটু করার পিতা তাঁহাকে ষংপরোনান্তি ভিরন্তার করেন। ভাতে তিনি অফুতপ্ত হয়ে সংসার-সধের অনিভাতা উপলব্ধি করতে থাকেন এবং ক্রেফেন্স জার বৈবাগোর উদয় হয়। অভঃপর তিনি উপযুক্ত শুরুর নিকট দীকাগ্রহণ করে বহু দিবস নানাশাস্ত্র অধ্যয়ন করে সুপণ্ডিত হরে উঠেন এবং माकिनांका, वधाधारमा, बुक्धारमा, वक्राम देकामि वह স্থানে জৈনধৰ্ম প্ৰচাৰ কৰে বছ বাজিকে উক্ত ধৰ্মে দীকিও কৰেন। তিনি নানা উপায়ে এই বিশাল ধর্ম মতটিকে প্রচার করে যান। বছ স্থানে তিনি পুত্তকালর, গুরুতুল, ধর্মসভা ইত্যাদি স্থাপন করে যান। তার ধর্মতের প্রধান বিশেষত ছিল এই বে. তিনি কোনও ধর্মতকে অবজ্ঞা করতেন না: বরং দক্ত মতের সম্বর ও সামঞ্জ করাই ভিনি খের: বিবেচনা করতেন : এই শিবপরীতেই তিনি শিল্পদিগতে জৈনধর্ম প্রচার-কার্য্য শিক্ষা দেবার অন্ত ভীর-তত্ত-প্রকাশ-মণ্ডল নামে একটি সঙ্গ স্থাপন করেন। তার বর্গারোহণের পরে তার উপযুক্ত শিভ শ্রীবিজয়ইশ্র প্রবিজী এইখানেই বশোবিজয় देवन श्रक्तक नार्ष्य अक विचानत द्यांगन करत्रहरू।

যাক, আবার কাহিনীর হত্ত ধরা যাক। আমরা ভ মটর থেকে নেমে ফটক অভিক্রম ক'রে ভেতরে প্রবেশ কৰুম। অমি একটি বুবক ভন্তলোক এসে অভার্থনা ক'রে আমাদের একটি সৌমা প্রোট সল্লাসীর কাছে নিয়ে গেলেন। ডিনিই আচার্যা শ্রীবিজয়ইন্দ্র স্থারিজী। লোকটি মহাপণ্ডিত, নম্র, গুরুতক্ত; এবং সব চেয়ে প্রীতিকর যে তিনি নিজের ধর্মত অন্তরের সহিত যেমন উপল্কি করেছেন, ডেমি আবার অন্ত ধর্মসতকে প্রছার অঞ্চল দিতেও কাতর নন। তিনি ধর্ষের সার বস্তুটির সন্ধান পেরেছেন, এ কথা তার সঙ্গে কিছক্ষণ আলাপ করেট আমরা বুঝতে পারবুম। ভারপরে তিনি আমাদের উদ্দেশ্য অবগত হ'রে অত্যন্ত উৎসাহিত হ'লেন এবং निक्क जरक करत चांशासिक मयल स्थिएक नांशास्त्र । এই প্রতিষ্ঠানটিতে পুর্বেই বলেছি তিনটি জিনিস **আ**ছে। প্রথম ৺বিজ্ঞাধর্ম স্থারিজীর স্বতিমন্দির, বিতীয় জীবত্ত-প্রকাশমণ্ডল' ও ততীয় 'বলোবিজয় জৈন গুরুকল'। প্ৰায় ১০ বিখা জমি নিয়ে সমস্ত ৰাডীটি। মধাতলে একটি বিস্তৃত খোলা মাঠ-ছেলেদের ক্রীড়াকেত। পূর্বাদিকে ছটি ফটক এবং ফটক হতে সেই মাঠের তিনদিকে বেডে রান্ডা এবং সেই বান্ডার পরে সেই মাঠের তিনদিকে গৃহাদি। পশ্চিমে উক্ত শ্বতিমন্দির, তার পরিচয় পুর্বে দিয়েছি। দক্ষিণ দিকে একটি বড় হল। তা°তে ধর্মবিষয়ক আলোচনা ও বক্ততাদি হয়। পর ছাত্রদের থাকবার ঘর। আফিদ, পাকশালা ইভাাদি। উপরে বিদ্যালয়-গহ, এখানে বর্ত্তমানে ৬০জন ছাত্র আছে। ভ বংসর হটতে ২০ বংসর বরসের ছাত্র আছে। ছাত্রেরা কেবল কাপড আর স্থামা নিয়ে আসে। ত্বাতীত সমন্ত দ্ৰব্য-পুন্তক, আহার, শ্ব্যাদ্রব্য ইত্যাদি ছাত্রদের দেওয়া হয়। আদর্শ বিভাস্থান-সংস্কৃত, উর্দ্দ ইংরাজী, ইতিহাস, ভূগোল, গণিতশাল ইত্যাদি সমন্তই **लिका (मध्या इत अवः शामाजिक ७ धर्मा**विषक चारमाठना ७ वक्का विवस्त्र वस्त्रहे भिका स्त्रपत्रा रहा বাভাবিক ও শান্তসভত 'আসনাদির' ছারা ব্যায়াম শিক্ষার ব্যবস্থা আছে। আহারাদির ব্যবস্থাও স্থলর এবং খাত্যকর। ছাত্রদের মধ্যে ওজরাটা ও দক্ষিণী

ছাত্রের সংখ্যা অধিক। আমরা দব দেখে, বালকদের
বক্তা ওনে, আচার্যদেবের সদে ধর্ম বিষয়ে আলোচনা
ক'রে এই ধর্মশালার বিষরে খুব একটা উচ্চ ধারণা নিয়ে
সেখান থেকে বেরিয়ে প'ড়ল্ম। আরও ওনে এলাম
হাসপাতাল নির্মাণের অন্ত গোয়ালিয়র টেট থেকে
১০০০ টাকা ও তত্বপৃক্ত অমি এই প্রতিষ্ঠানটিকে দেওরা
হয়েছে।

কত দিন কত বন্ধুর কাছে অহুযোগ করেছি—এমি ক'রে ছেলেদের শিক্ষাকেন্দ্র গ্রামে গ্রামি স্থাপিত না হ'লে ভগু অসার শিক্ষার প্রচলনে কোনও কাজই হ'বে না। কোমলমতি বালকদের অস্বাস্থ্যকর স্থানে রেখে সংসারের শত প্রলোভনের মাঝখানে ছেভে দিয়ে ভাষেত দেহমনের কোনওটারই উৎকর্ষ সাধন হয় না, আর হতেও পারে না। ভারতবর্ষের সমাজের বিধি-নিয়মের স্ট্রে-কঠারা আর ঘাই হোন, তাঁদের কল্পনা অনেক বিষয়ে দঙ্গত, তাতে আর সন্দেহ নাই। সংসারের নানা প্রকার আবিলতা থেকে কিশোরবয়ম ছেলেদের গুরুগ্রে পাঠাবার ব্যবস্থা ক'রে তাঁরা সমাঞ্চকে কি স্থন্যভাবে বিধিবদ্ধ করে গেছেন, আর কত জটিল সমস্তার মীমাংসা করে দিয়ে গেছেন, তা আজ আমরা এই জিনিসটি হারিয়ে ফেলে বুয়তে পারছি। আর একটি জিনিস আমার মনের সকে বেশ গ্রথিত হ'লে গেল যে, প্রচার-কাৰ্য্য ধৰ্মকে অনেক জীৱনীশক্তি এনে দেয় এবং তাকে পরিবভ্রনশীল পৃথিবীর সঙ্গে ঠিক সামঞ্জ রক্ষা ক'রে চলবার যোগ্য করে। সব ধর্মই এ কথা মেনে নিয়েছে। খুট, কৈন, বৌদ্ধ, মুদলমান ইত্যাদি দমন্ত ধৰ্মমত প্রচারের স্থান্ত নিয়মের মধ্যে দিয়ে শক্তি সংগ্রহ কর্চেছ । মার সনাতন হিন্দু ধর্ম তার যুগব্যাপী জ্ঞানের ভাণ্ডার নিয়ে তার প্রসার প্রতিপত্তি হারিয়ে ফেলছে। ধর্ম-ক্তারা তাঁদের ভকের জাল ছিল্ল ক'রে ফেলে দিয়ে একটা স্বামী বিবেকানন্দকে পৃথিবীয় বুকে ছেড়ে দিয়ে ভার ফল দেখুন। আমেরা বেশ একটা বিমল শাস্ত ভাব নিয়ে দেখান থেকে বেরিরে গাড়ীতে চড়লুম; এবং উঁচু-নিচ্, স্নর ও ভয়ানক, পরিছার ও অবলাবৃত অনেক বান্তা পার হ'লে প্রার ২০ মিনিট পরে 'ভাদাইরা কুও' নামক স্থানে এদে পৌছপুম। এটি একটি পাহাড়ের

বর্ণা। স্থানটি বেশ নির্জ্জন। খুব উঁচু পাছাড় এবং বন বৃক্ষাচ্ছাদিত। আমরা এক জায়গার গাড়ী ছেড়ে সামনের দিকে অগ্রসর হলুম। ক্রমে ক্রমে আমরা খুন বৃক্তথাচ্ছাদিত স্থানে এসে পড়লুম এবং সামনেই পর্ব্জতনাত্রে নীচে নামবার সিঁড়ি পেলুম। উপত্রে সর্ব্জপত্রের আচ্ছাদন; তার ফাকে ফাকে স্থাকিরণ এসে পড়েছে। আর নীচে একটি ছোট্ট স্রোভ্জ্মিনী বৃক্ষাচ্ছাদনের আড়ালে পথের কাণ্ডারীকে হারিয়ে ফেলে পাহাড়ের গা বেয়ে পথভোলা পথিকের' মত



পরিব্রাঞ্জক

থেমে থেমে সেই পথের সাথাকে অন্ধানা পথের সন্ধান লানিরে দেবার আকুল আবেদন লানাতে অদৃষ্ট নির্ভর করে অদৃষ্ট পথে বরে গিরেছে। আমরা নামতে নামতে সেই পর্বত-নিঝ রিণীর কুনুকুলু ধানি দূর থেকে ভানতে পেলাম। এবং বতই অগ্রসর হ'তে লাগলাম, ততই সে গানের স্বর ও ভাষা স্পইতর হ'রে উঠতে লাগলো—বেন সে তার অভ্যর্থনা-বাণী লানিরে বলছে

"ব্রাচলে এস, আমার গতিক্তর হয় না—আমি চলেছি —আমি থামি না ৷" আমরা সেই গানের আহ্বানে উন্মুখ হ'রে আর একট এগিরে গিরে দক্ষিণ দিকে কিরতেই সেই পর্বত-তটিনীর উৎস আমাদের চোধের সামনে তার সহস্র ধারার রূপ নিরে ঝল্মলিরে উঠ্লো। সেই ধারার নীচেই একটা জারগার জল এসে জমে ভারপর তটিনীর আকারে বহে বাচছে। খ্রীমান বল্লে প্রভাগরাল। এ জন mineral water-এ জন বিলেডে এক বোতন আট আনা মূল্যে বিক্রী হয় " আমি ত চারদিকে চেরে দেখে চকের কুধা আর মেটাতে পারি না। চতুৰ্দ্দিক নিম অৰখ বট ও অক্লাক্ত বুক্ষে ঢাকা। ভার ফাঁকে ফাঁকে স্ব্যক্রিণ এসে পড়ে একটা আলো-আঁখারের জাল বনে দিরেছে। সেই বনান্ধরালের, সেই वद्याद नैकद्रक्यादांही चिश्व प्रशेष्ट चामारम्ब प्रभक्त আছি নিমেৰে কোষণ হল্পে অপসারিত ক'রে দিলে। এপিরে সিরে আট আনা মূল্যের ক্ল বিনা পর্যার পান করে স্বাস্থ্যোমভির কাম সেরে নিয়ে উঠে দাঁড়ালুম। क्रान्त चाचान चजुननीत । त्रिहेल्थर्न, जुराद्रशीखन, ऋषिक-বছ। ভগবানের জীবন্ত সৃষ্টি এই উৎস্থালি—ত্ত পাহাড়ের বক্ষ নিঙ্জে জল বেরছে—তা কত শীতল ও খাছ। সে সমস্ত দশুটা আর একবার নয়ন ভরে দেখে নিম্নে ভঃম্ব দেহমনের তৃষ্ণা মিটিয়ে সেথান থেকে चनिका मरच्छ निर्द्धारक रहेरन निरंद किंद्राल ह'रना। আসতে আসতে বঙকণ দেখা গেল দেখতে দেখতে এলুম; আর নিজেকেই বলতে লাগলুম—'এই ভ দেই মহা-कानी यात्रीशुक्रवामत चात्रन-अथान वात्रहे छात्र। স্বর্গমর্কোর বিষয় ভেবে স্বাধ্যাবর্ত্তের এতবড় সভ্যতাটা গড়ে দিয়ে গেছেৰ।

সেখান থেকে বেরিরে এবার আমরা গোয়ালিরর
মহারাজার শৈলবিহার উদ্দেশে রওনা হলাম। কিরংদ্র
আপেক্ষাকৃত সমতল রান্তা দিরে গাড়ী চালিরে এসে
আমরা ক্রমে ক্রমে উচু দিকে উঠতে লাগলুম। এইবার
ঠিক পার্কান্ত্য রান্তা আরম্ভ হ'ল। চতুর্দিকে বনে ঢাকা
পাহাড়: তারই গা বেরে ২৫ফিট প্রশন্ত রান্তা এ কৈ বেঁকে
উপরের দিকে উঠে গেছে। আমাদের ছ্থানি গাড়ী
পর পর বাচ্চে

নিপুণতা ঠিক পরীক্ষিত হয়। পিছন দিকে ফিরে দেখলে ভর হর এই বৃঝি গাড়ী গড়িরে পড়ে। কিছ সে স্ব কিছুই হর নি। আমরা নিরাপদে প্রার ১০০০ ফিট উচ্চতে গিরে এক সমতল ভূমি পেলাম। স্বার একটু এগিয়ে যেতেই, বুক্ষাবরণ দরে গিয়ে একটি ছোট্ট দ্বিতল পাথরের বাড়ী আমাদের দৃষ্টিপথে তার গর্কোত্রত সৌন্দর্য্য নিয়ে উদয় হ'লো। এই 'কজ কাাসেল' বলেই চালক গাড়ী বেঁলে ফেল্লে। আমরাও অন্নি গাড়ী থেকে নেমে একবার ठांत्रिमिटक *दि*भ करत एमरथ मिनुस। উপরিস্থিত সেই সমতল ক্ষেত্রটি শ্ব প্রশস্ত নয়। সর্ক্র-সমেত ৭.৮ কাঠা ভামি হবে। তার খানিকটা খালি ও খানিকটার উপরে সেই বাডীটি নির্ম্মিত। আমরা সিঁড়ি দিয়ে উপরে গেলাম। ভারপর মহারাজার শয়ন ঘর. বসিবার ঘর, চুই দিকের বারাতা সমস্ত দেখলাম: **ঘরগুলি ছোট অ**থচ অতি স্থলর। খেতপাথর ও গোয়ালিয়র টেট পটারী ওয়ার্কদের টাইল দিয়ে অন্ত-ক্রপে মেরে ও দেওয়ালগার নিশ্মিত। বর্ত্তমান মহারাজার এবং মহারাজ্বংশের পর্ব্বপুরুষগণের व्यत्नकश्विक करते। त्रेकारमा ब्यारहा वाड़ीति उद्ध দক্ষিণে লয়। পশ্চিম দিকে বারাগু। ও কিছু গালি জমি আছে। আমরা পশ্চিম দিকে গিয়ে একবার নিচত সমতল ক্ষেত্র দেখলুম। কারণ ঐ থালি জমির কিছু পরেই পাহাড়ের অবতরণ আরম্ভ হয়েছে। সেদিক চুর্ধিগমা: নীচে আমরা শশুকেত্র ও ধুব বড় একটি জলাশয় ও পয়:-প্রণালী দেখলাম যেন। সেগুলি কোনও ভাবুক চিত্রক স্থত্বে তুলিকার চিত্রপটে চিত্রিত করে রেখেছে ৷ দুর (थरक रम मुख्य एमधरक रहांच रक्तरान यात्र ना। आम्हा এখান থেকে ছুখানি ফটো তুল্লাম। আমাদের ^{স্বে} ছুটি ক্যামেরা ছিল। আর এই পাহাড়ের অপর জান থেকে একথানি ফটো ভোলা হয়। সেখানে ঐ তুর্গটি রকণাবেকণ জন্ধ করেকজন কর্মচারী ও চাকর হারবান থাকে। ভারা আমাদের বেশ ভাল করে আমরা সেধান থেকে ভারপর चांत्रक्ष कत्रमूम। এवांत्र शांफ़ी दवन महरकहे ^{हम्हरू} লাগলো: কিছ বেশ বুঝতে পারপুম চালকের ^{বি} একাগ্রতার দলে গাড়ীর steering ধরে বসে ধাবৰে

হুরেছে। গাড়ী তথন ঘটার ৪০ মাইল বেগে নামছে এবং বাতা ঐ রক্ষ ঘূরে ফিরে নেমেছে। দশক্ষিত অবস্থা।

যাক্, সেই বন, পাহাড় ও তার তয়ানক অঞ্জী এবং তার বক্ষভেদী দারুণ রাজা—সব আমরা ক্রমে ক্রমে পেছনে কেলে রেখে আবার 'জমিনে' ফিরে এলুম; এবং এ-রাজা সে-রাজা ঘ্রে-ফিরে গাড়ী জতবেগে সামনের দিকে ছুটল। কিছুকণ পরে আবার সেই রুক্ম চড়াই ঠেলে গাড়ী উঠতে লাগলো। তবে এবার রাজা অত থাড়া হ'রে উঠে নি; কিছু ঘন জঙ্গানুত এবং লোকালয়ের চিহ্মাত্রশৃক্ষ। আমাদের গাড়ীতে আমি, রাধাকিষণজী ও মিঃ বেঞামিন ছিলাম। রাধাকিষণজী

বালেন "আমরা এবার 'বুরা থে বে'
ভগলে যাছি। সে অতিশর সুন্দর
ভারগা"। মিঃ বে ঞা মি ন বলেন
"আমরা কি ফেরবার পথ ধরি নি ?"
বাধাকিষণজী উত্তর দিলেন "ইয়া—
সেটা ফেরবার রাত্তাতেই পড়বে।"
তারপর সব চুপচাপ: মটরের ইঞ্জিনের স্থাভাবিক শব্দ ও মধ্যে মধ্যে
গাকের মূথে 'হর্ণ' বাজার আওয়াজ।
সমত্তরই শেষ আছে। অত্তরে প্রায়
৪৫ মিনিট গাড়ী চলবার পর আমারের রাভারও শেষ হ'ল। থানিকটা
থ্ব থাড়াই অভিক্রেম করে আমাদের
গাড়ী একটা থোলা জারগার দাড়িরে
একটা থিনিশাস ফলে ভার পাহাডে

উঠার পরিপ্রমের অন্তে হৃ:খ প্রকাশ কর্মে। যাক্, তা তনতে গেলে আর আমাদের চলে না। বাহক বা ভ্তাদের অহুযোগ তনতে গেলে প্রভুর চলে না। তাদের কইও সক্ষ কর্তে হ'বে, আর কাজও কর্তে হবে,—তাতে তাদের অহুর রক্তাক্ত হরেই যাক আর হৃদর চুর্ণ হরেই বাক্।

সাম্নেই একটি বর দেখনুম। তাতে কেউ আছে বলে বোধ হ'লো না। আর একদিকে বড় বড় গাছ; আর অপরদিকে আওরারের ক্ষেত। আওরার গাছগুলি ঠিক আথগাছেরই অন্ত্রুপ। আমরা সামনের সেই বরটিকে বাদিকে রেখে এগিরে চলুম। থানিকটা এগিরে গিরে

একেবারে একটা নিবিভ জদলের প্রবেশ-বারে এসে
পৌছলুম। সামনে চেয়ে দেখি—ও বাবা! ও কি!
এ বে অমানিশা হার মেনে যার! আমরা পাহাডগাঅস্থিত পাথরের সিঁড়ি দিরে নীচে নামতে লাগলুম।
মনে হ'লো ঠিক যেন পুটোর রাজত্বে প্রবেশ কছি।
৬)৭ মিনিট নামার পর আমরা এক জারগার এনে থামলুম।
চতুদিকে প্র উঁচু পাহাড; ভার উপরে প্র বড় বড় গাছ
উঠে পরস্পরে আলিজনবদ্ধ হরে নীচের আলোকটুক্
সমস্ত নিংশেষ করে নিরেছে। একধারে একটি অছতোরা ছোট হল। সামনের দিকেই পর্ব্ধত-গাত্রে একটি
ছোট মন্দির; ভাতে বিগ্রহমূর্ত্তি। ভার উপরে বছদুর



"শ্রীমান বন্দুক লক্ষ্য করেছে"

অবধি পাহাড় উঠে গেছে। অনেক উপরে ছটি কৌপীনপরিহিত সন্ত্রানী বসে আমাদের দিকে জিজাত্ম নেত্রে
চেরে আছে। মন্দিরের পাশের একটি ঘর থেকে একজন
বেরিরের একেন। আমরা তাঁকে পেরে সেধানকার সব
কথা জানতে লাগল্ম। উপরের সেই সন্ত্রানী ছজন
আমাদের দিকে অবাক হরে চাইতে লাগলো। সেই
লোকটিকে আমাদের প্রথম প্রশ্ন হলো—এখানে কেউ
থাকে কি না? সে লোকটি বল্পে আমি থাকি আর
পূজারী থাকে। আর নাগা সন্ত্রানীরা থাকে। এখানে
বি মন্দিরে নির্মিত পূজা হর—মহারাজার ব্যবহা আছে।

ভার পরে 'বাধ এখানে দেখা যার কি না ।' সে বল্লে "কেন দেখা বাবে না । এই হুদে জল খেতে আলে। আর ভারা কাছেই ভ থাকে। সন্ধার পরই ভাদের আওরাজ শোনা বার"। আমরা সেই জলাশরের নিকটে গিরে তার জল স্পর্শ করনুম। তাতে অগণিত মাছ ঘুরে বেড়াছে দেখে শ্রীমান বল্লে "কেমন মাছ ঘুরে বেড়াছে।" অমি প্রভুদরালকী একটু খোঁচা দিরে বল্লেন "তোমরা এমন নির্চুরভাবে কেমন করে যে জীবহত্তাা ক'রে উদর প্রণ করো তা বলতে পারি নি।" শ্রীমান বল্লে "আরে ভারে অগদীশের নিরমান্থ্যারে তোমরাও আর বাদ পড়ো নি।" বাক, সে অপ্রির প্রশ্বটাকে থামিরে দিরে বল্ল্ম "এবারে কটো তোলা বাক্।"



महात्राचात्र भिनविहादत

এ কথার সকলে ব্যস্ত হ'রে সুন্দর একটা স্থান দেখে কটো তোলাবার জন্ত প্রস্তুত হলাম। একটা ছোট্ট ছুইটনার কলে আমাদের ছবি প্রায় চলচ্চিত্রে পরিণত হরেছিল আর কি ! রাধাকিষণজীর এক হাত আমার হাতের মধ্যে ছিল; আর অপর হাত ছিল মিঃ বেঞ্জামিনের কাঁথের উপরে। আর তাঁর চরণযুগল যে বছদিন-সঞ্চিত প্রস্তুরকৃত্বিত পিছিল শেওলার উপর ছিল তা কেউই আনতে পারি নি। Camera Exposure শেষ হবার সজে সজে রাধাকিষণজীর পা-ত্রণানি খলিত হ'লো। আর সজে সজে আমান্তের ছুজনকে নিরে তিনি একেবারে

পৌরাণিক সাহিত্যে বর্ণিত 'বংশাকুচরিত' আমরা কেবল মাত্র তাহার বলেই ইতিহাদ বলিয়া গ্রহণ করিতে পারি না। পরাণের কাহিনী তথনই প্রকৃত ইতিহাস হইয়া দাঁডায়, যথন তাহার সহিত শিলালিপি, তামলিপি, মুদ্রা কিংবা অক্স কোন সমদাময়িক দাহিত্যে বর্ণিভ ইতিহাস মিলিয়া যায়। যদি একবার সাজ্ঞ দেখিতে পাই তবে আমরা পুরাণের ধ্রেবাহিক বংশের তালিকা এবং রাজাদের রাজাশাসন কাল মোটামটি ভাবে গ্রহণ করিতে দ্বিধা বোধ করি না। জয়স্ওয়াল কর্ত্তক নাগ্রংশের ইতিহাস এই জ্বাবেই আজ রহস্যোদ্যাটিত হইবাচে।

পুরাণে বর্ণিত আছে যে, ভারতবর্ষে শতবর্ধব্যাপী মেচ্ছাধিকারের পর গঙ্গার প্ত অভিযেকবারিসিঞ্চন শৈব হিন্দু নব নাগবংশের ভোরশিব ৰংশ। প্ৰথম সাৰ্পতেমি রাজা সিংহাসনে আসীন হইলেন। ইহাই ভারশিব বংশের গৌরবময় ইতিহাসের গোড়ার কথা। এখানে কশানদের মেন্ড বলা হইয়াছে এবং ভাহাদের ভারত সামাজ্য অধিকার শত বর্ধ কাল. ইহাও আমরা কুশান প্রশন্তি এবং মুদ্রা হইতে জানি। য়েচ্ছদের গ্রাস হইতে উদ্ধার করিয়া পুনরায় ভারতের জাতীয় রাজ্য প্রতিষ্ঠা যে ভারশিষ বংশের বাহুবলে এবং বৃদ্ধিবলেই সম্ভব হইয়াছিল, ইহার পুরাণে পরিষ্কার উল্লেখ না থাকিলেও আমরা বাকাটক অশস্তির সাহায়ে অনায়াসে বৃথিতে পারি। এই বংশের পরবর্তী কার্যাবলীর যে সামান্ত পরিচয় আনৱা লাভ করিয়াচি তাহা ইহারই সমর্থক। ভারশিব বংশই নাগ বংশ। কারণ বাকাটক বংশের এক প্রশস্তিতে ভারশিব বংশের এক বাজার নাম "মহারাজ খ্রীজবনাগ" দেখিতে পাই। ইহা ছাড়াও নাগ, নব নাগ এবং ভারণিৰ বংশের অভিনতের প্রমাণ আমরা ক্রমে ক্রমে দেখিতে পাইব।

এই নাগবংশকে পুরাকালে অর্থাৎ ফুল বংশের মগথে সাম্রাজ্য শাসনের সময় হইতে ইতিহাস-প্রসিদ্ধ বিদিশা নগরীতে প্রতিষ্ঠিত দেখিতে পাই। অব্ধনে আমুদ্ধা নাগ বা ভারশিব বংশের কণা বলিব। প্রাচীন বিদিশার নাগবংশ পুরাণের কাহিনীতে চুই ভাগে বিভক্ত হইয়াছে। প্রথম ভাগের রাজ্বগণ হল বংশের পত:নর পূর্বের রাজত্ব করিতেন। তাঁহাদের নাম পুরাণে নিম্নলিধিত ভাবে বর্ণিত আছে—

- ১ ৷ শেষ
- . २। ভোগিন (সম্ভবতঃ শেষের পুত্র)
 - ৩। রামচক্র (শেবের পৌত্র)
- ধন বা ধর্ম বর্মা (তাছাকে শেষ হইতে অধন্তন তৃতীয় পুরুষ ধরা সাইতে পারে)
 - ে। বঙ্গর (শেন হইতে অধস্তন চতুর্থ পুরুষ)

রামচন্দ্রের (৩) পরবর্ত্তী রাজার নাম নগপান অথবা নগনাম। তিনি বৈদেশিক বলিয়া উপিরিউজ নাগবংশাবলীতে স্থান পান নাই। বিষ্ণু-পুরাণ তাহার নামোরেথও করেন নাই। এই ছয়জন রাজা জয়সওয়ালের মতে, গুটু-পূর্ব্য ৩১ বৎসর পর্যাপ্ত রাজাভ করেন। পরুষ্ঠ রাজ্য-শাসনের কালে বহারাজ হত্তিবের খোলা আমরা পরবর্ত্তী গুপ্ত রাজ্য-শাসনের কালে মহারাজ হত্তিবের খোল ডামলিপিতে (Khoh coppe plate) বঙ্গর নামক স্থানের উল্লেখে পাই। মলে হয় ওই স্থানের নাম কর্ণ রাজাবস্বরের নাম হইতে হইরাছে।

হক বংশের পতনের পরবর্তী এবং কুশান সাম্রাল্য প্রতিষ্ঠার পূর্ববর্তী আর্থাৎ খৃষ্ট-পূর্বর ৩১ হইতে গৃষ্টাক ৭৮ পর্যান্ত নাগ রাজগণের নাম পুরাণ ছিতীর পর্যারে বর্ণনা করিয়াছেন। এই সময়ে ভারতবর্গে দাক্ষিণাত্যের জন্ম অথবা সাত্যাহন রাজগণের অপ্রতিহত কমতা। এই অন্ধুগণ উত্তরাপথের রাজ্য সকল জন্ম করিয়া কিছুকালের জন্ম মগধও অধিকার করিয়াছিলেন। তাঁহাদের অথীনে নাগদিগের যাওয়া যাভাবিক। এই সমরের নিম্বালিখিত রাজার নাম পুরাণে হান পাইয়াছে।

- 🖜। ভূতনন্দী অথবা ভূতিনন্দী
- ৭। শিশুননী (সম্ভবতঃ ভূতননীর পুত্র)
- ৮। যগোনন্দী (শিশুনন্দীর কনিষ্ঠ ভাতা)

যশোনন্দীর পরে নাগরাজগণের সম্বন্ধে পুরাণ নীরব। ইহাদের নাম জন্তমওরাল মুদ্রা হইতে সংগ্রহ করিয়াছেন। তাঁহার। (৯) পুরুষদাত (নন্দী); (১০) উত্তমদাত (নন্দী) (১১) কামদাত (নন্দী); (১২) শুবদাত (নন্দী); (১৩) শিবদাত (নন্দী)। ১

হইতে ১৩ পর্যান্ত রাজ্বগণের পরস্পর অন্তর্গমন অনিন্দিত।

শ্বিধ সন্থলিত মূডাতালিকার ২ অনেকণ্ডলি অচেনা মূডা (coins unidentified) আছে। শেই মূডাণ্ডলির সমাক্তথ্য এ যাবৎ আমরা আনিতাম না। অয়সভয়াল, তাহাদের পরশ্বন সাদৃভ এবং অভাভ সাভেতিক চিক্রে বলে দেগুলিকে নাগরাজগণের মূলা বলিয়া নির্বয়

করিয়াছেন। পুরাণের কাহিনীর সমর্থক এবং ন্যানতা প্রকরণে এই
মুজাগুলি অভিশন মূল্যবান। মূজাতে পোদিত শেষদাত, রামদাত এবং
শিশুচক্র দাতকে যথাক্রমে শেব (১); রামচপ্র (৩) এবং শিশুনক্ষী (৭)
বলিয়া নির্মারণ করিতে পারি।

একটা বিষয় আমাদের লক্ষ্য করিবার আছে। বার্প্রাণ বিদিশা নাগদের "বুব" বলিছাছেন। প্রাণে দ্বিতীয় পর্যায়ের নাগরাজগণের পশচাতে 'নন্দীব' উল্লেখ্ড দেখিতে পাই। এই "বৃষ" এবং "নন্দী" উভয়ে ভগবান শিবের কল্লিত মূর্ত্তির সল্পে আছেভভাবে ফড্ডিত। প্রবর্তীকালে শৈব নাগদের 'ভারশিব' নাম গ্রহণের পশ্চাতে বোধ হয় উহার প্রভাব বহিষ্যাতে।

রাজা শিবনন্দীর এক প্রশক্তি আমাদের দৃষ্টিগোচর ছইরাছে। তাহা কুশানের ঠিক প্র্কে নাগবংশের ইভিছাস গঠনের কার্য্যে প্রভৃত সাহায্য করে। ইভিছাসিকগণ প্রাচীন পদ্মাণতী নগরীকে বর্ত্তমান "পদ্মপাওয়াইয়া" (Padampawaya) নামক স্থানে নির্দ্দেশ করিয়াছেন ০। সেই স্থানে ঝাবিছুত যক মণিজন্তের মূর্ব্তিতে ৪ আমরা দেখিতে পাই যে স্বামী শিবনন্দী নামক রাজার রাজত্বের চতুর্থ বৎসরে উহা এক নাগরিক সজ্য কর্ত্তক প্রদত্ত হইল। এই শিবনন্দী এবং মূসার শিবদাত (২৩) অভিন্ন। যক্ষ্যিকৈ উপলক্ষ করিয়া জ্বয়সওয়াল কয়েকটী প্রচ্যোজনীয় সিদ্ধান্তে উপনীত হইয়াচেন।

প্রাচীন পদাবতী নগরী নাগগণের প্রতিন্তিত এক রাজধানী হওরা সম্ভব। জ্বাস্থরাল অকুমান করেন যে মহারাজ ভূতনলী (৬) কর্তৃক এই নগরী স্থাপিত হইরাছিল। বিদিশা হইতে নাগগণের পদাবতী আসিবার নানা কারণের স্তিত্রে শকাদি হেচ্ছেগণের আক্রমণ্ড এক কারণ হইতে পারে। যাহা হউক ইহার পর হইতে পদাবতী নাগগণের একটা প্রধান বস্তি স্থান হইল।

রাজা শিবনন্দী (১৩) বোধ হয় কুণান প্রকাবত্তী নাগবংশের শেষ থাধীন নরণতি। খাধীন বলিলাম, কেন না. পুরাণে এবং মুদার তাহাদের ইতিহাস-লিগন-পদ্ধতি দেখিয়া তাহাদিগকে প্রকৃতপক্ষে খাধীন রাজা বলিয়াই অনুমান হয়। হয় তো ক্রমায়য় স্ক এবং অক্রদের অধীনতা তাহারা নানে মাত্র মানিয়া লাইলাছিলেন, এবং তৎপরে কালক্রমে নিজেয়াই খাধীন হইয়া বিসয়াছিলেন। শিবনন্দীর রাজাত্বের চতুর্থ বৎসরের পরেই সম্ভবতঃ কুশান বংশের সর্বক্রেন্ড সম্রাট কণিছ নাগরাজ্য থ অধিকার করিয়া লাইলেন। নাগগণ বদেশ ত্যাগ করিয়া পলায়ন করিলেন।

১। মুনার প্রাপ্ত রাজাদিগের নামের পশ্চাতে 'দাত' উলিখিত
আছে। কেই কেই বলেন যে উহা দত্তের অপত্রংশ। জরসওয়ালের
মৃত ইহা হইতে ভিন্ন। দান হইতে লাতের আগমন এবং উহা নাগরাজ্যপের দানশীলতাসুচক এক রাজকীয় সাম্বেতিক চিত্ হইতে পারে।

RI 'Catalogue of Coins in the Indian Museum (Calcutta) Vol. I by Smith.

 [।] ইতিহাস-প্রসিদ্ধ এই নগরীকে কানিংহাম আধুনিক নর্কার
 (Narvar) নামক দেশের সহিত অভিন্ন বলিয়া ধরিয়ালেন । ভবতৃতির
"মালতী-মাধব" নাটক এই নগরীকে বিখ্যাত করিয়া রাখিয়াছে।

^{• 1} Archaeological Survey of India Report 1915—1916, p. 106.

পুরাণে উল্লেখ আছে যে কুশানগণ পদাবতী নগরী জয় করিয়া,
 সেই স্থানকে প্রাদেশিক শাসনকর্মার রাজধানীতে পরিণত করিলেন।

কুশান রাজত্বের সময় এই নাগগণের কি আবহা হইরাছিল ভাছা আমরা সঠিক জানি না। ভাছারা বোধ হর বিদ্যাট্রীতে পলাতক অবছার অনেক দিন ছিলেন। এই সময়ে ভাছাদের তুর্দ্ধার অন্ত ছিল না। এই অবছা-বিপর্যার এবং রাষ্ট্রবিগবের ভিতর দিয়াও ভাছারা ভাছাদের অভিত্ব, যে প্রকারে হউক, বজার রাথিয়াছিলেন। তুংধের বিষয়, এই সমরে নাগবংশের কোন রাজার নাম কিখা কার্যাবলীর কোন প্রিচয় আমাদের জানা নাই।

কুশান্দের পতন আরম্ভ ইইবার সজে সংগ্র নাগদের পৌরবমর সাম্রাঞ্য গাপনের ইতিহাস আরম্ভ ইইল। এই সাম্রাঞ্যবাদী ভারশিব বংশের ধারাবাহিক ইতিহাস আলোচনা করিবার পূর্বের, ভাষার সহিত বিগত নাগবংশের প্রকৃত সম্বন্ধের বেঁলে লইতে আমরা উৎক্ষ হই। উপস্থিত মূলা এবং পৌরাশিক সাহিত্যের বলে, জয়সওয়াল নিঃসন্দেহে প্রমাণ করিরাছেন বে পরবর্তী ভারশিব ৬ সম্রাট্রগণ প্রাচীন নাগবংশের বংশধর। প্রথম স্মাট্র নবনাগ কাহার পূত্র পুরাণেও ভাষার উল্লেখ নাই। নবনাগ পৈতৃক রাল্য পূন্যক্ষার করিলেন। কুশান্দের উপর সমুচিত প্রতিশোধ লওয়া হইল। তিনি আধ্যাব্যের্ডর সম্রাট হইলেন।

নৰনাগ এবং পরবর্ত্তী সমাটগণের নাম অধানতঃ মুদ্রা ৭ হইতে উদ্ধার করা হইয়াছে। প্রাচীন কৌশাখী নগরীর টাকশালে খোদিত একটা মনা এতদিন ঐতিহাসিকগণের কাছে একটা সমস্তার সৃষ্টি করিরাছিল। ্যস্ভয়াল তাহাতে লিখিত 'নবল' এবং অন্ধিত নাগমূর্ত্তির সম্যুক্ত বঙ্গ প্রকাশ করিয়াছেন। উহা ভারশিব অথবা পুরাণের মতে নবনাগ বংশের গ্রন্থিতা নবনাগের মুন্তা। মুন্তার বলে নবনাগ এক দিকে বিদিশা নাগদের এবং অপর দিকে খিতীয় সম্রাট বীরসেন (নাগ) কে সংযুক্ত করিয়া রাখিয়াছেন। তাঁহার রাজত সম্পর্কে প্রাপ্ত মুন্তা সকল নিম্নলিখিত নিদ্ধান্তগুলিকে ইঞ্জিত করিতেছে। সমাটু নবনাগ বর্তমান যুক্তপ্রদেশে রাজত্ব করিতেন। উহোর রাজত্বলে ন্যুনকলে ২৭ বংসর। কুশান প্রভাত মুক্তার (বিশেষত: সমাটু ছবিক এবং বাস্থদেবের মুক্তার) দহিত নবনাগের মুদ্রার বিশেষ সাদ্ত পরিলক্ষিত হয়। এই বিশেষত্ব দেখিরা াগর রাজত্বকাল খুষ্টার ১৪০-৭০এর মধ্যে আরোপিত করা হইয়াছে। ন্মুলগুপ্তের সমসাময়িক ক্লডেবে (সেন) হইতে পণনা করিয়া সমস্ত পুলবন্তী ভারশিব বাজগণের শাসনকাল নির্দারণ করিতে গেলে নবনাগের টপরিউক্ত ভারিথই সমীচীন বলিয়া বোধ হয়।

থুনীয় ভিতীয় শতাকীয় শেষভাগে নাগ বংশের এক রাজা মধ্রা পুনক্ষার করিয়া দেখানে নিজেকে প্রতিষ্ঠিত করিলেন। নবনাগের মার্ক কার্য এইবার সমাপ্ত হইল। মধ্রা অনেক কাল শক, কুশান অপুতি রেজহুগণের অধিকারে ছিল। ফুডরাং মধ্রাতে পুনরায় এই

হিন্দু সামাজ্য প্রতিষ্ঠা ইতিহাসে এক মুরনীয় ঘটনা। এই রাজার নার বীরসেন। তাঁহার সমরে অনেক মুলা পাঞ্জাবের পূর্বভাবে এবং যুক্তপ্রদেশে পাওরা গিরাছে। তাঁহাদের কোন কোন-মুলার এক পূঠে তালবৃক্ষ এবং অপর পূঠে সিংহাদনে আসীন এক সূর্ব্তি। তালবৃক্ষকে নাগের প্রতীক ধরিতে হইবে। অপর নাগ মুনার সলে বীরসেনের মুজার নিকট সাদৃত্য থাকায় বীরসেন নাগ অথবা ভারশিব বংশের ব্রন্থপতি বলিয়া বিবেচিত হইরাছেন। তাঁহার মূল্যের নানা সংক্ষরণে দেখি, একজন বলবান পুরুষ একটা সপ্রছেল। তাঁহার মূল্যের নানা সংক্ষরণে দেখি, একজন বলবান পুরুষ একটা সপ্রছেল। তাঁহার আছে। আই সকল মূল্যার প্রচারও বিত্তত ছিল। অমুমান হল, বীরসেন বিশাল সামাজ্যের মালিক ছিলেন। মোটামুটি ভাবে সমগ্র মধাপ্রদেশ এবং পাঞ্জাবের কিরদংশ তাঁহার অধিকারে ছিল।

করাকাবাদের অন্তর্গত জাত্মত নামক ছানে প্রাপ্ত প্রশান্তিতে চলিখিত রাজা বীরদেনকে, জয়সওয়াল, নাগবংশের বীরদেন বলিয়াছেন ; এবং দেখানে উৎকীর্ণ '১০'কে রাজা বীরদেনের রাজত্বের এরোদশ বংসর বলিয়ানিরপণ করিয়াছেন । এ বিবরে ছিমত আছে, কারণ, শুধু লিপির অক্ষর দেখিরা তাহার কাল নির্ণির করা হইরাছে। কেছ কেছ ৯ এই প্রশান্তি খুটীয় তৃতীয় শতাকীতে লিখিত বলিয়া মনে করেন। বীরদেনের কার্যান্ত্রীয় তৃতীয় শতাকীতে লিখিত বলিয়া মনে করেন। বীরদেনের কার্যান্ত্রীয় বে পরিচয় আমরা পাইয়াছি, তাহাতে ওাঁহাকে ভারশিব অথবানবনাগ বংশের সর্ক্রেট সম্রাট বলিয়া ইতিহাসে স্থান দিতে পারি। মুয়া হইতে অবগত হই যে তিনি অস্ততঃ ৩০ বংসর রাজত্ব করিয়াছিলেন।

এখানে একটা প্রয়োজনীয় ব্যাপার মনে রাখা দরকার। স্কাসওয়াল যে অচেনা মুজাগুলি পাঠ করিছা এই ভারশিব বংশের ইভিহাস উদ্ধার করিয়াছন এবং প্রাণের ইভিহাসের সঙ্গে ভাহার মিলনের হত্ত বাহির করিয়া ভাহার ন্নভা পূর্ণ করিয়াছেন, সেই মুজাগুলির পরক্ষার মাণ্ডা ভাহার এ কার্য্যে প্রধান সহায়! নাগের প্রতীক্ ভালবুক্ষের ছাপ দেখিয়া ভিনি ভারশিব বংশের মুজা-লিখন-পদ্ধতি খুঁজিয়া পাইয়াছেন। ভাহার নির্দেশিত নাগরাপভাের নির্দেশিভালির পাত্তেও এই ভালবুক্ষ কার্র্যান-সহকারে খোলিত আছে। এই মুজাগুলি ভারশিব মুজা বলিয়া গ্রহণ করিয়া আময়া ভাহার রচিত ইভিহাস যুজাপুর্গ বলিয়া গ্রহণ করিছে প্রমাণ উপস্থিত না হত্তাও; করিলা। জয়সওয়ালের মত মোটের উপর মানিয়া কইতে ইভতাও; করিলা।

বীরদেনের পরবন্ধী আর চারিজন রাজায় নাম আমেরা মুজাতে পাই। ভাহারা যথাক্রমে,--হর-াগ, এয়নাগ, বহিননাগ এবং চর্বানাগ। মুজাতে ভাহাদের রাজ্যুকাল দেওয়া আছে। এই চারিজন রাজা ক্মপকে ৮০ বৎসর রাজ্যু করিয়াছিলেন। জ্বয়নওরালের হিসাব মত আবরা নিয়-

৬। জ্বয়সওয়াল জনুমান করেন যে সাজাজ্যবাদী নাগদের রাজকীয় পদবী "ভারশিব" চিল।

¹¹ Catalogue of Coins in the Indian Museum (Calcutta) Vol I, by Smith.

Jankhat Inscription—Epigraphia Indica, Vol. XI, p. 85; Edited by Pargiter.

[»] Pargiter.

লিখিত ভাবে ভারনিব বংশের তালিক। প্রস্তুত করিতে পারি। প্রত্যেক রাজার রাজস্কলাল প্রাপ্ত মৃত্যার তারিখের উপর ভিত্তি করিরা নিরূপণ করা হইরাছে। স্তুরাং দ্ব-এক বংসর কম বেশী হইতে পারে।

রাজার	<i>मा</i> म प	<u>শুস্</u> বাবি	ক রাজত্বাল	ৰুজার প্রাপ্ত বংসর
2	नरमात्र ।	बुडेाच	380>90	২৭ বৎসর
۱ ۶	বীরদেন (নাগ)		>467.	
्।	হরনাগ।	19	२>•—₹8€	4. "
8 1	ত্ররনাগ।	, ,,	₹8€₹€•	দেওলা নাই
e [বাৰ্চন নাগ।	11	२ ६०—-२ ५ ०	৭ বৎসর
• 1	চৰ্ব্যনাগ।	>>	₹4•₹2•	⊘ • "

নবনাগের মুজার বিশেবং দেখিরা তাহার রাজত্বলাল নির্মাপত হইরাছে, এ কথা পূর্বেই আলোচনা করা হইরাছে। তাহার মুজার সঙ্গে কুশানগণের মুজার বিশেব সাদৃশ্য আছে। অথচ তৎপরবর্তী নাগরারগণের মুজাওলি ক্রমশং বাধীন ভারতীর ভাবে খোদিত হইতেছে, এইরূপ বুখা যায়। উদাহরণ পর্মণ বীরসেনের মুজা ধরা বাইতে পারে। এইভাবে নবনাগের প্রাচীনত্ব এবং পের কুশানরার্ক হবিছ এবং বাস্থদেবের সঙ্গে সমসামরিকত্ব আমাদের কাছে প্রকাশিত হয়। উলিখিত ছয় জন রাজার পরম্পর কিস্বেছ ছিল, তাহা আমাদের জানিবার উপায় নাই। তাহাদের প্রত্যেকর স্বশীর্ষ রাজত্বজাল দেখিরা মনে হয় যে তাহাদের সম্পর্ক "পিতাপুত্র" কিলা অন্ত কোনরূপ ঘনিষ্ঠভাবে ছিল।

মবনাগ বংশের সপ্তমরাজা জ্বনাগ। গুপ্ত এবং বাকাটক প্রশক্তি ১০ হইতে আমরা তাঁহার বিবর অবগত হই। ভ্রনাগের রাজত্ব আমুমানিক প্রক্রাক ২৯০ হইতে ৩১৫ পর্যান্ত আর্থাৎ ২৫ বংসর। তিনি চর্বানাগের উন্তরাধিকারী। সর্ব্বশ্রেষ্ঠ বাকাটকরাজ প্রথম প্রবর্গেন তাঁহার সম্সামরিক এবং অতুলপ্রভাবাধিত শুপ্তসম্রাট সম্মার্থিক এবং অতুলপ্রভাবাধিত শুপ্তসম্রাট সম্মার্থিক এবং অতুলপ্রভাবাধিত শুপ্তসম্রাট সম্মার্থিক এবং অতুলপ্রভাবাধিত শুপ্তসম্রাট সম্মার্থিক ক্রনেন ১১ সম্মার্থিক হত্তে পরান্ত হন।

পুরাণে বিশিত নবনাগ বংশের ইতিহাসের সজে মূলা এবং প্রশক্তি হইতে সংগৃহীত উপরিউক্ত ভারশিব বংশের ইতিহাস মোটের উপর মিলিয়া বায় । প্রাণের মতেও নবনাগ বংশের সাত জন রাজা রাজত্ব করেন । পৌরাণিক সাহিত্যে ভারশিব বংশকে নবনাগ বংশ বলা হইয়াছে। প্রবক্ত ক্পানের পরবর্তী নাগরাজ্পণ নববলে বলীয়াম হইয়া এবং নব আগদর্শে অকুপ্রাণিত হইয়া সাআজ্ঞানপণ নববলে বলীয়াম হইয়া এবং নব আগদর্শে অকুপ্রাণিত হইয়া সাআজ্ঞানপি নবলাগ বংশের নাগবংশের সহিত বনিষ্ঠ সকল বাম বাক্তি ক্রিয়াজিলেন । পুরাতন নাগবংশের সহিত বনিষ্ঠ সকল বাকা বংশের ইতিহাস প্রস্তুত্বকে

ভারলিব বংলের সমাউগণের হ'ব কার্ব্যাবলীর সমাক পরিচর আঞ্জ র আমাদের কাছে অপ্রকাশিত। সম্রাটদের নাম এবং করেকটা বিশেষ ঘটনা বাতীত আর কিছই আমরা লানি না। তাঁহাদের গ্যাতির পরিচর আমরা ৰাকাটক লিপিতে পাই। ফ্রিট (Fleet) ধ্রণীত গুপ্ত প্রশাস্তির তালিকায় প্ৰদত্ত বাকাটক লিপিতে ১২ তাঁহাদের সম্বন্ধে যাহা লেখা আছে ভাচাৰ ভাব বাংলায় এইভাবে প্ৰকাশ করা যাইতে পারে—"এই বংশেত রাজ্ঞগণ পরম দেবতা শিবের নিদর্শনের ভার স্কল্পে বহন করিয়া ভাঁহারট **এসের আশীর্কোদে 'ভারশিব' নাম গ্রহণ করিলেন। ভাগীর্থীর পু**ত সলিলে অভিবেক-ক্রিয়া সম্পন্ন করিয়া, তাঁহারা সেই সাম্রাক্রের অধীয়ত হইলেন, বাহা তাঁহাদের লাভ করা বাহবলেই সম্ভব হইরাছিল ৷ দশবার আশ্বমেধ যক্ত ভাগীরখীর তীরে সম্পন্ন করিয়া তাহারা সেই সলিলে অবগাচন করিলেন।" অঞ্চ এক স্থাধীন বংশের প্রশক্তিতে কোন বাঞ্চবংশের এইলগ ঞ্জাংসা পাইবার উদাহরণ ইতিহাসে বিরল। ভারশিব বংশের সাময়িক অভাদর এবং ভাহার বলোগৌরবের স্থতি বাকাটক লিপিতে এইরুগ চিরক্মরণীর হইরা রহিরাছে। নাগ বংশের 'ভারশিব' পদবী *প্রহণে*ব তথাও ইহাতে প্রকটিত হর।

দশবার অথমেধ যক্ত করার সৌভাগ্য ভারতবর্ধে পুব কম রাজবংশের
হইরাছে। কিন্তু ভারলিব বংশ দশ দশবার অথমেধ যক্ত করিরা বার
বার নিজেদের অনতিক্রমনীর ক্ষমতা জাহির করিরাছেন। বাকাটক লিপিতে
আমরা আরও অবগত হই ছে সেই বংশের "সম্রাট" প্রথম প্রবর্মনের
পুক্র ব্বরাজ গৌতমীপুক্র ভারলিবরাজ ভবনাগের কহ্যাকে বিবাহ
করেন। জাহাদের পুক্র বিখ্যাত ক্রন্তমেন বা পুরাণের মতে শিশুক।
এই বিবাহকে উপলক্ষ করিয়া আমরা কতকগুলি প্ররোজনীয় সিদ্ধান্তে
উপনীত হইতে পারি। এই বিবাহের ফলে ভারলিবগণ বাকাটকগণের
সঙ্গে ওতপ্রোভ ভাবে জড়িত হইলা গেলেন। অত্যান হয় যে ভারলিববংশের পরবর্ত্তী সন্ত্রাট্নের রাজব্রুলাকেই বাকাটক বংশ নিজেদের প্রাধান্ত
ঘোষণা করিয়াছিলেন এবং উভর দলের রাজনৈতিক প্রতিভ্রিক্তার প্রথম।
ভাহা বছকালছারী হওরাও খাভাবিক। অবশেষে এই রাজনৈতিক
বিবাহ ঘারা খুটার তৃতীয় শতাকীর শেষভাগে শান্তি ছাপিত হইল এবং

ন্তন এবং খাৰীন ইতিহাস। সেই কারণেই মনে হর প্রথম সমাটের নামাসুসারে এই বংশকে বলা হইরাছে নবনাগ বংশ।

^{5.} Corpus Inscriptionum Indicarum Vol. III, by Fleet.

সমূত্রশ্বরের এলাহাবাদ প্রশ্বিতে স্তর্গেনকে স্কর্জেব বলা

ইইরাছে। প্রশ্বিতে 'দেন'কে 'দেন' বলিরা উল্লেখ করিবার রীতি ছিল।

প্রশ্বিত্র ক্ষান্ত সেনকে বসস্তবেব বলা ইইরাছে।

Fleet—Corpus Inscriptionum Indicarum, Vol. III—The Vakataka historiographer gives in three pregnant lines, the history of the Bharasivas:—"Of (the dynasty of) the Bharasivas, whose royal line owed its origin to the great satisfaction of Siva, on account of their carrying the load of the symbol of Siva on their shoulders—the Bharasivas who were anointed to sovereignty with the holy water of the Bhagirathi which had been obtained by their valour—the Bharasivas who performed their sacred bath on the completion of their ten Asvamedhas."

উভয়ে উত্থানের পথে শুগুগণকে বাধা দিবার জভ বন্ধপরিকর হইলেন। কিন্তু তাঁহাদের এরাস যে শেব পর্যন্ত বার্থ হইয়াছিল ভাহার এমাণ আমরা এলাহাবাদ প্রশক্তিতে ২০ পাই।

যাহ। হউক, এ রাজনৈতিক বিবাহকে বাকাটক বংশের প্রায় রাজকীয় লিপিতেই প্রাধার্য্য দেওয়া হইয়াছে। ইহাতে ভার্নিব নংশেরই গৌরব পুচিত হইতেছে। প্রথম প্রবরসেনের মৃত্যুর পর যে কারণেই হউক, াহার পুত্র গৌতমীপুত্র সিংহাদন পাইলেন না। পৌত্র ক্রন্তেদন সম্রাট ্ট্রলেন। লিচ্ছবি দৌছিত্র বলিয়া প্রথম চন্দ্রগুপ্তের পুত্র বীরবাছ সম্ভ্রন্তর গর্ব্ব অফুভব করিতেন। ক্রন্তেসেনের ভারশিব-দৌহিত্র বলিরা সময়ত্তপ্ত হইতেও বেশী পরিমাণে গর্কা অকুভব করার পরিচয় আমরা বাকাটক লিপিতে পাইয়াছি। এমন কি বালাঘাট প্ৰশন্তিতে১৪ ক্ষমেনকে ভারশিবরাজ বলা হইরাছে। সমুক্তগুরে এলাহাবাদ প্রশক্তিতে এই ক্লদেৰ (দেন) বীর বলিয়া প্রশংসা পাইয়াছেন। পিতাকে ্রাপাইয়া বীর পুল্রের সিংহাদনে বসিবার পশ্চাতে এই ভারশিব বংশের এবং নামের প্রভাবে রহিয়াছে, এ অফুমান অসঙ্গত নহে। ইহা আনেকটা ্যাগল সম্রাট আক্বরের মৃত্যুর পর জাহাঙ্গীরকে সরাইয়া মানসিংহের ভাগিনেয়, জাহান্সীরের জ্যেষ্ঠ পুত্র থসককে দিল্লীর সিংহাসন দিবার ন্দ্রনজ্ঞের মন্ত। কিন্তু রুজনেনের মত দিংহাদন পাইবার দৌভাগ্য ্স্পুর হইরাছিল না, ইহা আমেরা জানি। গৌতমী পুলের রাজানা এইবার কারণ অবগু ইহাও হইতে পারে, যে তিনি পিতার মৃত্যুর পর্কেই প্রাণ্ডাাগ করিয়াছিলেন। প্রথম প্রবর্ষেনের ফুদীর্ঘ রাজত্বের কণা স্মরণ রালিলে, শিতীয় সিদ্ধান্তও অসম্ভব মনে হয় না।

নবনাগবংশের রাজ্যের সীমা আমরা মোটের উপর নির্দ্ধারণ করিতে **প্রকাশিত** হইবে।

ভাবশিব বংশের কান্তিপুরীতে উপান (পুষ্টাব্দ ১৯٠)

ভোগ করিতেন।

নবনাগ--বংশের প্রতিষ্ঠা।

বীরসেন—মধুরা এবং পদ্মাবতী-শাখার প্রতিষ্ঠাতা।

কান্তিপুরী পন্যাৰতী (ভারশিব বংশ)। (हाक वःम) ১७ इत्रमान (**पृष्टोस** २००-**२**४८)। ভীমনাগ (ब्रष्टांक २১०-७०)। खत्रमांग (,, २६६-६०)। ऋमा नाम (,, २००-६०)। वर्डिननाग ("२००-७०)। বহম্পতি নাগ (,, ২৫০-৭০) !

বহারের পশ্চিমাংশ এবং পাঞ্জাবের পূর্ব্বাংশ ভাহাদের অধিকারে ছিল।

কত্ত ইহা ৰাজীত তাঁহাদের সাম্রাক্ষা চতুর্দিকে বিস্তৃত ছিল। এ সম্বন্ধে

যালোচনা করিতে গেলে, নাগরাজ্য-শাসন-প্রণালী জানা দরকার।

ল্যুগওরাল সেই শাসন-প্রণালীয় যে বর্ণনা আমাদের দিয়াছেন, তাহা

াতা হইলে ভারভের ইতিহাসে এক অতি উচ্চাঙ্গের রাজনীতির দৃষ্টাগু

জাতি অবস্থিত ছিল>। এ বিষয়ে লক্ষ্য করিবার জিনিষ এই যে, অক্সান্ত সাম্রাজ্যবাদীদের মত এই নবনাগবংশের সম্রাটগণ সংলগ্ন রাঞ্জের রাজগণের বাধীনতা বিনা কারণে থকা করিতে প্ররাস পাইতেন না। क्रमुन्द्राल शत्वरणा कतिया এই बाष्ट्र-मःहित्त धार्यान नागगरणव बाक्यांनी "কান্তিপুরী" নামক নগরীতে নির্দেশ করিয়াছেন। কান্তিপুরীর নব-নাগের অধীনতা (নামে মাত্র) বীকার করিলেও, ভিন্ন ভিন্ন রাজগণ নিজেদের রাজ্যে সাধীন রাজার সকল স্থবিধা এবং ক্ষমতা

বিরাজমান থাকিবে। উপস্থিত প্রমাণাদির উপর ভিত্তি করিয়া

নাগ সামাজা কতকগুলি রাজা-সমন্ত্রে একটা রাষ্ট্-সংহতি (Federa-

tion)তে পরিণত হইরাছিল। কেন্দ্রীর রাজ্যের প্রত্যন্ত বেশের কুন্ত ু

কুত্ৰ রাজগণ আভ্যন্তরিক শাসন-কার্ব্যে খাধীন থাকিতেন এবং নাগ-

সাত্রাঞ্জের ভিতরে নিজেদের রাজ্য অস্তর্ভুক্ত করিয়া লইতেন। এই

অধীন রাজগণের বেশীর ভাগ প্রধান নাগবংশের সঙ্গে ধনিষ্ঠভাবে সংবৃক্ত

ছিলেন। কিন্তু সম্পর্কিত ছাড়াও নাগরাষ্ট্র-সংহতিতে জন্তান্ত ক্ষত্রিয়

জয়সভয়াল নাগশাসন-প্রণালীর এইরূপ চমকপ্রদ বিবরণ দিয়াছেন—

নাগবংশ বিস্তার লাভ করিয়া ক্রমে তিনটী রাজধানী স্থাপন করিল। তাহারা যথাক্রমে পদ্মাবতী, কান্তিপুরী এবং মধুরা। ইহার মধ্যে কান্তিপুরীর নাগগণই এবধান বংল। নাগ বংশ ক্রমে এইভাবে লাখা প্রশাপার পরিণত হইরা ভিন্ন ভিন্ন নগর প্রতিষ্ঠিত করিয়া বাস করিতে লাগিল। নাগরাষ্ট্র-সংহতি এইক্সপে গঠিত হইল। জন্মওয়াল কর্ত্তক উদ্ধাবিত নিম্নলিধিত তালিকা হইতে নাগরাঞ্জছের তথ্য

মথুরা

(यङ दरण) ১१

নাম অজানা

ংরি। বর্তমান বৃত্তপ্রদেশ নাগরাজ্যের কেন্দ্রভূমি ছিল। ভতুপরি _ ১৫ | জন্মপ্তশ্নালের মতে, মালব, যৌধেন, মজক প্রস্তৃতি গণ-তন্ত্ৰাবলম্বী ক্ষত্ৰিয় বংশগুলি নিজ নিজ বাজা সকল কুশান কবল হইতে পুনক্ষার করিবার সাননে, নবনাগ্রংশের প্তাকা-তলে সম্বেত হইরাছিল। কুশান পতনের পরে তাহাদের পুনর্থোদিত মুলাবলীতে তিনি নাগমুতার প্রভাব গভীর পর্বাবেকণে লক্ষ্য করিরাছেন। অতএব, নামে সাত্র হইলেও, নাগ-সম্রাটদের প্রাধান্ত তাঁহার। বীকার করিতেন।

জনসভয়ালের এই মস্তব্য কতদূর গ্রহণীর ভাষা বিচারের বিবন্ধ। ১৬। 'ভাবশতক' নামক গ্রন্থে প্রাবতীর নাগগণের রাজকীয় প্রবী 'চাক বংশ' কেওয়া আছে।

১৭। কৌষুদী সহোৎসৰ নামক আর একথানা এছে মণুরার রাজবংশকে যদুবংশ বলিরা উল্লেখ করা হইরাছে! জয়সওরাল 'ভাবশতক

¹⁰¹ Allahabad Pillar Inscription of Samudra-Jupta-Fleet-Corpus Inscriptionum-Vol. III.

¹⁸¹ Balaghat Plate-Epigraphia Indica Volume X. D. 270.

(ইহার পর নাগবংশের হন্ত হইতে সার্বভৌম নরপতিত খুলিত হটরা বাকাটক বংশের স্বল রাজগণের হাতে গমন ক্রিল। কিন্তু বাহিরের এই বিয়াট পরিবর্জনেও অকুর থাকিরা নাগরাট্র-সংহতি পূর্বের মতই চলিতে नाशिन।)

নাগৰংশের শেবভাগের ইতিহাসের সম্বন্ধে আমাদের জ্ঞান অভা আমরা জানি, পরাক্রমশানী গুপ্তদন্তাট সমুত্রগুপ্ত নাগবংশকে অধীনতার শুঝলে আবদ্ধ করিয়াছিলেন। কিন্তু স্বাধীনতাপ্রিয়, অভিমানী নাগগণ সম্পূর্ণভাবে গুপ্তদের বছতা স্বীকার কোন দিন করিতে পারেন নাই:

```
পদ্মাবতী
                                                      কান্তিপুরী
                                                                                                   মধরা
           ( 製剤等 २९०---ao ) L
                                                চৰ্যানাগ
                                                          ( पृष्ठोस २७०--->० )
                                                ক্ষবনাগ
                                                          ( " ?> -- - 5)2)
                                                                                      কুভিসেন ( খুষ্টাব্দ ০১৫---৩৪০ )
গণপতিনাগ (
                                                পরিকার
                                                 শিগুক
```

নিষ্কিশিত রাজবংশগুলি ও নবনাগদের অধীনতা মানিয়া চলিত এবং তাহাদের সহিত রক্তের সম্বন্ধে সংযুক্ত ছিল।

উপরিউক্ত তালিকা হইতে নাগরাইদংহতির প্রকৃত অবস্থা আমরা বুঝিতে পারি। সমুক্রগুপ্তের এলাহাবাদ প্রশক্তিতে আমরা এই তালিকা-ভুক্ত গণপতিনাগ, কুজুদেন (দেব) এবং সম্ভবতঃ নাগদেনের নামও দেখিতে পাই। **জন্মগুরানের** মতামুদারে উ^{*}হারা সংহতির সম্ভা ছিলেন এবং সমুদ্রগুরে উ^{*}হাদের *ক্ষ*ত্যেককে পরাজিত করিয়া সামাজা নিষ্ণটক করিতে হইরাছিল। বাকাটকরাজ রক্তদেন সমাট হইবার পূর্বে পুরিকাতে বছকাল আলেশিক শাসনকর্তার অধিকারে বাদ করিতেন। ভারশিব-বংশের দৌহিত্রভাবে, এবং বালাঘাট লিপির বলে তিনি এই তালিকায় ন্থান পাইসাছেন। অন্তর্বেদী বংশের মটিল অথবা মট্রিলের নাম এবং আহিচ্ছত্র বংশের অচ্যুতনন্দীর নামও এলাহাবাদ প্রশস্তিতে স্থান পাইরাছে।

খণ্ডান্ত ১৮ আমরা দেখিতে গাই যে অন্তর্বেদীর আদেশিক লাসনকর্তার পদ তিনি সর্ব্যনাগ নামক একজন বিচক্ষণ এবং সক্ষম লোকের হাতে ক্সন্ত করিয়াছিলেন। এই সর্ব্বনাগের নাগৰংশের লোক হওয়া স্বাস্থাবিক।

এবং কৌষ্দী মহোৎদৰ' এছ ছইখানাকে প্রায় একই সময়ে লিখিড वित्रा भरत करत्रम ।

Se | Corpus Inscriptionum Indicarum. Vol. III, by Fleet.

ক্রযোগ পাইলেই তাঁহারা গুপ্তদের বিরুদ্ধে বিজ্ঞোহ করিবার নিক্ষল প্রয়াদ করিতেন। বিভীয় চক্রপ্তপ্তের মহাদেবী অর্থাৎ প্রধানা মহিনী চিলেন কুৰের নাগা। তিনি নাগরাজ বংশের কন্তা বলিয়াই আমাদের অনুমান হয়। তাহা হইলে, বিজিত নাগবংশ তখনও গুপ্ত সম্রাটদের ক্যাদনে করিবার শর্ণনা রাখিত। স্বন্দণ্ডপ্রের এক এশেস্তিতে আমরা অবগত ১ই যে উক্ত সম্রাটের এক নাগ-বিজ্ঞোহ দমন করিতে বেশ বেগ পাইটে হইয়াছিল 1১৯

আচীন ভারতের ইতিহাসে নাগ বা ভারশিব বংশের স্থান নিটেই ক্রিতে গেলে, তাঁহাদের ধর্ম্মত, শিল্প, সাহিত্য প্রভৃতিরও আলোচন করা দরকার। উপস্থিত **প্রমাণাদির সাহায্যে এ সকল বিষয়ে** আম্যা কিছ কিছ জানিতে পারি। জরসওরাল এ কেত্রে সামাক্ত জ্বলখন আগ্র कतित्रो दृह९ वृह९ मिश्वात्त्वत्र व्यवकात्रशा कतित्राह्म, हेश व्यामात्त्व वीकाः ৰুৱিতে হইবে।

রেচ্ছাধিকার হইতে মৃক্ত করিয়া জারশিব বংশ জারতে পুনরার চিন্ সাম্রাক্ষ্য স্থাপন করিলেন। ভারশিব রাজগণ পরম শৈব ছিলেন। প্রকৃত **হিন্দুরাজার আদর্শে তাঁহারা রাজ্যশাসন করিতেন। সনাতন ধর্মের** আদ^র তাঁহারা নিজেদের জীবনে কুটাইরা তুলিবার প্রহাস পাইতেন। গণতমে

^{30 |} Fleet-Corpus Inscriptionum Indicarum Vol. III, p. 59-Junagarh Inscription.

আজাদিগের থাধীনতা এবং বজ্জুলভার নত ভারশিব রাজতন্ত্রের আ্রঞাগণ্ড খাধীনতা ও বজ্জুলতা ভোগে করিতেন। এমন কি জয়সওয়াল ভারশিব সম্রাটদিগকে (অংশাকের মত) স্মাট-সন্ন্যাসী বলিতেও বিধা বোধ ক্রেন নাই।

শিক্স ও স্থাপত্যের ইতিহাসে নাগদের দান সামাস্ত নহে। অজ্ঞ নাগদাস্ত্রাজ্যের অন্তর্গত ছিল। কোন প্রত্যক প্রমাণ না থাকিলেও আনাদের অফুমান হর বে অজ্ঞার কোন কোন গুহার চিত্র (Fresco painting) নাগদের সমর অস্থিত হইয়াছিল।

পল্লাবতী নগরীতে 'বর্ণবিন্দু' নামক একটা শিবলিঙ্গ আবিস্কৃত হইরাছে। এতদিন ইহার নির্মাভার খোঁজ না পাইয়া ইহাকে বরং শিবের মত বয়ন্ত বলা হইত। ইহাতে শিল্পকাঞ্চকার্ব্যের যে নিদর্শন পাই, তাহা পরবর্ত্তী শুপ্তলিকে (Gupta school of Art) আমরা দেখিতে পাইব। মনে হয়, ইহা নাগদের সময়কার শিক্ষের নিদর্শন। রাজনীতির মত শিক্ষের কৃতিত্বের জন্তও গুরুগণ ভারশিবগণের কাছে খণী। স্বর্গীর রাগালদাদ বন্দ্যোপাধ্যার কর্ত্তক আনিক্ষত ভূমরা মন্দির নাগদের নির্দ্ধিত বলিয়া অফুবান হয়। ওই মন্দিরের গাতে তালবুক খোদিত আছে এবং এই ভালনুক ভারশিব বংশের মুদাতে আমরা দর্বদাই দেখিতে পাই। স্বভরাং এই ভূমরা মন্দিরকে জন্মওরাল নাগদিগের মন্দির বলিরাছেন। স্থাপত্যের 'নাগর পদ্ধতি' (Nagara style of Architecture) প্রাচীন সাহিতো উল্লিখিত আছে। এই নাগর পদ্ধতিতে নির্দ্ধিত কোন যন্তির অধ্বা ভূর্গ ইতিহাসিকগণ আজিও নির্দেশ করিতে পারেন নাই। ক্রয়মওয়াল অনুমান করেন নাগর পদ্ধতি নাগগণেরই উদ্ভাবিত। তাঁহার মতে নাগরী অক্ষরও নাগদের কলিত অক্ষর হইতে আসিয়াছে। নাগদের সময়ে লিখিত 'ভাবশতক' নামক একথানা মূল্যবান গ্রন্থ আমাদের দৃষ্টি-গোচৰ হটখাছে। উহা বাজা গণপতি নাগকে উৎস্ট করা হইলাছে। নাগ সাময়িক ইতিহাস সম্বন্ধে অনেক প্রয়োজনীয় সংবাদ আমরা উহাতে পাই।

ক্লনাশক্তির সাহায়ে অধ্যনত্রাণ আরও অধ্যান করিয়াছেন যে বর্তমান নাগোলা নামক স্থান— ধাহা আলে কাণীর বিখ্যাত হিন্দুবিশ্ববিদ্যালর বৃকে করিলা আছে—তাহা নামের ভিতর দিলা নাগবংশের স্থতি বহন করিতেছে। নাগরাজগণের দশবার আব্দেধ যক্ত করার সাকীবরূপ

কাশীর পবিত্র দশাখনেধ ঘাট আজিও রহিরাছে। এমন কি নাগপুর নামের পশ্চাতেও নাকি নাগদের প্রভাব আছে।

উপরিউক্ত মন্তব্যগুলি সত্য বলিয়া প্রহণ করিবার পূর্বের জামাদের উপরুক্ত প্রমাণাদি উপস্থিত করিতে হইবে। কেবল নামের মিল এবং ভাষার ঐক্যের গোহাই দিয়া আর যাহাই বলুন না কেন, সভ্যিকার ইতিহাস লেখা চলিতে পারে না। ইতিহাস এবং গল্পের এখানেই

পরিশেবে বক্তবা এই যে জয়সওয়াল প্রণীত নাগবংশের ইভিহাস সকল স্থানে সন্দেহমুক্ত বলিলা আমরা মানিরা লইকে পারি না। অসাধারণ পাণ্ডিতা এবং মৌলিকত্বের বলে তিনি নাগবংশের জটিল ইতিহাস আঞ আমাদের কাছে সভত সরল করিয়া তলিয়া ধরিয়াছেন। প্রাচীন ভারতের বাজবংশাবলীর ইতিহাস গঠন করার তেওঁ উপাদান প্রশন্তি। ভারশিব বংশের প্রণীত বিশেষ কোন প্রশন্তি আমরা পাই নাই। কুডরাং প্রধানতঃ মুদ্রা এবং পৌরাণিক সাহিত্যকে ভিত্তি করিয়া ভারশিব বা নাগবংশের ইভিহাস রচিত হইয়াছে। অবস্থা এলাহাবাদ প্রশক্তিতে লিখিত নাগরাজ-গণের সঙ্গে যখাসম্ভৰ মিল রাথিয়া এবং বাকাটক বংশের লিপির সাহায্য লইয়া জয়দওয়াল ভাঁহার মত ব্যক্ত করিয়াছেন। তাহা অংশীক্তিক না হটলেও, আমাদের মনে হয়, কোন কোন আরগায় দুর্বল ভিত্তির উপর যেন রাজ-অট্রালিকা গড়া হইয়াছে। ততুপরি জনসংখ্যাল অচেনা মুজা-শুলির যে অর্থোদ্যাটন করিরাছেন, তাহা অক্সান্ত ঐতিহাসিকগণ কন্তদুর মানিয়া লইবেন, তাহা ভাবিবার বিষয়। আমাদের এই মন্তব্যের উদাহরণ খন্নপ আম্বা উপব্রিউক্ত নাগরাষ্ট্র-সংহতি কিমা নাগশিল ও ছাপত্যের ইতিহাস ধরিতে পারি। একটু তলাইরা দেখিলেই জন্মওরালের সিদ্ধান্ত-গুলির কোন কোন জারগার প্রশ্ন উঠান যার।

কিন্তু জন্নগওন্নলৈর সৈদাস্তওলি আনিত্রুলক বলিয়া এমাণ করিবার উপযুক্ত উপকরণানিও আন্ধ আনাদের হাতে নাই। ক্তরাং অপগুনীর বলিরা না গ্রহণ করিলেও, তাহার রচিত ইতিহানই আন্ধ আনাদের কাছে দব চাইতে সন্তোবনক ইতিহান। ভবিছতে এই ইতিহানের কোন কোন ভাগের হয়তো পরিবর্ত্তন হইবে, কিন্তু মোটের উপর ভারনিব অথবা নাগবংশের ইতিহানের এই ধারাই বজার আকিবে, তাহা আনামরা নিঃসন্তেহে বলিতে পারি।



মঞ্জরীর বেহায়াপণা

শ্ৰীত্মাশা দেবী

সেদিন মহিলা-সমিতিতে সমিতির কাঞ্চ বড় বেশী দুর ষ্মগ্রসর হইতেছিল না। কারণ দেদিকে বড় কাহারও মনোবোগ ছিল না। মেরেরা বে কথাটা লইয়া এতকণ निक्स्प्रित मत्था चार्त्नाहना ७ चार्य्यविध मख्या कतिरछ-ছিলেন, ভাহা সমিতির আয়বারের হিসাবও নয়, বক্সাপীড়িভদের অক্স সাহায্য, চরকা ক্লের অক্স দান বা ছঃস্থ বিধবাদের মাসোহারার বন্দোবন্তও নয়। তাঁহাদের আজিকার আলোচনার বিষয় মঞ্জরীর বেহারাপণা। সম্পাদিকার সংক্ষিপ্ত প্রবন্ধ পাঠ অনেককণ হইরা গেছে। খাট ভিন চার ছোট ছোট মেরে অর্গানের কাছে দাভাইয়া "জনগণমনঅধিনায়ক জয় হে ভারত-ভাগাবিধাতা" গানটি গাহিতেছে ৷ কিছু গানের দিকে কাহারও মনোযোগ নাই। সন্ত্যা হট্যা আসিয়াছে। চাকরে ল্যাম্প জালাইয়া টেবিলের উপর রাখিয়া পেল। অক দিন সন্ধ্যা লাগিতে না লাগিতে সমিতির মেয়েরা বাড়ী ফিরিবার কন্ত ব্যস্ত হট্যা উঠিতেন। আৰু সেদিকেও বিশেষ কাহারও লকা নাই। তাঁহাদের এত ঔংসকামর আলোচনার কারণটা বাহা ঘটিরাছিল, সে কথাটা থুলিরা বলিতে গেলে, ভাহার পূর্ব-ইতিহাসও কিছু বলিতে হয়।

এধানকার দেওরানী কোটের বড় উকীল স্বর্মন্দর,
বী বাঁচিরা থাকিতে বরাবর উগ্র রকম সাহেবিভাবাপর
ছিলেন। এই লইরা তাঁহার স্ত্রীর সহিত কত দিন
হইরাছে কত মনোমালিক্ত, কত রাগারাগি। স্ত্রী ছিলেন
খাঁটি পল্লীগ্রামের ব্রাহ্মণ-পণ্ডিতের ঘরের মেরে। অবশেবে
রফা হইরাছিল। তিনি থাকিতেন আপন অন্তঃপুরে
আপন নিরম আচাজ্জের গণ্ডীর মধ্যে। আর স্বর্মন্দর
বহির্বাচীতে তাঁহার নিজস্ব বদ্ধবাদ্ধরমণ্ডলী থানা পার্টি
ইত্যাদি লইরা। কিন্তু অক্যাৎ সেই ও্যান্তঃপুরিকা
তচিবার্গ্রন্থা স্ত্রী বধন ইনফুরেপ্তা হইতে ভবল
নিউমোনিরার আক্রান্ত হইরা সাত দিনের মধ্যে বারা
গেলেন, ভর্মন সকলেই আশা করিরাছিল স্বর্মন্দরের

অতি-আধুনিক চালচলনের নৌকাখানার অন্দর হইতে এতদিন যেটুকু বাধা-বাঁধনের নোঙর ছিল, এইবারে সেইটুকু নিশ্চিক হইরা গেল। এখন হইতে তাঁর খাধীনতার আর আদি অন্ত থাকিবে না।

কিন্তু এই স্থানিশিত সম্ভাবনার পরিবর্ত্তে সকলে অবাক হইরা দেখিল, অন্তরের কোন নিগৃঢ় প্রতিক্রিয়াবশতঃ স্বস্থলরের সাহেবি ধরণ-ধারণের সমস্তই বদলাইয়া আসিতেছে। ঠিক বাহা আশা করা গিলাছিল, তাহার উল্টা দাঁড়াইয়াছে। স্বর্হ্মন্দর এখন প্রতিদিন গলামানকরেন, শিখা রাখিয়াছেন। আতপ চাউলের অর এবং নিরামিষ আহার করেন। সম্ভানের মধ্যে তাঁহার হুইটি মাত্র মেরে। বড় মেরের মা বাঁচিয়া থাকিতেই বিবাহ দিয়াছিলেন কলিকাতার এক বিলাত ক্ষেরত ব্যারিষ্টারের সহিত। যে অবিবাহিতা বারো বছরের মেয়েটি এখন বাড়ীতে আছে তাহার নাম মঞ্জী।

সুরস্থার মঞ্জরীকে আরও কাছে টানিয়া লইলেন।
নিজের সহিত আচারে বিচারে, আতপ চালের অর
গ্রহণে মেরেকে করিতে চাহিলেন সাধী। কিন্তু গোল
বাধাইল মঞ্জরী।

মা বাঁচিয়া থাকিতে সে মারের দিক বোঁবিত না,—
বাবার কাছেই মাস্থব হইয়াছে। তাহার সেই পূর্বতন
কালের বাবা তাহাকে নিজে ইংরাজী শিখাইয়াছেন,
গান শিথিতে উৎসাহ দিয়াছেন। বারো বছরেও বেণী
হুলাইয়া, ফ্রক পরিয়া সে কুলে গিয়াছে। আজই হঠাৎ
তাহার বাবা তাহাকে কুল ছাড়াইয়া লইতে চান।
হালফ্যাশানের ক্রকের বদলে আসিয়াছে শাড়ি এবং
মাসিকপত্র ও গল্পের বইয়ের পরিবর্কে শ্রীমন্তাগবত ও
চন্তীর বাংলা অছ্বাদ বাড়ীতে আসিতেছে।

ষঞ্জরী বিজ্ঞাহ করিল। বেণী ছলাইয়া কহিল, "বাঃ রে, আমি ব্ঝি এখন খেকেই কুলে নাম কাটাব। এই দেদিনও হৈড মিট্রেস আমাকে বলছিলেন, মঞ্জরী ভোমার থেষন বৃদ্ধি, ম্যাট্রিকে স্কলারসিপ্ তৃমি নিশ্চরই পাবে। সে তো এখনও তিন বছর, বাং রে, এরই মধ্যে বৃদ্ধি নানানাম আমি কিছতেই কাটাব না না শ

সুরস্থার গুপ্তিত হইরা বলিলেন, "মঞ্জরি! আমার শোরার ঘরে তোমার মায়ের বড় আরেল পেন্টিং আছে, সেইখানে থানিককণ চুপ করে বলো গে। আপনি মন ফির হবে।"

মঞ্জরী শধনবরে বাইবার পরিবর্ত্ত ড্রেসিং আরমার সামনে দাড়াইরা মাথার পরিপাটি করিয়া ফিতা বাধিয়া স্থলের বাদে চড়িল। কিন্তু ক্রমশং এত শাসন বাধনের মধ্যে থাকা তাহার পক্ষে কটকর হইয়া দাড়াইল। তাহার বড় দিদি কলিকাতা হইতে একদিন তাহাকে নিমন্ত্রণ করিয়া পাঠাইলেন। কেবল চিঠিতে নিমন্ত্রণ নর, দিন কয়েক পরে স্থামাইবারু নিজে তাহাকে লাইতে আপিলেন।

বাবার প্রোপ্রি সম্বতির অপেক্ষা না করিয়াই মঞ্জরী ভাহার জামাইবাব্র সহিত কলিকাতাগামী একপ্রেসের একথানা সেকেণ্ড ক্লাস কম্পাট্যেন্টে উঠিয়া পড়িল।

ইহার পর হইতে সুরস্কর তাঁহার শৃত গৃহে কোটে যাওয়া, মকেলের কাগজপত্র দেখা এবং জপ তপ আহিক লইরা নিমশ্ল রহিলেন।

মঞ্জরী কলিকাতার ডায়োদেদন্ কুলে ভণ্ডি ইইল। তাহার পরে দে মাট্রিক পাশ করিল, আই-এ পড়িতে সুক করিল। কিন্তু এই দীর্ঘ কালের মধ্যে একবারও দিদির বাড়ী ছাড়িয়া বাবার কাছে গেল না। দিদিরও ছিল না ছেলেপুলে। তিনি তাহার গৃহসংসারের কেন্দ্র-কলটতে মঞ্জরীকে প্রতিষ্ঠা করিলেন। মঞ্জরীর কোতুক কলহাত্যে, তাহার জ্ভধাবনে, তাহার সদীতে সে বাড়ী মুধ্রিত হইয়া থাকিত।

এত দিন অবধি একরকম কাটিয়া গিয়াছিল। কিন্তু
মঞ্জরীর ব্য়স যথন সতের বংসর, দিদি ও জামাইবারর
সহিত শিমুলতলায় বেড়াইতে গিয়া একদিন প্রভাতবেলায়
একজনের সহিত দেখা হইয়া গেল। তিনি বাড়ীওয়ালা
নরেশবার। বাড়ীওয়ালা বলিতেই যে চিত্র চোথের
মন্থে ভাসিয়া উঠে, নয়েশের সহিত ভাহায় কোনখানে
মিল নাই। ভাহার বয়স বছর ছাবিবশ সাতাশ। পারে

কটিক কাজ-করা ওঁড়ভোলা নাগরা জুতা, গারে আলোরান এবং চোথে চশমা। সে বাড়ী ভাড়ার টাকার জন্ত তাগাদা করিতে আসে নাই, আদিরাছিল মগ্ররীর জামাইবাবু দীতেশবাবুদের কোন প্রকার অস্ক্রিধা হইতেছে কি না, জানিতে। হাতে তাহার ছিল একটি গোলাপ ফুলের ভোড়া। শিমূলতলার নরেশবাবুদের যত বাড়ী আছে সে সমস্টই গোলাপ বাগানের সংলয়।

দেখা করিতে আসিরা স্বচেরে প্রথমেই দেখা হইরা গেল যাহার সঙ্গে;—নরেশ অবাক হইরা ভাবিতে লাগিল এত দীর্ঘ দিন রাজি ভাহাকে না দেখিরা কাটিরাছে কেমন করিয়া।

মঞ্জনী বাগানে বেড়াইতেছিল, বারালার সিঁড়িতে এক পা এবং ঘাদের উপর এক পা রাধিয়া প্রশ্ন করিল, "কাকে খুঁজচেন । … আমাইবাব্ । ও, তিনি বৃদ্ধি এখনও ঘুম ভেকে ওঠেন নি। ততক্ষণ আপনি আমাদের ব'দবার ঘরটার একটু ব'দতে পারেন।"

নরেশ নির্কিবাদে আসিয়া ব'সিল। হাতের ভোড়াটা টেবিলের উপর রাখিল।

মঞ্জী বলিল, "চমংকার ফুল।"

তা, যত বড় এবং যত উচ্চ প্রেমের কাহিনীই হো'ক, প্রথম আলাপে কি কথা হইরাছিল, তাহার পর্যালোচনা করিতে গেলে ইহার চেয়ে বেনী পুঁজিও বৃদ্ধি আর খুঁজিয়া পাওয়া যায় না।

কিন্তু প্রথম আলাপের বাধুনী যত সামান্ত কথা দিয়াই হোক, তাহা ক্রমশ: ফ্রতগতিতে এমন স্থানে আসিয়া পৌছিল যে, ত্'জনেই অবাক হইয়া নি:শন্ধে নিজের অক্তরের দিকে চাহিয়া ভাবিতে লাগিল, এ কে ? ইহাকে কিছু দিন আগে তো চিনিতামও না। ইহারই মধ্যে এমন করিয়া এ জীবনের সহিত জড়াইয়া গেল কী করিয়া!

শিমূলতলার নির্জ্ঞন পার্বত্য প্রকৃতি, বনমর আবেইন, ফাস্কুনের ঈষত্থ্য বাতাস, আকাশের ঘন নীল—এ সমন্তই এক্যোগে মঞ্জরী ও নরেশের চিত্তকে পরস্পরের প্রতি আকৃষ্ট করিয়া তুলিতে লাগিল।

অবশেষে একদিন নরেশ বেড়াইতে বাহির হইরা মঞ্জরীর জামাইবাবুর কাছে একটা কথা পাড়িল। বাড়ী ফিবিয়া সীতেশ স্থীকে কথাটা বলিল।

মঞ্জরীর দিদি উৎসাহিত হইয়া কহিলেন, 'বেশ তো, ভালোই তো। নরেশের মত এমন পাত্র সহজে চোঝে পড়ে না। সে যদি নিজে থেকে মঞ্জরীকে বিরে ক'রবার প্রভাব করে থাকে, সে ভো ভাগ্যের কথা। বড়লোক, মাথার উপর ভেমন অভিভাবকও কেউ নেই……' কিছ অভিমাত্রার উৎসাহিত হইয়া উঠিতে-উঠিতে হঠাৎ কি ভাবিয়া একটু চিস্তার্থিতা হইয়া মঞ্জরীর দিদি কহিলেন, "কিছ নরেশরা মৈত্র নর ? বারেজ শ্রেণী। আমরা ভো রাটা। এ বিরেজে বাবার মত হ'লে হয়।"

সীতেশ একটু গন্তীর হইরা কহিল, "মনন বিষে আঞ্চলাল হামেশাই হচ্ছে। এই তো আমার বৃদ্দের মধ্যে—"

বাধা দিয়া তাঁহার স্ত্রী বলিলেন, "সে তো আমিও জানি। আমার বাবাও এককালে এই ধরণের বিবাহের পক্ষ নিয়ে সভা-সমিভিতে বক্তৃতা করেছিলেন, কাগজে প্রবন্ধ লিখেছিলেন। কিন্তু আক্ষালকার ধরণ ধারণ ভো জান।"

সীতেশ বলিল, "তোমার বাবা যদি অত সেকেলে, তাহলে মঞ্জরীকে আমাদের কাছে এনে রেথে এমন ভাবে মাছ্য করা আমাদের অক্তার হরেচে। তোমার বাবার আপত্তির ফলে নরেশের সজে বদি ওর বিরে না হয়, আর দে অসুখী হয় তবে—"

মঞ্জরীর দিদি মাথা নাড়িয়া, কর্ণভ্যা দোলাইয়া কহিলেন,—"ইস্ তাই হতে দিলে তো!"

কার্যকালে ঠিক তাহাই হইল। মঞ্মীর পিতা কিছুতেই রাজী হইতে চাহিলেন না প্রথমটার। সীতেশের কলিকাতার বাড়ীভেই বিবাহের সমস্ত উদ্যোগ আরোজন হইতে লাগিল।

মঞ্জরী আনন্দ এবং বিষাদের মধ্যবন্তী অবস্থার ছলিতে লাগিল। আনন্দ বে জন্ত তাহা সহজেই বৃথিতে পারা বার। আর কণে কণে বিষয় হইরা ঘাইতে লাগিল এই মনে করিয়া বে ভাহার যা নাই, বাবা আছেন কিছ ভাহার জীবনের সর্বপ্রেধান শুভদিনে ভিনিও ভাহাকে ভাগা করিয়াছেন।

কিছ বেশীকণ মন ভার করিয়া বিসিরা থাকিবারও বা ছিল না। দিদি তাহাকে টানিয়া তুলিয়া ট্যাক্সিতে পুরিয়া নিউমার্কেট, টাদনী, এমনতরো হাজারটা দোকানে ঘুরাইয়া লইয়া বেড়াইতেছিলেন।

সেদিনও সন্ধার সময় এমনি সমগুদিনব্যাপী বোরাঘুরি ও পরিপ্রমের পর মঞ্জরী প্রাক্ত হইরা তাহার বসিবার
ঘরে স্মাসিয়া বসিয়াছে, মাথার উপর পাথা ভুরিতেছে,
এমন সময় নীচের গাড়ীবারান্দার একটা পরিচিত ভর

মঞ্জী চমকিয়া উঠিল।

এ যে ভাষার বাবার গলার আপ্তরাক ! হর ভো ভূল হইয়াছে মনে করিয়া সে ভাড়াভাড়ি চেয়ার ছাড়িয়া উঠিয়া নীচে নামিবার উপক্রম করিল। কিন্তু পরক্ষণেই স্বরস্থলর ঘরে চুকিলেন। মল্পরী অনেক দিন তাঁহাকে দেখে নাই। এখন চাহিয়া দেখিল তাঁহার শীর্ণ মৃথে বেদনার ছায়া। তাঁহার পায়ের কাছে প্রণভা মল্পরীকে ভিনি যখন ধরিয়া তুলিলেন, তখন তাঁহার চোখে অংশের

ত্যারটা ভেজাইয়া দিয়া স্থরস্কর বলিলেন, "না বোদো। ভোমার সংগ কথা আছে।"

তু'জনেই কিছু কাল নিঃশন্দে বসিয়া রহিল। ভাহার পর সুরস্কুর বৃলিলেন, "আমার উপর রাগ করেচ মা গ কিছ আমার কথা সমত্ত না শুনে আমার উপর রাগ করতে পাবে না তা বলে দিচিত। তোমার মা মারা যাবার আগের মৃহুর্ত্ত পর্যান্ত বুঝতে পারি নি তাঁকে কত ভালোবাসভুষ। যথন বুঝতে পারনুম, তথন বোঝাটা একতরফাই হো'ল। আর কাউকে বোঝাতে পারসুম না। তিনি তখন সমস্ত বোঝা না বোঝার বাইরে চলে গেছেন। কিন্তু আমার কেমন মনে হো'ল আমার জীবনে সমন্ত খুঁটিনাটি তিনি বেন দূর থেকে দেখচেন। এর পর থেকে তাঁর অপ্রিয় কাজ কিছুতেই করতে পারতুম না। বন্ধুরা অনেক ঠাট্টা করেচে আমার ৰূপ ভপ আহিকের রুদ্ধ সাধনা দেখে। আত্মীয়েরা করেচে বিজ্ঞপ, পরিচিত অনেক বলেচে, খামখেয়ালী ৷ কিছু এ স্ব সংস্থেও থামতে পারত্ম না। পুর বে ভালো লাগত **छा' अ नत्र। किन्छ एक एवंन जामाएक निरम्न (जान करन** করিয়ে নিভ।'

গজল ও বৈষ্ণব কবিতা

শ্রীবিষ্ণুপদ রায় এম-এ, বি-এল, বি-টি

মারাবাদপূর্ণ তার্কিকের দেশে প্রেমের বার্তা লইরা মহাপ্রভু আগমন করিলেন; দলে-দলে দেশ রূপান্তরিত হইল। বদন্ত-দাগমে ধরণীর মত বলীর দাহিত্য সংশ্র মুষমার স্থানর ও মধুর হইরা উঠিল। পারক্ত দেশে স্ফীদের আবির্ভাবে পারক্ত দাহিত্যেও তেমনি নব্যুগের সঞ্চার হইরাছিল। সাদি, হাফেজ, জামি ও ক্রমি প্রভৃতি ইরাণের শ্রেষ্ঠ কবিগণ সকলেই খ্যাতনাম। স্ফী ছিলেন। করেরাধর্ম-কঠোর ইদলামের মধ্যে স্ফীরা প্রেমের বাণী আনিয়া দিয়াছিল, জীবনে তথা দাহিত্যে রুদের সংক্ষর করিয়াছিল, তপক্তা-শুক সাধন-জগৎকে প্রেমাজ-ধারার রাবিত করিয়াছিল। আধুনিক বলে দর্বত্র স্থাবিত গল্পের প্রথম উরতি এই স্ফীদের বারাই হইয়াছিল।

ইস্লামীর পারক্তের পূর্বকবিগণ অনেকেই আরব প্রভাবায়িত ছিলেন। আরব সাভিত্তেরে প্রভাবে কবিতার কসিদার স্থিত গল্পের কিছু সংক্ষও আছে। ক্ষিদা কাহারও প্রশংসামূচক বা নিন্দাব্যঞ্জক কবিতা। इंशांट नानका अध्यमणी ज्ञाक थांटक। शक्त योवत्नत्र, (भोन्स्टर्शत ७ ८श्रायद शांन । यथायुर्श यथन कांगामि নরপ্তিগণের প্রাদাদে বদিয়া তাঁহাদের প্রদাদপুর কবিগণ কাব্য রচনা করিতেন, তথন নুপপ্রশন্তিই ছিল কাব্যের প্রধান উপঞ্চীব্য। সেই জন্ম আরব্য ক্সিদা ও পার্সিক গজলে তখন পাৰ্থকা বড অধিক থাকিত না। প্ৰেমের দারা অভ্পাণিত হইয়া বড় কেহ গঞ্জল লিখিত না। जनानीसन कारनद शक्रांन भनाइयद **७** ছान्मादेविष्ठिकारे বিশেষ ভাবে লক্ষিত হইত। প্রমাণ শ্বরূপ আন্ওয়ারি, ধাকানি, জাওয়ালি, মদ্টদ প্রভৃতি কবিবৃদ্দের গললের উল্লেখ করা ঘাইতে পারে। এই সকল কবি শব্দ গরেন ও পদলালিত্যে বিশেষ ক্ষমতার পরিচয় দিয়াছেন; কিছ আস্তবিক্তায় ও ভাবের গভীরতায় ইংারা ছিলেন নিতাস্ত দরিন্ত। স্থকীরা আদিয়া ইরাণের কবিতাকে সঞ্জীবিভ করিল ৷ ধর্মদাধনায় প্রেমই ছিল স্ফীলের একমাত্র পুলি। ক্ফীদের মতে একমাত প্রেমের

ভগবৎ-কুপা লাভ করা বার। তাই বেদিন স্ফীত্তে ও কবিত্বে সন্মিলন হইল, সেদিন পারভ সাহিত্যের এক গৌরবময় দিন। গঞ্চল সেদিন নতন আকারে দেখা দিল। সপ্তম হিন্দরিতে পারক্তের বিখ্যাত সালজুকিয়া রাজবংশের পতন হয়। এই বিভোৎসাহী রাজবংশের প্তনের পর কবিষশ:প্রার্থিগণের রাজ-সম্মানলাভের আশা ইরাণ হইতে বিলুপ্ত হয়। সঙ্গে-সঙ্গে কবিছও রাজপ্রাসাদ হইতে প্লায়ন করিয়া অবিঞ্চন স্ফীগণের কম্বলাখার গ্রহণ করে। এতদিন কবিগণ कराहेश्रक ७ भगमवित नाशाया अन्तरत मत्रम ध्यकान করিতেন, কণিদা রচনা কবিরা রাজার তুষ্টিবিধান করিতেন। এখন সকলেরই দৃষ্টি পড়িল গল্পলের উপর। এতাদন কবিরা কবিতা লিখিতেন রাজার মুখ চাহিয়া; এখন আর সে বালাই থাকিল না। সমগ্র সমাজ বিভোৎদাহী রাজার স্থান গ্রহণ করিল। রাজার প্রাদাদ-শিধর হইতে অবভরণ করিয়া কবি আদিয়া দাঁড়াইলেন জনগণের প্রশন্ত প্রাহ্মণতলে। প্রেমই মানবজীবনে চিরস্তন, প্রধান ও আদি রস। প্রেমের কথাই দেশকাল-পাত্রভেদে মানবছদয় স্পর্শ করে। সেই জন্ত স্ফী সাধকগণ रयमिन धर्म-नाधनात मर्था दश्चमत्क नर्द्वाक सान मिन. দেদিন জনসাধারণ সে সাধনতত্ত বুঝিল কি না জানি না; কিন্ত ফুদীদের প্রেমের গান সাগ্রহে ওনিয়াছিল। গৰুল গান ভাই স্ফীদাধনার সঞ্চেত্স্চক সঙ্গীত হইয়াও সর্বজনপ্রিয় হইয়া উঠিল। বলদেশেও সহজিয়া সাধক যেদিন "পীরিভি"র গান গাহিল, সেদিন সে প্রেমভবের কথা, সে প্রেম্যাধনার বিষয় সাধারণের জ্বর স্পর্শ করে নাই ; কিন্ধু তবু দেই গান প্রাণের ভিতর দিয়া ভাহাদের মর্শ্বে প্রবেশ করিয়া ভাহাদিগকে আকুল করিয়া তুলিয়াছিল।

> শুঙ্গু বৈকুঠের ভরে বৈক্ষবের গান ? পুর্বরাগ, অন্তরাগ, মান-মডিমান,

অভিসার, প্রেমলীলা, বিরহ্-খিলন, বৃন্দাবল-গাথা,— এই প্রণের-স্থপন আবণের শর্মরীতে কালিন্দীর ক্লে, চারি চক্ষে চেরে থাকা কদক্ষের মূলে সরমে সম্ভ্রমে— এ কি শুধু দেবতার ? এ সন্ধীত-রম্ধারা নহে মিটাবার দীন মর্ত্ত্যবাসী এই নরনারীদের প্রতি রক্ষনীর আর প্রতি দিবসের।

তপ্ত প্ৰেম ভূষা ?"

রবীন্দ্রনাথ "বৈষ্ণৰ কবিতা"র এই যে প্রশ্ন করিয়াছেন পারস্থের অধিবাসীরাও স্ফীদের প্রেম-কবিতা তথা গঞ্জল সম্বন্ধেও সেই প্রশ্নেষ্টিকরিয়াছিল।

বৈষ্ণবগণের মত স্থানীরাও জীবাত্মা ও পরমাত্মাকে নারক-নারিকারণে কল্পনা করিরাছেন। বৈষ্ণবগণের ভগবান পরম প্রেমমর চিরস্থলর নবীন নটরাজ পরকীর নারক; জার স্থানিধর কাছে তিনি চিররহত্তময়ী জপুর্ব স্থারী নারিকা। এই নারিকার জন্ত স্থানী পাগল। প্রেমোরত নারকের মত সে হাসিরাছে, কাঁদিরাছে, মৃচ্ছিত হইরাছে। বৈষ্ণব নারক-নারিকারই মত তাহার স্থানিকার প্রকাপুশকাদি হয়। স্থানীশ্রেষ্ঠ জেলাল্দিন কমি তাহার একটী গললে বলিরাছেন,—

আমি যে ঘূম-হারা নরন আলা সই।
পাগল প্রাণ লরে শরন হর কই ।
বনের পশু পাখী হল যে হাররান
ভাবে ও ক্যাপা কেন কাঁদে ও গার গান!
নরন জনিমেবে চাহিরা আসমান
ভাবে ও অহরহ কাঁদে ও করে গান ।
প্রেমের বাছু আজু পৃথিবী দিল ছেরে;
পাগল হোরে তাই মরি যে গেরে গেরে।

প্রেমোন্নত স্কী কৰি প্রিরতমার জন্ম নিরত অশ্রপাত করিতেছেন। তাঁহার নরনের নিজা আজু অন্তর্হিত, বিরামশব্যা আজু কণ্টকমর। নিরত্তর তাঁহার এই আর্জনাদ শুনির:-শুনিরা বনের পশু-পদীরাও বৃথি বিরক্ত হইরা উঠিরাছে। প্রেমের মোহিনী মারার আজু বে কবির চন্দুতে বিশ্বত্বন সমাজ্বন। তাই কবি-হৃদরের বাঁধ ভালিয়াছে। আল আর তাঁহার মন মানে না, গান থামে না! স্ফী কবির এই গলগে বৈফব কবির বিরহবিধুরা রাধার উক্তি শারণ করাইয়া দের।

> "নয়নক নিক্ষ গেণ, বয়ানক হাস। সুধ গেও পিয়া সঙ্গ, তুঃধ হাম পাশ॥

> > (বিছাপতি)

ফুকীকবি-নারকের মতই বৈঞ্চব কবির রাধা কৃষ্ণ-বিরহে নিরস্তর অঞ্পাত করিতেছেন, পৃণিমার ইন্দুর মত তাঁহার ফুন্দর মুধমণ্ডল আজ বেদনাল্লান ক্ষীণ শশিরেথার পরিণত হইরাছে, তাঁহার চিস্তার ও তুঃধের অস্ত নাই—

মাধ্ব, সে। অব সুন্দরী বালা। অবিবৃত্তনয়নে বারি ঝরু নিঝর জমু ঘন সাঙ্ন মালা। निन्ति बूथ ञ्चात পুনমিক-ইন্ সোভেল অব শশি রেছা জিনি কামিনী কলেবর কমল-কাঁতি मित्न मित्न की । ८ छन (म हा উপবন হেরি মুরছি পড়ুভূতবে চিস্তিত স্থীগণ সঙ্গ পদ অঙ্গলি দেই ক্ষিভিপর লিখই পাণি কপোল অবলয়: ঐছন হেরি তরিতে হাম আয়ম্ব অব তুঁত করহ বিচার। বিভাপতি ক্ছ নিকরণ মাঝব

ফ্মী গঞ্জলের কবির কাছে মনে হয়,— বাঁহার অস্থ তিনি কাঁদিরা মরিতেছেন, বিনিজ রজনী বাপন করিতেছেন. উাঁহার সাড়া পাওরা বার না কেন? নিষ্ঠ্রা নারিকা বিদি তাঁহারই মত প্রেমবিহ্বল নারক হইতেন, জার কবি বিদি নারিকা হইতেন, তবে হর ত কবির প্রেমাম্পান কবির এই আর্থি ও ছঃখ বৃষ্ণিতে পারিতেন। অথবা প্রেমিক বিদি একবারও নারিকার দিকে কিরিরা না চাহিতেন, নিজ্য-অভিযানে মন্ত হইরা তাঁহার দিকে কিরিরা না ভাকাইতেন, নির্দ্ধর ব্যবহারে নারিকার দর্প চুর্ণ করিয়া দিতেন, তবে হয় ত নারিকা কবির এই ব্যথা, এই

বুঝত্ন কুলিশক সার।

আকুতি ব্বিতে পারিতেন। প্রেমের ব্যথ। বোধ হর কিছ-নারিকার হদর স্পর্শ করে নাই-তাই কবির এভ প্রেম-নিবেদনেও তাঁহার এই অবহেলা। যাত্তনাকাতর নিজাবিহীন আমি যে বেদনা পাই। বার শাগি আমি নিতি কেঁদে মরি এ ছথ সে বুঝে নাই। নিঠুর নায়ক যদি সে পাইত, হুদর চুর্ণ করা. অভিমানময়, নিভাবিমুপ সকল দর্প হরা ভবে সে বৃঝিত মোর দিনরাত কেমনে আসে ও বার। প্রেমের দরদ বোঝে না দেজন, এত অবছেলা ভাই। (ভেলালুদিন ক্মির গ্রুল)

এইরূপ অভিমানপূর্ণ কথা বৈষ্ণবপদাবলীর মধ্যে বতুল পরিমাণে লক্ষিত হইবে। মানময়ী শ্রীমতী নায়ককে লুক্ষ্য করিয়া বছবার এইরপ উক্তি করিয়াছেন।

শ্রীমন্মহাপ্রভুর দিব্যোনাদ অবস্থায় যেমন বৈফাব-কবিতার নায়িকার সকল আর্তি, সকল দৈর সতত প্রকাশিত হইত, স্ফী কবি কমির কাব্যের এইরূপ আর্জি ও দৈক্ত তেমনই কবির বান্তব জীবনের মধ্যে দৃ**ই হইত।**

বৈঞ্চৰ কৰিব বুন্দাৰনে বেমন ঐশ্বর্য্যের অধিকার নাই-স্থা, বাৎস্লা ও মাধু্যার্সে নিধিলব্লাওপ্তি দ্ধা, স্স্তান ও সামাস্থ নায়ক হইয়াছেন, স্ফীর গঞ্জাের প্রেমরাজ্যেও তেমনই যতেখাগ্যপূর্ণ ভগবানের প্রভাব নাই,—দেখানে ভিনি অপূর্ব্বরহক্তময়ী অনস্থবৌবনা অসীম রূপবতী নারী। তাঁহার প্রেমপূর্ণ রূপাদৃষ্টি লাভের জন্ম ফুফী কবি পাগল। কবি তাঁহার উপর মান অভিমান করিভেছেন, কথনও বা তাঁহাকে সোহাগ করিয়া সম্ভাবণ করিভেছেন, কথনও বা আবার কত তীব্র তিরস্বারও করিতেছেন।

दिक्षतकवित्र नामिका कुक्टश्रामत मरश अल्डीन इः ४ অমুভব করিতেছেন ও ভাবিতেছেন 'আগে জানিলে এ পৰে প। বাড়াইতাম না।' তবুও আবার হুফপ্রেমেই ড়বিরা থাকিতে চাহিতেছেন। তাঁহার নিকট কৃষ্ণই ছঃখের মৃল; আবার কৃষ্ট সকল ছঃখহরণ প্রাণারাম। তাহার নিকট--

কালুর পিরীতি চন্দনের রীতি বসিতে সৌরভমর, যসিরা অসিরা জনরে লইতে দহন বিশুণ হর। (চঞ্জীদাস)

मन्त्री मनादव আছরে এক ঔষধ---প্রবণে কহরে তুরা নাম শুনইতে তবহি পরাণ ফিরি আওত সে তথ कি কহন হাম।

(বলরামদাস)

স্ফী কবি ঠিক এই কথার প্রতিধ্বনি করিয়াই যেন বলিয়াছেন,—

> প্রথম দিবসে জানিতাম যদি এত চুথ মোর হবে, ভোষার মাঝারে পরাণ আমার নাছি সঁপিতাম তবে। (কুমির গৰণ)

অথবা.

তারি প্রেমে মোর ক্তবিক্ত हरप्रदाह क्षत्रवानि, এ দারুণ বারে ভারি প্রেমে পুন প্রলেপ বলিরা মানি ৷

(ক্ষির গৰুল)

বৈফ্ব কবিভার বাসকসজ্জায় আমরা নায়িকাকে নায়কের সহিত মিলনের আশার প্রতীকা করিতে দেখি, তাঁহাকে বলিতে ত্নি,—

> বন্ধৰ লাগিয়া শেশ বিছাইছ গাঁথতু ফুলের মালা ভাগ্ণ সাক্ত্ দীপ উঞ্চারিণ मिन्द्र रुटेन आना। সই. এ সব কি হবে আন ? গুণের সাগর সে হেন নাগর (চণ্ডীদাস) কাহে না মিলল কান ?

স্ফী কবিও সেই নিৰ্ভূৱা প্ৰিয়তমার প্ৰতীক্ষায় স্বরা-পাত হাতে শইরা দাঁড়াইরা আছেন, ধরণীর শেব দিবস পর্যাল্প ভিনি এমনই করিয়া গাঁডাইয়া থাকিবেন।

সরাবের পাত্র হাতে তারি প্রতীকার कास उक्ती पिन दर कांत्रि निजारीन রুব দাঁড়াইয়া ভার মিলন আশার।

(কৃমির গৰুল)

বৈষ্ণৰ কৰির রাধা ক্লফপ্রেমে আত্মহারা, তিনি কুল-মান বিসর্জন দিয়াছেন, জীবনের সকল স্থাধ বিরাগিনী হইয়াছেন, কোনও অলঙ্কারে তাঁহার প্রয়োজন নাই।

ফিরি ঘরে যাও নিজ ধরম লইয়া।
দেশে দেশে ভরমিব যোগিনী হইয়া।
কাল মাণিকের মালা গাঁথি নিব গলে,
কাছগুণ যশ কানে পরিব কুগুলে।
কাছ অছুরাগা-রাঙা বদন পরিব,
কালুর কলম্ব ছাই অলেতে লেপিব।
চণ্ডীদাস কহে কেন হইলা উদাস,
মরণের সাথি যেই সে কি ছাতে পাশ।

ক্ষী কৰির গল্পেও ঠিক এই ভাবই দেখিতে পাওয়া যার। প্রিরভ্যার জন্ত তিনি বসনভ্যণ, বিভাব্দি ও তর্কশক্তি—ভাঁহার যাহা কিছু ছিল সবই বিসৰ্জন দিয়াছেন, "মারফতে"র নদীতে ভরী ভাসাইয়াছেন, জীবনে আর তাঁহার কোন স্পৃহা নাই, প্রিরভ্যাকে শুঁজিয়া এখন জীবন কাটাইবেন।


মনেরে দিয়েছি মাক্সকের পথে
কি আছে আমার আর ?
পড়ে আছে শুধু হৃদর বেদনা
নরনে অঞ্ধার ।
বসন ভ্রণ, বিভা বৃদ্ধি,
বাদাহ্যবাদের বল
অভল সলিলে দিয়েছি ফেলিয়া
কিবা তাহে আর ফল ?
প্রেম দ্বিয়ার ছাডিয়াছি তরী।

সন্ধান করি ভার এরি ভীরে ভীরে বেড়াব ফিরিয়া। জীবনে কি কাজ আর ? (ক্রমির গঞ্জক)

বছ যন্ত্ৰণাময় "পিরীতি" ত রাধার জীবনে শুধু চু: খই দিল, তাই তিনি কতবার মনে করিয়াছেন, এ প্রেমের প্রয়োজন নাই। কিছু প্রেমহীনা হইয়া বাঁচিবেন কেমন করিয়া? স্ফী কবিকেও বন্ধুরা প্রেম ত্যাগ করিতে উপদেশ দিল। কিছু তিনিও ভাবিতেছেন, প্রেমের কথা ত্যাগ করিলে মন আরু কাহাকে আত্মর করিয়া থাকিবে? বন্ধুরা কহে, এইবার কবি, ছাড় এই আসনাই।

প্রেম যদি যাবে, আমি ভাবি তবে জীবনে কি কাজ হার।
(রুমির গঞ্জল)

উদাহরণ স্থরূপ যে সকল গজলের অংশ উদ্ধৃত হইল, তাহার সকলগুলিই জেলালু জিন-ক্ষমি-রচিত। বিখ্যাত কবি হাফেজ গজল রচনার কমি অপেমা অধিক সিদ্ধৃত্বত উদ্ধেন। কাব্যসৌন্দর্য্যেও হাফেজের গজল কমির বছ উদ্ধে। কিন্তু ক্ষমির গজলকে আমরা স্থকী-গজলরচনার আদর্শ স্থাবন গছল করিতে পারি। ক্ষমি একাগারে স্থকী কবি ও স্থকী সাধক। স্থকী-সাধনা ক্ষমির জীবনে যেমন মূর্ত্ত ইইয়া দেখা দিয়াছে, এমনটী আর ইরাণের কোনও কবির মধ্যে পাওয়া যায় না তাই স্থকীগণের প্রেমসাধনার কথা তাঁহার গজলে জীবন্ধ। ক্ষমির জীবনের সাহিত শ্রীমন্মাহাপ্রত্ব অলোকিক প্রেমোজ্জন জীবনের সাদৃশ্য যেমন লক্ষিত হয়, ক্ষমির গজলের সহিত তেমনই বৈফবগণের পদাবলীর সাদৃশ্যও স্পেইভাবে প্রতীয়মান হয়।







নবীন ও প্রবীপ

এজানেন্দ্রনাথ দেবশর্কা

বর্তমান হিন্দু সমাজের মধ্যে যে প্রবল ধর্মবিপ্লব দেগা দিয়াছে, ভাহার ফলে কেবল উচ্চবর্ণে নিম্নবর্ণে নয়, প্রায় প্রতি গৃহেই অন্তর্জ্ঞোহ জমাট বাঁধিয়া উঠিতেছে। অশান্তিয় তীব্ৰতাও ক্ৰমেই বৃদ্ধি পাইতেছে। ইহার শুবিল্ল শুল কি মৃদ্দ তাহার স্থির সিদ্ধান্ত করা সহজসাধা নতে। বিপ্লব অবস্থা-বিশেষে স্থফলপ্রাস্ হর : আবার ক্ফলও প্রস্ব করে যদি ফুনিয়ন্ত্রিত লাহর। বাহাহউক, এ বিষয়ে নবীন ও প্রবীণ উভয় পক্ষেত্র বিশাস বিভিন্ন। উভর পক্ষই প্রম্পর প্রম্পর্কে দেখের বর্ত্তমান দুরবস্থার জক্ত দারী করিয়া থাকেন। এক শ্রেণীর লোক মনে করেন কতকগুলি অন্ধবিশ্বাসী কুসংস্থারাচ্ছন্ন গোঁডার দল ভারতে প্রগতির অবস্তরার হওরায় দেশ উন্নতির পথে ক্রত অংগ্রসর হইতে পারিতেচে না। আমার এক শ্রেণীর লোক বলেন, কতকগুলি উদ্ধান উচ্চ, খাল পাশ্চাতা ভাবাপর লোকের যথেচ্ছাচারের কলে দেশ ক্রমেট অধ:প্তনের দিকে যাউলেচ। এই উভৱ পকেই উচ্চ নিক্ষিত দেশতি হয়ী চিলানীল বাকি আচেন। কিন্তু এই উভয় দলকে বিশ্লেষণ করিলে এক দিকে ইংবাজী-শিক্ষিত উৎসাহী যুবকদলের প্রাধান্ত ও অপর দিকে শাস্তভীক নৈচিক প্রবীণ দলের প্রাবলা দেখিতে পাওয়া যায়। এই নবীন দলকে উদারনৈতিক ও ভাষীৰদলকে বক্ষণশীল বলা চইয়া থাকে। অবহা উদায়নৈতিকের মধ্যেও প্রতীণ আছেন এবং বক্ষণশীলের মধ্যেও নবীন একেবারে নাই বলা চলে নাঃ বলাবাছলা, উভর দল পিতা পুলাদিরূপে সম্বন্ধ বুকু হইয়াও মতের বিভিন্নতা হেত অনেক স্থান প্রস্পার প্রস্পাবের প্রতি বিশ্বিষ্ট ও ভক্তি স্বেচাদি শন্ম হওয়ার সাংসারিক শান্তি শঙ্কা ও উন্নতিতে বাধা জন্মিতেছে। কেছ কাহাকেও সমতে আনিতে সমৰ্থ হইতেছেন না। বিকল্পাদীর যক্তি ভিরভাবে সভ্লয়তার সহিত শুনিবার বা বুঝিবার মত ধৈষ্যিও আনেকের নাই। প্রভোকেই নিজ নিজ সংস্কার ও বোধশক্তিকে প্রাধাস্ত দিতেছেন। আমাপোষের চেষ্টা তেমন হইতেছে বলিবা মনে হর না। তৰ্কার লডাইছের মত কথা কাটকোটি মধ্যে মধ্যে চলিলেও, মীমাংদার উপনীত হইবার ভাব দেখা যাইতেছে না। নবীনপথীর ধারণা-প্রাচীনের ধ্বংস শুপে নবীন ভারত নবভাবে গড়িয়া উঠিবে। প্রাচীনপত্নীর বিশাস-নবীন দল অনাচারের ফলে যেরূপ স্বাস্থা, শক্তি ও আয়ু: লাক্ত করিতেছে ভাছাতে পড়িবার পর্বেই জাতি হিসাবে হিন্দুর নাশ অনিবার্থ। যাহা হউক ন্বীনপত্নীগণ নিজেদের কল্পনামুযায়ী ন্বীন ভারত গঠনোদেখে যেশ্বপ উৎসাত এবং কর্ম্মদক্ষতা দেখাইতেছেন, প্রাচীনপন্থীগণের মধ্যে ভাহা না শাকিলেও, ভাহাদের অভিজ্ঞতা, বহদশিতা ও চিন্তাশীলভাকে একেবারে উপেকা করা চলে না। এ কথা কাহারও ভূলিলে চলিবে না যে দেশের এবং জ্রাতির কল্যাণরাপ স্বার্থ উভয়েরই এক এবং একই লক্ষ্যকে উদ্দেশ করিরা মুইটী বিপরীতমুখী মতবাদের সৃষ্টি হইলেও কেহ

কাহারো পর বা শক্র নহে। উভয়েই বর্ত্তনান পতন হইতে উপানের প্রয়াসী ক্তরাং সংস্থারকামী। এক দল পাশ্চাত্য সভ্যতাকে আদর্শ করিরা উঠিতে ইচ্ছুক। অপর দল সনাতন সম্ভাতার পক্ষণাতী। প্রথমোক্ত দলের ধারণা এই যে ধর্মকে দেশ কাল পাত্রের উপযোগী করিয়া গড়িতে না পারিলে পারিপার্থিক অবস্থার সহিত খাপ্ থাওরাইয়া জাতি বাঁচিতে পারে না। ফুদুর অভীত কালের উপযোগী বিধান বর্ত্তমান সম্ভা বুলে চালাইতে যাওয়া বৃদ্ধিমন্তার পরিচারক নহে। দেকাল ও একাল এক নর। একালে দ্বষ্টি ও কর্মক্ষেত্র কেবল ভারতের মধ্যে নিবন্ধ রাখিলে চলিতে না। দেশ-বিদেশের জ্ঞান-বিজ্ঞান আহরণ করতঃ বিশ্বের সহিত সমান ভালে চলিবার শক্তি কর্জন করিতে হইবে। নতুবা কতকগুলি কুদংস্থারের মোহে আড়প্ত হইয়া ধর্ম গেল ধর্ম গেল চীৎকারে জাতির অগ্রগঞ্জিক বাধা দিলে, কেবল যে সেই গঙ্গর গাড়ীর যুগে ফিরিয়া যাইতে ছইবে ভাছা নহে: পরন্ত অস্থাক্ত জাতির চাপে ইহার নিশ্চিত ধ্বংস রোধ করিবার উপায়ান্তর থাকিবে না। স্থতরাং উন্নতিশীল জাতিসমূহের অনুকরণে সংস্থার আবশুক। বিতীয় দলের বিশাস—হিন্দর ধর্ম মানব-কল্লিড নছে : উহা ব্রহ্মবিৎ ত্রিকালজ্ঞ খযিগণের শুদ্ধসন্ত চিত্তে জীবের কল্যাণার্থে পতঃক্ত ভগৰৎবাণী। অলৌকিক প্রতাক্ষমিদ্ধ বস্তু লৌকিক প্রতাকের বিষয়ীভূত নহে। অভিজ্ঞতার মৃত্য প্রাচীনেরই বেশী। অপরাপর স্বাভি কর দিনের সভাতার গৌরব করিবে। তাহাদের বর্ত্তমান উন্নতি বে অনতিবিলম্বে অবনতির কারণ হইয়া না দাঁডাইবে ভাহার প্রমাণ কি ? সুতরাং সংস্কার অপরের অসুকরণে নহে, নিজেদের পরমার্থবাদের ভিভিতে শাস্ত্রীর মতে হওরা বাঞ্চনীয়। ব্যক্তিবিশেষের কল্পনাপ্রস্তুত মতবাদের স্বারা স্নাতন ধর্মকে কুল্ল করা চলে না। ভেদপ্ররোগ-নিপুণ বৈদেশিকের মিখ্যা রটনার অফুগ্রাণিত হইয়া প্রতীচ্যের মতে সমাজ বা ধর্ম সংস্থার করিতে যাওরা পাশ্চাতা সভাতার নিকট জাত্মসমর্পণেরই নামান্তর। এই ছুইটা মূল কারণ অবলম্বন করিয়া নানা বাদ-প্রতিবাদে তুই পক্ষেরই প্রবল বৃত্তি আছে। তরখো প্রথম পকে লৌকিক বৃক্তির প্রাধান্ত ও ছিতীর পকে শান্তীর যুক্তির প্রাবল্য দেখিতে পাওয়া যায়। অবশ্য নবীনপদ্বীরাও আজকাল কিছু কিছু শাস্ত্ৰীয় যুক্তি দেখাইতে আরম্ভ করিয়াছেন এবং প্রাচীনপন্থীরাও লৌকিক যুক্তি একেবারে দেখাইতেছেন না তাহা নহে। নবীনপদ্মীগণ ক্রন্ত সংস্থার প্ররাদী হইয়া জনমত গঠন ও নিজের অশাস্ত্রীয় আচার সমর্থন কল্পে প্রাচীনপত্তী ও তাঁহাদের অবলবিত শান্তাদির ছিজাবুদকান করতঃ দোবের দিকটা বড় করিরা দামাঞ্জিকে। নিকট প্রচার করিতেছেন। প্রাচীনপত্মীগণও নবীনের উচ্ছ মানতা যত দেখিতে-ছেন তাহাদের গুণের তেমন আদর করিতে পারিতেছেন না। কলে সংঘৰ্ষ অনিবাৰ্ব্য হইরা উঠিরাছে। এই সংঘৰ্ষজাত অগ্নি উভরেরই ক্ষতি করিতেছে ; উভরকেই বাধা দিতেছে। তাহাতে হিন্দুগণই অধিকতর তুর্বল হইরা বাইতেছেন। যাহা হউক, নবীনপত্নীগণ সংস্থারের নিছলিধিতক্সপ ভালিকা উদ্ভাবন করিয়াছেন, যথা, খ্রীমাধীনতা, বিধবাবিবাহ, বিবাহ-বিচ্ছেদ, আন্তর্জাতিক বিবাহ, বাল্যবিবাহ নিরোধ, অস্পুস্তা দুরীকরণ, হ্রিঞ্জনের মন্দির প্রবেশ, বিলাভযাত্রা, সর্ববর্ণের বেদাধিকার, জাতিজ্ঞেদ উচ্ছেদ, পৌত্তলিকতা ধ্বংস প্রভৃতি। তথাধ্যে শেবোক্ত কুইটা সম্বন্ধে নবীন-পছীগণের মধ্যেও মতভেদ থাকার এ বিবরে বাহ্যিক আন্দোলন একরূপ বন্ধ আছে বলা যায়। আবার কতকশুলি, আশু প্রয়োজন বিধার, প্রবল আন্দোলনের বিষয়ীভূত হটুরাছে। ইহার প্রত্যেকটা সমর্থনকলে যত একার বুজি আবিষ্ণুত হইয়াছে, ভাহার অধিকাংশই যে পাশ্চাত্যশিকা-গ্রহত অভএব স্বাধিকারবাদ ও ভোগবাদমূলক, তাহা নিরপেক্ষ ব্যক্তি मार्व्वारे चौकांत्र कतिराम । এवः क्षे मकल मःचार्या विवत्रश्रुणित विक्रास বক্ষণশীলগণের যত প্রকার যুক্তি আছে, তাহার অধিকাংশই শান্ত-বিশাস-সম্ভাত হইলেও, প্ৰবীণগণ সকলেই যে সর্ব্ধ বিষয়ে ধর্মামুগত পথে চলিতে-**ছে বা চলিতে সমর্থ তাহাও বলা চলে না। উভয় মতের মধ্যে ভ্রান্তি**ও আছে, আংশিক সভ্যও আছে। অক্তান্ত ঞাতির চাকচিক্যমর বর্তমান ঐহিক উন্নতি দৰ্শনে মুগ্ধ হইয়া যাঁহারা অতীত ভাবধারার প্রতি বীত্রাগ্ধ তাঁহারা যেমন কুসংস্কারাচছন্ন, আবার অতীত উন্নতির গৌরবে অভিভত হইরা বাঁহার। বর্ত্তমানের দিকে দৃষ্টিহীন ভাহারাও তেমনি সংখ্যারাদ্ধ।

এই উভরের মধ্যে সামঞ্জত বিধান করিতে না পারিলে প্রকৃত কল্যাণাক্সক গঠন হইতে পারে না। সৃষ্টি স্থিতি ও ধ্বংস এই তিন লইয়া জগৎ ; কুজরাং স্থিতিকার্য্যে সহায়ক রক্ষণশীল দলের যেমন প্রয়োজন, ধ্বংসের সহায়ক বিপ্লবীদলেরও ভেমনি উপযোগিতা আছে। এই বক্ষণশাল এ উদারনৈতিকের মধ্যে সামঞ্জ আনিতে থাঁহারা সক্ষম হইবেন, স্টার সহারক হইবেন ভাঁহারাই। ভাহার পূর্বে মুন্দু কেবল ধ্বংদের কার্যা করিবে। এখন এই সামঞ্চত্ত আনিতে হইলে যথাসম্ভব নিরপেকভাবে দলগত অভিমান ত্যাগ করিয়া পরস্পরের প্রতি দরদ রাথিয়া উভয়বিধ মনোভাবের কারণ অনুসন্ধান করিয়া বিচার বিশ্লেষণপর্বক সভা বাহির করিতে হইবে। প্রথমত: নবীনপদ্বীগণ কেন ফ্রন্ত সংস্কার প্রবাসী হইয়া তর্জমনীর অধ্যবসারের সহিত কার্য্যক্রে অবতীর্ণ হইয়াছেন প্রিরভাবে তাহার কারণামুসন্ধান প্রয়োজন। সাধনার উন্নত স্তরে উন্নীত না হওয়া পর্যান্ত সাধারণ মানুষ চির্দিন একভাবে কঠোর কর্তব্যের ভিতর দিরা চলিতে পারে না। সন্থাথ লোভনীয় বস্তু দেখিলে তাহার দিকে হস্ত প্রসারণ করিবেই বদি সেথানে বাধাদানের উপযক্ত শক্তিশালী পুরুষ না থাকেন। কর্ত্তব্যপালনে যে জানন্দ, ধর্মবিশাস দুচ় থাকিলেই তাহা সম্ভব। বংশ্ব পালনের পশ্চাতে যে কল্যাণ আছে তাহা বুঝিবার মত জ্ঞান ও আদর্শ সমূতে না থাকিলে স্বাধিকারবাদ বা ভোগবাদ এবল হইয়। ঐহিকতা বৃদ্ধি পার ও অঞ্চাক্ষ পরলোক-বিশাস নষ্ট করিরা দের। এ দেশে যে সময় পাল্টাতা সভাতা প্রথম প্রবেশনাভ করে সে সময় স্মৃত্যক্ত সদাচারাদির উপযোগিতা বুকাইরা নিজের আদর্শে অনুপ্রাণিত করিয়া আধুনিকভার যোহ মৃক্ত করিয়া বংশ পালনে অসুরক্ত করিবার মত শক্তিশালী আদর্শ ধর্মবীর দেশে ছিলেন না। থাকিলেও সাধারণের দৃষ্টির বাহিরে বাজিগত সাধনার নিবক ছিলেন। অথবা ইহলোক বাদ দিয়া কেবল পরলোক চিস্তা যে অচল, এই সত্য বুঝাইবার জক্ত প্রতীচ্যের শিক্ষা প্রয়োক্তন চিল। নবা দল দেখিলেন ধর্মের বন্ধন আনেক ক্ষেত্রে উন্নতির পরিপত্নী। হাঁহারা ধর্ম ধর্ম করেন, তাঁহারাও সৰল ছলে একুড ধার্মিক নহেন। ধর্ম আর অন যোগাইতে পারে না। অভাুদর এখন ধর্মের আয়ন্তাধীন নাই। ধর্মের দারা নিঃশ্রেরস লাভ হয় কি না তাহার কোন প্রতাক প্রমাণ নাই। থাকিলেও, ইংকাল যাহার দু:খমর, ভাহার পক্ষে পরকালের জন্ম ধর্ম্মচিন্তার অবসর কোথায়? ধর্মের নামে যে সকল বীতিপ্ৰথা বা অনুষ্ঠান সমাজে প্ৰচলিত, সেগুলি প্ৰকৃত কি না, সে বিষয়েও যথেষ্ট মডভেদ আছে: ভদ্তিল, সর্বাদা ছোট-বড় সকল ব্যাপারে শান্তের শাসন মানিয়া চলিতে গেলে, এই প্রতিযোগিতার যুগে ছুনিয়ার বাঁচিয়া থাকাই অসম্ভব। জীবনকে সরস, কর্মক্ষম করিয়া মানুষের মন্ত বাঁচিতে হইলে ভোগকে একেবারে উপেক্ষা করা চলে না ; এবং ভোগের যাহা উপকরণ তাহা সংগ্রহ করিতে হইলে গতামুগতিক পথে গেলে চলিবে না। বিষেত্র সঞ্চলে যে পদ্ধতি ও কৌশলে প্রগতির পথে চলিতেছে, আমাদিগকেও তাহা গ্রহণ করিতে হইরে। যাহা ভাল বলিয়া বৃথিতেছি ভাহা যদি পাশ্চাতা শিক্ষার কলেই ঘটিয়া থাকে, ভাহাতে দোষের কি আছে? যাহা ওভ, যাহা সভ্য, ভাহা দর্বকালেই সর্বনেশেই গ্রাহ্ম। পাশ্চান্তা শিক্ষাতেই স্বাধীন চিন্তার প্রোত ফিরিয়াছে, জড়ত্ব ঘুচিয়াছে, কৃপমপুকতা গিয়াছে, উন্নতির চেষ্টা আদিয়াছে, নব জাগরণ দেখা দিয়াছে। ভারতের যে সকল মনীধী দেশ-বিদেশে প্রখ্যাত হইয়াছেন, তাহারা সকলেই ইংরাজী শিক্ষিত। প্রাচীনগণের কর্মশক্তি কমিরা যায়, উৎসাহ থাকে না, ভীরতা দেখা দের বলিয়া কোনরূপ পরিবর্ত্তনের নামে তাঁহার। আত্তিকত হইয়া উঠেন। পরিবর্ত্তনশীল জগতে একই নিয়ম চির্দিন পাটে না। হিন্দু সমাজ আঞ্চ যে ভাবে চলিতেছে পাঁচণত বৎসর পূর্বে ھ তাহাই ছিল ? অতীতের কাৰ্যাই বৰ্ত্তমানের কারণ হইলা দাঁডায়। এই যে সংস্থারের প্রয়োজন আসিরাছে তাহার জন্ম অতীতের নিবন্ধকারগণই দারী। খবিগণ যদি ত্রিকালজ্ঞই হইবেন, তবে খবি-শাসিত দেশ আজ অস্থাক্ত জাতির তলনার হীন কেন ? বে সকল সংস্থারের তালিকা প্রস্তুত হইয়াছে তাহা কি সতাই নির্থক ? যে সকল সামাজিক লোধ-ক্রাট আছে, তাহা সংশোধনের চেষ্টা কি জীবন-সংগ্রামে বাঁচিলা থাকিবার অনুকৃত্ত নহে ?

কালোণযোগী ঝাধীন চিন্তা, ঝাধীন চেন্তা যদি অপরাধ হর, তবে মতিকের প্রয়োজন কি ? ইত্যাদি বহ বুজি ও প্রমাণ উদারনৈতিকগণের অকুকুলে আছে। রক্ষণীলগণ মনে করেন পরিবর্জনশীল জগতে উবান-গতন ক্থ-ছঃখ কথনও ছিরভাবে থাকে না বতবড় বৃদ্ধিমান আতিই হউক না কেন প্রকৃতির নিরমে তার পতন আছেই। যে মূল শক্তিক্রর অগতের অভ্যন্তরে ক্রিরাশীল তাহাদের সাম্যাবদ্বা আসিলে স্টে থাকিতে পারে না। ক্তরাং উরভির পর অবনতি ঝাভাবিক ভাবে আসিরা থাকে। কিউ তাহার ছিতিকাল নির্ভর করে নিজেদের কুতকার্য্যার উপর। ছুংখের

শিকা না পাইলে নামুব উন্নতির জল্ঞ সচেষ্ট হয় না ৷ আবার উন্নতি আসিলে স্থাপে বিজ্ঞোর হইয়া ছু:পের কথা ভুলিয়া যার। আলতা অনবধানতা আসিরা তমোভাবাপর করিয়া তোলে। রজোত্বলভ ক্রিরানীলতা থাকে না : সাধিক জ্ঞান লোপ পার। ফলে পতন অনিবার্য্য হইয়া উঠে। এই তরবন্ধার কারণ ব্ঝিতে পারিয়া যে সংশোধন করিতে সমর্থ হয়, সেই জীবিত থাকে ও পুনরার উন্নতিশাল হইতে পারে। অস্তথায় ধ্বংস হইরা যায়। কি ব্যক্তি কি লাভি সকলকেই ঐ নিরমের অধীন হইতে দেখা যার। ভর্তাগ্যক্রমে হিন্দুজাতি দীর্ঘ দিনের অভিজ্ঞতা সম্বেও এই প্রাকৃতিক নিয়মের হাতে নিকৃতি পার নাই। যে সময় ভারত আন্তবিশুত অবস্থার সংগ্রহিশ্র ও সর্ববিষয়ে অবনত, সেই স্থযোগে স্থচত্তর উন্নতিশীল ইংরাজ এ দেশে আধিপত্য বিস্তার করেও চমকপ্রদ পাশ্চাত্য সভ্যতার আবির্ভাব হয়। সে সময় নিজ্ঞদিপকে চীন ভ্রমলে ও অপরকে উল্লভ সবল লক্ষ্য করিছা এতীচ্যের আদর্শে শিক্ষিত সম্প্রদায় স্বাস্তাবিকভাবে বুঁকিয়া পডেন। তাহার উপর ভারতের এখর্ষোর এতি প্রলুদ্ধ চত্তর বণিকগণ কৌশলে দেশবাসী-গণকে মুগ্ধ করিয়া নিজেদের কার্যোদ্ধারের প্রয়াস পাইতে থাকেন। ভাছারা দেখিলেন এ দেশের লোক নিজেদের স্বার্থরক্ষায় স্থান্ডর না হইলেও কভকঞ্জি সংস্থারের বৈশিষ্টা ছারা আত্মরুকা করিতে সমর্থ। ইহাদের সমাজ-বন্ধন এত দৃঢ় ও স্থানিয়ন্ত্রিত যে তাহার মধ্যে অপরের প্রবেশ দুর্ঘট। এই সমাজের অন্তরে প্রবেশ করিতে না পারিলে ভিতরকার সম্দয় তৰ্মলভার সন্ধান পাওয়া যায় না। জাতির ভাবরাকা অধিকার করিতে না পারিলে বাছিরের রাজা বেশী দিন অধিকারে রাপা যায় না।

বিদেশী লবণ চিনি কাপড প্রভৃতিকে লোক অপ্যান্ত জান করিত। ভাছাতে বণিকগণের ব্যবসা কইসাধা হইতে থাকে। স্থভরাং দেশবাসীর জনর আকর্ষণ ও তাহাদের সংখারের বিক্লছে প্রচারকার্যা চালান কতকগুলি খেতকার প্রভার জীবনত্রত হয়। ইংরাজী শিক্ষার প্রবর্ত্তন ও শিক্ষকতা ছারা ভাঁছারা নিজেদের মনোমত জনমত গঠনকলো কতকগুলি ছাত্রকে শিক্ষা দিতে লাগিলেন। হিন্দুধর্ম তথা কুসংস্কারের বিরুদ্ধে প্রচারই শিক্ষকদের অধান কার্য্য ছিল। হিন্দুরলের ডিরোজিও সাহেবকে তাহার একজন প্রধান পাশ্তা বলা যাইতে পারে। মানুধের চিত্ত কভাবতঃ বহিমুখী ও ভোগাদেবী। স্বতরাং নিজেদের জাতীর বৈশিপ্তা সম্বন্ধে অজ্ঞ ছাত্রপাকে ইতিকভার প্রাপুদ্ধ করিয়া হিন্দু-বিদ্বেণী করিতে শুরুগণকে বিশেষ বেগ পাইতে হয় নাই। সে সময় নৃতন আলোক-প্রাপ্ত নবোৎসাহী ছাত্রপণ কি ভাবে বিপুল উভামে আদম্য সাহসের সহিত ধর্ম ও সমাজ-বন্ধন চিল্ল ক্ষরিতে বন্ধ পরিকর হইরাছিলেন, তাহা "দেকাল ও একাল" নামক শরাজনারায়ণ বহু মহাপায়ের প্রস্তে বিবৃত হইগাছে। বর্তমানের জাগরণ ও সমাজ-সংখ্যারের বীজ ঐ হিন্দু স্কুলের শিক্ষার মধ্যে নিহিত ছিল। সেই সময় হইতেই শিক্ষিত বিশেষতঃ বিলাভ ফেরৎ সম্প্রদায় সমাজ-সংস্থারের জন্ত সচেষ্ট হইতে থাকেন। তথনকার প্রথম জাগ্রত মনীবী বলিতে মহাক্সা রামমোহন রারকে বুঝার। তিনিই প্রথম দমাজ-সংস্থারের স্তুরপাত করেন। তিনি একজন অসামা**ত্ত** পণ্ডিত ও অসাধারণ জ্যাণী ছিলেন ৷ তিনি সকলকে এক ব্রাহ্মসমাজভুক

করিতে চেষ্টা পাইরাছিলেন। কিন্তু এই দামাক্স এক শত বৎসরের মধ্যে তাঁহার দল তিনটা সম্প্রদারে বিভক্ত ও বিচিছন ; তাঁহার সেই সমাজ আজ নাম মাত্রে পর্যাবসিত। কিন্তু মহাপ্রভু চৈতভাদেবের সমাজ আজ ৫০০ বৎসন্মের অধিক কাল পর্যান্ত অব্যাহত রহিয়াছে ৷ কেবলমাত্র প্রতিভা ও অমুকৃতি সংল করিয়া সদিচ্ছা-প্রণোদিত হইরা কার্বা করিলেও সকল সময় জাতীর কল্যাণ সাধন করা যার না, যদি না ভাহা ভগবদিচছার সহিত মিলিত হয়: যে প্রণালীতে চির্দিন এ দেশে সমাজ-সংস্থার হইয়া আদি-তেছে তাহাকে বাদ দিয়া পশ্চিমের অফুকুডিকে বক্ষণশীলগণ পছন্দ করেন না বলিয়া ঠাহাদিগকে দোব দেওয়া কি চলে ? পাশ্চান্তা শিক্ষা প্রচারের চেষ্টা রাজা রামমোহনের অক্সতম গৌরব : কিন্তু এ সম্বন্ধে স্বামী বিবেকানন্দ যাহা বলিয়াছেন তাহা এই--- "রাজা রামমোহন ইংরাজী ভাষার প্রাধান্ত শীকার পূর্বাক বিভাগের সমূহে উহার প্রচলন করার বিষম ল্রমে নিপ্তিত হইয়াছিলেন ৷ অন্তঃ পঞ্চাৰ বৎসৱের জন্ম উচাতে দেশটাকে পিচাইয়া দেওয়া হইয়াছে। এরপ না করিয়া যদি ভিনি সংস্কৃত ভাষার এচসন রাখিতেন এবং পাশ্চাত্যের বিজ্ঞানাদি বিষ্ণা ও প্রহণযোগা চিম্তাসমূহ এ ভাষায় অনুদিত করিয়া গ্রন্থাবলী প্রকাশ পূর্বক বিভালায়সমূহে পঠন পাঠনের ব্যবস্থা করিতেন, তাহা হইলে অতি শীঘ্রই দেশমর ঐ সকলের প্রচার দাধিত স্ট্রা সম্প্র জাতিটা উর্ভির পথে অ্ঞানর স্ইভ।" বে শিক্ষা-প্রচলনকে দেশের বহু লোক সৌন্তাগা মনে করিয়া খাকেন, একজন শ্রেষ্ঠ মনীয়া ভাহার নিন্দা করিলেন কেন গ এ কথা সকলেই স্বীকার করিবেন যে যে অপালী অবলম্বনে দেশের লোক হিতাহিত নির্ণয় ও সভ্যাসভা নির্দারণ করিতে বহু কাল হইতে অভ্যন্ত হইয়াছিল, ইংরাজী ভাষা প্রচলনে মাকুষের বৃথিবার প্রণালী অক্তরূপ হইরা গিরাছে। বাহিরে খদেশী হইলেও ভিতরে ভাব রাজ্যে অনেকেই বিদেশী। জাতীয়তা শক্ষী বছ লোকের মুখে উচ্চারিত হইলেও ভারতীয় জাতীয়তার স্থপ্ত ধারণা সকলের নাই। বিদেশী চিনি প্রভতিকে যে সময় দেশের লোক জম্প গু জ্ঞান করিত, সে সময় বছ উদারনৈতিক তাহার নিন্দা করিয়াছেন। পরে যথন ঐ সকল বিদেশী क्ष्या (मर्ग्य प्रत्य) यरमंभेत्र मुलाएक्डम क्रिया यह लाएक्त अब ध्वःम क्त्रिम, তখন বিদেশী বঞ্জনের জন্ত উদার নৈতিকগণকে বিপুল অর্থবার, বহু পরিশ্রম ও কারাদত ভোগ করিতে হইয়াছে ও হইতেছে। ইত্যাদি কারণে সংকার-কালী উদাবলৈতিক নবীনগৰ জাগী, কৰ্মী ও প্ৰতিভাবান হইলেও, তাঁহাদের প্রত্যেক কর্মকে নির্দেষ বলিয়া মনে করেন মা। বিশেষতঃ ধর্ম যিবরে বাঁরা অঞ্জ, ধর্ম সংস্কার তাঁহাদের অধিকারের বিষয়ীভূত নহে। সাধারণ লোক চিকিৎসককে চিকিৎসার ভার উকিলকে ওকালতনামা দিয়া থাকেন। কিন্তু নধীন সম্প্রদার নান্তিক হুইছাও ধর্ম ব্যাপারে হল্পক্ষপ করিতে কুঠা বোধ করেন না া রাজনৈতিক প্রতিষ্ঠানেও তাহার নিয়মামুবায়ী খদর পরিধান, চাঁদা দান এড়তি না করিলে কথা কছিতে দেওয়া হা। বার থাঁহারা প্রস্রাবে জলপৌচ করেন না. নিত্য আছিক করাটা অয়োজনের মধ্যে আনেন না, তাহারাও ধর্ম সংস্কারক সাজিয়া প্রচার কার্য্যের জন্ত নিযুক্ত হইর। থাকেন। যতপ্রকার নৃতন নৃতন সমস্ত। দেখা দিয়াছে ও দিতেছে, শাস্ত্রবাক্যে বিশ্বাসহীনতাই তাহার অক্সতম कांद्रण यशिक्षा व्यत्यत्कत्र वाद्रणा ।

बर्ष्यत व्यवित्रादश्व वह मःश्वार्यः विवत्र व्याह्म-यथा, श्वरमेरी श्राप्तना শাছ্যান্নতি, ব্যবসা বাণিজার ইবৃদ্ধি সাধন, জ্ঞানের উৎকর্ষ বিধান, শিক্ষার বহল প্রচলন প্রভৃতি বিষয়ে অধ্যবসায় সহকারে কার্য্য করিলে রক্ষণশীলের কোন আপত্তি নাই। ধর্মের সংকার ধার্মিকের জগু রাখিলা অক্তাপ্ত বিষয়ে উৎসাহ ও কর্মণক্তি প্ররোগ করিলে বিরোধ বাধিত না। সমাজ সংস্থার যদি করিতে হয়, ধর্মকে কেন্দ্র করিয়াই করিতে হইবে,---রাঞ্জনীতিকে ভিত্তি করিরা নহে। শান্তের শাসন লভ্যন করিরা কোন বাজ্জি-বিশেষের প্রতিভোপিত অহঙ্কার-বিজুভিত মতবাদকে ধর্মের আসনে বসাইল সমাজ-সংস্কার করিতে যাওয়া সনাতন ধর্ম্মের রীতি বা আন্তিকোর লক্ষণ নহে। উহা নান্তিকতা বা সম্পূর্ণ পশ্চিমের অমুকৃতি। প্রতীচ্য ও প্রাচ্য এক নহে,—উভয়ের আদর্শ ও প্রফু্ি বিভিন্ন। একের জাতীয়তা ট্রহিক প্রতি-পত্তিকে ভিত্তি করিয়া কল্পিড: ও অপরের জাতীয়তা পরমার্থ সাধ-কে লক্ষ্য করিয়া গঠিত। প্রতীচ্যের জাতীয়তার পরিচালক রাষ্ট্রনীতি ও প্রাচ্যের জাতীয়তার নিরামক ত্রিকালজ্ঞ ব্রহ্মবিৎ কবি। সুতরাং শব্ধরাচার্ব্য প্রভৃতি যুগাবতারগণ যে নীতিতে যুগোচিত সংস্থার সাধন করিয়াছেন, তাহাই আর্বাজাতির প্রকৃতি ও আদর্শের অতুকৃত্ত এবং ভারতীর সভ্যতার বৈশিষ্টা। যদি আমাদের জাতীয় সম্ভাতার মধ্যে দৌকি ক দষ্টিতে বা বুঝিবার প্রণালী দোবে কোন ক্রটি লক্ষিত হয়, তাহা আমারই দেশমাতৃকার প্রসাদ মনে করিয়া গ্রহণ করিতে হইবে। ভগবান বলিরাছেন "সর্বারভা হি দোষেণ ধ্মেনাখিরিবাকুভা:"। এমন কোন কার্য্য পাওয়া বায়না, বাহার মধ্যে কোন লিকে কিছু মাত্র দোষ নাই। সেই জল্প পুনরায় বলিতেছেন "সহজং কর্ণ্ম কৌজের স্লোবম্পি নতাজেৎ।" অত এব বে সভাতার প্রভাবে হিন্দু অমর হইরা আছে, যে ধর্মকে ধরিরা হিন্দু বহু বিপ্রবের মধ্যে আজ্মরকা করিরাছে, সেই ধর্ম বিখাস, সেই জাতীর ভাবধারাকে বিলুপ্ত করিয়া কোন সংস্কার হইতে পারে না.--সংহার হইতে পারে। চটের মত মোটা কাপডকে বদেশী বলিয়া গৌরব করা বার; কিন্তু ধর্ম্মের প্রতি অমুরাগকে বদেশী ৰলিয়া গৌরৰ আনে না কেন ? অহতার বা অমুকৃতি সনাতনীগণের এই প্রকার মনোভাবের কারণ নয়। কোন প্রকার সংখার শান্ত্রসম্ভত বলিয়া শাস্ত্রীগণ কর্ত্তক গৃহীত না হইলে, তাহা সমাজে প্রচলন করিবার পক্ষে যে বাধা ভাষা বৃক্ষণশীলগণের অকপোল-ক্ষিত নতে। এ বিবয়ে সর্বজনমান্ত গীতাকে প্রমাণ রূপে গ্রহণ করিতে পারা বার।

"বং শাস্ত্রবিষ্ণ্যক্র বর্ত্ত কামকারতঃ নদ সিদ্ধিনগায়োতি ন হৃথং ন পরাং গতিং" "ভশাচ্ছারং প্রমাণতে কার্য্যাকার্য্য ব্যবস্থিতে। জ্ঞাড়া শাস্ত্র বিধানোক্তং কর্ম কর্ত্ত্র মিহার্ছনি" ইত্যাদি বহু প্রমাণকে অবজ্ঞা করতঃ সামন্ত্রিক প্রমান সিদ্ধির উদ্দেশ্তে করিত ব্যক্তি-বিশেবের মতবাদকে বেঘবাক্যরূপে প্রহণ করিতে যদি কাহারো সন্ধাচ আনে, তাহাকে দোব দেওরা ধর্মাসুমোদিত নহে,—বার্থাসুমোদিত। এতকণ রক্ষণশীলগণের রক্ষণশীলভার বপকে যে সকল যুক্তি আছে, তাহার প্রধান-প্রধানগুলি দেখান হইল। এইভাবে বাদ প্রতিবাদ চালাইতে কোন পকই ভূর্মাস্করেন। নরীনপত্নীর বৃক্তির বেমন জনেক স্থলে গঙ্কীর, প্রাচীনপত্নীর বৃক্তির তেমনি অবঙ্কীয় নহে। দোব এবং গুণ উভ্রের বংগাই আছে। এই

जकर पामी विद्यकानम ठाँठां र रामन्दर अपन वर्ज्जा और दिन्त्रानी र গোড়ামী ও আধুনিক পাণচাত্য সভাতা এই উভয়কেই জাতীয় উল্লভিয় পরিপত্নীরূপে বর্ণনা করিয়াছিলেন এবং নানা যুক্তির অবতারণা করত: বলিয়াছিলেন যদি ভুইটীর একটাকে দেশের জন্ম মনোনীত করিতে হয় আমি প্রাচীন হিন্দুলানীর গোঁড়োমীর পকেই মত দিব। কারণ তাঁহারা স্মাত্ম জাতীয় জীবন ছন্দটী বজায় রাথিয়াছেন: তাঁহাদের একটা প্রতিষ্ঠা-শুমি, একটা অবসম্বন, একটা বলবন্তা আছে। সমগ্র জাতির প্রাণনশক্তির উৎস প্রমার্থ নিষ্ঠাকে আঁকিড়াইয়া ধরার দরণ ইহাদের বাঁচিবার আশা আছে। আর যাহারা ঋড় ত্রান্তি বিবন্ধিনী পাশ্চাত্য সভাতার পশ্চাতে ধাবমান তাঁহারা মেরুদভবিহীন: আপনার পায়ে ভর দিয়া দাঁডাইবার শক্তি তাঁলাদের নাই। তাঁহারা একটা আলেয়ার পশ্চাতে ছুটিভেছেন মাত্র ইত্যাদি। যাহা হউক, নবীন ও প্রবীপের প্রইটী বিরুদ্ধ মতবাদকে বিলেষণ করিলে আমরা দেখিতে পাই-এক পক্ষে পরকালের ভাবনা, অপর পক্ষে ইহকালের চিন্তা প্রথম। একজনের বিধান দৃঢ় হইয়াছে অভীতের গৌরব কাহিনীতে; আর একজনের ধারণা বদ্দুপ হইয়াছে বর্ত্তমান জগতের ছীবৃদ্ধি দেখিয়া। একের সংক্ষারের উৎস শান্ত; অপরের বিশাসের কেন্দ্র পাশ্চাত্য-শিক্ষা। একদল প্রজ্ঞানের পক্ষপাতী, অপরদল বিজ্ঞানের অসুরক্ত। প্রাচীনপত্নী অলোকিক এতাক্ষ বিখাদী ও নবীনপত্নী লৌকিক প্রত্যক্ষের পক্ষপাতী। রক্ষণীলগণের ধারণা-বৃদ্ধিবলে, বৃদ্ধিতর্ক, বিচারগবেষণা ছারা একত সত্য নির্ণয় হয় না। রজো ও তমো ৩৭ নির্পাক্ত ওক্ষ সক চিত্তে সভাের বয়ং প্রকাশ ঘটে। তাহা সাধনাসাপেক। উপধৃক্ত সাধক বাতীত সত্যের যথার্থ সন্ধান পার না। আর উদারনৈতিকগণের বিশাস-উপযুক্ত যুক্তিতৰ্ক বিচাৰ ধাৰা যে সভা নিশীত হয়, যদি ভাষা ভবিশ্বতে প্ৰাষ্টি বলিয়া প্রমাণিত হর—তথাপি ঘাহা সতা বলিয়া ব্রিয়াছি, ভদকুদারে চলিতে না চাওয়া পাশ। এই যে উভয়ের মধ্যে শিক্ষা ও সংস্থারগত পার্থক্য, ইহার একটা মিলনভূমি খু'জিয়া বাহির করিতে হইবে। বর্তমানে শিক্ষিত সম্প্রদায়ের অধিকাংশ উদারনৈতিক দলভুক্ত হওয়ায়, সংখ্যাল্পতা-व्ययुक्त त्रकर्गनीलमलाक प्रकाल वर्ता काला। अहे मःशाधिकात सरयान পাইরা, বুঝাইয়া না পারিলেও আইনের বলে নবীনপঞ্চীগণ অদুর ভবিশতে একদিন প্রাচীনপত্নীগণের বিশ্বাস ও মতবাদের কণ্ঠরোধ করিতে সমর্থ হুটবেন বলিয়া মনে হয়। কিন্তু তাহাতে জাতির ইটু হুটবে কি ক্ষনিষ্ট ইটবে তাহা নির্ণয় করা যায় না। ভোটের খারা জয়লাভ সম্ভব হইলেও অনেক ক্ষেত্রেই সভা নিলীত হয় না। পূর্ব্বেই বলিয়াছি, উদারনৈতিকগণ রাজ-নৈতিক ভিত্তিতে জাতি গঠনের পক্ষপাতী। সে সম্বন্ধে স্বামী বিবেশানন্দের মতামত উল্লেখ এখানে অগ্রাস্ত্রিক হইবে না। তিনি বলিয়াছেন "এ কথা পরিছারক্রণে বীকার্য্য যে ভালর জন্তই বল, আর সম্পন্ন জন্তই বল, আমাদের প্রাণশক্তি আমাদের ধর্মের মধ্যে কেন্দ্রীভূত রহিরাছে। তুমি ইহাকে আর পরিবর্তন করিতে পার না; ইহার পরিবর্তে ইহাকে নট করিয়া প্রাণশক্তির জন্ত অপর আত্রর খীকার করিতে পার না । তুমি কি বল ভিমতবার গর্ভে আবার ভাগীরখী ফিরিরা বাইবে এবং পুনর্বার নৃতন পথে এবাহিত হইবে ? ভাও বদিই বা সম্ভব হয় তবুও জানিও আমাদের

গেলের পক্ষে পরমার্থ সাধনরূপ বিশেষ জীবন থাতটা পরিহার করা অসন্তব এবং রাজনৈতিক বা অক্তডাবে আবার জীবন প্রবাহের প্রাপাত করাও অসন্তব।" অন্তএব দেখা বাইতেছে, রাজনৈতিক ভিন্তিতে জাতীয় জীবন গঠন করা খামীজীরও মত নহে। ফুতরাং উদারনৈতিকগণের কর্ত্তবা পরমার্থবাদের ভিন্তিতে পারীয় প্রধার সনাতনীগণের ধর্ম বিখাসে যথাসত্তব আঘাত না দিয়া সংকার কার্য্য সাধন করা এবং রক্ষণশীলগণের কর্ত্তবা কালধর্ম যাকার করতঃ নবীনপায়ীগণের প্রতি কার্য্যে বাধা না দিয়া নিজে যথাসত্তব

আমর্শ রক্ষা করিয়া চলা নবীন ও বীণ উভারের নিকট অন্যুব্রাধ উচারার বেন মতাস্তরকে মনাস্তরে পরিণত ছইতে না দেন পরন্পরের প্রতি সহাস্কৃতি না হারান । সহুদরতার সহিত বৈধাসহকারে উভারকে বৃথিতে টেটা করেন । দলগত পক্ষণাতিত্ব পরিত্যাগ করত: সত্যাসুসন্থিত্ব ইইবার জন্ত সর্ব্যাগ সচেট থাকেন । জরলাভাই মান্ত উদ্দেশ্ত নয়—সতা ও স্থামী কল্যাণই লক্ষ্য । দেশকে ভালবাসিতে ছইলে দেশের কুকুরত । ভালবাসার পান্ত না ইইরা যায় না ।

মরণে বাধা

জীকুমুদরঞ্জন মল্লিক বি-এ

বাবো বাবো করি, কিন্তু যে আমি

এক সন্তান মার,

নিতৃই দেখ্ছি পদে পদে তাই

বহু বাধা মরিবার।

ই
মাতা পিতা মোর 'বদরীনাথের'

চরণে মানত রাধি,

এধনো আমার দীর্ঘনীবন

মাগেন সক্লম আঁাধি।

কামনা করিয়া 'রামেখরের' লিরে দেন বেলপাতা, 'অমরনাথে'র আশীষ রয়েছে মাছ্লীতে মোর গাঁথা।

এ কীণ তছরে জিয়ারে রাখিতে
কত যে যতন মার,
'হিংলাজ' হতে বিভূতি এনেছে
সিঁদ্র 'কামাধ্যার'।

তেত্তিশ কোটী দেবতার আঁথি আৰুও মোর পানে জাগে, মারের মিনতি তাঁদের সকাশে

পঁছছয়ে সব আগে।

ভাই-দিতীয়ার বোনেরা আবার কপালেতে ফোঁটা দিয়া, কাঁটা দিয়া রোধে যমের ত্রার এমনি অবোধ হিয়া!

প্রীরও মোর সিঁদ্র শাঁখাকে
বুঝি ভয় করে যম,
বর দিতে গিরে যদি পুনরায়
করে ফেলে কোনো এম।

প্রাম-গৃহিনীরা ষ্ঠাতলার হলুদ মাধারে গাছে, মারের মতন এখনো আমার দীর্ঘ জীবন যাচে।

এত জীবনের স্বেহ-প্রীতি ধারা দেখি বৃকে ব্যথা বাজে, যতনে লালিত এ তৃণ কুসুম লাগিল না কোনো কাজে।

ত্ম্রভিত করি দেবমন্দির সাজল না পূজা-থালা, রহিল কেবল কোটার ভোলা ক্ষীণ কর্পুরমালা।

১১ হ'ল নাক পাঠ, গাগিল না কাজে বারেক হল না থোলা, স্মেহের ডোরেতে জড়ানো এ পুঁথি ভাকেই বহিল ভোলা।

চণ্ডীচরণ সেন

ঞ্জীঅমিয়ভূষণ বহু

শার্ক শার্কানী পূর্কে বাঁহার গ্রন্থনিজি এ দেশের লোকের
প্রাণে সর্বপ্রথম জাতীয়তাবাদের ভিত্তিয়াপনা করে,
১২৫১ বলাকের ২রা মান, ইংরাজী ১৮৪৫ খুটাকের ১৪ই
জাছরারী মললবার বাগরগঞ্জ জেলার বাস্তা গ্রামে সেই
চণ্ডীচরন সেন মহাশরের জন্ম হয়। তাঁহার পিতা নিমটাদ
সেন মধ্যবিক্ত অবস্থার গৃহস্থ ছিলেন। চণ্ডীচরণ তাঁহার
সর্বব্রেষ সন্তান প্র একমাত্র পূত্র।

মাতা গৌরীদেবী প্রথম বয়সে অনেকগুলি শিশুদন্তান হারান। তাই চণ্ডীচরণ তাঁহার বড়ই আদরের ধন ছিলেন। গৌরীদেবী ও তাঁহার আমী দর্মনাই অপতপ, বত-উপবাসাদিতে কাটাইতেন। দেবদেবীর প্রতি তাঁহাদের আভাবিক ভক্তি শোকে তাপে অধিকতর গভীর হয়। পুদ্রকামনায় ইইারা প্রভাত চণ্ডীপাঠ প্রথম করিতেন। সেকত পুত্র জানিলে তাঁহার নাম চণ্ডীচরণ রাথেন।

চণ্ডীচরণের স্বাস্থ্য বাল্যে ভাল ছিল না। দোষ করিলেও তাই তাঁহাকে কেহ তাড়না করিত না। ফলে বয়স বাড়িবার সকে সকে বালক অতিশয় তুর্দান্ত প্রকৃতির হইয়া উঠিল। প্রামে তাহার তীক্ষ বৃদ্ধির যেমন প্রশংসা ছিল, বালস্বভাবস্থলত চপলতার জ্বন্থ তদ্রণ অখ্যাতিও বড়.কম হয় নাই।

তীক্ষ বৃদ্ধি ও অসাধারণ মেধার বলে চণ্ডীচরণ অতি আর কালের মধ্যেই পাঠশালার পড়া সাক্ষ করেন। ইংরাজী শিক্ষালাভের জন্ম বিশাল যাওয়া ব্যতীত তথন আর অন্ত উপার ছিল না। শৃক্ত গৃহে কেমন করিয়া পিতামাতা থাকিবেন? অবশেষে সকলে পরামর্শ করিয়া স্থামস্থ চন্দ্রমোহন দাসের সপ্তমবর্ষীয়া কতার সহিক্ষ চণ্ডীচরণের বিবাহ দিলেন। উদ্দেশ—চণ্ডীচরণ প্রবাসে থাকিলে বধ্কে লইয়া তাঁহার পিতামাতা কথকিৎ সান্থনা লাভ করিবেন।

১৮৫৩ খুটাবে চঙীচরণ বরিশাল গবর্ণমেন্ট স্কুলে প্রেরিড হন। ইহার ঠিক ছই বৎসর পরেই তাঁহার মাতৃবিয়োগ ঘটে। ১৮৬৩ খৃষ্টাক্ষ পর্যাক্ষ তিনি বরিশালে তাঁহার ভগিনীপতি আনন্দচন্দ্র সেনের বাড়ী থাকিয়া বিছাভ্যাস করেন। সে সমরে শিক্ষিত সম্প্রদারের মধ্যে স্থরাপান, অথাত ভোজন প্রভৃতি সভ্যভার লক্ষণ ছিল। তাঁহার বরিশালের স্থীরাও এই স্থরাপ্রোতের হাত এড়াইতে পারে নাই। কিন্তু নিষ্ঠাবান জনকের ও অসাধারণ ভতিমতি জননীর আদর্শ তাঁহাকে রক্ষা করে,—তিনি শিক্ষিত সমাজের এবস্প্রকার অনাচার অতি মুণার চক্ষে দেখিতেন।

এই সময়ে প্রানীর রামতকু লাহিড়ী মহাশন বরিশাল কুলের অক্সতম শিক্ষ ছিলেন। চণ্ডীচরণকে তিনি আকর্ষণ করিলেন। কিছু দিন পরে গিরিশচন্দ্র মজুমদার প্রভৃতি আক্সপ্রচারকবর্গ বরিশালে উপস্থিত হুইলে চণ্ডীচরণ ও অন্ত বছ উৎসাহী যুবক প্রাক্ষদিগের সহিত যোগদান করেন। তুর্গামোহন দাস মহাশন্ন সে সময়ে বরিশালে ওকালতী করিতেন। চণ্ডীচরণের সহিত এই স্ত্রে ভাঁহার আমরণ-কালস্থানী সৌহার্দের স্ত্রেপাত হয়।

১৮৬০ খুটাকে প্রবেশিকা পরীক্ষার উত্তীর্ণ হইয়া
চত্তীচরণ ভবানীপুরে ত্র্গামোহন দাসের জ্যোষ্ঠাগ্রন্ধ
হাইকোর্টের উকীল কালীমোহন দাস মহাশরের বাটীতে
আশ্রায় গ্রহণ করিলেন ও কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
এবং প্রসন্নক্ষার ঠাকুরের সাহায্যে ফ্রি চার্চ্চ ইনষ্টিটিউসনে
(পরে ডক কলেজ) ভর্তি হইলেন। পিতার অবস্থা
ভাল নহে, ভাই তাঁহাকে প্রভাহ ভবানীপুর হইতে
নিমতলা পর্যান্ত পদব্জে আসা-বাওয়া করিতে হইত।
ফলে তাঁহার আন্তা ভক্ষ হয়।

কলেজ পরিত্যাগ পূর্বক করেক মাদ স্বপ্রামে পিতার
নিকট স্বব্ধন করিয়া তিনি ঢাকার যাইয়া একটি বৃত্তি
লাভ করিয়া ওকালতী পড়িবার চেষ্টা করেন, কিন্তু বৃত্ত
চেষ্টাতেও বৃত্তি পাইলেন না। এই সময় তাঁহার
কলিকাভায় সামাজ একটা চাক্ষীর যোগাড় হয়।
উপারাক্তর না দেখিয়া নিভাক্ত স্বনিছার সহিত্ত তিনি ইহা

গ্রহণ করিতে সমত হইলেন। কলিকাতা ঘাইবার টামারের সময় নিরূপণার্থ তিনি ঘাটে গিয়াছেন, হঠাৎ विकिश्टडोन नाम्य अक्**षे** नास्ट्रियं प्रहित स्था इहेल। দাৰেৰ কথায় কথায় চণ্ডীচরণকে জানাইলেন যে তিনি বাৰকা শিখিতে চাহেন, সেজ্ঞ মানিক ১৫ দিয়া শিক্ষ নিব্তু করিতে ইচ্চুক। চণ্ডীচরণ তৎক্ষণাৎ কলিকাতা যাওয়ার সকল ভাগে করিয়া লিভিংটোন शांटश्रदक वांत्रमा निथाहरण नाशितनः উख्यकारन **ढ**ी6द्रम थहे निकि:रहीन मारक्रदत्र महिक माक्षांश्टक গরমেখরের প্রত্যক্ষ হস্তকেপ (direct intervention) বলিয়া মনে করিতেন। একবার কলিকাভায় আসিয়া দামাল কেরাণীগিরিতে যোগ দিলে আর জাঁহার উকীল. ম্পেফ ও সবজ্জ হইবার স্বোগ কথনও ঘটিত না। এইরূপে দারিদ্রোর কশাঘাত সহা করিয়া তিনি অবশেষে ১৮৬৯ খৃষ্টাব্দে Higher Grade Pleadership পরীক্ষায় उतीर्व इक्ट्रेंगम ।

বরিশালে থাকিতেই চণ্ডীচরণ রাক্ষধর্মের দিকে আরুষ্ট হন। ঢাকার আসিয়া পৃক্ষপাদ বিজয়রুফ গোস্থানীর উপদেশ শ্রবণে তিনি আর দ্বির থাকিতে গারিলেন না। ১৮৭০ খৃষ্টাকে তাঁহার নিকট রাক্ষধর্মে নিকা গ্রহণ করেন ও ঢাকার ওকালতীর অস্থবিধা দর্শনে ধরিশালে চলিয়া আসেন। একমাত্র পুত্রের ধর্মত্যাগে রাথিত হইয়া ভয় হদয়ে বৃদ্ধ নিমটাদ পর বৎসর মৃত্যুমুধে গতিত হন।

এই সময় চণ্ডীচরণের ছই কছা— জোঠা কছা কামিনী
১৮৬৪ খুটাজে ও দ্বিভীগা কছা যামিনী (পরে লেডী
ডান্ডার) ১৮৭১ খুটাজে জন্মগ্রহণ করেন। তিনি পত্নী
ও কছাছরকে অগ্রাম হইতে বরিশালে জ্ঞানয়ন করেন।
কিন্তু ওকালহীতে স্বিধা করিতে না পারিরা জ্ঞবশেষ
১৮৭৩ খুটাজের মার্চ্চ মানে বরিশালের অতিরিক্ত (জ্ঞামী)
মূসেক নিষ্কু হইলেন। ১৮৭৪ খুটাজে স্বামী মুসেকিতে
নিষ্কু হইরা প্রথমে ২৪পরগণার বাক্টপুর ও পরে পাবনা
জেলার সাহাকাদপুরে স্থাপিত হন।

এই সাহাজানপুরে একটি অপ্রীতিকর ঘটনা ঘটে। তাঁহার মোহরের মাজির প্রথার্থী হইরা health certificate এর জন্তু পাবনার ইংরাজ সিবিশ সার্জনের

নিকট যার। সিবিল সার্জন প্রথমত: স্বাস্থ্য ভাল নহে বলিয়া ঐ ব্যক্তিকে Certificate দিতে অধীকার করেন। व्यवत्मरय स्माहरत्रत्र नार्ष्ट्राफवान्ता हहेशा "छवन किरमत्र" জোরে Certificate আদার করে। চণ্ডীচরণ এই অবৈধ ' কার্য্যের কথা জানিতে পারিয়া চুপ করিয়া থাকিতে পারিলেন না, জেলা জজের নিকট এ বিষয়ে লিখিয়া পাঠাইলেন। হিতে বিপরীত হইল,—সাহেবের নামে मार्ट्स्व निक्रे अपनाम रम्डम ? निम्मम्ह कामा হাকিমের এ বেয়াদবী কি সভা হয় ? জজসাহেব চণ্ডী-চরণের উপর থজাগন্ত হট্যা তাঁহাকে তিরক্ষত ও স্থানাম্বরিত (repremanded and transferred) করিয়া তবে ছাভিলেন। উচ্চপদত্ত ইংবাঞ্জুক তাঁহাকে বিশ্বেষের চক্ষে দেখিলেও জনসাধারণের নিকট তিনি যে কভথায়ি থ্যাতিলাভ করিয়াছিলেন, ভাহা তাঁহার গুণুম্ধ কোন অজ্ঞাতনামা গ্রামা কবির নিম্লিধিত প্রতীতে সুপ্রকাশ— "বুদ্ধে যেন বুহুম্পতি, বিচারেতে দাশর্থি.

ধর্মে যেন ধর্মের নন্ধন,
দীন প্রতি দয়া অতি, প্রজার কল্যাণে মতি,
নাম দেন শ্রীচন্তীচরণ।"

ন্ত্রী শিক্ষায় তাঁহার উৎসাহ অপরিসীম ছিল। তাঁহার তিনটী কল্পাকেই তিনি বিশ্ববিভালরে উচ্চ শিক্ষা দিয়াছিলেন। কামিনী রায়ের পরিচয় কোনও বদীয় পাঠককে দিতে হইবে না। যত দিন বদসাহিত্য থাকিবে, তত দিন কামিনী রায়ের কবিতাবলী তাহার উজ্জ্বল রড় রূপে বিরাজ করিবে। মুথের বিষয়, কলিকাতা বিশ্ববিভালয় বাল্লার এই শ্রেষ্ঠা মহিলা কবিকে সমাদর করিতে ক্রটী কয়েন নাই,—জগতারিণী পদক প্রদানে তাঁহার সম্মান রাথিয়াছেন। ইনি সম্মানের সহিত্ত বি-এ পরীক্ষায় উত্তীণা হন। ছিতীয়া কয়্সা যামিনী ডাজারী পরীক্ষায় ও তৃতীয়া প্রেমকুমুম বি-এ পরীক্ষায় কৃতকার্যাতা লাভ করেন।

১৮৮৩ খুটাবে তিনি প্রথম বাদলা রচনার মনোযোগী হইলেন। "পুত্র কর্ত্বক পিতার পরাজ্ঞরের" গৌরব তিনি লাভ করিয়াছিলেন। প্রথম প্রথম তাঁহার জ্যেষ্ঠা কল্পা তাঁহার রচনার ভাষা সংশোধন করিয়া দিভেন। তাহার প্রথম রচিত প্রবদ্ধতি ঐতিহাদিক,—নানা মাসিকে প্রকাশিত হইত। অতঃপর "জীবনগভি নির্ণর" নামক দার্শনিক পুত্তিকা রচনা করেন। উহা এখন তুলাপ্য। ইহার পর রামায়ণে উল্লিখিত কভকগুলি নায়ের অন্তরালে তৎকালীন ইংরাক শাসনাধীন বলের অবস্থা বৰ্ণনা করিরা "লহাকাণ্ড" নামে একথানি বিজাশাত্মক কাব্য রচনা করেন। ইহা থখন মুদ্রিত হয়, ख्यन त्रामाण्य एख महाभन्न वित्रभारमन मामिरहे**छै।** ভিনি চত্তীচরণের বাসায় মধ্যে মধ্যে আসিয়া চত্তীচরণের স্ত্রীর স্বহস্তকত মিষ্টারাদি পর্ম পরিতোব সহকারে আহার লক্ষাকাণ্ডে গ্রথমেণ্টকে বিজ্ঞাপ করা হইরাছিল। তিনি একদিন আসিয়া পরমের্শ দিলেন যে বইগুলি যেন প্রচার করা না হয়। উহাতে সাময়িক ঘটনাবলী অবলয়নে হাস্থোদীপক বিদ্রুপ ছিল মাত্র. विरम्ब वा विरम्राङ्खादवत्र किडूरे हिन ना,-- अ कातरन চঞীচরণ পুত্তকথানি নট করিতে সমত হন নাই। ছঃখের বিষয় উহা আর পাওয়া যায় না।

১৮৮৪ খৃষ্টাকে টম্কাকার কুটার আরম হইরা
১৮৮৫তে প্রকাশিক হয়। এই বৎসরই তিনি
দীর্ঘকালের অন্ত চুটী লইরা কলিকাতার আনেন ও
"কলিকাতা পাবলিক লাইত্রেরী" হইতে "ইট ইণ্ডিয়া
কোম্পানীয়" সমরকার কাগলপত্র ভাল করিয়া অধ্যয়ন
করিয়া "মহারাজ নক্ষত্নার" প্রকাশিত করেন। পরে
বধাক্রমে "দেওরান গলাগোবিন্দ সিংহ" (১৮৮৬),
"লবোধ্যার বেগম" ও "মৃত্যাব্রের বাধীনতা প্রদাতা"
(১৮৮৭), "ঝাজির রাণী" (১৮৮৮), ও শেব বর্ষে
"এই কি রামের অবোধ্যা" (১৮৯৫) প্রকাশিত হয়।
ইতিহাসের সহিত ধর্ম ও নীতি প্রচারই তাঁহার উদ্দেশ্ত
ছিল, কিন্তু পৃত্তকগুলি স্বক্রে আলোচনা করা আর
সম্ভবে না,—কারণ, দেশে শাক্তি ও শৃত্যলা রক্ষার্থ

মহারাঞ্চ সরকার বাহাত্র চণ্ডীচরণের পৃত্তকাবলি আজ বাজেরাপ্ত করিয়াছেন।

শমহারাজা নলকুমার" লেখার ফল তাঁহাকে হাতে হাতে পাইতে হইল। ছুটা হইতে কর্মে যোগ দিবার পর ১৮৮৬ খুটালের আগাই মানে তাঁহার পলোমতির পরিবর্তে তাঁহার নিমপদত্ব করেকজনকে প্রযোশন দেওরা হর। তিনি ইহাতে অযথা অপমানিত বোধ করিছা তৎক্ষপাৎ পদত্যাগের পত্র পাঠাইরা দেন। অবশেবে কিন্তু বন্ধুবাদ্ধবদের বিশেব অনুরোধে উহা প্রভ্যাহার করিয়াছিলেন।

ধারাবাহিকরপে তাঁহার জীবনের প্রত্যেক ঘটনা লেখা সম্ভব নহে। তিনি মূলেক ও সবলক রূপে যে সর্বাদ। নির্ভীকভাবে স্থায় ও সভ্যের পথে থাকিয়া বিচার করিভেন, ইহা দেকালে সর্বাহ্মবিদিভ ছিল।

১৯০০ খৃষ্টাবে পঞ্চাশ বংসর পূর্ণ হইলে ভিনি অবসর গ্রহণ করেন ও ১৯০৩ খৃষ্টাবে তাঁহার শেব উপস্থাস, টলইর অবলম্বনে "চল্লিণ বংসর" লেখেন।

ঐ বংসরই ভাহার তৃতীয়া কলা প্রেমকুস্থম অকালে ইংলোক পরিস্কাণ করেন। ১৯৬৬ খুটালে তাঁহার নবপরিণীত জোটপুত্র যতীক্রমোহনের জীবনলীলা শাদ হয়। এই ছুইটা আঘাত তিনি সন্থ করিতে পারিলেন না, ঐ বংসরই ১০ই জুন সন্ধার সমন্ত তিনি পরলোক গ্রম করেন।

তাহার চারি ককার মধ্যে সর্ব্ধকনিষ্ঠা শ্রীমতী চিন্মরী দেবী এবং চারি প্র,—কলিকাতা হাইকোটের বিখ্যাত ব্যারিষ্টার শ্রীযুক্ত নিশীপচন্দ্র সেন, পূর্ণিরার ব্যারিষ্টার শ্রীযুক্ত প্রভাতত্মার সেন, হাওড়া মিউনিনিপালিটীর চিফ্ এনজিনিয়ার শ্রীযুক্ত ললিকমোহন সেন ও ব্যবসায়ী শ্রীযুক্ত স্থীরকুমার সেন, বর্ত্তমান।



যার যেমন মন

প্রীধীরেন্দ্রলাল ধর বি-এ

বড়দিনের সন্ধার সম্মোহন সন্ত্রীক বেডাইয়া ফিরিভেছিল। ঠিক বেডাইয়া নয়. ফিরিতেছিল বায়োস্থোপ দেখিয়া। ভবে ফিরিবার পথে গাড়ীতে না করিয়া খানিকটা পথ হাঁটিয়া আদিতেছিল। স্ত্রীকে লইয়া অনেক দিন বাদে সে আৰু পথে বাহির হইয়াছে। পুলার সময় ভাহার। তো কলিকাতার ছিল না। ভাহার আবে সেই গত বছরের বড়দিনের কথা,--আজ লইয়া এক বছর হইরা গেছে। দীর্ঘ একটা বছরের অবিরাম কাজের মধ্যে ত্বার তো মাত্র মুক্তির নিখাস ফেলিবার অবসর সে পায়,-পুরুষ ও বডদিনে। পুরু তো व्यवात काणिशास वाश्टितहै.-- वक्रमित्न हेळा कविशाहे সে এথানে আছে,-এই বিরাট নগরীর আনন্দের অসীমতার মধ্যে নিজেকে সাময়িক ভাবে ডুবাইয়া রাথিবার অন্তই। বড়দিনের আনন্। নগরীর দিকে দিকে ভাগিতেছে প্রাণের সাড়া, খালোর উজ্জনতা, मार्काम, बारबारक्षाण, कार्गिकाम, अपनीमी-जावि लारमहे আকর্ষণ। নরনারী দ্ব ছুটিয়া চলিয়াছে আনন্দ আহরণ করিছে। শাদার ও কালোর মিলিয়া গেছে। সুশ্রী স্ববেশ সাহেব-মেমদের পিছনেই সমতালে পা ফেলিয়া চলিয়াছে শ্রামাশ বাঙালীর দল। চাহিয়া চাহিয়া कृतिका याहेटक इस वर्त्तभान छ्वतकात कथा। मटन इस ना-অর্থাভাবে অনাহারে এই কাতি মুম্র্, পঙ্গু হইতে বসিয়াছে। এই সব আনন্দলিপা, নরনারীর বাড়ীর সামনের বাজপথ দিয়া অনাহাবক্লিট ভিথারীর দল কাতর চীৎকারে গলা ফাটাইয়া ফাটাইয়া এক প্রসানা পাইয়া विक्न-भत्नात्रथ रहेमा हिन्या यात्र । देशात्रति अखिरवनी হয় তো চার-পাচটা পোষ্য লইয়া রিট্রেঞ্মেটে চাকরী হারাইরা কি করিবে ঠিক করিতে পারিতেছে না। চারি পাশের আনন্দ-কোলাহলের ফাকে অর্থব্যয়ের वरुत (मधित्म धात्रणा कता यात्र मा त्व, हेराता त्नहे

নির্ম্মভাবে নৃত্য করিয়া ফিরিভেছে। বছরের পর বছর ধরিয়া নদী ভাহার সহস্র উচ্ছাস লইয়া হু'পাশের ভটকে গ্রাদ করিবার জন্ত আগাইরা আদে,—গ্রাম হইতে গ্রামান্তরে ছটিয়া যায় প্লাবনের জল। একে একে ম্যালেরিয়া নির্জীব করিয়া তোলে গ্রামবাসীদের ৷ কলেরা ও বসন্তের মহামারী আর ঘূর্ণী ঝড় সর্ব্বগ্রাসী মহাকালের অট্টহাসি লইয়া ছুটিয়া চলে ইহাদেরি গুতের আশপাশ দিয়া। তথাপি নির্বিবাদী ইহারা ছুটিয়া চলিয়াছে। চোধে কাগিয়াছে আনন্দলোভীর উচ্ছান। পারিপার্ঘিকতার সম্বন্ধে হইয়া আছে আত্মসমাহিত। দেশের সঙ্গে ইহাদের কোন যোগপুত্র নাই। ইহার। যেন এ দেশের মানুষ্ট নয়। সে-ও তো আৰু আত্ৰবিশ্বত হইয়া ইহাদেরি একজন হট্যা পডিয়াছে।

ভাবিতে ভাবিতে সম্মোহন স্ত্রীর হাত ধরিয়া হগ্ মার্কেটে আসিয়া ঢুকিল। বড়দিনের যত ভীড় ক্রমিয়া উঠিয়াছে এই বাজাবটার মধ্যেই। অনেকে আসিয়াছে কিছু কিনিতে। খার যাহারা কিছুই কিনিতে আদে নাই, তাহারা আদিয়াছে ভীড় বাড়াইতে, দোকান-পসারীয় চাক্চিক্য দেখিতে, স্থলয়ী স্থবেশা তরুণীদের মুখের পানে ভাকাইতে। আঞ্জের এই চাকচিকা চোখের সামনে কেমন খেন যায়। ভাগার। অতি সাধারণ প্রতিদিনের দেখা জিনিবগুলিকে বিত্যুতের আলোর কুহকে আর চিনিবার উপার নাই,—ভবু সাক্ষাইবার কৌশলে অতি সাধারণ জিনিবও আজ আকর্ষণীয়। যাহা অন্ত জারগার দেখিয়া দেখিয়া পুরানো হইয়া গেছে, আজ এখানে তাহারই পানে ভাকাইয়া থাকিতে ইচ্ছা করে ৷ ইচ্ছা করে প্রভিটী আকর্ষণীয় বস্তুকে তুলিয়া লইয়া সিয়া নিজের গৃহে এমনি ভ্ৰমকালো করিয়াই সাজাইয়া রাখি। তাকাইয়া ভাকাইরা এই সাহেব জাভটার উপর হিংসা হর। জাভিরই প্রতিজু, বাহাদের চারি পাশ হিরিষা ক্রন্ত নটরাজ কোথাও এতটুকু অসামঞ্জত নাই, অবিস্থাস নাই। অপরিজ্বতা পার হইয়া ইহারা যেন অনেক উচ্চ তরে উঠিয়া গেছে। তথু আনন্দ আহরণ করিয়া লইতেই বেন ইহাদের জীবন। এই ছঃখ-দারিদ্যা-ক্লিট মর্জ্যের কোন দাবী নাই বৃথি এই সব রক্তাভ লোকগুলির উপর। এ বৃপের স্বর্গবাসী বলিলে ইহাদেরি বৃথিতে হয় বৃথি। ইহাদের সহিত তাহাদের তুলনা কোথার! মান্তব হইয়াও ইহারা বৃথি মান্তব নয়।

এই সব ভাবিতে ভাবিতে সংশাহন আসিয়া পড়িল কেক্-বিস্কৃট প্রভৃতির উলের মাঝে। টিনের স্থেতি কেক্ সালাইয়া রাখিয়া দোকানীয়া থদের ডাকিয়া ফিরিতেছে। সন্ত্রীক সংশাহনকে দেখিয়া পাশ হইতে একটা মুসলমান ছোকরা বলিয়া উঠিল—নেবেন্ না বাবু, ক্রীইমাস কেক্—টাটুকা তৈরী!

গৃহিণী থামিরা পড়িল। সংখাহনের পানে চাহিরা বলিল—কেনো না একথানা কেকু থোকার জঙ্গে।

গৃহিণীর কথা সংস্নাহনের মনে লাগিল—সভাই তো থোকার ক্ষপ্ত একথানি কেক্ কিনিয়া লইয়া গেলে মন্দ্ হন্ন । তাহাকে বায়োসোপে আনা হর নাই সেজ্জ অভিমান করিয়া থাকিবে হন্ন তো। আর ও-রক্ম প্রেমের বই তাহাকে না দেখাইয়া সে ভালই করিয়াছে। ভাহার ক্ষপ্ত একখানি কেক্ কিনিয়া লইয়া গেলে সে খুনী হইবে,—অভিমান করা ভাহার আর হইবে না।

সন্মোহন দাঁড়াইল । একথানি ক্রীট্মাদ্ কেকের দাম কানিল আট আনা। মণিব্যাগে প্চরো আট আনা পরসাই ছিল। তাহা দিয়া সন্মোহন কেক্ কিনিয়া ফেলিল।

কেক্ কিনিয়া বাঞ্চারের বাহিরে আসিরা একথানি ফিটন্ ভাড়া করিবে মনে করিরাছিল; কিন্তু গৃহিণী বিশিশ—এখনি গাড়ি-ভাড়া করীর দরকার কি,—
আরেকটু ঘুরলে মন্দ হর না।

স্ত্ৰীর কথার সন্মোহন হাসিল। থাঁচার পাথী একটু ছাড়া পাইরাই মৃক্তির আনন্দে আজ ছুটিরা বেড়াইতে চাহিতেছে। ছোট থাঁচার পরিধির মধ্যে বে পাথা সে পূর্ণোন্তমে প্রসারণ ও আলোড়ন করিতে পারে নাই, আজ সেই সীমার বাহিরে আসিরা, সেই বন্ধ পক্ষকে মেলিরা ধরিরা, নিজের সামর্থ্যকে সে ব্রিরা লইতে চার। সম্মেহন স্ত্রীর পানে চাহিল। লাল পাড়ীথানি ভাহাকে মানাইয়াছে বেশ। অগ্নিশিধার মত বিশ্বরাবহ ঔজ্জনের তাহাকে মহীরসী করিয়া তুলিয়াছে। বেন প্রভাতী মাটীর ভামলিমা ও আকালের নীলিমাকে রাডাইয়া দিয়া হর্য্যকিরণ আসিয়া পড়িতেছে—গৌরবময়, লোভনীয়। আজিকার মত উৎসবময় আলোকোজ্জন পথে এমনি এক হবেশ। তরুণীকে সলে লইয়া চলিলে গৌরব আছে। চারি পাশের রূপবৃভূকু চকু আসিয়া পড়িবে সহযানীয় উপর; অলকণের জন্স বহজন ঈর্বা করিবে তাহার পত্নিভাগ্যের।

ফিটন লওয়া আর হইল না। স্তীর হাত ধরিরাধীর মন্তর পদে সংখ্যাহন চৌরন্ধীর পথ ধরিল। স্ত্রীর হাত ধরিয়া পথ চলিতে ভাহার ভাল লাগিতেছিল,—ইচ্ছা করিতেছিল থানিকটা লক্ষাহীনের মত ঘুরিয়া বেড়ায়,— বাড়ী যাইবার কোন ভাড়া থাকিবে না। একটা ছেলে বে বসিয়া বসিয়া অভিমানে চোধ ফুলাইভেছে, ভাহা म ज्लिया गाँहरव, — ज्लिया गाँहरव क्लान अर्थ वांज़ी ফিরিছে হইবে। যডিভে কয়টা বাজিতেছে ভাহা দেখিবার প্রাঞ্জনীয়তা থাকিবে না। শুধু স্ত্রীকে আহেকটু কাছে টানিয়া, তার হাতথানি আরেকটু নিকটে আকর্ষণ করিয়া, পাশাপাশি নিকটতম হইয়া সে আগাইয়া যাইবে। मन्द्रश्र शांकित्व एकु निवृत्तां नानिमकता नथ । जुनाति উল্লেখ আবোর ছটা গায় মাথিয়া গম্যান নরনারী চলিতে থাকিবে ঘু' পাশ দিয়া, আর উপরে জাগিবে আকাশের চন্দ্রালোকিত বিবর্ণ নীলিমা। এই যে এভ আলো, এত আরোজন, ইছাকে দারা অন্তর দিরা লুটিয়া লইতে সেই বা পারিবে না কেন!

-একটা পর্যা বাবু!

ভাক ভনিয়া চিন্তাচ্যত হইয়া সংলাহন পালের ভিথারীটার পানে ভাল করিয়া চাহিয়া দেখিল: বয়স কম, এখনও বছর চৌদ্দ পার হয় নাই; কি হয় তো বয়স বাড়িয়া গেছে, অনাহারে অর্জাহারে দেহের বৃদ্ধি হয় নাই। মাধার চুলে ভেল না পড়িয়া পিলল হইয়া উঠিয়াছে, মূথে কত দিনের কালিঝুলির ছোপ যে লাগিয়া আছে, গায়ের রং চিনিবার উপার নাই। গায়ের ছেড়া আমাকাপড়গুলো সভিত্রকারের আমাকাপড় কোন দিন ছিল কি না সলেই আগায়। সন্মোহনকে থমকিয়া দাঁড়াইতে দেখিয়া ছেলেটী নাহস পাইল। কত লোকের সামনে গিয়া তো দে হাত পাতে,—জক্ষেপমাত্র করিরা সকলেই গন্তীরভাবে আগাইরা যায়,—এমন করিয়া তো তাকাইরা দেখে না কেহ। সাহস পাইয়া ছেলেটা সন্মোহনের পারের উপর মাথা ঠোকে,—তাহার জীর পারের ধ্লো লয়। তার পর হাতথানি সামনের দিকে আগাইয়া দিয়া বলিল—সকালদে ভূথা আহি মাই, একটা প্রদা মাইজী।

গৃহিণী বিত্রত হইরা উঠিল। সম্মোহন তাড়াতাড়ি পকেট হইতে মণিব্যাগটী বাহির করিয়া খুলিয়া তার মধ্যে হাত ভরিয়া দিল। কিছু পয়সা কই ? পয়সা তো নাই ! একটী আনাও না,—সব টাকা। কেক্ কিনিবার সময় ব্যাগে খুচয়া ষা ছিল, সবই তো দে বয় করিয়া ফেলিয়াছে, এ কথা তো তাহার মনে ছিল না। ভিপারীটীয় সামনে ব্যাগ খুলিয়াই তো দে মুয়িল বাধাইয়াছে,—এখন কিছু না দিলেই বা চলিবে কেন। স্ত্রীয় মুখের পানে চাহিয়া সম্মাহন জিজ্ঞাদা করিল—তোমার কাছে খুচরো পয়দা আছে ? না হলে এক-আনি ?

স্ত্ৰী মাথা নাড়িয়া জানাইল, নাই।

প্রত্যাশী ছেলেটা তথনও তাহাদের মুখের পানে চাহিয়া হাত পাতিয়া আছে,—ব্যাগ যথন বাবু থুলিয়াছেন, তথন কিছু না দিয়া ঘাইবেন না। সমোহনও ব্ঝিল ব্যাগ খুলিয়া দে অক্সায় করিয়াছে,--আর সকলের মত দেও তো পাশ কাটাইতে পারিত। কিন্তু তাই বলিয়া ভাৰাকে সে একটা টাকা দিয়া ফেলিবে, ভাই বা কেমন করিয়া হয়। ভাহার মত দেডশো টাকা মাইনের কেরাণী এতটা উদারতা পাইবে কোথা হইতে। দিমের পর দিন ধরিয়া পরের দাস্থতে নাম লিখিয়া প্রতিদিন যাহারা নিজেকে হের হইতে হেরতর প্রতিপর করিতেছে, তাহাদের স্কুচিত বুক সামায় একটা নির্ম্ন ভিক্ককে দেখিয়া ক্ষীত হইতে পারে না। তাহার পকেটে খুচরো यथन किछूरे नारे, ७थन रम मिटव ना, मिवांत्र वांधावांधकछा তো কিছুই নাই এই ভিথারীর সলে। আর সকাল হইতে অনাহারে আছি বলিলেই যে বিশাস করিতে হইবে, এ-ই বা কি কথা। শীতটা আৰু একটু বেশী পভিষাছে,--শালা কি ভাড়ির পদসা হু' একটা হয় ভো

কম পড়ির। গেছে। তা জোগাড় করিরা লইতে হইবে।

এমনি পরসা দাও বলিলেই তো কেউ জার পরসা দিবে

না। তাই ওই কথাটী তাহারা মুখস্থ করিরা রাখিরাছে।

যথন তথনই তু'দিন খাই নাই বলিরা হাত পাতিরা

বিদিল। সবটাই মিখ্যা। ইহাদের এই মিখ্যার চাপে,

সতিয়কারের অনাহারীদের ভিকা মেলে না। ইহাকে

দে প্রশ্র দিবে না।

সম্মেহন পাশ কাটাইল।

পথের ধারেই একটা ফিটন দাঁড়াইরা ছিল। কোচম্যান ডাকিয়া জিক্সাসা করিল---গাড়ী হবে বাবু---গাড়ী ?

হাা, গাড়ী একধানি ভাড়া করিয়া তাহাতে চালিয়া বদাই তাহার পক্ষে এখন ভাল, না হইলে এই ছোকরা ভিধারীর হাত হইতে উদ্ধার পাওয়া তাহার পক্ষে মৃদ্ধিল হইবে। জোঁকের মত আধ মাইল পথ ইহারা পায় ধরিয়া, জামা টানিয়া বিএত করিয়া তুলিবে। সে একা থাকিলে কিছু আসিয়া যাইত না, কিছু সক্ষে স্ত্রীথাকিয়াই তো থারাপ করিয়াছে। একেই তো বহুদিনের অনভ্যাসে এত লোকের চোথের সামনে দিয়া ভাল করিয়া চলিতেই পারে না। তার উপর এই ছেলেটা টিপ্ তিপ্ করিয়া পা'য় মাধা খুঁড়িতে স্কু করিলে চলা মৃদ্ধিল হইবে। সম্মেহন গাড়ীর সামনে আগাইয়া আসিয়া কহিল—চোরবাগান যাব, কত নেবে ?

কোচম্যান বলিল—স্থাপনিই বনুন না বাবু, কভ দেবেন।

সংখাহন তাহার উত্তর দিবার আগেই ভিপারী ছেলেটা আগাইরা আসিরা তাহার পার বার বার মাথা ঠুকিতে ত্রুক করিয়া দিল। বিত্রতভাবে সংখাহন পা টানিয়া লইতে, করুণ দৃষ্টিতে তাহার মুখের পানে চাহিয়া ছেলেটা হাত পাতিল—আল সকাল্সে ভূথা আছি বাব্দী!

ভাহার ম্থের পানে চাহিয়া বিত্রত সম্বোহন কি
করিবে ভাবিয়া পাইল না। অসহায় দৃষ্টিতে সে পত্নীর
ম্থের পানে চাহিল। স্ত্রীর হাতে কাগজে মোড়া ক্রীষ্টমান্
কেক্থানার উপর নজর পড়িতেই সহসা একটা কথা
ভাহার মনে কাগিল। স্ত্রীর হাত হইতে কেক্টী লইবার
জল্প হাত বাড়াইয়া সম্বোহন বলিল—কেকটা লাভ ভো,

ওরই খানিকটা কেটে দি। ছেলেটা বধন বলছে সকাল থেকে কিছু ধার নি, দাও । ছুরী আমার পকেটে আছে —বলিয়া ছুরী বাহির কবিবার জন্ত সম্মোহন সভ্যিই পকেটের মধ্যে হাত ভরিষা দিল।

খানীর ভাব দেখিরা খ্রী বিরক্ত হইল, বলিল—কি বে বল তার ঠিক নেই। পথে কে একটা ভিধিরী হাত পেতে এনে দাঁড়ালো বলেই ভাকে এই কেক্টা দিয়ে দিতে হবে! সকাল এথকে খার নি ভো এমনি তোমার প্রত্যাশার তকিরে আছে। চলো গাড়ীতে উঠে বসিগে,— ডকে খাওয়াবো বলেই যেন আমি এই কেকখানা কিনেচি।

ভিশারী ছেলেটার উপর একবার কঠোর দৃষ্টিতে ভাকাইরা গৃহিণী সামনের ফিটনটাতে উঠিরা পড়িল। গৃহিণীর সে দৃষ্টিতে ছেলেটা ব্যথিত হইল, চূপ করিয়া দাড়াইরা রহিল কতক্ষণ। সম্মোহন তথন গৃহিণীর পিছনে পিছনে পাড়ীতে উঠিরা বসিরাছে। ছেলেটা আগাইরা আসিরা আবার পরসা চাহিত হয় ভো; কিছ কোচম্যান ভাহাকে এক ধমক দিরা চাবুকটা হাতে ভূলিরা কইল। অনিবার্য্য চাবুক ধাইবার ভয়ে ছেলেটা একটু ভফাভে সরিয়া গিয়া করুণ দৃষ্টিতে তাকাইরা রহিল ভর্ম। কোচম্যান তথন ঘোড়ার রাশ টানিয়া গাড়ী ছাড়িয়া দিরাছে। গাড়ী চলিতে অ্কু করিলে কোচম্যান বলিল—চোদ্ম আনা দিতে হবে বাবু!

সংখাহন সে কথার কোন অবাব দিল না।
ছেলেটার প্রত্যাশিত দৃষ্টি তথন তাহার চোথের সামনে
আগিতেছিল। সামান্ত একটা পরসা সে তাহাকে দিতে
পারিল না,—কেকের আধ্যানা কাটিয়া দিলেই বা
কি এমন কতি হইত। অবচ এই ছেলেটাকে ফাকি
দিতে গিরা তাড়াতাড়িতে ভাড়া ঠিক করিয়া না
ওঠার জন্ত আটি আনার হলে তাহাকে চোক আনা
দিতে হইবে, তাহাতে কতি হইবে না। এক টাকা
ছ' আনার টিকিটে তাহারা বায়োরোপে দেখিবে,
বহদিনের আনন্দ শৃঠিতে মৃক্ত হতে ত্'হাতে বায়
করিয়া বাইবে। ভাহাদের পরসা লুঠিয়া অভিনেভারা
মদ বাইবে, কিলাইারেয়া চুবনের মধ্যে রোম্যান্স প্ অবে,
হাসিবার সমর গালে টোল থাইলে ইন্সিওর করিয়া

द्रावित, नार्काम ও कार्गिकात्मव हावि भार्म नान नीन সবুজ আলোর ঝর্ণা বহিবে, নতুন নতুন আদেশী প্রদর্শনী খুলিবে, নব নব টকী হাউলে সহর ছাইয়া বাইবে, এম-সি-সির অন্ত খেলার মাঠে গ্যালারী সাজানো হইবে. কিছ অনাহারীর মূখে অর উঠিবে না, অর চাহিলে চাবুক লাফাইরা উঠিবে ভাষার মুখের উপর, মহানদীর প্লাবনের দিকে কেড ফিরিয়া দেখিবে না. মালেরিয়ার প্রতিকারের বাবজা হটবে না কোন দিনই। সহরের দিগন্ত অনকাইয়া বিভ্লালী মৃষ্টিমেরকে লইয়া অর্থ ও আনন্দের জয়জয়কার উঠিবে। কত পরিবারকে গৃহহীন कतिया मित्रा ध्यमच त्राक्र तथ वाहित हहेश वाहित । जहरत्रत শোভা বাড়াইবার জ্বন্ধ দরিত্রের থোলার ঘর, টিনের ঘর ভাঙিয়া দিতে হইবে। পথের উপর দাঁড়াইয়া একজন ফেরিওয়ালাকে ফেরি করিয়া জীবিকা উপার্জনের সুযোগ দেওয়া হইবে না। একটা গৃহহীন ভিখারীকে শুইতে দেওয়া হইবে না ফুটপাডের গাড়ী-বাধানার নীচে। অধু পিচের পালিশ রাখা হইবে নিঃশব্দে মোটর ঘাইবার জন্ত। চওড়া ফুটপাত রাথা হইবে পথের মানানসই করিয়া। তবেই বোঝা যাইবে সভ্যতা ক্রম-বিকাশ লাভ করিভেছে। তবেই জানা বাইবে বিংশ শতালীর সলে সমভালে পা ফেলিয়া আমরাও চলিয়াছি। অর্থকে লইরা বণিক ও সভ্যতা জাগিয়া থাকিবে। শীভের হিম্ক্রিট নিরছ ভিপারী ফুটপাতে মরিয়া পড়িয়া থাকিলে কেচ জক্ষেপ করিবে না। শতাকী সভ্যতার প্রগতি তথাপি দপ্তভাবে আগাইরা চলিবে, —থামিবে না, পিছনের পানে ভাকাইবে না. কি ছিলাম সে আদুৰ্শ মানিবে না।

ইভিমধ্যে ফিটন কথন চোরবাগানের পথে আসিয়া পড়িরাছে। কোচম্যান সম্মোহনকে ডাকিয়া ভিজাদা করিল—কন্ত নম্ব বাড়ী বাবু? কোন দিকে বাব ?

मत्यांरन १४ निटर्फण कतियां पिन।

বাড়ী পৌছিয়া সংখাহন দেখিল, যাহা সে ভাবিয়া য়াথিয়াছে ভাহা মিথ্যা হয় নাই। তাহাদের দেখিয়াই থোকা গঞ্জীয় হইয়া গিয়া টেবিলের উপয়ড়ার কি একথানা বইরের পাতা উণ্টাইয়া যাইভেছে। বাবা ও মারের বাড়ী আসার মধ্যে বেন কোন বিশার নাই এমনি নির্ণিপ্ত ভাহার ভাব। সন্মোহন মিষ্টি কথা বলিলে ভাহার চোধের কোলে জল জমিবে। ভার পর আভে আতে মুধ্যে ফুটিরা উঠিবে হাসি।

গৃহিণীও বৃন্ধিয়াছিল। সেই প্রথমে থোকাকে ডাকিয়া বলিল—থোকা, ভোমার জন্তে কি এনেছি, দেখ।

দেখিবার আগ্রহ যে খোকার না হইল তা নর। তথাপি নিরুত্তর হইরা পুর্কের মতই সে চুপ করিয়া বসিরা রহিল, মুখটা পর্যান্ত এদিকে ফিরাইল না।

এবার সম্মোহন কাছে গিরা সম্মেহে পুত্তের মুখখানি তৃলিরা ধরিরা বলিল---- মামাদের ওপর রাগ করেছ, থোকাবাব্?

মুখ তুলিয়া ধরিতে দেখা গেল থোকার তুচোথ ছলছল করিতেছে,—এথনি পক্ষ ছাপাইয়া জল গড়াইয়া পড়িবে হয় তো। দখোহন থোকাকে কোলের কাছে টানিয়া লইয়া বলিল—তুমি তো তথন বাড়ীছিলে না খোকাবাব, তাই তো তোমায় নিয়ে য়াওয়া হোল না। তোমায় এবায় একদিন সার্কাস দেখিয়ে নিয়ে য়াসবো'ধন।

এদিকে খোকার সামনে টেবিলের উপর ক্রীষ্টমাস কেকথানি রাখিয়া দিয়া মা বলিল—দেখ খোকা, তোর জতে কি এনেছি, খাবিলে ?

খোকার ঠোঁট তু'খানি এবার অভিমানে কাঁপিয়া কাঁপিয়া উঠিল, কেক্খানির প্রতি একবার লোল্প দৃষ্টিতে তাকাইয়া, খোকা অভিমান-কম্পিত অঞ্চল্প বরে বলিল —না, আমি খাব না, সার্কাসে আমি কন্সনো যাব না!

মা আদর করিয়া কেক্থানি থোকার হাতে ত্লিরা দিতে গেল, থোকা ধরিল না, মাধের মৃথের পানে একবার চাহিরা,—না আমি থাবো না, কথ্খনো থাব না, বলিয়া কাঁদিয়া ফেলিল।

সংস্থাহন খোকাকে বুকের কাছে টানিয়া লইয়া চোধ
মৃহাইয়া দিরা বলিল—ছি, খোকাবাব, তথু তথু রাগ করে
কাদতে আছে! তোমার কাল আমি সার্কাদে নিয়ে
য়াবো'ধন, বলিয়া কেক্থানি স্ত্রীর হাত হইতে লইয়া গৃহিণীর
উপর ছল্ম রাগ দেখাইয়া বলিল—তোমার যেন কি! কেক্খানা কেটে দিতে হয়, খোকা কি এমনি থাবে না কি!

সম্মোহন পকেট হইতে পেলিল-কাটা ছুরী বাহির করিয়া ক্ষমালে বার ছ্রেক মৃছিয়া লইয়া কেব্ কাটিতে হৃদ্ধ করিয়া দিল। কেব্ কাটা দেখিতে দেখিতে খোকার চোথের জল কথন শুকাইয়া গেল। প্রথম কাটা টুকরাটা খোকার হাতে তুলিয়া দিভেই লে খাইতে আরম্ভ করিয়া দিল, পিভাষাভার মৃথেও হাসি ফুটিল।

সে রাত্রি কেক থাইরাই থোকার পেট ভরিরা গেল,
ভার কিছুই সে থাইল না। কিছ এই কেক্ থাওরা
লইরাই বিপত্তি ঘটিল মধ্যরাত্রে। থোকা সহসা ঘুমস্ত
মাকে ভাকিরা তুলিরা বলিল—মা, বমি করবো, পেটটা
ভরানক ব্যথা করছে।

মা উঠিল, থোকাকে লইরা বাহিরে আসিল, থোকা বমি করিতে বসিল।

বমি আর থামিতে চার না। মা ভর পাইরা গেল। আমীর বরের লরজার ধাকা দিরা আমীকে উঠাইল। সম্মোহন বাহির হইরা সব দেখিরা শুনিরা ভর পাইরা গেল। তথাপি মৃথে সাহদ দেখাইরা বলিল—ও কিছে না, এখনি বন্ধ হয়ে বাবে। আমার কাছে ওয়্ধ আছে, এক ফোটাতেই কাজ হবে—বলিরা বরের মধ্যে গিরা হোমিওপ্যাথিক ওয়্ধের বাক্দ খুলিরা প্যালসেটিলার লিশি খুঁ জিরা লইরা কাচের মাসে জল ঢালিরা ডোজা ঠিক করিরা লইল। তার পর মাসে এক ফোটা ওয়্ধ ঢালিরা মাসের মৃথে একটা চাপা দিরা গৃহিনীর উদ্দেশে বলিল—বমি থামলেই এটা ধাইরে দিও, আর কিছু হবে না।

বমি থামিলে খোকাকে ওবুধ খাওরাইরা দেওরা হইল। সম্মেহন চুপ করিরা দেখিতে লাগিল ওবুধের ফলাকল। তাহার মনে তথন ভর জাগিরাছে। খোকার সভ্যই কলেরা হইল না তো! যদি কলেরাই হইরা থাকে, কোন্ ডাজারকে তাহা হইলে ডাকিবে? হোমিওপাথা করিবে না এলোপাথী? ভালাইন্ ইজেক্জনে তবু বাঁচিবার সম্ভাবনা আছে—এলোপাথীই সে করিবে। এসিরাটিক কলেরার চরিবল ঘণ্টাতেই সব শেষ হইরা বার বলিরাই তো সে শুনিরাছে। বদি এসিরাটিক কলেরাই হইরা থাকে! এখুনি জাবার বদি

বমি আরম্ভ হয়, তাহা হইলে এখুনি ডাক্তারকে ডাকিয়া আনিতে হইবে। অবিদৰে দকল পূর্ব ব্যবহা করিতে হইবে। ডাক্তারবাব্র হাতে ধরিয়া সে বলিবে পোকাকে বাঁচাইয়া দিতে। তাহার একটা মাত্র পুত্র, তাহার জন্ম বত বায় হউক সে কৃষ্টিত হইবে না, পোকাকে ভাহার বাঁচাইতেই হইবে।

ইভোমধ্যে থোকার আবার বমি আরম্ভ হইল। ওযুধ পেটে তলাইল না দেখিয়া সম্বোহন বাহির হইয়া পড়িল ডাঞ্চার ডাকিতে। খোকার ভাষা হইলে সভাই करनता इहेन। 'धरे क्किशानि थाहेबाहे और अनर्व বাধিল। যে ছেলেটা খাছের অভাবে হাত পাতিল তাহাকে কেক্থানি দিয়া দিলেই তো হইত ৷ তাহার কুধার্ত দৃষ্টির সামনে হইতে কেক্থানি কাড়িয়া দইয়া আসিরা সে অক্তার করিয়াছে। প্রকৃত কুধার্ত্তকে সে করিয়াছে বঞ্চিত। ভাহার শান্তি ভাহাকে পাইতেই হটবে। ভগবান ভাহার উপর বিরূপ হটরাছেন। খাবারের লোভে ভিপারী ছেলেটার চোপে কি বিষয়ভাই খনাইয়া छेठिशाहिन। दकन दम मिन ना दक्क्थानि हालगैरक थारेटा छिथातीत क्थार्ड छेन्द्र याह। रूक्य रहेछ, প্রাচুর্ব্যের মধ্যে পালিভ তাহার পুজের তাহা হইবে কেন। ভাষা হইলে ভো ছেলেটা কলের। হইতে বাঁচিয়া যাইত। আর ভিথারা ছেলেটার হইল্ট বা কলেরা, ভাহাতে ভাহার ভো কিছু ক্তি-বৃদ্ধি হইত না। নিজের স্বার্থের দিকটা বভ করিয়া দেখিতে গিয়া যে অনর্থ সে টানিয়া আনিয়াছে, তাহার কল তাহাকে সহিতেই हहेरत । रथाकारक स्म हाजाहरत निक्त वहे । आज मन्नाव জিখারীটার উপর বে নির্ম্মতার পরিচয় সে দিয়াছে. ভগবানও ভাহার প্রতি সেই নির্মতার ইণিতই ভো দিয়াছেন। ভাঁহার বস্ত্রকে বৃক্ত পাতিয়া লইবার অভ **এখন হইতেই ভাহাকে শক্তি मक्षत्र করিতে** হইবে। ধোকাকে সে হারাইবেই।

সংখ্যাহন ভাজারবাব্র বাড়ীর দরজায় আসিয়া কড়া নাড়িয়া ডাকিস—ডাজারবাবু, ডাজারবাবু !

প্রথমে কোন উত্তরই পাওরা গেল না। কতকণ ভাকাডাকির পর ভিতর হইতে ডাক্ডারবাব্র তন্ত্রাকড়িত ব্যর ভাসিরা আসিল—কে ? —আমি সম্মোহন, একবার এদিকে আত্মন দিকি।
ডাক্তারবাবু আলোয়ান গায়ে জড়াইয়া জানালার ধারে
আসিয়া দাঁড়াইলেন, জিজ্ঞাসা করিলেন—কি হয়েছে ?

 — খোকার কলেরার মত হয়েছে, এখুনি আপনাকে একবার খেতে হবে।

— আচ্ছা দাঁড়ান যাচিছ, — বলিয়া ডাক্তারবাবু সরিয়া গেলেন। মিনিট পাঁচেকের মধ্যে পোযাক পরিছেদ করিয়া ডাক্তারী ব্যাগ লইয়া তিনি বাহির হইয়া আসিলেন। তাহাকে লইয়া সম্মোহন অন্তাসর হইল।

প্রথমে ভাজারবাব্ই প্রশ্ন করিলেন--ক্তক্ষণ থেকে মুক্ত হয়েছে ?

— এই মিনিট পনেরো হবে। ত্'বার উপরি-উপরি
বমি করেছে দেখে এসেছি, একডোজ্ 'প্যালসেটিলা'
দিরেছিলুম, পেটে তলারনি। আমার মনে হর এসিরাটিক
কলেরা হরেছে।

ভাক্তায়বাবু হাসিলেন, বলিলেন—এত ভাড়াভাড়ি আপনার মনে হলে ভো চলবে না। চলুন, আগে গিয়ে দেখে আসিগে। মাত্র ছ'বার বমি করেছে, এতেই আপনি এসিয়াটিক কলেরা বললেন,—হর ভো কিছুই হয় নি। না দেখে ভো কিছু বলা যায় না। বিকালে কিছু বাক্তারের থাবার-টাবার খেরেছিল বলে জানেন ?

— শান্ত একথানা ক্রীষ্টমাস্ কেক্ থেয়েছিল— শামিই কিনে এনেছিলুম। এমন জানলে-----

কথা বলিতে সম্মোহনের শ্বর কাঁপিতেছিল। ডাক্টার-বাবু তাহার কাঁধে একথানি হাত রাধিয়া বলিলেন— এত নার্ভাস হচ্ছেন কেন? অসুধটা কি স্মাগে দেখি, ভবে তো!

সংস্থাহন কিন্তু বৃক্তে বল পাইল না। তাহার মনে জাগিতেছিল ভিখারী ছেলেটার বিষয় দৃষ্টি,—সে তাহাকে জাভিসম্পাত দিতেছে। কেক্থানা তাহাকে দিয়া দিলেই তো হইত,—তাহার এই অভিসম্পাত হইতে সে বাঁচিয়া বাইত। কেন সে তাহা দিল না ? ছেলেটাকে সেই জন্ত তো পে আজু হারাইতে বসিয়াছে।

ভাক্তারবাবুকে সক্তে শইরা সম্মোহন বাড়ীর ভিতরে চুকিল।

ডাক্তারবাব্ দেখিলেন। খোকা তথন ছ'বার বমি

করিয়া পরিপ্রান্ত হইয়া তজ্রাছয়ে হইয়া পড়িয়াছে।
ভাল করিয়া খোকাকে পরীক্ষা করিয়া ভিনি বলিলেন—
কোন ভয় নেই,—আপনারা যা ভয় কয়ছিলেন তা নয়।
অভিরিক্ত খাওয়ার অস্তে ত্'বার বমি হয়ে গেছে মাত্র।
এই একটা ওয়্ধ লিখে দিছি, নিয়ে এসে খাইয়ে দিন,
এয়্নি ঘুমিয়ে পড়বে'ধন।

সংখাহন যেন প্রাণ ফিরিয়া পাইল।
ডাক্ডারবাবুকে বিদায় দিয়া তথুনি সে ছুটিল ওয়্ধ
াইয়া আংসিতে।

পথ চলিতে চলিতে দে কেমন যেন অভ্তপুর্ব আননদ পাইভেছিল। একটু আগেই যে আভিছে তাহার নিখাস কর্ম হইরা আদিতেছিল, আদর ভূমিকস্পের যে আশকার সে সক্ষচিত হইরা উঠিতেছিল, ভাহা হইতে দে মুক্তি পাইল। বৃক্ক ভরিরা দে নিখাদ লইল। ভাহার ইচ্ছা করিতে লাগিল রাত্রির শুরু নির্জ্ঞান রাজপথে প্রাণ ভরিরা দে একবার ছুটিয়া লয়। ভাহার পুত্রের বিপদ কাটিয়া গেছে। আজ সে আনন্দ পাইয়াছে, পাইয়াছে ভগবানের আশার্কাদ। থোকা বাঁচিয়া যাইবে,—ওস্ধ লইয়া গিয়া থাওয়াইয়া দিবার অপেকা শুরু। সম্মোহনের মাথাটা যেন আগের চেয়ে হালা বলিয়া মনে হইতে লাগিল। আকঠ ভরিয়া দে অভির নিখাদ লইল। বাভাদ ভো নয়, যেন অমত পান করিতেছে।

ভিস্পেন্সারা বেশী দ্রে নয়। কম্পাউপ্তার ঘুমাইয়া
পড়িয়াছিল। সম্মোহন তাহাকে তাকিয়া তুলিয়া
প্রেস্কুপ্শানধানি তাহার হাতে দিল। তার পর ওয়্ধ
তৈরী করিতে দেরী হইতেছে মনে করিয়া, দশ মিনিটের
মধ্যেই তিনবার তাগিদ দিয়া অস্থির করিয়া তুলিল—
কই, দিন্ তাড়াভাডি, চুলছেন ব্ঝি ?

কম্পাউণ্ডার বোঝে,—ভাড়াতাড়ি ওযুধ তৈরী করিয়া দের। ওযুধের শিশি হাতে লইরা সম্মোহনের আনন্দ হয়। শক্তি-শেলাহত লক্ষণের জন্ম মৃতসঞ্জীবনা হাতে পাইরা রামচন্দ্রের এত আনন্দ হইরাছিল কি না কে জানে।

পরসা চুকাইরা দিরা সম্মোহন বাড়ীর পথে অগ্রসর ইল। থোকা ভাহা হইলে এ যাত্রা বাঁচিয়া গেল। ডাক্তারবাবু বলিরাছেন ওযুগ লইরা গিরা থাওরাইরা দিলেই সে ঘুমাইরা পড়িবে। ওযুগ লইরা গিরা

পাওয়াইয়া দিতে ভাহার আর কভক্ষণই বা লাগিবে। কিছ সভাই খুমাইয়া পড়িবে ভো! না. ডাজারবার ভোকবাকা বলিয়া গেলেন কিছুই হয় নাই, বাড়ী গিয়াই সে দেখিবে খোকা অবিরাম বসি করিভেছে। ওযুধ থাওয়ানই তথন চলিবে না। থাওয়াইলেও ফল কিছুই পাওয়া বাইবে না,--ওব্ধ তথন পেটে আর তলাইবে না। তখন আবার তাহাকে ডান্ডার ডাকিতে হইবে। ডাক্তারবার কিছু না করিতে পারিলে আরো বড় ডাক্তার ডাকিতে হইবে। কলেরা কেন। অবসর তো মাত্র করেক ঘণ্টা, তাহার মধ্যেই প্রতিকার করিতে হইবে অত্যম্ভ ক্ষিপ্রভাবে। ডাক্তারের মুখের পানে তাকাইয়া নতুন নতুন ওয়ুধের জ্ঞ ছুটাছুটী করিয়াই এ রাত্রি তাহার কাটিয়া ঘাইবে। ভার পর কি হইবে 🗢 জানে। এসিয়াটিক কলেরা তো প্রথমেই ভীষণ হইয়া আত্মপ্রকাশ করে না. প্রথমে এমনি চু-একবার বমি হইরাই তেগ স্থক হয়।

সম্মোহনের বুক কাঁপিতে লাগিল,—একরকম ছুটিয়াই সে বাড়ী আদিরা পড়িল। গৃহিণী ভাহারই অপেকা করিতেছিল, ভাহার হাতে ওষ্ধের শিশিটা দিয়া সম্মোহন জিজাদা করিল—আর বমি হয় নি ভো?

—না, তবে কেমন যেন ঝিমিয়ে পড়েছে,—বলিয়া
গৃহিণী থোকাকে ওয়্ধ খাওয়াইতে গেল, সম্মোহনও
চলিল তাহার পিছনে পিছনে।

খোকাকে ভাকিয়া ওম্ধ থাওরাইরা দেওরা হইল। ছ'বার বমি করিয়া সে অত্যন্ত প্রান্ত হইয়া তন্ত্রাক্তর হইয়া পড়িরাছিল। ওম্ধ থাইরা সে ক্লান্তিতে আবার চকু মুদিল। সম্মোহনের ভয় হইল, ছ'একবার বমি করিয়াই ভো কতলোক মারা যায়, ভাক্তার ভাকিবার অবসর পর্যন্ত থাকে না, থোকার তেমন বিছু হইবে না ভো!

জুতা খুলিবার কথা সমোহনের মনে রহিল না।
একথানি চেরার টানিয়া লইয়া সে থোকার সামনে
বিসিয়া পড়িল। মৃত্যুকে সে আন্ধ আগুলিয়া রাখিবে,—
খোকার মুখের পানে চাহিয়া চাহিয়া সে জাগিয়া বিসিয়া
খাকিবে। সামান্ত একটা ছুর্লকণ দেখা দিবামাত্র সে
ভংকণাং একজন ভাল ডাক্তারকে ডাকিয়া আনিবে,—
মৃত্যুকে সে কাঁকি দিতে দিবে না। কি ভাবিয়া কি

করিতে গিরা, ভাহার ভাগ্যে আদ্ধ কি হইল । ক্রীইমাস কেক্ আনিরা আদর করিয়া থোকাকে থাওরাইয়া সে কি অন্তারই করিয়াছে। বাজারের খাবার কিনিরা না আনাই তাহার উচিত ছিল। আর কিনিরাই বথন কেলিরাছিল ভিথারী ছেলেটাকে দিয়া দিলেই তো স্ব চুকিয়া বাইত। ভিথারী সে, অনাহারে তো মরিতেই বিসিয়াছে,—না হর একদিন ভাল করিয়৷ থাইয়াই মরিত। ভিথারী ছেলের মৃত্যুতে জগতে এমন কিছুই ভো কতিবৃদ্ধি হইত না! দেশের ও দশের কোন উপকারই তো সে করিতে পারিবে না! কিন্তু ভাহার পুত্র বাঁচিয়া থাকিলে একদিন একট। বড় কিছু হইবে।—স্পিক্ষা পাইবে, গৌরব লাভ করিবে, বরণীর হইবে। থোকার বাচিরা থাকার প্রয়োজন আছে। কেক্থানা ভিথারী ভেলেটাকে দিয়া দিলেই তো হইত!

ঘুমন্ত খোকার মুখের পানে চাহিরা থাকিয়া থাকিয়া সংশোহন কথন ঘুমাইয়া পড়িল। ঘুম বথন ভাঙিল তথন শেষরাতির কন্কনে ঠাঙা হাওয়া ভাহাকে কাপাইয়া তুলিয়াছে। ঘুমন্ত খোকা ও পত্নীর পানে একবার ভাকাইয়া চেয়ার হইতে উঠিয়া সে নিজের ঘরে শুইতে চলিয়া গেল।

আকাশের পূর্ব্ব দিকটায় তথন সবেমাত্র একটা বিবর্ণ শুক্রতা জাগিয়াছে।

কালবোশেখীর স্মৃতি

[বীরভদ্র]

জুড়ে নভ-ঠাই ছোটে শাই শাই কালবোশেণীর কালল মেঘ, প্রভশ্বনের ব্যঞ্জনা ঘোর, গুঞ্জন অভি ভীষণ বেগ।

> চলে ঝটিকার ভাগুব নাচ, হাউইএর মত গুড়ে দোলে গাছ,

ধূলি বালুকার ধ্যায়িত সাজ পরি' ধরণীর রুজরুপ ; অশনির ধ্বনি ওঠে ওধু রণি, মেঘ্যাঝে জ্বলে আরি-ধূপ।

> বাজে বঞ্জের দক্ষাল রব, দামামার ভেরী ভবে দিক সব.

শুক শুক ভাক মহা বৈভব তোলে মন্ত্রের শিহর তান ;
ছোটে ঝঞ্চার ঝন্ ঝন্ রেশ,—বধির করিছে সবার কান।
চঞ্চিকার অঞ্চর্থানি সঞ্জ্যণিছে আকাশ গায়,
বিজ্ঞান আলো বিভাৎবেগে বক্ষাভিতে বিমানে ধার।

রুক্ত এ ক্রিরা বড় ভাল লাগে রক্তের দোণ **অভ**রে লাগে.

দামিনীর থেলা দরশের ভাগে নির্ঘোবে দরা কি বেন বাণী, কালবৈশাখী বাধি এস রাধি,—বন্দনা করি ঝড়ের রাণী॥ ভারপত্রে নামে দ্বিণে ও বামে শিলাবৃষ্টির শীতল ধার, ঝড় বাদলের মল্লার রব গুমরিরা ওঠে স্মদ্র পার।

কুয়াশার মত ঘন আবরণ

ঝরে ঝর্ ঝর্ নয়ন শোভন,

আকাশ ও পৃথিবী প্রণরে মগন, বিজ্ঞলী তাদের প্রেমোচ্ছান; অভিসারী বায়ু কেঁদে কেঁদে ফেরে মিটে নাচে তার ব্যাকুল আশ।

> বাতারনে বসে হেরিভাম বেশ বাদল প্রিয়ার আালু থালু কেশ,

মেছ্রিত হত বাথি-বনদেশ, কেরা-কেতকী-কদম চূড়, তোমাদের কানে জানিনা কেমনে পশিত ভীতির মক্রত্মর। গুরু গুরু ধ্বনি উঠিত যেমনি দামিনী যথন চিরিত বুক, ভীতা-হ্রিণীর মত পাশে এসে বারেক শিহরি লুকাতে মুধ।

> ভখনো পড়িছে ছোট বড় শিলা, ভখনো চমকে বিহাৎ-লীলা,

ক্ষণিকের আলো দ্র করি দিলা মোদের মাঝের তিমির ঠাই, কাছে টেনে এনে চুখন দিছ,—মনে কিছু তার পড়িছে ভাই? হয়ত ভূলেছ হৃদর পুরেছ বিশারণেরি নিঠুর বার, চলে যাবে, এফু সেইক্ষণে পেছু তোমাদের মৃক ঘুণাটি হার।

ভূলে যদি থাক নাহি কোন হুথ, ভূলেতেই জাগে শত নব সুথ,

ধরণীতে আছে বঙ ভূলচুক্ ভারই জের শুধু টানিছে সব, ভোর হ'ল ভেবে ভূল করে বদে কাক-জ্যোৎসায় কোকিল রব।

মরীচিকা দেখে ভূলিছে মরুরে,

আঁধারে ভূলিছে পেয়ে আলেয়ারে,

মনেতে ভূলিল বিরছ নিঠুরে, জোমারে ভূলেছে ভাঁটা যে ভটিনী;
চূম্ভে ভূলিছে তৃষিভেরই বুক, ভূলেছে মেরেরে কুলটা মোহিনী।
অমাবস্থার সকলে ভূলিছে লভি' পূর্ণিমার বন্ধত-লিপিকা,
দিনের আলোর ভূলিছে ভারারে,ভূলিছে হেলার রাভের দীপিকা।

শ্বরণে ভূলিছে মরণ-গোধ্লি,

চিতারে ভ্লিছে নিভে গেলে চ্লি,

ভূলিছে ঝটিকা মিলালে বিজ্ঞী, মাটিতে ভূলিছে সভরে সাহারা, প্রবাসী-পথিকে ভোমরা ভূলেছ, বতনে রেথেছ মুণার পাহারা॥

আমি-তুমি-ও সে

শ্রীপ্রভাতকুমার দেব সরকার

(>)

ক্ষমর সারাদিন বোদে' ঘুরে ক্লান্ত হ'লে ক্ষসিভের বাড়ী এল। জ্লাই মাস। স্থূল-কলেক সব গ্রীমাবকাশের পর থুলেছে। অসিত বাড়ীতেই ছিল,—ডাক্তে বেরিয়ে এল।

— "কি হে! কিছু জোগাড়বন্তর করতে পার্লে ?"—
বিষাদের গভীর ি খাস ফেলে' অমর কহিল, কই,
কিছু ত হ'ল না আজ্ঞগ—পড়াশুনা বোধ হয় ছাড়তে
হবে,—কলেজের Principal এর কাছে রোজ গিয়ে
পারের চাম্ডা উঠে গেল ভাই, তব্ কিছু ক'রে উঠতে
পারলাম না। তিনি কোন ভরসা দিলেন না,— সেই
এক কণা, 'Second Division, আমরা কিছু করতে
পারি না'…আমি ঠিক ক'রেছি আর তাঁর কাছে যাব
না—একটা যদি tutiony পাই,—

—"হুঁ:, এই ৰাজারে ওটাও বড় হ্প্রাণ্য,—কত বি-এ, এম্-এ গুরে বেড়াচছে, হু' পাঁচ টাকার জলে।"

অমরের ইচ্ছে হ'ল একবার অসিভকে বলে, 'কেন, ভোমার ভাইটাকে—।" কেমনতর সংকাচ যেন ভাকে বাধা দিল—গলাটা চেপে ধরল।

ঋসিত ধনীর ছেলে। নাছ্য-ছুত্ব চেহারা, চোথে চশ্মা, মৃচ্কি হাসি ও মিহী গলা। একটু যেন বাথিত হ'রে কহিল,—ভাই ভো, বড় মুদ্ধিলে প'ড়েছ ভ!

আরো ত্'পাঁচ কথার পর' অমর চল্লো বাড়ীর দিকে। অসিত দোর ভেজিয়ে শিষ্ দিতে দিতে উপরে উঠলো—ভাবটা বেন, ভারি তো স্থলে একসকে পড়েছি বলে' এখনও তার দাবী!

(२)

অমর যে বাড়ীতে এসে চুক্লো, সেটার এক কথায় নাম দেওয়া যেতে পারে, 'খাস্থাবিরোধী প্রেক্ষাগার'। বাড়ীটার আশে-পাশে চারিদিকে ধেন গৃহস্থিত লোক-গুলোকে অচিরে বিনাশ করবার ষড়যত্র চলেছে। খরে চুকে কাঁথাজভান ভাইটাকে একটু আদর ক'রে, জামা কাপড় ছাড়ল। মা বললেন, কি রে কিছু হ'লো, রোদ্রে ঘুরে ঘুরে মুখটাকে ভো কালী করে এনেছিদ্।

—"না, কিছু হয়নি—হ'বেও না বোধ হয়।"

— "আমাদের বরাতটাই মন্দ রে !— তা' না হ'লে উনি এত শীগ্নীর চলে বাবেন কেন !"—বল্তে বল্তে উচ্চুদিত বাস্পে তাঁর কঠনালী ভরে' এল।

পুরোনো লোকটা আবার ওঠে দেখে, অমর ব্যক্ত হ'রে পড়ল। ভার চোখটা বহু চেষ্টা সংস্থ ঝাপ্সা হ'রে এল। ত্'চার মিনিট কারার পর মা কহিলেন,—
ওঠ, কিছু খা'।

আৰু প্ৰায় মাসতিনেক হ'ল, অমবের বাবা মারা গেছেন। জাতকেরাণী ছিলেন। কোনরকমে পদাশ টাকা রোজগার করতেন।...বয়স হ'য়ে এসেছিল অনেক,—তবু দিচ্ছিলেন বুড়ি গাইয়ের মত ছুণ,—কার যেন তাড়ন ও পোষণের দারে!—উপস্থিত সংসারে চারটী প্রাণী,—অমবের বড় ভাই-ই এখন সংসার দেখে।
...কোন রকমে চলে যায়,—চলা মানে বাঁচতে হয় ভাই বাঁচা গোছের,—বৈচিত্রাহীন জীবন টেনে; যে বাঁচা, শতকরা নিরানক্র ইজন বাঁচে,—উদরপ্রির জন্ম হীনতা দীনতার পরিচয় দিয়ে। এসেছে কোনরকমে পেছন থেকে ধাকা থেয়ে; বেরিয়ে যাবে কাটা মাথার টায়ি বেঁধে,—ভিড্রে মধ্যে গুঁতোগুঁতি ক'য়ে। চল্তে হ'বে, উপার না কি নেই! এই ফাটা মাথার টায়ি লাগাবার জন্মে করতে হ'বে, হাতজোড়, কাকুতি-মিনতি ও পায়ে পড়ার অভিনয়!

(0)

বছদিনের পুরোনো অভিনয় দেখতে এসে মার্ছ বেমন বিরক্ত হ'রে পড়ে, অমরও এই জীবন বহন ব্যাপার নিয়ে বিরক্ত হ'রে পড়েছে। নৃতন বংসরের न्डन छिकांस छि९नाइ (कसन (यन निरंद आत्राह—

क्षेट्र हे 'सारमद वादधान। हो है छाड़े हो। कहें दु है 'सारमद वादधान। किए किए के 'रद होरम। क्षारद्वद रमहे ममस्रो दिन नारम। नानाद साहरन रमहे पिनहे क्षारह,—वार्फ्डना, करमङ ना, वदः सारस सारस काहेन हम् । सा' दिन कारहन,—क्ष्यण 'रदन' सारम क्षासदा या' द्वि छ।' नम्न,—क्ष्य मारम कु:बीत मःमारद रय 'रदर्भद नमक्षान हम् ।

অভিনয় পুরোণো হ'লেও দেটার মধ্যে যদি কোন কিমক' পার্ট থাকে, হাদ্তে হর জোর ক'রে—যদিও আগের মন্ত প্রাণ থাকে না। প্রথম প্রথম ভারের কচি মুথের হাসি বেশ লাগভো, উপভোগাও ছিল। এখন যেন আর তত ভাল লাগে না। সাংসারিক ব্যাপার গেল ছ'মাসে চলছে এইরপ—চল্বেও বোধ হয় এইরপ। মাঝে 'হদল্ব' 'বিসর্গ' এসে বোঝার ওপর 'লাকের' আঁটি চাপাবে এই যা,—আর কিছু নয়। অমরের পড়াওনার দিক্ দিয়ে বিশেষ কিছুর নব আবিভাব হয় নি। তবে আশা পেরেছে, হ'বে বলে'—কদ্র কি হয় বলা যায় না। কেউ যে বড় বেশী একটা নজর দিতে চায় না।

সকাল হয়েছে আলো বাভাস ছড়িয়ে। এর আগমনে বহু লোকের আনন্দ হ'ল বহুলোকের ছঃখ হ'ল — ভন্নও হলো যথেই। গরীব যারা পেটের চিক্তার ছুটলো; ধনী যারা চায়ের পেরালা মুখে, চুরোট হাতে, খবরের কাগজ নিয়ে বসল। পাহনাদার যারা নৃতন আশা কড়া বুলি আওড়াতে আওড়াতে চল্ল থাতকের কাছে। থাতক যারা লুকোবার চেটা দেখল। এমনি ধারা আর কত কি!

চোধ রগড়াতে রগ্ড়াতে অমর বিছানা ছাড়ল।
আলকে একটা আশা আছে। রাভা দিয়ে চলেছে
বহু কথার লাল বৃন্তে বৃন্তে। একবার মনে হ'ছে হ'বে,
—আর একবার মনে হছে হ'বে না,—ভর হছে ধ্ব।
হবার কথাটা ঘেই মনে হ'ল, তার সঙ্গে বে সমন্ত
ঘটনা ঘোজনা করা বার ভারা কেমন খেন চক্চকে হ'য়ে
উঠ্ল—চোধের অ্মৃথে। মনটা নেচে উঠ্ল। পড়ার
কথা মনে হ'তেই ভিন চারটা পাশের ভিগ্রী এসে ভা'তে
যোগ দিল। আশাটা যথন আমাদের উপিত বস্তর

পক্ষ সমর্থন ক'বে, বা'র জয়ে আমাদের 'আলা' সেটার
গতি ক্রমণঃ বাড়তে থাকে। তাই যথন নিরাণ হই
মনটা বড় তুম্ডে যার। গত কাল অমর তার এক মধ্যবিত্ত
বরের ছেলে বঙ্গুর সাথে দেখা ক'রে আলা পেরে
এসেছে,—৬, টাকা মাহিনার ছেলেপড়ানর কাজ
পাবে। বঙ্গুটার নাম সত্তোন। সে পড়ছিল। অমর বেতে
যথারীতি অভ্যর্থনার পালা সেরে বছ প্রশ্নের পর ছেলে
পড়ানর কাজটা আগামী কাল থেকে করতে হ'বে,—
তাই জানিয়ে দিল। গৌরচক্রিকাটা বেশ লাগে শেষে
যদি কিছু পাবার আলা থাকে।

(8)

অসিত, সভ্যেন আর অমর, এদের তিনজনেরই মধ্যে চেনাশুনা ছেলেবেলা থেকে। স্থুলে এক ক্লাসে পড়তো। এ' তিনজনের মধ্যে ছু'জনের সময়মত কলেজ লাইফু' আরম্ভ হ'রে গেছে, শেষ্টীর হ্রনি, একজন ধনের প্রভাবে, গারের জোরে সব কিছু উৎরে যাছে। একজন ধনের প্রভাবের পোরের জোরে সব কিছু উৎরে যাছে। একজন ধনের পেছন থেকে চালাছে। আর একজন সম্পূর্ণ ধনের ঝিল্সিল্ ছটা থেকে দ্রে অন্ধন্ধারে,—এই যা প্রভেদ, আর কিছু নয়।

(0)

সভ্যেনের সহায়তায় অমর Tuitionতে বাহাল হয়েছে। বাড়ী থেকে প্রান্ত মাইলথানেকের পথ রোজ থেতে হয়। Tuition নেওয়া ও পাওয়ার কথা ভাবতে অমরের বিশ্বয় লাগে।—৬ টাকায় ছ'টা ছেলে! চমৎকার,—আবার এই ছ'টাকা না কি য়থেট।—ছাজের বাপ কথাটা বলেছিলেন,—আমরা একটা ইাড়িকে দশবার বাজিয়ে নিই—ইত্যাদি এমন কত কি! সহ্ করতে হয়েছে সব।

আঠার বছরের ছেলে,—সংসারে এনে অস্ত কিছু পাবার ও উপভোগ করবার আগেই দারিস্তাটাকে পেরেছে ও ব্যেছে এবং উপভোগ কর্ছে বেশী ক'রে। জন্মের সঙ্গে নাড়ীর মত তা'র সাথে সহস্ক করে নিরেছে। চারদিক থেকে কেবল, 'নেই—নেই' কথাটাই কানে আস্ছে। তাই এখন দারিজ্য কথাটা ভা'ব মনে ভরের বিতীবিকা তোলে না। অক্ষারে বসে' ভগবানের দেওরা চোঁথ ছটো দিয়ে আলোর স্কানে বড়ই উৎস্ক। আর বে পারে না!

টিউশেনীটা পেরেই অমর আর কোন দিকে না চেরে কলেজে ভর্জি হ'রে পুড়ল। দাদা বল্লেন, কিছুর চেটা দেখ—পড়াশুনা করে কি হ'বে—ইত্যাদি অনেক কথা। এতে অমর সন্তুট হ'তে পারেনি মোটেই। তাই ভীগের বত দাদার কথা মেনে নিরে মাথা নাডতে পারেনি।

কলেজে এসে তবু সারাদিনের নেওয়া বন্ধ হাওয়াটা কেল্ডে পারে, মৃক্ত বাভাসে হৈ-হৈ করে কেটে যায়; মন্দ লাগে না। সদী জোটে অনেক। কিন্তু আশ্চর্যা হয় সদীভাগ্য দেখে। এথানেও সেই 'আমি-তৃমি-দে' নীতির প্রভাব চলে পুরো মাঝায়।

সত্যেন আর অসিত এক বছরের সিনিয়র হ'রে গেছে। সভ্যেন ভেকেডুকে কথা কর, অসিত মাঝে মাঝে কথন-সথন হেসে ইঞ্চিত ইসারায় মনের ভাব ব্যক্ত করে। মোটের ওপর চলছে একরকম।

(6)

বছর ঘুরে গেল, তিনশ' পরবটি দিন শেব ক'রে, আর একটা নতুন বছর এল-বাড়ীর মধ্যে নিত্য-পরিচিতের মাঝে নব বাজি-র আগমনের মত। ছু'চার্ছিন বেশ লাগলো তাকে। ব্যাস, তার পর পুরোনো ও নিভা পরিচিতের সঙ্গে মিশে, সে আর রইল না নৃতন হ'রে। প্রথম প্রথম কেলেণ্ডার দেখে তারিখ यत्न द्वरथ व्यत्नक व्यादिनन निर्देशन वानिए छोटक মনে রাখা হ'ল।—ভার পর কে জানে জারুরারী, কে জানে জন: সৰ সমান হ'বে গেল। স্বাই বলে, আর ক'টা দিন বা। অমর দিল 2nd year এর পরীকা, অসিত আর সত্যেন গেল I. A. পরীকা দিতে বিখ-বিভালরের দোরগোডার। খবর বেরোল। অসিত এল কিরে, পুরোনো বন্ধুর কাছে; সভ্যেন গেল চৌকাট ডিঙ্কিরে। এ ভো গেল কলেকের ব্যাপারে এক বছরের ছিলেব। পারিবারিক ছিলেব কিছ ভিনন্দের ভিন त्रकटम स्टब्स् ।---

—অগিত ধনীর ছেলে। গাড়ীবাড়ী সব কিছুই
আছে। সভ্যেন মধ্যবিত্ত ঘরের ছেলে। বাবা চাকুরী
করেন; মোটা মাইনে পান; কোলকাতার সামাস্ত
বাড়ী আছে। আর বেচারা অমর! এদের কারো
সকেই সামঞ্জ নেই। না-আছে গাড়ী,—আর নাআছে উদরপৃধির ভাল উপার।

অনিতদের গাড়ীর ওপর গাড়ী, বাড়ীর ওপর বাড়ী হ'বেছে। সভ্যেনের বাপের চাকুরীর উরভি হ'বেছে। আর অমবের দাদার চাকুরীর ওপর ফাইনের গণ্ডা চেপে বদেছে গাঁটি হরে। উন্নতি হ'লো ছ'লনের, অবনতির ও উন্নতির মাঝে রইল একজন।

এমনি ক'রে চলল তিনজনের জীবনধাত্রা—জানা, আধ-জানা ও অজানা পথের সন্ধানে।

তিনশ্বনের যাত্রা তিন রকম হ'লেও, যাত্রার উদ্দেশ্ত প্রধানতঃ হুই প্রকার ;—একটা উদ্দেশ্ত, একটা নিরুদ্দেশ্ত। আবার এই যাত্রার পাথের ও পথ ত্'রকম। একজনের পাথের প্রচুর; পথ বিপদ্-মৃক্তি। আর একজনের পাথের ব'লে যে জিনিব আছে তার ঘরে শৃশ্ত; পথ বিপদ্দক্ষণ। মজা এইখানে!

(9)

আবার বছর এল ঘ্রে, ভোর ছটা থেকে বেলা দশটা পর্যান্ত সময়; কেরাণীবাব্দের যেমন করে বায়। অসিত আবার গেল পরীকা দিতে। অমর রইল পরীকার স্থপ্প দেও্তে, টাকার অভাবে পড়ে। এবারেও অসিত ফিরে এল। মৃথের, মনের ও চলাকেরার ভাব রইল একই। সভ্যেন 4th year এ এসে পৌছল, পাশটাস্ ক'রে উনীল হয় এই ভার ইছে।

আজ গু'দিন হলো অমরের ছোট ভাইরের বড় জর
হরেছে,—বেহুঁদ্। বেলা দশটা হ'বে। দাদা প্রেসের
কাজে বেরিরে গেছে। অমর বসে বসে ভাইরের
মাথার জলনেকড়ার টাপ্লি লাগাছে। মা এ-দিক
ও-দিককার কাজ সারছেন। বাইরের দরজা ভেজান
ছিল,—আঘাত লাগার সজে সজে শক্ত হ'ল। অমর
উঠিউঠি করছে, মা থরে ঢুক্লেন। মাকে ভারের কাছে

दनित्त रन छैट्ठं राज। भक्ष र'न, कि रह, वाड़ी आह

দরকা পুলতেই দেখল, সত্যেন ও অসিত দাঁড়িরে। অসিত নাক মুখ সিঁটুকে যথাসন্তব আড়েই হ'রে আছে।

সভ্যেন কহিল, এই ভোমায় নেমতর করতে এলুম।
আমার বোনের বে—পরও বেও কিছ। হাা:, আঞ্চ ভূমি কলেজ যাও নি কেন বল ত ?

—ছোট ভাইটার বড় অন্ত্রক করেছে। আর গিমেই বা কি করছি বল। টাকা দিয়ে ইউনিভার্সিটির মুখ দেখার অবস্থাও তো কোন দিন হ'বে না।

সত্যেন একটু ব্যথিত হ'ল। অসিত জ্র কোচ্কাল।
——"চল, তোমার ভাইকে দেখে আসি," বলে সত্যেন পা
বাড়াতেই অসিত জামার হাতা ধরে টান দিল,—"না হে,
আর ও-দিকে গিরে কাজ নেই। এখন অনেক বাকী।
সামান্ত জর তার আর দেখবে কি।" অসিতের স্থরের
মধ্যে যে অবজ্ঞা প্রাক্তর ভাবে ব্যক্ত হ'ল, তার আঁচ অমর
অন্তব করল।

সত্ত্যেন ব্যাপারটাকে চাপা দেবার জ্বতে বল্ল,—
ভবে পর্ভ যেও কিন্তু।

যে পথে অসিত ও সত্ত্যেন এসেছিল, সেই পথেই চলে গেল। অমরের অকাত্তে একটা নিঃখেগ বেকবার সঙ্গে সঙ্গে বুকটা কন্কনিয়ে উঠল।

· (* +)

আবো বছরখানেক কেটে গেল। অসিত কোন রকমে I. A. পাশ করেছে। অমরকে বাধ্য হ'যেই পড়া ছাড়তে হয়েছে,—আশার শেকড়টাকে নিজ হাতে নিমুল ক'রে। সত্যেন 'ল' ক্লাসে ডর্ডি হয়েছে।

আৰু মাস্থানেক হ'ল অমরের মা ছ'দিনের ভেদ-ব্যিতে মারা গেছেন। অমরের দাদা অব্দর, অমর ও ছোট ভাই এখন সংসারের প্রাণী। পড়াশুনার বালাই নাই। অমর রাঁথে বাড়ে,—দাদা ও ভাইকে থাওয়ার, আর কিছুদিন হ'ল পাড়ার বে কয়ব্বন শুভাম্থ্যায়ী ব্যক্তি আছেন,—তাঁরা অব্দর্যকে বে' করবার নিমিত্ত উপদেশ দিচ্ছেন,—"সংসারটা বে লন্ধীছাড়া হ'রে গেল হে; এবার বে' থা' কর, আর কেন, মাইনে ভ পচিশ পাও।"

কানের কাছে রোজ ঘ্যান্ ঘ্যান্ আর সহু না করছে পেরে, সংসারের, ছোট ভাই-এর ভার ও থাবার-দাবার ভারটা অস্ততঃ যা'তে স্নসম্পর হর,—এই ভেবে অজর একটা বয়হা মেয়েই বরে আন্দ।

ন্তন বৌদি'কে আদর অভ্যর্থনার ভার অমরকে
নিতে হ'ল,—বা, ননদ, ইত্যাদি প্রভৃতির স্থান তা'কে পূর্ণ
করতে হ'ল। বৌদি' লোকটা মন্দ নর। ভবে, বৌদি'
আসা থেকে সে কেমন যেন ধীরে থীরে পর হ'রে যাছে
—তার সব চাওয়া যেন ভেমন সহল ও অসকোচে হর
না—পলার মধ্যে কেমন যেন একটা ঘড় ঘড়ানি শক্ষ হর।

আৰু ছ'দিন হ'ল অমবের টিউপনীটা পেছে, বছর ছরেকের মধ্যে ছ' টাকার Tuitionই কন্তে কন্তে, ক্রমে ৪, টাকার এসে গাঁড়িরেছিল। গত কাল সেটী কমার হাত থেকে একেবারে অব্যাহতি পেরে হাতছাড়া হ'রেছে। ছাত্রের বাপ অলেক কথারই অবতারণা করেছিলেন। শেব পর্যন্ত বার মানে কর্মচ্যুতি—ইন্তমা। তিনি থ্বই ছ:খিত হ'রে বললেন,—সব ভো ব্রুচি, কি করবো বল্ন—আমারও অবহাটা দিন দিন ধারাপ হ'রে আস্ছে। তাই এবার ঠিক করেছি ও পরসাটা আর ধরচ না করে—অক্ত কিছুতে গাগালে কাল দেখতে পারে। ভাগনেটা এসেছে, আমার কাছে থাক্বে বলে', ভাকে দিয়েই, ভাবছি ও-কালটা করিবে নেব, হ্যে;, হ্যেঃ—একগাল হেসে তিনি আপ্যারিত ক'রেছিলেন।

থেষালী মানুষ অসিত। চলেছে থেষাল বসে।
পড়াগুনা আর ভাল লাগে না,—ছেড়ে দিয়েছে। এখন
সকাল আটটার ঘুম থেকে ওঠা—রাত বারটার বাড়ী
কেরা, তার নিত্যনৈমিত্তিক কার্য্য হয়েছে। সেই এখন
বাড়ীর কর্তা। অভিভাবকের মধ্যে আছেন কেবল মা।
বাবা গত হয়েছেন আন্ধ প্রায় মান তিনেক হ'ল। ভবে
ছেলে খুব হঁসিরার। ইয়ার বন্ধু থাক্লেও ভারা বেনী
কিছু করতে পারে না। আড্ডাটা একটু বেনী দের,
এই বা!

মা কত বলেন, এবার বিরে-থা কর, আর কতদিন বাউপুলে হ'রে থাক্বি, ইত্যাদি। অসিত বলে, বিরে তো আর পালিরে বাছে না! বধন ইচ্ছে করলেই হলো। তৃষি দেখে নিরো আমাদের করে একটা বেরের অভাব বিরের বাঞ্চারে হ'বে না।

ধনীর ছেলে। মোনাছেব জ্টেছে অনেক। ভারা মূচ্কি, কাঠ ইত্যাদি হাসির ফাকে, বন্ধুকে আমোদ ও ফ্রি বে জীবনের একমাত্র লক্ষ্য এ'কথা জানিরে দিতে ভোলে না। ব্যোম্কেশটা 4th class পর্যন্ত পড়েছিল বোধ হয়, প্রায়ই বলে, আরে ভারা, drink and be merry.

(2)

সেদিন রাত্রি বারোটা হ'বে বোধ হর। অসিত সবেমাত্র বাড়ী ফিরেছে। এমন সমর বা'র দরকা থেকে ডাক এল,—অসিড, শীগ্রীর বেরিয়ে এস ডো। গলাটা সভ্যেনের। বাধা হরেই অসিডকে বাহিরে আসতে হ'ল।

—"কি হে এতরাত্রে ডাকাডাকি কিসের ?" সত্যেন ব্যস্ত হ'রে বলল, অমরের ছোট ভাইটা এইমাত্র মারা গেল—চালচুলোহীন খোলার হরে; বড় বিপদে পড়েছে। আমার বাড়ী গেছল' ডাকতে। ভা আমার কি আন ভাই, কোন কাজ একলা করতে পারি না। সে ভো একধারে নির্ম হ'রে বদে আছে। আমার সব কর্তে হ'বে আর কি,—ভাই ভোমার কাছে এলুম,— বিষাপ্তভো ভাল হর, হাজার হোক ছেলেবেলার বন্ধু ভো!

অসিত নির্দিপ্তভাবে কহিল, আমার ছারা ও-সব হবে না, এখন রাভ তুপুর। রাত-ভিত নেই! এখন যাব বন্ধুছের নেক্রা করতে আর কি! অত বন্ধুছের বাই আমার চাগে নি। একটা ভিথারি সে আবার চার বন্ধু হ'তে—লজ্জার মরি! বাও, যাও, আমি বেতে পারব না। গরীব ৰলে' পরসা দিছি। লোক ক'রে নাওগে বাও।

সভ্যেনের ইচ্ছে হ'ল, ছ'কথা শুনিরে দের। আবার মনে হলো, কোন লাভ নেই এতে,—ওরা বুঝ্বে না। সে কেবল কহিল, ভূমি ধনী, ভোমার কাছে পরসা চেরে নিজেকে ছোট কর্তে আসিনি। এসেছিল্ম মানবভার লোহাই দিরে,—ভূমি বে আস্বে না একটা নিঃম্ব দরিস্তকে সাহাব্য করতে, সে আমি জান্ভুম্—অভতঃ অ'না উচিত। অমরের নিঃসহার অবহা দেখে আমি সেক্ধা ভূলেই গেল্ম। আৰু ভার হালা, ভাকে আর ভার ছোট ভাইকে কেলে, বে৷ নিরে এলাহাবাদে

বদলী হবে গেছে। যার ভাই, একটা ছ্গপোড় শিশুর হাতে মাতৃত্তনপায়ীর ভার দিয়ে নিশ্চিন্ত হ'রেছে, ভার জন্তে জগতের আর কেই বা ভাববে বল! আমার ভূল হ'রেছে ভাই, আমি জান্ত্য না, যে, ভোমাদের মত মাতৃ্য এতথানি নির্দির হ'তে পারে। যাক্, চলসুম্। আজ শিক্ষা হ'লো, আর কথন আসব না। যদি কথন আসি ভো ভোষাদের মোসাহেব হ'রে আসবো।—বলেই হন্হন্ক'রে চলে গেল।

অসিত একটু জ কুচকে, বক্র হেসে, বামন হ'রে টাদে হাত দেবার আশা! বলে' অস্পট শব্দ করিল।

> ; (•¢)

তার পর মাস চারেক কাল কেটে গেছে। অমর তার বড়-জলে ভাঙা ডিঙি নিরে এখন পাড়ি দেবার চেটা করছে,—পাল ছিঁড়েছে, হাল ভেজেছে, আছে শুধু কু দিরে আঁটা চার পাঁচটা তক্তা। সত্যেনের নৌকার অবস্থা ভাল নয়,—অল্ল দামের কাঠ, ভালবার আশা গলে পলে। অসিতের তরী সংযক, ধীর, হির; কোন কিছুই তাকে অবশ কর্তে পারেনি,।—ময়রপথীর মত শাস্ত ও তা'র পালে স্বমামণ্ডিত স্থলালী অর্দ্ধালিনী। পাল রং-চঙ্-এ, হাল দামী কাঠের; মাঝি মালা সব ভীত সল্লন্ত, আদেশ পালনে সদা তৎপর। ছ'কনেই অতথানি তরী ভর্তি করে কেলেছে, বল্ছে—আর স্থান নেই।

আমর ও সভ্যোনের তরী মগ্ন হ'লেও—হান আর হলেও, বলছে, এখনও ভরীতে আছে স্থান।

অমর ভাদা নৌকা থেকে কথন পড়ে, হাব্ডুব্ থার, আধমরা হ'রে আবার ওঠে। সভ্যেনের অবহা একরকম। আর অসিত সে পাড়ি দেবেই কোন ভূল নেই। তিনজনের জীবনবাত্রা তিন রকম তালে নৃত্য কর্তে কর্তে চলেছে। কেউ নাচে আনাড়ির মত; কেউ তার চেরে একটু উরত; আর কেউ নাচে তাল-স্বর সব-কিছু বলার রেখে। তার নাচের সঙ্গে সঙ্গে শত শত হাতভালির শব আকাশ বাতাস ভরিরে দিছে। কোন্টার ভদিমা তাল, তা' জানি না। তবে বার জন্তে হাতভালি পড়ে,—সেটা ভাল নিশ্রেই।


পাথীর "কথ্য ভাষা"

শ্ৰীকালিদান ভট্টাচাৰ্য্য বি-এ

ভাবা বিভিন্ন রূপ ও অকৃতি লইরা কি মানুব, কি পশু, কি পক্ষী সকলের মধ্যেই বিভ্যান। পশুপকীরা বিভিন্ন ধ্বনি দারা সম**ভো**গতে পরস্পারের মনোভাব প্রকাশ করিতে সমর্থ হর, মুক তাহার জ্ঞস্ত অঞ্চ ভলিমার উপর নির্ভর করে, জার শিশু ক্রন্সন করিরা বা হাসিরা ভাহার মনোভাব বাক্ত করিরা থাকে। এইভাবে প্রত্যেক প্রেণীট নিজৰ বিশিষ্ট ভাষার মধা দিরা কছন্দে পরস্পরের মনোভাব একাশ করিরা জীবন বাপন করিয়া থাকে। এক সমরে মাতুবও তাহার আদিম অবস্থার সামাস্ত করেকটীমাত্র ধ্বনি ও অঞ্চলিমার হারা আপনাকে প্রকাশ করিরাছে: এবং ভাহার দেই অবস্থার ভাষার সহিত পশুপক্ষীর ভাষার তুলনার চর ত দামাক্তই পাৰ্থকা মিলিবে। মানুবের তথন কার্য্য-কলাপের গভী এত সন্ধীৰ্ণ ছিল যে তাহার জল্ঞ কথ্য-ভাষার এমপ অসারের প্রয়োজন হয় নাই। এখনও কোন কোন ছানে এরপ আদিম অকৃতির মানুষ বর্তমান, যাছাদের

কোন বিশিষ্ট মনোভাব প্রকাশ করিতে সমর্থ হয় না। পশুপক্ষীর ধ্রমি অতি অৱসংখ্যক এবং ভাছা আংশিকভাবে আপন আপন শ্ৰেণীতে পরশ্পরের মনোভাব প্রকাশ করিতে সমর্থ। সামুবের কথ্যভাবার সঙ্গে পশুপক্ষীর ধানিবুক্ত একাশের পার্থকা এই বে, মামূব ইচ্ছাযুষারী ধানি গঠন করিয়া বিভিন্ন রূপ দিতে পারে, এবং তাহা খারা লে কোন প্রকার ভাব একাশ করিতে সমর্থ হয় ; কিন্তু পশুপক্ষী যে কোনরূপ ভাব একাশ দ্রের কথা তাহার নিজের গভী ছাড়াইয়া অল্প কোন ভিন্ন ধানি গঠন করিতেও অক্ষ। কিন্তু এই দাধারণ ও স্বান্তাবিক নিয়মেরও ব্যতিক্রম কোন কোন ক্ষেত্ৰে দৃষ্ট হয়, এবং ভাহাতে বড়ই আশ্চৰ্ব্যান্থিত হইতে হয়।

আমরা দেখিতে পাই, কয়েকটা পাখী, বেমন টীরা, মননা, কাকাতুরা ইত্যাদিকে শিথাইলে কিছু কিছু কণা বলিতে শেখে-ৰদিও তাহার ম্পষ্টতা এবং অর্থবোধকতা নিভান্ত সামাক্ত। কিন্তু ইহার কারণ কি 🔈



টীয়ার ধ্বনি উচ্চারণের অঙ্গের আকার

প্রােল্লনীয়তা ও কর্মকেত্র অভ্যন্ত সন্ধীর্ণ ছওয়ার, মন্তিগ বিশেষ উন্নত অবস্থান্ন পৌছে নাই ; এবং বন্ধ ভাষা ৰাত্ৰাই তাহাদের জীবিকা নিৰ্বাহ হইরা থাকে। দৃষ্টান্ত ব্রূপ অষ্ট্রেলিয়ার সন্মিকটন্ত কোন কোন কুন্ত বীপের অধিবাসিগণ ছুইএর বেশী সংখ্যা গণনা করিতে পারে না। কিন্তু আজ মাকুৰ বুগবুগাঞ্চরের কর্ম ও মানসিক চর্চার ফলে ক্রমে যে কথাভাবার অধিকারী হইতে সমর্থ হইরাছে, তাহার সহিত পশুপকী বা আদিম মাসুবের ভাষার কোন তুলনাই দলত হর না। এই কথ্ডাবাই মানুধের **ত্রেউছের অভত**ম কারণ।

क्या वा क्थाजावा এक अथवा अथिक श्वमित्र प्रमष्टि बाज । निक्षिष्टे রণ লইরা ইহার অর্থবোধক ক্ষতা প্ররোজনাত্রনারে বাত্বের বারাই স্ট হইরাছে। ক্রন্সন ও হাসি বাতীত শিশু এবং মুক জন্ধ কোন ধ্বনির বার।




ময়নার ধ্বনি উচ্চারণের অঞ্চের আকার

পক্ষীবিষয়ক প্ৰবন্ধ ও পুত্তক এ পৰ্যান্ত যথেষ্ট প্ৰকাশিত ইইয়াছে ; কিন্ত ইহাদের মনুষ্য-ধ্বনি নকল করিয়া উচ্চারণ করিবার ক্ষমতা সম্বন্ধে বিশেষ কিছু লিখিত হয় নাই। কোন কোন পাশ্চাত্য পক্ষীতথ্বিদ্ উক্ত পাৰী কয়টীয় কথা নকল কয়িবার ক্ষমতা আছে এইমাত্র উল্লেখ করিয়াচেন, এবং শিখাইবার প্রণালী সদ্ধে সামাক্ত আন্তাবও কেছ কেছ विद्याद्यन : किन्न क्टिं हेटात विद्यानिक वाश्या वन नारे । हेटा हाज़, পশুদের উচ্চারণ সম্বাদ্ধ কোন কোন পাশ্চান্তা বৈজ্ঞানিক কিছু কিছু পর্বালোচনা ও বিল্লেখ্ করিরাছেন দেখা বার। আমেরিকার ভট্টর জারণার বহু বানরের ধ্বনি পরীকা করিয়া মস্তব্য প্রকাশ করিয়াছেন বে. --বে বানর বন্ড উচ্চ অরের, তাহার বাক্ষর তন্ত স্থগটিত ও ধ্বনি শন্ত উচ্চারিত হয় এবং একই শব্দ বার বার একই খবে উচ্চারণ করিছে পারে ভ দেই সকল লক্ষের অ্র্থ বোধও তাহাদের আছে। মাসুবের নিল্ন তরে
সিম্পালীর ছান এবং সেই ভাবে তাহাদের মন্তিক অক্সান্ত পশু আপেকা
উন্তত। ভক্টর লারণার পরীক্ষা করিরা দেখিরাছেন বে, তাহাদের ধ্বনিসন্ক্রের মাসুবের পর ও ব্যঞ্জনবর্গের ধ্বনিসন্ক্রের সক্ষে আংশিক মিল আছে

—এবং কোন কোন ধ্বনির সমষ্টি হইতে নিল্ল ভাষার অর্থবোধক
কথাও পাইলাছেন। এইল্লপ, একবার জার্মানীতে একটা কুকুরের কথা
কহিবার ক্ষমতা সবজে থবরের কাগলে বিশেষ আন্দোলন হল। সে
করেকটা প্রস্থের লবাবও না কি ঠিক ঠিক দিতে পারিত। বেমন "তোমার
নাম কি ?" নিজ্ঞাসা করিলে, "ভন"; "তোমার কি হইয়াছে?"

"হালার (hunger)"; "তমি কি চাও ?"—"হাবেন (থাইব)";
ইত্যালি। কুকুরটাকে ভার্মানির একজন বড় মনস্তম্বনিদ্ ভটার অক্ষার
কাষ্টে (Dr. Oscar Fungst) নানাভাবে প্রীক্ষা করেন ও দেখেন
বে ভাহার উচ্চারিত ধ্বনিগুলি আংশিকজাবে মনুত্য-সম্বর্থনি এবং সেই



কাকাতুরার ধানি উচ্চারণের অলের আকার
অসুযারী বোধা ঃ কিন্তু অধিকাংশ ছলে অমবশতঃ শ্রোতার নিকট অর্থবোধক বলিরা মনে হয়। নেজক্ত তিনি বৈজ্ঞানিক ভাবে ইহার সম্পূর্ণ
অস্থুযোগন করিছে পারেন নাই।

গাখীর 'কথাভাবা' সদকে এ গর্বান্ত বেটুকু গবেবণা করিতে পারিরাহি, তাহাতে বেধিরাহি বে, কর ও ব্যক্তবর্গ সন্ধ্রের অধিকাংশ ধ্বনিই আংশিকভাবে তাহাবের বারা উচ্চারিত হয়—বিদিও সে ধ্বনিসন্ধ্রের করণ্ডণ (sound quality) মসুত্ব করণ্ডণ ইতি কিছু ভিন্ন। কিন্তু ধ্বনি সমন্তি বারা শব্দ (words) অথবা ভাবা প্রার ক্বেত্রেই শ্রন্তভাবে উচ্চারিত হয় না। বাঁহারা তাহাবের কথা তানিতে অভ্যন্ত তাহাবের নিকট ইহা সহক্রবোধ্য ও অর্থবোধক, কিন্তু সম্পূর্ণ অপত্রিউত্তর কাছে কোন কোন ক্বেত্র জাংশিকভাবে বোধ্য। ইহাবের কথা শিধিবার

পছতি ও বাস্ত করিবার ক্ষমতা সম্বন্ধ আলোচনার দেখা যায় যে, ইহারাও মালুবের ন্যার শুরে শুরে কিছুপুর অপ্রসর হইতে পারে বটে, কিন্তু তাহা প্রার একটা নির্দিষ্ট সীমার মধ্যে আবদ্ধ; এবং স্পষ্টতাও কথন ভালরপে আগত করিতে সমর্থ হর না। তাহারাও আমাদের ন্যার কানে শুনিরাই উচ্চারণ আগত করিতে শেখে। শিশু অবস্থা হইতে আগর্ক্ত করিয়া প্রথম নিয়মিডভাবে দু-চারটা কথা কিছুদিন ধরিরা শুনাইলে ক্রমণ: সেই কথার ধ্বনিশুলি নিক্ত ধরিনি বারা ব্যক্ত করিবার চেষ্টা দেখা যার এবং তাহাতে মুখবিবরের মধ্যে জিহবা ও ওপ্রের একটা আলোড়ন ফুল হর। এই আলোড়নের ধ্বনিকেই 'কপ্টান' বলা হর— ইহাই আমাদের শিশু অবস্থার আধ-আধ কথার (Babble) ন্যার। পাখী কপচাইতে পারিকেই ব্যিতে হইবে যে সে কিছু না কিছু কথা বলিতে সমর্থ হইবে। তারপর তিন মাস হইতে চর মানের মধ্যে দ্বু একটা করিরা কথা বলিতে আগরক্ত করে এবং ক্রমণ: অনেক কথা বলিতে শেখে। প্রথম প্রথম প্রথম প্রথম ক্রমণ: অনেক কথা বলিতে শেখে।


শুনিয়া মানে না বৃবিয়াই কথা নকল করে--পরে ক্রমণ: বেটুকু শিক্ষিত হয় তাহা ছারা কিছু নিজ মনের ভাব একাশ করিবার উদ্দেশ্যে এবং কিছ কেবলমাত্র কতকণ্ডলি ধ্বনিও শব্দ উচ্চারণ করিবার নিমিত্তই কথা ৰলিয়া থাকে। এইভাবে একটু অভ্যন্ত হইবার পর আপনা হইতেই ক্রমণ: শুনিরা সাধ্যমত কিছু কিছু কথা নকল করিতেও সমর্থ হয়। অনেক ক্ষেত্রে দেগা গিয়াছে, বুদ্ধলোককে ভেংচাইবার জন্য ভাহাদের স্থালি ও হাসি নকল করিয়া প্রয়োজনমত ব্যক্ত করে, এবং, এমন কি. গরুর গাড়ীর চাকার 'কাচ কাচে' আওয়াল নকল করিয়া চমৎকার ভাবে প্রকাশ করিয়া থাকে। শিক্ষিত হইবার পর ভাহার। বে যথন-তথনই কথা বলিবে এমনও নর, প্রয়োজন মত এবং আনেক সময় তাহাদের খুসী মত কথা বলিলা থাকে। পাশ্চাত্য পক্ষীতম্ববিদ্ মিষ্টার

ভগলাস ডেওরার পাথীদের কথা শিথাইবার নিত্রম সথকে তাঁহার প্রতক্ষেত্র কিছু কিছু লিথিয়াছেন। তাঁহার মতে কোন পাণীকে শীত্র কথা শিথাইতে হুইলে প্রথম যথেষ্ট পরিমাণে থারাপ কথা (Swear words) কেওয়া প্রয়োজন। ইহার বৃত্তিসকত কারণ যে বিশেব কিছু আছে, তাহা আমার মনে হর না। কেন না আমাদের দেশে প্রায় সকল ক্ষেত্রেই "রাথাকুক, রাষ রাষ" ইত্যাদি ঠাকুর-দেবতার নাম দিরাই প্রথম শিথাইতে দেগা বার। মিটার ডেওরার ভারতীর পাণী কর্মীর সকলে এই কথা বিলাহেন। তাঁহার মত আংশিকভাবে এইরূপে হর ত সমর্থম করা বার বে, আমাদের দেশে সাধারণতঃ অধিকাংশ ক্ষেত্রেই নির্দ্ধেনীর লোকদের অথবা বারবনিতাদের বারা পাণী পালিত ও শিক্ষিত হয়; এখং সেথানে তাহারা কথা বলিতে অভ্যন্ত হওরার পর থারাপ কথা নকল ক্ষিবার

যথেষ্ট সন্তাবনা থাকে। নিজেও এরপ প্রমাণ কোন কোন ছানে পাইরাছি। এ ছাড়া তিনি দেগাইরাছেন যে, গ্রামোফোনের সাহায্যে কল ধীরে ধীরে চালাইরা কথা শেখান যাইতে পারে। তাহার কল্প বিশিষ্ট বেকর্ডও আছে—তাহা Pollys Lesson নামে পরিচিত। প্রতি দফার এই বেকর্ড ছারা শিক্ষা দশমিনিটের অধিক দেওরা নিষেধ—কেন না বেশী সমর একসকে দিলে পাণীদের Brain Fever হইবার সন্তাবনা। মিষ্টার ডেওরারের মতে ভারতীর টারা, মরনা ও কাকাতুরা অপেকা পশ্চিম আফ্রিকার টারা ফ্রপ্টভাবে কথা বলিতে পারে।

নিমে পাথীয় কথার কয়েকটা নমুনা ও বিলেবণ প্রদত্ত হইল---

(১) টীয়া, বন্ধস তিন বৎসর। চার মাস ব্যাস হইতে শিখান আরম্ভ হয় এবং তিন মাস শেখানর পর হইতে কিছু কিছু বলিতে আরম্ভ করে —"তাই তো বটে গো, সে সব কপালে করে," এই কথা কয়টী গৃহকর্মী প্র বেশী বাবহার করিয়া থাকেন। পাণীটী এই কথাগুলি শুনিরা আপনা হইতেই শিবিয়াছে। "য়াতু খাবে, ও মেজ-মা, মা, কতি পেছ মা," থাইতে দেওয়ার সমর উত্তীপ হইয়া যাওয়ার এই কয়টী কথা বাবে বাবে বলিতে লাগিল। ইতিমধ্যে একটী



পাররার মন্তিক পরগোসের মন্তিক ব্যাং এর মন্তিক

দই হালার চীৎকারে দেও "দই, দই, দই," বলিরা চীৎকার করিরা উঠিল। উক্ত ছত্র কর্মী হইতে বিশেব বিরোপণ করিরা দেখা গিরাছে বে, পাণীটার 'দ ও র' একেবারেই গঠিত হর নাই; এবং তাহার পরিবর্জে দে স্বরণ্ব ব্যবহার করে, বেমন "দে দব, ছলে এ অব এবং কপালে করে, স্থলে করে।" "ম, প, ব, ছ"এ কিছু অপ্পঠতা আছে। "বর্ষণ্ঠিলি এবং ক ও ও" একরাপ পরিভার বলিলেও চলে।

- (২) মরনা—বরস পাঁচ বংসর। তিন বংসর বরস হইতে শেখান হইতেছে—"বাবু, পড় ত। কু-কু-কু—লিস্। মা। রাধে কুক রাম রাম। কটা বাজল। মা বারটা বাজল। হা-হা-হা (হাসি)। বাবু পড় ত। বেলা হল। না কু-কু বেলা হল।" এই পাখীটার "র ও ত" ব্যতীত অস্তাক্ত বর্ণকুলি বেশ পরিকারই বলা বার।
- (৩) কাকাতুরা—বরস ৫০ বৎসর। শিশুকাল হইতেই শেখান হইতেহে।—"থোকা বাবু—বাবু এসেছে। ও কে গো। কাকাতুরা— কাকাতুরা।" প্রায় সকল কথাই বেশ পরিকার।

মরনা, টীরা ও কাকাডুরার যধ্যে কাকাডুরার উচ্চারণ সর্বাণেক্রণ
শাষ্ট দেখা গিরাছে। উক্ত তিমটা পাখীকেই ঠাকুর-দেবতার নাম দিরা
আরক্ত করা হর। বর এবং ব্যঞ্জনবর্ণ দ্বারা অথবা অনির্দিষ্ট ধ্বনি এবং
আধ-আধ কথার দ্বারা আরক্ত করিলে কি হর বলা বার না—ব্যক্তি ভাহা
বিজ্ঞান-সন্মত নর।


ধ্বনি গঠনের ও কথাভাবা প্রকাশের বৈজ্ঞানিক তথ্ সন্থন্ধে সংক্রেপে আলোচনা করিলে দেখা যায় বে. মাফুবের মন্তিক ও তৎকেন্দ্র সকল, প্রবণেশ্রির এবং বাক্য উচ্চারণের অঞ্চপ্তলি ফুছু থাকিলে স্বাভাবিক ভাবে ধ্বনি উচ্চারণ ও কথাভাবা প্রকাশ সভব হয়।, ইহাদের কোন একটীর অভাবে বা ব্যাধিপ্রত হইলে ধ্বনি স্বাভাবিকভাবে উচ্চারিত হর না। প্রবণশ্রিরের সাহাব্যে উচ্চারণ গঠন হয় বলিয়া, শ্রুম বধির অথবা শিশু ঘাহার কথা ভালরপ আয়ত হইবার পূর্বে প্রবণশন্তি সম্পূর্ণ অথবা আংশিক ভাবে নই হইরাছে, তাহাবের মূক হইতে হয়। সাধারণতঃ মুকনিগের মন্তিক ও বাক্য উচ্চারণের আল সকল ফুছু ও সঞ্জীব থাকার কুত্রিম উপারে কথা বলিতে শেণান সভব হয়। মন্তিকে বাক্য-কেন্দ্র, প্রবণ-কেন্দ্র, তাহাবের সংস্কোবার বাতনাড়ী (Sensory nerves) সংযোগতন্ত্রী (Association fibers), এবং চেষ্টাবহা



বাতনাড়ী (Motor nerves)—ইহাদের কোন একটা ব্যাধিপ্রস্থ অথবা নই হইলে বাক্য উচ্চারণের ক্ষমতা প্রায় একেবারেই নই হয়। কথন কথন চিকিৎসায় এবং বিশিষ্ট শিক্ষা ছারা সামান্ত কল পাওয়া যায়। জার বাক্য উচ্চারণের জল বেমন স্বরুদ্ধ (Iarynx), কণ্ঠগনের (Pharynx), নাসিকারছ, মুখগন্থের, জিহ্বা, তালু, দীত ও ওচ—ইহাদের মধ্যে কোন একটা ব্যাধিপ্রস্ত, অথবা কোনটির জ্ঞান হইলে কথা বলিবার ক্ষমতা প্রায় ক্ষেত্রেই একেবারে নই হয় মা—কেবল মাত্র উচ্চারণ বিকৃত হয় এবং কোন কোন বর্ণ অ্যুক্তারিত থাকে। স্বস্তুদের সাহাত্র বাতীত কোন বর্ণ ই স্বরুদ্ধ (Voiced) হয় না ; কেন না খাসই ব্যবজ্ঞীকে (Vocal chords) কাপাইরা উচ্চারিত ধ্যনিসমূহকে ব্যবদ্ধ করে। প্রথম বে-কোন ধ্যনি প্রবণ্টিস্তরের ছারা সংজ্ঞাবহা বাতনাড়ীর সাহাব্যে মন্তিকে প্রবণ্টক্রের ছারা কান্যক্রেক উপন্থিত হয়। বাক্যক্রেক্ত সংরোজন মত তাহার বিভিন্ন চেষ্টাব্য বাতনাড়ীজনিকে উত্তেজিত করিরা

জিহা, ওঠ প্রভৃতি অক্তান্ত বাক্য উচ্চারণের অসপ্তলিকে তাহংদের পেশীর চালনা বারা বিভিন্ন ধ্বনি গঠনে সমর্থ করে এবং ব্যবস্থ ও বাসের সাহায্যে ধ্বনিশুলি প্রমার হইরা অর্থবোধক ও প্রবণীয় কথ্যভাবার পরিপত হয়। শিশু অবগু একই ধ্বনি বারংবার উচ্চারণ করিরা প্রগঠিত ও শুদ্ধ করিয়া প্রস্ক এবং এইভাবে বরোর্ছির সঙ্গে সংক্ষ বতম্ব ভাবধারা বিভিন্ন ইল্রিরের বারা মন্তিকে নীত হইরা কেন্দ্রগলিতে সংরক্ষিত হয় এবং প্ররোজনমত মনোভাব প্রকাশের কল্প আপনা হইতেই বাক্যকেন্দ্রের সাহায্যে কথ্য-ক্ষাবার বাক্ত হয়।

এইভাবে কথাভাবাই যনোভাব প্রকাশ করিবার ক্ষমতা একমাত্র মানুবেরই আছে এবং তাহা তাহার মন্তিকের উন্নত্তম অবস্থার জন্মই সম্ভব। বিবিধ পশুপক্ষী ও মানুবের মন্তিক পরীক্ষা ও বিরোধণ বারা জানা গিয়াছে বে, বাহার মন্তিকের—মহামন্তিকভাগ



(Cerebrum) বত বেশী আকারে বৃহৎ ও জালৈ (Convoluted)
সে দেই অপুণাতে উন্নত। এই নিয়নে শুর ভাগ করিলে দেখা
বান, মানুবের নিয়ে সিম্পালী জাতীর বানর এবং তাহার অনেক
পরে অপ্তাক্ত পত্পকীবের স্থান—যদিও কোন কোন পত্পকীর
মতিকে কোন বিশিষ্ট কেন্দ্র মানুবের উক্ত কেন্দ্র হাণশক্তি-কেন্দ্র হাণ্ডাদি। বে সব পাথী নানাল্লপ স্থাই আওরাল দিতে পারে—বেমন মননা প্রকৃতি, তাহাদের প্রবংশিক্তিরের অন্তর্জাগে (Internal ear)
একটী বিশিষ্ট স্বর্জন (Organ of corti) মানুবের উক্ত বিশিষ্ট কেন্দ্র


বা আৰু নামুৰ হইতে উন্নত হইলেও কাহারই সহামতিক মামুবের ক্লান আকালে বৃহৎ ও জটিল নয়।

মলিকের এই কয়টা প্রতিকৃতি (Diagram.) হইতে কিছু কিছু ব্বা বাইবে—

বাাং থরগোস পায়রা মান্তব বে করটী পাণী কথাভাবা নকল করিয়া উচ্চারণ করিতে সমর্থ হয় তাহাদের মধ্যে টীয়া ও কাকাতরার জিহবা মাসুবের প্রিহবার প্রায় অনুরূপ, কিছ মহনার জিহবা সম্পূর্ণ ভিন্ন প্রকার। কাহারই গাত নাই সেজভ ওঠই তৎপরিবর্ত্তে কার্ব্য করিয়া থাকে। ওঠ, কিহ্না তালু ইত্যাদির গঠন মাকুষের ক্লার সমস্ভাবে না হইলেও ব্যঞ্জনবর্ণগুলির ধ্বনি একেবাবে অল্টাঃ ছর না। নাক বাহ্যিকভাবে না থাকিলেও তাহাদের নাসিকারৰ ই অফুনাসিক বৰ্ণ গঠনের পক্ষে যথেষ্ট। ওট কটিন হওয়ার বিভিন্ন আকার লওয়া সম্ভব নয় : সেজন্ত স্বরবর্ণগুলির উচ্চারণ ভিবো ও ভালুর সাহাযোই প্রায় ঘটিয়া থাকে। মাধার পুলি (Skull) ও মুপণ্ডার ধানি বাদ্ধারের প্রকোষ্টের (Resonating Chamber) উপবৃক্ত নর বিশিয়া ভাহার পরিবর্ত্তে কণ্ঠনালী (Trachea) এমন ভাবে গঠিত যে, প্রাঞ্জনমত ভাহার সংকাচন প্রসারণ হারাধ্যনি করারের কার্য নির্কাং করিয়া থাকে। স্বর্যন্ত ও প্রবণেক্রিয় বর্তমান এবং বিশেষ উন্নত। নিমের প্রতিকৃতি হইতে পক্ষীদের বাকা উচ্চারণের অক্সগুলির আকার কিছু বুঝা যাইবে। টীয়া। ময়না। কাকাতুলা।

ধ্বনি উচ্চারণের কস্ত যে সকল অঙ্গ প্রয়োজন তাহা মোটাষ্টি প্রাঃ সবই পাণীদের মধ্যে বিদ্যমান। কিন্ত এই অঙ্গশুলি প্রাকৃতভাবে কেইই নয়—ইহারা গৌনভাবে কার্যা করিয়া থাকে মাত্র। মন্তিষ্ট একমাত্র উপাদান বাহার উন্নত অবস্থার দারা মাসুখের পক্ষে কথা ভাষার অধিকারী হওয়ার সম্বাবনা ইইয়াছে। কিন্তু এই বিশিষ্ট পাথী কর্মীর কথাভাষা আরের করিবার ক্ষমতা দেখিয়া ইহাই কি মনে হর না যে তাহাদের মন্তিছে হয় ত বাক্য উচ্চারণের উপবৃক্ত কেন্দ্র সকল আংশিকভাবে বর্তমান; এবং তাহার উপবৃক্ত শিক্ষা ও চর্চার দারা কার্যকরী ইইয়া থাকে। নচেৎ ইহা কিরপে সম্ভব ?

মানুবের কথ্যভাষার সক্ষে পাথীর আংশিক উচ্চারণ ও কথাভাষা আয়ন্তের ক্ষমতার তুলনা দেওরা এ প্রবন্ধের উদ্দেশ্য নর—ইহার বৈজ্ঞামিক ভিত্তি নিরূপণের চেপ্তাই একমাত্র উদ্দেশ্য। আধুনিক জগতে অবৈজ্ঞানিক ভাবে কিছুই ঘটতে পারে না, সেজস্থ আশা করি, এই প্রবন্ধের আলোচা বিবর সম্বন্ধে বৈজ্ঞানিকদের দৃষ্টি আকৃষ্ট হইবে।



হাসপাতালে

শ্রীবিমল সেন বি-এস্-সি

(শেষার্দ্ধ)

সিষ্টার এবং একজন নাস খাটের উপর মুঁকিয়া দাঁড়াইয়াছিল। অধীর আদিয়া জিজ্ঞাদা করিল— ব্যাপার কি, সিষ্টার ? ··· হঠাৎ কি হল ?

দিষ্টাবের চক্ আর্দ্র হইরা উঠিয়াছে। ছেলেটার প্রতি তাহার একটু মারা পড়িয়াছিল।

বিশিশ — কি স্থানি ডাজার দত্ত; ছদিন থেকে পেট ভাল নেই-- স্থান্ধ ডোরবেলার হঠাৎ বমি করতে লাগল। দক্ষে সঙ্গে কী সে চীৎকার! বিছানার পড়ে পড়ে ছট্ফট্ করেছে। তারপর, এখন এই দেখুন অবস্থা!

জাবশুকীয় হই চারিটি প্রশ্ন করিয়া, এবং রোগীর পেট পরীকা করিয়া প্রথমেই স্থীরের মনে যাহা আশকা হইল, ভাহা রোগীর পক্ষে একেবারেই আশাপ্রদ নহে।

শক্তিভাবেই বলিল—একে এক্পি 'অপারেশন্ থিয়েটারে' পাঠাবার ব্যবস্থা কর, সিষ্টার। আমি সার্জনকে ফোন্ করতে চললুম!

হার কবী

বেচারি জন্! — ছেলেটা বৃঝি বাচে না!

বিদ না বাচে — ভাহা হইলে, রোগ শ্যায় পডিয়া উহার।

কী নিদাকণ শোকটাই না পাইবে। ভাবিতে স্থীরের

সমস্ত জন্মত বাখিত হইয়া উঠিল।

হঠাৎ এমন হইবে, ভাহা যে কেহ ধারণা করিতে পারে না!

'অপারেশন্ থিয়েটার'—
দিনে আট-দশটা করিয়া 'অপারেশন্' হইয়া থাকে।
আজও চিল।

কিছ, 'আংক্টেণ্' কেন্ আলিয়া পড়াতে, অস্থাস্ত 'অপারেশন্' স্থিতি রাখিয়া কবীর ছেলেকে আনিয়া 'টেবিলে' শোরান হইয়াছে।

ছোট খর। দেরাল, মেঝে সব পরিছার চক্চক্ করিভেছে।

ঠিক মাঝথানে অপারেশন্ টেবিল।
নানান কল-কজা লাগান। ইচ্ছামত উচু-নীচু,
কিছা এ পাশ-ওপাশে কাৎ করা চলে।

উপরে, প্রকাণ্ড ঘণ্টাক্বতি একটি আলো ঝুলিতেছে। অনেক দামী জিনিব। চারিদিকে আলীর টুক্রা লাগান—যাহাতে কাহারও ছারা পড়িয়া 'আপারেশন্ ফীল্ড' ঢাকা না পড়ে।

ছুইদিকে, ছোট ছোট সাদা টেবিলের উপর, ছুশো রকমের ষ্ম্মপাতি সাজান। মাথার কাছের টেবিলে, 'ক্লোরোফর্ম, ঈথর, মুখে পরাইবার 'মাস্ক,' এবং 'অক্সিজেন্ সিলিগুার' রহিয়াছে।

ছাতের কাছের চারিটা দেওয়ালে চারিটা 'সার্চ লাইট্'—বড় বড় চোধ মেলিয়া দেওলা টেবিলে শান্তিত রোগীর প্রতি চাহিয়া আছে।

সাৰ্জন হাত ধুইয়া, প্ৰস্তুত হইয়া দাড়াইলেন।

বিরাট পুক্ষ। পরণে সাদা আল্থালা। ছইহাতে পাত্লা রবারের দন্তানা। সমন্ত মুথ এবং মাথা কাপড়ের মুখোসে ঢাকা।

শুধু চোধত্টি থোলা রহিয়াছে। পার্থে, তাঁহার তুইক্ম এ্যাসিস্টেন্ট এবং সাহায্যকারিণী সিষ্টারেরও ঐ সাক্ষ। আল্থালা পরিয়া, মুখোসে মুখ ঢাকিয়া উহারা যেন ভ্তের মত দাঁড়াইয়া।

চেহারা দেখিয়া রোগীর প্রাণ **আতক্ষে শিহরিয়া** ওঠে।

কাহারও মূথে টুঁ শব্দটি নাই। ঘরে বোধ হয়, ছুঁচ্ পড়িলেও শব্দ শুনিতে পাওয়া যায়।

ছেলেটির পেট সাবান-বলে ধুইরা, টিংচার আইওডিন লাগাইরা দিরা, সিপ্তার প্রস্তুত হইরা দাঁড়াইল।

এইবার জ্জান করিবার পালা-এ্যানেস্থেটিটের কাব্য। ছেলেটির নাক এবং মুখ ঢাকিরা একটি কাপড়ের মুখোস রাখা হইল। এঢ়ানেস্থেটিই ভাহার উপর ধীরে ধীরে ক্লোরোফর্ম ঢালিভে লাগিলেন।

 পদ্ধ নাকে বাওরাতে শিওটি প্রথমে একবার পাশ-মোড়া দিরা উঠিল।

আর করেক ফোঁটা ক্লোরোফর্ম্ত

রোগী চীৎকার করিয়া, হাত পা ছুঁড়িতে লাগিল। আরও কয়েক ফোঁটা…

ধীরে ধীরে তাহার হাত-শা অবশ হইরা আসিল। গলা দিয়া নানা রক্ষের শব্দ করিতে করিতে রোগী অুমাইরা পড়িল।

একটা ক্ষক কাটিয়া কেলিলেও, সে ক্ষার টের পাইবে না।

ছুরি হত্তে সার্জন প্রস্তুত হইয়া দাড়াইয়া ছিলেন ৷
---রেডি ?

এ্যানেস্থেটিই শিশুর চোথের একট। পাত। উন্টাইয়া দেখিয়া বলিলেন—ইরেস, সার ! টাট্!

इबि ठनिन।

চক্ষের নিষেবে শিশুর পোটের উপর হইতে নীচে অবধি ফাক হইরা পেল।

মন্তানা-পরা ডান হাতটা প্রায় সম্পূর্ণ পেটের ভিতর প্রবেশ করাইয়া দিরা সার্জন সমস্ত 'ভিসের।' গুলি ঘাঁটেয়া দেখিতে লাগিলেন।

দর্শকেরা গলা বাড়াইয়া ঝুঁ কিয়া পড়িল।

কিছুক্রণ খাঁটিয়া সার্জ্জন, শিশুর পেটের ভিতরকার অব্যের একটা অংশ টানিয়া বাহির করিলেন। দেখা গেল, অব্যের একটা অংশ, আর একটা অংশের ভিতর চুকিয়া জড়াইরা গিয়াছে।

সার্জন পার্খের এ্যাসিসটেন্টের প্রতি ঝুঁকিয়া বলিলেন—ইন্টাসানেপ্শন্'—ক্টিকট ধরেছিলে।

কঠিন ব্যাধি—ছেলে-পিলেদেরই হইবা থাকে। ভংকণাৎ 'মপারেশন' করা ছাড়া রোগীকে বাঁচান মুখিল।

—টণ্, সার! পেশেন্ট্ 'ত্রীদ্' করছে না।
হঠাৎ, যাধার নিকট হইতে এ্যানেস্থেটিটের শক্তি কর্মস্ব শোনা গেল। রোগীর খাদ বন্ধ হইয়া গিয়াছে।

মুখ এবং আসুলের ভগাগুলি নীলবর্ণ হইরা উঠিগছে।

এগানেস্থেটিটের কথার সভে সভে অপারেশন
টেবিলের চারিদিকে যেন ঝড় বহিরা গেল।

সার্ক্তন ছুরি ফেলিরা তৎক্ষণাৎ সরিয়া দাঁড়াইলেন।

এ্যানেস্থেটিই এক লাকে রোগীর পার্ছে আসিয়া, ছই হল্ডে তাহার বৃকের ছই দিকে খন ঘন চাপ্দিতে লাগিলেন:

'আটিফিলিয়েল রেস্পিরেশন'।

কিছুক্ষণ এইরূপ করিলে, রোগী স্মাবার খাস-প্রখাদ লইতে থাকে।

--- चित्रक्षन निनिश्तात्रों। चान---नैश्त्रीद --

টিউবের ভিতর দিয়া রোগীকে অক্সিজেন দেওয়া হইল।

এ্যানেসথেটিষ্টের হাতের কান্ধ ক্রন্ততর হইরা উঠিতে লাগিল।

স্বার উৎকণ্ঠার সীমা নাই। হাতের কাল ফেলিয়া সকলে টেবিলের চতুপার্ছে বুঁকিয়া পড়িয়াছে।

রোগী এখনও ত খাদ লইল না।

টেবিলেই বুঝি মারা বার !

শাহা, এটুকু শিশু ! · · · · ·

হাসপাতালের পক্ষেও ত কলছের কথা।

`আমার পলের মিমিট ধরিয়া ঐ ক্ষুত্ত শিশুকে লইয়া ধত্তধ্বতি। এই বুঝি খাস লয়…এই বুঝি বাঁচিয়া ওঠে।…

কিছ, সে-দৰ কিছুই হইল না। ধীরে ধীরে তাহার হার্টের গতিও বন্ধ হইরা গেল।

এ্যানেস্থেটিট মাথা ইেট করিয়া স্বস্থানে ফিরিয়া গেলেন।

স্বাই কানসুদা করে ...

সবাই ছঃখিত-----

षाश, व'र्कू निच-----

সার্জন আবার ক্ষিপ্রহত্তে পেট সেলাই ক্রিরা দিলেন। অর্থপূর্ব দৃষ্টিতে চাহিয়া, ফিস্ ফিস্ করিয়া সিঠারকে বলিলেন—শীগ্রীর ওয়ার্ডে পারীয়ে লাও— এক্নি। ইহার অবর্প, —পরদিন রিপোর্ট বাহির হইবে— 'অপারেশ ওয়াজ ু দাক্দেদ্ফুল্; বাট্ পেদেন্ট্ দান্ড্ আফটার ওয়ার্ডদ্।"

কারণ, টেবিলের উপর রোগীর মরাটা কল্ফের কথা।

10 শিশুকে কোন্ড রুমের পরিবর্তে পুনর্কার ওয়ার্ডে
লইয়া যাওয়া হইল।

श्रंत्र कवी ... (वठांत्रि अन् ..

আজই ত স্থীর তাহাদের আখাদ দিলা আদিরাছে
—ভাল আছে বলিরা। তাহাদের কাছে যাইতে
প্রবীরের যেন পা জড়াইলা আদে।

স্বাইকে বার্ম্বার নিষেধ করিয়া দিয়াছে—এ সংবাদ ভাহাদের যেন এখন জানান না হয়। স্বার একটু সুস্থ না হইলে হয়ত শেষে সামলাইতে পারিবে না।

তুইদিন অতিবাহিত হইগা গেল।

স্থাীর হেঁট মাথায় ওয়ার্ডের কাব্র করিয়া যায়।

জন্ ছইবেলাই জিজাসা করে—কবী উঠে বসতে পারে আজ্কাল ? অবার বাছেটো কেমন আছে ? তাকে ত কই এথানে নিয়ে এল না ?

— আছে।, দেখব'— বলিয়া, ব্যস্তভার ভান দেখাইয়া সুধীর পলাইয়া যায়।

ক্ৰীও ভাল আছে।

দেখা হইলেই বলে—দেখুন, ডাক্তার দত্ত, সিষ্টারকে বলগুন,—সিষ্টার, বাচ্ছাটাকে এখানে নিয়ে এসো না কেন! এখানে এনে, কোলে নিয়ে বসে, বোতলটা এফট উচু করে ধ'র, তাহলেই দেখো, কেমন চুক্ চুক্ করে ছধ টানবে। আমাকে না দেখতে পেয়েই ত ও সমন করে...

স্থীর একটা কিছু বলিয়া সরিয়া যায়। এমন করিয়া ক'দিন চলিবে?

কন্-এর ত বাঁচিবার জাশা নাই; কিন্তু কবী আর একটু স্বন্থ হইরা উঠুক। নহিলে আবার একটা কিছু ^{ইইতে} পারে।

তৃতীয় দিন। অকান্ত রোগীদের ঔষধের ব্যবস্থা।

করিয়া, জন-এর বেডের কাছে গিয়া স্থীর দেখিল, সে গলা দিয়া রক্ত তুলিতেছে।

জরও বেশী। সুধীরকে দেখিরা, চুর্বল দেহ বিছানার উপর এলাইরা দিরা নির্জীবের মত পড়িয়া বহিল।

---ভড মর্নিং ডাক্তার।

—গুড মৰ্নিং।···**ভাজ ভাবার রক্ত উঠ্ছে** ? °

বলিয়াই সুধীর সরিয়া বাইতেছিল ৷ জন ডাকিল— ডাক্তার !

সুধীর দাঁড়াইল। দেখিল, জন-এর তুই চোথ বাহিয়া জ্বার-ধারা নামিয়াছে। চারিদিকে একবার দেখিয়া লইয়া, সুধীরের একটা হাত ধরিয়া জন বলিল—
সব ভনতে পেরেছি, ডাক্তার । অমাকে বলতে ত বাধা ছিল না; পা'ত বাড়িয়েই আছি। অবিদিও যে
মরবে তা

সুধীর কাঠপুতলিকার মত দাঁড়াইয়া রহিল।

কে যেন সংবাদ দিয়া গিয়াছে। কভদিন আর চাপা থাকিবে!

একটু সামলাইরা লইরা জন্বলিল—যাক্, আমি ত তার কাছেই চল্লুম। কিছ ডাক্তার, ভোমার পারে ধরে বলছি, কবীকে এ সংবাদ এখনও দিয়ো না। সইতে পারবে না। সেবে না ওঠা পর্যন্ত ও বেন টের না পার। তেএ ব্যবস্থাটি ভোমাকে করতে হবে, ডাক্তার। আমি সিটার, নার্স, এমন কি ওয়ার্ড বয়গুলোরও পারে ধরে মনতি করেছ। জান ত ডাক্তার, ছেলেটা ওর চোথের মনি ছিল—সামলাতে পারবে না।

সুখীরের ছাত ধরিয়া সে আবার ঝর্ ঝর্ করিয়া কাঁদিয়া ফেলিল।

ক্বীর হঠাৎ আন্ধ আবার জর আসিয়াছে। মাথার বালিশটা বুকের উপর চাপিয়া, মুথ ঢাকিয়া সে পড়িয়া ছিল। সুধীর চোরের মত পা' টিপিয়া আসিয়া, তাহার ব্যবস্থা-পত্রাদি লিখিয়া আবার চুপি চুপি সরিয়া বাইতেছিল। ক্বী হঠাৎ মুধ তুলিয়া ডাকিল—
ডাজার দত্ত।

বালিশটা চোধের জলে ভিজিয়া গিয়াছে।
স্ণীরের ব্ঝিতে বাকি রহিল না যে, ক্বীর কাছেও
সংবাদ আগ গোপন নাই।

কাছে গিয়া গাড়াইতে, সে কীণ কাতর কর্থে কাঁদিয়া বিলিল—জন্কে এ সংবাদ দিয়ো না, ডাজ্ঞার দত্ত। তার ব্কের অস্থ, ভনলে বৃক্থানা ফেটে চৌচীর হয়ে যাবে। তাকে বোলো, বাচ্ছাটা ভালই আছে—তার নায়ের কোলের কাছে ভারে তেমনি চুক্ চুক্ করে তুদ খায়, হাসে, কথা কইতে চেটা করে। প্রতিজ্ঞা কর ডাজ্ঞার, প্রাইকে বলে দিয়েছি—ভারাও কেউ বলবে না। পর বলরে উঠক, তারপর তুজনে মিলে, শস্তু কৃঁতে বরে

বদে বদে কাঁদৰ সমস্ত দিন সারা জীবন! ছেলেট। জন-এর অদ্বের নড়ির মত ছিল, ডাক্তার!…

বলিয়া, আবার বালিশটা বুকের উপর আঁকড়াইয়া ধরিয়া রুবী কাঁদিতে লাগিল

স্কোনার জন্

সোনার জন্

স

তিন দিন পরে। বেডের চারিদিকে পর্দা দেওয়া। নার্স আসিয়া, ভাহার মৃতদেহ কম্বলে ঢাকিয়া, চোধের পাতাগুলি বন্ধ করিয়া দিয়া চলিয়া গেল।

সিষ্টার **আসিরা, এক**বার দেখিরা, ওরার্ড বয়কে বলিরা গেল—চাদরটা বদ্লে দিস্।

আমারে স্মরিয়ো সবে

শ্রীজোৎসামাথ চন্দ এম-এ, বি-এল্

۵

আমি ধবে রহিবনা ভোনাদের ধরণীর 'পতে, আমারে স্থারিয়ো সবে. করিবো না গুণা হেলা-ভরে— আছে দোষ-ক্রটী, ক্রটীর কুটীরে মানবের মেলা. ভবু ক্ষমিয়ো আমারে —ভূলের ভূবনে মিথাার খেলা! 9

আমি যবে রহিব না তোমাদের ধ্বণীর 'পরে. জ্যোৎস্থার আলো নিভে যাবে কিলো বেদনার ভরে ? যত অজ ফেলিয়াছি আর গাহিগাছি যত গান, ভারা কি হেথায় হায় কোন বৃক্তে লভে নাই স্থান ?

চোখে যারে লেগেছিলো ভালো তারে দিছ দ্র:করি, ভূবে যাবে জানি মরণের কূলে গারণের তবী— তবু করি হাহাকার, বুকে জলে সাহারার জালা,

महत्नत इल अ की मिल शांद्र भिन्तन गान। ?

যাক, চুকে যাক্—ছভিযোগে আছ নাই কোন কাৰু, যে ম্বপন ভাই মোটে ফলে নাই ভারি লাগি লাক! মৃত্যু বিরেছে মোরে, ছটা আঁথি তবু জলে ওঠে ভরে— অশ যার নিভ্য-সাধী ভারে নিতে আসা এত করে!

যদি কোনদিন তোমাদের আমি দিয়ে থাকি দাগা, আৰু শুধু আছে বাকী জোড় হাতে কমাটুকু মাগা— কোনদিন যদি আমি গেয়ে থাকি বেশনার গীতি, সবি ভূলো ভাই, আৰু কিছু নাই—আছে শুধু প্রীতি!

অতীতের ঐশ্বর্য্য

শ্রীনরেন্দ্র দেব


আদিম আর্ঘ্য উপনিবেশ

(কারকেমিষ্)

্ফেটিস্ নদীর দক্ষিণ তীরে আলেপ্রো নগরের প্রায় পচাতর মাইল উত্তরে যেখানে বর্তমান আরবপল্লী জের। মুস্ প্রতিষ্ঠিত হরেছে, অহমান কিঞ্ছিদ্ধিক চার হাজার বংসর পূর্কে সেখানে প্রাচীন সিরিয়ার অন্তর্ভূকি কার্কেমিশ বা কারকেমিয্ রাজ্যান স্থাপিত হয়েছিল।

কিছুদিন পূর্বেও এশিয়ার সহিত যুরোপের একটা। সহজ্ঞ সংযোগ ভাপনের উদ্দেশ্যে জার্মাণ কর্মীরা যে

বাণিজ্যগত সংযোগ স্থাপনে সক্ষম হ'লেছিলেন। কারণ বিশাল যুক্টেটিন্ নদীর যে কয়টি পারবাট আছে তার মধ্যে এই কার্কেমিশের বাটটিই যুরোপের সর্বাপেকা নিকটতম। গ্রীমের সময় এথানে নদীর জল এত কমে যায় যে হেটেও নদী পার হওয়া চলে। এই স্বিধাটুকু থাকার চার হাজার বৎসর পূর্বেষ ধখন বেলগাড়ী বা গ্রীমার প্রভৃতি ছিল না, মাসুষ ধখন উটের পিঠে, বোড়ায় চড়ে, বা



কারক্ষেমিয্ নগরের ধ্বংসাবশেষ। (পাষাণ ভিত্তিমূলে উৎকীর্ণ শিলাচিত্র)

বোল্দাদ-বার্নিন রেলপথের পরিকল্পনা কার্য্যে পরিণত
ক'বতে উত্তত হরেছিল তারা মুফ্রেটিন্ পার হবার জন্ত টিক্ এইথানেই প্রকাও সেতৃ নির্দাণের আব্যাঞ্জন
করেছিল। চার হাজার বংসর পূর্কের মান্ত্রেরাও টিক্
এই প্রদেশেই পশ্চিমের সহিত পূর্কের একটা রাষ্ট্রীয় ও

নৌকা নিম্নে বাণিজ্য-যাত্রা করতো সেই সময় এই কার্কেমিশ হয়ে উঠেছিল তাদের একটা প্রধান বাণিজ্যকেন্দ্র।

কার্কেমিশের বাজারে আসতো বাণিজ্যসন্তার নিরে সারি সারি উটের পিঠে মেসোপোটেমিয়ার বণিকের দল।

পারক্ষের ও কুর্দিস্থানের বাণিজ্য ব্যবসায়ীরা আসতো তাদের দেশের শিল্প-সামগ্রী নিরে। এখানে ভাদের र्माक (मध) इ'क मिनंद ७ किनिनीय विवक्रमच्छानाय अवः উত্তর হিট্টাইটের ব্যবসায়ীদের। কার্কেমিশের রাজ-সরকার সকল দেশের বণিকদের নিকট শুদ্ধ আদার করতেন, কলে কার্কেমিশের ধনসম্পদ সিরীয়ার অন্ত সকল প্রদেশের অপেকা সত্তর বৃদ্ধি পাওয়ায় কার্কেমিশ একটি সুসমূদ্ধ রাজ্যে পরিণত হরেছিল।

कांट्यान अधिवानीया नकत्वर श्विष्टेहे । अत्वत चापिम निवांत हिन अभिया बाहेन्टत । हिम्रोहेटछेता একটা মিল্লাভি ৷ এরা কতক সিরীয়ার—কতক এশিয়া

কাহিনী। কারণ তারা অনেকগুলি কুল্ল কুল রাজ্যে বিভক্ত হ'য়ে স্বস্থ স্বাধীনতা ঘোষণা করেছিল। এই সর कुछ द्रांका छनित मर्था आविति मनामनि हिन श्रुत (यभी। যে কোনো তুই পক্ষের মধ্যে যুদ্ধবিবাদ আরম্ভ হলেই ভারা বলবৃদ্ধির জল অক্লাক্ত দলের সহিত একভাপ্তে আবন্ধ হ'ত। শেষে একজন শক্তিশালী নূপতিকে সার্ব্যভোম বলে স্বীকার ক'রে নিয়ে সকলে ভার শাদনাধীনে আসতে বাধা হ'ত।

খৃষ্টজন্মের আড়াই হাজার বৎসর পূর্বেও হিট্রাইট্নের মধ্যে যে একটা প্রাচীন সভ্যভার বিকাশ লাভ ঘটেছিল ভার একাধিক প্রমাণ পাওয়া গেছে। কেবল যে ব্যবসা




মন্দিরাভ্যস্তরত্ব গর্ভগৃহ। (গর্ভগৃহে কোনো কারুকার্য্য ছিল না, দেবভান্ন বেদীও আৰু শৃষ্ক, কিছ নাটমন্দিরে পাথরের যুগার্ঘবাহিত জ্লাধার ও হোমকুও প্রভৃতি পাওয়া গেছে)

মাইনর কভক বা ককেশিরার লোক। এদের ভাষাও हिन विश्वित । विद्वेषिट एक मध्या हैटन्त्रा-बूद्यांशीय श्वायात्र व्यक्तनरे हिन दानी। अत्नक्ते श्रीक्लायांत्र महन व ভাষার সাদৃত্য পাওয়া যায়৷ ঐতিহাসিকেরা অভ্যান করেণ যে গ্রীক্ষীপপুঞ্জের মধ্যে ক্রীটে বে প্রাচীন সভ্যভার বিকাশ হুৱেছিল ইলোয়ুরোপীয় ভাষাভাষী হিটুাইটেরা ভালেরই আশ্রীর। हिद्देशिरेहेटलत ইভিহালের অধিকাংশ পুঠা কেবল তাদের নিজেদের মধ্যে যুদ্ধ-বিগ্রহের রপকৌশলে হিটাইটয়া একদিন সকলের অগ্রগণ্য হ্রে

বাণিজ্যের দিক দিয়েই তাদের মধ্যে একটা স্থানির্ভিট ব্যবস্থা প বিধিবশ্ব শৃত্যলা প্রচলিত ছিল তাই নয়, বিচারবিভাগেও ভাদের বেশ একটা উন্নত ও স্ববিহিত ব্যবস্থার পরিচয় পাওয়া যায়।

হিটাইটরা প্রথমে মেসোপোটেমিয়ার অধীনে মিত্র-রাজ্য হিসাবে কার্কেমিশ শাসন ক'রত বটে, কিন্তু প্রে এ অবস্থার সম্পূর্ণ পরিবর্তন ঘটেছিল। শৌর্য্যে বীর্য্যে ও



কারকেমিধের প্রমোদ-উভান। (এই উতান বেটন ক'রে যে প্রাচীর ছিল ভার পাষাণ-ভিত্তিমূল সমন্তটা উদাত শিলাশিলে বিমণ্ডিত ছিল)

উঠেছিল। মেসোপোটেমিরা কর করে খুইপূর্ক অটানশ শতাব্দীর মাঝামাঝি ভারা বাবিলন আক্রমণপূর্কক নগরটি সম্পূর্ণ বিধনত করেছিল।



রাজপ্রাসাদের অভ্যন্তরত্ব প্রাচীরগাত্তের ভাত্মর্য্য ভূষা। (প্রাসাদের প্রভ্যেক ককে চারিদিকের দেওয়ালে এইরপ উদগত শিলা-শিল্প প্রাচীরের কটিহার রূপে ব্যবহৃত হবেছে)



বর্শাখারী হিট্টাইট সৈত। (নগরপ্রাচীরে এইরপ সৈক্তশ্রেণীর উদগত শিলাচিত্র উৎকীর্ণ আছে। এদের বেশভ্যা অনেকটা খৃঃপৃঃ পঞ্চম শতান্ধীর এীক্ সৈনিকের মন্ত)

এ সকল ব্যাপারের বহুপূর্বে কার্কেমিশ ছিল মুক্রেটিলের ধারে একটি ক্ষুত্র পঞ্চাম মাত্র। এই গ্রাম ক্রমে বিভার লাভ করে একটি প্রকাণ্ড নগরে পরিণত


হরেছিল এবং সেই নগরকে কেন্দ্র করে শেষে বিরাট হিটাইট্ সাম্রাক্ষ্য গড়ে উঠেছিল। ব্যবসা বাণিক্ষ্য ক্ষাতীয় সম্পদ্ধ রাক্ষ্য বিস্তারের সলে সক্ষে হিটাইট্টা কার্কেমিশ নগরটিকে অন্দৃঢ় ও সুরক্ষিত করবার উদ্দেশ্যে ক্রমে এটিকে একটি বিশাল তুর্বে পরিণত করেছিল। শহরের চারিদিক বেষ্টন করে গভীর থাল খনন ক'রেছিল এবং প্রায় বাট ফুট উচ্ ভিতের উপর তুর্লভ্যা নগরপ্রাকার নির্মাণ করেছিল। নগরটিছিল ডিখাকার এবং তার পরিমাপ নরলক্ষ বর্গফুট। নগরের মধ্যে রাক্সপ্রাদাদ সৈম্পাবাস ও দেবদেবীর মন্দির ছাড়া বহুলোকের বাসভবনও ছিল।

কার্কেমিশের এই পরিবর্তন বা রূপান্তর কোন্
শতানীতে ঘটেছিল তা সঠিক নির্ণন্ধ করা যায় না।
ঐতিহাদিকেরা কেউ কেউ বলেন বৃঃপূর্ব্ধ তুই সহত্র
বংসর পূর্কে, অর্থাৎ বে সময় দিরীয়ায় দিতীয়বার
ফিট্রাইটদের প্রাধান্ত প্রতিষ্ঠিত হ'রেছিল। আবান কেউ
কেউ বলেন খৃঃপূর্ব্ব দিতীয় সহপ্রান্দের মাঝামাঝি হিটাইট
সামাজ্যের চরম উন্নতি ও প্রবল্পতাপের যুগেই এই
কার্কেমিশ শহরটিকে একটি তুর্ভেন্ধ তুর্গে রূপান্তরিত করা
হয়েছিল।

খ্বংশ্: চত্দিশ শতাকীর প্রথমতাগে কাপ্লাডোশিয়ার হিট্রাইটনের প্রতাপ অত্যন্ত বৃদ্ধি পেরেছিল। এই সময় কাপ্লাডোশিয়ার হিট্রাইট্রাক স্থাবিবলুলায়ুমা সার্বভৌম অধীখর হরে সমস্ত এশিয়া মাইনর ও উত্তর সিত্রীয়ায় একাধিগত্য বিস্তার করেছিলেন। এঁর বিক্তর-অভিযান মিশর সাম্রাজ্যের সীমানা লঙ্ঘন ক'রতে উত্তত হরেছিল বলে মিশরপতি ফ্যারাওদের সভে এঁর প্রবল মুদ্ধ চলেছিল। এই মুদ্ধের জের দীর্ঘকালেও শেব হয়ন। পরবর্তী হিট্রাইট্রাক ও ফ্যারাওদের মধ্যেও নিয়ত মুদ্ধবিগ্রহ লেগেছিল। প্রায় অর্থশন্তাকীর পর খুঃপৃঃ ১২৭০

সালে মিশরের সঙ্গে হিটাইটদের যথন সন্ধি স্থাপিত হ'ল তথন উভরপক্ষই বলক্ষরে বিশেব ক্ষতিগ্রস্ত হরে পড়েছে। হিটাইট্রা এরপর আর মাথা তুলতে পারেনি। পরবর্তী অর্থন ভাষীর মধ্যে দক্ষিণপূর্বর মূরোপ হ'তে বিদেশী

কিছু পাওরা বাফনি। প্রাচীন কার্কেমিশ শহরের কেবলমাত তুর্গপ্রাকার ও ভন্মধ্যক্ত করেকথানি প্রাভন বাসভবন পাওরা গেছে। এই বাসভবনের ভল্লেশে মৃতিকার নিমে কতকগুলি সমাধিকক্ষ আহিছত হ্রেছে।



উলাত শিলাচিত্র। (রাজপরিবার বিজয়ী সৈনিকদের সম্বর্জনা করতে অগ্রদর হ'চ্ছেন)


আক্রমণকারীরা এসে বারম্বার হিট্রাইটদের রাজ্য বিধ্বন্ত ও হিট্রাইট জাতটাকেই প্রার বিলুপ্ত ক'রে দিয়েছিল। একে একে কর্কেমিশ্ ও কাপ্লাডোশিরা ধ্বংদ ক'রে তারা

মিশরের দিকে অগ্রসর হ'রেছিল, কিন্তু ফ্যারাও তৃতীয় র্যামেশিদের শিক্ষিত বাহিনীর কাছে বাধা পেয়ে তারা নিরস্ত হ'তে বাধা হ'রেছিল।

নীলনদের নাগাল না পেরে ভারা হিট্রাইটদের সক্রেই বসবাস ক্ষক করে দিলে। এদের মিলিভ চেষ্টায় ক্রমে ধ্বংসভ্পের উপর নৃহন করে কার্কেমিশ শহর গড়ে উঠলো। এর পর থেকে উত্তর সিয়ীয়ায় হিট্রইট্ সামাজ্যের প্রধান নগর হ'রে রইল এই কার্কেমিশ। বিটাশ মিউজিয়মের পক্ষ থেকে যে প্রত্তাত্তিকের দল এই বিলুপ্ত প্রাচীন নগরের সন্ধানে গিরেছিলেন তাঁদের অক্লান্ত চেষ্টায় ১১৯১ সাল থেকে ১৯২০ সাল পর্যন্ত ক্ষেরারুস্থনন করে যে কার্কেমিশ নগর উদ্ধার হ'রেছে ক্ষে এই বিতীয়বারের নবনির্দ্ধিত কার্কেমিশের ক্ষাল। প্রাক্-প্রতিহাসিক মুগের নিদর্শনের মধ্যে পাথরের

তৈরি অস্থপন্ন এবং মাটীর তৈরি তৈজসপত্র ছাড়া আর

এই সমাধিককগুলি প্রস্তর নিমিত এবং শবদেহ যাতে এর মধ্যে সম্পূর্ণ লম্বমান অবস্থায় শায়িত রাথা যার এরপভাবে এশুলি প্রশাস্তঃ প্রত্যেক সমাধিককে শবদেহের পার্যে




সিংহারট হিটাইট্ দেবতা। (চন্দ্র ও স্থা। স্থোর উভর কর আলোকপক সংযুক্ত)

মৃতের ব্যবহৃত অস্ত্রশন্ত্র ও তৈজ্বপত্ত পাওরা গেছে। তৈজ্বপত্ত্রগুলির মধ্যে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করে একপ্রকার পানপাত্র যার তলার দিকটি খুব সরু ও দেখতে। বিশেষজ্ঞাদের মধ্যে কেউ কেউ বলেন এগুলি লখা। অনেকটা আধুনিক মদের গেলাদের মত পানপাত্র নর, মৃতের শিররে জেলে দেওয়া তৈল-প্রদীপ



ধ্বংসাবশিষ্ট রাজপ্রাসাদ । (প্রাসাদের দেওয়া লে উদগত শিশাচিত্রে নানা রাজকীর্ত্তি উৎকীর্ণ রয়েছে)



ব্যবর। (নিপুণ শিল্পীর হাতে গড়া এই পাষাণ ব্যয্গল হিটাইট ভাল্পযোর ব্যবিষ্ঠ ভদীর সদে আমাদের পরিচর করিয়ে দেয়। এই ব্যবাহনের উপর যে মৃষ্টি ছিল সেটি অপমৃত হরেছে)

মাত্র! যাই হোক, এ গুলিকে পানপাত্র ব'লে ধরে নিয়েই এ যুগের নাম-করণ হয়েছে "খ্যা ম্পে ন যুগ।"

কার্কেমিশ শহর দ্বিভীয়-বার নির্মাণ করবার সময় হিটু ইটুরা যে নগর-প্রাকার গড়েছিল ত.'ইইকে নিৰ্দ্মিত। কিন্তু প্রাকারের মূলদেশ হ'তে কটি পগ্যস্ত বড় বড় পাথর দিয়ে সাঁথা। পাথর-গুলি এক একখানি পনেরো ফুট দীর্ঘ এবং সাড়ে চার ফুট প্রশন্ত। অথচ এই বিশালকার পাথরগুলিকে এমন অবলীলাক্রমে তারা গেঁথেছে যে দেখে বিশ্বিত হ'রে আধুনিক জগতের लाटकता ভाবে शिद्वाहिष्ठ স্থপতিরা কি বিশ্বকর্মা ছিল ? कात्रम, तृहर পाधत्रखनिएक এত উচ্চ প্রাচীরের আকারে পেঁথে ভোলার মধ্যেই যে তাঁরা অন্তুত ক্তিত্ব দেখিয়ে-ছেন, তাই নয় কোনো-প্রকার মালমশলার সাহায্য ना निरम् अभन निश्रमणाद এই পাথরগুলিকে সাজিয়ে-ছেন যে ছ'शनि পাপরের क्षांएव मूर्थ जत्नक ८०हे। করেও একথানি ছরির ফলা टार्टिन क्वार्ता योव ना ।

নগরের দক্ষিণ ভোরণ-

ষারও এইক্লপ বড় বড় পাথরে গাঁথা। এ পাথরগুলির প্রত্যেকথানি ন'কুট লখা এবং চারফুট মোটা। এই পাথ-রের বিরাট ভোরণদার নগরের ঐখর্য্য ও মর্যাদার পরি-চারক। ভোরণদারের প্রবেশ-পথের উত্তর পার্যে পাথরের

সিংহ শ্রেণী আছে। এই সিংহগুলি মুধব্যাদান করে রয়েছে। তাদের তীক্ষ দক্ত পথিকের তীতি উৎপাদন করে। তোরণ-দারের উপর বে পাথরের নির্দিত রক্ষীদের গৃহ আছে তাহার উপর আবার নিধ্বচ্ডা শোতিত।



হিট্টাইট্ দেবদেবীর মৃর্ত্তি। (প্রমোদ-উচ্চানের প্রাচীর-গাত্তে থোদিত বিজয় শন্ধীর মূর্ত্তি)



রধারত বোদা। (পূর্ব্বোক্ত ব্যব্রের ভার এই রথাবের মধ্যেও হিট্টাইট্ শিরের বে বিশেষত্ব চ'বে পড়ে ভাতে বৌঝা বার হিট্টাইটর। ছিল বাত্তবাসক্ত ভাবভারিকের দল)



নৃসিংহ দেব (পক্ষসংযুক্ত সিংহ-দেহে বীরের মৃর্জি ! হিট্টাইটদের পৌরাণিক দেবতা)

ভোরণদারের পথও প্রস্তর-নির্দ্ধিত। দীর্ঘকাল ধ'রে আসংখ্য রথচজের বর্ষণে পথের পাথরগুলি স্থানে স্থানে করপ্রাপ্ত হরেছে। ভোরণ দারের একদিকে একটি বিরাট শুদ্র মর্দ্ধার মৃর্দ্ধি স্থাপিত আছে। বিশেষজ্ঞেরা বলেন দীর্ঘশার্মুক্ত ও মন্তকে উফীযমন্তিত এই মূর্দ্ধিটি কোনো হিট্টাইট্ রাজার প্রতিমৃত্তি।

নগরাভ্যস্তরে যে সকল বাসগৃহ ছিল বিদেশীদের
আক্রমণে তা বিধবত হরেছে বলে মনে হর। সমস্ত
শহরটি যে একসমর ভরতুপে পরিণত হরেছিল আজও
তার প্রমাণ পাওরা বার। যে সকল মৃতি-খোদিত
প্রতর্থও পাওরা গেছে সেওলিরও অতিত্ব হরত
থাকতো না বদি না ঘিতীরবার কার্কেমিশ শহর নির্মাণের
সমর এই পাথরওলি আবার ব্যবহার করা হ'ত। এ
মূগে আর গৃহতলে মৃতকে সমাহিত করার প্রথা প্রচলিত
ছিল না। শহরের আট মাইল দ্রে একটি পৃথক সমাধিক্রের আবিকার হরেছে। তবে, এখানেও প্রত্যেক সমাধি-

গতি বধেষ্ট প্রশন্ত এবং মৃতদেহগুলি সেখানে সম্পূর্ণ লখমান ক্ষরত্বার পারিত ছিল। এ বৃগের সমাধিগুলির বিশেষত্ব হচ্চে কোনোটিভেই আর মৃতের শিররে ক্রা-পাত্রের মত পানাধার বা প্রদীপ দেওরা নেই এবং মৃতের পার্মে থে অন্ত্রপত্র রাখা হরেছে সেগুলি ত্রোজের তৈরি। মাটার তৈক্ষদপত্রগুলিও বেশ উর্ল্ভ ধ্রণের, সুগঠিত এবং রং লোকেদের কোনো সম্পর্কই ছিল না! এরা সম্পূর্ণ ভিন্ন জাতীর লোক! ভবে হিট্টাইট্ শিকা ও সভ্যতাই বে ভারা গ্রহণ করেছিল ভার প্রমাণ পাওরা যার তাদের ভারা ও লিপির মধ্যে! সেই একই হিট্টাইট্ ভাষায় এ যুগের একাধিক প্রস্তর-ফলক ও স্বভি-ত্তভের উপর সেই হিট্টাইট্ চিত্রাক্ষরে (Hierogliphic) নানা লিপি



সিংহাসনাক্ত গ্রুজ্বাহন দেবতা। (হিটাইট্লের এই গ্রুজ্বাহন দেব্জুক্তার সংক্ আমানের গ্রুজ্বাহনের বাহনগত সাদৃত্য থাক্সেও আকৃতিগত সাদৃত্য কিছু নেই)

পালিনে উজ্জ্ব। মৃতরাং, মৃৎশিরেরও বে দে যুগে প্রভৃত উত্তরিভানাধিত হয়েছিল এ কথা নিঃসংশরে বলা বার।

এই দিজীরবার সংস্থাপিত কার্কেমিশের অধিবাদীদের সলে জাবার তৃতীর পর্য্যাদের হিটাইট বৃগের এত বেশী পার্কিয় বে মনে হয় দেকালের লোকেদের সজে একালের



হিটাইট্রাজজনবরের প্রতিমৃত্তি (মৃতি
শিল্পেও হিটাইট ভাক্সরেরা যে
ক্ষক ছিলেন ভার পরিচয়
পাওয়া যায় এই রাহন
মৃতিঞ্লির মধ্যে)



পাথবের নিংহাসন (করক্ষেমিবের রাজ-প্রাসাদে পাওয়া গেছে)

খোদিত হ'রেছিল দেখা বার। পরবর্তী যুগের ভাষ্ঠ্য ও স্থাপত্যকলার মধ্যে

এবং অসন্ধার প্রভৃতিভেও হিট্টাইট প্রভাব পূর্ণনাত্রায় পরিলক্ষিত হয়। তবে, এই সভে আহরীর (Assyrian) শিল্পের প্রাত্তবিও কিছু কিছু চোবে পড়ে। কিছ, এ যুগে লক্ষ্য করবার মত স্বচেরে বড় পরিবর্ত্তন হ'ছে হিট্টাইটরা এই সমর থেকে মৃতদেহ

আর সমাধিত্ব না করে অগ্নিসংকার স্থক করেছিল। মতনেত্রে অভ্যেষ্ট-ক্রিয়া হ'চ্ছে একটা জাতির ধর্ম-দক্তান্ত ব্যাপার। আর ধর্মের ব্যাপারে সেকালের लाटकबा (य दबन अकड़े दर्गांडा हिल्लन अ कथा वलाई বাহুলা। অথচ সেইদিক থেকেই এত বড় একটা পরিবর্ত্তন সে যুগে কেমন ক'রে যে সম্ভব হ'রেছিল এ मयाक अञ्चलकान क'श्राम काना यात्र दय विदेशिकेटलात माथा मकन्तिक निरबर्धे थ ममत्र थक्छ। विवाधि পরিবর্ত্তন এসেছিল। ভারা এ সময় ত্রোঞ্জের পরিবর্তে লোহ-

এই সমন্ত পরিবর্তন দেখে এ কথা নিঃসংশরে বলা যায় যে এ সময় যায়া এখানে এসেছিলেন তাঁরা এশিরা गहिनदत्तत्र प्रक्रिन शक्तिम कारमञ्ज किंधवानी । टमहेथात्नहे একদিন हिहारिहेटमत्र काक्षाटणानित्रा तासा गए छेट्ट-ছিল। নবাগতেরা আর কিছু না করুক ভাদের জাতীর বৈশিষ্টাটুকু হারায় নি। হিট্টাইটদের জীবনযাপনের প্রাচীন ধারা এবং কার্কেমিশ নগরের অতীত মর্য্যাদার কথা তারা ভোলেনি। সেইদিকে লক্ষ্য রেখেই তারা নুতন করে কার্কেমিশ শহর প্রতিষ্ঠা করেছিল এবং ভার



বিক্ষোৎসব। (বাদকেরা শৃক্নাদ ক'রছে ও ঢাক বাজাচ্ছে, মেয়েরা শৃত্যও প্রদীপ নিয়ে বরণে অংগ্রন্ত, বংশীধ হাতে পুরোহিতের। আমাশীর্কচন উচ্চারণ করছেন। বলির জয় উৎস্থিত মুগস্ককে যুবকেরা মহোলাসে চলেছে মন্দিরের পথে)

তাদের মৃৎশিল্প এযুপে এন্তদ্র উল্লভি লাভ ক'রেছিল যে সে সৰ অগঠিত রঙীন কারুকার্য্পচিত ও উজ্জ্ব পালিশ করা মাটির তৈজ্ঞসপত বেংখ বিম্মিত না হ'লে शांदा यात्र ना ।

নির্শ্বিত অন্ত্র-শত্র ও ব্রপাতি ব্যবহার ক'রতে নিথেছিল। । সীমানাও প্রের চেয়ে অনেকটা বিস্তৃত করেছিল এ যুগের স্থাপত্য ভাস্কর্য ও শিল্পকা অনেকটা স্মবিকৃৎ অবস্থার পাওয়া গেছে ব'লেই হিট্টাইটদের সহজে আমর আৰু অনেক কিছু জানতে পারছি।

নদীভীরে ধে নগর ভোরণ নির্মিত হ'রেছিল সেধা

বেকে একটি প্রস্তর-মণ্ডিত প্রশন্ত গথ চ'লে গেছে তুর্গ প্রদক্ষিণ করে নগরের মধ্যে। এইদিকের নগর-প্রাচীরে অসংখ্য শিলা খোদিত ও উদ্যাত ভাষ্মর্য শিল্পের নিদর্শন পাওয়া বার। উপরোক্ত পথের তু'খারে ছিল অসংখ্য প্রাসাদত্ল্য অট্টালিকা। একটি মন্দিরের স্থদীর্ঘ সোপান-শ্রেণী দেখে অস্থমান হয় মন্দিরটি ছিল শহরের মধ্যে সক্ষচেরে উচু। মন্দিরের এই সিঁড়ির তু'পান্দের দেওয়ালে নানা দেবদেবীর ন্র্রি উৎকীর্ণ ছিল। প্রত্যেক দেব-দেবীর মৃত্তিঃ সঙ্গের নিজ নিজ বাহন ও ভক্তের প্রতিমৃত্তিও উৎকীর্ণ করা আছে।

বুকে। এই সোপান-শ্রেণীর উভর পার্যের প্রাচীর-মৃচ্ছে কাল পাথরের কটিবেইন (Dado) বিবিধ ভান্ধর্যা শিল্পে মণ্ডিত ছিল। সোপান-শ্রেণীর মধ্যে মধ্যে বে গতিবিরামক অবতরণিকা আছে শত্রুর পথরোধের জন্ত সেই সব চন্দ্রের সন্মুখে বিশাল কবাট সংলগ্ন রয়েছে। এই কবাট-বক্ষে পক্ষ সংযুক্ত রবিচক্র উৎকীর্ণ করা আছে। হিট্টাইটদের রাজ-প্রতীক এই রবি-চক্র। সোপান-চন্দ্রের প্রত্যেক কোণে কাল পাথরের বড় বড় সিংহ স্থাপিত রয়েছে। এরা যেন পরের পর নাড়িরে প্রাসাদের ক্রমোচ্চ উপর তলার ভার ভারাভাগি করে বহন করছে



রাজপ্রাসালের দীর্ঘ সোপানপ্রেণী ৷ (এই সোপানপ্রেণী রাজপ্রাসাদ হ'তে নেমে এসেছে একেবারে প্রমোদ-উভানের বুকে)

মন্দিরের প্রার সমত্ল্য ঐশগ্যমণ্ডিত ছিল কারক্ষেমিবের রাজপ্রাসাদ। এই রাজপ্রাসাদও নদীতীর হ'তে
অনেক উচ্চ ভূমিতে এক টিলার উপর নির্মিত। এখানেও
দীর্ঘ সোপান-শ্রেণী উত্তীর্ণ হ'রে উপরের প্রাসাদে প্রবেশ
করতে হয়। রাজপ্রাসাদের সজ্বত্ত নিয়ভূমিতে একটি
বিশাল প্রমোদ-উভান ছিল। এ উভানে সাধারণের
বিহারে অধিকার নিষিদ্ধ ছিল না। রাজপ্রাসাদের
সোপান-শ্রেণী নেমে প্রস্থিত প্রকেষারে এই উভানের

এবং বিকট মুখভদী করে অন্ধিকার-প্রবেশকারীকে ভর দেখাছে।

রাজপ্রাসাদের দক্ষিণে এক প্রকাণ্ড পাবাণ ব্যস্ত
আকাশের দিকে মাথা তুলে বেন আহোরাত্র জগতের
কাছে বোবণা করছে হিট্টাইট রাজশক্তির বিপুল মহিমা।
এই ব্যস্তগাত্রে খোদিত আছে চক্র ত্ব্য দেবতাছরের
প্রতিমূর্স্তি। এই ব্যস্তটি হিট্টাইট রাজশক্তির কোনো
বিজয়-ধ্বজা বলে অন্তমান হয়। কেউ কেউ বলেন এটি

ধনিবের সম্পত্তি। কারণ এই ছন্ত-গাত্তে একটি কুড ছিত্র আছে, ভিতরে প্রস্তরাধার সংস্থাপিত, পথিক ভক্তেরা দেবভার প্রার জন্ম এই ছিত্ত-পথে প্রণামী কেনে দিরে বেত।

এই শুল্ভের পশ্চাতে ছিল আর এক দেবতার

প্রতিম্বি । মৃত্তির কোনো চিহ্ন আজ আর নেই, কিছ তাঁর বাহন্তর এখনও আকত ররেছে। কাল পাধরের চুই বিরাট বুব এখনও দাঁড়িরে আছে, যেন ভাদের প্রভুর প্রভ্যাগমন প্রভ্যাশার যুগ মুগান্তকাল অপেকা করছে!—বুবহুরের শুল অর্পবর্গের উজ্জ্বল ধাতুতে নির্দ্দিত। চোধগুলি রঙিন পাথর বসিরে আঁকা, মুভরাং আবক্ত চোধের জার দেখতে! বাত্তব শিল্প ইসাবে এই সব একটু-আধটু চিহ্ন থাকলেও ব্যহ্রের গঠন-ভন্নীর মধ্যে এমন একটা স্ক্র ও সংহত ভাবতাল্লিক শিল্প বোধ সকলের চোধে পড়ে যে এ মুগের কারক্ষেমিষ্ শিল্পীদের আনা নাক'রে উপার নেই।

শক্ষণ ছিল। মিশরীদের মন্ত হিট্টাইটরাও রঙীন পাথরের কাক্ষণর্য্যে অন্ত নৈপুণা অর্জন করেছিল। কক্ষাভাররের ও গৃহের বাইরের প্রত্যেক প্রাচীর-গাত্তে ভারা শিলা-শিলে ত্রিবিধ কার্যকার্য্য করে রেণেছে। প্রাচীরমূল প্রাচীরকটা প্রাচীরবক্ষ ও প্রাচীরশির্য ভারা বে পারাণ-



হিট্টাইটদের পৌরাণিক দেবদেবী। (আমাদের নৃসিংহদেবের স্থার বা কৃষ্ম ও বরাহ অবভারের স্থার এদেরমধ্যেও নরমুগু ও পশুদেহ এবং পশুমুগু ও নরদেহ দেবদেবীর অন্তিত ছিল।

র উপায় নেই।
খোদিত ভান্তর্গ্য হারে ভ্ষিত করে রেথেছে তা অতুল-কেবল বে নগর প্রাচীর, মন্দিরের দেওয়াল ও প্রাসাদ নীয়। প্রাচীরগাতের এই শিলোংকীর্ণ শিলাহার (Frieze)

এমন স্থকৌশলে নির্মিত যে এর সুক বেন



পশুপতি। (অরণ্যের সকল পশুই এই দেবতার স্বধীন)

প্রাকারেই হিটাইট্রা নানা ভার্ণ্য ও শিলা-শিল্প থোদিত করে রেখেছেন ভাই নর, কার্কেমিশের প্রভ্যেক গৃহ প্রতিভ্রন স্থাপ্ত্য ও ভার্ণ্য শিল্পের অপূর্ব নিদর্শন-




শিশালিপি (বেদীমূলে উৎকীর্ণ এই শিলালিপিরও আত্তও পাঠোদ্ধার হয়নি)

বেখানে প্রথমে চোখ পড়ে সেখান থেকেই হরেছে বলে
মনে হর এবং শেষ কোথা খুঁজে পাওরা বার না।—
চলেছে ত' চলেইছে! বিজয়ী হিটাইটু সৈছদল রণহল

হ'তে মহা-গৌরবে নগরে কিরছে। রথ-ক্ষয়-পদাতিক দল বেঁধে চলেছে, চক্রতলে শক্রদল দলিত হ'ছে। বোদারা ভল্লমুখে শক্রর ছিলমুগু গেঁথে নিলে বীরদর্পে গুহে কিরছে। রথের ক্ষয়গুলি পর্যান্ত উল্লাসে ক্ষান্ত বাবিরবীর ও আন্ত্রীয় হরকে লেখা প্রচুর মৃৎ-কলক জার্মাণ ও অন্তান্ত দেশের ঐতিহাসিকেরা এসে সন্ধান ক'রে পেয়েছিল কাপ্লাডোশিরা ও এশিরা মাইনরের উত্তরাক্লনে। এগুলি খৃঃ পৃঃ পঞ্চদশ হতে ত্রেরাদশ



রুষযুদ্ধ (হিটাইট্ ভাস্কর্য্যের চমৎকার নিদর্শন)



গরুড়দ প্রতী (গরুড় মুখ দেবতার সঙ্গে কেবল যে হিন্দুদেরই পরিচয় ছিল তা নর, এীক্ পুরাণে, হিটাইট্ ও আফ্রীরদের মধ্যেও গরুড়ের দেখা পাওয়া যার)

অধীর! মধ্যে মধ্যে শিলাফলকের উপর চিত্রাক্ষরে যুদ্ধ ও রণজ্জরের বর্ণনালিপি নিবদ্ধ ক'রে রাথা হ'য়েছে। শতাধী পর্যন্ত এখানকার রাজদরবারের বিবিধ কার্যা বিবরণী। এশিয়া মাইনরের বহু চুর্লভ ঐতিহাসিক তথ্য



বিজ্ঞাপন (প্রবেশহার পার্শ্বে উৎকীর্ণ এই শিলালিপিরও পাঠোদ্ধার হরনি। অহমান এটি প্রবেশার্থীদের অন্ত ছারপার্শ্বে রক্ষিত বিধিনিষেধ সম্বলিত বিজ্ঞাপন)

হিটাইটদের এই চিত্রাক্ষর প্রত্নতত্ববিদেরা বহু চেটা করেও টুক্ট এ পর্য্যন্ত পাঠোরার করতে পারেনি।



সিংহ-বলি! (হিট্টাইট্লের 'ভেম্ব' (ত্বিভ্ত!) দেবতার নিষ্ট সিংহবলির ব্যবস্থা ছিল)

এগুলির সাহায্যে পাওরা গেছে। হিট্টাইট্রের এই চিত্রা-কর বেদিন কেউ পড়তে পারবে সেদিন প্রাচীন আর্থানের সহক্ষে আরও অনেক কিছু নুডন সংবাদ জানা যাবে। রাকপ্রানাদ-সংলগ্ন একটি ছোট দেবমন্দিরও আবিজ্ ত হ'রেছে। বিশেষজ্ঞরা অভ্যান করেন যে এ মন্দিরটি কেবলমাত্র রাজপরিবারের ব্যবহারের জন্ত নির্মিত


কুণ্ডের মধ্যে এখনও সেকালের দেবার্চনের জন্মাশি ও দেবতার নামে উৎদর্গিত প্রাণীর দগ্ধ অভি প্রভৃতি গাওরা গেছে। জেক্লালেমের বৃত্দীরাজা সলোমনের

হয়েছিল। জনসাধারণের এর
মধ্যে প্রবেশাধিকার ছিল না।
এ-মন্দিরটি খু-পূর্ব্ব এ কা দ শ
হ'তে দশম শ তা স্বীর মধ্যে
নির্দ্ধিত হরেছিল বলে মনে
হর। এই মন্দিরের নির্দ্ধাণকৌশল এবং এর ভিত্তির নজার
সক্ষে আশ্চর্য্য রক্ষমনিল দেখতে
পাওয়া যায়—নূপতি সলোমনের জন্ত যে থিহোভার মন্দির
নির্দ্ধিত হ'বেছিল, সেমন্দিরটি
ফিনিশার নূপ তি রা নির্দ্ধাণ
করেছিলেন। উভয় মন্দিরই
চতুকোণ এবং প্রধান মন্দির



কারক্ষেমিষের নগর-প্রাচীর (নগরপ্রাচীরে উৎকীণ উচ্চাত শিলাচিত্তে হিট্টাইটদের জীবন-ইভিহাদের অতি স্বস্পষ্ট ইন্দিত পাওয়া যায়)

মর্থাৎ পর্তগৃহ, ও নাটমন্দির এই ছু' ভাগে বিভক্ত। মন্দিরের সঙ্গে এ মন্দিরের এই একাক্ত সাদৃত্য দেখে গর্ভগৃহের প্রবেশযার সন্মুখে নাটমন্দিরের মধ্যস্থলে প্রত্নতাত্তিকেরা বলেন যে সলোমনের মন্দির নির্মাণ



বোৰণাপত্ৰ (হিট্টাইট্ চিত্ৰাক্ষরে উৎকীৰ্ণ এই শিলালিপির আঞ্চপ পাঠোদার হর্মি, ভবে অস্মান এটি কোনো বুদ্ধের বিশ্বয় বোৰণা)

াষাণে গড়া বুগল বুষবাহিত একটি বিরাট জলাধার। করাবার ভার যিনি গ্রহণ করেছিলেন তিনি টাইরারের একদিকে পাথরের প্রকাণ্ড হোমকুগু। এই হোম- রাজা হিরাম। কার্কেমিশের রাজাদের সঙ্গে এই টাইরারাধিপতি হিয়ামের খুব নিকট আত্মীরতা ছিল; তা' ছাড়া ফিনিনীর স্থাপত্যশিল্প হিট্টাইট্ পদ্ধতি অস্থসরণ করেই বড় হল্পে উঠেছে। স্মৃতরাং, সলোমনের মন্দিরের সুক্তে কার্কেমিশের মন্দিরের সাদৃখ্য থাকা কিছু বিচিত্র নর।

কার্কেমিশের রাজপ্রাদাদের অহান্ত অংশেও অজ্ঞ উপাত শিলা-শিল উৎকীর্থ রয়েছে। কত পৌরাণিক কাহিনী, কত দেবদেবীর মৃত্তি, কত যুদ্ধ বিগ্রহের চিত্র, কত উৎসবের মিছিল, শিকারের ঘটনা, পূজা অহুষ্ঠান, বলিদান, রথঘাত্রা, রাজা ও রাজপ্রিবারের রূপ, খেলা ধূলার ছবি, জীব-জন্ধ নরনারী—কিছুরই অভাব নেই এই মধ্যে। এখানে আর একটি প্রাদাদ-তুল্য জট্যালিকা ভার মধ্যে উল্লেখবোগ্য হ'চ্ছে একথানি আস্থাীর হরকে লেখা মৃৎকলক। মিশরীর দেবদেবীর করেকটি ব্রোঞ্জ নির্ম্মিত ছোট ছোট মূর্ত্তি, রাজমূর্তি অন্ধিত একটি অঙ্গুরীয়ক এবং ফ্যারাও নেকোর নামান্তিত একটি মূলা।

বিশেষক্ষেরা বলেন কার্কেমিশের সৌভাগ্য-স্থা এইখানেই অন্তমিত হয়েছিল। এইটিই নাকি এ রাজ্যের শেষ অভিনয়ের দৃষ্ঠ। কারণ এ রাজ্যের শাসকগণ ছিলেন আস্থাীর সমাটের অধীন। এই অধীনতা-পাশ ছিল ক্ষরবার অস্থ তারা মিশরের সাহায্য পাবার আশার ক্যারাওদের সঙ্গে বড়যন্ত্র করেছিল। ক্যারাও নেকো সসৈত্তে এদের সাহায্য করতে এদের দিহটেনন, কিছু আস্থাীর সম্রাটের নিকট পরাত্ত



কারকেমিবের সমাধি! (যুক্লেটিশ নদীর নির্জ্জনতীরে এই মৃত্তিকাল্পণের অভ্যন্তরে শত্রুবিধ্বন্ত কারকেমিব নগর ্রা দীর্ঘকাল সমাহিত ছিল। ব্রিটিশ মিউঞ্জিয়মের প্রত্নতাত্তিকগণের চেষ্টার এর পুনরুদ্ধার সম্ভব হরেছে)

শাবিদ্যত হ'রেছে। এটিকে জারি-সংযোগে ধ্বংস করা
হ'রেছিল। এই ধ্বংসন্থূপের চারিদিক থিরে তীর ফলা
বর্লা ভল্ল প্রভৃতি অসংখ্য জন্ম প্রোথিত করা ররেছে
দেখা যার। এ থেকে অহুমান হয় বে একসমরে এই গৃহের
জাধিবাসীদের সজে কোনো পক্ষের একটা তুমূল যুদ্ধ হরেছিল। সেই যুদ্ধ বিপক্ষ দল এদের প্রত্যেক্তে হত্যা করে
জাবশেষে সুহাটী জারি-সংযোগে ভন্নাৎ করে দিরেছিল।
ভল্লভূপের মধ্যে যে সকল দ্বয় সামগ্রী পাওরা গেছে

হন। থৃঃ পৃঃ ৬০৪ সালে এই যুদ্ধ হরেছিল এবং বিজয়ী আন্মনীদেরা নুশংসভাবে হিট্টাইটদের বিধ্বন্ত এবং কার্কেমিশ নগর ধ্বংস করে নিরেছিল। এই ছুব্টনার পর হেথের একটি লোকও আর সেধানে বাস ক'রতে পারেনি। তারা কার্কেমিশ পরিত্যাগ করে নেশ-দেশান্তরে ছড়িরে পড়েছিল। ভারতবর্বে একদিন যে আর্যাগপ এসে উপনিবেশ হাপন করেছিলেন একাধিক ঐতিহাসিকের মতে তাঁরা এশিরামাইনরের অধিবাসী এই হিট্টাইট্ছেরই ভাতি।

জাতীয় নাটকের বিকাশ

স্থার যতুনাথ সরকার, কেটি, সি-আই-ই

মধ্যযুগে হিন্দু ও মূৰলেরা মিলিয়া যে ভারতীর সভাভার সৃষ্টি করে তাহা কালের গতিতে জীবনীশক্তি কর করিরা অটাদশ শতাকীর মধ্যভাগে লোপ পাইল, বঙ্গে মুসলমান-শাসনের অবসান হইল। ধূলি কুয়াশাও রক্তবৃষ্টির মধ্যে এক সভাতার স্থা অগুমিত হইল বটে, কিন্তু তাহার পরকবে অমানিশা আদিল না ৷ এদেশে বৃটিশ শাস্তি ও নিয়মিত শাদনত হাপিত হইল। দ্র খুনানী-মওল इ**हें एक जा**गक, जिथक कत जिलक, द्योवनवत्त वनीयान् অপর এক সভ্যতার পূর্ণ ক্যোতিঃ অমনি বলের উপর পডিল, ক্রমে ক্রমে দেশবাদিগণ তাহা মানিয়া লইল। কিছুদিন পরে প্রদেশময়—ক্রমে ভারতময়, এক নবীন সভ্যতার উদয় হইব। আমাদের পিতৃগণ এই বিদেশী দানকে নিজম করিয়া ফেলিলেন, প্রাচ্য ও প্রতীচ্য ভাব ও আদর্শ, জ্ঞান ও কৃষ্টির মধ্যে প্রথমে সংঘর্ষ পরে গামঞ্জের ফলে এক নতন জিনিধের সৃষ্টি হইল যাহার শক্তি ও প্ৰভাব আৰু পৰ্যান্ত নিংশেষিত হয় নাই,বরং নিত্য কলেবর বৃদ্ধি করিয়া অগ্রসর হইতেছে।

বন্ধদেশ তুমি ধক্ত, প্রথম [এই] প্রভাত উদয় তব গগনে। এই নবীন সভ্যতার স্রোত জাহ্বীর মত শত মুথে প্রবাহিত হইয়াছে, নানা দিকে অপুর্ক চেটার হাত বাড়াইরা দিয়া নবীন প্রণালীর পরীক্ষা করিয়া দেখিয়াছে; নানা ভূল ও সংশোধন, বিফলতা ও সার্থকতার ভিতর দিয়া অবশেষে বর্তমান আকারে আসিয়া পৌছিয়াছে! নিখিল ভারতের নবজীবনের এই শত সহস্র ধারার মধ্যে শিক্ষা এবং শিক্ষার বাহন সাহিত্যই স্কাপেকা অধিক মুল্যবান, এবং নাট্যশালার ক্রম-বিকাশের কাহিনী ভাহার মধ্যে স্কাপেকা মনোরম। কারণ, নাটক স্কাপাধারণের স্পতি। পণ্ডিত মূর্থ, ধনী দিয়িদ, ভব্য নাগরিক ও নিরক্তর ক্রমক, সকলকেই ইহা আক্র্যণ করে, সকলকেই নিক্সভাবে অভিভূত করে। এই যে নবেল আক্র সাহিত্যে স্ক্রিত রাজত্ব করিভেছে, ইহা বুনিতে হইকে পড়িবার শক্তি আবেজক; কিন্তুন গুলিত হুইকে পড়িবার শক্তি আবেজক; কিন্তুন গ্রিডাত হুইকে পড়িবার শক্তি আবিজক; ক্রিক্ত করি নাটক

দেখিতে ও ভোগ করিতে অক্ষরজান দরকার হয় না।
আর নাটক অতি প্রাচীন কাল হইতে দহল্র দহল লোকের
সামনে অভিনীত হইরা আসিয়াছে, এবং দেই কারণে
বিশ্বমানবের হদয় অধিকার করিবার উদ্দেশ্যে রচিত
হইরাছে; ইহা একমাত্র ধনী বা পণ্ডিতের অক্ষ বিশেষ
করিয়া স্ট পদার্থ নহে। এই জন্ম প্রাচীন গ্রীদে প্রজাভল্পের প্রবল প্রভাপের দময়, এবং ইংলণ্ডে এলিজাবেথের
রাজ্যকালে অনসাধারণের প্রথম জাতীর উন্মৃক্ত প্রসারণ
এবং সাহিত্যে স্বেগে প্রবেশের যুগে, এত বেণী নাটক,
এত এত অমর নাটক স্ট হয়।

বঙ্গেও উনবিংশ শতাঙ্গীর প্রথম ভাগে এই কারণে নাটকের বিকাশ হইয়াছিল। এই বিকাশের কাহিনী অতি মনোরম, ঐতিহাদিকের ও মনগুরুবিদের সমান কুতৃহল জাগাইয়া দেয়। বন্ধীয় নাটক, চুটি প্রাচীন পবিত্র ও প্রবল সাহিত্যিক ধারার মিলনের ফলে প্রয়াগের মত বিখ্যাত পুণাতীর্থে পরিণত হইয়াছে। নাটক জিনিষ্টা বলে নৃতন নছে। সংস্কৃত নাটকের পাঠ দেশে প্রাচীন কাল হইতে চলিয়া আসিতেছিল, আর বৈষ্ণব আচার্য্যপণ মধ্যযুগের শেষাশেষি নৃত্রন সংস্কৃত নাটক শিধিয়াছিলেন, স্বতরাং এই শ্রেণীর সাহিত্য এ প্রদেশে জীবন্ত ধারার চলিয়া আসিতেছিল: কিজ আবুত্তি হইত, অভিনয় নহে, অথবা কচিৎ কদাচিৎ। বিক্রমাদিতের যুগে রাজপ্রাসাদে বা মহাকাল মন্দিরের প্রান্ধণে যে অভিনয় হইত তাহার খৃতি বলে লোপ পাইয়াছিল; লোকে যাত্রা কীর্ত্তন বা ভাঁড়ের নাচেই শেষ করিতে বাধ্য হইত।

আৰু আমরা নাটক ও থিয়েটার বলিতে যাহা বৃঝি
ভাষা উনবিংশ শতাৰীর স্টে। নব্য বালালীরা থাটিয়া
থাটিয়া চেষ্টা ও পরীকা করিয়া ভবে এই চ্টিকে বর্তমান
আকারে আনিতে পারিয়াছে, এবং সমগ্র ভারতকে,
অপরাপর সমন্ত প্রাদেশিক ভাষাকে এ চ্টি দান
করিয়াছে।

একথানি ইংরাজী শিশুবোধে ছবি দেখিরাছি বে ব্যাং চারিটি বিভিন্ন দশার মধ্যে দিয়া তবে পূর্ণ গঠিত আকারে পৌছে। বঙ্গীর নাটকের ও থিরেটারের বেঙাচি অবস্থার নিখুঁত সত্য বিস্থারিত চিত্র বর্ধের পর বিশ্বান কর্মান—ধরিয়া যদি কেই দেখিতে চান তবে বঙ্গীর-সাহিত্য-পরিষদের অস্থগ্রহে আজ তাহা সম্ভব ইইয়াছে। অসংগ্য প্রাচীন কীটদট সংবাদপত্র, জীবনম্বতি, জমণ-জাহিনী, এমন কি বিজ্ঞাপন—এবং ওধু বাদপার নহে ইংরাজী ভাষাতেও,—অক্লান্ত পরিশ্বাম ও যত্মের সহিত খাঁটিয়া বাছিয়া ব্রত্তেম্বনাথ বন্দ্যো-পাধ্যার "বঙ্গীর নাট্যশালার ইতিহাদ" সংকলন করিয়াছেন।
তাহার গত ছই-তিন বর্ধে প্রকাশিত "সংবাদপত্রে সেকালের কথা"-র মত ইহা অম্ল্য; কারণ এই ভিনধানি আধার একত্র না করিলে বন্ধের নবজীবনের

(রেনার্গাঞ্- এর) ইতিহাস জানা সম্ভব নহে। এই গ্রন্থে বৃটিশ যুগের নাটক ও নাট্যশালার ধারাবাহিক ভারিও ও প্রমাণ সহিত বিবরণ দেওরা হইরাছে। সভ্যতা ও সাহিত্যের ইতিহাস-লেখকদের পক্ষে ইহা প্রথমপ্রেণীর উপকরণ, অর্থাৎ কাঠামো। তবে প্রতিমার প্রাণ-প্রতিষ্ঠা করিতে হইলে ইহার উপর তিনটি জিনিব বোগ করিয়া দিতে হইবে—

- (১) উল্লিখিত বাদলা নাটকগুলির সাহিত্য হিসাবে দোষগুণ তুগনায় সমালোচন,—সাহিত্যে ভাবের ক্রম-বিকাশ,—এদেশে নাটকের বর্ত্তমান অধঃপতন বিচার।
- (২) পেশাদার অভিনেতা শ্রেণীর বদসমাজে ক্রমে ছরিজন-দশা হইতে সমানিত স্থান অর্জন। মনে রাখিতে হইবে যে ইংলণ্ডে ড্রাইডেনের সমর পর্যান্ত পেশাদার কবি ও নাট্যকার এবং অভিনেতাকে "ভদ্র সমাজ" কুলী মন্ত্র অথবা অভিনাত গৃহের দরিদ্র চাটুকারের সমান গণ্য করিতেন।
- (৩) অভিনেতা অথচ গ্রন্থকার শ্রেণী হইতে গিরীশ
 ও অমৃতলালের উচ্চ দাহিত্যের দোপানে আরোহণ।

এগুলির প্রকৃত ঐতিহাসিক[®] চটো এখনও হর নাই, কিন্তু এইরূপ গ্রন্থ হইতে কার্যাট সন্তব ও সহজ হইবে।

িবিক্রমপুর

শ্রীনলিনীনাথ দাশগুপ্ত এম-এ

গত কার্ত্তিক মাসের 'ভারতবর্বে' (পৃ: ৬৭৪-৬৮১) শ্রীমুক্ত
নলিনীকান্ত ভট্টশালী মহাশর পূর্ববন্ধের বর্ষবংশীর সামলবর্ষার একথানি নবাবিক্ত ভাষ্ডশালনের পরিচর প্রদান
করিয়াছেন । এতদিন সামল—বা স্থামলবর্ষার পূত্র
ভোজবর্ষার ভীষ্ডশালন হইতে এই বংশে ভোজবর্ষার
পূর্বাক্সগামী তিন পুরুষের নাম জানা গিরাছিল, বথা শিতা
স্থামলবর্ষা, শিতামহ জাতবর্ষা, ও প্রশিতামহ বন্ধবর্ষা।
কিছ সামলবর্ষার এই নবাবিক্ত ভাষ্ডশালনথানি ভগ্প
অসম্পূর্ব অবস্থার পাওরা গেলেও, ইহা হইতে ম্পাই জানা
বাইতেছে, ক্ষাক্ষবর্ষা ও স্থামলবর্ষার মধ্যে হরিবর্ষদেব ও

তাঁহার অজ্ঞাতনামা পূল রাজ্য করিয়াছিলেন। এতদিন বাহারা তর্ক করিয়াছিলেন, হরিবর্মা নিশ্চরই ভোজবর্মার পরে আবিভূতি হইরাছিলেন, এখন তাঁহাদের পরাজ্য ঘটিল। এই তর্কের বিক্তমে বোধ করি একমাত্র ৺রাধালদান বল্যোপাধ্যার মহাশরই দৃঢ় বরে ঘোষণা করিয়াছিলেন, হরিবর্মদের কথনই ভোজবর্মার পরবর্তী হইতে পারেন না। সামলবর্মার এই ভাষ্মণাসনধানির অভিত্রের সংবাদ অবগত না হইরাও, কেবলমাত্র হরিবর্মদেবের পূর্কাবিকৃত অল্লাই ভাষ্মণাসনের অক্রব দেখিরাই পরলোকগত বল্যোপাধ্যার মহাশর বিত্তে

^{* &}quot;বঙ্গীয় নাট্যশালার ইতিহাস"—জীব্রজেক্সনাথ বন্দ্যোপাধ্যার প্রশীত ও জীস্থালকুমার দে, এম এ., ডি. লিট. লিখিত ভূমিকা সহিত। বঙ্গীর-মাহিত্য-পরিষদ্-মন্দির, ২৪৩২, জাপার সাকুলার রোড, কলিকাতা হইতে প্রকাশিত। মূল্য—পরিষদের সদস্ত পক্ষে ১০ ও সাধারণের পক্ষে ১৪০।

নার্থ হইরাছিলেন বে, "ক্ষোলিতে আবিষ্কৃত বৈজ্ঞানেরের তামশাসন অপেকা হরিবর্দ্দেবের তামশাসনের অক্ষর প্রাচীন ।…ন্তন আবিষ্কার না হইলে হরিবর্দ্দেবের রাজ্যকাল নির্ণাত হইতে পারে না। তবে ইহা হির বে, হরিবর্দ্দেবে স্থামলবর্দ্দা অথবা ভোক্ষরশার পরবর্ত্তী কালে আবিস্তৃত হন নাই এবং বজ্ঞবর্দ্দা বা জাতবর্দ্দা (র) পূর্ববিস্তা নহেন ।" বন্দ্যোপাধ্যার মহাশরের ভবিষ্ণধানী অক্ষরে অক্ষরে ফলিরা গিরাছে দেখিয়াও, ভট্টণালী মহাশর তাঁহার প্রবর্ধে এই কথার, এমন কি, বন্দ্যোপাধ্যার মহাশরের নাট।

হল্লবর্মা কথনও রাজমুকুট ধারণ করিয়াছিলেন কি না সন্দেহ. এবং সামলবর্মার তামশাসন্থানি অথতিত ও অবিকৃত অবস্থায় না পাওয়া যাওয়ায় স্থামলবর্মা ও জাতবর্ষার সহিত হরিবর্মার সমন্ধ বা সম্পর্কটাও সঠিক কানা গেল না। যাহা হৌক, বর্মদিগের জ্ঞাত ইতিহাসটা এইরূপ দাড়াইতেছে.—একাদশ শতালীর ত্তীয় পাদে থ পালবংশীয় তৃতীয় বিগ্রহ্পালের স্থ-সাময়িক জাতবর্মা রাজা হইয়াছিলেন। তৎপরে বিক্রম-পুরের সিংহাসনে (তাঁহার জ্যেষ্ঠ পুত্র ?) হরিবর্ত্মদেব উপবেশন করিয়াছিলেন এবং অন্যন ৩৯ বংসর রাজ্ব করিয়াছিলেন। তৎপরে হরিবর্মার অজ্ঞাত-নামা পুত্র সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। সামলবর্মার ভাম-শাসনথানিতে এই পুত্রের প্রশংসাস্থচক কয়েকটি শব্দের উল্লেখ थाकात्र प्रमुमान इटेटल्ड्, जीमनवर्षा जाहाटक ষ্ড্যত্ন করিয়া সিংহাসন-চাত করেন নাই.—তাঁহার অকালমুত্য ঘটিয়াছিল। হরিবর্মা ও তাঁহার পুত্রের পরে নিংহাদনে আরোহণ করার,—গ্রামলবর্থার অদৃটে সম্ভবতঃ অধিক বংসর রাজ্যতের করা ঘটে নাই। স্থামলবর্ণার পরে তাঁহার পুত্র ভোজবর্মা রাজালাভ করিয়া অন্যন পাঁচ বৎসর রাঞ্ছ করিয়াছিলেন। তিনি বরেজভূমির क्रिक्-वित्वाद्वत मग्र कीविक हिलन : धवः वित्वार দ্মনাছে রামপাল পাল-দিংহাসনে সুপ্রতিষ্ঠিত হইলে, ভোজবর্মা অথবা ভাঁহার উত্তরাধিকারী কোনও বর্মরাজ

নিজের পরিত্রাণের নিমিত্ত হল্টী ও রথ প্রতৃতি রামপালকে উপঢৌকন দিরা তাঁহার জারাধনা করিহাছিলেন।

ভোলবর্মা অথবা তাঁহার উত্তরাধিকারীর হত হইতে. বোধ করি বাদশ শতাকীর বিতীর পাদে ৬, সেন-বংশীয় विजयत्त्रन शृर्ववरणय अधिकांत्र काष्ट्रिया वहेत्राहित्वम। যে বিপদ হইতে পরিত্রাণের জন্ম বর্ম রাজ রামপালদেবের माहाया প্রার্থনা করিয়াছিলেন, সে বিপদটা कि ভাছা काना यात्र ना, किन्द छाहा तमन-देनत्सुत काकमण इहेत्नछ, বিজয়দেনের পিতামহ সামস্তদেন বল আক্রমণ করার বর্মরাজ রামপালের আশ্রয়ভিকা করিয়াছিলেন, এ বিজয়সেনের পৌতা লক্ষণসেন অমুমান ভিত্তিহীন। ১১৯৯ वा ১२·• थुष्टांट्स नमीया रुटेट्ड भनायन कत्रिया भूर्वरक बाला शहर कतिशाहितन, এदः नक्षाराम्यत পুত্রগর-বিশ্বরূপদেন ও কেশবদেন-বংক্রাক্তমে বিক্রমপুর-ममावानिक-कश्रक्षभावात इटेटक श्रुद्धवक मान्न कतिएकन। भृक्विक >२६२ थृष्टोक भग्रास नन्त्रगटनद वःभवद्रिम्दिश्व হতে ছিল, এ কথা মিন্হাজ্-উদ্-সিরাজের 'তবকৎ-ই-নাদিরি' গ্রন্থের দাক্ষ্যে পাওয়া যায় 👫 ইহার পরে বিক্রমপুর অরিরাজ-দতুজ-মাধ্ব দশর্থ-দেব এক রাজার व्यधीरम व्यारम, रमश्री यात्र। विक्रमशूरवद व्यामावाडी গ্রামে ইংগর একথানি ভাষ্যশাসন আবিষ্ঠ হইয়াছে (ভারতবর্ষ, ১৩০২, পৌষ, পু: १৮—৮১)। সেম-বংশের সহিত এই নুপতির সম্পর্ক ছিল কি না, ভাহা काना यात्र ना. किन्द्र अहे मुक्क-माध्य मनद्रश्हे दय त्मांबाद-গাঁরে রাজা বলিয়া বর্ণিত দক্ষজ-রায়ের সহিত অভিন, ভট্রশালী মহাশ্রের এই অনুমান স্মীচীন বলিয়াই বোধ হয়। ১২৮০ খুটাকে দিলীর সম্রাট গিয়াস্থদিন বলবন যথন তুল্লিল থার বিজোহ দমন ক্রিবার উল্লেখ্য বাদলায় আগ্ৰমন করেন, তখন দত্ত-রায় স্ত্রাট্সকাশে উপস্থিত इहेब्रां. क्रमार्थ विद्यांशी माननक्षांत भगावन-८० ही প্রতিরোধ করিবার ভার প্রাপ্ত হন °।

^{(&}gt;) বাজালার ইভেছাল, প্রথম জাগ, প্রথম সং, পৃ: ২৭৪-২৭৫।

⁽२) **ভট্টশালী মহাশরের মতে, আত্মানিক ১০৩০** খৃষ্টাব্দে বর্মাবংশ গ**িটিত হইরাছিল (ভারতবর্গ, ১০০২, আবাজ, পৃ: ৪৪)**।

⁽৩) ভট্নালী মহাগন্ধের মতে, আমুমানিক ১০নং গৃটাকে (এ), এবং ১৯২২ গৃটাকের Indian Antiquary পত্রিকার (পৃ: ১৫৪) ক্রনৈক লেথকের মতে যাদশ শতাফীর মাঝামাঝি সমরে।

^(8) Major Raverty's tr. P. 558.

⁽e) Elliot and Dowson's History of India, as told by its own historians. Vol. III. P. 116.

ভট্নালী মহাশয় নির্দেশ করিয়াছেন, দশরথ আফু-गांनिक ১২৬० इटें उ ১২৯० थुडी व नर्गास विक्रमभूत्वत সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। কিন্তু দশর্থের তামুশাসন সম্পাদন-কালে তিনি অবগত ছিলেন না যে, ১২৮৯ খুষ্টাব্দে মধুনেন নামক জনৈক বৌধনৃপতি পূৰ্ব্যবদ অধিকার করিয়াছিলেন। এই রাজার উল্লেখ ও ভারিপটা বর্গীর মহামহোপাধ্যার হরপ্রসাদ শান্ত্রী প্রণীত "Descriptive catalogue of Sanskrit Mss. in the Government Collection, under the care of the Asiatic Society of Bengal"—এর প্রথম খতে বৰ্ণিত একথানি বৌদ্ধাতের পুষ্পিকার প্রাপ্ত হওয়া যার। দশরবের রাজত আরস্তের নির্দেশিত তারিখের সহিতও আমি একমত নহি। সমগান্তবে লশর্থের ইতিহাস সংক্ষে বিস্তৃত আলোচন। করিবার ইচ্ছা রহিল। মধুসেন অথবা কাহার হস্ত হইতে বলের কর্ত্ত মুগলমানের হস্তে গিয়াছিল, তাহা নির্দারণ করা বর্ডমানে অসম্ভব, কিছ মোটামুটি হিলাবে অয়োদশ শতাকীর শেব দলকে এবং ক্তৃত্দিন কৈকায়্দের রাজ্তকালে পূর্ববন্ধের স্বাধীনতা মুসলমান কর্ত্ত অপহত হয়, ঐতিহাসিকগণ এইরূপ অভ্যান করেন।

বলে বৈষ্ণৰ বর্মবংশ প্রতিষ্ঠিত হইবার পূর্বে তথার বৌদ্ধ চক্রবংশ প্রতিষ্ঠালাত করিয়াছিল। এই রাশ্ববংশের পূর্বেপ্রবাণ রোহিতাগিরি, অর্থাৎ ত্রিপুরা জেলার লালমাই পাহাড় অঞ্চলে বাস করিতেন। চক্রবংশীর কৈলোক্যচক্র চক্রছীপের (বরিশাল) রাজা ছিলেন। ডট্টপালী মহাশ্বের মতে, ভিনি হরিফেল (? হরিফেল) কালার অবীনে চক্রছীপে সামস্তরাজা ছিলেন । বাহাই হৌক, ত্রৈলোক্যচক্র বিক্রমপুরে রাজধানী স্থাপন করিতে সমর্থ হন নাই, হইরাছিলেন তাঁহার পূক্র প্রচন্ত্র। চক্রহীপও পুর সম্ভবতঃ প্রচন্ত্রের অধিকার-তৃক্ত ছিল। ডট্টপালী মহাশ্ব বলেন, "রোহিতাগিরি ও তাহার আলে পাশের জারগা তো আগে হইতেই চক্রদের হাতে ছিল। প্রচিক্র তাই এইবার ত্রিপুরা, নোরাথালি, ঢাকা, ফরিদপুর, বাধরগঞ্জের মালিক হইরা বসিলেন। প্রাচীন

নাম বলিতে গেলে, তিনি সমতট ও বলের একছত রাজ। হইলেন ^৭।"

কিছ অরণ রাধা কর্ত্তব্য, দকল সমরে,—অন্তত্তঃ
সপ্তম শতালীতে হরেন-সালের সমর, ত্রিপুরা (কুমিলা,
কমল,ক্ষ) সমতটের অন্তর্ভুক্ত ছিল না । তবে
কুমিলার বাঘাউরা গ্রামে আবিষ্কৃত বিষ্ণুমৃত্তির পাদপীঠে
পালবংশীর প্রথম মহীপালের তৃতীর রাজ্যাকে খোলিতলিপি অহুদারে, ঐ সমরে কুমিলা বা ত্রিপুরা জেলা
সমতটের অন্তর্ভুক্ত ছিল, এবং বেহেতু শ্রীচন্দ্র প্রথম
মহীপালের সমসামরিক বা কিছু পরবর্তী ছিলেন বলিরা
অন্ত্রমিত হয়, অতএব শ্রীচন্দ্রের সমরেও ত্রিপুরা সমতটের
অন্তর্ভুক্ত থাকা অসন্তর নয়। কিন্তু রোহিতাগিরি
অঞ্চলে চন্দ্রদিগের অর্থাৎ চন্দ্রবংশীর ত্রেলোক্যচন্দ্রের পূর্বন
পূর্ববিগর বাসভান ছিল বলিরাই শ্রীচন্দ্রেরে বৃশ্বের
পূর্ববিগর বাসভান ছিল বলিরাই শ্রীচন্দ্রনের বৃশ্বের
মোটেই গ্রহণবোগ্য নয়।

শ্রীচন্দ্রনেরের সমর সহতে পূর্বে বাহা ইণিত করা হইরাছে, নৃতন আবিজারের আলোকসম্পাত না হইতে তদতিরিক্ত কিছু বলা সম্ভবপর নর। তবে অক্র-তবের প্রমাণাছ্সারে তাঁহার তাত্রশাসন দশম শতাখীতে নির্দেশ করা চলে না। এই হেতু, আপাততঃ ধরিয়া লইতে হয়, তিনি একাদশ শতাখীর প্রথম অথবা দিতীর পাদে রাজা হইরাছিলেন।

শীচন্দ্রদেবের অব্যবহিত পূর্বে বিক্রমপুরে কে রাজা ছিলেন, সে সম্বন্ধে ভট্টশালী মহাশর এক অভিনব মন্ত-বাদ প্রচার করিয়াছেন। তিনি বলেন, যে হরিকেল-রাক্ষের অধীনে জৈলোক্যচন্দ্র সামস্ত রাজা ছিলেন, তিনি কান্তিদেন, এবং ভাঁছারই হস্ত হইতে শীচন্দ্র হরিম্নেল র পূর্বাব্দ কাড়িয়া লইরাছিলেন। ম

'মহারাজাধিরাজ' কান্তিদেবের বে তামশাসনখানি চট্টগ্রামের এক বৈষ্ণব আধ্ডা হইতে উদ্ধার করা হই

⁽৭) ভারতবর্ঃ৩০২, আঘাড়, পৃঃ ৪৪।

⁽৮) এ বিবাস ১২৩২ সালের ডিসেম্বর মাসের India Antiquary পত্রিকার জামার 'To the east of Samatata পূর্বক প্রবন্ধ ক্রইবা।

⁽৯) ভারতবর্ষ, ১০ং২, আবাঢ়, পু: ৪৪ |

⁽৬) **ভার্ভার্**্রতেন, আবাঢ়, পু: ৪৪।

शांटक, कारुटिक रम्था यात्र, किनि 'वर्कमानशूव' कत-ক্ষাবাৰ হইতে ছরিকেল মণ্ডলের ভাবী ভূপতিগণকে তাঁহার ভূমিদান মাস্ত করিবার উদ্দেশ্যে সংখাধন করিতেছেন। ইহা হইতে এইটুকুই প্রতিপন্ন হর যে, कांखिएन हतित्कन मधः नत्र अधी धत हिल्लम, किन्न তাঁহার রাজধানী বর্দ্ধানপুরও যে হরিকেল মণ্ডলেরট অন্তর্ভ ছিল, এ কথা প্রতিপন্ন হয় না, এবং ভট্টশালী মহাশ্রও ভাহার প্রমাণ দিতে পারেন নাই। চীন দেশীর মানচিত্র অমুসারে হরিকেল ভাত্রলিপ্তি ও উডিয়া এই ছই স্থানের মধ্যে হইলেও, চীনা পরিব্রাজক ই-চিং স্থ্রম শতাৰীর শেষার্দ্ধে যে ৫৬-৫৭ জন চীনা বৌদ্ধ ভারত-পর্য্যটনকারী ভিক্কর বিবরণ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহাতে দেখা যার, হরিকেল (হো-লি-কি-লৌও) পর্ব্ব-ভারতের পূর্বে দীমানার অবস্থিত, এবং অস্থলীপের অন্তর্গত। হরিকেল সম্বন্ধে আর একটু বাহা জানা বার তাহা এই यে, ইश একটি প্রসিদ্ধ বৌদ্ধ ভীর্থ ছিল ''। श्वित्कन भूक्तराज हिन এ कथा अवश श्रीकार्या, किन আমার একটা সংস্থার রহিয়া গিয়াছে, হরিকেল সমগ্র পুর্ববঙ্কের নামাস্তর নয়, বরঞ্জ উহার কোনও অংশ-বিশেবের নামঃ সেকালে জাহাজে করিয়া সরাসরি হরিকেলে উপস্থিত হওয়া ঘাইত, চীনা পরিপ্রালকদিগের **এই বিবরণ দেখিয়া. এবং চট্টগ্রামে হরিকেলেরই জনৈক** রাজার ভামশাদন আবিষ্ণত হওয়ায়, উপরস্ক চট্টগ্রামের रेडिशाम (बोक आधारम्ब कथा यहन कतिहा, शूर्व-ভারতের পূর্বদীমানার অবস্থিত চট্টগ্রাম ও তৎসন্নিহিত चक्रत्नबरे थाहीन नाम 'हतिरकन' हिन कि ना, अ अध কতবার মনে উদয় হইতেছে, তাহার ইয়তা নাই। যাহা ट्रोक, इतिदक्त नमश शृक्तिव्यक्त नामास्त्र नम्, स्थामात्र এই সংস্থার মানিলে, ঢাকা প্রভৃতি অঞ্ন হরিকেলের অন্তর্গত ছিল, এ প্রাশ্বের সমাধান না হওরা পর্যান্ত বিক্রম-পুরের বিংহাদনে কাভিদেবকে বসাইবার প্রশ্নই উঠিতে शास्त्र जा। खेडा जा बाजित्वत. कहेनानी बरान्द्रस्त ত্রীচন্ত্রের তামশাসনাহসারে, 'शि.पवि' W1587 I

কৈলোক্যচন্দ্রের সমসাময়িক হরিকেল-রাজের রাজছুত্র ককুদ-(দর্প) চিহ্নিত ছিল, এবং এদিকে হরিকেলের অধীবর কান্তিদেবের তামশাসনে বে রাজমূলা সংলগ্ন ছিল, শেই "সমগ্র মৃত্যাটির নিয়াংশ বেটন করিয়া লাকুলে लाजूरन कड़ारेबा छुरेछि दृहर मर्भ कला धितवा चाटक", हेरां হইতে কান্তিদেব ত্রৈলোক্যচন্ত্রের সমসাময়িক রাজা ছিলেন, हेश প্রমাণ হওয়া দুরে থাক,- বলা বাছল্য, কাভিদেবের রাজছত্তও যে সর্প-চিহ্নিত ছিল, এই সামাস্ত কথাটাই প্রমাণ হয় না। অকর-তত্ত্বে প্রমাণাভূদারে কান্তিদেবের ও প্রীচন্দ্রদেবের ভাষশাসন একই শতাকীতে পড়ে, ভট্টণালী মহাশয় এমন কথা লিপিবন্ধ করিতে সাহসী হন নাই। অথচ, "কান্ধিদেবের ভাষ্ণাসনের অকর এবং প্রীচন্দ্রদেরের ভাত্রশাসনের অকরের তুলনা-मृगक विठात बात्रा काश्चिरमस्वत वः म हक्षताव्यशस्त्र वः म অপেকা প্রাচীনতর", "এ পর্যান্ত (পূর্ববঙ্গে) এইরপ যতগুলি রাজবংশের পরিচয় পাওয়া গিয়াছে, মহারাজা-ধিরাজ এীথান কান্তিদেব প্রতিষ্ঠিত বংশই তাহাদের মধ্যে প্রাচীনতম বলিয়া বোধ হয়"—ইত্যাদি সাধারণ কথাগুলি বলিয়াও, কান্তিদেবের ভাষ্ণাদনের বিবরণ বাঁহারা দিয়াছেন, তাঁহাদের মতে তাভ্রশাসন্থানির আতুমানিক বয়স কত, সেই কথাটিই উল্লেখ করিতে ভূলিয়া গিলাছেন। এই ভুলটা না হইলে, তাঁহার মতবাদের মূল্য সর্ব্যনাধারণে পরীকা করিয়া দেখিবার হাতে হাতে ক্ৰযোগ পাইত।

তিকাতীর ঐতিহ অনুসারে দীপজর শ্রীক্ষান ৯৮০
খৃষ্টাব্দে বাঙ্গালার 'বিক্রমণিপুরে' জন্মগ্রহণ করিরাছিলেন।
এই তথা-কবিত 'বিক্রমণিপুর' আলোচ্য বিক্রমপুর হইলে,
শীকার করিতে হয়, শ্রীচন্দ্রের পূর্বেও বিক্রমপুর নগরীর
অভিত্ব ছিল। প্রাচীন সংস্কৃত সাহিত্যে 'বিক্রমপুর' এই
নাম পাওরা যায় না দেবিরা পূর্বে যাহারা সিদাভ
করিয়াছিলেন নামটি আধুনিক, বাঙ্গালার ইতিহাসের
সহিত পরিচয় থাকিলে উাহারা অধুনা নিজেনের এম
ব্বিতে পারিতেছেন।

বলা অনাবশ্যক, 'বিক্রমপুর' বলিতে বর্ত্তমানে ঢাকা জেলার এক বিভ্ত প্রগণাকে ব্যায়। এই প্রগণার ভিতরে কোথাও প্রাচীন বিক্রমপুর নগরী—বেধানে চন্ত্র,

^{(&}gt;) বাঙ্গালার ইতিহাস, রাধানদাস বন্দ্যোপাধ্যার, প্রথম ভাগ, গ্রথম বং, প্: ২৪৭---২৪৮ জ্ঞান্ত্র।

বর্ষ ও দেন অন্ততঃ এই তিন রাজবংশের জয়ত্বভাবার স্থাপিত ছিল বলিয়া জানা বায়-জবন্ধিত ছিল, তাহা निन्छिछ। किन्ह त्रहे नमुक्तिभागी, श्रीवरभागी, महिसमब নগরের সঠিক অবস্থান আৰুও নির্ণীত হর নাই। ্বস্তিকাভ্যন্তরে সেই বিপুলায়তন লগরীর ধ্বংসাবশেষের কোনও চিহ্ন পুৰু।য়িত আছে কি না, অথবা হুলয়হীন ষহিঃশক্রর উপদ্রব ও কালের অভ্যাচারের ফলে ধরণীর পৃষ্ঠ হইতে সে নগরের সকল চিহ্নই নিশ্চিক হইরা মুছিরা গিয়াছে, তাহাই বা কে বলিতে পারে ? ছুর্নের বশতঃ ও অদৃষ্টের লাজনায় অণীতিক মহারাজাধিরাজ লক্ষণসেন নদীয়া হইতে প্ৰায়ন ক্রিলে পর, পশ্চিম ও উত্তর-বন্ধ জ্ঞান ক্রমে বধন মুদলমানের করায়ত হট্যা গেল, তথনও वीत्रधार विकामभूत्त्रत त्मोर्गामन्भन्न मञ्जामगण, शृक्षवत्त्रत অপরাপর স্থানের বীরবাছগণের সহিত মিলিত হইয়া, ভাঁছাদের বিভিন্ন সময়ে বিভিন্ন প্রিঞ্জম নরপতির বিজয়-বৈজ্ঞান্তীতলে দণ্ডায়মান হইয়া নানাধিক এক শত বংসর পর্য্যন্ত পূর্ব্যবেশ্ব স্বাধীনতা-ভাস্করের অন্ডাচল গমন রোধ ক্রিরা রাখিরাছিলেন, — সেই বিক্রমপুরের অবস্থান নির্ণীত না হওয়া ডঃসহ ডঃথের কথা, লাতির পক্ষে কলফের कथा, जब्हां कथा। अकला बहाब हा शांवा इब श्रेत्राल শালী মহাশর, সন্ধ্যাকর নন্দীর 'রামচরিতে' রামণালের নব-নিৰ্মিত রাজধানী 'রামাবতী'র অবস্থান স্পটাক্ষরে গলা ও করভোরার মধ্যে থাকার উল্লেখ সবেও, পূর্বাবলের 'রামপাল'কে রামাবতী বলিয়া মত প্রকাশ করিয়া-ছিলেন। পরে আবার দেখিতেছি, সেই রামপাল ও তাহার আশে পাশে করেক মাইল জুড়িরা বে ভগাবশেব দেখা যায় ভাহাকে ভট্টশালী মহাশর প্রাচীন বিক্রমপুর नगरदत छद्योदस्थर दनिया अनूमान कतियास्त्र ११। ভথা-ক্ষতি 'পীথুরে' অথবা ভাত্রশাদনের প্রত্যক প্রমাণ ছারা অনাগত কালে ভট্টবালী মহাশরের অনুমান সমর্থিত হইলে, স্থাপর কারণ হইবে :

বিজ্ঞমপুরের 'বিজ্ঞমপুর' নাম হইল কি করিরা । 'বিপ্রকুলকরলভিকা' নামে একখানি সংস্কৃত গ্রন্থন্ত একটি লোক অকুলারে, বাংলার সেনরাজগণের বিজ্ঞম-সেন

সোক অন্ধ্রীরে, বাংলার সেনরাজগণের

मांबक करेनक श्रुक्त शुक्र ना कि विक्रंभश्रद ज्ञांशन कतिहा-ছিলেন। এই কুলশাল্ডকার মহাশরের জানা ছিল যে, পুরাকালে বিক্রমপুরে সেনরাজগণ রাজত করিতেন। অতএব বে নগরের নাম বিক্রমপুর, তাহার প্রতিষ্ঠাতার নাম তিনি 'বিক্রম'---এর সহিত 'সেন' যোগ করিয়া 'বিক্রেমসেন' রাখিয়া দিরা একটা মন্ত কর্মবা শেষ ক্রিয়াছেন। ওনা যায়, কেচ কেচ না কি আবার এট সোক্টির উপর আহাবান ! বোধ করি, ভাহার কারণ, লোকটি দেবভাষার রচিত বলিয়া। 'দিখিজর' নামে আৰু একধানি গ্ৰন্থ আছে, তাহার রচরিতা অধিকতর চতুর ব্যক্তি ছিলেন। তিনি অত-শত গওগোলের ভিতর না গিয়া দোজাস্থল বলিয়াছেন, বিক্রম নামক রাজার বাস হেতু বিক্রমপুর নাম হইয়াছে—"বিক্রমভূপ বাস্থাৎ বিক্রমপুর মতো বিহ:।" পরলোকগত হাণ্টার সাহেব তাঁহার 'Statistical Account of Bengal' নামক গ্রন্থে (পু: ১১৮) একটা জনশ্রুতির উল্লেখ করিয়াছেন— "There is a tradition that the celebrated Hindu Raja Bickramaditya held his court in the southern portion of the district for some years, and gave his name to the Pargana of Bickrampur." हाफोत्र मारहरवत्र क्र अवारम উজ্জিমিনীর নাম নাই বটে, কিছু গন্ধটা আছে। উজ্জ রিনীর বিক্রমাদিতা বলিলে স্থারণত: লোকে গ্র-লোকের বিক্রমাদিতা, যিনি স্থবার রাজার নিকট হইতে ৰাত্রিংশৎ পুত্তলিকার উপর স্থাপিত সিংহাসন লাভ করিয়াছিলেন, তাঁহাকেই শারণ করে। কিন্তু এই গল্পলৈকের বিক্রমাদিত্য আসিয়া বঞ্জুমের বিক্রমপুর স্থাপন করিয়া গিয়াছিলেন, এ কথার কাহারও শহরাগ আছে কি না ভানি না।

১০২২ সালের আবাঢ় মাসের 'প্রবাদী'তে (পৃ: ৩৮৮৩৮৯) শ্রীযুক্ত ভট্টশালী মহাশর গুপ্তবংশীর চক্রগুপ্তবিক্রমাদিত্য কর্তৃক বিক্রমপুর নগর প্রতিষ্ঠার সম্ভাবনার
ইলিভ করিয়াছিলেন। দিতীর চক্রগুপ্ত কর্তৃক বিক্রমপুর
প্রতিষ্ঠিত হইরা থাকিলে, কোনও কোনও পুরাণে এবং
কা-হিরেন ও হরেন-সালের, অন্ততঃপক্ষে শেবোক্ত জনের
ভ্রমণ-বৃত্তান্তে এই নগরের উল্লেখ না থাকা বিশারকর
ব্যাপার। কিন্তু আবাদ শীকার করিরা এই মত

⁽ ১১) विवामी, ১৩२२ खाताए, शृः ७৮१—७३७

ধরন করার প্রয়োজন নাই, কারণ, এই মত এত্রট অগার বে. ভিনি নিজেও অবশেষে উহা বিস্ক্রন দিতে বাধ্য হইয়াছেন। কি কি কারণে বিভীয় চক্রগুপ্ত কর্ত্তক পর্রবাশের বিক্রমপুর প্রতিষ্ঠার সম্ভাবনাকে তিনি অলীক बान कतिबारहन, छाश सानि ना, किन्नु कालिएएटवर् ভাষ্ডশাসনের উপর নির্ভর করিয়া বিক্রমপুরের নামোৎপত্তি সম্বন্ধে এক নৃত্ৰ মত তিনি প্ৰচার করিয়াছেন, এবং সেই পরিবর্ত্তি মত 'প্রবাদী'র পরিবর্ত্তে ছাপিয়াছেন। তিনি বলিতেছেন "কান্তিদেবের সময়ে যাগার নাম বর্জমানপুর ছিল, (জীচন্দ্রনের কর্তৃক) বিক্রম-পণ্যে লক হইয়া তাহা বিক্রমপুর বলিয়া বিখ্যাত হইয়া উঠিল।" ' কিছা এই বিষয়ে তাঁহার একটা মত-বাদ যদি বাখালার ইতিহাস-ক্ষেত্রে থাকা অনিবার্যাই হইয়া পড়ে, ভাহা হইলে সম্ভবতঃ পরিবর্ত্তি মত অপেকা পূর্ব্ব মত থাকাটাই অধিকতর বাজ্নীর ছিল। পূর্ব্বে বলা গিয়াছে, হরিকেল মণ্ডল যদি বা বলের নামান্তরও হয়, उथानि वर्षमानभूद श्रीदिकलाद अञ्चर् क हिन, देशांत প্রমাণ বিভয়ান নাই, এবং বিতীয়তঃ, অতীশ দীপকরের क्त्रशान विजादि, विक्रमभूद्रत श्रीकृष्ठी श्रीवस्टरिंदत রাজত্বের পূর্বেই ঘটিয়াছিল। অত এব কান্তিদেবের ক্ষমন্ত্রাবার বর্দ্ধমানপুরকে শীচল্রদেব কর্তৃক বিক্রমপুরে পরিণত করা অসম্ভব। ভট্রশালী মহাশয়ের পরিবর্তিত মত সম্বন্ধে আরও একটা বিষম কথা বলি.—এক রাজার নিকট হইতে কোনও একটা নগরী অকুরাজা কর্তৃক 'বিক্রমপ্রাে লক্ষ' হইলেই যদি সে নগরীর 'বিক্রমপুর' নামকরণ করিতে হয়, তবে দেশে দেশে ও যুগে যুগে গোটাকরেক করিয়া 'বিক্রমপুর' থাকিতে হয় !!

আমার সামান্ত জানে মনে হর, বাঙ্গালার যে একজন মাত্র জ্ঞাত বিক্রমশালী নরপতির 'বিক্রম' দিয়া উপাধি বা বিক্রদ ছিল, 'বিক্রমপুর' এই নাম তাঁহারই ভৃতি বহন করিতেছে। তিনি মহারাজাধিরাজ ধর্মপাল, এবং তাঁহার একটা বিক্রদ ছিল 'বিক্রমশীল'। মনে রাখা উচিত, সম্রাট ধর্মপালের সমর সমগ্র পূর্ববন্ধ তাঁহারই অধিকারভুক্ত ছিল।

(১২) ভারতবর্ধ,—আবাঢ়, ১৩৩২, পৃঃ ^{ররা}।

মগধে যে 'বিক্রমন্দ্রীলা' নামে বিরাট বৌদ্ধ বহাবিহার
ছিল, তিববতীর ঐতিহাসিক তারনাথ কান্পিলার
কাহিনীর মধ্য দিরা স্পটাকরে বলিরা সিরাছেন, তাহা
ধর্মপালেরই কান্তি। ধর্মপাল তাহা হইলে নিজেরই
বিফলাস্থলারে বিহারটি স্থাপন করিরাছিলেন। সমর্ত্বে
সমরে দেখা বার, বিহারটিকে 'বিক্রমন্দ্রীলা'-বিহার না
বলিরা একেবারে পরিছাররূপে 'বিক্রমন্দ্রীল-দেব'-বিহার
বলিরা বর্ণিত হইরাছে। কান্দ্রীরের ম্ববক্ত মিজের প্রশীত
'শ্রমরান্তোজের' জিনর্ফিত যে টাকা প্রণরন করিয়াছিলেন, তাহার একথানি প্রথিতে স্পট লেখা আছে
'শ্রীমহিক্রমন্দ্রীলদেব মহাবিহারীর''। পালবংশীর দিতীর
সোপালদেবের ১৫ রাজ্যাকে লিখিত 'জাইলাহ্সিক
প্রজ্ঞাগারমিতা'র একথানি প্রথিতেও'। ঐক্রপই পাই
'শ্রীমহিক্রমন্দ্রীলদেব বিহার' ইত্যাদি।

বস্তুত: ধর্মপালের সময় হইতেই বিক্রমশীলা বিহারের ইতিহাস আর্ড্র, এবং এ বিষয়ে এ বাবং কেই সংশয় প্রকাশ করেন নাই। ধর্মপালের আড়াই শত বংসর পরে অভীশ দীপত্তর কিন্তু ইহাতে সামার একটু তুল করিয়াছেন, দেখা যায়। 'বতকরপ্রোদ্যাট' নামে তিনি মধামক-দৰ্শন সম্বন্ধীয় যে একথানি পুস্তক লিখিয়া-ছিলেন, তাহার পুলিকায় লেখা আছে, ১ বিক্রমনীল মহাবিহার (ধর্মপাল দেবের পুত্র) দেবপাল দেব কর্তৃক নিশ্মিত। তবে ধর্মপালের পরে দেবপাল ঐ বিহারের প্রভৃত উন্নতি ও উৎকর্ষ সাধন করিয়াছিলেন, এই हिमार्य मौलकत शिक्षात्मद উक्ति श्रष्ट्य कतिरम, উशांक ভূল না বলিলেও চলে। আপাততঃ মোটামূটি হিসাবে বলা যায়, পাল রাজবংশের প্রতিষ্ঠা অষ্টম শতানীর মাঝামাঝি সমধে হটয়াছিল। বিক্রমণীলা বিহার পালবংশ প্রতিষ্ঠার পূর্বে স্থাপিত হইয়া থাকিলে, সপ্তম শতাব্দীর চৈনিক পরিব্রাক্ষণণ নিশ্চয়ই উহার উল্লেখ করিতেন। পকান্তরে অতীশ দীপন্তর ভূল করিয়া থাকিলেও, ঐ

⁽১৩) Nepalese Buddhist Literature by R. L. Mitra, Cal, 1882 p. 229; ভারতী, ১৩১৫, পৃ: ২।

⁽³⁸⁾ J. R. A. S. 1910 pp- 150-51.

⁽³⁸⁾ Catalogue du fonds Tibétain de la Bibliotbhèque Nationale par P. Cordier, Paris, 1915, Vol. III., pp. 321-22.

ভূলের বারাই প্রভিপর হর দে, বিহারটি দেবপালের সময় বিভরান ছিল। অভ এব ধর্মণালকে উহার প্রভিষ্ঠাতা বলিরা ভারনাথ যে উক্তি করিরাছেন, ভারনাথ ১৬-৭-৮ খুটাকে ভাহার গ্রন্থ রচনা করিলেও, এবং ভাহার গ্রন্থে পালবংশের ইভিহাসে অনেক ভূল-ভ্রাম্ভি থাকিলেও, ঐ উক্তি নিভ্ল।

ংর্মপালের বে 'বিক্রমশীল' বিরুদ ছিল, ভাচা কবি অভিনন্দের 'রামচবিত' কাব্য হইতে প্রতীয়মান হয় '। অভিনন্দ বিক্রমশীণ-নন্দন যুবরাক হারবর্ষের পৃষ্ঠপোষকতা লাভ করিতেন। ধর্মগালের মৃত্যুর পর দেবপাল পাল-দিংহাদনে আরোহণ করিয়াছিলেন, কিছ ধর্মপালের ৩২ রাজ্যাত্তে উৎকীর্ণ থালিমপুর ভাত্রশাসনে বাহাকে যুৰরাজ বলিয়া বণিত হইয়াছে, তাঁহার নাম ত্রিভূবনপাল। তাহা হইলে, হয় দেবপাল ও ত্রিভূবনপাল একই ব্যক্তি, না হর ধর্মপালের ৩২ রাজ্যাত্তের পর এবং তাঁহার জীবিভাবস্থার তাঁহার জ্যেষ্ঠপুত্র যুবরান্ধ ত্রিভূবন পাল পরবোকগমন করিয়াছিলেন, এবং পরে ঘিতীর পুত্র ८एवभारमञ्जूषा विश्वामन माञ्चिति । ८एवभाम ও ত্রিভূবন পাল ঘতম ব্যক্তি হইলে, ধর্মপালের বাজতের स्मीर्य दिवान दरमद भर्षास विनि युददास-भरम अधिष्ठिक ছিলেন, দেই ত্রিভূবন পালকেই কবি অভিনন্দের পৃষ্ঠপোষক 'যুবরাজ ছারবর্ষ' বলিয়া মনে করিছে হয়। দেবপালের পরেই যিনি পাল-সিংহাসনে আরোহণ कतिशाक्षित्मन, किनि मुत्रशांत ও विश्वश्रांत वहे इहे নামেই অভিহিত হইতেন দেখিয়া, ত্রিভুৱন পাল ও **दिन्दिन अक्ट वास्त्रित हुट नाम र अप्रांट व्यवस्था विद्या**ना कता कटन ना । 'वर्ष' मःयुक्त विक्रम वा नाम माधावणकः माकिनाटलात बाहुक्ठे-वश्मीत नवनानमिशट**करे** वादहाब করিতে দেখা যায়, কিছ ধর্মপালের পুজের পক্ষে 'हाद-वध' नाम वा विक्रम आकात पुर मछरछ: हेराहे কারণ ছিল যে, ধর্মপাল 'পরবল' বিরুদ (বা নামধারী) কোনও রাষ্ট্রক্টরাজের ছহিতাকে বিবাহ করিরাছিলেন। भाग बाबवः एन आहे कुछ-वः नेव कन्नाव भागिशह क्वाव ইহাই একমাত্র দৃষ্টান্ত নহে, কিছু পাল-বংশের অপর কাহারও 'বর্ধ' সংযুক্ত বিক্লদ বা উপাধি ছিল কি না, ভাহা অক্টাত্ত। বৌদ্ধ হার-বর্ধের আল্রিড কবি অভিনন্ধও বৌদ্ধ ছিলেন, কারণ উহার একটা নামান্তর ছিল 'আর্য্য-বিলাস', এবং বৌদ্ধ কুল্যভের 'ক্রিয়া সংগ্রহ পঞ্জিকা' নামক গ্রহে প্রনত ব্যাখ্যান্ত্লসারে 'আর্য্য' শব্দের অর্থ,—বে বৌদ্ধ ভিক্ বিবাহিত শীবন বাপন করেন '। অভিনদ্ধের কাব্যে স্থানে স্থানে তাহার পৃষ্ঠপোষক যুবরান্ত্রকে এমন ভাবে বর্ণনা করা হইরাছে, বেন ভিনিই শ্বয়ং নরপতিরূপে রাজ্বদণ্ড পরিচালনা করিতেন, কিছু তাহার হেতু সুম্পাষ্ট। ধর্মপাল,—যিনি আন্তঃ বিত্রেশ বংসর ধরিয়া সিংহাসনে আর্চ্ছ ছিলেন,—তাহার শেষ জীবনে অতি-বার্দ্ধকেয় উপনীত হইয়াছিলেন, এবং যুবরাশ্র হারবর্ধই প্রকৃত পক্ষে রাজকার্য্য সম্পাদন করিতেন।

রাজ্বাহীর পাহাড়পুর খনন কালে একটি লিপি-সংযুক্ত মুলা (Seal) পাওয়া গিয়াছে। '৺ তাহা হইতে জানা যায় বৈ 'নোমপুর।' বিহার ধর্মপাল কর্তৃক প্রতিষ্ঠিত হইয়াছিল। সম্ভবতঃ পাহাড়পুর মন্দিরই অতঃপর ধর্মপাল কর্তৃক বৌদ্ধ-বিহারে পরিণত হইয়াছিল।

তেরপুরে বালালা দেশের আর একটি বিহারের উল্লেখ আছে, ভাহার নাম 'বিক্রমপুরী' বিহার । এই বিহারে বিদারাই আচার্য্য অবধৃত কুমারচক্র একখানি বৌদ্ধ তদ্ধশারের টীকা লিখিয়াছিলেন, এবং উহা পরে ভারতের লীলাবক্র ও তিববতের পুণাধ্বক তিববতীর ভাষার তর্জমা করিয়াছিলেন। ভ্যেস্বের ক্যাটালগে বিহারটির অবস্থান স্থান্ধে কেবল এইটুকুই পাওরা যার বে উহা মগুধের পূর্বের বালালার অবস্থিত ছিল। (Vihara de Vikramapuri du Bengale, dans le Magadha oriental) । কিন্ধ বিক্রমপুরী নামক বিহারটি বে বলের বিক্রমপুরে অবস্থিত ছিল, দে বিবরে সন্দেহের অবকাশ নাই। অস্থ্যান হইভেছে, 'বিক্রম'-

⁽১৬) অভিনৰের রামচরিত, ক্ষীবৃদ্ধ কে, এন, রামধারী শারী কর্ত্তক সম্পানিত, ১৯৩০, ভূমিকা পৃঃ ৭২।

⁽১৭) সাহিত্য পরিষৎ পত্রিকা, ১০২৩, পৃঃ ৯০।

⁽³b) Ann, Rep. of the Arch. Surv. of India, 1926-27, p. 149.

^{(&}gt;) Cordier, op. cit., II., pp. 159-60.

⁽ e ·) Ibid,

নাল। ও সোম-'প্রী' বিহারদ্বের প্রতিষ্ঠাতাই বিক্রমপুরী বিহারটিও স্থাপন করিয়াছিলেন। পরম সৌগত বিক্রমনীল-ধর্মপাল দেব উাহার স্বীয় ধর্মমতাবলন্বিগণের ক্রম মগধে, উত্তর বঙ্গে ও প্র্ববঙ্গে,—অন্ততঃ এই তিন হানে তিনটি বিহার স্থাপন করিয়াছিলেন।

তাহা হইলে, তুইটি বিকল্প উপস্থিত হইতেছে,
(১) হল বিক্রমপুবে অবস্থিত বলিয়া বিহারটিরও নামকরণ
বিক্রমপুরী-বিহার হইয়াছিল, (২) না হয় পুর্বের বিহার,
ও পরে বিহারের নাম হইতেই স্থানেরও নাম বিক্রমপুর
হইয়াছে, এবং বিহারের গরিমাই স্থানের প্রানিদ্ধির মূল
কারণ। কিছু যে-কোনও কেতেই হৌক্, বিক্রমণীলধর্মপালের নামের সৃষ্ঠিত বিক্রমপুরের নামোৎপত্তির
ইতিহাস বিজ্ঞান্ত বহিয়াছে, ইহাতে আপাততঃ সংশরের
হেতু দেখিতেছি না।

গত আবণ মাসের 'ভারতবর্ষে' (পু: ২৪৭-২৪৯) অধ্যাপক শীঘুক ধীরেলুচল্র গ্লোপাধ্যার মহাশ্রের লিখিত 'পালবংশের ইতিহাদের এক নৃতন অধ্যায়' নীর্ষক এক গবেষণাপূর্ণ প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। ইহাতে তিনি মত প্রকাশ করিয়াছেন যে, বিক্রমণীল ও ধর্মপাল অভিন্ন নহেন, কারণ বিক্রমশীল-নন্দন যুবরাক হারবর্ধকে কবি অভিনন্ধ এক স্থানে "ধর্মাপাল কুল কৈরব কাননেন্দু" বলিয়া বর্ণনা করিয়াছেন। ধর্মপালের কুলকে কৈরব (কুম্দ কাননের সহিত, এবং হারবর্গকে ইন্দুর সহিত তুলনা করায় তাঁহার বোধগম্য হইরাছে বে, যুবরাজ হারবর্ষ ধর্মপাল হ**ই**তে করেক পুরুষ ব্যবধান ছিলেন। কিন্তু কাব্যের এই অংশ পড়িয়া 'রামচরিতে'র সম্পাদক শ্রীযুক্ত কে, এদ, রামস্বামী শান্ত্রী মহাশরের ইহা বোধগম্য হয় নাই: এবং স্বর্গীয় বৃহ লার সাহেব যথন Indian Antiquary পত্ৰিকার দিতীয় ভাগে (পঃ ১০০) 'রামচ্ভিতে'র অভিজের সংবাদ বোধ করি সর্বপ্রথম জাপন করিয়াছিলেন, তথনও এই অংশ উদারকালে তাঁহার বোধগম্য হয় নাই। ইহারা সংস্কৃতে অজ, এ কথা সম্ভবতঃ অধ্যাপক মহাশয়ও বলিতে সাহসী হইবেন না। পাওব যুধিষ্টিরকে কোনও কবি যদি কাব্য করিয়া বলেনই যে ভিনি "পাণ্ডুকুলকৈরব কাননেলু" ছিলেন, ভাছা হইলে কি বুঝিডে হইবে, ঘ্ধিটির পাঙ্

হইতে করেক পুরুষ ব্যবধান ছিলেন ? ক্ষুকের কুলে অমুকের জন্ম হইরাছিল, ইহা বলিলে দর্বতেই তুইরের 'ব্যবধান' বৃথিতে হইবে ইহার কি অর্থ আছে ?

বিক্রমশীল ও ধর্মপাল ভিন্ন ব্যক্তি, ইহা বোধগম্য হওরার অধ্যাপক মহাশর প্রতিপন্ন করিবার চেটা করিবাছেন বে, ৮১৪ খুটান্দে মৃত ধর্মপালের পর পাল-বংলে দেবপালের ক্রার প্রতাপশালী নুপতি আর ছিল না। (সেই হেতু?) ধর্মপাল দেবপালকে তাঁহার সিংহাদনে বিসিবার উপযুক্ত ভাবিরা (অর্থাৎ ত্রিভ্বন পালকে ক্ষর্মযুক্ত ভাবিরা), ত্রিভ্বন পালকে তিনি ৮৬০ খুটান্দে জীবিত তাঁহার অপুত্রক শশুর দশার্থের রাজা পরবলকে দত্তক প্রদান করিয়াছিলেন। ত্রিভ্বনপাল দশার্থে সিরা রাজত করিয়াছিলেন; এবং তাঁহার অনিকট বংশধর বিক্রমনীল ও তদীর প্রস্বরাজ হারবর্ষও দশার্থের সিংহাদনে আরোহণ করিয়াছিলেন, ইত্যাদি, ইত্যাদি, ইত্যাদি।

আমি এই প্রবন্ধের লেখক হইলে. এইখানেই থামিতাম না, আরও থানিকটা অগ্রসর হইয়া প্রবন্ধটিকে সর্কাক্ত্মলর করিবার চেষ্টা করিতাম। বৌদ্ধ ধর্মপালের সম্ভবতঃ অতিক্রান্ত-যৌবন-প্রায় পুত্র ত্রিভূবন পাল নামক (थाकांकिक यथन (थाकांक्र सामामकानंक्र व्यक्तोक शहरक দত্তক পুত্র রূপে গ্রহণ করিলেন, তখন নিশ্চয়ই খোকাকে 'ভদ্ধি' করিয়া ঘরে তুলিতে হইয়াছিল; কিন্তু সেই মহোৎসবের সময় কোন্ কোন্ স্বামিজি উপস্থিত থাকিয়া অমুষ্ঠান সম্পন্ন করিয়াছিলেন,-প্রবন্ধটি আমি লিখিলে ভাহারও একটা লিট্ ছাপিতে কৃষ্ঠিত বা পশ্চাৎপদ হইতাম না। এবং যে ত্রিভুবন পালকে খদেশের সিংহাসনে বদিবার অন্থগযুক্ত দেখিয়া ধর্মপাল তাহাকে দত্তক দিয়া विषाय कविरानन, तमहै जिज़्दन शांन शर्थ याहेराज वाहेराज কোন কোন গুরুমহাশয়ের টোলে 'পলিটিক্স্' পড়িয়া বোর বিদেশ দশার্ণে (বর্ত্তমান ভূপাল) বংশাক্তনে त्राक्य कतिवात मक्ति मध्य कतित्वन, उाँशासत्त्र नाम-ধাম প্রকাশ করিয়া দিতাম। অধ্যাপক "পরবলের বংশধরদের নাম অক্তাত। লিখিতেছেন, পরবল অপুত্রক হইয়া থাকিলে তাঁহার দৌহিত্র ত্রিভূবন পাল ও দেবপাল দশার্ণের সিংহাসনের উত্তরাধিকারী হন।" পরবলের বংশধরদের নাম অভ্যাত বলিয়াই তাঁহাকে অপুত্রক ভাবিতে হইবে, তাহা না হর হইল;
কিন্তু, তিনি অপুত্রক না হইলে ত্রিভ্বন পালের কি গতি
হইরাছিল, এবং দেবপাল ও ত্রিভ্বন পাল বতত্র ব্যক্তি
না হইলে দশার্ণের সিংহাসন কোথার গড়াইরা গেল, এ
সিব কথার অবতারণা কই পুদশার্ণের পরবল অপুত্রক

হইলেই বা, ভাঁহার ভাতৃপ্তে, ভাগিনের প্রভৃতিকে বাদ দিয়া তাঁহার সিংহাসনের উত্তরাধিকারিত কেন দৌহিত্তের উপর গিয়া বর্ত্তিবে,—দশার্ণ রাজ্যে তথন মিতাক্ষরা বা দায়ভাগ কোন আইন প্রচলিত ছিল, তাহা না জানাইলে কি করিয়া বোঝা যার ?

পদার চর

বন্দে আলী মিয়া

শ্রোত গেছে চলি এই পার ছাড়ি', ওপারে ভাঙিছে ফের, চর বাঁধিয়াছে ভিন গাঁও জুড়ে—শেষ নাই যেন এর, এপাশে ওপাশে সমূথে পিছনে যে-দিকে তাকানো যায় বালুর সাগর থৈ থৈ করি কাঁপিছে পূবালী-বায়। শিশু ঝাউ গাছ আলোর সাথেতে থেলা করে সারা দিন ডালে আর তার সবুজ পাতার মাটির মারের ঝণ। হেথায় হোথায় ফেটে গেছে তার মিল নেই কোনোথানে मार्टित निभान उरे পথে दिन योह चानमान পोन ;--বিহানে হুপুরে নানান খাতের পাধীরা আইদে দেখা, পর খনে পড়ে—ডিম পাড়েকেহ—উড়ে যায় ফেলে সে তা। চরের এপাশে ছোটে। অতি ছোটো পদ্মার ক্ষীণধার। চলে এঁকে বেঁকে ঝিরু ঝিরু করি, নাই যেন কোনো ভাড়া। পাछा थ्या नव श्रीवाला यात्र कननी कार्यट चारम, ওরি পানি ভরে যায় সার বেঁধে-কথা কয় আর হাসে; পারে বসি কেহ মাজে থালা বাটি-মুখ হাত কেহ ধোর, পানি এনে কেই গৰুৱ চাড়িতে কেবলি ঢালিয়া থোয়। চরের পানেতে চাহিয়া মনেতে কত কথা আজ জাগে তারা নাহি কেহ—নাহি কোনো চিন্—

যারা ছিলো হেথা আগে।
পদ্মা-ভাগুনে ধর দোর ছেড়ে চলে গেছে ভিন্ গাঁর,
সেইখানে প্রা বাসা বেঁধে ফেবু দিনরাত গুলরার।
এই ঠারে কেব পড়িরাছে চর—সরে গেছে পানি তার,
নতুন লোকেরা আসিয়া গড়িছে বাড়ী ধর আর বার—
ভারাই হোণার ব্নিয়াছে ধান—ব্নেছে কলাই বব,
বাতাসের সাথে ধেলা করে, আর করে মহা কলরব।
সোনালি রঙের কাঁচা পাকা শীব সব্ল বরণ পাতা
পদ্মা নক্ষর পানির মাঝারে ছলে ছলে নাড়ে মাধা

বালুর চরের 'পরে
কে তুমি গো মেয়ে আসিলে হেথায় ভাবনার অগোচরে ;
স্থানে ভোমারে মনে করা যায় লুকাইয়া স্যত্নে
মাটির ওপরে দেখিব ভোমায় ভাবি নাই কোনো খনে!
রোলের মতন ম্থেতে ভোমার আলো করে ফলমল,
গাঙের মতন টল্মল দেহে যৌবন উচ্ছল।
বুকেতে মুখেতে প্রলা রুসের চেউ সে দিয়েছে দোলা,
চলিতে ফিরিতে ফুলে ফুলে পুঠে—

পিঠে লোটে বেণী থোলা :
বালু খুঁড়ে খুঁড়ে আথা বানাইরা ভাত রাঁথো তুমি তার,
ছোটো ভাইবোন তুপালে বিসিরা উৎস্ক হরে চার।
কী নাম ভোমার—তুমি যেন মেয়ে এই এ চরের রাণী,
ভোমার হাসিতে ভোমার কথার বায়ু করে কানাকানি;
তুমি যদি বলো এইখানে মেয়ে ছন্থড়ে বাঁধি ঘর
ভোমারে লইরা থেলা করি আজ পউষের দিন ভর্—
তুমি রবে পালে—আমি স্যতনে সাঞ্জাবো ভোমার দেহ,
মোদের চরেতে স্থু তুমি আমি—আর না রহিবে কেই।

ওগে। মেরে শোনো, আজিকার কথা কাল তো রবে নামনে, তুমি আর আমি রবো বা কোথার কাল গো এতেক থনে! আলো কমে আসে— মেবে আর মেবে রঙের আমেক লাগে দিন তুবে বার পদ্মার কলে—নরম আথার লাগে,— ভোমার চোথের মুথের হাসিটি ভালো মোর লাগে প্রিন্দ, চাহনি ভোমার ভালো লাগে আরো—

নমনের সুধা দিরো।
তুমি ছুটে চলো বালু উড়াইয়া পায়ে পায়ে রেখা আঁকি,
নোনা হরে গেল এ-চর আজিকে তোমার পরশ মাবি।

কুষ্ণালা

--সেবায়েত-

চৈত্র মানের ভারতবর্ণে শীবৃক্ত যোগেশচন্দ্র বিভানিধি মহাশরের—"ব্রজের কৃষ্ণ কে ও কবে ছিলেন" প্রবন্ধর প্রতিবাদ বরণ শীবৃক্ত বসন্তকুমার চট্টোপাধার এম-এ মহাশর প্রবন্ধ লিখিরছেন। বিভানিধি মহাশর বা চট্টোপাধার মহাশর-লিখিত প্রবন্ধের অনুস্কুলে বা প্রতিকৃলে আলোচনা করা আমার উদ্দেশ্ত নয়। আমার তাদৃশ যোগাঙাও নাই। শীকৃষ্ণ সপকে ঐতিহাদিক দৃষ্টিতে আলোচনা প্ররোজনীয় বলিয়া ত্র'একটা কথা বলিয়ার লোভ সংবরণ করিতে পারিতেছি না।

আমার মনে হয়, বিভানিধি মহাশয় ঐতিহাসিকের চক্ষে সভ্যামুসদ্ধান হেতু 🖣 কৃষ্ণ-চরিত্র আলোচনা করিতেছেন; আর চট্টোপাধ্যার মহাশয় ধর্ম-তত্ত্বের দিক দিয়া ভাহার বক্তব্য বলিতেছেন। আমাদের পৌরাণিকরা ধর্ম শিক্ষা দিবার জক্ত শাস্তাদি লিপিয়াছেন। আধনিক সমরের ভায় ৩০% ঐতিহাসিক ঘটনা ও রাজাদিগের জীবনী লিপিবন্ধ করা ভাঁহাদের উদ্দেশ্য ছিল না । তাঁহারা নীরদ ইতিহাস লেখার জন্ম চেইা করেন নাই এবং তাহার প্রয়োজনও অনুভব করিতেন না। তাঁহাদের লক্ষ্য ছিল এমন ভাবে পরাণ লেখা, যাহা সাধারণকে একাধারে ইতিহাস, ভূগোল, জ্যোতিষ, আচার-ব্যবহার, সামাজিক রীতি-নীতি—যাবতীয় বিধয়ের মূলতত্ত্ব ও ধর্মতত্ত্ব শিক্ষা ও আনন্দ দান করিতে পারে। অন্ততঃ আমার ধারণা পুরাণে ভাছারা কলাবিল্পা সাহিত্য, বিজ্ঞান, ধর্মতন্ত্র, প্রভৃতি একাধারে এথিত ক্রিয়াছেন। সাধারণের সহজে চিত্তরঞ্জন ও জ্ঞানার্জ্জন বিষয়ে সাহাযা করিবার জন্ম ভাহারা প্রসিদ্ধ ইতিহাসিক ঘটনাবলী ও প্রসিদ্ধ ব্যক্তিগণের জীবনীর উপর ভিত্তি স্থাপন করিয়া পুরাণ প্রভৃতি লিখিয়াছেন। এক্সপ উদ্দেশ্ত না ধাকিলে নানাবিধ উপনিষদ সত্ত্বেও পুরাণাদির প্রয়োজন কেন হইরাছে, তাহা ধারণায় আদে না। আরও দেগা যায় যে, একই বিষয় ভিন্ন ভিন্ন পুরাণে সামান্ত ভিন্ন ভিন্ন ভাবে বর্ণিত। তাঁহারা যে বেচহার ঐক্লপ করিরাছেন তাহাও বলা যার না। তাহা হইলে বলিতে হা যে, কোন কোনও পুরাণে ইচ্ছা করিয়াই সত্যের অপলাপ করা হইয়াছে। রামচক্র রাবণ বধ করিয়াছেন ইহাও গুলি। আর অসিতারূপিণী সীতা শতক্ষ সাবৰ বধ করিরাছেন তাহাও গুনি। কোন্টা সত্য বলিব ? স্তরাং মনে হয়, আবশুক অসুযায়ী ও তৎকালিক প্রয়োজন বোগে মূল, শিক্ষনীর বিষয় যথার্থ রাথিয়া, ঘটনাবলীর বর্ণনকালীন কিছু কিছু পরিবর্ত্তন, পরিবর্ত্তনাদি করা হইয়াছে। তাহাতে শিক্ষনীয় বিধরের জ্ঞানার্জ্জন দৰক্ষে কিছুই ভারতমা হয় না বলিয়া, অর্থাৎ প্রকৃত শিক্ষা যাহাকে বলে সে বিধন্ন ভারতমা হল না বলিলা, ঐলপ ঘটনাবলীর বিরোধিতা ধর্তব্য নয়। আৰু বদি ভর্কের খাভিত্তে বলিতে হয় যে, এ সকল অনৈক্য দোষে দূৰণীর, ভাহা হইলে, সকল খবির দিবাদৃষ্টি সমান কি না সলেহ করিতে হয়। আৰু নয়ত বলিতে হয়, দিব্যদৃষ্টি কথাটার আমরা উচ্চারণ মাত্র

1

শিবিয়া রাথিয়াছি— একৃত অর্থ জানি না। সত্য কথা বলিতে কি.
দিবাদৃষ্টি বা ইংরাজী রেভেলেগান কাহাকে বলে, আমি আজ পর্যন্ত নানা
চেটা করিয়াও বৃথিতে পারি নাই।

বিজ্ঞানিধি মহাশরের বাগ্যা সাধারণের তৃত্তিকর হইবে কি না এ বিষয় পূর্ব হইতে বলা শক্ত। অস্ততঃ আমি তো অতৃতিয় কারণ দেখিতেছি না। ঠাকুর রামকৃষ্ণ স্পাইই বর্লিরাছেল—রাধাকৃষ্ণ মানো আর না মানো ভাবটুকু নাও। হতরাং গাঁহারা সাধনমার্গে অপ্রসর ও ভক্ত, তাহাদের প্রাণের ঠাকুর ক্ষীকৃষ্ণ যেমন তেমনই তাহাদের হৃদরে থাকিবেন। খত শত ঐতিহাসিক কি বলিতেছেন না বলিতেছেন তাহা তাহারা প্রাথই করিবেন না। আর গ্রাহ্ণ করাও উচিত নয়, অতৃপ্ত হওয়াও উচিত নয়। ভগবান যদি দেখেন যে ভক্তেরা ঐতিহাসিক হইতেছেন, তিনি তাহাদের প্রতিহাসিক সাধনার পুরস্কার দিবেন না। হতরাং গ্রাহারা দাধক, তাহাদের অভ্যারিক সাধনার পুরস্কার দিবেন না। হতরাং গ্রাহারা ধর্মসাধনার দিক দিয়া বা প্রতিহাসিক সতার দিক দিয়া না দেখিলা প্রক্রান বিষয়ে বিছানিধি মহাশারের বাগ্রায়ে অতৃপ্ত হইবেন, তাহার আর উপার কি হইতে পারে ব্নিতে পারিতেছি লা।

বিজ্ঞানিধি মহাশয় যেরূপ উভ্নে কুরুক্ষেত্রের যুদ্ধের কাল নির্ণয় করিয়াছেন ও শীকৃষ্ণ চরিত্র সম্বন্ধ আলোচনা করিতেছেন, তাঁহার সিদ্ধান্ত সঠিক হউক বা ভ্রমপূর্ণ হউক, সে বিবয়ে মন্তব্য দিবার গৃষ্টতা নাই। তবে বলিতে পারি যে, তিনি জ্ঞানভাগ্তারে রত্ন দান করিবার ক্ষম্ভ অকপট জাবে চেষ্টা করিতেছেন। হয় তো তিনি তাঁহার জ্ঞীবিত কালে না পারিলে, তাঁহার মন্তন অপর পণ্ডিতমণ্ডগীর চেষ্টায় এক সময় না এক সমর সভাযুগ হইতে না হউক দ্বাপরযুগ হইতে বর্দ্ধমান সময় পর্যান্ত ইতিহাস লিখিবার উপকরণ পাওয়া ঘাইতে পারে। তিনি আমাদের সম্মানের ও প্রার পাত্র। আর তিনি সরল বিশ্বাসে ব্যাখ্যা করিতেছেন। তাঁহার ব্যাখ্যা বৃদ্ধিপুর্ণ না হইলে গ্রহণ করা না করা পাঠকের ইচ্ছাবীন। অতৃত্তির বিষয় ইছাতে কিছু নাই।

বন্ধিনবাৰ কৃষ্ণচিত্ৰি আলোচনা কালে লমে পতিত হইরাছেন তাহাই বা কিরপে বলা যার ? তিনিও হর তো শ্রীকৃষ্ণ চরিত্রে কতটা রূপক কতটা শ্রুতিহাসিক কতটা আধ্যান্ত্রিক বিষর আছে নির্ণয় করিতেছিলেন। এখনও শুনিরা থাকি যে, নিত্যকুদাবনে নিত্যরাসলীলা হইতেছে। আসাম যোড্হাট সারবত মঠের স্বামী নিগমানন্দের কোনও পুত্তক, সম্ভবতঃ প্রেমিক গুরু পড়িয়া মনে হইল যে, বৃদ্দাবন ব্যাপারটা পুরাপুরি আখ্যান্ত্রিক বিষয়—রূপকে লিপিত। কোষাও যেন পড়িয়াছি বলিরা মনে হয় যে, বৃদ্ধিন্তিরাদি সঞ্চপাওয়কে ধর্মবৃক্ষ বলিরা বর্ধনা করা হইরাছে। বিষয়ুসিরি

বর্ণের বহিন্দ বিষয়কালে অগভানুনিকে দেখিরা প্রথান করিরাছিলেন বলিরা বিদ্যাপর্কত এবনও আকাশে সংলগ্ন হইতে পারেন নাই। সাধকপ্রবন্ধ রাম্প্রনাদ গাহিরাছেন "নটবরবেশে বুলাবনে কালী হলে মা রাসবিহারী।" ঐতিহালিকের চক্ষে মা যে রাসবিহারী হইরাছেন, বিষাস করিতে পারি না। তবে ভগবানের পক্ষে মংস্ত কুর্প হইতে সবই পারা বার। তিনিই তো বিরাট বিশ্ব হইরাছেন। দারুণ ছুর্ছ্যোগে যথন ব্যাকুল হইরা প্রকৃতির ভীবণ মুর্ভি দেখি, তথন আপনা হতেই বলি মা কালী। আবার বখন বিশ্ব জ্যোগরার বেঘহীন আকাশ দেখি, তখন আপনা হতেই বলি গ্রামব্যাহ্ন। যাক !

বেনী বাচালতা বৃক্তিবৃক্ত নর। বিভানিধি মহালর ও চটোপাধ্যার মহালর উভরই আমাদের প্রকার ! পুরাণ প্রভৃতি বিধয়গুলি সমৃক স্ব্রপ্রকারে বৃথিতে পারা কটিন। বাহাতে বাজবিক আমরা পুরাণ শাল্লাদি প্রকৃতভাবে বৃথিতে পারি, তাহাই আমাদের কাসা। পুরাণ পাল্লাদির মধ্যে কওটা প্রতিহাসিক, সামাজিক ও কওটা আধ্যাদ্ধিক বিবর বর্ণিত আছে সে বিশ্ব বিজ্ঞানিধি মহাশর, চটোপাধ্যার মহাশর ও অপরাপর প্রতিক্রপাসী আমাদের বৃষ্ণাইতে চেষ্টা করিলে সম্পূর্ণ না হউক সামাজ্ঞ কিছু কিছু জ্ঞানলাজও তো করিতে পারি। তাহাতেও আমাদের যথেও উপকার। আমি বিনীতভাবে বীকার করিতেছি ছে আমার বক্তব্য সমূহ অমপ্রমাদপূর্ণ বা একদেশী হইতে পারে। স্কৃতরাং আমার প্রত্বা সমূহ অমপ্রমাদপূর্ণ বা একদেশী হইতে পারে। স্কৃতরাং আমার প্রত্বা, আমার অজ্ঞতাও ক্রটা বিজ্ঞানিধি মহাশর ও চটোপাধ্যার মহাশর উত্যই মার্জনা করিবেন। শ্রীকৃকচরিত্র সহক্ষে ভাল করিয়া জানিবার স্ববিধা হইবে বলিরাই এ সধ্ব বিধ্যের অবতারণা করিলাম।

'প্রিয়ার ইচ্ছা প্রেমের ধর্ম্মে বিরোধ বেধেছে আজ'

শ্রীহ্বধাংশুশেখর গুপ্ত বি-এ

ভোরের আলোর ভরে গারের লেপটা টেনে নিরে মুখ অবধি মৃড়ি দেবার উপক্রম ক'বৃছি, আর কে সেটা খুলে मित्न। त्क छा' तुब ्छ वाकि ब्रहेत्ना ना। शाह्य অসভোষ্টা প্রকাশ করা নিয়ে আবার একদফা সময় নট হর, অথবা আগন্ধকের অত্যাচারের মাত্রা পরিহাস থেকে জেন পর্যান্ত গড়ায়—দেই ভয়ে খোলা অংশটার সঙ্গে থানিকটা না-বোঝার ভান জড়িয়ে পাশ ফিরে শোবার আয়োজন করলাম। কিন্তু বিনি এসেছিলেন, তিনি বে প্রায়ই ব'লে থাকেন—আমিই তাঁর গর্ভে স্থান লাভ করেছি—ভিনি আমার নন,—অর্থাৎ আমার যে-কোনো ধালা তাঁর কাছে দর্মকালেই অচল--সে কথা এ ক্ষেত্ত প্রতিপর ক'রে ছাড়্বেন। খপ ্ক'রে বেপের প্রান্তটা চেপে ধ'রে বল্লেন,—"দেখুবি, হতভাগা, দেব গালে ছাভ বলিয়ে ?"-কথাটা বে মঞ্জের মত কাজ করবে তা ভিনি জান্তেন। আমি ধড়মড়িরে উঠে পাড়ালাম। কারণ, এই কন্কলে শীতে প্রাতঃলান করার দক্রণ ঐ চাতখানির টেম্পারেচার ছিল ফ্রিঞ্চিং পরেণ্টের জন্ততঃ দশ ডিগ্রি নীচে।

—"ব্যাপার কি বল তো ? ভোর রাত্রির ছঃখণ্ডের মত ঘুম্টাকে এমন ক'রে মাটি ক'রে কী লাভ হোলো ?"— একটা হাসির হলার বাকি খালস্টুকু বরছাড়া ক'রে মা বলেন—"তবু শুধু "ভোর" বল্বিনে, "রাজি"টা জ্ঞে শুমে থাক্বার একটা ওজার রাথ্বি! কি পাঁচাই তুই হইচিদ্ বিনে ?"

--- "পাচার কোটরে উষারাণীকে ভো নেমস্ক**ল ক'রে** ডেকে পাঠাইনি গো. এ অন্ধিকার প্রবেশের দরকারই বা কি ছিল'---ব'লে মা'র দিকে তাকালাম। উপমাটায় অত্যক্তি কিছু ছিল না, বাইরে যে শিশির-স্নাত উষা কুয়াসার কাপড়থানি প'রে—ছলছলরপে বিখের খুমন্ত-হারে এসে দাঁড়িয়েছে-ঘরের মধ্যে মা বেন তারি প্রতিমা। আমাদের বাড়ী থেকে গলা কাছেই; কোন অন্ধকার থাকতে সেধানে অবগাহন ক'রে এসেছেন---ভার পর পূজো ক'রেছেন—সংসারের খুটনাটিও ছ'একটি দেরেছেন,—ভার পরে এদেছেন আমার ভোররাত্রির विश्वारम बांधा मिटछ। शत्रदन शत्रदमत्र मांधी, छात्रहे লালপাড়ের কূল ভাসিয়ে ভিজে চুলের বক্সা বইচে পিঠে। একটা মুখ প্রসরতা বিশ্রামহানির ক্ষতিটা ভূনিরে দিতে চার:--কিন্তু মহিমার কাছে অন্তরে হার মানা সহজ, ৰাইবে তা প্ৰকাশ ক'রতে বাবে। বধাসাধ্য বিবজ্জি সুর বজার রেখেই বল্লাম,—"নাঃ ভাল লাগে না; সভ্যি সারাটা দিন আৰু যাথা ধ'রে থাক্বে'থম। ভোমার ব্দার কি।"

ততক্ষণে জানালাগুলি সব খোলা হ'লে গেছে, এক খলক বাঁকা বােদ ঘরে চুকে পড়েছে। নির্কিকার কর্তের ভবাব এল—"বিহু, স্কালবেলা মিছিমিছি তাের সক্ষে খণ্ডা করতে জাসিনি বাপু, কাঞ্চ আছে।"

— "আলবাং, সোনা আছে আর সোহাগা নেই!
ঘূমের মাথার মৃথ্র মেরেছ, আর কাজের বহাত নিরে
আসনি!"

— "দেখ, অধামর অনেক দিন আদেনি। সেই যে বিকরার প্রণাম ক'রে গেছে, তার পর আর আদেনি। আহা, বাছা সেদিন শরীর ভাল ছিল না ব'লে, অম্নি মুধে গেছে। অনেক দিন ধবর পাইনি, কেমন আছে তাও আনিনে। যা না বাবা, একবার দেখে আর। হাা, বলিদ্ ওবেলা এখানে খাবে।" — কথাটা আমিও ক'দিন থেকে ভাবছিলাম, কিছু, তাই ব'লে সকাল-বেলাকার এই আরেসটুকু পণ্ড করার সার দিতে পারিনে; বলাম,—

— "এই এরি জল্ঞে এত কাণ্ড! সে তোমার নেমন্তরের পিত্যেশে ইয়া ক'রে ব'লে আছে কল্কাতার! কাল থেকে বড়দিন আরম্ভ হরেছে না ? হর এলাতাবাদ নর শ্রামনগর গেছেই। তাছাড়া এবেলা আর গাড়ীই বা কই, আট্টার প্যাদেঞ্জার ধরবারও সমন্ন নেই। ওবেলা বিকেলের দিকে দেখা যাবে।"—

— "বা ভাল ব্ঝিদ্ কর্। এবেলা যে ভোর শেকড় ছিঁড়বে না তা কি আর জানিনে। ওবেলা যাদ্ কিছ।" — মা চ'লে গেলেন।

সকালের পর্ব্ব এইখানেই শেষ।

সন্ধ্যাবেলা হৃধামরদের ওথানে হাজির হওরা গেল। দেখা যে পাওয়া যাবে না তাতে একরকম নিঃসন্দেহ ছিলাম। প্রথমতঃ ছুটিতে সে বাইরে গেছেই—আর না গেলেও মেদে সে কথনই নেই। একটি খ্যামের বানীর টানে বজনাগরীরা সব গাগরী নিয়ে বেরিয়ে পড়তেন, —আর এম্-সি-সি, হেগেনবেগ, টাটু, এই এমীর বানীতে যেখানে সহরের ছঙ্গের যম্নায় উজান বইতে সেধানে সে-টান কাটিরে মেদের ধুপ্ড়ী আঁক্ডে এই ভরাসাঁঝে প'ড়ে ধাকবার মন্ত গৃহ-প্রীতি আর বার থাক, স্থামরের বে নেই—এ আমি জান্ডাম। কিছ বিশ্বরের আর

স্ববিধ রইলো না, বধন দরওয়ান বল্লে 'বাবু ভিতরমে হাার।

শকিত মনেই সিঁড়ি ধরলাম—সভিত্ত কি ভ্রোড়াটার অমুথ বিমুধ করলো না কি। হ্যা অমুথই ভো। দেখি, জানলার দিকে মুথ ক'রে উপুড় হরে শুরে আছে— র্যাগ্টা দিরে পা অবধি মুড়ি দেওয়া!

"ন্ত্রধা ?"---

ক্ষীণকর্পে সাড়া এল —"কে, বিনন্ধ! আর, বোদ"—
——"হাঁা, এসেছি তো বটেই, দাঁড়িরেও থাক্ৰো না,
কিছু এর মানে কি বলতো ?"

---"কিদের ^১"

— "এই বড়দিন—বাড়ী যাস্নি; সন্ধ্যেবেলা, বাইরে বেরুস্ নি; আপাদমন্তক কম্বল জড়িয়ে সন্ধ্যের অরুকারে প্রহেলিকা রচনা ক'রে প'ড়ে থাকার? ভাল আছিস্ ভো?"

একটু চিম্দে হাসি হেসে বল্লে—"না: শারীরিক কিছু নয়—"

— "তব্ ভাল। তা মানদিকটা কি তনি ?"—ও নিক্তর।

— "কি রে ক্রমশই যে মিষ্টিক্ হ'লে উঠ্লি!" ভর্ জবাব নেই।

বিশ্বয়টা বিয়জ্জিতে গিয়ে পৌছুলো; বল্লাম—"দেখ্ রহস্টা তোর কাছে যত মজারই হোক, যে জানেনা ভার কাছে দেটা যে একটা painful suspense এ মানিদ্ ভো। ভবে এ-ভাবে আমাকে ভূগিয়ে লাভ কি ?"

এইবার ওর বৃলি ফুট্লো, বল্লে—"রহস্ত নয় রে, সমসা।"

— "ঐ একই হোলো, সমস্তার মূথে বভক্ষণ ছিপি এঁটে রাখ্বি, তভক্ষণ সমস্তা মানেই রহস্ত। সমস্তাটা কি শুনি ?"

ধানিকক্ষণ কি ভাব্লে, ভার পর হঠাৎ কর্ষণ আর্ভির স্বের ব'লে উঠ্লো—"বন্ধু, প্রিয়ার ইচ্ছা প্রেম্রে ধর্মে বিরোধ বেধেছে আবা "

এতক্ষণে অবস্থাটার রং ফিরলো, জিঞাসা করলাম "ইচ্ছার বিজ্ঞাপন কই ?" ফস্ ক'রে বালিসের তলা থেকে একটা গোলাপী রঙের খাম বের ক'রে ছাতে দিলে। পড়তে লাগলাম—

> এলাহাবাদ ৮ই পৌষ, শনিবার।

প্রিয়ত্য,---

তোমার চিঠির উত্তর দেব দেব, ক'রে দেওয়া হ'চ্ছিল না। তুমি বেতে লিখেছ, আমিও তো তাই ঠিক ক'রেছিলুম। ভাছাড়া, মন কেমন করাটা ভো একচেটে নর গো। কিন্তু মাঝখানে একটা বাধা গঞ্জিরে উঠ্লো। জিতুদার নাম তুমি শুনেছ বোধ হয়—দেই যিনি বিলেভ গেছ লেন। গেল সোমবার তিনি ফিরে এসেছেন। বেনারসে মামার কাছে উঠেছেন। কাকাবাব বড় গোঁড়া, তুমি শুনেছ তো। প্রায়শ্চিত্ত না ক'রে ছেলেকে ঘরে তুল্তে পারবেন না। যাই হোক, তাঁর কাছ থেকে তাগিদ এসেছে সেখানে যাবার। বিয়ের পরে তো আর দেখেন নি। ইছেটা, অবিখ্যি, যুগল মৃর্জি দর্শনের,-কিন্তু সে কি ক'রে হবে। সামনে ভোমার এক্লামিন। না, না, সে হয় না। তথু নোট মুখত ক'রে তো আর ডাজার হওয়া যায় না-জীবন-মরণের ব্যাপারে গোঁজামিল চলবে না তো। আর চললেও আমার বর তা কথনই চালাবে না। সামনে বড়দিন, ভার প্রতিটি দিন হবে ভোমার সাধনার এক একটি সোপান। আর ই্যা, সেই যে নতুন ছল গড়াতে দেবে व'लिছिल-इ'साइ कि १ इ'तन, विवि त्रास्त्रे भावित्य দিও। যদিই বেনারদে যাই। যে জোডাটা আছে. ভার প্যাটার্ন টা নেহাৎ সেকেলে। যদি না হ'রে থাকে তো কাল নেই। পড়াশুনোর ক্ষতি ক'রে হাঁটাহাঁটি কোরোনা। ভেবোনা। আমি ভাল আছি। তুমি কেমন আছ ? সাবধানে থেকো। ইতি-

তোমার—চৈতালী।

পু:,— দেখ, মেজ্ দি বস্ছিলো, তুমি হ'র তো বড়দিনের ছুটিতে স্টে ক'রে পালিরে আস্বে এথানে।
আমি বল্ল, না, তার সামনে এক্জামিন, পড়াশুনো
কেলে আস্বার ছেলেই সে নর। স্তিা, লক্ষাটি, আর
কোন দিকে মন দিও না। ইতি——

—"বাবা, এ বে একেবারে গার্জেন-টিউটার রে! চৈতিটা তো ভারি মুক্ষি বনে গেছে দেখ্ছি"— চৈতালী আমার দূর সম্পর্কে পিস্তুভো বোন।

সুধা একটু হাদ্দে, গর্কে কি ছ: পে বোঝা গেল না। বোধ হয় প্রতিবাদ বা সমর্থন কোনোটায়ই জোরালো ভাষা পুঁজে পেলে না।

বল্লাম,—"কিন্তু, মেরেগুলো কি রক্ষ স্বার্থপর হয় দেখেছিদৃ? উপদেশের এত ঘটার মধ্যেও ত্ল-জোড়াটার কথা ভোলেনি। আবার লেখা হ'য়েছে— না হয় তো কাজ নেই। একেই বলে 'থাব না, ধাব না, আঁচলে বেঁধে দে'।—"

বন্ধুর কথাটা মনংপৃত হোলো না। বলে—"না রে, তা ঠিক নয়, ঐ যে কি বেনায়স যাবে না কি লিখেছে,—ভাই চেয়ে পাঠিয়েছে।" হাসি পেল। বল্লাম,—"সভিচ অধা, ভোদের দেখ্লে কয়ণা হয়। হিসেবের ভুল পাছে ধরা পড়ে ব'লে, ভোরা ইছে করে নিজের অকে গোঁজামিল দিয়ে চলিস্। প্রেম্কভার মোহ ভোদের চোখ্কে ভোলায় ভোলাক, কিন্তু এত পড়াশুনো-করা বৃদ্ধিটাকে যে কি ক'রে ফাঁকি দিয়ে চলে বৃষ্তে পারিনে। মনকে ভোরা এম্নি ক'রেই মর্ফিয়া দিয়ে অসাড় ক'রে রাধ্তে পারিস্বটে!"

একটা স্থালীর বিশাসের হাসি দিয়ে মুথথানিকে উদ্তাসিত ক'রে স্থামর বল্লে,—"সে তুই বুঝবিনে বোকা, চিরকাল থুবড়ো হ'য়ে থেকে। গোঁজা মিল আমরা দিইনেরে, মিল আমাদের হিসেবের শেষে আপনি এসে ধরা দের। আর দেথ, মনের হাটে মুদীর দোকান খুলে ধনী হওয়া যায় না। অবশু তা তোকে বোঝাবার ধৈয়্য এবং বিছে আমার নেই। তবে এইটুকু জানিস্ যে প্রেম মানে ম্যাথ্মেটিয় নয়, প্রেম একটা আট্।" তার পর একটু রজের সুরে চুপিচুপি বল্লে,—"প্রেমে আগেপড় তবে তো প্রেমের মর্ম বুঝবি।"

শেষের দিকটার কান না দিয়ে জবাব দিলাম,—
"হঁ, আট বই কি। ভোমাদের প্রেমিকারা ফ্লার্ট করার
বিভার যিনি যত নিপুণা তিনি তত বড় আটিই। বিরহী
ফর্তার ভাগে কলার ব্যবস্থা ক'রে যাঁরা এমন ক'রে
ভাইরের অভ্যর্থনার দেশশ্রমণে বাহির হ'তে পারেন,

অথচ ছটো কথার মার প্যাচে গৃহপালিত জীবটির গলার পরাধীনভার শৃষ্থাল বেঁধে খেতেও পারেন, তাঁরাই ভো আদল কলাবিং রে। প্রেম কি শুধু আট, একেবারে র্যাক-আট়্া

কপট ৰোবের ঝন্ধার দিয়ে সুধানয় বল্লে,—"এ রুক্ম ব্যক্তিগতভাবে আলোচনা ভোর অনধিকারচর্চা। আমি এর প্রতিবাদ করি।"

ওর কথা ওনে নয়, এই কপটভা দেখে গা জলে গেল। আত্ম আপনার চক্হীনতা খীলার করে; তাই লগতের দয়া চায় এবং পায়। কিত্ত এই যে আফ্রবিশাসা-গুলি আপনাদের মৃঢ়ভায় মশ্গুল্ হ'য়ে বাইরের সাহায্য খেকে মৃথ ফিরিয়ে ব'সে থাকে—এদের প্রতি অফ্কম্পাও পাপ। গভীর হ'য়ে চুপ ক'বে গেলাম।

নীরবভা ক্রমে বিদদৃশ হ'লে উঠ্তে ও-ই প্রথমে বলে,—"এই, চট্লি না কি ? জানিস্ তো ভাই 'ভিলমভাঃ হি লোকাঃ।' রাগ করিস্ নে,—গরম্ভ বড় বালাই, আবার আমাকেই থোসামোদ ক'রতে হবে।"

মুখের গান্তীগ্য বন্ধার রেখেই জিজ্ঞাসা করলাম "কেন ?"

- —"কেন, আর। তোকে আমার দরকার ব'লে। আর সেই জঙ্গেই ভো ভোর এই আক্ষিক আবিভাব হ'রেছে।"
 - —"কেন আবিভাব হয়েছে ?"
- —"পরিজাণায় সাধুনাং। হু'য়াসের ওপর হ'তে চলে, একে দেখিনি ভাই।"
- —"এ:, কিন্তু 'বিনাশায় চ্স্কুডাং'ও তো হ'তে পারে, এবং সেইটেই আপোততঃ অবভার মহাশয়ের প্রথম উদ্দেশ্ত ব'লে ধ'রে নে।"

স্থামর শঙ্কিত হ'লে ওঠার ভান ক'রে বলে—"সে আবার কিরে!"

—"এমন কিছু নর,—গুরু তোমার অধ্যয়নরপ তপস্থার বিছকারী এই প্রেমদানব বধ! ঠাটা নর, হংগ, ও-সব ছেলেমান্থবী ছেড়ে দে। চৈতি বা লিথেছে, তাতে কিছু সত্য আছেই। পাঠে লেগে পড়—চাই কি, একটু ধৈর্যা রেখে নিজের উদাসীক্ষটা দেখাতে পারিস্ তোপ্রেমের সংখে সন্মানও পাবি। আর দেখ্, পুরুষ

একটু পরুষ না হ'লে—প্রেম জেম, বৃষিনে বাবা—নারীর কাছ থেকে অন্ততঃ আগ্রহ এবং মর্য্যাদা আদার ক'রতে পারে না যে এটা ঠিক। তোদের বিশ্বকবিরও তাই তো মত। 'রাজারাণীতে' স্মিত্রা এক হানে বিক্রমকে বল্চে,—

—"ভোমরা রহিবে কিছু স্লেহমর, কিছু উদাধীন; কিছু মুক্ত কিছু বা জড়িত"—

আমি না হয় পূব ড়ো, কিন্তু এই বুড়োক বির তো একবার বিয়ে হ'য়েছিল—প্রেমের মর্দ্ধ কিছু জানেনই। ভাছাড়া, কবিহিসেবেও এ ব্যাপারে তাঁকে অথরিটি ধরা বেতে পারে। আমার না হয়, পাতা নাই দিলি"—একটু থেমে বল্লাম,—"তবে নেহাৎ যদি—" মুধা এতক্ষণ জানালা দিয়ে বাইরের আলোকিত জনপ্রোতের সঙ্গে মন ভাসিয়ে বঙ্গে ছিল। হঠাৎ লাফিয়ে উঠে, আমার ভান হাতের মৃষ্টি ওয় মৃঠোর মধ্যে শক্ত ক'য়ে চেপে ধ'য়ে প্রবল বাঁকানি দিয়ে ব'লে উঠ্লো—"য়দি— য়দি,—ভার পর, বল্ ভাই বল,—আমার মন বলছে এতক্ষণে তুই একটা থাটি কথা বলবি"

— "তার স্বাগেই আমাকে মেডিকেল কলেকে যেতে হবে, কাঁধের থিল যে খুলে এল রে—উ:!"

চট্ ক'রে শাস্ত হ'লে গেল সুধা।—"এইবার বল"—কণ্ঠখরে বেশ একটু বিজ্ঞতাস্থলভ ধীরতা এবং গান্তীর্য্য মিশিরে ঘাড় ফিরিয়ে বল্লাম,—"চৈতিকে লিখে দে, এখানে চ'লে আস্ক। মানে, ভোর পুড়িমার কাছে ভামনগরে। কাশী যাওয়া আপাততঃ স্থগিত থাক।"—ফিরে দেখি সুধা কখন চিৎ হ'লে শুরে পড়েছে,—মূখে চোখে একটা হতাশার ছারা, অসহার ভাব।

- "कि, त्र, भगा निनि त्य!" **७** निस्कत।
- —"মুধা ?"—"কি ?"—"ভেলি যে ?"—"দে হয় না ৷"
 "কেন ?"
 - --- "কারণ আছে।"
- "বাবাঃ, এতই বখন তোদের কারণ, তখন সে 'কারণের' গোলকধাঁ দাঁর মিছে ঘোরাবার কি দরকার ছিল ? পরামর্শ নেবার আগে তা বলতে হয়"—

একটু ভেবে ও গন্তীর স্থরে ব'লে উঠ্লো,— "তবে শোন, পুশবাসরে প্রেরসীর সাথে
প্রথম আলাপ ক্লণে
টোহে একমনা বন্ধু হইব
পণ করিলাম মনে।
কভু তার কাষে দিব না ক বাধা
আপন মতের লাগি'
ধেরাল খুসীতে মিলিব তাহার
, মনে মনে ভাগাভাগি।
প্রেমের পীড়নে সে সত্য হার,
ক্মন ভান্ধিব আৰু"—

এতথানি ব'লে ফোঁস্ ক'রে একটা নিশাস ফেল্লে। হাসির দমকার পেটে সম্ড-মছন স্ফ হ'রেছিল। এতকণে ওর সমস্তার স্ত্র ধরা গেল। ভাড়াভাড়ি হাসিটাকে বা.গ এনে, বাকি লাইনটা মিলিয়ে দিলাম।

> ——"এতেক ভাবিয়া ফেলে নিখাস চৈতীশ বিজয়াক"।

ভূল হোলো না। স্থামর মানে চাঁদ, বিজয়াজ মানেও চাঁদ। রবিবাব্র "গ্মরাজে' আর আমার বিজয়াজে দি'রের অন্প্রাস্টাও মিল্লো। ও বল্লে—"হাা ভাই, নিখাস নয়, এটা নাভিখাস—অবস্থাটা সেই রকমই দাঁড়িরেছে প্রায়।"

চাকর অনেককণ আলো জেলে দিয়ে গিয়েছিল। টেবিলের ওপরে স্থার সিগারেট কেস্থেকে এতটা সিগারেট নিবে ধরাতে ধরাতে বল্লাম,—"ততক্ষণ একটু চারের ব্যবস্থা কর দিকিনি। চট্ ক'রে একটা কিছু সমাধান বের করা সম্ভব নর। বৃদ্ধির মৃলদেশ একট্ ধ্যারিত ক'রে নি, জিবটাও একট্ ভিজিরে নিতে হবে"—

রাত্রি আটটা বেজে গেল, কিছুই কিনারা হোলো না। তার পর একরকম জোর ক'রেই ওকে আমাদের বাড়ী নিয়ে চলাম। কিছুতেই বাবে না, শেবে মা'র কথা বলতে নরম হোলো। বলে,—"হাারে, বই-টই, খানছুই নেব না কি ?"—

বল্লাম,—"না, একটা রাত সিঁজি না গাঁথলেও চলবে। কাল এসে বরং একটা বড় ক'রে গাঁথিস্, প্রিরে বাবে।" হাওড়ার এনে ত্'খানা বংশবাটীর ইন্টার ক্লাস কেটে গাড়ীতে চেপে বস্লাম।

তিন দিন পরের কথা। বেশা আন্দান্ধ তিনটে কি गाए-जिन्हें ब्रंब, भाशांत्र वाषीत पत्रकांत्र अकि ঘোডার গাড়ী এনে দাঁডাল। আগে একটি মেরে, পরে তুটি পুরুষ অবতরণ করলেন। মা সুধাময়ের মাথায় অবপটি দিচ্ছিলেন, আমি টেম্পারেচার চার্টটা ফেরার করছি। শব্দ শুনে চৰ্বনেই ভাকিরেছিলাম। ভাড়াভাডি मा व'रल छेर्र त्लन-- "य', या, द्योमात्रा अरलन द्यां इत ।" দৌডে বাইরে গিয়ে দেখি বিশুরা মোটঘাটপ্রলো ততক্ষণে নামিয়েছে। অঞাহত মল্লিকাফুলের মত একটি তরুণীর ছটি বাহ শব্দ ক'রে ধ'রে একটি প্রোট ও একটি যুবক আমার দিকে এগিরে আসছেন। চৈতির কেশবাস অসংবৃত, সী'থি নিরবগুঠন। তিনজনেই জিজ্ঞাত্র দৃষ্টিতে আমার পানে চাইলেন। আমার উত্তর যোগাল না। কথন মা এদে পিছনে দাঁডিয়েছিলেন, তাঁকে দেখে হৈতি একটি অফুটপরে ফু^{*}পিরে উঠ্তেই মা বুকের ওপর টেনে নিয়ে বল্লেন,—"ভর কি মা, স্থা আৰু একটু ভাগই আছে, বোধ হয় খুমিয়েছে ৷ অসুধ হ'য়েছে, সেরে যাবে, ভাবনা কি । বিহু, তুই ওঁদের দেখু।"

স্থার খুড়িমা কাল অনেক রাত অবধি জেগেছিলেন;
মা তাঁকে জোর ক'রেই তুপুরবেলাটা বিশ্রাম নেবার জন্ত পাঠিরেছিলেন। কথাবাতা ভানে তিনিও বেরিরে এসেছিলেন। চৈতিকে তিনি কোলের কাছে টেনে নিলেন। স্থীর এগিরে এসে বল্লে,—"বাবা হাত পা ধুচ্চেন, বিভয়া আছে। স্থাবাবুর কি হ'রেছে বড়দা?"

মা-ই উত্তর দিলেন, "দেই তো বাবা। সোমবার দিন আমি ডেকে পাঠিরেছিলুম, বিহু ক'ল্কাভা থেকে নিয়ে এল ওকে। রাভিরে থাওয়া-দাওয়া ক'রে ছ্লনে ওলো। কিছু নয়। সকালবেলা চা দিভে গেলাম, বয়ে,—মা, মাথাটা ধরেছে জলখাবার খাব না। বেলা এগারটা, বিহু কোথায় বেরিয়েছে, অ্থাকে চান করবাব কথা বল্ভে গিয়ে দেখি গা গরম, চোখছটি লাল হ'য়েচে। ছুপুরবেলা ভূল বকভে লাগল। আমি ভয় পেরে

তোমাণের 'তার' করতে বল্লাম। বিভয়াকে পাঠালাম, দিদিকে ভাষনগর থেকে আনবার জভে। যুম নেই। কাল ভোর রাভিরের দিকে একট তল্লা এদেছিল।

च्यीत वाल,---"(क मिथ्रह ?"

—"ওদেরই একটি বন্ধু, নতুন পাশ ক'রে বেরিয়েছে। আহা, কাল থেকে দে সমানে ছিল। আজ তুপুরে একটু বুমুতে দেখে ভবে গেছে।"

সুধীরের বাবা এলেন। আমরা বরে গিয়ে দেখি, সুধা উঠে বসেছে। ধীরে ধীরে ধীরে ভইদ্রে দিলাম। কিছুই বল্লেনা। স্থান-মনে হোলো, 'চৈতি' 'বেণারদ' এমনি হ'একটা কি যেন বলো।

হৈতির চোধছটি বারেক থই থই ক'রে উঠেই ভেনে গেল।

পাঁচ দিন দেবা ও ওণ্ণের সক্ষে লড়াই ক'ল্পে জরটা নির্মীব হ'লে এল। আংবোদিন তুই পরে সুধা পথ্য পেলে।

ছুপুর-বেলা ওর ঘুমটাকে পাহারা দেবার জন্ত আমি সুধীর ও চৈতি ওকে বিরে ব'নে আছি। মা খুড়িমা পালের বরে ঘুমুছেন। পিনেমশার সুধাকে একটু ভাল দেখে এলাহাবাদ চ'লে গেছেন।

আমি বল্লাম—"ম্ধীর, ভার'টা ভোরা পেলি কথন?"
—"ভা, ছটো নাগাত হবে। হৈতির ভো আগের
দিনই কানী বাবার কথা মেজদির সঙ্গে। ও গেল না।
মধাবাবুর চিঠির অপেকায় রইল। আমি বাড়ী ছিল্ম
না। 'ভার' নৈভিই রিসিড্ ক'রেছিল। এসে দেখি
ঠিক ট্রাচুর মত দাড়িয়ে আছে—কাগলখানা মাটিতে
পড়ে। এক কোটা জল নেই চোখে। বাবা ব্যন্ত হ'য়ে
পড়লেন ওর জল্ডে। সমন্ত রাজ্যটা গাড়োয়ান বা রেলের
লোক ছাড়া একটিও কথা হর নি কারো সজে। ৈতি
পাথর না মান্থব বোঝবার জো ছিল না বড়গা।"

চৈতির পানে ভাকাতে গিয়ে দেখি বাদল দিনের মেথবিজ্ঞেদে বারেকের রৌজ-বিভার মত একটি লজাকণ হাসির ছটা ক্লণেকের জন্ত কুট্ডে গিয়ে ঝরঝরো অঞ্জ্ঞানারে ঝাপুনা হ'য়ে গেল। আর স্থার চোথের কোণ চক্ চক্ করছে। প্রকাও একটা পাহাড়ের তলায় এনে দাড়ালে নিজের অভিস্টা বেমন অকিঞ্জিৎকর হ'য়ে পড়ে, ভেমনি কি বেন একটা বৃহত্তের লারিধ্য অভ্যুত্ত

ক'রে সহসা বড় ছোট হ'য়ে গেলাম। বছক্ষণ সকলে
নির্বাক। বরের এই ধ্যান-গভীর মৌনতা কোনো লঘু
আলোচনার অবতারণা ক'রে ভঙ্গ করার করি এবং সাহস
যেন কারো হোলো না। এমনিতর নিবিড্তম নীরবতার
মাঝে সকলেই আপনার হৃদ্দ্দ্দ্দ্দের ধানি গুণ্তে গুণ্ডে
আল্মোপলরির অপরাজ্যে ঘ্রে বেড়াচ্চি, এমন সময়
'মুর্ল্ডো বিদ্রন্তপদ ইব' নীরেন এদে ঘরে চুক্লো। বা
হাতে ওগুদের বাহা, ডান বগলে হাট্র সহাস্থ অভিনন্দনে
সকলকে জাগিয়ে জিজাদা করলে—"কি হে, আলোচ্য
বিষয়টা কি ?" স্থীর পান্টা হেদে জবাব দিলে—"এই
রোগের ইভিবৃত্ত এবং আকুম্লিক ঘটনাবলী আর কি !"

— "ৰামি কিন্তু বেশ ছল্দে গেঁথে এর সংক্ষিপ্ত সংক্ষতি বলে দিতে পারি।"—সকলে কৌতুংলভরে নীরেনের দিকে ভাকালাম। ও তেমনি রহগ্যভরে ব'লে যেতে লাগলো—

"প্রিয়ার ইচ্ছা প্রেমের ধর্মে

বিরোধ মেটাতে আজ,

বংশবাদীতে মর মর প্রাণ

বৌদীশ দ্বিজয়াজ।"—

স্থীর ও চৈতি কিছু ব্যতে না পেরে ফ্যাল্ ফ্যাল্ ক'রে তাকাতে লাগ্লো। স্থাময়ের মৃথ পোড়া ঘুঁটের মক ফ্যাকাশে। সকলের অলক্ষ্যে গোড়ালি দিয়ে নীরেনের জ্তোর ওপরটা সজোরে মাড়িয়ে দিতেই ও উ: ক'রে টেচিয়ে উঠলো। বলাম "কি হোলোরে—"

বল্লে—"পায়ে একটা ফোস্বা হ'লেছে, একটু অসাবধান হ'লেই লাগে "

— "অসাবধান না হ'লেই পারিস্, লাগে ধধন।"—
তার পর লম্বালে স্থারের দিকে ফিরে বলাম— "বলো
কেন। নীরেনের কাব্য কথায় কথায়। মানে, চৈতির
জল্মেনন কেনন ক'রে ক'রে স্থার অস্থ ক'রেছে এই
অর্থ। রবিবাব্র সেই পণরকা কবিতাটার প্যারডি
ক'রে তাই বলা কেনুলো।"

নীরেন সহাজে সমর্থন ক'রে বল্লে—"সভিচুই বৌদির পতিভাগ্য দেখে, আমারই গৃহিণীর হ'লে হিংসে ক'রভে ইচ্ছে ক'রছে।"

আমি বল্লাম,—"তবু তো বৌদির কথা ওনিস্ নিঃ তাহ'লে পরের হয়ে হিংলে করবার আসে নিজের অদৃষ্টের ওপর বিভেটার আত্মবাতী হতিস্।"—স্ধার পত্নীভাগ্য এমনই।

সুধা এছক্ষণে সহজ্ঞভাবে হাসিতে যোগ দিলে। স্থীর স্থাপ্তীর ক্ষেত্র ও পরিত্তিপ্ত্র দৃষ্টি দিয়ে পতিগত-প্রাণা বোনটির ক্লিষ্ট দেহমন যেন ধুইয়ে দিভে লাগ্লো।

বিশুদা এমন সমর একখানা চিঠি নিয়ে এল। এলাহাবাদের ছাপ। সুধীরের হাতে দিলাম। সুধীর পড়ে বল্লে, "বাবা সিধেছেন শোনো বড়দা—

বাবা স্থীর, ভোষার শেষ পত্তে শ্রীমান স্থাময় ২।১
দিনের মধ্যেই জন্পথা করিবেন শুনিরা নিশ্চিন্ত হইলাম।
শ্রীমান্ একটু বল পাইলেই তৃমি তাঁকে লইয়া এথানে
চলিয়া আদিবে—

্মুধা ৰাধা দিছে বলে "কি ক'ৱে হবে ভাই, পরীকা আস্ছে"—

স্থীর পড়তে শাগলো—পড়াশুনার জন্ত যেন আপত্য না হর। আমার বিবেচনার স্বাস্থ্যের কথা আগে ভাবা উচিত। এ সহকে বৈবাহিকা ঠাকুরাণী-গণের সহিত এবং ডাজারবাবুর সহিত পরামর্শ করিও। তোমার গর্ডধারিণী ও বাটার সকলেই শ্রীমান্ শ্রীমতীর কক্ত বড় ব্যাকুল হইরা আছেন। আমার স্বেহাণীধ লইও। সন্তব হইলে ৺কাশীধাম হইতে শ্রীমান্ কিডেক্স বাবাকীকে লইয়া আসিও। ইতি—

আঃ শ্রীদক্ষোর কুমার কুম

হঠাৎ আধিকার করলাম, হৈতালী কোন্ ফাঁকে উঠে গেছে। স্থীর চিঠি নিয়ে তার সন্ধানে বাড়ীর মধ্যে গেল।

নীরেন বল্লে, "সেই বিবে হয়, তব্ কনে সোলার নয়। জীজুবাবুর সেই যুগল রূপ দর্শন ঘট্লো—কেবল নির্থক কভগুলি প্রাণীর ফুর্ভাগ্যের পর।"

স্থা অভিকণ চুপচাপ ছিল। সহসাদশ দিনের সভ-পত্তিকরা ক্ষী সিংহবিক্রমে লাফিরে উঠে নীরেনের টুটি টিপে ধরলে।

—"প্রয়ে বিশাস্থাতক বিভীষণ, আৰু ভোরই একটিন কি আমারই একদিন"—

নীবেন প্রাণপণ বলে ছাড়িরে মিরে ওকে ঠেলে দিরে বলে,—'থাম হডভাগা। ভবু তো "হত ইতি গলঃ" করেছি। ক্রথানি শাভি হওয়া উচিত তোর এই পাৰওতার জড়েত ভেবে দেখুগে ব।"—স্থা অত্যন্ত তুর্বলের মত বিছানার এশিরে পড়ল। বলে,—

"দভ্যি, নীরো। বিহু, ছল জোড়াটা এনেছিস্?" কঠখর খুব কাতর। আমি পকেট থেকে ছোট্ট কেস্টি বের ক'রে খুলে ধরতেই—প্রোজ্জল হীরার ভীত্র ছাতি ভীক্ষ বিজ্ঞপের মত ভিনন্ধনের চোধে ঠিক্রে ঠিক্রে পড়তে লাগ্ল।

অনেককণ পরে স্থা খুব শাস্ত অথচ দৃঢ়ভাবে বলে,—
"নীরো. ওর কাছে আগাগোড়া সব খুলে বলুবো।
আমি মনস্থির করেছি।"—মুখে একটা মরিয়া ভাব;
বুঝলাম বাধা দেবার বাইরে।

নীরেন একটু বিব্রভভাবে বল্লে,—"দেখিস্ ভাই, কেলেকারী বেশী দূর যেন গড়ার না।" চৈভি চিঠিখানা নিয়ে ঢুকভেই আমরা ফুট ক'রে স'রে পড়লাম।

দেদিন রাত্রে নীরেনের সলে ফলকাতার পালালাম।
মাকে বলা ছিল রাত্রে ওদের ওথানে থাব। খুনী
আসামীর পুলিসের কাছে যাবার বেটুকু সাহস থাকে,
চৈতির সারিখ্যে যাওয়ার সেটুকু ভরসাও ছিল না
আমার। রাগ হচ্ছিল অ্ধার ওপর। ছুর্মলচিত, ধর্মজ্ঞানী কোথাকার।

পরের দিন ওদের ব্যাণ্ডেশের গাড়ী ধরিয়ে দিতে বৈতে হোলো। নীরেনও এসেছিল। স্থা চৈতি গাড়ীতে বসে আছে। আমরা টিকিট কাটা, মালপএ তদারক নিমে কোনো গতিকে সময়টুকু কাটিয়ে দেবার ফিকিরে আছি। আর মিনিট পাঁচেক কাটাতে পায়েই হয়। হঠাৎ স্থার গলা এল। "নীরেন, বিয়।" তাকিয়ে দেবি হাতছানি দিয়ে স্থা ডাক্ছে। চৈতিও। রাগে গা রি রি করতে লাগ্ল। সব ওর চক্রান্ত। কাছে বেতে চৈতি বলে,—"বড়দা, কেন ভোমরা এমন লক্ষিত হ'ছে।। আমি জানি সমস্ত ওর দোষ।"

বার ওপর দোষারোগ করা হোলো সে দ্ভবিকাশ করে হাস্ছিল। কারণ, তার মনের অবস্থা তথন পর্ম-হংসের মত। নিলাম্বতির অতীত। টেজের ওপর দাঁড়িয়ে গালাগালি দিলে, নেপথ্যের সম্পর্কে দাগ লাগে না তো। আমার দৃঢ় বিশ্বাস ছিল, ওদের যা বোঝা-পড়া হ'রেছে, ডাতে সুধা গুরার নিজের জ্বন্তে ওকালতি করতে একটুও কসুর করেনি। আবার চংক'রে বল্তে গেল—"কান চৈতি, বিশ্ব আমার গোড়া থেকেই বারণ করেছিল, কিছু আমি—"

— "থাম তুই !" ধমক থেয়ে ও চুপ ক'রে গেল।
ভার পর চৈতির ভানহাতটা টেনে নিয়ে হলাম—
"দোব নয় রে, আমাদের অপরাধ। আর ভার ভাগ
সকলেরই সমান আছে। তুই আমার ছোট বোন,
অকল্যাণের ভরে ভোর কাছে ক্ষমা চাইতে পারিনে।
ভবে এইটুকু করিস্ ভাই,— পিসিমা পিসেমশার, এমন কি
স্থীরের কানেও যেন ওঠে না দেখিদ্।"

—"তুমি কি পাগল হ'মেছ বড়দা।"

—দেশ্ চৈতালী, মান্থবের জীবনটা বেমন বছরের পর বছরের মধ্য দিয়ে পরিণতির দিকে এগিরে চলে, তার মনটাও তেমনি মত থেকে মতান্তরের মধ্য দিয়ে গড়ে ওঠে। এই ভূলের ভেতরেও আমি অনেক সভ্য লাভ ক'রেছি, বার দাম আছে।"—স্থ! ও চৈতি বেন একবার পরস্পার চোধে চোধে কি ব'লে নিলে, মনে হোলো। কিন্তু আমি না দেধারই ভান কর্লাম।

নীরেন ব'ল, "বিছ যা বলে, তা আমারও কথা বৌদি, আমিও চক্রাস্কারীদের অন্ততম। কিছু মাপ চাওয়ার কথা তুলবার সাহস আমার সবচেরে কম।"

ৈচিতি প্রিশ্ব হেনে কবাব দিলে,—"কিন্তু অপরাণের সজে সজেই তো 'ফাইন' দেওয়া স্থক করেছিলেন। চিকিৎসক ওয়ুণের সজে নিজের গাঁট থেকে এমন দামী দামী টিন ভর্ত্তি বিলিতি পত্তিার ব্যবহা করলে দেবতাদেরও যে অস্থা করবার স্থ হয়। তবে পেশাদার পৃত্রী বামুনরা অত গোপনে অমন ভোগনিবদন সরব্রাহ করতে পারেন না এই যা হুংখ। আছো স্থ মাছুবের গারের উত্তাপ অমন চমৎকার ভাবে বাড়াবার বিত্তে কি ভাতারী শাল্পেই লেখা আছে গুনা, রস্থন বগলে রাথার অভিনব ব্যবহার কোন উপশান্ত আছে গ্

নীরেন হেলে কবাব দিলে,—"না, ওটা ইন্টিংটিভু জান। বাল্যে আয়ত করেছিলাম। বিভালয়টা পুর

মনোরম লাগতো না, এবং মাটার মশাইদের কাছেও কোনো সহাত্ত্তির আশা ছিল না ব'লে এই রম্বন-মার্গই বেছে নিতে হ'রেছিল, মুক্তির সন্ধানে।

"কিন্তু বাল্যে বা মুক্তির কারণ হ'রেছিল, আজ তা প্রায় নিরম্নগামী করেছিল আর কি! কপাল্জোর, বার ক কাছে অপরাধ, তিনি ধরিত্রীদেবীর চেম্নেও ক্ষমালীলা— এ যাত্রা তাই নিস্তার পেরে পেছি।"

চৈতালী কানের নতুন তুল কোড়াট ছেলেমাহুধের ভদীতে দেখিয়ে বল্লে,—"বলেন কি, এমন খুদ পেলে ধে চিত্রগুপ্ত থিশুপৃষ্ট হ'রে পড়েন। ক্ষমা কি অম্নি আ্লাদে ?"

नीत्रन व्यत्न,—"अ नाक्त व्यत्न नक्षण त्योषि"-

আমার মৃথে কে যেন এক পোঁচ কালি মাধিরে দিলে। চৈতি তালকা ক'রেই বলে উঠ্লো,—"বড়দা কিছ ভারী ইয়ে, এখনও মুখ ভার করে দাঁড়িয়ে রয়েছে। ইয়া বড়দা, ত্ল তুমি পছন্দ করেছ না ?—ওর যা পছন্দ,ও নইলেই বা এমন চমংকার জিনিষ কিন্বে কে? নিশ্চরই ভোমার পছন্দ।"—ওর প্রতি স্নেছে এবং কৃতজ্ঞতার হাস্তে হোলো, এমনি আবদার ছিল স্বরে। গাড়ী ন'ড়ে উঠতেই নীরেন বয়ে, 'নমস্কার বৌদি'!

সাজা ন ডে ওঠ্.ভথ নামেন বংল, সমকান থোনে । চৈতি প্রত্যভিবাদন ক'রে ভাড়াভাড়ি আমার পারের ধুলো নিলে।

স্ধীর একরাশ পান নিমে গাড়ীতে উঠ্লো। গাড়ী চল্ছে, নীরেন মুখ বাড়িয়ে বলে,—"একটু সাবধানে যাবেন স্থীরবাব্।"

সুধীর ব্যস্তভাবে উত্তর দিলে—"ইয়া ইয়া, নিশচনই, কোনো ভয় নেই, দেখানে বাবা সবই ব্যবহা ক'রে রেখেছেন।"—

একটা কৌতৃকের উচ্ছাস চারজনের চোধে উথ্লে উঠতেই আমি তাড়াতাড়ি পেছন ফিরলাম। হাস্তে আমার তথনও লজ্জা করছিল। ওরা ছজনে যে প্রাণ খুলে হাস্তে হাস্তে যাবে তা জান্তাম। ওদের আকাশে তো কুয়াসা জমে থাকে না। নিবিড় মেঘ যথন ঘনিয়ে আসে, আসে। থাকিকলপ পরে আবার যথন সে মেঘ নিংশেষে অ'রে যার, ওদের ভিজে ডানার ধোওয়া পালকে তথন সোনালি কিরণ কিক্মিক করে।

অসাধ্য সাধনা

শ্রীধনপ্তায় শর্মা

দেবি ! বহু চাটুকার মিলেছে ভোমার পত্ত-তলে বহু মৎলব আনি'; আমি অভাগ্য বহিলা এনেছি এই বগলে গোপন রচনাধানি।

তুমি ব্ৰিয়াছ আমার চালাকি,
ধরিরা কেলেছ বিভার ফাঁকি,
তব্ মনে মোর স্পর্কা ত রাখি
দিবদনিশি।
মনে বাহা ছিল, জানিল তা পত,
শিব গড়িবারে হ'ল তা বাদর,
ব্রির সাথে ফলী ইতর
গিয়াছে মিশি'।

তবু ওগো দেবি ! বহু মেহনতে পরাণণণ
চরণে দিতেছি আনি'—
মোর এই মৃঢ় দান্তিকতার পরম ধন
ব্যর্থ রচনাথানি ।
ওগো, ব্যর্থ রচনাথানি—
দেখিয়া হাসিছে চারিধারে আজি
যত জানী অজানী !

তুমি যদি তবু ক্ষমি' অপরাধ তুলি' দেশজোড়া এই অপরাদ লহ নিজে এই কৈতববাদ করণা মানি'; সব নিক্লারে তুলিবে আমার ব্যর্থ রচনাথানি।

দৈবি ! পাঁচশ' বছর কত জ্ঞানীঙণী শুনা'ল গান কত না যন্ত্ৰ আনি', আমি আসিয়াছি ফাঁকতালে তারি লভিতে মান বাজারে বগলখানি।

তুমি জান দেবি,—জানি নাক কিছু,
তব্ভাহাদেরি করিবারে নীচু,
ছুটিরা চলেছি চ্রাশার পিছু
উচ্চরবে;
মনে বে কথার আছিল আভাস,
বে কাজ সাধিতে করেছিয় আল,
বিভার দেবিষ হরে গেল কাস,—
জানিল সবে!

1 165

বোকা হয়ে তাই রয়েছি দাঁড়ারে সভার মাঝে কথা ফুটছেলা আর, উপাধির ঝুলি লাগিলনা, দেখি, এ হেন কাজে, মুখ তুলে' চাওয়া ভার।

ওগে', বিভার ঝুলি !
হাসিয়া ভোমায় দেখায় সবাই
ভোড়া বুজাঙ্গুলি।
তুমি যদি শুধু কর গো আদর,
কষ্টিতে তব কদে' লও দর,
লুটায়ে লব ও চরণের পর
চরণধূলি;
ছিল যা আশায়, ফ্টিবে ভাষায়
প্রশাপ-বলি!

দেবি ! এ বয়দে আমি করেছি যোগাড় অনেক মান, পেয়েছি অনেক ফল, সে আমি বিশ্ববিভালয়েরে করেছি দান, ভরেছি এ করতল।

শিধি নাই যাহা, শিধাইতে যাই,
বেতনের তা'র কোনো ক্ষতি নাই,
বাংলাভাষার মাথাটি চিবাই
ছাত্রনাঝে;—
মবে' তবু বেটি পরলোকে, হায়,
পুত্রের কাছে পিও সে চায়,
সাজাইতে তাই তোমারি পাতার
চাই বে লাজে!

শাস্-বাগানের ভাই এ একশ' বাছাই কলা
চরণে দিতেছি আসি'--থোব্-থেয়ালের থোসামদে-ভরা পচা ও গলা
বিফল কদলীরাশি!

ওগে', বিফল বাসনারাশি—
দেখি' চারিধারে বরে-পরে সবে
হাসিছে খুণার হাসি।
তুমি যদি তবু ভালো বলো খালি,
ভোমারি দলটি দের করতালি,
সেই দেমাকের 'চেরাক'টি জ্ঞালি'
যাইব ফাসি।
তুমি খালি তব কচুর পাতার
বাজিও আমার বালী।



সাম্মিয়িকা

সেচ ও ম্যাকেরিয়া-

কুকিার্য্যের অস সেচের প্রয়োজন এই কুষিপ্রধান দেশের অধিবাদীরা বছকাল হইতে উপল্ভি কবিয়া আসিয়াছে। প্রসিদ্ধ এজিনিয়ার সার উইলিয়ন উইলকল্প এমন মতও প্রকাশ করিয়াছেন যে, এ দেশে অনেক নদীই মানবের থনিত থাল। ভগীরথের গলা আনয়ন তিনি রূপক বলিয়া অসুমান করেন। দে যাহাই হউক, এ দেশের লোক যে সেচের প্রয়োজন উপলব্ধি করিত. তাহার বথেষ্ট প্রমাণ আছে। বাঙ্গালার অধিকাংশ স্থানেই পূর্বে বংগর বংগর ব্যার সময় নদী ও নালা কুল ছাপাইয়া জ্মীর উপর জল ছড়াইয়া দিত: সেই পলীপূর্ণ জগ ক্ষেত্রের উপর পড়িয়া যেমন ক্ষেত্রের উর্বারতা বৃদ্ধি করিত, তেমনই গ্রামের মধ্যে পুছরিণী প্রভৃতির বদ্ধ জল দূর করিয়া সে সকলে নূতন জল ও মংশ্রের "পোন।" প্রদান করিত। যে স্ব স্থানে নদী বা খালের আভাবে এইরপ সেচের ব্যবস্থা করা ঘাইত না. দে সব স্থানে পুছরিণী ও বাঁধে জ্ঞলসঞ্যের কিরূপ সুব্যবস্থা ছিল, ভাষার চিহ্ন এখনও বাঁকুড়া জিলার বিষ্ণুপুরে দেখিতে পাওয়া যায়।

মুদলমান-শাদনেও এ দেশে—বিশেষ দিল্লী অঞ্চল প্রাদাদে পানীয় জল সরবরাহের ও দেচের জন্ম থাল থনিত হইয়াছিল। ইংরাজ-শাদনে দেচের জন্ম থাল থননের ব্যাপার বিরাট হইয়াছে। এখন দেচের খালে ভারতবর্ষের অনেক স্থানে মক্তৃমি শহ্মামল হইয়াছে। পঞ্জাবে প্রায় ৯০ লক একর জমী দেচের খালে শহ্মাছে। মালাজে কৃষ্ণা ও গোলাবরী নদীঘ্রের জল থালে প্রবাহিত করার ফলে প্রায় ৯০ লক লোক ছ্তিক ইইডে অব্যাহতি লাভ করিয়াছে। এই সব খাল খননের ফলে ধে শহ্ম উৎপন্ন হয়, তাহার বার্ষিক ম্ল্য থাল খননের ব্যরের চতুগুণ। আজ বার বৎদর মাত্র প্রের্জিরীধ ও খাল প্রস্তুত ইইয়াছে। ইহাতে প্রায় ২০ কেটি ৫০ লক্ষ টাকা ব্যয়্তিত ইইয়াছে। বর্ত্তমানে

সমগ্র ভারতে ৭০ হাজার মাইল সেচের খালে প্রায় ৫. কোটি একর জমীতে সেচের ব্যবস্থা ইইয়াছে।

কিন্ত ইংরাজের শাসনে সেচ সম্বন্ধে বালালা অসকত-রূপে অবজ্ঞাত হইয়া আদিয়াছে। কোটি কোটি টাকার অতি সামাত অংশই বালালায় ব্যয়িত হইয়াছে—দে ব্যয় উল্লেখযোগ্যই নহে। গতবংসর বর্জনানের নিকটে যে দামোদরের থাল খনন শেষ হইয়াছে. তাহার পরিচয় আমরা যথাকালে পাঠকদিগকে দিয়াছিলাম। ভাহা বাদ দিলে বাকালায় খনিত খাল উল্লেখযোগাই নছে। त्मिनिमैशूरत शारलत रिन्धा १२ मारेल अवः शिकनीत शाल মাত্র ২৯ মাইল দীর্ঘ। কতকগুলি মজা নদীতে জল দিবার উদ্দেশ্যে যে ইডেন থাল ধনিত হয়, তাহাও কুদ্র এবং তাহা খননের উদ্দেশ্যও এতদিন সফল হয় নাই---এখন দামোদর খাল হইতে ভাহাতে জল দিবার ব্যবস্থা হটয়াছে। বাজালা নদীমাতক—এই ভাগাবান **প্রদেশে** প্রকৃতিই দেচের কাষ স্থমস্পন্ন করেন, এই বিশ্বাদে বাকালায় সেচের থাল ধনিত হয় নাই। অথচ বাঁধে, বেলের রান্ডায় ও অক্যান্য উপদ্রবে বান্ধালার নদীগুলিও মজিয়া যাইতেছে। এককালে যাহা বাঙ্গালার সম্পদ ছিল, এখন তাহা বিপদে পরিণত হইতেছে।

সেই জন্মই দামোদর থাল খননে আমরা আনিশ প্রকাশ করিয়াছিলাম।

সেচের জল কৃষির জন্ম প্রয়োজন। কিন্তু বস্থার জলে যেমন কৃষিকার্য্যের উন্নতি হয়, তেমনই লোকের আন্ত্যোরতি হয়। বিলাতে ট্রেন্ট প্রভৃতি নদীর কৃলে কৃষকরা নদীর ঘোলা জল কেতে লইয়া যায় ও জলের পলী জমীতে পড়িলে, জল ছাড়িয়া দেয়। ইটালীতে জমীর উপর জল লইয়া পলীতে জমী উক্ত করা হয় এবং সলে সলে ম্যালেরিয়া নিবারিত ইয়া ুবে স্থানে প্রয়োজন এই ব্যবস্থা করিবার আস্থাইটালীর সরকার আন্ত্রীক করিয়া ক্ষতা গ্রহণ করিয়াছেন।

সংপ্রতি সরকারের সেচ বিভাগ বান্ধানায় ম্যানেরিয়া

প্রশামনকরে বঞার জলে সেচের ব্যবস্থা করিয়া বে পরীক্ষার প্রবৃত্ত হইয়াছেন, তাহার ফল কিরপ হর জানিবার জম্ম দেশের লোক উদ্গ্রীব হইয়া রহিয়াছেন।

মেদিনীপুরের কভকগুলি স্থানে ম্যালেরিয়ার প্রবল প্রকোপ লক্ষ্য করিয়া ম্যাজিট্রেট মিষ্টার পেডী এই পরীক্ষার আয়োজন করেন। মেদিনীপুরের খালের करन मिटित राउँहा कतिल कल किन्न हम, छोड़ा দেখিবার সভন্ন করিয়া তিনি খাস্থা ও সেচ বিভাগদয়ের মঙজিজাল হয়েন। তির হয়, খালের জ্ঞল জ্বমীতে লইয়া ধান্তক্ষেত্র ও অন্ত: স্ব অমীর উপর বধাসন্তব অধিকক্ষণ রাথিয়া ছাড়িয়া দেওয়া হইবে। প্রথমে স্থির হয়, নারায়ণগড়, পিল্লা ও দেবরা থানায় যে সব ভাবে শত-করা ৫৫ হইতে ৮৪ জন বালকবালিকার প্রীহা বিবৃদ্ধিত, খালের কুলত দেই সব স্থানে প্রথম পরীকা হইবে। মিষ্টার পেডী জানিতেন, নূহন কোন কায অজ্ঞ জনগণ সন্দেহের দৃষ্টিতে দেখিয়া থাকে। সেই জন্ম প্র**ার** কার্য্যের ছারা লোক্ষত গঠনের অভিপ্রায়ে ও জল দিবার ব্যবস্থান্তার লইবার জন্ম তিনি স্থানীয় সমিতি গঠিত করেন। ইহার ফলে অনেক গ্রামবাসী লিখিয়া **८एन, यमि ८म८६त्र करन छै। हामिरशत्र दकान कछि इस,** তাঁহারা সে অস্ত কাহাকেও দায়ী করিবেন না। নারায়ণগড় ও পিল্লা থানার এলাকায় মোট ৩ হাজার ৫ শত একর জমীতে জল লইবার ব্যবস্থা হয়। বর্গা দাধারণতঃ যে সমল হয়, তাহার পুর্বেষ হওয়াল সে বংসর জুন মাসে দেখা যায়, কেত্রের খাজ সেচ সহা করিতে পারিবে না; সেই জন্ত জুলাই মাসে কাব আরম্ভ করা হয়। পরীক্ষাক্ষেত্র স্বতম স্বতম থণ্ডে বিভক্ত করা হয় এবং যাহাতে এক ক্ষেত্ৰ হইতে জল অন্ত ক্ষেত্ৰে যাইয়া শশু নষ্ট না করে, সে দিকে বিশেষ দৃষ্টি রাথাও হয়।

এ দিকে স্থানীর সমিতিসমূহের চেষ্টার স্থানীর লোকরা স্বতঃপ্রবৃত্ত হইরা এই কার্য্যে সহযোগী হর। ছোট ছোট কালা কাটিয়া খালের রক্তবর্ণ পলীপূর্ণ জল পুছরিণী হইছে পুছরিণীতে ও ডোবা হইছে ডোবার লওয়া হর। পিললা থানার এলাকার লোক পরীকা সহছের নুম্মির্ম বিসিয়া তথার স্মৃতিরিক্ত স্তর্কতা স্মব্যস্থন প্রবিশ্বিক পূৰ্ণ বন্ধ জাল বাহির হইয়া কালিয়াবাই নদীতে ও পাঁচথ্বীর থালে পতিত হয় এবং সজে সজে নৃতন জলে সে সব পূৰ্ণ হয়।

এই সময় মশকডিখের পরীক্ষার স্থির হয়, এই সব
ক্ষমীতে আর একবার সেচ দিতে হইবে এবং অস্টোবর
ও নভেম্বর মাসে তাহাই করা হয়। ইহার পূর্কেই এই
পরীক্ষার প্রবর্ত্তক মিষ্টার পেডী আভতামীর গুলীতে
নিহত হইয়াছিলেন। মিষ্টার বার্জ্জ যথন ম্যাকিষ্ট্রেট
তথন, পরীক্ষাফল লক্ষ্য করিয়া, প্লাবিত গ্রামসমূহের ও
নিকটবর্ত্তী বছ গ্রামের অধিবাসীরা তাহার সভাপতিত্বে
এক সভায় সমবেত হইয়া সেচ-কার্য্য পরিচালিত ও
বিক্তত করিতে অম্পরোধ করেন।

গ্রামের লোকের সহযোগিতার এরপ কার্য্য কিরপ সহজে ও অল্লব্যয়ে স্থ্যস্পান হইতে পারে, তাহা এই পরীকার দেখা গিয়াতে। ব্যয়ের পরিমাণ---

নারায়ণগড় এলাকায়

১৭ টাকা

পিছলা থানার এলাকায়

a• "

ইহার ফল কিরুপ হইয়াছে, তাহার আলোচনা করিলে দেখা যায়—

- (১) যে স্থানে সেচ দেওরা ইইরাছে, তথার সেচের পুর্কে, ১৯৩১ খৃষ্টাব্দে, মৃত্যুর হার ৪২ ছিল, সেচের পর তাহা ২৬ হইরাছে এবং ম্যালেরিয়া ও অক্সাস্ত জ্বরে মৃত্যুর হার ২৩ হইতে ১৫ হইরাছে।
- (২) ছই হইতে দশ বংশর বয়স্ক বালকবালিকাকে পরীক্ষার ফলে দেখা গিয়াছে, যে স্থানে শতকরা ৪৫ জনের প্রীহা বিবর্দ্ধিত ছিল, সেই স্থানে শতকরা ২৪ জনের প্রীহা বিবৃদ্ধিত।

এক বংসরের পরীক্ষাকলে কোন স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া সম্বত নহে। কারণ, কোন অজ্ঞাত কারণে কোন কোন কোন বংসর যেমন ম্যালেরিয়ার প্রকোপ প্রবল হয়, তেমনই আবার কোন কোন কোন বংসর প্রশমিত হয়। সেই অস্ত আবারও কিছুদিন প্রারীক্ষা প্রয়োজন। কেবল তাহাই নহে—ম্যালেরিয়া-প্রসীজ্ত বালালার অস্তান্ত স্থানেও এইরপ পরীক্ষা প্রবর্তিত করা প্রয়োজন ও কর্ত্তব্য। বে সব স্থানে নদী বা ধাল নিকটে নাই, সে সকল স্থানে কি ব্যবস্থা করা যায়, ভাহাও চিন্তার বিষয়।

কারণ, ম্যালেরিয়ায় বাদালার যে সর্বানাশ হইতেছে, তাহা অসাধারণ। বংসর বংসর ম্যালেরিয়ায় বলদেশ তলক ৫০ হাজার হইতে ৪ লক লোক মৃত্যুম্থে পতিভ হয়। কিছা কেবল মৃত্যুসংখ্যাতেই ইহার অপকারিতা সম্যক উপলব্ধি করা যায় না। যে স্থানে এক জনের মৃত্যু হয়, সে স্থানে হয়ভ একশত জন রোগাক্রাক্ত হয়—
যাহারা বাঁচিয়া থাকে ভাহারাও অনেকে জীবয়্ত অবস্থায় থাকে। ভাহাদিগের উভম, উৎসাহ, শক্তি ও
প্রকানক্ষ্মতা ক্ষা হয়। ভাহাদিগের জীবন্যাত্রা
নির্বাহের জন্ত পরিচালিত কার্যোও বিল্ল ঘটে এবং
বাদালীয় লারিত্যু-বৃদ্ধি হয়।

বাদালা ন্যালেরিয়া-প্রপীড়িত হইবার পূর্ব্বে বাদালীর স্বাস্থ্য ও শক্তি কিরপ ছিল, তাহার পরিচয়ের অভাব নাই। আমরা এক জন বিদেশী লেখকের সাক্ষ্য প্রদান করিতেছি। মিটার কোলসওয়াদী গ্রাণ্ট প্রসিদ্ধ শিল্পীছিলেন। তিনি বাদালার পল্পী-জীবন সম্বন্ধে যে সচিত্র মনোক্ত পূত্তক ১৮৬০ গৃষ্টাব্দে প্রকাশ করিয়াছিলেন, তাহাতে তিনি মালনাথ (মোলাবেড়ে) নামক নীল-কুঠাকে সংঘটিত নিম্লিখিত ঘটনা বিবৃত্ত করিয়াছেন!—

"একবার মালনাথে সমবেত অতিথিদিগের মধ্যে এক জনের কলিকাতার একথানি পত্র পাঠাইবার প্রয়োজন হয়। পত্রথানি পরদিন প্রাতেই কলিকাতার পৌছাইয়া দিতে না পারিলে সে সপ্তাহে বিলাতী ডাকে যার না। কুঠার মালিক বরকলাজ কণী বিখাসকে কিজ্ঞাসা করেন, সে কি কিছু বক্শিষ পাইলে পত্রথানি পরদিন প্রত্যুবে কলিকাতার বেকল ক্লাবে পৌছাইয়া দিতে পারে? তথন তিনি জানিতেন না যে, বিখাস সেই দিন প্রাতে ১৬ মাইল দ্ববর্তী চাকদা হইতে ই।টিয়া আসিয়াছে। বিখাস সমত হয় ও অপরাহ ৪টার সময় বাহির হইয়া মাঠের পথে সারায়াত্রি চলিয়া প্রত্যুবে ৪টার সময় বথায়ানে পত্রথানি পৌছাইয়া দেয়। ১২ ঘটায় সে ৫২ মাইল পথ অভিক্রম করিয়াছিল! নৌকার সক্ষার চাকদার পৌছিয়া লে আবার ১৬ মাইল হাটিয়া মালনাথে পৌছায়।"

এরপ ঘটনার দৃষ্টান্ত বিরল নহে। বালালার ডাক্তার বেণ্টলী ম্যালেরিয়া সহরে অনেক

অহসদান করিয়া এই সিদ্ধান্তে উপনীত হইরাছিলেন যে, বজার জলের সেচ বন্ধ হওয়াতেই বাদালীর স্বাস্থ্য ও বাদালার জনীর উর্বরতা ক্ষু হইরাছে। কেহ কেহ বলেন বটে, বস্থার জলে জনীতে পলী পড়ার যে কশলের ফলন বর্দ্ধিত হয়, তাহা নহে, পরস্ক ধাস্তের ক্ষেত্র দিয়া জল বধন বহিয়া যায়, তখন ধাজের মূল ভাহা হইতে যে উদ্যান আকর্ষণ করে, তাহাতে গাছ সতেজ হয় ও জলল ভাল হয়। আমরা এই মতের সমর্থন করি না বটে, কিছ এই মতেও বস্থার প্রাক্ষন প্রতিপর হয়।

যিনি নীল নদের সেচের স্ব্যবস্থা করিয়া মিশরে
নব্যুগের প্রবর্তন করিয়াছেন, সেই সার উইলিয়ম
উইল্কক্স পরিণত বয়সে বালালার আসিয়া—বালালার
অবস্থা দেখিয়া যে মত ব্যক্ত করিয়াছিলেন, আমরা নিয়ে
তাহা উদ্ভূত করিতেছি:—

"বলার ম্পাবান রক্তবর্ণ জল প্রচুর পরিমাণে ক্ষমীতে
দিয়া জমীর উর্বরতা বৃদ্ধি ও মালেরিয়া নাশ—বালালার
প্রথম ও প্রধান প্রয়োজন। নীতকালের আরস্তে যে
সেচের জল দেওয়া হয়, তাহাতে এতচ্ভয়ের কোন
উদ্দেশ্রই দিছ হয় না। যে বৎসর বৃষ্টি জয় হয়, সেই
বৎসরই দিতীয় সেচের প্রয়োজন হয়। প্রথম সেচের
ক্ষপ্ত কথন জলের অভাব হয় না; দিতীয় সেচের কাল যে
ক্য পাওয়া যায় তাহা অসীম নহে। প্রথম সেচ নিতাজ
প্রয়োজন; দিতীয় সেচ না দিলেও চলে—তাহা বিলাস।
প্রথম সেচের জমীতে বল্লার পলীপূর্ণ জল আসিলে ক্ষেত্রে
গাছের এমন ভেজ হয় যে, তাহা যে ভাবে জনাবৃষ্টি সহ্
করিতে পারে—সে সেচে বঞ্চিত গাছ তাহা পারে না।
নিজ্জীব শক্তক্ষের ও নিজ্জীব মানব—একই স্থানে
দেখা যায়।"

তিনিই আৰু একস্থানে দৃষ্টান্ত দিয়াছেন :--

"২১শে ফেক্রয়ারী (১৯২৮ খুটান্দে) ভারিবে আমি
ভাক্তার বেন্ট্রনীর সহিত লালগোলা ঘাট হইতে আসিতেছিলাম। আমরা প্রথমে বে ৯.১০ মাইল স্থান অতিক্রম
করি, ভাহাতে শক্তক্রের সতের গাছে পূর্ণ। ভাহার
পর আমরা বে স্থানে উপনীত হই—ভণার কেতের
অবস্থা দেখিরা আমার মনে হর, গলপাল শক্তকেতের
গাছ নই করিরাছে। ভাক্তার বেন্ট্রনী আমাকে ব্রাইরা

দেন—বাঁধের জন্ম তথার বলার জল জমীতে উঠিতে পারে নাই।"

বাঁধে বাঙ্গালার স্বাস্থ্য ও উর্ব্যক্তা কিরুপ কুণ্ণ হইরাছে, তাহা গত বর্জনান বস্তান্ধ দেখা গিলাছিল। সে বার দানোদর বাঁধ ভাজিয়া গ্রাম ভাসাইলে ম্যালেরিয়া ফেরণ জ্বল হয় ও ফশলের ফলন যত জ্বধিক হয় তাহা বছদিন দেখা যায় নাই। প্রাকৃতিক নিয়মে যে ভাবে বস্তার জ্বল জ্মীতে ভড়াইয়া পড়ে, ভাহা নই করা ক্থনই স্কত ও ক্ল্যাক্র হইতে পারে না।

মেদিনীপুরে যে সব স্থানে বস্তার জলে সেচের ব্যবস্থা হইরাছে, সে সব স্থানে ম্যালেরিয়া নিবারণই প্রধান উদ্দেশ্ত থাকার ফশল সম্বন্ধে আবিশুক সংবাদ সংগৃহীত হইরাছে বলিয়া মনে হয় না। কিন্তু সে সংবাদ সংগ্রহের প্রয়োজন অস্থীকার করা যায় না।

আমর। জানিয়া প্রীত হইলাম যে, বর্দমান, হুগলী ও হাওড়া জিলাত্ররের কোন কোন হানে—মেদিনীপুরের দৃষ্টান্তে—সেচের ব্যবস্থার আন্মোজন হইতেছে। দামোদর নদের, ইভেন থালের ও নবনির্মিত দামোদর থালের জল লইয়া সেচ ব্যবস্থা করা হইবে—তাহারই কয়না হইতেছে। নদীয়া বিভাগের কোন কোন স্থানেও পরীক্ষা হইবে। আমরা আশা করি—এখন হইতে যে স্থানেই ব্যায় সেচের ব্যবস্থা হইবে, সেই স্থানেই যেমন তাহাতে লোকের স্থাস্থা কিরপ হয় অর্থাৎ ম্যালেরিয়ার প্রকোপ কিরপ প্রশমিত হয় তাহা দেথা হইবে তেমনই ফশলের ফলনবৃদ্ধিও লক্ষ্য করা হইবে।

আমরা শুনিয়াছি, যিনি সংপ্রতি বালালার ডেভেলপ-মেণ্ট কমিশনার অর্থাৎ পুনর্গঠনকার্যভারপ্রাপ্ত কর্মচারী নিযুক্ত হইগাছেন, তিনি গঠনকার্য্যের আরপ্তেই সেচের ব্যবস্থা করিতে বৃশিতিছেন।

আমরা এই প্রবন্ধের প্রথমাংশেই বলিয়াছি, সেচ বিষয়ে বালালা বছকাল অষথারূপে উপেক্ষিত হইরাছে। এখন কি সেচ বিভাগ সেই ক্রটি সংশোধন করিতে কুত্রসকল্প হুইবেন ?

সার উইলিরম উইল্ফল্ল বলিয়াছেন :---

"বাহালায় দেখা বায়, প্রাচীনকালের লোক বে ব্সার জলে সেচের অব্যবস্থা করিয়াছিলেন, ভাহাতে যেমন বালালার আন্তোর ও সম্পদের উন্নতি হইয়াছিল, তেমনই তাহা ত্যাগের ফলে ম্যালেরিয়া ও দারিত্র। প্রবল হইয়াছে। ইহা মনে রাধিয়া কাষ করিলে আমাদিগের সাফল্য সম্বদ্ধে আর কোন সক্ষেহ থাকিবেনা।"

ভাজাব বেণ্টলী বছবর্ষব্যাপী অন্থ্যনান্দলে এই
সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন যে, বালালার যে সব
হানে এখনও বজার জল জনীতে ছড়াইয়া পড়ে, সে সব
হানে ম্যালেরিয়া নাই বলিলেও বলা যায়; জার যে সব
হানে তাহা বন্ধ হইয়াছে, সেই সব হানে ম্যালেরিয়ার
প্রকোপ প্রবল। তিনি বলিয়াছেন—নদীয়া, মূর্লিদাবাদ,
বর্দ্ধমান প্রভৃতি জিলায় অনেক গ্রাম জনশ্রুও অনেক
জনী "পতিত" হইয়া জাছে। সে সব হানে ম্যালেরিয়ার
প্রকোপ নিবারণ করিতে হইলে জনীতে চাষের উপায়
করিতে হইবে। ইহার দিবিধ উপায় আছে—জনীতে
সার প্রয়োগ, জার জনীতে পলী পতনের উপায় করা।

সার প্রদান যে ব্যয়সাধ্য ভাহা বলা বাজ্লা। সারের উপকারিতা বালালার কৃষক বুঝে। কিন্ধু যে দারিজ্য হেতু রন্ধনের ইন্ধন যোগাইতে না পারিষা গোমরও আলানীরূপে ব্যবহার করিতে বাধ্য হয়, সে কিরুপে সার সংগ্রহ করিবে? এ কথা বছদিন পূর্বের বড়লাটের ব্যবহাপক সভার মিটার সিয়ানী বলিয়াছিলেন। সেচের জক্ত যদি বক্তার জল ব্যবহৃত হয়, তবে তাহা কিরুপ স্কর্মবার্যাধ্য হইতে পারে, তাহা মেদিনীপুরে দেখা গিয়াছে। যাহারা ইহাতে উপকৃত হইবে, তাহারা যে সাগ্রহে ইহার জন্ম কার্যে প্রবৃত্ত হইবে, তাহার মেদিনীপুরে দেখা গিয়াছে। তথার লোক স্বতঃপ্রবৃত্ত হয়া কায় ক্রার ব্যয় উল্লেখবোগ্যই নছে।

বাকালা আজ বেমন ম্যালেরিয়ায় জীর্ণ, তেমনই অয়াভাবে শীর্থ। বস্থার জলে সেচের ফলে যদি বাকালার এই ছিবিধ দারুণ ছুর্গতি দূর হয়, ভবে বে অসাধ্যমাধন হইবে এবং বাকালা তাহার প্রনাত করিবে ভাহা বলাই বাহলা।

আমরা বালালার সর্বত্ত লোকের দৃষ্টি মেদিনীপুরে এই পরীকাফলের প্রতি আরুট করিভেছি। দেশের লোক উভোগী হইরা এই কার্যের ব্যবস্থা করুন। কার্য্য- গদ্ধতি স্থির করিবার অভ স্বাস্থ্য ও সেচ বিভাগদ্বরের বিশেবজ্ঞদিগের বে পরামর্শ ও সাহাব্য প্রারোজন, সরকার তাহা দিবার অভ প্রস্তুত থাকুন, আর জিলা বোর্ড, ইউনিয়ন বোর্ড প্রভৃতি প্রতিষ্ঠান সে পরামর্শ ও সাহাব্য গ্রহণের উপায় করিয়া আপনাদিগের অভিত্ সার্থক করন।

সংক্ষ সংক্ষারের কার্য্যে অবহিত হইতে জন্মরোধ করি। সার উইলিয়ম উইল্কল্প মিশরে যে কাষ করিরাছেন, তাহা তাঁহাকে অমর করিয়াছে। তিনি বালালার জলপথ সংশ্লারের যে পদ্ধতি নির্দেশ করিয়াছিলেন, তাহা বিশেষভাবে পরীক্ষা করিয়া—তাহাতে প্রয়োজনামূর্য্য পরিবর্ত্তন, পরিবর্দ্ধন করিয়া তাহা প্রবৃত্তি করা সম্ভব কি না, তাহা দেখিবার সময় সমুপ্তিত।

বালালার নদী থাল বিল আজ ত্বিত জলের আগার
—ভাহার পর কচ্বীপানা নৃতন বিপদ আনিয়াছে।
দেশের জলনিকাশের ও বজার জল গ্রহণের দিকে দৃষ্টি
না রাখিয়া নানা বাঁধ ও রাজপথ রচিত হইয়াছে।
এই সলে রেলপথেরও উল্লেখ করিতে হয়। আমরা
আশা করি, কিরপে বালালার এই অবস্থার পরিবর্তন
করা যার, সরকার—দেশের লোকের ও বিশেষজ্ঞদিগের
সহিত পরামর্শ করিয়া—ভাহা স্থির করিবেন এবং স্থির
করিয়া সোৎসাহে সাফল্যলাভের জন্য দৃঢ়দফল্ল হইয়া
কার্যে প্রেরুভ হটবেন।

মেদিনীপুরে বেরপ স্থানীয় সমিতি গঠিত হইয়াছে, বাদালার নানাস্থানে সেইরপ সমিতি গঠন ও লোককে ব্রাইবার ব্যবস্থা করা যে প্রয়োজন, তাহা বলাই বাহল্য।

স্বরাজ্যদলের পুনরুজ্জীবন—

মণ্টেগু-চেমসফোর্ড শাসন-সংশ্বার প্রবর্তনের সময় কংগ্রেদ যথন বর্জননীতি অবলবন ও অসহযোগ আন্দোলন আরম্ভ করেন, তথনই কংগ্রেদের বহু মতাবলম্বী বহু লোক ব্যবস্থা পরিবদে ও ব্যবস্থাপক সভাসমূহে প্রবেশের দক্ষ ভাগে করিয়াছেন। কিছু চিত্তরঞ্জন দাস, পণ্ডিত

মতিলাল নেহেক, লালা লব্ধণত রায় প্রভৃতি কংগ্রেদের বহুমত শিরোধার্যা করিয়া লইলেও বাবভাপক সভা বর্জনের সমর্থক ছিলেন না। সেই জন্ম কারামুক্ত হইরা আদিয়া চিত্তরঞ্জন অগ্রণী হইয়া অরাজ্য দল গঠিত করেন। সে দল কংগ্রেসের আতার ত্যাগনা করিয়া ব্যবস্থাপক मङोत्र व्यादरमञ्ज व्याखांद श्रहण करत्रन अदः (महे एरमञ् নেতারা কেছ কেছ ব্যবস্থা পরিষদে ও কেছ কেছ প্রাদেশিক ব্যবস্থাপক সভায় প্রবেশ কুরেন। সেই স্ব সভার তাঁহারা সংখ্যার অধিক না হইলেও অন্তাভ সদক্ষের সহিত সম্মিলিভ হইয়া একাধিক ব্যাপারে সরকার পক্ষকে পরাভত করেন। তাহার পর কংগ্রেসের নির্দেশে বরাজা দলের কংগ্রেসক্ষীরা আবার ব্যবস্থাপক সভাদি তাাগ করিয়াছেন। কিন্ধু সেই ভ্যাগের পর তাঁহারা যেন কিছু অশ্বন্তি অহুত্তব করিতেছিলেন এবং মনে করিতেছিলেন, বর্তমান অবস্থায় সে সব সভায় প্রবেশ করিলে তাঁহারা লোকের কল্যাণকর কার্য্য করিতে পারিবেন।

এদিকে সরকার কংগ্রেসের কার্যানির্কাহক সমিতি বে-আইনী প্রতিষ্ঠান বলিয়া ঘোষণা করিয়াছেন এবং কংগ্রেসের প্রকৃত অধিবেশনও হইতে পারে নাই। কংগ্রেস কর্তৃক আইনভক্ষ আন্দোলন সমর্থনই সরকারের এই ব্যবস্থার কারণ।

ব্যবস্থাপক সভার প্রবেশ পুনরার কংগ্রেস কর্তৃক অন্ন্যানিত করাইবার জন্ত ডাজার বিধানচন্দ্র রাম্ন প্রমূপ ব্যক্তিরা দিল্লীতে এক পরামর্শ বৈঠকের আারোজন ক্রিয়াছিলেন এবং সেই বৈঠকে ঐ প্রস্তাব গৃহীত হয়।

যদিও মহাত্মা গানী কারামূক্ত হইরা আসিরা রাজনীতিক কার্য্য ত্যাগ করিরা "হরিজন" আন্দোলনে আত্মনিয়োগ করিরাছেন, তথাপি বৈঠকের প্রতিনিধিরা তাঁহার সম্মতির জন্ম প্রভাব লইরা তাঁহার সহিত সাক্ষাৎ করেন। গান্ধীলী বলিরাছেন, ব্যবস্থাপক সভাপ্রবেশ সম্বন্ধে তাঁহার মত পূর্ববৎ থাকিলেও তিনি কংগ্রেদের ক্মীদিগকে ব্যবস্থাপক সভার প্রবেশে বাধা দিবেন না।

ইহার পর তিনি ঘোষণা করিয়াছেন—আইনতক আন্দোলন প্রত্যাহার করা হইল। এবার কারাগার হইতে মুক্ত হইয়া আদিয়া তিনি মত প্রকাশ করিয়া- ছিলেন, জনগৃত অর্থাৎ সভ্যবদ্ধভাবে আইনভদ বদ্ধ করা হইবে। কংগ্রেসের পক্ষ হইতে সেই মর্পে বোবণা প্রচারও হইরাছিল। কিন্তু তথন কথা হইরাছিল— ব্যক্তিগত ভাবে বাঁহারা ইচ্ছা করেন, আইনভদের প্রাধীনতা সম্ভোগ করিবেন।

দিলীর বৈঠকে ডাকার শ্রীযুক্ত বিধানচন্দ্র রায় বলেন
—নানা কারণে বালালা কোনরূপ আইনভল আন্দোলনে
যোগ দিতে পারে না। এখন গান্ধীলী বলিরাছেন—
সরাজ লাভের উদ্দেশ্রে ব্যক্তিগতভাবেও আইনভল করা
হইবে না এবং তিনিই একক আইনভল আন্দোলনের
প্রতীকরণে বিরাজ করিবেন।

ইতঃপূর্ব্বে বিহারে ভূমিকম্পের ধ্বংস্থীলা দেখিয়া গান্ধীলী সরকারের সহিত সহযোগ স্বীকার করিয়াছেন।

এবার তিনি যাহা বলিয়াছেন, ভাহা কংগ্রেসের পূর্বনেতৃগণের মভ—বে স্থানে সম্ভব সরকারের সহিত সহযোগ করা হইবে, কিছু যে স্থানে প্রয়োজন অসহযোগ করিতে দ্বিধা করা হইবে না।

ভারত সরকারের খরাই সচিব ব্যবস্থা পরিষদে বলিয়াছেন, যদি কংগ্রেসের কার্যানির্জ্ঞাহক সমিতি আইনভন্ধ আন্দোলন প্রত্যাহার প্রভাব করিবার জন্তু সমবেত হয়েন বা কংগ্রেসের অধিবেশন আহ্বান করেন, তবে সরকার ভাহাতে বাধা দিবেন না। কিছু পূর্ব্বাহ্নে প্রতিশ্রুতি কে বা কাহারা দিতে পারেন ?

যথন দিল্লী বৈঠকে সমবেত কংগ্রেসকর্মীর। ব্যবস্থাপক সভাপ্রবেশের সকল প্রকাশ করিয়াছেন এবং মহাত্মাকী তাহাতে সম্মতি দিরাছেন ও আইনভন্ধ আন্দোলন প্রত্যাহার করিয়াছেন, তথন মতের গতি কোন্ দিকে তাহা সহকেই ব্যিতে পারা বার। সে অবস্থার সরকার যদি বিনাসর্তে কংগ্রেসের অধিবেশনক্ষল অস্মতি প্রানাকরিতেন, তাহাতে কোনরূপ অনিটের আশক। ছিল বিলয়া মনে হর না।

এ দিকে কবি রবীস্ত্রনাথ ঠাকুর মহাশয় এক বিবৃতিতে
গিথিয়াছেন-সরকার বেমন বলিয়াছেন, আইনভদ প্রত্যান্ত হইলে আইনভদ্পক্ত কারাক্তর ব্যক্তিদিগকে মৃক্তিপ্রদান করা সন্তব হইবে, তেমনই তাঁহারা বাদালার বিনা বিচারে আটক আসামীদিগকেও মৃক্তিপ্রদান করন। বধন মটেগু-চেমসকোর্ড শাসন-সংশ্বার প্রবর্তিত হয়, ভধন সম্রাট তাঁহার খোষণার বলিরাছেন, ভারতের ইতিহাসে যে নবযুগের প্রবর্তন হইভেছে তাহাতে দেশের লোকের ও শাসকদিগের মধ্যে সর্ক্ষবিধ ক্ষপ্রীতির অবসান হওয়া বাহনীর বলিয়া তিনি বড় লাটকে উপদেশ দিতেছেন, তিনি উপযুক্ত বিবেচনা করিলেই যেন সকল রাজনীতিক বনী প্রভৃতিকে মুক্তিদান করেন।

আজও আবার ভারতবর্ধের ইভিহাসে নৃত্র অধ্যায় আরম্ভ হইতেছে। এই সময় সরকার কি রবীক্রনাথের পরামর্শ বিবেচনা করিয়া কাষ করিবেন ? অহুগ্রহ কি বার্থ হয় ? সে বার সম্রাটের অহুগ্রহে যাঁহারা মৃক্তিশাভ করিয়াছেন, তাঁহাদিগের মধ্যে অনেকেই যে শান্তিপ্রিয়— এমন কি সন্ত্রাস্বাদ্বিরোধী হইয়াছেন, ভাহাও সরকার জানেন—দেশের লোকও ভাহা দেখিয়াছেন।

দেশে এতদিন যে চাঞ্চল্যে স্থিতি ছিল, এ বার তাহার অবসান হইবে, এমন মনে করা যায়। গান্ধীতী দেশবাদীকে গঠনকার্য্যে আ্যানিছোগ করিতে উপদেশ দিয়াছেন।

এ দিকে যে সব পুরাতন কংগ্রেদনেতা অসহযোগ ও আইনভন্দের অক কংগ্রেদ ত্যাগ করিয়া গিয়াছিলেন, তাঁহারাও হয় ত আবার কংগ্রেদে যোগ দিয়া কংগ্রেদকে জাতির প্রকৃত রাজনীতিক প্রতিনিধি প্রতিষ্ঠানে পরিণত করিতে সম্মত হইবেন। যদি তাহা হয়, অর্থাৎ অনৈক্যের স্থানে আবার ঐক্য প্রতিষ্ঠিত হয়, তবে তাহা যে বিশেষ স্থাবর ও আশার কারণ হইবে, তাহা বলাই বাহলা।

আমরা দিল্লী বৈঠকের পরিণতি দেখিবার জগ উদ্গ্রীব হইরা ছিলাম। দেদিন রাঁচীতে নেত্বর্গের এক বৈঠকে স্থির হইরাছে যে, স্বরাঞ্চলল পুনরার গঠিত হইবে এবং দেল ব্যবস্থাপক সভার প্রবেশ করিবেন। শীঘ্রই পাটনার কংগ্রেস কার্যাকরী সমিতির অধিবেশনে এই ব্যবস্থা পাকা হইবে। এখন আমরা আলা করিতে পারি, ইহার কলে চাঞ্চল্যপ্রাস্ত দেশ আবার লাভি সম্ভোগ করিবে এবং নির্মান্ত্রগ আন্দোলনের পথে ভারতবর্ধ স্বরাজের সিংহ্ছারে উপনীত হইরা সেই হার মৃক্ত দেখিতে পাইবে।

ব্যয়-হক্ষি--

সার নৃপেক্ষনাথ সরকারকে যে দিন ভারত সভার পক্ষ হইতে অভিনলিত করা হয়, সে দিন তিনি প্রস্তাবিত শাসন-পদ্ধতির ব্যয়-বাহুল্যের আলোচনা করিয়া বলিয়াছেন, এই ব্যয়-বাহুল্যের জ্বস্ট ভাহা অচল হইবার সভাবনা। বালাগার কথাই ধরা যাউক। বৎসরের পর বংসর বালালা সরকাবের আয়ে ব্যর-সঙ্গান হইতেছে না। চুইটি আয় বালালা প্রাপ্য বলিয়া দাবি করে—(১) পাটের রপ্থানী-ভাষের আয় ও(২) আয় জরের আয়।

এবার যে বাঙ্গালাকে বাঙ্গালা ছইতে রপ্নানী পাটের উপর শুল্পের অর্জাংশ (পূর্ণ নতে) দেওয়া হইবে, ভাহাও দেশলাইরের উপর কর স্থাপিত করিয়া। অর্থাৎ সাধারণত: যাহাকে "খানা বৃজ্ঞাইয়া থানা কাটা" বলে, ভাহাই করিয়া। ভারত-সচিব কবৃল-জবাব দিয়াছেন, এখন কিছুকাল বাঙ্গালার পকে আায়-করের কিছুই পাইবার আশা নাই। কেন্দ্রী সরকারের বায়সঙ্গান করিবার জাল সে টাকা প্রয়োজন হইবে। ভাহা হইলে ব্রিভে হইবে, বাঙ্গালা সরকার কোনজপে "মশোদার দড়ীর" তুই মুখ এক করিবেন—আায়ে বায় কৃলাইবেন। বাঙ্গালার লোকের কল্যাণকর কোন কাম করা, অর্থাভাবে, সন্তব হইবে না। অর্থচ পল্লীর পুনর্গঠনের যে কার্য্যে সরকার প্রবৃত্ত হইবেন বলিয়াছেন, ভাহাও বায়-সাপেক।

যথন অবস্থা এইরপ, তথন আবার প্রদেশের সংখ্যা
বহিত করা হইতেছে। সিন্ধু ও উড়িয়া তুইটি অভত্র
প্রদেশে পরিগত হইবে। সিন্ধুর আরে যে তাহার ব্যরসঙ্কান হইবে না, তাহা অনুসন্ধান কমিটা বলিরাছেন।
উড়িয়ারও তাহাই হইবে। যে স্থানে পূর্বে নদীর প্রবাহ
ছিল এবং শল্প জমী খনন করিলেই জল পাওরা যার,
সে সং স্থানে যেমন "খোবের গঙ্গা," "বস্তুর গঙ্গা",
"সেনের গঙ্গা" প্রভৃতির বাহল্য—সেইরপ প্রদেশের
বাহন, হইভেছ। আর প্রদেশ হইলেই তাহার গভর্গর,
দাট-খাসাদ, শৈবহারের জন্ম হিতীয় রাজধানী,
গভর্গকে ব্যাও ও বভিস্তু, মন্ত্রী, লাসন-পরিষদের সদস্ক,
ব্রহাছ সন্ধা, হাইকোট, দ্বিবিভাল্য প্রভৃতি আসবাব

সরবরাহ করিতে হয়। বর্ত্তমানে প্রাদেশের সংখ্যা না বাড়াইয়া কমাইলেই বয়ং ভাল হয়। বিহারের বলভাষা-ভাষীদিপের অধ্যুসিত জিলাগুলি বালালার অন্তর্ভুক্ত করিয়া অবশিষ্ঠ জিলাগুলি যুক্তপ্রদেশে দিয়া বারাণসীতে বিতীয় রাজধানী করা বাইতে পারে। ঐয়পে উড়িয়ার কতকাংশ বালালায় ও কতকাংশ মাজাজে দেওয়া যায়—ইত্যাদি। ভাহাতে বায়-সজোচ হয়।

আর এক কথা-প্রাদেশিক চাক্ষীর বেডন যেমন হাস করা হইল, সিভিল সার্ভিসের বেতন তেমনই হাস করা প্রয়োজন। লয়েড জ্বর্জ প্রভৃতি ইংরাজ সিভি-লিয়ানের প্রয়োজন যত অধিকট কেন মনে করুন না. সব দেশট আপনার দেশের লোকের ছারা দেশের শাসন ও বিচারকার্যা পরিচালিত করে এবং ভাহাভেই বায়-সল্লোচ সভাব হয়। মনীধী লাফকাডিও হেয়ার্ণ বিদেশ হইতে বিশেষজ্ঞ হিদাবে জাপানী সরকার কর্ত্তক নিযুক্ত হইয়াছেন। তথন তাঁহার বেতন অধিক ছিল। দীর্ঘকাল জাপানে বাস করিয়া তিনি এক জাপানী মহিলাকে বিবাহ করেন ও জাপানের বাসিন্দা বলিয়া আপনাকে পরিচিত করেন। যে মানে ভিনি আপনাকে জাপানী বাসিনা বলিয়া ঘোষণা করেন, সেই মাস হইতেই তাঁহার বেতন-পূর্ব্ব বেতনের প্রার এক-চতুর্থাংশ হয়: তাহাই আপানে আপানীর বেতন। এ দেশেও কেন সেই ব্যবস্থা হইবে নাং যদি প্ৰতন্ত্ৰ সিভিশ সার্ভিস রাথিতে হয়, ভবে ভাহাতে কর্মচারীদিগের নিয়োগ এ দেশে—এ দেশের বেডনের হারে করা হউক। সংপ্রতি ব্যবস্থা-পরিষদে কলিকাতা হাইকোট সম্বন্ধে যে আলোচনা হইয়াছে, তাহাতে দেখা বায়-হাইকোটে সাধারণত: ছটার বহরই বড় নহে, অনেক জল বিনা ছটীতে আদালতে অনুপস্থিত থাকেন-ইভ্যাদি। যদি বিদেশী বিচারকদিগের পক্ষে এই গ্রীমপ্রধান দেশে অধিক পরিশ্রম করা কটকর হয়, তবে তাঁহাদিগের স্থানে বান্ধালী জজ নিযুক্ত করিলেই চকিয়া যায়। ভাহাতে আপভির কি কারণ থাকিছে পারে ? যে সময় বিলাতের লোক এই "ৰল অখল আধার রাতের" দেখে চাকরী করিতে আসিতে আগ্রহ প্রকাশ করিত না. সেই সময় তাহাদিগকে চাকরীকে প্রায় করবার কর শরাজার হারে" যে বেতনের ব্যবহা হইরাছিল, এখন সে বেতন বজার রাখিবার কোন সলত কারণ নাই। অথচ পূর্বে বেতন বহাল না রাখিয়া বেতন ও ভাতার হার কেবলই বাড়ান হইরাছে! সে বৃদ্ধির শেষ ব্যবহা হইরাছে—লী কমিশনে।

লী কমিশনেও "ইণ্ডিয়ানাইজেসনের" প্রস্তাব ছিল অর্থাৎ শতকরা কতকগুলি বড় চাকরী ভারতবাসীকে প্রদান করা হাইছে; তাহাও ক্রমশ:। ঐ সব চাকরীয়াদেগের সবেল সমান বেন্তন পাইবেন—তাহারাও মধ্যে মধ্যে সন্ত্রীক বিলাত ঘ্রিয়া আসিবার জল্প ধরচ পাইবেন
—ইত্যাদি! প্রথমতঃ খায়তঃশাসন প্রবৃত্তিত করিলে বিদেশ কর্মচারীর প্রয়োজন—(বিশেষজ্ঞ ব্যতীত)—থাকে না। বিভীয়তঃ বেতনের হার এ দেশের চাকরীয়ার হিসাবেই নির্দিষ্ট করা সক্ত।

এ দেশে দেশের উরতিকর কার্য্যের জন্ম অর্থের প্রয়োজন এত অধিক যে, আার বর্দ্ধিত করিবার জন্ম প্রথমে ব্যয়সজোচ করিয়া সেই অর্থ উন্নতিকর কার্য্যে প্রযুক্ত করিতে হইবে। নহিলে হইবে না।

সমর-বিভাগের ব্যয়বাহল্য সহজেই দৃষ্টিপথে পতিত হর সত্য, কিন্তু শাসন ও অক্তাক্ত বিভাগের ব্যয়ও অর নহে। বাহাকে "ভিল কুড়াইয়া ভাল" বলে—এ সব বিভাগের ব্যয় বোগ করিলে ভাহাই দেখা বার।

ষদি ব্যয়বাহল্যহেতু দেশের উন্নতিকর কার্য্যে অর্থনিরোগ অসন্তব হর, তবে যে সেই ক্সাই নৃতন শাসনপদ্ধতি লোকের অপ্রীতি অর্জন করিবে, তাহা শাসনসংস্কার কমিনীর সদস্তরাও স্বীকার করিয়াছেন। এ
দেশে শিক্ষা বিন্তার, শিল্প প্রতিষ্ঠা, সেচের ব্যবস্থা,
আস্থ্যোরতি—এ সবই বহদিন উপেকিত হইরা আসিয়াছে।
বাদালা সম্কার যদি দেশের প্রকৃত পুনর্গঠন করেন, তবে
সে ক্সপ্ত অল্প অর্থের প্ররোজন হইবে না। ব্যাপকভাবে
কাব না করিবে কুলিত ফললাভের আশা করা বার না।

ন্তন শাসন-পদ্ধতি বেমনই কেন হউক না, তাহাতে যদি ব্যয়-বৃদ্ধি হয়, তবে সেই কার্যপেই যে তাহা ছচন হইবে, সে, সম্বদ্ধে আমরা ভার নৃপেঞ্জনাথ সরকার মহাশরেশ্বাহিত একমত।

সেই অন্ত আমরা প্রভাব করি—(>) প্রদেশের সংখ্যা বৃদ্ধি না করিয়া সংখ্যা হ্রাস করা হউক; (২) এ দেশের লোককেই এ দেশে সরকারী চাকরীয়া করা হউক এবং চাকরীতে বেন্ডনের হার হ্রাস করা হউক; (৩) গভর্ণর প্রভৃতি চাকরীয়ার সম্মন সম্বন্ধে অতিরঞ্জিত ও ল্রান্ত ধারণা বর্জন করা হউক। ভারতবর্ধ প্রাচ্চ দেশ—প্রাচীর লোকেরা আড়ম্বর ও সম্রম অভিন্ন মনে করে—এ ধারণা অসমত। সৈরশাসনশীল মোগল বাদশাহয়া অসমত ব্যায় করিতেন বলিয়া বে বর্জমান সম্বন্ধেও গভর্ণর প্রভৃতিকে সেই অপরাধ করিতে হইবে, এ যুক্তি কি হাস্থোদীপক নহে ?

দেশের লোককে এ বিষয়ে আন্দোলন করিতে ছইবে এবং যতদিন আন্দোলনের ফল লাভ করা না যায়, ততদিন নিরন্ত হইলে চলিবে না। দেশের লোক আর নৃতন করভার বহন করিতে পারে না;
—অথচ দেশের উন্নতির ও সমৃদ্ধির্দ্ধির জক্ত অর্থনিয়োগ
প্রয়োজন। এই অবস্থার ব্যর-সংক্ষাচ ব্যতীত আর কি
উপার থাকিতে পারে?

জমী-বন্ধকী ব্যাক্ষ-

এতদিন বালালায় সরকার অমী-বন্ধকী ব্যাহ প্রতিষ্ঠার যে আরোজন করিতেছেন, ভাহার কথা আমরা যথাকালে আলোচনা করিয়াছি। সংপ্রতি সে সম্বন্ধে সরকারের নীতি-বিবৃতি প্রকাশিত হইয়াছে। তাহাতে দেখা যার-গত কর বংশরের মধ্যে কৃষিত্ব পণ্যের মূল্য-হাসহেতু যে অৰ্থনীতিক হুৰ্গতি ঘটিয়াছে, ভাহাতে বালালার সমবার নীতিতে প্রিচালিত প্রতিষ্ঠানগুলির বিশেষ ক্ষতি হইরাছে। ইহার কলে ক্ষকের বাজার-সম্ভ্ৰম কুল হইয়াছে এবং তাহার পকে স্বীয় সাংসারিক ব্যর নির্কাহ করিয়া পূর্বকৃত ঋণ পরিশেশ করা অসভব হট্টরা দাঁড়াইরাছে। টাকার অভাব ঘটিরদভু। এই কারণে কুবককে সাহায্য করিতে হইবে। অপেকারত मीर्थकारनत बन्न छारात था धाशिन विविध ~ नि দেওরা ব্যতীত উপারান্তর নাই। সেই জ্বন্স বাহিন। क्विंग ज्ञांत-भन्नीकांत्र हिगाद-भीठि मी-क्की बादि व्यक्तिं। कता क्रिन हरेतारह। याहाँ **के**पूक

কুবৰুরা, ছোট ছোট থাজনা লাভকারী ভ্ৰামীরা এবং
বন্ধ আবের অভাভ লোক নিম্নলিখিত কার্য্যের জভ্ত
দীর্ঘকালে পরিশোধা ঋণ লাভ করেন, তাহাই এই সব
ব্যাক প্রতিষ্ঠার উদ্দেশ্য:—

- (১) জামী ব্লক রাধিয়া গৃহীত ও পৃক্তিত আভাজ ঋণ পরিশোধ;
 - (২) জমীর ও ক্ষকিশর্য্যের উন্নতি সাধন;
- (৩) বে জমী ক্রন্ত করিলে ক্রবকের চাবের স্থবিধা হয় সেই জমী ক্রন।

যাহাতে পারিচালন-ব্যয় যথাসম্ভব অল্ল হয়, সেই জন্ত বর্ত্তমানে এক একটি মহকুমান্ন ব্যাহ্ন প্রতিষ্ঠিত হইবে এবং ইংলা স্বত্তন্ত্র প্রতিষ্ঠান হইলেও স্থানীন্ন কেন্দ্রী সমবান্ন ব্যাক্তের সহিত যথাসম্ভব একবোগে ইহার কার্যা পরিচালিত হইবে।

ৰ্যাক্ষের সদক্ষ ব্যতীত আর কাহাকেও ঋণ হিসাবে টাকা দেওয়া হইবে না। এই সকল লোককে যে সমবার সমিভির সদত্ত হইতেই হইবে, ভাহা নহে। मम्चिनिरभंत्र भर्षा चार्म विकास कतिया वाहिकत सून्धन সংগৃহীত হইবে। তাঁহারা কেহই গৃহীত সংশের মূলোর অধিক টাকার জন্ত দায়ী হইবেন না; অর্থাৎ যদি लाक्नान इम. छाडा इटेल डांडामिश्टक डेटांत अधिक **टेक्नित क्रम मोदी क**रा गहित्व ना। बाह्र त्य टेक्नि খাটি মুনাফা হইবে, তাহার শতকরা ৭৫ টাকা সঞ্য ভাগ্তারে রক্ষিত হইবে, অবশিষ্ট ২৫ টাকা মুলধনের উপর লভ্যাংশ প্রভৃতি হিসাবে ব্যবিত হইবে। সঞ্য ভাণ্ডারের টাকা, স্বতন্ত্র হিদাব রাধিয়া, ঋণ দানে প্রযুক্ত হইবে। মুলধনের যে টাকা ব্যাক্ষ পাইবে তাহার ও সঞ্চল ভাগুত্রের মোট টাকার ২০ গুণ টাকা ব্যাহ ঋণ গ্রহণ করিছে পারিবেন। বন্ধীয় প্রাদেশিক কেন্দ্রী ममबाब बाद अहे होका अन मिटवन अवः यह मिन अक्षि কেন্দ্রী অমী-বন্ধকী ব্যাল্প প্রতিষ্ঠিত না হইবে, ততদিন এই সৰ ব্যাহ্বই ঐ কেন্দ্ৰী সমবায় ব্যাহ্বের সহিত সংযুক্ত থাকিবে। ঋণ হিদাবে যে টাকা গৃহীত হইবে ভাহা যতদিনের জন্ম লওয়া হইবে, সহকার ততদিনের জন্ম ভাহার ক্রের জামিন থাকিবেন। ভবে সরকার মোট ∖ >२नक ८० होस्रोत होकांत्र किंग होकांत्र केंग्र केंग्र पर

দারী থাকিবেন না। প্রাদেশিক সমবার ব্যাক্তর দেন-দেন ক্ষমী-বন্ধকী বিভাগের সাহায্য হইবে এবং এই বিভাগ ব্যাকের অভাভ বিভাগ হইতে খতম রাখা হইবে।

ব্যাকের সদস্তর। যে যাহার ক্রীত খংশের অক্ত প্রাদত্ত টাকার ২০ গুণ টাকা পর্যান্ত গ্রণ পাইতে পারিবেন'।
কিন্তু সাধারণতঃ কাহাকেও ২ হালার ৫শত টাকার অধিক গ্রণ হিদাবে দেওয়া হইবে না এবং সমবার সমিতির রেজিপ্তাবের অন্থ্যোদনে ফ্রিনি ৫ হালার টাকা পর্যান্ত গ্রণ পাইতে পারিবেন।

জমী বন্ধক রাখিরা যে টাকা ঋণ দেওরা হইবে,
তাহা জমীর মূল্যের অর্জাংশের অথবা যে সময়ের মেয়াদে
বন্ধক রাখা হইবে সেই সময়ে জমী হইতে যে ফশল
পাওরা যাইতে পারে তাহার মূল্যের শতকরা ৭৫ টাকার
অধিক হইবে না। যিনি তাঁহার জমীর কৃষিজ আর
হইতে বীর ব্যয় নির্কাহ করিয়া ঋণের হৃদ ও কিন্তীর
টাকা দিতে পারিবেন না, তাঁহাকে ঋণ দান করা হইবে
না! জমীর উপর প্রথম বন্ধকী সর্ত্তে—জমী দশল লইয়া
বা না লইয়াই—ঋণ প্রদান করা হইবে। এই জমী বন্ধক
দেওরা ব্যতীত প্রত্যেক ঋণ গ্রহণকারী অর্থাৎ থাতককে
ত্ই জন সদক্ষকে মতিরিক্ত জামিন দিতে হটবে। কোন
ঋণের পরিশোধকাল ২০ বৎসরের অধিক হইবে না।
থাতকের প্রস্তাবে ও পরিচালকদিগের অন্থমোদনে
বার্ষিক বা অন্তর্গ কিন্তিবন্দী হিসাবে ঋণশোধের ব্যবস্থা
হইবে।

যাহাতে কিন্তী খেলাপ না হয় অর্থাৎ যথাকালে থাতক দেয় টাকা দেন, সে সম্বন্ধে যথাসম্ভব চেটা কয়া হইবে এবং থাতক হাহাতে অহ্যত্ত আরও টাকা ঋণ না করেন, সেই কয় প্রতি বৎসর তাঁহাকে তাঁহার ঋণের হিসাব দাখিল করিতে হইবে। কেবল ব্যাক্তের অহ্মতি লইয়া থাতক অল্পনের ক্রন্ত সমবায় সমিতির বা অহ্ম মহাজনের নিকট ঋণ করিতে পারিবেন। টাকা দিবার সময় ব্যাক্ত এমন সর্প্রও করিতে পারিবেন বে, থাতক ব্যোভির নির্দেশাহ্মারে বীক্ত ও মন্ত্রাদি ক্রেয় করিছে ও কোন নির্দিষ্ট ব্যক্তির বা প্রতিষ্ঠানের দ্বারা উৎপন্ন পণ্য বিক্রেয় করাইতে বাধা থাকিবেন।

ব্যাহ্ম বাঁচাদিগের নিষ্ট ঋণ গ্রহণ করিবেন, তাঁহা-

দিপের পার্থ বাহাতে বথাবথভাবে বন্ধিত হর, সে পক্ষে দৃষ্টি রাখিবার জক্ত এক জন ট্রান্টা নিযুক্ত করা হইবে। প্রথমে সমবার সমিতির রেজিট্রারই ঐ ট্রান্টির কাষ করিবেন। ব্যাক্ত যে সব জমী বন্ধক রাখিরা টাকা দিবেন, সে সকল জমীর বন্ধকী দলিল ব্যাক্ত কেন্দ্রী প্রাদেশিক ব্যাক্তকে এবং ঐ ব্যাক্ত ট্রান্টার বর্বাবর লিখিরা দিবেন।

প্রথমে বে ক্ষাটি, ব্যাক্ষ প্রভিত্তিত হইবে, সেই ক্ষাটির ক্ষাচারীর বেতন প্রভৃতি ব্যর নির্বাহের জন্ত সরকার ৪০ হাজার টাকা ব্যর বরাক্ষ করিরাছেন। খণ হিদাবে গৃহীত টাকার যে স্বের জন্ত সরকার জামিন থাকিবেন, ভাহার সহিত এই ৪০ হাজার টাকার কোন সম্বন্ধ নাই। প্রথম বৎসরে মোট ৫টি ব্যাক্ষ প্রভিত্তিত হইবে। ব্যাক্ষের কার্যপরিদর্শনের ব্যর সরকারই বহন করিবেন। দিতীর ও তৃতীর বৎসর পরিচালনব্যর যদি লাভের অপেক্ষা আধিক হর, ভবে লাভের টাকার অভিরিক্ত ব্যর সরকার দিবেন। ভৃতীর বৎসরের পর হইতে সরকার পরিচালনের কোন দায়িত রাখিবেন না।

বালালার কৃষকদিগকে ঋণের নাগপাশ মুক্ত করিবার লে চেটা হইতেছে, এই সব ব্যাক প্রতিষ্ঠা সেই চেটার এক আংশ। প্রথমে প্রতিষ্ঠিত ব্যাকগুলির কার্যাফল ক্রিপ হর, ভাহা দেখিয়া আরও ব্যাক প্রতিষ্ঠার ব্যবস্থা করা হইবে।

আমরা পূর্বপ্রবদ্ধে বলিয়াছি, এইরূপ ব্যান্ধ এ দেশে
নৃত্তন হইলেও অভাত দেশে বিশেব সাফল্য লাভ
করিয়াছে। সে সকল দেশে ইহার ইতিহাস অধ্যয়ন
করিয়া দেশকালোপ্যোগী ব্যবস্থা করিলে এ দেশেও
এই অস্টানের হারা উপকার লাভ করা ঘাইবে, এমন
আশা অবভাই করা যার।

ভাক্তার আশুভোষ রায়–

আমরা শুনিরা ছু:খিত হইলাম, গত ১৯৩৪ খুটালের তরা এপ্রেল মকলবার হাজারিবাগ-প্রবাসী ডাক্তার আশুতোব রার এক-এম-এস, এম-আর-এ-এস মহাশর লোকান্তরে প্রস্থান করিয়াছেন। ১লা এপ্রেল পর্যান্ত ভিনি নির্মিত ভাবে উাহার চিকিৎসা-ব্যবসার সংক্রান্ত কার্য্য পরিচালনা করিয়াছিলেন। রবিবার বেলা দশটার সময় তিনি অক্সাৎ অপ্সার রোগে আক্রান্ত হইরা সংজ্ঞাহীন হন। তাহার পর আর তাঁহার জ্ঞানসঞ্চার হর নাই। ডাক্তার রার কলিকাতার এক স্থপ্রসিদ্ধ প্রাচীন সন্ত্রান্ত বংশে জ্বর্যাহল করিয়া কলিকাতার দিকালাভ করেন। ১৯০৬ খুইান্সে কলিকাতা মেডিক্যাল কলেজ হইতে এল-এম-এম উপাধি লইরা তিনি কিছু দিন কলিকাতার প্র্যাকটিম করেন। পরে ছই এক স্থানে জ্বর কাল চাকুরী করিয়া অবশেষে ১৯০৮ সাল



ডান্ডার আত্তোষ রার

হইতে হাজারিবাগে হায়ী ভাবে বাস পূর্বক চিকিৎসাব্যবসারে প্রবৃত্ত হন। ১৯১৯ খুটাকে হাজারিবাগে
বিস্চিকা রোগের প্রাত্তাব হইলে ডাজ্ঞার রাম নিজ
পদ্ধতিক্রমে কলেরার টাকা দিয়া হাজারিবাগ হইতে
এই রোগ দ্বীভূত করেন। এই বিবরে তিনি এতাদৃশ
সফলতা অর্জন করেন বে, বিদেশে পর্যান্ত তাহার খ্যাতি
বিজ্ঞ হয়। তাঁহার টাকা-পদ্ধতির রিপোর্ট ১৯১৯ সালের
নবেশ্বর মাসের "ইণ্ডিয়ান মেডিক্যাল গেজেটে" প্রকাশিত

হর; এবং ভাহার সার মর্ম লগুনের "মেডিক্যাল এ্যাছয়াল" এবং আমেরিকার নিউ ইর্ক হইতে প্রকাশিত সাজ্য এনসাইক্রোপিডিয়া অব মেডিসিনে প্রকাশিত হয়। গ্রব্দেটিও তাঁহার প্রশংসা করিয়া তাঁহাকে পত্র লেখেন এবং একটি রেজালিউসনও পাস করেন। ডাক্তার রার এলোপ্যাথিক চিকিৎসক হইলেও আয়ুর্কেদ, ইউনানি হাকিমি চিকিৎসা পদ্ধতি এবং হোমিওপ্যাথির প্রতি সমান অক্সাগী ছিলেন। আয়ুর্কেদ হইতে মহামূল্য রত্থ উদ্ধার করিয়া তিনি বাস্থ্য ও চিকিৎসা বিষয়ক সাম্যিক পত্র সমূহে ইংরেজী ও বাঞ্চার বহু সারগর্ভ পাতিত্যপূর্ণ গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করিয়া গিয়াছেন। ইংল্যাও, আমেরিকা আম্টার্ডাম ও জার্মাণীর বহু সাম্যিক পত্রেও তাঁহার বহু প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। প্রার্থনা করি তাঁহার বহু প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। প্রার্থনা করি তাঁহার বেলাকান্তরিত আয়ার তথ্য হউক।

সভীর জাবন-বিদ্জান—

বিগত ১৫ই এপ্রেল ২রা বৈশাপ কলিকাতার নিমতলা ঘাট যিনি মহাতীর্থে পরিণত করিয়াছিলেন, শত শত

নর নারী যে স্তীসাধবীকে দর্শন ও
প্রণাম করিতেছিলেন,
সীমন্তে অকর সিল্র,
কুস্মদাম অলক্তক ও
ম হা মূল্য পাই ব স্থে
সজ্জিত হইরা মৃত্যুর
মহান মা ধুরী মূথে
মাধিরা অভিম শরনে
বিনি আমীর জভ্ত প্রতীকা করি তেছিলেন, সেই মহীরসী
পুণ্যপ্রতিমা— এ ম তী



সতী প্ৰতিমা পালিত

প্রতিষা পালিত, শ্রীমান ক্ষমরনাথ পালিতের সহধর্মিণী।

করেকমাস বাবৎ কঠিন পীড়ার শ্যাশায়ী সামীর ম্লাভ সেবার শ্রীমতী প্রতিমানিরত ছিলেন। ম্মরনাথের ম্বস্থা ক্রমশঃ মতীব সঙ্কটাপর হওরার তাঁহার মৃত্যুর ছর্দিন পূর্ব হুইতে ভিনি দিবারাত্রি স্থামীর পার্যে বসিয়া

অমাতৃষিক পরিচর্য্যার উাহাকে ইহজগতে ধরিয়া রাখিবার প্রাণপণ চেষ্টা করিয়াছিলেন। প্রতিমার এ চেষ্টা সভাই প্রাণ-পণ চেটা। স্বামীর পরলোক গমনের দিন প্রভাবে যথন ভিনি ব্ঝিভে পারেন স্বামীর জীবনের আর কোনো আশা নাই, তথন তিনি অমরনাথের ভাগিনের ডাক্তার নীরক বস্থকে সকাতরে জিজ্ঞাসা করেন—"মার কত দেরী গু ডাক্তার নীরজ তাঁহাকে দাখনা দেন এবং স্বামীর কাছে বসিয়া ঔষধ পথ্যাদি দিতে সাশ্রনয়নে অভুনয় করেন। তিনি তাঁহার কথা শুনেন এবং শেষ ঔষধ ও পথ্য প্রদান করিয়া যথন ব্ঝিতে পারিলেন মানুষের কোনো শক্তিই তাঁহার স্বামীকে আর বাঁচাইতে পারিবে না, তখন তিনি খামীর বক্ষের উপর লটাইয়া পড়িয়া সপ্রেমভক্তি ভালবাসার ও পতিভক্তির শেষ ও স্থগভীর নিদর্শন জানাইয়া দাঁড়াইয়া উঠিতেই জ্ঞানশূক হইয়া ঢলিয়া পড়েন। বহু চেষ্টাতেও তাঁহার সংজ্ঞা আর কিরিরা আদে নাই। পিতামাতা ও আত্মীয়পঞ্নের ক্রোডে তাঁহার ভীবনদীপ নির্বাপিত হয়। মৃত্যুর শেষ মুহ্র পর্যান্ত শ্রীমতী প্রতিমা সম্পূর্ণ নীরোগ ছিলেন। এট



পরলোকগত অমরনাথ পালিত

সমর তাঁ হা র খামী

শম্রনাথওখীরে ধীরে

জী ব নে র পরপারে

চলিরা যাইতেছিলেন।

মর্থাস্পানী ক্রন্সনরোলে

মৃত্যু ছা রা ছ্লু র চক্

সহসা উন্মীলন ক্রিরা

শম্র না থ বলিরা
উঠেন—"এমন ত দেখা

যার না।" ইহার ঠিক

তিনঘণ্টা পরে প্রতি
মার খামী শ্মরনাথের

মৃত্যু হয়। মৃত্যুকালে

প্রতিমার বয়স ৩৩ ও অমরমাথের ৪৪।

অমরনাথ স্বনামধন্ত পরলোকগত অধ্যাপক অনাথনাথ পালিতের সর্কাকনিষ্ঠ প্রাতা। অমরনাথ কলিকাতা বিশ্ব-বিভালরের M.Sc., B.L.। কলিকাতা সোগ ওয়ার্কদের অন্তত্তম প্রতিষ্ঠাতা। এই সোগ ওয়ার্কদের ভিনি তাঁহার

বধাসর্বাধ কার করেন, কিছ পরিবর্ত্তে কিছুই পান নাই।
আরো ২ ১টি ব্যবসাকে সম্পূর্ণ নিজের চেটার গড়িয়া তুলিরা
অপরের হাতে নি:আর্থ ভাবে তাহার সমন্ত কার্য্যভার ও
লাভালাভ প্রদান করেন। এ সংবাদ সাধারণের পোচরীভূত নহে। তিনি অধুনা Butterworth Co.র Legal
adviser ও এলাহাবাদ ব্যাকের উকিল ছিলেন। তীন্ত্রর্দ্ধি, মেধাবী, মিটভাবী ছিলেন, অমরনাথ। বিপরের
ব্র্দ্ধ, গোপনদানে মৃক্ত-হন্ত ছিলেন অমরনাথ। বিপরের
বর্দ্ধ, গোপনদানে মৃক্ত-হন্ত ছিলেন অমরনাথ। চিরদিন
পরোপকার ত্রতী ছিলেন অমরনাথ। অমরনাথের
সহধর্দ্দিণী পটলডাকার স্থবিধ্যাত বিশ্বাসগোন্তির ভাষাচরণ দে
বিশ্বাসের পৌত্রীর কন্তা, বেকল কেমিক্যালের ভূতপূর্ব
ম্যানেকার ত্রীবৃক্ত রাজদেশক বন্ধর (পরশুরামের) একমাত্র তুহিছা। ত্রীমতী প্রতিমা পিতামাভার একমাত্র
সন্ধান।

আমর-প্রতিমা একটি কলা প্রীমতী আশা ও একটি
পুত্র প্রীমান অশোককে রাধিরা অমরধামে চলিরা
গিরাছেন, কিছু বে কাহিনী রাধিরা গিরাছেন তাহা
অবিনার—অপাধিব। এই পতিগতপ্রাণা কুম্মকোমলা সতী-শিরোমণি অর্পপ্রতিমা বৈধবাকে জর
করিবার অজের শক্তি ও বানসিক তেজ কোথা হইডে
পাইরাছিলেন তাহা আমাদের ধারণার অতীত।
আমাদের মনে হয় শোকসন্তপ্ত পিতামাতাকে ও এই
ফুপতির পরিজনবর্গকে সাল্পনা দিবার ভাষা আমাদের
জানা নাই, তব্ও এই প্রতিমার প্রাযান জনক ও প্র্যমুগা জননীকে ও তাহাদের আত্মীরঅজনকে অভি
ম্গভীর সম্বেদ্যা জানাইরা সতী সাধ্বীর অপ্র মহিমা
কীর্ত্ন করিয়া নিজেকে প্র্যান মনে ক্রিতেছি।
ভগ্রান তাহাদের শোক-সম্বপ্ত চিত্তকে শাস্ত করন।

৺নরেক্রনাথ বল্ফোপাথ্যায়—

বিংশ শতাৰীর মধ্যভাগে, বিশ্ববাপী ভেদনীতির বৃগে, বাৰলার সনাতন সোতাত্ত্বমূলক কোন একারবর্তী পরিবারের পরিচর পাইলে কাহার না হলর আনন্দ-রসে আপুত হইরা উঠে? জলিকাতা চোরবাগান রামচল চ্যাটার্লি লেন নিবাদী নরেজনাথ বন্দ্যোপাধ্যার মহাশর এইরশ এক একারবর্তী পরিবারের কর্তা ছিলেন। গত ১৯০৪ সালের ১লা এপ্রেল (১৮ই চৈত্র, ১০৪০) তিনি
পরলোকে গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স
৭৮ বৎসর হইয়াছিল। সাধারণ্যে ইনি চণ্ডী বাবু নামে
পরিচিত ছিলেন। স্প্রিসিদ্ধ নাট্যকার শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ
বন্দ্যোপাধ্যার ইংরেই কনিষ্ঠ লাতা। এই বন্দ্যোপাধ্যার
পরিবারের পৈত্রিক আদি নিবাস ছিল কলিকাতা
নিবনারারণ দাসের লেনে। চণ্ডীবাবুর পিতার নির্দেশক্রমে এই বাটী তাঁহার বৈমাত্রের লাত্গণকে ছাড়িয়া
দিয়া তিনি নাবালক সহোদরগণকে লইয়া চোরবাগানে



ত্ৰবেক্সনাথ বলেয়াপাধায়

আসিরা নৃতন বাটী নির্মাণ পূর্বক বাস করিতে থাকেন।
১৮৭৭ খুটান্দে চন্তীবারু লেখাণড়া ভ্যাগ করিরা কিলবরণ
কোল্পানীর আপিসের টি ডিপার্টমেন্টে কর্মে নিযুক্ত হন
এবং চুয়ায় বংসর এক কলমে কাজ করিয়া ১৯৩১ সালে
পোনশন লইয়া অবসর গ্রহণ করেন। তাঁহার অবসর
গ্রহণের সময় উক্ত কোল্পানী তাঁহাকে মানপত্র এবং
নিত্যব্যবহার্য রোগ্যনির্মিত ভৈজ্পপত্র উপহার বিরা

স্থানিত করেন। চণ্ডীবাব্র পুত্রকন্তা ছিল না; তিনি
নিজ কনিষ্ঠ সহোদরগণ এবং তাঁহাদের স্থীপুত্রকন্তাগণকে
পুত্রনির্বিশেষে প্রতিপালন করিয়াছিলেন। আমরা
তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে স্মবেদনা
ভ্রাপন করিতেটি।

সার মৃপেক্রনাথ সরকার ও সার ত্রজেক্রনাল মিত্র—

সার এক্ষেদ্রলাগ মিত্র ভারত-সরকারের ব্যবস্থা-সচিব ছিলেন; তাঁগার কার্য্যকাল শেব হওয়ায় তিনি অবসর



সার অক্টেল্লাল মিত্র

গ্রহণ করিলেন। তিনি তাঁচার ব্যবহার-গুণে যেমন ব্যবস্থা পরিষদের সদক্ষদিগের প্রির হইরাছিলেন, তেমনই কার্যাদক্ষভার সরকারের শ্রহ্মা অর্জন করিয়াছিলেন। সেই বজ্ঞই বালালা সরকার তাঁহাকে বালালার শাসন পরিষদে সদক্ষপদ গ্রহণে প্ররোচিত করিয়া তাঁহার সম্মতি লাভ করিয়াছেন। তাঁহার সভীর্থ সার প্রভাগচন্দ্র মিত্রের আক্ষিক মৃত্যুর পর বালালার গ্রহর তাঁহার আর এক

জন সহাধ্যারী—সার চার্কচন্দ্র বোবকে এ পদ প্রদান করিরাছিলেন। কিন্তু শারীরিক অসুস্থতা নিবন্ধন চার্কচন্দ্র স্থায়ীভাবে পদ গ্রহণ করিতে অক্ষমতা জ্ঞাপন করেন; সার ত্রজেন্দ্রশাল এখন ঐ পদে প্রভিচিত হইলেন।

সার একেন্দ্রলালের পদ্ধী লেডী প্রতিমা মিত্র দিল্লীতে ও সিমলার বালালীর সকল অন্তর্গানে উন্মোগী হইরা বালালী-সমাজে বিশেষ সমাদর লাভ ক্রিরয়াছেন। তিনি কলিকাতার আসিতেছেন বলিয়া প্রবাসী বালালী সমাজ— বিশেষ মহিলা সমাজ বিশেষ তৃঃখান্থভব করিতেছেন। ইনি



শেডি প্রতিমা মিত্র প্রসিদ্ধ ভূতব্বিদ ও কোবিদ পরলোকগত প্রমধনাথ বহু মহাশরের কন্সা এবং রমেশচন্দ্র দত্ত মহাশরের দোহিতী।

বড়লাটের শাসন-পরিবদে প্রথম ভারতীর সদক্ত সার (পরে নর্ড) সভ্যেক্সপ্রসর সিংহ সেই সদক্তপদ ভ্যাগ করিয়া আসিয়া কিছুদিন পরে বালালার গভর্পরের শাসন-পরিবদে সদক্তপদ গ্রহণ করিয়াছিলেন। বধন ভাঁহাকে প্রথম বড়লাটের শাসন-পরিবদে সদক্ত নিয়োগের কথা হয়, ভাষন ভারতবন্ধ্ লও রিপণও সে প্রভাবের বিরোধী ছিলেন। ভারতের সামরিক ব্যাপারের সব সংবাদ ভারতবাসী জানিবেন, ইহা তাঁহার নিকট সজত বলিয়া বিবেচিত হয় নাই। ভাহার পর লও রিপণ সমত হইলেও রাজা সপ্তম এডওয়ার্ড ইহাতে আপত্তি জ্ঞাপন করেন। কিন্তু ভারতসচিব লড়ি মনি তাঁহাকে জানান, বিলাতের রাজা মন্ত্রিকরে মতবিকর কায় করিতে পারেন না।

সার অক্ষেত্রকাল শাসন-পরিষদে সদক্ষণদ লাভের পুর্বে কথন সক্রিয়ভাবে রাজনীতি চর্চার আ্যায়নিরোগ করেন নাই। সে দিন ভিনি ব্যবহা-পরিষদে বলিয়াছেন.



সার নৃপেক্রনাথ সরকার রাজনীতির আখাদ পাইয়া তাঁহার ইচ্ছা হইতেছে, তিনি সরকারের দল হইতে অপর পকে গমন করেন।

সার ইব্দৈন্দ্রলালের হানে তাঁহারই সভীর্থ বাদালার ভূতপূর্ব্ব এডভোকেট জেনারল সার নৃপেক্রনাথ সরকার ব্রুক্তলাটের শাসন পরিবদে ব্যবহা-সচিব নিগ্রুক্ত হইরাছেন। ব্যবহা পরিবদের সদত্য পদ ভারতবাসীর অধিসম্য হইবার পর বৃদ্ধি সিংহ, সভীশর্মন দাস, সার এক্সেক্রনাল ও সার নৃপেক্রনাথ চার্মি জন বাদালী ব্যবহা-সচিব হইলেন। সেই জন্ত সেদিন ব্যবস্থা পরিবদে এক জন ব্যক্ত করিছা বলিয়াছিলেন—বাঙ্গালায় কেবল পাট ও ব্যবস্থা-সচিবের উত্তব হয়।

সার নৃপেক্রনাথ গোলটেবিল বৈঠকে বালালার পদ হইয়া যে সংগ্রাম করিয়াছেন, সেজস্ত বালালী উাহার নিকট বিশেষ ক্রতজ্ঞ। বিশেষ বালালার হিন্দুদিগের সংক্ষেয়ে অবিচার করা হইয়াছে, তিনি ভাহার ভীএ প্রতিবাদ করিয়াছেন।

তিনি অসাধারণ আর্থিক কতি সীকার করিয়া বড়লাটের শাসন পরিবদে সদক্ষণদ গ্রহণ করিয়াছেন।
তিনি বে সে পদের সম্রম রক্ষা ও ভাহার ঔচ্ছল্য সাধন করিতে পারিবেন, এ আশা ও এই বিখাস আমাদিগ্রে আছে। আমরা তাঁহার নৃতন কার্য্যক্ষেত্র তাঁহার সাফল্য কামনা করিতেছি।

শ্রমথমাথ বসু-

গত ১৫ই বৈশাধ রাঁচীতে পরিণত বরসে প্রমথনাথ বস্থ মহাশরের মৃত্যু হইরাছে। ১৮৫৫ খুটান্সের ১২ই মে তারিখে তাঁহার জন্ম হর; স্তরাং মৃত্যুকালে তাঁহার বন্ধস প্রার ৮০ বংসর হইরাছিল। এই বরসেও তাঁহার বিছাত্মরাগ ও রচনার আগ্রহ ক্ষা হর নাই। তিনি নানা পত্রে প্রবন্ধ প্রকাশ করিতেন এবং সেই সব রচনার তাঁহার ভারতীয় সভ্যতার ও সংস্কৃতির প্রতি লোকের দৃষ্টি আরুই করিবার চেটাই সে সকলের বৈশিষ্ট্য ছিল। মৃত্যুর ২০০ দিন পূর্বেও তিনি 'জমৃতবাজ্ঞার পত্রিকার' প্রকাশ জন্ম তাঁহার স্বৃতিকধার একাংশের পাঙ্গিপি

২৪ পরগণা গোবরডাঙ্গার নিকটস্থ গৈপুর গ্রাম উহার পৈত্রিক বাসভূমি। সেই গ্রামে ৭০ বংসর পূর্বে তিনি পিতামাতার ও ল্রাভাভগিনীদিগের সহিত কিরুপে আনন্দে দিন্যাপন করিয়াছেন, তাহার বিবরণ তিনি পিবদ্ধ করিয়া গিয়াছেন। তাঁহার রচনা হইতে আম্রা ছইটি মাত্র বিষর উদ্ধৃত করিয়া তাহার মত বুঝাইবার চেটা করিব।—

(>) অর্থার্জনের জন্ত সংগ্রামেই মার্থপরতার বি^{কট} মৃঠি বিশেষ প্রকট হর ৷ বর্ণবিভাগ ও একারবর্ত্তী পরিবার প্রথা এই সংগ্রামের ভীরতা ক্ষ করিয়া স্বার্থপরভার প্রাবল্য নিবারণ করে।

(২) মুরোপীয় বাহা লাভ করেন, তাহা আপনার জন্ত রাখেন; হিন্দু যাহা লাভ করেন, ভাহা নি:খ-দিগের সহিত বটন করিয়া সভোগ করেন।

তাঁহার মতে ভারতের গ্রাম্যগুলী বেমন লোককে খাবল্যী করিত, তেমনই সমাজে শৃঞ্জা রক্ষা করিত। তাহাতে গ্রামবাসীরা আপনাদিগের অবস্থার উপযোগী ব্যবস্থা করিয়া আপনারাই শিক্ষার, খান্ত্যরক্ষার পথ ও সেতু প্রভৃতি গঠনের, বিচারের—উপার করিত।



পর্লোকগত প্রমথনাথ বস্ত্র

নবভারত যদি সেই আদেশ রক্ষা করিত, তবে যে বিশেষ কল্যাণ সাধিত হইত, তাহাতে সন্দেহ নাই।

বাল্যকালেই বন্ধ মহাশন্ন পাঠান্থরাগের ও নিঠার পরিচন্ন দেন। বিলাভ যাইনা তিনি লণ্ডন বিশ্ববিভালনের উপাধি লাভ করিনা আসিয়া সরকারের ভৃতত্ত্ব বিভাগে চাক্রী প্রহণ করেন।

সেই সময় হইতেই তিনি বালালায় ও ইংরাজীতে বিজ্ঞা-নের তত্ত্ব প্রকাশ করিতে থাকেন। সে সমর 'ভারতী'তে তাঁহার অনেকগুলি প্রবন্ধ প্রকাশিত হইয়াছিল।

দরকারের ভূতত্বভোগে চাকরীর নমর ও ম্যুরভঞ্

দরবারে কাথের ফলে তিনি নানারপে যশং জর্জন করেন।
তাঁহারই গবেষণা ও জন্মদর্মানের ফলে বিহারে সৌহ
পাওরা বার এবং জাজ টাটার যে বিরাট লৌহ ও
ইস্পাতের কারথানা ভারতবর্ষকে লোহ ও ইস্পাভ সম্বদ্দ স্বাবলম্বী করিতে পারিবে বলিয়া মনে হইতেছে, তাহার
মূলে বস্তু মহাশরের জন্মদরিৎদা বিভ্যান।

তিনি জাতীর শিক্ষার পক্ষপাতী ছিলেন এবং যথন বালালার জাতীয় শিক্ষা-পরিষদ প্রতিষ্ঠিত হয়, তথনই তাহাতে ঘনিষ্ঠভাবে যোগ দেন। এ দেশেযাহাতেজাতীর শিক্ষা আদৃত হয় সে বিষয়ে তাঁহার বিশেষ আগগ্রহ ছিল।

চাকরী হইতে অবসর গ্রহণ করিয়া তিনি রাঁচিতে বাস ক্রিতেন এবং তথায় আপনার অধ্যয়ন-ফল তাঁহার দেশবাসীকে প্রদানের জন্ম স্কলা সচেট ছিলেন।

পরিণত বর্ষে তাঁহার মৃত্যু হইরাছে। কিছ তাঁহার মৃত্যুতে বালালার ও বালালীর বে ক্ষতি হইল তাহা পূর্ণ হইবে কি ন', সন্দেহ। প্রাচীর ও প্রতীচীর ওণের সমন্ত্র এবং প্রাচীনের ও নবীনের ভাবে সামস্ত্র-সাধন তিনি ধ্যুক্ত ভাবে করিয়াছিলেন, তাহা অতুলনীয় বলিলেও অত্যুক্তি হর না।

প্রবাদে বাঙ্গালীর কৃতিছ-

আমরা ত্রিয়া আনন্দিত হইলাম যে, গরার জেলা
ম্যাজিট্টে ও কলেন্টর রার বাহাছর জীযুক্ত চাক্তর
ম্বোপাণ্যায় ও-বি-ই, সি-এন ত্রিছত বিভাগের অতিরিক্ত
কমিশনারের পদে নিযুক্ত হইয়াছেন। প্রবাসে বাজালীর
এই কৃতিতে বাজালী মাত্রেরই আনন্দিত হইবার কথা।
চাক্রবাবু প্রেসিডেন্দী বিভাগের ভ্তপূর্ব্ব ইমস্পেন্টর অব
ত্রুলন অগীর রায়বাহাত্র রাধিকাপ্রদর ম্বোপাণ্যায় দিআই-ই মহাশ্রের তৃতীয় পুক্ত এবং বলদর্শনের আমনের
অ্পাকি নাহিত্যিক অগীর রাজক্ষ ম্বোপাণ্যায়
মহাশ্রের ভাতুম্পুত্র।

১৮৮২ খুটাবের ১৮ই নবেষর চারুবাবুর জন্ম হয়।
১৯০৩ খুটাবের ৯ই ফেব্রুবারী তিনি মুর্লিগাবাদে ডেপুটী
কলেক্টবের পদে নিযুক্ত হন। পরে তাঁহাকে বালগার
বাকুড়া, যুলোহর ও খুলনা জেলার কাল করিতে
ইইরাছিল। তিনি সাহকীরা ও বিনাইশহের স্ব-

ডিভিসনাল অফিনার ছিলেন। ১৯১০ সালে ছইবার বাঁকুড়া জেলার ভার তাঁহার উপর অর্পিত হইরাছিল।
১৯১২ সালে বিহার ও উড়িয়া প্রেদেশ গঠিত হইলে
চাঙ্গবাব বিহারে কর্মে নিযুক্ত হন। ১৯১৬ ও ১৭ সালে
তিনি ছারভালার মধুবনীর স্বডিভিসনাল অফিসার হন।
১৯১৭ হইতে ১৯২০ সাল পর্যান্ত ভিনি ছোটনাগপুরের ক্মিশনারের পার্শনাল এসিপ্ট্যান্ট ছিলেন। ১৯২৬ হইতে
১৯২৮ পর্যান্ত তিনিশবিহার উড়িয়ার বোর্ড অব রেভিনিউর
সেক্রেটারী ছিলেন। তিনি ম্লেক, প্র্নিরা, মানভূম ও
গরার কলেন্টরের কার্য্য করিয়াছিলেন। গত বৎসর
তিনি ভাগলপুরে অস্বারীভাবে ক্মিশনারের পদে নিযুক্ত



রার বাহাত্র শ্রীযুক্ত চাকচক্র মুখোপাধ্যার

হইরাছিলেন। এ বংসর জিহতে পাকা। বিহার ও উড়িফান্ধ আনদেশিক কর্মচারীদের মধ্যে তিনিই সর্কপ্রথম কমিশনারের পদ পাইলেন। তাঁহার অসাধারণ কৃতিবের দর্মণ তিনি ক্রমণ সালে রার বাহাত্র এবং ১৯৩০ সালে ও-বি-ই উপাধি প্রাপ্ত হন।

রার বাহাছর চার বাবু কলিকাতা হাইকোটের বিচারপতি ব্যার ধার গুরুদাস বন্দ্যোপাধ্যার কেটি মহাল্যের বিতীর পুত্র ব্যার রার বাহাছর ডাক্তার লরংচক্স বন্দ্যোপাধ্যার সি-কাই-ই, এম-এ, ডি-এল মহাশদ্যের কন্তাকে বিবাহ করেন। চারু বাব্র সাহিত্যেও বিলক্ষণ অন্ত্রাগ আছে। আমরা তাঁহার স্থানীর্ঘ জীবন এবং সাহিত্যিক সফলতা কামনা করি।

সার দীনশা মোল্লা--

গত ২৬শে এপ্রিল তারিখে বোঘাইয়ে সার দীন্দা ফার্দ্ধ,নজী মোলার মৃত্যুতে ভারতে বর্তমান যুগে আইনজ ও ব্যবস্থা-প্রবীণ ভারতীয়দিগের মধ্যে নেতৃস্থানীয় এক-জনের অভাব হইল। এই পাশী ব্যবহারাজীব প্রথমে এট্রলী হইয়া পরে ব্যারিষ্টার হইয়া আইসেন এবং বোম্বার্ট হাইকোর্টের জ্বজের পদও লাভ করেন। আইনের মূল নীতি সংক্ষে ও আইনের ব্যবস্থা বিষয়ে তাঁহার কুভিত্তের খ্যাতি সর্ব্যন্তবিদিত ছিল। ভিনি কিছু দিন ভারত-সরকারের ব্যবস্থা-সচিবের পদও অল্পত্ত করিয়াছিলেন। তিনি হিন্দু ও মুসলমান আইন এখনীয় বহু গবেষণামূলক গ্রন্থ রচনা করিয়া যশ: অর্জন করিয়া ছিলেন। ভাউন্ন তিনি অক্লাক্স বিষয়েও পণ্ডিত ছিলেন -কিছ দিন পাশী সাহিত্যের অধ্যাপকের কাষ্ড করিয়াছিলেন। ডিনি বিলাতে প্রিভি কাউলিলে বিচারক নিযুক্ত হইয়াছিলেন : কিছু খাহ্যভদ হেত অল দিন পরেই পদত্যাগ করিয়া ভারতে প্রত্যাগমন করেন। পার্শীদিগের মধ্যে তিনিই সর্বপ্রথম এই পদ লাভ করিয়াছিলেন। মৃত্যুকালে তাঁহার বয়স প্রায় ৬৫ বৎসর হইয়াছিল।

তাঁহার সম্পাদিত ও রচিত বহু আইন গ্রন্থ আক্সকাল ব্যবহারাকীবরা প্রামাণ্য ও অপরিহার্য্য বলিয়া বিবেচনা ও ব্যবহার করিয়া থাকেন। এই সকল পাণ্ডিত্য পরিচায়ক পুত্তকই তাঁহাকে অক্ষয় যগে যশসী করিয়া রাখিবে।

কলিকাভার মেয়র—

কলিকাতা মিউনিসিপ্যাল আইনের বিধানাহ্নারে প্রতি বৎসর কলিকাতার মেয়র নির্বাচন হয়।
কলিকাতা কর্পোরেশন নৃত্ন ব্যবস্থার এখন বে ভাবে
পরিচালিত তাহাতে রাজনীতিক প্রভাব নাগরিক কর্ত্তব্য
বিবেচনাকে পরিয়ান করে। এবারও সেই জন্ত বে
ছুইজন লোক নির্বাচনপ্রার্থী হইয়াছিলেন, উভয়েই
কংগ্রেসের নাম লইয়া নির্বাচন-ছন্তে প্রবৃত্ত হুইয়াছিলেন; একজন—মৌলবী ফলস্ল হক; আর একজন

নলিনীরঞ্জন সরকার। তুলনার সমালোচনা বা বোগ্যভার আলোচনা করা আমরা নিশ্রাঞ্জন বলিয়া বিবেচনা করি। কেবল আমাদিপের মনে হর, উভরেই ব্যক্তিগত ভাবে নির্ম্বাচনপ্রার্থী হইলে ভাল হইত। কারণ, কেহই কংগ্রেসের নীতি সম্পর্কে একনির্ভ থাকেন নাই। সে বাহাই হউক, নির্ম্বাচন সভার যিনি সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন, তিনি মত প্রকাশ করেন—০১শে মার্চ মনোনীত কাউন্সিলারদিপের কার্যকাল শেব হইয়াছে—মৃতরাং তাঁহারা পুনরার নির্ম্বাচিত না হওয়ার ভোট দিতে পারেন না। সভাপতির এই নির্মারণ তাঁহারা প্রবিদ্যকরে সভা

এদিকে সরকার ঐ আবেদন পাইরা এ সক্ষেক্ত কর্পোরেশনের কৈদিরও তলব করিয়াছেন। আবার বাহারা নৃতন সরকার কর্তৃক মনোনীত হইরাছেন, তাঁহাদিগের মনোনয়ন অসিছ ঘোষণা করিবার ক্ষম্ভ হাইকোটে মামলা কৃষ্কু হইরাছে। এদিকে আচার্য্য শ্রীষ্ক্ত প্রকৃত্তর রায়ের সভাপতিছে কলিকাভার এক জনসভায় প্রথম ম্সলমান মেয়র নির্বাচনে আনক প্রকাশ করা হইমাছে এবং মুসলমানদিগের নানা প্রতিষ্ঠান এই নির্বাচনে প্রীতি প্রকাশ করিয়াছেন। এখন দেখিবার বিষয়, সয়কার কি করিবেন ? স্থানীয় ভায়ভ-শাসন



মোলবী ফজলুল হক (মেয়র)
(টি, পি, সেনের গৃহীত আবাকচিত্র)

ভ্যাগ করেন। বিশ্বরের বিষয়, সলে সলে যুরোপীয় কাউলিলাররাও সভা হইতে চলিয়া যান! তথন খোবিত হর—মিটার ফলসুল হক মেয়র ও অধ্যাপক শ্রীযুক্ত সভীশচন্ত্র ঘোষ ডেপুটি মেয়র নির্বাচিত হইলেন।

ইংার পর সরকারের মনোনীত কাউন্সিলার কয়জন, যুরোপীয়রা, পরাভ্ত প্রার্থী প্রভৃতি সরকারের কাছে আবেদন করিয়াছেন—নির্বাচন নাকচ করা হউক।



অধ্যাপক সতীশচক্র ঘোষ (ডেপুট মেয়র)
(টি, পি, সেনের গৃহীত আলোকচিত্র)

সম্বাদ্ধ সরকারের নীতি এই যে—বিশেষ অস্তায় কার্য্য না করিলে স্থানীয় প্রতিষ্ঠানগুলি ভূল করিয়া তাহার ফলে অভিন্ততা অর্জন করিতে পাইবে—তথাপি তাহাদিগের কার্য্যে হস্তক্ষেপ করা হইবে না। সরকারের মনোনীত সদস্তরা ভোট প্রদানের অধিকারে বঞ্চিত হইয়াছেন বলিয়া সরকার এই নীতি অন্থসারে কায় করিবেন কি না, তাহাই এখন দেখিবার বিষয়।

উদয়শক্ষরের প্রতি পোলা নেগ্রী—

পাঠকেরা বোধ হর অবগত আছেন, বছগোরব তরণ নৃত্যশিলী উদয়শকর এখন আমেরিকায়। সেদিন নিউ ইয়কের সেণ্ট জেমদ থিয়েটারে প্রসিদ্ধ অভিনেত্রী মিদ পোলা নেগ্রীর সহিত উদয়শকরের সাক্ষাতালাপ হইয়াছিল। পোলা নেগ্রী পরলোকগতা নর্ভকী আলা পাতলোহার বিশেষ অহুরাগিনী। ১৯২০ খুটাকে আলা পাতলোরা যখন হিন্দু ব্যালেট নৃত্ত্য উদয়শকরের



উদয়শহর ও পোলা নেগ্রী

নুক্র্যুক্ষিনী ছিলেন, তথন, কালিফোণিয়ার উদরশঙ্করের সহিত পোলা নেগ্রীর প্রথম সাক্ষাৎ হয়।
আর নিউইরর্কে এই বিতীরবার সাক্ষাৎ। পোলা নেগ্রী
ইরোরোপ হইতে হোলিউডে বাইবার পথে নিউইরর্কে
আসিরা শুনিতে পান রে উৎরশ্ভর সেণ্ট জেমস
বিরেটারে নুক্তা করিতেছেন। মিল নেগ্রী তৎক্ষণাৎ

ঐ থিরেটারে একটি বন্ধ ভাড়া করিয়া করেকটি বন্ধুর সহিত থিয়েটার দেখিতে গেলেন।

প্রথম অবচ্ছেদের সমন্ত মিস নেথী রক্ষকে গিরা উদরশকরকে অভিনলিত করিলেন। বলিলেন, বহু বৎসর আমি এমন কলাকুশল নৃত্য দেখি নাই। শেষ যাহা দেখিয়াছিলাম ভাহা আরা পাভলোয়ার। ভার পর এই আপনার যা দেখিভেছি। তৃঃথের বিষয়, আরা পাভলোয়ার মৃত্যুর পূর্বের আমি ভাঁছার সহিত সাক্ষাৎ করিতে পারি নাই। আপনি জানেন, আমি সেই অপূর্ব

নুভাশিলীকে কভটা শ্রদা করিভাম।

উদয়শন্তর আবেগপূর্ণ কঠে বলিলেন, ইা, আমি জানি তা। আপনিও জানেন আমিও তাঁকে কতটা শ্রদ্ধা করিতাম। আমার তঃথ হয় যে, আমার পূর্ণ দলবল —হিন্দু নর্ভক ও গায়কদের লইয়া এক রাত্রিও তাঁহার সহিত নৃত্য করিতে পারি নাই।

মিদ নেগ্রী বলিলেন, আমি ভারত-বর্বে যাইভেছি! আশা করি দেখানে আপনার সহিত সাক্ষাৎ হইবে।

উণরশহর বলিলেন, ভারতবর্ধে আপ-নাকে অভ্যর্থনা করিতে পাইলে আমি অভ্যন্ত স্থী হইব। নেখানে আমি সানন্দে আপনাকে ভারতীর কলাশিল্পের অভুলনীর পৌরব দেখাইব।

মিদ নেগ্রী শেষ পর্যন্ত অভিনয় দর্শন করেন। অভিনয়ের উপসংহারে বশন ভাগুর নৃত্য শেষ হইল তথ্য হিম কেগ্রী দাঁড়াইয়া উঠিয়া উচ্চ কর্তে উদয়শভবের ক্ষয়ধনি করিয়া উঠিলেন। শব্দরও ভাঁহাকে

অভিবাদন করিলেন। এীযুক্ত বসস্তকুমার রার মিস নেঞ্জীকে ক্ষিত্রাসা করিলেন, ভাঙাব নৃষ্ঠা কেমন লাগিল ?

নিদ নেগ্ৰী সোৎসাহে বলিয়া উঠিলেন—চনৎকার! বাত্তবিক, শহরের প্রত্যেক নৃত্যের ক্রড্যেক গতিকবীই চনৎকার! Shankar is simply divine. I can not say more; and I can not say less, Shankar is simply divine! (শহরের নৃত্য স্থাীর স্থনামণ্ডিত! ইহার বেশীও বলিতে পারি না, ক্মও বলিতে পারি না। শহরের নৃত্য একেবারে স্থাীর!)

সার শব্দরণ নারার--

গত ১২ই বৈশার্থ (১৩৪১) মাজ্রাকে দার শ্রুরণ নারার মহাশর মৃত্যু**ম্থে** পতিত হইয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স আরায় ৭৭ বৎসর হইয়াছিল এবং প্রায় ৪০ বৎসর কাল তিনি নানা কার্য্যের ফলে ভারতে প্রসিদ্ধ ছিলেন। নিপাহী বিজ্ঞোহের বংসর মালাবারে তাঁহার ঋশু হয় এবং উকীল হইয়া তিনি ১৮৮০ খুষ্টাব্দে মান্তাল হাইকোটে প্রবেশ করেন। তিনি ব্যবহারাজীবের ব্যবসা অবলম্বন করিরা অর দিনের মধ্যেই অসাধারণ মনীযার পরিচয় প্রদান করেন। সেই সময় হইতেই তিনি সংবাদপ্রাদিতে প্রবন্ধ প্রকাশ করিতে থাকেন; এবং ভিনি একবার হাইকোর্টের জ্ঞান্তের কাজ করিবার পর, ভাহার প্রবার औ अम मुख **रहेला** (य डीहांटक खांहा (म अब्रा हब नाहे, অনেকের বিশাস, বিশাভের কোন পত্তে ভারতে বিচার-বাবজা সক্ষে তীহার প্রবন্ধ প্রকাশই তাহার কারণ। ১৯০৮ খুটাবে ভিনি--সার শুত্রদণ্য আয়ারের অবসর **এছংণ হাইকোটের ভারী জল** নিযুক্ত হয়েন এবং বিচারকার্য্যে বিশেষ প্রশংসা লাভ করেন।

ইহার পূর্ব হইতেই সার শঙ্করণ রাজনীতি-চর্চার
প্রবৃত্ত হইমাছিলেন। জাতীর মহাসমিতির প্রতিষ্ঠাবিধি
তিনি ভাইছ সহিত সংযুক্ত ছিলেন এবং ১৮৯৭ খুটালে
অমরাবতীতে কংগ্রেনের অধিবেশনে তিনি সভাপতির
গলে বৃত্ত হরেন। তথন ভারতের রাজনীতিক গগনে
অমবটা—বালগলাধর তিলক তখন রাজনোহের অপরাধে
কারাদণ্ডে দণ্ডিত, নাটুভাতারা বিনাবিচারে নির্কাসিত।
সেই সম্বেশু সভাপতির আসন হইতে সার শঙ্করণ
নির্ভাক ভাবে ভারতবাসীর আশা ও আকাক্রা বাক্ত
করেন। বাত্তবিক এই স্পাইবাদী নেতার বৈশিষ্ট্য লক্ষ্য
করিলে বলিতে হয়—তিনি কথন তর করিতেন। তাঁহার
পারবর্ষ্টি জীবনের নানা-কার্য্যেও এই বৈশিষ্ট্য বিকশিত
হুইয়াছিল।

এই বৈশিষ্ট্যের জন্তই ওডরারের শাসনে পঞ্জাবে

যথন সামরিক আইন প্রবর্তিত হর এবং আসামীদিগকে

ব্যবহারাজীব নিরোগের অধিকারে বঞ্চিত করা হয়,
তথন তিনি ভাহার প্রতিবাদে বড়লাটের শাসন পরিযদের

সদস্যপদ ত্যাগ করেন। ইহা তাঁহার মন্থ্যত্বের পরিচায়ক।
হাইকোটের জজের পদ হইতে তিনি বড়লাটের শাসন
পরিষদে শিক্ষা-সচিবের পদ প্রাপ্ত হরেন। পাঞাবী

ব্যাপারে তিনি বিরক্ত হইরাছিলেন। কেবল পরিষদে

থাকিলে শাসন-সংস্কার ব্যবস্থার ভারতবাসীর অধিকার

বিন্তারে সহায়তা করিতে পারিবেন মনে করিয়াই পূর্বের্য

পদত্যাগ করেন নাই। সরকার তাঁহাকে কিরপ প্রদ্ধা



সার শহরণ নায়ায়

করিতেন ভাহা এই পদত্য'গের পরই তাঁহাকে ভারত-দচিবের পরামর্শ-পরিষদে নিয়োগে বৃত্তিতে পারা যায়।

তিনি মনে করিতেন, স্বায়ন্ত-শাসন লাভের স্বধিকার ভারতবাদীর স্বাছে এবং ভাহা অবশু স্বীকার্য। শিক্ষা-দ্যানির্মণে তিনি তাঁহার পূর্বগঠিত মভাত্বভাঁই হইয়া-ছিলেন—বিভার্থীর মাতৃভাষাই ভাষার শিক্ষার বাহন হইবে।

পাঞ্চাবে সার মাইকেল ওডয়ারের শাসনে যে ব্যবস্থা হইরাছিল, তিনি বেমন তাহার তীত্র সমালোচনা করিরা মানহানির অভ অভিযুক্ত হইরাছিলেন ও প্রার তিনলক্ষ টাকা দণ্ড দিরাছিলেন, ত্রেমনই মালাবারে হিন্দুদিপের উপর মোপলাদিগের পৈশাচিক অত্যাচার হেতু— অসহবোগ আন্দোলনস্ট বিশৃথ্যলাই তাহার কারণ মনে করিয়া মহাত্মা গান্ধীকে ভীত্রভাবে আক্রমণ করিয়া দেশের বহু লোকের অপ্রীতি অর্জন করিতে বিদ্যাত্র বিধায়তব করেন নাই।

. 1

বিলাত হইতে ফিরিয়া আসিয়া তিনি রাষ্ট্রীর পরিবদের সদত্ত নির্বাচিত হইরাছিলেন এবং পরিবদ হইতে সাইমন কমিশনের সহিত কায করিবার জন্ত যে সমিতি গঠিত হর, তিনিই তাহার সঁভাপতি হইরাছিলেন।

ভারতের শাসন-পদ্ধতি সম্বন্ধে তিনি শকুঠচিত্তে যে মত ব্যক্ত করিয়াছিলেন, তাহা নিয়ে প্রদত্ত হইল !—

"ভারতের রাজনীতিক নেতারা কথনই ভারতের লাসন-প্রতি এচনার অধিকার ভ্যাগ করিয়া তাহা ইংরাজনিপকে প্রদান করিবেন না। ভারতের ভাগ্য ভারতীররাই নিয়ন্তির করিবেন—ইংহাজরা তাহা করিতে পারেন না। যদি এই সত্য উপেক্ষিত হয়, তবে যেবিষম অবস্থার উত্তব হইবে, ভাহাতে কেবল ভারতের নহে, পরস্ত ইংলতের ও সমগ্র জগতের অনিই অনিবার্য্য হইবে।"

কি আৰু ভারতীয়দিগকেই ভারতের শাসন-পছতি রচনার ভার প্রদান করা হইবে, তিনি ভাহার সমর্থনে প্রবল মুক্তির অবভারণা করিয়াছিলেন।

জীবনৰাত্তা নিৰ্কাহ ব্যাপারে তিনি অনাড্থর ছিলেন এবং এ দেশের প্রাচীন চিকিৎসা প্রণাণীর প্রতি তাঁহার এমনই শ্রন্ধা ছিল বে, তাঁহার পত্নীর কঠিন পীড়ায় তিনি কলিকাতার আসিরা ভূণেজনাথ বস্থু মহাশ্রের আতিথা-গ্রহণ করিয়া— কবিরাজ বামিনীভূষণ রারের ঘাঘা তাঁহার চিকিৎসা করান।

তিনি কংগ্রেসের প্রাতন মতাস্থ্রতী ছিলেন এবং বাহা সত্য বলিয়া মনে করিতেন সরল ও স্বলভাবে তাহা অবল্যন করিতেন—তাহার ফলাফলের জল ব্যস্ত হইতেন না। তিনি হিন্দুশান্তের আলোচনা করিয়া-ছিলেন এবং সংস্কৃতে ব্যুৎপর ছিলেন।

সার কুমার আমী শান্তী-

মান্তাৰ হাইকোটের ভৃতপূর্ব ৰল সার কুমারবামী শাস্ত্রী ৬৪ বংসর বয়সে গভ ২৪শে এপ্রিল তারিবে লোকাল্ডরিত হইরাছেন। তিনি রৌলট কমিটার সদত্ত ছিলেন এবং অস্থায়ীভাবে মাজান্ত হাইকোটের প্রধান বিচারকের পদেও প্রভিত্তিত ছিলেন। ইহার একটি রার সাংবাদিকদিপের অধিকার সম্বনীর প্রশ্ন উত্থাপিত করার বিশেষ আলোচিত হইয়াছিল। সে আৰু প্ৰায় নয় বংসরের কথা। রাজ্মহেন্দ্রী নগরে গোদাবরী ভটে একটি ছিলমুগু শব দেখিয়া মাজাজের 'মরাজা' পত্তের সংবাদদাত। পুলিসকে দে সংবাদ না দিয়া 'স্বরাজ্য' পত্তে ভার করেন। পুলিদ তাঁহাকে লিখিত এজাহার দিতে বলিলে ভিনি তাহা দিতে অখীকার করেন। ভিনি নাগরিকের কর্তব্যে অবহেলা করিয়াছেন বলিয়া অভিযক্ত इहेटन माक्टिइंड डाइनड कविमाना करवेंगा जानीतन কুমারখামী শাল্লী সেই সভা বছাল স্বিবেশন। তাঁহার ब्राधांत हेशहे माजात त्य. मार्यापिक मर्काट्य निक পত্তে সংবাদ, প্রদানের আগ্রেছেও নাগরিকের কর্তব্য অবহেলা জরিতে পারেন না।

বীমাকোম্পানীর হীরক জুবিলী-

প্রবিষেণ্টাল গভর্ণমেণ্ট লি**ক্টি**রিটী লাইফ এ্যাস্থারেল কোশানী লিমিটেড একটা সম্পূর্ণ ভারতীয় প্রতিষ্ঠান: বিগত হট মে. ১৯০৪. এই কোম্পানীর হীরক-জ্বিলী উৎসব সুসম্পন্ন হইয়াছে। ১৮৭৪ খুটান্দে বোদাই নগরে এই বীমা কোম্পানী প্রতিষ্ঠিত হয়। ১৯৩৪ প্রামে हेडांब वंग्रम यांठे दश्मब भूर्व इंडेंग। त्वांचाहे ध्वारात्मव नवर्षन क्षरान वाक्निक नदेश वर्छवाटन देवांद्र द्वांड व्यव ভাইরেক্টাস[্]গঠিত। হীরক জুবিলী **উপলকে কো**ম্পানী যে পুত্তিকা প্রকাশিত করিয়াছেন, তাহা পাঠ করিলে, বীয়া ব্যবসায়ে কোম্পানী যে অসাধারণ সফলতা কাভ করিয়াছেন,---ভাঁহারা বে এই বিষয়ে বে-কোন প্রথম লেণীর ইরোরোপীর বীমা কোম্পানীর সমক্ষ-ভাষা অখীকার করিতে পারা হার না। বিগত ১৯০০ খুষ্টাব্দে-মাত্র এক বংগরে-এই কোন্সানী প্রায় এক কোষ্টারও অধিক পরিমাণ টাকার ৩৮,১৯১টি নৃতদ পালিদি ইত্ম করিয়াছেন। ভারতের স্কল প্রধান স্থানেই কোলাদীর একটি ভারতীয় প্রতিষ্ঠানের এই আপিস আছে। সফলতার ভারতবাসী যাজেরই আনন্দিত হইবার কথা।

খেলাধূলা

দক্ষিণ আফ্রিকার ভারভীয়

খেলোহারদল ৫ দক্ষিণ আফ্রিকা থেকে আই, এফ, একে একটি ফুটবল বেলোয়াড়দল সেদেশে পাঠাবার অস্তু নিমন্ত্রণ করা হলে আই, এফ, এ একটি বাছাই ভারতীয়দল পাঠাতে মনস্থ করেছেন। এই নিয়ে নানা মতামত কাগভে বেক্লছে। একপক পাঠানর পকে-তাতে নাকি জগতের সমূপে এবং য়ে সকল দেশ আমাদের দেশের कथा कार्त्रहें नां, रम्थारन धरमरणंत्र किंव उच्छन र्'रव

রাজী নন। বদি কোন দেশে কোন কালে কোন वाहारे नन शाठीएठरे रव छा'रूल नरकारकृष्टे बाहारे দশই পাঠান উচিত। সম্প্রতি বে বাছাই দল উত্তরভারতে (थनएक शिरत्रहिन, कांत्रा वांकनारमध्येत मृर्थाष्ट्रान ना করে মুথ পুড়িরে এনেছে। এখন এখানে ফুটবল লীগ খেলা আরম্ভ হয়েছে; প্রত্যেক দলের সর্বঞ্জের থেলোরাড়রা ষদি অসময় বিদেশে থেপতে চলে বায়, ভাই'লে অধান-কার ভারতীয় বিভিন্ন দলগুলির লীগ প্রতিবোগিতার ফলাফল খারাপই হবে। দেকেত্রে



প্রথম ডিভিশন হকি নীগ চ্যাপিয়ন ও বাইটন্কাপু বিজয়ী বেঞ্চার্স দল। দণ্ডায়মান: - ডব্লিউ, ডেভিড্সন, দ্বল্প, অসবর্ণ, ডে, য়ট, লামস্ডেন। উপবিষ্ট :- সি হজেদ, এল, ডেভিড্সন, চার্লস্ নিউবেরি (বি, এইচ এর সেক্রেটারী ও রেঞ্জার্স ক্লাবের প্রেসিডেন্ট), নেইর (ক্যাপ্টেন), এট্কিন্সন্ ও সিরকোর

कृष्ठे छेईरव । असन कि शकानांछ शानारहेविन देवर्टक दिनिर्शानन वस्त ना कत्रतम ज्ञावरमत्र अधि अकात कत्रा या' कम करने मा अकृष्ठी दश्रमात्राणम्म आजिकात क्वरम करन । आवात फैठी-मामा वस क्वरफ अरमक क्रांन ेशवनक त्मादान कीवन वर्गरेववमा वर्तमान शाकाव तथरण मा, धमन कि फाएक रवण तिया कावा भागातिक (इत्लादक्क त्रभारत निरंत अर्थानिक इत्क निरंक अर्थान्यमक मत्न करत्। अर्थनेक कावकीवनन दे

ंधनएफ (श्रांत फांच ८५६व वह ६५ दर्गी कांच हरव। बांची तत। चाक्रिकांत शुर्दाशीयश्र तिष्ठितन तरम


সেখানকার গ্রোপীরদলদের সকে থেগতে পাবে না ভাহা নিশ্ভিত। এরপকেত্তে সেখানে থেগতে দল পাঠিরে যেচে অপমানিত হওয়ার পক্ষে দেশের লোকের ন্যত না থাকাই উচিত।

প্রসিদ্ধ ব্যারিষ্টার ও মোহনবাগান ক্লাবের সেক্টোরী
মি: এস, এন, ব্যানার্জি এবং ইটবেদল ক্লাবের মি:
এস্, সি, ভালুকদার আফ্রিকার টীম পাঠানর বিপক্ষে
সংবাদপত্র মার্কত তাঁদের মন্ত প্রকাশ করেছেন।
আরো নানা জনে সপক্ষে ও বিপক্ষে মভামত প্রকাশ
করেছেন। আমরাও এক্ষেত্রে সেদেশে ভারতীর দল
পাঠানর পক্ষে মত দিতে পারছি না।

tory," published by Imperial Indian Citizenship Association, Bombay:—

NATAL

"It is unnecessary to record at length the many minor insults and humiliations that are imposed upon the free Indian community, traders and nontraders. On the railroads, in the tram-cars, in the streets, on the footpaths, everywhere, it may truly be said the Indian may expect to be insulted and if he moves from one place to another, it is on peril of having his feelings outraged and his sense of



বাইটন্ কাপ্ থেলা। গ্রুত্বংসরের হোল্ডার বিখ্যাত ঝালি হিরোজ দলকে মোহন বাগান (২-১) গোলে পরাজিত , করে। মোহন বাগানের গোল-কিপার নির্মাল মুখার্জি পা দিয়ে গোল রক্ষা করছে —কাঞ্চন—

আফ্রিকার Color Bar বে কতদ্র ভীষণ—ইন্পি-রিয়াল ইন্ডিয়ান সিটিছেন নিপ এসোসিয়েশনের সেক্টোরী বিষ্টার এস, এ, ওয়াইজ অযুত্তবাজার পত্রিকীর বে চিঠি ছেপেছেন ভা' থেকে স্পষ্ট প্রতীর্থান হবে। আমরা ভার চিঠির ক্তকাংশ এথানে ভূলে বিশ্ব ঃ—

I therefore, make no apologies in quoting below extracts from "Indians Abroad Direcdecency offended in a number of ways. The least epithet that is applied to him is "coolie" with or without some lurid adjectival prefix. "Sammy", too, is quite a common method of address. Both of these terms are customary all over South Africa. The origin of the first is obvious. But it is strange to hear the expression "coolie lawyer", "coolie doctor",

ডিক্লেরাউঁ)— ১৬৫ রান। ব্যাছম্যান ১০ মিনিটে মাত্র ৬৫ রান করে আউট হন। কিপ্যাক্স ও ম্যাক্ক্যাবের থেলাই ভাল হয়েছিল। লিষ্টার প্রথম ইনিংসে ১৫২ রান করে সকলে আউট হ'য়ে যায়। বিতীয় ইনিংসে ২৬০ রান করে ৯ জন আউট হ'য়ে গেলে সময় উত্তীর্ণ হওয়ায় থেলাড্র বলে ঘোবিত হয়েছে।

সাবে বনাৰ এম সি সি থেলার, সারে এক ইনিংস্
ও ১৭০ রানে বিভেছে। ভার সারে—৫৫৮ (৭ উইকেট, ডিক্লেরার্ড), এম, সি, সি—১৪২ ও ২৪০। এোগারী (সারে) তিন ঘটার ১৯ রান করেছে।

সারে বনাম রামর্গ্যান খেলার রামর্গ্যান প্রথম ইনিংসে ৩৫২, সারে প্রথম ইনিংস্- ১১০ ও বিতীয় ইনিংস্ ১৪৭ রামর্গ্যানের এক ইনিংস্ ও ৯২ রানে জিত হলো।

এম, সি, সি বনাম ইয়র্কসায়ার খেলায়, ওয়ারউইকের ক্যাপ্টেন্ ওয়াট চাম্পিয়ান ইয়কসায়ারের বিরুদ্ধে প্রথম ইনিংদে ১৩ রান করেছেন। ইহাতে টেইমাচ খেলায় তার ইংলতে ক্যাপ্টেন হবার সম্ভাবনা খ্ব বেলী হ'লো। ইয়কসায়ায় য়৸ম ইনিংদ্—৪১০, দিতীয় ইনিংদ্—

মৃত্তিমুক্ত ৪

গত হই বে (১৯৩৪) স্থামবালারে ইণ্ডিয়ান ইন্টিটিউট অব ফিলিক্যাল কালচারের মন্দিরে কলিকাতার বিধান মৃষ্টি যোলা অল প্রাউনের সহিত জিতেল মন্থ্যনারের মৃষ্টিযুদ্ধ প্রতিবোগিতা হ'রেছিল। মন্থ্যনার লগুনের কুল বিলিং বোর্ড অফ্ কণ্ট্রোলের

মি: এ, রাজ্ঞানের ছাত্র। উতর প্রতিবন্ধীর নৃষ্ট্যে ছব রাউও থেলা হর। থেলা বৈজ্ঞানিক প্রণালীতে হ'রে-ছিল। জিডেশ-মুক্ষদার জুরুলাত করেন।



মৃষ্টিযোদ্ধা জিতেশ মন্ত্ৰদার

ব্রোড-ব্রেস গ্র

পাচ-মাইল রোড রেদে মেদিনীপুর স্পোটিং ক্লাবের পি, বি, চক্র প্রথম হরেছেন। দর্বসমেত ৪২জন দৌডাইছে জারক্ত করেন, মাত্র ৩০জন শেব পর্যন্ত গিরেছিলেন। প্রথম—পি, বি, চক্র (মেদিনীপুর), সময় ৩০ থিনিট, ২৬ দেকেও। বিতীয়—কে, কে, নন্দী (বীডন কোয়ার)— তৃতীয়—বি, বিশাস (বোবের কলেজ)।



मास्टिंग-मश्योग

নবপ্রকাশিত পুতকাবলী

শীৰ্কচিত্যকুৰাৰ বেশকত অধীত নৃতন উপভাগ "আসন্ত"—২ শীৰাশালতা দেৱী অধীত সহ সূত্ত "অভিযাল"—১৮০ শীৰণকুৰাৰ গোড়াৰী ভছৰিধি কাৰ্তীৰ্কে পুৰীতা

Alter worke"->.

রার বিহারীলার্গ সরকার বাহাঁছর প্রদীত "জিয়ুজ্জ"—।।

জীবুক বিরুদ্ধিটার ইয়াবেশ ক্ষান্ত "জপনী" বিজ্ঞীর সাক্ষরণ—।

জাগাপক জীপুক্তা বিহান প্রদেশ্য স্থানীত "জী জীবুল্যপর্ন"—১।

জীবিননা দেবী জীবিননা বেনী প্রশীত জীপার্ভাল "প্রিকার্ন"—১

জীবিননা বেনী জীবিননা বেনী প্রশীত জীপার্ভাল "প্রিকার্ন"—১

জীবনেনা বহু প্রশীত উপজ্ঞান "ব্যুদ্ধীয় বাবার্ন"—১১০

শীনমজন বন্দোপাথার অশীত "শীক্ষেত্রের ইভিহাস"— ১০ শীবোগেশচন্দ্র চৌধুরী প্রশীত বাটক "পূর্ণিবা বিভার"— ১১ শীনাভিত্রির বহু ও শীবোহনগাল সম্মোপাথার অশীত

fetara (84---).

অনীয়েক্সৰাথ ব্ৰোণাখান অধীত শিশুপাঠ্য "ছেলেখনা"— i* ক্ৰিক্সকুমান গোণামী তন্ত্ৰমিধি কান্যতীৰ্থেন অণীতা

"বাকাৰি আন্চল্ডিকা"—১

ৰীরমেশচন্দ্র দাশ প্রণীত শিশু উপকাস "অজ্ঞান্ত দেশ"—>্ ৰীয়তীন সাহা প্রণীত ছোটদেয় "বিকিমিকি"—।

•

নিবেদ্দ্ৰ

আসামী আবাঢ় মানে-ভারতবর্ষের দাবিংশ বর্ষ আরম্ভ হইবে।

ভারতবর্ষের মৃদ্য মণিঅভীরে বার্ষিক ভার্পত, ভি, শিতে জার্রত, নাগাসিক ৩১০ আনা, ভি, পিতে আন। এই জন্ম

ভি, পিতে ভারতবর্গ লওরা অপেকা অশিক্তান্তান্তর মুক্তা শ্রেরণা অব্যান্ত পুরিবাাক্তমকা। ভি, পির ইবারা বিরুদ্ধে পাওরা বার ; অভরাং পরবর্তা সংখ্যার ভাগক পাইতে বিগব বইবার সভাবনা। ২০০০ জৈন্যতেইকা অলেকা জীকা করা শরিকার পেতেল জামাত সংখ্যা কিছি শি, করা ক্রইলের । গ্রাতন প্রাক্তম করার জামার প্রান্তিরার পূর্ব নাম ঠিকানা শত্তি করিরা লিখিবেন। প্রাতন প্রাহক্তপালের আন্তর্জার প্রান্তির প্রান্তির প্রান্তির করার বিবেন। একন বাহকপাল স্ক্তমন বিগিনা উল্লেখ করিবের, মুকুরা টাকা করা করিবার বিশাব সম্প্রিবার বর্ষ প্রান্তির বিবেন। একন বাহকার প্রান্তির সাহিত্য, ইতিহার, বর্ণার, বিজ্ঞান প্রভাৱ বাই। কেবল এক বাবের করাই বিনি, একবিংলবর্তে—২০০ পূর্চা পাঠক-পাঠিকা মহোবরগণ্ডের আন্তর্ভার বাই। কেবল এক বাবেরর করাই বিনি, একবিংলবর্তে—২০০ পূর্চা পাঠকরা বিবের, ৩০ থানি বছরর চিত্র আনাবিক ১০০ থানি একবর্ণ চিত্রকালিত হইরাছে। বিনের আনাবের করা এই বে, প্রথম করা হর বিবের আনাবিকার প্রথম করা হইরাছে আনাবের সোলাবার করিবিনের আনাবিকার বাইলে আনাবের করাই। প্রথম বাইলিকার করাইলিকার বাইলে করাইলিকার করাইলিকার করাইলিকার করাইলিকার বাইলেকার করাইলিকার করাইলিকার করাইলিকার বিবের করাইলিকার করাইলিকার বিবের করাইলিকার করাইলিকার বিবের করাইলিকার করাইলিকার বাইলিকার করাইলিকার করাইলিকার বাইলিকার বাইলিকার বাইলিকার করাইলিকার করাইলিক